AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 13, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১৩ জানুআরি

ACT.

ACT No. XXI. OF 1856.

An Act to consolidate and amend the law relating to the Abkaree Revenue in the Presidency of Fort William in Bengal.

[Continued from page 9.]

[Disposal of confiscated goods.]

LXXV. All goods and chattels adjudged to confiscation, except opium, shall be disposed of by the Collector by public sale. Opium seized and confiscated shall be sent for examination to the Civil Surgeon of the station, and, if declared by him to be fit for use, shall be transmitted to the Government factories or otherwise disposed of in such manner as the Board of Revenue shall direct. If declared to be unfit for use, it shall be immediately destroyed.

[Disposal of fines, &c., as rewards. Rewards where no fine is realized.]

LXXVI. One-half of all fines and forfeitures levied from persons convicted of the unlawful manufacture of spirits, or of the unlawful sale or possession of spirituous or fermented liquors or intoxicating drugs, and one-half of the proceeds from sale of all confiscated articles except opium, and, in the case of opium confiscated and declared by the Civil Surgeon to be fit for use, a reward of one rupee eight annas for each seer, shall, upon adjudication of the case, be awarded to the officer or officers who apprehended the offender; and the other half of such fines and forfeitures, and the other half of the proceeds of sale, or, in the case of opium as aforesaid, a reward of one rupee eight annas for each seer, shall be given to the informer. If in any case the fine or forfeiture is not realized, the Board of Revenue may grant such reasonable

আইন।

ইঙ্গরেজী ১৮৫৬ সাল ২১ আইন।

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর মধ্যে আবকারীর রাজস্বের আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইন।

[৯ পৃষ্ঠাহইতে শেষাংশ।]

[যে মাল জব্দ হয় তাহা লইয়া যাহা করিতে হইবেক।]

৭৫ ধারা। আফীমভিন্ন অন্য যে সকল মাল ও দ্রব্য জব্দ করিবার হুকুম হয় তাহা কালেক্টর সাহেব নীলাম করিবেন। আফীম ক্রোক ও জব্দ হইলে তাহার পরীক্ষা হইবার জন্যে সদর মোকামের দেওয়ানীর চিকিৎসক সাহেবের নিকটে পাঠান যাইবেক। আর তিনি যদি সেই আফীম ব্যবহারের উপযুক্ত কহেন, তবে তাহা সরকারের কুঠীতে চালান হইবেক, কিম্বা বোর্ড রেবিনিউর সাহেবেরা অন্য যে প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে তাহা লইয়া করিতে হইবেক। যদি তাহা ব্যবহারের অনুপযুক্ত কহেন, তবে তৎক্ষণাৎ নষ্ট করা যাইবেক ইতি।

[জরীমানাপ্রভৃতির টাকা পুরস্কারস্বরূপে বিলি করা যাইবেক। জরীমানার টাকা আদায় না হইলে পুরস্কারের বিধি।]

৭৬ ধারা। মদিরা বেআইনীমতে চোয়াইবার দোষে কিম্বা শরাব কি গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য বেআইনীমতে বিক্রয় করিবার কি নিকটে রাখিবার দোষ যে ব্যক্তিরদের সাব্যস্ত হয় তাহারদের স্থানে আদায়করা সকল জরীমানার ও অর্থদণ্ডের অর্দ্ধেক, ও আফীমভিন্ন জব্দকরা সকল দ্রব্যের নীলামেতে উৎপন্ন টাকার অর্দ্ধেক, ও আফীম জব্দ হইলে যদি দেওয়ানীর চিকিৎসক তাহা ব্যবহারের উপযুক্ত কহেন তবে তাহার সেরপ্রতি ১॥০ দেড় টাকা, যে কার্য্যকারক কি কার্য্যকারকেরা অপরাধিকে গ্রেপ্তার করিয়াছিল তাহাকে কি তাহারদিগকে মোকদ্দমার হুকুম হইলে পর পুরস্কারস্বরূপ দেওয়া যাইবেক। আর সেই জরীমানার টাকার ও অর্থদণ্ডের ও নীলামের উৎপন্ন টাকার অন্য অর্দ্ধেক অংশ, কিম্বা পূর্ব্বোক্তমতে আফীম হইলে, তাহার সেরপ্রতি ১॥০ টাকা পুরস্কার গোয়েন্দাকে দেওয়া যাইবেক। যদি কোন স্থলে সেই জরীমানার টাকা কি অর্থদণ্ড আদায় না হয়, তবে বোর্ড রেবিনিউর সাহেবেরা ২০০৲ দুই শত টাকার

reward, not exceeding the sum of two hundred Rupees, as may seem to them fit; and the said Board may direct by general order what classes of Abkaree officers shall receive rewards, and what classes shall have no title to share therein.

[Fines undisposed of to belong to Government. Special rewards to informers.]

LXXVII. All fines and forfeitures levied under this Act, the disposal of which is not especially provided for, shall belong to Government; but the Board of Revenue may appropriate any portion thereof, not exceeding one-half, for rewarding informers, or for compensating persons subjected to annoyance or injury by any proceedings under this Act.

[Appeals from orders and sentences passed under this Act.]

LXXVIII. All orders passed by a Collector under this Act shall be appealable to the Commissioner in the usual manner, under the laws and regulations in force relative to appeals from the orders of Collectors.

[Collector with the sanction of the Board of Revenue may farm out the duties leviable on the sale of spirits, &c., except opium.]

LXXIX. It shall be lawful for the Collector, with the sanction of the Board of Revenue, to let in farm, for any period not exceeding five years, the duties leviable on the retail sale of spirituous or fermented liquors, or intoxicating drugs, or any description of such liquors or drugs, in any pergunnah or other known division of a district.

[Board of Revenue to regulate invitation and acceptance of tenders for such farm.]

LXXX. The Board of Revenue may prescribe rules for the invitation and acceptance of tenders for such farms and for the requisition of security for the due fulfilment of the engagements entered into by the farmers. The said Board may also regulate the form and conditions of lease; and any breach of those conditions shall render the lease liable to annulment.

[The farmer to make his own arrangements with the manufacturers and vendors within the limits of his farm.]

LXXXI. When the duties leviable on any of the articles above enumerated are let in farm, the farmer shall be at liberty to make his own arrangements with the manufacturers and vendors within the limits of his farm; and all the penalties and forfeitures prescribed by this Act, for the unlawful manufacture, sale, or possession of any such article, shall be incurred by all persons manufacturing, selling, or possessing the same without license or authority from the farmer.

[List of licenses granted by farmer to be filed. Restrictions with respect to grant of licenses.]

LXXXII. Provided always, that every such farmer shall be required to file in the Collector's

অনধিক যত উচিত বোধ করেন তত উপযুক্ত পুরস্কার দেওয়াইতে পারিবেন। আর যে২ শ্রেণীর আবকারীর কার্য্যকারকেরা পুরস্কার পাইবেক, ও যে২ শ্রেণীর কার্য্যকারকরদের তাহার কোন অংশ পাইবার অধিকার হইবেক না, তাহা উক্ত বোর্ডের সাহেবেরা সাধারণ হুকুম করিয়া আজ্ঞা করিবেন ইতি।

[যে জরীমানার টাকা বিলি না হয় তাহা গবর্ণমেণ্টের হইবেক। গোয়েন্দারদিগকে বিশেষ পুরস্কার।]

৭৭ ধারা। এই আইনমতে আদায়করা যে সকল জরীমানার টাকা ও অর্থদণ্ড বিলি করিবার বিশেষ বিধান হয় নাই তাহা গবর্ণমেণ্টের থাকিবেক। কিন্তু বোর্ড রেবিনিউর সাহেবেরা তাহার অর্দ্ধেকের অনধিক কোন অংশ গোয়েন্দারদের পুরস্কারের জন্যে, কিম্বা যে লোকেরদের এই আইনমতের কোন কার্য্যক্রমে ক্লেশ কি ক্ষতি হইয়াছে তাহারদের প্রতিকারের জন্যে দেওয়াইতে পারিবেন ইতি।

[এই আইনমতে করা হুকুম ও দণ্ডাজ্ঞার উপর আপীল।]

৭৮ ধারা। কালেক্টর সাহেবেরদের হুকুমের উপর আপীল হইবার যে সকল আইন ও বিধান চলন আছে তদনুসারে এই আইনমতে কালেক্টর সাহেবের করা সকল হুকুমের উপর আপীল রীতিমতে কমিস্যনর সাহেবের নিকটে হইতে পারিবেক ইতি।

[আফীমভিন্ন মদিরাদির বিক্রয়ের উপর যে মাসুল আদায় হইতে পারে, তাহা কালেক্টর সাহেব বোর্ড রেবিনিউর অনুমতি পাইলে ইজারা দিতে পারিবেন।]

৭৯ ধারা। কোন পরগনাতে কিম্বা জিলার সুনির্দিষ্ট অন্য খণ্ডে শরাব কি গাঁজাধরা শরাব কি মাদক দ্রব্য কিম্বা তদ্রূপ কোন প্রকারের মদ্যের কি দ্রব্যের খুচরা বিক্রয়ের উপর যে মাসুল আদায় হইতে পারে তাহা কালেক্টর সাহেব বোর্ড রেবিনিউর সাহেবেরদের অনুমতি লইয়া পাঁচ বৎসরের অনধিক কোন মিয়াদে ইজারা দিতে পারিবেন ইতি।

[ইজারা লইবার প্রস্তাব করিবার ও সেই প্রস্তাব গ্রাহ্য করিবার বিধি বোর্ড রেবিনিউর সাহেবেরা করিবেন।]

৮০ ধারা। যাহারা ইজারা লইতে চাহে তাহারদের প্রস্তাব তলব করিবার ও গ্রাহ্য করিবার বিধি, আর ইজারদারেরা যে করার করে সেই করারমতে তাহারদের উপযুক্তরূপে কার্য্য হইবার জামিনী লইবার বিধি বোর্ড রেবিনিউর সাহেবেরা নির্দ্ধার্য্য করিতে পারিবেন। আর উক্ত বোর্ডের সাহেবেরা পাট্টার পাঠের ও নিয়মের বিধি করিতে পারিবেন। ঐ নিয়মের কিছু লঙ্ঘন হইলে পাট্টা বাতিল হইবার যোগ্য হইবেক ইতি।

[ইজারদার আপন ইজারার সীমার মধ্যে মদিরাদি চোয়াইবার লোকেরদের ও বিক্রেতারদের সঙ্গে আপনি বন্দোবস্ত করিবেক।]

৮১ ধারা। পূর্ব্বের লিখিত দ্রব্যের উপর যে মাসুল আদায় হইতে পারে তাহা যখন ইজারা দেওয়া যায়, তখন ইজারদার আপনার ইজারার সীমার মধ্যে ঐ দ্রব্য চোয়াইবার লোকেরদের ও বিক্রেতারদের সঙ্গে আপনি বন্দোবস্ত করিতে পারিবেক। আর যে সকল ব্যক্তি ইজারদারের স্থানে পাট্টা কি ক্ষমতা না পাইয়া সেইরূপ কোন দ্রব্য প্রস্তুত কি বিক্রয় করে কি নিকটে রাখে তাহারদের সেইরূপ কোন দ্রব্য বেআইনীমতে প্রস্তুত করিবার কি বিক্রয় করিবার কি নিকটে রাখিবার জন্যে যে সকল দণ্ড ও জব্দ করণের আজ্ঞা এই আইনে নির্দ্দিষ্ট হইয়াছে সেই দণ্ডআদি লাগিবেক ইতি।

[ইজারদারেরা যে সকল পাট্টা দেয় তাহার ফর্দ দাখিল করিবেক। পাট্টা দিবার বিষয়ে সঙ্কুচিত বিধি।]

৮২ ধারা। পরন্তু ইহাতে প্রয়োজন যে, সেই প্রকারের প্রত্যেক ইজারদার যে সকল পাট্টা দেয় তাহার এক

office a list of all the licenses granted by him, in such form as may be prescribed by the Board of Revenue. Provided also, that it shall be lawful for the Collector, with the sanction of the said Board, before entering into engagements for any such farm, to make such reservations or restrictions with respect to the grant of licenses as may be deemed proper and expedient.

[Lease may be cancelled. Compensation to farmers in certain cases.]

LXXXIII. The Collector may, with the sanction of the Board of Revenue, cancel any lease granted under this Act; or, within the period of the lease, impose any new restriction on the farmer. If a lease be cancelled for any cause other than a breach on the part of the farmer of the conditions of the lease, or if any reservation or restriction with respect to the grant of licenses be imposed within the period of the lease, the farmer shall be entitled to receive such compensation for any loss which he may sustain thereby as the Board of Revenue shall think just and proper.

[Recovery of arrears of tax or duty from or by farmers.]

LXXXIV. The provisions of Section XLII. of this Act shall be applicable to any arrear that may be due from any farmer of Abkaree Revenue; and every such farmer shall be authorized and empowered to use the same means and processes for the recovery of any arrear of tax or duty due to him from any authorized vendor, which may be lawfully used by zemindars and farmers of land for the recovery of arrears of rent due to them from their under-tenants.

[Rules respecting the manufacture and sale of spirits, &c. in Military Cantonments.]

LXXXV. Within the limits of any Military Cantonment, and within a circle drawn at a distance of two miles, or such other distance as may in any case be prescribed by Government, from such limits, licenses for the manufacture of spirits and for the sale of spirituous and fermented liquors shall not be granted, nor shall the duties leviable upon such spirits and liquors be let in farm, otherwise than with the knowledge and consent of the Commanding Officer: and upon the requisition of such Officer, any license which may have been granted, either by the Collector or by a farmer, within such circle or limits, shall be immediately withdrawn.

[Mode of making arrest or search within Military Cantonments.]

LXXXVI. In all other respects, the foregoing provisions of this Act shall have full force and effect within such circle and limits as aforesaid. Provided, however, that, when arrest or search is to be made within the limits of any Cantonment, the Collector or other officer authorized under this Act to make arrest or search shall, whenever it may be practicable, give previous notice to the Commanding Officer, and in all other cases shall

ক্ষণ বোর্ড রেবিনিউর সাহেবেরা যে পাঠ নির্দিষ্ট করেন সেই পাঠানুসারে কালেক্টর সাহেবের দফ্তরখানায় দাখিল করে। আরো জানিতে হইবেক যে, সেই প্রকারে কোন ইজারা দিবার নিয়ম করণের পূর্ব্বে, পাট্টা দেওনের সম্পর্কীয় যে সঙ্কুচিত আজ্ঞা কি নিষেধ উচিত ও বিহিত বোধ হয়, তাহা কালেক্টর সাহেব উক্ত বোর্ডের সাহেবেরদের অনুমতি লইয়া করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[পাট্টা বাতিল করা যাইতে পারে। কোন২ স্থলে ইজারদারদিগকে ক্ষতিপূরণ দেওয়া যাইবেক।]

৮৩ ধারা। কালেক্টর সাহেব বোর্ড রেবিনিউর সাহেবেরদের অনুমতিক্রমে এই আইনমতে দেওয়া কোন পাট্টা বাতিল করিতে পারিবেন কিম্বা পাট্টার মিয়াদ থাকিতে ইজারদারকে কোন নূতন নিষেধ আজ্ঞা করিতে পারিবেন। যদি ইজারদারের পাট্টার নিয়ম লঙ্ঘন করিবার কারণভিন্ন অন্য কোন কারণে ইজারা বাতিল করা যায়, কিম্বা যদি ইজারার মিয়াদ থাকিতে পাট্টা দেওনসম্পর্কীয় কোন সঙ্কুচিত আজ্ঞা কি নিষেধ করা যায়, তবে তদ্দ্বারা ইজারদারের যে কিছু ক্ষতি হয় তাহার জন্যে বোর্ড রেবিনিউর সাহেবেরা যে প্রতিকার ন্যায্য ও উচিত বোধ করেন তাহা তাহার পাইবার অধিকার থাকিবেক ইতি।

[ইজারদারেরদের স্থানে কি তাহারদের দ্বারা বাকী টাক্স কি মাসুল আদায় করণ।]

৮৪ ধারা। আবকারীর রাজস্বের কোন ইজারদারের স্থানে যে কিছু বাকী পাওনা থাকে তদ্বিষয়ে এই আইনের ৪২ ধারার বিধি খাটিবেক। আর ভূমির জমীদারেরা ও ইজারদারেরা তাহারদের পেটাও প্রজারদের স্থানে বাকী খাজানা আদায় করিবার জন্যে আইনমতে যে কার্য্য করিতে পারে, ক্ষমতাপ্রাপ্ত কোন বিক্রেতার স্থানে ইজারদারের কোন টাক্স কি মাসুলের বাকী পাওনা হইলে, ঐ ইজারদারেরও সেই উপায় ও নিয়মমতে কার্য্য করিবার ক্ষমতা ও শক্তি থাকিবেক ইতি।

[সৈন্যেরদের ছাউনিতে মদিরাদি চোয়াইবার ও বিক্রয় করিবার বিধি।]

৮৫ ধারা। সৈন্যেরদের কোন ছাউনির সীমার মধ্যে ও সেই সীমার চারি দিগে দুই মাইলের চক্র টানিয়া, কিম্বা গবর্ণমেণ্ট কোন গতিকে যত দূর নির্দ্ধার্য্য করেন তত দূরপর্য্যন্ত, কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেবের জ্ঞাতসার ও অনুমতিবিনা মদিরা চোয়াইবার ও শরাব ও গাঁজাধরা শরাব বিক্রয় করিবার পাট্টা দেওয়া যাইবেক না, আর সেই মদিরার ও মদ্যের উপর যে মাসুল আদায় হইতে পারে তাহার ইজারা দেওয়া যাইবেক না। আর যদি কালেক্টর সাহেব কিম্বা কোন ইজারদার ঐ চক্রের কি সীমার মধ্যে কোন পাট্টা দিয়া থাকেন তবে সেই সেনাপতি সাহেব আজ্ঞা করিলে সেই পাট্টা তৎক্ষণাৎ রহিত করা যাইবেক ইতি।

[সৈন্যেরদের ছাউনির মধ্যে গ্রেফ্তার কি তলাশ করিবার বিধি।]

৮৬ ধারা। অন্য সকল বিষয়ে এই আইনের পূর্ব্ব লিখিত বিধান পূর্ব্বোক্ত প্রকারের চক্রের ও সীমার মধ্যে সম্পূর্ণরূপে প্রবল ও সফল হইবেক। পরন্তু যখন কোন ছাউনির সীমার মধ্যে গ্রেফ্তার কি তলাশ করিতে হয়, তখন কালেক্টর সাহেব কিম্বা এই আইনমতে গ্রেফ্তার কি তলাশ করিবার ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক যদি পারেন তবে কর্ত্তৃত্বকারি সেনাপতি সাহেবকে প্রথমে সম্বাদ দিবেন। যদি না পারেন তবে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র ঐ গ্রেফ্তার কি তলাশ করিবার রিপোর্ট

report the arrest or search to such Commanding Officer with as little delay as possible. Provided also, that nothing herein contained shall affect or interfere with the provisions of Act XVIII. of 1853.

[Powers vested in officers of the Opium Department.]

LXXXVII. In the districts in which the poppy is cultivated on account of Government, the Deputy Opium Agents and Sub-deputy Agents shall exercise the powers vested by this Act in Collectors, so far as the same relate to the suppression of illegal dealings in opium; and the officers of the Opium Department shall exercise the powers vested by this Act in Abkaree officers for the seizure of illicit opium and the arrest of persons found in possession thereof, and in respect to such seizures and arrests shall be held and deemed to be Abkaree officers within the meaning of this Act.

[Provisions not applicable to the Town of Calcutta. Saving of provisions of Act XI. 1849.]

LXXXVIII. Nothing in this Act relating to the grant of licenses for the sale of spirituous and fermented liquors and intoxicating drugs, and the recovery of arrears of tax or duty due under such licenses, to the illicit sale, carrying, or possession of spirituous and fermented liquors and intoxicating drugs, and the penalties incurred thereby, and to the appointment, duties, and responsibilities of Abkaree officers, shall extend to the Town of Calcutta; but with respect to all such matters, the provisions of Act XI. of 1849 shall continue in full force and effect as if this Act had not been passed.

[Commencement of Act.]

LXXXIX. This Act shall commence and have effect from and after the first day of February 1857.

[Construction.]

XC. The following words and expressions in this Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction:—

["Government."]

The word "Government" shall mean the Lieutenant-Governors of Bengal and of the North Western Provinces.

["Board of Revenue."]

The expression "Board of Revenue" shall mean the Board of Revenue in Calcutta and the Sudder Board of Revenue at Agra.

["Commissioner."]

The word "Commissioner" shall mean the Commissioner of a Revenue Division, or a Commissioner of Abkaree.

["Collector."]

The word "Collector" shall include a Deputy Collector, or other Revenue officer in independent charge of a district, and a Superintendent of Abkaree Revenue.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৭। ১৩ জানুআরি।]

সেই কর্তৃত্বকারি সেনাপতি সাহেবের নিকটে করিবেন। পরন্তু এই ধারার লিখিত কোন কথাতে ১৮৫৩ সালের ১৮ আইনের বিধির কিছু ক্ষতিবৃদ্ধি কি হানি হইবেক না ইতি।

[আফীনের সিরিশ্তার কার্য্যকারকেরদের প্রতি অর্পিত ক্ষমতা।]

৮৭ ধারা। এই আইনের দ্বারা কালেক্টর সাহেবেরদের প্রতি আফীনের বেআইনী কার্য্য নিবারণের যে ক্ষমতা দেওয়া গিয়াছে, ঐ ক্ষমতামতে যে সকল জিলাতে গবর্ণমেণ্টের জন্যে পোস্তের চাষ হইতেছে সেই২ জিলাতে আফীনের ডেপুটী এজেণ্টেরা ও সব-ডেপুটী এজেণ্টেরা কার্য্য করিতে পারিবেন। আর বেআইনীমতের আফীম ক্রোক করিবার জন্যে ও তাহা যে লোকেরদের নিকটে পাওয়া যায় তাহারদের গ্রেপ্তার করণের জন্যে আবকারীর কার্য্যকারকেরদের প্রতি যে ক্ষমতা এই আইনেতে দেওয়া যায়, সেই ক্ষমতামতে আফীনের সিরিশ্তার কার্য্যকারকেরা কার্য্য করিতে পারিবেন, আর সেইরূপ ক্রোক ও গ্রেপ্তার করণ সম্পর্কে তাহারা এই আইনের অর্থের মধ্যে আবকারীর কার্য্যকারক গণ্য ও জ্ঞান হইবেক ইতি।

[এই সকল বিধান কলিকাতা নগরের উপর খাটিবেক না। ১৮৪৯ সালের ১১ আইনের বিধান রক্ষা করণ]

৮৮ ধারা। শরাব ও গাঁজাধরা শরাব ও মাদক দ্রব্য বিক্রয় করিবার পাট্টা দেওন, ও সেই পাট্টাক্রমে পাওনা টাক্স কি মাসুলের বাকী আদায় করণ, ও শরাব ও গাঁজাধরা শরাব ও মাদক দ্রব্য বেআইনীমতে বিক্রয় করণ কি বহন কি নিকটে রাখণ, ও তদ্দ্বারা যে দণ্ড হইতে পারে তাহা, ও আবকারীর কার্য্যকারকেরদের নিযুক্ত করণ ও তাহারদের কর্ত্তব্য কর্ম্ম ও দায়সম্পর্কীয় এই আইনের কোন কথা কলিকাতা নগরে খাটিবেক না। কিন্তু সেই সকল বিষয়ে ১৮৪৯ সালের ১১ আইনের বিধান, এই আইন জারী না হইবার মতে, সম্পূর্ণরূপে প্রবল ও সফল থাকিবেক ইতি।

[আইন আমলে আইসন।]

৮৯ ধারা। এই আইন ১৮৫৭ সালের ফেব্রুআরি মাসের প্রথম দিবসঅবধি আরম্ভ হইয়া প্রবল হইবেক ইতি।

[অর্থ করণ।]

৯০ ধারা। এই আইনের নীচের লিখিত শব্দের ও কথার যে অর্থ এই ধারাতে করা গিয়াছে তাহার সেই অর্থ হইবেক। কিন্তু যদি বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার সঙ্গে ঐ অর্থ অসঙ্গত হয় তবে সেই অর্থ হইবেক না ইতি।

[গবর্ণমেণ্ট]

"গবর্ণমেণ্ট" এই শব্দেতে বাঙ্গলা দেশের ও উত্তর-পশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবকে বুঝায়।

[বোর্ড রেবিনিউ।]

"বোর্ড রেবিনিউ" এই কথাতে কলিকাতার বোর্ড রেবিনিউ ও আগ্রার সদর বোর্ড রেবিনিউ বুঝায়।

[কমিস্যনর।]

"কমিস্যনর" এই শব্দেতে রাজস্বের এলাকার কমিস্যনর সাহেবকে কি আবকারীর কমিস্যনর সাহেবকে বুঝায়।

[কালেক্টর।]

"কালেক্টর" এই শব্দেতে ডেপুটী কালেক্টর, কিম্বা জিলার স্বাধীনমতে ভারপ্রাপ্ত রাজস্বের অন্য কার্য্যকারক ও আবকারীর রাজস্বের সুপরিণ্টেণ্ডেণ্ট গণ্য হন।

["Magistrate."]

The word "Magistrate" shall include a Joint Magistrate, or other person lawfully exercising the powers of a Magistrate, and any Assistant or Deputy Magistrate with special powers, stationed at a place other than the sudder station of the Magistrate, and empowered to try cases without reference from the Magistrate.

["Country Spirit."]

The expression "Country spirit" shall mean any spirit made by the native process of distillation.

["Intoxicating drugs."]

The expression "intoxicating drugs" shall include ganjah, bhang, churrus, and opium, and every preparation and admixture of the same.

[Number.]

Words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number.

[Gender.]

Words importing the masculine gender shall include females.

FORM OF BOND UNDER SECTIONS IX. AND XVI.

Know all men by these presents, That we are jointly and severally held and firmly bound unto the East India Company, in the sum of Company's Rupees to be paid to the said East India Company; for which payment well and truly to be made, we jointly and severally bind ourselves, and each of us binds himself and each and every one of our respective heirs, administrators, and representatives by these presents,

Sealed with our seals

Dated this *day of* 18 .

Whereas the above bounden are justly and truly indebted to the East India Company in the sum of Company's Rupees being the amount of duty payable to the East India Company, at the rate of one rupee per imperial gallon London-proof, for gallons of [*or for* *gallons of proof spirit used in the preparation of* *dozens of bottles or gallons of cordials and liquors as specified in the annexed Schedule*] manufactured at which the said ha been allowed to remove thence for exportation by sea subject to the provisions of Act XXI. of 1856, without having paid the amount of such duty. Now the condition of this obligation is such that, if the above-bounden his or their heirs, executors, administrators, or representatives, or some or one of them, do and shall, at the expiration of four calendar months from the date of this obligation, well and truly pay or cause to be paid to the said East India Company duty at the rate of one rupee per

["মাজিষ্ট্রেট"]

"মাজিষ্ট্রেট" এই শব্দেতে জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারি অন্য ব্যক্তি, ও মাজিষ্ট্রেট সাহেবের সদর মোকামভিন্ন অন্য স্থানে নিযুক্ত ও মাজিষ্ট্রেট সাহেবহইতে অর্পিত না হওয়া মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন বিশেষ ক্ষমতাপ্রাপ্ত কোন আসিষ্টাণ্ট কি ডেপুটী মাজিষ্ট্রেটও গণ্য হন।

[দেশীয় মদ্য।]

"দেশীয় মদ্য" এই কথাতে এই দেশের নিয়মমতে চোয়াইয়া যে মদ্য হয় তাহাই বুঝায়।

[মাদক দ্রব্য।]

"মাদক দ্রব্য" এই শব্দেতে গাঁজা ও ভাঙ্গ ও চরস ও আফীন ও তাহাতে প্রস্তুতকরা ও মিশাল দ্রব্য গণ্য হয়।

[বচন।]

এক বচনের শব্দেতে বহুবচনের অর্থ বুঝায় ও বহুবচনের শব্দেতে এক বচনের অর্থ বুঝায়।

[লিঙ্গ।]

পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীরাও গণ্য হয়।

৯ ও ১৬ ধারাতে যে বণ্ডের কথা আছে তাহার পাঠ।

এই লিখনদ্বারা সকলে জ্ঞাত হউন যে, আমরা অমুক২ এত টাকার ভাইনে কোম্পানি বাহাদুরের নিকটে একত্রে ও স্বতন্ত্রে দৃঢ়রূপে বদ্ধ হইলাম। সেই টাকা উক্ত কোম্পানি বাহাদুরকে দেওয়া যাইবেক। সেই টাকা উত্তমরূপে ও সত্যমতে দেওয়া যায় এই জন্যে আমরা আপনারদিগকে একত্রে ও স্বতন্ত্রে বদ্ধ করিলাম, ও আমারদের প্রত্যেক জন আপনাকে ও প্রত্যেক জন আপন২ উত্তরাধিকারিদিগকে ও আডমিনিষ্ট্রেটরদিগকে ও স্থলাভিষিক্তদিগকে আপন২ মোহর করা এই পত্রদ্বারা বদ্ধ করিলাম ইতি।

১৮ সাল মাহ তারিখ।

পূর্ব্বোক্তমতে বদ্ধ অমুক২ অমুক স্থানের কারখানার প্রস্তুত অমুক শরাবের এত গালনের জন্যে (কিম্বা ইহার তলভাগের তফসীলের নির্দ্দিষ্ট কর্ডিয়ল ও শরাবের এত গালন কি এত ডজন বোতল প্রস্তুত করিবাতে প্রুফ মদিরার যে এত গালন দেওয়া গিয়াছে তাহার জন্যে) প্রুফ শরাবের ইমপিরিয়ল গালন প্রতি ১৲ টাকার হিসাবে কোম্পানি বাহাদুরের নিকটে দেনা মাসুল কোম্পানির এত টাকার বাবৎ কোম্পানি বাহাদুরের নিকটে ন্যায় ও সত্যমতে কর্জ্জদার আছে। উক্ত অমুক২ সেই মাসুলের টাকা না দিয়া সেই শরাবআদি একেবারে ১৮৫৬ সালের ২১ আইনের বিধানমতে সমুদ্রপথে রফ্তানী করিবার জন্যে লইয়া যাইতে অনুমতি পাইয়াছে। এখন এই করারপত্রের এই নিয়ম, যদি পূর্ব্বোক্ত কর্ডিয়লপ্রভৃতির সমুদয় কি তাহার কোন অংশ চারি মাসের মধ্যে পূর্ব্বোক্ত বিধানমতে সমুদ্রপথে রফ্ত না হয় (আর রফ্ত হইলে তাহার রফ্তানী হইবার উপযুক্ত প্রমাণ দিতে হইবেক) কিম্বা যদি সমুদয়ের কি তাহার কোন অংশের মাসুল দিয়া এই দেশে ব্যবহার হইবার জন্যে পাস না দেওয়া যায় তবে তাহার প্রুফ শরাবের ইমপিরিয়ল গালনপ্রতি ১৲ টাকার হিসাবে পূর্ব্বোক্ত মাসুল, উপরের মতে বদ্ধ অমুক কি তাহার কি তাহারদের উত্তরাধিকারিরা কি অছিরা কি আডমিনিষ্ট্রেটরেরা কি স্থলাভিষিক্ত ব্যক্তিরা কি তাহারদের কোন২ জন কি কোন এক জন বণ্ডের তারিখঅবধি চারি মাস

imperial gallon of proof spirit for all or any portion of the above-mentioned which shall not have been then exported by sea subject to the aforesaid provisions (of which exportation, if any, due proof shall be given) or passed for local consumption on payment of duty, then this obligation to be void, otherwise to remain in full force and virtue.

Sealed and delivered in the presence of

(*If the bond be for cordials and other liquors under Section XVI., add*)

SCHEDULE.

Description of Cordials and Liqueurs	Quantity in bottles or gallons.	Quantity of proof spirit.

W. MORGAN,
Clerk of the Council.

গত হইলেই উক্ত কোম্পানি বাহাদুরকে উত্তম ও সত্যমতে দিলে কি দেওয়াইলে, এই বণ্ড বাতিল হইবেক। নতুবা তাহা সম্পূর্ণরূপে বলবৎ ও শক্তিমন্ত থাকিবেক।

আমারদের সাক্ষাতে মোহর
করা গেল ও দেওয়া গেল।

(ঐ বণ্ড যদি ১৬ ধারামতে কর্ডিয়ল ও অন্য শরাবের নিমিত্তে হয় তবে তাহার)

তফসীল।

কর্ডিয়ল ও লিকুর যে প্রকারের	বোতলে কি গালনে যত	প্রুফ শরাব যত

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator*

LEGISLATIVE COUNCIL.

THE 20TH DECEMBER, 1856.

THE following Act, passed by the Legislative Council, received the assent of the Right Honorable the Governor General on the 19th December, 1856, and is hereby promulgated for general information :

ACT NO. XXV. OF 1856.

An Act to comprise in one Act the provisions necessary for the assessment and collection of Municipal rates and taxes in the Towns of Calcutta, Madras, and Bombay, and the several stations of the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca.

[Preamble.]

WHEREAS it is expedient to comprise in one Act the provisions necessary for the assessment and collection of certain rates and taxes to be imposed by special Acts for the Towns of Calcutta, Mádras, and Bombay, and the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca, for raising funds for Municipal purposes, It is enacted as follows :—

[Application of Act.]

I. The provisions of this Act, save so far as they may be expressly varied or excepted by the special Act for any of the said towns or for the said Settlement, shall apply to the assessment and collection of the rates and taxes imposed by such

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৬ সাল ২০ ডিসেম্বর।

ব্যবস্থাপক কৌন্সেলের কার্য্যকরা নীচের লিখিত আইন শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৬ সালের ১৯ ডিসেম্বর তারিখে মঞ্জুর করেন। তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৬ সাল ২৫ আইন।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরে এবং পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকার বসতিস্থানের নানা মোকামে নগর পরিপাটীরূপে রাখিবার জন্যে রেট ও টাক্স ধার্য্য ও আদায় করিবার আবশ্যক বিধান এক আইনে সংগ্রহ করিবার আইন।

[হেতুবাদ।]

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের ও পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকার বসতিস্থানের নিমিত্তে বিশেষ২ আইনের দ্বারা নগর পরিপাটীরূপে রাখিবার কার্য্যের জন্যে তহবীল করিবার নিমিত্তে কোন রেট ও টাক্স অর্থাৎ সম্পত্তির মূল্য বুঝিয়া ও সম্পত্তির উপর ট্যাক্স ধার্য্য ও আদায় করিবার আবশ্যক সকল বিধান এক আইনেতে সংগ্রহ করা বিহিত এই হেতুতে নীচের লিখিতমতে হুকুম হইল।

[আইন যেং বিষয়ে খাটে।]

১ ধারা। এই আইনের বিধান উক্ত কোন নগরের কি উক্ত বসতিস্থানের বিশেষ আইনেতে যেপর্য্যন্ত স্পষ্টরূপে মতান্তর কি বর্জ্জিত না হয় সেইপর্য্যন্ত ঐ বিশেষ আইনমতে যে রেট ও টাক্স বসান যায় তাহা ধার্য্য ও আদায় করিবার বিষয়ে, আর সেই নগর কিম্বা উক্ত বসতি-

special Act, and to the Commissioners appointed thereby for the conservancy and improvement of such Town or of any station of the said Settlement; and such special Act, and such provisions of this Act as shall not be expressly varied or excepted by the special Act, shall be construed together as forming one Act.

[Appointment of officers.]

II. The Commissioners may from time to time appoint such officers as they shall think necessary and proper to assist in the execution of this and the special Act, and may from time to time remove any of such officers, and appoint others in their places, and may, with the sanction of the local Government, pay such salaries and allowances to the said officers respectively as the Commissioners shall think reasonable. Provided that no person shall be appointed to or removed from any office, the monthly salary of which exceeds two hundred Rupees, without the sanction of the local Government.

[Assessment upon annual value of property.]

III. The rate or rates imposed upon houses, buildings, and lands according to the annual value thereof, in any of the said Towns or in the said Settlement, by the special Act, shall be assessed in the manner hereinafter provided.

[Annual value how to be ascertained.]

IV. The estimated gross annual rent at which the houses, buildings, and lands liable to the rate might reasonably be expected to let from year to year shall, for the purposes of the rate, be held and deemed to be the annual value of such houses, buildings, and lands. The value of a house or building so estimated shall not include the value of any machinery contained therein.

[Valuation to be made and entered in a book.]

V. For the purpose of such assessment as aforesaid, the Commissioners shall from year to year cause a valuation to be made of all houses, buildings, and lands liable to the rate. Such valuation, estimated as is hereinbefore provided, shall be entered in a book to be kept at the office of the Commissioners, wherein shall also be written in distinct columns the name of the owner of the property; or, if the occupier, and not the owner, is the person liable to pay the rate, the name of the occupier; a designation of the property either by name or number sufficient to identify the same, together with the name of the street or district in which such property is situate, and the amount of the rate assessed thereon.

[Description of owner or occupier if name unknown.]

VI When the name of the owner or occupier is not known, it shall be sufficient to designate him in the said book, and also in any notice or other proceeding under this Act, as "the owner" or "the occupier" of the property on which the rate is assessed without further description.

[*Government Gazette*, 13*th January*, 1857.]

স্থানের কোন যোড়ায় পরিপাটীরূপে রাখিবার ও আরো উত্তম করিবার জন্যে ঐ আইনের দ্বারা নিযুক্ত কমিস্যনরেরদের উপর খাটিবেক, আর সেই বিশেষ আইনের অর্থ ও সেই আইনে এই আইনের যে সকল বিধান স্পষ্টরূপে মতান্তর কি বর্জ্জিত না হয় তাহার অর্থ একি আইন হইবার মতে করিতে হইবেক ইতি।

[কার্য্যকারকদিগকে নিযুক্ত করণ।]

২ ধারা। এই আইন ও বিশেষ আইনের কার্য্য নির্ব্বাহ করিবার সাহায্য করণার্থে কমিস্যনরেরা যে সকল কার্য্যকারক আবশ্যক ও উপযুক্ত বোধ করেন তাহারদিগকে সময়ে২ নিযুক্ত করিতে পারিবেন, ও তাহারদের মধ্যে কোন কার্য্যকারকদিগকে সময়ে২ অবসর করিতে পারিবেন, ও তাহারদের স্থানে অন্য কার্য্যকারকদিগকে নিযুক্ত করিতে পারিবেন, ও স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া কমিস্যনরেরা যত মাহিয়ানা ও উপরি টাকা উপযুক্ত বোধ করেন তত উক্ত কার্য্যকারকেরদের প্রত্যেক জনকে দিতে পারিবেন। পরন্তু যেং পদের বেতন মাসেং দুই শত টাকার অধিক হয় সেইং পদে স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি বিনা কেহ নিযুক্ত হইবেক না ও সেইং পদহইতে কেহ তগীর হইবেক না ইতি।

[সম্পত্তির বার্ষিক মুল্যের উপর রেট বসান।]

৩ ধারা। বিশেষ আইনক্রমে উক্ত কোন নগরের কি উক্ত বসতিস্থানের ঘরের ও ইমারতের ও ভূমির বার্ষিক মুল্যের হিসাবমতে তাহার উপর যে রেট কি যেং রেট বসাইতে হইবেক তাহা ইহার পরে যে বিধি আছে সেই বিধিমতে ধার্য্য হইবেক ইতি।

[বার্ষিক মুল্য যেপ্রকারে নির্ণয় হইবেক।]

৪ ধারা। রেটের যোগ্য কোন ঘর ও ইমারৎ ও ভূমি একং বৎসরের মিয়াদে দেওয়া গেলে তাহার যত ভাড়া কি খাজানা উপযুক্তমতে হইতে পারে, মোটে সেই বার্ষিক ভাড়া কি খাজানা ঐ রেট করিবার জন্যে ঐ ঘরের ও ইমারতের ও ভূমির বার্ষিক মুল্য বলিয়া ধরা যাইবেক ও জ্ঞান হইবেক। ঘরের কি ইমারতের যে মুল্য সেই প্রকারে নির্ণয় হয় তাহাতে ঘরের মধ্যে কোন কলের মুল্য ধরা যাইবেক না ইতি।

[ঘরের মুল্য নির্ণয় হইয়া বহীতে লেখা যাইবেক।]

৫ ধারা। পূর্ব্বোক্তমতের রেট ধার্য্য করিবার জন্যে কমিস্যনরেরা রেটের যোগ্য সকল ঘরের ও ইমারতের ও ভূমির মুল্য বৎসরেং নির্ণয় করাইবেন। কমিস্যনরেরদের দপ্তরখানায় বহী রাখিতে হইবেক, ও পূর্ব্বোক্তমতের বিধানমতে নির্ণীত সেই মুল্য তাহাতে লেখা যাইবেক। আরও সেই বহীতে পৃথক্২ ঘরে সম্পত্তির স্বামির নাম, কিম্বা যদি স্বামী ঐ রেট দিবার যোগ্য ব্যক্তি না হইয়া বাশেন্দার ঐ রেট দিতে হয় তবে বাশেন্দার নাম লেখা যাইবেক। আর ঐ সম্পত্তি চিনিবার উপযুক্ত নাম করিয়া কি নম্বর দিয়া সম্পত্তির খ্যাতি ও সেই সম্পত্তি যে রাস্তায় কি পল্লিতে থাকে তাহার নাম ও তাহার যত রেট ধার্য্য হইয়াছে তাহাও লেখা যাইবেক ইতি।

[স্বামির কি বাশেন্দার নাম জানা না গেলে তাহা নির্ণয় করিবার কথা।]

৬ ধারা। যদি স্বামির কি বাশেন্দার নাম জানা না হয় তবে উক্ত বহীতে আর এই আইনমতের কোন এত্তেলাতে কি অন্য কুরকারীতে তাহার অন্য কোন বেওরা না লিখিয়া কেবল যে সম্পত্তির উপর রেট ধার্য্য হইয়াছে তাহার "স্বামী" কি "বাশেন্দা" লিখিলে প্রচুর হইবেক ইতি।

[Returns may be required for purpose of valuation. Power to enter houses, &c.]

VII. In order to enable the Commissioners to arrive at a fair valuation of any houses, buildings, or lands liable to the rate, it shall be lawful for the Commissioners to require the owner or occupier of such houses, buildings, or lands to furnish them with returns of the rent or annual value thereof; and for the like purpose, it shall be lawful for the Commissioners, or any person or persons appointed by them for that purpose, at any time to enter and inspect such houses, buildings, or lands after having given forty-eight hours' previous notice of such their intention to the occupier thereof; and whoever refuses or fails to furnish any such return for the space of one week from the day on which he shall have been required so to do, or knowingly makes a false or incorrect return, and whoever hinders, obstructs, or prevents, any one of the Commissioners or any person appointed by them as aforesaid from entering or inspecting any such houses, buildings, or lands, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding two hundred Rupees.

[Public notice of valuation to be given.]

VIII. When the valuation has been completed, the Commissioners shall give public notice thereof, and of the place where the said book containing the valuation and the rate assessed, or a copy of the said book, may be inspected, in the *Government Gazette* (if any), and by advertisement in some newspaper circulating within the Town or station, and also by placards posted up in conspicuous places throughout the same; and the person in whose custody such book may be shall permit every person claiming to be the owner or occupier of property included in the assessment, or the agent of such owner or occupier, to inspect the book and to make extracts therefrom without payment of any fee; and any such person who wilfully neglects or refuses to permit the same, shall be liable, on conviction before a Magistrate, to a penalty of fifty Rupees.

[Notice of time of revising assessment.]

IX. The Commissioners shall, at the time and in the manner in the preceding Section mentioned, give public notice of a day, not being less than fifteen days from the publication of such notice, when they will proceed to revise the said valuation and assessment; and in all cases in which any property is for the first time assessed, or in which the valuation of any property previously assessed is increased, shall give special notice thereof to the owners or occupiers of such property. All complaints against such valuation and assessment shall be made on or before the day fixed in the notice; and all complaints so made shall be enquired into by the Commissioners, and such amendments shall thereupon be made in the said

[মূল্য নির্ণয় করিবার জন্যে রিটর্ণ দিবার আদেশ হইতে পারিবেক। ঘরপ্রভৃতির ভিতরে যাইবার ক্ষমতা।]

৭ ধারা। কমিস্যনরেরা রেটের যোগ্য কোন ঘরের কি ইমারতের কি ভূমির মূল্য ন্যায্যমতে নির্ণয় করিতে পারেন এই নিমিত্তে কমিস্যনরেরা সেই ঘরের কি ইমারতের কি ভূমির স্বামিকে কি বাশেন্দাকে ঐ ঘরপ্রভৃতির ভাড়ার কি খাজানার কিম্বা বার্ষিক মূল্যের রিটর্ণ দিতে আদেশ করিতে পারিবেন। আর সেই কারণে ঐ কমিস্যনরেরদের কিম্বা সেই কার্য্যের জন্যে তাঁহারদের নিযুক্ত কোন ব্যক্তির কি ব্যক্তিরদের এই ক্ষমতা থাকিবেক যে ঐ ঘরে কি ইমারতে কি ভূমিতে কোন সময়ে প্রবেশ করেন ও দেখিয়া লন। কিন্তু তাঁহারা আটচল্লিশ ঘণ্টা থাকিতে সেই কর্ম্ম করিবার মানস ঐ ঘরের কি ভূমির বাশেন্দাকে জানাইবেন। আর সেই প্রকারের কোন রিটর্ণ দিবার আদেশ যে কোন ব্যক্তিকে করা যায় সে যদি ঐ আদেশ হইবার দিনঅবধি এক সপ্তাহপর্য্যন্ত তাহা দিতে অস্বীকার করে কি তাহা না দেয় কিম্বা জানিয়াশুনিয়া অসত্য কি অযথার্থ রিটর্ণ দেয়, আর যে কোন ব্যক্তি কমিস্যনরেরদের কোন এক জনকে কিম্বা তাঁহারদের পূর্ব্বোক্তমতে নিযুক্ত কোন ব্যক্তিকে সেই প্রকারের কোন বাটীতে কি ইমারতে কি ভূমিতে প্রবেশ করিতে কিম্বা তাহা দেখিয়া লইতে না দেয় কি বাধা করে কি প্রতিবন্ধক হয় তাহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সে ২০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[নির্ণীত মূল্যের ইশ্‌তিহার দিতে হইবেক।]

৮ ধারা। যখন মূল্য নির্ণয় করণ সমাপ্ত হইয়াছে তখন কমিস্যনরেরা তাহার সম্বাদ, ও সেই নির্ণীত মূল্য ও ধার্য্যকরা রেট উক্ত যে বহীতে লেখা গেল সেই বহী কি তাহার নকল যে স্থানে দেখা যাইতে পারে সেই স্থানের সম্বাদ, গবর্ণমেণ্ট গেজেট থাকিলে তাহাতে প্রকাশ করিবেন ও নগরে কি মোকামে যে কোন সম্বাদপত্র সাধারণমতে চলে তাহাতে ইশ্‌তিহার দিয়া ও সেই নগরের কি মোকামের সর্ব্বত্র প্রকাশ স্থানেং ইশ্‌তিহার লাগাইয়া প্রকাশ করিবেন। আর সেই বহী যাহার জিম্মায় থাকে সেই ব্যক্তি ঐ রেটের ফর্দ্দের মধ্যে ধরা সম্পত্তির স্বামী কি বাশেন্দা বলিয়া যে কেহ দাওয়া রাখে তাহাকে কি ঐ স্বামির কি বাশেন্দার মোক্তারকে রসুমবিনা ঐ বহী দেখিতে ও তাহাহইতে কোন কথা নকল করিতে অনুমতি দিবেক। আর সেই প্রকারের যে কোন ব্যক্তি সেই অনুমতি দিতে জানিয়াশুনিয়া শৈথিল্য কি অস্বীকার করে তাহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সে পঞ্চাশ টাকা জরীমানার যোগ্য হইবেক ইতি।

[রেট পুনর্দৃষ্টি করিবার সময়ের ইশ্‌তিহার।]

৯ ধারা। কমিস্যনরেরা উক্ত যে মূল্য ও রেট ধার্য্য হইয়াছে তাহা বিবেচনা করিবার জন্যে পূর্ব্বোক্ত ইশ্‌তিহার প্রকাশ হইবার তারিখঅবধি পনের দিনের কম না হয় এমত কোন দিনে বসিবেন, আর সেই দিনের সম্বাদ উক্ত ৮ ধারার লিখিত সময়ে ও প্রকারে প্রকাশ করিবেন। আর যখন কোন সম্পত্তির প্রথমবার রেট ধার্য্য হয় কিম্বা যে সম্পত্তির রেট পূর্ব্বে ধার্য্য হইয়াছিল তাহার নির্ণীত মূল্য যখন বৃদ্ধি হয় তখন তাঁহারা ঐ সম্পত্তির স্বামি কি বাশেন্দাদিগকে তাহার বিশেষ সম্বাদ দিবেন। উক্তমতে যে মূল্য ও রেট ধরা গিয়াছে তাহার উপর কেহ আপত্তি করিতে চাহিলে ঐ ইশ্‌তিহারের নিরূপিত দিনে কি তাহার পূর্ব্বে করিতে হইবেক আর কমিস্যনরেরা সেই সকল আপত্তির তজবীজ করিবেন আর

book as to the Commissioners shall appear just and proper.

[After revision, assessment book to be signed. Rate assessed to be deemed the rate for the whole year.]

X. After the complaints have been enquired into, and after the revision of the valuation and assessment has been completed, the amendments made in the said book shall be authenticated by the signatures of two of the Commissioners, who shall at the same time certify under their signatures that no valid objection has been made to the valuation and assessment in the said book entered, except in the cases in which amendments have been made as shown therein; and thereupon, and subject to such alterations and amendments as may thereafter be duly made, the rate so assessed shall be deemed to be the rate for the whole year in and for which the assessment is made, and such year shall commence on the 1st day of January.

[Alteration or amendment of assessment.]

XI. Provided always, that the Commissioners, upon the representation of parties or other information, may at any time amend the said book by inserting therein the name of any person whose name ought to be so inserted, or any property liable to the rate; or by striking out the name of any person or any property not liable to the rate, or by reducing the amount of the rate: and in all cases in which any property is inserted as liable to the rate, the amendment shall be considered to have been made at the time when the person interested first received notice thereof.

[New assessment book need not be prepared yearly.]

XII. It shall not be necessary to prepare a new book every year, but the Commissioners may adopt the valuation and assessment contained in the book for the preceding year, with such alterations as may, in particular cases, be deemed necessary, as the valuation and assessment for the year following. Provided always, that public notice of such valuation and assessment shall be given in the manner prescribed in Section VIII. of this Act; and the provisions of the said Section and of the three following Sections shall be applicable to the said valuation and assessment, and to the book or books in which it is contained.

[Taxes upon vehicles and animals.]

XIII. The taxes imposed upon vehicles and animals in any of the said Towns or in the said Settlement by the special Act, shall be assessed in the manner hereinafter provided.

[List of persons liable to the tax to be entered in a book.]

XIV. The Commissioners shall, from time to time, cause to be prepared and entered in distinct columns in a book to be kept at the office of the Commissioners, and to be open to the inspection of any person interested therein, a list of the persons liable to the payment of such taxes, a descrip-

তাহা করিলে তাঁহারা যেমন ন্যায্য ও উপযুক্ত বোধ করেন তেমনি উক্ত বহীতে সংশোধন করা যাইবেক ইতি।

[সংশোধন হইলে পর রেটের বহীতে দস্তখৎ হইবেক, যে রেট ধার্য্য হয় তাহা সম্পূর্ণ বৎসরের রেট জ্ঞান হইবেক।]

১০ ধারা। আপত্তির তজবীজ হইলে পর ও যে মূল্য ও রেট ধরা গিয়াছিল তাহার সংশোধন সমাপ্ত হইলে পর উক্ত বহীর সংশোধিত কথায় কমিস্যনরেরদের দুই জন দস্তখৎ করিবেন আর তাঁহারা সেই সময়ে এই মর্ম্মের এক সর্টিফিকট লিখিবেন যে, বহীর লিখিতমতে যেং স্থলে সংশোধন করা গিয়াছে সেইং স্থলছাড়া উক্ত বহীর লিখিত নির্ণীত মূল্যের ও রেটের যাতবর কোন আপত্তি করা যায় নাই, ও সেই সর্টিফিকটে দস্তখৎ করিবেন। তাহা হইলে ও তৎপরে যেং পরিবর্ত্তন ও সংশোধন উপযুক্তমতে করা যায় তদনুসারে উক্ত প্রকারে যে রেট ধার্য্য হয় তাহা যে বৎসরে ও যে বৎসরের নিমিত্তে ধার্য্য হইয়াছে সেই সম্পূর্ণ বৎসরের রেট জ্ঞান হইবেক। সেই বৎসর জানুআরি মাসের প্রথম দিবসাবধি আরম্ভ হইবেক ইতি

[যে রেট ধার্য্য হইয়াছে তাহার পরিবর্ত্তন কি সংশোধন।]

১১ ধারা। পরন্তু সর্ব্বদাই জানিতে হইবেক যে, কমিস্যনরেরা সম্পত্তিসম্পর্কীয় ব্যক্তিরদের এজহারমতে কিম্বা অন্য সম্বাদক্রমে উক্ত বহী কোন সময়ে সংশোধন করিতে পারিবেন অর্থাৎ উক্ত বহীতে যে ব্যক্তির নাম লেখা উচিত তাহার নাম কি যে কোন সম্পত্তি রেটের যোগ্য হয় তাহা লিখিয়া, কিম্বা যে কোন ব্যক্তি কি যে কোন সম্পত্তি রেট দিবার যোগ্য নয় তাহার নাম উঠাইয়া দিয়া, কিম্বা রেট কম করিয়া সংশোধন করিতে পারিবেন। আর যে সকল স্থলে রেটের যোগ্য বলিয়া কোন সম্পত্তি লেখা যায় সেই স্থলে সেই বিষয়ের সম্পর্কযুক্ত ব্যক্তি যে সময়ে ঐ সংশোধন হইবার সম্বাদ প্রথমে পায় সেই সময়ে সেই সংশোধন করা গিয়াছে জ্ঞান হইবেক ইতি।

[রেটের নূতন বহী বৎসরেং করিবার প্রয়োজন নাই।]

১২ ধারা। নূতন বহী বৎসরেং প্রস্তুত করিবার প্রয়োজন হইবেক না। কিন্তু পূর্ব্ব বৎসরের বহীতে যে মূল্য ও রেট ধার্য্য হইয়াছিল তাহাতে স্থলবিশেষে যেমন আবশ্যক বোধ হয় তেমন পরিবর্ত্তন করিয়া তাহার পর বৎসরের জন্যে সেই মূল্য ও রেট নির্দ্ধার্য্য থাকিবেক। পরন্তু এই আইনের ৮ ধারাতে যেমন লেখা আছে তেমনি সর্ব্বদাই সেই মূল্য ও রেট ধরা যাইবার ইশ্তিহার প্রকাশ হইবেক আর সেই নির্ণীত মূল্যের ও রেটের উপর ও তাহা যে এক কি অধিক বহীতে লেখা থাকে তাহার উপর উক্ত ধারার ও তাহার পর তিন ধারার বিধান খাটিবেক ইতি।

[গাড়ি ও ঘোড়ার উপর টাক্স।]

১৩ ধারা। উক্ত কোন নগরে কি উক্ত বসতিস্থানে গাড়ির ও ঘোড়াপ্রভৃতির উপর যে টাক্স বিশেষ আইনমতে বসান যাইবেক তাহা পশ্চাৎ নির্দ্দিষ্টমতে নির্দ্ধার্য্য হইবেক ইতি।

[যে লোকেরা টাক্সের যোগ্য হয় তাহারদের ফর্দ্দ বহীতে লেখা যাইবেক।]

১৪ ধারা। সেই প্রকারের টাক্স দিতে যে ব্যক্তিরা যোগ্য হয় তাহারদের, ও যে গাড়ি ও ঘোড়াপ্রভৃতির জন্যে তাহারা টাক্স দিবার যোগ্য হয় তাহার দেওয়ার ও তাহার উপর যত টাক্স বসান যায় তাহার ফর্দ্দ কমিস্যনরেরা সময়েং প্রস্তুত করাইবেন ও কমিস্যনরেরদের দফ্তরখানায় এক বহী রাখিয়া সেই বহীর পৃথক্‌২ ঘরে লেখাই-

tion of the vehicles and animals in respect of which they are liable, and the amount of the taxes assessed thereon.

[Returns may be required for purpose of making list.]

XV. In order to enable the Commissioners to make such list, the Commissioners, or any officer authorized by them, may send to all persons supposed to be liable to the payment of such taxes a schedule to be filled up with such information respecting the vehicles and animals kept by them as the Commissioners may judge necessary for the assessment of the taxes. The schedule shall be filled up in writing, and signed, and dated, and returned to the office of the Commissioners by every person to whom it is sent, whether or not liable to the payment of such taxes; and whoever refuses, neglects, or omits, duly to fill up and return such schedule within one week from the receipt thereof, or knowingly gives therein any incorrect or false return, shall be liable on conviction before a Magistrate, to a penalty not exceeding two hundred Rupees.

[Power to summon persons liable to the payment of the taxes.]

XVI. The Commissioners may summon any person supposed to be liable to the payment of such taxes, or any servant of such person, and may examine such person or his servant as to the number and description of the horses and carriages in respect of which such person is liable to be assessed. If the person summoned shall, without lawful excuse, fail to appear in pursuance of the summons, or shall refuse to answer any lawful question of the Commissioners, or knowingly give an incorrect answer, he shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding two hundred Rupees.

[Hearing of appeals.]

XVII. Appeals against any rate or tax assessed under the provisions of this or the special Act, shall be heard and determined, in the Towns of Calcutta and Madras, by two Magistrates, in the Town of Bombay by the Court of Petty Sessions, and in the said Settlement by Her Majesty's Court of Judicature. But no such appeal shall be heard, unless the amount of the rate or tax has been deposited with the Commissioners; and no appeal against a rate assessed by the Commissioners under Section X. shall be heard, unless complaint has been previously made to the Commissioners as hereinbefore provided. The mode of proceeding in such appeals shall be the same as that prescribed for the determination of matters referred to two Magistrates, by Act XIV. of 1856, or as near thereto as may be. Provided that such Magistrates, and such Court of Petty Sessions, may, if they shall think fit, state a case for the opinion of the Supreme Court.

রেন ও তাহাতে যে কোন ব্যক্তির সম্পর্ক থাকে সে তাহা অবাধিতরূপে দেখিতে পারিবেক ইতি।

[ফর্দ্দ করিবার জন্যে রিটর্ণ দিবার আদেশ হইতে পারিবেক]

১৫ ধারা। কমিসানরেরা সেই ফর্দ্দ করিতে পারেন এই নিমিত্ত কমিসানরেরা কি তাঁহারদের হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্মকারক যে সকল ব্যক্তি ঐ টাক্স দিবার যোগ্য বোধ হয় তাহারদের নিকটে এক তফসীল পাঠাইতে পারিবেন ও টাক্স বসাইবার জন্যে তাহারদের রাখা গাড়ি ও ঘোড় প্রভৃতির যে সংবাদ কমিসানরেরা আবশ্যক বোধ করেন তাহা ঐ তফসীলে লিখিবার আদেশ হইবেক। ঐ তফসীল যে কোন ব্যক্তির নিকটে পাঠান যায় সেই ব্যক্তি ঐ টাক্স দিবার যোগ্য হউক কি না হউক ঐ তফসীলের লিখিতব্য কথা লিখিবেক ও তাহাতে দস্তখৎ করিয়া ও তারিখ দিয়া তাহা কমিসানরেরদের দফ্তরখানায় ফিরিয়া পাঠাইবেক। আর যে কোন ব্যক্তি সেই তফসীল পাইলে পর এক সপ্তাহের মধ্যে তাহাতে উপযুক্তমতে লিখিয়া ফিরিয়া পাঠাইতে অস্বীকার কি শৈথিল্য কি ত্রুটি করে কিম্বা জানিয়াশুনিয়া কোন অযথার্থ কি অসত্য কথা তাহাতে লেখে সেই ব্যক্তির দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখ সাব্যস্ত হইলে সে ২০০ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[যাহারা টাক্স দিবার যোগ্য তাহারদিগকে সমন করিবার ক্ষমতা।]

১৬ ধারা। সেই প্রকারের টাক্স দিতে যে কোন ব্যক্তি যোগ্য বোধ হয় তাহাকে কি তাহার কোন চাকরকে কমিসানরেরা সমন করিতে পারিবেন ও সেই ব্যক্তি যে ঘোড়ার ও গাড়ির জন্যে টাক্স দিবার যোগ্য হয় তাহার সংখ্যা ও প্রকারের বিষয়ে সেই ব্যক্তির কি তাহার চাকরের জোবানবন্দী লইতে পারিবেন। যে ব্যক্তিকে সমন করা যায় সে যদি আইনসিদ্ধ ওজর না থাকিতেও সমনমতে উপস্থিত হইতে শৈথিল্য করে কিম্বা কমিসানরেরা আইনমতে উপযুক্ত যে কোন কথা জিজ্ঞাসা করেন তাহার উত্তর দিতে অস্বীকার করে কিম্বা জানিয়াশুনিয়া অপ্রকৃত উত্তর দেয় তবে তাহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখ সাব্যস্ত হইলে সে ২০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[আপীল শুনিবার কথা।]

১৭ ধারা। যে কোন রেট কি টাক্স এই আইনের কি বিশেষ আইনের বিধানমতে ধার্য্য হয় তাহার উপর আপীল কলিকাতা ও মান্দ্রাজ নগরে দুই জন মাজিষ্ট্রেট সাহেব ও বোম্বাই নগরে পেটি সেশনের আদালত ও উক্ত বসতিস্থানে শ্রীশ্রীমতী মহারাণীর আদালত শুনিবেন ও নিষ্পত্তি করিবেন। কিন্তু ঐ রেটের কি টাক্সের যত টাকা হয় তাহা কমিসানরেরদের নিকটে গচ্ছিত না করা গেলে সেইরূপ কোন আপীল শুনা যাইবেক না। আর ১০ ধারামতে কমিসানরেরা যে রেট ধার্য্য করেন তাহার উপর আপত্তি পূর্ব্বের লিখিত বিধানমতে কমিসানরদিগকে প্রথমে জানান না গেলে তাহার উপর কোন আপীল শুনা যাইবেক না। ১৮৫৬ সালের ১৪ আইনমতে দুই জন মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পিত বিষয়ের নিষ্পত্তির জন্যে কার্য্য হইবার যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে সেই বিধিমতে কিম্বা যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত সেই বিধিমতে ঐ আপীলের কার্য্য হইবেক। পরন্তু যদি সেই মাজিষ্ট্রেট সাহেবেরা ও পেটি সেশনের সেই আদালত উচিত বোধ করেন তবে তাঁহারা সুপ্রিম কোর্টের মত জানিবার নিমিত্তে কোন বিষয়ের বৃত্তান্ত তাঁহারদের নিকটে পাঠাইতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৩ জানুআরি।]

[Time of appeal.]

XVIII. Every such appeal shall be commenced within ten days after the accrual of the cause of complaint, which shall, in respect of any rate, be deemed to accrue on the date of the certificate of the Commissioners in the said book, or, in case of any subsequent amendment of the said book under the provisions of Section XI., upon the receipt by the person aggrieved of notice of such amendment; and in respect of any tax, the cause of complaint shall be deemed to accrue upon the receipt by the person aggrieved of a bill for the sum claimed from him.

[If no complaint, rates, &c. to be final.]

XIX. The assessment by the Commissioners of any rate or tax, when no appeal therefrom is made as hereinbefore provided, and the adjudication of any appeal under Section XVII. shall be final and conclusive.

[Form of bill to be presented.]

XX. When any rate or tax is due, the Commissioners shall cause to be presented to the person liable to the payment thereof a bill for the sum due, which shall also contain a statement of the period and a description of the property or thing for which the rate or tax is charged. If the bill be for any tax, it shall also contain a notice of the time within which an appeal against such tax may be preferred.

[Notice of demand. Distress.]

XXI. If the bill is not paid by the person liable to pay the same within five days from the presentation thereof, the Commissioners may cause to be served upon such person a notice of demand in the form (A) contained in the Schedule to this Act, or to the like effect; and if he shall not, within five days from the service of such notice of demand, pay the sum due, or show sufficient cause for non-payment of the same to the satisfaction of the Commissioners, and if no appeal shall have been preferred, such sum with all costs may be levied by distress and sale of the goods and chattels of the defaulter, or if the defaulter be the occupier of any house, building, or land in respect of which a rate is due, by distress and sale of any goods and chattels found on the premises, under a warrant in the form (B) in the Schedule, or to the like effect, to be issued for that purpose by the Commissioners.

[Inventory—notice of distress.]

XXII. The officer charged with the execution of the warrant of distress shall make an inventory of the goods and chattels seized under any such warrant, and shall at the same time give a notice in writing, in the form (C) contained in the Schedule annexed to this Act, to the person in possession thereof at the time of the seizure, that the said goods and chattels will be sold as therein mentioned.

[Sale. Fees.]

XXIII. If the warrant is not in the meantime

[আপীলের মিয়াদ।]

১৮ ধারা। সেইরূপ প্রত্যেক আপীল নালিশের হেতু যে সময়ে উদয় হয় তাহার পর দশ দিনের মধ্যে আরম্ভ হইবেক। আপীল কোন রেটের উপর হইলে উক্ত বহীতে কমিস্যনরেরদের সর্টিফিকেটের তারিখ, অথবা ১১ ধারামতে তৎপরে উক্ত বহীর সংশোধিত কোন কথার উপর হইলে ক্ষতিগ্রস্ত ব্যক্তির ঐ সংশোধনের সম্বাদ পাইবার তারিখ নালিশের হেতু উদয় হইবার সময় জ্ঞান হইবেক। আর কোন টাক্সের উপর হইলে, ক্ষতিগ্রস্ত ব্যক্তির স্থানে যত টাকার দাওয়া হয় তাহার বিল সে যে সময়ে পায় তাহা ঐ নালিশের হেতু উদয় হইবার সময় জ্ঞান হইবেক ইতি।

[যদি নালিশ না হয় তবে রেটপ্রভৃতি স্থির থাকিবেক।]

১৯ ধারা। কমিস্যনরেরা যে কোন রেট কি টাক্স ধার্য্য করেন তাহার উপর যদি পূর্ব্বের লিখিত বিধানমতে আপীল না করা যায় তবে সেই রেট কি টাক্স ধার্য্য করণ ও ১৭ ধারামতে কোন আপীলের নিষ্পত্তি চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক ইতি।

[যে প্রকারে বিল দিতে হইবেক।]

২০ ধারা। যখন কোন রেট কি টাক্স পাওনা হয় তখন কমিস্যনরেরা তাহা দিবার যোগ্য ব্যক্তির নিকট ঐ পাওনা টাকার বিল পাঠাইবেন। আর যে কালের নিমিত্তে, ও যে সম্পত্তির কি বিষয়ের রেট কি টাক্সের দাওয়া হয় তাহার বেওরা ঐ বিলের মধ্যে নির্দ্দিষ্ট থাকিবেক। যদি সেই বিল কোন টাক্সের জন্যে হয় তবে সেই টাক্সের উপর আপীল যে কালের মধ্যে করা যাইতে পারিবেক তাহারও সম্বাদ তাহাতে দেওয়া যাইবেক ইতি।

[দাওয়ার এত্তেলা। ক্রোক।]

২১ ধারা। সেই বিলের টাকা যে ব্যক্তি দিবার যোগ্য হয় সে যদি ঐ বিল দেওয়া যাইবার তারিখঅবধি পাঁচ দিনের মধ্যে তাহা না দেয়, তবে কমিস্যনরেরা এই আইনের তফসীলের লিখিত A চিহ্নিত পাঠানুসারে কি তাহার মর্ম্মের দাওয়ার এত্তেলা ঐ ব্যক্তির উপর জারী করিবেন আর দাওয়ার সেই এত্তেলা জারী হইবার তারিখঅবধি পাঁচ দিনের মধ্যে যদি সেই ব্যক্তি ঐ দেনা টাকা না দেয় কিম্বা তাহা না দিবার উপযুক্ত কারণ কমিস্যনরেরদের সন্তোষমতে প্রকাশ না করে ও যদি কোন আপীল না হইয়া থাকে তবে ঐ টাকা খরচাসমেত ঐ ত্রুটিকারি ব্যক্তির মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে পারিবেক। কিম্বা যে ঘর কি ইমারতের কি ভূমির রেট পাওনা হয় বাকীদার যদি তাহার বাশেন্দা হয় তবে বাড়ীতে যে কিছু মাল ও জিনিস পাওয়া যায় তাহা ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে পারিবেক। সেই কার্য্যের নিমিত্ত কমিস্যনরেরা তফসীলের B চিহ্নিত পাঠানুসারে কি তাহার মর্ম্মের এক পরওয়ানা জারী করিবেন ইতি।

[তালিকা। ক্রোকের এত্তেলা।]

২২ ধারা। ক্রোকী পরওয়ানা জারী হইবার জন্যে যে কর্ম্মকারককে দেওয়া যায় সে ঐ পরওয়ানাক্রমে ক্রোক-করা মালের ও দ্রব্যের এক তালিকা করিবেক। আর ঐ ক্রোক হইবার সময়ে ঐ দ্রব্য যাহার দখলে ছিল তাহাকে সেই সময়ে এই আইনের শেষ ভাগের তফসীলের লিখিত C চিহ্নিত পাঠে এই মর্ম্মের লিখিত এত্তেলা দিবেক যে ঐ মাল ও দ্রব্য ঐ এত্তেলার লিখিত প্রকারে নীলাম হইবেক ইতি।

[নীলাম। রসুম।]

২৩ ধারা। ইতিমধ্যে যদি কমিস্যনরেরা সেই পরও

discharged or suspended by the Commissioners, the goods and chattels seized shall be sold under the orders of the Commissioners, who shall apply the proceeds, or such part thereof as may be necessary, in discharge of the said arrears and costs; and the surplus, if any, shall be returned on demand to the person in possession of the goods and chattels at the time of the seizure. The fees payable upon distraints under this Act shall be such as are set forth in the Table of Fees in the said Schedule.

[To be continued.]

রাখা বাতিল কি স্থগিত না করেন তবে ক্রোককরা ঐ মাল ও দ্রব্য কমিস্যনরেরদের হুকুমমতে নীলাম হইবেক, ও তাহাতে উৎপন্ন টাকা কিম্বা তাহার যে অংশ আবশ্যক হয় তাহা তাঁহারা ঐ পাওনা টাকার ও খরচার পরিশোধার্থে দিবেন ও যদি কিছু অবশিষ্ট থাকে তবে সেই অবশিষ্ট টাকা দাওয়া করা গেলে ঐ মাল ও দ্রব্য ক্রোক হইবার কালে যাহার দখলে ছিল তাহাকে দেওয়া যাইবেক। এই আইনানুসারে ক্রোক করণের উপর যে রসুম দেনা হয় তাহা উক্ত তফসীলের লিখিত রসুমের ফর্দে যেরূপে প্রকাশিত আছে সেইরূপ হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক

NOTIFICATIONS.

বিজ্ঞাপন।

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 6th January, 1857.

Moonshee Ameenooddeen, Moonsiff of Deeang, to be Officiating Moonsiff of the 2nd Town Division, during the absence on leave of the incumbent or until further orders.

LEAVES OF ABSENCE.

The 31st December, 1856.

Baboo Mohun Lall Panday, Moonsiff of Kuddumgatchee, Zillah 24-Pergunnahs, for one week, in extension of that granted on the 12th instant.

The 6th January, 1857.

Moulvie Abdool Futteh, Moonsiff of the 2nd Town Division, Zillah Chittagong, for six months on Medical Certificate, under Section V. of the Absentee Rules.

A. W. Russell, *Offg. Register*.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৬ জানুআরি।

চাটিগাঁ নগরের দ্বিতীয়খণ্ডের মুনসেফের ছুটী লইয়া অনুপস্থানে কিম্বা অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত দিয়াঙ্গের মুনসেফ শ্রীযুত মুনশী আমিনুদ্দিন ঐ স্থানের একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৬ সাল ৩১ ডিসেম্বর।

জিলা চব্বিশপরগনার কদমগাছীর মুনসেফ শ্রীযুত বাবু মোহনলাল পাঁড় বর্ত্তমান মাসের ১২ তারিখে যে ছুটী পান তাহার অধিক এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৬ জানুআরি।

জিলা চাটিগাঁ নগরের দ্বিতীয়খণ্ডের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল ফত্তে ছুটীর বিধির ৫ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। একটিং রেজিষ্টরী।

৫৮ নম্বর।

ফোর্ট উলিয়ম।

ফিনান্সিয়ল ডিপার্টমেন্ট।

১৮৫৬ সাল ৩১ ডিসেম্বর।

বিজ্ঞাপন।

কলিকাতার টাকশালের কমিটির বর্ত্তমান মাসের ৪ তারিখের ২০২ নম্বরের পত্র পাঠ করা গিয়াছিল। এক জন মিস্ত্রি সম্বাদ না দিয়া টাকশালের কর্ম্ম ছাড়িয়া লোহার সাঁকো প্রস্তুত করিবার কারখানাতে কর্ম্ম নিয়াছিল এই বিষয়ে টাকশালের একটিংমাষ্টর সাহেবের ও আলিপুরে লোহার সাঁকোর কারখানার সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের পরস্পর যে পত্রের লিখনপঠন হয় তাহার উপর হুকুম হইবার জন্যে তাহার নকল ঐ পত্রের সঙ্গে পাঠান যায়।

নির্দ্ধারণ।

কলিকাতার টাকশালের একটিং মাষ্টর সাহেব জানাইয়াছেন যে সম্প্রতি এক জন কামার মিস্ত্রি কিছু না কহিয়া টাকশাল ছাড়িয়া আলিপুরে লোহার সাঁকোর কারখানায় কর্ম্ম নিয়াছে। তাহাতে কোন প্রকারের সম্বাদ না দিয়া সরকারের কোন এক দপ্তরখানাহইতে সরকারী অন্য দপ্তরখানার কোন কর্ম্মকারককে গ্রাহ্য করা যায় ইহা অনুচিত বোধ করিয়া হজুর কৌন্সেলে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর এই আজ্ঞা করিতেছেন। যখন কোন কেরাণী কি কর্ম্মকারক সরকারী কোন দপ্তরখানা কি সিরিশ্তা ছাড়িয়া যায় তখন সে যাঁহার নিকটে কর্ম্ম করিতেছিল তাঁহাকে সরকারী অন্য দপ্তরখানার কি সিরিশ্তার প্রধান সাহেব প্রথমে জিজ্ঞাসা না করিলে তাহাকে আপনার কর্ম্মে লইবেন না।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৩ জানুআরি।]

হুকুম হইল যে, টাকশালের কমিটির সেক্রেটারী সাহেবের বর্ত্তমান মাসের ৪ তারিখের ২০২ নম্বরের পত্রের উত্তরে উক্ত নির্দ্ধারণের এক কেতা নকল ঐ কমিটির নিকটে পাঠান যায়।

আরো হুকুম হইল যে, ঐ নির্দ্ধারণের এক কেতা নকল নীচের লিখিত সিরিশতার * ও কার্য্যকারক সাহেবেরদের † ও গবর্ণমেণ্টের ‡ জ্ঞাত হইবার জন্যে ও তাঁহারদের সেইমতে কর্ম্ম করিবার জন্যে তাঁহারদের নিকটে পাঠান যায়।

আরো হুকুম হইল যে ঐ নির্দ্ধারণ সকল লোকের জানিবার নিমিত্তে কলিকাতার সরকারী গেজেটে প্রকাশ হয়।

সি হিউ লৎশিংটন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

* বিদেশীয় ডিপার্টমেণ্ট।
দেশীয় ডিপার্টমেণ্ট।
মিলিটারীডিপার্টমেণ্ট।
সরকারী গৃহাদি নির্ম্মাণের ডিপার্টমেণ্ট।
† ভারতবর্ষের গবর্ণমেণ্টের আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেব।
সবত্রেজুরর সাহেব।
ফোর্ট উলিয়মের সিবিল আডিটর সাহেব।
‡ বোম্বাই।
মান্দ্রাজ।
বাঙ্গলা দেশে।
উত্তর পশ্চিম দেশ।
পূর্ব্ব দিগে সমুদ্রাঞ্চলের বসতি।

রাজকর্ম্মে নিয়োগ

৩২০৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৬ সাল ২৩ ডিসেম্বর।

সারণের প্রধান সদর আমীন শ্রীযুত মির্জা মহম্মদ সাদিক আপনার কাছারীর চলিত কর্ম্মের ভার ঐ জিলার সদর আমীনের হাতে অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে আগামি মাসের ৮ তারিখঅবধি ১৭ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৬ সাল ২৪ ডিসেম্বর।

মুরশিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি জি উইঞ্চ সাহেব (Mr. C. G. Wynch,) ছুটীর সংশোধিত বিধির ১৪ ধারামতে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩২৩২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৬ সাল ২৬ ডিসেম্বর।

শ্রীযুত ডবলিউ ডাণ্ট সাহেব (Mr. W. Daunt,) চাম্পারণের ফেরি ফণ্ড কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত সি বি স্কিনর সাহেব ও শ্রীযুত এ ষ্টুআর্ট সাহেব (Messrs. C. B. Skinner, and A. Stuart,) যশোহরের ফেরি ফণ্ড কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এচ লেনার্ড সাহেব (Mr. H. Leouard,) ১৮৪৩ সালের ১৫ আইনমতে চব্বিশপরগনা ও বারাসৎ জিলাতে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন। সেই২ জিলাতে তিনি ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন ও ১৮৫৪ সালের ১০ আইনের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৬ সাল ২৭ ডিসেম্বর।

শ্রীযুত আর জে স্কট সাহেব (Mr. R. J. Scott,) বেহারের ও পাটনার অতিরিক্ত জজের কর্ম্ম করিবেন;

১৮৫৬ সাল ২৯ ডিসেম্বর।

শ্রীযুত মেজর জে জি হোম্‌স সাহেব (Major J. G. Holmes,) চাম্পারণের ফেরি ফণ্ড কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৬ সাল ৮ ডিসেম্বর।

কাছাড়েরসুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত মেজর জি বর্ণর সাহেব (Major G. Verner,) আপন কর্ম্মের ভার আপন আসিষ্টাণ্ট শ্রীযুত লেপ্টেনেন্ট আর ষ্টুআর্ট সাহেবের প্রতি (Lieutenant R. Stewart,) অর্পণ করিয়া ফিনান্‌সিয়ল ডিপার্টমেণ্টের গত ফেব্রুআরি মাসের ২২ তারিখের হুকুমমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৬ সাল ২৪ ডিসেম্বর।

বর্দ্ধমানের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি হেষ্টিংস সাহেব (Mr. T. Hastings,) ঐ মোকামের চিকিৎসকত্তা কর্ম্মের ভার সব-আসিষ্টাণ্ট চিকিৎসকের প্রতি অর্পণ করিয়া পল্টনের সাহেবেরা দেওয়ানীর কর্ম্ম পাইলে তাঁহারদের উপর যে বিধি খাটে সেই বিধিমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

[*Government Gazette*, 19*th January*, 1857.]

সম্বলপুরে ছোট নাগপুরের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান আর টি লে সাহেব (Captain R. T. Leigh,) আপনার সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার এদেশীয় আসিষ্টাণ্ট ও মুনসেফ শ্রীযুত রায় রূপ সিংহ বাহাদুরের প্রতি অর্পণ করিয়া পল্টনের সাহেবেরা দেওয়ানীর কর্ম্ম পাইলে তাঁহারদের উপর যে বিধি খাটে সেই বিধিমতে ত্রিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৬ সাল ২৭ ডিসেম্বর।

সদর আদালতের জজ শ্রীযুত বি জে কলবিন সাহেব (Mr. B. J. Colvin,) ছুটীর সংশোধিত বিধির ১২ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বারাণসের অফীমের এজেন্টীতে প্রধান আসিষ্টাণ্ট ও আফীমের পরীক্ষক শ্রীযুত জে কে ওয়াল্টর সাহেব (Mr. J. K. Walter,) পল্টনের সাহেবেরা দেওয়ানীর কর্ম্ম পাইলে তাঁহারদের উপর যে বিধি খাটে সেই বিধিমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৬ সাল ৩০ ডিসেম্বর।

সিবিলসপার্কীয় সিরিশ্‌তার শ্রীযুত আর এচ রসেল সাহেব (Mr. R. H. Russell,) আলমা নামক কলের জাহাজে বর্ত্তমান মাসের ২৫ তারিখে ভারতবর্ষহইতে গিয়াছেন এমত রিপোর্ট করেন।

ডবলিউ গ্রে.
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী

৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৬ সাল ২৭ ডিসেম্বর।

শ্রীযুত এ বি পামর সাহেব (Mr. A. V. Palmer,) করীমপুর এলাকাখণ্ডের ভার পাইয়াছেন। ও তিনি নদীয়া ও মুরশিদাবাদ জিলার মধ্যে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৬ সাল ২৯ ডিসেম্বর।

পোলীসের নীচের লিখিত দারোগারা উচ্চ শ্রেণীতে ভর্ত্তি হইয়াছেন।

মুরশিদাবাদের শ্রীযুত কৃষ্ণপ্রসাদ মজুমদার প্রথম শ্রেণীতে।

মুরশিদাবাদের শ্রীযুত কৃষ্ণচন্দ্র সিংহ } দ্বিতীয় শ্রেণীতে
দিনাজপুরের শ্রীযুত রামজয় মজুমদার }

১৮৫৭ সাল ১ জানুআরি।

নীচের লিখিত সাহেবেরা ১৮৫৬ সালের ২৮ আইনমতে কলিকাতা নগরের মুনিসিপল কমিস্যনর হইবেন।

শ্রীযুত এস ওয়াকোপ সাহেব (Mr. S. Wauchope,)

শ্রীযুত মেজর এচ ই এল থুইলিয়র সাহেব (Major H. E. L. Thuillier,)

শ্রীযুত ওয়াকোপ সাহেব কমিস্যনরেরদের বোর্ডের প্রসীডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৬ সাল ২৬ ডিসেম্বর।

সাস্তাল পরগনাতে আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত ব্রোন উড সাহেব (Mr. Browne Wood,) গত মাসের ২১ তারিখে যে ছুটী পান তাহার অধিক এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৬ সাল ৩০ ডিসেম্বর।

চাটিগাঁয়ের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আশ্রফ আলি গত মাসের ১০ তারিখে যে ছুটী পান তাহার অধিক, অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত মেজর জে বটলর সাহেব (Major J. Butler,) গত মাসের ৪ তারিখে যে ছুটী পান তাহার অধিক আপনার কর্ম্মস্থানে পঁহুছিবার জন্যে গত জুন মাসের ২৭ তারিখের ফিনান্‌সিয়ল বিজ্ঞাপনক্রমে কুড়ি দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৬ সাল ৩১ ডিসেম্বর।

ত্রিপুরার জজ শ্রীযুত এচ সি মেটকাফ সাহেব (Mr. H. C. Metcalfe,) আপনার সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া ছুটীর সংশোধিত বিধির ১২ ধারামতে এক মাস দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব, বহরমপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি আর ব্রাও সাহেবকে অনুগ্রহের তিন মাসের যে ছুটী দেন তাহা মঞ্জুর হইয়াছে।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের বর্গর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

জেলা রাজশাহীর কালেকটরির খাজাঞ্চিগিরি পদ শূন্য হইয়াছে, বেতন ১১০৲ জামিন কোম্পানির কাগজ অথবা নগদ ১৫০০০৲ টাকা দাখিল করিতে হইবেক। প্রার্থিগণ আপন২ যোগ্যতার বৃত্তান্ত লিখিয়া প্রশংসাপত্র সম্বলিত অরায় দরখাস্ত পাঠাইবেন। ইহাও জানান যাইতেছে যে যেব্যক্তি ইংরাজি ও বাঙ্গলা জানেন তাঁহাকে অন্যাপেক্ষা মনোনীত করা যাইবেক।

W. T. Taylor, *Collector.*

জেলা রাজশাহীর কালেকটরি কছারি ২৯ ডিসেম্বর ১৮৫৬।

কলিকাতা ও তৎসান্নিধ্যবাসী হিন্দুবর্গের প্রতি বিজ্ঞাপন।

বীটন প্রতিষ্ঠিত বালিকাবিদ্যালয়সংক্রান্ত সমুদায় কার্য্যের তত্ত্বাবধান করিবার নিমিত্ত গবর্ণমেণ্ট আমাদিগকে কমিটি নিযুক্ত করিয়াছেন। যে নিয়মে বিদ্যালয়ের কার্য্যসকল সম্পন্ন হয় এবং বালিকাদিগের বয়স ও অবস্থার অনুরূপ শিক্ষা দিবার যে সকল উপায় নির্দ্ধারিত আছে, হিন্দুসমাজের লোকদিগের অবগতি নিমিত্ত, আমরা সে সমুদায় নিম্নে নির্দ্দেশ করিতেছি।

উক্ত বিদ্যালয় এই কমিটির অধীন। বালিকাদিগকে শিক্ষা দিবার নিমিত্ত এক বিবি প্রধান শিক্ষকের পদে নিযুক্ত আছেন। শিক্ষ কার্য্যে তাঁহার সহকারিতা করিবার নিমিত্ত আর দুই বিবি ও এক জন পণ্ডিতও নিযুক্ত আছেন।

বালিকারা যখন বিদ্যালয়ে উপস্থিত থাকে, প্রসিডেণ্ট অর্থাৎ সভাপতির স্পষ্ট অনুমতিব্যতিরেকে, নিযুক্ত পণ্ডিতভিন্ন অন্য কোন পুরুষ বিদ্যালয়ে প্রবেশ করিতে পান না।

ভদ্র জাতি ও ভদ্র বংশের বালিকারা এই বিদ্যালয়ে প্রবিষ্ট হইতে পারে, তদ্ব্যতীত আর কেহই পারে না। যাবৎ কমিটির অধ্যক্ষদের প্রতীতি না জন্মে অমুক বালিকা সদ্বংশজাতা, এবং যাবৎ তাঁহারা নিযুক্ত করিবার অনুমতি না দেন, তাবৎ কোন বালিকাই ছাত্ররূপে পরিগৃহীত হয় না।

পুস্তক পাঠ, হাতের লেখা, পাটীগণিত, পদার্থজ্ঞান, ভূগোল ও সূচীকর্ম্ম, এই সকল বিষয়ে বালিকারা শিক্ষা পাইয়া থাকে। সকল বালিকাই বাঙ্গালা ভাষা শিক্ষা করে। আর যাহাদের কর্ত্তৃপক্ষীয়েরা ইঙ্গরেজী শিক্ষাইতে ইচ্ছা করেন তাহারা ইঙ্গরেজীও শিখে।

বালিকাদিগকে বিনা বেতনে শিক্ষা ও বিনা মূল্যে পুস্তক দেওয়া গিয়া থাকে। আর যাহাদের দূরে বাড়ী, এবং স্বয়ং গাড়ী অথবা পাল্‌কী করিয়া আসিতে অসমর্থ, তাহাদিগকে বিদ্যালয়ে আনিবার ও বিদ্যালয়হইতে লইয়া যাইবার নিমিত্ত গাড়ী ও পাল্‌কী নিযুক্ত আছে।

হিন্দুজাতীয় স্ত্রীলোকদিগের যথোপযুক্ত বিদ্যা শিক্ষা হইলে, হিন্দুসমাজের ও এতদ্দেশের যে কত উপকার হইবে, তদ্বিষয়ে অধিক উল্লেখ করা অনাবশ্যক। যাঁহাদের অন্তঃকরণ জ্ঞানালোক দ্বারা প্রদীপ্ত হইয়াছে, তাঁহারা অবশ্যই বুঝিতে পারেন ইহা কত প্রার্থনীয় যে যাঁহার সহিত যাবজ্জীবন সহবাস করিতে হয় সেই স্ত্রী সুশিক্ষিত ও জ্ঞানাপন্ন হন এবং শিশু সন্তানদিগকে শিক্ষা দিতে পারেন, আর স্ত্রী ও কন্যাগণের মনোবৃত্তি প্রকৃতরূপে মার্জ্জিত হইয়া অকিঞ্চিৎকর কার্য্যের অনুষ্ঠানে পরাঙ্মুখ থাকে এবং যে সকল কার্য্যের অনুষ্ঠানে বুদ্ধিবৃত্তির উন্নতি ও পরিশুদ্ধি হইতে পারে তাহাতে প্রবৃত্ত হয়।

অতএব আমরা এতদ্দেশীয় মহাশয়দিগকে অনুরোধ করিতেছি, এই সকল গুরুতর উদ্দেশ্য সাধনের যে উপায় নিরূপিত রহিয়াছে, সেই উপায় অবলম্বন করিয়া তাহার ফলভাগী হউন। এই সকল উদ্দেশ্য সাধন হিন্দুধর্ম্মের অনুযায়ি ও হিন্দুসমাজের প্রকৃত মঙ্গল সাধন।

সিসিল বীডন,	সভাপতি	শ্রীরামরত্ন রায়,	সভ্য
রাজা শ্রীকালীকৃষ্ণ বাহাদুর,	সভ্য	শ্রীরাজেন্দ্র দত্ত,	„
শ্রীপ্রতাপচন্দ্র সিংহ,	„	শ্রীনসিংহচন্দ্র দত্ত,	„
শ্রীহরচন্দ্র ঘোষ,	„	শ্রীভবানীপ্রসাদ দত্ত,	„
শ্রীঅমৃতলাল মিত্র,	„	শ্রীরমাপ্রসাদ রায়,	„
শ্রীপ্রাণনাথ রায় চতুর্ধুরীণ,	„	শ্রীকাশীপ্রসাদ ঘোষ,	„

শ্রীঈশ্বরচন্দ্র শর্ম্মা

সম্পাদক

কলিকাতা বালিকাবিদ্যালয়।

২৪ ডিসেম্বর। ১৮৫৬ সাল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৩ জানুআরি।

SALT. নিমক

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেন্ট গোলা ছকিবাবৎ নাগাদ ৩১ ডিসেম্বর সন ১৮৫৬ সাল প্রত্যেক এজেন্সীর ও খালিখার গোলাজাতের।

এজেন্সীর নাম।		সন ১২৫৮ সাল মোতাবক ইংরাজী ১৮৫১। ৫২ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬। ৫৭ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।								
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর।		•	•	•	•	২,৭৪২/	•	২,৭৪২/
ঐ কৃষ্ণনগর।		•	•	•	•	৫,২৮৯/	•	৫,২৮৯/
ঐ রামনগর।		•	•	•	৫,০৯৭/	৫,০৩৪/	•	১০,১৩১/
ঐ উত্তর কালীনগর।		•	•	•	•	৫,১১৩/৩	•	৫,১১৩/৩
ঐ পুরী ঘাটা।		•	•	•	৩৮,৬৯৮/	৯৯,২৫৭/	•	১,৩৭,৯৫৫/
	একুন।	•	•	•	৪৩,৭৯৫/	১,১৭,৪৫৫/৩	•	১,৬১,২৫০/৩
তমলুক।								
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।		•	•	•	•	১২,০২৬/৫৸	•	১২,০২৬/৫৸
	একুন।	•	•	•	•	১২,০২৬/৫৸	•	১২,০২৬/৫৸
২৪ পরগনা।								
পাঙ্গা নেমক ঘাট খোলা।		•	•	•	•	•	•	•
ঐ বাগুন্ডি।		•	•	•	•	•	•	•
	একুন।	•	•	•	•	•	•	•

এজেন্সীর নাম।		সন ১২৫৮ সাল মোতাবক ইংরাজী ১৮৫১। ৫২ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬। ৫৭ সাল	মৌজুদ নমকের একুন।
চট্টগ্রাম।								
পাঙ্গা নেমক বাগখালি ঘাট।		•	•	•	•	১১,৩৮৭৸২	•	১১,৩৮৭৸২
পাঙ্গা নেমক সদর ঘাট এজেন্সী।		•	•	•	•	৮৭,৫৫৮।৭॥	•	৮৭,৫৫৮।৭॥
ঐ আরাকিন।		•	•	•	•	৯,৯৮৩।২৸৶	৩১৩৫/	১৩,১১৮।২৸৶
	একুন।	•	•	•	•	১.১৬,৯২৯॥২।৶	৩,১৩৫/	১,২০,০৬৪॥২।৶
হিজলী।								
পাঙ্গা নেমক কটক।		•	•	•	•	•	•	•
ঐ বালেশ্বর।		•	•	•	•	১৬,৩৫৪/	•	১৬,৩৫৪/
ঐ খোরদা।		•	•	৮৩/	•	•	•	৮৩/
ঐ চিলকা।		•	•	•	•	•	•	•
ঐ ২৪ পরগনা।		•	•	•	•	৪,৩২০/	•	৪,৩২০/
ঐ ঐ নারায়ণপুর।		২,০৪,০৮৩।৮	•	•	•	•	•	২,০৪,০৮৩।৮
করকচ মান্দ্রাজ পরমিট।		•	•	•	২,৮৩,৯৫২/	৭,০৬,৪৮২/	•	৯,৯০,৪৩৪/
ঐ চিলকা।		•	•	১,০১,৯৩৪/	১,২০,৫৫০/	•	•	২,২২,৪৮৪/
	একুন।	২,০৪,০৮৩।৮	•	১,০২,০১৭/	৪.০৪,৫০২/	৭,২৭,১৫৬/	•	১৪,০৭,৭৫৮।৮
আরাকিন।								
পাঙ্গা নেমক ঘাট কৈক্‌ফু।		•	•	•	৪৮,০৯৫/২	৪৫,০৬৯॥০	৩,১৭৩॥০	৯৬,৩৩৮/২
	একুন।	•	•	•	৪৮,০৯৫/২	৪৫,০৬৯॥০	৩,১৭৩॥০	৯,৬০,৩৮/২
	মোট একুন।	২,০৪০,৮৩।৮	•	১,০২,০১৭/	৪,৯৬,০৯২/২	১০,১৮,৬৩৬।১।	৬৩০৮॥০	১৮,২৭,৪০৭।১।

ই টি ট্রেবর। একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৩ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুক্ত জে সি মার্স্মেন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 20, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২০ জানুআরি

ACT.

ACT No. XXV. OF 1856.

An Act to comprise in one Act the provisions necessary for the assessment and collection of Municipal rates and taxes in the Towns of Calcutta, Madras, and Bombay, and the several stations of the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca.

[Concluded from page 28.]

[Goods of defaulter wherever found may be distrained.]

XXIV. The goods and chattels of any person from whom any rate or tax is due may be distrained, wherever the same may be found, for default in the payment of the money due from such person.

[Rate due from owner may be recovered from occupier and deducted by him from his rent.]

XXV. If the sum due on account of any rate from the owner of any house, building, or land remains unpaid, after notice of demand has been duly served, the Commissioners may demand the amount from the occupier for the time being of such house, building, or land, and on non-payment thereof, may recover the same by distress and sale of any goods and chattels found on the premises; and, in such case, the occupier may deduct from the next and following payments of his rent the amount which may be so paid by or recovered from him. Provided that no arrear of rate which has remained due from the owner of any house, building, or land, for more than one year, shall be so recovered from the occupier thereof.

[Distress not unlawful for want of form.]

XXVI. No distress levied by virtue of this or

আইন।

ইঙ্গরেজী ১৮৫৬ সাল ২৫ আইন।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরে এবং পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকার বসতিস্থানের নানা মোকামে নগর পরিপাটীরূপে রাখিবার জন্যে রেট ও টাক্স ধার্য্য ও আদায় করিবার আবশ্যক বিধান একি আইনে সংগ্রহ করিবার আইন।

[২৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[বাকীদারের জিনিস যে কোন স্থানে পাওয়া যায় ক্রোক হইতে পারিবেক।]

২৪ ধারা। যে কোন ব্যক্তির স্থানে কোন রেট কি টাক্স পাওনা হয় তাহার সেই পাওনা টাকা দিবার ক্রটির জন্যে তাহার মাল ও দ্রব্য যে কোন স্থানে পাওয়া যায় ক্রোক হইতে পারিবেক ইতি।

[স্বামির স্থানে যে রেট পাওনা হয় তাহা বাশেন্দার স্থানে আদায় হইতে পারিবেক ও সে আপন ভাড়াহইতে কাটিয়া লইতে পারিবেক।]

২৫ ধারা। কোন ঘরের কি ইমারতের কি জমির স্বামির স্থানে কোন রেটের বাবৎ যে টাকা পাওনা হয় তাহা যদি দাওয়ার এত্তেলা উচিতমতে জারী হইলে পর শোধ না হইয়া থাকে তবে কমিসানরেরা ঐ ঘরের কি ইমারতের কি জমির তৎকালীন বাশেন্দার স্থানে সেই টাকার দাওয়া করিতে পারিবেন, ও তাহা না দেওয়া গেলে বাড়ীর মধ্যে যে কিছু মাল ও দ্রব্য পাওয়া যায় তাহা ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় করিতে পারিবেন। এমত স্থলে যে সকল টাকা তদ্রূপে দেওয়া গিয়াছে কি বাশেন্দার স্থানে আদায় হইয়াছে সেই টাকা ঐ বাশেন্দা তাহার আগামি বারের ও তাহার পর দেনা ভাড়া কি খাজানাহইতে কাটিয়া লইতে পারিবেক। পরন্তু কোন ঘরের কি ইমারতের কি জমির স্বামির যে রেট বাকী হয় তাহা যদি এক বৎসরের অধিক কালপর্য্যন্ত পাওনা থাকে তবে তাহা ঐ ঘরপ্রভৃতির বাশেন্দার স্থানে সেই প্রকারে লওয়া যাইবেক না ইতি।

[রীতির ব্যতিক্রমপ্রযুক্ত ক্রোক বেআইনী হইবেক না।]

২৬ ধারা। এই আইনের কি বিশেষ আইনের শক্তি-

the special Act shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser, on account of any defect or want of form in the notice, schedule, summons, notice of demand, warrant of distress, inventory, or other proceeding relating thereto, nor shall such party be deemed a trespasser *ab initio* on account of any irregularity afterwards committed by him; but all persons aggrieved by such irregularity, may recover full satisfaction for the special damage in any Court of competent jurisdiction.

[Commissioners may sue instead or on failure of distress.]

XXVII. Instead of proceeding by distress and sale, or in case of failure to realize by distress the whole or any part of the sum due in respect of any rate or tax, the Commissioners may sue the person liable to pay the same in any Court of competent jurisdiction.

[Service of notices. Proviso.]

XXVIII. Every notice, schedule, summons, or notice of demand regarding any assessment, rate, or tax, or any money due in respect of the same, may be served personally upon the person to whom the same is addressed, or be left at his usual place of abode with some adult male member or servant of his family, or, if it cannot be so served, may be put up on some conspicuous part of such place of abode, and shall thereby be deemed to be duly served Provided that, if the place of abode of the owner of any house, building, or land in respect of which a rate is assessed be unknown, or if the owner of any such house, building, or land be not resident within the limits of the Town or Station, every such notice, summons, or notice of demand shall be deemed to be duly served if put up on some conspicuous part of the house, building, or land in respect of which the rate is assessed.

[Assessment, &c., not to be impeached for want of form.]

XXIX. No assessment and no charge or demand of rate or tax, made under the authority of this or the special Act, shall be impeached or affected by reason of any mistake in the name of any person liable to pay the rate or tax, or in the description of any property or thing liable to rate or tax, or any mistake in the amount of assessment, provided the directions of this Act and of the special Act be in substance and effect complied with; and no proceedings under this or the special Act shall be quashed or set aside for want of form in any Court of Justice.

[Obstruction of Commissioners or their servants.]

XXX. Whoever wilfully obstructs or molests the Commissioners, or any of them, or any of their officers or servants in the performance of their respective duties under this Act, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding fifty Rupees.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫৬ । ২০ জানুআরি ।]

তে যে কোন ক্রোক করা যায় তাহা এত্তেলাতে কি তফসীলে কি সমনে কি দাওয়ার এত্তেলাতে কি ক্রোকের পরওয়ানাতে কি তালিকাতে কি তৎসম্পর্কীয় অন্য কার্য্যেতে রীতির কোন ত্রুটির কি দোষের কারণে বেআইনী জ্ঞান হইবেক না আর যে ব্যক্তি সেই ত্রুটি করে সেও লঙ্ঘনকারী জ্ঞান হইবেক না ও সেই ব্যক্তি পরে কোন অনিয়মিত কর্ম্ম করিলে তৎপ্রযুক্ত সে প্রথমাবধি লঙ্ঘনকারী জ্ঞান হইবেক না। কিন্তু সেই অনিয়মিত কর্ম্মেতে যে সকল লোক ক্ষতিগ্রস্ত হয় তাহারা উপযুক্ত এলাকার কোন আদালতে ঐ বিশেষ ক্ষতির সম্পূর্ণ প্রতিকার পাইতে পারিবেক ইতি।

[কমিসানরেরা ক্রোক না করিয়া, কিম্বা ক্রোক করিলে সমুদয় পাওনা না পাইলে নালিশ করিতে পারিবেন।]

২৭ ধারা। কমিসানরেরা ক্রোক ও নীলাম না করিয়া, অথবা ক্রোক করণের দ্বারা কোন রেটের কি টাক্সের বাবৎ দেনা সমুদয় টাকা কি তাহার কোন অংশ আদায় করিতে না পারিলে, ঐ টাকা দিবার যোগ্য ব্যক্তির নামে উপযুক্ত এলাকার কোন আদালতে নালিশ করিতে পারিবেন ইতি।

[এত্তেলা জারী। বর্জ্জিত বিধি।]

২৮ ধারা। কোন রেট ধার্য্য হইবার কি রেট কি, টাক্স কিম্বা তৎসম্পর্কে পাওনা কোন টাকার প্রত্যেক এত্তেলানামা কি তফসীল কি সমন কি দাওয়ার এত্তেলা যাহার নামে লেখা যায় তাহাকে দিয়া কিম্বা তাহার নিয়ত বাসস্থানে তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষ কি চাকরের হাতে দিয়া জারী হইতে পারিবেক, অথবা যদি সেই প্রকারে জারী হইতে না পারে তবে সেই বাসস্থানের কোন প্রকাশ স্থানে লাগাইয়া দেওয়া যাইতে পারিবেক, তাহাতে তাহা উপযুক্তমতে জারী হইয়াছে জ্ঞান হইবেক। পরন্তু যে কোন ঘরের কি ইমারতের কি ভূমির উপর রেট বসান গিয়াছে তাহার স্বামির বাসস্থান যদি জানা না হয়, কিম্বা যদি সেই প্রকার কোন ঘরের কি ইমারতের কি ভূমির স্বামী ঐ নগরের কি মোকামের সীমার মধ্যে বাস না করে তবে সেইরূপ সম্বাদ কি সমন কি দাওয়ার এত্তেলা যে ঘরের কি ইমারতের কি ভূমির উপর রেট বসান গিয়াছে তাহার প্রকাশ কোন স্থানে লাগাইয়া দেওয়া গেলে উপযুক্তমতে জারী হইয়াছে জ্ঞান হইবেক ইতি।

[রীতির ব্যতিক্রমপ্রযুক্ত কোন নির্দ্ধারিত রেটপ্রভৃতির দোষ বলা যাইবেক না]

২৯ ধারা। এই আইনের কি বিশেষ আইনের শক্তিক্রমে যে কোন রেট বসান যায় ও রেটের কি টাক্সের যে কোন টাকা চাওয়া যায় কি দাওয়া হয় ঐ রেট কি টাক্স-দারি কোন ব্যক্তির নামেতে কিম্বা রেট কি টাক্সের যোগ্য কোন সম্পত্তির কি দ্রব্যের বেওরাতে কোন ভুল কিম্বা যত মূল্য নির্দ্ধার্য্য হইয়াছে তাহাতে কোন ভুল হইলেও যদি স্বাবতঃ ও ফলিতার্থে এই আইনের ও বিশেষ আইনের আদেশমতে কার্য্য হইয়া থাকে তবে সেই ভুলপ্রযুক্ত ঐ রেটপ্রভৃতির দোষ বলা যাইবেক না কি তাহার কোন ক্ষতিবৃদ্ধি হইবেক না। আর এই আইন কিম্বা বিশেষ আইনমতের কোন কার্য্য রীতির ব্যতিক্রমপ্রযুক্ত কোন আদালতে বাতিল কি অন্যথা করা যাইবেক না ইতি।

[কমিসানরেরদের কি তাঁহারদের চাকরেরদের বাধা দেওন।]

৩০ ধারা। কমিসানরেরা কি তাঁহারদের কোন জন কিম্বা তাঁহারদের কর্ম্মকারকেরদের, কি চাকরেরদের মধ্যে কোন কেহ এই আইনমতে আপন২ কর্ত্তব্য কর্ম্ম যে সময়ে করিতেছেন এমন সময়ে যে কেহ ইচ্ছাপূর্ব্বক তাঁহারদের বাধা কি ক্লেশ দেয় তাহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সে পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি

[Penalty on officer taking fees or being interested in contracts.]

XXXI. Every officer employed by the Commissioners to assist in the execution of this and the special Act, who accepts, or obtains, or attempts to obtain, any fee or gratuity whatsoever, other than his authorized salary or allowances, for doing or forbearing to do any official act; or who shall be in any wise concerned or interested in any bargain or contract made by the Commissioners, shall be removed from his office, and shall be incapable of being afterwards employed by the Commissioners, and shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees.

[কর্ম্মকারক রুসুম লইলে কি করারে সম্পর্ক রাখিলে তাহার দণ্ড।]

৩১ ধারা। এই আইন ও বিশেষ আইনের কার্য্য সম্পাদনের সাহায্য করিবার জন্যে কমিস্যনরের:দর নিযুক্ত যে কোন কর্ম্মকারক আপনার নিয়মিত বেতন কি উপরি টাকার অতিরিক্ত আপন পদের কোন কর্ম্ম করিবার জন্যে কি না করিবার জন্যে কোন প্রকারের রুসুম কি বক্‌শীশ লয় কি পায় কি পাইবার উদ্যোগ করে, কিম্বা কমিস্যনরেরদের করা কোন চুক্তিতে কি করারে কোন প্রকারে লিপ্ত কি সম্পর্কযুক্ত থাকে সেই ব্যক্তিকে তাহার পদহইতে অবসর করা যাইবেক ও তৎপরে কমিস্যনরেরদের নিকটে সে কোন কর্ম্ম পাইতে পারিবেক না ও মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[No writ or process to be issued against Commissioners or their officers until after one month's notice of cause of action.]

XXXII. No action shall be brought against the Commissioners, or any of their officers, or any person acting under the direction of the Commissioners, for any thing done or intended to be done under the powers of this or the special Act, until the expiration of one month next after notice in writing shall have been delivered or left at the office of the Commissioners, or at the place of abode of such person, explicitly stating the cause of action, and the name and place of abode of the intended plaintiff, and of his attorney or agent in the cause; and upon the trial of any such action, the plaintiff shall not be permitted to go into evidence of any cause of action, except such as is stated in the notice so delivered; and unless such notice be proved, the Court shall find for the defendant; and every such action shall be commenced within three months next after the accrual of the cause of action, and not afterwards; and if any person to whom any such notice of action is given shall, before action brought, tender sufficient amends to the plaintiff, such plaintiff shall not recover in any such action when brought; and if no such tender shall have been made, it shall be lawful for the defendant in such action, by leave of the Court where such action shall be pending, at any time before issue joined, to pay into Court such sum of money as he shall think fit, and thereupon such proceedings shall be had as in other cases where defendants are allowed to pay money into Court.

[কমিস্যনরেরদের কি তাঁহারদের কর্ম্মকারকেরদের নামে নালিশপ্রভৃতির হেতু হইলে পর এক মাস থাকিতে সম্বাদ না দেওয়া গেলে কোন পরওয়ানা কি দস্তক জারী হইবেক না।]

৩২ ধারা। এই আইনের কি বিশেষ আইনের ক্ষমতাক্রমে যে কোন কার্য্য করা যায় কি করিবার অভিপ্রায় হয় তাহার জন্যে, যাবৎ লিখিত এত্তেলা কমিস্যনরেরদের দপ্তরখানায় কিম্বা কমিস্যনরেরদের আজ্ঞামতে যে ব্যক্তি সেই কার্য্য করিয়াছিল সেই কর্ম্মকারকের বাসস্থানে দেওয়া কিম্বা রাখা না যায় ও তাহার পর এক মাস অতীত না হয়, তাবৎ কমিস্যনরদিগের কিম্বা তাঁহারদের কোন কর্ম্মকারকেরদের কিম্বা কমিস্যনরেরদের আজ্ঞামতে কর্ম্মকারক কোন ব্যক্তির নামে কোন নালিশ উপস্থিত করা যাইতে পারিবেক না। সেই এত্তেলানামাতে নালিশের হেতু ও মোকদ্দমাতে যে ব্যক্তি ফরিয়াদী হইবেক তাহার ও তাহার উকীল কি মোক্তারের নাম ও বাসস্থান স্পষ্টরূপে লেখা থাকিবেক। আর সেই প্রকারের কোন নালিশের বিচারের সময়ে সেই প্রকারের দেওয়া এত্তেলানামাতে নালিশের যে হেতু লিখিত হইয়াছে তদ্ভিন্ন ফরিয়াদী অন্য কোন হেতুর প্রমাণ করিতে পারিবেক না। আর সেই এত্তেলা দেওয়া গিয়াছে এমত প্রমাণ না হইলে আদালত আসামীর পক্ষে হুকুম করিবেন। আর মোকদ্দমার হেতু উদয় হওনাবধি তিন মাসের মধ্যে সেই প্রকারের প্রত্যেক মোকদ্দমার আরম্ভ হইবেক তাহার পরে নহে। আর নালিশের সেই প্রকার কোন এত্তেলা যাহাকে দেওয়া যায় এমত কোন ব্যক্তি যদি নালিশ উপস্থিত হইবার পূর্ব্বে ফরিয়াদীর প্রচুরমতে ক্ষতিপূরণ করিতে প্রস্তাব করে, তবে সেই প্রকারের কোন নালিশ উপস্থিত করা গেলে, ঐ ফরিয়াদী কিছু পাইতে পারিবেক না। আর যদি সেই প্রকারের কোন প্রস্তাব না করা যায়, তবে ঐ মোকদ্দমার আসামীর প্রতি এই অনুমতি হইবেক যে ইসু নির্ণয় হইবার পূর্ব্বে কোন সময়ে, যে আদালতে মোকদ্দমা উপস্থিত থাকে সেই আদালতের অনুমতি লইয়া, যত টাকা উচিত বোধ করে তত টাকা ঐ আদালতে দাখিল করে। আর তাহা করিলে, অন্যান্য মোকদ্দমার আসামীরদিগকে আদালতে টাকা দাখিল করিবার অনুমতি হইলে যে প্রকারের কার্য্য চলে, সেই প্রকারের কার্য্য চলিবেক ইতি।

[Commissioners to publish annual statements. Audit of accounts.]

XXXIII. The Commissioners shall, as soon after the first day of January in every year as may be practicable, prepare a detailed statement showing the nature and amount of the receipts and disbursements on account of the Municipal Fund for the past year, and also a report of their

[কমিস্যনরেরা বৎসরেং কৈফিয়ৎ প্রকাশ করিবেন। হিসাব আডিট করণ।]

৩৩ ধারা। বৎসরেং জানুআরি মাসের ১ দিবসের পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র কমিস্যনরেরা তৎপূর্ব্ব বৎসরের মুনিসিপল ফণ্ডের বাবৎ যে প্রকারের যত টাকা জমা ও খরচ হইয়াছে তাহার বিস্তারিত এক কৈফিয়ৎ ও সেই বৎসরের তাঁহারদের কার্য্যের এক রিপোর্ট প্রস্তুত করিবেন ও সেই কৈফিয়ৎ ও রিপোর্ট সর্ব্ব সাধা-

proceedings during that year; and such statement and report shall be printed and published for general information. The accounts of the said funds shall be audited annually by such person as the Local Government shall appoint.

[Summary of convictions to be furnished to the Commissioners.]

XXXIV. For better enabling the Commissioners to ascertain the amount of fines and penalties payable to them on account of the Municipal Fund under the provisions of Act XIV. of 1856, or of the special Act, or of any other law, there shall, in every month, be furnished to them, by the authority adjudicating the same, a summary of all convictions under the said Acts, or under any such other law, during the preceding month.

[Mortgage of rates.]

XXXV. It shall be lawful for the Commissioners, with the sanction of the Local Government, to borrow and take up at interest, on the credit of the rates and taxes imposed and levied on account of the Municipal Fund under the special Act or any other Act passed in that behalf, or of a portion of them, any sums of money necessary for defraying any expenses incurred or to be incurred by them in the execution of any such Act or of Act XIV. of 1856; and for the purpose of securing the re-payment of any sums so borrowed, together with such interest as aforesaid, the Commissioners may mortgage and assign over, to the person by or on behalf of whom such sums shall be advanced, the rates and taxes or the portion of them upon the credit of which such sums shall be borrowed. Provided always, that the money borrowed under the authority of this Act shall be borrowed only for works of a permanent nature, and shall not at any time exceed in the whole ten times the average annual sum received and collected on account of the Municipal Fund.

[Interpretation.]

XXXVI. The following words and expressions in this and the special Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction:—

["Magistrate."]

The word "Magistrate" shall mean any Magistrate of Police acting for the place where the matter requiring the cognizance of a Magistrate arises.

["Town."]

The word "Town" shall include all places within the local limits of the jurisdiction of Her Majesty's Supreme Courts of Judicature at Calcutta, Madras, and Bombay.

["Station."]

The word "Station" shall mean any one of the Stations of Prince of Wales' Island, Singapore, and Malacca, and the dependencies thereof.

["Owner."]

The word "Owner" shall mean the person for

লের জ্ঞাপনার্থে ছাপা হইয়া প্রকাশ হইবেক। ঐ তহবীলের হিসাব স্থানীয় গবর্ণমেণ্টের নিযুক্ত কোন ব্যক্তির দ্বারা বৎসরে২ আডিট হইবেক ইতি।

[যে দোষ সাব্যস্ত হয় তাহার সার কথা কমিস্যনরদিগকে জ্ঞাত করা যাইবেক]

৩৪ ধারা। ১৮৫৬ সালের ১৪ আইনের কি বিশেষ আইনের কিম্বা অন্য কোন আইনের বিধানমতে মুনিসিপল ফণ্ডের জন্যে জরীমানার ও অর্থদণ্ডের যত টাকা কমিস্যনরেরদের পাওনা হয় তাহা তাঁহারা নিশ্চিতরূপে আরো উত্তমরূপে জানিতে পারেন এই নিমিত্তে উক্ত আইন কি তদ্রূপ অন্য কোন আইনানুসারে যিনি যে মাসে বিচার করিয়া যে সকল দোষ সাব্যস্ত করেন তিনি তাহার পর মাসে সেই সকল দোষের সার কথা কমিস্যনরেরদের নিকটে পাঠাইবেন ইতি।

[রেট বন্ধক দেওন।]

৩৫ ধারা। কমিস্যনরেরদের এই ক্ষমতা থাকিবেক যে বিশেষ আইন্ কিম্বা তদ্বিষয়ের অন্য কোন আইন কিম্বা ১৮৫৬ সালের ১৪ আইনের কার্য্য সম্পাদনে তাঁহারদের যে কোন খরচ করিতে হইয়াছে কি করিতে হয় তাহা পোষাইবার আবশ্যক কোন টাকা, তাঁহারা স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি লইয়া, তদ্রূপ কোন আইনমতে মুনিসিপল ফণ্ডের বাবৎ যে সকল রেট ও টাক্স বসান যায় ও আদায় হয় তাহা কি তাহার এক অংশ বোধ দিয়া কর্জ করিতে ও সুদের করারে লইতে পারিবেন। আর সেই প্রকারের কর্জা কোন টাকা সেই প্রকারের সুদসমেত ফিরিয়া দিবার চুক না হয় এই নিমিত্তে যে জন ঐ টাকা দিয়াছে কি যাহার পক্ষে কর্জ দেওয়া গিয়াছে তাহার নিকটে কমিস্যনরেরা যে রেট ও টাক্সের কিম্বা তাহার যে অংশের বোধেতে ঐ টাকা কর্জ করা যায় তাহা বন্ধক রাখিবেন ও অর্পণ করিতে পারিবেন। পরন্তু এই আইনের ক্ষমতাক্রমে যে টাকা কর্জ করা যায় তাহা কেবল চিরকালীন কার্য্য সম্পাদনের নিমিত্তে করা যাইবেক আর মুনিসিপল ফণ্ডের নিমিত্তে বৎসরে২ যত টাকা গড়ে পাওয়া যায় ও আদায় হয় সর্ব্বসুদ্ধ তাহার দশগুণের অধিক কোন সময়ে কর্জ করা যাইবেক না ইতি।

[অর্থ করণ।]

৩৬ ধারা। এই আইনেতে ও বিশেষ আইনেতে নীচের লিখিত শব্দের ও কথার যে অর্থ এই ধারাতে করা গেল তাহার সেই অর্থ হইবেক, কিন্তু বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথাতে যদি সেই অর্থ অসঙ্গত হয় তবে সেই অর্থ হইবেক না।

["মাজিষ্ট্রেট"।]

"মাজিষ্ট্রেট" এই শব্দেতে মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য বিষয় যে স্থানে উদয় হয় সেই স্থানের নিমিত্তে কর্ম্মকারক পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেবকে বুঝাইবেক।

["নগর"।]

"নগর" এই শব্দেতে কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইয়ে শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের এলাকার সীমাসরহদ্দের অন্তঃপাতি সকল স্থান গণ্য হইবেক।

["মোকাম"।]

"মোকাম" এই শব্দেতে পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকার কোন মোকাম ও তাহার অধীন স্থান বুঝাইবেক।

["স্বামী"।]

"স্বামী" এই শব্দ যে ভূমি কি বাটীর সম্পর্কে থাকে

the time being receiving the rent of the land or premises in connexion with which the word is used, whether on his own account or as agent of trustee for any other person, or who would so receive the same if such land or premises were let to a tenant.

তাহার খাজানা কি ভাড়া যে ব্যক্তি যে সময়ে আপনার নিমিত্তে কিম্বা অন্য ব্যক্তির মোক্তার কি ট্রষ্টিস্বরূপে পাইয়া থাকে কিম্বা সেই ভূমি কি বাড়ী ভাড়াটিয়াকে দেওয়া গেলে যে ব্যক্তি তাহা পাইত,সেই ব্যক্তিকে বুঝাইবেক।

[Number.]

Words importing the singular number shall include the plural number; and words importing the plural number shall include the singular number.

[বচন।]

এক বচনের শব্দেতে বহুবচনের শব্দও গণ্য হইবেক ও বহুবচনের শব্দেতে এক বচনের শব্দও গণ্য হইবেক

[Gender.]

Words importing the masculine gender shall include females.

[লিঙ্গ।]

পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীরাও গণ্য হইবেক।

["Person."]

The word "person" shall include a corporation.

["ব্যক্তি"।]

"ব্যক্তি" এই শব্দেতে সামাজিক লোকও গণ্য হইবেক।

SCHEDULE.

তফসীল

A.

Notice of Demand.

TAKE notice that the Municipal Commissioners demand from you the sum of due from* [you] as owner (*or occupier*) of (*here describe the property or thing upon which the rate or tax is imposed*) for the months of 185 ; and that, if the sum due is not paid into the said Commissioners' Office at , or if sufficient cause for the non-payment of the sum is not shown to the Commissioners within five days from the service of this notice, a warrant of distress will be issued for the recovery of the same with costs.

(*Signature of one of the Municipal Commissioners.*)

Date————

দাওয়ার এত্তেলা।

সম্বাদ লও যে মুনিসিপল কমিসানরেরা অমুকের (এই স্থলে যে সম্পত্তির কি দ্রব্যের উপর রেট কি টাক্স বসান যায় তাহার বেওরা লেখ) স্বামী (কি বাশেন্দা) স্বরূপ তোমার দেনা* অমুক সালের অমুক২ মাসের এত টাকা দাওয়া করিতেছেন আর যদি সেই দেনা টাকা এই এত্তেলা জারী হওনের সময়াবধি পাঁচ দিনের মধ্যে অমুক স্থানে কমিসানরেরদের দপ্তরখানায় না দেওয়া যায় কিম্বা তাহা না দিবার উপযুক্ত কারণ কমিসানরদিগকে জানান না যায় তবে তাহা খরচাসমেত আদায় করিবার জন্যে ক্রোকী পরওয়ানা জারী হইবেক ইতি।

(মুনিসিপল কমিসনারেরদের এক জনের দস্তখৎ)

তাং

B

Distress Warrant.

To (*here insert the name of the officer charged with the execution of the warrant*).

WHEREAS of has not paid or shown sufficient cause for the non-payment of the sum of Rupees due for the rates (*or taxes*) (*or rates and taxes*) mentioned in the margin for the months of ( ) 185 , although the said sum has been duly demanded in writing from the said ( ) and five days have elapsed since the service of the notice of demand: This is to command you to distrain the goods and chattels of the said [ ] (*or as the case may be, any goods and chattels found on the premises referred to*) to the amount of the said sum of Rupees, and such further sum as may be sufficient to defray the charges of taking, keeping, and selling such distress; and if, within five days next after such dis-

ক্রোকী পরওয়ানা।

অমুক (এই স্থলে যে কর্ম্মকারকের প্রতি পরওয়ানা জারী করিবার ভার দেওয়া গিয়াছে তাহার নাম লেখ) প্রতি আগে।

অমুক স্থাননিবাসি অমুকের নিকটে পার্শ্বের লিখিত অমুক সালের অমুক২ মাসের রেটের (কিম্বা টাক্সের) (কিম্বা রেটের ও টাক্সের) বাবৎ যে এত টাকা পাওনা আছে তাহা উক্ত অমুকের স্থানে লিখনক্রমে উপযুক্তমতে দাওয়া হইলেও দেয় নাই ও তাহা না দিবার উপযুক্ত কারণ দেখায় নাই ও দাওয়ার এত্তেলা জারী হইবার পরে পাঁচ দিন অতীত হইয়াছে এইহেতুক এতদ্দ্বারা তোমাকে আজ্ঞা করা যাইতেছে যে তুমি উক্ত এত টাকাপর্য্যন্তের উক্ত অমুকের মাল ও দ্রব্য (কিম্বা বিষয়বিশেষে ঐ বাড়ীতে যে কিছু মাল ও দ্রব্য পাওয়া যায় তাহা) ক্রোক কর ও সেই ক্রোককরা দ্রব্য লইবার ও রাখিবার ও বিক্রয় করিবার খরচ যোগাইবার জন্যে যত টাকা লাগে তাহারও উপযুক্ত দ্রব্য ক্রোক কর। আর সেই ক্রোক হইবার পর পাঁচ দিনের মধ্যে যদি উক্ত পাওনা টাকা সেই ক্রোককরা দ্রব্য লইবার ও রাখিবার খরচ যোগাইবার আর যত টাকা লাগে তাহাসমেত না দেওয়া যায়

---

* In the case of a demand under Section XXV. state that notice of demand has been served upon the owner, and that the sum due remains unpaid.

* যদি ২৫ ধারামতে দাওয়া হয় তবে দাওয়ার এত্তেলা স্বামির উপর জারী হইয়াছে কিন্তু দেনা টাকা দেওয়া যায় নাই এই কথাও লিখিতে হইবেক।

[*Government Gazette*, *20th January*, 1857.]

tress, the said sum shall not be paid, together with such further sum as may be sufficient to defray the charges of taking and keeping such distress, to sell the said goods and chattels; and having paid and deducted out of the proceeds of the sale the said sum of* Rupees and the charges of taking, keeping, and selling such distress, to return the surplus, if any, on demand, to the person whom you shall find in possession of the said goods and chattels. If sufficient distress cannot be found of the goods and chattels of the said , you are to certify the same to us together with this warrant.

(L. S.) *The Municipal Commissioners.*
And signature of one of the Municipal Commissioners.

তবে উক্ত মাল ও দ্রব্য বিক্রয় কর। আর তাহা বিক্রয় করিলে যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে উক্ত এত টাকা ও ঐ ক্রোকী দ্রব্য লইবার ও রাখিবার ও বিক্রয় করিবার খরচ দিয়া ও কাটিয়া লইয়া যদি অবশিষ্ট কিছু থাকে তবে তাহার দাওয়া হইলে ঐ মাল ও দ্রব্য যাহার দখলে পাও তাহাকে ফিরিয়া দেও। যদি ঐ টাকা শোধ করিবার জন্যে উক্ত অমুকের ক্রোক করিবার উপযুক্ত মাল ও দ্রব্য পাওয়া না যায় তবে তাহার সর্টিফিকট লিখিয়া এই পরওয়ানার সঙ্গে আমারদের নিকটে পাঠাও ইতি।

(মোহরের স্থান) মুনিসিপল কমিস্যনরেরা।
ও মুনিসিপল কমিস্যনরেরদের এক জনের দস্তখৎ।

Form of Inventory and Notice.

STATE PARTICULARS OF GOODS SEIZED.

TAKE notice that I have this day seized the goods and chattels specified in the above inventory for the sum of Rupees due for the rates (*or taxes*) mentioned in the margin for the months of 185 ; and that, unless you pay into the Office of the Municipal Commissioners the amount due, together with the costs of this distress, within five days from the day of the date of this notice, the goods and chattels will be sold.

(*Signature of the officer executing the warrant of distress.*)

Date------ --

C.

তালিকার ও এত্তেলার পাঠ।

যে সকল দ্রব্য ক্রোক করা গিয়াছে তাহার বেওরা লেখ।

সম্বাদ লও যে আমি পার্শ্বের লিখিত অমুক সালের অমুক২ মাসের রেট (কি টাক্সের) জন্যে পাওনা এত টাকার বাবৎ উপরের লিখিত তালিকার নির্দ্দিষ্ট মাল ও দ্রব্য অদ্য ক্রোক করিয়াছি। আর তুমি যদি এই এত্তেলার তারিখের পর পাঁচ দিনের মধ্যে উক্ত পাওনা টাকা এই ক্রোক করিবার খরচাসমেত মুনিসিপল কমিস্যনরেরদের দফতরখানায় না দেও তবে ঐ মাল ও দ্রব্য বিক্রয় হইবেক ইতি।

(যে কর্ম্মকারক ক্রোকী পরওয়ানা জারী করে তাহার দস্তখৎ।)

তাং।

Table of Fees payable in distraints under this Act.

Sum Distrained for.				Fee. Rs.	As.
Under 5 Rupees,			...	0	8
5 and under 10 Rupees,				1	0
10	„	15	„	1	8
15	„	20	„	2	0
20	„	25	„	2	8
25	„	30	„	3	0
30	„	35	„	3	8
35	„	40	„	4	0
40	„	45	„	4	8
45	„	50	„	5	0
50	„	60	„	6	0
60	„	80	„	7	8
80	„	100	„	9	0
Above		100	..	10	0

এই আইনমতের ক্রোক করণে যে রসুম দেয়া হয়

যত টাকার জন্যে ক্রোক হয়				রসুম
৫ টাকার কম		...	...	
৫ টাকা অবধি		১০ টাকাপর্য্যন্ত		১৲
১০	ঐ	১৫	ঐ	১॥০
১৫	ঐ	২০	ঐ	২৲
২০	ঐ	২৫	ঐ	২॥০
২৫	ঐ	৩০	ঐ	৩৲
৩০	ঐ	৩৫	ঐ	৩॥০
৩৫	ঐ	৪০	ঐ	৪৲
৪০	ঐ	৪৫	ঐ	৪॥০
৪৫	ঐ	৫০	ঐ	৫৲
৫০	ঐ	৬০	ঐ	৬৲
৬০	ঐ	৮০	ঐ	৭॥০
৮০	ঐ	১০০	ঐ	৯৲
		১০০৲ টাকার উপর		১০৲

The above charge includes all expenses, except when peons are kept in charge of property distrained, in which case four annas must be paid daily for each man.

উক্ত রসুমের মধ্যে সকল খরচ ধরা গিয়াছে। কিন্তু যদি ক্রোককরা সম্পত্তি পেয়াদারদের জিম্মা করিয়া রাখা যায় তবে এক২ জন পেয়াদার জন্যে রোজ।০ চারি আনা করিয়া দিতে হইবেক।

W. MORGAN,
Clerk of the Council.

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

LEGISLATIVE COUNCIL.

THE 27TH DECEMBER, 1856.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 26th December, 1856, and is hereby promulgated for general information :—

ACT No. XXIX. OF 1856.

An Act concerning the taking of Oaths of Office by Registers of Deeds.

[Preamble.]

WHEREAS it is expedient to amend the law which requires a Register of Deeds, appointed under the provisions of Act XXX. of 1838, to take and subscribe the oath of office before the Judge of the Zillah ; It is enacted as follows :—

[Chief Civil Officer of the station to administer oath of office to Register of Deeds.]

So much of Section II. Regulation XXXVI. 1793 (extended to Cuttack by Section XXXII. Regulation XII. 1805), of Section II. Regulation XXVIII. 1795, and of Section II. Regulation XVII. 1803 (extended to Bundlecund, Saharunpore, and Agra by Clause I. Section XVII. Regulation VIII. 1805), of the Bengal Code, as requires that a Register of Deeds shall take and subscribe the oath therein prescribed before the Judge of the Zillah, shall not apply to Registers of Deeds appointed under the provisions of Act XXX. of 1838. The Chief Civil Officer of any station at which an office for the registry of Deeds may be established under the said Act, shall be competent to administer the oath of office, or a declaration substituted for such oath, to any person appointed to register Deeds at such station.

W. MORGAN,
Clerk of the Council.

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 12.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of   Dated Fort William, the 23rd December, 1856.

It having in some cases been understood that Section 13 of the Butwarrah Series, which requires an English Report to accompany petitions of appeal to the Board, is superseded by the more general Rule in Article 2 of the revised Rules of Practice circulated on the 11th July, 1855, I am directed by the Board of Revenue to inform you that such was not the intention when the Rules of Practice were framed, and that appeals in Butwarrah cases must continue to be accompanied by a Report in English.

(Signed) E. T. TREVOR,
Officiating Secretary.

[*Government Gazette, 20th January*, 1857.]

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৬ সাল ২৭ ডিসেম্বর।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন শ্রীযুত রাইট আনরবিল গবর্নরজেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৬ সালের ২৬ ডিসেম্বর তারিখে মঞ্জুর করেন। তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৬ সাল ২৯ আইন।

দলীলদস্তাবেজের রেজিষ্টরেরদের পদসম্পর্কীয় শপথ করিবার বিষয়ের আইন।

[হেতুবাদ।]

১৮৩৮ সালের ৩০ আইনের বিধানমতে দলীলদস্তাবেজের যে রেজিষ্টর নিযুক্ত হন তাঁহাকে জিলার জজ সাহেবের সম্মুখে পদসম্পর্কীয় শপথ করিবার ও তাহাতে দস্তখৎ করিবার আজ্ঞা যে আইনেতে হইয়াছে তাহা সংশোধন করা বিহিত। এইহেতুক নীচের লিখিতমতে হুকুম হইল।

[মোকামের দেওয়ানীর প্রধান কার্য্যকারক দলীলদস্তাবেজের রেজিষ্টরকে পদসম্পর্কীয় শপথ করাইবেন।]

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৭৯৩ সালের যে ৩৬ আইন ১৮০৫ সালের ১২ আইনের ৩২ ধারাক্রমে কটকে খাটান যায় সেই ৩৬ আইনের ২ ধারার ও ১৭৯৫ সালের ২৮ আইনের ২ ধারার ও ১৮০৩ সালের যে ১৭ আইন ১৮০৫ সালের ৮ আইনের ১৭ ধারার ১ প্রকরণক্রমে বুন্দেলখণ্ড ও সাহারণপুর ও আগ্রাতে খাটান যায় সেই ১৭ আইনের ২ ধারার যে অংশেতে হুকুম হইয়াছে যে দলীলদস্তাবেজের রেজিষ্টর ঐ২ ধারার নির্দ্দিষ্ট শপথ জিলার জজ সাহেবের সম্মুখে করিবেন ও তাহাতে দস্তখৎ করিবেন সেই২ অংশ ১৮৩৮ সালের ৩০ আইনের বিধানমতে নিযুক্ত দলীলদস্তাবেজের রেজিষ্টরের উপর খাটিবেক না। উক্ত আইনক্রমে যে কোন মোকামে দলীলদস্তাবেজের রেজিষ্টরী করিবার দপ্তরখানা স্থাপন হয় সেই মোকামের দেওয়ানীর প্রধান কার্য্যকারক ঐ মোকামে দলীলদস্তাবেজ রেজিষ্টরী করিতে নিযুক্ত কোন ব্যক্তিকে পদসম্পর্কীয় শপথ করাইতে কিম্বা শপথের পরিবর্ত্তে প্রতিজ্ঞা করাইতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

১২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৬ সাল ২৩ ডিসেম্বর।

বাঁটওয়ারার বিধিশ্রেণীর ১৩ ধারাতে হুকুম আছে যে, বোর্ডের নিকটে আপীলের দরখাস্তের সঙ্গে ইঙ্গরেজী রিপোর্ট পাঠাইতে হইবেক। কোন২ স্থলে বোধ হইয়াছে যে ১৮৫৫ সালের ১১ জুলাই তারিখে কার্য্য করিবার যে সংশোধিত বিধি প্রকাশ হয় তাহার ২ দফার আরো সাধারণ বিধিতে ঐ ১৩ ধারার কথা বাতিল হইয়াছে অতএব বোর্ড রেবিনিউর হুকুমমতে জানাইতেছি যে কার্য্য করিবার সেই বিধি যখন করা গিয়াছিল তখন তদ্রূপ অভিপ্রায় ছিল না আর বাঁটওয়ারার মোকদ্দমাতে আপীলের দরখাস্তের সঙ্গে ইঙ্গরেজী রিপোর্ট পাঠাইয়া থাকিতে হইবেক।

ই টি ট্রেবর।
একটিং সেক্রেটারী।

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 35.

To the Civil and Sessions Judges in the Lower Provinces.

In continuation of Circular Order No. 21, of the 3rd August, 1855, the Court circulate the names noted in the margin, of the candidates who have obtained certificates of qualification in Mahomedan Law at the examination held at the Calcutta Mudrassa on the 25th and 27th Ultimo.

(Signed) A. W. RUSSELL,
Officiating Register.

Fort William, the 22nd December, 1856.

1. Mofeezooddeen of Hooghly.
2. Unwarooddeen of Tipperah.
3. Mowazamooddeen of Fureedpore.
4. Abdool Mujeed of Calcutta.
5. Sayed Mahomed Noorul Hussen of Behar.

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 10.

To the Magistrates in the Lower Provinces.

I am directed by the Court to forward to you the accompanying abstract from a Manual by Mr. Cust, and to request that you will report what is the system adopted by you in the arrangement of the records of your Court.

(Signed) A. W. RUSSELL,
Officiating Register.

Fort William, the 5th December, 1856.

The following abstract will give all that may be generally adopted with advantage of Mr. Cust's Manual:—

PART I.

Section 1.—The Registers to be kept in the Moonsheekhanah prescribed by Circular Order No. 144, August 16th 1843, are:—

2. General Registers.
6. Departmental Registers.
1. Absconded Offenders.

The two General Registers are:—

1. General Complaints.
2. Offences reported by Thannadary, which is sub-divided by Mr. Cust into
   1. Those which call for further Orders.
   2. Those Reports ordered to be Dakhil Duftur.

The six Subordinate or Departmental Registers are:—

1. Heinous Offences.
2. Petty Offences.

3.—Appeals, sub-divided by Mr. Cust into

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৩৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল ও সেশন জজ সাহেব বরাবরেষু।

গত মাসের ২৫ ও ২৭ তারিখে কলিকাতার মাদ্রাসাতে যে ইমতিহান হইয়াছিল তাহাতে মুসলমানের শরাতে যাঁহারা নৈপুণ্যের সর্টিফিকট পাইয়াছেন তাঁহাদের নাম সদর আদালতের সাহেবেরা ১৮৫৫ সালের ৩ আগস্টের ২১ নম্বরের সরকুলর অর্ডরের অতিরিক্ত নীচে প্রকাশ করিতেছেন।

এ ডবলিউ রসেল। একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৬ সাল ২২ ডিসেম্বর।

১। হুগলীর শ্রীযুত মফীজুদ্দীন।
২। ত্রিপুরার শ্রীযুত অনওয়ারুদ্দীন।
৩। ফরিদপুরের শ্রীযুত মোয়াজ্জামুদ্দীন।
৪। কলিকাতার শ্রীযুত আবদুল মজীদ।
৫। বেহারের শ্রীযুত সৈয়দ মহম্মদ নুরুল হুসেন।

JOHN ROBINSON, *Bengalee Translator*

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

১০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

শ্রীযুত কষ্ট সাহেব একটা ছোট পুস্তক করিয়াছেন তাহার নীচের লিখিত খোলাসা সদর আদালতের সাহেবেরদের আজ্ঞামতে পাঠাইয়া আদেশ করিতেছি যে তোমার আদালতের কাগজপত্র সাজাইবার যে নিয়মমতে কর্ম্ম কর তাহার রিপোর্ট কর।

এ ডবলিউ রসেল। একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৬ সাল ৫ ডিসেম্বর।

কষ্ট সাহেবের পুস্তকের যে সকল কথানুসারে সাধারণমতে কর্ম্ম হইলে লাভ দর্শিতে পারে তাহা সমুদয় এই খোলাসার মধ্যে পাওয়া যাইবেক।

১ খণ্ড।

১ অধ্যায়। ১৮৪৩ সালের ১৬ আগস্ট তারিখের ১৪৪ নম্বরের সরকুলর অর্ডরের নির্দ্দিষ্ট যে সকল রেজিষ্টর মুনশীখানাতে রাখিতে হইবেক।

২ সাধারণ রেজিষ্টর।
৬ বিশেষ দফ্তরের রেজিষ্টর।
১ পলাতক অপরাধিরদের।

সাধারণ দুই রেজিষ্টর এই২।

১। সাধারণ নালিশের।
২। থানাদারীর রিপোর্টকরা অপরাধ। কষ্ট সাহেব ইহার দুই ভাগ করিয়াছেন।
   ১। যাহার উপর অধিক হুকুম করিতে হইবেক।
   ২। যে২ রিপোর্ট দফ্তরে দাখিল করিতে হুকুম হয়।

বিশেষ অর্থাৎ দফ্তরের ছয় রেজিষ্টর এই২।

১। ভারি অপরাধের।
২। ক্ষুদ্র অপরাধের।
৩। আপীলের। কষ্ট সাহেব ইহার দুই ভাগ করিয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২০ জানুআরি।]

1. From Assistants and Deputy Magistrates to Magistrates.
2. From Magistrates to Sessions Judge, Commissioner or Inspector of Prisons.

4.--Orders from other Districts, which Mr. Cust again divides into

1. Orders from other Zillahs.
2. Orders from Officers having jurisdiction within the Zillah.

5. Cases under Act IV. of 1840.

6.--Miscellaneous, divided by Mr. Cust, as follows:

1. Miscellaneous.
2. Chowkeedaree Establishment.
3. Servants.
4. Expenditure.
5. Deposits.

The Register of Absconded Offenders is again divided by Mr. Cust :--

1. Prisoners escaping Jail.
2. Proclaimed Offenders.
3. Persons who have eluded apprehension.
4. Offenders who have absconded from other Zillahs.

The entire number of Registers will consequently be :--

3. General Registers.
12. Subordinate or Departmental Registers.
4. For Absconded Offenders.
1. Of Record Keeper.

Total 20.

Section 2.—Papers, after being entered in a General Register by the Roznamcha Nuvees, will be made over to the several Departmental Mohurrirs.

No. 1.—General Register will, as well as Petitions, include Security Bonds, Recognizances, &c

No. 2.—General Register is for Reports of Police Officers and Thannadars with the orders passed on them, but not periodical Returns, which will be made over to the Departmental Mohurrir without entry in the General Register. The Deputy Magistrate will, however, report omissions or delay in periodical Returns, and have all stamps punched.

Section 3.—All Registers to be Annual.

Section 4.—Forms for the several Registers which may be generally adopted.

Section 5.—Contains detailed instructions for distribution of papers among the Departmental Mohurrirs according to Departments, as follows :—

ম্যাজিস্ট্রেট সাহেবের নিকটে আসিষ্টাণ্ট ও ডেপুটী ম্যাজিষ্ট্রেটের হুকুমের উপর।

২। সেশন জজ কি কমিস্যনর কি জেলখানার ইনস্পেক্টর সাহেবের নিকটে মাজিষ্ট্রেট সাহেবের হুকুমের উপর।

৪। অন্যং জিলাহইতে প্রাপ্ত হুকুমের। কষ্ট সাহেব ইহার দুই ভাগ করিয়াছেন।

১। অন্যং জিলার হুকুম।
২। জিলার মধ্যে এলাকাপ্রাপ্ত কার্য্যকারকেরদের হুকুম।

৫। ১৮৪০ সালের ৪ আইনের মোকদ্দমার।

৬। মুৎফরক্কা বিষয়ের। কষ্ট সাহেব ইহার এইমত বিভাগ করেন।

১। মুৎফরক্কা।
২। চৌকীদারী সিরিশ্তা।
৩। চাকর।
৪। খরচ।
৫। আমানৎ।

পলাতক অপরাধিরদের রেজিষ্টর কষ্ট সাহেব এইমতে বিভাগ করিয়াছেন।

১। যাহারা জেল ভাঙ্গিয়া পলায়।
২। মশহুর অপরাধী।
৩। যাহারদিগকে গ্রেপ্তার করা যায় না।
৪। যে অপরাধিরা অন্যং জিলাহইতে পলাইয়াছে।

এই প্রকারে রেজিষ্টরের সংখ্যা সর্ব্বসুদ্ধ এইমত হইবেক।

৩ সাধারণ রেজিষ্টর।
১২ বিশেষ অর্থাৎ দফ্তরের রেজিষ্টর।
৪ পলাতক অপরাধিরদের রেজিষ্টর।
১ মুজবিলনবীসের।

মোটে ২০

২ অধ্যায়। কাগজপত্র রোজনামচানবীস সাধারণ রেজিষ্টরে এণ্টর করিলে পর তাহা বিশেষং দফ্তরের মুহুরীরদিগকে দেওয়া যাইবেক।

১ নম্বরের সাধারণ রেজিষ্টরের মধ্যে দরখাস্ত ও জামিনী খত ও মুচলকাপ্রভৃতি ধরা যাইবেক।

২ নম্বরের সাধারণ রেজিষ্টর পোলীসের আমলারদের ও থানাদারের দর রিপোর্টের নিমিত্তে ও তাহার উপর যেং হুকুম করা যায় তাহার নিমিত্তে। কিন্তু নিরূপিত সময়ের রিটর্ণের নিমিত্তে নয়। এই সকল রিটর্ণ সাধারণ রেজিষ্টরে এণ্টর না হইয়া বিশেষ দফ্তরের মুহুরীরকে দেওয়া যাইবেক। কিন্তু নিরূপিত সময়ের রিটর্ণ না দেওয়া গেলে কি দিবার বিলম্ব হইলে ডেপুটী মাজিষ্ট্রেট তাহার রিপোর্ট করিবেন ও সকল ইষ্টাম্পো ছেনির দ্বারা ছিদ্র করা যাইবেক।

৩ অধ্যায়। সকল রেজিষ্টর বৎসরেং হইবেক।

৪ অধ্যায়। যেং রেজিষ্টর সাধারণমতে চলন হইতে পারিবেক তাহার পাঠ।

৫ অধ্যায়। বিশেষ দফ্তরঅনুসারে ঐং দফ্তরের বিশেষ মুহুরীরেরদের মধ্য কাগজপত্র বিলি করিবার বিস্তারিত উপদেশ এই অধ্যায়ে আছে। যথা

1. Heinous Offences whether on Thannah Reports or from other sources of information.
2. Petty Offences subject to same rule.
3. Appeals to or from Magistrate.
4. Proceedings from other Zillahs or from Courts within the Zillah, the latter being kept in their several Misls, the former placed according to their character under the proper heading of heinous or petty.
5. Act IV. of 1840.
6. Chowkeedars, Contingent Expenditure, Deposits.
7. Miscellaneous.

The heading No. 6, Chowkeedars, &c., includes Papers relating to

1. Appointments of Chowkeedars and Government Servants.
2. Dismissals.
3. Suspensions.
4. Fines.
5. Leave of Absence.
6. Distribution of Pay.

Contingent Expenditure as Stationery.
Jail.
Diet to Prisoners.
Ditto to Witnesses.
Rewards.
Adjustment of Contingent Bills.

Deposits.—Unclaimed property.
Cash in deposit for Thannah repairs.
On account of Chowkeedaree Tax.
Ditto Ditto of deductions from salaries.

No. 7.—Miscellaneous contains papers relating to

1. Contracts for Ferries.
2. Aid of Attachments.
3. Suspicious Deaths.
4. Local Arrangements.
5. Applications to visit Prisoners.
6. For supplying them with necessaries.
Objections to Chowkeedaree Tax.
8. Realization of Costs.

Section 6 *and* 7.—Give detailed instructions regarding the duties and responsibility of the Departmental Mohurrirs.

Section 8.—How Misls are to be divided or transferred in consequence of subsequent changes apparent in their character.

Section 9.—Duties of Perwannah Nuvees. An abstract being kept of all Perwannahs with dates.

PART II.

Regarding the arrangement of Foujdaree Records.

Section 1.—Destruction of old and useless papers.

থানার রিপোর্টহতে কি অন্য লোকেরদের স্থানে যাহার সম্বাদ পাওয়া গিয়াছে এমত ভারি অপরাধ।

২। সেইরূপে অবগতহওয়া ক্ষুদ্র অপরাধ।

৩। মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কি তাঁহার হুকুমের উপর আপীল।

অন্যান্য জিলার কিম্বা নিজ জিলার অন্যান্য আদালতের রুবকারী। সেই২ আদালতের রুবকারী তাহার পৃথক২ মিছিলে রাখিতে হইবেক। আর সেই সকল জিলার রুবকারীর ভাবানুসারে তাহা ভারি কি ক্ষুদ্র অপরাধে বিলি করিয়া রাখিতে হইবেক।

৫। ১৮৪০ সালের ৪ আইন।

৬। চৌকীদার। বাজেখরচ। আমানৎ।

৭। মুৎফরক্কা।

ঐ ৬ নম্বরের অর্থাৎ চৌকীদারপ্রভৃতির কথার মধ্যে এই২ বিষয়ের কাগজপত্র ধরা গেল।

১। চৌকীদারেরদের ও সরকারী চাকরেরদের নিযুক্ত হওন।
২। ডিস্মিস হওন।
৩। অল্পকাল কর্ম্মে ডিস্মিস হওন।
৪। জরীমানা।
৫। ছুটী।
৬। বেতনের বিলি করণ।

বাজেখরচ যথা কাগজ কলমাদি
জেলখানা
কয়েদীরদের খোরাক
সাক্ষিরদের ঐ
বক্সীশ
বাজেখরচের বিল শোধ করণ।

আমানৎ।—লাওয়ারিস সম্পত্তি।
থানার মেরামতীর জন্যে আমানৎকরা নগদ টাকা।
চৌকীদারী টাক্সের বাবৎ
বেতন বাদ দেওনের বাবৎ

৭ নম্বরের মুৎফরক্কার মধ্যে এই২ কাগজপত্র ধরা গেল।

১। খেয়া নৌকার বন্দোবস্ত
২। ক্রোকের সাহায্য
৩। সন্দিগ্ধ মরণ
৪। স্থান বিশেষের নিয়ম।
৫। কয়েদীরদের সঙ্গে দেখা করিবার অনুমতি প্রার্থনা।
৬। তাহারদিগকে প্রয়োজনের বস্তু দিবার ঐ
৭। চৌকীদারী টাক্সের উপর আপত্তি।
৮। খরচ উসুল করণ।

ও ৭ অধ্যায়ে বিশেষ২ দপ্তরের মুহুরীরেরদের যে২ কর্ম্ম করিতে হয় ও তাহারদের উপর যে ঝুঁকী তাহার বিস্তারিত উপদেশ।

৮ অধ্যায়। মিছিলের ভাবের কিছু বিশেষ দেখা গেলে তাহা যে প্রকারে বিলি করিতে হইবেক কিম্বা এক স্থানহইতে লইয়া অন্য স্থানে দিতে হইবেক।

৯ অধ্যায়। পরওয়ানানবীসের যে কর্ম্ম করিতে হয়। সকল পরওয়ানার খোলাসা ও তাহার তারিখ লিখিয়া রাখিতে হইবেক।

২ খণ্ড।

ফৌজদারী কাগজপত্র সাজাইবার কথা।

১ অধ্যায়। পুরাতন ও অকর্ম্মের কাগজপত্র নষ্ট করণ।

Section 2.—Papers to be permanently kept.

Section 3.—Directs Misls to be kept according to Thannahs and years and in bundles corresponding with the several Mudds or Departments.

Section 4.—Directs the arrangement of Records according to Circular Order, No. 965, 23rd July 1841; or under four heads of

1. Heinous Offences.
2. Petty.
3. Act IV. of 1840.
4. Miscellaneous, to be again divided as above explained.

Section 5.—Specifies these papers which, being of a general nature, do not admit of classification by Thannah.

The remaining Sections to Section 9 contains very minute instructions on the same subject.

Section 10.—The Mohafiz Duftur will keep separate bustahs for papers relating to

1. General Orders.
2. Security Papers.
3. Police Arrangements.
4. Warrants.
5. Absconded Criminals.

Section 11.—Also Registers, under Departmental Heads, if not kept in the Moonsheekhannah of Sessions Cases.

Warrants.

Misls delivered to Departmental Mohurrirs, Copies of his own Reports and Urzees.

Section 12.—Further instructions, &c., Duty of Mohafiz Duftur.

Section 13.—Respective duties of Mohafiz Duftors and Departmental Mohurrirs.

Section 14.—Rules for giving Copies.

Section 15.—No stranger to enter Record Room.

Section 16.—Duties of Naib and other Subordinates of Mohafiz Duftur.

Section 17.—Of Duftry.

Section 18.—Preparation of Annual Bustahs.

Section 19.—Waste Paper not to accumulate.

Section 20.—Forms of Registers to be kept by Mohafiz.

Section 21.—Rules for cleansing and ventilating Record Rooms.

PART III.

Regarding Thannah Record Office.

Section 1.—In each Thannah there will be eight Registers.

1. Roznamcha.
2. Copy of Reports.
3. Gushty or General Perwannahs in Abstract.
4. List of Heinous Offences.
5. Chulans of Prisoners and Witnesses.
6. Stolen Property.

২ অধ্যায়। যেং কাগজপত্র চিরকাল রাখিতে হইবেক।

৩ অধ্যায়ে আজ্ঞা হইল যে মিছিল সকল থানা ও বৎসর বিলিমতে রাখা যায় ও ভিন্নং মদ্দ অর্থাৎ দফ্তরমতে পুলিন্দা বাঁধিয়া রাখা যায়।

৪ অধ্যায়ে আজ্ঞা হইল যে, কাগজপত্র ১৮৪১ সালের ২৩ জুলাই তারিখের ৯৬৫ নম্বরের সরক্যুলর অর্ডরমতে সাজান যায় কিম্বা এই চারি শ্রেণীমতে।

১। ভারি অপরাধ
২। ক্ষুদ্র ঐ
৩। ১৮৪০ সালের ৪ আইন।
৪। মুৎফরক্কা। তাহাও পূর্ব্বের লেখামতে বিভাগ করিতে হইবেক।

৫ অধ্যায়ে যেং কাগজ সাধারণ প্রকারের হইয়া থানামতে বিলি হইতে পারে না তাহা বিশেষ করিয়া লেখা যায়।

৬ অধ্যায়অবধি ৯ অধ্যায়পর্য্যন্ত। এই সকল অধ্যায়ে সেই বিষয়ের অতিবিস্তারিত উপদেশ দেওয়া গিয়াছে।

১০ অধ্যায়। মহাফেজ দফ্তর এইং কাগজের আলাহিদাং বস্তা রাখিবেক।

১। সাধারণ হুকুমের।
২। জামিনীর কাগজের।
৩। পোলীসের নিয়মের।
৪। পরওয়ানার।
৫। পলাতক অপরাধিরদের।

১১ অধ্যায়। আরো দফ্তরঅনুসারে এইং রেজিষ্টর যদি সেশনের মোকদ্দমার মুনশীখানাতে না রাখা যায় তবে তাহাও রাখিবেক যথা।

পরওয়ানা।

দফ্তরের মুহুরীরদিগকে যেং মিছিল দেওয়া যায় তাহা ও তাহার নিজ রিপোর্টের ও আরজীর নকল।

১২ অধ্যায়। অধিক উপদেশপ্রভৃতি। মহাফেজ দফ্তরের কর্ত্তব্য কর্ম্ম।

১৩ অধ্যায়। মহাফেজ দফ্তরের ও বিশেষ দফ্তরের মুহুরীরেরদের পরস্পর কর্ত্তব্য কর্ম্ম।

১৪ অধ্যায়। নকল দিবার বিধি।

১৫ অধ্যায়। বাহিরের কোন লোক মহাফেজখানায় যাইবেক না।

১৬ অধ্যায়। নায়েব ও মহাফেজ দফ্তরের তাবেদার অন্য আমলারদের কর্ত্তব্য কর্ম্ম।

১৭ অধ্যায়। দফ্তরীর ঐ।

১৮ অধ্যায়। বৎসরেং বস্তা প্রস্তুত করণ।

১৯ অধ্যায়। অকর্ম্মের কাগজ না জমিবার কথা।

২০ অধ্যায়। মহাফেজ যেং রেজিষ্টর রাখিবেক তাহার পাঠ।

২১ অধ্যায়। মহাফেজখানা পরিষ্কার করিবার ও তাহাতে বাতাস চলিবার বিধি।

৩ খণ্ড।

থানার রিকার্ডের দফ্তর।

১ অধ্যায়। একং থানাতে আটখানা রেজিষ্টর থাকিবেক।

১। রোজনামচার।
২। রিপোর্টের নকলের।
৩। গস্তি অর্থাৎ সাধারণ পরওয়ানার খোলাসার।
৪। ভারি অপরাধের ফর্দ্দের।
৫। আসামীরদের ও সাক্ষিদের চালানের।
৬। চোরা জিনিসের।

7. Of Chowkeedars.
8. Of Absconded Offenders.

Section 2.—Relative to the Indent for fresh Register Books and the preservation of old ones.

Section 3.—Certain Papers to be copied into Books.

Section 4.—Regarding the destruction of Thannah Papers.

PART IV.

Duties of Nazir.

Section 1.—Security to be given by Nazir.

Section 2.—The Registers to be kept by Nazir, are the following :—

1. Register of Tulubana paid to Peons.
2. Book of Copies of Reports.
3. Register of Diet Money for Indigent Witnesses.
4. Register of Diet Money paid to Witnesses by Plaintiffs.
5. Register of Witnesses sent in from the Thannah.
6. Register of Warrants of Imprisonment.
7. Register of Unclaimed Property.
8. Register of sums realized from the sale of Confiscated Property.
9. Register of Fines.
10. Register of Rewards.
11. Register of distances for Tulubana.

Sections 3 to 13.—Describe the mode in which the above Registers are to be kept up.

Section 14.—Mode of receiving Thannah Chulans.

Section 15.—Regarding Moochulkas and Recognizances.

Section 16.—Mode of administering solemn declaration to Plaintiffs and Witnesses.

Section 17.—How the Nazir's Papers are to be kept.

Section 18.—Enumeration of Papers, some of which are, and some of which are not, kept in the Nazir's Office.

No. 12.

To the Magistrates and Joint Magistrates in the Lower and Extra-Regulation Provinces.

I am directed by the Court to request that you will, in future, enter in columns 9 and 10 of Statement No. 6, those papers only which are unconnected with any case under trial, or with the other proceedings entered in other columns of the Statement.

(Signed) A. W. RUSSELL,
Officiating Register.

Fort William, the 23rd December, 1856.

৭। চৌকীদারেরদের।
৮। পলাতক অপরাধিরদের।

২ অধ্যায়। নূতন রেজিষ্টরী বহী আনাইবার পত্রের কথা ও পুরাতন বহী রাখিবার কথা।

৩ অধ্যায়। কতক কাগজের নকল বহীতে লিখিতে হইবেক।

৪ অধ্যায়। থানার কাগজ নষ্ট করিবার কথা।

৫ খণ্ড।

নাজিরদের কর্ত্তব্য কর্ম্ম।

১ অধ্যায়। নাজির যে জামিনী দিবেক।

২ অধ্যায়। নাজির যে২ রেজিষ্টর রাখিবেক তাহা এই২।

১। পেয়াদারদিগকে যে তলবানা দেওয়া যায় তাহার রেজিষ্টর।
২। রিপোর্টের নকলের বহী।
৩। কাঙ্গাল সাক্ষিরদের খোরাকীর রেজিষ্টর।
৪। ফরিয়াদীরা সাক্ষিরদের যে খোরাকী দিয়াছে তাহার রেজিষ্টর।
৫। থানাহইতে যে সাক্ষিদিগকে পাঠান যায় তাহারদের রেজিষ্টর।
৬। কয়েদ করিবার পরওয়ানার রেজিষ্টর।
৭। লাওয়ারিস সম্পত্তির রেজিষ্টর।
৮। ক্রোককরা সম্পত্তির নীলামে যে টাকা আদায় হয় তাহার রেজিষ্টর।
৯। জরীমানার রেজিষ্টর।
১০। পুরস্কারের রেজিষ্টর।
১১। তলবানার সম্পর্কে স্থানের২ দূরতার রেজিষ্টর।

৩ অধ্যায়অবধি ১৩ অধ্যায়পর্য্যন্ত। ঐ২ রেজিষ্টর যে রূপে রাখিতে হইবেক তাহার বিধি।

১৪ অধ্যায়। থানার চালান গ্রাহ্য করিবার বিধি।

১৫ অধ্যায়। মুচলকা ও রিকাগনিজান্সের কথা।

১৬ অধ্যায়। ফরিয়াদী ও সাক্ষিদিগকে ধর্ম্মতঃপ্রতিজ্ঞা করাইবার বিধি।

১৭ অধ্যায়। নাজিরেরদের কাগজপত্র যেরূপে রাখিতে হইবেক।

১৮ অধ্যায়। কতক কাগজপত্রের নাম করণ। ইহার মধ্যে কতক নাজিরের দফ্তরে রাখা যায় কতক রাখা যায় না।

---

১২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত মাজিষ্ট্রেট ও জাইন্ট মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

আদালতের হুকুমক্রমে আদেশ করিতেছি যে, যে মোকদ্দমার বিচার হইতেছে তাহার কিম্বা ৬ নম্বরের কৈফিয়তের অন্য২ ঘরে যে সকল রুবকারী এণ্টরি হয় তাহার সঙ্গে যে সকল কাগজপত্রের সম্পর্ক নাই কেবল সেই সকল কাগজপত্র তুমি ইহার পরে ঐ কৈফিয়তের ৯ ও ১০ ঘরে এণ্টরি কর।

এ ডবলিউ রসেল।
একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।
১৮৫৬ সাল ২৩ ডিসেম্বর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২০ জানুআরি।]

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 9th January, 1857.

Moulvie Mahomed Mahmood, Moonsiff of Begumgunge, to be Moonsiff of Nassirnugger, and Moonshee Chundee Churn Banerjea, Moonsiff of Nassirnugger, to be Moonsiff of Begumgunge, Zillah Tipperah.

Baboo Kistobeharee Mookerjea, to officiate as Moonsiff of Sooksaugur, Zillah Nuddea.

LEAVE OF ABSENCE.

The 9th January, 1857.

Baboo Kistochunder Chowdree, Moonsiff of Sooksaugur, Zillah Nuddea, for one month, under Section VII. of the Absentee Rules.

A. W. Russell, *Officiating Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৯ জানুআরি।

জিলা ত্রিপুরার বেগমগঞ্জের মুনসেফ শ্রীযুক্ত মৌলবী মহম্মদ মাহমুদ নাসিরনগরের মুনসেফ হইবেন ও নাসিরনগরের মুনসেফ শ্রীযুক্ত মুনশী চণ্ডীচরণ বাঁড়ুয্যা বেগমগঞ্জের মুনসেফ হইবেন।

শ্রীযুক্ত বাবু কৃষ্ণবিহারী মুখুয্যা জিলা নদীয়ার সুখসাগরের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৯ জানুআরি।

জিলা নদীয়ার সুখসাগরের মুনসেফ শ্রীযুক্ত বাবু কৃষ্ণচন্দ্র চৌধুরী ছুটীর বিধির ৭ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৩৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৫ জানুআরি।

শ্রীযুক্ত কাপ্তান ই টি ডাল্টন সাহেব (Capt. E. T. Dalton,) ছোট নাগপুরের কমিস্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুক্ত কাপ্তান ই সিসমোর সাহেব (Capt. E. Sissmore,) ছোট নাগপুরের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট আর সি বর্চ সাহেব (Lieut. R. C. Birch,) ছোট নাগপুরের কমিস্যনর সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৬ সাল ৩১ ডিসেম্বর।

চাটিগাঁয়ের একটিং কালেক্টর শ্রীযুক্ত জে এস স্পাঙ্কি সাহেব (Mr. J. S. Spankie,) ছুটীর সংশোধিত বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন ও গত জুন মাসের ২৭ তারিখের ফিনান্‌সিয়াল নির্দ্ধারণক্রমে ঐ ছুটীর আগে পরত্রিশ দিনের ছুটী পাইয়াছেন।

কাঁটওয়ার জইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুক্ত এচ এ কাক্রেল সাহেব (Mr. H. A. Cockerell,) ছুটীর সংশোধিত বিধির ১২ ধারামতে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুক্ত ডাক্তর টি ডুকা সাহেব (Dr. T. Duka,) ঐ মোকামের চিকিৎসকের কর্ম্মের ভার জেলখানার হাসপাটালের এদেশীয় চিকিৎসককে অর্পণ করিয়া পল্টনের সাহেবেরা দেওয়ানীর কর্ম্ম পাইলে তাঁহারদের উপর যে বিধি খাটে সেই বিধিমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৩ জানুআরি।

ত্রিপুরার একটিং কালেক্টর শ্রীযুক্ত জে আর মস্‌প্রাট সাহেব (Mr. J. R. Muspratt,) নিয়মিত ছুটী লইয়া যাইবার আগে এক মাসের ছুটী পাইয়াছেন।

পাবনার সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুক্ত ডবলিউ জে এলিস সাহেব (Mr. W. J. Ellis,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে বারো মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ৫ জানুআরি।

আমাদের ডেপুটী কমিস্যনর শ্রীযুক্ত মেজর এচ বেচ সাহেবকে (Major H. Vetch,) গত মাসের ২০ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

[*Government Gazette, 20th January*, 1857.]

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৬২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১ জানুআরি।

শ্রীযুক্ত এস লশিংটন সাহেব (Mr. S. Lushington,) কিঞ্চিৎ কালের নিমিত্তে ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ৬ জানুআরি।

বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুক্ত ই ওয়াটরফীল্ড সাহেব (Mr. E. Waterfield,) ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা পাইয়াছেন।

বালেশ্বরের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুক্ত বাবু শ্রীনাথ ঘোষ ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা পাইয়াছেন।

১৮৫৭ সাল ৭ জানুআরি।

রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুক্ত এ মাগ্নাক সাহেব (Mr. A. Magniac,) ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা পাইয়াছেন।

১৮৫৭ সাল ৫ জানুআরি।

ফতেপুরের আফীমের একটিং সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুক্ত ই এম জেম্‌স সাহেব (Mr. E. M. James,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৭ জানুআরি।

আসামের কমিস্যনর সাহেবের সরজ এলাকার ভারপ্রাপ্ত দ্বিতীয় আসিষ্টাণ্ট শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট বি ডবলিউ ডি মর্টন সাহেব (Lieutenant B. W. D. Morton,) গত মাসের ৮ তারিখে যে ছুটী পান তাহার অধিক চিকিৎসকের সর্টিফিকটক্রমে কুড়ি দিনের ছুটী পাইয়াছেন।

গোয়ালপাড়ার চিকিৎসক শ্রীযুক্ত জি রিড্‌সডেল সাহেব (Mr. G. Ridsdale,) ঐ স্থানের চিকিৎসার কর্ম্মের ভার এদেশীয় ডাক্তর শ্রীযুক্ত দয়া সিংহের প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৮ জানুআরি।

বীরভূমের জজ শ্রীযুত ও ডবলিউ মালেট সাহেব (Mr. O. W. Malet,) আপনার সিরিশ্‌তার চলিত কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু পেয়ারীমোহন বাঁড়ুয্যার প্রতি অর্পণ করিয়া ছুটীর সংশোধিত বিধির ১২ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বেহারের আফীমের এজেন্ট সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত ডাক্তর আর লাইএল সাহেব (Dr. R. Lyell,) পল্টনের সাহেবেরা দেওয়ানীর কর্ম্ম পাইলে তাঁহারদের উপর যে বিধি খাটে সেই বিধিমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ৯ জানুআরি।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব রাজশাহী ও দিনাজপুর ও রঙ্গপুর জিলাতে যাইতে উদ্যত আছেন। অতএব যে কার্য্যকারকেরা একেবারে গবর্ণমেণ্টে আপনারদের পত্র পাঠাইয়া থাকেন তাঁহারদের পত্রাদি লইয়া যেরূপ কর্ম্ম করিতে হইবেক তাহার এই সাধারণ উপদেশ দেওয়া যাইতেছে।

রাজশাহী এলাকার মধ্যে যে সকল জিলা আছে সেই সকল জিলাহইতে পত্র পাঠান গেলে তাহা ছাড়া ও অত্যাবশ্যক যেং স্থলে কলিকাতার গবর্ণমেণ্টের আফিসের দ্বারা না পাঠাইয়া একেবারে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকটে পাঠাইলে অবশ্য আরো শীঘ্র পঁহুছিবেক এমত স্থল ছাড়া অন্য সকল পত্র রীতিমতে যেমন কলিকাতার গবর্ণমেণ্টের আফিসে পাঠান যাইতেছে তেমনি পাঠাইতে হইবেক।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকটে একেবারে যে সকল পত্র পাঠান যায় তাহার মধ্যে পূর্ব্বের যে কোন হুকুমের ও পত্রাদির কথা লেখা থাকে সেই সকল হুকুমপ্রভৃতির মর্ম্ম কিছু বিস্তারিত করিয়া লিখিতে হইবেক তাহাতে সেই বিষয়ের পূর্ব্বের লিখিত পত্রাদির জন্যে কলিকাতায় পাঠাইবার সাধ্যমতে আবশ্যক না থাকে।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব বর্ত্তমান মাসের ১৫ তারিখে জলপথে প্রস্থান করিবেন ১৭ তারিখে তিনি খুলনাতে পঁহুছিবেন অনুমান ২৩ তারিখে তিনি রামপুর বোয়ালিয়াতে পঁহুছিবেন। অনুমান ফেব্রুআরি মাসের ৬ তারিখে তিনি দিনাজপুরে পঁহুছিবেন। ও ৯ তারিখে রঙ্গপুরে পঁহুছিবেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৮১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৯ জানুআরি।

শ্রীযুত এচ বালফোর সাহেব (Mr. H. Balfour,) পুরণিয়ার মাজিস্ট্রেটের কর্ম্ম করিবেন।

চাটিগাঁয়ের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এল বারবর সাহেব (Mr. L. Barber,) ত্রিপুরাতে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ১০ জানুআরি।

শ্রীযুত জে এচ রেবেন্‌শা সাহেব (Mr. J. H. Ravenshaw,) ফরিদপুরে বিদ্যাধ্যাপনের কমিটির সেক্রেটারী হইবেন।

১৮৫৭ সাল ১২ জানুআরি।

শ্রীযুত এ আর ইয়ং সাহেব (Mr. A. R. Young,) বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব (Mr. G. D. Wilkins,) কলিকাতার হাসিলের কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এ এম ডোলিয়ন্স সাহেব (Mr. A. M. Dowleans,) ১৮৫৬ সালের ২৮ আইনমতে কলিকাতা নগরের মুনিসিপল কমিসানর হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৯ জানুআরি।

পুরণিয়ার মাজিস্ট্রেট শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) আপন কর্ম্মের ভার একটিং কালেক্টর শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেবের প্রতি (Mr. R. Alexander,) অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে যাইবার আগে ত্রিশ দিনের ছুটী পাইয়াছেন। শ্রীযুত বালফোর সাহেব (Mr. Balfour,) যাবৎ না পঁহুছেন তাবৎ শ্রীযুত আলেকজাণ্ডর সাহেব পুরণিয়ার মাজিস্ট্রেটের কর্ম্মও করিবেন।

ডবলিউ গ্রে।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

EDUCATION NOTICE.

The appointment of *Deputy Inspector* of Schools for the District of Bancoorah, will shortly be vacant. Candidates will be required to pass an examination in the Vernacular before Pundit Eshur Chunder Vydyasagur, and to shew that they have distinguished themselves at their place of Education. Preference will be given to Candidates who are Natives, Bancoorah District. Applications tobe submitted in writing to

HODGSON PRATT,
Inspector of Schools, South Bengal.

Serampore, 12th January, 1857.

বিদ্যাধ্যাপনের বিজ্ঞাপন।

বাঁকুড়া জিলার ইস্কুলের ডেপুটী ইন্‌স্পেক্টরের পদ অল্প দিনের মধ্যে খালী হইবেক। ঐ পদাকাঙ্ক্ষিরদের এতদ্দেশীয় ভাষায় পণ্ডিত শ্রীযুত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের নিকটে পরীক্ষা দিতে হইবেক ও যেং স্থানে বিদ্যা শিক্ষা করিয়াছিলেন সেইং স্থানে প্রসিদ্ধ হইয়াছেন তাহাও দর্শাইতে হইবেক। যাঁহারা বাঁকুড়া জিলা নিবাসী তাঁহারা অন্য লোকঅপেক্ষা মনোনীত হইবার যোগ্য হইবেন। ঐ কর্ম্মের নিমিত্তে প্রার্থনাপত্র শ্রীযুত প্রাট সাহেবের নিকটে পাঠাইতে হইবেক।

হজসন প্রাট।
বঙ্গদেশের দক্ষিণখণ্ডের ইস্কুলের ইন্‌স্পেক্টর।

শ্রীরামপুর। ১৮৫৭ সাল ১২ জানুআরি।

NOTICE.

The Titalyah Fair will this year commence on the 20th February, 1857.

H. C. JAMES, *Offg. Supdt.*

Superintendent's Office, Darjeeling, the 8th January, 1857.

বিজ্ঞাপন।

তেঁতুলিয়ার মেলা এবৎসরে ১৮৫৭ সালের ২০ ফেব্রুআরি তারিখে আরম্ভ হইবেক।

এচ সি জেম্‌স।

একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট

ডার্জিলিং। সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের দপ্তরখানা। ১৮৫৭ সাল ৮ জানুআরি।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা বীরভূম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে, জিলা বীরভূমের অন্তঃপাতি নীচের লিখিত মহাল রাজস্বের বাকী আদায় কারণ ১৮৫৭ সালের ফেব্রুআরি মাসের ৬ তারিখ মোতাবক ১২৬৩ সালের মাঘ মাসের ২৫ তারিখ শুক্রবার দিবসে ঐ জেলার কালেক্টরী কাছারীতে প্রকাশ্যরূপে নীলামে বিক্রয় হইবেক।

দ্বিতীয় শ্রেণী। ইস্তমুরারী জমা ধার্য্যহওয়া মহাল।

নং ৪২৭ কিসমত সিমলাপাড়া পরগনা রাজসাহী লিখিত মালিক রামগোপাল হাজরা সদর জমা ২০ ।/৫ টাকা।

নং ৪৫৩ মৌজে কালীশঙ্করপুর তালুক মল্লারপুর লিখিত মালিক গঙ্গারাম ধনঞ্জয় ভারথচন্দ্র মদনমোহন কৃপারাম তারাচরণ কৃষ্ণচন্দ্র চৌধুরী শ্যামপ্রিয়া দাস্যা নিতাইচাঁদ কার্ত্তিকচরণ কর্পূরচরণ অম্বিকাচরণ রাধানাথ হলধর রামকুমার প্রেমনারায়ণ ও চন্দ্রনারায়ণ চৌধুরী সদর জমা ৩৯৵ ১০ টাকা।

জিলা বীরভূম তারিখ ১৪ জানুআরি ১৮৫৭।

HARENDRA KRISHNA, *Deputy Collector, in Charge.*

জিলা রঙ্গপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা রঙ্গপুর।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা রঙ্গপুরের অধীন নীচের লিখিত মহাল উক্ত জেলার কালেক্টরীতে সন ১৮৫৭ ইংরেজী ১১ ফেব্রুআরি মোতাবেক সন ১২৬৩ সাল ১ ফাল্গুণ বুধবার বাকী খাজানার নিমিত্তক প্রকাশ্য ও অলঙ্ঘ নীলাম হইবেক ইতি সন ১৮৫৭ ইংরেজী তারিখ ১৩ জানুআরি মোতাবেক সন ১২৬৩ সাল তারিখ ১ মাঘ।

শ্রেণী প্রথম কায়েমী বন্দবস্তী মহালাত।

নং ২৭৭ কিসমত দলগ্রাম চাকলে কাজীরহাট মালিক বিশ্বময়ী দেব্যা সদর জমা ৩২৸৴০

নং ৪৪৪ তালুক পানিবাছের কুঠী চাকলে পূর্ব্বভাগ মালিক হরানন্দ বিদ্যা নিবাস ও পরমানন্দ শর্ম্মা ও শিবপ্রসাদ সরকার ও কাশীনাথ দাস ও কৃষ্ণপ্রসাদ রায় ও রুক্মিণী দাস্যা সদর জমা ৩১ ।৶৪ পাই।

A. G. MACDONALD, *Collector.*

জিলা ফরিদপুর।

এতালানামা কাছারি কালেক্টরী মহকুমা ফরিদপুর।

সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে মহকুমা ফরিদপুরের নীচের লিখিত মহাল ১৮৫৬ সালের নবেম্বর মাসের ৩০ তারিখপর্য্যন্ত বাকী মালগুজারীর নিমিত্তে সন ১৮৫৭ সালের ১০ ফেব্রুআরি মোতাবেক ১২৬৩ সালের ২৯ মাঘ মঙ্গলবার তারিখে অত্র জিলার কালেক্টরী কছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৭ ইং তাং ১৩ জানুআরি।

দ্বিতীয় শ্রেণী মিয়াদি বন্দোবস্তী মহাল ২৭৪ নম্বর সরকারী ডিক্রীর মহাল চর পঞ্চাশহাজারির মধ্যগত মোং হরিণাপাড়া মালিক ভোমনারায়ণ রায় স্বয়ং অছি জানেবে হরেন্দ্রনারায়ণ রায় ও রূপেন্দ্রনারায়ণ রায় সদর জমা ৩৫৷৷৬ পাই।

জিলা মালদহ।

সংবাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহাল সন ১৮৫৭ সালের ৫ ফেব্রুআরি মোতাবেক সন ১২৬৩ সালের ২৪ মাঘ রোজ বৃহস্পতিবার বাকী আদায় জন্য জিলা মালদহের কালেক্টরীর কাছারীতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক।

১ প্রথম শ্রেণী স্থিরতর বন্দোবস্তী হওয়া মহাল।

২৪৭ নম্বর মৌজে ফতেপুর পরগণে আমগাছী মোতালকে পং কাকজোল লিখিত মালিক ঠাকুরদাস সাহা সদর জমা ৩১৷৷৶১১।

জিলা মালদহ তারিখ ১৪ জানুআরি সন ১৮৫৭ ইংরাজী।

E. C. CRASTER, *Offg. Deputy Collector.*

বিজ্ঞাপন।

জেলা রাজশাহীর কালেক্টরির খাজাঞ্চিগিরি পদ শূন্য হইয়াছে, বেতন ১১০৲ জামিন কোম্পানির কাগজ অথবা নগদ ২৫০০০৲ টাকা দাখিল করিতে হইবেক। প্রার্থিগণ আপন২ যোগ্যতার বৃত্তান্ত লিখিয়া প্রশংসাপত্র সম্বলিত অরায় দরখাস্ত পাঠাইবেন। ইহাও জানান যাইতেছে যে যেব্যক্তি ইংরাজি ও বাঙ্গলা জানেন তাঁহাকে অন্যাপেক্ষা মনোনীত করা যাইবেক।

W. T. TAYLOR, *Collector.*

জেলা রাজশাহীর কালেক্টরি কাছারি ২৯ ডিসেম্বর ১৮৫৬।

[*Government Gazette, 20th January*, 1857.]

কলিকাতা ও তৎসান্নিধ্যবাসী হিন্দুবর্গের প্রতি বিজ্ঞাপন।

বীটন প্রতিষ্ঠিত বালিকাবিদ্যালয়সংক্রান্ত সমুদায় কার্য্যের তত্ত্বাবধান করিবার নিমিত্ত গবর্ণমেণ্ট আমাদিগকে কমিটি নিযুক্ত করিয়াছেন। যে নিয়মে বিদ্যালয়ের কার্য্যসকল সম্পন্ন হয় এবং বালিকাদিগের বয়স ও অবস্থার অনুরূপ শিক্ষা দিবার যে সকল উপায় নির্দ্ধারিত আছে, হিন্দুসমাজের লোকদিগের অবগতি নিমিত্ত, আমরা সে সমুদায় নিম্নে নির্দ্দেশ করিতেছি।

উক্ত বিদ্যালয় এই কমিটির অধীন। বালিকাদিগকে শিক্ষা দিবার নিমিত্ত এক বিবি প্রধান শিক্ষকের পদে নিযুক্ত আছেন। শিক্ষাকার্য্যে তাঁহার সহকারিতা করিবার নিমিত্ত আর দুই বিবি ও এক জন পণ্ডিতও নিযুক্ত আছেন।

বালিকারা যখন বিদ্যালয়ে উপস্থিত থাকে, প্রসিডেণ্ট অর্থাৎ সভাপতির স্পষ্ট অনুমতিব্যতিরেকে, নিযুক্ত পণ্ডিতভিন্ন অন্য কোন পুরুষ বিদ্যালয়ে প্রবেশ করিতে পান না।

ভদ্র জাতি ও ভদ্র বংশের বালিকারা এই বিদ্যালয়ে প্রবিষ্ট হইতে পারে, তদ্ব্যতীত আর কেহই পারে না। যাবৎ কমিটির অধ্যক্ষদের প্রতীতি না জন্মে অমুক বালিকা সদ্বংশজাতা, এবং যাবৎ তাঁহারা নিযুক্ত করিবার অনুমতি না দেন, তাবৎ কোন বালিকাই ছাত্ররূপে পরিগৃহীত হয় না।

পুস্তক পাঠ, হাতের লেখা, পাটীগণিত, পদার্থজ্ঞান, ভূগোল ও সূচীকর্ম্ম, এই সকল বিষয়ে বালিকারা শিক্ষা পাইয়া থাকে। সকল বালিকাই বাঙ্গালা ভাষা শিক্ষা করে। আর যাহাদের কর্তৃপক্ষীয়েরা ইঙ্গরেজী শিক্ষাইতে ইচ্ছা করেন তাহারা ইঙ্গরেজীও শিখে।

বালিকাদিগকে বিনা বেতনে শিক্ষা ও বিনা মূল্যে পুস্তক দেওয়া গিয়া থাকে। আর যাহাদের দূরে বাড়ী, এবং স্বয়ং গাড়ী অথবা পাল্কী করিয়া আসিতে অসমর্থ, তাহাদিগকে বিদ্যালয়ে আনিবার ও বিদ্যালয়হইতে লইয়া যাইবার নিমিত্ত গাড়ী ও পাল্কী নিযুক্ত আছে।

হিন্দুজাতীয় স্ত্রীলোকদিগের যথোপযুক্ত বিদ্যা শিক্ষা হইলে, হিন্দুসমাজের ও এতদ্দেশের যে কত উপকার হইবে, তদ্বিষয়ে অধিক উল্লেখ করা অনাবশ্যক। যাঁহাদের অন্তঃকরণ জ্ঞানালোক দ্বারা প্রদীপ্ত হইয়াছে, তাঁহারা অবশ্যই বুঝিতে পারেন ইহা কত প্রার্থনীয় যে যাঁহার সহিত যাবজ্জীবন সহবাস করিতে হয় সেই স্ত্রী সুশিক্ষিত ও জ্ঞানাপন্ন হন এবং শিশু সন্তানদিগকে শিক্ষা দিতে পারেন, আর স্ত্রী ও কন্যাগণের মনোবৃত্তি প্রকৃতরূপে মার্জ্জিত হইয়া অকিঞ্চিৎকর কার্য্যের অনুষ্ঠানে পরাঙ্মুখ থাকে এবং যে সকল কার্য্যের অনুষ্ঠানে বুদ্ধিবৃত্তির উন্নতি ও পরিশুদ্ধি হইতে পারে তাহাতে প্রবৃত্ত হয়।

অতএব আমরা এতদ্দেশীয় মহাশয়দিগকে অনুরোধ করিতেছি, এই সকল গুরুতর উদ্দেশ্য সাধনের যে উপায় নিরূপিত রহিয়াছে, সেই উপায় অবলম্বন করিয়া তাহার ফলভাগী হউন। এই সকল উদ্দেশ্য সাধন হিন্দুধর্ম্মের অনুযায়ি ও হিন্দুসমাজের প্রকৃত মঙ্গল সাধন।

সিসিল বীডন,	সভাপতি	শ্রীরামরত্ন রায়,	সভ্য
রাজা শ্রীকালীকৃষ্ণ বাহাদুর,	সভ্য	শ্রীরাজেন্দ্র দত্ত,	
শ্রীপ্রতাপচন্দ্র সিংহ,	„	শ্রীনৃসিংহচন্দ্র দত্ত,	
শ্রীহরচন্দ্র ঘোষ,	„	শ্রীভবানীপ্রসাদ দত্ত,	
শ্রীঅমৃতলাল মিত্র,	„	শ্রীরমাপ্রসাদ রায়,	
শ্রীপ্রাণনাথ রায় চতুর্ধুরীণ,	„	শ্রীকাশীপ্রসাদ ঘোষ,	

শ্রীঈশ্বরচন্দ্র শর্ম্মা
সম্পাদক

কলিকাতা বালিকাবিদ্যালয়।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭।২০ জানুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JANUARY 27, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২৭ জানুআরি

No. 1906.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
EDUCATION.

THE 12TH DECEMBER, 1856.

READ again, the Despatch from the Hon'ble the Court of Directors, in the Public Department, No. 49, dated the 19th July 1854, on the subject of Education in India.

[26th January, 1855, Nos. 147 to 159.]

Read again, the papers on the subject, recorded on the Consultation of the date noted in the margin.

Read again, the letter addressed to the Hon'ble the Court of Directors, under date the 26th January 1855, reporting the measures adopted for giving effect to the Hon'ble Court's instructions on the subject of general Education.

Read again, the Hon'ble Court's reply, No. 65 of 1855, dated the 27th June.

[7th Sept. 1855, No. 40. 12th Oct. 1855, No. 46.]

Read again, the papers recorded on the Consultations of the dates noted in the margin.

Read again, the letter, No. 88 of 1855, addressed to the Hon'ble the Court of Directors, under date the 12th October.

Read the Report of the University Committee, dated 7th August 1856, with its eleven enclosures.

Read the following Minutes :—

By the Governor General, dated the 15th November 1856.

„ Hon'ble J. A. Dorin, dated the 24th November 1856.

„ Major General the Hon'ble J. Low, dated the 25th November 1856.

১৯০৬ নম্বর।

ফোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেণ্ট।

বিদ্যাধ্যাপন।

১৮৫৬ সাল ১২ ডিসেম্বর।

ও অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা ভারতবর্ষে বিদ্যাধ্যাপনের বিষয়ে ১৮৫৪ সালের ১৯ জুলাই তারিখের ৪৯ নম্বরের যে পত্র পবলিক ডিপার্টমেণ্টে লিখিয়াছিলেন তাহা পুনরায় পাঠ করা গেল।

[১৮৫৫ সালের ২৬ জানুআরি। ১৪৭ অবধি ১৫৯ পর্য্যন্ত নম্বর।]

সেই বিষয়ের যে সকল লিপি ঐ তারিখের পরামর্শ করণ কালে লেখা হইয়াছিল তাহা পাঠ করা গেল।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের নামে ১৮৫৫ সালের ২৬ জানুআরি তারিখে যে পত্র লেখা যায় তাহা পুনরায় পাঠ হইল। সাধারণ বিদ্যা দানের বিষয়ে শ্রীযুত অনরবিল কোর্টের সাহেবেরদের উপদেশ সফল করিবার অভিপ্রায়ে যে সকল উপায় করা গিয়াছিল তাহার রিপোর্ট ঐ পত্রেতে আছে।

তদুত্তরে শ্রীযুত অনরবিল কোর্টের ১৮৫৫ সালের ২৭ জুন তারিখের ৬৫ নম্বরের পত্র পুনরায় পাঠ করা গেল।

[১৮৫৫ সালের ৭ সেপ্টেম্বরের ৪০ নম্বর। ১৮৫৫ সালের ১২ অক্টোবরের ৪৬ নম্বর।]

এই২ তারিখে পরামর্শ করণ কালে যে২ পত্র রিকার্ড করা যায় তাহা পুনরায় পাঠ করা গেল।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের নামে ১৮৫৫ সালের ১২ অক্টোবর তারিখের ৮৮ নম্বরের পত্র পুনরায় পাঠ করা গেল।

উনিবর্সিটি কমিটির ১৮৫৬ সালের ৭ আগষ্টের রিপোর্ট ও তাহার মধ্যের একাদশ পত্র পাঠ করা গেল।

নীচের লিখিত মন্তব্য কথা পাঠ করা গেল।

শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের ১৮৫৬ সালের ১৫ নবেম্বর তারিখের।

শ্রীযুত অনরবিল জে এ ডোরিন সাহেবের ১৮৫৬ সালের ২৪ নবেম্বর তারিখের।

শ্রীযুত মেজর জেনরল অনরবিল জে লো সাহেবের ১৮৫৬ সালের ২৫ নবেম্বর তারিখের।

By the Hon'ble J. P. Grant, dated the 29th November 1856.

„ Hon'ble B. Peacock, dated the 1st December 1856.

Read also, the Draft of a Bill submitted by the Secretary, for the incorporation of the Universities of Calcutta, Madras, and Bombay.

শ্রীযুক্ত অনরবিল জে পি গ্রাণ্ট সাহেবের ১৮৫৬ সালের ২৯ নবেম্বর তারিখের।

শ্রীযুক্ত অনরবিল বি পীকক সাহেবের ১৮৫৬ সালের ১ ডিসেম্বর তারিখের।

কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাইয়ের উনিবর্সিটির চার্টর দিবার জন্যে এক আইনের মুসাবিদার যে পাণ্ডুলিপি শ্রীযুত সেক্রেটারী সাহেব অর্পণ করেন তাহা পাঠ করা গেল।

RESOLUTION.

নির্দ্ধারণ।

1. In conformity with the directions of the Hon'ble Court of Directors, as contained in paras. 24 to 35 of their Despatch in the Public Department, No. 49, dated the 19th July 1854, a Committee was appointed, on the 26th January 1855, to prepare a Scheme for the establishment of Universities in the Presidency Towns of Calcutta, Madras, and Bombay.

১। শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা পবলিক ডিপার্টমেণ্টে ১৮৫৪ সালের ১৯ জুলাই তারিখের ৪৯ নম্বরের পত্রের ২৪ অবধি ৩৫ পর্য্যন্ত দফাতে যে উপদেশ দিয়াছিলেন তদনুসারে কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীতে উনিবর্সিটি সংস্থাপনের নিয়মের পাণ্ডুলিপি প্রস্তুত করিবার জন্যে কমিটি ১৮৫৫ সালের ২৬ জানুআরি তারিখে নিযুক্ত হন।

2. When the Committee was appointed, some doubt was felt as to whether the Hon'ble Court desired the Government of India to proceed at once, on receiving the Report of the Committee, to the establishment of Universities, or whether they desired that a further reference should be made to them on the subject. This doubt has been removed by the Hon'ble Court, in their Despatch of the 27th June 1855 (para. 6,) in which they say:—" We are of opinion, that all the " measures necessary for the constitution of the " Universities should, in the first instance, pro- " ceed directly from your Government, and we " accordingly authorize you to proceed in the " matter in such a way as may seem best to you, " without further reference to us. We would on- " ly remark, that we approve your intention, that " the Universities, at the different Presidencies, " should be formed on the same general *basis*, " leaving it to the Senates of the several Univer- " sities to form the detailed rules, with such va- " riations as local circumstances may render ad- " visable."

২। কমিটির রিপোর্ট প্রাপ্ত হইলেই ভারতবর্ষের গবর্ণমেণ্ট উনিবর্সিটি সংস্থাপন করিতে একেবারে প্রবর্ত্ত হন কি পুনরায় শ্রীযুত অনরবিল কোর্টের মত জানিবার অপেক্ষায় থাকেন ইহাতে শ্রীযুত অনরবিল কোর্টের যে অভিপ্রায় তদ্বিষয়ে কমিটি যে সময়ে নিযুক্ত হইয়াছিলেন সেই সময়ে কিছু সন্দেহ ছিল। কিন্তু শ্রীযুত অনরবিল কোর্টের সাহেবেরা ১৮৫৫ সালের ২৭ জুন তারিখের পত্রের ৬ দফাতে ঐ সন্দেহ ভঞ্জন করিয়াছেন। বিশেষতঃ লিখিয়াছেন " উনিবর্সিটি সংস্থাপনের জন্যে যে সকল উপায় আবশ্যক তাহা আদৌ তোমারদের গবর্ণমেণ্টহইতে হওয়া উচিত, অতএব আমারদিগকে জিজ্ঞাসা না করিয়া তোমারদের যে নিয়ম অতিউত্তম বোধ হয় সেই নিয়মমতে কর্ম্ম করিতে তোমারদিগকে ক্ষমতা দিলাম। আমারদের কেবল এই কথা লিখিতে হয়। নানা রাজধানীর উনিবর্সিটি সাধারণ একই মূল নিয়মমতে স্থাপন করা যায় ও প্রত্যেক উনিবর্সিটির সেনেট অর্থাৎ প্রধান সভার মহাশয়েরা বিশেষ২ বিধি করেন ও স্থানবিশেষে যেমন বিধির বিভেদ মানা উচিত বোধ হয় তেমনি করিবেন, তোমারদের এই কল্পনাতে আমারদের সম্মতি আছে।"

3. The Committee having now submitted their Report, dated the 7th August last, the Governor General in Council proceeds at once to take into consideration the establishment of the Universities at the three Presidency Towns, in accordance with the views of the Hon'ble Court.

৩। কমিটির সাহেবেরা আপনারদের গত আগষ্ট মাসের ৭ তারিখের রিপোর্ট অর্পণ করিয়াছেন। অতএব হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর শ্রীযুত অনরবিল কোর্টের অভিপ্রায়মতে তিন রাজধানীতে উনিবর্সিটি সংস্থাপনের কার্য্যে মনোযোগ করিতে অবিলম্বে প্রবর্ত্ত হইতেছেন।

4. In the orders of the Government of India, appointing the Committee, it was observed, " that " the details of Scheme, in accordance with the " outline sketched in the Despatch, should be set- " tled with as little delay as possible, so that Bills, " for the incorporation of the Universities at Cal- " cutta, Madras, and Bombay, may, at the proper " time, be brought into the Legislative Council, " and that Draft Rules for Examinations, for the " grant of Degrees, and for other cognate matters, " may be ready for discussion and adoption by the " Senates so soon as those Bills are passed into " Law." The Committee, therefore, though at the commencement of their proceedings they appointed a Sub-Committee to prepare the Drafts of

৪। ভারতবর্ষের গবর্ণমেণ্টের যে আজ্ঞাক্রমে কমিটি নিযুক্ত হন সেই আজ্ঞাপত্রে এইরূপ লেখা ছিল " কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা যে পাণ্ডুলিপি পাঠাইয়াছিলেন তদনুসারে উনিবর্সিটি করিবার নিয়মাদি সাধ্যমতে বিলম্ব না করিয়া নির্দ্ধার্য্য করা উচিত। তাহা হইলে কলিকাতায় ও মান্দ্রাজে ও বোম্বাইতে উনিবর্সিটির চার্টর দিবার বিল অর্থাৎ আইনের মুসাবিদা উপযুক্ত সময়ে ব্যবস্থাপক কৌন্সেলের গোচরে করা যায়, আর সেই বিল আইনমতে জারী হইলেই পরীক্ষা লইবার ও ডিগ্রী অর্থাৎ উপাধি দিবার ও সেই প্রকারের অন্য২ কার্য্যের বিধির পাণ্ডুলিপি সেনেটের বিবেচনা ও নির্দ্ধার্য্য হইবার নিমিত্তে প্রস্তুত থাকে।" অতএব কমিটির মহাশয়েরা আপনারদের কার্য্য আরম্ভ করিবার সময়ে, উনিবর্সিটির চার্টর দিবার বিলের মুসাবিদা প্রস্তুত করিবার জন্যে সব-কমিটিকে অর্থাৎ অধীন কমিটিকে নি-

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫৭ । ২৭ জানুআরি ।]

Bills for the incorporation of the Universities, and though such Drafts were actually prepared, considered eventually "that this was a matter "beyond their province, and that the appointment "of the Senates, and the framing of Rules for "their guidance, whether under the sanction of "Law or otherwise, must rest, in the first in- "stance at least, with the Governor General in "Council." They have not, in short, dealt with the constitution of the Universities, or of the governing bodies, but have addressed themselves exclusively to the system of Examination for Entrance Degrees and Honors in the several branches of Arts, Medicine, Law, and Civil Engineering.

5. The thanks of the Government are largely due to the Members of the Committee, for the careful and complete manner in which they have discharged their trust, amongst pressing avocations and claims upon their time, which, with many, can have left little room for additional labors. The work has been admirably performed, and the Governor General in Council has no hesitation in adopting, unreservedly, the Scheme of the Committee, which, with few exceptions, is strictly in accordance with the views expressed by the Hon'ble Court, in their Despatch of 19th July 1854, and by the Government of India in the letter appointing the Committee.

6. As regards the Examination upon Entrance, the Governor General in Council entirely agrees with the Committee in the opinion that it ought to be required. His Lordship in Council believes that the mode in which it is proposed to hold it is the most convenient that could be adopted, and that the standard is fixed judiciously.

7. His Lordship in Council thinks that the Committee have given good reasons for not departing from the titles of Bachelor of Arts and Master of Arts, which are familiar, and have a recognized value in England and throughout Europe; and that they have done well in making the higher Degree in itself the mark of Honors awarded.

8. In respect of the Examination for the first Degree, although it is with some distrust that the Governor General in Council expresses an opinion different from that formed by the Committee after careful consideration, His Lordship in Council is of opinion that conditions somewhat more precise might, with advantage, have been laid down as an indication of the minimum of acquirements which should entitle a Candidate to that Degree.

9. According to the views of the Committee, this minimum is to be determined by the Examiners acting under the instructions of the Senate; and no doubt, whatever Rules the Committee might have framed, the application of them in practice, and a consistent adherence to them,

যুক্ত করিয়াছিলেন আর সেইরূপ মুসাবিদা নিতান্ত প্রস্তুত হইয়াছিল। পরন্তু তাঁহারা পরে বিবেচনা করিলেন যে "এই কার্য্য তাঁহারদের ক্ষমতার অতিরিক্ত, ও আইনঅনুক্রমে হউক কি অন্য প্রকারে হউক, সেনেটকে নিযুক্ত করিবার কার্য্য ও তাঁহারদের কর্ম্ম করিবার বিধি নির্দ্ধারণের কার্য্য প্রথম স্থলে হজুর কৌন্সেলে শ্রীযুক্ত গবরনর জেনরল বাহাদুরহইতে হইবেক।" ফলতঃ তাঁহারা উনিবর্সিটির কি তাহার কর্ত্তৃত্ব করিবার সভা সংস্থাপনের কার্য্যে হস্তক্ষেপ করেন নাই, কিন্তু আর্ট অর্থাৎ বিদ্যা ও ঔষধ ও ব্যবস্থা ও সিবিল ইঞ্জিনিয়রিং এই২ বিষয়ে উপাধি ও মর্য্যাদার পদ পাইবার জন্যে প্রথম স্থলে যেরূপ পরীক্ষা দিতে হইবেক তাহার নিয়ম করাভিন্ন অন্য কার্য্যেতে হস্তক্ষেপ করেন নাই।

৫। ঐ কমিটির সাহেবেরদের বহু গুরুতর কর্ম্মেতে কালক্ষেপ হয় ও অনেক জনের সেই কর্ম্মভিন্ন অতিরিক্ত কোন কর্ম্ম করিবার অত্যল্প অবকাশ থাকে তথাপি তাঁহারদের প্রতি অর্পিত উক্ত কর্ম্ম তাঁহারা যে মনোযোগ প্রকাশ করিয়া শুদ্ধরূপে সম্পাদন করিয়াছেন তাহার জন্যে তাঁহারা গবর্ণমেণ্টের বহু প্রশংসার যোগ্য হইয়াছেন। ঐ কর্ম্ম অতিউত্তমরূপে সম্পাদন হইয়াছে। ও কমিটির মহাশয়েরা যে নিয়মাদির পাণ্ডুলিপি প্রকাশ করিয়াছেন তাহা হজুর কৌন্সেলের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর বিনাবাধাতে সম্পূর্ণরূপে গ্রাহ্য করিয়াছেন। ফলতঃ অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা ১৮৫৪ সালের ১৯ জুলাই তারিখের পত্রেতে ও ভারতবর্ষের গবর্ণমেণ্ট কমিটি নিযুক্ত করিবার পত্রেতে যে২ অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন কোন২ বিষয় ছাড়া সেই অভিপ্রায়ানুসারে ঐ পাণ্ডুলিপি হইয়াছে।

৬। প্রথম স্থলে যে পরীক্ষা হইবার কথা আছে তাহা হওয়া উচিত কমিটির এই মতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সম্পূর্ণরূপ সম্মত আছেন। হজুর কৌন্সেলে শ্রীযুক্ত বোধ করেন যে, সেই পরীক্ষা লইবার যে নিয়মের প্রস্তাব হইয়াছে সেই নিয়মহইতে সুবিধার নিয়ম হইতে পারিত না, আর যে২ বিষয়ের পরীক্ষা লইবার প্রস্তাব হইয়াছে তাহা সুবিবেচনামতে নির্দ্ধারিত হইয়াছে।

৭। হজুর কৌন্সেলে শ্রীযুক্ত বোধ করেন যে (Bachelor of Arts and Master of Arts,) (অর্থাৎ বিদ্যারত্ন ও বিদ্যাবিশারদ) ইঙ্গরেজী এই দুই উপাধির পরিবর্ত্তে অন্য দুই উপাধি না চালাইবার উত্তম কারণ কমিটি দর্শাইয়াছেন। সেই২ উপাধি অতি চলিত ও তদ্ঘটিত যে সম্ভ্রম তাহা ইঙ্গলণ্ডে ও তাবৎ ইউরোপ দেশে স্বীকৃত আছে। আর তিনি বোধ করেন যে উচ্চতর উপাধিই প্রদত্ত মর্য্যাদার চিহ্ন করাতে তাঁহারা উত্তম করিয়াছেন।

৮। প্রথম উপাধির জন্যে যেরূপ পরীক্ষা দিতে হইবেক তদ্বিষয়ে কমিটির মহাশয়েরা মনোযোগপূর্ব্বক বিবেচনা করিয়া যে মত প্রকাশ করিয়াছেন, হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর তদপেক্ষা ভিন্ন মত যদিও কিঞ্চিৎ সন্দেহপূর্ব্বক প্রকাশ করেন তথাপি হজুর কৌন্সেলে শ্রীযুক্তের এই বিবেচনা হইতেছে যে, অতি ন্যূন যত বিদ্যাভ্যাস হইলে ঐ উপাধি পাওয়া যাইতে পারে তাহা প্রকাশ করিবার নিয়ম আরো নিশ্চিতমতে করা গেলে উত্তম হইত।

৯। কমিটির অভিপ্রায়মতে, অতি ন্যূন যত বিদ্যাভ্যাসের প্রয়োজন তাহা পরীক্ষকেরা সেনেটের উপদেশমতে নির্ণয় করিবেন। আর কমিটির মহাশয়েরা যে কোন বিধি করিয়া থাকুন, তাহা কর্ম্মভাবে চালাওনের নিমিত্তে ও তদনুসারে উপযুক্তমতে কর্ম্ম করণের নিমিত্তে পরীক্ষকেরদের প্রতি নির্ভর হইবেক ইহার সন্দেহ নাই। কোন

would depend mainly upon the Examiners. Nevertheless, His Lordship in Council would have been glad if, without attempting to define accurately the minimum to be exacted in each branch of study (which, indeed, would be impracticable) it had been declared indispensably necessary that a thorough and perfect knowledge of some branches up to a certain point, or a complete mastery of certain recognized text-books, should be exhibited, not as in itself sufficient to secure even a bare Degree, but as a *sine quâ non* without which no Degree should be granted.

বিশেষ বিদ্যাতে এত নৈপুণ্য প্রয়োজন তাহার ন্যূন না হয় এমত সুক্ষ্মরূপে প্রয়োজনীয় নৈপুণ্য নির্ণয় করা যাইতে পারে না বটে অতএব তাহা করিবার উদ্যোগও করা ব্যর্থ, তথাপি কোন বিশেষ বিদ্যার এত দূরপর্য্যন্ত সম্পূর্ণ ও শুদ্ধ জ্ঞান প্রকাশ করা, কিম্বা সর্ব্বসম্মত বিশেষ কোন পুস্তক অভ্যাসের ফলে সম্পূর্ণ দক্ষতা প্রকাশ করা আবশ্যক, আর তাহা হইলে উপাধি যে পাওয়া যাইবেক এমত নহে কিন্তু তাহা না হইলে কোন উপাধি পাওয়া যাইতে পারিবেক না এইরূপ যদি নির্দ্ধার্য্য হইত, তবে হজুর কৌন্সেলে শ্রীযুক্ত সন্তুষ্ট হইতেন।

10. Mathematics up to a certain stage, or the elements of Logic as treated in the works of one or other standard writer, might be prescribed as subjects upon which the knowledge of the Candidates would be as strictly and thoroughly tested, as in the case of their own Vernacular Language, a critical knowledge of which is wisely insisted upon.

১০। যাঁহারা উপাধি পাইতে চাহেন তাঁহারদের স্বদেশীয় ভাষার অতিসূক্ষ্ম জ্ঞানের আবশ্যক এই নিয়ম অতিসুবিবেচনামতে হইয়াছে। সেইরূপে কতক দূর পর্য্যন্ত মাথিমাটিক বিদ্যার বিষয়ে কিম্বা সর্ব্বসম্মতিতে উত্তম কোন গ্রন্থকর্ত্তার গ্রন্থমতে তর্ক বিদ্যার বিষয়ে উপাধির আকাঙ্ক্ষি ব্যক্তির জ্ঞানের অতি কঠোর ও সূক্ষ্মরূপে পরীক্ষা লওয়া গেলে উত্তম হয়।

11. The Governor General in Council considers, that some such rule would be beneficial, as enjoining exactness and completeness of knowledge, and as indicating that, though the amount required is described as "moderate," that which is known should be known thoroughly. The habit of discursive reading, and the acquisition thereby of superficial knowledge, are always dangerously seductive to Students, and are too often encouraged by Teachers; and the wide range of study to which even those who aim at the lowest Degree are invited may increase the danger. That the range should be wide is, in itself, quite right; but the fact, that it is so, seems to call for some counteracting inducement to close and accurate study.

১১। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের এই বিবেচনা হইতেছে যে, তদ্রূপ কোন বিধি হইলে লভ্যজনক হয়, কেননা তাহাতে শুদ্ধ ও সম্পূর্ণ জ্ঞানের আদেশ হয়। আর যদিও প্রয়োজনীয় জ্ঞান অতিবাহুল্য নয় তথাপি যেপর্য্যন্ত হয় সেইপর্য্যন্ত তাহা পাকা হইবার আবশ্যক দেখা যাইবেক। বহুবিধ পুস্তক পাঠ করিবার যে রীতি, তাহাতে সামান্য জ্ঞান প্রাপ্তি হয় আর তাহাতে পাঠার্থিরদের ক্ষতিকররূপে সন্তোষ জন্মায়, শিক্ষকেরাও তদ্রূপ পাঠে অনেকবার উৎসাহ দিয়া থাকেন। আর যাঁহারা অতিক্ষুদ্র উপাধি চাহেন তাঁহারদের যে বহুবিধ বিদ্যাভ্যাস করিবার আদেশ হইয়াছে ইহাতে সেই দোষ বৃদ্ধি হইতে পারে। বহুবিধ বিদ্যাতে পরীক্ষা দেওয়া উচিত বটে, কিন্তু সেই কারণেতে সেই দোষ নিবারণের উপায় অর্থাৎ যাহাতে অতি মনোযোগক্রমে সুক্ষ্মরূপে অভ্যাস হয় এমত কোন নিয়মকরা আবশ্যক।

12. With these observations, the Governor General in Council will leave the further consideration of this important point to the Senates.

১২। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর এইপর্য্যন্ত মন্তব্য কথা প্রকাশ করিয়া এই গুরুতর বিষয়ের অধিক বিবেচনার কার্য্য সেনেটের হস্তে অর্পণ করিলেন।

13. The Governor General in Council cordially agrees in the decision to which the Committee have come in admitting the Evidences of Revealed Religion as contained in Butler's Analogy and Paley's Evidences, as one of the subjects which a Candidate for Honors in the Mental and Moral Sciences may select for Examination. The subject being entirely optional, and consideration being had for the studies pursued in affiliated Institutions, in some of which Theology will hold a prominent place, His Lordship in Council cannot think that this will be deemed by the Hon'ble Court to be an infringement of the spirit of their injunction that the Examination for Degrees should not include subjects connected with religious belief.

১৩। যে কোন ব্যক্তি মানসিক ও নীতি বিদ্যাতে (Mental and Moral Sciences,) মর্য্যাদার পদপ্রাপ্ত হইতে চাহেন তিনি অন্যান্য বিষয়ে যেমন পরীক্ষা দিবেন তেমন (Butler's Analogy and Paley's Evidences,) এই দুই পুস্তকে প্রকাশিত ধর্ম্মের প্রমাণ বিষয়ে পরীক্ষা দিতে পারিবেন কমিটির মহাশয়েরদের এই মতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর মনের সহিত সম্মত হন। শ্রীযুত অনরবিল কোর্টের আদেশ এইযে, উপাধি পাইবার নিমিত্তে যে২ বিষয়ের পরীক্ষা দিতে হইবেক তাহার মধ্যে, ধর্ম্মসংক্রান্ত বিশ্বাসসম্পর্কীয় কোন বিষয় ধরা না যায় কিন্তু ঐ বিষয় নিতান্ত কাম্য ও যে২ বিদ্যালয় উনিবর্সিটির সঙ্গে সংযুক্ত থাকিবেক তাহার মধ্যে কোন২ বিদ্যালয়ে (Theology,) অর্থাৎ ঈশ্বরীয় বিদ্যা প্রধানরূপে মান্য হইবেক ইহা বিবেচনা করিয়া হজুর কৌন্সেলে শ্রীযুত বোধ করেন যে উক্ত নিয়মে, শ্রীযুত অনরবিল কোর্টের আদেশের অভিপ্রায় লঙ্ঘন হইবেক না।

14. The rules by which Degrees in Medicine and in Civil Engineering are to be governed call for no observation.

১৪। চিকিৎসা বিদ্যাতে ও সিবিল ইঞ্জিনিয়রিং বিদ্যাতে উপাধি পাইবার যে বিধি করা গিয়াছে তদ্বিষয়ে কিছু লিখিবার প্রয়োজন নাই।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৭ জানুআরি।]

15. It is recommended, that there shall be but one Degree in Law, and that a Degree in Arts shall be a necessary condition of obtaining it, provided that the standard of an ordinary Degree in Arts is not fixed so high as to make it too severe a test of the general Education of a Law Student. The Governor General in Council is of opinion, that the standard of an ordinary Degree in Arts ought not to be, and is not in the Committee's Scheme, fixed so high as to give any reasonable ground for such an objection.

১৫। Law অর্থাৎ ব্যবস্থা বিদ্যার জন্যে কেবল এক উপাধি হয় ও Arts ইহার এক উপাধি পাওয়া না গেলে ঐ উপাধি পাওয়া যাইতে পারিবেক না, কিন্তু ইহাতে প্রয়োজন যে আর্টের সামান্য উপাধি পাইবার জন্যে যত দূরপর্য্যন্ত বিদ্যার পরীক্ষা দিতে হইবেক তাহাতে ব্যবস্থা অধ্যয়নকারির সাধারণমতে যে২ বিষয়ের অনুশীলন করিতে হয় তাহা বুঝিয়া ঐ পরীক্ষা অতিকঠিন না হয়, এমত পরামর্শ হইয়াছে। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর বোধ করেন আর্টের সামান্য উপাধি পাইবার জন্যে এমত কঠিন পরীক্ষা হওয়া উচিত নয়, আর তদ্রূপ আপত্তির উপযুক্ত কোন কারণ যাহাতে হইতে পারে কমিটির নিয়মমতে ঐ পরীক্ষা তাদৃশ কঠিনও হয় নাই।

16. Whether a Degree in Law shall be made a condition of admission to the Bar, or to the Judicial Service of the Company, will be determined by the Government hereafter. The question must be decided solely upon a consideration of what may most conduce to a sound administration of the Law, and it would be quite premature to discuss it before the University has come into active operation, and has been proved. The course of Study in the University has properly been fixed without reference to the decision which may be taken upon this point.

১৬। ব্যবস্থার উপাধি না পাইলে কেহ ওকালতী করিতে পারিবেন না কিম্বা কোম্পানি বাহাদুরের কর্ম্মে বিচারকর্ত্তা পদ পাইতে পারিবেন না এমত নিয়ম করিতে হয় কি না এই বিষয় গবর্ণমেণ্ট পশ্চাতে নির্দ্ধার্য্য করিবেন। আইনমতে কার্য্য অতি ফলজনকরূপে নির্ব্বাহ হইবার উপায় যাহাতে হয় কেবল এই কথার বিবেচনায় ঐ বিষয় নির্দ্ধার্য্য করিতে হইবেক। আর উনিবর্সিটির কর্ম্মারম্ভ না হইলে ও তাহার ফলাফলের প্রমাণ না হইলে ঐ বিষয়ের তর্ক করা অকালের কার্য্য হয়। উনিবর্সিটিতে যে২ বিদ্যানুশীলন করিতে হইবেক তাহা এই বিষয়ে যে নিষ্পত্তি হউক না হউক তাহার প্রতি দৃষ্টি না রাখিয়া নির্ণয়করণে উচিত কার্য্য হইয়াছে।

WHEREAS it is expedient to make better provision for the appointment of Commissioners for the Conservancy and improvement of the Town of Calcutta, and for assessing and levying rates and taxes for Municipal purposes in the said Town; and whereas it is also expedient to provide additional funds for improving the drainage and lighting of the said Town; It is enacted as follows :—

[Acts repealed. Recovery of arrears of assessment.]

I. Act X. of 1852, Section L. Act XII. of 1852, and Act XXVIII. of 1854, are hereby repealed, except so far as they repeal any other Act, and except as to any assessment made before this Act comes into operation. Any sum of money due or which may become due in respect of such assessment may be levied and recovered under the provisions of this Act.

[Remission of part of the last quarterly assessment.]

II. And whereas the quarterly assessment last made under Act X. of 1852 includes the month of January 1857, and power is given by this Act

আইন।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৬ সাল ২৭ ডিসেম্বর।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের স্বীকৃত নীচের লিখিত আইন শ্রীযুক্ত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৬ সালের ২৬ ডিসেম্বর তারিখে মঞ্জুর করেন। তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৬ সাল ২৮ আইন।

কলিকাতা নগরের মধ্যে মুনিসিপল কমিস্যনরদিগকে নিযুক্ত করিবার ও রেট ও টাক্স আদায় করিবার আইন।

[হেতুবাদ।]

কলিকাতা নগর পরিপাটীরূপে রাখিবার ও আরো উত্তম করিবার জন্যে কমিস্যনরদিগকে নিযুক্ত করিবার, ও সেই নগরে মুনিসিপল অর্থাৎ নগর পরিপাটীরূপে রাখিবার কার্য্যের নিমিত্তে রেট ও টাক্স বসাইবার ও আদায় করিবার আরো উত্তম বিধান করা বিহিত, আর উক্ত নগরে আরো উত্তমরূপে নরদমা করিবার ও আলো দিবার জন্যে অধিক টাকা পাইবার উপায় করা বিহিত, এই২ হেতুতে নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে২ আইন রদ হইল। টাক্সের বাকী আদায় করণ।]

১ ধারা। ১৮৫২ সালের ১০ আইন ও ১৮৫২ সালের ১২ আইনের ৫০ ধারা ও ১৮৫৪ সালের ২৮ আইন এতদ্দ্বারা রদ হইল। কিন্তু সেই২ আইনের যে অংশেতে অন্য কোন আইন রদ হয় সেই অংশ রদ হইবেক না। ও এই আইন বলবৎ হইবার পূর্ব্বে যে কোন টাক্স ধার্য্য হয় তাহার সম্পর্কে ঐ২ আইন রদ হইবেক না। সেই ধার্য্যকরা টাক্সের যে কিছু টাকা পাওনা হইয়াছে কি হয় তাহা এই আইনের বিধানমতে আদায় হইতে ও পাওয়া যাইতে পারিবেক ইতি।

[গত তিন মাসের টাক্সের কিঞ্চিৎ ক্ষমা করণ।]

২ ধারা। আরো ১৮৫২ সালের ১০ আইনমতে যে তিন২ মাসের টাক্স ধার্য্য হইয়াছিল তাহার মধ্যে ১৮৫৭ সালের জানুআরি মাসও ধরা গিয়াছে। আর যে মিয়া-

to impose a rate upon houses, buildings, and lands for a period including the same month, it is hereby enacted that one-third of the sum payable on account of the said assessment shall be remitted.

[Act XXV. of 1856 incorporated. Construction.]

III. Act XXV. of 1856, entitled "An Act to comprise in one Act the provisions necessary for the assessment and collection of Municipal rates and taxes in the Towns of Calcutta, Madras, and Bombay, and the several stations of the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca," is incorporated with this Act; and in construing the said Act as incorporated with this Act, the expression "the special Act" shall mean this Act, the expression "the Commissioners" shall mean the Municipal Commissioners constituted by this Act, and the expression "the local Government" shall mean the Lieutenant Governor of Bengal.

[Appointment of Commissioners.]

IV. There shall be three Commissioners for the purposes of this Act and for the Conservancy of the Town of Calcutta under Act XIV. of 1856. Such Commissioners shall be appointed by the Lieutenant Governor of Bengal and shall be removeable at his pleasure.

[President.]

V. The Lieutenant Governor of Bengal shall appoint one of the said Commissioners to be President of the Board of Commissioners.

[Commissioners to be a body corporate.]

VI. The Commissioners so appointed shall be styled the Municipal Commissioners for the Town of Calcutta, and shall by such name be a body corporate and have perpetual succession and a common seal, and by such name shall sue and be sued.

[Meetings of Commissioners.]

VII. The Municipal Commissioners shall meet once at least in every week. The attendance of two shall be necessary to constitute a meeting. At a meeting of two on questions on which they are divided in opinion, if the President be one of them, he shall have a casting vote, otherwise the question shall be reserved for the decision of a future meeting.

[Pay of Commissioners.]

VIII. The Municipal Commissioners may receive such allowances out of the funds to be raised under this Act as shall be from time to time fixed by the Lieutenant Governor. Provided that the allowances for any Commissioner shall not exceed the rate of ten thousand Rupees a year if the Commissioner holds no other appointment or occupation, or the rate of four thousand Rupees a year if he holds any other appointment or occupation.

[Rate on houses.]

IX. An annual rate of seven and a half per

দের নিমিত্তে ঘরের ও ইমারতের ও ভূমির উপর রেট বসাইবার ক্ষমতা এই আইনেতে দেওয়া গিয়াছে তাহার মধ্যেও ঐ মাস পড়ে। এই হেতুতে হুকুম হইয়াছে যে পূর্ব্বের ধার্য্যকরা টাক্সের জন্যে যে টাকা দেনা হয় তাহার তিন ভাগের এক ভাগ ক্ষমা হইবেক ইতি।

[১৮৫৬ সালের ২৫ আইন এই আইনেতে সংযুক্ত হইবেক। অর্থ করণ।]

৩ ধারা। "কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরে ও পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকার বসতি স্থানের নানা মোকামে নগর পরিপাটীরূপে রাখিবার জন্যে রেট ও টাক্স ধার্য্য ও আদায় করিবার আবশ্যক বিধান একি আইনেতে সংগ্রহ করিবার আইন" এই নামে খ্যাত ১৮৫৬ সালের ২৫ আইন এই আইনেতে সংযুক্ত হইয়াছে। আর এই আইনেতে সংযুক্ত উক্ত আইনের অর্থ করণেতে "বিশেষ আইন" এই শব্দেতে এই আইন বুঝাইবেক, আর "কমিসানরেরা" এই শব্দেতে এই আইনমতে নিযুক্ত মুনিসিপল কমিসানরদিগকে বুঝাইবেক, ও "স্থানীয় গবর্ণমেণ্ট" এই শব্দেতে বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবকে বুঝাইবেক ইতি।

[কমিসানরেরদের নিযুক্ত করণ।]

৪ ধারা। এই আইনের কার্য্যের নিমিত্তে ও ১৮৫৬ সালের ১৪ আইনমতে কলিকাতা নগর পরিপাটীরূপে রাখিবার জন্যে তিন জন কমিসানর থাকিবেন। বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ কমিসানরদিগকে নিযুক্ত করিবেন ও স্বেচ্ছামতে তাঁহারদিগকে অবসর করিতে পারিবেন ইতি।

[প্রেসীডেণ্ট।]

৫ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব উক্ত কমিসানরেরদের এক জনকে কমিসানরেরদের বোর্ডের প্রেসীডেণ্টরূপে নিযুক্ত করিবেন ইতি।

[কমিসানরেরা চার্টরপ্রাপ্ত সমাজস্বরূপ হইবেন।]

৬ ধারা। সেই প্রকারে নিযুক্ত কমিসানরেরা "কলিকাতা নগরের মুনিসিপল কমিসানরেরা" এই নামে খ্যাত হইবেন ও সেই খ্যাতিমতে তাঁহারা চার্টরপ্রাপ্ত সমাজস্বরূপ হইবেন ও তাঁহারদের অনবরত পর্য্যায় ও সাধারণ এক মোহর থাকিবেক। ও সেই খ্যাতি ধরিয়া তাঁহারা নালিশ করিবেন ও তাঁহারদের নামে নালিশ হইবেক ইতি।

[কমিসানরেরদের বৈঠক।]

৭ ধারা। মুনিসিপল কমিসানরেরা প্রতিসপ্তাহে অতিকম একবার বৈঠক করিবেন। বৈঠক হইবার জন্যে অতিনুান দুই জনের থাকা আবশ্যক। যদি কেবল দুই জন বৈঠকে আইসেন ও তাঁহারা যে কথার বিবেচনা করেন তাহাতে ভিন্ন মত হয় তবে সেই দুই জনের এক জন প্রেসীডেণ্ট হইলে তাঁহার মত প্রবল হইবেক। না হইলে ঐ কথা অন্য বৈঠকে নিষ্পত্তি হইবার জন্যে থাকিবেক ইতি।

[কমিসানরেরদের বেতন।]

৮ ধারা। এই আইনমতে যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব মুনিসিপল কমিসানরেরদের যে বেতন সময়েং নির্দ্ধার্য্য করেন সেই বেতন তাঁহারা পাইবেন। পরন্তু যদি কোন কমিসানরের অন্য কোন পদ কি কর্ম্ম না থাকে তবে তাঁহাকে বৎসরে দশ হাজার টাকার হিসাবের অধিক বেতন দেওয়া যাইবেক না। কিম্বা যদি তাঁহার অন্য পদ কি কর্ম্ম থাকে তবে বৎসরে চারি হাজার টাকার হিসাবের অধিক বেতন দেওয়া যাইবেক না ইতি।

[ঘরের উপর রেট।]

৯ ধারা। উক্ত নগরস্থ ঘরের ও ইমারতের ও ভূমির

Cent. of the annual value shall be imposed upon houses, buildings, and lands in the said Town, and shall be payable by the owners thereof by quarterly instalments.

[Exemption of Public buildings, &c.]

X. Houses, buildings, and lands situate in Fort William, on the Esplanade of the Fort, and in Cooly Bazaar, and buildings used exclusively as places of public worship, shall not be liable to the rate.

[Power to exempt small holdings from assessment.]

XI. The Commissioners may exempt from assessment any house, building, or land the annual value whereof is less than twelve Rupees, if the same be the sole rateable property of the owner.

[Remission on account of vacant houses.]

XII. When any house shall have been vacant for sixty consecutive days during any year, the Commissioners shall remit so much of the rate for that year as may be proportionate to the number of days the said house may have remained unoccupied; provided that the owner of such house, or his agent, shall have given notice in writing of the vacancy thereof to the Commissioners, and that the amount of rate to be remitted shall be calculated from the date of the delivery of such notice.

[Tax on vehicles and animals.]

XIII. A Tax shall be imposed upon all Carriages, Carts, Hackeries, Horses, Ponies, and Mules, kept within the said Town, and upon all Carts and Hackeries plying for hire within the said Town, or let for hire and used within the said Town, and kept at any place beyond the limits thereof, at the rates specified in the annexed Schedule; and shall be payable quarterly by the owners or persons having charge of the same.

[Exemption of certain vehicles and animals.]

XIV. Provided that the several vehicles and animals hereinafter mentioned shall be exempt from the Tax, namely :—

Gun Carriages, and Ordnance Carts and Waggons.

Cavalry Horses, and Horses of the Mounted Police.

Horses belonging to Officers doing Regimental duty at the Presidency, at the rate of one horse for each Officer.

Conservancy Carts, Horses, Ponies, and Mules belonging to the Commissioners.

Vehicles and Animals kept for sale and not used for any other purpose, if kept by *bonâ fide* dealers in such Vehicles and Animals.

[Ownership for more than 30 days to constitute liability to the Tax for a whole quarter. Transfer of ownership.]

XV. Every person, who may have owned or had charge of any Vehicle or Animal kept within the said Town for a period exceeding thirty days

উপর তাহার বার্ষিক মূল্যের শত টাকাপ্রতি সাড়ে সাত টাকার হিসাবে বার্ষিক রেট বসান যাইবেক। ও তাহার স্বামিরা তিন২ মাসের কিস্তী করিয়া ঐ রেট দিতে পারিবেক ইতি।

[সরকারী ইমারৎ ধরা যাইবেক না।]

১০ ধারা। ফোর্ট উলিয়ম কিল্লাতে ও কিল্লার মাঠে ও কুলি বাজারে যে সকল ঘর ও ইমারৎ ও ভূমি আছে ও যে২ ঘরে প্রকাশরূপে কেবল ঈশরারাধনা হয় সেই২ ঘরের রেট লাগিবেক না ইতি।

[ক্ষুদ্র২ ভূম্যাদি মুক্ত করিবার ক্ষমতা।]

১১ ধারা। যদি কোন ঘরের কি ইমারতের কি ভূমির বার্ষিক মূল্য ১২৲ টাকার কম হয় ও যাহার উপর রেট বসান যাইতে পারে স্বামির কেবল সেই সম্পত্তি থাকে তবে কমিস্যনরেরা সেই ঘরপ্রভৃতির রেট ক্ষমা করিতে পারিবেন ইতি।

[খালী ঘর ক্ষমা করণ।]

১২ ধারা। যদি কোন ঘর কোন বৎসরের মধ্যে ক্রমশঃ ষাইট দিনপর্য্যন্ত খালী থাকে তবে কমিস্যনরেরা ঐ ঘর যত দিন খালী হইয়া থাকিল তাহার হিসাব করিয়া ঐ বৎসরের তত রেট ক্ষমা করিবেন। পরন্তু ইহাতে প্রয়োজন যে ঐ ঘরের স্বামী কি তাহার মোখ্তার ঐ ঘর খালী হইবার সম্বাদ কমিস্যনরদিগকে লিখিয়া দেয় আর রেটের যত ক্ষমা করিতে হইবেক তাহার হিসাব ঐ সম্বাদ দিবার তারিখঅবধি করা যায় ইতি।

[গাড়ি ও ঘোড়ার উপর টাক্স।]

১৩ ধারা। যে সকল গাড়ি ও বলদগাড়ি ও ছকড়া গাড়ি ও ঘোড়া ও টাটু ও খচর উক্ত নগরের মধ্যে রাখা যায়, ও যে সকল বলদগাড়ি ও ছকড়াগাড়ি উক্ত নগরের মধ্যে ভাড়ার নিমিত্তে চালান হয় কিম্বা ভাড়া হইয়া উক্ত নগরের মধ্যে চলে ও নগরের সীমার বাহিরে কোন স্থানে রাখা যায় সেই সকল গাড়িপ্রভৃতির উপর পশ্চাৎ লিখিত তফসীলের নিরূপিত হিসাবে টাক্স বসান যাইবেক। ও সেই টাক্স সেই গাড়িপ্রভৃতির স্বামিরদের কিম্বা যাহারদের জিম্মার তাহা থাকে তাহারদের তিন২ মাসে দেনা হইবেক ইতি।

[কোন২ গাড়ি ও ঘোড়া সেই টাক্সহইতে মুক্ত হইবেক।]

১৪ ধারা। পরন্তু যে২ প্রকারের গাড়ি ও ঘোড়াপ্রভৃতি নীচে লেখা যাইতেছে তাহা সেই টাক্সহইতে মুক্ত হইবেক। অর্থাৎ

কামানের গাড়ি ও বারুদআদি বহিবার বলদগাড়ি ও ওয়াগন।

ঘোড়সওয়ার সিপাহীরদের ও পোলীসের ঘোড়সওয়ার আমলারদের ঘোড়া।

যে পল্টনের সাহেবেরা রাজধানীতে পল্টনের কর্ম্ম করেন তাঁহারদের এক২ জন সাহেবের এক২ ঘোড়া।

নগর পরিষ্কার করিবার জন্যে কমিস্যনরেরদের গাড়ি ও ঘোড়া ও টাটু ও খচর।

যে২ গাড়ি ও ঘোড়াপ্রভৃতি কেবল বিক্রয় করিবার জন্যে রাখা যায় ও সেইরূপ গাড়ির ও ঘোড়ার নিতান্ত ব্যবসায়ী যাহারা তাহারদেরই নিকটে থাকে ইতি।

[ত্রিশ দিনের অধিক কাল স্বামী হইলে সম্পূর্ণ তিন মাসের টাক্স দিতে হইবেক। স্বামিত্ব হস্তান্তর করণ।]

১৫ ধারা। যে২ ব্যক্তি কোন তিন মাসের মধ্যে ত্রিশ দিনের অধিক কাল উক্ত নগরের মধ্যে রাখা কোন গাড়ির কি ঘোড়াপ্রভৃতির স্বামী হয়, কি যে ব্যক্তির জিম্মায়

in any quarter, shall be liable to the whole Tax for that quarter. If the period do not exceed thirty days, no Tax shall be chargeable for that quarter. Provided that, when any person owning or having charge of any vehicle or animal shall transfer the same to another person, he shall give notice thereof to the Commissioners within one week of the date of such transfer, or, if he fail to give such notice, shall be liable to the whole tax for the quarter, although the period during which he may have owned or had charge of such vehicle or animal shall not have exceeded thirty days.

[Remission of tax on Carriages under repair.]

XVI. When a Carriage shall have been under repair at a carriage-maker's for more than thirty days in any quarter, the Commissioners shall remit so much of the tax for that quarter as may be proportionate to the number of days the said Carriage may have been under repair.

[Commissioners may compound.]

XVII. The Commissioners, at their discretion, may compound, for any period not exceeding one year with Livery Stable-keepers, and other persons keeping Carriages and Horses for hire, for a certain sum to be paid for the Carriages and Horses so kept by such persons, in lieu of the taxes specified in the Schedule.

[Registry and numbering of hired Carriages.]

XVIII. Every Carriage of the description rated in the Schedule at one Rupee eight annas, kept and let out for hire within the said Town; and every Cart and Hackery kept and used within the said Town; and every Cart and Hackery plying for hire within the said Town, or let for hire and used within the said Town, and kept at any place beyond the limits thereof—shall be registered in the Office of the Commissioners, with the name and residence of the owner, and shall bear, in such manner as the Commissioners shall direct, the number of such registration. The registration shall be made and the numbers assigned annually, upon such day in each year as the Commissioners shall appoint. Any person becoming possessed, within the year, of any such Carriage, Cart, or Hackery, which has not been registered, may obtain registration on application to the Commissioners at their Office. When any registered Carriage, Cart, or Hackery is transferred within the year, it shall be registered anew in the name of the person to whom it has been transferred. A fee of four annas shall be paid for each registration.

[Penalty for not registering.]

XIX. Whoever keeps any such Carriage, Cart, or Hackery required to be registered by the provisions of the last preceding Section, without being so registered, shall, on conviction before a Magistrate, be liable to a fine not exceeding ten Rupees, and the Commissioners, or any officer duly authorized by them, may seize or cause to be seiz-

তাহা থাকে সেইং ব্যক্তির নিকটে ঐ তিন মাসের সম্পূর্ণ টাক্স পাওয়া যাইবেক। যদি ত্রিশ দিনের অধিক না হয় তবে সেই তিন মাসের কোন টাক্স লওয়া যাইবেক না। কিন্তু যদি কোন ব্যক্তি কোন গাড়ির কি পশুর স্বামী হইয়া তাহা অন্য ব্যক্তির নিকটে হস্তান্তর করিয়া দেয় তবে সে সেইরূপ হস্তান্তর করিবার তারিখের পর এক সপ্তাহের মধ্যে সেই কথা কমিস্যনরদিগকে জানাইবেক। কিম্বা যদি সেই কথা না জানায় তবে যদিও ত্রিশ দিনের অধিক কাল সেই গাড়ির কি পশুর স্বামী না হইয়া থাকে কি তাহার জিম্মা না পাইয়া থাকে তথাপি সে ঐ তিন মাসের সম্পূর্ণ টাক্স দিবার যোগ্য হইবেক ইতি।

[যে গাড়ির মেরামৎ হইতেছে তাহার টাক্স ক্ষমা করণ।]

১৬ ধারা। যখন কোন গাড়ির মেরামৎ হইতেছে ও কোন তিন মাসের ত্রিশ দিনের অধিক কাল মেরামৎকরণিয়ার ঘরে থাকে, তখন ঐ গাড়ি যত দিন মেরামৎ হইতেছিল তাহার হিসাবমতে কমিস্যনরেরা ঐ তিন মাসের তত টাক্স ক্ষমা করিবেন ইতি।

[কমিস্যনরেরা আড়গড়াওয়ালারদের সঙ্গে রফা করিতে পারিবেন।]

১৭ ধারা। কমিস্যনরেরা আপনারদের বিবেচনামতে আড়গড়াওয়ালারদের সঙ্গে ও অন্য যেং লোক ভাড়া দিবার জন্যে গাড়ি ও ঘোড়া রাখে তাহারদের সঙ্গে এক বৎসরের অধিক না হয় এমত মিয়াদের এইরূপ রফা করিতে পারিবেন যে তাহারা তফসীলের লিখিত টাক্সের পরিবর্ত্তে তদ্রূপে যে সকল গাড়ি ও ঘোড়া রাখে তাহার জন্যে মোটে কতক টাকা দেয় ইতি।

[ভাড়ার গাড়িপ্রভৃতির রেজিষ্টরী করণ ও নম্বর দেওন।]

১৮ ধারা। তফসীলে যাহার ১৷৷০ দেড় টাকার হিসাবে টাক্স ধরা গিয়াছে এমত যে প্রত্যেক গাড়ি উক্ত নগরের মধ্যে রাখা যায় ও ভাড়া করিয়া দেওয়া যায়, ও যে প্রত্যেক বলদগাড়ি ও ছকড়া গাড়ি উক্ত নগরের মধ্যে রাখা যায় ও চালান যায়, ও যেং বলদগাড়ি কি ছকড়া গাড়ি উক্ত নগরের মধ্যে ভাড়ার নিমিত্তে চালান হয়, কিম্বা ভাড়া লইয়া উক্ত নগরের মধ্যে চলে ও সেই নগরের সীমার বাহিরে কোন স্থানে রাখা যায়—তাহা স্বামির নাম ও বাসস্থান সমেত কমিস্যনরেরদের দপ্তরখানায় রেজিষ্টরী করা যাইবেক। আর কমিস্যনরেরা যেমত আজ্ঞা করেন সেই মতে সেই রেজিষ্টরী হওনের নম্বর সেই গাড়িপ্রভৃতিতে দেওয়া যাইবেক। কমিস্যনরেরা বৎসরেং যে দিন নিরূপণ করিবেন সেই দিনে, বৎসরেং ঐ রেজিষ্টরী করাণ যাইবেক ও নম্বর দেওয়া যাইবেক। যে গাড়ির কি বলদগাড়ির কি ছকড়া গাড়ির রেজিষ্টরী না হইয়াছে এমত গাড়ি বৎসরের মধ্যে কেহ পাইলে সে কমিস্যনরেরদের দপ্তরখানায় তাহারদের নামে দরখাস্ত দিলে তাহা রেজিষ্টরী করাইয়া লইতে পারিবেক। যদি রেজিষ্টরীকরা কোন গাড়ি কি বলদগাড়ি কি ছকড়া গাড়ি বৎসরের মধ্যে হস্তান্তর করা যায় তবে যাহার হাতে গিয়াছে তাহার নামে তাহা নূতন রেজিষ্টরী করা যাইবেক। একং বার রেজিষ্টরী করিবার জন্যে ।০ চারি আনা করিয়া রসুম দিতে হইবেক ইতি।

[রেজিষ্টরী না করিবার দণ্ড।]

১৯ ধারা। উক্ত ১৮ ধারার বিধানমতে যে গাড়ি কি বলদগাড়ি কি ছকড়া গাড়ির রেজিষ্টরী করিবার আজ্ঞা হইয়াছে তাহা তদ্রূপে রেজিষ্টরী না হইলেও যে কেহ রাখে তাহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সে দশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক আর কমিস্যনরেরা কিম্বা কমিস্যনরেরদের স্থানে উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্ম্ম-

ed any such Carriage, Cart, or Hackery (provided the same be not employed at the time of seizure in the conveyance of any passengers or goods) together with the horses, bullocks, or other animals drawing the same, and may deliver them over to the Police; and all Police Officers are hereby required, on the application of the Commissioners or their officer as aforesaid, to seize and detain the same. If the Carriage or other Vehicle as aforesaid be not claimed, or if the fine be not paid within ten days, such Carriage or Vehicle, together with the animal seized with it, may be sold by auction by order of the Magistrate, and the proceeds applied to the payment of the fine, and all costs and charges incurred on account of the detention and sale; and the surplus (if any), if not claimed by the owner within a further period of twenty days, shall be paid to the Municipal Commissioners.

[Gas Contracts.]

XX. The Commissioners, with the sanction of the Lieutenant Governor of Bengal, may contract with the owners of any Gas-works for lighting with Gas such of the public streets of the said Town as the Commissioners, with the like sanction, shall from time to time determine.

[Lighting-rate.]

XXI. To provide for the better lighting of the public streets of the said Town an annual Lighting-rate of two per Cent. of the annual value shall be imposed upon all houses, buildings, and lands in the said Town, the estimated monthly rent of which is not less than ten Rupees; and such rate shall be payable in quarterly instalments by the occupiers of such houses, buildings, and lands. The sum applicable annually to the current expenses of lighting the said streets shall be the gross proceeds of the said Lighting-rate and no more; but the Commissioners may expend out of the funds at their disposal such further sums as may from time to time be requisite for the purchase, setting up, and maintaining of lamps, lamp-posts, pipes, and other necessary apparatus.

[Occupier liable to the rate for time of occupation only.]

XXII. Every occupier shall be liable to the Lighting-rate for the time of his occupation; and when any person shall have been an occupier for a part only of any quarter, the Commissioners shall charge him with only so much of the rate for that quarter as may be proportionate to the number of days during which he continued to be an occupier. No such rate shall be chargeable to any person on account of any unoccupied house for the time during which it may remain unoccupied. Provided always that, when any person ceases to be the occupier of any premises liable to the rate, he shall give the Commissioners notice thereof and of the place to which he has re-

[*Government Gazette*, 3rd *February*, 1857.]

কারক সেই প্রকারের কোন গাড়ি কি বলদগাড়ি কি ছকড়া গাড়ি ও যেং ঘোড়া কি বলদ কি অন্য জন্তু ঐ গাড়িপ্রভৃতি টানিতেছে তাহাও ধরিয়া কিম্বা ধরাইয়া লইয়া পোলীসের নিকটে সমর্পণ করিতে পারিবেন। কিন্তু যে সময়ে কোন চড়নদারকে কি মাল লইয়া যাইতেছে এমত সময়ে তাহা ধরা না যায়। আর পোলীসের সকল আমলাকে এতদ্দ্বারা হুকুম হইতেছে যে কমিস্যনরেরা কি তাঁহারদের পূর্ব্বোক্ত প্রকারের কর্ম্মকারক আদেশ করিলে তাহারা ঐ গাড়িপ্রভৃতি ধরিয়া আটক করিয়া রাখে। যদি সেই গাড়ির কি পূর্ব্বোক্ত প্রকারের বলদগাড়িপ্রভৃতির উপর দাওয়া না হয় কিম্বা দশ দিনের মধ্যে সেই জরীমানার টাকা দেওয়া না যায় তবে সেই গাড়িপ্রভৃতি ও তাহার সঙ্গে যে ঘোড়াপ্রভৃতি ধরিয়া লওয়া যায় তাহা মাজিষ্ট্রেট সাহেবের হুকুমমতে নীলামে বিক্রয় হইবেক ও তাহাতে যে টাকা পাওয়া যায় তাহাহইতে ঐ জরীমানার টাকা ও সেই গাড়িপ্রভৃতি আটক করিয়া রাখিবার ও নীলাম করিবার সকল খরচখরচা কাটিয়া লওয়া যাইবেক ও অবশিষ্ট কিছু থাকিলে তাহা আর কুড়ি দিনের মধ্যে স্বামী দাওয়া না করিলে মুনিসিপল কমিস্যনরদিগকে দেওয়া যাইবেক ইতি।

[গাসের চুক্তি।]

২০ ধারা। কমিস্যনরেরা বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অনুমতিক্রমে উক্ত নগরের যে সকল রাস্তায় গাস দিয়া আলো করিতে সময়েং নির্দ্ধার্য্য করেন তাহাতে আলো দিবার জন্যে তাঁহারা সেই অনুমতিক্রমে গাসের কোন কারখানার স্বামির সঙ্গে চুক্তি করিতে পারিবেন ইতি।

[আলো দিবার রেট।]

২১ ধারা। উক্ত নগরের সরকারী রাস্তায় আরো উত্তমরূপে আলো দিবার উপায় করিবার জন্যে, উক্ত নগরের যে সকল ঘরের ও ইমারতের ও ভূমির মাসিক ভাড়া অনুমানে দশ টাকার কম না হয় তাহার বার্ষিক মূল্যের উপর শতকরা দুই টাকার হিসাবে আলো দিবার বার্ষিক রেট বসান যাইবেক। আর ঐ ঘরে ও ইমারতে ও ভূমিতে যে লোকেরা বাস করে তাহারা তিনং মাসের কিস্তী করিয়া ঐ রেট দিবেক। ঐ আলো দিবার রেটের মোটে যত উৎপন্ন হয় কেবল তাহাই উক্ত রাস্তায় আলো দিবার নিয়ত খরচের নিমিত্তে বৎসরেং দেওয়া যাইবেক তাহার অধিক নয়। কিন্তু কমিস্যনরেরদের হাতে যে তহবীল থাকে তাহাহইতে তাঁহারা সময়েং প্রয়োজনমতে লাণ্টন ও লাণ্টনের থাম ও নল ও আবশ্যক অন্য সরঞ্জাম খরীদ করিবার ও বসাইবার ও রাখিবার জন্যে অধিক খরচ করিতে পারিবেন ইতি।

[বাশেন্দা যত কাল ঘরপ্রভৃতিতে থাকে কেবল সেই কালের জন্যে রেট দিবেক।]

২২ ধারা। বাশেন্দা যত কাল কোন বাড়িতে বাস করে তত কালের নিমিত্তে ঐ আলোর রেট দিবার যোগ্য হইবেক। যদি কোন ব্যক্তি কোন তিন মাসের কেবল কতক দিন বাশেন্দা হইয়া থাকে তবে যত দিন বাশেন্দা হইয়া থাকিল কমিস্যনরেরা ঐ তিন মাসের রেটের হিসাব ধরিয়া কেবল তত দিনের রেট তাহার স্থানে লইবেন। কোন ঘর যত দিন খালী থাকে ঐ ঘরের নিমিত্তে তত দিনের রেট কোন লোকের স্থানে লওয়া যাইবেক না। পরন্তু সর্ব্বদাই জানিতে হইবেক যে, কোন ব্যক্তি যখন রেট দিবার যোগ্য কোন বাড়ি ছাড়িয়া যায় তখন সেই কথা ও সেই ব্যক্তি যে স্থানে গিয়াছে তাহা কমিস্যনরদিগকে জানাইবেক। যদি না জানায় তবে সেই ব্যক্তি যদিও তিন মাসের কেবল কতক দিন সেই বাড়িতে বাস করিয়াছিল তথাপি সম্পূর্ণ তিন মাসের

moved, or, if he fail to give such notice, shall be liable to the rate assessed on the said premises for the whole quarter, although he may have occupied them for a part only of such quarter.

[Owner when liable.]

XXIII. When any house or building or any land is let by the owner in apartments or portions, the owner shall be liable to pay the Lighting-rate instead of the occupier or occupiers.

[Occupier sub-letting.]

XXIV. When any person, who rents from the owner any house or building, or any land, sublets the same in apartments or portions, such person, for the purposes of the Lighting-rate, shall be held to be the occupier.

[Drainage.]

XXV. The Commissioners shall carry out, with as little delay as possible, such a complete system of sewerage and drainage within the said Town, as shall be directed by the Lieutenant Governor of Bengal, with the sanction of the Governor General in Council, subject to such alterations as may from time to time be ordered by the said Lieutenant Governor with such sanction; and until such system of sewerage and drainage has been completed, and all the expenses thereof defrayed, and all monies borrowed for the payment of such expenses, on the security of the rates and interest thereon, have been repaid, shall set apart for the purposes above mentioned an annual sum not less than 1,50,000 Rupees, out of the proceeds of the rate provided by Section IX. of this Act.

[Drainage-rate on houses in the environs of Town.]

XXVI. The Lieutenant Governor of Bengal may determine what portions, if any, of the environs of the said Town shall be included in the said system of sewerage and drainage, and may declare the boundaries thereof by notification in the *Calcutta Gazette*. An annual rate, to be fixed from time to time by the said Lieutenant Governor, not exceeding two and a half per Cent. of the annual value, may be imposed upon all houses, buildings, and lands situate within the boundaries so notified, and shall be payable by the owners thereof by quarterly instalments. For the purposes of the said rate, the houses, buildings, and lands situate within such boundaries as aforesaid, shall be held and deemed to be a part of the said Town; and all the provisions of this Act and the incorporated Act, which relate to the assessment and collection of a rate payable by owners, shall have effect in respect to such rate.

[Certain provisions of Conservancy Act extended.]

XXVII. Sections XLIV. to LX., both inclusive, of Act XIV. of 1856, entitled "An Act for the Conservancy and Improvement of the Towns of Calcutta, Madras, and Bombay, and the several stations of the Settlement of Prince of Wales'

জন্যে ঐ বাটীর যত্ন রেট বসান গিয়াছে সেই সমুদয় দিবার যোগ্য হইবেক ইতি।

[স্বামী যে অবস্থায় দায়ী হয়।]

২৩ ধারা। যখন কোন ঘরের কি ইমারতের কি কোন ভুমির স্বামী তাহা কুঠরী২ কি ভাগ২ করিয়া ভাড়া দেয় তখন ঐ আলোর রেট বাশেন্দার কি বাশেন্দারদের দিতে হইবেক না, স্বামির দিতে হইবেক ইতি।

[বাশেন্দা ভাড়া দিলে।]

২৪ ধারা। যদি কোন ব্যক্তি কোন ঘর কি ইমারৎ কি কোন ভুমি স্বামির নিকটে ভাড়া লইয়া তাহা কুঠরী২ কি ভাগ২ করিয়া ভাড়া দেয় তবে আলোর রেটসম্পর্কে সেই ব্যক্তি বাশেন্দা জ্ঞান হইবেক ইতি।

[নরদমা করণ।]

২৫ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের অনুমতি লইয়া বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব যেমতে হুকুম করিবেন সেইমতে কমিসানরেরা সাধ্যমতে বিলম্ব না করিয়া উক্ত নগরের গলিজ নির্গত হইবার ও জল বহিবার সম্পূর্ণ নিয়ম করিবেন। কিন্তু উক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেই অনুমতি লইয়া সময়ে২ যেমন আজ্ঞা করিয়া থাকিবেন তেমনি সেই নিয়ম পরিবর্ত্তন হইতে পারিবেক। আর যাবৎ নয়নজুলির ও নরদমার সেই নিয়ম সমাপ্ত না করা যায় ও তাহার সমস্ত খরচ না দেওয়া যায় ও সেই খরচ দিবার জন্যে ঐ রেট ও তাহার সুদের জামিনীতে যে সকল টাকা কর্জ্জ হয় তাহা শোধ না করা যায়, তাবৎ কমিসানরেরা এই আইনের ৯ ধারাতে যে রেটের বিধান হইয়াছে তাহার টাকাহইতে বৎসরে২ অতিন্যূন ১,৫০,০০০৲ টাকা সেই সকল কর্ম্মের নিমিত্তে পৃথক্ রাখিবেন ইতি।

[শহরতলীতে ঘরের উপর নরদমার রেট।]

২৬ ধারা। নয়নজুলি ও নরদমা করিবার উক্ত নিয়মের মধ্যে উক্ত নগরের শহরতলীর কোন অংশ ধরিতে হইলে যে অংশ সেইরূপে ধরিতে হইবেক তাহা বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নির্ণয় করিবেন ও কলিকাতার গেজেটে ইশ্‌তিহার দিয়া তাহার সীমা প্রকাশ করিতে পারিবেন। সেই প্রকাশিত সীমার মধ্যে যে সকল ঘর ও ইমারৎ ও ভুমি আছে তাহার বার্ষিক মূল্যের উপর শতকরা ২॥০ আড়াই টাকার হিসাবে যে বার্ষিক রেট উক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়ে২ নির্দ্ধার্য্য করেন তাহা বসান যাইতে পারিবেক ও ঐ ঘরপ্রভৃতির সেই রেট তিন২ মাসের কিস্তী করিয়া স্বামির দিতে হইবেক। ঐ রেটের সম্পর্কে পূর্ব্বোক্ত সীমার মধ্যের ঘর ও ইমারৎ ও ভুমিসকল উক্ত নগরের এক ভাগ গণ্য ও জ্ঞান হইবেক। আর স্বামিরদের দেনা রেট বসাইবার ও উসুল করিবার বিষয়ে এই আইনে ও সংযুক্ত আইনে যে সকল বিধি আছে তাহা সেই রেটের সম্পর্কে বলবৎ হইবেক ইতি।

[নগর পরিপাটীরূপে রাখিবার আইনের কোন২ বিধান বিস্তারিত হইল।]

২৭ ধারা। "কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগর ও পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকার বসতির নানা মোকাম পরিপাটীরূপে রাখিবার ও আরো উত্তম করিবার আইন" এই নামে খ্যাত ১৮৫৬ সালের ১৪ আইনের ৪৪ ধারাঅবধি ৬০ ধারাপর্য্যন্ত সমুদয় ধারা এই

Island, Singapore, and Malacca," shall have effect within the boundaries to be fixed under the last preceding Section; and all penalties, expenses, and compensation which, under the said Sections and by the provisions of the said Act, may be adjudged and determined by a Magistrate or by two Magistrates acting in and for the Town of Calcutta, may be adjudged and determined within such boundaries by the Magistrate having jurisdiction therein.

আইনের ২৬ ধারামতে যে সীমানা নির্দিষ্ট হয় তাহার মধ্যে প্রবল হইবেক। আর কলিকাতা নগরে ও তাহার জন্যে কর্ম্মকারি এক জন কি দুই জন মাজিষ্ট্রেট সাহেব উক্ত সকল ধারামতে ও উক্ত আইনের বিধানমতে যে সকল জরীমানা ও খরচ ও ক্ষতিপূরণের টাকার হুকুম করিতে ও নির্দ্ধার্য্য করিতে পারেন সেই সকল জরীমানাপ্রভৃতি ঐ সীমার এলাকাপ্রাপ্ত মাজিষ্ট্রেট সাহেব ঐ সীমানার মধ্যে হুকুম করিয়া নির্দ্ধার্য্য করিতে পারিবেন ইতি।

[Recovery of expenses on account of improvements to private property.]

XXVIII. Whenever the Commissioners shall have incurred any expenses in the execution of any of the works which, under Sections XXIV., LI., and LIII. of the said Act XIV. of 1856, the owners of any premises, houses, or buildings are required to execute, the Commissioners may either recover the amount of such expenses in the manner therein provided, or, if they think fit, may take engagement from the said owners for the quarterly payment of such sums as will be sufficient to defray the whole amount of the said expenses with interest thereon at the rate of six per Cent. per annum within a period not exceeding five years; and such sums, when due, may be recovered by the same process by which rates may be recovered under the incorporated Act.

[বিশেষ ব্যক্তিরদের সম্পত্তি উত্তম করিবার খরচ ফিরিয়া পাইবার উপায়।]

২৮ ধারা। ১৮৫৬ সালের উক্ত ১৪ আইনের ২৪ ও ৫১ ও ৫৩ ধারামতে যে সকল কর্ম্ম কোন বাড়ীর কি ঘরের কি ইমারতের স্বামিরদের করিবার আজ্ঞা হইয়াছে এমত কোন কর্ম্ম সম্পাদনে যদি কমিসানরেরদের কিছু খরচ লাগে তবে কমিসানরেরা ঐ আইনেতে যেমন বিধান হইয়াছে তেমনি ঐ খরচের টাকা ফিরিয়া পাইতে পারিবেন, কিম্বা যদি উচিত বোধ করেন তবে তিন২ মাসের যে কিস্তী করিয়া ঐ সমুদয় টাকা ও তাহার উপর শতকরা ছয় টাকার হিসাবে সুদ পাঁচ বৎসরের অনধিক কালের মধ্যে শোধ হইতে পারিবেক এমত কিস্তীক্রমে ঐ টাকা দিবার করার ঐ স্বামিরদের স্থানে লইতে পারিবেন। আর সংযুক্ত আইনক্রমে ঐ রেটের টাকা যে নিয়মমতে আদায় হইতে পারিবেক সেই নিয়মেতে ঐ টাকা পাওনা হইলে উসুল হইতে পারিবেক ইতি।

[Water-supply.]

XXIX. The Commissioners, under the direction of the Lieutenant Governor of Bengal, shall, with as little delay as possible, cause to be made and constructed such tanks, reservoirs, or other works as shall be necessary to provide in convenient parts of the said Town, for the use of the inhabitants thereof, a proper supply of good and wholesome water for drinking and domestic purposes, and until such tanks, reservoirs, or other works shall have been made and constructed, and all the expenses thereof defrayed, and all monies borrowed for the payment of such expenses on the security of the rates and interest thereon shall have been repaid, shall set apart for the purpose above mentioned an annual sum not less than thirty thousand Rupees out of the proceeds of the rate provided by Section IX. of this Act. If such supply of water shall have been provided, and all the expenses thereof defrayed, and all monies borrowed for the payment of such expenses and interest thereon shall have been re-paid before the complete system of sewerage and drainage mentioned in Section XXV. of this Act shall have been completed, the said annual sum of thirty thousand Rupees shall be added to the annual sum of 1,50,000 Rupees directed to be set apart by the said Section XXV. of this Act.

[জল যোগান।]

২৯ ধারা। ঐ নগর নিবাসিরদের খাইবার নিমিত্তে ও ঘরের কার্য্যের নিমিত্তে উত্তম ও সুখাদ্য জল উপযুক্তমতে যোগাইবার জন্যে কমিসানরেরা বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের উপদেশমতে উক্ত নগরের উপযুক্ত স্থানে২ যে সকল পুষ্করিণী ও জলাশয় কি অন্য বিষয় করিবার আবশ্যক হয় তাহা সাধ্যমতে বিলম্ব না করিয়া প্রস্তুত করাইয়া দিবেন। ও যত কাল সেই পুষ্করিণী কি জলাশয় কি অন্য বিষয় প্রস্তুত করিয়া না দেওয়া যায় ও তাহার সমস্ত খরচ না দেওয়া যায় ও সেই খরচ দিবার জন্যে ঐ রেট ও তাহার সুদের জামিনীতে যে সকল টাকা কর্জ্জ হইয়াছে তাহা শোধ না করা যায় তত কাল কমিসানরেরা এই আইনের ৯ ধারাতে যে রেটের বিধান হইয়াছে তাহার উৎপন্ন টাকাহইতে বৎসরে২ অন্যূন ত্রিশ হাজার টাকা সেই সকল কর্ম্মের নিমিত্তে পৃথক্ রাখিবেন। এই আইনের ২৫ ধারাতে যে নয়নজুলির ও মরদমার সম্পূর্ণ নিয়ম করিবার কথা আছে তাহা সমাপ্ত হইবার পূর্ব্বে যদি সেই জল যোগাইবার উপায় করা গিয়া থাকে, ও তাহার তাবৎ খরচ দেওয়া গিয়া থাকে ও সেই খরচ ও তাহার উপর সুদ শোধ করিবার জন্যে যে সকল টাকা কর্জ্জ হইয়াছে তাহা সকল যদি ফিরিয়া দেওয়া গিয়া থাকে তবে এই আইনের ২৫ ধারাতে যে ১,৫০,০০০৲ টাকা বৎসরে২ পৃথক্ রাখিবার আজ্ঞা হইয়াছে তাহার সঙ্গে উক্ত ত্রিশ হাজার টাকাও বৎসরে২ জমা হইবেক ইতি।

[Municipal Fund.]

XXX. All monies received by the Commissioners by virtue of this Act or of Act XIV. of 1856 or of any other Act, and all monies which may be assigned by Government for purposes of

[মুনিসিপল ফণ্ড।]

৩০ ধারা। এই আইনের কিম্বা ১৮৫৬ সালের ১৪ আইনের কিম্বা অন্য কোন আইনের শক্তিক্রমে কমিসানরেরা যে সকল টাকা পান ও উক্ত নগর পরিপাটীরূপে রাখিবার ও আরো উত্তম করিবার জন্যে গবর্ণমেণ্ট-

Conservancy and improvement in the said Town, shall constitute a Fund, which shall be called the Municipal Fund of Calcutta, and shall be under the direction, management, and control of the Municipal Commissioners, and shall be applied to the purposes of this Act and of the incorporated Act and of Act XIV. of 1856.

[Certain fines to be paid to the Municipal Fund.]

XXXI. All fines and penalties levied under this Act or the incorporated Act shall be paid to the Municipal Fund.

[Commencement of Act.]

XXXII. This Act shall commence and take effect from and after the first of January 1857.

SCHEDULE.

	Rupees per Quarter.		
For every 4-Wheel Carriage on Springs, drawn by 2 Horses, ...	4	8	0
For every 4 Wheel Carriage on Springs, drawn by one Horse or Pony or a pair of Ponies, under 13 hands,... ...	1	8	0
For every 4-Wheel Carriage without Springs, ...	1	8	0
For every 2-Wheel Carriage on Springs,	2	4	0
For every 2-Wheel Carriage without Springs, Cart, or Hackery, ...	0	12	0
For every Horse, ...	2	4	0
For every Pony under 13 hands or Mule,	0	12	0

Ponies under 11 hands, and Children's Carriages the wheels of which do not exceed 24 inches in diameter, exempt.

W. MORGAN,
Clerk of the Council.

হইতে যে সকল টাকা দেওয়া যায় তাহা সমুদয় লইয়া এক তহবীল করা যাইবেক। তাহা কলিকাতার মুনিসিপল ফণ্ড নামে খ্যাত হইবেক, ও তাহা মুনিসিপল কমিস্যনরেরদের আজ্ঞা ও কর্ত্তৃত্ব ও তত্ত্বের অধীন থাকিবেক ও সেই টাকা এই আইনের ও সংযুক্ত আইনের ও ১৮৫৬ সালের ১৪ আইনের কার্য্যেতে ব্যয় হইবেক ইতি।

[মুনিসিপল ফণ্ডে জরীমানার কতক টাকা দেওয়া যাইবেক।]

৩১ ধারা। এই আইন কিম্বা সংযুক্ত আইনানুসারে জরীমানার ও অর্থদণ্ডের যে সকল টাকা আদায় হয় তাহা মুনিসিপল ফণ্ডে দেওয়া যাইবেক ইতি।

[আইনের আরম্ভ।]

৩২ ধারা। এই আইন ১৮৫৭ সালের ১ জানুআরি তারিখঅবধি ও তৎপরে আরম্ভ হইয়া চলিবেক ইতি।

[তফসীল।]

	তিন২ মাসের টাকা
ইস্প্রিংওয়ালা চারি চাকার যে গাড়ি ২ ঘোড়ায় টানে তাহার টাক্স	৪।।০
ইস্প্রিংওয়ালা চারি চাকার যে গাড়ি ৫২ ইঞ্চির ছোট ১ ঘোড়া কি টাটু কি এক যোড়া টাটুতে টানে তাহার	১।।০
ইস্প্রিং বিনা চারি চাকার গাড়ির	১।।০
ইস্প্রিংওয়ালা দুই চাকার গাড়ির	২।০
ইস্প্রিং বিনা দুই চাকার গাড়ির ও বলদগাড়ির ও ছকড়া গাড়ির	৸০
এক২ ঘোড়ার	২।০
৫২ ইঞ্চির ছোট এক২ টাটুর কি খচরের ...	৸০

৪৪ ইঞ্চির ছোট টাটু ও ছেল্যেরদের যে গাড়ির চাকা আছে ২৪ ইঞ্চির অধিক না হয় তাহার কিছু টাক্স লাগিবেক না।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL
THE 3RD JANUARY, 1857.

The following Bill was read a second time in the Legislative Council on the 3rd January, 1857, and was referred to a Select Committee who are to report thereon after the 7th of March next :—

A Bill to amend Act XXXVII. of 1855.

[Preamble.]

WHEREAS by Act XXXVII. of 1855 certain Districts described in the Schedule to the said Act were removed from the operation of the General Regulations and Acts; and whereas it is expedient to make certain alterations in respect to the Districts so removed: It is enacted as follows :—

[Repeal of so much of Act XXXVII. 1855 as describes the Districts removed from the operation of the general Regulations and Acts.]

I. So much of Act XXXVII. of 1855 as removes from the operation of the General Regula-

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।
ইঙ্গরেজী ১৮৫৭ সাল ৩ জানুআরি।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ৩ জানুআরি তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি মার্চ মাসের ৭ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

১৮৫৫ সালের ৩৭ আইন সংশোধনার্থ[illegible] আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

১৮৫৫ সালের ৩৭ আইনমতে ঐ আইনের তফসীলে লেখা কএক জিলা সাধারণ আইন ও আক্টের আমলহইতে পৃথক্ করা গিয়াছিল। আর সেইরূপ পৃথক্‌করা জিলার বিষয়ে কিছু২ পরিবর্ত্তন করা বিহিত। এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[সাধারণ আইন ও আক্টের আমলহইতে পৃথক্‌করা জিলার নাম ১৮৫৫ সালের ৩৭ আইনের যে অংশে লেখা আছে তাহা রদ হয়।]

১ ধারা। ১৮৫৫ সালের ৩৭ আইনের তফসীলে যে২ জিলা লেখা আছে তাহা বাঙ্গলা দেশের চলিত সাধারণ

tions of the Bengal Code and Acts of the Government of India, the Districts described in the Schedule thereto, and the said Schedule, are hereby repealed, except as to any proceedings pending at the time of the passing of this Act; and all the provisions of the said Act which are applicable to the Districts described in the said Schedule shall, after the passing of this Act, be applicable only to the Districts described in the Schedule to this Act, in the same manner as if the Schedule to this Act had been the Schedule to Act XXXVII. of 1855.

SCHEDULE.

Zillah Bhaugulpore.

The Damun-i-Koh.

So much of Pergunnah Bhaugulpore as lies East of the Gerooah Nuddee and South of a line drawn Eastward from Humza Chuck to the village of Dighee.

Pergunnah Teleeagurhee.
- „ Jumoonee.
- „ Chelowteah.
- „ Kankjole.
- „ Bahadurpore — Except such part of it as lies on the left bank of the main stream of the Ganges.
- „ Inayutnuggur.
- „ Akbernuggur.
- „ Mukraeen.
- „ Sooltangunge.
- „ Umber.
- „ Sooltanabad.
- „ Godda.
- „ Umloo Moteea.
- „ Pussye.
- „ Hendwa.

Tuppeh Belputta.
- „ Muneeharee.

Zillah Beerbhoom.

Pergunnah Pubbia.

Tuppeh Saruth Deoghur.
- „ Kundit Kurayeh.
- „ Mohumdabad.

Such part of Pergunnah Nonee as lies North of the Dwarka Nuddee from its junction with the Boondia Nuddee on the West to where it strikes the boundary of Tuppeh Belputta on the East.

Such part of Pergunnah Dureen Molisser as lies North of the Chilla or Chundun Ghat Nullah.

Such detached portions of other Pergunnahs and Tuppehs as lie within the general boundaries of any of the above-mentioned Pergunnahs and Tuppehs.

Such Pergunnahs and portions of Pergunnahs belonging to Poornea, Malda, and Moorshedabad as lie on the right bank of the main stream of the Ganges above the village of Downapore, with the exception of the Moorshedabad Pergunnah Furrukhabad.

W. Morgan,
Clerk of the Council.

[*Government Gazette, 3rd February,* 1857.]

আইনের ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের আক্টের আমল- হইতে ঐ আইনের যে অংশমতে পৃথক্ করা যায় সেই অংশ ও উক্ত তফসীল ইহার দ্বারা রদ করা গেল। কিন্তু এই আইন জারী হইবার সময়ে যে কোন মোকদ্দমা চলিতেছে তাহার সম্পর্কে রদ হইবেক না। আর উক্ত তফসীলের লেখা জিলার উপর উক্ত আইনের যে সকল বিধান খাটে সেই বিধান, ১৮৫৫ সালের ৩৭ আইনের তফসীল এই আইনের তফসীল হইবার মতে, এই আইন জারী হইলে পর কেবল এই আইনের তফসীলের লেখা জিলার উপর খাটিবেক ইতি।

তফসীল।

জিলা ভাগলপুর।

দামনীকো।

গেরুয়া নদীর পূর্ব্ব দিগে ও হামজা চকহইতে দীঘীর গ্রামপর্য্যন্ত পূর্ব্ব দিগে এক রেখা টানা গেলে তাহার দক্ষিণে ভাগলপুর পরগনার যে অংশ থাকে তাহা।

পরগনা তেলিয়াগড়ী।
ঐ যমুনী।
ঐ চেলৌতিয়া।
ঐ কাঁকজোল।

ঐ বাহাদুরপুর। কিন্তু তাহার যে ভাগ গঙ্গার প্রধান স্রোতের বাম তীরে থাকে তাহা নয়।

ঐ ইনায়ৎনগর।
ঐ আকবরনগর।
ঐ মক্রাইন।
ঐ সুলতানগঞ্জ।
ঐ অম্বর।
ঐ সুলতানাবাদ।
ঐ গদ্দা।
ঐ অমলু মোতিয়া
ঐ পসাই।
ঐ হেন্দরা।
তপ্পে বেলপতা।
ঐ মণিহারী।

জিলা বীরভূম।

পরগনা পবিয়া।
তপ্পে সারথ দেওঘর।
ঐ কণ্ডিত করেরা।
ঐ মহম্মদাবাদ।

দ্বারকা নদী যে স্থানে পশ্চিম দিগে বুন্দিয়া নদীর সঙ্গে মিলে সেই স্থানঅবধি পূর্ব্ব দিগে তপ্পে বেলপতার অঞ্চলে যে স্থানে লাগে সেই স্থানপর্য্যন্ত ঐ দ্বারকা নদীর উত্তরাংশে পরগনা নোনীর যে ভাগ আছে সেই ভাগ।

পরগনা দরীন মলিশ্বরের যে অংশ চিল্লা কি চন্দনঘাট- নালার উত্তর দিগে আছে সেই অংশ।

অন্যান্য পরগনার ও তপ্পের পৃথক২ যে অংশ পূর্ব্বোক্ত কোন পরগনার ও তপ্পের সাধারণ সীমার মধ্যে থাকে।

পূরণিয়া ও মালদহ ও ফরক্কাবাদ পরগনাছাড়া মুর- শিদাবাদ জিলার যে সকল পরগনা ও পরগনার যে২ অংশ দৌনাপুর গ্রামের উত্তরে গঙ্গার প্রধান স্রোতের দক্ষিণ তীরে থাকে তাহা।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

John Robinson, *Bengalee Translator.*

No. 6.

The 23rd January, 1857.

The following extract from a Resolution passed by the Right Honorable the Governor General in Council, under date the 23rd January, 1857, is published for general information :—

As a general Rule His Lordship in Council prescribes that in cases when Uncovenanted Servants exceed by a few days the period of their privilege leave, the Rule obtaining in the case of Covenanted Officers shall be applied, that is to say, if an Uncovenanted Servant shall not return at the expiration of his privilege leave, he shall forfeit all pay and allowances during the time of his remaining so absent without leave, and if he shall so continue absent for more than one month beyond the term granted, his office shall become vacant.

By order of the Right Honorable the Governor General in Council,

C. Hugh Lushington

Secy. to the Govt. of India.

৬ নম্বর।

১৮৫৭ সাল ২৩ জানুআরি।

হুজুর কৌন্সেলে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ১৮৫৭ সালের ২৩ জানুআরি তারিখে যে নির্দ্ধারণ করিয়াছিলেন তাহাহইতে গৃহীত নীচের লিখিত কথা সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

হুজুর কৌন্সেলে শ্রীলশ্রীযুক্ত এই সাধারণ বিধি করিয়াছেন। অচিহ্নিত কার্য্যকারকেরা এক মাসের যে অনুগ্রহের ছুটী পান তাহার অধিক কিছু দিনপর্য্যন্ত যদি কর্ম্মে উপস্থিত না হন তবে তদ্রূপ স্থলে চিহ্নিত কার্য্যকারকেরদের জন্যে যে বিধি আছে সেই বিধি তাঁহারদেরও উপর খাটিবেক। অর্থাৎ অচিহ্নিত কার্য্যকারকের অনুগ্রহের ছুটী অতীত হইলে যদি তিনি ফিরিয়া না আইসেন তবে যত কালপর্য্যন্ত সেইরূপে গরহাজির থাকেন তত কালের নিমিত্তে তাঁহার সকল বেতন ও উপরি টাকা রহিত হইবেক। আর যদি সেই ছুটীর অতিরিক্ত এক মাসের অধিক কাল সেইরূপে গরহাজির থাকেন তবে তাঁহার পদ খালী হইবেক।

হুজুর কৌন্সেলের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সি হিউ লশিংটন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 27th January, 1857.

Moonshee Fazl Ruhman to be Officiating Moonsiff of Deang, Zillah Chittagong.

LEAVES OF ABSENCE.

The 23rd January, 1857.

Moonshee Basiruddeen Mahomed, Moonsiff of Munglecote, Zillah East Burdwan, from the 30th instant, to the 1st proximo.

Baboo Sreenath Bhooya, Moonsiff of Oolooba-reah, Zillah Hooghly, for the 30th and 31st instant.

The 27th January, 1857.

Moonshee Koodrutoollah, Moonsiff of Bamun-arah, Zillah East Burdwan, from the 26th instant to the 2nd proximo.

Baboo Gopaul Chunder Ghose, Moonsiff of Ma-homedpore, Zillah East Burdwan, for the 30th and 31st instant.

A. W. Russell, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৭ জানুআরি।

শ্রীযুত মুনশী ফজল রহমান জিলা চাটিগাঁয়ের দিয়াঙের এক্টিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২৩ জানুআরি।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মঙ্গলকোটের মুনসেফ শ্রীযুত মুনশী বাসিরুদ্দীন মহম্মদ বর্ত্তমান মাসের ৩০ তারিখঅবধি আগামি মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা হুগলীর উলুবেড়িয়ার মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ ভুঞা বর্ত্তমান মাসের ৩০ ও ৩১ তারিখের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৭ জানুআরি।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের বামনাড়ার মুনসেফ শ্রীযুত মুনশী কুদ্রৎউল্লা বর্ত্তমান মাসের ২৬ তারিখঅবধি আগামি মাসের ২ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মহম্মদপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ বর্ত্তমান মাসের ৩০ ও ৩১ তারিখের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

৮১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টিনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৭ সাল ১০ জানুআরি।

আলিপুরের আফীমের এক্টিং সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত ই মাকডানেল সাহেব (Mr. E. Macdonell,) ছুটীর নূতন বিধির ৭ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামনারায়ণ মজুমদার গত নবেম্বর মাসের ২৯ তারিখে যে ছুটী পান তাহার অধিক অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২০ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১২ জানুআরি।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব (Mr. W. Grey,) নিয়মিত ছুটী লইয়া যাইবার আগে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

চব্বিশপরগনার ফৌজদারী সরিস্তার...

চব্বিশপরগনার ফস্তওয়াদারক শ্রীযুত মৌলবী সৈয়দ আলী মহম্মদ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে ছয় দিনের ছুটী পাইয়াছেন।

ডবলিউ গ্রে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

আফিম।

আফিমের ইশ্তিহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৭ সাল তারিখ ১০ ফিব্রুআরি মঙ্গলবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৫। ৫৬ সালের পয়দায়শী আফিমের দ্বিতীয় নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩৬৫৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২৫৪০
বানারসের পয়দায়শী আফিম	১১১৫
জুমলা সিন্দুক	৩৬৫৫

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫৬ সালের ২৭ নবেম্বর তারিখের লিখিত ইশ্তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দফতরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৭ সালের ১৬ এবং ২৫ ফিব্রুআরি এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদদারান যে সকল প্রমিসরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরি রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৭ সালের ১৬ ফিব্রুআরি সোমবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্মতের পূরা টাকার দরুন কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৭ সালের ২৫ ফিব্রুআরি বুধবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্তেহারের মেকদার আফিম দেওয়ার ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখবদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখবদল করিবেন ইতি।

			বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৭ সালের ১৩ মার্চ	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ১৩ অপ্রিল	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ১১ মে	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ১০ জুন	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ১০ জুলাই	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ১০ আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ৪ সেপ্টেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ৫ অক্টোবর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ১২ নবেম্বর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ৪ ডিসেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৫৯	১১৪১	৩৭০০
			২৫৪১৯	১১১৭৬	৩৬৫৯৫

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৭ সাল তারিখ ২৪ জানুআরি

সি এস বেলাই। একটিং জোট সেক্রেটারী।

ADVERTISEMENT OF THE SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

NOTICE is hereby given, that the under-mentioned Lots situated within the limits of the Backergunge and Jessore portions of the Soonderbuns will be sold at the Station of Burrisaul, by the Soonderbun's Commissioner, on Friday, the 20th day of February, 1857, corresponding with the 10th Falgoon, 1263.

2nd. The highest bidder will be entitled to the Lots on depositing immediately after the sale the full amount of his purchase money; on condition that the sale is sanctioned by the higher authorities, otherwise the money will be refunded to the party without interest. On confirmation of the sale, the Pottah will be drawn up in the name of the purchaser, under orders of the Government of the 24th September, 1853; and will be made over to him after Registry at the Office of the Board of Revenue, Lower Provinces, and the purchaser will become the Grantee of the lands, under the conditions prescribed in the Pottah, save and except such lands as may be required by Government for the manufacture of Salt.

3rd. It is further notified, that intending purchasers who are desirous to inspect the Map of the Lots or to obtain any information connected with them, and their present condition, can learn the same by attending personally or through their Agents at the Office of the Commissioner of the Soonderbuns at Burrisaul.

No. of Lot.	Estimated Quantity of land in Begahs.	Remarks.
Jessore portion of the Soonderbuns.		
241	5,414	These lands are situated to the South of Tateboonea, on the Kurmah river.
242	25,894	Do. Do.
243	4,810	On the Bholah River.
244	13,733	On the Chechau River.
245	11,797	On the Sella River.
246	13,701	Near the Bholah River.
247	10,666	On the Pussar River.
248	11,909	To the west of Lot 247.
249	7,441	To the west of Lot 248.
250	12,183	To the south of Lots 248 and 249.
251	16,728	To the west of Sella River.
Backergunge portion of the Soonderbuns.		
Nos. 4 and 5 of Khowlea Burrisaul.	69,772	The boundaries of these two Lots have been re-adjusted, so as to give both a river facing on the Bullissur River. A Map showing their respective boundaries may be seen at the Commissioner's Office. The two Lots will be sold separately; their respective areas will be notified on the day of sale. The cultivated portions of these Lots to be included in the Grant after assessment under Rule 4 of the Government Orders of the 24th September, 1853.
No. 6 of Khowlea Burrisaul.	36.995	The cultivated portions of this Lot will be included in the Grant after assessment under Rule 4 of the Government Orders of the 24th September, 1853.
No. 7 Do.		On the Bullissur River.
Paushakoralea on the Ailah River.	6,760	The cultivated portions of this Lot will be included in the Grant after assessment under Rule 4 of the Government Orders of the 24th September, 1853.
Chundokhale, east of above Lot.	8,120	Do. Do.
Kochoopatrah, east of above Lot.	10,820	On the Neelgunge River.

J. H. Reily, *Commissioner of Soonderbuns.*

Soonderbuns Commissioner's Office, Burrisaul, the 26th January, 1857.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৭। ৩ ফেব্রুআরি।]

সুন্দর বনের কমিস্যনরের দপ্তরখানার ইস্তাহার।

তেঁতুলিয়ার মেলা এবৎসরে ১৮৫৭ সালের ২০ ফেব্রুআরি তারিখে আরম্ভ হইবেক।

এচ সি জেম্‌স।
একটিং সুপরিন্টেণ্ডেণ্ট।

ডার্জ্জিলিং। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের দপ্তরখানা। ১৮৫৭ সাল ৮ জানুআরি।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণের অবগতার্থে প্রকাশ করা যাইতেছে যে নিম্নের লিখিত জিলা ও পরগনার ও অন্য২ নক্সা সকল যাহা বেঙ্গাল গবর্ণমেণ্টের আদেশানুসারে সরকার বাহাদুরের ইংরাজ জরিপকারদিগের দ্বারা পয়মাশ হওত ছাপা হইয়া অত্র আফিসে প্রস্তুত আছে, তাহা বিক্রয় হইবেক, ঐ সকল নক্সা জমিদার, তালুকদার, ইজারদার, রাইয়ত এবং তাবৎ অন্য২ ব্যক্তিদগের অতি আবশ্যকীয় যেহেতুক এই সকল দ্বারা গ্রামের সরহদ্দ বন্দীর এবং অন্য২ অনেক বিষয়ের আপত্তি ও বিরোধ ভঞ্জন হইতে পারিবেক অতএব যাঁহারদিগের উক্ত নক্সা সকল আবশ্যক হইবেক তাঁহারা স্বীয়২ জিলার কালেক্টর সাহেবের সমীপে দরখাস্ত করিলে পাইবেন। অথবা কলিকাতার তাবৎ ইংরাজ কেতাব-ওয়ালাদিগের দোকানে ক্রয় করিলে পাইতে পারিবেন। যদিস্যাৎ উক্ত কোন স্থানে না পাওয়া যায়, তবে অত্র আ-ফিসে অর্থাৎ কলিকাতা পার্ক ইষ্ট্রীট ৩৫ নং ভবনে ডেপুটী সরবিয়ার জানেরেল সাহেবের হুজুরে দরখাস্ত করিলে প্রাপ্ত হইবেন। কিন্তু অনেক জিলার অদ্যাপি জরিপ সম্পন্ন হয় নাই তজ্জন্য সেই সকল জিলার নক্সা প্রস্তুত হইতে বাকী আছে, তাহাও প্রস্তুতমতে ঐরূপে পাইতে পারিবেন। এবং তাবৎ রাজসম্পর্কীয় কর্ম্মচারিরা অর্থাৎ মুনছপ, ও সদর আমীন, ও পুলিস ও আবকারী দারোগাগণ, ও পাটওয়ারি, ও গ্রামের ইং বিদ্যালয়ের অধ্যক্ষগণ এবং অন্য২ তাবৎ রাজসম্পর্কীয় কর্ম্মচারিরা সরকারী প্রয়োজনজন্য উক্ত নক্সা স্বীয়২ জিলার কালেক্টর সাহেবের সমীপে সংবাদ করিলে বিনা মূল্যে প্রাপ্ত হইবেন।

জিলার নক্সা।

যাহাতে গ্রাম নদ নদী ঝিল রাস্তা ইত্যাদি দৃশ্য হয়।

এস্কেল এক ইঞ্চ চারি মাইল বোঝায়।

জিলার নাম	প্রত্যেক নক্সার মূল্য			জিলার নাম	প্রত্যেক নক্সার মূল্য		
	টাকা	আ	পা		টাকা	আ	পা
পুরী	২	০	০	ত্রিহুট	২	০	০
পাটনা	২	০	০	পূরাণিয়া	২	০	০
বালেশ্বর	২	০	০	মালদহ	২	০	০
বেহার	২	০	০	২৪ পরগনা	২	০	০
কটক	২	০	০	বীরভূম	২	০	০
সাহাবাদ	২	০	০	শিবপুর (আসাম)	২	০	
সারণ	২	০	০	উড়িষ্যা (কটক, বালেশ্বর এবং পুরী)	৬	০	০
মেদিনীপুর এবং হিজিলি (একত্রিত	২	০	০	দক্ষিণ বেহার (বেহার, পাটনা, এবং সাহাবাদ)	৬	০	০
মোঙ্গের	২	০	০	মুরশিদাবাদ	২	০	০
চট্টগ্রাম	২	০	০	নদীয়া	২	০	০
ভগলপুর	২	০	০	পাবনা	২	০	০
হুগলী	২	০	০	মাইমন সিং এবং পাবনা (কিয়দংশ)	২	০	০

জিলার সম্পূর্ণ অর্থাৎ বড় নক্সা।

যাহাতে পরগনা ও গ্রামের সীমাবন্দী ও বসতি, নদী, রাস্তা ঝিল ইত্যাদি দৃশ্য হয়।

এস্কেল এক ইঞ্চ এক মাইল বোঝায়।

জিলার নাম	প্রত্যেক নক্সার মূল্য			জিলার নাম	প্রত্যেক নক্সার মূল্য		
	টাকা	আ	পা		টাকা	আ	পা
বালেশ্বর	৪	০	০	কাচার	২	০	০
কটক	৭	০	০	হিজিলি	৪	০	০
পুরী	৪	০	০	২৪ পরগনা (আলীপুর ডিবিজন)	৪	০	০
সাহাবাদ	৮	০	০	বারাসৎ ডিবিজন ...	৬	০	০
সারণ	১৪	০	০				

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১০ ফেব্রুআরি।]

পরগনার নক্সা।

যাহাতে গ্রাম সকলের সীমাবন্দী এবং বসতি নদী ও খাল ও রাস্তাইত্যাদি দৃশ্য হয়।

এস্কেল এক ইঞ্চ এক মাইল বোঝায়।

প্রত্যেক জিলার নক্সার সংখ্যা	প্রত্যেক নক্সার মুল্য			প্রত্যেক জিলার নক্সার সংখ্যা	প্রত্যেক নক্সার মু[illegible]		
	টাকা	আ	পা		টাকা	আ	পা
জিলা ভগলপুর ১৭ পরগনা	১	০	০	জিলা কটক ৩ পরগনা	১	০	০
ঐ বীরভূম ১১ ঐ ...	১	০	০	ঐ মেদিনীপুর ৬ ঐ ...	১	০	০
ঐ মুরসুদাবাদ ১১ ঐ ...	১	০	০	ঐ পুরী ৭ ঐ ...	১	০	০
ঐ চট্টগ্রাম ১২ ঐ ..	১	০	০	ঐ ত্রিপুরা ৭ ঐ ..	১	০	০
ঐ হিজিলি ১৬ ঐ ..	১	০	০	ঐ মলনক ৯ ঐ	১	০	০
ঐ ত্রিহুট ৩১ ঐ .	১	০	০	দামনি কো অর্থাৎ রাজমহল পাহাড় এস্কেল এক ইঞ্চ দুই মাইল বোঝায় ...		০	০
ঐ মোঙ্গের ৩ ঐ ...	১	০	০				
ঐ নদীয়া ৪ ঐ ...	১	০	০				

বড় এস্কেলের নানান প্রকার নক্সা।

যে স্থানের নক্সা	প্রত্যেক নক্সার মুল্য			যে স্থানের নক্সা	প্রত্যেক নক্সার মুল্য		
	টাকা	আ	পা		টাকা	আ	পা
শহর গয়া এবং সাহেব গঞ্জ	১	০	০	ছাউনি বারাকপুর (চানক) ...	১	০	০
ঐ পাটনা ...	৩			ঐ দমদমা	১	০	০
ঐ চট্টগ্রাম ...	২			যশর সিবিল ইষ্টেসন অর্থাৎ জজ কালেকটর মেজিষ্ট্রেট এবং অন্যান্য সিবিল কর্ম্মচারিদিগের বাসায় কাছারি হয় .	১	০	০
ঐ কটক ..				মাঙ্গেরের কেল্লা	১	০	০
ঐ পুরী							

H. E. L. THUILLIER, মেজর।
ডেপুটী সরাবয়ার জানেরেল।

কলিকাতা রেবিনিউ সরবিয়র।
জানেরেল আফিস ইং সন ১৮৫৭ সাল।
তারিখ ১৬ জানুআরি।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOHN HENRY NORMAN, an Insolvent.

On Saturday, the 10th day of January last, upon an application of the Assignee in this matter, It was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 15,175-5-7 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. 5 per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 11,833-14-8,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 6th February, 1857.

যোত্রহীন জান হেনরি নরমান সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেব গত জানুআরি মাসের ১০ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ১৫,১৭৫ ।/৭ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকা প্রতি ৫৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১১,৮৩৩৸৶৮ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৫৭ সাল ৬ ফেব্রুআরি।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

আইন ও ব্যবস্থাসংগ্রহ অর্থাৎ আইন, শাস্ত্র, শরা ও নজিরাদির সারসংগ্রহ। ইহার প্রথম খণ্ড রেইলওয়ে লকোমোটিব সুপেরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আফিসে শ্রীনবীনচন্দ্র রায়ের নিকট ডাকমাসুল ৷৹ আনা সহিত মূল্য ৪৲ টাকা প্রেরণ করিলে পাওয়া যায়।

[*Government Gazette*, *10th February*, 1857.]

সুপ্রিম কোর্ট।
রিসিবর আফিস।
ইজারা।
দুর্গাচরণ দত্তদিগর বাদী।
জগন্নাথপ্রসাদ মল্লিক প্রতিবাদী

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে সন ১৮৫৭ সালের ১৪ ফেব্রুআরি শনিবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত চারলেস মুইস্টন হাগ সাহেব তাঁহার আফিসে প্রতিবাদী জগন্নাথপ্রসাদ মল্লিকের নীচের লিখিত স্থাবর বস্তুর ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন ঐ সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

জিলা হুগলির অন্তঃপাতি পরগনে আরশা।

মহাল লাখরাজ মৌজে ঝোড়হাট ও আড়গাড়ি ও পুরুষর্হাট রাজগঞ্জ রকম ।৶ আনা ১
মৌজে ঝোড়হাট লাখরাজ এক বাগান মায় আমলা রকম ॥০ আনা ১
মৌজে ঝোড়হাট ও আড়গড়ি ও পুরুষর্হ মহত্রান জমিহায় রকম ॥০ আনা ১
মৌজে ঝোড়হাট সরস্বতী নদীর উত্তর ২ ঘাট রকম ॥০ আনা ১
মৌজে হাট রাজগঞ্জ সাটিগঙ্গার উপর ১ ঘাট রকম ॥০ আনা ১
মৌজে বাসুদেবপুর খাল রকম ॥০ আনা ১
পরগনে বাসন্দরী আরশা অথবা মণ্ডলঘাট মৌজে খাটা বাগাণ্ডা মহত্রান জমিহায় রকম ॥০ আনা ১

জিলা ২৪ পরগনার অন্তঃপাতি পরগনা মজফরা।

মৌজে মেল্লাপুর ১ বাগান ও চড়া মশিনার খালের রকম ॥০ আনা ১
মৌজে মেল্লাপুর ও জঙ্গলপুর ও রামচন্দ্রপুর ও শাঁকরাল ও বানুপুর ও ডাউকা মহত্রান জমিহায় রকম ॥০ আনা ১
মৌজে চক গোবিন্দপুর মহত্রান জমিহায় রকম ঐ ১
মৌজে আন্দুল মহত্রান জমিহায় রকম ঐ
মৌজে রঘুনাথপুর মোসগোট অথবা নয়াচক কুশবেড্যা কিসমত বানুপুর মায় আড়গড়ি মহত্রান জমিহায় রকম ঐ ১
মৌজে মেল্লাপুর অথবা গড় মেল্লাপুর রকম ঐ
আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবে ইতি।
কোর্ট হৌস রিসিবর আফিস তারিখ ২৭ জানুআরি ১৮৫৭।

বিজ্ঞাপন।

আমি এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে বিজ্ঞাত করিতেছি যে আমার এবং মমানুজ ঈশ্বরপ্রাপ্ত কালীচন্দ্র রায় চৌধুরির পূর্ব্বকৃত অঙ্গীকার ও নিয়ম এবং অনুজ্ঞা পত্রের মর্ম্মানুসারে বিশেষতঃ ঐ অনুজ মৃত্যুর পূর্ব্বে দত্তক পুত্র গ্রহণপূর্ব্বক তাহার এবং পৈতৃক পিণ্ড রক্ষার্থে তৎপত্নী শ্রীমতী গঙ্গাময়ী দেবী চৌধুরাণীর প্রতি অনুজ্ঞা অর্পণ করতঃ যোগাধামে গমন করিয়াছে যদিচ প্রাগুক্ত বিষয়ক কোন নিদর্শনপত্র রেজেষ্টরী আপীসে রেজেষ্টরী হয় নাই কিন্তু মৃত্যুর পূর্ব্বে ঐ ভ্রাতা স্বেচ্ছাপূর্ব্বক স্বজ্ঞানে সজ্ঞান এবং আত্মীয় কুটুম্ব বন্ধুজনগণের এতাবতা আমারদিগের অংশি ভূম্যধিকারী ৺ গৌরীপ্রসাদ রায় চৌধুরী মহাশয় ও শ্রীযুত দুর্গাপ্রসাদ রায় চৌধুরী মহাশয় ও শ্রীযুত হরচন্দ্র রায় চৌধুরী ও জ্ঞাতি শ্রীযুত হরমোহন রায় ও আমারদিগের দেওয়ান শ্রীযুত তারিণীপ্রসাদ চট্টোপাধ্যায় ও শ্রীযুত পীতাম্বর মুখোপাধ্যায় ও শ্রীযুত নীলাম্বর মুখোপাধ্যায় ও শ্রীযুত কালিদাস গঙ্গোপাধ্যায় ও শ্রীযুত নবকুমার কবিরাজ এবং শ্রীযুত জগচ্চন্দ্র কবিরাজ সমক্ষে ঐ অনুমতি প্রদান করিয়াছে কথিত ব্যক্তি মধ্যে কেবল গৌরীপ্রসাদ রায় চৌধুরী মহাশয় লোকান্তর গমন করিয়াছেন আর সকলেই জীবিতাছেন অতএব ভবিষ্যতে প্রাগুক্ত বিষয় সম্বন্ধে আমার অকুবাণ পুত্র শ্রীমান্ যোগেশচন্দ্র রায় চৌধুরী কি অপর কোন উত্তরাধিকারী অথবা অন্য কোন ব্যক্তি কোন আপত্তি করিতে না পারে এবং প্রচলিত আইনের বিধ্যনুসারে এই বিজ্ঞাপন প্রমাণের সংজ্ঞায় গণ্য ও মান্য হইয়া কোন আদালতে কাহারও কোন আপত্তি গ্রাহ্য না হয় ইহাই এই বিজ্ঞাপন প্রচারের উদ্দেশ্য এবং তাৎপর্য্য ইতি ২ শ্রাবণ ১২৬৩ বঙ্গাব্দাঃ।

কুত্যাব্দাঃ ১২৬৫।

বিজ্ঞাপক।
শ্রী কাশীচন্দ্র শর্ম্ম রায় চৌধুরী অংশি ভূম্যধিকারী।

মোতালকে জিলা রঙ্গপুরপ্রভৃতি।

কলিকাতায় সদর দেওয়ানী আদালতের সরাসরী নিষ্পত্তিসমূহ বর্ণমালানুযায়ী লিখিত ইং ১৮৩৪ লাং ১৮৫৫ সাল।

এই গ্রন্থ ফিরিস্তিসমেত ৪২০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে উক্ত আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে তত্ত্ব করিলে পাওয়া যাইবেক মূল্য ৫৲ টাকা মাত্র।

কলিকাতায় সদর দেওয়ানী আদালতের ১৮৫৪ সালের নিষ্পত্তিসমূহের খোলাসা।

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাষায় না থাকাতে সে তাবতের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র তালদার কর্ত্তৃক অনুবাদিত হইয়া ১৲ টাকা মূল্যে বিক্রয় হইতেছে সদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসর্স ব্রাউন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের নিকট উক্ত অনুবাদকর্ত্তার নামোল্লেখে মূল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১০ ফেব্রুআরি।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, FEBRUARY 17, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১৭ ফেব্রুআরি

DRAFT OF ACT.

A Bill for the Incorporation and regulation of Joint-Stock Companies and other Associations, either with or without limited liability of the members thereof.

[Continued from page 95.]

PART IV.

Registration.

[Registration.]

XCVI. The registration of Companies shall be conducted as follows; (that is to say)

1. The local Government may, after the sanction of the Governor General in Council to the creation of any such offices, from time to time appoint such Registrars, Assistant Registrars, Clerks, and servants as it may think necessary for the registration of Companies under this Act, and remove them at pleasure.

2. The local Government may make such regulations as it thinks fit with respect to the duties to be performed by any such Registrars, Assistant Registrars, Clerks, and servants as aforesaid.

3. The local Government may from time to time determine the place or places at which Offices for the registration of Companies are to be established: Provided always, that there shall be at all times maintained in each of the three Presidency Towns of Calcutta, Madras, and Bombay at least one such Office, and that every Company whose registered Office is within any Presidency shall be registered in that Presidency.

4. Every person may inspect the documents kept by the Registrar of Joint-Stock Companies; and there shall be paid for such inspection a fee of one Rupee for each inspection; and any person may require a copy or extract of any document or any part of any document, to be certified by the

আইনের মুসাবিদা

জাইণ্ট ষ্টক কোম্পানির ও অন্যং সমাজের অন্তঃপাতি লোকেরদের দায় সীমাযুক্ত করিয়া কি না করিয়া ঐ২ কোম্পানিকে ও সমাজকে চার্টর দিবার ও তাঁহারদের বিধান করিবার আইনের মুসাবিদা।

(৯৫ পৃষ্ঠাহইতে চলিতেছে।)

৪ খণ্ড।

রেজিষ্টরী করণ।

[রেজিষ্টরী করণ।]

৯৬ ধারা। কোম্পানির রেজিষ্টরী করণের কার্য্য এইরূপে করা যাইবেক।

১। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর রেজিষ্ট্রারপ্রভৃতির কর্ম্মের অনুমতি দিলে পর স্থানীয় গবর্ণমেণ্ট এই আইনমতে কোম্পানির রেজিষ্টরী করিবার জন্যে যে সকল রেজিষ্ট্রার ও আসিষ্টাণ্ট রেজিষ্ট্রার ও ক্লার্ক ও চাকরদিগকে আবশ্যক বোধ করেন তাঁহারদিগকে সময়েং নিযুক্ত করিতে পারিবেন ও আপনার বিবেচনামতে তাঁহারদিগকে অবসর করিতে পারিবেন।

২। পূর্ব্বোক্ত রেজিষ্ট্রার ও আসিষ্টাণ্ট রেজিষ্ট্রার ও ক্লার্ক ও চাকরেরদের যেং কর্ম্ম করিতে হইবেক তদ্বিষয়ে স্থানীয় গবর্ণমেণ্ট যেং বিধান উচিত বোধ করেন তাহা করিতে পারিবেন।

৩। কোম্পানির রেজিষ্টরী করিবার দপ্তরখানা যে স্থানে কি যেং স্থানে স্থাপিত হইবেক তাহা স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং নির্দ্ধার্য্য করিবেন। পরন্তু সর্ব্বদাই জানিতে হইবেক যে, কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীর নগরে তদ্রূপ অন্যূন একং দপ্তরখানা সর্ব্বদাই থাকিবেক। আর যেং কোম্পানির রেজিষ্টরীকরা দপ্তরখানা কোন রাজধানীর মধ্যে থাকে সেই কোম্পানি ঐ রাজধানীতে রেজিষ্টরী করা যাইবেক।

৪। জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রার যে সকল দলীল রাখেন তাহা সকল লোক দেখিতে পারিবেন। ও তাহা একং বার দেখিবার জন্যে একং টাকা রসুম দিতে হইবেক। ও কোন ব্যক্তি কোন দলীলের কিম্বা কোন দলীলের কোন অংশের নকল কি তাহাহইতে গৃহীত কথা রেজিষ্ট্রারের দস্তখতে দেওয়া যাইবার আদেশ করিতে

Registrar on payment of two annas for every hundred words of such copy or extract; and such certified copy shall be *primâ facie* evidence of the matters therein contained in all legal proceedings whatever.

5. There shall be paid to any Registrar, Assistant Registrar, Clerk, or servant that may hereafter be employed in the registration of Joint-Stock Companies, such salary as the local Government may, with the sanction of the Governor General in Council, direct.

6. Whenever any act is herein directed to be done to or by the Registrar of Joint-Stock Companies, such act shall, until the local Government otherwise directs, be done to or by the keeper of the records of the Supreme Court of the Presidency in which the registered Office of the Company is situate, if such registered Office is situate within a Presidency; otherwise by the keeper of the records of the Supreme Court of the Presidency of Bengal.

পারিবেন। সেই নকলের কি গৃহীত কথার একং শত শব্দ লিখিতে দুই আনা করিয়া দিতে হইবেক। আর আইনঘটিত সকল কার্য্যেতে ঐ দস্তখৎকরা নকল তাহার লিখিত কথার আদৌ দৃষ্টে প্রমাণ হইবেক।

৫। জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্টরী করণের কার্য্যেতে যে কোন রেজিষ্ট্রার কি আসিষ্টাণ্ট রেজিষ্ট্রার কি ক্লার্ক কি চাকর ইহার পরে নিযুক্ত হন স্থানীয় গবর্ণমেণ্ট হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের অনুমতিক্রমে তাঁহারদের যে বেতন আজ্ঞা করেন তাঁহারা সেই বেতন পাইবেন।

৬। যে কোন স্থলে জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রারের দ্বারা কি তাঁহার প্রতি এই আইনমতে কোন কার্য্য হইবার আজ্ঞা হয় সেই স্থলে, স্থানীয় গবর্ণমেণ্ট যাবৎ অন্য প্রকার হুকুম না করেন তাবৎ, সেই কার্য্য ঐ কোম্পানির রেজিষ্টরী দফ্তরখানা কোন রাজধানীর মধ্যে থাকিলে সেই রাজধানীর সুপ্রিম কোর্টের রিকার্ড রাখিবার সাহেবের দ্বারা কি তাঁহার প্রতি করা যাইবেক। অন্য স্থলে বাঙ্গলা রাজধানীর সুপ্রিম কোর্টের রিকার্ড যে সাহেব রাখেন তাঁহার দ্বারা করা যাইবেক ইতি।

PART V.

Repeal of former Act and temporary Provisions.

Repeal.

[Repeal of Act XLIII. of 1850.]

XCVII. Act XLIII. of 1850 is hereby repealed, except as to acts done or liabilities incurred before the passing of this Act. But such repeal shall not take effect with respect to any Company registered under the said Act, until such Company has obtained registration under this Act as hereinafter mentioned.

Temporary Provisions.

[Registration of existing Companies.]

XCVIII. Any Company registered under the said Act, and any other Company duly constituted by law previously to the passing of this Act, and consisting of seven or more shareholders, may at any time hereafter register itself as a Company under this Act, with or without limited liability, subject to this proviso, that no Company, established for the purpose of Banking or Insurance shall be registered under this Act as a limited Company, and that no Company shall be registered under this Act unless an assent to its being so registered has been given by three-fourths in number and value of such of its shareholders as may have been present, personally, or by proxy in cases where proxies are allowed by the regulations of the Company, at some general meeting summoned for that purpose.

[Requisitions for registration by existing Companies.]

XCIX. Previously to the registration under this Act of any existing Company, there shall be delivered to the Registrar of Joint-Stock Companies the following documents: (that is to say)

৫ খণ্ড।

সাবেক আইন রদ করণ ও কিঞ্চিৎ কালের বিধান করণ।

রদ করণ।

[১৮৫০ সালের ৪৩ আইন রদ হয়।]

৯৭ ধারা। ১৮৫০ সালের ৪৩ আইন ইহাতে রদ করা গেল। কিন্তু এই আইন জারী হইবার আগে যে কোন কর্ম্ম করা গিয়াছে কি দায় হইয়াছে তাহার পক্ষে ঐ আইন রদ হইবেক না। পরন্তু উক্ত আইনমতে যে কোন কোম্পানি রেজিষ্টরী করা গিয়াছে সেই কোম্পানির যাবৎ এই আইনমতে পশ্চাৎ লিখিত প্রকারে রেজিষ্টরী না হয় তাবৎ তাহার পক্ষে ঐ রদ করার ফল হইবেক না ইতি।

কিঞ্চিৎ কালের নিয়ম।

[বর্ত্তমান কোম্পানির রেজিষ্টরী করণ।]

৯৮ ধারা। উক্ত আইনমতে রেজিষ্টরীকরা কোন কোম্পানি আর এই আইন জারী হইবার আগে আইনমতে নিয়মিতরূপে সংস্থাপিত অন্য যে কোন কোম্পানির সাত কি তাহার অধিক জন অংশী থাকেন সেই কোম্পানি ইহার পর কোন সময়ে এই আইনমতে সীমাযুক্ত দায়সহিত কি তাহাভিন্ন আপনাকে কোম্পানিস্বরূপে রেজিষ্টরী করিতে পারেন। কিন্তু ইহাতে এই বিধি মানিতে হইবেক যে ব্যাঙ্কের কর্ম্ম করিবার কি বিমাপত্র দিবার জন্যে স্থাপিত কোন কোম্পানি এই আইনমতে সীমাযুক্ত কোম্পানি বলিয়া রেজিষ্টরী করা যাইতে পারিবেক না। আর এই আইনমতে রেজিষ্টরী করিতে হইবেক কি না এই কথা বিবেচনা করিবার জন্যে কোন সাধারণ বৈঠক করিয়া অংশিরদের যত জন উপস্থিত থাকেন তাঁহারদের সংখ্যা ও শ্যারের মূল্য বুঝিয়া চারি অংশের তিন অংশের লোক নিজে, কিম্বা যদি কোম্পানির বিধিমতে অন্য লোকের দ্বারা মত জানাইবার অনুমতি হয় তবে অন্য লোকের দ্বারা, সেই কথায় সম্মত না হইলে কোন কোম্পানি এই আইনমতে রেজিষ্টরী করা যাইতে পারিবেক না ইতি।

[বর্ত্তমান কোম্পানির রেজিষ্টরী হইবার আগে যাহা প্রয়োজন হয়।]

৯৯ ধারা। বর্ত্তমান কোন কোম্পানির এই আইনমতে রেজিষ্টরী হইবার আগে নীচের লিখিত দলীল জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রারকে দেওয়া যাইবেক।

1. In the case of a Company registered under the said Act, if such Company is not intended to be registered as a limited Company, a list showing the names, addresses, and occupations, of all persons who on the day of registration are holders of shares in the Company, with the addition of the shares held by such persons respectively, distinguishing each share by its number:

2. If such Company is intended to be registered as a limited Company under the provisions of this Act, the above list shall be accompanied with a statement specifying the following particulars:—

The nominal capital of the Company, and the number of shares into which it is divided;

The number of shares taken, and the amount paid on each share; and

The name of such Company, with the addition of the word "Limited" as the last word thereof:

3. In the case of any other Company duly constituted by law previously to the passing of this Act, and consisting of seven or more shareholders, if it is not intended to be registered as a limited Company, there shall be delivered to the Registrar of Joint-Stock Companies such list of shareholders as in hereinbefore mentioned, and also a copy of any Law, Royal Charter, Letters Patent, Deed of Settlement, or other instrument constituting or regulating the Company:

4. If any such Company as last aforesaid is intended to be registered as a limited Company, the above list and copy shall be accompanied by a statement specifying the following particulars; (that is to say),

The nominal capital of the Company, and the number of shares into which it is divided;

The number of shares taken, and the amount paid on each share; and

The name of the Company, with the addition of the word "Limited" as the last word thereof.

[Authentication of statements of existing Companies.]

C. The list of shareholders and any other particulars relating to the Company, hereby required to be delivered to the Registrar, shall be verified by declaration of the Directors of the Company delivering the same or any two of them, or of any two other principal Officers of the Company.

[Certificate of registration of existing Companies.]

CI. Upon compliance with the foregoing requisitions, the Registrar of Joint-Stock Companies shall certify under his hand that the Company so applying for registration is incorporated as a Company under this Act, and, in the case of a limited Company, that it is limited, and thereupon such Company shall be incorporated accordingly, and all provisions contained in any Deed of Settlement, Law, Royal Charter, or Letters Patent, or other instrument constituting or regulating the Company, shall be deemed to be regulations of

১। উক্ত আইনমতে রেজিষ্টরীকরা কোন কোম্পানি হইলে যদি সীমাযুক্ত কোম্পানি বলিয়া ঐ কোম্পানির রেজিষ্টরী করিবার অভিপ্রায় না হয় তবে রেজিষ্টরী করিবার দিনে যাঁহারা ঐ কোম্পানির শ্যার রাখেন তাঁহারদিগের সকলের নামাদি ও বাসস্থান ও ব্যবসায়ের এক ফর্দ্দ দেওয়া যাইবেক। এক২ জনের যে২ শ্যার আছে তাহাও সেই ফর্দ্দে থাকিবেক। আর এক২ শ্যার নম্বরেতে চেনা যাইবেক।

২। যদি সেইরূপ কোম্পানি এই আইনের বিধানমতে সীমাযুক্ত কোম্পানি বলিয়া রেজিষ্টরী করিবার অভিপ্রায় হয় তবে উক্ত ফর্দ্দের সঙ্গে নীচের লিখিত কথার এক কৈফিয়ৎ দিতে হইবেক।

ঐ কোম্পানির ব্যক্ত মুলধন ও তাহা যত শ্যার করিয়া বিভাগ করা গিয়াছে।

যত শ্যার লওয়া গিয়াছে ও এক২ শ্যারের উপর যত টাকা দেওয়া গিয়াছে।

ঐ কোম্পানির নাম ও তাহার সঙ্গে "সীমাযুক্ত" বলিয়া শেষ কথা প্রয়োগ।

৩। এই আইন জারী হইবার আগে আইনমতে নিয়মিতরূপে সংস্থাপিত অন্য যে কোম্পানির সাত কি তাহার অধিক জন অংশী থাকেন এমত কোন কোম্পানি হইলে যদি তাহা সীমাযুক্ত কোম্পানি বলিয়া রেজিষ্টরী করিবার অভিপ্রায় না থাকে তবে জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রারকে পূর্ব্বোক্তমতে অংশিরদের এক ফর্দ্দ দেওয়া যাইবেক, আর যে কোন আইন কি রাজকীয় চার্টর কি পাটেণ্টপত্র কি সংস্থাপনপত্র কি অন্য দলীলক্রমে ঐ কোম্পানি সংস্থাপিত হন কি তাঁহার বিধি করা যায় তাহার এক নকল ঐ ফর্দ্দের সঙ্গে দিতে হইবেক।

৪। যদি এই শেষোক্ত প্রকারের কোন কোম্পানি সীমাযুক্ত কোম্পানি বলিয়া রেজিষ্টরী করিবার অভিপ্রায় থাকে তবে উক্ত ফর্দ্দের ও নকলের সঙ্গে নীচের লিখিত বেওরার এক কৈফিয়ৎ দিতে হইবেক।

ঐ কোম্পানির ব্যক্ত মুলধন ও তাহা যত শ্যার করিয়া বিভাগ করা গিয়াছে।

যত শ্যার লওয়া গিয়াছে ও এক২ শ্যারের উপর যত টাকা দেওয়া গিয়াছে।

ঐ কোম্পানির নাম ও তাহার সঙ্গে "সীমাযুক্ত" বলিয়া শেষ কথা প্রয়োগ।

[বর্ত্তমান কোম্পানির কৈফিয়ৎ সিদ্ধ করণ।]

১০০ ধারা। এই আইনমতে অংশিরদের নামের যে ফর্দ্দ ও কোম্পানিসম্পর্কীয় অন্যান্য যে বেওরা রেজিষ্ট্রারকে দিবার আজ্ঞা হইয়াছে তাহা ঐ কোম্পানির যে ডৈরেক্টরেরা দেন তাঁহারদের কিম্বা তাঁহারদের কোন দুই জনের কিম্বা কোম্পানির প্রধান অন্য কোন দুই জন কার্য্যকারকের প্রতিজ্ঞাক্রমে সিদ্ধ হইবেক ইতি।

[বর্ত্তমান কোম্পানির রেজিষ্টরী হইবার সর্টিফিকট।]

১০১ ধারা। পূর্ব্বোক্ত আজ্ঞামতে কর্ম্ম হইলে পর, জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রার আপনার স্বাক্ষরিত এই সর্টিফিকট দিবেন যে, রেজিষ্টরী হইবার দরখাস্তকারী ঐ কোম্পানি এই আইনমতে কোম্পানিস্বরূপে চার্টর পাইয়াছেন। আর সীমাযুক্ত কোম্পানি হইলে লিখিবেন যে সেই কোম্পানি সীমাযুক্ত আছেন। তাহা হইলে সেই কোম্পানি তদনুসারে চার্টর পাইবেন আর যে কোন সংস্থাপনপত্র কি আইন কি রাজকীয় চার্টর কি পাটেণ্ট পত্র কি অন্য দলীলের দ্বারা ঐ কোম্পানি সংস্থাপিত হন কি তাহার বিধান হয় তাহার সকল বিধি এই আইনের অভিপ্রায়মতে ঐ কোম্পানির বিধি

the Company within the meaning of this Act, and all the provisions of this Act shall apply to such Company in the same manner in all respects as if it had been originally incorporated under this Act; subject, nevertheless, to the reservations hereinafter contained with respect to the existing rights of creditors and other persons; and subject to this proviso, that, except in so far as is hereinafter permitted, no Company, constituted by any special law, shall have power to alter any of the provisions contained in such law; and no Company constituted by Royal Charter or Letters Patent shall have power, by a special resolution or otherwise, to alter any of the provisions contained in such Charter or Letters Patent.

জ্ঞান হইবেক। আর ঐ কোম্পানি আদৌ এই আইনক্রমে চার্টর পাইবার মতে তাঁহার উপর এই আইনের সকল বিধান খাটিবেক। পরন্তু মহাজনেরদের ও অন্য ব্যক্তিরদের বর্ত্তমান স্বত্ব রক্ষার জন্যে যে বিধি পরে হইয়াছে তাহা পালন হইবেক। আরো ইহাতে এই বিধি মানিতে হইবেক যে কোন বিশেষ আইনমতে সংস্থাপিত কোন কোম্পানি সেই আইনের লিখিত কোন বিধান ইহার পরে যেপর্য্যন্ত অনুমতি হইয়াছে কেবল সেইপর্য্যন্তভিন্ন পরিবর্ত্ত করিতে পারিবেন না। আর রাজকীয় চার্টর কিম্বা পাটেণ্ট পত্রক্রমে সংস্থাপিত কোন কোম্পানি বিশেষ নির্দ্ধারণ কি অন্য কর্ম্ম করিয়া ঐ চার্টরের কি পাটেণ্টপত্রের কোন বিধান পরিবর্ত্ত করিতে পারিবেন না ইতি।

[Power of Company to change name.]

CII. Any existing Company may, for the purpose of obtaining registration with limited liability, change its name by adding thereto the word "Limited," or do any other act that may be necessary.

[কোম্পানির নাম পরিবর্ত্তন করিবার ক্ষমতা।]

১০২ ধারা। বর্ত্তমান কোন কোম্পানি, সীমাযুক্ত দায় সহিত রেজিষ্টরী হইবার জন্যে, আপন নামের শেষে "সীমাযুক্ত" এই কথা প্রয়োগ করিয়া কিম্বা আবশ্যক অন্য কোন কর্ম্ম করিয়া, আপন নাম পরিবর্ত্ত করিতে পারিবেন ইতি।

[Certificate to be evidence of compliance with Act.]

CIII. The certificate of incorporation given to any existing Company, in pursuance of this Act, shall be conclusive evidence that all the requisitions herein contained in respect of registration under this Act have been complied with; and the date of such certificate shall be deemed to be the date on which the Company is incorporated under this Act.

[ঐ সর্টিফিকট আইনমতে কার্য্য হইবার প্রমাণ হয়।]

১০৩ ধারা। বর্ত্তমান কোন কোম্পানিকে চার্টর পাইবার যে সর্টিফিকট এই আইনমতে দেওয়া যায় সেই সর্টিফিকট এই আইনমতে রেজিষ্টরী করণ সম্পর্কে এই আইনের সকল আজ্ঞামতে কর্ম্ম হইয়াছে ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবেক। আর ঐ সর্টিফিকটের তারিখ এই আইনমতে ঐ কোম্পানির চার্টর পাইবার তারিখ জ্ঞান হইবেক ইতি।

[Saving of rights of creditors.]

CIV. The registration of any existing Company under this Act shall not, nor shall any act of the Company subsequent to such registration, prejudice any right which previously to such registration has, or which would, if no such registration had taken place, have accrued to any creditor or other person against the Company in its corporate capacity in respect of any act done or liability incurred previously to such registration, or against any person then being or having been a member of such Company; but every such creditor or other person shall be entitled, in respect of any such act or liability, to all such remedies against the Company in its corporate capacity, and against every person then being or having been a member of such Company, as he would have been entitled to in case such registration had not taken place.

[মহাজনেরদের স্বত্ব রক্ষা।]

১০৪ ধারা। বর্ত্তমান কোন কোম্পানির ঐ প্রকারে রেজিষ্টরী হইবার পূর্ব্বে, কিম্বা যদি তাঁহার রেজিষ্টরী না হইত তবে, ঐ কোম্পানির সামাজিক ভাবপক্ষে তাহার বিপরীতে রেজিষ্টরী হইবার পূর্ব্বে করা কোন কার্য্যের কিম্বা হওয়া কোন দায়ের সম্পর্কে, কিম্বা ঐ কোম্পানির তৎকালীন কিম্বা পূর্ব্বাবধির মেম্বর কোন ব্যক্তির বিপরীতে কোন মহাজনের কি অন্য ব্যক্তির যে কিছু স্বত্ব থাকে কি হইত, সেই কোম্পানির এই আইনমতে রেজিষ্টরী হওনপ্রযুক্ত, ও রেজিষ্টরী হইবার পর সেই কোম্পানির কোন কার্য্যদ্বারা সেই স্বত্বের হানি হইবেক না। কিন্তু সেইরূপ রেজিষ্টরী যদি না হইত তবে ঐ মহাজনের কি অন্য ব্যক্তির যে উপায় থাকিত, তদ্রূপ কোন কার্য্যের কি দায়ের সম্পর্কে ঐ কোম্পানির সামাজিক ভাবপক্ষে তাঁহার বিপরীতে ও সেই কোম্পানির তৎকালীন কি পূর্ব্বাবধির মেম্বর কোন ব্যক্তির বিপরীতে সেই মহাজনের কি সেই ব্যক্তির সেই উপায় থাকিবেক ইতি।

SCHEDULE.

FORM A.

Memorandum of association of "The Company Limited."

1. The name of the Company is "The Company Limited."

2. The registered Office of the Company is to be established in Calcutta.

তফসীল।

A চিহ্নের পাঠ।

"সীমাযুক্ত" অমুক কোম্পানির সামাজিক পত্র।

১। কোম্পানির নাম এই " সীমাযুক্ত কোম্পানি

২। এই কোম্পানির রেজিষ্টরীকরা দপ্তরখানা কলিকাতায় স্থাপিত হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৭ ফেব্রুআরি।]

3. The objects for which the Company is established are " the   and the doing all such other things as are incidental or conducive to the attainment of the above object."

4. The liability of the shareholders is "Limited."

5. The nominal capital of the Company is   Rupees divided into one thousand shares of   Rupees each.

We, the several persons whose names and addresses are subscribed, are desirous of being formed into a Company in pursuance of this memorandum of association; and we respectively agree to take the number of shares in the capital of the Company set opposite our respective names.

৩। এই কোম্পানির স্থাপন হইবার অভিপ্রায় এই২ "   ও উক্ত অভিপ্রায়সম্পর্কীয় ও তৎসম্পাদনার্থ কর্ত্তব্য অন্য সকল কার্য্য করণ।"

৪। অংশিরদের দায় "সীমাযুক্ত" আছে।

৫। এই কোম্পানির ব্যক্ত মূলধন   টাকা তাহার এত   টাকা করিয়া এক হাজার শ্যার করা গিয়াছে।

আমরা অর্থাৎ যাঁহারদের নাম ধামাদি নীচে লেখা যাইতেছে আমরাই এই সামাজিক পত্রানুসারে কোম্পানি হইতে চাহি আর আমারদের মধ্যে যাঁহার নামের পার্শ্বে কোম্পানির মূলধনের যত শ্যার লেখা আছে সেই জন তত শ্যার লইতে সম্মত আছেন।

Names and addresses of Subscribers.	Number of shares taken by each subscriber.
1. A. B.	200
2. B. C.	25
3. C. D.	30
4. E. F.	15
5. G. H.	38
6. I. J.	42
7. K. L.	70
Total shares taken. ..	420

Dated the   day of

Witness to the above Signatures

A. B.

স্বাক্ষরকরণিয়ারদের নাম ধামাদি	এক২ জন যত শ্যার লইয়াছেন।
১। ক। খ।	২০০
২। গ। ঘ।	২৫
৩। চ। ছ।	৩০
৪। জ। ঝ।	১৫
৫। ট। ঠ।	৩৮
৬। ড। ঢ।	৪২
৭। ত। থ।	৭০
সমুদয় যত শ্যার লওয়া গিয়াছে।...	৪২০

তাং

উক্ত স্বাক্ষর করিবার সাক্ষী।

ক। খ।

TABLE B.

REGULATIONS FOR MANAGEMENT OF THE COMPANY.

SHARES.

1. No person shall be deemed to have accepted any share in the Company unless he has testified his acceptance thereof by writing under his hand, in such form as the Company from time to time directs.

2. The Company may from time to time make such calls upon the shareholders in respect of all monies unpaid on their shares as they think fit, provided that twenty-one days' notice at least is given of each call, and each shareholder shall be liable to pay the amount of calls so made to the persons and at the times and places appointed by the Company.

3. A call shall be deemed to have been made at the time when the resolution authorizing such call was passed.

[*Government Gazette, 17th February,* 1857.]

B চিহ্নের টেবিল।

এই কোম্পানির কার্য্য চালাইবার বিধান।

শ্যার।

১। এই কোম্পানি সময়ে২ যেমন আজ্ঞা করেন তেমনি যদি কোন ব্যক্তি কোন শ্যার লইবার কথায় স্বাক্ষর করিয়া প্রমাণ না করেন তবে তিনি ঐ কোম্পানির কোন শ্যার লইয়াছেন এমত জ্ঞান হইবেক না।

২। অংশিরদের শ্যারের উপর যে সকল টাকা দেওয়া যায় নাই তৎসম্পর্কে কোম্পানি সময়ে২ যেমন উচিত বোধ করেন তেমনি কতক টাকা দিতে আদেশ করিতে পারিবেন। পরন্তু সেইরূপ আদেশ হইবার আগে তাহার সম্বাদ অতিক্রম একুশ দিন থাকিতে দিতে হইবেক। আর কোম্পানি যে ব্যক্তিকে ও যে সময় ও স্থান নিরূপণ করেন সেই ব্যক্তিকে সেই সময়ে সেই স্থানে প্রত্যেক অংশির ঐ আদেশকরা টাকা দিতে হইবেক।

৩। তদ্রূপ আদেশ করিবার কথা যে সময়ে নির্দ্ধার্য্য হয় সেই সময়ে ঐ আদেশ করা গিয়াছে এমত জ্ঞান হইবেক।

4. If before or on the day appointed for payment any shareholder does not pay the amount of any call to which he is liable, then such shareholder shall be liable to pay interest for the same at the rate of 5 per cent. per annum from the day appointed for the payment thereof to the time of the actual payment.

5. The Company may, if they think fit, receive, from any of the shareholders willing to advance the same, all or any part of the monies due upon their respective shares beyond the sums actually called for; and upon the monies so paid in advance, or so much thereof as from time to time exceeds the amount of the calls then made upon the shares in respect of which such advance has been made, the Company may pay interest at such rate as the shareholder paying such sum in advance and the Company agree upon.

6. If several persons are registered as joint holders of any share, any one of such persons may give effectual receipts for any dividend payable in respect of such share.

7. The Company may decline to register any transfer of shares made by a shareholder who is indebted to them.

8. Every shareholder shall, on payment of such sum not exceeding eight annas as the Company may prescribe, be entitled to a certificate, under the common seal of the Company, specifying the share or shares held by him, and the amount paid up thereon.

9. If such certificate is worn-out or lost, it may be renewed, on payment of such sum, not exceeding eight annas, as the Company may prescribe.

10. The transfer books shall be closed during the fourteen days immediately preceding the ordinary general meeting in each year.

TRANSMISSION OF SHARES.

11. The executors or administrators or representatives of a deceased shareholder shall be the only persons recognized by the Company as having any title to his share.

12. Any person becoming entitled to a share in consequence of the death, bankruptcy, or insolvency of any shareholder, or in consequence of the marriage of any female shareholder, or in any way other than by transfer, may be registered as a shareholder upon such evidence being produced as may from time to time be required by the Company.

13. Any person who has become entitled to a share in any way other than by transfer may, instead of being registered himself, elect to have some person to be named by him registered as a holder of such share.

14. The person so becoming entitled shall testify such election by executing to his nominee a transfer of such share.

15. The instrument of transfer shall be pre-

৪। কোন আদেশক্রতে যত টাকা কোন অংশির স্থানে পাওনা হয় তাহা দিবার নির্দ্ধারিত দিবসে কি তাহার আগে যদি সেই অংশী তাহা না দেন তবে তাহা দিবার নির্দ্ধারিত দিবসঅবধি যত কাল তাহা নিতান্ত না দেন তত কাল সেই অংশির ঐ আদেশকরা টাকার উপর বৎসরে শতকরা ৫৲ টাকার হিসাবে সুদ দিতে হইবেক।

৫। যদি কোন অংশিরা যত টাকা দিবার নিতান্ত আদেশ হয় তাহার অধিক দিয়া আপন২ শ্যারের জন্যে যত দেনা থাকে তাহার সকল কি কিছু টাকা আগাম দিতে চাহেন তবে ঐ কোম্পানি উচিত বোধ করিলে তাহা গ্রহণ করিতে পারিবেন। আর ঐ কোম্পানি ও সেই আগাম দিবার অংশী যে হিসাবে সুদ ধরিতে সম্মত হন সেই হিসাবে ঐ কোম্পানি সেইপ্রকারের আগাম দেওয়া টাকার উপর, কিম্বা যে২ শ্যারের সম্পর্কে সেই টাকা আগাম দেওয়া গেল তাহার সম্পর্কে যত দিবার আদেশ তৎকালে হইয়াছিল তাহার অধিক সময়ে২ যত টাকা দেওয়া গেল তাহার উপর সুদ দিতে পারিবেন।

৬। যদি অনেক ব্যক্তিকে কোন শ্যারের উপলক্ষে সংযুক্ত অংশী বলিয়া রেজিষ্টরী করা যায় তবে সেই শ্যারের জন্যে পাওনা কোন ডিবিডেণ্ডের রসীদ তাঁহারদের কোন এক জন দিলে তাহা সিদ্ধ হইবেক।

৭। কোন অংশী যদি ঐ কোম্পানির নিকটে কর্জদার হন তবে তিনি কোন শ্যার হস্তান্তর করিলে কোম্পানি তাহা রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবেন।

৮। কোন অংশী যে এক কি অনেক শ্যার লইয়াছেন তাহা, ও তাহার উপর যত টাকা দেওয়া গিয়াছে তাহা যাহাতে নির্দ্দিষ্ট থাকে এমত সর্টিফিকট যদি চাহেন তবে আট আনার অনধিক ঐ কোম্পানি যত নির্দ্ধার্য্য করিয়া থাকিবেন তাহা দিলে তিনি ঐ কোম্পানির মোহরকরা তদ্রূপ এক সর্টিফিকট অবশ্য পাইতে পারিবেন।

৯। সেই সর্টিফিকট যদি জীর্ণ হয় কি হারাণ যায় তবে আট আনার অনধিক ঐ কোম্পানি যত নির্দ্ধার্য্য করিয়া থাকিবেন তাহা দিলে নূতন সর্টিফিকট পাওয়া যাইতে পারিবেক।

১০। প্রতিবৎসরে নিয়মিত সাধারণ বৈঠক যে দিনে হয় তাহার পূর্ব্বের চৌদ্দ দিনের মধ্যে হস্তান্তরের বহীর সকল কথা সমাপ্ত করিতে হইবেক।

শ্যার হস্তান্তর করণ।

১১ কোন অংশী মরিলে, কোম্পানি তাঁহার অছি কি আডমিনিষ্ট্রেটর কি স্থলাভিষিক্ত ভিন্ন অন্য কোন ব্যক্তিকে তাঁহার শ্যারের উপর কোন অধিকার পাইবার যোগ্য স্বীকার করিবেন না।

১২। কোন অংশির মরণেতে কি দেউলিয়া কি যোত্রহীন হওনেতে, কিম্বা কোন স্ত্রী অংশিনী হইয়া তাঁহার বিবাহ হওয়াতে, কিম্বা হস্তান্তরক্রমে না হইয়া প্রকারান্তরে যদি কোন ব্যক্তি কোন শ্যারের অধিকারী হয়েন তবে কোম্পানি সময়ে২ যেরূপ প্রমাণ দিবার আজ্ঞা করেন সেই প্রমাণ দেওয়া গেলে সেই ব্যক্তিকে অংশিস্বরূপ রেজিষ্টরী করা যাইতে পারে।

১৩। যে কোন ব্যক্তি হস্তান্তরক্রমে না হইয়া প্রকারান্তরে কোন শ্যারের অধিকারী হয়েন তিনি আপনি রেজিষ্টরী না হইয়া অন্য ব্যক্তির নাম করিয়া তাঁহাকে ঐ শ্যারের উপলক্ষে অংশী বলিয়া রেজিষ্টরী হইবার জন্যে মনোনীত করিতে পারিবেন।

১৪। উক্ত প্রকারে অধিকারপ্রাপ্ত সেই ব্যক্তি আপনার মনোনীত ঐ অন্য ব্যক্তির নামে ঐ শ্যারের হস্তান্তর করণ পত্রে দস্তখৎ করিয়া তাঁহাকে মনোনীত করিবার প্রমাণ করিবেন।

১৫। ঐ হস্তান্তর করিবার দলীল যখন কোম্পানিকে

sented to the Company accompanied with such evidence as they may require to prove the title of the transferror, and thereupon the Company shall register the transferree as a shareholder.

Forfeiture of Shares.

16. If any shareholder fails to pay any call due on the appointed day, the Company may, at any time thereafter, during such time as the call remains unpaid, serve a notice on him, requiring him to pay such call, together with any interest that may have accrued by reason of such non-payment.

17. The notice shall name a further date, and a place or places being a place or places at which calls of the Company are usually made payable, on and at which such call is to be paid: it shall also state that, in the event of non payment at the time and place appointed, the shares in respect of which such call was made will be liable to be forfeited.

18. If the requisitions of any such notice as aforesaid are not complied with, any share in respect of which such notice has been given may be forfeited by a resolution of the Directors to that effect.

19. Any shares so forfeited shall be deemed to be the property of the Company, and may be disposed of in such manner as the Company thinks fit.

20. Any shareholder whose shares have been forfeited shall, notwithstanding, be liable to pay to the Company all calls owing upon such shares at the time of the forfeiture.

Increase in Capital.

21 The Company may, with the sanction of the Company previously given in general meeting, increase its capital.

22. Any capital raised by the creation of new shares shall be considered as part of the original capital, and shall be subject to the same provisions in all respects, whether with reference to the payment of calls, or the forfeiture of shares on non-payment of calls, or otherwise, as if it had been part of the original capital.

General Meetings.

23. The first general meeting shall be held at such time not being more than twelve months after the incorporation of the Company, and at such place as the Directors may determine.

24. Subsequent general meetings shall be held at such time and place as may be prescribed by the Company in general meeting; and if no other time or place is prescribed, a general meeting shall be held on the day of in every year, at such place as may be determined by the Directors.

25. The abovementioned general meetings shall be called ordinary meetings; all other general meetings shall be called extraordinary.

[*Government Gazette*, 17*th February*, 1857.]

দেওয়া যায় তখন ঐ হস্তান্তরকরণিয়ার অধিকারের যেরূপ প্রমাণ কোম্পানি আজ্ঞা করেন তদ্রূপ প্রমাণও দেওয়া যাইবেক। তাহা হইলে যাঁহার নিকটে ঐ শ্যার হস্তান্তর করিয়া দেওয়া যায় তাঁহাকে কোম্পানির অংশী বলিয়া রেজিষ্টরী করাণ যাইবেক।

শ্যার রহিত করণ।

১৬। আদেশকরা যে কিছু টাকা দেনা হয় তাহা যদি কোন অংশী নির্দ্ধারিত দিবসে না দেন তবে ঐ কোম্পানি তাহার পর ঐ আদেশকরা টাকা যত কাল না দেওয়া যায় তাহার মধ্যে কোন সময়ে ঐ অংশির নামে এত্তেলা জারী করিয়া ঐ আদেশকরা টাকা দিতে, ও তাহা না দেওয়াতে যত সুদ দেনা হইয়াছে তাহাও দিতে তাঁহাকে আজ্ঞা করিতে পারিবেন।

১৭। আরও ঐ আদেশকরা টাকা যে তারিখে ও স্থানে দিতে হইবেক এমত অন্য এক তারিখ ও যে স্থানে কি যে২ স্থানে কোম্পানির আদেশকরা টাকা রীতিমতে দেওয়া গিয়া থাকে এমত এক কি কএক স্থানের নাম ঐ এত্তেলানামায় লেখা থাকিবেক। আরও তাহাতে এই কথা লেখা থাকিবেক যে, ঐ নির্দ্ধারিত সময়ে ও স্থানে ঐ টাকা না দেওয়া গেলে যে শ্যারের উপলক্ষে ঐ টাকা দিবার আদেশ হয় সেই শ্যার রহিত হইবার যোগ্য হইবেক।

১৮। যদি পূর্ব্বোক্ত প্রকারের কোন এত্তেলানামার আজ্ঞামতে কর্ম্ম না হয় তবে যে কোন শ্যারের উপলক্ষে সেই এত্তেলা দেওয়া গিয়াছিল তাহা রহিত হয় ডৈরেক্টরেরা এমত নির্দ্ধারণ করিলে তাহা রহিত হইবেক।

১৯। সেইরূপে রহিতহওয়া কোন শ্যার কোম্পানির বিষয় জ্ঞান হইবেক। ও তাহা লইয়া কোম্পানি যেমন উচিত বোধ করেন তেমনি করিতে পারিবেন।

২০। কোন অংশির শ্যার রহিত হইলেও, তাহা রহিত হইবার কালে সেই শ্যারের উপলক্ষে আদেশকরা যত টাকা তাঁহার দেনা ছিল তাহা কোম্পানিকে দিতে তিনি দায়ী থাকিবেন।

মুলধন বৃদ্ধি করণ

২১। সাধারণ বৈঠকে কোম্পানির অনুমতি প্রথমে হইলে কোম্পানি আপনার মুলধন বৃদ্ধি করিতে পারিবেন।

২২। নূতন শ্যার করিয়া যত ধনের বৃদ্ধি হয় তাহা আসল মুলধনের অংশ বলিয়া জ্ঞান হইবেক। আর আদেশকরা টাকা দেওন ও না দেওয়া গেলে শ্যার রহিত হওনপ্রভৃতির সম্পর্কে আসল মুলধনের অংশ হইবার মতে তাহার সর্ব্ব বিষয়ে একিরূপ বিধান হইবেক।

সাধারণ বৈঠক।

২৩। কোম্পানির চার্টর পাইবার পর বারো মাসের অধিক না হয় এমত যে কোন সময় ও যে কোন স্থান ডৈরেক্টরেরা নিরূপণ করেন সেই সময়ে ও স্থানে সাধারণ বৈঠক প্রথমবার করিতে হইবেক।

২৪। তাহার পর সকল সাধারণ বৈঠক কোম্পানি যে সময় ও স্থান সাধারণ বৈঠক করিয়া নির্দ্ধার্য্য করেন সেই সময়ে ও স্থানে হইবেক। যদি অন্য কোন সময় কি স্থান নির্দ্ধার্য্য না হয় তবে প্রতিবৎসরে অমুক মাসের অমুক তারিখে ডৈরেক্টরেরা যে স্থান নিরূপণ করেন সেই স্থানে সাধারণ বৈঠক হইবেক।

২৫। উক্ত সকল সাধারণ বৈঠক নিয়মিত বৈঠক বলা যাইবেক। অন্য সকল সাধারণ বৈঠক অতিরিক্ত বৈঠক বলা যাইবেক।

26. The Directors may, whenever they think fit, and they shall, upon a requisition made in writing by any number of shareholders holding in the aggregate not less than one-fifth part of the shares of the Company, convene an extraordinary general meeting.

27. Any requisition so made by the shareholders shall express the object of the meeting proposed to be called, and shall be left at the registered office of the Company.

28. Upon the receipt of such requisition the Directors shall forthwith proceed to convene a general meeting: if they do not proceed to convene the same within twenty-one days from the date of the requisition, the requisitionists, or any other shareholders holding the required number of shares, may themselves convene a meeting.

29. Seven days' notice at the least, specifying the place, the time, the hour of meeting, and the purpose for which any general meeting is to be held, shall be given by advertisement, or in such other manner, if any, as may be prescribed by the Company.

30. Any shareholder may, on giving not less than three days' previous notice, submit any resolution to a meeting beyond the matters contained in the notice given of such meeting.

31. The notice required of a shareholder shall be given by leaving a copy of the resolution at the registered office of the Company.

32. No business shall be transacted at any meeting, except the declaration of a dividend, unless a quorum of shareholders is present at the commencement of such business and such quorum shall be ascertained as follows; (that is to say) if the shareholders belonging to the Company at the time of the meeting do not exceed ten in number, the quorum shall be five; if they exceed ten, there shall be added to the above quorum one for every five additional shareholders up to fifty, and one for every ten additional shareholders after fifty, with this limitation, that it shall not be necessary for any quorum in any case to exceed forty.

33. If within one hour from the time appointed for the meeting the required number of shareholders is not present, the meeting, if convened upon the requisition of shareholders, shall be dissolved: in any other case it shall stand adjourned to the following day at the same time and place; and if at such adjourned meeting the required number of shareholders is not present, it shall be adjourned *sine die*.

34. The Chairman (if any) of the Board of Directors shall preside as Chairman at every meeting of the Company.

35. If there is no such Chairman, or if at any meeting he is not present at the time of holding the same, the shareholders present shall choose some one of their number to be Chairman of such meeting.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫৭ । ১৭ ফেব্রুআরি ।]

২৬। ডৈরেক্টরেরা যে কোন সময়ে উচিত বোধ করেন সেই সময়ে অতিরিক্ত সাধারণ বৈঠক করিতে পারিবেন। আর কোম্পানির সকল শ্যার পাঁচ ভাগ করিলে তাহার অন্যূন এক ভাগের অংশী যত জন হন তাঁহারা লিখিয়া আদেশ করিলে ডৈরেক্টরেরা অতিরিক্ত সাধারণ বৈঠক করিবেন।

২৭। অংশিরা সেই প্রকারের যে আদেশ করেন তাহাতে যে অভিপ্রায়ে ঐ বৈঠক করিতে প্রস্তাব করেন তাহা প্রকাশ হইবেক। ও সেই আদেশ কোম্পানির রেজিষ্টরীকরা দফ্তরখানাতে রাখিতে হইবেক।

২৮। সেই আদেশ পাইলে পর ডৈরেক্টরেরা অগৌণে সাধারণ বৈঠক করিতে প্রবর্ত্ত হইবেন। যদি তাঁহারা ঐ আদেশপত্রের তারিখঅবধি একুশ দিনের মধ্যে ঐ বৈঠক না করেন তবে ঐ আদেশকারিরা কিম্বা পূর্ব্ব নির্দ্ধারিত শ্যারের উপলক্ষ অন্য অংশিরা আপনারাই ঐ বৈঠক করিতে পারিবেন

২৯। কোন সাধারণ বৈঠক যে সময়ে ও স্থানে ও ঘণ্টায় হইবেক ও যে অভিপ্রায়ে করিতে হইবেক তাহার সম্বাদ অতিক্রম সাত দিন থাকিতে ইশ্তিহার প্রকাশ করিয়া কিম্বা অন্য যে কোন প্রকারে কোম্পানি নির্দ্ধার্য্য করিয়া থাকেন সেই প্রকারে দেওয়া যাইবেক।

৩০। সেইরূপ বৈঠক হইবার সম্বাদে যেং বিষয় ব্যক্ত হয় তদ্ভিন্ন কোন নির্দ্ধারণ কোন অংশী তিন দিন থাকিতে সম্বাদ দিয়া সেই বৈঠকে বিচার হইবার নিমিত্তে উপস্থিত করিতে পারিবেন।

৩১। অংশির যে সম্বাদ দিতে হইবেক তাহা ঐ নির্দ্ধারণের এক কেতা নকল কোম্পানির রেজিষ্টরীকরা দফ্তরখানায় রাখিয়া দেওয়া যাইবেক।

৩২। যদি কোন কর্ম্ম আরম্ভ হইবার সময়ে উপযুক্ত সংখ্যার অংশিরা বৈঠকে উপস্থিত না থাকেন তবে ডিবিডেণ্ড প্রকাশ করিবার কার্য্য ভিন্ন অন্য কোন কার্য্য সেই বৈঠকে হইবেক না। আর সেই উপযুক্ত সংখ্যার এইরূপে নির্ণয় হইবেক। যদি ঐ বৈঠক হইবার সময়ে কোম্পানির দশ জনের অধিক অংশী না থাকেন তবে পাঁচ জন উপস্থিত হইলে উপযুক্ত সংখ্যা হইবেক, যদি দশ জনের অধিক অংশী থাকেন তবে উক্ত পাঁচ জনের অধিক পঞ্চাশপর্য্যন্ত পাঁচং জনপ্রতি একং জন থাকিলে উপযুক্ত সংখ্যা হয় আর পঞ্চাশের উপর দশং জন অংশির প্রতি একং জন থাকিলে উপযুক্ত সংখ্যা হইবেক। কিন্তু বিশেষ এই যে উপযুক্ত সংখ্যা হইবার জন্যে চল্লিশ জনের অধিক থাকার আবশ্যক হইবেক না।

৩৩। বৈঠক হইবার যে সময় নির্দ্ধার্য্য হইয়াছে তাহার পর এক ঘণ্টার মধ্যে যদি প্রয়োজনীয় সংখ্যার অংশিরা উপস্থিত না হন তবে ঐ বৈঠক অংশিরদের আদেশমতে হইয়া থাকিলে তাহা ভঙ্গ হইবেক। অন্য কোন প্রকারে হইলে তাহার পর দিনে সেই সময়ে ও সেই স্থানে বৈঠক পুনরায় হইবেক। আর যদি সেই বৈঠকেও প্রয়োজনীয় সংখ্যার অংশিরা উপস্থিত না থাকেন তবে অনিশ্চিত অন্য দিনপর্য্যন্ত স্থগিত থাকিবেক।

৩৪। ডৈরেক্টরেরদের বোর্ডের যদি এক জন চেরমান অর্থাৎ সভাপতি থাকেন তবে কোম্পানির প্রত্যেক বৈঠকে তিনি চেরমানস্বরূপে আধিপত্য করিবেন।

৩৫। যদি কোন চেরমান না থাকেন কিম্বা যদি কোন বৈঠক হইবার সময়ে তিনি সেই বৈঠকে উপস্থিত না থাকেন তবে যে অংশিরা উপস্থিত থাকেন তাঁহারা আপনারদের কোন এক জনকে সেই বৈঠকের চেরমান করিবেন।

36. The Chairman may, with the consent of the meeting, adjourn any meeting from time to time and from place to place; but no business shall be transacted at any adjourned meeting other than the business left unfinished at the meeting from which the adjournment took place.

37. At any general meeting, unless a poll is demanded by at least five shareholders, a declaration by the Chairman that a resolution has been carried, and an entry to that effect in the book of proceedings of the Company, shall be sufficient evidence of the fact, without proof of the number or proportion of the votes recorded in favor of or against such resolution.

38. If a poll is demanded in manner aforesaid, the same shall be taken in such manner as the Chairman directs; and the result of such poll shall be deemed to be the resolution of the Company in general meeting.

VOTES OF SHAREHOLDERS.

39. Every shareholder shall have one vote for every share up to ten; he shall have an additional vote for every five shares beyond the first ten shares up to one hundred, and an additional vote for every ten shares held by him beyond the first hundred shares.

40. If any shareholder is a lunatic or idiot, he may vote by his Committee, and if any shareholder is a minor, he may vote by his guardian, or any one of his guardians if more than one.

41. If more persons than one are jointly entitled to a share or shares, the person whose name stands first in the Register of shareholders as one of the holders of such share or shares, and no other, shall be entitled to vote in respect of the same.

42. No shareholder shall be entitled to vote at any meeting unless all calls due from him have been paid, nor until he shall have been possessed of his shares three calendar months, unless such shares shall have been acquired or shall have come by bequest, or by marriage, or by succession to an intestate's estate, or by any deed of settlement after the death of any person who shall have been entitled for life to the dividends of such shares.

43. Votes may be given either personally, or by proxies: a proxy shall be appointed in writing under the hand of the appointor, or, if such appointor is a corporation, under their common seal.

44. No person shall be appointed a proxy who is not a shareholder, and the instrument appointing him shall be deposited at the registered Office of the Company not less than forty-eight hours before the time of holding the meeting at which

৩৬। বৈঠকে যাঁহারা উপস্থিত থাকেন তাঁহারদের অনুমতি লইয়া চেরমান তৎকালে বৈঠক শুরু করিয়া সময়ে২ স্থানে২ বৈঠক হইবার নিরূপণ করিতে পারিবেন। কিন্তু সেই প্রথম বৈঠক শুরু হইবার কালে যে কর্ম্ম সমাপ্ত না হইয়া রহিয়াছে তদ্ভিন্ন অন্য কোন কর্ম্ম সেইরূপ অন্য বৈঠকে করা যাইবেক না।

৩৭। কোন সাধারণ বৈঠকে অতিকম পাঁচ জন অংশী যদি মত লইবার দাওয়া না করেন তবে বিশেষ কোন কথা নির্দ্ধার্য্য হইয়াছে চেরমানের এই কথা প্রকাশ করণ ও কোম্পানির কার্য্যের বিবরণের বহীতে সেই মর্ম্মের কথা লেখা থাকা ঐ কথার প্রচুর প্রমাণ হইবেক। আর সেই নির্দ্ধারণের সপক্ষে কি বিপক্ষে যে সকল মত হইয়াছিল তাহার সংখ্যার কি ন্যূনাধিক্যের প্রমাণ লওয়ার প্রয়োজন হইবেক না।

৩৮। যদি পূর্ব্বোক্তমতে অংশিরদের মত লইবার আদেশ হয় তবে চেরমান তাহা লইবার যেরূপ আজ্ঞা করেন সেইরূপে লওয়া যাইবেক ও ঐ মত লইয়া যে ফল হয় তাহা সাধারণ বৈঠকে কোম্পানির নির্দ্ধারণ জ্ঞান হইবেক।

অংশিরদের মত প্রকাশ।

৩৯। প্রত্যেক অংশির দশ শ্যারপর্য্যন্ত যত শ্যার থাকে তত জনের মতের তুল্য তাঁহার মত হইবেক। দশ শ্যারের উপর এক শত শ্যারপর্য্যন্ত তাঁহার মত পাঁচ২ শ্যার প্রতি এক২ জনের মতের তুল্য হইবেক। প্রথম এক শত শ্যারের উপর তাঁহার মত দশ২ শ্যার প্রতি এক২ জনের মতের তুল্য হইবেক।

৪০। যদি কোন অংশী উন্মাদ কি ক্ষিপ্ত হন তবে তাঁহার মত তাঁহার কমিটির দ্বারা প্রকাশ হইতে পারিবেক। যদি কোন অংশী নাবালগ হন তবে তিনি আপন রক্ষকের দ্বারা, কিম্বা যদি একের অধিক রক্ষক থাকেন তবে তাঁহারদের কোন এক জনের দ্বারা মত প্রকাশ করিতে পারিবেন।

৪১। যদি একের অধিক জন একত্রে কোন এক কি অধিক শ্যারের অধিকারী হন তবে অংশিরদের রেজিষ্টরী বহীতে তাঁহারদের মধ্যে যাঁহার নাম ঐ এক কি অধিক শ্যারের উপলক্ষে অংশী বলিয়া প্রথমে লেখা থাকে তিনি সেই২ শ্যারের উপলক্ষে মত প্রকাশ করিতে পারিবেন অন্যেরা নহে।

৪২। কোন অংশির শ্যারের উপর যত টাকা দিবার আদেশ হইয়াছে সেই সকল টাকা যদি তিনি না দিয়া থাকেন কিম্বা যদি সেই সকল শ্যার ইঙ্গরেজী হিসাবের তিন মাসপর্য্যন্ত তাঁহার হাতে না থাকে তবে তিনি কোন বৈঠকে আপন মত জানাইতে পারিবেন না। কিন্তু যদি তিনি সেইরূপ শ্যার উইলক্রমে কিম্বা বিবাহের দ্বারা, কিম্বা যে জন উইল না করিয়া মরেন তাঁহার উত্তরাধিকারিত্বক্রমে, কিম্বা কোন দানপত্রক্রমে যে কোন ব্যক্তির ঐ শ্যারের ডিবিডেণ্ড যাবজ্জীবন পাইবার অধিকার ছিল তাঁহার মরোণোত্তর, ঐ শ্যার প্রাপ্ত হইয়া থাকেন তবে তাঁহার উপর এই বিধি খাটিবেক না।

৪৩। কোন ব্যক্তি স্বয়ং উপস্থিত হইয়া কিম্বা অন্যের দ্বারা আপনার মত প্রকাশ করিতে পারিবেন। অন্য কোন ব্যক্তির দ্বারা মত প্রকাশ করা গেলে যিনি তাঁহাকে সেই কর্ম্মে নিযুক্ত করেন তাঁহার স্বাক্ষরকরা লিপির দ্বারা তাঁহাকে নিযুক্ত করা যাইবেক কিম্বা যদি তাঁহাকে সামাজিক লোককর্ত্তৃক নিযুক্ত করা যায় তবে তাঁহারদের সাধারণ মোহরক্রমে তাঁহার নিযুক্ত হইতে হইবেক।

৪৪। যে জন নিজে অংশী না হন তিনি অন্যের জন্যে মত প্রকাশ করিবার নিমিত্তে নিযুক্ত হইতে পারিবেন না। আর যে লিপিক্রমে তাঁহাকে নিযুক্ত করা যায় সেই লিপি তিনি যে বৈঠকে মত জানাইবার মনস্থ করেন সেই বৈঠক হইবার আগে অতি কম আটচল্লিশ ঘণ্টা

e proposes to vote; but no instrument appointing a proxy shall be valid after the expiration of one month from the date of its execution.

DIRECTORS.

45. The number of the Directors, and the names of the first Directors, shall be determined by the subscribers of the memorandum of association.

46. Until Directors are appointed, the subscribers of the memorandum of association shall for all the purposes of this Act be deemed to be Directors.

POWERS OF DIRECTORS.

V. The first Vice-Chancellor of the said University shall be Sir James William Colvile, Knight. The office of Vice-Chancellor shall be held for two years only; and the Vice-Chancellor hereinbefore nominated shall go out of office on the first day of January 1859. Whenever a vacancy shall occur in the office of Vice-Chancellor of the said University by death, resignation, departure from India, effluxion of time, or otherwise, the Governor General of India in Council shall, by notification in the *Calcutta Gazette*, nominate a fit and proper person, being one of the Fellows of the said University, to be Vice-Chancellor in the room of the person occasioning such vacancy. Provided that on any vacancy in the said office which shall occur by effluxion of time, the Governor General of India in Council shall have power to re-appoint the Vice Chancellor hereinbefore nominated or any future Vice-Chancellor to such office.

[Fellows.]

VI. The Lieutenant-Governors of Bengal and the North-Western Provinces, the Chief Justice of the Supreme Court of Judicature at Fort William in Bengal or of any Court of Judicature hereafter to be constituted to or in which the powers of the said Supreme Court may be transferred or vested, the Bishop of Calcutta, and the Members of the Supreme Council of India, all for the time being, shall be ex-officio Fellows of the said University. The whole number of the Fellows of the said University, exclusive of the Chancellor and Vice-Chancellor for the time being, shall never be less than thirty; and whenever the number of the said Fellows, exclusive as aforesaid, shall by death, resignation, departure from India, or otherwise, be reduced below thirty, the Governor General of India in Council shall forthwith, by notification in the *Calcutta Gazette*, nominate so many fit and proper persons to be

[যাঁহারদিগকে লইয়া সেই চার্টরপ্রাপ্ত সমাজ হইবেন। সেনেট।]

৩ ধারা। এক জন চান্সেলরকে ও এক জন বৈস-চান্সেলরকে ও স্বং পদোপলক্ষে ও অন্য যত জনকে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর পারিষদরূপে নিযুক্ত করিয়াছেন কিম্বা সময়েং কলিকাতা গেজেটে কোন হুকুম প্রকাশ করিয়া উত্তর কালে নিযুক্ত করেন তাঁহারদিগকে লইয়া উক্ত চার্টরপ্রাপ্ত সমাজ হইবেন। আর যে সময়ে যাঁহারা চান্সেলর ও বৈস-চান্সেলর ও পারিষদ হন তাঁহারা ঐ উনিবর্সিটির সেনেট অর্থাৎ সভ্য হইবেন। পরন্তু উক্ত উনিবর্সিটির চান্সেলর কি বৈস-চান্সেলর কি পারিষদ হইয়া কোন ব্যক্তি যদি ভারতবর্ষহইতে প্রস্থান করেন ও তাঁহার প্রত্যাগমনের অভিপ্রায় না থাকে তবে তাঁহার পদ তৎকালে শূন্য হইবেক ইতি।

[চান্সেলর।]

৪ ধারা। যিনি যে সময়ে ভারতবর্ষের গবরনর জেনরল হন তিনি সেই সময়ে উক্ত উনিবর্সিটির চান্সেলরও হইবেন। ও শ্রীলশ্রীযুক্ত রাইট অনরবিল চালস জান বৈকৌণ্ট কানিং সাহেব প্রথম চান্সেলর হইবেন।

[বৈস-চান্সেলর।]

৫ ধারা। নাইট শ্রীযুত সর জেম্স উলিয়ম কলবিল সাহেব উক্ত উনিবর্সিটির প্রথম বৈস-চান্সেলর হইবেন। বৈস-চান্সেলর কেবল দুই বৎসরপর্য্যন্ত পদস্থ থাকিবেন। পূর্ব্বোক্ত বৈস-চান্সেলর সাহেব ১৮৫৯ সালের জানুআরি মাসের প্রথম দিবসে সেই পদহইতে অবসর হইবেন। যখন মরণেতে কি পদত্যাগ করণে কি ভারতবর্ষহইতে প্রস্থান করণেতে কি সময় অতীত হওয়াতে কি প্রকারান্তরে উক্ত উনিবর্সিটির বৈস-চান্সেলরের পদ শূন্য হয় তখন হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কলিকাতা গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া উক্ত উনিবর্সিটির পারিষদেরদের উপযুক্ত এক ব্যক্তিকে ঐ শূন্য পদে নিযুক্ত করিবেন। পরন্তু সময় অতীত হওয়াতে যদি উক্ত পদ শূন্য হয় তবে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর তৎপূর্ব্ব মনোনীত বৈস-চান্সেলরকে পুনরায় সেই পদে নিযুক্ত করিতে কিম্বা অন্য কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন আর তিনি বৈস-চান্সেলর হইবেন ইতি।

[পারিষদ।]

৬ ধারা। বাঙ্গলা দেশের লেপ্টেনেণ্ট গবরনর, ও উত্তরপশ্চিম দেশের লেপ্টেনেণ্ট গবরনর, ও বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টের চীফ জুষ্টিস, কিম্বা যে কোন বিচারআদালত উত্তরকালে সংস্থাপিত হয় কিম্বা যাহার প্রতি উক্ত সুপ্রিম কোর্টের ক্ষমতা দেওয়া যায় কি অর্পিত হয় সেই আদালতের চীফ জুষ্টিস, ও কলিকাতার বিশপ, ও ভারতবর্ষের সুপ্রিম কৌন্সেলের মেম্বর যিনি যে সময়ে হন ইঁহারা স্বং পদোপলক্ষে উক্ত উনিবর্সিটির মেম্বর হইবেন। যাঁহারা যে সময়ে চান্সেলর ও বৈস-চান্সেলর হন তাঁহারদিগকে না লইয়া উক্ত উনিবর্সিটির পারিষদেরদের সংখ্যা কখন ত্রিশ জনের ন্যূন হইবেক না। আর যদি কোন সময়ে কোন কাহার মরণেতে কি কর্ম্ম ত্যাগ করাতে কি ভারতবর্ষহইতে প্রস্থান করাতে কি অন্য প্রকারে উক্ত দুই জনকে না লইয়া উক্ত পারিষদেরদের সংখ্যা ত্রিশ জনের ন্যূন হয় তবে উক্ত দুই জনকে না লইয়া ঐ উনিবর্সিটির তৎকালীন বর্ত্তমান পারিষদেরদের সঙ্গে অন্য যত জনকে নিযুক্ত করিলে উক্ত ত্রিশের সংখ্যা পূর্ণ হয়, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর অগোণে কলি-

Fellows of the said University as, with the then Fellows of the said University, shall make the number of such Fellows, exclusive as aforesaid, thirty. But nothing herein contained shall prevent the Governor General of India in Council from nominating more than thirty persons to be Fellows of the said University if he shall see fit.

[The appointment of a Fellow may be cancelled.]

VII. The Governor General of India in Council may cancel the appointment of any person already appointed, or hereafter to be appointed a Fellow of the University, and as soon as such order is notified in the *Gazette*, the person so appointed shall cease to be a Fellow.

[Chancellor, Vice-Chancellor, and Fellows to superintend the affairs of the University. Bye-laws.]

VIII. The Chancellor, Vice-Chancellor, and Fellows for the time being shall have the entire management of and superintendence over the affairs, concerns, and property of the said University; and in all cases unprovided for by this Act, it shall be lawful for the Chancellor Vice-Chancellor, and Fellows to act in such manner as shall appear to them best calculated to promote the purposes intended by the said University. The said Chancellor, Vice-Chancellor, and Fellows shall have full power from time to time to make and alter any bye-laws and regulations (so as the same be not repugnant to law, or to the general objects and provisions of this Act) touching the examination for degrees and the granting of the same; and touching the examination for honors and the granting of marks of honor for a higher proficiency in the different branches of Literature, Science, and Art; and touching the qualifications of the candidates for degrees and the previous course of instruction to be followed by them, and the preliminary examinations to be submitted to by them; and touching the mode and time of convening the meetings of the Chancellor, Vice-Chancellor, and Fellows; and, in general, touching all other matters whatever regarding the said University. And all such bye-laws and regulations, when reduced into writing, and after the common seal of the said University shall have been affixed thereto, shall be binding upon all persons, members of the said University, and all candidates for degrees to be conferred by the same, provided such bye-laws and regulations shall have been first submitted to and shall have received the approval of the Governor General of India in Council.

[Meetings of the Senate.]

IX. All questions which shall come before the Chancellor, Vice-Chancellor, and Fellows, shall be decided at a meeting of the Senate by the majority of the members present; and the Chairman at any such meeting shall have a vote, and, in case of an equality of votes, a second or casting vote. No question shall be decided at any meeting, unless the Chancellor, or Vice-Chancellor,

কাত্তা গেজেটে বিজ্ঞাপন প্রকাশ করিয়া অতিউপযুক্ত তত জনকে উক্ত উনিবর্সিটির পারিষদ হইবার নিমিত্তে নিযুক্ত করিবেন। পরন্তু হজুর কোন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যদি উক্ত উনিবর্সিটির ত্রিশ জনের অধিক পারিষদকে নিযুক্ত করা উচিত বোধ করেন তবে এই ধারার কোন কথাতে তাহা করিবার বাধা হইবেক না ইতি।

[পারিষদের নিয়োগ রহিত হইতে পারিবেক।]

৭ ধারা। যিনি উনিবর্সিটির পারিষদ পদে নিযুক্ত হইয়াছেন কি উত্তর কালে নিযুক্ত হন এমত কোন ব্যক্তির নিয়োগ হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর রহিত করিতে পারিবেন। আর সেই প্রকারের আজ্ঞা গেজেটে প্রকাশ হইলে তদ্রূপ নিযুক্ত সেই ব্যক্তির পারিষদের পদ রহিত হইবেক ইতি।

[চান্সেলর ও বৈস-চান্সেলর ও পারিষদেরা উনিবর্সিটির বিষয়ব্যাপারের তত্ত্বাবধারণ করিবেন। বিধি।]

৮ ধারা। যাঁহারা যে সময়ে চান্সেলর ও বৈস-চান্সেলর ও পারিষদ হন তাঁহারদের উক্ত উনিবর্সিটির কার্য্যের ও ব্যাপারের ও সম্পত্তির উপর সম্পূর্ণ কর্তৃত্ব ও তত্ত্বাবধারণের ভার থাকিবেক। আর এই আইনেতে যে সকল কথার বিধান হয় নাই সেই সকল কথায় ঐ চান্সেলর ও বৈস-চান্সেলর সাহেব ও পারিষদেরা উক্ত উনিবর্সিটির সঙ্কল্পিত অভিপ্রায় সাধনার্থে যেরূপ করা অতিউপযুক্ত বোধ করেন সেইরূপে কার্য্য করিবেন। উক্ত চান্সেলর ও বৈস-চান্সেলর সাহেব ও পারিষদগণ উপাধির নিমিত্তে পরীক্ষার ও সেই উপাধি দানের বিষয়ে, ও সম্ভ্রমের পরীক্ষার, ও নানা প্রকারের বিদ্যাতে অধিক দক্ষতার জন্য সম্ভ্রমের চিহ্ন দানের বিষয়ে, ও যাঁহারা উপাধি গ্রহণ করিতে চাহেন তাঁহারদের গুণবত্তার বিষয়ে, ও পূর্ব্বে তাঁহারদের যে রূপের বিদ্যাভ্যাস করিতে হইবেক তদ্বিষয়ে, ও প্রথম স্থলে তাঁহারদের যেরূপ পরীক্ষা দিতে হইবেক তদ্বিষয়ে, ও চান্সেলরের ও বৈস-চান্সেলরের ও পারিষদগণের সভা করিবার নিয়মের ও সময়ের বিষয়ে, ও সাধারণমতে উক্ত উনিবর্সিটিসম্পর্কীয় অন্য সকল কার্য্যের বিষয়ে, সময়ে২ কোন বিধি ও নিয়ম করিতে ও পরিবর্ত্তন করিতে সম্পূর্ণ ক্ষমতাপন্ন হইবেন। কিন্তু সেই বিধি ও নিয়ম আইনের কিম্বা এই আইনের সাধারণ অভিপ্রায় ও বিধানের অসঙ্গত না হয়। ও সেই সকল বিধি ও নিয়ম লেখা গেলে পর ও তাহাতে উক্ত উনিবর্সিটির সাধারণ মোহর করা গেলে পর, উক্ত উনিবর্সিটির অন্তঃপাতি সকল ব্যক্তি ও সেই উনিবর্সিটির দাতব্য উপাধি প্রাপণেচ্ছুক সকল ব্যক্তি তাহাতে বদ্ধ হইবেন। কিন্তু প্রথমে সেই সকল বিধি ও নিয়ম হজুর কোন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের সম্মুখে অর্পণ করা ও তদ্বিষয়ে তাঁহার সম্মতি প্রাপ্ত হওয়া প্রয়োজন ইতি।

[সভ্যেরদের সভা করণ]

৯ ধারা। চান্সেলর ও বৈস-চান্সেলর সাহেবের ও পারিষদগণের নিকটে কোন বিষয় বিচারার্থে উপস্থিত করা গেলে সভ্যেরদের সভায় সমাগত অধিকাংশ ব্যক্তির মতানুক্রমে তাহার নিষ্পত্তি হইবেক। আর তদ্রূপ কোন সভাতে যিনি সভাপতি হন তিনিও আপন মত প্রকাশ করিতে পারিবেন। আর যদি দুই পক্ষে সমান সংখ্যার মত থাকে তবে সভাপতির মত প্রবল হইবেক। চান্সেলর কি বৈস-চান্সেলর সাহেব ও পাঁচ জন পারিষদ উপ-

and five Fellows, or, in the absence of the Chancellor and Vice-Chancellor, unless six Fellows at the least, shall be present at the time of the decision. At every meeting of the Senate, the Chancellor, or in his absence the Vice-Chancellor, shall preside as Chairman; and, in the absence of both, a Chairman shall be chosen by the Fellows present, or the major part of them.

[Appointment and removal of Examiners and Officers.]

X. The said Chancellor, Vice-Chancellor, and Fellows for the time being shall have full power from time to time to appoint, and, as they shall see occasion, to remove all Examiners, Officers, and servants of the said University.

[Power to confer degrees.]

XI. The said Chancellor, Vice-Chancellor, and Fellows, shall have power, after examination, to confer the several degrees of Bachelor of Arts, Master of Arts, Bachelor of Laws, Licentiate of Medicine, Doctor of Medicine, and Master of Civil Engineering; they shall also have power, after examination, to confer upon the candidates for the said several degrees marks of honor for a high degree of proficiency in the different branches of Literature, Science, and Art, according to rules to be determined by the bye-laws to be from time to time made by them under the power in that behalf given to them by this Act.

[Qualification for admission of Candidates for degrees.]

XII. Except by special order of the Senate, no person shall be admitted as a candidate for the degree of Bachelor of Arts, Master of Arts, Bachelor of Laws, Licentiate of Medicine, Doctor of Medicine, or Master of Civil Engineering, unless he shall present to the said Chancellor, Vice-Chancellor, and Fellows, a certificate, from one of the Institutions authorized in that behalf by the Governor General of India in Council, to the effect that he has completed the course of instruction prescribed by the Chancellor, Vice-Chancellor, and Fellows of the said University, in the bye-laws to be made by them under the power in that behalf given by this Act.

[Examination for degrees.]

XIII. The said Chancellor, Vice-Chancellor, and Fellows shall cause an examination for degrees to be held at least once in every year; on every such examination, the candidates shall be examined either by Examiners appointed for the purpose from among the Fellows by the said Chancellor, Vice Chancellor, and Fellows, or by other Examiners so to be appointed; and on every such examination, the candidates, whether candidates for an ordinary degree or for a degree with honors, shall be examined on as many subjects and in such manner as the said Chancellor, Vice-Chancellor, and Fellows shall appoint.

স্থিত না থাকিলে, অথবা চান্সেলর ও বৈস-চান্সেলরের অনুপস্থানে অতিন্যূন ছয় জন পারিষদ কোন বিষয়ের নিষ্পত্তি কালে উপস্থিত না থাকিলে কোন বিষয়ের নিষ্পত্তি হইবেক না। সভ্যেরা যতবার সভাস্থ হন ততবার চান্সেলর কিম্বা তাঁহার অনুপস্থানে বৈস-চান্সেলর সাহেব সভাপতি হইয়া আধিপত্য করিবেন। তাঁহারদের দুই জনের অনুপস্থানে যে পারিষদেরা উপস্থিত থাকেন তাঁহারা কি তাঁহারদের অধিকাংশ লোক এক জনকে মনোনীত করিয়া সভাপতি করিবেন ইতি।

[পরীক্ষকেরদের ও কার্য্যকারকেরদের নিযুক্ত ও অবসর করণ।]

১০ ধারা। যাঁহারা যে সময়ে চান্সেলর ও বৈস-চান্সেলর ও পারিষদ হন তাঁহারা উক্ত উনিবর্সিটির সকল পরীক্ষক ও কার্য্যকারক ও চাকরকে সময়ে২ নিযুক্ত করিতে ও প্রয়োজনমতে অবসর করিতে সম্পূর্ণ ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[উপাধি দানের ক্ষমতা।]

১১ ধারা। উক্ত চান্সেলর ও বৈস-চান্সেলর সাহেবের ও পারিষদেরদের এই ক্ষমতা থাকিবেক যে পরীক্ষা হইলে পর Bachelor of arts, Master of Arts, Bachelor of Laws, Licentiate of Medicine, Doctor of medicine, and Master of Civil Engineering, এই২ উপাধি প্রদান করেন। আরও এই আইনেতে তাঁহারদিগকে বিধি করিবার যে ক্ষমতা দেওয়া গিয়াছে সেই ক্ষমতামতে তাঁহারা সময়ে২ যে বিধি করিবেন তদনুসারে নিষ্কারিত নিয়মমতে তাঁহারা উক্ত নানা উপাধি প্রাপণাকাঙ্ক্ষিরদের পরীক্ষা হইলে পর তাঁহারদিগকে নানা প্রকারের বিদ্যাতে অত্যন্ত দক্ষতার প্রমাণে সম্ভ্রমের চিহ্ন প্রদান করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[উপাধি প্রাপণাকাঙ্ক্ষিরা যেরূপে যোগ্য হইয়া গ্রাহ্য হইতে পারিবেন।]

১২ ধারা। উক্ত উনিবর্সিটির চান্সেলর ও বৈস-চান্সেলর সাহেব ও পারিষদগণ এই আইনের দত্ত ক্ষমতাক্রমে যে বিধি করেন সেই বিধিতে যে২ বিদ্যা শিক্ষার নির্দ্দেশ করেন তাহা শিক্ষা হইয়াছে এই মর্ম্মের সর্টিফিকট দিতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে বিদ্যালয়কে ক্ষমতা দেন এমত কোন এক বিদ্যালয়হইতে কোন ব্যক্তি তদ্রূপ সর্টিফিকট যদি উক্ত চান্সেলর ও বৈস-চান্সেলর সাহেবের ও পারিষদগণের নিকটে আনিয়া না দেন তবে সভ্যেরদের বিশেষ আজ্ঞা বিনা তিনি Bachelor of Arts, Master of Arts, Bachelor of Laws, Licentiate of Medicine, Doctor of Medicine or Master of Civil Engineering, ইহার মধ্যে কোন উপাধি প্রাপণাকাঙ্ক্ষিস্বরূপ গ্রাহ্য হইবেন না ইতি।

[উপাধির জন্য পরীক্ষা।]

১৩ ধারা। উক্ত চান্সেলর ও বৈস-চান্সেলর সাহেব ও পারিষদগণ উপাধির জন্যে পরীক্ষা প্রতিবৎসরে অতিন্যূন একবার লওয়াইবেন। সেইরূপ প্রত্যেক পরীক্ষার সময়ে পরীক্ষা লইবার জন্যে পারিষদেরদের মধ্যহইতে উক্ত চান্সেলর ও বৈস-চান্সেলর সাহেবের ও পারিষদেরদের নিযুক্ত পরীক্ষকেরা কিম্বা তদ্রূপ নিযুক্ত অন্য পরীক্ষকেরা উপাধি প্রাপণাকাঙ্ক্ষিরদের পরীক্ষা লইবেন। আর সেইরূপ প্রত্যেক পরীক্ষার সময়ে যাঁহারা উপাধি প্রাপণাকাঙ্ক্ষী হন, তাঁহারা সামান্য উপাধি কি সম্ভ্রমসহিত উপাধির আকাঙ্ক্ষী হউন, যে২ বিষয়ে ও যে প্রকারে উক্ত চান্সেলর ও বৈস-চান্সেলর সাহেব ও পারিষদগণ নির্ণয় করেন সেই২ বিষয়ে ও সেইপ্রকারে তাঁহারদের পরীক্ষা দিতে হইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৪ ফেব্রুআরি।]

[Grant of degrees.]

XIV. At the conclusion of every examination of the candidates, the Examiners shall declare the name of every candidate whom they shall have deemed entitled to any of the said degrees, and his proficiency in relation to other candidates; and also the honors which he may have gained in respect of his proficiency in that department of knowledge in which he is about to graduate; and he shall receive from the said Chancellor a certificate, under the seal of the said University of Calcutta and signed by the said Chancellor or Vice-Chancellor, in which the particulars so stated shall be declared.

[Fees. Annual accounts.]

XV. The said Chancellor, Vice-Chancellor, and Fellows shall have power to charge such reasonable fees for the degrees to be conferred by them, and upon admission into the said University, and for continuance therein, as they, with the approbation of the Governor General of India in Council, shall from time to time see fit to impose. Such fees shall be carried to one General Fee Fund for the payment of expenses of the said University, under the directions and regulations of the Governor General of India in Council, to whom the accounts of income and expenditure of the said University shall once in every year be submitted for such examination and audit as the said Governor General of India in Council may direct.

W. MORGAN,
Clerk of the Council.

[উপাধি প্রদান।]

১৪ ধারা। উপাধি প্রাপণাকাঙ্ক্ষিরদের পরীক্ষা সমাপ্ত হইলে পর পরীক্ষকেরা যে প্রত্যেক ব্যক্তিকে উক্ত উপাধির মধ্যে কোন উপাধির যোগ্য জ্ঞান করেন তাঁহার নাম ও অন্যং আকাঙ্ক্ষির গুণ বিবেচনায় তাঁহার দক্ষতা প্রকাশ করিবেন। আর তিনি যে বিদ্যাতে ক্রমশঃ উপাধি প্রাপণাকাঙ্ক্ষী হন সেই বিদ্যাতে তাঁহার দক্ষতা বুঝিয়া যে সকল সম্ভ্রম প্রাপ্ত হইয়াছেন তাহাও প্রকাশ করিবেন। আর তিনি কলিকাতার উক্ত উনিবর্সিটির মোহরকরা ও উক্ত চান্সেলর কি বৈস-চান্সেলর সাহেবের স্বাক্ষরকরা এক সর্টিফিকট উক্ত চান্সেলর সাহেবের স্থানে প্রাপ্ত হইবেন। সেই সর্টিফিকটের মধ্যে উক্ত বৃত্তান্ত সকল প্রকাশ থাকিবেক ইতি।

[রসুম। বৎসরেরং হিসাব।]

১৫ ধারা। উক্ত চান্সেলর ও বৈস-চান্সেলর সাহেব ও পারিষদগণ যে সকল উপাধি প্রদান করিবেন তাহার নিমিত্তে ও উক্ত উনিবর্সিটিতে গ্রাহ্য হইবার ও তাহাতে থাকিবার নিমিত্তে তাঁহারা উপযুক্ত যেং রসুম হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে ধার্য্য করা উচিত বোধ করেন তাহা লইতে পারিবেন। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের আজ্ঞা ও বিধিমতে উক্ত উনিবর্সিটির ব্যয় শোধ করিবার জন্যে উক্ত রসুম রসুমের সাধারণ এক তহবীলের খাতায় লেখা যাইবেক। উক্ত উনিবর্সিটির আয় ব্যয়ের হিসাব বৎসরেং একবার হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সম্মুখে অর্পিত হইবেক, তাহাতে তিনি যে প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে ঐ হিসাবের বিবেচনা ও আডিট হইতে পারিবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

A Bill for the Incorporation and regulation of Joint-Stock Companies and other Associations, either with or without limited liability of the members thereof.

[Concluded from page 116.]

DIVIDENDS.

64. The Directors may, with the sanction of the Company in general meeting, declare a dividend to be paid to the shareholders in proportion to their shares.

65. The Directors may, before recommending any dividend, set aside out of the profits of the Company such sum as they think proper as a reserved fund to meet contingencies, or for equalizing dividends, or for repairing, or maintaining the works connected with the business of the Company, or any part thereof; and the Directors may invest the sum so set apart as a reserved fund upon such securities as they, with the sanction of the Company, may select.

66. The Directors may deduct from the dividends payable to any shareholder all such sums of money as may be due from him to the Company on account of calls or otherwise.

[*Government Gazette, 24th February*, 1857.]

আইনের মুসাবিদা।

জাইণ্ট ষ্টক কোম্পানির ও অন্যং সমাজের অন্তঃপাতি লোকেরদের দায় সীমাযুক্ত করিয়া কি না করিয়া ঐং কোম্পানিকে ও সমাজকে চার্টর দিবার ও তাঁহারদের বিধান করিবার আইনের মুসাবিদা।

(১১৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।)

ডিবিডেণ্ড।

৬৪। ডৈরেক্টরেরা সাধারণ বৈঠকে কোম্পানির অনুমতি লইয়া, অংশিরদিগকে তাঁহারদের শ্যারঅনুসারে দিবার জন্যে ডিবিডেণ্ড করিবার অর্থাৎ লব্ধ ধন বিভাগ করিবার কথা প্রকাশ করিতে পারিবেন।

৬৫। ডৈরেক্টরেরা কোন ডিবিডেণ্ড করিবার পরামর্শ দিবার আগে, বাজেখরচের নিমিত্তে কিম্বা ডিবিডেণ্ড সমানরূপে ভাগ করিবার জন্যে কিম্বা কোম্পানির কার্য্যব্যাপার কি তাহার কোন অংশসম্পর্কে ঘর-প্রভৃতি মেরামৎ করিবার কি উপযুক্তমতে রাখিবার জন্যে কোম্পানির লব্ধধনের যে অংশ উচিত বোধ করেন তাহা রক্ষিত ধন বলিয়া সঞ্চয় করিতে পারিবেন। আর রক্ষিত ধন বলিয়া যত টাকা সেই প্রকারে সঞ্চয় করেন তাহা ডৈরেক্টরেরা কোম্পানির অনুমতি লইয়া যেমন মনোনীত করেন তেমনি নিদর্শন লইয়া গচ্ছিত করিতে পারিবেন।

৬৬। শ্যারের উপর আদেশকরা টাকার বাবৎ, কি অন্য প্রকারে কোন অংশির স্থানে কোম্পানির যে কিছু টাকা পাওনা হয় তাহা ঐ ডৈরেক্টরেরা সেই অংশির পাওনা ডিবিডেণ্ডহইতে কাটিয়া লইতে পারিবেন।

67. Notice of any dividend that may have been declared shall be given to each shareholder, or sent by post or otherwise to his registered place of abode, and all dividends unclaimed for three years, after having been declared, may be forfeited by the Directors for the benefit of the Company.

68. No dividend shall bear interest as against the Company.

ACCOUNTS.

69. Once at the least in every year the Directors shall lay before the Company in general meeting a statement of the income and expenditure for the past year, made up to a date not more than three months before such meeting.

70. The statement so made shall show, arranged under the most convenient heads, the amount of gross income, distinguishing the several sources from which it has been derived, and the amount of gross expenditure distinguishing the expense of the establishment, salaries, and other like matters; every item of expenditure fairly chargeable against the year's income shall be brought into account, so that a just balance of profit and loss may be laid before the meeting; and in cases where any item of expenditure which may in fairness be distributed over several years has been incurred in any one year, the whole amount of such item shall be stated, with the addition of the reasons why only a portion of such expenditure is charged against the income of the year.

71. A balance sheet shall be made out in every year, and laid before the general meeting of the Company; and such balance-sheet shall contain a summary of the property and liabilities of the Company arranged under the heads appearing in the Form annexed to this Table, or as near thereto as circumstances admit.

72. A printed copy of such balance-sheet shall, seven days previously to such meeting, be delivered at or sent by post to the registered address of every shareholder.

AUDIT.

73. The accounts of the Company shall be examined, and the correctness of the balance-sheet ascertained by one or more auditor or auditors to be elected by the Company in general meeting.

74. If not more than one Auditor is appointed, all the provisions herein contained relating to Auditors shall apply to him.

75. The Auditors need not be shareholders in the Company: no person is eligible as an Auditor who is interested otherwise than as a shareholder in any transaction of the Company; and no Director or other Officer of the Company is eligible during his continuance in office.

76. The election of Auditors shall be made by the Company at their ordinary meeting, or, if there are more than one, at their first ordinary meeting in each year.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৪ ফেব্রুআরি।]

৬৭। কোন ডিবিডেণ্ড করিবার কথা নির্দ্ধার্য্য হইলে তাহার সম্বাদ এক২ জন অংশিকে দেওয়া যাইবেক কিম্বা তাঁহার রেজিষ্টরীকরা বাসস্থানে ডাকযোগে কি অন্য প্রকারে পাঠান যাইবেক। কোন ডিবিডেণ্ড প্রকাশ হইবার পরে যদি তিন বৎসরপর্য্যন্ত তাহার দাওবা না হয় তবে ডৈরেক্টরেরা কোম্পানির লভ্য বলিয়া তাহা রাখিবেন।

৬৮। কোন ডিবিডেণ্ডের উপর কোম্পানির সুদ দিতে হইবেক না।

হিসাব।

৬৯। প্রতিবৎসরে অতিকম একবার ডৈরেক্টরেরা গত বৎসরের আয় ব্যয়ের হিসাব সাধারণ বৈঠকে কোম্পানির সম্মুখে অর্পণ করিবেন। যে তারিখে বৈঠক হয় তাহার অগ্রের তিন মাসের অধিক না হয় এমত কালপর্য্যন্ত ঐ হিসাব সমাপ্ত করিতে হইবেক।

৭০। সেই হিসাবে অতি উপযুক্তমতে দফা২ করিয়া মোটে যত জমা হইয়াছে ও বিশেষ যে২ বাবতে ঐ জমা হইল ও মোটে যত খরচ হইয়াছে ও তাহার মধ্যে আমলারদের ও বেতনের ও অন্য২ বিষয়ের বাবৎ যে২ খরচ হইয়াছে তাহা বিশেষ করিয়া লেখা থাকিবেক। বৎসরের জমার মুখে যে২ দফার খরচ ন্যায্যমতে লেখা যাইতে পারে তাহা লেখা যাইবেক তাহাতে বৈঠকের গোচরে লাভালাভের প্রকৃত ফাজিল বাকী প্রকাশ হয়। আর যদি কোন স্থলে কোন বাবতের খরচ ন্যায্যমতে অনেক বৎসরের হিসাবে লেখা যাইতে পারিত কিন্তু কোন একি বৎসরে ধরা গিয়াছে তবে ঐ বাবতের খরচকরা সমুদয় টাকা লিখিতে হইবেক, আর ঐ একি বৎসরের জমার মুখে ঐ খরচের কেবল এক অংশ যে কারণে লেখা গিয়াছে তাহাও জানাইতে হইবেক।

৭১। প্রতিবৎসরে বাকীর ফর্দ্দ করা যাইবেক ও কোম্পানির সাধারণ বৈঠকের সম্মুখে অর্পণ করা যাইবেক। এই টেবিলের পরে যে পাঠ লেখা গিয়াছে সেই পাঠের লিখিত দফা২ ক্রমে, কিম্বা বিষয় বুঝিয়া যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত তাহার মতে, ঐ বাকীর ফর্দ্দেতে কোম্পানির সম্পত্তির ও দেনার খোলাসা লেখা থাকিবেক।

৭২। সেই বাকীর ফর্দ্দের ছাপাকরা এক প্রস্থ ঐ বৈঠক হইবার সাত দিন আগে প্রত্যেক জন অংশির রেজিষ্টরীকরা বাসস্থানে দেওয়া যাইবেক কি ডাকযোগে পাঠান যাইবেক।

আডিট।

৭৩। কোম্পানি সাধারণ বৈঠকে এক কি ততোধিক জন আডিটরকে মনোনীত করিবেন। তিনি কি তাঁহারা ঐ কোম্পানির হিসাব দেখিবেন ও বাকীর ফর্দ্দের যথার্থতা নির্ণয় করিবেন।

৭৪। যদি কেবল এক জন আডিটর নিযুক্ত হয় তবে এই আইনে অনেক আডিটরের উপর যে সকল বিধি খাটে তাহা সেই এক জনের উপর খাটিবেক।

৭৫। কোম্পানির অংশী না হইলেও কোন ব্যক্তি আডিটর হইতে পারিবেন। কিন্তু অংশিভিন্ন অন্য কোন প্রকারে যদি কোম্পানির কারবারে লিপ্ত হন তবে তিনি আডিটররূপে মনোনীত হইতে পারিবেন না। কোন ডৈরেক্টর কি অন্য কার্য্যকারক যত কাল সেই২ পদে থাকেন তত কাল আডিটররূপে মনোনীত হইতে পারিবেন না।

৭৬। কোম্পানি আপনারদের নিয়মিত বৈঠকে আডিটরদিগকে মনোনীত করিবেন। যদি অনেক নিয়মিত বৈঠক হইয়া থাকে তবে বৎসরে প্রথমবার যে নিয়মিত বৈঠক হয় তাহাতে মনোনীত করিবেন।

77. The remuneration of the Auditors shall be fixed by the Company at the time of their election.

৭৭। আডিটরদিগকে মনোনীত করিবার সময়ে কোম্পানি তাঁহারদের মেহনতানা নির্দ্ধার্য্য করিবেন।

78. Any Auditor shall be re-eligible on his quitting office.

৭৮। কোন আডিটর সেই পদ ত্যাগ করিলে পুনরায় মনোনীত হইতে পারিবেন।

79. If any casual vacancy occurs in the office of Auditor, the Directors shall forthwith call an extraordinary general meeting for the purpose of supplying the same.

৭৯। যদি আডিটরের পদ দৈবঘটনায় শূন্য হয় তবে ডৈরেক্টরেরা সেই পদে অন্য ব্যক্তিকে ভর্ত্তি করিবার জন্যে অগৌণ অতিরিক্ত সাধারণ বৈঠক করিবেন।

80. If no election of Auditors is made in manner aforesaid, the local Government may, on the application of one-fifth in number of the shareholders of the Company, appoint an Auditor for the current year, and fix the remuneration to be paid to him by the Company for his services.

৮০। যদি পূর্ব্বোক্তমতে কোন আডিটরেরা মনোনীত না হন, তবে ঐ কোম্পানির অংশিরদের পাঁচ ভাগের এক ভাগ লোক দরখাস্ত করিলে স্থানীয় গবর্ণমেণ্ট চলিত বৎসরের নিমিত্তে এক জন আডিটরকে নিযুক্ত করিতে পারিবেন ও তাঁহার কর্ম্মের নিমিত্তে কোম্পানির তাঁহাকে যত মেহনতানা দিতে হইবেক তাহা নির্দ্ধার্য্য করিবেন।

81. Every Auditor shall be supplied with a copy of the balance-sheet, and it shall be his duty to examine the same, with the accounts and vouchers relating thereto.

৮১। প্রত্যেক আডিটরকে বাকীর ফর্দ্দের এক প্রস্থ দেওযা যাইবেক। ও তাঁহার কর্ত্তব্য এই যে, সেই ফর্দ্দ ও তৎসম্পর্কীয় সকল হিসাব ও বৌচর অর্থাৎ প্রমাণপত্র তদারক করেন।

82. Every Auditor shall have a list delivered to him of all books kept by the Company, and he shall at all reasonable times have access to the books and accounts of the Company; he may, at the expense of the Company, employ accountants or other persons to assist him in investigating such accounts, and he may in relation to such accounts examine the Directors or any other Officer of the Company.

৮২। কোম্পানি যে সকল বহী রাখেন তাহার এক ফর্দ্দ প্রত্যেক জন আডিটরকে দেওয়া যাইবেক, আর তিনি উপযুক্ত সকল সময়ে কোম্পানির বহী ও হিসাব সকল দেখিতে পাইবেন। সেই হিসাব তদারক করিবার কার্য্যে আপনার সাহায্য করিবার জন্যে তিনি আকৌণ্টেণ্টদিগকে অর্থাৎ হিসাবীদিগকে কিম্বা অন্য ব্যক্তিদিগকে কোম্পানির খরচে নিযুক্ত করিতে পারিবেন। আরও তিনি সেই সকল হিসাবসম্পর্কে ডৈরেক্টরদিগের কিম্বা কোম্পানির অন্য কোন কার্য্যকারকের জোবানবন্দী লইতে পারিবেন।

83. The Auditors shall make a report to the shareholders upon the balance-sheet and accounts; and in every such report they shall state whether, in their opinion, the balance-sheet is a full and fair balance-sheet, containing the particulars required by these regulations, and properly drawn up so as to exhibit a true and correct view of the state of the Company's affairs; and in case they have called for explanations or information from the Directors, whether such explanations or information have been given by the Directors, and whether they have been satisfactory; and such report shall be read, together with the report of the Directors, at the ordinary meeting.

৮৩। আডিটরেরা ঐ বাকীর ফর্দ্দের ও হিসাবের রিপোর্ট অংশিরদের নিকটে করিবেন। আর সেই বাকীর ফর্দ্দ সম্পূর্ণ ও যথার্থ বাকীর ফর্দ্দ আছে কি না, ও এই আইনমতে যে সকল দেওরা তাহাতে লিখিবার আজ্ঞা হইয়াছে তাহা লেখা গিয়াছে কি না, ও যাহাতে কোম্পানির ব্যাপারের অবস্থা সত্য ও প্রকৃতমতে প্রকাশ হয় এমন ভাবে তাহা উপযুক্তমতে হইয়াছে কি না, এই সকল কথা ঐ রিপোর্টে লিখিবেন। আরো যদি তাঁহারা ডৈরেক্টরেরদের স্থানে কোন বিষয়ের ব্যাখ্যা কি সম্বাদ চাহিয়া থাকেন তবে ডৈরেক্টরেরা সেই ব্যাখ্যা কি সম্বাদ দিয়াছেন কি না, ও তাহা হৃদ্বোধজনক কি না, এই কথাও ঐ রিপোর্টে লিখিবেন। আর সেই রিপোর্ট ডৈরেকটরেরদের রিপোর্টের সঙ্গে নিয়মিত বৈঠকে পাঠ করা যাইবেক।

NOTICES.

এত্তেলা।

84. Notices requiring to be served by the Company upon the shareholders may be served either personally, or by leaving the same, or sending them through the post in a letter addressed to the shareholders, at their registered places of abode.

৮৪। অংশিরদের উপর কোম্পানির যে কোন এত্তেলা জারী করিতে হইবেক তাহা সেই অংশিরদিগকে দিয়া কিম্বা সেই অংশিরদের রেজিষ্টরীকরা বাসস্থানে রাখিয়া কি পত্রে দিয়া তাহাতে অংশিরদের শিরনামা লিখিয়া ডাকযোগে তাঁহারদের সেইরূপ বাসস্থানে পাঠাইয়া, জারী হইতে পারিবেক।

85. All notices directed to be given to the shareholders shall, with respect to any share to which persons are jointly entitled, be given to whichever of the said persons is named first in the Register of shareholders; and notice so given shall be sufficient notice to all the proprietors of such share.

৮৫। কোন শ্যারে কএক ব্যক্তির সংযুক্ত অধিকার থাকিলে সেই শ্যারের উপলক্ষে অংশিরদের নামে যে এত্তেলা দিতে হয় তাহা অংশিরদের রেজিষ্টরে উক্ত ব্যক্তিরদের মধ্যে যাঁহার নাম প্রথমে লেখা আছে তাঁহাকে দেওযা যাইবেক। আর সেইরূপে যে এত্তেলা দেওয়া যায় তাহা ঐ শ্যারের সকল অধিকারির নিকটে প্রচুর এত্তেলা হইবেক।

[*Government Gazette, 24th February*, 1857.]

Form of Balance-Sheet referred to in Table B.

BALANCE-SHEET of the   Co. made up to   18 .   Cr.

		CAPITAL AND LIABILITIES.	Rs. A. P.	Rs. A.			PROPERTY AND ASSETS.	Rs. A. P.	Rs. A. P.
I. Capital.	1	Showing: The total amount received from the Shareholders; showing also: (*a.*) The Number of Shares ... . (*b.*) The amount paid per Share .. (*c.*) If any Arrears of Calls, the Nature of the Arrear, and the names of the Defaulters.. Any Arrears due from any Director or Officer of the Company to be separately stated. (*d.*) The Particulars of any forfeited Shares.			III. Property held by the Company	4	Showing: Immoveable Property, distinguishing— (*a.*) Land (describing tenure.) (*b.*) Buildings. ... Moveable Property, distinguishing .. (*c.*) Stock in Trade .. (*d.*) Plant ... The Cost to be stated with Deductions for Deterioration in Value as charged to the Reserve Fund or Profit and Loss.		
II. Debts and Liabilities of the Company	2 3	Showing: The amount of Loans on Mortgage or Debenture Bonds. The Amount of Debts owing by the Company distinguishing— (*a.*) Debts for which Acceptances have been given. (*b.*) Debts to Tradesmen for Supplies of Stock-in-Trade or other Articles. (*c.*) Debts for Law Expenses. (*d.*) Debts for Interest on Debentures or other Loans. (*e.*) Unclaimed Dividends. (*f.*) Debts not enumerated above.			V. Debts owing to the Company.	6 7 8	Showing: Debts considered good for which the Company hold Bills or other Securities. Debts considered good for which the Company hold no Security. Debts considered doubtful and bad. Any Debt due from a Director or other Officer of the Company, to be separately stated.		
VI. Reserve Fund.		Showing: The Amount set aside from Profits to meet Contingencies.			V. Cash and Investment.	9 10	Showing:— The Nature of Investment and Rate of Interest. The Amount of Cash, where lodged, and if bearing Interest.		
VII. Profit & Loss.		Showing: The disposable Balance for Payment of Dividend, &c.							
Contingent Liabilities.		Claims against the Company not acknowledged as Debts. Monies for which the Company is contingently liable.							

B চিহ্নের টেবিলে যে বাকীর ফর্দ্দের কথা আছে তাহার পাঠ।

খরচ — অমুক কোম্পানির অমুক সালের অমুক মাসপর্য্যন্ত বাকীর ফর্দ্দ। — জমা

মূলধন ও দায়

		টাকা	টাকা
১ মূলধন	ইহার মধ্যে এই২ কথা।		
	অংশিরদের স্থানে সর্ব্বশুদ্ধ যত পাওয়া গেল, আর ...		
	(ক) শ্যারের সংখ্যা।		
	(খ) শ্যারপ্রতি যত দেওয় যায়।		
	(গ) যদি আদেশকরা টাকা বাকী পড়িয়াছে তবে সেই বাকীর প্রকার ও বাকীদারেরদের নাম।		
	কোন ডৈরেক্টরের কি কোম্পানির কার্য্যকারকের কিছু বাকী থাকিলে তাহা স্বতন্ত্র লিখিতে হইবেক।		
	(ঘ) রহিতকরা কোন শ্যারের বৃত্তান্ত।		
২ কোম্পানির দেনা ও দায়	ইহাতে এই২ কথা।		
	বন্ধক কিম্বা খৎ লিখিয়া কর্জ্জ করা টাকা।		
	কোম্পানির দেনা টাকা। বিশেষতঃ		
	(ঙ) যে দেনার জন্যে স্বীকারপত্র দেওয়া গিয়াছে।		
	(চ) ব্যবসায়ের দ্রব্য কি অন্য দ্রব্যের বাবতে মহাজনেরদের নিকট দেনা।		
	(ছ) আদালতের খরচার নিমিত্তে দেনা।		
	(জ) খৎ লিখিয়া কর্জ্জের কি অন্য কর্জ্জের উপর সুদ।		
	(ঝ) দাওয়া না হওয়া ডিবিডেণ্ড।		
	(ঞ) উপরে যে দেনা লেখা যায় নাই।		
৬ রক্ষিত ধন	ইহাতে এই কথা।		
	বাজেখরচের জন্যে লভ্যহইতে যত সঞ্চয় করা গিয়াছে।		
৭। লাভ-লোকসান	ইহাতে এই কথা।		
	ডিবিডেণ্ডপ্রভৃতি দিবার জন্যে মৌজুদ।		
অতিরিক্ত দায়	কোম্পানির উপর যে দাওয়া ঋণ বলা যায় না।		
	যে টাকার জন্যে কোম্পানির দায় সম্ভাবিত।		

সম্পত্তি ও জায়দাদ।

			টাকা	টাকা
১ কোম্পানির হাতে সম্পত্তি		ইহাতে এই২ কথা।		
	৪	স্থাবর সম্পত্তি। বিশেষতঃ।		
		(ক) ভূমি (তাহার পাট্টার বিশেষ।)		
		(খ) ঘরাদি।		
	৫	অস্থাবর সম্পত্তি। বিশেষতঃ।		
		(গ) ব্যবসায়ের দ্রব্য।		
		(ঘ) স্থিত।		
		ইহার মধ্যে ক্ষয়ের জন্যে মূল্যের যে হ্রাস রক্ষিত ধনে কি লাভলোকসানের খাতায় লেখা গেল তাহা দিতে হইবেক।		
৪ কোম্পানির পাওনা	৬	আদায় করিবার সম্ভব যে পাওনা টাকার বিল কি অন্য নিদর্শন কোম্পানির হাতে আছে।		
	৭	আদায় করিবার সম্ভব যে পাওনা টাকার কোন নিদর্শন কোম্পানির হাতে নাই।		
	৮	আদায় হইবার সন্দেহ ও হইবার অসম্ভব যে পাওনা টাকা।		
		ডৈরেক্টরের কি কোম্পানির অন্য কার্য্যকারকের স্থানে পাওনা টাকা পৃথক্ লিখিতে হইবেক।		
নগদ ও গচ্ছিত		ইহাতে এই২ কথা।		
	৯	যে প্রকারে ও যত সুদের হিসাবে গচ্ছিত হয়।		
	১০	নগদ টাকা যে স্থানে রাখা গিয়াছে ও তাহাতে সুদ পাওয়া যায় কি না।		

FORM C.

Memorandum of Association of " The Company, Limited," with Articles of Association annexed.

MEMORANDUM OF ASSOCIATION.

1. The name of the Company is " The Company, Limited."

2. The registered Office of the Company is to be established in

3. The objects for which the Company is established are

4. The liability of the shareholders is " Limited."

5. The capital of the Company is Rupees , divided into shares of Rupees each.

We, the several persons whose names are subscribed, are desirous of being formed into a Company, in pursuance of this Memorandum of Association, and we respectively agree to take the number of shares in the capital of the Company set opposite our respective names.

Names and addresses of Subscribers.	Number of shares taken by Subscribers.
1. A. B.	
2. B. C.	
3. C. D.	
4. E. F.	
5. G. H.	
6. I. J.	4
7. K. L.	1
Total shares taken	18

Witness to the above Signatures.

A. B.

Articles of Association of the Company, Limited.

It is agreed as follows : —

1. No shareholder shall transfer his shares without the consent of the Directors expressed in writing.

2. If any shareholder feels aggrieved with the refusal of the Directors to allow him to transfer his shares, the matter shall be settled by arbitration.

3. Calls on the shares of the Company, not considered as paid-up shares, shall be made at such time as the Directors think fit ; but no call shall exceed One hundred Rupees per share.

4. The Company shall not be obliged to register the transferree under the regulations numbered 13 and 14 in the Table B, unless he is approved

C চিহ্নের পাঠ।

"সীমাযুক্ত অমুক কোম্পানির" সামাজিক পত্র ও সমাজের নিয়মপত্র।

সামাজিক পত্র।

১। এই কোম্পানির নাম এই "সীমাযুক্ত অমুক কোম্পানি।"

২। এই কোম্পানির রেজিষ্টরীকরা দফ্তরখানা অমুক স্থানে স্থাপিত হইবেক।

৩। এই কোম্পানির সংস্থাপনের অভিপ্রায় এই২

৪। অংশিরদের দায় "সীমাযুক্ত" হইবেক।

৫। কোম্পানির মুলধন টাকা তাহা টাকা করিয়া শ্যারে বিভক্ত হইয়াছে।

আমরা অর্থাৎ যাঁহারদের নাম পরে লেখা যাইতেছে আমরাই এই সামাজিক পত্রানুসরে কোম্পানি হইতে চাহি আর আমারদের মধ্যে যাঁহার নামের পার্শ্বে কোম্পানির মুলধনের যত শ্যার লেখা আছে সেই জন তত শ্যার লইতে সম্মত আছেন।

স্বাক্ষরকারিরদের নামধামাদি	স্বাক্ষরকারির যত শ্যার লইয়াছেন।
১ ক খ	১
২ গ ঘ	৫
৩ চ ছ	
৪ জ ঝ	২
৫ ট ঠ	৩
৬ ড ঢ	৪
৭ ত থ	১
সর্ব্বসুদ্ধ এত শ্যার লওয়া গেল।	১৮

উপরের স্বাক্ষরের সাক্ষী। ক খ।

সীমাযুক্ত অমুক কোম্পানির সমাজের নিয়মপত্র।

নীচের লিখিত বিধিতে আমারদের সম্মতি হইয়াছে।

১। ডৈরেক্টরেরা আপনারদের সম্মতি লিখিয়া না জানাইলে কোন অংশী আপনার শ্যার অন্যকে হস্তান্তর করিয়া দিবেন না।

২। ডৈরেক্টরেরা কোন অংশির শ্যার হস্তান্তর করিবার অনুমতি না দিলে যদি সেই অংশী তাহা অন্যায় বোধ করেন তবে সেই বিষয় সালিসীতে অর্পিত হইয়া নিষ্পত্তি হইবেক।

৩। যে শ্যারের টাকা দেওয়া গিয়াছে এমত জ্ঞান না হয় কোম্পানির সেই শ্যারের উপর ডৈরেক্টরেরা যখন উচিত বোধ করেন তখন টাকা দিবার আদেশ করিতে পারিবেন কিন্তু এক২ সময়ে এক২ শ্যারের উপর এক শত টাকার অধিক দিবার আদেশ হইবেক না।

৪। যাঁহাকে শ্যার হস্তান্তর করিয়া দেওয়া যায় তিনি ডৈরেক্টরেরদের নিকটে গ্রাহ্য না হইলে তাঁহার নাম B চিহ্নের টেবিলে ১৩ ও ১৪ নম্বরের বিধিমতে কোম্পা-

by the Directors; but in the event of their disapproving, the matter may be decided by arbitration.

5. The regulations of Table B as to general meetings, numbered 23, 24, and 26, shall not apply.

6. The first general meeting of the Company shall be held on the first day of   next, and subsequent general meetings shall be held on the first day of   in every succeeding year, or if that day is a Sunday on the succeeding Monday.

7. An extraordinary general meeting may be summoned at any time by any two shareholders of the Company.

8. All matters in question between the shareholders shall be decided by an arbitrator appointed by

9. The regulation of Table B as to votes of shareholders, numbered 39, shall not apply; and every shareholder shall have one vote in respect of every share that he holds.

The several persons hereinafter named, subscribers to the Memorandum of Association, shall be the first Directors of the Company, that is to say, A. B., B. C., C. D., E. F., G. H., and I. J.

নির রেজিষ্টরী করিতেই হইবেক এমত নহে। কিন্তু তাঁহারা অগ্রাহ্য করিলে সেই বিষয় সালিসীতে অর্পিত হইয়া নিষ্পত্তি হইবেক।

৫। B চিহ্নের টেবিলে সাধারণ বৈঠকের কথার ২৩ ও ২৪ ও ২৬ নম্বরের বিধি খাটিবেক না।

৬। কোম্পানির সাধারণ বৈঠক প্রথমবার আগামি   মাসের প্রথম দিবসে হইবেক। ও তাহার পর প্রতিবৎসরে অমুক মাসের প্রথম দিবসে সাধারণ বৈঠক হইবেক কিম্বা যদি সেই দিবস রবিবার হয় তবে তাহার পর সোমবারে হইবেক।

৭। কোম্পানির কোন দুই জন অংশী কোন সময়ে অতিরিক্ত সাধারণ বৈঠক করিতে পারিবেন।

৮। অংশিরদের মধ্যে সকল বিবাদ অমুকের নিযুক্ত সালিসের দ্বারা নিষ্পত্তি হইবেক।

৯। B চিহ্নের টেবিলে অংশিরদের মত প্রকাশের কথার ৩৯ নম্বরের বিধি খাটিবেক না। অংশিরদের প্রতিজনের যত শ্যার থাকে তত জনের মতের তুল্য তাঁহার মত হইবেক।

নীচের লিখিত যে ব্যক্তিরা সমাজের পত্রে স্বাক্ষর করিয়াছেন তাঁহারা এই কোম্পানির প্রথম ডৈরেক্টর হইবেন। অর্থাৎ ক খ। গ ঘ। চ ছ। জ ঝ। ট ঠ। ড ঢ। ত থ।

Names and Addresses of Subscribers.

1. A. B.
2. B. C.
3. C. D.
4. E. F.
5. G. H.
6. I. J.
7. K. L.

Witness to the above Signatures.

A. B.

স্বাক্ষরকারিরদের নামধামাদি।

১ ক খ
২ গ ঘ
৩ চ ছ
৪ জ ঝ
৫ ট ঠ
৬ ড ঢ
৭ ত থ

উপরের স্বাক্ষর করিবার সাক্ষী।

ক খ।

TABLE D.

TABLE OF FEES.

	Rs.	A.	P.
For Registration of a Company whose nominal capital does not exceed 10,000 Rupees	50	0	0
For every 10,000 Rupees of nominal capital, or part of 10,000 Rupees, after the first 10,000 Rupees, and up to 10,00,000 Rupees, an additional fee of	2	8	0
For every 10,000 Rupees, or part of 10,000 Rupees, after the first 10,00,000 Rupees, an additional fee of	0	8	0
For Registration of any increase in the Capital of a Company for every 10,000 Rupees, or part of 10,000 Rupees, up to 10,00,000 Rupees in the whole	2	8	0

[*Government Gazette, 24th February,* 1857.]

D চিহ্নের টেবিল।

রসুমের ফর্দ্দ।

যে কোম্পানির ব্যক্ত মূলধন ১০,০০০৲ টাকার অধিক না হয় তাহার রেজিষ্টরী করিবার জন্যে	৫০৲
প্রথম ১০,০০০৲ টাকার পর ব্যক্ত মূলধনের দশ২ হাজার টাকার কি দশ হাজার টাকার কোন ভাগের ও দশ লক্ষ টাকাপর্য্যন্ত অধিক রসুম	২৷৷০
প্রথম দশ লক্ষের উপর দশ২ হাজার টাকার কি দশ হাজার টাকার কোন ভাগের জন্যে অধিক রসুম	৷৷০
কোন কোম্পানির মূলধনের কিছু বৃদ্ধি হইলে সর্ব্বসুদ্ধ দশ লক্ষ টাকাপর্য্যন্ত তাহার দশ২ হাজার টাকার কি দশ হাজার টাকার কোন ভাগের রেজিষ্টরী করিবার জন্যে	২৷৷০

	Rs.	As.	P.		
For every 10,000 Rupees, or part of 10,000 Rupees, beyond the first 10,00,000 Rupees, an additional fee of	0	8	0	প্রথম দশ লক্ষ টাকার উপর দশ২ হাজার টাকার কি দশ হাজার টাকার কোন ভাগের জন্য অধিক রসুম	॥০
For registering any document hereby required or authorized to be registered other than the Memorandum of Association, a fee of	2	8	0	সমাজের পত্রভিন্ন অন্য যে কোন দলীল এই আইনমতে রেজিষ্টরী করিবার আজ্ঞা কি অনুমতি হইয়াছে তাহার রসুম ...	২॥০
For making a record of any fact hereby authorized or required to be recorded by the Registrar of Companies, a fee of	2	8	0	কোম্পানি সকলের রেজিষ্ট্রারের যে কোন কথা রিকার্ড করিবার আজ্ঞা কি অনুমতি হইয়াছে তাহা রিকার্ড করিবার রসুম ...	২॥০

FORM E.

Summary of Capital and Shares of the Company, made up to the day of

Nominal Capital Co.'s Rupees divided into Shares of Co.'s Rupees each
Number of shares taken up to the day of
There has been called upon each share Co.'s Rupees
Total amount of calls received Co.'s Rupees
Total amount of calls unpaid Co.'s Rupees
Total amount of shares forfeited Co.'s Rupees

List of persons holding shares in the Company on the day of and of persons who have held shares thereon at any time during the year immediately preceding the said day of showing their names and addresses and an account of the shares so held.

Folio in Register Ledger containing particulars.	NAMES, ADDRESSES, AND OCCUPATIONS.			ACCOUNT OF SHARES.					REMARKS.
	Name.	Address.	Occupation, if any, or other description.	Shares held by existing shareholders on the day of	Additional shares held by existing shareholders during preceding year.		Shares held by persons no longer shareholders.		
					Number.	Date of transfer.	Number.	Date of transfer.	

E চিহ্নের পাঠ।

অমুক কোম্পানির অমুক তারিখপর্য্যন্ত মুলধনের ও শ্যারের খোলাসা

বাক্ত মুলধন টাকা কোম্পানির এত টাকা করিয়া এত শ্যারে বিভক্ত হয়।
অমুক তারিখপর্য্যন্ত এত শ্যার লওয়া যায়।
এক২ শ্যারের উপর এত টাকা দিবার আদেশ হইয়াছে।
আদেশকরা যে টাকা পাওয়া গিয়াছে তাহার মোট টাকা
আদেশকরা যে টাকা দেওয়া যায় নাই তাহার মোট টাকা
রহিতকরা শ্যারের মোট টাকা।

অমুক তারিখে অমুক কোম্পানিতে যে ব্যক্তিরদের শ্যার আছে আর উক্ত তারিখের অব্যবহিত পূর্ব্ব বৎসরের কোন কালে যে ব্যক্তিরদের শ্যার ছিল তাঁহারদের ফর্দ্দ। ইহাতে তাঁহারদের নামধামাদি ও তাঁহারদের সেইরূপ শ্যারের বৃত্তান্ত প্রকাশ হইয়াছে।

বিশেষ বৃত্তান্ত সংযুক্ত রেজিষ্টরের খতিয়ানে ফোলিও	নাম ধাম ব্যবসায়াদি			শ্যারের বৃত্তান্ত					মন্তব্য।
	নাম	বাসস্থান	কর্ম্ম থাকিলে তাহা কিম্বা অন্য বেওরা	অমুক মাসের অমুক তারিখের অংশিরদের শ্যার	গত বৎসরে বর্ত্তমান অংশিরদের যে সকল শ্যার ছিল।		যাঁহারা এখন অংশী নহেন তাঁহারদের শ্যার		
					নম্বর	হস্তান্তর করিবার তারিখ	নম্বর	হস্তান্তর করিবার তারিখ	

FORM F.

FORM OF TRANSFER OF SHARES.

I of (a) in consideration of the sum of paid to me by of do hereby transfer to the said share [*or* shares] numbered in "The Company" standing in my name in the books of the Company, to hold unto the said his executors, administrators, representatives, or assigns [*or* successors and assigns] subject to the several conditions on which I held the same at the time of the execution hereof; and I the said do hereby agree to take the said share [*or* shares] subject to the same conditions. As witness our hands, the day of

W. MORGAN,
Clerk of the Council.

(*a*) These words will be omitted if no consideration is paid.

E চিহ্নের পাঠ।

শ্যার হস্তান্তর করিবার পাঠ।

অমুক স্থাননিবাসি অমুক আমি অমুকের স্থানে এত টাকা পাইয়া * অমুক কোম্পানির অমুক কি অমুক২ নম্বরের যে শ্যার কোম্পানির বহীতে আমার নামে আছে তাহা এতদ্দ্বারা উক্ত অমুককে হস্তান্তর করিয়া দিলাম। আর আমি এই হস্তান্তর করণপত্র করিবার সময়ে যে২ নিয়মমতে ঐ শ্যার রাখিলাম সেই২ নিয়মমতে উক্ত অমুক কি তাঁহার অছিরা কি তাঁহার আডমিনিষ্ট্রেটরেরা কি স্থলাভিষিক্তেরা কি আসৈনেরা (কিম্বা উত্তরাধিকারিরা ও আসৈনেরা) তাহা রাখিবেন। আর উক্ত অমুক আমি সেই নিয়মমতে ঐ শ্যার (কি সকল শ্যার) লইতে স্বীকার করিলাম। অমুক মাসের অমুক দিবসে আমারদের দস্তখৎ করার সাক্ষ্য এই।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

* যদি টাকা না লইয়া হস্তান্তর করা যায় তবে এ কথা ত্যাগ করিতে হইবেক।

[*Government Gazette, 24th February,* 1857.]

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 1.

MEMORANDUM.

From the Officiating Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 23rd January, 1857.

The present Rule, No. 30, of the Summary Suit Series, is, to be scored through, and the following Rule substituted.

Rule XXX. In all cases of sales under Act VIII. of 1835, there is an appeal to the Commissioner of Revenue on the ground of irrelevancy of the law alone.

(Signed) E. T. Trevor,
Officiating Secretary.

Board of Revenue, L. P.,
Fort William, the 23rd January, 1857.

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 1.

To the Civil Judges in the Lower Provinces.

His Honor the Lieutenant Governor of Bengal, having, in the course of his tours, noticed the want of proper accommodation and furniture in the Courts of Moonsiffs and Sudder Ameens and of sufficient attempt to provide for an appearance of official decorum in the arrangement of the Cutcheries, has directed the Court to authorise you, in future, to pass in your contingent bills, charges requisite to provide each Moonsiff's and Sudder Ameen's Court with a table and one or two chairs and benches, a raised platform, and rail (if suitable) and a book-case ; and to request that you will see that these are properly taken care of.

(Signed) A. W. Russell,
Officiating Register.

Fort William, the 15th January, 1857.

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 1.

To the Sessions Judges in the Lower Provinces.

It having been brought to the notice of Government, that improper measures are occasionally adopted, in order to make it appear that witnesses are examined and disposed of without delay, I am directed by the Court to request that you will carefully enquire into the subject in the offices of the several Magistrates and Deputy Magistrates and Officers exercising Magisterial powers in your District, and report whether the Rules for the attendance, examination and dismissal of witnesses, are strictly observed in each office.

(Signed) A. W. Russell, *Register.*

Fort William, the 27th January, 1857.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৪ ফেব্রুআরি।]

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

১ নম্বর।

স্মারক লিপি।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত একটিং সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২৩ জানুআরি।

সরাসরী মোকদ্দমার বিধিশ্রেণীর ৩০ নম্বরের যে বিধি এইক্ষণে আছে তাহা ফিরিয়া ফেলিতে হইবেক ও তাহার স্থানে এই বিধি দিতে হইবেক।

৩০ বিধি। ১৮৩৫ সালের ৮ আইনমতে যে নীলাম হয় তাহার বিষয়ে ঐ আইন খাটে না বলিয়া রাজস্বের কমিস্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক অন্য কোন কারণে হইতে পারিবেক না।

ই টি ট্রবর। একটিং সেক্রেটারী।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউ।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২৩ জানুআরি।

John Robinson, *Bengalee Translator.*

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব দেশপর্য্যটন কালে দেখিয়াছেন যে, মুনসেফের দর ও সদর আমীনেরদের আদালত ঘরে লোকেরদের অক্লেশে বসিবার ও কর্ম্ম করিবার উপযুক্ত সওযাজিমার অভাব আছে আর কাছারী পরিপটীরূপে সাজাইয়া সরকারী কর্ম্মস্থানের মত সুধারা দেখাইবার উপযুক্ত উদ্যোগ হয় নাই এই কারণে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব সদর আদালতের সাহেবদিগকে এই আদেশ করিয়াছেন যে, এক২ জন মুনসেফের ও সদর আমীনের কাছারী ঘরে এক২ মেজ ও দুই এক চৌকী ও ব্যাঞ্চ ও বসিবার উচ্চকরা স্থান ও উপযুক্ত হইলে তাহার চারি দিগে রেইল ও কেতাবের শেল্‌ফ করিয়া দিবার যত খরচ হয় তাহা তোমার কণ্টিঞ্জেন্ট বিলের মধ্যে স্বীকার করিতে অনুমতি দেন ও সেই সকল জিনিস উপযুক্তমতে রাখা যায় ইহাতে মনোযোগ করিতে তোমাকে আদেশ করেন।

এ ডবলিউ রসেল। একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১৫ জানুআরি।

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব বরাবরেষু।

সাক্ষিরদের জোবানবন্দী লইয়া তাহারদিগকে অগৌণে বিদায় করা যাইতেছে এমত দেখাইবার জন্যে কএকবার অনুচিত উপায় করা যায়, গবর্ণমেণ্টের নিকটে এই কথা অবগত করা গিয়াছে। অতএব সদর আদালতের আজ্ঞামতে তোমাকে আদেশ করি যে, তুমি আপন জিলার মধ্যে সকল মাজিষ্ট্রেট সাহেবের ও ডেপুটী মাজিষ্ট্রেটের ও মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি অন্য কার্য্যকারকেরদের কাছারীতে ঐ কথা মনোযোগ করিয়া তদারক কর ও সাক্ষিরদের হাজির হইবার ও তাহারদের জোবানবন্দী লইবার ও বিদায় করিবার বিধি উক্ত প্রত্যেক কাছারীতে দৃঢ়মতে পালন হইতেছে কি না এই কথার রিপোর্ট কর।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২৭ জানুআরি।

John Robinson, *Bengalee Translator.*

CALCUTTA UNIVERSITY.

ENTRANCE EXAMINATION 1857.

It is hereby notified, with reference to para. 4, in the original Notification as to Entrance Examination 1857, published in the *Calcutta Gazette* of Wednesday, 14th January, that the testimony as to the age and moral character of Candidates, and the Notice as to the languages in which they may desire to be examined, must be conveyed whether to the Registrar on or before the 23rd March, or to Secretary to the Local Committee of Public Instruction, at any of the authorized places in the form following, *viz*:

I certify that , a Candidate for the Entrance Examination of the Calcutta University, has, to the best of my belief, attained his age of 16 years, and is of good moral character, and that he has in writing expressed his desire to be examined in the two languages following:

1.———
2.———

(Signed)-----

Dated———

By order of the Vice-Chancellor,

W. GRAPEL, M. A.,
Registrar.

CALCUTTA UNIVERSITY,
The 9th of February, 1857.

CALCUTTA UNIVERSITY.

ENTRANCE EXAMINATION 1857.

It is hereby notified, that as Friday the 10th of April next, happens to be Good Friday, and as Saturday, the 11th, is a Hindu Holiday, the Entrance Examination in Mathematics and Natural Philosophy for 1857, published in the *Government Gazette* of the 14th January, as to take place on Friday, the 10th, is postponed to Monday, the 13th of April.

By order of the Vice-Chancellor,

W. GRAPEL, M. A.,
Registrar.

CALCUTTA UNIVERSITY,
The 9th of February, 1857.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 13th February, 1857.

Baboo Juggobundoo Sein, to officiate as Moonsiff of Putteah, Zillah Chittagong, during the absence on leave of the incumbent or until further orders.

The 16th February, 1857.

৮ ধারা। যদি কোন গাড়ি ও ঘোড়া ভাড়া দেওয়া যায় ও তৎকালের নিমিত্তে উক্ত শহরতলীর কি মোকামের মধ্যে কোন বাড়িতে রাখা যায়, তবে তাহা যে আড়গড়াওয়ালার কি অন্য ব্যক্তিরদের হয় তাহারা সেই শহরতলীর কি মোকামের সীমার মধ্যে বাস না করিলেও সেই গাড়ির ও ঘোড়ার উপর টাক্স লাগিবেক। আর ঐ গাড়ির ও ঘোড়ার উপর যত টাক্স লইতে হয় তাহা যাহার বাড়ীর মধ্যে ঐ গাড়ি ও ঘোড়া তৎকালে রাখা যায় তাহার স্থানে আদায় করা যাইবেক ইতি।

[ভাড়ার গাড়ির রেজিষ্টরী করণ ও নম্বর দেওন।]

৯ ধারা। তফসীলে যে গাড়ির ১॥০ দেড় টাকা টাক্স ধার্য্য হইয়াছে এমত যে কোন গাড়ি উক্ত শহরতলীর কি মোকামের মধ্যে রাখা যায় ও ভাড়া দেওয়া যায় তাহা কালেক্টরের দফ্তরখানায় রেজিষ্টরী করা যাইবেক আর কালেক্টর যেমন আজ্ঞা করেন তেমনি ঐ রেজিষ্টরীকরা নম্বর তাহাতে দেওয়া যাইবেক। কালেক্টর প্রতিবৎসরের যে দিন নিরূপণ করেন সেই দিনে গাড়ি বৎসরেং রেজিষ্টরী করা যাইবেক ও তাহার নম্বর দেওয়া যাইবেক। যদি কেহ সেই প্রকারের কোন গাড়ি বৎসরের মধ্যে পায়, ও তাহার রেজিষ্টরী না হইয়াছে তবে কালেক্টরের দফ্তরখানায় তাঁহার নিকটে দরখাস্ত করিলে সেই গাড়ির রেজিষ্টরী হইতে পারে। রেজিষ্টরীকরা কোন গাড়ি যদি বৎসরের মধ্যে অন্য লোককে হস্তান্তর করিয়া দেওয়া যায় তবে যাহাকে দেওয়া গিয়াছে সেই লোকের নামে তাহা পুনর্ব্বার রেজিষ্টরী করা যাইবেক।

transferred. A fee of four annas shall be paid for each registration.

[Penalty for not registering.]

X. Whoever keeps any such carriage, required to be registered by the provisions of the last preceding Section, without being so registered, shall, on conviction before a Magistrate, be liable to a fine not exceeding ten Rupees, and the Collector or any Officer duly authorized by him may seize or cause to be seized any such carriage (provided the same be not employed at the time of seizure in the conveyance of any passengers or goods) together with the horses or other animals drawing the same, and may deliver them over to the Police; and all Police Officers are hereby required, on the application of the Collector or his Officer as aforesaid, to seize and detain the same. If the carriage as aforesaid be not claimed or if the fine be not paid within ten days, such carriage, together with the animals seized with it, may be sold by auction by order of the Magistrate, and the proceeds applied to the payment of the fine and all costs and charges incurred on account of the detention and sale, and the surplus (if any), if not claimed by the owner within a further period of twenty days, shall be paid to the Collector.

[List of persons liable to tax to be prepared.]

XI. The Collector shall from time to time cause to be prepared and entered in distinct columns in a book to be kept at his Office, and to be open to the inspection of any person interested therein, a list of the persons liable to the payment of the tax, a description of the carriages and animals in respect of which they are liable, and the amount of the tax assessed thereon.

[Returns may be required for purpose of making list.]

XII. In order to enable the Collector to make such list, the Collector or any Officer authorized by him may send to all persons supposed to be liable to the payment of the tax, a Schedule to be filled up with such information respecting the carriages and animals kept by them as the Collector may judge necessary for the assessment of the tax. The Schedule shall be filled up in writing, and signed and dated, and returned to the Office of the Collector by every person to whom it is sent whether or not liable to the payment of the tax; and whoever refuses, neglects, or omits duly to fill up and return such Schedule within one week from the receipt thereof, or knowingly gives therein any incorrect or false return, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding two hundred Rupees.

[Power to summon persons liable to tax.]

XIII. The Magistrate on the report of the Collector may, if he think proper, summon any person supposed to be liable to the payment of the tax, or any servant of such person, to appear

একং বার রেজিষ্টরী করিবার জন্যে ।০ চারি আনা লাগিবেক ইতি।

[রেজিষ্টরী না করিবার দণ্ড।]

১০ ধারা। যে সকল গাড়ির ৯ ধারামতে রেজিষ্টরী করিতে হয় এমত কোন গাড়ি যদি কোন লোক রেজিষ্টরী না করাইয়া রাখে তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে সে দশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। আর কালেক্টর কিম্বা তিনি যে কোন কার্য্যকারককে উপযুক্তমতে ক্ষমতা দেন সেই কার্য্যকারক সেইরূপ কোন গাড়ি ও তাহা যে ঘোড়া কি অন্য পশুতে টানে তাহা ধরিয়া কি ধরাইয়া পোলীসের নিকটে সমর্পণ করিয়া দিতে পারিবেন। পরন্তু ঐ গাড়িতে কোন লোক কি মাল যে সময়ে যায় সেই সময়ে না ধরে। পোলীসের সকল কর্ম্মকারককেও এই আজ্ঞা হইতেছে যে কালেক্টর কি তাঁহার পূর্ব্বোক্ত প্রকারের কর্ম্মকারক আদেশ করিলে তাহারা সেই গাড়ি ঘোড়াপ্রভৃতি ধরিয়া আটক করিয়া রাখে। দশ দিনের মধ্যে যদি কেহ উক্ত প্রকারের গাড়ির দাওয়া না করে কিম্বা যদি সেই জরীমানার টাকা না দেওয়া যায় তবে ঐ গাড়ি ও তাহার সঙ্গে যে ঘোড়াপ্রভৃতি ধরা গিয়াছিল তাহা মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে নীলামে বিক্রয় হইবেক। তাহাতে যে টাকা পাওয়া যায় তাহা লইয়া ঐ জরীমানার টাকা ও সেই গাড়ি ঘোড়াপ্রভৃতি আটক করিয়া রাখিবার ও নীলাম করিবার যে সকল খরচ হয় তাহা দেওয়া যাইবেক। আর যদি কিছু অবশিষ্ট থাকে তবে স্বামী আর কুড়ি দিনের মধ্যে তাহার দাওয়া না করিলে সেই টাকা কালেক্টরকে দেওয়া যাইবেক ইতি।

[যাহারা টাক্স দিবার যোগ্য হয় তাহারদের নামাদির ফর্দ্দ করা যাইবেক।]

১১ ধারা। যে সকল লোক টাক্স দিবার যোগ্য হয় তাহারদের নামাদির ও যেরূপ গাড়ি ও পশুর নিমিত্তে তাহারদের টাক্স দিতে হয় তাহার ও যত টাক্স তাহার উপর বসান গিয়াছে তাহার এক ফর্দ্দ কালেক্টর সময়েং প্রস্তুত করাইবেন ও আপন দপ্তরখানায় একখান বহী রাখিয়া সেই সকল কথা সেই বহীর পৃথক্‌২ ঘরে লেখাইবেন। তাহাতে যে কোন ব্যক্তির সম্পর্ক থাকে সে ঐ বহী অবাধে দেখিতে পারিবেক ইতি।

[সেই ফর্দ্দ করিবার জন্যে রিটর্ণ করিবার আজ্ঞা হইতে পারিবেক।]

১২ ধারা। কালেক্টর সেইরূপ ফর্দ্দ করিতে পারেন এইনিমিত্তে যে সকল লোক ঐ টাক্স দিবার যোগ্য বোধ হয় তাহারদের নিকটে কালেক্টর কি তাঁহা হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক এক তফসীল পাঠাইতে পারিবেন ও টাক্স নির্দ্ধার্য্য করিবার জন্যে তাহারদের রাখা গাড়ির ও ঘোড়ার যে সকল কথা কালেক্টর আবশ্যক বোধ করেন তাহা তাহারা সেই তফসীলে লিখিবেক। যাহার নিকটে সেই তফসীল পাঠান যায় সে জন টাক্স দিবার যোগ্য হউক কি না হউক ঐ তফসীলে উপযুক্ত কথা লিখিয়া তাহাতে সহী করিয়া ও তারিখ দিয়া কালেক্টরের দপ্তরখানায় ফিরিয়া পাঠাইবেক। আর যদি কোন লোক ঐ তফসীল পাইলে পর এক সপ্তাহের মধ্যে তাহাতে উপযুক্ত কথা লিখিয়া ফিরিয়া পাঠাইতে অস্বীকার কি শৈথিল্য কি ত্রুটি করে, কিম্বা যদি সে জানিয়া শুনিয়া তাহাতে কোন অপ্রকৃত কি অসত্য কথা লেখে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে সে দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[টাক্স দিবার যোগ্য লোকদিগকে সমন করিবার ক্ষমতা।]

১৩ ধারা। কালেক্টর যদি রিপোর্ট করেন, তবে মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করিলে যাহাকে টাক্স দিবার যোগ্য বোধ হয় এমত কোন লোককে কিম্বা তাহার কোন চাকরকে কালেক্টরের সম্মুখে হাজির

before the Collector; and the Collector may examine such person or his servant as to the number and description of the carriages and horses in respect of which such person is liable to be assessed. If the person summoned shall, without lawful excuse, fail to appear in pursuance of the summons, or shall refuse to answer any lawful question of the Collector, or knowingly give an incorrect answer, he shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding two hundred Rupees.

[Appeal against assessment may be made to Magistrate.]

XIV. Any person who may dispute his liability for any assessment made under the foregoing provisions of this Act or the amount of any such assessment, may appeal to the Magistrate. Provided that such appeal shall be commenced within ten days after the receipt by such person of a bill for the sum claimed from him in respect of such assessment.

[Magistrate's decision final.]

XV. The decision of the Magistrate upon every such appeal shall be final and conclusive; and no person shall be entitled to contest any assessment made under the foregoing provisions of this Act, in any other manner than by appeal to the Magistrate as hereinbefore provided.

[Bill to be presented.]

XVI. When any sum is due on account of the said tax, the Collector shall cause to be presented to the person liable to the payment thereof a bill for the amount, which shall also contain a statement of the period and a description of the carriages and animals for which the charge is made, together with a notice of the time within which an appeal may be preferred.

[Notice of demand.]

XVII. If the bill is not paid by the person liable to pay the same within five days from the presentation thereof, the Collector may cause to be served upon such person a notice of demand in the form (A) contained in the Schedule to this Act, or to the like effect; and if such person shall not, within five days from the service of such notice of demand, pay the sum due or show sufficient cause for non payment of the same to the satisfaction of the Collector, and if no appeal shall have been preferred, such sum with all costs may be levied by distress and sale of the goods and chattels of the defaulter under a warrant in the form (B) in the Schedule, or to the like effect, to be issued for that purpose by the Collector.

[Inventory and notice of sale.]

XVIII. The Officer charged with the execution of the warrant of distress shall make an inventory of the goods and chattels seized under any such warrant, and shall at the same time give a notice in writing in the form (C) contained in the Schedule annexed to this Act, to the person in possession thereof at the time of the seizure, that

হইবার জন্যে সমন করিতে পারিবেন। আর সেই লোক যত ও যেং প্রকারের গাড়ি ও ঘোড়ার জন্যে টাক্স দিবার যোগ্য হয় সেই বিষয়ে কালেক্টর সেই লোকের কি তাহার চাকরের জোবানবন্দী লইতে পারিবেন। যে লোককে সমন করা যায় সে যদি আইনসিদ্ধ ওজর না থাকিতেও সমনমতে হাজির না হয় কিম্বা কালেক্টরের আইনমতে উচিত কোন প্রশ্নের উত্তর দিতে অস্বীকার করে, কিম্বা জানিয়াশুনিয়া অযথার্থ উত্তর দেয় তবে তাহার দোষ মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সে দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[যে টাক্স ধার্য্য হয় তাহার উপর মাজিস্ট্রেট সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক।]

১৪ ধারা। এই আইনের পূর্ব্ব লিখিত বিধানমতে যে কিছু টাক্স ধার্য্য হয় কিম্বা তদ্রূপ যত টাকার টাক্স ধার্য্য হয় তাহা দিবার যোগ্যতার বিষয়ে যদি কেহ আপত্তি করে তবে সে মাজিস্ট্রেট সাহেবের নিকটে আপীল করিতে পারিবেক। পরন্তু সেই টাক্স বলিয়া তাহার নিকটে যত টাকার দাওয়া হয় সেই টাকার বিল পাইলে পর দশ দিনের মধ্যে তাহার সেই আপীলের মোকদ্দমা আরম্ভ করিতে হইবেক ইতি।

[মাজিস্ট্রেট সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক।]

১৫ ধারা। সেই প্রকার প্রত্যেক আপীলের উপর মাজিস্ট্রেট সাহেব যাহা নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক। কোন ব্যক্তি পূর্ব্বোক্ত বিধানমতে মাজিস্ট্রেট সাহেবের নিকটে আপীল না করিয়া অন্য কোন প্রকারে এই আইনের পূর্ব্ব লিখিত বিধানমতের কোন টাক্সের বিষয়ে আপত্তি করিতে পারিবেক না ইতি।

[বিল দিতে হইবেক।]

১৬ ধারা। উক্ত টাক্সের বাবৎ কিছু টাকা পাওনা হইলে কালেক্টর ঐ টাক্স দিবার যোগ্য লোককে ঐ টাকার এক বিল দেওয়াইবেন। আরও যত কালের জন্যে ও যেং প্রকারের গাড়ি ও ঘোড়াপ্রভৃতির নিমিত্তে ঐ টাকার দাওয়া হয় তাহা সেই বিলে লেখা থাকিবেক। ও যত দিনের মধ্যে আপীল করা যাইতে পারিবেক তাহার মিয়াদও সেই বিলে লেখা থাকিবেক ইতি।

[দাওয়ার এত্তেলা।]

১৭ ধারা। ঐ বিলের টাকা যাহার দেনা হয় সে লোক যদি ঐ বিল দিবার তারিখঅবধি পাঁচ দিনের মধ্যে টাকা না দেয় তবে কালেক্টর তাহার উপর দাওয়ার এক এত্তেলা জারী করাইতে পারিবেন। সেই এত্তেলা এই আইনের তফসীলের A চিহ্নের পাঠে কি তাহার মর্ম্মমতে লেখা যাইবেক। সেই এত্তেলা জারী হইবার পর পাঁচ দিনের মধ্যে যদি সেই লোক ঐ দেনা টাকা না দেয় কিম্বা তাহা না দিবার উপযুক্ত কারণ কালেক্টরের হুজুরে ন্যায্যমতে না দেখায় আর যদি কোন আপীলও না করা যায়, তবে কালেক্টর তফসীলের B চিহ্নের পাঠে কি তাহার মর্ম্মমতে পরওয়ানা জারী করিয়া ঐ বাকীদারের মাল ও জিনিস ক্রোক ও নীলাম করিয়া খরচাসমেত ঐ টাকা আদায় করিতে পারিবেন ইতি।

[তালিকা ও নীলামের এত্তেলা।]

১৮ ধারা। ঐ ক্রোকী পরওয়ানা জারী হইবার নিমিত্তে যে কর্ম্মকারকের হাতে দেওয়া যায় সে কর্ম্মকারক তদ্রূপ কোন পরওয়ানামতে যত মাল ও জিনিস ক্রোক করা যায় তাহার এক তালিকা করিবেক আর সেই জিনিস ক্রোক হইবার সময়ে যাহার দখলে ছিল তাহাকে এই আইনের শেষভাগের তফসীলের C চিহ্নের পাঠে এক লিখিত এত্তেলা সেই সময়ে দিবেক। সেই এত্তেলার মর্ম্ম

the said goods and chattels will be sold as therein mentioned.

[Sale. Fees.]

XIX. If the arrear is not paid with costs, or the warrant is not discharged or suspended by the Collector, the goods and chattels seized shall be sold under the orders of the Collector, who shall apply the proceeds or such part thereof as may be necessary in discharge of the said arrears and costs; and the surplus, if any, shall be returned on demand to the person in possession of the goods and chattels at the time of the seizure. The fees payable upon distraints under this Act shall be such as are set forth in the table of fees in the said Schedule.

[Collector may sue instead or on failure of distress.]

XX. Instead of proceeding by distress and sale, or in case of failure to realize by distress the whole or part of any sum due in respect of the tax, the Collector may sue the person liable for the same in any Court of competent jurisdiction.

[Estimate of probable expense of making and repairing roads to be prepared annually, and published. If estimate of expense exceed estimated produce of carriage and horse-tax, excess how to be recovered. Proviso.]

XXI. Previously to the first day of May of each year an estimate shall be prepared of the amount required during the year for the purpose of making and repairing roads in the said suburbs and in the said station; and such estimate, when sanctioned by the Lieutenant Governor, shall be published in the *Official Gazette* for general information. If the said estimate shall exceed the sum which the carriage and horse-tax is estimated to produce, with the addition of such further sums as may be assigned by Government for the said purpose out of the Ferry Fund, or any other public fund, such excess shall be added to the amount of the assessment or rate to be levied in the said suburbs and station under Act XX. of 1856, and shall be made and recovered according to the provisions of that Act. Provided, however, that the limitation prescribed for an assessment or rate by Section XI. of the said Act shall not be applicable to any assessment or rate made under this Act.

[Collections and fines to be paid to suburban roads fund. Appropriation of fund.]

XXII. The proceeds of any assessment or rate made as aforesaid shall be kept distinct from the proceeds of the assessment or rate made for the purposes of the said Act XX. of 1856, and such proceeds, together with all sums received by the Collector of the carriage and horse-tax and all sums assigned by Government as above provided, and all fines and penalties levied under this Act, shall form a fund which shall be called in the suburbs of Calcutta "the suburban roads fund," and in the station of Howrah "the station roads fund."

এই যে ঐ মাল ও জিনিস ঐ একেলার লিখিত প্রকারে নীলাম করা যাইবেক ইতি।

[নীলাম। রসুম।]

১৯ ধারা। যদি সেই বাকী টাকা খরচসমেত না দেওয়া যায় কিম্বা কালেক্টর যদি সেই পরওয়ানা রহিত কি স্থগিত না করেন তবে ক্রোককরা ঐ মাল ও জিনিস কালেক্টরের হুকুমমতে নীলাম করা যাইবেক। আর তাহাতে যে টাকা পাওয়া যায় তাহা লইয়া কি তাহার যত আবশ্যক হয় তাহা লইয়া কালেক্টর ঐ বাকী ও খরচা শোধ করিবেন। অবশিষ্ট কিছু থাকিলে ঐ মাল ও জিনিস ক্রোক হইবার সময়ে যাহার দখলে পাওয়া গিয়াছিল সে দাওয়া করিলে তাহাকে দেওয়া যাইবেক। এই আইনমতের ক্রোক হইলে যে রসুম দিতে হইবেক তাহা উক্ত তফসীলে রসুমের টেবিলে যে প্রকার প্রকাশ হইয়াছে সেই প্রকারের হইবেক ইতি।

[কালেক্টর ক্রোক না করিবা কি ক্রোক করিবার উপযুক্ত জিনিস না পাইলে নালিশ করিতে পারিবেন।]

২০ ধারা। কালেক্টর ক্রোক ও নীলাম না করিয়া, কিম্বা টাক্স বলিয়া যে কিছু টাকা দেনা হয় তাহা সমুদয় কি তাহার কোন অংশ ক্রোক করণের দ্বারা আদায় করিতে না পারিলে সেই টাকার দায়ি ব্যক্তির নামে উপযুক্ত কোন আদালতে নালিশ করিতে পারিবেন ইতি।

[রাস্তা করিবার ও মেরামৎ করিবার খরচের ইষ্টিমেট বৎসরেং করা যাইবেক ও প্রকাশ হইবেক। গাড়ি ও ঘোড়ার টাক্সহইতে যত টাকা পাইবার সম্ভাবনা ঐ ইষ্টিমেট তাহার অধিক হইলে ফাজিল টাকা যেপ্রকারে পাওয়া যায়। বর্জ্জিত কথা।]

২১ ধারা। উক্ত শহরতলীতে ও উক্ত মোকামে রাস্তা করিবার ও মেরামৎ করিবার জন্যে বৎসরের মধ্যে যত টাকার প্রয়োজন হইবেক তাহার এক ইষ্টিমেট প্রতিবৎসরে মে মাসের প্রথম দিনের আগে করিতে হইবেক। আর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব তাহাতে সম্মত হইলে পর সেই ইষ্টিমেট সকল লোকের জানিবার নিমিত্তে সরকারী গেজেটে প্রকাশ হইবেক। গাড়ির ও ঘোড়ার টাক্সহইতে যত টাকা পাইবার সম্ভাবনা হয় তাহা ও গবর্ণমেণ্ট সেই কার্য্যের নিমিত্তে ফেরি ফণ্ডহইতে কি সরকারী অন্য কোন ফণ্ডহইতে অধিক যত টাকা দিয়া থাকিবেন তৎসমুদয় সেই টাকাহইতে যদি ঐ ইষ্টিমেটের টাকা অধিক হয়, তবে ১৮৫৬ সালের ২০ আইনমতে উক্ত শহরতলীতে ও মোকামে টাক্স কি রেট বলিয়া যত টাকা আদায় করা যায় তাহার সঙ্গে ঐ অধিক টাকা লেখা যাইবেক ও সেই আইনের বিধানমতে তাহা আদায় করা যাইবেক। পরন্তু উক্ত আইনের ১১ ধারামতে টাক্সের কি রেটের যে সীমা ধরা গিয়াছে তাহা এই আইনমতের করা কোন টাক্সের কি রেটের উপর খাটিবেক না ইতি।

[আদায়করা টাকা ও জরীমানার টাকা শহরতলীর রাস্তার ফণ্ডে দেওয়া যাইবেক। সেই টাকার ব্যয়।]

২২ ধারা। উক্ত প্রকারে যে কিছু টাক্স কি রেট বসান যায় তাহার উৎপন্ন টাকা ১৮৫৬ সালের উক্ত ২০ আইনের কার্য্যের নিমিত্তে বসান টাক্সের কি রেটের উৎপন্ন টাকাহইতে পৃথক্ রাখিতে হইবেক। আর সেইরূপের উৎপন্ন টাকা ও গাড়ির ও ঘোড়ার টাক্সের কালেক্টর যে সকল টাকা আদায় করেন তাহা ও গবর্ণমেণ্ট পূর্ব্বের বিধানমতে যে সকল টাকা দেন তাহা, ও এই আইনমতের আদায়করা সকল জরীমানার টাকা ও অর্থদণ্ড এই সকল টাকা লইয়া এক তহবীল হইবেক। কলিকাতার শহরতলীতে সেই তহবীল শহরতলীর রাস্তার তহবীল নামে বলা যাইবেক, ও হাবড়া মোকামে

[*Government Gazette*, 3rd *March*, 1857.]

All expenses incurred for the purpose of this Act shall be defrayed from the said fund, and the residue shall be applied exclusively to making, repairing, and improving roads within the limits of the said suburbs and station. Provided that no payment shall be made from the said fund for the repair of such roads or parts of roads as are hereinafter described, namely, in the said Suburbs—

The Barrackpore road with the Lock gate road.

The road from the Cossipore gun-foundery to Dum-Dum.

The Belgatchya or Dum-Dum road.

The Behalea or Diamond Harbour road from the cross road to Alipore and Tollygunge.

The Budge Budge road.

The Gurreahhath or Culpee road from the end of Old Ballygunge road.

The Canal roads, and the roads leading from the Canals and Salt-water lake into the Town, namely, the Balliaghatta, Narkooldangah, Manicktollah, Ooltadunga, Gooreeparah, South Sealdah, Khooleah, Nimtollah, Joomejoy Baboo's Khodagunge, and Khodghatta roads, and the Soorah road between the Balliaghatta and Narkooldunga roads.

In the said Station—

The Hooghly road from the part where it is crossed by the Old Benares road.

The Old Benares road from the same point—or for making or maintaining any part of any other main road of communication between the Town of Calcutta and the interior of the country which may hereafter be constructed.

[Statement of expenses incurred, and of receipts and disbursements of fund, to be published annually.]

XXIV. The Lieutenant Governor of Bengal shall cause Statements to be prepared annually of all expenses incurred on account of making, repairing, and improving the roads of the said suburbs, and of the said station, and of all sums credited to, and disbursed from the suburban roads fund and the Howrah station roads fund, and the said Statements shall be published in the *Official Gazette* for general information.

SCHEDULE.

	Rupees per Quarter.		
For every 4-wheel carriage on springs drawn by two horses ...	4	8	0
For every 4-wheel carriage on springs, drawn by one horse, or pony, or a pair of ponies, under thirteen hands ...	1	8	0
For every 4-wheel carriage, without springs	1	8	0
For every 2-wheel carriage on springs	2	4	0
For every 2-wheel carriage without springs, drawn by a horse, pony, or mule	0	12	0
For every horse	2	4	0
For every pony under thirteen hands, or mule	0	12	0

তাহা মোকামের রাস্তার তহবীল বলা যাইবেক। এই আইনের কার্য্যের নিমিত্তে যে সকল খরচ হয় তাহা উক্ত তহবীলহইতে দেওয়া যাইবেক। তাহার অবশিষ্ট টাকা ঐ শহরতলীর ও মোকামের সীমার মধ্যে কেবল রাস্তা—করিতে ও মেরামৎ করিতে ও আরো উত্তম করিতে খরচ হইবেক। পরন্তু ইহার পর যে রাস্তা কি রাস্তার যে অংশ লেখা যাইতেছে তাহার মেরামতীর জন্যে ঐ তহবীলহইতে কিছু টাকা দেওয়া যাইবেক না। বিশেষতঃ উক্ত শহরতলীতে

চানকের রাস্তা ও বন্ধ হইবার ফাটকযুক্ত রাস্তা।

কাশীপুরের লোহের কারখানাহইতে দমদমাতে যাইবার রাস্তা।

বেলগাছিয়া কি দমদমার রাস্তা।

আলিপুরে ও টালিগঞ্জে যাইবার চৌমাথা রাস্তাহইতে বেহালিয়ার কি ডাইমণ্ড হারবরের রাস্তা।

বজবজের রাস্তা।

পুরাতন বালিগঞ্জের রাস্তার শেষ ভাগহইতে গড়িয়া হাট কি কালপীর রাস্তা।

খালের রাস্তা ও সেই খালহইতে ও লবণ জলের খালহইতে নগরে যাইবার সকল রাস্তা অর্থাৎ বালিয়া ঘাটার ও নারিকেল ডাঙ্গার ও মাণিকতলার ও উল্টাডাঙ্গার ও গুরীপাড়ার ও দক্ষিণ শিয়ালদহের ও খুলিয়ার ও নিমতলার ও জন্মেজয় বাবুর খোদাগঞ্জের ও খোদঘাটার রাস্তা এবং বালিয়া ঘাটা ও নারিকেল ডাঙ্গার রাস্তার মধ্যে শুঁড়ার রাস্তা।

উক্ত মোকামে।

হুগলীর রাস্তা যে স্থানে বারাণসের পুরাতন রাস্তা কাটে সেই স্থানঅবধি হুগলীর রাস্তা।

সেই স্থানঅবধি বারাণসের পুরাতন রাস্তা। আরও কলিকাতা নগরহইতে মফঃসলের কোন দেশে যাইবার জন্য যে কোন বড় রাস্তা করা যাইতে পারিবেক তাহা কি তাহার কোন অংশ করিবার কি মেরামৎ করিবার জন্যে ঐ তহবীলের টাকা খরচ হইবেক না।

[যত খরচ হইয়াছে ও তহবীলের যত টাকার আয় ব্যয় হইয়াছে তাহার কৈফিয়ৎ বৎসরের প্রকাশ হইবেক।]

২৪ ধারা। উক্ত শহরতলীর ও উক্ত মোকামের রাস্তা করিবার ও মেরামৎ করিবার ও আরো উত্তম করিবার জন্য যে সকল টাকার খরচ হয় ও শহরতলীর রাস্তার তহবীলের ও হাবড়া মোকামের রাস্তার তহবীলের খাতায় যে সকল টাকা জমা ও খরচ হয় তাহার কৈফিয়ৎ বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব বৎসরে২ প্রস্তুত করাইবেন ও সেই কৈফিয়ৎ সকল লোকের জানিবার জন্যে সরকারী গেজেট প্রকাশ হইবেক ইতি।

তফসীল।

	তিনং মাসের টাকা
ইস্প্রিংওয়ালা চারি চাকার যে গাড়ি ২ ঘোড়ায় টানে তাহার টক্স	৪॥০
ইস্প্রিংওয়ালা চারি চাকার যে গাড়ি ৫২ইঞ্চির ছোট ১ ঘোড়া কি টাটু কি এক যোড়া টাটুতে টানে তাহার	১॥০
ইস্প্রিং বিনা চারি চাকার গাড়ি	১॥০
ইস্প্রিংওয়ালা দুই চাকার গাড়ির	২।০
ইস্প্রিং বিনা দুই চাকার যে গাড়ি ঘোড়া কি টাটু কি খচরে টানে তাহার	৸০
একং ঘোড়ার	২।০
৫২ইঞ্চির ছোট একং টাটুর কি খচরের ...	৸০

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৫৭। ৩ মার্চ]

Ponies under eleven hands, and children's carriages the wheels of which do not exceed twenty-four inches in diameter, exempt.

৪৪ ইঞ্চির ছোট টাটু ও ছেলেদের যে গাড়ির চাকা আছে ২৪ ইঞ্চির অধিক না হয় তাহার কিছু টাক্স লাগিবেক না।

A.

Notice of Demand.

Take notice that the Collector of the horse and carriage-tax for demands from you the sum of due from you for for the months of 185 ; and that if the sum due is not paid into the said Collector's office at or if sufficient cause for the non-payment of the sum is not shown to the Collector within five days from the service of this notice, a warrant of distress will be issued for the recovery of the same with costs.

(Signature of the Collector.)

Date————

A.

দাওয়ার এত্তেলা।

সম্বাদ লও যে অমুক স্থানের ঘোড়া ও গাড়ির টাক্সের কালেক্টর অমুক২ ঘোড়া গাড়ির জন্যে তোমার দেনা অমুক সালের অমুক২ মাসের এত টাকা দাওয়া করিতেছেন আর যদি সেই দেনা টাকা এই এত্তেলা জারী হওনের সময়াবধি পাঁচ দিনের মধ্যে অমুক স্থানে কালেক্টরের দপ্তরখানায় না দেওয়া যায় কিম্বা তাহা না দিবার উপযুক্ত কারণ কালেক্টরকে জানান না যায় তবে তাহা খরচাসমেত আদায় করিবার জন্যে ক্রোকী পরওয়ানা জারী হইবেক ইতি।

(কালেক্টরের দস্তখৎ)

তাং

B.

Distress Warrant.

To *(here insert the name of the Officer charged with the execution of the warrant.)*

Whereas of has not paid or shown sufficient cause for the non-payment of the sum of Rupees due for the taxes mentioned in the margin for the months of 185 ; although the said sum has been duly demanded in writing from the said and five days have elapsed since the service of the notice of demand; This is to command you to distrain the goods and chattels of the said to the amount of the said sum of Rupees and such further sum as may be sufficient to defray the charges of taking, keeping, and selling such distress; and if, within five days next after such distress, the said sum shall not be paid, together with such further sum as may be sufficient to defray the charges of taking and keeping such distress, to sell the said goods and chattels; and having paid and deducted out of the proceeds of the sale the said sum of Rupees and the charges of taking, keeping, and selling such distress, to return the surplus, if any, on demand, to the person whom you shall find in possession of the said goods and chattels. If sufficient distress cannot be found of the goods and chattels of the said you are to certify the same to me together with this warrant.

(Signature of the Collector)

B.

ক্রোকী পরওয়ানা।

অমুক (এই স্থলে যে কর্ম্মকারকের প্রতি পরওয়ানা জারী করিবার ভার দেওয়া যায় তাহার নাম লেখ) প্রতি আগে।

অমুক স্থাননিবাসি অমুকের নিকটে পার্শ্বের লিখিত অমুক সালের অমুক২ মাসের টাক্সের বাবৎ যে এত টাকা পাওনা আছে তাহা উক্ত অমুকের স্থানে লিখনক্রমে উপযুক্তমতে দাওয়া হইলেও দেয় নাই ও তাহা না দিবার উপযুক্ত কারণ দেখায় নাই ও দাওয়ার এত্তেলা জারী হইবার পরে পাঁচ দিন অতীত হইয়াছে এইহেতুক এতদ্দ্বারা তোমাকে আজ্ঞা করা যাইতেছে যে তুমি উক্ত এত টাকাপর্য্যন্তের উক্ত অমুকের মাল ও দ্রব্য ক্রোক কর ও সেই ক্রোককরা দ্রব্য লইবার ও রাখিবার ও বিক্রয় করিবার খরচ পোষাইবার জন্যে যত টাকা লাগে তাহারও উপযুক্ত দ্রব্য ক্রোক কর। আর সেই ক্রোক হইবার পর পাঁচ দিনের মধ্যে যদি উক্ত পাওনা টাকা ও সেই ক্রোককরা দ্রব্য লইবার ও রাখিবার খরচ পোষাইবার আর যত টাকা লাগে তাহা না দেওয়া যায় তবে উক্ত মাল ও দ্রব্য বিক্রয় কর। আর তাহা বিক্রয় করিলে যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে উক্ত এত টাকা ও ঐ ক্রোকী দ্রব্য লইবার ও রাখিবার ও বিক্রয় করিবার খরচ দিয়া ও কাটিয়া লইয়া যদি অবশিষ্ট কিছু থাকে তবে তাহার দাওয়া হইলে ঐ মাল ও দ্রব্য যাহার দখলে পাও তাহাকে ফিরিয়া দেও। যদি ঐ টাকা শোধ করিবার জন্যে উক্ত অমুকের ক্রোক করিবার উপযুক্ত মাল ও দ্রব্য পাওয়া না যায় তবে তাহার সর্টিফিকট লিখিয়া এই পরওয়ানার সঙ্গে আমার নিকটে পাটাও ইতি।

কালেক্টরের দস্তখৎ।

C.

Form of Inventory and Notice.

State particulars of goods seized.

Take notice that I have this day seized the goods and chattels specified in the above inventory for the sum of Rupees due for the taxes mentioned in the margin for the months of

[*Government Gazette*, 3rd *March*, 1857.]

C.

তালিকার ও এত্তেলার পাঠ।

যে সকল দ্রব্য ক্রোক করা গিয়াছে তাহার রেওয়া লেখ।

সম্বাদ লও যে আমি পার্শ্বের লিখিত অমুক সালের অমুক২ মাসের টাক্সের জন্যে পাওনা এত টাকার বাবৎ উপরের লিখিত তালিকার নির্দ্দিষ্ট মাল ও দ্রব্য অদ্য

185 ; and that, unless you pay into the Office of the Collector of the horse and carriage-tax for the amount due, together with the costs of this distress within five days from the day of the date of this notice, the goods and chattels will be sold.

(*Signature of the Collector.*)

Date-

W. MORGAN,
Clerk of the Council.

ক্রোক করিয়াছি। আর তুমি যদি এই এত্তেলার তারিখের পর পাঁচ দিনের মধ্যে উক্ত পাওনা টাকা এই ক্রোক করিবার খরচাসমেত অমুক স্থানের গাড়ির ও ঘোড়ার টাক্সের কালেক্টরের দফ্তরখানায় না দেও তবে ঐ মাল ও দ্রব্য বিক্রয় হইবেক ইতি।

কালেকটরের দস্তখৎ।

তাং।

ডবলিউ মর্গান।
কোন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

LAND ADVERTISEMENT.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা শ্রীহট্ট।

১৮৪৫ সালের ১ প্রথম আইনের ৬ ধারার ক্রমে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা শ্রীহট্টের নীচের লিখিত মাহালাত ১৮৫৭ সালের ১৯ জানুআরিপর্য্যন্তের বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্য যে যে পাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৫৭ সালের মার্চ মাসের ১৬ তারিখ মতাবিকে সন ১২৬৩ সালের চৈত্র মাসের ৪ তারিখ রোজ সোমবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি।

১ শ্রেণী এস্তমরারি জমা ধার্য্যহওয়া মাহাল।

পং ভাদেশ্বর

৩১ তাং মুক্তারাম সেন রেজিষ্টরিহওয়া মালিক সাহেব রামগএরহ সদর জমা ২০৮৶৬

পং কুশীয়াবদন

৩১৩ তাং মুলুকচন্দ রেজিষ্টরিহওয়া মালিক বজাক মাং গএরহ সদর জমা ২৭৸৴২

পং বাকিনগর

১০২ তাং মাণিক মামুদ রেজিষ্টরিহওয়া মালিক নওয়াজ মাং নিজ গএরহ সদর জমা ১১/৬

পং নজনা

১২২ তাং মৌং রামকৃষ্ণপুর রেজিষ্টরিহওয়া মালিক রামচান্দ সদর জমা ১০৴১০

পং ঐ

১৭৯ তাং দুর্গাপুর রেজিষ্টরিহওয়া মালিক আনন্দ বাঞ্ছা ঘোষ সদর জমা ২১॥৯

পং ঐ

৬০৭ তাং লক্ষ্মীনগর রেজিষ্টরিহওয়া মালিক গুলাম রামদেব সদর জমা ১০৴১০

পং মুটানেখা

১৩০ তাং জীবন আনন্দ রেজিষ্টরিহওয়া মালিক সরূপচন্দ্র রায় গং সদর জমা ১০৸/১০

পং আওমাজান

৩৭ তাং সুন্দর রাম রেজিষ্টরিহওয়া মালিক প্রকাশচন্দ্র দাস সদর জমা ৩০৸৶১১

পং ঐ

৮৪ তাং শ্রীমন্ত খা রেজিষ্টরিহওয়া মালিক শিবানন্দ গএরহ সদর জমা ১৬।৶১০

পং চামতলা

৫৭ তাং চান্দরাম চৌং রেজিষ্টরিহওয়া মালিক বিনছিনট সাহেব সদর জমা ১০৮॥/৫

পং হাং সত্রসতি

৪ রমাবল্লভ রায় রেজিষ্টরিহওয়া মালিক পুরুষোত্তম দত্ত গং সদর জমা ১০০॥৴১

পং চৌওালীস

৭৫৪ তাং গৌরীবল্লভ রেজিষ্টরিহওয়া মালিক রাম দত্ত গং সদর জমা ৪১৸/০

পং বেজুড়া

৫৪ তাং মাং তকি রেজিষ্টরিহওয়া মালিক গোলাম হুসন সদর জমা ১৭৸৶৯

পং তরফ

১ তাং সৈদ মাং নাজির হিং সৈওদ মাং রাতিব রেজিষ্টরিহওয়া মালিক নবকৃষ্ণ মজুমদার গএরহ সদর জমা ৩১৬৪।/৪

পং ঐ তাং ঐ

হিং সৈওদ নইম উল্লা রেজিষ্টরিহওয়া মালিক মাণিক রায় গএরহ সদর জমা ৩৭২/১

পং ঐ

২ তাং সৈওদ আহামদ আলী হিং সৈওদ আহামদ রজা রেজিষ্টরিহওয়া মালিক পরশু রাম গএরহ সদর জমা ১৫০৯৲

পং ঐ তাং ঐ

হিং সৈওদ মদন রজা রেজিষ্টরিহওয়া মালিক রামবল্লভ দেব গএরহ সদর জমা ২৭৮৪৴২

পং ঐ তাং ঐ

হিং সৈওদ কাইম রজা রেজিষ্টরিহওয়া মালিক জয়গোবিন্দ রায় গএরহ সদর জমা ১৯৬৬৸৶১১

পং ঐ তাং ঐ

হিং সৈওদ কলিম রজা রেজিষ্টরিহওয়া মালিক জয়গোবিন্দ রায় গএরহ সদর জমা ৭১৮৸১০

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৩ মার্চ।]

পং তরফ

২৭৩ তাং গোবিন্দ রায় শর্ম্মা রেজিষ্টরিহওয়া মালিক রামকান্ত শর্ম্মা গএরহ সদর জমা ১৩৶২

পং ঐ

৪৫৯ তাং জামালকেশব রেজিষ্টরিহওয়া মালিক জামালদি সদর জমা ১০॥৶৮

পং ঐ

১১৬৫ তাং নগদা চৌবে রেজিষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ১১॥৶৮

পং গদা হাসন নগর

১ তাং সৈওদ আবুল হাসন ৩িং সৈওদ আকবর হাসন রেজিষ্টরিহওয়া মালিক কৃষ্ণচরণ কর গএরহ সদর জমা ১৮৭/১

পং ঐ

৩০ তাং সৈওদ রেয়াজু রেহেমা রেজিষ্টরিহওয়া মালিক সৈওদ নেওয়াজু রেহেমা গএরহ সদর জমা ১৩৯ I৶৬

সন ১৮৫৭ ইংরেজী মাহ ১৬ ফেব্রুআরি।

T. P. LARKINS, *Offg. Collector.*

বিজ্ঞাপন।

জেলা মুরশিদাবাদের অন্তঃপাতি কান্দির সরকারি বাঙ্গালা বিদ্যালয়ের পণ্ডিত শ্রীযুত আনন্দমোহন সরকার উক্ত বিদ্যালয়ের কার্য্য সুন্দররূপ পরিচালন করিবায় বঙ্গদেশের দক্ষিণখণ্ডের ইনিস্পেকটর সাহেব মহাসন্তুষ্ট হইয়াছেন এবং তদর্থ প্রশংসিত সাহেব পণ্ডিতকে ৩৫৲ টাকা পুরস্কার প্রদানের অনুমতি পাইয়াছেন ইতি।

HODGSON PRATT, বঙ্গ দেশের দক্ষিণখণ্ডের ইনিস্পেকটর।

হুগলি। ১৭ ফেব্রুআরি। ১৮৫৭

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

NOTICE.

Notice is hereby given, that a sale of the undermentioned Gold Mohurs, Gold and Silver Jewellery, and other articles belonging to the Minor Rajah of Jellamootta, will be held at the Collector's Office at Midnapore, on Monday, the 6th April, 1857.

Parties purchasing, will be required to make a deposit of ¼th the amount of their bids immediately after the conclusion of the sale of each Lot. The deposit money to be forfeited in the event of the entire purchase-money not being paid in, and the lot cleared within 10 days from the date of sale; in which case the lot will be resold at the risk of the former purchaser.

N. B.—The above offers a good opportunity to speculators and others dealing in Gold and Silver articles.

DHURONYDHUR ROY, *Guardian to the Minor Rajah of Jellamootta.*

Midnapore, the 14th February, 1857.

List.

Item				
Old Gold Mohurs, including small Coins, in tale,	2,901	4	0	
Gold Ornaments, 168 items, in weight	905	12	0	Tolahs.
Silver Ditto, 357 Ditto, Ditto,	8,500	14	0	„
Pearls 162 in No.				
	M.	S.	C.	
Ivory in weight,	3	17	10	

2 Palkees of Ivory with Gold and Silver edges.

1 Haoda for Elephant with Silver edges.

7 Assas and 5 Sotas covered with Silver.

2 Ivory Stools.

1 Ivory Chair with gold edges.

ইশ্‌তিহার।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জলামুটার নাবালগ রাজার সোণার মোহর ও সোণা রূপার আভরণপ্রভৃতি অনেক দ্রব্য ১৮৫৭ সালের ৬ আপ্রেল তারিখ সোমবারে মেদনীপুরের কালেকটর সাহেবের কাছারীতে নীলাম হইবেক।

যাঁহারা খরীদার হন তাঁহারা যে মূল্য ডাকিয়াছেন তাহার সিকি ভাগ লাট বিক্রয় হইবার পরেই আমানৎ করিবেন। তাহার পর দশ দিনের মধ্যে যদি খরীদের সমুদয় টাকা না দেওয়া যায় ও সেই দ্রব্য স্থানান্তর না করা যায় তবে ঐ আমানতের টাকা জব্দ হইবেক আর লাট পুনরায় নীলাম করা যাইবেক তাহাতে কিছু ক্ষতি হইলে প্রথম খরীদারের উপর তাহার দায় থাকিবেক।

মন্তব্য। যাঁহারা সোণারূপার ক্রয় বিক্রয় করিয়া থাকেন তাঁহারা এই নীলামে অতি উত্তম২ দ্রব্য পাইতে পারিবেন।

ধরণীধর রায়।
জলামুটার নাবালগ রাজার রক্ষক।

মেদিনীপুর।
১৮৫৭। ১৪ ফেব্রুআরি।

[*Government Gazette, 3rd March, 1857.*]

ফর্দ্দ।

পুরাতন সোণার মোহর ও ক্ষুদ্র২ মুদ্রা সর্ব্বশুদ্ধ	...	...	...		২৯০১।০
সোণার আভরণ ১৬৮ প্রস্থ ওজন	...	... ...	...	তোলা	৯০৫৸
রূপার ঐ ৩৫৭ ঐ	...	... ...	...	ঐ	৮৫০০৸৵
মুক্তা ঐ ১৬১ টা।					
হস্তিদন্ত ওজন	...	... ...	...	মোন	৩।৭॥৶

হস্তিদন্তের ২ টা পালকী তাহার ধারে২ সোণা রূপার কর্ম্ম।

হস্তির এক হৌদা তাহার ধারে রূপার কর্ম্ম।

রূপাতে মোড়া ৭ আসা ও ৫ সোঁটা।

হস্তিদন্তের ২ খান পিঁড়ি।

হস্তিদন্তের ১ চৌকী তাহার ধারে সোণার কর্ম্ম।

LOST

An unindorsed Bank of Bengal Lalla Bill, No. 679, dated 24th December, 1856, for Co.'s Rs. 10,000 payable to me or order. Payment of which has been stopt in the Bank. Whoever will bring the same at No. 8, Lyon's Range, will be rewarded by Ramdhono Ghose.

হারাণ গেল।

বাঙ্গাল ব্যাঙ্কের উপর ১০,০০০৲ টাকার বাবৎ ১৮৫৬ সালের ২৪ ডিসেম্বর তারিখের ৬৭৯ নম্বরের লালার এক হুণ্ডী হারাণ গিয়াছে। ঐ টাকা আমাকে কিম্বা আমার হুকুমমতে দেনা হয় কিন্তু তাহা ইণ্ডোর্স হয় নাই। ব্যাঙ্কে ঐ টাকা অন্য কাহাকে দিবার নিষেধ হইয়াছে। ঐ হুণ্ডী যে কোন ব্যক্তি লয়ন রেঞ্জের ৮ নম্বর বাটীতে আনেন তাঁহাকে শ্রী রামধন ঘোষ কিছু পুরস্কার দিবেন।

আইন ও ব্যবস্থাসংগ্রহ অর্থাৎ আইন, শাস্ত্র, শরা ও নজিরাদির সারসংগ্রহ। ইহার প্রথম খণ্ড রেইলওয়ে লকোমোটিব সুপেরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আফিসে শ্রীনবীনচন্দ্র রায়ের নিকট ডাক মাসুল ৶০ আনা সহিত মূল্য ৪৲ টাকা প্রেরণ করিলে পাওয়া যায়।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের সরাসরী নিষ্পত্তিসমুহ বর্ণমালানুযায়ী লিখিত ইং ১৮৩৪ সাং ১৮৫৫ সাল।

এই গ্রন্থ ফিরিস্তিসমেত ৪২০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে উক্ত আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে তত্ত্ব করিলে পাওয়া যাইবেক মুল্য ৫৲ টাকা মাত্র।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের ১৮৫৪ সালের নিষ্পত্তিসমুহের খোলাসা।

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাষায় না থাকাতে সে তাবতের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র হালদারকর্ত্তৃক অনুবাদিত হইয়া ১৲ টাকা মুল্যে বিক্রয় হইতেছে সদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসর্স ব্রাউন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুক্ত বাবু পীতাম্বর পাইনের নিকট উক্ত অনুবাদকর্ত্তার নামোল্লেখে মুল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৩ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জেসি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 10, 1857

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১০ মার্চ।

ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 21ST FEBRUARY, 1857.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 13th February, 1857, and is hereby promulgated for general information :—

ACT No. V. OF 1857.

An Act to confer certain powers on the Oriental Gas Company, Limited.

[Preamble.]

WHEREAS a Joint Stock Company has been lately formed for the purpose of introducing Gas-works into India, which Company having been completely registered in England under the Act of Parliament of the eighth year of the reign of her present Majesty, Cap. 110, has since been registered in England under "The Joint Stock Companies' Act, 1856" with limited liability, and has duly obtained a certificate of Incorporation under the name of the Oriental Gas Company, Limited; and whereas the said Company has erected Gas-works on land granted for that purpose by Government in the vicinity of the Town of Calcutta, and is engaged in the preparation of apparatus and materials for the manufacture and supply of Gas for lighting the said Town; and whereas it is expedient that powers and facilities should be given to the said Company to enable them to carry out their undertaking of lighting with Gas the said Town of Calcutta, which powers and facilities may hereafter be extended to the operations of the said Company in other Towns and places: It is enacted as follows:—

আইন।

ব্যবস্থাপক কৌন্সেল

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২১ ফেব্রুআরি।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের কারীকরা নীচের লিখিত আইনের বিষয়ে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৭ সালের ১৩ ফেব্রুআরি তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন। তাহা সকল লোককে জানাইবার নিমিত্তে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ৫ আইন।

সীমাযুক্ত ওরিএণ্টল গাস কোম্পানিকে কোনং ক্ষমতা দিবার আইন।

[হেতুবাদ।]

ভারতবর্ষের মধ্যে গাসসম্পর্কীয় কর্ম্ম করিবার নিমিত্তে সম্প্রতি এক জাইণ্ট ষ্টক কোম্পানি হইয়াছেন। বর্ত্তমানা শ্রীশ্রীমতী মহারাণীর অষ্টম বৎসরের আক্ট পার্লিমেণ্টের ১১০ অধ্যায়ক্রমে ইঙ্গলণ্ডে সেই কোম্পানিকে সম্পূর্ণরূপে রেজিষ্টরী করা গেলে পর ১৮৫৬ সালের জাইণ্ট ষ্টক কোম্পানির আইনমতে সীমাযুক্ত নামের কোম্পানি বলিয়া ইঙ্গলণ্ডে রেজিষ্টরী করা গিয়াছে ও সেই কোম্পানি সীমাযুক্ত ওরিএণ্টল গাস কোম্পানির নামে চার্টর পাইবার সর্টিফিকট উপযুক্তমতে প্রাপ্ত হইয়াছেন। আর সেই কোম্পানির কারখানা করিবার নিমিত্তে গবর্ণমেণ্ট কলিকাতা নগরের নিকটে যে জমী দিয়াছেন তাহাতে ঐ কোম্পানি গাসের কারখানা করিয়াছেন ও উক্ত নগরে আলো দিবার জন্যে গাস প্রস্তুত করিবার ও যোগাইবার যন্ত্র ও সরঞ্জাম প্রস্তুত করিতেছেন। আর উক্ত কলিকাতা নগরে গাস দিয়া আলো করিবার যে কর্ম্মে উক্ত কোম্পানি প্রবর্ত্ত হইয়াছেন তাহা সফল করিবার জন্যে তাঁহারদিগকে ক্ষমতা ও সহজরূপে কার্য্য করিবার উপায় দেওয়া বিহিত। আর ঐ কোম্পানি অন্যান্য নগরে ও স্থানে সেই কার্য্য চালাইলে তাঁহারদের সেই কার্য্যের পক্ষেও ঐ ক্ষমতা ও উপায় বিস্তারিত করা যাইতে পারে, এইং কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[*Power to break up streets, &c., under superintendence, and to open drains.*]

I. In the Town of Calcutta and its environs, and in any other Town or place to which the provisions of this Act may hereafter be extended, by a law to be passed for that purpose, the Oriental Gas Company, Limited, under such superintendence as is hereinafter specified, may open and break up the soil and pavement of the several streets and bridges, and may open and break up any sewers, drains, or tunnels within or under such streets and bridges, and lay down and place within the same limits pipes, conduits, service-pipes, and other works, and from time to time repair, alter, or remove the same, and also make any sewers that may be necessary for carrying off the washings and waste liquids which may arise in the making of the Gas; and, for the purposes aforesaid, may remove and use all earth and materials in and under such streets and bridges; and they may in such streets erect any pillars, lamps, and other works, and do all other acts which the said Company shall from time to time deem necessary for supplying Gas to the inhabitants of the said Town of Calcutta and its environs, or other Town or place as aforesaid, doing as little damage as may be in the execution of the powers hereby granted, and making compensation for any damage which may be done in the execution of such powers.

[তত্ত্বাবধারণক্রমে রাস্তাপ্রভৃতি ভাঙ্গিয়া ফেলিবার ও নরদমা খুঁড়িয়া ফেলিবার ক্ষমতা।]

১ ধারা। কলিকাতা নগরে ও তাহার নিকটবর্ত্তি স্থানে, আর অন্য যে কোন নগরে কি স্থানে এই আইনের বিধান খাটাইবার জন্যে উত্তর কালে আইন জারী হইয়া খাটাইবার সেই নগরে বা স্থানে, ঐ সীমাযুক্ত ওরিএণ্টেল গাস কোম্পানি পশ্চাৎ নির্দ্দিষ্ট প্রকারের তত্ত্বাবধারণক্রমে নানা রাস্তার ও সাঁকোর মাটি ও ইষ্টকাদি তুলিয়া ও খুঁড়িয়া ফেলিতে পারিবেন, ও সেই প্রকার রাস্তার ও সাঁকোর ভিতরে কি নীচে যে কোন নয়নজুলি কি নরদমা কি সুড়ঙ্গ থাকে তাহা খুঁড়িয়া ও ভাঙ্গিয়া ফেলিতে পারিবেন, ও সেই স্থানের মধ্যে নল ও প্রণালী ও গাস চলিবার নল ও অন্য২ বিষয় বসাইতে ও রাখিতে পারিবেন, ও সময়ে২ তাহা সারিতে কি পরিবর্ত্তন করিতে কি স্থানান্তর করিতে পারিবেন, আর গাস প্রস্তুত করাতে যে কিছু শিটা ও অকর্ম্মণ্য জলাদি থাকে তাহা বাহির হইবার যে কোন নয়নজুলি আবশ্যক তাহাও করিতে পারিবেন। আর পূর্ব্বোক্ত অভিপ্রায়ে, সেই রাস্তার ও সাঁকোর ভিতরে ও নীচে যে কিছু মাটি ও সরঞ্জাম থাকে তাহা উঠাইয়া ফেলিতে ও তাহা লইয়া কার্য্য করিতে পারিবেন। আরও তাঁহারা সেই প্রকারের রাস্তায় কোন থাম ও লাণ্টন ও অন্য২ বিষয় স্থাপন করিতে পারিবেন। আর উক্ত কোম্পানি উক্ত কলিকাতা নগর ও তাহার নিকট স্থান কি পূর্ব্বোক্ত প্রকারের অন্য নগর কি স্থান নিবাসিরদিগকে গাস যোগাইবার নিমিত্তে অন্য যে সকল কর্ম্ম সময়ে২ আবশ্যক জ্ঞান করেন তাহা করিতে পারিবেন। কিন্তু এই ধারাতে তাঁহারদিগকে যে২ ক্ষমতা দেওয়া গিয়াছে তদনুসারে কার্য্য করিলে তাঁহারা সাধ্যমতে ক্ষতি করিবেন না আর সেই২ ক্ষমতামতে কার্য্য করিলে যে কিছু ক্ষতি হয় তাহার প্রতিকার করিবেন ইতি।

[Not to enter on private land without consent.]

II. Provided always, that nothing herein shall authorize or empower the said Company to lay down or place any pipe or other works into, through, or against any building, or in any land not dedicated to public use, without the consent of the owners and occupiers thereof; except that the said Company may at any time enter upon and lay or place any new pipe in the place of an existing pipe, in any land wherein any pipe hath been already lawfully laid down or placed in pursuance of this Act, and may repair or alter any pipe so laid down.

[অনুমতি না পাইয়া বিশেষ ব্যক্তির জমীতে প্রবেশ করিবেন না।]

২ ধারা। পরন্তু ইহার মধ্যের কোন কথাতে, কোন ঘরের কি ভূমির স্বামিরদের ও বাশেন্দারদের অনুমতি না পাইয়া সেই ঘরের মধ্যে কি মধ্য দিয়া কি গায়ে, কিম্বা যে কিছু ভূমি সাধারণ লোকেরদের ব্যবহার্য্য না হয় এমত ভূমির মধ্যে, উক্ত কোম্পানির কখন কোন নল কি অন্য কোন বিষয় বসাইতে কি রাখিতে ক্ষমতা কি শক্তি হইবেক না। কিন্তু যে কোন ভূমিতে এই আইনক্রমে কোন নল আইনসিদ্ধমতে পূর্ব্বে বসান গিয়াছে কিম্বা রাখা গিয়াছে, এমত কোন ভূমিতে উক্ত কোম্পানি, কোন সময়ে প্রবেশ করিয়া, তৎকালে যে নল থাকে তাহার স্থানে কোন নূতন নল বসাইতে কি রাখিতে পারিবেন, ও সেই প্রকারের বসান কোন নল সারাইয়া দিতে কি পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

[Notice to be served on persons having control, &c., before breaking up streets or opening drains.]

III. Before the said Company proceed to open or break up any street, bridge, sewer, drain, or tunnel, they shall give to the Municipal Commissioners for the Town of Calcutta, or other persons under whose control or management the same may be, or to their Clerk, Surveyor, or other Officer, notice in writing of their intention to open or break up the same, not less than three clear days before beginning such work; except in cases of emergency arising from defects in any of the pipes or other works, and then so soon as is pos-

[রাস্তা কি নরদমা খুঁড়িয়া ফেলিবার পূর্ব্বে যাঁহারদের কর্ত্তৃত্বাদি থাকে তাঁহারদিগকে এত্তেলা দিতে হইবেক।]

৩ ধারা। উক্ত কোম্পানি যখন কোন রাস্তা কি সাঁকো কি নয়নজুলি কি নরদমা কি সুড়ঙ্গ খুঁড়িয়া ও ভাঙ্গিয়া ফেলিতে প্রবর্ত্ত হন, তখন সেই কর্ম্ম আরম্ভ করিবার অতিকম সম্পূর্ণ তিন দিবস থাকিতে, তাঁহারা সেই রাস্তাপ্রভৃতি খুঁড়িয়া ফেলিতে আপনারদের মনস্থের সম্বাদ কলিকাতা নগরের মুনিসিপল কমিসনরদিগকে কিম্বা অন্য যে লোকেরদের তত্ত্ব কি কর্ত্তৃত্বাধীনে সেই বিষয় থাকে তাঁহারদিগকে কিম্বা তাঁহারদের ক্লার্ক কি সরবেয়র কি অন্য কার্য্যকারককে লিখিয়া জানাইবেন। কেবল কোন নল কি অন্য বিষয়ের কিছু দোষ হওয়াতে যদি অত্যন্ত আবশ্যক হয়, তবে সেই কার্য্য আরম্ভ করিবার পর, কিম্বা তাহা করিবার আবশ্যক

sible after the beginning of the work, or the necessity for the same shall have arisen.

[Streets or drains not to be broken up, except under superintendence of persons having control of the same. If persons having the control, &c., fail to superintend, Company may proceed with the work.]

IV. No such street, bridge, sewer, drain, or tunnel shall, except in the cases of emergency aforesaid, be opened or broken up, except under the superintendence of the persons having the control or management thereof, or of their officer, and according to such plan as shall be approved of by such persons or their officer, or in case of any difference respecting such plan, then according to such plan as shall be determined by a Magistrate; and such Magistrate may, on the application of the persons having the control or management of any such sewer or drain, or their officer, require the said Company to make such temporary or other works as they may think necessary for guarding against any interruption of the drainage during the execution of any works which interfere with any such sewer or drain. Provided always, that, if the persons having such control or management as aforesaid, and their officer, fail to attend at the time fixed for the opening of any such street, bridge, sewer, drain, or tunnel, after having had such notice of the said Company's intention as aforesaid, or shall not propose any plan for breaking up or opening the same, or shall refuse or neglect to superintend the operation, the said Company may perform the work specified in such notice without the superintendence of such persons or their officer.

[Streets, broken up to be re-instated without delay.]

V. When the said Company open or break up the road or pavement of any street or bridge, or any sewer, drain, or tunnel, they shall with all convenient speed complete the work for which the same shall be broken up, and fill in the ground, and re-instate and make good the road or pavement, or the sewer, drain, or tunnel so opened or broken up, and carry away the rubbish occasioned thereby; and shall at all times, whilst any such road or pavement shall be so opened or broken up, cause the same to be fenced and guarded, and shall cause a light, sufficient for the warning of passengers, to be set up and maintained against or near such road or pavement where the same shall be open or broken up every night during which the same shall be continued open or broken up; and shall keep the road or pavement which has been so broken up in good repair for three months after replacing and making good the same, and for such further time, if any, not being more than twelve months in the whole, as the soil so broken up shall continue to subside.

হইবার পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র তাহার সম্বাদ দিতে হইবেক ইতি।

[যে ব্যক্তিরদের কর্তৃত্ব থাকে তাঁহারা তত্ত্বাবধারণ না করিলে রাস্তা কি নরদমা ভাঙ্গিয়া ফেলা যাইবেক না। যে ব্যক্তিরদের কর্তৃত্বাদি থাকে তাঁহারা যদি তত্ত্বাবধারণ না করেন তবে কোম্পানি কর্ম্ম চালাইতে পারিবেন।]

৪ ধারা। পূর্ব্বোক্ত অত্যাবশ্যক স্থলভিন্ন সেইরূপ কোন রাস্তা কি সাঁকো কি নয়নজুলি কি নরদমা কি সুড়ঙ্গের উপর যে ব্যক্তিরদের কর্তৃত্ব কি তত্ত্ব থাকে তাঁহারদের কিম্বা তাঁহারদের কার্য্যকারকের তত্ত্বাবধারণ না থাকিলে সেই প্রকারের কোন রাস্তাপ্রভৃতি খোঁড়া কি ভাঙ্গিয়া ফেলা যাইবেক না ও সেই ব্যক্তিরা কি তাঁহারদের কার্য্যকারক যে নিয়ম মঞ্জুর করেন সেই নিয়মমতে তাহা করিতে হইবেক। সেই নিয়মের বিষয়ে যদি মতের কিছু অনৈক্য হয় তবে এক জন মাজিষ্ট্রেট সাহেব যে নিয়ম নির্ণয় করেন সেই নিয়মমতে তাহা করিতে হইবেক। এবং সেইরূপ কোন নয়নজুলি কি নরদমা যে ব্যক্তিরদের তত্ত্ব কি কর্তৃত্বাধীনে থাকে, তাঁহারা কি তাঁহারদের কার্য্যকারক দরখাস্ত করিলে, মাজিষ্ট্রেট সাহেব উক্ত কোম্পানিকে আজ্ঞা করিতে পারিবেন যে, সেইরূপ কোন নয়নজুলি কি নরদমার ব্যাঘাত যাহাতে হয় এমত কোন কার্য্য নির্ব্বাহের সময়ে জল বহিবার বাধা না হয় এই নিমিত্তে তাঁহারা কিঞ্চিৎকালীন কি অন্য প্রকার যে বিষয় আবশ্যক বোধ করেন তাহা করেন। পরন্তু উক্ত কোম্পানির মনস্থের পূর্ব্বোক্তমতের সম্বাদ পাইলে পর পূর্ব্বোক্ত প্রকারের তত্ত্ব কি কর্তৃত্ব যে ব্যক্তিরদের থাকে তাঁহারা ও তাঁহারদের কার্য্যকারক যদি সেইরূপ কোন রাস্তা কি সাঁকো কি নয়নজুলি কি নরদমা কি সুড়ঙ্গ খুঁড়িয়া ফেলিবার নিরূপিত সময়ে হাজির না থাকেন কিম্বা তাহা ভাঙ্গিয়া কি খুঁড়িয়া ফেলিবার কোন নিয়মের প্রস্তাব না করেন কিম্বা ঐ কার্য্যের তত্ত্বাবধারণ করিতে অস্বীকার করেন কি তত্ত্বাবধারণ না করেন তবে ঐ ব্যক্তিরা কি তাঁহারদের কার্য্যকারক তত্ত্বাবধারণ না করিলেও উক্ত কোম্পানি ঐ এত্তেলার নির্দ্দিষ্ট কার্য্য নির্ব্বাহ করিতে পারিবেন ইতি।

[রাস্তাপ্রভৃতি ভাঙ্গিয়া ফেলা গেলে তাহা পুনরায় অগৌণে করিয়া দেওয়া যাইবেক।]

৫ ধারা। যখন উক্ত কোম্পানি কোন রাস্তার কি সাঁকোর পথ কি ইষ্টকাদি কিম্বা কোন নয়নজুলি কি নরদমা কি সুড়ঙ্গ খুঁড়িয়া কি ভাঙ্গিয়া, ফেলেন তখন যে কার্য্যের নিমিত্তে তাহা ভাঙ্গিয়া ফেলা যায় সেই কার্য্য তাঁহারা উপযুক্তমতে শীঘ্র সমাপ্ত করিয়া মাটি ভরাট করিয়া দিবেন, এবং সেই প্রকারে খোঁড়া কি ভাঙ্গা পথ কি ইষ্টকাদি কি নয়নজুলি কি নরদমা কি সুড়ঙ্গ পুনরায় করিয়া ও সারিয়া দিবেন ও তাহাতে যে কিছু রাবিস থাকে তাহা উঠাইয়া লইবেন। আর সেই প্রকার পথ কি ইষ্টকাদি যত কাল খোঁড়া কি ভাঙ্গা হইয়া থাকে তত কাল তাঁহারা তাহাতে সর্ব্বদা বেড়া দিবেন ও চৌকী রাখিবেন, এবং যত কাল তাহা খোঁড়া কি ভাঙ্গা হইয়া থাকে তত কাল প্রতিরাত্রিতে ঐ পথ কি ইষ্টকাদি যে স্থানে খোঁড়া কি ভাঙ্গা আছে সেই স্থানের ধারে কি নিকটে পথিকদিগকে সতর্ক করিবার এক উপযুক্ত প্রদীপ দিয়া রাখিবেন। আর যে পথ কি ইষ্টকাদি সেই প্রকারে খুঁড়িয়া ফেলা গিয়াছে তাহা পুনরায় করিয়া দেওনের ও সারিয়া দেওনের পর তিন মাসপর্য্যন্ত তাঁহারা মেরামৎ করিয়া রাখিবেন, আর যদি অধিক সময় হয় তবে সর্ব্বসুদ্ধ বারো মাসের অধিক না হয় এমত আর যত কাল সেই প্রকারে তোলা মাটি বসিয়া যাইতে থাকে তত কাল তাহা মেরামৎ করিয়া রাখিবেন ইতি।

[Penalty for delay in re-instating streets.]

VI. If the said Company open or break up any street or bridge, or any sewer, drain, or tunnel, without giving such notice as aforesaid, or in a manner different from that which shall have been approved of or determined as aforesaid, or without making such temporary or other works as aforesaid, when so required, except in the cases in which the said Company are hereby authorized to perform such works without any superintendence or notice; or if the said Company make any delay in completing any such work, or in filling in the ground or re-instating and making good the road or pavement, or the sewer, drain, or tunnel so opened or broken up, or in carrying away the rubbish occasioned thereby; or if they neglect to cause the place where such road or pavement has been broken up to be fenced, guarded, and lighted, or neglect to keep the road or pavement in repair for the space of three months next after the same shall have been made good, or such further time as aforesaid, they shall forfeit to the persons having the control or management of the street, bridge, sewer, drain, or tunnel, in respect of which such default is made, a sum not exceeding fifty rupees for every such offence, and they shall forfeit an additional sum not exceeding fifty rupees for each day during which any such delay as aforesaid shall continue after they shall have received notice thereof.

[In case of delay, other parties may re-instate, and recover the expenses. Expense how to be ascertained and recovered.]

VII. If any such delay or omission as aforesaid take place, the persons having the control or management of the street, bridge, sewer, drain, or tunnel, in respect of which such delay or omission shall take place, may cause the work so delayed or omitted to be executed; and the expense of executing the same shall be repaid to such persons by the said Company; and the amount of such expense shall, in case of any dispute about the same, be ascertained and recovered, in Calcutta and in any other Town or place subject to the jurisdiction of any of Her Majesty's Courts of Judicature, in the manner in which expenses are ascertained and recovered under Act XIV. of 1856, and in any Town or place not within the jurisdiction of any of Her Majesty's Courts, in the same manner as damages are recoverable under this Act.

[Power to enter buildings for ascertaining quantity of Gas consumed.]

VIII. The Clerk, Engineer, or other Officer duly appointed for the purpose by the said Company, may, at all reasonable times, enter any buildings or place lighted with Gas supplied by the said Company, in order to inspect the meters, fittings, and works for regulating the supply of Gas, and for the purpose of ascertaining the quantity of Gas consumed or supplied; and if any person

[রাস্তাপ্রভৃতি পুনস্থাপ করিয়া দেওনের বিলম্বের দণ্ড।]

৬ ধারা। উক্ত কোম্পানিকে যে২ স্থলে কোন তত্ত্বাবধারণ না হইয়াও কি সম্বাদ না দিয়াও যেইপ্রকারের কোন কর্ম্ম করিবার ক্ষমতা দেওয়া গিয়াছে সেই২ স্থলছাড়া, যদি উক্ত কোম্পানি পূর্ব্বোক্ত প্রকারের এত্তেলা না দিয়া, কিম্বা পূর্ব্বোক্তমতে যেপ্রকারে মঞ্জুর কি নির্ণয় হইয়াছে তদ্ভিন্ন অন্য প্রকারে, অথবা পূর্ব্বোক্তমতের কিঞ্চিৎকালীন কি অন্য প্রকার বিষয় করিবার হুকুম পাইলে তাহা না করিয়াও, কোন রাস্তা কি সাঁকো কিম্বা কোন নয়নজুলি কি নরদমা কি সুড়ঙ্গ খুঁড়িয়া কি ভাঙ্গিয়া ফেলেন, অথবা যদি উক্ত কোম্পানি সেই প্রকারের কোন কার্য্য সমাপ্ত করিতে কি মাটি ভরাট করিতে, কি সেই প্রকারের খুঁড়িয়া কি ভাঙ্গিয়া ফেলা পথ কি ইষ্টকাদি কি নয়নজুলি কি নরদমা কি সুড়ঙ্গ পুনরায় করিয়া দিতে ও সারিয়া দিতে, কিম্বা তাহাতে যে রাবিস জমে তাহা উঠাইয়া লইতে কিছু বিলম্ব করেন, অথবা ঐ পথ কি ইষ্টকাদি যে স্থানে ভাঙ্গা গিয়াছে সেই স্থানে যদি তাঁহারা বেড়া দিতে ও চৌকী রাখিতে ও আলো দেওয়াইতে ত্রুটি করেন, কিম্বা ঐ রাস্তা কি ইষ্টকাদি সারিয়া দিলে পর তিন মাসপর্য্যন্ত কিম্বা পূর্ব্বোক্তমতের অধিক কালপর্য্যন্ত যদি মেরামৎ করিয়া রাখিতে ত্রুটি করেন, তবে যে রাস্তা কি সাঁকো কি নয়নজুলি কি নরদমা কি সুড়ঙ্গর বিষয়ে সেই প্রকার ত্রুটি হয় তাহার উপর যে ব্যক্তিরদের তত্ত্ব কি কর্ত্তৃত্ব থাকে তাঁহারদিগকে ঐ কোম্পানি এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে ৫০৲ টাকাপর্য্যন্ত জরীমানা দিবেন, এবং তাহার এত্তেলা পাইলে পর যত কালপর্য্যন্ত সেইরূপ বিলম্ব হইয়া থাকে তত কাল তাঁহারা প্রতিদিন আরো ৫০৲ টাকাপর্য্যন্ত জরীমানা দিবেন ইতি।

[বিলম্ব হইলে অন্য ব্যক্তিরা ঐ রাস্তাইত্যাদি পুনরায় করিয়া দিতে পারিবেন ও তাহার খরচ ফিরিয়া পাইতে পারিবেন। খরচ যেরূপে নির্ণয় হইবেক ও ফিরিয়া পাওয়া যাইবেক।]

৭ ধারা। যদি সেই প্রকারের কোন বিলম্ব কি ত্রুটি হয়, তবে যে রাস্তা কি সাঁকো কি নয়নজুলি কি নরদমা কি সুড়ঙ্গের বিষয়ে সেই প্রকারের বিলম্ব কি ত্রুটি হইয়া থাকে, তাহার উপর যে ব্যক্তিরদের তত্ত্ব কি কর্ত্তৃত্ব থাকে তাঁহারা সেই প্রকার বিলম্বকরা কি সাঙ্গ না করা কর্ম্ম করাইয়া দিতে পারিবেন, এবং তাহা করিবার খরচ ঐ কোম্পানি ঐ ব্যক্তিদিগকে ফিরিয়া দিবেন, আরও যত খরচ লাগিয়াছে এই কথার উপর যদি কিছু বিবাদ হয় তবে কলিকাতা নগরে ও শ্রীশ্রীমতী মহারাণীর কোন আদালতের এলাকার অধীন অন্য কোন নগরে কি স্থানে ঐ খরচ ১৮৫৬ সালের ১৪ আইনমতে নির্দ্ধার্য্য হইয়া আদায় হইবেক। ও শ্রীশ্রীমতী মহারাণীর কোন আদালতের এলাকার মধ্যে নহে এমত কোন নগরে কি স্থানে, এই আইনমতে ক্ষতির প্রতিকার যে প্রকারে পাওয়া যাইতে পারে সেই প্রকারে ঐ খরচ নির্দ্ধার্য্য হইয়া আদায় হইবেক ইতি।

[যত গাস ব্যয় হয় তাহা নির্ণয় করিবার জন্য ঘরে প্রবেশ করিবার ক্ষমতা।]

৮ ধারা। উক্ত কোম্পানি যে গাস যোগাইয়া দেন তাহাতে আলোকরা কোন ঘরে কি স্থানে গাসপরিমাপক যন্ত্র ও সরঞ্জাম ও উপযুক্তমতে গাস যোগাইবার কল দেখিবার নিমিত্তে এবং যত গাস ব্যয় হয় কি যোগান যায় তাহা নির্ণয় করিবার নিমিত্তে উক্ত কোম্পানি যে কোন ক্লার্ককে কি ইঞ্জিনিয়রকে কি অন্য কার্য্যকারককে উপযুক্তমতে নিযুক্ত করেন, তিনি সেই অভিপ্রায়ে সেই ঘরে কি স্থানে উপযুক্ত কোন সময়ে প্রবেশ করিতে

hinder such Officer as aforesaid from entering and making such inspection as aforesaid at any reasonable time, he shall, for every such offence, forfeit to the said Company a sum not exceeding fifty rupees.

[Recovery of rents due for Gas.]

IX. If any person supplied with Gas, or any person to whom any meter or fitting shall have been let for hire by the said Company, neglect to pay the rent due for the same to the said Company, the said Company may stop the Gas from entering the premises of such person, by cutting off the service-pipes, or by such means as the said Company shall think fit, and recover the rent due from such person, together with the expenses of cutting off the Gas, by action in any Court of competent jurisdiction.

[Power to take away pipes when supply of Gas discontinued.]

X. In all cases in which the said Company are authorized to cut off and take away the supply of Gas from any house or building or premises under the provisions of this Act, the said Company, their agents or workmen, after giving twenty-four hours' previous notice to the occupier, may enter into any such house, building, or premises, between the hours of nine in the forenoon and four in the afternoon, and remove and carry away any pipe, meter, fittings, or other works, the property of the said Company.

[Meters not liable to distraint for rent, &c.]

XI. Any meter or fitting let for hire by the said Company shall not be subject to distress for rent or revenue, or any rate due upon the premises where the same may be used, nor be taken in execution under any process of a Court of law or equity, or any proceeding in Insolvency against the person in whose possession the same may be.

[Penalty for fraudulently using Gas.]

XII. Every person who shall lay, or cause to be laid, any pipe to communicate with any pipe belonging to the said Company, without their consent, or shall fraudulently injure any such meter as aforesaid, or who, in case the Gas supplied by the said Company is not ascertained by meter, shall use any burner other than such as has been provided or approved of by the said Company, or of larger dimensions than he has contracted to pay for, or shall keep the lights burning for a longer time than he has contracted to pay for, or shall otherwise improperly use or burn the Gas, or shall supply any other person with any part of the Gas supplied to him by the said Company, shall forfeit to the said Company the sum of fifty rupees for every such offence, and also the sum of twenty rupees for every day such pipe shall so remain, or such works or burner shall be so used, or such excess be so committed or

[*Government Gazette*, 10*th March*, 1857.]

পারিবেন। আর যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত প্রকারের কার্য্যকারককে উপযুক্ত কোন সময়ে প্রবেশ করিতে ও সেইপ্রকারের তদারক করিতে নিবারণ করেন, তবে সেই ব্যক্তি এইমত প্রত্যেক অপরাধের নিমিত্তে উক্ত কোম্পানিকে ৫০৲ টাকাপর্য্যন্ত জরীমানা দিবেন ইতি।

[গাসের জন্যে প্রাপ্য মূল্য আদায় করণ।]

৯ ধারা। যাঁহাকে গাস যোগান গিয়াছে কিম্বা যে কোন ব্যক্তিকে উক্ত কোম্পানি গাসপরিমাপক কোন যন্ত্র কি সরঞ্জাম ভাড়ার জন্যে দিয়া থাকেন, এমত কোন ব্যক্তি যদি তাহার পাওনা ভাড়া উক্ত কোম্পানিকে না দেন, তবে উক্ত কোম্পানি গাস যোগাইবার নল কাটিয়া, কিম্বা অন্য যে উপায় উচিত বোধ করেন সেই উপায় করিয়া, ঐ ব্যক্তির বাটীতে গাসের প্রবেশ করণ বন্দ করিতে পারিবেন, এবং উপযুক্ত ক্ষমতার কোন আদালতে নালিশ করিয়া ঐ ব্যক্তির নিকটে পাওনা ভাড়া ও নল বন্দ করিবার খরচ, তাঁহার স্থানে পাইতে পারিবেন ইতি।

[গাস যোগান বন্দ হইলে নল তুলিয়া লইবার ক্ষমতা।]

১০ ধারা। যে সকল স্থলে উক্ত কোম্পানি এই আইনের বিধানানুসারে কোন ঘরে কি ইমারতে কি বাটীতে গাস যোগান বন্দ ও রহিত করিতে ক্ষমতাপন্ন হন, সেই২ স্থলে উক্ত কোম্পানি কি তাঁহারদের কর্ম্মকারকেরা কি কারিগরেরা, ঐ ঘরপ্রভৃতির বাশেন্দাকে চব্বিশ ঘণ্টা থাকিতে সম্বাদ দিলে পর, পূর্ব্বাহ্ণের নয় ঘণ্টা অবধি অপরাহ্ণের চারি ঘণ্টাপর্য্যন্ত কোন সময়ে সেইরূপ কোন ঘরে কি ইমারতে কি বাটীতে প্রবেশ করিয়া, উক্ত কোম্পানির কোন নল কি পরিমাপক যন্ত্র কি সরঞ্জাম কি অন্য বিষয় স্থানান্তর করিয়া লইয়া যাইতে পারিবেন ইতি।

[খাজানাপ্রভৃতির নিমিত্তে ঐ যন্ত্র ক্রোক হইতে পারে না।]

১১ ধারা। গাসপরিমাপক যে কোন যন্ত্র কি সরঞ্জাম উক্ত কোম্পানি ভাড়া লইয়া দিয়া থাকিবেন তাহা খাজানার কি ভাড়ার নিমিত্তে কিম্বা তাহা যে বাটীতে ব্যবহার হয় তাহার উপর পাওনা কোন রেটের নিমিত্তে ক্রোক হইতে পারিবেক না, কিম্বা আইন কি একুটি পক্ষের আদালতের কোন পরওয়ানা জারীক্রমে লওয়া যাইতে পারিবেক না, কিম্বা সেই বিষয় যাঁহার দখলে থাকে তাঁহার নামে দেউলিয়ার কোন মোকদ্দমায় লওয়া যাইতে পারিবেক না ইতি।

[চাতুরীক্রমে গাস ব্যবহার করিবার দণ্ড।

১২ ধারা। যদি কোন ব্যক্তি, উক্ত কোম্পানির অনুমতি না পাইয়া, তাঁহারদের কোন নলের সঙ্গে যোগ করিবার নিমিত্তে কোন নল আপনি কি অন্যের দ্বারা বসান, অথবা পূর্ব্বোক্ত প্রকারের কোন পরিমাপক যন্ত্রের চাতুরীক্রমে ক্ষতি করেন, কিম্বা উক্ত কোম্পানি যে গাস যোগাইয়া দেন তাহা যদি পরিমাপক যন্ত্রের দ্বারা নির্ণয় না হয় তবে উক্ত কোম্পানি যে বর্ণর দেন কি মঞ্জুর করেন তদ্ভিন্ন যদি কোন ব্যক্তি অন্য বর্ণর ব্যবহার করেন, কিম্বা যাহার মূল্য দিবার করার করিয়াছেন তদপেক্ষা বড় পরিমাণের বর্ণর ব্যবহার করেন, কিম্বা যত কালের নিমিত্তে মূল্য দিবার করার করিয়াছেন তাহার অধিক কাল বাতি জ্বালাইয়া রাখেন, কিম্বা অন্যপ্রকারে ঐ গাস অনুপযুক্তমতে ব্যবহার করেন কি জ্বালান, কিম্বা উক্ত কোম্পানি তাঁহাকে যে গাস যোগাইয়া দেন তাহার কোন অংশ যদি অন্য কোন ব্যক্তিকে দেন, তবে এইমত প্রত্যেক অপরাধের নিমিত্তে ঐ ব্যক্তি উক্ত কোম্পানিকে ৫০৲ টাকা জরীমানা দিবেন। আর যত দিন ঐ নল সেই প্রকারে থাকে, কিম্বা ঐ যন্ত্রাদি কি বর্ণর ব্যবহার হয়, কি অতিরিক্ত গাস ব্যবহার হয় কি হইয়া থাকে কিম্বা

continued, or such supply furnished; and the said Company may take off the Gas from the house and premises of the person so offending, notwithstanding any contract which may have been previously entered into.

[Penalty for wilfully damaging pipes.]

XIII. Every person who shall wilfully remove, destroy, or damage any pipe, pillar, post, plug, lamp, or other work of the said Company for supplying Gas, or who shall wilfully extinguish any of the public lamps or lights, or waste or improperly use any of the Gas supplied by the said Company, shall, for each such offence, forfeit to the said Company any sum not exceeding fifty rupees, in addition to the amount of the damage done.

[Satisfaction for accidentally damaging pipes.]

XIV. Every person who shall carelessly or accidentally break, throw down, or damage any pipe, pillar, or lamp belonging to the said Company, or under their control, shall pay such sum of money by way of satisfaction to the said Company for the damage done, not exceeding fifty rupees, as any Magistrate shall think reasonable.

[Penalty for causing water to be corrupted. Daily penalty during the continuance of the offence.]

XV. If the said Company shall at any time cause or suffer to be brought, or to flow into any stream, reservoir, aqueduct, pond, or place for water, or into any drain communicating therewith, any washing or other substance produced in making or supplying Gas, or shall wilfully do any act connected with the making or supplying of Gas, whereby the water in any such stream, reservoir, aqueduct, pond, or place for water, shall be fouled, the said Company shall forfeit for every such offence a sum not exceeding one thousand rupees; and they shall forfeit an additional sum not exceeding five hundred rupees for each day during which such washing or other substance shall be brought or shall flow, or the act by which such water shall be fouled shall continue, after the expiration of twenty-four hours from the time when notice of the offence shall have been served on the said Company, by the person into whose water such washing or other substance shall be brought or shall flow, or whose water shall be fouled thereby; and such penalties shall be paid to such last-mentioned person.

[Daily penalty during escape of Gas after notice.]

XVI. Whenever any Gas shall escape from any pipe laid down or set up by or belonging to the said Company, they shall, immediately after receiving notice thereof in writing, prevent such Gas from escaping; and in case the said Company shall not, within twenty-four hours next after service of such notice, effectually prevent the Gas from escaping, and wholly remove the cause of

সেই প্রকারে অন্যকে দেওয়া যায়, এমত প্রতিদিনের নিমিত্তে ঐ ব্যক্তি আরো ২০৲ টাকা জরীমানা দিবেন। আর কোম্পানির সঙ্গে ঐ ব্যক্তির কোন করার পূর্ব্বে করা গেলেও, উক্ত কোম্পানি সেই অপরাধির ঘরে ও বাটীতে ঐ গাস বন্দ করিতে পারিবেন ইতি।

[জানিয়াশুনিয়া নলের ক্ষতি করিবার দণ্ড।]

১৩ ধারা। যদি কোন ব্যক্তি কোন নল কি থাম কি খুঁটি কি ঢুঁজী কি লাণ্টন কিম্বা গাস যোগাইবার নিমিত্তে উক্ত কোম্পানির অন্য বিষয় জানিয়াশুনিয়া স্থানান্তর কি নষ্ট কি ক্ষতি করেন, কিম্বা সরকারী কোন লাণ্টন কি বাতি জানিয়াশুনিয়া নিবাইয়া ফেলেন, কিম্বা উক্ত কোম্পানির যোগান কিছু গাস অপব্যয় করেন কি অনুপযুক্তমতে ব্যবহার করেন, তবে সেই ব্যক্তি যে ক্ষতি করা গিয়াছে তাহার মূল্যের অতিরিক্ত এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে উক্ত কোম্পানিকে ৫০৲ টাকাপর্য্যন্ত জরীমানা দিবেন ইতি।

[দৈবাৎ নলের ক্ষতি হইলে তাহার প্রতিকার।]

১৪ ধারা। যদি কোন ব্যক্তি অমনোযোগে কি দৈবঘটনায় উক্ত কোম্পানির কি তাঁহারদের তত্ত্বাধীন কোন নল কি থাম কি লাণ্টন ভাঙ্গেন কি ফেলিয়া দেন কি ক্ষতি করেন, তবে সেই ব্যক্তি কোন মাজিষ্ট্রেট সাহেব ঐ ক্ষতি পূরণের নিমিত্তে যত টাকা উচিত বোধ করেন, তত টাকা ঐ কোম্পানিকে দিবেন। কিন্তু তাহা ৫০৲ টাকার অধিক হইবেক না ইতি।

[জল নষ্ট করিবার দণ্ড। ঐ অপরাধ যত কাল হয় তত কাল প্রতিদিনের দণ্ড।]

১৫ ধারা। গাস প্রস্তুত করণের কি যোগাওনের কার্য্যেতে যে কিছু শিটা কি অন্য দ্রব্য থাকে তাহা যদি উক্ত কোম্পানি কোন সময়ে কোন জলস্রোতে কি জলাশয়ে কি পয়নালাতে কি পুষ্করিণীতে কিম্বা জল থাকিবার স্থানে কিম্বা তাহার সঙ্গে সংযুক্ত কোন নরদমাতে আনান কি চালান কিম্বা আনিতে কি পড়িতে দেন, কিম্বা যাহাতে সেই প্রকারের কোন জলস্রোতের কি জলাশয়ের কি পয়নালার কি পুষ্করিণীর কি জল থাকিবার কোন স্থানের জল ময়লা হয়, ঐ গাস প্রস্তুত করণ কি যোগাওনসম্পর্কীয় এমত কোন কার্য্য জানিয়াশুনিয়া করেন, তবে উক্ত কোম্পানি এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা দিবেন। তদ্ভিন্ন যে ব্যক্তির জলের মধ্যে ঐ শিটা কি অন্য দ্রব্য চালান যায় কি পড়ে, কিম্বা যে ব্যক্তির জল তাহাতে ময়লা হয়, সেই ব্যক্তি যে সময়ে উক্ত কোম্পানির উপর ঐ অপরাধের এত্তেলা জারী করেন সেই সময়াবধি ২৪ ঘণ্টা অতীত হইলে পর যত দিন ঐ শিটা কি অন্য দ্রব্য পূর্ব্বোক্তমতে চালান যাইতে কি পড়িতে থাকে কিম্বা যে ক্রিয়ার দ্বারা ঐ জল ময়লা হয় তাহা যত দিন হইতে থাকে তাহার প্রতিদিন ঐ কোম্পানি ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা দিবেন। আর যাঁহার জল ময়লা হয় তাঁহাকে ঐ জরীমানার টাকা দেওয়া যাইবেক ইতি।

[সম্বাদ পাইলে পর গাস বহির্গত হইতে থাকিলে তাহার প্রতিদিনের দণ্ড।]

১৬ ধারা। উক্ত কোম্পানির কি তাঁহারদের বসান কি স্থাপিত কোন নলে ছিদ্র হইলে যখন কিছু গাস নির্গত হয় তখন তাঁহারা সে কথার লিখিত সম্বাদ পাইলে পর অবিলম্বে ঐ গাসের নির্গমন রহিত করিবেন। আর যদি উক্ত কোম্পানি, সেই এত্তেলা জারী হইবার পর চব্বিশ ঘণ্টার মধ্যে, ঐ গাসের নির্গমন সফলরূপে রহিত না করেন, ও বাহিরের হেতু সম্পূর্ণরূপে রহিত না করেন, তবে ঐ এত্তেলা জারী হওনঅবধি চব্বিশ ঘণ্টা

complaint, they shall for every such offence forfeit the sum of fifty rupees for each day during which the Gas shall be suffered to escape, after the expiration of twenty-four hours from the service of such notice.

[Penalty if water be fouled by Gas.]

XVII. Whenever any water shall be fouled by the Gas of the said Company, they shall forfeit to the person whose water shall be so fouled, for every such offence a sum not exceeding two hundred rupees, and a further sum, not exceeding one hundred rupees for each day during which the offence shall continue, after the expiration of twenty-four hours from the service of notice of such offence.

[Power to examine Gas-pipes to ascertain cause of water being fouled.]

XVIII. For the purpose of ascertaining whether such water be fouled by the Gas of the said Company, the person to whom the water supposed to be fouled shall belong, may dig up the ground, and examine the pipes, conduits, and works of the said Company; provided that such person, before proceeding so to dig and examine, shall give twenty-four hours' notice in writing to the said Company of the time at which such digging and examination is intended to take place, and shall give the like notice to the persons having the control or management of the road, pavement, or place where such digging is to take place, and they shall be subject to the like obligation of re-instating the said road and pavement, and the same penalties for delay, or any nonfeasance or misfeasance therein, as are hereinbefore provided with respect to roads and pavements broken up by the said Company, for the purpose of laying their pipes.

[Expenses to abide result of examination.]

XIX. If upon any such examination, it appear that such water has been fouled by any Gas belonging to the said Company, the expenses of the digging, examination, and repair of the street or place disturbed in any such examination shall be paid by the said Company; but if upon such examination it appear that the water has not been fouled by the Gas of the said Company, the person causing such examination to be made shall pay all such expenses, and shall also make good to the said Company any injury which may be occasioned to their works by such examination.

[How expenses to be ascertained.

XX. The amount of the expenses of every such examination and repair, and of any injury done to the said Company, shall, in case of any dispute about the same, together with the costs of ascertaining and recovering the same, be ascertained and recovered in the manner prescribed for the ascertainment and recovery of expenses in Section VII. of this Act.

[Liability to indictments for nuisance.]

XXI. Nothing in this Act contained shall prevent the said Company from being liable to an

অতীত হইলে পর, যত দিন ঐ গাস নির্গত হইতে দেওয়া যায় তত দিনপ্রতি তাঁহারা সেই প্রত্যেক অপরাধের নিমিত্তে ৫০৲ টাকা জরীমানা দিবেন ইতি।

[গাসের দ্বারা জল নষ্ট হইলে তাহার দণ্ড।]

১৭ ধারা। যখন উক্ত কোম্পানির গাসের দ্বারা কিছু জল ময়লা হয়, তখন যাঁহার জল সেইপ্রকারে ময়লা হয় তাঁহাকে উক্ত কোম্পানি এমত প্রত্যেক অপরাধের নিমিত্তে ২০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা দিবেন, আর ঐ অপরাধের এত্তেলা জারী হওনঅবধি চব্বিশ ঘণ্টা অতীত হইলে পর ঐ অপরাধ যত দিন হইয়া থাকে তাহার প্রতিদিন তাঁহারা আর এক২ শত টাকাপর্য্যন্ত জরীমানা দিবেন ইতি।

[জল নষ্ট হইবার কারণ নিশ্চয় করিবার জন্যে গাস চলিবার নল দেখিবার ক্ষমতা।]

১৮ ধারা। ঐ জল উক্ত কোম্পানির গাসের দ্বারা ময়লা হইতেছে কি না ইহা নিশ্চয় করিবার জন্যে, যে জল ময়লা হইয়াছে বোধ হয় সেই জল যে ব্যক্তির হয় তিনি মাটি খুঁড়িয়া উক্ত কোম্পানির নল ও প্রণালী ও কার্য্য দেখিতে পারিবেন। পরন্তু সেইরূপে খুঁড়িয়া দেখিবার পূর্ব্বে, যে সময়ে তাহা খুঁড়িয়া দেখিবার মনস্থ করেন সেই সময়ের চব্বিশ ঘণ্টা থাকিতে তিনি উক্ত কোম্পানিকে লিখিয়া এত্তেলা দিবেন, আর যে স্থানে খুঁড়িবেন সেই স্থানের রাস্তা কি ইষ্টকাদি কি স্থানের উপর যে ব্যক্তিরদের তত্ত্ব ও কর্তৃত্ব থাকে তাঁহারদিগকেও সেইরূপ সম্বাদ দিবেন। আর উক্ত কোম্পানি আপনারদের নল বসাইবার জন্যে রাস্তা ও ইষ্টকাদি খুঁড়িয়া ফেলিলে তাঁহারদের বিষয়ে যেরূপে পূর্ব্বে আজ্ঞা হইয়াছে, সেইরূপে ঐ ব্যক্তিরাও সেই রাস্তা ও ইষ্টকাদি পুনরায় সারিয়া দিতে বদ্ধ হইবেন এবং সেই কর্ম্মের কিছু বিলম্বের কি ত্রুটির কি ক্ষতির জন্যে তাঁহারদের সেইরূপ দণ্ড হইবেক ইতি।

[তদারক করিবার ফলানুসারে খরচ দেওয়া যাইবেক।]

১৯ ধারা। যদি সেই প্রকার কোন তদারক হইলে এইরূপ দৃষ্ট হয় যে, সেই জল উক্ত কোম্পানির কোন গাসেতে ময়লা হইয়াছে, তবে উক্ত প্রকার তদারক করিবার নিমিত্তে যে২ রাস্তা কি স্থান খুঁড়িয়া ফেলা গিয়াছে, তাহা খুঁড়িবার ও তদারক করিবার ও মেরামৎ করিবার খরচ উক্ত কোম্পানির দিতে হইবেক। কিন্তু যদি সেইরূপ তদারক হইলে পর এমত দৃষ্ট হয় যে ঐ জল উক্ত কোম্পানির গাসেতে ময়লা হয় নাই, তবে যে ব্যক্তি ঐ তদারক করান তিনি সকল খরচ দিবেন আর সেই তদারক করিবার দ্বারা কোম্পানির সরঞ্জামের যে কিছু ক্ষতি হয় তাহারও প্রতিকার কোম্পানিকে দিবেন ইতি।

[খরচ যে প্রকারে নির্দ্ধার্য্য হইবেক।]

২০ ধারা। সেই প্রকারের তদারক ও মেরামৎ যতবার হয় ততবার তাহার খরচ ও উক্ত কোম্পানির কিছু ক্ষতি করা গেলে তাহা লইয়া যদি কিছু বিবাদ হয় তবে এই আইনের ৭ ধারাতে খরচ নির্দ্ধার্য্য ও আদায় করিবার যে বিধি করা গিয়াছে সেই বিধিমতে ঐ খরচ ও ক্ষতির টাকা ও তাহা নির্ণয় করিবার ও আদায় করিবার খরচ নির্দ্ধার্য্য ও আদায় করা যাইবেক ইতি।

[অনিষ্টের নালিশহইতে মুক্ত নহেন।]

২১ ধারা। গাস প্রস্তুত করণ কি যোগাওনপ্রযুক্ত উক্ত কোম্পানির নামে অনিষ্টের বাবৎ যে নালিশ কিম্বা

indictment for nuisance, or to any other legal proceedings to which they may be liable in consequence of making or supplying Gas.

[Copies of the original Deed of Association and of all Rules, &c. to be kept for inspection at the Office of the Company in Calcutta and in the Office of the Registrar of Joint Stock Companies or the Keeper of the Records of the Supreme Court at Fort William.]

XXII. A copy of the original Deed of Association of the said Company, and of every other instrument registered under the said "Joint Stock Companies' Act, 1856," as constituting the Regulations of the said Company, and a copy of every special resolution of a General Meeting whereby any change shall have been, or at any time shall be made in the Regulations of the said Company, shall be kept at the Office of the said Company in Calcutta, and shall there be open to the inspection of all persons during the usual hours of business of the said Office; and a copy of such original Deed of Association, and of every other such instrument, and of every special resolution as aforesaid, shall also be deposited by the said Company as soon as it can be done after the passing of this Act, or after the making of any such special resolution hereafter to be made, in the Office of the Registrar of Joint Stock Companies, or, if there be no such Officer, in the Office of the Keeper of the Records of the Supreme Court of Judicature at Fort William, and shall there be filed; and an examined copy of any such filed copy as aforesaid, certified by and under the hand of the Registrar of Joint Stock Companies, or of the Keeper of the Records of the said Supreme Court, shall be good and sufficient evidence of each such original Deed, instrument, or special resolution, in all actions, suits, and proceedings whatsoever, whether Civil or Criminal, to be had in any Court of Justice or before any Magistrate, or Revenue or other Officer, and whether acting judicially or in any proceeding preliminary to a judicial inquiry, throughout the Territories of the East India Company.

[Service of process.]

XXIII. All services of mesne or other process, and all notices whatsoever, which, by law or by the practice of any Court wherein the said Company shall sue or be sued, are required to be made, served, or given for any purpose whatsoever to the said Company, shall and may be made, served, and given, in addition to all ways and means by which the same may otherwise be legally made, served, and given, by leaving the same addressed to the Managing Agent of the said Company at the Office in Calcutta of the said Company.

[Recovery of penalties, &c.]

XXIV. All penalties and forfeitures imposed by this Act, and all damages and expenses the recovery of which is not specially provided for, may

আইনঘটিত অন্য যে কোন কার্য্য হইতে পারে, তাহা হইবার বাধা এই আইনের কোন কথাতে হইবেক না ইতি।

[সমাজের আসল পত্রের ও সকল বিধিপ্রভৃতির নকল দেখিবার জন্যে কলিকাতায় ঐ কোম্পানির আফিসে ও জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রার সাহেবের আফিসে কিম্বা ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টের রিকার্ড যিনি রাখেন তাঁহার আফিসে রাখা যাইবেক।]

২২ ধারা। উক্ত কোম্পানির আসল সমাজপত্রের এক কেতা নকল ও উক্ত কোম্পানির বিধি বলিয়া "১৮৫৬ সালের জাইণ্ট ষ্টক কোম্পানির উক্ত আইনমতে" রেজিষ্টরীকরা অন্য প্রত্যেক দলীলের নকল ও সাধারণ যে বৈঠকে উক্ত কোম্পানির বিধির কিছু পরিবর্ত্তন হইয়াছে কিম্বা কোন সময়ে হইয়া থাকিবেক সেই বৈঠক হইবার বিশেষ প্রত্যেক নির্দ্ধারণের এক কেতা নকল কলিকাতার উক্ত কোম্পানির আফিসে রাখা যাইবেক, ও উক্ত আফিসে রীতিমতে কর্ম্ম করিবার সকল সময়ে সকল লোক তাহা অবাধে দেখিতে পারিবেন। আরও ঐ আসল সমাজপত্রের ও তদ্রূপ অন্য প্রত্যেক দলীলের ও পূর্ব্বোক্ত প্রকারের বিশেষ প্রত্যেক নির্দ্ধারণের এক২ কেতা নকল, এই আইন জারী হইবার পরে কিম্বা তদ্রূপ কোন বিশেষ নির্দ্ধারণ ইহার পর যে সময়ে করা যায় তৎপরে যত শীঘ্র হয় তত শীঘ্র উক্ত কোম্পানি জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রার সাহেবের আফিসে দাখিল করিবেন। কিম্বা যদি সেইরূপ কোন কার্য্যকারক না থাকেন তবে ফোর্ট উলিয়ম রাজধানীর সুপ্রিম কোর্টের রিকার্ড যে সাহেব রাখেন তাঁহার আফিসে দাখিল করিবেন ও সেই স্থানে ফাইল করা যাইবেক। আর কোম্পানি বাহাদুরের তাবৎ দেশের মধ্যে দেওয়ানী কি ফৌজদারী যে কোন নালিশ কি মোকদ্দমা কি মোকদ্দমাঘটিত কার্য্য কোন আদালতে কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা রাজস্বসম্পর্কীয় কি অন্য কার্য্যকারকের সম্মুখে হয় তিনি সেই সময়ে বিচার করিয়া থাকুন কিম্বা বিচার করিবার অগ্রে কোন তদারকের কার্য্য করিয়া থাকুন সেই মোকদ্দমাপ্রভৃতিতে জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রার সাহেবের কিম্বা উক্ত সুপ্রিম কোর্টের রিকার্ড যিনি রাখেন তাঁহার দ্বারা ও তাঁহার দস্তখৎযুক্ত সর্টিফিকট সহিত পূর্ব্বোক্ত প্রকারের ফাইল করা কোন নকলের মোকাবিলাকরা এক নকল ঐ আসল পত্রের কি দলীলের কি বিশেষ নির্দ্ধারণের উত্তম ও প্রচুর প্রমাণ হইবেক ইতি।

[পরওয়ানা জারী।]

২৩ ধারা। আইনমতে কিম্বা যে কোন আদালতে উক্ত কোম্পানি নালিশ করেন কি তাঁহারদের নামে নালিশ হয় তাহার কোন দস্তুরমতে মোকদ্দমা উপস্থিত থাকিতে যে সকল পরওয়ানা কি অন্য যে পরওয়ানা ও যে সকল এত্তেলা যে কোন কারণে উক্ত কোম্পানির নামে করিতে কি জারী করিতে কি দিতে হয় তাহা আইনমতে অন্য যে কোন প্রকারে কি উপায়ে করা যাইতে ও জারী হইতে ও দেওয়া যাইতে পারিবেক তদ্ভিন্ন সেই পরওয়ানা ও এত্তেলাতে উক্ত কোম্পানির কর্ম্মকারি এজেণ্ট সাহেবের নামে শিরনামা লিখিয়া তাহা কলিকাতার উক্ত কোম্পানির আফিসে রাখিয়া করা যাইতে ও জারী হইতে ও দেওয়া যাইতে পারিবেক ইতি।

[জরীমানার টাকাপ্রভৃতি আদায় করণ।]

২৪ ধারা। এই আইনমতে যে সকল জরীমানার ও অর্থদণ্ডের আজ্ঞা হয় ও যে সকল ক্ষতি ও খরচ ফিরিয়া পাইবার বিধি বিশেষমতে না হইয়াছে তাহা মাজিষ্ট্রেট

be recovered by summary proceeding before a Magistrate.

[Levy by distress.]

XXV. All penalties, forfeitures, damages, and expenses adjudged due under this Act, if the amount be not otherwise paid, may be levied by distress and sale of the goods and chattels of the party liable to pay the same, and the overplus arising from such goods and chattels, after satisfying such amount and the expenses of the distress and sale, shall be returned on demand to the party whose goods shall have been distrained; or instead of proceeding by distress and sale, or in case of failure to realize by distress the whole or any part of any penalties, forfeitures, damages, or expenses imposed or incurred under the provisions of this Act, the person claiming such penalty, forfeiture, damage, or expenses may sue the person liable to pay the same in any Court of competent jurisdiction.

[No distress unlawful for want of form, &c.]

XXVI. No distress levied by virtue of this Act shall be deemed unlawful, nor shall any party making the same be deemed a trespasser, on account of any defect or want of form in the summons, conviction, warrant of distress, or other proceeding relating thereto, nor shall any such party be deemed a trespasser *ab initio* on account of any irregularity afterwards committed by him; but all persons aggrieved by such irregularity may recover full satisfaction for the special damage in any Court of competent jurisdiction.

[Interpretation.]

XXVII. The following words and expressions used in this Act shall have the meanings hereby assigned to them, unless there be something in the subject or context repugnant to such construction (that is to say)—

Words importing the singular number only shall include the plural number, and words importing the plural number only shall include also the singular number.

Words importing the masculine gender shall include females.

The word "person" shall include a corporation, whether aggregate or sole.

The word "street" shall include any square, court, or alley, highway, lane, road, thoroughfare, or public passage or place.

The word "Magistrate" shall include any Magistrate of Police and any Joint Magistrate or other person lawfully exercising the powers of Magistrate, acting at or for the place or district where the matter requiring the cognizance of any such Magistrate arises.

W. MORGAN,
Clerk of the Council.

[*Government Gazette*, 10*th March*, 1857.]

সাহেবের সম্মুখে সরাসরী মোকদ্দমাতে আদায় হইতে পারিবেক ইতি।

[ক্রোক করিয়া আদায় করণ।]

২৫ ধারা। যে সকল জরীমানা ও অর্থদণ্ড ও খেসারতের ও খরচের টাকা এই আইনমতে বিচারক্রমে দেনা হয় সেই টাকা যদি অন্যরূপে না দেওয়া যায় তবে যে জনের ঐ টাকা দেনা হয় তাহার মাল ও দ্রব্য ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে পারিবেক। আর ঐ মাল ও দ্রব্যের নীলাম হইয়া যে টাকা পাওয়া যায় তাহাহইতে ঐ জরীমানাপ্রভৃতির টাকা ও ক্রোক ও নীলামের খরচ দেওয়া গেলে পর যদি কিছু অবশিষ্ট থাকে তবে যাহার মাল ক্রোক হইয়াছে সেই লোক চাহিলে তাহাকে তাহা দেওয়া যাইবেক। অথবা যে ব্যক্তি ঐ জরীমানার কি অর্থদণ্ডের কি খেসারতের কি খরচার টাকার দাওয়া করেন তিনি ক্রোক ও নীলাম না করাইয়া, কিম্বা ক্রোক ও নীলাম হইলেও এই আইনের বিধানমতে জরীমানার কি অর্থদণ্ডের কি খেসারতের কি খরচার যে সকল টাকা দিবার আজ্ঞা হয় কি দেনা হয় তাহার সমুদয় কি কোন অংশ আদায় হইতে না পারিলে, ঐ টাকা যাহার দেনা হয় তাহার নামে উপযুক্ত ক্ষমতার কোন আদালতে নালিশ করিতে পারিবেন ইতি।

[নিয়মপ্রভৃতির ব্যতিক্রম হইলেও কোন ক্রোক বেআইনী হইবেক না।]

২৬ ধারা। সমনের কিম্বা দোষ সাব্যস্ত করণপত্রের কি ক্রোকী পরওয়ানার কিম্বা তৎসম্পর্কীয় অন্য কার্য্যের কোন ত্রুটি কি নিয়মের ব্যতিক্রম হওয়াপ্রযুক্ত, এই আইনের বিধানমতে যে ক্রোক করা যায় তাহা বেআইনী জ্ঞান হইবেক না। আর যে কোন ব্যক্তি তাহা করে সে দোষী জ্ঞান হইবেক না, আর সেইরূপ কোন ব্যক্তি পরে কোন অনিয়মিত কার্য্য করাপ্রযুক্ত প্রথমঅবধি দোষী জ্ঞান হইবেক না। কিন্তু যে সকল ব্যক্তি ঐ অনিয়মিত কার্য্যের দ্বারা ক্ষতিগ্রস্ত হন, তাঁহারা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কোন আদালতে ঐ বিশেষ ক্ষতির সম্পূর্ণ প্রতিকার পাইতে পারিবেন ইতি।

[অর্থ করণ।]

২৭ ধারা। এই আইনেতে নীচের লিখিত যে কথার ও শব্দের ব্যবহার হইয়াছে তাহার এই ধারাতে যেং অর্থ করা যায় সেইং অর্থ হইবেক, কিন্তু যদি বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপর কথার বিবেচনায় এং অর্থ অসঙ্গত হয় তবে তাহার ঐ অর্থ হইবেক না। বিশেষতঃ

এক বচনের শব্দেতে বহু বচনের শব্দও বুঝাইবেক ও বহুবচনের শব্দেতে এক বচনের শব্দও বুঝাইবেক।

পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীরাও গণ্য হইবেক।

"ব্যক্তিরা" এই শব্দেতে সংগৃহীত কি পৃথক্ং সামাজিক ব্যক্তিকেও বুঝাইবেক।

"রাস্তা" এই শব্দেতে কোন চক কি প্রাঙ্গণ কি বাড়িপথ কি রাজপথ কি গলী কি পথ কি দুই রাস্তার মধ্যপথি কি সর্ব্ব সাধারণের গমনাগমনের পথ কি স্থান বুঝাইবেক।

"মাজিষ্ট্রেট" এই শব্দেতে সেই প্রকার কোন মাজিষ্ট্রেটের বিচার্য্য ব্যাপার যে স্থানে উদয় হয় সেই স্থানে কি জিলাতে কিম্বা সেই স্থানের কি জিলার নিমিত্তে পোলীসের কোন মাজিষ্ট্রেট সাহেব ও কোন জাইণ্ট মাজিষ্ট্রেট কিম্বা আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্যকারক কোন ব্যক্তিও গণ্য হইবেন ইতি।

ডবলিউ মর্গান। কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

X

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 27th February, 1857.

Baboo Gungagobindo Surbadhicari, Moonsiff of Khundghose, Zillah East Burdwan, from the 10th to 16th Proximo.

Moonshee Ameeroodeen, Officiating Moonsiff of the 2d Town Division, Zillah Chittagong, for 6 days from the 10th Proximo.

The 7th March, 1857.

Baboo Gopalchunder Ghose, Moonsiff of Mahomedpore, Zillah East Burdwan, for the 10th and 11th instant.

A. W. Russell, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

১৮৫৭ সাল ২৭ ফেব্রুআরি।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের খণ্ডঘোষের মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাগোবিন্দ সর্ব্বাধিকারী আগামি মাসের ১০ তারিখঅবধি ১৬ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁ নগরের দ্বিতীয় খণ্ডের একটিং মুনসেফ শ্রীযুত মুনশী আমীরুদ্দীন আগামি মাসের ১০ তারিখঅবধি ৬ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৭ মার্চ।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মহম্মদপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ বর্ত্তমান মাসের ১০ ও ১১ তারিখের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ

১৮২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৯ জানুআরি।

শ্রীযুত কাপ্তান সি হলরয়ড সাহেব (Capt. C. Holroyd,) আসামের কমিসানর সাহেবের প্রথম শ্রেণীর প্রধান আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট টি লাম সাহেব (Lieut. T. Lamb,) আসামের কমিসানর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ৪ ফেব্রুআরি।

শ্রীযুত ই এফ রাডক্লিফ সাহেব (Mr. E. F. Radcliffe,) বাকরগঞ্জের কালেক্টরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২৯ জানুআরি।

বেহারের কালেক্টর শ্রীযুত আর এফ হজসন সাহেব (Mr. R. F. Hodgson,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে যাইবার আগে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৩ ফেব্রুআরি।

বীরভূমের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু পেয়ারীমোহন বাঁড়ুয্যা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে আগামি মাসের ১৩ ও ১৪ তারিখ দুই দিনের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পি ডেসা সাহেব (Mr. J. P. Dessa,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ১০ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

শাহাবাদের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত মৌলবী ইমদাদদ আলী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে এক মাস একুশ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ৬ ফেব্রুআরি।

ইহাতে সম্বাদ দেওয়া গেল।

১। মাতলার বন্দরে যে সকল জাহাজ যায় তাহার উপর বয়ার ও আলোর নিমিত্তে যে খরচ হয় তাহা কলিকাতার বন্দরে সেই পরিমাণের জাহাজে যত লাগে তাহার অর্দ্ধেক লাগিবেক।

২। মাতলার নদীতে যে সকল জাহাজ চালাইবার জন্যে গবর্ণমেণ্টের আড়কাটিকে লয় সেই আড়কাটির খরচও হুগলী নদীতে যত হয় তাহার অর্দ্ধেক লাগিবেক।

৩। জাহাজের এজেণ্ট ও মালিকেরা স্বেচ্ছামতে গবর্ণমেণ্টের আড়কাটিকে লইতে পারেন কিম্বা আপনারদের জাহাজ সমুদ্রে পঁহুছাইবার নিমিত্তে অন্য কোন নিয়ম করিতে পারেন।

৪। গবর্ণমেণ্টের বন্দরের ও আড়কাটির খরচ দেওয়া গিয়াছে এই মর্ম্মের এক সর্টিফিকট বন্দরের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব যাবৎ না দেন তাবৎ কাসিমের কর্ম্মকারক সাহেবেরা কোন জাহাজের বন্দর ছাড়িয়া যাইবার অনুমতিপত্র দিবেন না।

বন্দরের ও আড়কাটির খরচ উপরে যে হিসাবে ধরা গিয়াছে তাহা কেবল কিঞ্চিৎ কাল দেখিবার নিমিত্তে হইয়াছে পরে তাহার মতান্তর হইতে পারিবেক কিন্তু ছয় মাস থাকিতে সম্বাদ না দেওয়া গেলে মতান্তর হইবেক না।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

১৯৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৭ ফেব্রুআরি।

শ্রীযুত এচ ষ্টেনফোর্থ সাহেব (Mr. H. Stainforth,) বোর্ড রেবিনিউর মেম্বর হইবেন।

শ্রীযুত এ গ্রোট সাহেব (Mr. A. Grote,) নদীয়ার এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিসানর হইবেন।

শ্রীযুত ই টি ট্রেবর সাহেব (Mr. E. T. Trevor,) বোর্ড রেবিনিউর সেক্রেটারী হইবেন।

শ্রীযুত এফ এ লশিংটন সাহেব (Mr. F. A. Lushington,) চব্বিশপরগনার কলেক্টর ও নিমকের এজেণ্ট ও কলিকাতার কালেক্টর হইবেন।

শ্রীযুত ই এফ রাডক্লিফ সাহেব (Mr. E. F. Radcliffe,) বাকরগঞ্জের কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ ওয়াইট সাহেব (Mr. W. White,) গত মাসের ২৩ তারিখঅবধি চব্বিশপরগনার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসকের কর্ম্ম করিবেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.
SALT.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।
নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেন্ট গোলাশুক্তি বাবৎ লাগাদ ২৮ ফেব্রুআরি সন ১৮৫৭ সাল প্রত্যেক এজেন্সীর ও খালিখার গোলাজাতের।

এজেন্সীর নাম।		সন ১২৫৮ সাল মোতাবক ইংরাজী ১৮৫১। ৫২ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬। ৫৭ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।								
পাক্কা নেমক ঘাট রসুলপুর।		•	•	•	•	১,৬৮৫/	•	১,৬৮৫/
ঐ কৃষ্ণনগর।		•	•	•	•	৪,১৮৯/	•	৪ ১৮৯/
ঐ রামনগর।		•	•	•	৫,০৯৭/	৪,৫৫৯/	•	৯,৬৫৬/
ঐ উত্তর কালীনগর।		•	•	•	•	১,৮৯৮/	•	১,৮৯৮/
ঐ পুরী ঘাটা।		•	•	•	২৫,৬৪৮/	৭৮,৮৪২/	•	১,০৪,৪৯০/
	একুন।	•	• •	•	৩০,৭৪৫/	৯১,১৭৩/	•	১,২১,৯১৮/
তমলুক।								
পাক্কা নেমক ঘাট নারায়ণপুর।		•	•	•	•	৮,৪৭৪/৮৸/	•	৮,৪৭৪/৮৸/
	একুন।	•	•	•	•	৮,৪৭৪/৮৸/	•	৮,৪৭৪/৮৸/
২৪ পরগনা।								
পাক্কা নেমক ঘাট ধোলা।		•	•	•	•	৩,৫৭৫৷৫	•	৩,৫৭৫৷৫
ঐ বাগুণ্ডি।		•	•	•	•	৫,৬৪৪/৯	•	৫,৬৪৪/৯
	একুন।	•	•	•	•	৯,২১৯৸৪	•	৯,২১৯৸৪

এজেন্সীর নাম	সন ১২৫৮ সাল মোতাবক ইংরাজী ১৮৫১। ৫২ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সা	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬। ৫৭ সাল	মৌজুদ নমকের একুন।
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক বাগখালি ঘাট।	•	•	•	•	৯,০৬৮৷৷০	•	৯,০৬৮৷৷০
পাঙ্গা নেমক সদর ঘাট এজেন্সী।	•	•	•	•	১৪,৯৯১৸০	•	১৪,৯৯১৸০
ঐ আরাকিন।	•	•	•	•	•	৬৩,৮৩০৸৫	৬৩,৮৩০৸৫
একুন।	•	•	•	•	২৪,০৬০।০	৬৩,৮৩০৸৫	৮৭,৮৯১/৫
শালিখা							
পাঙ্গা নেমক কটক।	•	•	•	•	৬,৯৯৬/	•	৬,৯৯৬/
ঐ বালেশ্বর।	•	•	•	•	২,৫০,০০০/	•	২,৫০,০০০/
ঐ খোরদা।	•	•	•	৪,০৩৮/	৩৫,৪৮৬/	•	৩৯,৫২৪/
ঐ চিলকা।	•	•	•	৩,২৭৮/	২১,৫৫৭/	•	২৪,৮৩৫/
ঐ ২৪ পরগনা।	•	•	•	•	৪,৩২০/	•	৪,৩২০/
ঐ ঐ নারায়ণপুর।	২,০৩,৫৮৭৷৷০	•	•	•	•	•	২০,৩৫৮৭৷৷০
করকচ মান্দ্রাজ পরমিট।	•	•	•	২,৮৩,৬৫২/	৭,০৬,৪৮২/	•	৯,৯০,১৩৪/
ঐ চিলকা।	•	•	৮৬,২৬২/	১,৫০,৩৭০/	৯৮৩৫/	•	২,৪৬,৪৬৭/
একুন।	২,০৩,৫৮৭৷৷০	•	৮৬,২৬২/	৪.৪১,৩৩৮/	১০,৩৪,৬৭৬/	•	১৭,৬৫,৮৬৩৷৷০
আরাকিন।							
পাঙ্গা নেমক ঘাট কৈকফু।	•	•	•	•	১৮,৪২৪৷৷২	১০,২৬১৷৷০	২৮,৬৮৬/২
একুন।	•	•	•	•	১৮,৪২৪৷৷২	১০,২৬১৷৷০	২৮,৬৮৬/২
মোট একুন।	২,০৩,৫৮৭৷৷০	•	৮৬,২৬২/	৪,৭২,০৮৩/	১১,৮৬,০২৭৸৪৸/	৭৪,০৯২।৫	২০,২২,০৫২৷৯৸/

ই টি ট্রেবর। সেক্রেটারী।

[গবর্নমেন্ট গেজেট। ১৮৫৭। ১০ মার্চ।]

আফিমের ইশ্‌তিহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৭ সাল তারিখ ১৩ মার্চ শুক্রবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৫। ৫৬ সালের পয়দায়শী আফিমের তৃতীয় নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩৬৫৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২৫৪০
বানারসের পয়দায়শী আফিম	১১১৫
জুমলা সিন্দুক	৩৬৫৫

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮২৬ সালের ২৭ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৭ সালের ১৮ এবং ২৮ মার্চ এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিসরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সরেজেরর সাহেবের দস্তখতী ট্রেজুরি রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৭ সালের ১৮ মার্চ বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্মতের পূরা টাকার দরুন কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৭ সালের ২৮ মার্চ শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

তারিখ	বার		বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৭ সালের ১৩ আপ্রিল	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ১১ মে	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ১০ জুন	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ১০ জুলাই	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ১০ আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ৪ সেপ্টেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ৫ অক্টোবর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ১২ নবেম্বর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ৪ ডিসেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৫৯	১১৪১	৩৭০০
			২২৮৭৯	১০০৬১	৩২৯৪০

বমোজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৫৭ সাল তারিখ ২৬ ফেব্রুআরি।

ই লশিংটন। ছোট সেক্রেটারী।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণের অবগতার্থে প্রকাশ করা যাইতেছে যে নিম্নের লিখিত জিলা ও পরগনার ও অন্যং নক্সা সকল যাহা বেঙ্গাল গবর্ণমেণ্টের আদেশানুসারে সরকার বাহাদুরের ইংরাজ জরিপকারদিগের দ্বারা পয়মাশ হওত ছাপা হইয়া অত্র আফিসে প্রস্তুত আছে, তাহা বিক্রয় হইবেক, ঐ সকল নক্সা জমিদার, তালুকদার, ইজারদার, রাইয়ত এবং তাবৎ অন্যং ব্যক্তিদিগের অতি আবশ্যকীয় যেহেতুক এই সকল দ্বারা গ্রামের সরহদ্দ বন্দীর এবং অন্যং অনেক বিষয়ের আপত্তি ও বিরোধ ভঞ্জন হইতে পারিবেক। অতএব যাঁহারদিগের উক্ত নক্সা সকল আবশ্যক হইবেক তাঁহারা স্বীয়ং জিলার কালেক্টর সাহেবের সমীপে দরখাস্ত করিলে পাইবেন। অথবা কলিকাতার তাবৎ ইংরাজ কেতাব-ওয়ালাদিগের দোকানে তত্ত্ব করিলে পাইতে পারিবেন। যদিস্যাৎ উক্ত কোন স্থানে না পাওয়া যায়, তবে অত্র আ-ফিসে অর্থাৎ কলিকাতা পার্ক ষ্ট্রীট ৩৫ নং ভবনে ডেপুটী সরবিয়ার জানেরেল সাহেবের হুজুরে দরখাস্ত করিলে প্রাপ্ত হইবেন। কিন্তু অনেক জিলার অদ্যাপি জরিপ সম্পন্ন হয় নাই তজ্জন্য সেই সকল জিলার নক্সা প্রস্তুত হইতে বাকী আছে, তাহাও প্রস্তুতমতে ঐরূপে পাইতে পারিবেন। এবং তাবৎ রাজসম্পর্কীয় কর্ম্মচারিরা অর্থাৎ মুনছপ ও সদর আমীন, ও পুলিস ও আবকারী দারোগাগণ, ও পাটওয়ারি, ও গ্রামের ইং বিদ্যালয়ের অধ্যক্ষগণ এবং অন্যং তাবৎ রাজসম্পর্কীয় কর্ম্মচারিরা সরকারী প্রয়োজনজন্য উক্ত নক্সা স্বীয়ং জিলার কালেক্টর সাহেবের সমীপে সংবাদ করিলে বিনা মূল্যে প্রাপ্ত হইবেন

জিলার নক্সা।

যাহাতে গ্রাম নদ নদী ঝিল রাস্তা ইত্যাদি দৃশ্য হয়।

এস্কেল এক ইঞ্চ চারি মাইল বোঝায়।

জিলার নাম	প্রত্যেক নক্সার মূল্য			জিলার নাম	প্রত্যেক নক্সার মূল্য		
	টাকা	আ	পা		টাকা	আ	পা
পুরী … … … …	২	০	০	ত্রিহুট … … … …	২	০	০
পাটনা … … … …	২	০	০	পূরণিয়া … … …	২	০	০
বালেশ্বর … … …	২	০	০	মালদহ … … …	২	০	০
বেহার … … … …	২	০	০	২৪ পরগনা … …	২	০	০
কটক … … … …	২	০	০	বীরভূম … … …	২	০	০
সাহাবাদ … … …	২	০	০	শিবপুর (আসাম) … …	২	০	০
সারণ … … … …	২	০	০	উড়িষ্যা (কটক, বালেশ্বর এবং পুরী) …	৬	০	০
মেদিনীপুর এবং হিজিলি (একত্রিত)	২	০	০	দক্ষিণ বেহার (বেহার, পাটনা, এবং সাহাবাদ) … … …	৬	০	০
মোঙ্গের … … …	২	০	০	মুরশিদাবাদ … … …	২	০	০
চট্টগ্রাম … … …	২	০	০	নদীয়া … … … …	২	০	০
ভগলপুর … … …	২	০	০	পাবনা … … … …	২	০	০
হুগলী … … … …	২	০	০	মাইমনসিং এবং পাবনা (কিয়ৎ অংশ) … … …	২	০	০

জিলার সম্পূর্ণ অর্থাৎ বড় নক্সা।

যাহাতে পরগনা ও গ্রামের সীমাবন্দী ও বসতি, নদী, রাস্তা ঝিল ইত্যাদি দৃশ্য হয়।

এস্কেল এক ইঞ্চ এক মাইল বোঝায়।

জিলার নাম	প্রত্যেক নক্সার মূল্য			জিলার নাম	প্রত্যেক নক্সার মূল্য		
	টাকা	আ	পা		টাকা	আ	পা
বালেশ্বর … … …	৪	০	০	কাচার … … … …	২	০	০
কটক … … …	৭	০	০	হিজিলি … … …	৪	০	০
পুরী … … …	৪	০	০	২৪ পরগনা (আলীপুর ডিবিজন)	৪	০	০
সাহাবাদ … …	৮	০	০	বারাসৎ ডিবিজন …	৬	০	০
সারণ … … …	১৪	০	০				

গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১০ মার্চ।]

পরগনার নক্সা।

যাহাতে গ্রাম সকলের সীমাবন্দী এবং বসতি নদী ও খাল ও রাস্তাইত্যাদি দৃশ্য হয়।

এস্কেল এক ইঞ্চ এক মাইল বোঝায়।

প্রত্যেক জিলার নক্সার সংখ্যা	প্রত্যেক নক্সার মুল্য			প্রত্যেক জিলার নক্সার সংখ্যা	প্রত্যেক নক্সার মুল্য		
	টাকা	আ	পা		টাকা	আ	পা
জিলা ভগলপুর ১৭ পরগনা	১	০	০	জিলা কটক ৩ পরগনা	১	০	০
ঐ বীরভূম ১১ ঐ ...	১	০	০	ঐ মেদিনীপুর ৬ ঐ ...	১	০	০
ঐ মুরসূদাবাদ ১১ ঐ ...	১	০	০	ঐ পুরী ৭ ঐ ...	১	০	০
ঐ চট্টগ্রাম ১২ ঐ ..	১	০	০	ঐ ত্রিপুরা ৭ ঐ ..	১	০	০
ঐ হিজিলি ১৬ ঐ ...	১	০	০	ঐ মালদহ ৯ ঐ ...	১	০	০
ঐ তিরহুট ৩৩ ঐ .	১	০	০	দামনি কো অর্থাৎ রাজমহল পাহাড় এস্কেল এক ইঞ্চ দুই মাইল বোঝায়	২	০	০
ঐ মোঙ্গের ৩ ঐ ...	১	০	০				
ঐ নদীয়া ৪ ঐ ...	১	০	০				

বড় এস্কেলের নানান প্রকার নক্সা।

যে স্থানের নক্সা	প্রত্যেক নক্সার মুল্য			যে স্থানের নক্সা।	প্রত্যেক নক্সার মুল্য		
	টাকা	আ	পা		টাকা	আ	পা
শহর গয়া এবং সাহেব গঞ্জ	১	০	০	ছাউনি বারাকপুর (চানক) ...	১	০	০
ঐ পাটনা	৩	০	০	ঐ দমদমা	১	০	০
ঐ চট্টগ্রাম	২	০	০	যশর সিবিল ইষ্টেসন অর্থাৎ জজ কালেক্টর মেজিষ্ট্রেট এবং অন্য২ সিবিল কর্ম্মচারিদিগের যথায় কাছারি হয় ...	১	০	০
ঐ কটক	১	০	০				
ঐ পুরী	১	০	০				
				মোঙ্গেরের কেল্লা	১	০	০

H. L. THUILLIER, মেজর।
ডেপুটী সরবিয়ার জানেরেল।

কলিকাতা রেবিনিউ সরবিয়ার।
জানেরেল আফিস ইং সন ১৮৫৭ সাল।
তারিখ ১৬ জানুআরি।

INSOLVENT COURT.

যোত্রহীনের আদালত

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of FRANCIS BAILEY and others, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 7th day of March next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the first day of February, 1855, until the 31st day of January, 1857, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE,
Official Assignee.

Assignee's Office, 4th March, 1857.

যোত্রহীন ফ্রানসিস বেইলি সাহেব ও অন্যের বিষয়।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি মার্চ মাসের ৭ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৫ সালের ১ ফেব্রুআরি তারিখঅবধি ১৮৫৭ সালের জানুআরি মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

আসৈনি সাহেবের দপ্তরখানা। ১৮৫৭ সাল ৪ মার্চ।

জান কাক্রেন। সরকারী আসৈনি।

[*Government Gazette*, 10*th March*, 1857.]

NOTICE.

Notice is hereby given, that a sale of the undermentioned Gold Mohurs, Gold and Silver Jewellery, and other articles belonging to the Minor Rajah of Jellamootta, will be held at the Collector's Office at Midnapore, on Monday, the 6th April, 1857.

Parties purchasing, will be required to make a deposit of ¼th the amount of their bids immediately after the conclusion of the sale of each Lot. The deposit money to be forfeited in the event of the entire purchase-money not being paid in, and the lot cleared within 10 days from the date of sale; in which case the lot will be resold at the risk of the former purchaser.

N. B.—The above offers a good opportunity to speculators and others dealing in Gold and Silver articles.

DHURONYDHUR ROY, *Guardian to the Minor Rajah of Jellamootta.*

Midnapore, the 14th February, 1857.

List.

Old Gold Mohurs, including small Coins, in tale, ...	2,901	4	0	
Gold Ornaments, 168 items, in weight	905	12	0	Tolahs.
Silver Ditto, 357 Ditto, Ditto, ...	8,500	14	0	„
Pearls 162 in No.				
	M.	S.	C.	
Ivory in weight, ...	3	17	10	

2 Palkees of Ivory with Gold and Silver edges.

1 Haoda for Elephant with Silver edges.

7 Assas and 5 Sotas covered with Silver.

2 Ivory Stools.

1 Ivory Chair with gold edges.

ইশ্তিহার।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জলামুটার নাবালগ রাজার সোণার মোহর ও সোণা রুপার আভরণ প্রভৃতি অনেক দ্রব্য ১৮৫৭ সালের ৬ আপ্রিল তারিখ সোমবারে মেদিনীপুরের কালেক্টর সাহেবের কাছারীতে নীলাম হইবেক।

যাঁহারা খরীদার হন তাঁহারা যে মূল্য ডাকিয়াছেন তাহার সিকি ভাগ লাট বিক্রয় হইবার পরেই আমানৎ করিবেন। তাহার পর দশ দিনের মধ্যে যদি খরীদের সমুদয় টাকা না দেওয়া যায় ও সেই দ্রব্য স্থানান্তর না করা যায় তবে ঐ আমানতের টাকা জব্দ হইবেক আর লাট পুনরায় নীলাম করা যাইবেক তাহাতে কিছু ক্ষতি হইলে প্রথম খরীদারের উপর তাহার দায় থাকিবেক।

মন্তব্য। যাঁহারা সোণারুপার ক্রয় বিক্রয় করিয়া থাকেন তাঁহারা এই নীলামে অতি উত্তম২ দ্রব্য পাইতে পারিবেন।

ধরণীধর রায়;
জলামুটার নাবালগ রাজার রক্ষক।

মেদিনীপুর;
১৮৫৭। ১৪ ফেব্রুআরি।

ফর্দ্দ।

পুরাতন সোণার মোহর ও ক্ষুদ্র২ মুদ্রা সর্ব্বযুক্ত		২৯০১ ।০
সোণার আভরণ ১৬৮ প্রস্থ ওজন	তোলা	৯০৫৸
রুপার ঐ ৩৫৭ ঐ	ঐ	৮৫০০৸৶
মুক্তা ঐ ১৬২ টা।		
হস্তিদন্ত ওজন	মোন	৩।৭॥৶

হস্তিদন্তের ২ টা পালকী তাহার ধারে২ সোণা রুপার কর্ম্ম।

হস্তির এক হৌদা তাহার ধারে রুপার কর্ম্ম।

রুপাতে মোড়া ৭ আসা ও ৫ সোঁটা।

হস্তিদন্তের ২ খান পিঁড়ি।

হস্তিদন্তের ১ চৌকী তাহার ধারে সোণার কর্ম্ম।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের সরাসরী নিষ্পত্তিসমূহ বর্ণমালানুযায়ী লিখিত ইং ১৮৩৪ সাং ১৮৫৫ সাল।

এই গ্রন্থ ফিরিস্তিসমেত ৪২০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে উক্ত আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে তত্ত্ব করিলে পাওয়া যাইবেক মূল্য ৫৲ টাকা মাত্র।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের ১৮৫৪ সালের নিষ্পত্তিসমূহের খোলাসা।

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাষায় না থাকাতে সে অভাবের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র হালদারকর্ত্তৃক অনুবাদিত হইয়া ১৲ টাকা মূল্যে বিক্রয় হইতেছে সদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসর্স ব্রাউন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুক্ত বাবু পীতাম্বর পাইনের নিকট উক্ত অনুবাদকর্ত্তার নামোল্লেখে মূল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১০ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুক্ত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 17, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১৭ মার্চ

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 21ST FEBRUARY, 1857.

THE following Bill was read a second time in the Legislative Council on the 21st February, 1857, and was referred to a Select Committee who are to report thereon after the 25th of April next :—

A Bill to amend the Law regarding the provision of carriage and supplies for Troops and Travellers, and to punish unlawful impressment.

[Preamble.]

WHEREAS the habitual impressment by the Civil Power, under the Regulations in force in the Presidency of Fort William in Bengal, of carts, cattle, boats, boatmen and bearers, in order to facilitate the passage of troops through the Districts of that Presidency, is unnecessary and oppressive ; and whereas such impressment is always liable to abuse, and therefore should never be resorted to except on occasions of emergency, when it may be impossible even by the offer of more than the common rates of hire, to procure sufficient carriage in time to meet the emergency ; and whereas it is unnecessary to authorize travellers to require the assistance of Officers of Police in procuring means of transport, or supplies of provisions or of other articles during their journeys, and such assistance, when given, is oppressive, and liable to abuse : It is enacted as follows :—

[Laws repealed and modified.]

I. Sections II. and VIII., and Clause 7 Section IX. of Regulation XI. of 1806 of the Bengal Code are repealed. Sections III., IV., VI.,

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২১ ফেব্রুআরি।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ২১ ফেব্রুআরি তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি আপ্রিল মাসের ২৫ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

সিপাহীরদের ও পথিকেরদের জন্যে গাড়ি ও রসদ যোগাইবার বিধানের আইন সংশোধন করিবার ও গাড়িপ্রভৃতি বেআইনীমতে বেগার ধরিবার দণ্ড করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর নানা জিলার মধ্য দিয়া সিপাহীরদের অক্লেশে যাইবার নিমিত্তে ঐ রাজধানীর চলিত আইনমতে দেওয়ানীর কার্য্যকারকেরদের দ্বারা গাড়ি ও বলদাদি ও নৌকা ও দাঁড়িমাঝি ও বেহারাদিগকে নিত্য বেগার ধরা অনাবশ্যক ও তাহাতে উপদ্রব হয়। ও সেইরূপ বেগার ধরা সর্ব্বদা অন্যায়জনক হইতে পারে, অতএব নিতান্ত অত্যাবশ্যক না হইলে অর্থাৎ যখন সিপাহীরদের কুচ হওয়া অত্যাবশ্যক হয় ও নিরিখমতে যত ভাড়া দিতে হয় তাহার অধিক দিলেও উপযুক্ত সময়ে প্রচুর গাড়ি পাওয়া যাইতে পারে না এমন স্থলছাড়া বেগার ধরা উচিত নহে। আর যাঁহারা কোন এক স্থানহইতে অন্য স্থানে যাইতে উদ্যত হন তাঁহারদের পালকীপ্রভৃতি যানবাহন কিম্বা আহারীয় দ্রব্য কি অন্য কোন বস্তু যোগাইবার নিমিত্তে তাঁহারদিগকে পোলীসের কার্য্যকারকেরদের সাহায্য চাহিবার ক্ষমতা দেওয়া আবশ্যক নহে ও সেই সাহায্য দেওয়া গেলে তাহাতে উপদ্রব হয় ও অন্যায় হইতে পারে। এই২ কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে২ আইন রদ ও মতান্তর করা যায়।]

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮০৬ সালের ১১ আইনের ২ ও ৮ ধারা ও ৯ ধারার ৭ প্রকরণ রদ হইল। ও উক্ত আইনের ৩ ও ৪ ও ৬ ও ৭ ধারা ও উক্ত দেশের

and VII. of the said Regulation, and Regulation VI. of 1825, of the same Code are modified, and their operation restricted in the manner following.

[Collectors, Magistrates, &c., prohibited from impressing all means of transport, except as hereinafter provided.]

II. Except as hereinafter provided, all Collectors and Magistrates, and all Officers subordinate to them, are prohibited from impressing any carts, cattle, boats, boatmen, bearers, or any other means of transport whatsoever, for any purpose whatsoever; anything in Regulation XI. of 1806, or Regulation VI. of 1825 of the Bengal Code to the contrary notwithstanding

[Punishment for subordinate Revenue or Police Officers impressing means of transport or workmen, and for enforcing delivery of provisions, &c. to travellers.]

III. Whoever, being an Officer of Revenue or Police subordinate to a Collector or Magistrate, impresses or attempts to impress any cart, cattle, boat, boatman, bearer, cooly, or other means of transport contrary to the provisions of this Act, or otherwise without authority of law; or impresses or attempts to impress any workman, laborer, or cooly, without authority of law; or enforces or attempts to enforce the delivery of supplies of provisions or other articles to travellers or others, without authority of law—shall be liable to imprisonment, with or without hard labor, for a term not exceeding three months, and shall also be liable to fine. And the conviction of an offender under this Section shall not bar the right of any person, directly or indirectly injured by any such illegal act, to redress by Civil action.

[In cases of emergency, Military Officers in command of troops may, by an order, be authorized to require Collectors and Magistrates to aid in procuring carriage, supplies, &c. On receipt of requisition, Collectors and Magistrates how to act. Carriage and supplies not to be impressed and provided other than or in excess of the quantity and description authorized by the General Orders of Government.]

IV. It shall be lawful for the Governor General of India in Council, and for any Lieutenant-Governor, and for any Chief Civil Officer of any Province under the immediate jurisdiction of the Government of India, within their respective jurisdictions, by an order stating that a case of emergency has arisen, and that it is impossible, even by the offer of double the common rates of hire and prices, to obtain the carriage, and to arrange for the provision of supplies for the troops required to meet the emergency, to authorize any Military Officer commanding a body or detachment of troops to call upon the Collectors and the Magistrates of Districts or places from, through,

চলিত ১৮২৫ সালের ৬ আইন মতান্তর করা গেল ও তাহার কার্য্য নীচের লিখিত বিধিমতে চলিবেক ইতি।

[ইহার পরের বিধানমতে না হইলে গাড়িপ্রভৃতি বেগার ধরিতে কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতিকে নিষেধ হইল।]

২ ধারা। ইহার পরে যে বিধান হইয়াছে সেই বিধানমতে না হইলে, সকল কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেবকে ও তাঁহারদের অধীন সকল কর্ম্মকারককে নিষেধ হইতেছে যে তাঁহারা কোন প্রকারের কার্য্যের নিমিত্তে কোন গাড়ি কি বলদপ্রভৃতি কি নৌকা কি দাঁড়িমাঝি কি বেহারা কিম্বা অন্য কোন প্রকারের যানবাহন বেগার না ধরেন। বাঙ্গলা দেশের চলিত ১৮০৬ সালের ১১ আইনেতে কি ১৮২৫ সালের ৬ আইনেতে ইহার বিপরীত কোন কথা থাকিলেও ধরিবেন না ইতি।

[রাজস্বের কি পোলীসের অধীন কর্ম্মকারক গাড়িপ্রভৃতি কি মজুরকে বেগার ধরিলে ও পথিক লোকেরদের নিমিত্তে আহারীয় দ্রব্য জোর করিয়া লইলে তাহারদের দণ্ড।]

৩ ধারা। কালেক্টর কি মাজিষ্ট্রেট সাহেবের অধীন রাজস্বের কি পোলীসের কর্ম্মকারক হইয়া যে কেহ এই আইনের বিধানের বিপক্ষে কিম্বা আইনমতের শক্তিক্রমে না হইয়া অন্য প্রকারে কোন গাড়ি কি বলদাদি কি নৌকা কি দাঁড়িমাঝি কি বেহারা কি মুটিয়াপ্রভৃতি যানবাহন বেগার ধরে কি ধরিবার উদ্যোগ করে, কিম্বা আইনমতের শক্তি না পাইয়াও কোন মজুরকে কি মুটিয়াকে কি লোককে বেগার ধরে কি ধরিবার উদ্যোগ করে, কিম্বা আইনমতের শক্তি না পাইয়াও পথিক কি অন্য লোকেরদের নিমিত্তে কোন আহারীয় কি অন্য দ্রব্য জোর করিয়া যোগাইয়া দেয় কি দিবার উদ্যোগ করে সেই জন কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা তিন মাসপর্য্যন্ত কয়েদ হইবার যোগ্য হইবেক ও জরীমানার যোগ্য হইবেক। আর এই ধারামতে অপরাধির কোন দোষ সাব্যস্ত হইলেও সেই বেআইনী কার্য্যেতে যে ব্যক্তির সাক্ষাৎরূপে কি চক্রান্তে ক্ষতি হইয়াছে তাহার দেওয়ানী আদালতে প্রতিকার পাইবার স্বত্বের হানি হইবেক না ইতি।

[অত্যাবশ্যক স্থলে সিপাহীর অধ্যক্ষ সেনাপতি সাহেবেরা হুকুম পাইলে কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেবদিগকে গাড়ি রসদপ্রভৃতি যোগাইবার সাহায্য করিতে আদেশ করিতে পারিবেন। আদেশ পাইলে কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেবের যাহা কর্ত্তব্য। গবর্ণমেণ্টের সাধারণ হুকুমে যত ও যে প্রকারের গাড়ি ও রসদ যোগাইবার অনুমতি তাহার অন্যথায় কি অধিক হইবেক না।]

৪ ধারা। অত্যাবশ্যকের স্থল হইয়াছে ও নিরিখমতে গাড়ির ও রসদের ভাড়া ও দরের দ্বিগুণ দিতে চাহিলেও ঐ অত্যাবশ্যক অবস্থায় সিপাহীরদের জন্যে গাড়ি পাওয়া ও তাহারদের রসদের উপায় করা অসাধ্য হইয়াছে এই কথা লিখিয়া হজুরকৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ও কোন লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিজ অধীন কোন প্রদেশের দেওয়ানীর কোন প্রধান কার্য্যকারক সাহেব আপনং এলাকার মধ্যে সিপাহীরদের পল্টনের কি তাহার কোন ভাগের অধ্যক্ষ কোন সেনাপতি সাহেবকে এমত অনুমতি দিতে পারিবেন যে, সিপাহীরদের যে২ জিলা কি স্থানহইতে কি দিয়া কি কোট দিয়া যাইবার আজ্ঞা হয় তাহার কালেক্টর সাহেবদিগকে ও মাজিষ্ট্রেট সাহেবদিগকে স্থলপথে কি জলপথে যাইবার

or near to which such troops are ordered to march, to aid in procuring all necessary carriage whether by land or water, and supplies, and to facilitate the progress of the troops through his jurisdiction by the preparation of boats, or temporary bridges instead of boats, when necessary for crossing streams upon the line of march. Upon the receipt of such requisition made in accordance with such order, all Collectors so called upon shall proceed in the manner prescribed by Section III. Regulation XI. of 1806 of the Bengal Code; and all Magistrates so called upon shall proceed in the manner prescribed in Section VI. of the same Regulation; and thereupon the provisions of Sections III., IV., VI., and VII. of the same Regulation, and the provisions of Regulation VI. of 1825 of the aforesaid Code, shall apply to all Revenue and Police Officers, Land-holders, Farmers, Tehsildars, or others having the management of land, and to all other persons concerned, in the same manner as if this Act had not been passed. Provided that no carriage shall be impressed, and no provision of supplies shall be made under this Section, other than or in excess of the quantity and description of carriage and supplies now or hereafter to be authorized by the General Orders of Government, according to the number and description of the troops moving.

[Collectors and Magistrates may act in like manner as provided in the preceding Section, in cases of public disturbance, when troops are suddenly ordered to take the field and there is no time for applying for an order of Government.]

V. Whenever it is certified to any Collector or Magistrate as aforesaid, by a Commanding Officer as aforesaid, that a body or detachment of troops under such Officers command has been ordered suddenly to take the field, or to proceed to some place in order to preserve the peace of the country; and that it is impossible, even by the offer of double the common rates of hire and prices, to obtain the carriage, or to arrange for the provision of the supplies, or to make the preparations for facilitating the movement required to meet the emergency; and that there is not time to apply for the order described in Section IV. of this Act; such Collector or Magistrate shall proceed in the manner prescribed in the said Section, in order to the obtaining of carriage, or the provision of supplies, or the preparations for facilitating the march, or any or all of these objects, as the case may be: and thereupon the provisions aforesaid of the Regulations aforesaid shall apply in the same manner as is in Section IV. of this Act provided.

[Operation of certain provisions of Regulation XI. 1806 to cease, except in the cases provided for in the two preceding Sections.]

VI. Except in the cases provided for by Sections IV. and V. of this Act, the provisions of Sections III., IV., VI., and VII. of Regulation XI. of

আবশ্যক সকল গাড়ি নৌকাপ্রভৃতি ও রসদ আদায় করিবার কার্য্যে সাহায্য করিতে ও সিপাহীরদের কোন নদী পার হইতে হইলে নৌকা প্রস্তুত করিয়া কিম্বা নৌকার পরিবর্ত্তে কিঞ্চিৎ কালের সাঁকো প্রস্তুত করাইয়া তাঁহার এলাকার মধ্যে সিপাহীরদের অক্লেশে যাইবার সাহায্য করিতে আদেশ করেন। যে সকল কালেক্টর সাহেবকে সেই প্রকারের আদেশ করা যায় তাঁহারা সেই আদেশ পাইলে পর বাঙ্গলা দেশের চলিত ১৮০৬ সালের ১১ আইনের ৩ ধারার বিধিমতে কার্য্য করিবেন। আর সেই প্রকারে যে সকল মাজিষ্ট্রেট সাহেবকে আদেশ করা যায় তাঁহারা ঐ আইনের ৬ ধারার বিধিমতে কর্ম্ম করিবেন। তাহা হইলে ঐ আইনের ৩। ৪। ৬ ও ৭ ধারা ও বাঙ্গলা দেশের চলিত ১৮২৫ সালের ৬ আইনের বিধি এই আইন জারী না হইবার মতে রাজস্বের ও পোলীসের সকল কার্য্যকারকের উপর ও জমীদারেরদের ও ইজারদারেরদের ও তহসীলদারেরদের কি ভূমির সরবরাহকার অন্য লোকেরদের ও সেই কর্ম্মসম্পর্কীয় সকল লোকের উপর খাটিবেক। পরন্তু যে সিপাহীরা কুচ হয় তাহারদের সংখ্যা ও জাত্যাদি বুঝিয়া যত ও যে প্রকারের গাড়ি ও রসদ যোগাইয়া দিবার অনুমতি গবর্ণমেণ্টের সাধারণ হুকুমেতে হইয়াছে কি হয় তাহার অন্যথায় কি তাহার অধিক এই ধারামতে কোন গাড়ি বেগার ধরা যাইবেক না ও রসদ যোগান যাইবেক না ইতি।

[কোন রাজদ্রোহ ব্যাপার হইলে যখন সিপাহীরদের হঠাৎ রণস্থলে যাইতে হয় ও গবর্ণমেণ্টের হুকুম প্রার্থনা করিবার অবকাশ না থাকে তখন কালেক্টর ও মাজিষ্ট্রেট সাহেবেরা ৪ ধারার বিধিমতে কর্ম্ম করিতে পারিবেন।]

৫ ধারা। যদি কোন সময়ে পূর্ব্বোক্ত প্রকারের সেনাপতি সাহেব পূর্ব্বোক্ত কোন কালেক্টর কি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে এই কথা নিশ্চয় করিয়া লেখেন যে, তাঁহার আজ্ঞাধীন কোন পল্টনের কি পল্টনের কোন অংশের যুদ্ধস্থলে যাইতে কিম্বা দেশের শান্তিরক্ষা করিবার জন্যে কোন স্থানে যাইতে হঠাৎ আজ্ঞা হইয়াছে আর এই অত্যাবশ্যক অবস্থায় নিরিখমতে গাড়ির যত ভাড়া ও রসদের যে দর হয় তাহার দ্বিগুণ দিতে চাহিলেও গাড়ি পাওয়া কি আহারীয় দ্রব্য পাইবার উপায় করা কি সৈন্যেরদের গমনের প্রয়োজনমতে সকল বিষয় প্রস্তুত করা অসাধ্য, ও এই আইনের ৪ ধারামতে হুকুম প্রার্থনা করিবার অবকাশ নাই, তবে ঐ কালেক্টর কি মাজিষ্ট্রেট সাহেব গাড়ি পাইবার কি রসদ যোগাইবার জন্যে কিম্বা সিপাহীরদের অক্লেশে যাইবার নিমিত্তে বিষয় প্রস্তুত করিবার জন্যে, কিম্বা স্থল বিশেষে ইহার মধ্যে কোন কি সকল অভিপ্রায় সিদ্ধ করিবার জন্যে ঐ ধারার বিধিমতে কর্ম্ম করিবেন। আর এই আইনের ৪ ধারাতে যেমন বিধি হইয়াছে তেমনি পূর্ব্বোক্ত আইনের পূর্ব্বোক্ত বিধি সকল খাটিবেক ইতি।

[৪ ও ৫ ধারাতে যে স্থলের বিধি হইয়াছে সেই স্থলছাড়া ১৮০৬ সালের ১১ আইনের কতক বিধি রহিত হইবেক।]

৬ ধারা। এই আইনের ৪ ও ৫ ধারাতে যে স্থলের বিধি হইয়াছে সেই স্থলছাড়া পূর্ব্বোক্ত ১৮০৬ সালের ১১ আইনের ৩। ৪। ৬ ও ৭ ধারার বিধি ও ১৮২৫ সা-

1806, and of Regulation VI. of 1825 of the aforesaid Code, shall cease to have any force or effect.

[Rates of hire to be paid for carriage impressed or supplies provided under this Act.]

VII. When carriage is impressed, or supplies of provisions and other articles are provided in the manner authorized by Section IV. or Section V. of this Act, such carriage, provisions, and other articles shall be paid for by the Civil Officer concerned at double the common rates of hire and prices current at the time and place. And in the case of carriage, the carts, cattle, boats, boatmen, or bearers shall be paid for from the day on which they are impressed; and the pay shall be the same for days on which the carriage is stationary as for the days on which it is in motion. And where it is customary to charge back-hire, such back-hire also shall be charged at double the current rate of the time and place. Impressed land-carriage shall never, unless when it is unavoidable, be retained beyond the first halting place without the jurisdiction of the Civil Officer under whose authority it is impressed. Whenever land-carriage so impressed is retained, otherwise than by agreement, beyond the District in which it was impressed, a treble instead of a double rate of hire shall be paid for the time during which it may be so retained.

[Collector to settle amount of hire, &c. in cases of dispute, and to fix the greatest weight to be carried by each cart, &c. Extra rate of hire in cases of excess-load.]

VIII. In all cases of dispute, the Collector of the District shall settle the amount of hire and other sums due, according to the last preceding Section. And in regard to carriage of all descriptions, the Collector shall fix beforehand the greatest weight to be carried by each cart, boat, man, or beast employed; which shall in no case exceed the loads commonly so carried according to the means of conveyance. If this load is exceeded, notwithstanding the remonstrance of the party aggrieved, a day's extra rate of hire, according to the common rate of the time and place, shall be paid to the party so aggrieved, for every day on which the load was in excess, by the Civil Officer concerned.

[Collectors to depute proper Native Officers to accompany the troops through their Districts.]

IX. When a Collector issues an order under Section IV. or Section V. of this Act, he shall be held strictly responsible for the selection of a proper person as the creditable Native Officer whom he is required by Section III. Regulation XI. of 1806 to depute to accompany the troops through his jurisdiction. The Native Officer so deputed shall be paid in no case at a rate of less than one Rupee a day, commencing on the day of his first

সের ৬ আইনের বিধি বলবৎ ও ফলবৎ হইবেক না ইতি।

[এই আইনের বিধিমতে যে গাড়ি বেগার ধরা যায় কি রসদ যোগান যায় তাহার যে হিসাবে ভাড়াপ্রভৃতি দিতে হইবেক।]

৭ ধারা। যখন এই আইনের ৪ কি ৫ ধারার অনুমতিমতে গাড়ি বেগার ধরা যায় কি আহারীয় কি অন্য দ্রব্য যোগান যায় তখন তাহাতে দেওয়ানীর যে কার্য্যকারকের সম্পর্ক থাকে তিনি সেই সময়ের ও স্থানের নিরিখমতে যত ভাড়া ও দর দিতে হয় ঐ গাড়ির ও রসদের ও অন্য দ্রব্যের জন্যে তাহার দ্বিগুণ ভাড়া ও দর দিবেন। আর গাড়িপ্রভৃতি হইলে ঐ গাড়ি কি বলদ কি নৌকা কি দাঁড়িমাঝি কি বেহারাদিগকে যে দিনে বেগার ধরা যায় সেই দিনঅবধি তাহারদের ভাড়া দিতে হইবেক আর চলিবার সময়ে তাহারদের রোজ যত ভাড়া দেওয়া যায় কোন স্থানে থামিলেও রোজ তত্তই ভাড়া দিতে হইবেক। আর যে স্থানে ফিরৎ ভাড়া লইবার ব্যবহার চলে সেই স্থলে সেই সময়ের ও স্থানের নিরিখমতের দ্বিগুণ ফিরৎ ভাড়া দিতে হইবেক। যদি অগত্যা নিতান্ত না হয় তবে দেওয়ানীর যে কার্য্যকারকের আজ্ঞামতে গাড়ি বেগার ধরা যায় তাঁহার এলাকার বাহিরে থামিবার যে প্রথম স্থান হয় তাহার অধিক দূরে ঐ গাড়ি লইয়া যাইতে হইবেক না। যদি বেগার ধরা সেইরূপ গাড়ি যে জিলাতে বেগার ধরা গিয়াছিল তাহার ওদিগে করারের অন্যথায় লইয়া যাওয়া যায় তবে যত কালপর্য্যন্ত সেই গাড়ি সেই প্রকারে রাখা যায় তত কালের নিমিত্তে তাহার দ্বিগুণ ভাড়া না দিয়া তিনগুণ ভাড়া দিতে হইবেক ইতি।

[কিছু বিবাদ হইলে কালেক্টর সাহেব ভাড়াপ্রভৃতি নির্দ্ধার্য্য করিবেন আর এক২ গাড়িপ্রভৃতিতে অত্যধিক যত বোঝা লইতে হইবেক তাহা নির্ণয় করিবেন। তাহার অধিক বোঝা হইলে ভাড়ার অধিক হিসাব।]

৮ ধারা। যে কোন স্থলে বিবাদ হয় সেই স্থলে ভাড়ার হিসাব ও অন্য যে সকল টাকা দেনা হয় তাহা জিলার কালেক্টর সাহেব ৭ ধারামতে নির্দ্ধার্য্য করিবেন। আর সকল প্রকারের যানবাহনের উপলক্ষে এক২ গাড়িতে ও নৌকাতে ও এক২ মুটিয়া ও বলদাদি অত্যধিক যত বোঝা লইবেক তাহা কালেক্টর সাহেব পূর্ব্বে নির্ণয় করিবেন কিন্তু যে গাড়িপ্রভৃতিতে যত বোঝা নিয়ত লইয়া থাকে তাহার অধিক কোন স্থলে হইবেক না। আর যে লোক সেই বোঝাই দ্রব্য বহিয়া লয় সে নিষেধ করিলেও যদি তাহার অধিক বোঝা দেওয়া যায় তবে দেওয়ানীর যে কার্য্যকারক সাহেবের তাহাতে সম্পর্ক আছে তিনি সেই বোঝা যত দিন অধিক হইয়া থাকে তাহার এক২ দিন সেই স্থানের ও সময়ের নিরিখমতে যত ভাড়া দিতে হয় তাহার অধিক এক২ রোজের ভাড়া ঐ ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে দিবেন ইতি।

[কালেক্টর সাহেবেরদের জিলার মধ্যে সিপাহীরা যত কাল যায় তত কাল তাহারদের সঙ্গে থাকিবার নিমিত্তে কালেক্টর সাহেবেরা উপযুক্ত আমলাদিগকে পাঠাইবেন।]

৯ ধারা। যখন কালেক্টর সাহেব এই আইনের ৪ ধারা কি ৫ ধারামতে হুকুম করেন তখন সিপাহীরা তাঁহার এলাকার মধ্যে যত কাল যাইতে থাকে তত কাল তাহারদের সঙ্গে২ যাইতে বিশ্বাসযোগ্য যে আমলাকে ১৮০৬ সালের ১১ আইনের ৩ ধারামতে তাঁহার পাঠাইতে হয় উপযুক্ত এমত লোককে মনোনীত করিবার ঝুঁকী তাঁহার প্রতি দৃঢ়মতে থাকে জ্ঞান হইবেক। যে আমলাকে সেইপ্রকারে পাঠান যায় তাঁহার নিযুক্ত হইবার প্রথম দিবসঅবধি তাঁহার সেই কর্ম্মে বিদায় না হইবার

employment, and continuing to the time of his discharge, with such travelling allowance as may be authorized for Revenue Officers of his class. When more than one Regiment moves in a body, there shall be one such Officer deputed for each Regiment, or part of a Regiment so moving. It shall be a part of the duty of such Officer to make such payments as he may be authorized by the Collector to make; to take care that the loads fixed by the Collector are in no case exceeded; and to hear all complaints made by the men impressed for carriage, and to redress them, when well founded, if he can; or otherwise to report them to the Military Officer in charge of the baggage or to the Officer commanding the troops, and finally, if not then redressed, to the Collector.

কালপর্য্যন্ত তাঁহাকে রোজ এক টাকার হিসাবে বেতন দেওয়া যাইবেক, ও তাঁহার সমান শ্রেণীর রাজস্বের কর্ম্মকারকদিগকে যত পথখরচ দিবার অনুমতি হয় তত তাঁহাকেও দেওয়া যাইবেক। যখন একের অধিক পল্টন এক সঙ্গে যায় তখন সেইরূপে গমনশীল এক২ পল্টনের কি পল্টনের অংশের জন্যে তদ্রূপ এক২ আমলাকে পাঠাইতে হইবেক। সেই আমলার কর্ত্তব্যের মধ্যে এই২ কর্ম্ম। কালেক্টর সাহেব যে সকল টাকা দিতে তাঁহাকে আজ্ঞা করেন সেই সকল টাকা দিবেন। ও কালেক্টর সাহেব যত বোঝা নির্দ্ধারণ করেন তাহার অধিক কোন গাড়িপ্রভৃতির উপর না দেওয়া যায় এই বিষয় দেখিবেন। ও বোঝা বহিবার নিমিত্তে যে লোকদিগকে বেগার ধরা যায় তাহারা যে সকল নালিশ করে তাহা শুনিবেন ও যদি সেই নালিশ সমূলক হয় তবে তাহারদের প্রতিকার করিতে পারিলে করিবেন। না পারিলে যে সেনাপতি সাহেবেরা ঐ বোঝাই দ্রব্যের তদারক করিবার ভার রাখেন তাঁহার নিকটে কিম্বা সিপাহীরদের অধ্যক্ষ সেনাপতি সাহেবের নিকটে সেই কথার রিপোর্ট করিবেন, তাহাতেও প্রতিকার না হইলে শেষে কালেক্টর সাহেবের নিকটে রিপোর্ট করিবেন ইতি।

[Territorial scope of Act. Commencement of Act.]

X. This Act shall extend to all the Districts of the Presidency of Fort William in Bengal; and to all other Provinces under the administration of the Lieutenant-Governor of Agra, or the Lieutenant-Governor of Bengal; and to all Provinces under the immediate administration of the Governor General of India in Council; and this Act shall commence to have effect on and from the day of 1857.

W. MORGAN,
Clerk of the Council.

[এই আইন যেং স্থানে ও যে সময়াবধি চলিবেক।]

১০ ধারা। এই আইন বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর সকল জিলাতে চলিবেক ও আগ্রার শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের কি বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের কর্তৃত্বের অধীন অন্য সকল প্রদেশে চলিবেক ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের নিজ কর্তৃত্বের অধীন সকল দেশে চলিবেক। এই আইন ১৮৫৭ সালের অমুক মাসের অমুক তারিখঅবধি প্রবল হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

LEGISLATIVE COUNCIL.

THE 7TH MARCH, 1857.

THE following Bill was read a second time in the Legislative Council on the 28th February, 1857, and was referred to a Select Committee, who are to report thereon after the 11th of June next:—

A Bill to amend Act IX. of 1850.

[Preamble.]

WHEREAS it is expedient that the rate of diet money required to be deposited for the subsistence of a person imprisoned under a judgment of a Court of Small Causes, should be varied on due cause being shown; It is enacted as follows:—

[Power to make and alter orders as to amount of diet money to be deposited for persons imprisoned under Small Cause Court judgments.]

I. It shall be lawful for a Judge of a Court of Small Causes holden under Act IX. of 1850, on due cause being shown, to order that the diet money to be deposited for the subsistence of a prisoner taken in execution under a warrant of the Court shall be deposited after a rate of not less than one anna nor more than four annas for each day. Every such order may from time to time be revised and altered on due cause being shown.

[*Government Gazette, 17th March,* 1857.]

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ৭ মার্চ।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ২৮ ফেব্রুআরি তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি জুন মাসের ১১ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

১৮৫০ সালের ৯ আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারক্রমে যখন কোন লোক কয়েদ হয় তখন তাহার যে খোরাকী আমানৎ করিতে হইবেক তাহা উপযুক্ত কারণ দর্শান গেলে কম কি বেশী করা উচিত এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারক্রমে কয়েদ করা লোকেরদের খোরাকীর যত টাকা আমানৎ করিতে হয় তাহার হুকুম করিবার ও পরিবর্ত্ত করিবার ক্ষমতা।]

১ ধারা। ১৮৫০ সালের ৯ আইনমতে ক্ষুদ্র মোকদ্দমার যে আদালত বসেন তাহার কোন জজের এমত ক্ষমতা থাকিবেক যে আদালতের পরওয়ানা জারীক্রমে কোন ব্যক্তিকে কয়েদ করা গেলে যদি উপযুক্ত কারণ দর্শান যায় তবে তাহার খোরাকীর নিমিত্তে যত টাকা আমানৎ করিতে হইবেক তাহা প্রতিদিনের জন্যে এক আনার কম না হয় ও চারি আনার অধিক না হয় এমত হিসাবে আমানৎ করা যায় এই হুকুম করিতে পারিবেন। উপযুক্ত কারণ দর্শান গেলে সেই প্রকারের প্রত্যেক হুকুম সময়ে২ সংশোধিত ও পরিবর্ত্ত করা যাইতে পারিবেক ইতি।

[Construction.]

II. This Act shall be read with and taken as a part of Act IX. of 1850.

W. MORGAN,
Clerk of the Council.

[অর্থ ।]

২ ধারা। এই আইন ১৮৫০ সালের ৯ আইনের এক ভাগস্বরূপ পাঠ করা যাইবেক ও জ্ঞান হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 2.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ——— .

Dated Fort William, the 11th February, 1857.

Considerable inconvenience has been experienced by reason of the neglect on the part of Collectors and Commissioners of the rules contained in paras. 3 and 4 of the Circular No. 5 dated 2nd July, 1856. The former officers occasionally retain establishments after the expiration of the term for which they were originally sanctioned, without making any report; and the latter sanction the engagement or the retention of establishments in anticipation of the sanction of the Board. The consequence is, that liabilities are incurred on account of the Record Fund without the knowledge of the controlling authority.

2nd.—I am therefore directed to inform you, that henceforth Collectors and Commissioners will be held personally responsible for all expenses incurred through a neglect of the rules contained in the paragraphs of the Circular above referred to.

(Signed) E. T. TREVOR,
Secretary.

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

২ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১১ ফেব্রুআরি।

১৮৫৬ সালের ২ জুলাই তারিখের ৫ নম্বরের সরক্যুলর অর্ডরের ৩ ও ৪ দফাতে যে বিধি আছে তাহাতে কালেক্টর ও কমিস্যনর সাহেবেরদের মনোযোগ না থাকাতে অনেক ক্লেশ হইয়াছে। কালেক্টর সাহেবেরা যত কালের জন্যে আমলাদিগকে নিযুক্ত করিবার অনুমতি পান তাহার অধিক কাল, রিপোর্ট না করিয়াও, রাখেন। আর কমিস্যনর সাহেবেরা বোর্ডের সাহেবেরদের সম্মতি হইতে পারিবেক বলিয়া সেই আমলাদিগকে নিযুক্ত করিবার কিম্বা রাখিবার অনুমতি দিয়া থাকেন। ইহার ফল এই যে, এই সকল বিষয়ে যাঁহার তত্ত্বাবধারণের ভার আছে তাঁহার অজ্ঞাতসারে রিকার্ড ফণ্ডের বাবৎ টাকা দেনা হয়।

২। এই কারণে তোমাকে আদেশমতে জানাইতেছি যে, উক্ত সরক্যুলরের ঐ দুই দফার বিধিতে মনোযোগ না থাকাতে যত খরচ ইহার পরে হয় তাহার জন্যে কালেক্টর ও কমিস্যনর সাহেবেরা নিজে দায়ী জ্ঞান হইবেন।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

No. 5.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of ——— .

Dated Fort William, the 13th February, 1857.

You are requested to substitute the accompanying for Rule VIII. of the present Towjee Series.

(Signed) E. T. TREVOR,
Secretary.

VIII. Alterations of jumma must be immediately entered in Register No. 46, form of which is appended to this series, which should be kept in the Record Room, but of which a duplicate should be kept by the Head of the Account Department. In all cases in which the jummas of estates are re-adjusted by settlement, the former jumma will be replaced by that which may be fixed after summary or detailed settlement.

(Signed) E. T. TREVOR,
Secretary.

Board of Revenue,
Fort William, the 13th February, 1857.

৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১৩ ফেব্রুআরি।

তৌজীর বিধিশ্রেণীর ৮ বিধি উঠাইয়া তাহার স্থানে এই বিধি লেখ তোমাকে এই আদেশ হইতেছে।

ট্রেবর সেক্রেটারী।

৮। জমার পরিবর্ত্তন হইলে তাহা অগোণে ৪৬ নম্বরের রেজিষ্টরে লিখিতে হইবেক। তাহার পাঠ এই বিধিশ্রেণীর সঙ্গে দেওয়া যাইতেছে। তাহা মহাফেজ দফ্তরে রাখিতে হইবেক। কিন্তু তাহার ডুপ্লিকেট হিসাব দফ্তরের প্রধান আমলার রাখিতে হইবেক। যেং স্থলে মহালের জমা বন্দোবস্তের দ্বারা পুনশ্চ নির্দ্ধার্য্য হয় সেই সকল স্থলে সরাসরী কি বিস্তারিত বন্দোবস্তের যে জমা ধার্য্য হয় তাহা সাবেক জমার স্থানে হইবেক।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

বোর্ড রেবিনিউ।
ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১৩ ফেব্রুআরি।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৭। ২৭ মার্চ।]

No. 6.

MEMORANDUM.

It is requested that the additional Rules hereto annexed drawn up by the Superintendent and Remembrancer of Legal Affairs, and approved by the Board of Revenue, may be inserted between Rules 40 and 41 of the Civil Suit Series.

By order of the Board of Revenue, L. P.,

(Signed) E. T. Trevor,
Secretary.

Fort William, the 18th February, 1857.

40 A. Whenever two or more Officers of Government may be parties to the same suit, they shall ordinarily all be represented by the Government Pleader of the district in which the suit may be tried, unless special circumstances may render it expedient to appoint more than one vakeel, in which case the previous sanction of the Commissioner and of the Legal Remembrancer shall be deemed requisite.

40 B. In any case in which the Government Pleader may represent two or more Officers of Government, he shall be entitled to receive from Government only one regular fee, unless it may have been found necessary to adopt pleadings involving several lines of defence, or separate answers, the substance of which may have been different.

40 C. It shall be competent to the Legal Authorities to report, for the sanction of the Board of Revenue, through the Remembrancer, whenever, in consideration of the circumstances of any such case, and the degree of labor which has devolved upon the Government Pleader, they may deem it just to award him a higher remuneration than the single fee to which he would be entitled under the operation of the previous Rule.

40 D. Whenever an Officer, who is located in a district other than that in which the trial is held, may have employed the Government Pleader of his own district to prepare the written pleadings of any suit, to which one or more other Officers of Government are also parties, such Government Pleader shall receive an amount equal to one-half of the regular fee, in addition to the amount awarded to the Government Pleader who may have conducted the oral pleadings of such suit.

(Signed) E. T. Trevor,
Secretary.

৬ নম্বর।

স্মারক লিপি।

সরকারী মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্ট ও প্রযোজক সাহেব নীচের লিখিত নূতন কএক বিধি প্রস্তুত করিয়াছেন ও তাহাতে বোর্ড রেবিনিউর সাহেবেরা সম্মত হইয়াছেন। আদেশ করা গেল যে ঐ সকল বিধি দেওয়ানী মোকদ্দমার বিধিশ্রেণীর ৪০ ও ৪১ বিধির মধ্য স্থানে দেওয়া যায়।

বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর হুকুমক্রমে।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১৮ ফেব্রুআরি।

৪০ ক। যখন গবর্ণমেণ্টের দুই কি ততোধিক জন কার্য্যকারক একি মোকদ্দমার এক পক্ষ হন তখন ঐ মোকদ্দমার বিচার যে জিলাতে হইবেক সেই জিলার সরকারী উকীল সাধারণমতে তাঁহারদের সকলের পক্ষে ওকালতী করিবেন। কিন্তু যদি বিশেষ গতিকপ্রযুক্ত একের অধিক জন উকীলকে নিযুক্ত করা বিহিত হয় তবে কমিসানর সাহেবের ও সরকারী মোকদ্দমার প্রযোজক সাহেবের অনুমতি লওয়া আবশ্যক জ্ঞান হইবেক।

৪০ খ। যেকোন স্থলে সরকারী উকীল গবর্ণমেণ্টের দুই কি তাহার অধিক জন কার্য্যকারকের পক্ষে ওকালতী কর্ম্ম করেন সেই স্থলে গবর্ণমেণ্টহইতে তাঁহার নিয়মিত কেবল একি রসুম পাইবার স্বত্ব থাকিবেক। কিন্তু যাহাতে নানা প্রকারের জওয়াব থাকে, কিম্বা যাহার মর্ম্ম ভিন্ন২ প্রকারের ছিল এমত পৃথক্২ জওয়াব যাহাতে থাকে, এমত সওয়াল জওয়াব করা যদি আবশ্যক বোধ হইয়াছে তবে অধিক পাইতে পারিবেন।

৪০ গ। যখন তদ্রূপ কোন মোকদ্দমার ভাবগতিক বুঝিয়া ও সরকারী উকীলের যত পরিশ্রম করিতে হইয়াছে তাহা বুঝিয়া আইনসম্পর্কীয় কার্য্যকারক সাহেবেরা বোধ করেন যে সরকারী উকীল পূর্ব্বের বিধিমতে যে একহারা রসুম পাইবার স্বত্ব রাখেন তাহার অধিক মেহনতানা তাঁহাকে দেওয়া ন্যায্য হয়, তখন তাঁহারা বোর্ড রেবিনিউর সাহেবেরদের অনুমতি পাইবার জন্যে প্রযোজক সাহেবের দ্বারা তাহার রিপোর্ট করিবেন।

৪০ ঘ। সরকারী কার্য্যকারক যে জিলাতে নিযুক্ত আছেন তদ্ভিন্ন যদি অন্য জিলাতে মোকদ্দমার বিচার হয় আর তিনি আপন জিলার সরকারী উকীলকে যে মোকদ্দমার লিখিত সওয়াল জওয়াবের কাগজপত্র প্রস্তুত করিতে নিযুক্ত করিয়াছেন এমত কোন মোকদ্দমায় যদি সরকারের অন্য এক কি অধিক কার্য্যকারক এক পক্ষ হন তবে সরকারী যে উকীল ঐ মোকদ্দমার জোবানী সওয়াল জওয়াব করিয়াছেন তাঁহার যত রসুম পাইবার আজ্ঞা হয় প্রথমোক্ত সরকারী উকীল তাহার অধিক নিয়মিত রসুমের অর্দ্ধেকপর্য্যন্ত পাইবেন।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 2.

To the Magistrates in the Lower Provinces.

The Court, having occasionally had before them copies of the grounds of decision and orders entered in the last column of the form prescribed by their Circular letter No. 14, of the 9th February, 1855, written on several joined stamp papers of

সদর নিজামৎ আদালতের সরকুালর অর্ডর।

২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

সদর আদালতের ১৮৫৫ সালের ৯ ফেব্রুআরি তারিখের ১৪ নম্বরের পত্রেতে যে কৈফিয়তের পাঠ দেওয়া যায় তাহার শেষ ঘরেতে নিষ্পত্তির ও হুকুমের হেতুর নকল লেখা যায়। কিন্তু সেইরূপ যে নকল সদর আদালতে পাঠান যায় তাহা কখন২ অনেক ইষ্টাম্প কাগজ

extreme aggregate breadth, *e. g.* in one case 10 feet broad, (from left to right,) direct me to request that, whenever the matter to be entered in the said column is lengthy and copies of the same are made, the copies should be written on the usual stamp papers, but stitched together consecutively as copies of decrees of the civil courts.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 5th February, 1857.

যুড়িয়া অত্যন্ত চৌড়া করিয়া লেখা যাইতেছে। এক স্থলে বাম দিগহইতে দক্ষিণ দিক্‌পর্য্যন্ত তাহা ১০ ফুট চৌড়া ছিল। এই কারণে সদর আদালতের সাহেবেরা আদেশ করিতেছেন যে, উক্ত ঘরে যে কথা লিখিতে হয় তাহা যদি অত্যন্ত লম্বা ও তাহার নকল যদি করা যায় তবে সেই নকল রীতিমতের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক বটে কিন্তু যেমন দেওয়ানী আদালতের ডিক্রীর নকল লইয়া করা যায় তেমনি ঐ সকল ইষ্টাম্প কাগজ লম্বাভাবে সেলাই করিয়া দিতে হয়।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ৫ ফেব্রুআরি।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 13th March, 1857.

Syed Mahomed Hossein, to officiate as Moonsiff of Kaloopole, Zillah Jessore, during the absence on leave of the incumbent or until further orders.

LEAVE OF ABSENCE.

The 6th March, 1857.

The leave of absence from the 11th to the 25th ultimo, which was granted to the Moonsiff of Oosgaon, Zillah East Burdwan, under the Court's orders of the 13th idem, has been cancelled.

A. W. RUSSELL, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৩ মার্চ।

জিলা যশোহরের কালুপোলের মুনসেফ ছুটী লইয়াছেন তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত শ্রীযুক্ত সৈয়দ মহম্মদ হুসেন ঐ স্থানের মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৬ মার্চ।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের আউশগাঁয়ের মুনসেফ সদর আদালতের গত মাসের ১৩ তারিখের হুকুমমতে ঐ মাসের ১১ তারিখঅবধি ২৫ তারিখপর্য্যন্ত যে ছুটী পান তাহা রহিত হইয়াছে।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১১৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১০ ফেব্রুআরি।

শ্রীযুত মণ্ট্রেসর সাহেব (Mr. Montresor,) যাবৎ না পঁহুছেন তাবৎ ত্রিপুরার মাজিষ্ট্রেট শ্রীযুত এ অ বরক্রম্বি সাহেব (Mr. A. Abercrombie,) ঐ জিলার কালেক্টরের কর্ম্মও করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৬ ফেব্রুআরি।

সাঁওতাল পরগনার আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব (Mr. W. C. Taylor,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

২১৮ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৬ ফেব্রুআরি।

পাটনার কালেক্টর শ্রীযুত ই ই উডকক সাহেব (Mr. E. E. Woodcock,) রেলওয়ের জন্যে ভূমি পাইবার নিমিত্তে ১৮২৪ সালের ১ আইনের ৩ ধারার ২ প্রকরণের ও ১৮৫০ সালের ৪২ আইনের দ্বিতীয় ও তাহার পরের সকল ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা পাইয়াছেন।

১৮৫৭ সাল ৭ ফেব্রুআরি।

শ্রীযুত আর থোয়েটস সাহেব (Mr. R. Thwaytes,) বহরমপুর কালেজের প্রিন্সিপল হইবেন। কিন্তু অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত হুগলীর কালেজের প্রিন্সিপলের কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৫৭ সাল ১০ ফেব্রুআরি।

শ্রীযুত মৌলবী জাফর আলী কাজী চাটিগাঁয়ের ফওজদারকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত পাদরি সি ডবলিউ কসাক সাহেব (Reverend C. W. Cahusac,) ভাগলপুর ও মুঙ্গেরের ধর্ম্মোপদেশক হইবেন কিন্তু সেণ্ট পালনামক ভজনালয়ে ধর্ম্মোপদেশকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত পাদরি এচ এচ হারিংটন সাহেব (Reverend H. H. Harington,) কটকের ধর্ম্মোপদেশক হইবেন।

১৮৫৭ সাল ১১ ফেব্রুআরি।

শ্রীযুত পাদরি টি এ ফরমিঙ্গর সাহেব (Reverend T. A. Firminger,) হাবড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি লিমণ্ড সাহেব (Mr. C. Limond,) ঢাকা জিলার মধ্যে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত এল আর টটনহাম সাহেব (Mr. L. R. Tottenham,) চাটিগাঁয়ের মাজিষ্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৭ সাল ১৩ ফেব্রুআরি।

শ্রীযুত পাদরি সি ই হাডো সাহেব (Reverend C. E. Hadow,) চুঁচুড়ার ধর্ম্মোপদেশক হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৯ ফেব্রুআরি।

বর্দ্ধমানের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত টি হেষ্টিংস সাহেব (Mr. T. Hastings,) গবর্ণমেণ্টের সাহে-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৭ মার্চ।]

বেরা দেওয়ানীর কর্ম্ম পাইলে তাঁহারদের উপর যে বিধি খাটে সেই বিধিমতে নিয়মিত ছুটী লইয়া যাইবার আগে বর্ত্তমান মাসের ২০ তারিখঅবধি ছুটী পাইয়াছেন।

মরজে আসামের কমিসানর সাহেবের একটিং প্রধান আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনেন্ট টি লাম সাহেব (Lieutenant T. Lamb,) ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের গত ফেব্রুআরি মাসের ২২ তারিখের হুকুমমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২৪ তারিখঅবধি পঁচিশ দিনের ছুটী পাইয়াছেন

ত্রিহুতের অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত জে ওয়েষ্টন সাহেব (Mr. J. Weston,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন

১৮৫৭ সাল ১০ ফেব্রুআরি।

সেন্টপাল নামক ভজনালয়ের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এফ ডবলিউ বকস সাহেব (Rev. F. W. Vaux,) পল্টনের সাহেবেরা দেওয়ানীর কর্ম্ম পাইলে তাঁহারদের উপর যে বিধি খাটে সেই বিধিমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১১ ফেব্রুআরি।

আক্যাবে আরাকানের কমিসানর সাহেবের প্রধান আসিষ্টান্ট শ্রীযুত কাপ্তান জি ফেথফুল সাহেব (Capt. G. Faithfull,) আপনার কর্ম্মস্থানে পঁহুছিবার নিমিত্তে ১৮৫৬ সালের ২৭ জুন তারিখের ফিনান্সিয়ল বিজ্ঞাপনমতে গত নবেম্বর মাসের ১৮ তারিখঅবধি ডিসেম্বর মাসের ১০ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১২ ফেব্রুআরি।

বাগুণ্ডীর নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ সুইণ্ডেন সাহেব (Mr. W. W. Swinden,) আপন কর্ম্মের ভার বহস্তে রাখিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারামতে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

১৪৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৬ সাল ১০ ডিসেম্বর।

শ্রীযুত ডবলিউ এনসলি সাহেব (Mr. W. Ainslie,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ১১ ফেব্রুআরি।

শ্রীযুত পাদরি ডবলিউ ষ্টরক সাহেব (Reverend W. Sturrock,) খিদরপুরের ধর্ম্মোপদেশক হইবেন।

১৮৫৭ সাল ১৩ ফেব্রুআরি।

শ্রীযুত পাদরি আর ব্লাণ্ড সাহেব (Reverend R Bland,) গৌহাটির ধর্ম্মোপদেশক হইবেন।

১৮৫৭ সাল ১৪ ফেব্রুআরি।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কার মুরশিদাবাদে জামুরকান্দীর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়াছেন তাহার মধ্যে তিনি ডেপুটী কালেক্টরের ক্ষমতা ও মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিতে থাকিবেন।

১৮৫৭ সাল ১৮ ফেব্রুআরি।

শ্রীযুত ই জেনকিন্স সাহেব (Mr. E. Jenkins,) পুরণিয়ার কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত ত্রিহুতের ও সারণের অতিরিক্ত জজের কর্ম্ম করিতে থাকিবেন।

[*Government Gazette, 17th March, 1857.*]

শ্রীযুত এ পিগু সাহেব (Mr. A. Pigou,) মালদহের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত মুরশিদাবাদের সিবিল ও সেশন জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

উক্ত দুই নিয়োগ বর্ত্তমান মাসের ৮ তারিখঅবধি চলিবেক।

বোর্ড রেবিনিউর দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত ই এচ লশিংটন সাহেব (Mr. E. H. Lushington,) আপন কর্ম্মের অতিরিক্ত রাজধানীতে বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের দপ্তরখানার কর্ম্মের ভার পাইয়াছেন।

রেলরোড়ে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে আর বি রস সাহেব (Mr. J. R. B. Ross,) রাজস্বসম্পর্কীয় জরিপী কর্ম্মের দ্বিতীয় অর্থাৎ দক্ষিণ ভাগে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ১০ ফেব্রুআরি।

পাটনার সদর আমীন শ্রীযুত পণ্ডিত দাতারাম অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে বিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৩ ফেব্রুআরি।

শাহাবাদের পূর্ব্বকার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহেন্দ্রনাথ বসু গত আগষ্ট মাসের ৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৪ ফেব্রুআরি।

শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব মুরশিদাবাদ জিলাতে ভরতপুর ও গোকর্ণ ও গোবিন্দপুর অথবা সেরপুর থানা লইয়া নূতন এলাকাখণ্ড করিয়াছেন। তাহার সদর স্থান জামুরকান্দী তাহার নাম জামুরকান্দী এলাকাখণ্ড।

ই এচ লশিংটন।

রাজধানীতে বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী সাহেবের দপ্তরখানার ভারপ্রাপ্ত।

২৭০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৬ ফেব্রুআরি।

শ্রীযুত মেজর জে বটলর সাহেব (Major J. Butler,) আসামের ডেপুটী কমিসানরের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ২০ ফেব্রুআরি।

শ্রীযুত এ বি পামর সাহেব (Mr. A. V. Palmer,) নদীয়ার মাজিষ্ট্রেটের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ২৪ ফেব্রুআরি।

শ্রীযুত আর এল মাঙ্গলস সাহেব (Mr. R. L. Mangles,) পাটনার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব (Mr. W. V. G Tayler,) যশোহরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত জে এচ রেবনশা সাহেব (Mr. J. H. Ravenshaw,) ফরিদপুরে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৫৭ সাল ২৫ ফেব্রুআরি।

শ্রীযুত পাদরি আর বি বর্ণি সাহেব (Reverend R. B Burney,) সেন্টপাল নামক ভজনালয়ের ধর্ম্মোপদেশকের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৬ ফেব্রুআরি।

আসামের ডেপুটী কমিসানর শ্রীযুত মেজর এচ বেচ সাহেব (Major H. Vetch,) ইউরোপে যাইবার নিয়মিত ছুটী প্রার্থনা করিবার আগে সেনাপতি সাহেবেরা দেওয়ানীর কর্ম্ম পাইলে তাঁহারদের উপর যে বিধি খাটে সেই বিধিমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৭ ফেব্রুআরি।

বাঁকুড়ার সিবিল আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত জি এন চীক সাহেব (Mr. G. N. Cheek,) গত সেপ্টেম্বর মাসের ১১ তারিখে যে ছুটী পান তাহার অধিক সেনাপতি সাহেবেরা দেওয়ানীর কর্ম্ম পাইলে তাঁহারদের উপর যে বিধি খাটে সেই বিধিমতে এক মাস তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২০ ফেব্রুআরি।

নদীয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত এ জে এলিয়ট সাহেব (Mr. A. J. Elliot,) ছুটীর সংশোধিত বিধির ১২ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামনারায়ণ মযুমদার গত মাসের ১০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৪ ফেব্রুআরি।

ছিলটের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এ সি বার্ণার্ড সাহেব (Mr. A. C. Barnard,) ছুটীর সংশোধিত বিধির ১৪ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন

ময়মনসিংহের মাজিষ্ট্রেট শ্রীযুত সি ই লান্স সাহেব (Mr. C. E. Lance,) আপন কর্ম্মের ভার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এচ এস পর্টর সাহেবের (Mr. H. S. Porter,) হাতে অর্পণ করিয়া ছুটীর সংশোধিত বিধির ১২ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৫ ফেব্রুআরি।

আসিষ্টান্ট ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এফ ডবলিউ বক্স সাহেব (Reverend F. W. Vaux,) সেনাপতি সাহেবেরদের নিয়মিত ছুটীর ১৮৫৪ সালের ১৭ নবেম্বরের বিধির ১৩ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনেরো মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৬ ফেব্রুআরি।

ভাগলপুরের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পন্টেট সাহেব (Mr. J. Pontet,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৬ ফেব্রুআরি।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তাদার শ্রীযুত আর এল মাঙ্গলস সাহেব (Mr. R. L. Mangles,) আল্‌মা নামক কলের জাহাজে বর্ত্তমান মাসের ১৩ তারিখে রাজধানীতে পঁহুছিয়াছেন এমত রিপোর্ট করেন।

ই এচ লশিংটন।

রাজধানীতে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দপ্তরখানার ভারপ্রাপ্ত।

---

২৮৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৯ ফেব্রুআরি।

শ্রীযুত বাবু সাতকৌড়ী রায় ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন ও ঢাকা ও ময়মনসিংহ ও ফরিদপুর ও বাকরগঞ্জ ও ত্রিপুরা ও ছিলট জিলার মধ্যে ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনমতে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতা পাইয়া রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যের তৃতীয় অর্থাৎ পূর্ব্ব খণ্ডে নিযুক্ত হইয়াছেন

১৮৫৭ সাল ২৩ ফেব্রুআরি।

শ্রীযুত এস সি এমসবরি সাহেব (Mr. S. C. Amesbury,) দিনাজপুরের সিবিল আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত বাবু ব্রজনাথ কারফর্ম্মা পাবনার সব-আসিষ্টান্ট চিকিৎসক হইবেন।

১৮৫৭ সাল ২৭ ফেব্রুআরি।

শ্রীযুত ই গ্রে সাহেব (Mr. E. Grey,) কাঁটওয়া এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়াছেন ও নদীয়া ও বর্দ্ধমান ও বীরভূম জিলার মধ্যে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্ট মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্টের বিশেষ ক্ষমতা ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্ট আসিষ্টান্ট কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেব (Mr. J. A. Crawford,) হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইবেন।

শ্রীযুত পাদরি সি ডবলিউ কসাক সাহেব (Reverend C. W. Cahusac.) চানকের ধর্ম্মোপদেশকের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৯ ফেব্রুআরি।

মেডিকাল কালেজে ব্যবচ্ছেদ ও দ্রব্যতত্ত্ব বিদ্যার শিক্ষক শ্রীযুত এচ ওয়াকর সাহেব (Mr. H. Walker,) সেনাপতি সাহেবেরা দেওয়ানীর কর্ম্ম পাইলে তাঁহারদের উপর যে বিধি খাটে সেই বিধিমতে আগামি আপ্রিল মাসের ৫ তারিখঅবধি ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

মেডিকাল কালেজে অস্ত্রবিদ্যা শিক্ষক শ্রীযুত আর ওসাগনেসি সাহেব (Mr. R. O'Shaughnessy,) সেনাপতি সাহেবেরা দেওয়ানীর কর্ম্ম পাইলে তাঁহারদের উপর যে বিধি খাটে সেই বিধিমতে মার্চ মাসের ২৩ তারিখঅবধি আগামি আপ্রিল মাসের ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৭ ফেব্রুআরি।

চানকের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি সি জে কার্টলি সাহেব (Reverend C. J. Quartley,) সেনাপতি সাহেবেরদের নিয়মিত ছুটীর নূতন বিধির ১১ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে আঠার মাসের ছুটী পাইয়াছেন।

কলিকাতার শ্রীযুত লার্ড বিশপ সাহেব সেন্ট জেমস নামক ভজনালয়ের পাদরি শ্রীযুত ই কে মাডক সাহেবকে (Reverend E. K. Maddock,) এক মাসের যে অনুগ্রহের [illegible] দেন তাহা মঞ্জুর হইয়াছে।

ই এচ লশিংটন।

রাজধানীতে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দপ্তরখানার ভারপ্রাপ্ত।

---

২৯৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৫ ফেব্রুআরি।

ডাকাইতী নিবারণের কমিস্যনর সাহেবের অধীনে নিযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গুরুচরণ দাস পাব-

না ও ফরিদপুর জিলাতে মাজিস্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন

পাবনার সদর আমীন শ্রীযুক্ত বাবু কৈলাসচন্দ্র দে ঐ জিলাতে মাজিস্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

সরাজগঞ্জ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুক্ত ডবলিউ এল মাকেঞ্জি সাহেব (Mr. W. L. Mackenzie,) পাবনা ও বগুড়াতে মাজিস্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন

১৮৫৭ সাল ২৬ ফেব্রুআরি

গাজিপুরের মুনসেফ শ্রীযুক্ত বাবু গোপীনাথ বসু ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের মাজিস্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের নির্দ্দিষ্ট বিশেষ ক্ষমতা পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৭ ফেব্রুআরি।

শ্রীযুক্ত এ মনি সাহেব (Mr. A. Money,) বেহারের কালেক্টরের কর্ম্ম করিবেন।

চব্বিশপরগনার পণ্ডিত শ্রীযুক্ত মধুসূদন বাচস্পতি ঐ জিলাতে মাজিস্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

চব্বিশপরগনার ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুক্ত সৈয়দ আবদুল মজীদ ঐ জিলাতে মাজিস্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৯ ফেব্রুআরি।

পূরণিয়ার মাজিস্ট্রেট শ্রীযুক্ত জি এ পেপ্পর সাহেব (Mr. G. A. Pepper.) ছুটীর সংশোধিত বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনেরো মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৪ মার্চ।

বারাকপুর খণ্ড সরকারী ইমারৎআদির ওবরসিয়র শ্রীযুক্ত সারজণ্ট জে কে সাহেব (Sergt. J. Kaye,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দারজিলিঙ্গে যাইবার জন্যে বারো মাসের ছুটী পাইয়াছেন।

হিজলীর দক্ষিণ খণ্ডের বাঁধের আসিষ্টাণ্ট ওবরসিয়র শ্রীযুক্ত গৌরমোহন বশ গত সেপ্টেম্বর মাসের ১৬ তারিখে যে ছুটী পান তাহার অধিক চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

ই এচ লশিংটন।

রাজধানীতে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দপ্তরখানার ভারপ্রাপ্ত।

৩০৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৯ মার্চ।

শ্রীযুক্ত কাক্রেল সাহেবের (Mr. Cockerell's) না পঁহুছনপর্যন্ত ত্রিপুরার একটিং কালেক্টর শ্রীযুক্ত সি এফ মণ্ট্রেসর সাহেব (Mr. C. F. Montresor,) ঐ জিলার মাজিস্ট্রেটের কর্ম্মও করিবেন।

শ্রীযুক্ত মৌলবী মওয়াজম উদ্দীন বাকরগঞ্জের ফওজদারের কর্ম্ম করিবেন।

ভদরকের ডেপুটী মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু শ্রীনাথ ঘোষ বালেশ্বরের নিমকের এজেণ্ট সাহেবের আসিষ্টাণ্টও হইবেন।

১৮৫৭ সাল ১১ মার্চ।

ছিলটের লঘু অস্ত্রধারি পদাতিক পল্টনের আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুক্ত এস এম সরকোর সাহেব (Assistant Surgeon S. M. Shircore,) গত মাসের ১৯ তারিখঅবধি কাছাড়ে দেওয়ানীর কার্য্যকারকেরদের চিকিৎসকতা কর্ম্মের ভারও পাইয়াছেন।

১৮৫৭ সাল ১২ মার্চ।

শ্রীযুক্ত এচ ডি এচ ফর্গসন সাহেব (Mr. H. D. H Fergusson,) নদীয়ার এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিসানরের কর্ম্ম করিবেন।

শ্রীযুক্ত সি এফ মণ্ট্রেসর সাহেব (Mr. C. F. Montresor,) চব্বিশপরগনার মাজিস্ট্রেটর ও আলিপুরের জেলখানার সুপরিণ্টেণ্ডেণ্ডের কর্ম্ম করিবেন। শ্রীযুক্ত মণ্ট্রেসর সাহেব কলিকাতা নগরে মাজিস্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুক্ত ই সাণ্ডিস সাহেব (Mr. E. Sandys,) ত্রিপুরার কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুক্ত আর ও হেউড সাহেব (Mr. R. O. Heywood,) ছিলটের কালেক্টরের কর্ম্ম করিবেন।

ই এচ লশিংটন।

রাজধানীতে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দপ্তরখানার ভারপ্রাপ্ত।

৫১৪ নম্বর।

ফোর্ট উলিয়ম।

দেশীয় ডিপার্টমেণ্ট।

১৮৫৭ সাল ১৩ মার্চ।

বিজ্ঞাপন।

শ্রীযুক্ত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা হজুর কৌন্সেলে শ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুরকে এই কথা জানাইয়াছেন যে যাঁহারা নবকল্পিত কারিগরি প্রকাশ করেন তাঁহারদিগকে বিশেষ ক্ষমতা দান করণের আইন এই নামে খ্যাত ১৮৫৬ সালের ৬ আইনের আইনসিদ্ধতার কিছু সন্দেহ হইয়াছে ও ভারতবর্ষের গবর্ণমেণ্ট পাটেণ্ট না দেন এমত আদেশ করিয়াছেন। এইপ্রযুক্ত সকল লোকের জানিবার নিমিত্ত প্রকাশ হইতেছে যে যাঁহারা নবকল্পিত কারিগরি প্রকাশ করেন তাঁহারদের কর্ম্মের বিশেষ বর্ণনা দাখিল করিবার অনুমতির অন্য কোন হুকুম একণে দেওয়া যাইবেক না।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সিসিল বীডন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENTS.

সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

LOST

An unindorsed Bank of Bengal Sola Bill, No. 679, dated 24th December, 1856, for Co.'s Rs. 10,000 payable to me or order, payment of which has been stopt at the Bank. Whoever will bring the same at No. 8, Lyon's Range, will be rewarded by Ramdhone Ghose.

হারাণ গেল।

বাঙ্গাল বেঙ্কের ১০,০০০৲ টাকার বাবৎ ১৮৫৬ সালের ২৪ ডিসেম্বর তারিখের ৬৭৯ নম্বরের সোলার এক হুণ্ডী হারাণ গিয়াছে। ঐ টাকা আমাকে কিম্বা আমার হুকুমমতে দেয়া হয় কিন্তু তাহা ইণ্ডোর্স হয় নাই। ব্যাঙ্কে ঐ টাকা অন্য কাহাকে দিবার নিষেধ হইয়াছে। ঐ হুণ্ডী যে কোন ব্যক্তি লওন রেঞ্জের ৮ নম্বর বাড়ীতে আনেন তাঁহাকে শ্রী রামধন ঘোষ কিছু পুরস্কার দিবেন।

[Government Gazette, 17th March, 1857.]

NOTICE.

Notice is hereby given, that a sale of the undermentioned Gold Mohurs, Gold and Silver Jewellery, and other articles belonging to the Minor Rajah of Jellamootta, will be held at the Collector's Office at Midnapore, on Monday, the 6th April, 1857.

Parties purchasing, will be required to make a deposit of ¼th the amount of their bids immediately after the conclusion of the sale of each Lot. The deposit money to be forfeited in the event of the entire purchase-money not being paid in, and the lot cleared within 10 days from the date of sale; in which case the lot will be resold at the risk of the former purchaser.

N. B.—The above offers a good opportunity to speculators and others dealing in Gold and Silver articles.

DHURONYDHUR ROY, *Guardian to the Minor Rajah of Jellamootta.*

Midnapore, the 14th February, 1857.

List.

Old Gold Mohurs, including small Coins, in tale, ...	2,901	4	0	
Gold Ornaments, 168 items, in weight	905	12	0	Tolahs.
Silver Ditto, 357 Ditto, Ditto, ...	8,500	14	0	„
Pearls 162 in No.				
	M.	S.	C.	
Ivory in weight, ...	3	17	10	

2 Palkees of Ivory with Gold and Silver edges.

1 Haoda for Elephant with Silver edges.

7 Assas and 5 Sotas covered with Silver.

2 Ivory Stools.

1 Ivory Chair with gold edges.

ইশ্‌তিহার।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জলামুটার নাবালগ রাজার সোণার মোহর ও সোণা রুপার আভরণ প্রভৃতি অনেক দ্রব্য ১৮৫৭ সালের ৬ আপ্রিল তারিখ সোমবারে মেদিনীপুরের কালেক্টর সাহেবের কাছারিতে নীলাম হইবেক।

যাঁহারা খরীদার হন তাঁহারা যে মূল্য ডাকিয়াছেন তাহার সিকি ভাগ লাট বিক্রয় হইবার পরেই আমানৎ করিবেন। তাহার পর দশ দিনের মধ্যে যদি খরীদের সমুদয় টাকা না দেওয়া যায় ও সেই দ্রব্য স্থানান্তর না করা যায় তবে ঐ আমানতের টাকা জব্দ হইবেক আর লাট পুনরায় নীলাম করা যাইবেক তাহাতে কিছু ক্ষতি হইলে প্রথম খরীদারের উপর তাহার দায় থাকিবেক।

মন্তব্য। যাঁহারা সোণারুপার ক্রয় বিক্রয় করিয়া থাকেন তাঁহারা এই নীলামে অতি উত্তম২ দ্রব্য পাইতে পারিবেন।

ধরণীধর রায়।
জলামুটার নাবালগ রাজার রক্ষক।

মেদিনীপুর।
১৮৫৭। ১৪ ফেব্রুআরি।

ফর্দ।

পুরাতন সোণার মোহর ও ক্ষুদ্র২ মুদ্রা সমেত		২৯০১।০
সোণার আভরণ ১৬৮ প্রস্থ ওজন	তোলা	৯০৫৸
রুপার ঐ ৩৫৭ ঐ	ঐ	৮৫০০৸৶
মুক্তা ঐ ১৬২ টা।		
হস্তিদন্ত ওজন	মোন	৩।১৭॥৶

হস্তিদন্তের ২ টা পালকী তাহার ধারে২ সোণা রুপার কর্ম্ম।

হস্তির এক হৌদা তাহার ধারে রুপার কর্ম্ম।

রুপাতে মোড়া ৭ আসা ও ৫ সোঁটা।

হস্তিদন্তের ২ খান পিঁড়ি।

হস্তিদন্তের ১ চৌকী তাহার ধারে সোণার কর্ম্ম।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৭ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মার্শমন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 24, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২৪ মার্চ।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 10TH JANUARY, 1857.

THE following Bill was read a second time in the Legislative Council on the 3rd January, 1857, and was referred to a Select Committee, who are to report thereon after the 21st of April next:—

THE INDIAN PENAL CODE.

—

CHAPTER I.

[Preamble.]

WHEREAS it is expedient to provide a General Penal Code for the Territories in the possession and under the Government of the East India Company; It is enacted as follows:—

[Title of the Code.]

1. This Act shall be called THE INDIAN PENAL CODE, and shall take effect from the day of throughout the whole of the Territories for the time being in the possession and under the Government of the East India Company.

[Punishment of offences committed within the Indian Territories.]

2. Every person shall be liable to punishment under this Code for every act or omission contrary to the provisions thereof, of which he shall be guilty within the said Territories after the said day of*

* With reference to offences committed on the high seas, it is enacted by 18 and 19 Vic. c. 91. s. 21, as follows:—" If any person being a *British* subject charged with having committed any crime or offence on board any *British* ship on the high seas, or in any foreign Port or Harbour, or if any

আইনের মুসাবিদা

ব্যবস্থাপক কৌন্সোল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১০ জানুআরি।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ৩ জানুআরি তারিখে ব্যবস্থাপক কৌন্সোলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি আপ্রিল মাসের ২১ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।

১ অধ্যায়।

[হেতুবাদ।]

কোম্পানি বাহাদুরের অধিকৃত ও শাসিত দেশের জন্যে দণ্ডবিধির এক সাধারণ আইন করা উচিত। এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[আইনের নাম।]

১। এই আইন ভারতবর্ষের দণ্ডবিধির আইন নামে খ্যাত হইবেক। আর কোম্পানি বাহাদুরের অধিকারে ও শাসনে যে সময়ে যে দেশ থাকে সেই সমুদয় দেশে এই আইন অমুক সালের অমুক মাসের অমুক তারিখ-অবধি প্রবল হইবেক।

[ভারতবর্ষ দেশের মধ্যে যে অপরাধ করা যায় তাহার দণ্ড।]

২। অমুক সালের অমুক মাসের উক্ত তারিখের পর উক্ত দেশের মধ্যে যে কোন ব্যক্তি এই আইনের বিধান অমান্য করিয়া অকর্ত্তব্য কোন কর্ম্ম করে কিম্বা কর্ত্তব্য কোন কর্ম্ম না করে সেই ব্যক্তি এই আইনমতে দণ্ডের যোগ্য হইবেক।*

* সমুদ্রগত জাহাজপ্রভৃতিতে যে অপরাধ হয় তদ্বিষয়ে বিক্টোরিয়া মহারাণীর ১৮ ও ১৯ বৎসরের ৯১ অধ্যায়ের ২১ ধারাতে এই বিধান হইয়াছে। "সমুদ্রগত" কিম্বা বিদেশীয় কোন বন্দরে কি জাহাজের লঙ্গর করার স্থানে, কোন ব্রিটনীয় জাহাজে যদি ব্রিটনীয় কোন প্রজার নামে কোন অপরাধ কি দোষ করিবার অভি-

[Punishment of offences committed beyond, but which by law may be tried within the territories.]

3. Any person liable, by any law in force for the time being, to be tried within the said territories, for an offence committed beyond the limits thereof, shall be subject to punishment according to the provisions of this Code.*

[Punishment of offences committed by a servant of the East India Company within a foreign allied State.]

4. Every servant of the East India Company shall be subject to punishment under this Code, for every act or omission contrary to the provisions thereof, of which he shall be guilty within the dominions of any Prince or State in alliance with the East India Company whilst in such service and after the said day of

[Offences committed beyond the Indian Territories.]

5. Except as provided by Clauses 3 and 4 of this Chapter, no person shall be subject to punishment under this Code for any act or omission of which he shall be guilty beyond the limits of the said Territories.

[Certain laws not to be affected by this Act.]

6. Nothing in this Act is intended to repeal, vary, suspend, or affect any of the provisions of the Statute 3 and 4 W. IV., c. 85, or of any Act of Parliament passed after that Statute in any wise affecting the East India Company, or the said territories, or the inhabitants thereof; or any of the provisions of any Act for punishing mutiny and desertion of Officers and Soldiers, whether in the service of Her Majesty or of the East India Company, or of any Act for the Government of the Indian Navy, or of any special or local law.

CHAPTER II.

GENERAL EXPLANATIONS.

[Definitions in the Code to be understood subject to exceptions.]

1. Throughout this Code every definition of an

---

person, not being a *British* subject, charged with having committed any crime or offence on board any *British* ship on the high seas, is found within the jurisdiction of any Court of Justice in Her Majesty's Dominions, which would have had cognizance of such crime or offence if committed within the limits of its ordinary jurisdiction, such Court shall have jurisdiction to hear and try the case as if such crime or offence had been committed within such limits. Provided that nothing contained in this Section, shall be construed to alter or interfere with the Act of the 13th year of Her present Majesty, chap. 96."

* See 26 Geo. III. c. 57 s. 29--33 Geo. III. c. 52. s. 67.—Act No. 1. of 1849.

[ঐ দেশের বাহিরে করা গেলেও যে অপরাধের বিচার আইনমতে ঐ দেশের মধ্যে হইতে পারে তাহার দণ্ড।]

৩। উক্ত দেশের সীমার বাহিরে কোন লোক অপরাধ করিলে যদি তৎকালীন কোন আইনমতে উক্ত দেশের মধ্যে সেই লোকের বিচার হইতে পারে, তবে সেই লোক এই আইনের বিধানমতে দণ্ডের যোগ্য হইবেক।*

[কোম্পানি বাহাদুরের কোন কার্য্যকারক সন্ধিবদ্ধ বিদেশে অপরাধ করিলে তাহার দণ্ড।]

৪। কোম্পানি বাহাদুরের সঙ্গে সন্ধিবদ্ধ কোন রাজার রাজ্যের কি কোন বিদেশের মধ্যে যদি কোম্পানি বাহাদুরের কোন কার্য্যকারক সেইরূপ কার্য্যেতে থাকন কালে অমুক সালের অমুক মাসের উক্ত তারিখের পর এই আইনের বিধান অমান্য করিয়া অকর্ত্তব্য কোন কর্ম্ম করেন কি কর্ত্তব্য কোন কর্ম্ম না করেন তবে সেই ব্যক্তি এই আইনমতে দণ্ডের যোগ্য হইবেক।

[ভারতবর্ষের বাহিরে যে অপরাধ করা যায়।]

৫। কোন ব্যক্তি উক্ত দেশের সীমার বাহিরে অকর্ত্তব্য কোন কর্ম্ম করিবার কি কর্ত্তব্য কোন কর্ম্ম না করিবার দোষী হইলে সেই ব্যক্তি এই অধ্যায়ের ৩ ও ৪ প্রকরণের বিধানমতে না হইলে এই আইনমতে দণ্ডের যোগ্য হইবেক না।

[এই আইনেতে যে২ আইনের ক্ষতিবৃদ্ধি হইবেক না।]

৬। চতুর্থ উলিয়ম রাজার ৩ ও ৪ বৎসরের ৮৫ অধ্যায়ের কোন বিধান, কি সেই আইনের পরে অন্য যে কোন আক্ট পার্লিমেণ্ট জারী হইয়া কোম্পানি বাহাদুরের উপর কি উক্ত দেশের উপর কি তন্নিবাসিরদের উপর কোন প্রকারে খাটে তাহার বিধান, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কি কোম্পানি বাহাদুরের কর্ম্মে নিযুক্ত সেনাপতি সাহেবেরদের কি জমাদারেরদের কি সিপাহীরদের রাজবিদ্রোহিতা করণের ও পলায়নের দণ্ড করিবার কোন আইনের কোন বিধান, কিম্বা ভারতবর্ষের যুদ্ধজাহাজের কর্ত্তৃত্ব করিবার কোন আইনের, কিম্বা কোন বিশেষ আইনের কি বিশেষ স্থানের আইনের বিধান, রহিত কি পরিবর্ত্তন কি স্থগিত করা কি তাহার ক্ষতিবৃদ্ধি করা এই আইনের কোন কথার অভিপ্রায় নহে।

২ অধ্যায়।

সাধারণ ব্যাখ্যা।

[এই আইনেতে যে কথার যে অর্থ নির্ণয় হইয়াছে তাহা বর্জ্জিত কথা মানিয়া বুঝিতে হইবেক।]

১। এই আইনের সকল প্রকরণে কোন অপরাধের যে

যোগ্য হয়, কিম্বা ব্রিটনীয় প্রজা না হইয়া কোন লোকের নামে যদি সমুদ্রগত কোন ব্রিটনীয় জাহাজে কোন অপরাধ কি দোষ করিবার অভিযোগ হয়, ও তাহাকে শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের অন্তঃপাতি কোন আদালতের এলাকার মধ্যে পাওয়া যায়, ও সেই দোষ কি অপরাধ ঐ আদালতের নিয়মিত এলাকার সীমার মধ্যে হইলে যদি সেই আদালতে তাহা বিচার্য্য হইত, তবে সেই দোষ কি অপরাধ ঐ সীমার মধ্যে হইবার মতে ঐ আদালতের সেই মোকদ্দমা শুনিবার ও বিচার করিবার এলাকা থাকিবেক। কিন্তু ইহাতে বর্ত্তমানা শ্রীশ্রীমতী মহারাণীর ১৩ বৎসরের ৯৬ অধ্যায়ের আইনের পরিবর্ত্তন কি ক্ষতিবৃদ্ধি হয় এই ধারার কোন কথার এমত অর্থ করিতে হইবেক না।"

* তৃতীয় জর্জ রাজার ২৫ বৎসরের ৫৭ অধ্যায়ের ২৯ ধারা ও তৃতীয় জর্জ রাজার ৩৩ বৎসরের ৫২ অধ্যায়ের ৬৭ ধারা ও ১৮৪৯ সালের ১ আইন দেখ।

offence, every penal provision, and every illustration of every such definition or penal provision, shall be understood subject to the exceptions contained in the Chapter entitled "General Exceptions," though those exceptions are not repeated in such definition, penal provision, or illustration.

Illustrations.

(*a*) The Clauses in this Code, which contain definitions of offences, do not express that a child under seven years of age cannot commit such offences; but the definitions are to be understood subject to the general exception which provides that nothing shall be an offence which is done by a child under seven years of age.

(*b*) A, a Police Officer, without warrant, apprehends Z, who has committed murder. Here A is not guilty of the offence of wrongful confinement; for he was bound by law to apprehend Z: and therefore the case falls within Clause I. of Chapter IV., which provides that "nothing is an offence which is done by a person who is bound by law to do it."

[Expression once explained to be understood in the same sense throughout the Code.]

2. Every expression which is explained in any part of this Code, is used in every part of this Code in conformity with the explanation.

[Expression once defined to be understood throughout the Code as so defined.]

3. Every expression which is defined in any part of this Code, is used in every part of this Code in conformity with the definition and in no other sense.

[Gender.]

4. The pronoun "he" and its derivatives are used of any person, whether male or female.

[Number.]

5. Unless the contrary appears from the context, words importing the singular number include the plural number, and words importing the plural number include the singular number.

["Man."]

6 The word "man" denotes a male human being of any age: the word "woman" denotes a female human being of any age.

["Person."]

7. The word "person" includes any Company or Association, or body of persons, whether incorporated or not.

["Public."]

8. The word "public" includes any class of the public or any community.

Illustration.

An injury done to the villagers of a particular village is a public injury.

["Queen."]

9. The word "Queen" denotes the Sovereign for the time being of the United Kingdom of Great Britain and Ireland.

অর্থ নির্ণয় হইয়াছে ও দণ্ডের যে বিধান করা গিয়াছে ও সেইরূপ অর্থের কি দণ্ড বিধানের যে উদাহরণ দেওয়া গিয়াছে তাহা "সাধারণ বর্জ্জিত কথা" এই নামের অধ্যায়ের লিখিত বর্জ্জিত কথা মানিয়া বুঝিতে হইবেক। যদিও সেই অর্থের কথায় কি দণ্ড বিধানে কি উদাহরণে ঐ বর্জ্জিত কথার উল্লেখ না হয় তথাপি তাহা মানিতে হইবেক।

উদাহরণ।

(ক) এই আইনের যে২ প্রকরণে নানা অপরাধের অর্থ নির্ণয় হইয়াছে তাহাতে সাত বৎসরের কম বয়সের বালক সেইরূপ অপরাধ করিতে পারে না এই কথা লেখা নাই বটে। তথাপি সাধারণ বর্জ্জিত কথার মধ্যে এই বিধান আছে যে, "সাত বৎসরের কম বয়সের বালক যে কোন কর্ম্ম করে তাহা অপরাধ হইবেক না" এই কথা মানিয়া ঐ অপরাধের অর্থ বুঝিতে হইবেক।

(খ) যদু কোন লোককে খুন করিয়াছে তাহাতে কালু নামে পোলীসের এক জন আমলা পরওয়ানা না পাইয়া তাহাকে গ্রেপ্তার করে। এই স্থলে কালু অন্যায়রূপে কয়েদ করিবার দোষী হয় না কেননা যদুকে তাহার আইনমতে গ্রেপ্তার করিতেই হইল। আর ৪ অধ্যায়ের ১ প্রকরণে এই বিধান হইয়াছে যে, "আইনমতে কোন ব্যক্তির যে কর্ম্ম করিতেই হয় তাহা করাতে দোষ হয় না।"

[যে কথার একবার ব্যাখ্যা করা গেল সেই কথার এই আইনের সমস্ত প্রকরণে সেই ব্যাখ্যা বুঝিতে হইবেক।]

২। এই আইনের কোন স্থানে যে কথার যে ব্যাখ্যা করা গেল এই আইনের সকল স্থানে সেই কথা সেই ব্যাখ্যামতে প্রয়োগ হইয়াছে।

[যে কথার অর্থ একবার নির্ণয় করা গিয়াছে সেই কথার এই আইনের সমস্ত প্রকরণে সেই অর্থ বুঝিতে হইবেক।]

৩। এই আইনের কোন স্থানে যে কথার অর্থ নির্ণয় হইয়াছে এই আইনের সকল স্থানে সেই কথা কেবল সেই অর্থে প্রয়োগ হইয়াছে অন্য ভাবে নয়।

[লিঙ্গ।]

৪। "তিনি" "সে" এই২ সর্ব্বনাম ও অন্য বিভক্ত্যন্ত করা সেই সর্ব্বনাম পুরুষ ও স্ত্রী উভয়ের উপর খাটে।

[বচন।]

৫। এক বচনের শব্দেতে সেই শব্দের বহুবচনও বুঝা যায় ও বহুবচনের শব্দেতে সেই শব্দের এক বচনও বুঝা যায় কিন্তু তাহাতে পূর্ব্বাপর কথার সঙ্গে অর্থের অসঙ্গত না হয়।

[পুরুষ।]

৬। "পুরুষ" এই শব্দেতে কোন বয়সের পুরুষ মানুষকে বুঝায়। "স্ত্রী" এই শব্দেতে কোন বয়সের স্ত্রীলোককে বুঝায়।

["ব্যক্তি"]

৭। "ব্যক্তি" এই শব্দেতে চার্টরপ্রাপ্ত কি অপ্রাপ্ত কোন কোম্পানি কি সমাজ কি সামাজিক লোকেরও বুঝা যায়।

["সাধারণ।"]

৮। "সাধারণ" এই শব্দেতে সর্ব্ব সাধারণ লোকের কোন জাতিকে কি কোন শ্রেণীর লোককে বুঝা যায়।

উদাহরণ।

বিশেষ গ্রামের রাইয়তেরদের যে কিছু ক্ষতি করা যায় তাহা সাধারণের ক্ষতি হয়।

["মহারাণী।"]

৯। "মহারাণী" এই শব্দেতে গ্রেট ব্রিটন ও ঐর্লাণ্ড সংযুক্ত রাজ্যের যিনি যে সময়ে রাণী কি রাজা হন তাঁহাকে বুঝা যায়।

[" British India."]

10. The words "British India" denote the Territories in the possession and under the Government of the East India Company.

["Government of India."]

11. The words "Government of India" denote the Governor General of India in Council, or, during the absence of the Governor General of India from his Council, the President in Council, or the Governor General of India alone, as regards the powers which may be lawfully exercised by them or him respectively.

["Government."]

12. The word "Government" denotes the person or persons authorized by law to administer Executive Government.

["Presidency."]

13. The word "Presidency" denotes all the territories subject to the Government of a Presidency.

["Lieutenant-Governorship."]

14. The word "Lieutenant-Governorship" denotes all the territories subject to a Lieutenant-Governor.

["Judge."]

15. The word "Judge" denotes not only every person who is officially designated as a Judge, but also every person who is empowered by law to give, in any legal proceeding, civil or criminal, a definitive judgment, or a judgment which, if not appealed against, would be definitive, or a judgment which, if confirmed by some other authority, would be definitive, or who is one of a body of persons, which body of persons is empowered by law to give such a judgment.

Illustrations.

(a). A Collector exercising jurisdiction in a Summary Suit under Regulation VIII. of 1831 of the Bengal Code, is a Judge.

(b) A Magistrate exercising jurisdiction in respect of a charge on which he has power to sentence to fine or imprisonment, with or without appeal, is a Judge.

(c) A Member of a Punchayet which has power, under Regulation VII. of 1816 of the Madras Code, to try and determine suits, is a Judge.

(d) A Magistrate exercising jurisdiction in respect of a charge on which he has power only to commit for trial to another Court, is not a Judge.

["Court of Justice."]

16. The words "Court of Justice" denote a Judge who is empowered by law to act judicially alone, or a body of Judges which is empowered by law to act judicially as a body, when such Judge or body of Judges is acting judicially.

Illustration.

A Punchayet acting under Regulation VII. of

[ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ।]

১০। "ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষ" এই কথাতে কোম্পানি বাহাদুরের অধিকার ও শাসন করা দেশ বুঝায়।

["ভারতবর্ষের গবর্ণমেন্ট।"]

১১। "ভারতবর্ষের গবর্ণমেন্ট" এই কথাতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরকে, কিম্বা ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর আপন কৌন্সেলে উপস্থিত না থাকিলে হজুর কৌন্সেলের প্রেসীডেন্ট সাহেবকে, কিম্বা কেবল ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরকে, অর্থাৎ তিনি কি তাঁহারা আইনমতে যে২ ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন সেই২ ক্ষমতাসম্পর্কে তাঁহাকে বুঝায়।

["গবর্ণমেন্ট।"]

১২। "গবর্ণমেন্ট" এই শব্দেতে যিনি বা যাঁহারা কর্তৃত্ব কার্য্য নির্ব্বাহ করিতে আইনমতে ক্ষমতাপন্ন হন তাঁহাকে কি তাঁহারদিগকে বুঝায়।

["রাজধানী।"]

১৩। "রাজধানী" এই শব্দেতে রাজধানীর কর্তৃত্ব যত দেশের উপর থাকে সেই সমস্ত দেশ বুঝায়।

["লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের এলাকা।"]

১৪। "লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের এলাকা" এই কথাতে কোন লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের অধীন সমস্ত দেশ বুঝায়।

["জজ। বিচারকর্ত্তা।"]

১৫। "জজ বিচারকর্ত্তা" এই শব্দেতে যাঁহারদিগকে পদোপলক্ষে জজ নামে বলা যায় এমত প্রত্যেক ব্যক্তিকে বুঝায় ও তদতিরিক্ত যে ব্যক্তি দেওয়ানী কি ফৌজদারী কোন আইনঘটিত কার্য্যের চূড়ান্ত নিষ্পত্তি করিতে, কিম্বা যে নিষ্পত্তির উপর আপীল না হইলে চূড়ান্ত হইত তাহা করিতে, কিম্বা যে নিষ্পত্তি অন্য কার্য্যকারকের দ্বারা বহাল রাখা গেলে চূড়ান্ত হয় তাহা করিতে আইনমতে ক্ষমতাপন্ন হন তাঁহারদিগকে, কিম্বা যে বহু লোক সেইরূপ নিষ্পত্তি করিতে আইনমতে ক্ষমতাপন্ন হন সেই বহু লোকের মধ্যে যিনি এক জন হন তাঁহাকেও বুঝায়।

উদাহরণ।

(ক) কালেক্টর সাহেব যখন বাঙ্গলা দেশের চলিত ১৮৩১ সালের ৮ আইনমতে সরাসরী মোকদ্দমাতে বিচারকর্ত্তার ক্ষমতামতে কার্য্য করেন তখন তিনি জজ হন।

(খ) মাজিস্ট্রেট যে নালিশ হইলে জরীমানা কি কয়েদ করিবার ক্ষমতাপন্ন হন তাঁহার হুকুমের উপর আপীল হইতে পারিলে কি না পারিলেও তিনি সেই নালিশ লইয়া যখন বিচারকর্ত্তার কার্য্য করেন তখন জজ হন।

(গ) পঞ্চায়তের যে লোক মান্দ্রাজ দেশের চলিত ১৮১৬ সালের ৭ আইনমতে মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিতে পারেন তিনি জজ হন।

(ঘ) মাজিস্ট্রেট সাহেবের নিকটে নালিশ হইলে তিনি যদি ক্ষমতামতে কার্য্য করিয়া কেবল অন্য আদালতে বিচারার্থে সোপর্দ্দ করিতে পারেন তবে তিনি জজ নহেন।

["আদালত।"]

১৬। "আদালত" এই শব্দেতে যে জজ একলা বিচার করিতে আইনমতে ক্ষমতাপন্ন হন কিম্বা যে সকল জজ একত্রভাবে বিচার করিতে আইনমতে ক্ষমতাপন্ন হন সেই জজ কি সেই সকল জজ একত্রে যে সময়ে বিচার করিতেছেন সেই সময়ে তাঁহাকে কি তাঁহারদিগকে বুঝায়

উদাহরণ।

পঞ্চায়ত মোকদ্দমার বিচার ও নিষ্পত্তি করিবার ক্ষমতাপন্ন হইয়া যে সময়ে মান্দ্রাজ দেশের চলিত ১৮১৬

1816 of the Madras Code, having power to try and determine suits, is a Court of Justice.

["Public Servant."]

17. The words "public servant" denote a person falling under any of the descriptions hereinafter following, namely

First. Every covenanted servant of the East India Company;

Second. Every commissioned officer, Military or Naval, in the service of the East India Company;

Third. Every commissioned officer of the Queen's army, while serving under the Government of India;

Fourth. Every Judge;

Fifth. Every Officer of a Court of Justice whose duty it is, or who is specially authorized, as such officer, to investigate or report on any matter of law or fact, or to make, authenticate, or keep any document, or to take charge of any property, or to execute any judicial process, or to administer any oath, or to interpret, or to preserve order in the Court;

Sixth. Every Juryman, assessor, or member of a Punchayet assisting a Court of Justice;

Seventh. Every Arbitrator or other person to whom any cause or matter has been referred by any Court of Justice, or by any other competent public authority;

Eighth. Every person who holds any office by virtue of which he is empowered to place or keep any person in confinement;

Ninth. Every Officer of Government whose duty it is, as such officer, to prevent offences, to give information of offences, to bring offenders to justice, or to protect the public health, safety, or convenience;

Tenth. Every officer whose duty it is, as such officer, to take, receive, keep, or expend any property on behalf of Government, or to make any survey, assessment, or contract, on behalf of Government, or to execute any revenue process, or to investigate, or to report, on any matter affecting the pecuniary interests of Government, or to make, authenticate, or keep any document relating to the pecuniary interests of Government, or to prevent the infraction of any law for the protection of the pecuniary interests of Government; and every officer appointed by, or in the service or pay of Government;

Eleventh. Every officer whose duty it is, as such officer, to take, receive, keep, or expend any property, or to make any survey or assessment, or to levy any rate or tax for any secular common purpose of any village, town, or district, or to make, authenticate, or keep any document for the ascertaining of the rights of the people of any village, town, or district;

Illustration.

A Municipal Commissioner is a public servant.

Explanation 1. Persons falling under any of

সালের ৭ আইনমতে কর্ম্ম করিতেছেন সেই সময়ে আদালত হয়।

["সরকারী কার্য্যকারক।"]

১৭। "সরকারী কার্য্যকারক" এই কথাতে ইহার পরের লিখিত কোন প্রকারের লোককে বুঝায়। অর্থাৎ

প্রথম। কোম্পানি বাহাদুরের চিহ্নিত প্রত্যেক কার্য্যকারককে।

দ্বিতীয়। কোম্পানি বাহাদুরের কর্ম্মে নিযুক্ত সৈন্য সম্পর্কীয় কি যুদ্ধজাহাজসম্পর্কীয় সনদপ্রাপ্ত প্রত্যেক কার্য্যকারককে।

তৃতীয়। মহারাণীর সৈন্যের দলে সনদপ্রাপ্ত প্রত্যেক কার্য্যকারক যত কাল ভারতবর্ষের গবর্ণমেণ্টের অধীনে কর্ম্ম করেন তত কাল তাঁহাকে।

চতুর্থ। প্রত্যেক জজ ও বিচারকর্ত্তাকে।

পঞ্চম। আদালতের কার্য্যকারকস্বরূপে আইন কি বৃত্তান্তঘটিত কোন বিষয়ের তদারক কি রিপোর্ট করা, কিম্বা কোন দলীল করা কি দস্তখৎ করা কি রাখা, কিম্বা কোন সম্পত্তি জিম্মায় লওয়া, কিম্বা আদালতের কোন পরওয়ানা জারী করা, কি কোন শপথ করাণ, কি দোভাষির কর্ম্ম করা, কিম্বা আদালতে সুধারা রক্ষা করা যে কার্য্যকারকের কর্ত্তব্য হয় কিম্বা যিনি সেই সকল কর্ম্ম করিতে বিশেষমতে ক্ষমতাপন্ন হন তাঁহাকে।

ষষ্ঠ। জুরির যে প্রত্যেক ব্যক্তি কি যে সহায় কি পঞ্চায়তের লোক আদালতের সাহায্য করেন তাঁহাকে।

সপ্তম। সালিস কি অন্য যে ব্যক্তির প্রতি কোন আদালত কি উপযুক্ত ক্ষমতার অন্য কোন সরকারী কার্য্যকারক কোন মোকদ্দমা কি বিচার্য্য বিষয় অর্পণ করেন তাঁহাকে।

অষ্টম। যে কোন ব্যক্তি কোন পদে থাকাপ্রযুক্ত কোন লোককে কয়েদ করিতে কি কয়েদ করিয়া রাখিতে ক্ষমতাপন্ন হন তাঁহাকে।

নবম। গবর্ণমেণ্টের কার্য্যকারকস্বরূপে অপরাধ নিবারণ করা, কি অপরাধের সম্বাদ দেওয়া, কি অপরাধিদিগকে বিচারার্থে উপস্থিত করা, কি সাধারণ লোকেরদের স্বাস্থ্য কি নির্বিঘ্নতা ও স্বচ্ছন্দতারক্ষা করা যে প্রত্যেক কার্য্যকারকের কর্ত্তব্য হয় তাঁহাকে।

দশম। তদ্রূপ কার্য্যকারকস্বরূপে গবর্ণমেণ্টের পক্ষে কোন সম্পত্তি লওযা, কি গ্রহণ করা, কি রাখা, কি ব্যয় করা, কিম্বা গবর্ণমেণ্টের পক্ষে কোন জরিপের কর্ম্ম করা, কি টাক্স ধার্য্য করা, কি চুক্তি করা, কিম্বা রাজস্বসম্পর্কীয় কোন পরওয়ানা জারী করা, কিম্বা গবর্ণমেণ্টের ধনলাভ সম্পর্কে কোন বিষয় তদারক করা, কি তাহার রিপোর্ট করা, কিম্বা গবর্ণমেণ্টের ধনলাভসম্পর্কীয় কোন দলীল করা, কি দস্তখৎ করা, কি রাখা, কিম্বা গবর্ণমেণ্টের ধনলাভ রক্ষার জন্যে কোন আইনের লঙ্ঘন নিবারণ করা যে প্রত্যেক কার্য্যকারকের কর্ত্তব্য হয় তাঁহাকে। ও যে প্রত্যেক কার্য্যকারক গবর্ণমেণ্টহইতে নিযুক্ত হন কি গবর্ণমেণ্টের কর্ম্মে থাকেন কি গবর্ণমেণ্টহইতে বেতন পান তাঁহাকে।

একাদশ। তদ্রূপ কার্য্যকারকস্বরূপে কোন গ্রামের কি নগরের কি জিলার কোন সাধারণ সাংসারিক কার্য্যের নিমিত্তে কোন সম্পত্তি লওয়া কি গ্রহণ করা কি রাখা কি ব্যয় করা কি কোন জরিপ করা কি টাক্স ধার্য্য করা কি কিছু রেট কি টাক্স আদায় করা কিম্বা কোন গ্রামের কি নগরের কি জিলার লোকেরদের স্বত্ব নিরূপণের কোন দলীলকরা কি দস্তখৎকরা কি রাখা যে প্রত্যেক কার্য্যকারকের কর্ত্তব্য হয় তাঁহাকে।

উদাহরণ।

মুনিসিপল কমিস্যনর সরকারী কার্য্যকারক হন।

১ ব্যাখ্যা। পূর্ব্বোক্ত কোন প্রকারের যে কোন লোক

the above descriptions are public servants, whether appointed by the Government or not.

Explanation 2. Wherever the words "public servant" occur, they shall be understood of every person who is in actual possession of the situation of a public servant, whatever legal defect there may be in his right to hold that situation.

["Moveable property."]

18. The words "moveable property" are intended to include corporeal property of every description, except land and things attached to the earth or permanently fastened to any thing which is attached to the earth.

["Wrongful gain."]

19 "Wrongful gain" is gain, by unlawful means, of property to which the person gaining is not legally entitled.

["Wrongful loss."]

"Wrongful loss" is the loss, by unlawful means, of property to which the person losing it is legally entitled.

[Wrongful retention. Wrongful detention.]

A person is said to gain wrongfully when such person retains wrongfully, as well as when such person acquires wrongfully. A person is said to lose wrongfully when such person is wrongfully kept out of any property, as well as when such person is wrongfully deprived of property.

["Fraudulently."]

20. Whoever does any thing with the intention of causing wrongful gain to one person or wrongful loss or risk of wrongful loss to another person, is said to do that thing "fraudulently."

[Property in possession of wife, clerk, or servant.]

21. When property is in the possession of a person's wife, clerk, or servant, in trust for that person, it is in that person's possession; and not in the possession of his wife, clerk, or servant within the meaning of this Code.

Explanation. A person employed temporarily or on a particular occasion in the capacity of a clerk or servant, is a clerk or servant within the meaning of this Clause.

["Counterfeit."]

22. A person is said to "counterfeit," who causes one thing to resemble another thing, intending by means of that resemblance to practise deception, or knowing it to be likely that deception will thereby be practised.

Explanation. It is not essential to counterfeiting that the imitation should be exact.

["Document."]

23. The word "document" denotes any matter expressed or described upon any substance by means of letters, figures, or marks, or by one or more of those means, intended to be used, or which may be used, as evidence of that matter.

Explanations 1. It is immaterial by what means or upon what substance the letters, figures,

হন তিনি গবর্ণমেণ্টহইতে নিযুক্ত হইলে কি না হইলেও সরকারী কার্য্যকারক হন।

২ ব্যাখ্যা। "সরকারী কার্য্যকারক" এই কথা যে কোন প্রকরণে থাকে তাহাতে যে ব্যক্তি সরকারী কার্য্যকারকের পদে নিতান্ত থাকেন তাঁহাকেই বুঝায়। তাঁহার সেই পদে থাকার স্বত্ববিষয়ে আইনমতে কোন প্রকারের দোষ হইলেও তাঁহাকে বুঝায়।

["অস্থাবর সম্পত্তি।"]

১৮। "অস্থাবর সম্পত্তি" এই কথার মধ্যে ভূমি ও ভূমিতে সংলগ্ন বস্তু ও ভূমিতে সংলগ্ন বস্তুতে চিরকালীনরূপে আঁটিয়া বাঁধা কোন বস্তু ভিন্ন, অস্থাবর কোন বিষয় গণ্য করিবার অভিপ্রায় আছে।

["অন্যায্য লাভ।"]

১৯। "অন্যায্য লাভ" এই। কোন ব্যক্তির যে সম্পত্তি পাইবার আইনমতে স্বত্ব নাই তাহার বেআইনী কার্য্যেতে ঐ সম্পত্তির লাভ।

["অন্যায্য ক্ষতি।"]

"অন্যায্য ক্ষতি" এই। কোন ব্যক্তির যে সম্পত্তিতে আইনমতে স্বত্ব থাকে অন্যের বেআইনী কার্য্যেতে তাহার সেই সম্পত্তির হানি।

["অন্যায্য রাখণ। অন্যায্য প্রতিবন্ধ।"]

কেহ কোন বস্তু অন্যায়মতে পাইলে তাহার যেমন অন্যায্য লাভ হয় তেমনি কেহ সেই বস্তু অন্যায়মতে রাখিলে তাহার অন্যায্য লাভ হইয়াছে বলা যায়। কোন ব্যক্তির কোন বস্তু তাহার নিকটহইতে অন্যায়মতে হরণ করা গেলে যেমন তাহার অন্যায্য ক্ষতি হয় তেমনি তাহার কোন বস্তু কেহ তাঁহাকে পাইতে না দিলে তাহার অন্যায্য ক্ষতি হইয়াছে বলা যায়।

["চাতুরীক্রমে।"]

২০। যে কেহ এক ব্যক্তির অন্যায্য লাভ জন্মাইবার কি অন্য ব্যক্তির অন্যায্য ক্ষতি কি অন্যায্য ক্ষতির আশঙ্কা জন্মাইবার অভিপ্রায়ে কোন কর্ম্ম করে সে ঐ কর্ম্ম চাতুরীক্রমে করে বলা যায়।

[স্ত্রীর কি কেরাণীর কি চাকরের হাতে থাকা সম্পত্তি।]

২১। যখন কোন লোকের সম্পত্তি সেই লোকের জন্যে রাখিবার নিমিত্তে তাহার স্ত্রীর কি কেরাণীর কি চাকরের হাতে দেওয়া যায় তখন সেই সম্পত্তি সেই লোকের হাতে আছে, এই আইনের অর্থের মতে তাহার স্ত্রীর কি কেরাণীর কি চাকরের হাতে নাই।

ব্যাখ্যা। যে জন অল্প কালের জন্যে কি বিশেষ গতিকে কেরাণী কি চাকরস্বরূপে নিযুক্ত হয় সে এই প্রকরণের অর্থের মধ্যে কেরাণী কি চাকর হয়।

["জাল করণ।"]

২২। যদি কেহ এক বস্তু অন্য বস্তুর সমান করে আর সেইরূপে সমান করিয়া প্রবঞ্চনা করিবার তাহার অভিপ্রায় থাকে কিম্বা তাহা লইয়া কোন কেহ প্রবঞ্চনা করিতে পারিবেক ইহা জানে, তবে সেই ব্যক্তি জাল করিয়াছে এমত বলা যায়।

ব্যাখ্যা। জাল করণ দোষ হইবার জন্যে দুই বস্তুর অবিকল সমান হওয়ার আবশ্যক নাই।

["দলীল।"]

২৩। "দলীল" এই শব্দেতে কাগজপ্রভৃতি কোন বস্তুর উপরে অক্ষরে কি অঙ্কেতে কি সঙ্কেতে কি তাহার মধ্যে এক কি অধিক যে উপায় লইয়া কোন কথার প্রমাণ হইবার অভিপ্রায় হয় কি হইতে পারে, সেই উপায়ে লিখিত কি প্রকাশিত কোন কথা বুঝায়।

১ ব্যাখ্যা। ঐ অক্ষর কি অঙ্ক কি সঙ্কেত যে কোন উপায়ে কি যে কোন বস্তুর উপর করা যাউক কি সেই প্রমাণ

or marks are formed, or whether the evidence is intended for, or may be used in, a Court of Justice, or not.

Illustrations.

A writing expressing the terms of a contract may be used as evidence of the contract. It is therefore a document.

A Check upon a Banker is a document.

A Power of Attorney is a document.

A Map or Plan is a document.

A writing containing directions or instructions is a document.

Explanation 2. Whatever is expressed by means of letters, figures, or marks as explained by Mercantile or other usage, shall be deemed to be expressed by such letters, figures, or marks within the meaning of this Clause, although the same may not be actually expressed.

Illustration.

A writes his name on the back of a Bill of Exchange payable to his order. The meaning of the endorsement, as explained by Mercantile usage, is that the Bill is to be paid to the holder. The endorsement is a document, and must be construed in the same manner as if the words "pay to the holder" or words to that effect had been written over the signature.

[" Valuable security."]

24. The words "valuable security" denote a document which is, or purports to be, a document whereby any legal right is created, extended, transferred, restricted, extinguished, or released, or whereby any person acknowledges that he lies under legal liability, or has not a certain legal right.

Illustration.

A writes his name on the back of a Bill of Exchange. As the effect of this endorsement is to transfer the right to the Bill to any person who may become the lawful holder of it, the endorsement is a "valuable security."

[" A Will."]

25. The words "a will" denote any testamentary document.

[Words referring to acts to include illegal omissions.]

26. In every part of this Code except where a contrary intention appears from the context, words which refer to acts done extend also to illegal omissions.

[Act, whether done directly or indirectly, is equally an offence.]

27. Whenever the doing of any particular thing is an offence, it is an offence to do that thing either directly or indirectly.

[" Act." " Omission."]

28. The word "act" denotes as well a series of acts as a single act: the word "omission" denotes as well a series of omissions as a single omission.

[Government Gazette, 24th March, 1857.]

বিচারআদালতে উপস্থিত করিবার অভিপ্রায়ে হউক কি না হউক কি তাহা লইয়া আদালতে কার্য্য হইতে পারুক কি না পারুক তাহা দলীল বলা যাইবেক

উদাহরণ।

যে লিপিতে কোন চুক্তির নিয়ম প্রকাশ হয় তাহা ঐ চুক্তির প্রমাণ হইতে পারিবেক। অতএব তাহা দলীল হয়।

কোন বণিকের নামে হুণ্ডী দলীল হয়।

মোক্তারনামা দলীল হয়।

ম্যাপ কি নক্শা দলীল হয়।

যে লিপিতে কর্ম্ম করিবার আদেশ কি উপদেশ থাকে তাহা দলীল হয়।

২ ব্যাখ্যা। মহাজনী কি অন্য রীতিমতে অক্ষর কি অঙ্ক কি সঙ্কেত দ্বারা যে ভাব বুঝায় এই প্রকরণের অর্থের মধ্যে সেই অক্ষরে কি অঙ্কে কি সঙ্কেতে সেই ভাব বুঝাইবেক তাহা স্পষ্টরূপে প্রকাশ না হইলেও বুঝাইবেক।

উদাহরণ।

কালুর নামে কোন হুণ্ডীর টকা দেনা হয় তাহাতে কালু ঐ হুণ্ডীর পৃষ্ঠে আপন নাম লেখে। মহাজনী রীতিমতে ঐ নাম লিখিবার অভিপ্রায় এই, যে ঐ হুণ্ডী যাহার হাতে থাকে তাহাকে টাকা দিতে হইবেক। পিঠে লেখা সেই কথা দলীল হয়। আর "এই হুণ্ডী যাহার হাতে আছে তাহাকে টাকা দেও" এই কথা কি সেই মর্ম্মের কথা কালুর নামের উপরে লেখা থাকিলে তাহার যে অর্থ হইত সেই অর্থ কেবল কালুর নাম লেখা থাকাতেই বুঝায়।

["মূল্যবান নিদর্শন।"]

২৪। যাহাতে আইনমতের কোন স্বত্ব সৃষ্ট কি বিস্তারিত হয় কি হস্তান্তর কি সঙ্কোচ কি লোপ কি ত্যাগ করা যায়, কিম্বা যাহাতে কোন ব্যক্তি আইনমতের দায়ে বদ্ধ আছে কি বিশেষ কোন বিষয়ে তাহার আইনমতের স্বত্ব নাই এই কথা স্বীকার করে, এমত কোন দলীল কিম্বা মর্ম্মার্থে তদ্রূপ দলীল "মূল্যবান নিদর্শন" হয়।

উদাহরণ।

কালু কোন হুণ্ডীর পিঠে আপন নাম লেখে। সেই প্রকার লিখনের এই ফল যে, যে কোন লোকের হাতে ঐ হুণ্ডী আইনমতে থাকে তাহাকে তাহার স্বত্ব দেওয়া যায়। অতএব সেই লিখন "মূল্যবান নিদর্শন" হয়।

["উইল।"]

২৫। "উইল" এই শব্দেতে কোন ব্যক্তির মরণোত্তরে তাহার ইষ্টপ্রকাশক দলীল বুঝায়।

[যে শব্দেতে ক্রিয়া বুঝায় সেই শব্দেতে সেই ক্রিয়া বেআইনীমতে না করণ বুঝায়।]

২৬। এই আইনের সর্ব্ব ভাগে, করা কোন কার্য্যের বিষয়ে যে কথার উল্লেখ হয় সেই কথা সেই কার্য্য বেআইনীমতে না করণের উপরও খাটে। কিন্তু যদি পূর্ব্বাপর কথায় বিপরীত অভিপ্রায় বোধ হয় তবে খাটিবেক না।

[কোন দোষ স্পষ্টে কি চক্রান্তে করা গেলে তুল্যভাবে অপরাধ হয়।]

২৭। যখন কোন বিশেষ কর্ম্ম করা অপরাধ হয় তখন সেই কর্ম্ম স্পষ্টরূপে কি চক্রান্তেও করা গেলে অপরাধ হয়।

["কার্য্য করণ। কার্য্য না করণ।"]

২৮। "কার্য্য" এই শব্দেতে যেমন একি ক্রিয়া বুঝায় তেমনি পরম্পর বহু ক্রিয়াও বুঝায়। আর "কার্য্য না করণ" এই শব্দেতে যেমন কর্ত্তব্য এক কর্ম্ম না করণ তেমনি কর্ত্তব্য অনেক কর্ম্ম পরম্পর না করণ বুঝায়।

[Effect caused partly by act, and partly by omission.]

29. Wherever the causing of a certain effect, or an attempt to cause that effect, by an act or by an omission, is an offence, it is to be understood that the causing of that effect partly by an act and partly by an omission is the same offence.

Illustration.

A intentionally causes Z's death, partly by illegally omitting to give Z food, and partly by beating Z. A has committed murder.

["Voluntarily."]

30. A person is said to cause an effect "voluntarily," when he causes it by means whereby he intended to cause it, or by means which, at the time of employing those means, he knew or had reason to believe to be likely to cause it.

Illustration.

A sets fire, by night, to an inhabited house in a large town, for the purpose of facilitating a robbery, and thus causes the death of a person. Here, A may not have intended to cause death, and may even be sorry that death has been caused by his act : yet, if he knew that he was likely to cause death, he has caused death voluntarily.

["Offence."]

31. The word "offence" denotes a thing made punishable by this Code.

["Special law."]

32. A "special law" is a law applicable to a particular subject.

["Local law."]

33. A "local law" is a law applicable only to a particular part of British India.

["Illegal."]

34. The word "illegal" is applicable to every thing which is an offence, or which is contrary to any direction of the law, or which furnishes ground for a civil action : and a person is said to be "legally bound to do" whatever it is illegal in him to omit.

["Injury."]

35. The word "injury" denotes any harm whatever illegally caused to any person in body, mind, reputation, or property.

["Life."]

36. The word "life" denotes the life of a human being, unless the contrary appears from the context.

["Death."]

37. The word "death" denotes the death of a human being, unless the contrary appears from the context.

["Animal."]

38. The word "animal" denotes any living creature, other than a human being.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫৭ । ২৪ মার্চ।]

[কোন ফল অকর্ত্তব্য কর্ম্ম করণ ও কর্ত্তব্য কর্ম্ম না করণ হইতে জন্মিলে ।]

২৯। যে স্থলে অকর্ত্তব্য কর্ম্ম করণের কিম্বা কর্ত্তব্য কর্ম্ম না করণের দ্বারা কোন এক ফল উৎপন্ন করা কি সেই ফল উৎপন্ন করিবার উদ্যোগ করা অপরাধ হয়, সেই স্থলে অকর্ত্তব্য কর্ম্ম করণ ও কর্ত্তব্য কর্ম্ম না করণের দ্বারা ঐ ফল জন্মান কেবল এক অপরাধ জানিতে হইবেক।

উদাহরণ।

কালু নামে এক জন যদুকে আহার না দিয়া ও যদুকে মারিয়া বেআইনী এই দুই উপায়ে তাহাকে জানিয়াশুনিয়া হত্যা করিয়াছে। কালু হত্যার অপরাধী হইয়াছে।

["ইচ্ছাপূর্ব্বক।"]

৩০। কোন লোকের কোন উপায়ে কোন কর্ম্ম করিবার অভিপ্রায় থাকে, কিম্বা যে সময়ে সেই উপায়মতে কর্ম্ম করিয়াছিল সেই সময়ে অমুক ফল হইবেক জানিয়াছিল কি জানিবার কারণ পাইয়াছিল, তাহা হইলে সেই ব্যক্তি "ইচ্ছাপূর্ব্বক" ঐ কর্ম্ম করিয়াছে ইহা বলা যায়।

উদাহরণ।

কালু নামে এক ব্যক্তি ডাকাইতী হইবার সাহায্যের নিমিত্তে বড় এক নগরে কোন বাশেন্দার ঘরে রাত্রিতে আগুন লাগায় তাহাতে এক জনের মৃত্যু হয়। এই স্থলে কোন লোকের প্রাণ নষ্ট করিতে কালুর অভিপ্রায় না হইয়া থাকিবেক আর তাহার সেই ক্রিয়াতে এক জন মরিয়াছে ইহাতে তাহার শোকও হইয়া থাকিবেক। তথাপি সেই কর্ম্ম করিলে কাহারও প্রাণ নষ্ট হইবার সম্ভাবনা ইহা যদি জানিয়াছিল তবে সে ইচ্ছাপূর্ব্বক প্রাণ নষ্ট করিয়াছে।

["অপরাধ।"]

৩১। এই আইনমতে যে ক্রিয়ার দণ্ড হইতে পারে তাহা অপরাধ।

["বিশেষ আইন।"]

৩২। কোন বিশেষ বিষয়ের উপর যে আইন খাটে সেই বিশেষ আইন।

["স্থানীয় আইন।"]

৩৩। ব্রিটনীয়েরদের অধীন ভারতবর্ষের কেবল বিশেষ ভাগের উপর যে আইন খাটে তাহা স্থানীয় আইন।

["বেআইনী।"]

৩৪। যে কোন ক্রিয়া অপরাধ হয় কি আইনের কোন আদেশের বিপরীত হয় কিম্বা যাহা লইয়া দেওয়ানী নালিশ হইতে পারে তাহা "বেআইনী" কর্ম্ম বলা যায়। যে কর্ম্ম না করিলে কোন লোকের বেআইনী কর্ম্ম হয় সেই কর্ম্ম করিতে সেই ব্যক্তি "আইনমতে বদ্ধ আছেন" বলা যায়।

["হিংসা।"]

৩৫। কাহারও কায়ের কি মনের কি সুনামের কি সম্পত্তির যে কিছু অপকার বেআইনীমতে করা যায় তাহা "হিংসা" হয়।

["জীবন।"]

৩৬। "জীবন" এই শব্দ যে স্থানে থাকে তাহার পূর্ব্বাপর কথায় যদি অর্থান্তর বোধ না হয় তবে জীবন শব্দেতে মানুষের জীবন বুঝায়।

["মরণ।"]

৩৭। "মরণ" এই শব্দ যে স্থানে থাকে তাহার পূর্ব্বাপর কথায় যদি অর্থান্তর বোধ না হয় তবে ঐ শব্দেতে মানুষের মরণ বুঝায়।

["জন্তু।"]

৩৮। "জন্তু" শব্দেতে মানুষ ছাড়া কোন জীবকে বুঝায়।

["Vessel."]

39. The word "vessel" denotes any thing made for the conveyance by water of human beings, or of property.

["Year."]

40. Wherever the word "year" or the word "month" is used, it is to be understood that the year or the month is to be reckoned according to the British Calendar.

["Clause."]

41. The word "Clause" denotes one of those portions of a Chapter of this Code which are distinguished by prefixed numeral figures.

["Herein-before." "Herein-after."]

42. The word "herein-before" and the word "herein-after" relate to matter contained within the same Clause in which these words occur.

["Oath."]

43. The word "oath" includes a solemn affirmation substituted by law for an oath, and any declaration required or authorized by law to be made before a public servant or to be used for the purpose of proof, whether in a Court of Justice or not.

[Definition not to be limited by the title of the Chapter containing it.

44. Nothing which falls within any definition of an offence shall be construed as not being an offence, because it does not fall within the title of the Chapter containing that definition

["Good faith."]

45. Nothing is said to be done or believed in good faith, which is done or believed without due care and attention.

CHAPTER III.
OF PUNISHMENTS.

[Punishments.]

1. The punishments to which offenders are liable under the provisions of this Code are,

First,—Death ;

Secondly,—Transportation ,*

Thirdly,—Imprisonment, which is of two descriptions, namely :

(1.) Rigorous, that is, with hard labor ;

(2.) Simple.

Fourthly.—Banishment from the territories in the possession and under the Government of the East India Company ;

Fifthly,—Forfeiture of property ;

Sixthly,—Fine.

[Commutation of sentence of death.]

2. In every case in which sentence of death shall have been passed, the Government of India or the local Government of the place within which the offender shall have been sentenced may, with-

* As to cases in which penal servitude must be substituted for transportation, see Act XXIV. of 1855.

["নৌকাদি।"].

৩৯। 'নৌকাদি" শব্দেতে মানুষ কি দ্রব্য জলপথে লইয়া যাইবার জন্যে প্রস্তুত করা কোন বস্তু বুঝায়।

["বৎসর।"]

৪০। "বৎসর" "মাস" এই দুই শব্দ যে কোন স্থানে থাকে সেই স্থানে ইংরেজী হিসাবমতের বৎসর ও মাস বুঝিতে হইবেক।

["প্রকরণ।"]

৪১ এই আইনের নানা অধ্যায়ের যে২ পদের প্রথমে অঙ্ক থাকে সেই পদকে "প্রকরণ" শব্দে বুঝায়।

["ইহার পূর্ব্বের।" "ইহার পরের।"]

৪২। "ইহার পূর্ব্বের" "ইহার পরের" এই দুই কথা যে প্রকরণের মধ্যে পড়ে সেই প্রকরণের লিখিত পূর্ব্বের কি পরের কথার সঙ্গে সম্পর্ক রাখে।

["শপথ।"]

৪৩। শপথ এই শব্দেতে শপথের পরিবর্ত্তে যে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা আইনমতে করা যায় তাহাও বুঝায় ও আদালতের মধ্যে হউক কি না হউক সরকারী কার্য্যকারকের সম্মুখে কি প্রমাণের নিমিত্তে ব্যবহার হইবার জন্যে যে কোন প্রতিজ্ঞা করিবার হুকুম কি অনুমতি আইনেতে হয় তাহাও বুঝায়।

[যে কথার অর্থ যে অধ্যায়ে থাকে তাহার শিরোভাগের কথাতে সেই অর্থ না থাকিলেও বুঝাইবেক।]

৪৪। যে ক্রিয়া অপরাধ বলিয়া নির্ণয় হইয়াছে তাহা যে অধ্যায়ে প্রকাশ হয় সেই অধ্যায়ের শিরোভাগের কথাতে প্রকাশ হয় না বলিয়া অপরাধ হয় না এমন বুঝিতে হইবেক না।

["প্রকৃতপ্রস্তাব।"]

৪৫। উপযুক্ত সতর্কতা ও মনোযোগ বিনা যাহা করা যায় কি বিশ্বাস করা যায় তাহা প্রকৃতপ্রস্তাবে করা গিয়াছে কি তাহাতে প্রকৃতপ্রস্তাবে বিশ্বাস হইয়াছে এমন বলা যাইতে পারে না।

তৃতীয় অধ্যায়।
দণ্ড।

[দণ্ড]

১। এই আইনের বিধানমতে অপরাধিরদের এই২ দণ্ড হইতে পারে।

প্রথম। প্রাণদণ্ড।

দ্বিতীয়। দ্বীপান্তর প্রেরণ। *

তৃতীয়। কয়েদ। এই দণ্ড দুই প্রকারের হয়।

(১) কঠিন অর্থাৎ কঠিন পরিশ্রম সহিত।

(২) সামান্য।

চতুর্থ। কোম্পানি বাহাদুরের অধিকার ও শাসন করা দেশহইতে বহিষ্কৃত করণ।

পঞ্চম। সম্পত্তি জব্দ করণ।

ষষ্ঠ। জরীমানা।

[প্রাণদণ্ডের পরিবর্ত্তে অন্য দণ্ড।]

২। যে২ স্থলে প্রাণদণ্ডের আজ্ঞা হয় সেই২ স্থলে, ভারতবর্ষের কিম্বা যে স্থানে অপরাধির সেই দণ্ডাজ্ঞা হইয়া থাকে সেই স্থানের গবর্ণমেণ্ট অপরাধির সম্মতির অপেক্ষা

*যে২ স্থলে দ্বীপান্তরে পাঠান যাইবার পরিবর্ত্তে অপরাধির খাটিতে হইবেক সেই২ স্থলের কথা ১৮৫৫ সালের ২৪ আইনে পাওয়া যায়।

out the consent of the offender, commute the punishment for any other punishment provided by this Code.

[Commutation of sentence of transportation for life.]

3. In every case in which sentence of transportation for life has been passed, the Government of India or the local Government of the place within which the offender has been sentenced may, without the consent of the offender, commute the punishment for imprisonment of either description which may extend to fourteen years, or for banishment from the territories in the possession and under the Government of the East India Company, which may be for life, or for any term.

[Remission of punishment.]

4. In every case the Government of India or the local Government of the place within which an offender has been sentenced may, at any time, remit the whole or any part of the punishment, without conditions, or upon any conditions to which the offender has agreed.

[Sentence of imprisonment, rigorous or simple.]

5. In every case in which it is provided that an offender shall be punished with imprisonment of either description, it shall be competent to the Court which sentences such offender to direct in the sentence that such imprisonment shall be wholly rigorous, or that such imprisonment shall be wholly simple, or that any part of such imprisonment shall be rigorous and the rest simple.

[Sentence of forfeiture of property.]

6. In every case in which an offender is sentenced to forfeiture of all property, the sentence renders that offender incapable of acquiring any property except for the benefit of the Government.

Illustration.

A, for waging war against the Government of India, is sentenced to forfeiture of all his property. After the sentence A's father dies, leaving an estate which, but for the sentence of forfeiture, would become the property of A. The estate becomes the property of Government.

[Amount of fine.]

7. Where no sum is expressed to which a fine may extend, the amount of fine to which the offender is liable is unlimited.

[Sentence of imprisonment in default of payment of fine.]

8. In every case in which an offender is sentenced to a fine, it shall be competent to the Court which sentences such offender to direct by the sentence that, in default of payment of the fine, the offender shall suffer imprisonment for a certain term, which imprisonment shall be in excess of any other imprisonment to which he may have been sentenced, or to which he may be liable under a commutation of a sentence.

[Limit of term of imprisonment for default in

না করিয়া সেই দণ্ডের পরিবর্ত্তে এই আইনের লিখিত অন্য কোন দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

[যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ডের পরিবর্ত্তে অন্য দণ্ড।]

৩। যেং স্থলে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ডের আজ্ঞা হয় সেইং স্থলে, ভারতবর্ষের কিম্বা যে স্থানে অপরাধির সেই দণ্ডের আজ্ঞা হইয়া থাকে সেই স্থানের গবর্ণমেণ্ট অপরাধির সম্মতির অপেক্ষা না করিয়া সেই দণ্ডের পরিবর্ত্তে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কঠিন কি সামান্য কয়েদ হইবার অথবা যাবজ্জীবন কি কোন মিয়াদপর্য্যন্ত কোম্পানি বাহাদুরের অধিকার ও শাসন করা দেশের বহিষ্কৃত হইবার দণ্ডাজ্ঞা করিতে পারিবেন।

[দণ্ডের ক্ষমা।]

৪। প্রত্যেক ব্যক্তিকে ভারতবর্ষের গবর্ণমেণ্ট কিম্বা যে স্থানে অপরাধির দণ্ডাজ্ঞা হইয়া থাকে সেই স্থানের গবর্ণমেণ্ট কোন কালে, কোন নিয়ম না করিয়া, কিম্বা অপরাধী যাহাতে সম্মত হইয়াছে এমত কোন নিয়ম করিয়া, তাহার দণ্ড একেবারে কি কোন অংশে ক্ষমা করিতে পারিবেন।

[কঠিন কি সামান্য কয়েদ।]

৫। যদি অপরাধির ঐ দুই প্রকারের কোন এক প্রকারে কয়েদ হইবার আজ্ঞা হয় তবে এমত প্রত্যেক স্থলে, যে আদালত ঐ অপরাধির দণ্ডাজ্ঞা করিয়া থাকেন সেই আদালত, দণ্ডের আজ্ঞাপত্রের মধ্যে ঐ কয়েদ করা কেবল কঠিন হইবেক, কিম্বা কেবল সামান্য হইবেক, কিম্বা কতক কাল কঠিন ও অবশিষ্ট কাল সামান্য হইবেক, ইহার মধ্যে কোন এক আজ্ঞা করিতে পারিবেন।

[সম্পত্তি জব্দ হইবার দণ্ড।]

৬। যে স্থলে অপরাধির সকল সম্পত্তি জব্দ হইবার আজ্ঞা হয় এমত প্রত্যেক স্থলে সেই দণ্ডাজ্ঞাপ্রযুক্ত ঐ অপরাধী আর কিছু সম্পত্তির অধিকার পাইতে পারিবেক না। পাইলে তাহাতে গবর্ণমেণ্টের লভ্য হইবেক।

উদাহরণ।

কালু নামে এক জন ভারতবর্ষের গবর্ণমেণ্টের সঙ্গে যুদ্ধ করে তাহাতে তাহার সকল সম্পত্তি জব্দ হইবার আজ্ঞা হয়। সেই দণ্ডের আজ্ঞা হইলে পর কালুর পিতা জমীদারী রাখিয়া মরে। সেই জব্দের আজ্ঞা না হইলে ঐ জমীদারী কালুর সম্পত্তি হইত। কিন্তু তাহা গবর্ণমেণ্টের সম্পত্তি হইবেক

[জরীমানা যত টাকার হয়।]

৭। যে স্থলে জরীমানা এত টাকাপর্য্যন্ত হইবেক এমন কথা স্পষ্টরূপে না থাকে সেই স্থলে অপরাধির যত টাকার জরীমানা হইতে পারে তাহার সীমা নাই।

[জরীমানার টাকা না দেওয়া গেলে কয়েদ হইবার দণ্ড।]

৮। যখন অপরাধির জরীমানা দিবার আজ্ঞা হয় তখন যে আদালত ঐ অপরাধির ঐ দণ্ড করেন সেই আদালত এই আজ্ঞাও করিতে পারিবেন যে, ঐ জরীমানার টাকা না দিলে অপরাধী বিশেষ কোন মিয়াদে কয়েদ হইবেক। যদি তদ্ভিন্ন তাহার কয়েদ হইবার অন্য আজ্ঞা হইয়া থাকে, কিম্বা যদি অন্য দণ্ডের পরিবর্ত্তে তাহার কয়েদ হইবার আজ্ঞা হইয়া থাকে, তবে তাহার অতিরিক্ত ঐ জরীমানার পরিবর্ত্তে তাহার কয়েদের দণ্ড ভোগ করিতে হইবেক।

[কোন অপরাধের জরীমানা ও কয়েদ এই উভয় দণ্ড

*[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৪ মার্চ।]

payment of fine, when the offence is punishable with imprisonment, as well as fine.]

9. The term for which the Court directs the offender to be imprisoned, in default of payment of a fine, shall not exceed one-fourth of the term of imprisonment which is the maximum fixed for the offence, if the offence be punishable with imprisonment as well as fine.

[Description of imprisonment for such default.]

10. The imprisonment which the Court imposes in default of payment of a fine may be of any description to which the offender might have been sentenced for the offence.

[Term of imprisonment for default in payment of fine, when the offence is punishable with fine only.]

11. If the offence be punishable with fine only, the term for which the Court directs the offender to be imprisoned, in default of payment of fine, shall not exceed the following scale, that is to say, for any term not exceeding two months when the amount of the fine shall not exceed fifty Rupees, and for any term not exceeding four months when the amount shall not exceed one hundred Rupees, and for any term not exceeding six months in any other case.

[Such imprisonment to terminate upon payment of the fine.]

12. The imprisonment which is imposed in default of payment of a fine shall terminate whenever that fine is either paid or levied by process of law.

[Termination of such imprisonment upon payment of proportional part of fine.]

13. If, before the expiration of the term of imprisonment fixed in default of payment, such a proportion of the fine be paid or levied that the term of imprisonment suffered in default of payment is not less than proportional to the part of the fine still unpaid, the imprisonment shall terminate.

Illustration

A is sentenced to a fine of one hundred Rupees, and to four months' imprisonment in default of payment. Here, if seventy-five Rupees of the fine be paid or levied before the expiration of one month of the imprisonment, A will be discharged as soon as the first month has expired. If seventy-five Rupees be paid or levied at the time of the expiration of the first month, or at any later time while A continues in imprisonment, A will be immediately discharged. If fifty Rupees of the fine be paid or levied before the expiration of two months of the imprisonment, A will be discharged as soon as the two months are completed. If fifty Rupees be paid or levied at the time of the expiration of those two months, or at any later time while A continues in imprisonment, A will be immediately discharged.

[Fine may be levied within 6 years or at any

হইতে পারিলে সেই জরীমানা না দিলে তাহার পরিবর্ত্তে কয়েদের মিয়াদ।]

৯। কোন অপরাধের জন্য জরীমানা ও কয়েদ এই উভয় দণ্ড হইতে পারিলে, যদি অপরাধী জরীমানার টাকা না দেওয়াতে তৎপরিবর্ত্তে আদালত তাহার কয়েদ হইবার আজ্ঞা করেন তবে ঐ অপরাধের নিমিত্তে যে অত্যধিক মিয়াদ নির্ণয় হইয়াছে, জরীমানার পরিবর্ত্তে ঐ কয়েদ সেই মিয়াদের কেবল সিকি ভাগপর্য্যন্ত হইবেক।

[জরীমানার পরিবর্ত্তে কয়েদ যে প্রকারের হইবেক।]

১০। অপরাধের নিমিত্তে অপরাধির কয়েদ হইবার আজ্ঞা হইলে তাহার যে প্রকারের কয়েদ হইতে পারিত, জরীমানার টাকা না দেওয়াতে আদালত কয়েদ হইবার আজ্ঞা করিলে তাহাও সেই প্রকারের হইতে পারিবেক।

[অপরাধের যদি কেবল জরীমানার দণ্ড হইতে পারে তবে তাহা না দেওয়াতে কয়েদের হুকুম হইলে তাহার মিয়াদ।]

১১। অপরাধের যদি কেবল জরীমানা দণ্ড হইতে পারে, তবে না দেওয়াতে আদালত অপরাধির কয়েদ হইবার আজ্ঞা করিলে সেই কয়েদ এই হিসাবে হইবেক। জরীমানা পঞ্চাশ টাকার অধিক না হইলে কয়েদের মিয়াদ দুই মাসের অধিক হইবেক না। জরীমানা এক শত টাকার অধিক না হইলে কয়েদের মিয়াদ চারি মাসের অধিক হইবেক না। অন্য কোন স্থলে মিয়াদ ছয় মাসের অধিক হইবেক না।

[জরীমানার টাকা দেওয়া গেলেই খালাস হইবেক।]

১২। জরীমানার টাকা না দেওয়াতে যদি কয়েদ হইবার আজ্ঞা হয় তবে ঐ টাকা দেওয়া গেলে কি আইনের নিয়মমতে আদায় হইলেই কয়েদী খালাস হইবেক।

[জরীমানার কিছু টাকা দেওয়া গেলে কয়েদীকে তাহার হিসাবমতে খালাস করা যাইবেক।]

১৩। টাকা না দেওয়াতে কয়েদ হইবার যে মিয়াদ ধার্য্য হইয়াছে তাহা গত না হইতে২ যদি জরীমানার কিছু টাকা দেওয়া যায় কি আদায় হয় আর জরীমানার পরিবর্ত্তে কয়েদ হইবার হিসাবে ঐ মিয়াদের যত ফুরিয়াছে তাহা অবশিষ্ট দেনা টাকার পরিবর্ত্তে একরূপ নির্দ্ধারিত মিয়াদের কম না হয় তবে কয়েদীকে খালাস করা যাইবেক।

উদাহরণ।

কালুর এক শত টাকা জরীমানা দিবার আজ্ঞা হয় সেই টাকা না দেওয়াতে তাহার চারি মাস কয়েদ হইবার হুকুম হয়। এমন স্থলে যদি সেই মিয়াদের এক মাস অতীত না হইতে২ ঐ জরীমানার পঁচাত্তর টাকা দেওয়া যায় কি আদায় হয় তবে সেই এক মাস গেলেই কালুকে খালাস করা যাইবেক। যদি প্রথম মাস অতীত হইবার সময়ে কি তাহার পর কোন সময়ে কালু কয়েদ হইয়া থাকিতে তাহার পঁচাত্তর টাকা দেওয়া যায় কি আদায় হয় তবে কালুকে সেই সময়েই খালাস করা যাইবেক। যদি ঐ মিয়াদের দুই মাস গত না হইলে জরীমানার পঞ্চাশ টাকা দেওয়া যায় কি আদায় হয় তবে দুই মাস সমাপ্ত হইলেই কালুকে খালাস করা যাইবেক। যদি ঐ দুই মাস গত হইবার সময়ে কিম্বা তাহার পর কোন সময়ে কালু কয়েদ হইয়া থাকিতে তাহার পঞ্চাশ টাকা দেওয়া যায় কি আদায় হয় তবে কালুকে সেই সময়ে খালাস করা যাইবেক।

[জরীমানার টাকা ৬ বৎসরের মধ্যে কিম্বা কয়েদ

time during the term of imprisonment. Death of offender not to discharge his property from liability.]

14. The fine, or any part thereof which remains unpaid, may be levied at any time within six years after the passing of the sentence, and if, under the sentence, the offender be liable to imprisonment for a longer period than six years, then at any time previous to the expiration of that period; and the death of the offender does not discharge from the liability any property which would, after his death, be legally liable for his debts.

[Punishment of offence falling under more than one penal provision of Code not to be cumulative unless expressly so provided.]

15. Whenever any person, by doing any thing whereby he commits an offence falling under one penal provision of this Code, also commits an offence under another penal provision of this Code, the punishment shall not be cumulative, unless it be so expressly provided.

Illustration.

A strikes Z with violence knowing it to be likely that he may thereby break Z's arm, and does break Z's arm. Here A commits an assault. He also by the same act commits the offence of voluntarily causing grievous hurt. But A is not liable to punishment both for assault, and for voluntarily causing grievous hurt.

[Provision for cumulative punishment does not authorize a combination of punishments.]

16. Where it is provided that punishment shall be cumulative, that provision does not authorize the combining, in any case, of the punishments provided by more than two penal provisions of this Code.

[Limit of punishment of offence which is made up of several offences.]

17. Where anything which is an offence is made up of parts, any of which parts is itself an offence, the offender shall not be punished with the imprisonment for more than one of such his offences, unless it be so expressly provided.

Illustrations

(*a*) A gives Z fifty strokes with a stick. Here A may have committed the offence of voluntarily causing hurt to Z by the whole beating, and also by each of the blows which make up the whole beating. If A were liable to punishment for every blow, he might be imprisoned for fifty years, one for each blow. But he is liable only to one punishment for the whole beating that is to say, to imprisonment for a term not exceeding one year, if the hurt which he has voluntarily caused is not grievous; and for a term not exceeding ten years, if the hurt which he has voluntarily caused is grievous.

(*b*) But if, while A is beating Z, Y interferes, and A strikes Y, here, as the blow given to Y is

হইবার মিয়াদ থাকিতে কোন সময়ে আদায় হইতে পারিবেক। অপরাধী মরিলেও তাহার সম্পত্তির উপর দায় থাকে।]

১৪। জরীমানার টাকা, কিম্বা তাহার যে অংশ দিবার বাকী থাকে তাহা, দণ্ডের আজ্ঞা হইবার পরে ছয় বৎসরের মধ্যে কোন সময়ে আদায় হইতে পারিবেক। আর যদি সেই আজ্ঞামতে অপরাধী ছয় বৎসরের অধিক মিয়াদপর্য্যন্ত কয়েদ থাকিবার যোগ্য হয় তবে সেই মিয়াদ গত হইবার পূর্ব্বে কোন সময়ে আদায় হইতে পারিবেক। আর অপরাধী মরিলে তাহার মরণের পর তাহার যে সম্পত্তি আইনমতে বিক্রয় হইয়া তাহার কর্জ্জ শোধ হইতে পারে সেই সম্পত্তির উপর সেই দায় থাকিবেক।

[যদি কোন অপরাধের দণ্ড এই আইনের এক দুই কি ততোধিক বিধিমতে হইতে পারে তবে স্পষ্ট বিধান না হইলে দণ্ডের সংযোগ হইবেক না।]

১৫। যদি কোন ব্যক্তি এই আইনের এক দণ্ডবিধিমতে যাহাতে অপরাধী হয় এমত এক কর্ম্ম করাতে এই আইনের অন্য এক দণ্ডবিধির লিখিত অপরাধও করে তবে বিশেষ বিধান না থাকিলে তাহার দণ্ডের সংযোগ হইবেক না।

উদাহরণ।

কালু অতি জোরে যদুকে মারে আর ইহাতে যদুর হাত ভাঙ্গিতে পারে তাহাও জানিত। যদুর হাত ভাঙ্গিলও বটে। এই স্থলে কালু চড়াউ হইবার দোষী হইয়াছে। সেই অপরাধ করিয়াও সে জানিয়াশুনিয়া অতিভারি আঘাত করিবারও অপরাধী হইয়াছে। কিন্তু কালুর চড়াউ হওয়া ও জানিয়াশুনিয়া অতি ভারি আঘাত করা এই উভয় অপরাধের দণ্ড হইবেক না।

[অপরাধের দণ্ড সংযোগ হইবার বিধান হইলেও বহু দণ্ড সংযোগের অনুমতি নাই।]

১৬। যে স্থলে দণ্ডের সংযোগ হইবার বিধান হয় সেই স্থলে ঐ বিধানেতে এই আইনমতের দুইয়ের অধিক দণ্ডবিধির নির্দ্দিষ্ট দণ্ড কোন গতিকে সংযোগ করার অনুমতি নাই।

[বহু অপরাধের সংযোগে যে অপরাধ হয় তাহার দণ্ডের সীমা।]

১৭। যে অপরাধ হয় তাহার যদি বহু অংশ থাকে আর সেই২ অংশও অপরাধ হয় তবে তাহার স্পষ্টরূপে বিধান না হইলে অপরাধী তাহার সেই সকল অপরাধের মধ্যে কেবল এক অপরাধের জন্যে কয়েদ হইবার দণ্ড পাইবেক।

উদাহরণ।

(ক) কালু লাঠি লইয়া যদুকে পঞ্চাশ ঘা মারে। এই স্থলে যদু যত মারি খাইয়াছে তাহাতে কালু জানিয়াশুনিয়া তাহার আঘাত করিবার অপরাধী হইয়াছে আর যে২ ঘা মারিয়া ঐ সমুদয় মারি হইয়াছে তাহার এক২ ঘা লইয়াও সেই অপরাধ হইয়াছে। যদি কালুর এক২ ঘা মারিবার দণ্ড পাইতে হইত তবে পঞ্চাশ ঘার জন্যে তাহার পঞ্চাশ বৎসর কয়েদ থাকিতে হইবেক। কিন্তু তাহা না হইয়া সে পঞ্চাশ ঘা মারিবার জন্যে তাহার কেবল এক দণ্ড পাইতে হইবেক। অর্থাৎ সে জানিয়াশুনিয়া যে আঘাত করিয়াছে তাহা যদি অতিভারী না হয় তবে এক বৎসরপর্য্যন্ত কয়েদ হইবেক। জানিয়াশুনিয়া যে আঘাত করিয়াছে তাহা যদি অতিভারী হইল তবে দশ বৎসরপর্য্যন্ত কয়েদ থাকিবেক।

(খ) কিন্তু কালু যদুকে মারিতেছে এমন সময়ে যদি মধু তাহা বারণ করিতে আইসে আর কালু মধুকেও মারে

no part of the act whereby A voluntarily causes hurt to Z, A is liable to one punishment for voluntarily causing hurt to Z, and to another for the blow given to Y.

[Punishment of a person found guilty of one of several offences, (the judgment stating that it is doubtful of which.)]

18. In all cases in which judgment is given that a person is guilty of one of several offences specified in the judgment, but that it is doubtful of which of these offences he is guilty, the offender shall be punished for the offence for which the lowest punishment is provided if the same punishment is not provided for all.

[Solitary confinement.]

19. Whenever any person is convicted of an offence punishable under this Code with imprisonment of either description, the Court may, by its sentence, order that the offender shall be kept in solitary confinement for any portion or portions of the imprisonment to which he is sentenced, not exceeding six months in the whole or one month at a time, or three months in any one year

[Punishment of person convicted, after a previous conviction, of an offence punishable with five years' imprisonment.]

20. Whenever any person, convicted of any offence punishable under this Code with imprisonment of either description for a term of five years or upwards, shall have been previously convicted, whether before or after the passing of this Code, of any offence for which by the law then in force he was liable to imprisonment for a term of five years or upwards, he shall be subject to transportation for life or to double the amount of punishment to which he would otherwise have been liable; provided that he shall not in any case be liable to imprisonment for a term exceeding fourteen years.

CHAPTER IV.

GENERAL EXCEPTIONS.

[Act done by a person bound, or by mistake of fact believing himself bound by law.]

1. Nothing is an offence which is done by a person who is or who by reason of a mistake of fact and not by reason of a mistake of law in good faith believes himself to be bound by law to do it.

Illustrations.

(*a*) A, a soldier, fires on a mob by the order of his superior officer, in conformity with the commands of the law. A has committed no offence.

(*b*) A, an officer of a Court of Justice, being ordered by that Court to arrest Y, and, after due inquiry, believing Z to be Y, arrests Z. A has committed no offence.

[*Government Gazette, 24th March*, 1857.]

তবে যদুকে কানিয়াজুনিয়া যে বহু আঘাত করিয়াছে তাহা এক দোষ ও মধুকে যে এক ঘা মারিয়াছে সেই ভিন্ন দোষ। ইহাতে কানিয়াজুনিয়া যদুকে আঘাত করাতে কালু এক দণ্ডের যোগ্য হয় ও মধুকে ঘা মারাতে আর এক দণ্ডের যোগ্য হয়।

[কোন লোককে অনেক অপরাধের মধ্যে এক অপরাধের দোষী জানা গিয়াছে কিন্তু সে কি অপরাধ, বিচারেতে এই কথার সন্দেহ হয়, এমত স্থলে তাহার দণ্ড।]

১৮। যে স্থলে বিচারেতে অনেক অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে আর তাহার মধ্যে কোন লোককে এক অপরাধের দোষী জানা গিয়াছে, কিন্তু কোন্ অপরাধের দোষী হইয়াছে তাহার সন্দেহ থাকে, তবে সেই সকল অপরাধের এক দণ্ডের বিধান হইলে যে অপরাধের অতিঅল্প দণ্ডের আজ্ঞা হইয়াছে অপরাধির সেই অপরাধের দণ্ড হইবেক।

[একলা কয়েদ।]

১৯। এই আইনমতে যে অপরাধের নিমিত্তে কোন এক প্রকারের কয়েদ হইবার দণ্ড হইতে পারে যখন কোন লোকের সেই অপরাধ সাব্যস্ত হইয়াছে তখন আদালত আপন দণ্ডাজ্ঞাপত্রে এই হুকুম করিতে পারিবেন যে অপরাধির যত কাল কয়েদ হইবার আজ্ঞা হয় তাহার কোন এক কি অধিক অংশ তাহাকে একলা কয়েদ করা যায় কিন্তু সর্ব্বসুদ্ধ ছয় মাসের অধিক না হয় অর্থাৎ একবার এক মাস কিম্বা কোন এক বৎসরের মধ্যে তিন মাস একলা কয়েদ থাকে।

[যে অপরাধের পাঁচ বৎসরপর্য্যন্ত কয়েদ হইবার দণ্ড হইতে পারে এমত অপরাধ কোন লোকের সাব্যস্ত হইলে পর দ্বিতীয়বার সেই অপরাধ সাব্যস্ত হইলে তাহার দণ্ড।]

২০। যদি কোন লোকের এই আইন জারী হইবার পূর্ব্বে কি পরে কোন অপরাধ সাব্যস্ত হইয়াছিল আর তৎকালীন চলিত আইনমতে সেই অপরাধের জন্য সেই লোক পাঁচ বৎসর কি তাহার অধিক কাল কয়েদ হইবার যোগ্য হয়, পরে এই আইনমতে যে অপরাধের জন্য পাঁচ বৎসর কি তাহার অধিক কোন এক প্রকারে কয়েদ থাকিবার দণ্ড হইতে পারে এমত অপরাধ যদি সেই লোকের সাব্যস্ত হয়, তবে সেই লোককে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ করা যাইতে পারিবেক কিম্বা প্রকারান্তরে সে যে দণ্ডের যোগ্য হইত তাহার দ্বিগুণ দণ্ড হইতে পারিবেক। পরন্তু সেই লোক কোন গতিকে চৌদ্দ বৎসরের অধিক কাল কয়েদ হইবার যোগ্য হইবেক না।

৪ অধ্যায়।

সাধারণ বর্জ্জিত কথা।

[আইনমতে বদ্ধ হইয়া, কিম্বা বৃত্তান্তের ভুলক্রমে আপনাকে আইনমতে বদ্ধ জানিয়া, কোন লোক যে ক্রিয়া করে।]

১। কোন লোক যদি আইনমতে কোন ক্রিয়া করিতে বদ্ধ হয়, কিম্বা যদি আইনঘটিত ভুলক্রমে না হইয়া বৃত্তান্তঘটিত ভুলক্রমে সেই কর্ম্ম করিতে আইনমতে বদ্ধ আছে প্রকৃতপ্রস্তাবে এমত বিশ্বাস করে, তবে সেই লোকের সেইরূপ কোন ক্রিয়া অপরাধ নহে।

উদাহরণ।

(ক) রামসিংহনামে এক জন সিপাহী আইনের আদেশানুসারে আপনার উপরিস্থ সেনাপতির হুকুমমতে লোক সমারোহের উপরে বন্দুক ছুড়ে। ইহাতে রামসিংহের অপরাধ নাই।

(খ) কালু নামে আদালতের এক জন আমলা যদুকে গ্রেপ্তার করিতে সেই আদালতহইতে হুকুম পাইয়াছিল। সে উপযুক্তমতে জিজ্ঞাসা করিলে পর রামজয়কে যদু জ্ঞান করিয়া রামজয়কে গ্রেপ্তার করে। ইহাতে কালুর কোন দোষ হয় না।

[Act of Judge when acting judicially.]

2. Nothing is an offence which is done by a Judge when acting judicially in the exercise of any power which is, or which in good faith he believes to be given to him by law.

[Act done by a person justified, or by mistake of fact believing himself justified by law.]

3. Nothing is an offence which is done by any person who is justified by law, or who by reason of a mistake of fact and not by reason of a mistake of law, in good faith, believes himself to be justified by law in doing it.

Illustration.

A sees Z commit what appears to A to be a murder A, in the exercise, to the best of his judgment, exerted in good faith, of the power which the law gives to all persons of apprehending murderers in the fact, seizes Z, in order to bring Z before the proper authorities A has committed no offence, though it may turn out that Z was acting in self defence.

[Accident in the doing of a lawful act.]

4. Nothing is an offence which is done by accident or misfortune and without any criminal intention or knowledge in the doing of a lawful act in a lawful manner by lawful means and with proper care and caution.

Illustration.

A is at a work with a hatchet; the head flies off and kills a man who is standing by. Here, if there was no want of proper caution on the part of A, his act is excusable and not an offence.

[Act likely to cause harm but done without a criminal intent and to prevent other harm.]

5. Nothing is an offence merely by reason of its being done with the knowledge that it is likely to cause harm, if it be done without any criminal intention to cause harm, and in good faith for the purpose of preventing or avoiding other harm to person or property.

Explanation.—It is a question of fact in such a case whether the harm to be prevented or avoided was of such a nature and so imminent as to justify or excuse the risk of doing the act with the knowledge that it was likely to cause harm.

Illustrations.

(*a*) A, the Captain of a Steam Vessel, suddenly and without any fault or negligence on his part, finds himself in such a position that, before he can stop his vessel, he must inevitably run down a boat B with 20 or 30 passengers on board, unless he changes the course of his vessel, and that, by changing his course, he must incur risk of running down a boat C with only 2 passengers on

[বিচার করিবার সময়ে বিচারকর্ত্তার কার্য্য।]

২। বিচারকর্ত্তাকে আইনমতে যে ক্ষমতা দেওয়া যায় কিম্বা তাঁহাকে আইনমতে দেওয় গিয়াছে ইহা প্রকৃতপ্রস্তাবে বিশ্বাস করেন, সেই ক্ষমতামতে যখন তিনি বিচারসম্পর্কে কোন কর্ম্ম করেন তখন তাঁহার সেইরূপ কোন কর্ম্ম অপরাধ হয় না।

[আইনমতে নির্দ্দোষ হইয়া কিম্বা বৃত্তান্তের ভুলক্রমে আপনাকে আইনমতে নির্দ্দোষ জানিয়া কোন লোক যে ক্রিয়া করে।]

৩। কোন লোক যদি কোন ক্রিয়া করিলে আইনমতে নির্দ্দোষ হয় কিম্বা আইনঘটিত ভুলক্রমে না হইয়া বৃত্তান্তঘটিত ভুলক্রমে সেই কর্ম্ম করিলে নির্দ্দোষ হয় প্রকৃতপ্রস্তাবে এমত বিশ্বাস করে, তবে সেই লোকের সেইরূপ ক্রিয়া অপরাধ হয় না।

উদাহরণ।

যদু কোন কর্ম্ম করিতেছে। কিন্তু কালু বোধ করে যে যদু কোন লোককে খুন করিতেছে। যে জন খুন করে তাহাকে গ্রেফ্তার করিতে আইনমতে সকল লোককে ক্ষমতা দেওয়া গেল, অতএব কালু প্রকৃতপ্রস্তাবে আপন বিবেচনার সাধ্যমতে সেই ক্ষমতাক্রমে কার্য্য করিয়া উপযুক্ত কার্য্যকারকেরদের নিকটে আনিবার জন্যে যদুকে গ্রেফ্তার করে। পরে দেখা গেল যে যদু সেই কর্ম্মেতে কেবল আত্মরক্ষা করিতেছিল। ইহাতে কালুর কোন অপরাধ হয় না।

[ন্যায্য ক্রিয়া করিবার সময়ে দৈবঘটনা।]

৪। উপযুক্ত মনোযোগ করিয়া ও সতর্ক হইয়া কোন লোকের ন্যায্য ক্রিয়া ন্যায্যমতে ন্যায্য উপায়ে করিবার সময়ে তাহার অপরাধঘটিত কোন অভিপ্রায় কি জ্ঞান বিনা দৈবঘটনায় কি অদৃষ্টক্রমে বিপদ ঘটে ইহাতে সেই লোকের অপরাধ হয় না।

উদাহরণ।

কালু কুড়ালি লইয়া কাষ্ট চিরিতেছে এমন সময়ে কুড়ালি খসিয়া যাওয়াতে নিকট এক জনের হত্যা হয়। এমন স্থলে যদি কালুর উচিতমতে সতর্ক থাকিবার কিছু ত্রুটি না হইয়া থাকে তবে তাহার সেই ক্রিয়ার ক্ষমা হইতে পারিবেক। সে অপরাধ নয়।

[যে ক্রিয়াতে অপকার হইতে পারে তাহা অপরাধঘটিত অভিপ্রায়ে না করা গেলে ও অন্য অপকার নিবারণের জন্যে করা গেলে।]

৫। যদি কোন ক্রিয়া অপকার করিবার অপরাধঘটিত কোন অভিপ্রায়ে করা যায় না ও প্রকৃতপ্রস্তাবে কোন লোকের কি সম্পত্তির অপকার নিবারণের জন্যে কি অপকার না হয় এই জন্যে করা যায়, তবে সেই ক্রিয়াতে অপকারের সম্ভাবনা জানিয়া করা গিয়াছিল কেবল এই কারণে সেই ক্রিয়া অপরাধ হয় না।

ব্যাখ্যা।—এমত স্থলে বৃত্তান্তঘটিত এই জিজ্ঞাসা উঠে। যে অপকার নিবারণ করিতে কি এড়াইতে হয় তাহা কি এমন গুরুতর কি এমন সন্নিকট যে অন্য অপকার যে ক্রিয়াতে ঘটিবার সম্ভাবনা সেই ক্রিয়া করিলেও দোষ হয় না কি তাহার ওজর গ্রাহ্য হয়।

উদাহরণ।

(ক) কলের জাহাজ চলিতেছে এমত সময়ে কাপ্তেন সাহেব হঠাৎ আপনার কোন দোষ কি ত্রুটি না থাকিলেও দেখেন যে সম্মুখ এক ভাউলিয়াতে ২০। ৩০ জন আরোহী আছে আর তাহারদের মগ্ন হওয়া যাহাতে বারণ হইতে পারে জাহাজের গতি এমন শীঘ্র রোধ করা যাইতে পারে না। তাহারদের রক্ষার কেবল এই এক উপায় যে জাহাজের মুখ ফিরাণ। কিন্তু তাহা করিলেও একখান পান্সি মারা পড়িতে পারে তাহাতেও দুই জন আরোহী

board, which he may possibly clear. Here, if A alters his course without any intention to run down the boat C and in good faith for the purpose of avoiding the danger to the passengers in the boat B, he is not guilty of an offence, though he may run down the boat C by doing an act which he knew was likely to cause that effect, if it be found as a matter of fact that the danger which he intended to avoid was such as to excuse him in running the risk of running down C.

(*b*) A in a great fire pulls down houses in order to prevent the conflagration from spreading. He does this with the intention and good faith of saving human life or property. Here, if it be found that the harm to be prevented was of such a nature and so imminent as to excuse A's act, A is not guilty of the offence.

[Act done pursuant to the judgment or order of a Court of Justice.]

6. Nothing which is done in pursuance of, or which is warranted by the judgment or order of a Court of Justice, if done whilst such judgment or order remains in force, is an offence, notwithstanding the Court may have had no jurisdiction to pass such judgment or order, provided the person doing the act, in good faith, believes that the Court had such jurisdiction.

[Act of a child under 7 years of age.]

7. Nothing is an offence which is done by a child under seven years of age.

[Act of a child above 7 and under 12 years of age who has not sufficient maturity of understanding.]

8. Nothing is an offence which is done by a child above seven years of age and under twelve, who has not attained sufficient maturity of understanding to judge of the nature and consequences of his conduct on that occasion.

[Act of a person of unsound mind.]

9. Nothing is an offence which is done by a person who, at the time of doing it, by reason of unsoundness of mind, is incapable of knowing the nature of the act, or that he is doing what is either wrong, or contrary to law.

[Act of a person incapable of judgment by reason of intoxication caused against his will.]

10. Nothing is an offence which is done by a person who, at the time of doing it, is, by reason of intoxication, incapable of knowing the nature of the act, or that he is doing what is either wrong, or contrary to law; provided that the thing which intoxicated him was administered to him without his knowledge or against his will.

[A particular intent when part of an offence may be presumed when the offender is intoxicated, unless he has been made so against his will.]

11. In cases where an act done is not an offence unless done with a particular knowledge or intent, the same presumption of knowledge or in-

তথাপি পান্সি বাঁচিলেও বাঁচিতে পারে। এই স্থলে যদি কাপ্তান সাহেব প্রকৃতপ্রস্তাবে জাহাজির লোকেরদের প্রাণ রক্ষা করিবার জন্যে ও পান্সি মগ্ন করিবার কিছু মনস্থ না করিয়া জাহাজের মুখ ফিরান তবে সেই ক্রিয়াতে পান্সি নষ্ট হইতে পারে জানিয়াও তিনি যদিও সেই ক্রিয়াতে পান্সি নষ্ট করেন তথাপি যে অপকার নিবারণ করিতে তাঁহার অভিপ্রায় ছিল তাহা বুঝিয়া যদি পান্সি নষ্ট করিবার সম্ভব ক্রিয়া করিলেও ওজর হইতে পারে তবে কাপ্তান সাহেবের অপরাধ হয় না।

(খ) বড় আগুন লাগিয়াছে আর সে আগুন অধিক বাড়িয়া না যায় এই কারণে কালু কএকখান ঘর ভাঙ্গিয়া ফেলে। সে প্রকৃতপ্রস্তাবে লোকেরদের প্রাণ ও মাল রক্ষা করিবার অভিপ্রায়ে সেই কর্ম্ম করে। এই স্থলে যে অপকার নিবারণের অভিপ্রায় ছিল তাহা অতিগুরু ও সন্নিকট বিবেচনায় যদি কালুর ক্রিয়ার জন্যে ওজর হইতে পারে তবে কালুর অপরাধ হয় না।

[আদালতের ডিক্রী কি হুকুমমতে যে ক্রিয়া করা যায়।]

৬। আদালতের ডিক্রী কি হুকুম অনুসারে কিম্বা তাহার লিখিত কথাক্রমে কোন ক্রিয়া যদি সেই ডিক্রী কি হুকুম বলবৎ থাকিবার সময়ে করা যায় তবে তাহা অপরাধ নহে। যদিও সেই ডিক্রী কি হুকুম করিতে সেই আদালতের ক্ষমতা ছিল না তথাপি যে লোক ঐ ক্রিয়া করিয়াছিল তাহার প্রকৃতপ্রস্তাবে যদি এই বিশ্বাস ছিল যে সেই আদালতের সেই ক্ষমতা আছে তবে তাহার অপরাধ হয় না।

[সাত বৎসরের কম বয়সের বালকের ক্রিয়া।]

৭। সাত বৎসরের কম বয়সের বালক যে ক্রিয়া করে তাহা অপরাধ নহে।

[সাত বৎসরের অধিক ও ১২ বৎসরের কম বয়সের যে বালকের বুদ্ধি অপক্ক আছে তাহার ক্রিয়া।]

৮। সাত বৎসরের অধিক ও বারো বৎসরের কম বয়সের বালক যদি কোন অপরাধ করে কিন্তু সেই সময়ে তাহার সেই কর্ম্মের ভাব ও ফলাফল বুঝিবার জন্যে তাহার বুদ্ধি উপযুক্তমতে পাকা হয় নাই তবে তাহার অপরাধ হয় না।

[ক্ষিপ্ত লোকের ক্রিয়া।]

৯। কোন ব্যক্তি কোন অপরাধ করে কিন্তু তাহা করিবার সময়ে তাহার মনের অস্বাস্থ্যপ্রযুক্ত সে ঐ ক্রিয়ার ভাব বুঝিতে পারে না আর দোষ করিতেছে কি আইনের বিপরীত কর্ম্ম করিতেছে ইহা জানিতে পারে না তবে সেই ব্যক্তির কোন ক্রিয়া অপরাধ হয় না।

[কোন ব্যক্তির আপন ইচ্ছার বিপরীতে নেশা হইয়া বিচার করিতে না পারিয়া যে ক্রিয়া করে।]

১০। কোন ব্যক্তি যে সময়ে কোন ক্রিয়া করে সেই সময়ে যদি তাহার নেশা হওয়াপ্রযুক্ত সে আপন ক্রিয়ার ভাব বুঝিতে পারে না কিম্বা দোষ করিতেছে কি আইনের বিপরীত কর্ম্ম করিতেছে ইহা জানিতে পারে না তবে তাহার সেই ক্রিয়া অপরাধ নহে। পরন্তু ইহাতে প্রয়োজন যে, যে দ্রব্য সেবন করিয়া তাহার নেশা হইয়াছিল সেই দ্রব্য তাহার অজ্ঞাতসারে কি ইচ্ছার বিপরীতে তাহাকে দেওয়া যায়।

[যে স্থলে অপকার করিবার পূর্ব্ব মনস্থ না হইলে অপরাধ হয় না এমত স্থলে সেই অপরাধ কেহ নেশা হইয়া করিলে যদি তাহার অনিচ্ছামতে নেশা না হয় তবে তাহার সেই পূর্ব্ব মনস্থ বোধ হইবেক।]

১১। যদি কোন ক্রিয়া বিশেষ জ্ঞান কি পূর্ব্ব মনস্থ না হইলে অপরাধ হয় না তবে নেশা হইয়া কোন ব্যক্তি সেই কর্ম্ম করিলে তাহার নেশা না হইয়া ঐ

tent shall be made against a person doing the act in a state of intoxication, as would have been made if he had not been intoxicated, unless the thing which intoxicated him was administered to him without his knowledge or against his will.

[Act not intended and not known to be likely to cause death or grievous hurt done by consent.]

12. Nothing which is not intended to cause death, or grievous hurt, and which is not known by the doer to be likely to cause death, or grievous hurt, is an offence by reason of any harm which it may cause, or be intended by the doer to cause, to any person above eighteen years of age, who has given consent, whether express or implied, to suffer that harm; or by reason of any harm which it may be known by the doer to be likely to cause to any such person who has consented to take the risk of that harm

Illustration.

A and Z agree to fence with each other for amusement. This agreement implies the consent of each to suffer any harm which, in the course of such fencing, may be caused without foul play; and if A, while playing fairly, hurts Z, A commits no offence.

[Act not intended to cause death done by consent in good faith for the benefit of a person.]

13. Nothing, which is not intended to cause death, is an offence by reason of any harm which it may cause, or be intended by the doer to cause, or be known by the doer to be likely to cause, to any person for whose benefit it is done in good faith, and who has given a consent, whether express or implied, to suffer that harm, or to take the risk of that harm.

Illustration

A, a surgeon, knowing that a particular operation is likely to cause the death of Z, who suffers under a painful complaint, but not intending to cause Z's death, and intending, in good faith, Z's benefit, performs that operation on Z, with Z's consent, A has committed no offence.

[Act done in good faith for the benefit of a child or person of unsound mind by or by consent of guardian. Provisoes.]

14. Nothing which is done in good faith for the benefit of a person under twelve years of age, or of unsound mind, by or by consent of the guardian or other person having lawful charge of that person, is an offence by reason of any harm which it may cause, or be intended by the doer to cause, or be known by the doer to be likely to cause, to that person: Provided—

First. That this exception shall not extend to the intentional causing of death, or to the attempting to cause death:

Secondly. That this exception shall not extend to the doing of any thing which the person doing

কর্ম্ম করিবার মতে তাহার সেই জ্ঞান কি মনস্থ বোধ হইবেক। কিন্তু যে দ্রব্যেতে তাহার নেশা হইয়াছে সেই দ্রব্য যদি তাহার অজ্ঞাতসারে কি তাহার ইচ্ছার বিপরীতে তাহাকে সেবন করাণ গিয়াছিল তবে তদ্রূপ বোধ হইবেক না।

[যে ক্রিয়াতে মৃত্যু কি ভারি আঘাত হইবার অভিপ্রায় না থাকে ও মৃত্যুপ্রভৃতি হইবার সম্ভাবনা জানা যায় না এমত ক্রিয়া সম্মতিক্রমে করা গেলে।]

১২। যদি কোন ক্রিয়া করিয়া হত্যা করিবার কি ভারি আঘাত করিবার অভিপ্রায় না থাকে ও তাহাতে হত্যা কি ভারি আঘাত হইবার সম্ভাবনা ইহা ঐ ক্রিয়াকারী জানিত না তবে তাহাতে যে কিছু অপকার হয় কিম্বা হইবার সেই ক্রিয়াকারির অভিপ্রায় থাকে সেই অপকার আঠার বৎসরের ঊর্দ্ধ বয়সের কোন ব্যক্তি স্পষ্টরূপে কি ভাবতঃ ভোগ করিতে স্বীকার করিলে তৎপ্রযুক্ত ঐ ক্রিয়াকারির অপরাধ হয় না। কিম্বা যদি ঐ ক্রিয়াকারী জানে যে তাহাতে অপকার হইবার সম্ভাবনা কিন্তু তদ্রূপ কোন ব্যক্তি সেই অপকার স্বীকার করে তবে সেই অপকারপ্রযুক্ত ঐ ক্রিয়াকারির অপরাধ হয় না।

উদাহরণ।

কালু ও যদু অস্ত্রখেলা করিতে ঐক্যবাক্য হয়। এমত সম্মতিতেই জানা গেল যে দুই জন ন্যায্যমতে খেলা করিতে২ কাহার কিছু অপকার হইলে তাহা স্বীকার করে, আর কালু ন্যায্যমতে খেলা করিতে২ যদি যদুকে আঘাত করে তবে কালুর কোন অপরাধ হয় না।

[যে ক্রিয়া হত্যা করিবার অভিপ্রায়ে নয় কিন্তু অনুমতি লইয়া প্রকৃতপ্রস্তাবে লোকের উপকারের জন্যে করা যায় সেই ক্রিয়া।]

১৩। যদি কোন ক্রিয়াতে মৃত্যু হইবার অভিপ্রায় না থাকে কিন্তু যে ব্যক্তির উপকারের জন্যে তাহা প্রকৃতপ্রস্তাবে করা যায় সেই ব্যক্তি যদি তাহাতে কিছু অপকার স্বীকার করিতে কিম্বা সেই অপকারে যে ফলের আশঙ্কা হয় তাহা স্বীকার করিতে স্পষ্টরূপে কি ভাবতঃ সম্মত হইয়া থাকে তবে সেই ক্রিয়াতে তাহার যে অপকার হয় কিম্বা সেই ক্রিয়াকারির যে অপকার করিবার অভিপ্রায় হয় কি যে অপকার হইবার সম্ভাবনা হয় এমত অপকারপ্রযুক্ত সেই ক্রিয়া অপরাধ হয় না।

উদাহরণ।

যদু নামে এক জন রোগেতে অত্যন্ত যাতনা পাইতেছে কালু নামে এক জন চিকিৎসক জানে যে তাহার অস্ত্র চিকিৎসা করিলে অত্যন্ত যাতনা হইবেক তাহার মৃত্যুও হইবার সম্ভাবনা। কিন্তু যদুকে মারিয়া ফেলিবার অভিপ্রায়ে নয় বরং প্রকৃতপ্রস্তাবে তাহার উপকারের মানসে তাহার অনুমতি লইয়া কালু অস্ত্র চিকিৎসা করে। ইহাতে কালুর অপরাধ হয় না।

[বালকের কি ক্ষিপ্ত লোকের রক্ষকের দ্বারা কি সম্মতিপূর্ব্বক যে ক্রিয়া করা যায়। বর্জ্জিত বিধি।]

১৪। বারো বৎসরের কম বয়সের বালকের কি অসুস্থমনা লোকের প্রকৃতপ্রস্তাবে উপকারের জন্যে তাহার রক্ষকের দ্বারা কি সে লোক আইনমতে যাহার জিম্মায় থাকে তাহার দ্বারা কি তাহার সম্মতিতে যে কোন ক্রিয়া করা যায় সেই ক্রিয়াতে সেই লোকের যে অপকার হয়, কিম্বা সেই ক্রিয়াকারির যে অপকার করিবার অভিপ্রায় ছিল কিম্বা সেই ক্রিয়াকারী যে অপকার হইবার সম্ভাবনা জানিয়াছিল তৎপ্রযুক্ত সেই ক্রিয়া অপরাধ হয় না। পরন্তু ইহাতে এই২ কথা মানিতে হইবেক।

প্রথম। মারিয়া ফেলিবার মানস থাকিলে কি মারিয়া ফেলিবার উদ্যোগ হইলে তাহার উপর এই বর্জ্জিত কথা খাটে না।

দ্বিতীয়। কোন ক্রিয়া করিলে মরণ হইবার সম্ভাবনা জানিয়াও কোন ব্যক্তি মরণ কি ভারি আঘাত নিবারণের

it knows to be likely to cause death, for any purpose other than the preventing of death or grievous hurt; or the curing of any grievous disease or infirmity.

Thirdly. That this exception shall not extend to the voluntary causing of grievous hurt, or to the attempting to cause grievous hurt, unless it be for the purpose of preventing death or grievous hurt, or the curing of any grievous disease or infirmity.

Fourthly. That this exception shall not extend to the abetment of any offence, to the committing of which offence it would not extend.

Illustrations.

(*a*) A, a parent, whips his child moderately, for the child's benefit. A is within the exception, and therefore has committed no offence.

(*b*) A, in good faith, for his daughter's benefit, intentionally kills her to prevent her from falling into the hands of Pindarries. A is not within the exception, and is therefore guilty of an offence.

(*c*) A, in good faith, for his child's benefit, without his child's consent, has his child cut for the stone by a surgeon, knowing it to be likely that the operation will cause the child's death, but not intending to cause the child's death. A is within the exception, inasmuch as his object was the cure of the child.

[To be continued.]

জন্যে কিম্বা কোন ভারি রোগ কি দুর্ব্বলতা দূর করিবার জন্যে না হইয়া অন্য কোন অভিপ্রায়ে সেই ক্রিয়া করিলে তাহার উপর এই বর্জ্জিত কথা খাটিবেক না।

তৃতীয়। মরণ কি ভারি আঘাত নিবারণের কিম্বা কোন ভারি রোগ কি দুর্ব্বলতা দূর করিবার অভিপ্রায় না হইয়া অন্য অভিপ্রায়ে জানিয়াশুনিয়া ভারি আঘাত করা গেলে কি ভারী আঘাতের উদ্যোগ করা গেলে সেই ক্রিয়ার উপর এই বর্জ্জিত কথা খাটিবেক না।

চতুর্থ। যে অপরাধ করণের উপর এই বর্জ্জিত কথা খাটে না এমত অপরাধের সহায়তার উপর এই বর্জ্জিত কথা খাটিবেক না।

উদাহরণ।

(ক) পিতা সন্তানের মঙ্গলের নিমিত্তে তাহাকে সামান্যরূপে প্রহার করে। ঐ পিতার উপর বর্জ্জিত কথা খাটিবেক। তাহার অপরাধ হয় না।

(খ) কোন লোকের কন্যা ডাকাইতেরদের হাতে পড়িবেক এই আশঙ্কায় সে আপন কন্যার মঙ্গলের জন্য তাহাকে জানিয়াশুনিয়া মারিয়া ফেলে। ঐ লোকের উপর এই বর্জ্জিত কথা খাটে না। সে অপরাধী হয়।

(গ) কোন বালকের অশ্মরী রোগ হইয়াছে। পিতা জানে যে অস্ত্র চিকিৎসা করিলে বালক মরিতে পারে। তথাপি সেই মানস না করিয়া বালকের মঙ্গলের নিমিত্তে সেই পিতা বালকের অনুমতি বিনা চিকিৎসকের দ্বারা সেই চিকিৎসা করায়। বালককে আরোগ্য করা পিতার অভিপ্রায় অতএব তাহার উপর ঐ বর্জ্জিত কথা খাটে।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 3.

To the Criminal Authorities in the Lower Provinces.

I am directed by the Court to draw your particular attention to the provisions of Section III. of Act XXXVIII. of 1850.

2. The Section declares who may be employed as Agents, either on the part of a prosecutor or defendant in a Criminal trial; and provides that when such Agent is neither an Advocate of one of the Supreme Courts of Judicature, nor an authorised Pleader of the Civil Courts of the East India Company, that person only shall be deemed an authorised Agent within the meaning of the Act, who, *by leave of the Court, Magistrate, or other person* before whom the prisoner is on trial, is employed by the prosecutor or prisoner as his Agent.

3. The Court are of opinion that this Act clearly vests the Criminal Authorities with the power of refusing leave *in any case* to persons who, in their opinion, are not qualified to act as Agents for either prosecutors or prisoners; and that if this power is used with proper discrimination, and with the view of excluding from practice those persons who are known to be ignorant of Law, or of doubtful character, it may be made indirectly the means of improving the present class of per-

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের আজ্ঞামতে তোমাকে ১৮৫০ সালের ৩৮ আইনের ৩ ধারার বিধিতে বিশেষমতে মনোযোগ করাইতেছি।

২। ফৌজদারী মোকদ্দমাতে যাহারদিগকে ফরিয়াদীর কি আসামীর তরফে মোখ্তারস্বরূপ নিযুক্ত করা যাইতে পারিবেক তাহারদের কথা সেই ধারাতে ব্যক্ত হইয়াছে। ও তাহাতে এই বিধি হইয়াছে যে, সেইরূপ মোখ্তার যদি কোন সুপ্রিম কোর্টের আডবোকেট না হন, কিম্বা কোম্পানি বাহাদুরের দেওয়ানী আদালতের ক্ষমতাপ্রাপ্ত উকীল না হন, তবে আদালতের কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের অথবা অন্য যে কোন ব্যক্তির সম্মুখে আসামীর বিচার হয় তাঁহার অনুমতিক্রমে যে কোন ব্যক্তি ফরিয়াদীর কিম্বা আসামীর দ্বারা আপন মোখ্তারস্বরূপ নিযুক্ত হয় কেবল সেই ব্যক্তি এই আইনের অর্থের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত মোখ্তারস্বরূপ জ্ঞান হইবেক।

৩। সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে এই আইনেতে ফৌজদারীর কার্য্যকারক সাহেবদিগকে অতি স্পষ্টরূপে এই ক্ষমতা দেওয়া গিয়াছে যে, তাঁহারা যাহারদিগকে আসামীরদের কি ফরিয়াদীরদের নিমিত্তে মোখ্তারস্বরূপে কার্য্য করিতে অনুপযুক্ত বোধ করেন তাহারদিগকে যে কোন স্থলে হউক অনুমতি দিতে অস্বীকার করিতে পারিবেন। আর যদি সেই ক্ষমতামতে উপযুক্ত বিবেচনাপূর্ব্বক কার্য্য করেন অর্থাৎ যাহারা আইন ভালমতে জানে না কি যাহারদের চরিত্রের সন্দেহ থাকে তাহারদিগকে মোখ্তারী করিতে নিবারণ

sons who attach themselves to the Criminal Courts as Mookhtears, or Legal Advisers, by inducing them to cultivate those qualifications of professional knowledge and integrity of character, which such practitioners should possess.

করিবার অভিপ্রায়ে কার্য্য করেন, তবে এইক্ষণে যে সকল লোক মোখ্তাররূপে, কি আইন বিষয়ের পরামর্শদায়করূপে ফৌজদারী আদালতে বর্ত্তমান হইয়া থাকে সেই লোকেরদের যোগ্য করণের যেং গুণ অর্থাৎ কর্ম্মসম্পর্কীয় জ্ঞান ও চরিত্রের নিষ্কলঙ্কতারূপ যেং গুণ ঐ কর্ম্মের লোকেরদের থাকা উচিত সেইং গুণ বৃদ্ধি করিবার উপায় হয়। তাহাতে তাহারা ক্রমেং আরো উত্তম লোক হইয়া উঠিবেক।

4. The Court believe that there is, in every Mofussil Court, a certain number of the practising Mookhtears, who may be considered generally competent to perform the duties required of them; and if the agency of cases is restricted to such persons, or if those, at least, of bad character or inferior attainments, be not allowed either to conduct the prosecution or defence in Criminal trials, not only will the deserving receive the encouragement due to their professional merits, but the practice will conduce to future good behaviour, and act as a stimulus to others to procure for themselves enrolment in the privileged class, thereby holding forth prospects to persons of respectability and attainment, which the profession of Mookhtear does not at the present moment possess.

৪। সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে, আপনারদের কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিতে যাহারদিগকে সাধারণমতে ক্ষমতাপন্ন জ্ঞান হইতে পারে মোখ্তারী কর্ম্মকারি এমত কএক জন মফঃসলের প্রত্যেক আদালতে আছে। আর যদি মোকদ্দমায় মোখ্তারী করিবার অনুমতি কেবল সেইরূপ লোকদিগকে দেওয়া যায়, অথবা যাহারা কুচরিত্রের কি অল্প নৈপুণ্যের লোক হয় তাহারদিগকে যদি ফৌজদারী মোকদ্দমায় আসামীর কি ফরিয়াদীর তরফে মোকদ্দমার তদবীর করিবার অনুমতি না দেওয়া যায়, তবে যাহারা যোগ্য হয় তাহারা আপনারদের কর্ম্মদক্ষতার উপযুক্ত উৎসাহ পাইবেক। তদ্ভিন্ন সেই রীতিতে উত্তর কালে সদাচার জন্মাইবার উপায় হইবেক ও অন্য লোকেরা ঐ অনুগ্রহপ্রাপ্ত লোকেরদের মধ্যে গণ্য হইবার উদ্যোগ করিতে উৎসাহ পাইবেক। তাহাতে সম্ভ্রান্ত ও নিপুণ লোকেরদের আশা জন্মিতে পারে। যাহারা মোখ্তারী কর্ম্ম করে তাহারদের এইক্ষণে তাহা নাই।

5. The Court request that the Sessions Judges, and the Magistrates through them, will, at the close of the current year, submit a Report of the steps taken, or the system adopted by them, respectively, for giving effect to the present instructions of the Court.

(Signed) A. W. Russell,
Register.

Fort William, the 20th February, 1857.

৫। আদালতের সাহেবেরা আদেশ করেন যে তাহারদের এই উপদেশ সফল করিবার জন্যে সেশন জজ সাহেবেরা ও মাজিস্ট্রেট সাহেবেরা যে উপায় করেন ও যে নিয়মমতে কার্য্য করেন তাহার রিপোর্ট বর্ত্তমান বৎসরের শেষে সেশন জজ সাহেবেরা ও তাঁহারদের দ্বারা মাজিস্ট্রেট সাহেবেরা অর্পণ করেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২০ ফেব্রুআরি।

No. 4.

To the Magistrates and Joint Magistrates in the Lower Provinces.

With reference to the accompanying Extract (paragraphs 3 and 4) of a letter from the Government of Bengal, No. 2564, dated the 27th of September last, I am directed by the Court to request that you will favor them with your opinion, as to whether any and what alterations in your Cutcherry are necessary to carry out efficiently the objects Government has in view.

(Signed) A. W. Russell,
Register.

Fort William, the 20th February, 1857.

৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিস্ট্রেট ও জাইণ্ট মাজিস্ট্রেট সাহেব বরাবরেষু।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের গত সেপ্টেম্বর মাসের ২৭ তারিখের ২৫৬৪ নম্বরের পত্রহইতে গৃহীত নীচের লিখিত ৩ ও ৪ দফার উপলক্ষে সদর আদালতের আজ্ঞামতে আদেশ করিতেছি যে গবর্ণমেণ্টের অভিপ্রায় সফলরূপে সিদ্ধ করিবার জন্যে তোমার কাছারীতে কোন বিষয়ের পরিবর্ত্ত করা আবশ্যক কি না ও আবশ্যক হইলে যে রূপ পরিবর্ত্তন করা আবশ্যক তদ্বিষয়ের তোমার মত তাঁহারদিগকে জ্ঞাত কর।

এ ডবলিউ রসেল।
রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২০ ফেব্রুআরি।

Extract, Paragraphs 3 and 4, of a Letter from the Government of Bengal, No. 2564, dated the 27th of September, 1856.

3. It would also, in the Lieutenant-Governor's opinion, tend much to the outward decorum of the proceedings in the Magistrates' Offices, if the Court would issue some general instructions regarding the proper arrangement of the Magistrates' Bench and Court Room, so that there might be a more uniform plan for the positions to be assigned to the plaintiff, the defendant, the wit-

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ১৮৫৬ সালের ২৭ সেপ্টেম্বর তারিখের ২৫৬৪ নম্বরের পত্রহইতে গৃহীত ৩ ও ৪ দফা।

৩। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বোধ করেন যে, মাজিস্ট্রেট সাহেবেরদের সকল আদালতের মধ্যে ফরিয়াদী ও আসামী ও সাক্ষী ও আমলা ও মোখ্তার ও যাহারা কেবল দেখিতে শুনিতে যায় তাহারদের বসিবার একি প্রকারের নিয়ম যাহাতে হয় মাজিস্ট্রেট সাহেবের বিচারাসন ও কাছারী ঘর উপযুক্তমতে সাজাইবার এমত কোন সাধারণ উপদেশ যদি সদর আদালতের সাহেবেরা জারী করেন তবে মাজিস্ট্রেট সাহেবেরদের কাছারিতে কার্য্য

nesses, the omlah, the mookhtears, and the mere spectators in the Court. These matters are now left to be regulated by the pleasure of the presiding Officer; and the Lieutenant-Governor has observed that, in general, too much space around the Magistrate is occupied by the omlah, whilst no certain or sufficient accommodation is provided for the mookhtears, who ought to be treated with such respect as the better class of men, whom alone, it is now proposed to admit into the Courts, may be entitled to receive.

4. The Court Rooms are in general large and well suited to their purpose, and the slight expense to be incurred in effecting the necessary changes may probably be passed by the Session Judges in the Magistrates' Contingent Bills.

(True Extract)

R. Stuart,
Assistant Register.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 16th March, 1857.

Baboo Shibpershad Sing, Moonsiff of Kendraparah, to be Moonsiff of Dhumnagur, and Baboo Bissumber Biddiabhoosun, Moonsiff of Dhumnagur, to be Moonsiff of Kendraparah, Zillah Cuttack.

Moonshee Nadir Hossein, to officiate as Moonsiff of Trimohonee, Zillah Jessore.

The 18th March 1857.

Moonshee Keramut Ali, to officiate as Moonsiff of Doobrajpore, Zillah Beerbhoom.

LEAVES OF ABSENCE.

The 13th March, 1857.

Syud Abdoollah, Moonsiff of Jehanabad, Zillah Hooghly, from the 10th to the 12th instant.

Baboo Gunga Churn Sircar, Moonsiff of Hanskhalee, Zillah Nuddea, from 9th to the 14th instant.

The 16th March, 1857.

Moulvie Seedik Ahmud, Moonsiff of Trimohonee, Zillah Jessore, for one month and a half.

Baboo Shibpershad Sing, Moonsiff of Kendraparah, Zillah Cuttack, for two weeks.

Moulvie Ghollam Rubbany, Moonsiff of Keerpoy, Zillah Hooghly, for two weeks.

Moulvie Abdool Roof, Moonsiff of Hathazaree, Zillah Chittagong, for one week, in extension of that granted on the 6th ultimo.

The 18th March, 1857.

Baboo Deenonath Chatterjee, Moonsiff of Doobrajpore, Zillah Beerbhoom, for one month, from the 13th instant.

A. W. Russell, *Register.*

[*Government Gazette*, 24*th March*, 1857.]

করিবার দৃষ্টতঃ অধিক সুধারা হইতে পারিবেক। এইরূপে সেই সকল কার্য্যের নিয়ম মাজিষ্ট্রেট সাহেবের ইচ্ছামতে করা যায়। আর শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব দেখিতে পাইয়াছেন যে মাজিষ্ট্রেট সাহেবের চারি দিগে যে স্থান থাকে তাহা প্রায়ই আমলারদিগেতে যোড়া হয় আর মোখ্তারেরদের জন্যে কোন নিরূপিত কি প্রচুর স্থান থাকে না। এইরূপে কেবল উত্তম প্রকারের লোকদিগকে আদালতে মোখ্তারী কর্ম্ম করিতে অনুমতি দিবার প্রস্তাব হইতেছে, অতএব সেই প্রকারের লোকেরা যেরূপ আদরের যোগ্য বটেন তাঁহারদের প্রতি তদ্রূপে সম্ভ্রমপূর্ব্বক ব্যবহার করা উচিত।

৪। প্রায় সকল স্থানের কাছারী ঘর বড় আছে ও কাছারীর কর্ম্মের নিমিত্তে অত্যুপযুক্ত ও আবশ্যকমতে পরিবর্ত্তন করিতে যে অল্প খরচ লাগিবেক তাহা মাজিষ্ট্রেট সাহেবেরদের বাজে খরচের বিলের মধ্যে লিখিতে সেশন জজ সাহেবেরা অনুমতি করিলে করিতে পারিবেন।

যথার্থ নকল।

আর ষ্টুআর্ট।
আসিষ্টান্ট রেজিষ্টর।

John Robinson, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৬ মার্চ।

জিলা কটকে কেন্দ্রপাড়ার মুনসেফ শ্রীযুত বাবু শিবপ্রসাদ সিংহ ধূমনগরের মুনসেফ হইবেন ও ধূমনগরের মুনসেফ শ্রীযুত বাবু বিশ্বম্ভর বিদ্যাভূষণ কেন্দ্রপাড়ার মুনসেফ হইবেন।

শ্রীযুত মুনশী নাদির হুসেন জিলা যশোহরের ত্রিমোহনীর মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ১৮ মার্চ।

শ্রীযুত মুনশী কিরামৎ আলী জিলা বীরভূমের দুবরাজপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৩ মার্চ।

জিলা হুগলীর জাহানাবাদের মুনসেফ শ্রীযুত সৈয়দ আবদুল্লা বর্ত্তমান মাসে ১০ তারিখঅবধি ১২ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার হাঁসখালির মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সরকার বর্ত্তমান মাসের ৯ তারিখঅবধি ১৪ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৬ মার্চ।

জিলা যশোহরের ত্রিমোহনীর মুনসেফ শ্রীযুত মৌলবী সীদিক আহমদ দেড় মাসের ছুটী পাইয়াছেন।

জিলা কটকের কেন্দ্রপাড়ার মুনসেফ শ্রীযুত বাবু শিবপ্রসাদ সিংহ দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা হুগলীর ক্ষীরপাইয়ের মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম রব্বানি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁয়ের হাটহাজারীর মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল রুফ গত মাসের ৬ তারিখে যে ছুটী পান তাহার অধিক এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৮ মার্চ।

জিলা বীরভূমের দুবরাজপুরের মুনসেফ শ্রীযুত বাবু দীননাথ চাটুয্যা বর্ত্তমান মাসের ১৩ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

RECEIVED

From the Collectorate of Bhaugulpore a Sale Notice, dated 19th March ; the land in question is to be sold on the 6th April.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

LOST.

An unindorsed Bank of Bengal Sola Bill, No. 679, dated 24th December, 1856, for Co.'s Rs. 10,000 payable to me or order, payment of which has been stopt at the Bank. Whoover will bring the same at No. 8, Lyon's Range, will be rewarded by Ramdhone Ghose.

হারাণ গেল।

বাঙ্গাল বেঙ্কের ১০,০০০৲ টাকার বাবৎ ১৮৫৬ সালের ২৪ ডিসেম্বর তারিখের ৬৭৯ নম্বরের সোলার এক হুণ্ডী হারাণ গিয়াছে। ঐ টাকা আমাকে কিম্বা আমার হুকুমমতে দেনা হয় কিন্তু তাহা ওার্স হয় নাই। ব্যাঙ্কে ঐ টাকা অন্য কাহাকে দিবার নিষেধ হইয়াছে। ঐ হুণ্ডী যে কোন ব্যক্তি লওন রেঞ্জের ৮ নম্বর বাড়ীতে আনেন তাঁহাকে শ্রী রামধন ঘোষ কিছু পুরস্কার দিবেন।

NOTICE.

Notice is hereby given, that a sale of the undermentioned Gold Mohurs, Gold and Silver Jewellery, and other articles belonging to the Minor Rajah of Jellamootta, will be held at the Collector's Office at Midnapore, on Monday, the 6th April, 1857.

Parties purchasing, will be required to make a deposit of ¼th the amount of their bids immediately after the conclusion of the sale of each Lot. The deposit money to be forfeited in the event of the entire purchase-money not being paid in, and the lot cleared within 10 days from the date of sale ; in which case the lot will be resold at the risk of the former purchaser.

N. B.—The above offers a good opportunity to speculators and others dealing in Gold and Silver articles.

DHURONYDHUR ROY, *Guardian to the Minor Rajah of Jellamootta.*

Midnapore, the 14th February, 1857.

List

Old Gold Mohurs, including small Coins, in tale, ...	2,901	4	0	
Gold Ornaments, 168 items, in weight	905	12	0	Tolahs.
Silver Ditto, 357 Ditto, Ditto, ...	8,500	14	0	..
Pearls 162 in No.				
	M.	S.	C.	
Ivory in weight, ...	3	17	10	

2 Palkees of Ivory with Gold and Silver edges.
1 Haoda for Elephant with Silver edges.
7 Assas and 5 Sotas covered with Silver.
2 Ivory Stools.
1 Ivory Chair with gold edges.

ইশ্‌তিহার।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জলামুটার নাবালগ রাজার সোণার মোহর ও সোণা রুপার আভরণ-প্রভৃতি অনেক দ্রব্য ১৮৫৭ সালের ৬ আপ্রিল তারিখ সোমবারে মেদিনীপুরের কালেক্টর সাহেবের কাছারীতে নীলাম হইবেক।

যাঁহারা খরীদার হন তাঁহারা যে মূল্য ডাকিয়াছেন তাহার সিকি ভাগ লাট বিক্রয় হইবার পরেই আমানৎ করিবেন। তাহার পর দশ দিনের মধ্যে যদি খরীদের সমুদয় টাকা না দেওয়া যায় ও সে দ্রব্য স্থানান্তর না করা যায় তবে ঐ আমানতের টাকা জব্দ হইবেক আর লাট পুনরায় নীলাম করা যাইবেক তাহাতে কিছু ক্ষতি হইলে প্রথম খরীদারের উপর তাহার দায় থাকিবেক।

মন্তব্য। যাঁহারা সোণারুপার ক্রয় বিক্রয় করিয়া থাকেন তাঁহারা এই নীলামে অতি উত্তম২ দ্রব্য পাইতে পারিবেন।

ধরণীধর রায়।
জলামুটার নাবালগ রাজার রক্ষক।

মেদিনীপুর।
১৮৫৭। ১৪ ফেব্রুআরি।

ফর্দ্দ

পুরাতন সোণার মোহর ও ক্ষুদ্র২ মুদ্রা সর্ব্বশুদ্ধ		২৯০১ ।০
সোণার আভরণ ১৬৮ প্রস্থ ওজন	তোলা	৯০৫৸
রুপার ঐ ৩৫৭ ঐ	ঐ	৮৫০০৸৵
মুক্তা ঐ ১৬২ টা।		
হস্তিদন্ত ওজন	মোন	৩।৭৷৵

হস্তিদন্তের ২ টা পালকী তাহার ধারে২ সোণা রুপার কর্ম্ম।
হস্তির এক হৌদা তাহার ধারে রুপার কর্ম্ম।
রুপাতে মোড়া ৭ আসা ও ৫ সোঁটা।
হস্তিদন্তের ২ খান পিঁড়ি।
হস্তিদন্তের ১ চৌকী তাহার ধারে সোণার কর্ম্ম।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৪ মার্চ।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুক্ত জে সি মার্সমেন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, MARCH 27, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ২৭ মার্চ।

DRAFT OF ACT.

আইনের মুসাবিদা।

LEGISLATIVE COUNCIL.

THE 7TH FEBRUARY, 1857.

THE following Bill was read a second time in the Legislative Council on the 7th February, 1857, and was referred to a Select Committee, who are to report thereon after the 11th of April next:—

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সালের ৭ ফেব্রুআরি।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ৭ ফেব্রুআরি তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি আপ্রিল মাসের ১১ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

A Bill for simplifying the Procedure of the Courts of Civil Judicature of the East India Company in Bengal.

বাঙ্গলা দেশে দেওয়ানী মোকদ্দমার বিচারার্থে কোম্পানি বাহাদুরের আদালতের কার্য্য আরো সুগম করিবার আইনের মুসাবিদা।

[Preamble.]

WHEREAS it is expedient to simplify the procedure of the Civil Courts of the East India Company in such parts of the territories under the Government of the Lieutenant-Governor of Bengal as are subject to the General Regulations of the Bengal Code: It is hereby enacted as follows:—

[হেতুবাদ।]

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কর্তৃত্বের অধীন দেশের যেং স্থানে বাঙ্গলা দেশের চলিত সাধারণ আইন চলন হয় সেইং স্থানে কোম্পানি বাহাদুরের দেওয়ানী আদালতের কার্য্য সুগম করা বিহিত। এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[Territorial scope of Act.]

I. This Act shall extend only to such parts of the Territories under the Government of the Lieutenant Governor of Bengal as are subject to the General Regulations of the Bengal Code, except so far as is hereinafter otherwise expressly provided.

[আইন যেং দেশে খাটিবেক।]

১। এই আইনের মধ্যে যেং স্থলে অন্যরূপের বিশেষ বিধান হয় সেইং স্থলছাড়া, বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কর্তৃত্বাধীন দেশের যেং স্থানে বাঙ্গলা দেশের সাধারণ আইন চলন হয় কেবল সেইং স্থানে এই আইন খাটিবেক।

CHAPTER I.

SUDDER COURT.

১ অধ্যায়।

সদর আদালত।

[Jurisdictions of the Sudder Court.]

II. The Sudder Court at Calcutta shall possess the appellate and other Civil jurisdictions now exercised by it, except so far as the same are altered or modified by this Act.

[সদর আদালতের এলাকা।]

২। কলিকাতার সদর আদালতের আপীলী মোকদ্দমা করিবার যে ক্ষমতা আছে ও দেওয়ানী কর্ম্মের জন্য যে এলাকা আছে তাহা এই আইনেতে যেপর্য্যন্ত অন্যথা কি পরিবর্ত্তন না হয় সেইপর্য্যন্ত থাকিবেক।

CHAPTER II.

CIVIL COURTS SUBORDINATE TO THE SUDDER COURT.

[Grades of District Judges.]

1. There shall be three grades of Judges in each zillah or district :—

Zillah Judges.
Principal Sudder Ameens.
Moonsiffs.

[Their Courts, how to be denominated.]

2. The Courts of the Zillah Judges, Principal Sudder Ameens, and Moonsiffs shall be denominated after the zillah, or city, or division in which they are respectively established.

[Their appointment, suspension, and removal.]

3. The appointment, suspension, and removal of the Zillah Judges, Principal Sudder Ameens, and Moonsiffs shall be regulated by such rules and orders as the Governor General in Council shall, from time to time, pass.

[Declaration on entering upon office.]

4. Each Civil Court is to be presided over by one or more Judges ; and every Judge, previous to entering upon the execution of the duties of his office, shall make and subscribe the following declaration before any authority or person commissioned by competent authority to receive it :

"I, *A. B.*, appointed of the Court of , do solemnly declare that I will faithfully perform the duties of my office to the best of my ability, knowledge, and judgment."

[Seal.]

5. Each Civil Court is to use a seal, such as shall be prescribed by the Local Government.

[Ministerial officers.]

6. It shall rest with the Governor General in Council, upon the report of the Sudder Court, made after such communication with the zillah authorities as may be deemed requisite, to fix such establishment of ministerial officers as may be necessary for the due execution of all the duties committed to the several Civil Courts, and to prescribe the number of offices, the number of officers, their respective salaries, the tenure by which they are to hold office, and such other particulars as the said Governor General in Council may deem proper. Upon the receipt of the instructions of the Governor General in Council, the Judges of the Civil Courts shall make the appointments to the several offices of their respective establishments.

[Civil Courts have cognizance of all suits unless specially barred.]

The Civil Courts shall be empowered to take cognizance of all suits and complaints of a civil nature, with the exception of suits their cognizance of which is barred by any Act of Parliament, or by any Regulation of the Bengal Code, or by any Act of the Council of India.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৭ মার্চ।]

২ অধ্যায়।

সদর আদালতের অধীন দেওয়ানী আদালত

[জিলার বিচারকর্তারদের শ্রেণী।]

১। প্রত্যেক জিলাতে বিচারকর্তার তিন শ্রেণী হইবেক।

জিলার জজ সাহেব।
প্রধান সদর আমীন।
মুনসেফ।

[তাঁহারদের আদালতের যেং নাম থাকিবেক।]

২। জিলার জজ সাহেবেরদের ও প্রধান সদর আমীনেরদের ও মুনসেফেরদের আদালত যেং জিলাতে কি শহরে কি খণ্ডে স্থাপন হয় সেইং জিলাপ্রভৃতির নামঅনুসারে খ্যাত হইবেক।

[তাঁহারদের নিযুক্ত হওন ও সস্পেণ্ড ও তগীর হওন।]

৩। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর সময়েং যেং হুকুম ও বিধি করেন সেইং হুকুম ও বিধিমতে জিলার জজ সাহেবদিগকে ও প্রধান সদর আমীনদিগকে ও মুনসেফদিগকে নিযুক্ত করা যাইবেক ও সস্পেণ্ড ও তগীর করা যাইবেক।

[কর্ম্মে প্রবর্ত্ত হইবার সময়ে যে প্রতিজ্ঞা করিবেন।]

৪। প্রত্যেক দেওয়ানী আদালতে এক কি তাহার অধিক জন বিচারকর্ত্তা কর্ত্তৃত্ব করিবেন। ও প্রত্যেক বিচারকর্ত্তা আপন পদের কর্ম্ম নির্ব্বাহ করিতে প্রবর্ত্ত হইবার আগে, তাঁহারি স্থানে যে কোন কার্য্যকারক কি ব্যক্তি প্রতিজ্ঞা গ্রহণ করিতে উপযুক্ত ক্ষমতাক্রমে সনদ পান তাঁহার সম্মুখে, এই প্রতিজ্ঞা করিয়া তাহাতে স্বাক্ষর করিবেন।

আমি অমুক, অমুক স্থানের আদালতের অমুক পদে নিযুক্ত হইয়া ধর্ম্মতঃ এই প্রতিজ্ঞা করিতেছি যে আমি আপন ক্ষমতা ও জ্ঞান ও বিবেচনার সাধ্যপর্য্যন্ত আপন পদের কর্ম্ম বিশ্বস্তরূপে নির্ব্বাহ করিব।

[মোহর।]

৫। স্থানীয় গবর্ণমেন্ট যে প্রকারের মোহর আজ্ঞা করেন সেই প্রকারের একং মোহর প্রত্যেক দেওয়ানী আদালত ব্যবহার করিবেন।

[আমলা।]

৬। জিলার কার্য্যকারকেরদের সঙ্গে যে লিখনপঠন আবশ্যক বোধ হয় তাহা করিলে পর সদর আদালত যে রিপোর্ট করিবেন তদনুসারে, নানা দেওয়ানী আদালতের প্রতি অর্পণকরা সকল কর্ম্ম উপযুক্তমতে করিবার জন্যে আমলারদের যে সিরিশ্তার আবশ্যক হয় তাহা নির্ণয় করিবার ও যত পদ ও যত আমলা থাকিবেক ও তাহারদের একং জনের যে বেতন হইবেক ও তাহারা যে বিধিমতে পদস্থ থাকিবেক তাহা নির্দ্দিষ্ট করিবার ভার হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের প্রতি থাকিবেক ও হজুর কৌন্সেলে উক্ত শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর অন্য যেং বিষয় উচিত বোধ করেন তাহাও নির্দ্দিষ্ট করিবেন। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের উপদেশ পাইলে পর নানা দেওয়ানী আদালতের বিচারকর্ত্তারা আপনং সিরিশ্তার মধ্যে নানা পদে লোকদিগকে নিযুক্ত করিবেন।

[বিশেষ নিষেধ না থাকিলে সকল প্রকারের মোকদ্দমা দেওয়ানী আদালতে গ্রাহ্য হয়।]

৭। দেওয়ানী আদালতের যেং মোকদ্দমা গ্রাহ্য করিবার নিষেধ কোন আক্ট পার্লিমেন্টের দ্বারা কিম্বা বাঙ্গলা দেশের চলিত কোন আইনের দ্বারা কিম্বা ভারতবর্ষের কৌন্সেলের কোন আক্টক্রমে হইয়াছে তাহা ভিন্ন, দেওয়ানী আদালত দেওয়ানী প্রকারের সকল মোকদ্দমা ও নালিশ গ্রাহ্য করিতে ক্ষমতাপন্ন হইবেন।

[Unless already heard and determined.]

[পূর্ব্বে শুনা গেলে ও নিষ্পত্তি হইলে গ্রাহ্য হইবেক না।]

8. The Civil Courts shall not take cognizance, except in the way of appeal, or of review of judgment, of any cause which shall have been already heard and determined by a Court of competent jurisdiction between the same parties, or parties under whom the parties to the cause claim.

৮। যদি কোন মোকদ্দমা উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালতে শুনা গিয়াছে ও নিষ্পত্তি হইয়াছে, তবে সেই উভয় পক্ষের মধ্যে, কিম্বা সেই উভয় পক্ষ যে ব্যক্তিরদের অধীন হইয়া দাওয়া করে সেই ব্যক্তিরদের মধ্যে, সেই মোকদ্দমা দেওয়ানী অন্য আদালতে গ্রাহ্য হইবেক না। কেবল যদি আপীল হয় কিম্বা পুনর্ব্বিচারের নিমিত্তে উপস্থিত হয় তবে গ্রাহ্য হইবেক।

[Government officers who are subject to the Civil Courts for official acts.]

[গবর্ণমেণ্টের যে২ কার্য্যকারক আপন২ পদের কর্ম্মের উপলক্ষে দেওয়ানী আদালতের অধীন হন।]

9. The Civil Courts are empowered to take cognizance of suits against collectors of the revenue and their assistants and native officers, salt agents and their assistants and native officers concerned in the manufacture of salt, opium agents and their assistants and native officers concerned in the manufacture of opium, collectors of the customs and their assistants and native officers employed in the collection of the customs, the mint and assay masters and their assistants and native officers, for acts done in their official capacity.

৯। রাজস্বের কালেক্টর সাহেবেরা ও তাঁহারদের আসিষ্টাণ্টেরা ও এদেশীয় কর্ম্মকারকেরা, ও নিমকের এজেণ্ট সাহেবেরা ও তাঁহারদের আসিষ্টাণ্টেরা ও এদেশীয় যে কর্ম্মকারকেরা নিমক পোখ্তানের কর্ম্মেতে সম্পর্ক রাখেন তাঁহারা, ও আফীনের এজেণ্ট সাহেবেরা ও তাঁহারদের আসিষ্টাণ্টেরা ও এদেশীয় যে কর্ম্মকারকেরা আফীন প্রস্তুত করিবার কার্য্যে সম্পর্ক রাখেন তাঁহারা, ও হাসিলের কালেক্টর সাহেবেরা ও তাঁহারদের আসিষ্টাণ্টেরা ও এদেশীয় যে কর্ম্মকারকেরা হাসিল আদায় করিবার কার্য্যে নিযুক্ত হন তাঁহারা, ও টাকশালের মাষ্টর ও ধাতু পরীক্ষক সাহেব ও তাঁহারদের আসিষ্টাণ্টেরা ও এদেশীয় কর্ম্মকারকেরা আপন২ পদের সম্পর্কে যে কার্য্য করেন তাহার জন্যে তাঁহারদের নামে দেওয়ানী সকল আদালত মোকদ্দমা গ্রাহ্য করিতে পারিবেন।

[No person excepted from jurisdiction by reason of place of birth or of descent.]

[কোন ব্যক্তি জন্মস্থান কি বংশ প্রযুক্ত এলাকার বহির্ভূত হন না।]

10. No person whatever shall, by reason of place of birth, or by reason of descent, be in any civil proceeding whatever excepted from the jurisdiction of any of the Civil Courts.

১০। কোন ব্যক্তি জন্মস্থান কিম্বা বংশপ্রযুক্ত দেওয়ানীসম্পর্কীয় কোন প্রকারের কার্য্যেতে দেওয়ানী কোন আদালতের এলাকার বহির্ভূত হইবেন না।

[Moonsiffs, their jurisdiction.]

[মুনসেফেরা। তাঁহারদের এলাকা।]

11. The Moonsiffs shall be empowered to receive, try, and determine suits of every description cognizable by the Civil Courts under the following pecuniary limitations; provided the landed or other real property to which the suit may relate shall be situated, or provided in all other cases the cause of action shall have arisen, or the defendant, at the time when the suit may be commenced, shall dwell, or carry on business, or work for gain, within the limits to which their respective jurisdictions may extend:

১১। মুনসেফেরা টাকা বুঝিয়া নীচের লিখিত সীমাপর্য্যন্ত দেওয়ানী আদালতের বিচার্য্য প্রত্যেক প্রকারের মোকদ্দমা গ্রাহ্য ও বিচার ও নিষ্পত্তি করিতে পারিবেন। পরন্তু যদি ভূমি কি অন্য স্থাবর সম্পত্তি লইয়া মোকদ্দমা হয় তবে প্রয়োজন যে সেই সম্পত্তি তাঁহারদের এলাকার সীমার মধ্যে থাকে, কিম্বা অন্য কোন বিষয় লইয়া মোকদ্দমা হইলে প্রয়োজন যে সেই মোকদ্দমার হেতু তাঁহারদের এলাকার সীমার মধ্যে জন্মে, কিম্বা যে সময়ে মোকদ্দমার আরম্ভ হয় সেই সময়ে আসামী তাঁহারদের এলাকার সীমার মধ্যে বাস করে কি কর্ম্ম চালায় কি লভ্যের নিমিত্তে কর্ম্ম করে।

[Pecuniary limitation.]

[টাকা বুঝিয়া সীমা।]

For money or other personal property not exceeding in amount or value the sum of two thousand five hundred Rupees, provided the claim include the whole amount of the demand arising from the cause of action; but any plaintiff having cause of action for debt or damages above the sum of two thousand five hundred Rupees may abandon the excess, and thereupon he shall, on proving his case, have a decree for an amount not exceeding such sum, and such decree shall be in full discharge of all demands in respect of such cause of action:

দুই হাজার পাঁচ শত টাকাপর্য্যন্ত টাকার কিম্বা অন্য অস্থাবর সম্পত্তির মোকদ্দমা তাঁহারা গ্রাহ্য করিতে পারিবেন। পরন্তু মোকদ্দমার হেতুহইতে যে দাওয়ার উৎপত্তি হয় তাহার সমুদয় টাকা ঐ দাওয়ার মধ্যে ধরা প্রয়োজন। কিন্তু কোন ফরিয়াদীর দুই হাজার পাঁচ শত টাকার অধিক পাওনার কি খেসারতের বাবৎ নালিশ করিবার হেতু থাকিলেও সে তাহার অধিক টাকার দাওয়া ত্যাগ করিতে পারিবেক। তাহা করিলে ও তাহার মোকদ্দমার প্রমাণ হইলে সে ঐ আড়াই হাজার টাকা পর্য্যন্তের ডিক্রী পাইতে পারিবেক। ও সেই ডিক্রী মোকদ্দমার সেই হেতুর উপলক্ষে সকল দাওয়ার ফারখৎস্বরূপ হইবেক।

For the property or possession of land or other real property, the computed value of which shall not exceed two thousand five hundred Rupees.

ভূমির কি অন্য স্থাবর যে সম্পত্তির মূল্য অনুমান দুই হাজার পাঁচ শত টাকার অধিক না হয় তাহার স্বামিত্বের কি দখল পাইবার মোকদ্দমা গ্রাহ্য করিতে পারিবেন।

[Jurisdiction in cases of set-off.]

[বিপরীত দাওয়া হইলে তাঁহারদের এলাকা।]

12. If a defendant claim to set-off a demand

১২। ফরিয়াদী যত টাকার দাওয়া করে আসামী যদি

against the claim of a plaintiff to an amount in excess of the ordinary jurisdiction of the Moonsiff, the Moonsiff shall, nevertheless, have authority to try the case, and shall give judgment for the recovery of any sum which upon inquiry shall appear to be due to either party.

[Principal Sudder Ameens, their jurisdiction.]

13. The Principal Sudder Ameen shall be empowered to receive, try, and determine suits of every description cognizable by the Civil Courts in which the amount claimed or the computed value of the property may exceed the sum of two thousand five hundred Rupees, provided the landed or other real property to which the suit may relate shall be situated, or provided in all other cases the cause of action shall have arisen, or the defendant, at the time when the suit may be commenced, shall dwell, or carry on business, or work for gain, within the limits of the district over which his jurisdiction may extend

[To exercise the powers of Moonsiff at the Sudder Station of the district.]

14. The Principal Sudder Ameen shall further exercise the same powers as the Moonsiff within the limits of the territorial division now included in the local jurisdiction of the Moonsiff fixed at the sudder or head station of the district.

[Zillah Judge, original jurisdiction.]

15 The Zillah Judge shall have concurrent original jurisdiction with that of the Principal Sudder Ameen in regard to all suits above the value of two thousand five hundred Rupees; provided, however, it shall be competent to a Zillah Judge, on cause shown, to receive, try, and determine a suit within the pecuniary limitation assigned to the Moonsiff, or to direct the transfer of any suit from any Court to any other Court of equal or superior jurisdiction in his district.

[Suits for real property situate within different jurisdictions of the same Zillah.]

16. A suit for land or other real property situate within the limits of a single zillah, but within the jurisdiction of different Moonsiffs' Courts, may, with the previous sanction of the Judge of such zillah, be brought in any Court within the limits of which any portion of such property is situate, provided the entire claim in respect of the value of the property in suit be cognizable by such Court.

[Suits for real property situate in different zillahs.]

17. In like manner, if the property be situate within the limits of different zillah Courts, the suit may be brought in any Court, otherwise competent to try it, within the jurisdiction of which any portion of the land or other real property in suit is situate, but in such case the Court in which the suit is brought shall apply to the Sudder Court for authority to proceed with the same; and if the suit is brought in the Court of the Principal Sudder Ameen or Moonsiff, the application shall

তাহার বিপরীত দাওয়া করে ও সেই বিপরীত দাওয়া মুনসেফের সামান্যতঃ যত টাকার মোকদ্দমা শুনিতে পরেন তাহার অধিক হয়, তথাপি মুনসেফ সেই মোকদ্দমার বিচার করিতে পারিবেন ও তদারক করিবার পর যে পক্ষের যত টাকা পাওনা দৃষ্ট হয় তাহার তত টাকা পাইবার ডিক্রী করিবেন।

[প্রধান সদর আমীনেরা। তাঁহারদের এলাকা।]

১৩। দেওয়ানী আদালতের গ্রাহ্য যে মোকদ্দমাতে দাওয়াকরা টাকা কি সম্পত্তির আনুমানিক মুল্য দুই হাজার পাঁচ শত টাকার অধিক হয় এমত প্রত্যেক প্রকারের মোকদ্দমা প্রধান সদর আমীন গ্রাহ্য ও বিচার ও নিষ্পত্তি করিতে পারিবেন। পরন্তু যদি ভুমি কি অন্য স্থাবর সম্পত্তি লইয়া মোকদ্দমা হয় তবে প্রয়োজন যে তাঁহার এলাকা যে জিলার উপর ব্যাপে তাহার সীমার মধ্যে সেই সম্পত্তি থাকে, কিম্বা অন্য কোন বিষয় লইয়া মোকদ্দমা হইলে প্রয়োজন যে সেই মোকদ্দমার কারণ সেই জিলার মধ্যে উৎপন্ন হয় কিম্বা মোকদ্দমা আরম্ভ করিবার সময়ে আসামী সেই জিলার মধ্যে বাস করে কি কর্ম্ম চালায় কি লভ্যের নিমিত্তে কর্ম্ম করে।

[জিলার সদর মোকামে মুনসেফের ক্ষমতামতে কার্য্য করিবেন।]

১৪। জিলার সদর মোকামে যে মুনসেফ নিযুক্ত হন তাঁহার এলাকার মধ্যে এক্ষণে যত দেশ ধরা আছে সেই দেশের সীমার মধ্যে প্রধান সদর আমীন মুনসেফের তুল্য ক্ষমতামতে কার্য্য করিবেন।

[জিলার জজ সাহেব। তাঁহার প্রথমে মোকদ্দমা শুনিবার ক্ষমতা।]

১৫। দুই হাজার পাঁচ শত টাকার অধিক মুল্যের সকল মোকদ্দমা প্রথমতঃ শুনিবার যে ক্ষমতা প্রধান সদর আমীনের আছে জিলার জজ সাহেবেরও সেই ক্ষমতা থাকিবেক। পরন্তু যদি কারণ দেখান যায় তবে যত মুল্যের মোকদ্দমা মুনসেফের বিচার্য্য হয় তাহাও জিলার জজ সাহেব গ্রাহ্য ও বিচার ও নিষ্পত্তি করিতে ক্ষমতাপন্ন হইবেন, কিম্বা কোন মোকদ্দমা কোন আদালত হইতে উঠাইয়া আপন জিলার মধ্যে সমান ক্ষমতার কি অধিক ক্ষমতার অন্য কোন আদালতে অর্পণ করা যায় এমত আজ্ঞা করিতে পারিবেন।

[স্থাবর যে সম্পত্তি একই জিলার ভিন্ন২ এলাকার মধ্যে থাকে তাহার মোকদ্দমা।]

১৬। যে ভুমি কিম্বা স্থাবর অন্য যে সম্পত্তি একই জিলার সীমানার মধ্যে কিন্তু ভিন্ন২ মুনসেফেরদের আদালতের এলাকার মধ্যে থাকে, সেই ভুমিপ্রভৃতি লইয়া মোকদ্দমা হইলে তাহার কোন অংশ যে আদালতের সীমার মধ্যে থাকে এমত কোন আদালতে, ঐ জিলার জজ সাহেবের অনুমতি প্রথমে লইয়া, ঐ মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবেক। পরন্তু ইহাতে প্রয়োজন যে ঐ মোকদ্দমাতে সম্পত্তির মুল্য বুঝিয়া সম্পূর্ণ দাওয়া ঐ আদালতে গ্রাহ্য হইতে পারে।

[স্থাবর সম্পত্তি ভিন্ন২ জিলাতে থাকিলে তাহার মোকদ্দমা।]

১৭। সেই প্রকারেও যদি সম্পত্তি ভিন্ন২ জিলার আদালতের সীমার মধ্যে থাকে, তবে যে ভুমি কি স্থাবর অন্য সম্পত্তি লইয়া মোকদ্দমা হয় তাহার কোন অংশ যে কোন আদালতের এলাকার মধ্যে থাকে, তাহার ঐ মোকদ্দমার বিচার করিবার অন্য প্রকারে ক্ষমতা থাকিলে সেই আদালতে ঐ মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবেক। পরন্তু এমত স্থলে মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা যায় সেই আদালত ঐ মোকদ্দমার বিচার করিবার অনুমতি পাইবার দরখাস্ত সদর আদালতের নিকটে করিবেন। আর যদি সেই মোকদ্দমা প্রধান সদর আমীনের কি

be submitted through the Zillah Judge to whom such Principal Sudder Ameen or Moonsiff is subordinate.

[Suits for real property in Zillah Courts subject to different Sudder Courts.]

18. If the Zillah Courts, within the limits of which the property is situated, are subject to different Sudder Courts, the application shall be submitted to the Sudder Court to which the zillah, in which the action is brought, is subject; and the Sudder Court, to which such application is made, may, with the concurrence of the Sudder Court, to which the other zillah is subject, give authority to proceed with the same.

[Declaratory suit.]

19. No suit in any of the Civil Courts shall be open to objection on the ground that a merely declaratory decree or order is sought thereby, and it shall be lawful for the Court to make binding declarations of right without granting consequential relief.

[By whom judicial decisions may be revised.]

20. The judicial decisions of the Courts of Justice shall be subject to revision only by the constituted Courts of appellate jurisdiction, or by themselves, under the rules of the code of procedure applicable to reviews of judgment.

CHAPTER III.

Preliminary Rules.

[Parties may appear in person or by vakeel.]

1. All applications to any Civil Court, and all appearances of parties in any Civil Court, except when otherwise specially provided, may be made by the party in person, or through a vakeel duly authorized to act on his behalf. The authority shall in all cases be in writing, and shall be filed with the proper officer of the Court. When so filed, it shall be considered to be in full force until revoked, and the revocation shall be intimated in writing to the officer; and all notices given to, or processes served on, the vakeel of either party, or left at the office or ordinary residence of such vakeel, relative to the suit, and whether the same be for the personal attendance of the party or not, shall be presumed to be duly communicated and made known to the party whom the vakeel represents, and shall be as effectual for all purposes in relation to the suit as if the same had been given to or served on the party in person, unless the Court shall otherwise direct.

[Party appearing in person to enter his name and address in a book.]

2. In all cases in which a party shall appear in person, and the cause shall not be decided on

মুনসেফের আদালতে উপস্থিত করা যায় তবে সেই প্রধান সদর আমীন কি মুনসেফ যে জিলার জজ সাহেবের অধীন থাকেন তাঁহার দ্বারা ঐ দরখাস্ত অর্পণ করা যাইবেক।

[ভিন্ন২ সদর আদালতের অধীন জিলার আদালতে স্থাবর সম্পত্তির মোকদ্দমা।]

১৮। সম্পত্তি যে২ জিলার আদালতের সীমার মধ্যে থাকে সেই২ জিলার আদালত যদি ভিন্ন২ সদর আদালতের অধীন হয় তবে যে জিলাতে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহা যে সদর আদালতের অধীন থাকে সেই সদর আদালতে ঐ দরখাস্ত করিতে হইবেক। আর যে সদর আদালতে দরখাস্ত করা যায় সেই সদর আদালত অন্য জিলা যে সদর আদালতের অধীন থাকে তাহার সঙ্গে ঐক্য হইয়া ঐ মোকদ্দমার বিচার করিবার অনুমতি দিতে পারিবেন।

[স্বত্ব নির্ণয়ের মোকদ্দমা।]

১৯। কেবল স্বত্ব নির্ণয়ার্থ ডিক্রী কি হুকুমের প্রার্থনা হইতেছে বলিয়া দেওয়ানী কোন আদালতে কোন মোকদ্দমার উপর আপত্তি হইতে পারিবেক না। আর আদালতের এই ক্ষমতা থাকিবেক যে স্বত্বের উপলক্ষে কোন উপকার না করিয়াও স্বত্ব নির্ণয়ের কোন দৃঢ় আজ্ঞা করেন।

[বিচার করিয়া যে নিষ্পত্তি করা যায় তাহার পুনর্ব্বিচার যিনি করিবেন।]

২০। সকল আদালত বিচার করিয়া যে নিষ্পত্তি করেন তাহার পুনর্ব্বিচার, কার্য্য করিবার আইনের যে বিধি নিষ্পত্তির পুনর্ব্বিচারের উপর খাটে সেই বিধিমতে কেবল আপীলী এলাকার সংস্থাপিত আদালতে হইবেক, কিম্বা যে আদালতে নিষ্পত্তি হইয়াছে সেই আদালতে হইবেক।

তৃতীয় অধ্যায়।

প্রথম স্থূলীয় বিধি।

[বাদী প্রতিবাদী আপনারা কিম্বা উকীলের দ্বারা উপস্থিত হইতে পারিবেক।]

১। যে স্থলে অন্যতর বিধি বিশেষমতে না হইয়াছে সেই স্থলে কোন ব্যক্তি আপনি, কিম্বা আপনার পক্ষে কার্য্য করিতে উচিতমতে ক্ষমতাপ্রাপ্ত কোন উকীলের দ্বারা, কোন দেওয়ানী আদালতে দরখাস্ত করিতে পারিবেক ও কোন দেওয়ানী আদালতে উপস্থিত হইতে পারিবেক; সেই ক্ষমতা সর্ব্বদাই লিখিয়া দেওয়া যাইবেক ও সেই লিপি আদালতের উপযুক্ত কর্ম্মকারকের নিকটে দাখিল করা যাইবেক। যখন দাখিল করা গিয়াছে তখন তাহা যাবৎ রহিত না করা যায় তাবৎ সম্পূর্ণরূপে বলবৎ জ্ঞান হইবেক, ও রহিত করা গেলে তাহার সম্বাদ লিখিয়া ঐ কর্ম্মকারককে দেওয়া যাইবেক। ও কোন পক্ষের উকীলকে ঐ মোকদ্দমাসম্পর্কীয় যে সকল এত্তেলা দেওয়া যায় কি তাহার উপর যে সকল পরওয়ানা জারী হয় কি সেই উকীলের দফ্তরখানায় কি নিয়মিত বাসস্থানে দেওয়া যায় তাহা, ঐ পক্ষের নিজের উপস্থিত হইবার নিমিত্তে হউক কি না হউক, উকীল যাহার পক্ষে ওকালতী করেন তাহাকে উপযুক্তমতে দেওয়া গিয়াছে ও জ্ঞাত করা গিয়াছে এমত জ্ঞান হইবেক; ও মোকদ্দমাসম্পর্কীয় সকল কার্য্যের নিমিত্তে তাহা নিজ সেই পক্ষকেই দেওয়া যাইবার কি জারী হইবার মতে সফল হইবেক। কিন্তু যদি আদালত অন্য প্রকার আজ্ঞা করেন তবে হইবেক না।

[কোন পক্ষ নিজে হাজির হইলে তাহার নাম ধামাদি বহীতে লিখিতে হইবেক।]

২। যে সকল স্থলে কোন পক্ষ নিজে উপস্থিত হয় ও তাহার মোকদ্দমা তাহার উপস্থিত হইবার দিবসে নি-

the day of his appearance, he shall enter his name and place of abode in a book to be kept for that purpose by the proper officer of the Court, if the Court shall determine upon his application that his place of abode is within eight miles from the Court-house by the nearest road; otherwise, he shall enter in the said book the name and place of abode of some person residing at a place which the Court shall determine to be within such distance of the Court-house, on whom he may wish that all notices or process in the cause should be served on his behalf. And all notices or process relative to the suit which may thereafter be left at the place so entered in the register, shall be deemed good service on the party, and shall be as effectual for all purposes relative to the suit as if the same had been served on the party himself in person, unless the Court shall otherwise direct. If no such entry as aforesaid shall be made in the said register, the fixing up of such notices or process in some conspicuous place in the office of the clerk or other proper officer of the Court, and also in some conspicuous place in the Court-house, shall in like manner be deemed to be good service, and shall be as effectual for all purposes relative to the suit as if such entry had been made, and the notice or process had been left at the place so entered in the register.

[Native officers or soldiers who cannot obtain leave of absence may authorize any person to appear for them;]

3. When a native officer or soldier in the service of the Government is a party to a suit, and cannot obtain a furlough or leave of absence for the purpose of prosecuting or defending it in person, he may authorize any member of his family or any other person to conduct and manage the suit or the defence as the case may be, in his stead. The authority shall in all cases be in writing, and shall be signed by the native officer or soldier in the presence of his commanding officer, who shall countersign the same, and it shall be filed with the proper officer of the Court. When so filed, the counter-signature of the commanding officer shall be sufficient proof that the authority was duly executed, and that the native officer or soldier by whom it was granted could not obtain a furlough or leave of absence for the purpose of prosecuting or defending the suit in person.

[Who may appear personally, or appoint vakeel.]

4. Any person who may be authorized, as in the last preceding Article mentioned, by a native officer or soldier to prosecute or defend a suit in his stead, shall be competent to prosecute or defend it in person in the same manner as the native officer or soldier could do if present; or he may appoint a vakeel of the Court to prosecute or defend the suit on behalf of such native officer or

অপিক্ষি না হয় সেই সকল স্থলে, যদি আদালত তাহার দরখাস্তমতে এই নির্ণয় করেন যে তাহার বাসস্থান আদালত ঘরহইতে অতি সোজা পথে চারি ক্রোশের মধ্যে হয় তবে তাহার নামধামাদি লিখিবার যে এক বহী আদালতের উপযুক্ত কর্ম্মকারকের নিকটে রাখা যাইবেক সেই বহীতে ঐ লোক আপনার নাম ও বাসস্থান লিখিয়া দিবেক। নতুবা আপনার নিমিত্তে অন্য যে ব্যক্তির উপরে সেই মোকদ্দমার সকল এত্তেলা কি পরওয়ানা জারী হইবার ইচ্ছা প্রকাশ করে এমত যে কোন ব্যক্তির নিবাসস্থান ঐ আদালত ঘরহইতে চারি ক্রোশের মধ্যে আছে আদালত নির্ণয় করেন সেই ব্যক্তির নাম ও বাসস্থান ঐ লোক উক্ত বহীতে লিখিয়া দিবেক। তাহার পরে ঐ মোকদ্দমাসম্পর্কীয় যে সকল এত্তেলা কি পরওয়ানা ঐ রেজিষ্টরে তদ্রূপের লিখিত স্থানে দেওয়া যান তাহা ঐ পক্ষের উপর উপযুক্তমতে জারী হইয়াছে জ্ঞান হইবেক। আর ঐ মোকদ্দমার সম্পর্কীয় সকল কার্য্যের নিমিত্তে তাহা সেই পক্ষেরই উপর জারী হইবার মতে ফলবৎ হইবেক। কিন্তু যদি আদালত অন্যরূপ আজ্ঞা করেন তবে হইবেক না। যদি উক্ত রেজিষ্টরী বহীতে পূর্ব্বোক্তমতের কথা লিখিয়া না দেওয়া যায় তবে আদালতের ক্লার্কের কিম্বা উপযুক্ত অন্য কোন কর্ম্মকারকের দফতরখানার কোন প্রকাশ স্থানে এবং আদালতঘরের কোন প্রকাশ স্থানে ঐ এত্তেলা কি পরওয়ানা লটকাইয়া দেওয়া গেলে তাহাও সেই প্রকারে উপযুক্তমতে জারী হইয়াছে জ্ঞান হইবেক। ও সেই প্রকার কোন কথা লিখিয়া দেওয়া যাইবার মতে. ও সেই এত্তেলা কি পরওয়ানা রেজিষ্টরে সেই প্রকারের লিখিত স্থানে দেওয়া যাইবার মতে, তাহা ঐ মোকদ্দমাসম্পর্কীয় সকল কার্য্যের নিমিত্তে ফলবৎ হইবেক।

[এদেশীয় যে স্থুদাদারেরা কি সিপাহীরা ছুটী পাইতে না পারে তাহারা আপনারদের নিমিত্তে হাজির হইতে কোন ব্যক্তিকে ক্ষমতা দিতে পারিবেক।]

৩। যখন গবর্ণমেণ্টের কর্ম্মে নিযুক্ত এদেশীয় স্থুদাদার কি সিপাহী কোন মোকদ্দমার এক পক্ষ হয় ও আপনি মোকদ্দমার কার্য্য করিবার কি জওয়াব দিবার জন্যে নিয়মিত কি কোন প্রকারের ছুটী পাইতে না পারে, তবে সে আপনার পরিবর্ত্তে আপন পরিবারের কোন লোককে কি অন্য কোন ব্যক্তিকে ঐ মোকদ্দমা চালাইতে ও তদবীর করিতে কিম্বা বিষয়বিশেষে তাহার জওয়াব দিতে ক্ষমতা দিতে পারিবেক। সেই ক্ষমতা সর্ব্বদাই লিখিয়া দেওয়া যাইবেক ও সেই স্থুদাদার কি সিপাহী আপনার অধ্যক্ষ সেনাপতি সাহেবের সাক্ষাতে তাহাতে দস্তখৎ করিবেক ও সেই সাহেবও তাহাতে দস্তখৎ করিবেন ও তাহা আদালতের উপযুক্ত কর্ম্মকারকের নিকটে দাখিল করা যাইবেক। যখন সেই প্রকারে দাখিল করা গিয়াছে তখন ঐ ক্ষমতাপত্র উপযুক্তমতে করা গিয়াছে ও এদেশীয় যে স্থুদাদার কি সিপাহী তাহা দিয়াছিল সে আপনি মোকদ্দমার কার্য্য করিবার ও জওয়াব দিবার নিমিত্তে নিয়মিত কি কোন প্রকারের ছুটী পাইতে পারিল না ইহার প্রচুর প্রমাণ ঐ সেনাপতি সাহেবের দস্তখৎ হইবেক।

[তাহারা নিজে উপস্থিত হইতে পারে কি উকীলকে নিযুক্ত করিতে পারে।]

৪। ইহার পূর্ব্বের লিখিত প্রকরণমতে এদেশীয় স্থুদাদার কি সিপাহী আপনার নিমিত্তে যে কোন ব্যক্তিকে মোকদ্দমার কার্য্য করিতে ও জওয়াব দিতে ক্ষমতা দেয় সেই ব্যক্তি ঐ স্থুদাদার কি সিপাহী আপনি হাজির হইলে যে প্রকারে করিতে পারিত সেই প্রকারে আপনি ঐ মোকদ্দমার কার্য্য করিতে কি জওয়াব দিতে পারিবেক, অথবা এদেশীয় ঐ স্থুদাদার কি সিপাহীর পক্ষে মোকদ্দমার কার্য্য করিবার কি জওয়াব

soldier. And all notices or process relative to the suit which may be served upon any person who shall be so authorized as aforesaid by a native officer or soldier, or upon any vakeel who shall be appointed as aforesaid by such person to act for or on behalf of such native officer or soldier, shall be as effectual for all purposes relative to the suit as if the same had been served on the party in person or on a vakeel directly appointed by him.

CHAPTER IV.

OF A SUIT TILL FINAL DECREE.

Of the Institution of Suits.

[Suits to commence with summons.]

1. All suits shall be commenced by a summons to the defendant.

[Summons how to be applied for.]

2. The application for a summons shall be made to the clerk or other proper officer of the Court by the party in person, or through a vakeel of the Court, duly authorized to act on his behalf, by an instrument in writing, which shall be delivered to the officer at the time of making the application.

[Particulars to be given with the application.]

3 The application shall be accompanied by the following particulars, distinctly written in the language in ordinary use in proceedings before the Court, namely—

(1.) The name, description, and place of abode of the plaintiff.

(2.) The name, description, and place of abode of the defendant, so far as they can be ascertained.

(3.) The relief sought for, the subject of the claim, the cause of action, and when it accrued. The following are instances:

If the suit be for money due on a bond or other written instrument:—Payment of Company's Rupees due on (a bond, tumussook, hoondee, or bill of exchange, as the case may be) for the sum of Company's Rupees bearing date the day of , and payable on the day of .

If the suit be for the price of goods sold:—Payment of Company's Rupees on account of maunds of (rice, indigo, sugar, or as the case may be), sold on the day of , and the price of which became payable on the day of .

If the suit be for damages for slanderous words:—Payment of Company's Rupees , on account of injury done to the plaintiff, by calling him on the day of , a (thug, or thief, or as the case may be), or by causing to be published on the day of , in a newspaper entitled the (or otherwise as the case may be) the following

দিবার জন্যে আদালতের এক জন উকীলকে নিযুক্ত করিতে পারিবেক। আর এদেশীয় পূর্ব্বোক্ত জমাদার কি সিপাহীর সেই প্রকারের ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির উপরে, কিম্বা এদেশীয় সেই জমাদার কি সিপাহীর নিমিত্তে কি তরফে কার্য্য করিবার জন্যে সেই ব্যক্তির পূর্ব্বোক্তমতে নিযুক্ত কোন উকীলের উপরে মোকদ্দমাসম্পর্কীয় যে সকল এত্তেলা কি পরওয়ানা জারী করা যায় তাহা সেই পক্ষেরই উপরে কিম্বা একেবারে তাহারই দ্বারা নিযুক্ত উকীলের উপরে জারী হইবার মতে ঐ মোকদ্দমাসম্পর্কীয় সকল কার্য্যের নিমিত্তে সফল হইবেক।

চতুর্থ অধ্যায়।

চূড়ান্ত ডিক্রী না হওয়াপর্য্যন্ত মোকদ্দমার কথা।

মোকদ্দমা উপস্থিত করিবার কথা।

[সমন জারী হইলে মোকদ্দমার আরম্ভ।]

১। আসামীর নামে সমন দেওয়াতেই মোকদ্দমার আরম্ভ হইবেক।

[সমন দিবার দরখাস্ত যে প্রকারে করিতে হইবেক।]

২। যে ব্যক্তি মোকদ্দমা করে সে আপনি, কিম্বা আপনার পক্ষে কার্য্য করিবার জন্যে লিখিত দলীলক্রমে উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত উকীলের দ্বারা, সমন জারী হইবার দরখাস্ত আদালতের ক্লার্ককে কিম্বা উপযুক্ত অন্য কর্ম্মকারককে দিবেক। ঐ ওকালৎনামা দরখাস্ত দিবার সময়ে ঐ কর্ম্মকারকের হাতে দেওয়া যাইবেক।

[দরখাস্তের সঙ্গে যে২ কথা লিখিয়া দিতে হইবেক।]

৩। আদালতের সম্মুখে মোকদ্দমার কার্য্যেতে যে ভাষা নিয়ত চলন আছে সেই ভাষাতে নীচের লিখিত কথা ঐ দরখাস্তের সঙ্গে স্পষ্টরূপে লিখিয়া দেওয়া যাইবেক অর্থাৎ।

(১।) ফরিয়াদীর নাম ও ব্যবসায়াদি ও বাসস্থান।]

(২।) আসামীর নাম ও ব্যবসায়াদি ও বাসস্থান যেপর্য্যন্ত জানা যাইতেপারে তাহা।

(৩।) যে প্রকারের উপকারের প্রার্থনা হয় ও যে বিষয়ের উপর দাওয়া হয় ও নালিশের হেতু ও তাহা যে সময়ে উৎপন্ন হয়।

ইহার উদাহরণ এই।

মোকদ্দমা যদি বণ্ড কিম্বা লিখিত অন্য দলীলক্রমে পাওনা টাকার বাবৎ হয় তবে এই প্রকারে হইবেক। অমুক সালের অমুক মাসের অমুক তারিখের বণ্ড (কিম্বা বিষয়বিশেষে তমঃসুক কি হুণ্ডী কি বিল অফ এক্সচেঞ্জক্রমে) কোম্পানির যে এত টাকা অমুক সালের অমুক মাসের অমুক তারিখে দেনা হইয়াছিল সেই কোম্পানির এত টাকার বাবৎ নালিশ হয়।

যদি মোকদ্দমা বিক্রয় করা মালের মূল্যের নিমিত্তে হয় তবে এই প্রকারে হইবেক।—চাউল (কিম্বা বিষয়বিশেষে নীল কি চিনিপ্রভৃতি) এত মোন অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বিক্রয় হইল ও অমুক সালের অমুক মাসের অমুক তারিখে তাহার মূল্য দেনা হইল তাহার বাবৎ কোম্পানির এত টাকা পাইবার জন্যে নালিশ হয়।

যদি অপবাদের জন্যে ক্ষতিপূরণের বাবৎ মোকদ্দমা হয় তবে এই প্রকারে।—অমুক সালের অমুক মাসের অমুক তারিখে ফরিয়াদীকে ঠগ (কিম্বা বিষয়বিশেষে চোরপ্রভৃতি) বলিয়া, অথবা অমুক সালের অমুক মাসের অমুক তারিখের অমুক নামে খ্যাত সম্বাদ পত্রেতে (কিম্বা বিষয়বিশেষে অন্য স্থলে) ফরিয়াদীর বিষয়ে নীচের লিখিত অপবাদের কথা (এই স্থলে ঐ অপবাদের কথা বিশেষ করিয়া লিখিতে হইবেক) প্রকাশ করাইবাতে ফরিয়া-

slanderous words concerning him (stating them at length, as the case may be).

(4.) When the claim is for any property other than money, its estimated value Company's Rupees. The following are instances:

If the suit be for a Zemindary, or share in a Zemindary—Possession of a Zemindary, or of annas gundas share in a Zemindary, called situate in the zillah of , the Sudder Jummah of which is Company's Rupees , and estimated value Company's Rupees , of which the plaintiff was dispossessed (or forcibly or fraudulently dispossessed, if the case be so,) on the day of ; or to which the plaintiff became entitled by inheritance from , on or about the day of .

(5.) When the claim is for a declaration of right, or the fulfilment of a duty in which the plaintiff is interested, or that the defendant be restrained from the committal of any breach of a contract or other injury to the plaintiff, or for anything not susceptible of pecuniary valuation, it shall be necessary to specify the estimated value of any property or any sum of money by way of damages.

(6.) In all suits by or against the Government, or one of its officers in his official capacity, or the East India Company, or any other Corporation, or any Company authorized to sue and be sued in the name of an Officer or Trustees, the words "The Government," or "The Collector of ," or otherwise as the case may be, or "The East India Company," or name of the Corporation or name or names of the Officer or Trustees of the Company, shall be inserted in Nos. (1) and (2,) instead of the name and description of the Plaintiff or Defendant. But in all other cases, it shall be necessary to specify the names of all the parties.

[Application to be rejected if the claim is beyond the jurisdiction of the Court.]

4. If the amount or estimated value of the claim, as stated by the plaintiff, be beyond the jurisdiction of the Court, the officer shall refuse to receive the application.

[Reference to be made to the Judge in a suit for property in different jurisdictions.]

5. If the suit be for land or other real property situate partly within the jurisdiction of the Court, and partly within the jurisdiction of some other Court or Courts, the officer shall submit the application for the order of the Judge.

[When the claim is within the Court's jurisdiction, the officer shall enter the particulars in a register.]

6. If the amount or estimated value of the claim, as stated by the plaintiff, be within the jurisdiction of the Court, the above particulars shall be

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫১। ২৭ মার্চ।]

দীর যে ক্ষতি হইয়াছে তাহার নিমিত্তে কোম্পানির এত টাকার জন্যে নালিশ হয়।

৪। দাওয়া যখন টাকার বাবৎ না হইয়া অন্য কোন সম্পত্তির নিমিত্তে হয় তখন কোম্পানির টাকার হিসাবে তাহার আনুমানিক মূল্য ধরিতে হইবেক। ইহার উদাহরণ নীচে লেখা যাইতেছে।

যদি জমীদারীর কিম্বা তাহার কোন অংশ পাইবার নিমিত্তে মোকদ্দমা হয় তবে এই প্রকারে লিখিতে হইবেক।—অমুক জিলাতে অমুক নামেতে যে জমীদারীর সদর জমা এত টাকা ও আনুমানিক মূল্য এত টাকা তাহা-হইতে (কিম্বা তাহার এত আনা এত গণ্ডা অংশহইতে,) ফরিয়াদীকে অমুক সালের অমুক মাসের অমুক তারিখে বেদখল করা গিয়াছিল (অথবা বিষয়বিশেষে তাহাকে বলপূর্ব্বক কি চাতুরীপূর্ব্বক বেদখল করা গিয়াছিল) অথবা ফরিয়াদী অমুক সালের অমুক মাসের অমুক তারিখে অমুকের স্থানে উত্তরাধিকারিত্বক্রমে পাইবার স্বত্ব পাইয়, সেই জমীদারীপ্রভৃতিতে দখল পাইবার জন্যে এই নালিশ করে।

(৫) যখন স্বত্ব নির্ণয় করিবার জন্যে দাওয়া হয়, কিম্বা যে কর্ম্মেতে ফরিয়াদীর ক্ষতিবৃদ্ধি হইতে পারে এমত কর্ম্ম সম্পাদনের জন্যে, কিম্বা আসামী চুক্তি ভঙ্গ না করে কি ফরিয়াদীর অন্য ক্ষতি না করে ইহার জন্যে, কিম্বা টাকা ধরিয়া যাহার মূল্য নির্ণয় হইতে না পারে এমত কোন বিষয়ের জন্যে দাওয়া হয়, তথাপি ক্ষতিপূরণ বলিয়া কোন সম্পত্তির আনুমানিক মূল্য কিম্বা কোন সংখ্যার টাকা নির্দ্দিষ্ট করা আবশ্যক।

(৬) গবর্ণমেণ্টের কি সরকারী পদোপলক্ষে গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের কি কোম্পানি বাহাদুরের কি চার্টরপ্রাপ্ত অন্য কোন সমাজের কিম্বা অন্য যে কোন কোম্পানির কি কোম্পানির নামে আপনার কার্য্যকারককে কি ট্রষ্টিরদিগকে ফরিয়াদী কি আসামী করিয়া নালিশ হইতে পারে তাঁহার কি তাঁহার নামে যে কোন মোকদ্দমা হয় সেই২ মোকদ্দমায় ফরিয়াদীর কি আসামীর নাম ও বয়েস য়াদি না লিখিয়া ১ ও ২ নম্বরে গবর্ণমেণ্ট কিম্বা অমুক স্থানের কালেক্টরপ্রভৃতি যে কার্য্যকারক হন্ তাঁহার খ্যাতি কিম্বা কোম্পানি বাহাদুর কিম্বা চার্টরপ্রাপ্ত সমাজের নাম কিম্বা ঐ কোম্পানির কার্য্যকারকের কি ট্রষ্টিরদের নাম কি নামসকল লেখা থাকিবেক। কিন্তু অন্য সকল মোকদ্দমাতে সকল পক্ষের নাম বিশেষ করিয়া লেখা আবশ্যক।

[দাওয়া যদি আদালতের এলাকার অতিরিক্ত হয় তবে দরখাস্ত অগ্রাহ্য হইবেক।]

৪। ফরিয়াদী দাওয়ার যত টাকা কি আনুমানিক মূল্য ধরে তাহা যদি আদালতের এলাকার অতিরিক্ত হয় তবে ঐ কর্ম্মকারক দরখাস্ত গ্রাহ্য করিতে অস্বীকার করিবেন।

[ভিন্ন২ এলাকার সম্পত্তির জন্যে মোকদ্দমা হইলে বিচারকর্ত্তাকে জিজ্ঞাসা করিতে হইবেক।]

৫। মোকদ্দমা যদি ভূমির কি অন্য স্থাবর সম্পত্তির নিমিত্তে হয় ও তাহার এক অংশ আদালতের এলাকার মধ্যে ও অন্য অংশ অন্য এক কি অধিক আদালতের এলাকার মধ্যে থাকে তবে ঐ কর্ম্মকারক বিচারকর্ত্তার হুকুম পাইবার জন্যে ঐ দরখাস্ত তাঁহাকে দেখাইবেন।

[দাওয়া যদি আদালতের এলাকার মধ্যে থাকে তবে ঐ কর্ম্মকারক সকল বৃত্তান্ত রেজিষ্টরী বহীতে লিখিবেন।]

৬। ফরিয়াদী দাওয়ার যত টাকা কি আনুমানিক মূল্য ধরিয়াছে তাহা যদি আদালতের এলাকার মধ্যে থাকে তবে ঐ সকল কথা লিখিবার জন্যে দেওয়ানী মোকদ্দমার-

entered by the Officer in a book to be kept for the purpose, and called the Register of Civil Suits, and the entries shall be numbered in every year according to the order in which the application shall be made.

[Form of the Register.]

7. The register shall be kept in the form contained in the Schedule (A.) hereunto annexed; and a certified copy of the register, under the seal of the Court, shall be received in evidence in all Courts of Justice in India.

[Document of debt should be shown to the officer.]

8. When the plaintiff's demand is founded on any instrument in writing, as constituting or acknowledging the demand, such as a bond, tumussook, bill of exchange, hoondee, ikrar, or acknowledgment, the same shall be produced and shown to the officer at the time of applying for the summons, and a copy of the instrument shall be delivered to him at the same time, for the purpose of being served with the summons on the defendant; and if such instrument shall not be produced, it shall not be received in evidence on behalf of the plaintiff at the hearing or trial of the cause, without the sanction of the Court. When there is more than one defendant, a copy of the instrument for each defendant shall be delivered to the officer; unless all the defendants are members of one joint and undivided Hindoo family, in which case one copy of the instrument will be sufficient.

[Summons may be for settlement of issues, or final disposal.]

9. The person applying to the officer for a summons shall state, at the time of his application, whether he requires a summons for the first hearing and settlement of issues or for the final disposal of the cause.

Of Summoning the Defendant.

[Form of summons.]

10. The summons shall be in the following form, or to the following effect:—

No. of Suit

In the Court of the   of

holden at

Plaintiff.

Defendant.

[Name, description, and address of defendant.]

You are hereby summoned to appear at this Court on the   day of   at   in the forenoon, to answer [name, description, and address of plaintiff,] to a claim for [here state the particulars, as in the Register referred to in Article 7 of this Chapter.]

Dated the   day of

(Signature.)

Costs of summons and service

This summons must be served on or before the   day of

N. B.—See notice at back.

রেজিষ্টর বলিয়া যে এক বহী রাখা যাইবেক তাহার মধ্যে ঐ কর্ম্মকারক ঐ সকল বৃত্তান্ত লিখিবেন। আর দরখাস্ত সকল যে ক্রমে উপস্থিত করা যায় সেই ক্রমানুসারে ঐ বহীর লিখিত কথার প্রতিবৎসরের আরম্ভঅবধি একাদিক্রমে নম্বর দেওয়া যাইবেক।

[রেজিষ্টরের পাঠ।]

৭। এই আইনের শেষে A চিহ্নের যে তফসীল আছে তাহার মতে ঐ রেজিষ্টর লেখা যাইবেক ও আদালতের মোহর করা ঐ রেজিষ্টরের দস্তখতী নকল ভারতবর্ষের সকল আদালতে প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবেক।

[কর্জ্জের খৎ ঐ কর্ম্মকারককে দেখাইতে হইবেক।]

৮। ফরিয়াদীর দাওয়া যদি বণ্ড কি তমঃসুক কি বিল অফ এক্সচেঞ্জ কি হুণ্ডী কি একরার কি স্বীকারপত্রপ্রভৃতি লিখিত যে খতে দাওয়ার প্রমাণ হয় কি স্বীকার করা যায় এমত খতের উপর হয় তবে সমন দিবার দরখাস্ত করিবার কালে ঐ খৎ উপস্থিত করা যাইবেক ও সেই কর্ম্মকারককে দেখান যাইবেক, ও সেই খতের এক কেতা নকল সমনের সঙ্গে আসামীর নামে জারী হইবার জন্যে সেই সময়ে তাঁহাকে দেওয়া যাইবেক। আর যদি সেই খৎ উপস্থিত না করা যায় তবে মোকদ্দমা শুনিবার কি বিচার হইবার কালে তাহা আদালতের অনুমতি বিনা ফরিয়াদীর পক্ষে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবেক না। যদি একের অধিক আসামী থাকে তবে এক২ আসামীর জন্যে ঐ খতের এক২ কেতা নকল ঐ কর্ম্মকারককে দেওয়া যাইবেক। কিন্তু যদি সেই সকল আসামী একই সংযুক্ত ও অবিভক্ত হিন্দু পরিবারের লোক হয় তবে ঐ খতের এক কেতা নকল দিলেই প্রচুর হয়।

[ইসু নির্ণয় করিবার কিম্বা চূড়ান্ত নিষ্পত্তি করিবার জন্যে সমন হইতে পারে।]

৯। ঐ কর্ম্মকারকের নিকটে যে লোক সমন দিবার দরখাস্ত করে সে মোকদ্দমার প্রথম শুনানি ও ইসু নির্ণয়ের জন্যে, কি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির জন্যে সমন চাহে, এই কথা ঐ দরখাস্ত দিবার সময়ে জানাইবেক।

আসামীকে সমন করিবার কথা।

[সমনের পাঠ।]

১০। সমন এই প্রকারে কি এই মর্ম্মেতে লেখা যাইবেক।

মোকদ্দমার নম্বর।

অমুক স্থানের অমুক বিচারকর্ত্তার আদালতে।

ফরিয়াদী।

আসামী।

[আসামীর নাম ও ব্যবসায়াদি ও বাসস্থান।]

অমুক (নাম ও বেওরার অমুক স্থাননিবাসি) ফরিয়াদী অমুক বিষয়ের (এই স্থলে এই অধ্যায়ের ৭ প্রকরণের লিখিত রেজিষ্টরমতে বৃত্তান্ত লিখিতে হইবেক) যে দাওয়া করিয়াছে তাহার জওয়াব দিতে তোমাকে অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পূর্ব্বাহ্নে অমুক স্থানে এই আদালতে হাজির হইতে তলব করা যাইতেছে।

অমুক সালের অমুক মাসের অমুক তারিখ।

(দস্তখৎ।)

সমনের ও জারী করিবার খরচ।

এই সমন অমুক সালের অমুক মাসের অমুক তারিখে কি তাহার আগে জারী করিতে হইবেক।

মন্তব্য কথা। ইহার পৃষ্ঠে যে এত্তেলা লেখা আছে তাহা দেখ।

[Directions to be endorsed on summons to settle issues.]

11. Special directions shall be endorsed on the summons, which, if the application be for a summons for the first hearing, and settlement of issues, shall be as follows :—

(1.) If you admit the plaintiff's claim, you must deliver your admission in writing, under your signature, to the officer of the Court, together with the costs marked on the summons, five clear days before the day for appearing to this summons; but you may enter your admission at any time on or before the day of appearing, subject to the payment of further costs.

(2.) If you admit any part of the plaintiff's demand, and pay to the officer of the Court the amount so admitted, together with the costs, five clear days before the day of appearance, you will avoid any further costs, unless the plaintiff at the hearing shall prove a demand against you exceeding the sum so paid into Court.

(3.) If you deny the plaintiff's claim, or any part of it, you must appear on the day fixed in the summons, and be prepared to answer all questions that may be put to you by the Judge, relating to the plaintiff's demand, and your liability thereto, and to state any objections which you may have to make to the same.

(4.) You must bring all documents or instruments in writing of any description, which you may wish to produce in explanation, or as evidence of your defence to the suit, or of any counter-claim against the plaintiff which you may desire to make a set-off to his demand against you; and in particular, you must bring with you all or any instruments in writing or things which may be specified in any notice to produce that accompanies this summons, or that may be served on you within a reasonable time before your appearance thereto.

(5.) If you do not appear in person, you must employ a vakeel of the Court to appear in your stead, and must furnish him with the documents, instruments or things above referred to, and with any information that you possess in regard to the plaintiff's demand, and your own defence thereto; so as to enable him to answer for you in all respects as you could do yourself if interrogated in person. And if you fail in any of these matters, and your vakeel is unable to answer any questions that may be put to him on your behalf by the Judge, and the Judge shall be of opinion that the documents, instruments, or things referred to, are such as you ought to have produced, or that the questions put to your vakeel are such as you ought to be able, or are likely to be able, to answer, if interrogated in person, the hearing of the case will be postponed, a notice will be given to your vakeel requiring your personal appearance, and the production of the documents, instruments,

[ইসু নির্ণয়ের সমনের পৃষ্ঠে যে উপদেশ লিখিতে হইবেক।]

১১। সমনের পৃষ্ঠে বিশেষ উপদেশ লেখা যাইবেক। যদি প্রথমবার শুনিবার ও ইসু নির্ণয় করিবার নিমিত্তে সমন দিবার দরখাস্ত করা যায় তবে এই কথা লিখিতে হইবেক।

(১।) যদি তুমি ফরিয়াদীর দাওয়া স্বীকার কর তবে সেই স্বীকার করিবার কথা লিখিয়া ও তাহাতে দস্তখৎ করিয়া এই সমনমতে হাজির হইবার দিনের আগে পাঁচ দিন থাকিতে এই সমনে যে খরচ লেখা হইয়াছে তাহা সমেত এই আদালতের কর্ম্মকারকের নিকটে অর্পণ করিবা। কিন্তু তুমি হাজির হইবার দিনে কি তাহার আগে অন্য কোন সময়ে তোমার সেই স্বীকারপত্র দাখিল করিতে পারিবা, কেবল ইহাতে তোমার অধিক খরচা লাগিবেক।

(২।) যদি তুমি ফরিয়াদীর দাওয়ার কোন এক অংশ স্বীকার কর ও যত টাকা স্বীকার কর তাহা যদি হাজির হইবার দিনের আগে পাঁচ দিন থাকিতে খরচা সমেত আদালতের ঐ কর্ম্মকারককে দেও তবে তোমার অন্য কোন খরচা লাগিবেক না। কিন্তু তুমি সেই প্রকারে যত টাকা আদালতে দেও মোকদ্দমা শুনিবার সময়ে যদি ফরিয়াদী তাহার অধিক টাকার দাওয়ার প্রমাণ করে তবে তোমার অধিক খরচা লাগিবেক।

(৩।) যদি তুমি ফরিয়াদীর দাওয়া কি তাহার কোন অংশ অস্বীকার কর তবে সমনের লিখিত দিনে তোমার হাজির হইতে হইবেক, ও ফরিয়াদীর দাওয়ার সম্পর্কে ও তদ্বিষয়ে তোমার দায়ের সম্পর্কে বিচারকর্ত্তা তোমাকে যে সকল কথা জিজ্ঞাসা করেন তাহার উত্তর দিতে ও তাহার উপর তুমি যে কিছু আপত্তি করিতে চাহ তাহা জানাইতে তোমার প্রস্তুত থাকিতে হইবেক।

(৪।) সেই মোকদ্দমাতে তোমার জওয়াবের অর্থ স্পষ্ট করিবার জন্য কি তাহার প্রমাণ করিবার জন্য, কিম্বা তোমার স্থানে ফরিয়াদী যে দাওয়া করিয়াছে তাহার বিপরীত যে কোন দাওয়া তুমি ফরিয়াদীর উপর করিতে চাহ তাহা সাবুদ করিবার জন্য, তুমি যে কোন প্রকারের দলীল কি খৎ দেখাইতে চাহ তাহা তোমার সঙ্গে করিয়া আনিতে হইবেক। বিশেষমতে এই সমনের সঙ্গে কিম্বা এই সমনমতে তোমার হাজির হইবার আগে উপযুক্ত সময়ের মধ্যে দলীলপ্রভৃতি উপস্থিত করিবার যে কোন এত্তেলা তোমার উপর জারী করা যায় তাহাতে যে সকল কি যে কোন খৎ কি দ্রব্য নির্দ্দিষ্ট থাকে তাহা তোমার সঙ্গে করিয়া আনিতে হইবেক।

(৫।) তুমি যদি আপনি হাজির না হও তবে তোমার পরিবর্ত্তে হাজির হইবার জন্যে এই আদালতের এক জন উকীলকে তোমার নিযুক্ত করিতে হইবেক। আর তোমাকেই জিজ্ঞাসা করা গেলে তুমি আপনিই যে প্রকারে উত্তর দিতে পারিতা সেই উকীলও সেই প্রকারে তোমার পক্ষ হইয়া উত্তর দিতে পারেন এই নিমিত্তে তোমার পূর্ব্বোক্ত সকল দলীল কি খৎ কি দ্রব্য তাঁহাকে দিতে হইবেক ও ফরিয়াদীর দাওয়ার বিষয়ে ও তাহার উপর তোমার জওয়াবের বিষয়ে তুমি যাহা কিছু জান তাহা তাঁহাকে জানাইতে হইবেক। আর যদি ইহার মধ্যে তোমার কোন বিষয়ে ত্রুটি হয় আর বিচারকর্ত্তা তোমার তরফে উকীলকে যে কোন কথা জিজ্ঞাসা করেন তাহার উত্তর যদি তোমার উকীল দিতে না পারেন ও বিচারকর্ত্তা যদি বোধ করেন যে সেই জিজ্ঞাসাতে যে দলীলের কি খতের কি দ্রব্যের সম্পর্ক থাকে তাহা তোমার উপস্থিত করা উচিত ছিল, অথবা তোমার উকীলকে যে সকল কথা জিজ্ঞাসা করা গেল তাহা তোমাকেই জিজ্ঞাসা করা গেলে তুমি তাহার উত্তর দিতে পারিতা, কিম্বা উত্তর দিতে পার এমত সম্ভাবনা হয়, তবে ঐ মোকদ্দমা শুনিবার জন্যে আর এক দিন নিরূপণ হইবেক, ও তোমার

or things referred to, and you will have to pay all the costs; and if you should fail to appear in obedience to such notice, judgment will be given against you by default.

(6.) If you do not appear on the day fixed in the summons, either in person or by a vakeel of the Court, judgment will be given against you by default.

[Further direction on summons for final disposal of the case.]

12. If the application be for a summons finally to dispose of the case, this further direction shall be endorsed thereon:—

(7.) You are required to take special notice that the day fixed in the summons for your appearing, is appointed for the final disposal of the case, and that you must be prepared to produce all your witnesses. If you fail to do so, and the Judge shall think proper to postpone the cause to another day, in consequence of your default, you will have to pay all the costs that may be incurred by the postponement. If your witnesses will not come at your request, you should apply to the officer of the Court, either in person or by vakeel, not later than the   day of   for subpœnas to compel their attendance.

[Time for appearance on a summons to settle issues.]

13. If the summons be to settle the issues, the day for the appearance of the defendant shall not be less than ten days, exclusive of the day of service and day of appearance, above the time that may be necessary for the service of the writ, such time to be computed at the rate of one day for every eight miles in a straight line that the residence of the defendant may be distant from the Court.

[Time for appearance on a summons for final disposal of the case.]

14. If the summons be for a final disposal of the case, the day to be fixed for the appearance of the defendant shall not be less than fifteen days (exclusive as aforesaid) above the time that may be necessary for the service of the writ, such time to be computed in the manner above mentioned.

Service of Summons on the Defendant.

[Summons shall be served by the officer.]

15. The writ of summons shall be delivered to the nazir or other proper officer of the Court, to be served by himself or one of his subordinates, and such officer shall be responsible for its due service.

[Latest day of service to be written at foot of the summons.]

16. A day on or before which the summons must be served, shall be written at the foot of the summons before delivery to the officer, and the

নিষের উপস্থিত হইবার ও পূর্ব্বোক্ত দলীল কি প্রব্য কি দ্রব্য উপস্থিত করিবার এত্তেলা তোমার উকীলকে দেওয়া যাইবেক, ও সকল খরচা তোমার দেনা হইবেক আর যদি তুমি সেই এত্তেলামতে হাজির না হও তবে ক্রটিপ্রযুক্ত তোমার বিপরীতে ডিক্রী করা যাইবেক।

(৬।) তুমি যদি সমনের নিরূপিত দিনে আপনি কি এই আদালতের এক জন উকীলের দ্বারা হাজির না হও তবে ক্রটিপ্রযুক্ত তোমার বিপরীতে ডিক্রী করা যাইবেক।

[মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে সমনের পৃষ্ঠে অধিক যে উপদেশ লেখা থাকিবেক।]

১২। যদি ঐ দরখাস্ত মোকদ্দমার চূড়ান্তরূপে নিষ্পত্তি হইবার সমনের নিমিত্তে হয় তবে ঐ সমনের পৃষ্ঠে এই অধিক কথা লিখিতে হইবেক।

(৭।) তোমার এই বিষয়ে বিশেষ মনোযোগ করিতে হইবেক যে তোমার হাজির হইবার নিমিত্তে যে দিন সমনে নির্দ্দিষ্ট হইয়াছে সেই দিন মোকদ্দমার চূড়ান্তরূপে নিষ্পত্তি হইবার নিরূপিত দিন, আর তোমার সকল সাক্ষিকে উপস্থিত করিতে তোমার প্রস্তুত থাকিতে হইবেক। ইহাতে যদি তোমার ক্রটি হয় আর যদি বিচারকর্ত্তা তোমার সেই ক্রটিপ্রযুক্ত মোকদ্দমা নিষ্পত্তি করিবার জন্যে অন্য দিন নিরূপণ করা উচিত বোধ করেন তবে সেই বিলম্বপ্রযুক্ত যত খরচা হইতে পারে তাহা তোমার দিতে হইবেক। যদি তোমার সাক্ষিরা তোমার প্রার্থনামতে না আইসে তবে তাহারদিগকে হাজির করাইবার সফীনা জারী হইবার জন্যে অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পর না হয় এমত কোন দিনে তোমার আপনি কি উকীলের দ্বারা আদালতের কর্ম্মকারকের নিকটে দরখাস্ত করিতে হইবেক।

[ইসু নির্ণয়ের জন্যে সমন হইলে হাজির হইবার মিয়াদ।]

১৩। যদি ইসু নির্ণয়ের নিমিত্তে সমন হয় তবে পরওয়ানা জারী করিবার নিমিত্তে যত কাল আবশ্যক হয় তাহার অতিরিক্ত ও পরওয়ানা জারী করিবার দিন ও উপস্থিত হইবার দিনছাড়া, আসামীর হাজির হইবার মিয়াদ দশ দিনের কম হইবেক না। আদালত ঘরহইতে সোজা পথে আসামীর বাসস্থান যত দূর হয় তাহার চারি২ ক্রোশপ্রতি এক২ দিন হিসাবে পরওয়ানা জারী করিবার সময় ধরা যাইবেক।

[মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে সমন হইলে হাজির হইবার মিয়াদ।]

১৪। যদি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে সমন হয় তবে পরওয়ানা জারী করিতে যত কাল আবশ্যক হয় তাহার অতিরিক্ত আসামীর হাজির হইবার জন্যে যে দিন নিরূপণ হইবেক তাহা (পূর্ব্বোক্তমতের দিনছাড়া) পনের দিনের কম হইবেক না। পরওয়ানা জারী করিবার সময়ের হিসাব পূর্ব্বোক্তমতে করিতে হইবেক।

আসামীর উপর সমন জারী করিবার কথা।

[সমন ঐ কর্ম্মকারকের দ্বারা জারী হইবেক।]

১৫। সমনের চিঠী আদালতের নাজিরকে কি উপযুক্ত অন্য কর্ম্মকারককে দেওয়া যাইবেক আর তিনি আপনি কি আপনার অধীন কোন লোকের দ্বারা তাহা জারী করাইবেন ও তাহার উপযুক্তমতে জারী হইবার দায় ঐ কর্ম্মকারকের প্রতি থাকিবেক।

[জারী হইবার জন্যে শেষ দিন সমনপত্রের নিম্ন ভাগে লেখা থাকিবেক।]

১৬। ঐ কর্ম্মকারককে সমন দেওয়া যাইবার আগে ঐ সমন যে তারিখে কি যাহার পূর্ব্বে জারী না হইলে নয় এমত দিন ঐ সমনপত্রের নিম্ন ভাগে লেখা থাকিবেক।

day so to be written shall be always such as to allow the defendant the full benefit of the clear days to which he may be entitled under Articles 13 and 14 of this Chapter.

[How service shall be made.]

17. Service of the summons shall be made by exhibiting the original under the seal of the Court, and delivering or tendering a copy thereof and of the endorsements thereon, together with any notice to produce, and copies of any documents or instruments in writing that may have been delivered to the clerk, or proper officer of the Court, at the time of applying for the summons, for the purpose of being served therewith.

[When there are several defendants.]

18. When there are several defendants, service of the summons shall be made on each defendant, unless all the defendants are members of one joint and undivided Hindoo family; in which case service on any one of the defendants shall be sufficient, if made at the family dwelling-house of the joint and undivided family.

[Service to be on defendant in person, or on his accredited agent.]

19. Whenever it may be practicable, the service shall in all cases be on the defendant in person, unless he have an accredited agent, empowered to accept the service; in which case service on such agent shall be sufficient.

[Who may be agent for this purpose.]

20. Any vakeel of the Court, or any other person residing within its local jurisdiction, may be appointed an accredited agent to receive the services of summonses and all other judicial process. The appointment shall always be in writing, and shall be filed with the clerk or other proper officer of the Court to which the agent is accredited, and shall be considered to be in full force until it shall be revoked, and such revocation be recorded with the proper officer of the Court.

[Accredited agents of Government.]

21. The Government Pleader in each Court shall be accounted the accredited agent of the Government for the purpose of receiving services of summonses, and all other judicial process against the Government, issuing out of the Court in which he may be the pleader of Government.

[If defendant cannot be found, service may be made on a member of his family.]

22. When the defendant cannot be found, and has no accredited agent empowered to accept the service, it may be made on any adult member of his family residing with him.

[To be continued.]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৭ মার্চ।]

আর সেই প্রকারে যে দিন লেখা থাকে তাহা এই অধ্যায়ের ১৩ ও ১৪ প্রকরণমতে আসামী যেং দিন পাইতে পারিবেক সেই সকল দিন যাহাতে সম্পূর্ণমতে পাইতে পারে এমত হিসাব করিয়া নিরূপণ হইবেক।

[যেপ্রকারে জারী হইবেক।]

১৭। সমন এই প্রকারে জারী করিতে হইবেক। আদালতের মোহরকরা আসল সমন দেখান যাইবেক, ও সেই সমনের ও তাহার পৃষ্ঠের লিখিত কথার এক কেতা নকল দেওয়া যাইবেক কি দিবার প্রস্তাব হইবেক, ও তাহার সঙ্গে দলীল উপস্থিত করিবার এত্তেলা থাকিলে দেওয়া যাইবেক ও সমন দিবার দরখাস্ত করিবার সময়ে যে কোন দলীল কি খৎ সমনের সঙ্গে জারী হইবার নিমিত্তে আদালতের ক্লার্ককে কি উপযুক্ত কর্ম্মকারকে দেওয়া গিয়া থাকে তাহার নকলও তাহার সঙ্গে দেওয়া যাইবেক।

[অনেক আসামী থাকিলে।]

১৮। যদি অনেক জন আসামী থাকে তবে সমন একং জনের উপর জারী হইবেক। কিন্তু যদি সেই সকল আসামী একই সংযুক্ত ও অবিভক্ত হিন্দু পরিবারের লোক হয় তবে ঐ সংযুক্ত ও অবিভক্ত পরিবারের বসত বাটীতে আসামীরদের কোন এক জনের উপর সমন জারী হইলে প্রচুর হইবেক।

[সমন নিজ আসামীর উপর কি তাহার স্বীকৃত মোক্তারের উপর জারী হইবেক।]

১৯। যদি হইতে পারে তবে সমন সর্ব্বদাই নিজ আসামীরই উপর জারী হইবেক। কিন্তু যদি সেই সমনজারী গ্রাহ্য করিবার ক্ষমতাপ্রাপ্ত তাহার স্বীকৃত মোক্তার থাকে তবে সেই মোক্তারের উপর সমন জারী করিলে প্রচুর হয়।

[এই কার্য্যের নিমিত্তে যাহারা মোক্তার হইতে পারে।]

২০। আদালতের কোন উকীলকে কিম্বা আদালতের এলাকার মধ্যনিবাসি অন্য কোন ব্যক্তিকে সমন ও আদালতসম্পর্কীয় অন্য সকল পরওয়ানাজারী গ্রাহ্য করিবার নিমিত্তে স্বীকৃত মোক্তাররূপে নিযুক্ত করা যাইতে পারিবেক। তাহাকে সর্ব্বদাই লিখনক্রমে নিযুক্ত করা যাইবেক ও সেই মোক্তারকে যে আদালতে কার্য্য করিতে নিযুক্ত করা যায় সেই আদালতের ক্লার্কের কি উপযুক্ত অন্য কর্ম্মকারকের নিকটে ঐ লিখন দাখিল করা যাইবেক ও তাহা যাবৎ রহিত না করা যায় তাবৎ সম্পূর্ণরূপে বলবৎ জ্ঞান হইবেক। ও রহিত করা গেলে সেই কথা আদালতের উপযুক্ত কর্ম্মকারকের নিকটে রিকার্ড করা যাইবেক।

[গবর্ণমেণ্টের স্বীকৃত মোক্তার।]

২১। একং আদালতে গবর্ণমেণ্টের যে উকীল থাকেন তিনি যে আদালতে সরকারী উকীল হন সেই আদালতহইতে গবর্ণমেণ্টের নামে বাহিরহওয়া সমন ও আদালতের অন্য সকল পরওয়ানাজারী গ্রাহ্য করিবার নিমিত্তে গবর্ণমেণ্টের স্বীকৃত মোক্তার জ্ঞান হইবেন।

[যদি আসামীকে না পাওয়া যায় তবে তাহার পরিবারের কোন লোকের উপর সমন জারী হইতে পারিবেক।]

২২। যদি আসামীকে না পাওয়া যায় ও সমনজারী গ্রাহ্য করিবার ক্ষমতাপ্রাপ্ত তাহার স্বীকৃত উকীল না থাকেন তবে সেই সমন তাহার সহবাসি তাহার পরিবারের কোন বয়ঃপ্রাপ্ত লোকের উপর জারী হইতে পারিবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MARCH 31, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ৩১ মার্চ

DRAFT OF ACT.

THE INDIAN PENAL CODE.

CHAPTER IV.

GENERAL EXCEPTIONS.

[Continued from page 205.]

[Consent known to be given under fear or misconception.]

15. A consent is not such a consent as is intended by Clauses 12, 13, and 14 of this Chapter, or any other Clause of this Code, if the consent is given by a person under fear of injury or under a misconception of fact, and if the person doing the act knows, or has reason to believe, that the consent was given in consequence of such fear or misconception—Or

[Consent of a child or person of unsound mind.]

If the consent is given by a person who is under seven years of age, or who, from immaturity of understanding, unsoundness of mind, or intoxication, is unable to understand the nature and consequence of that to which he gives his consent.

[Acts which are offences independently of harm caused to the person consenting, are not within the exceptions in Clauses 12, 13, and 14.]

16. The exceptions in Clauses 12, 13, and 14, of this Chapter, do not extend to acts which are offences independently of any harm which they may cause, or be intended to cause, or be known to be likely to cause, to the person giving the consent, or on whose behalf the consent is given.

Illustration.

Causing miscarriage (unless caused in good faith for the purpose of saving the life of the woman) is an offence independently of harm which it may cause or be intended to cause to the woman. Therefore it is not an offence "by reason of such harm;" and the consent of the woman or of her guardian to the causing of such miscarriage does not justify the act.

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।

৪ অধ্যায়।

সাধারণ বর্জ্জিত কথা।

[২০৫ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[ভয়েতে কি বিষয় না বুঝিয়া অনুমতি হইয়াছে এইরূপ জানা গেলে।]

১৫। যদি কোন ব্যক্তি ক্ষতির ভয়েতে কিম্বা বিষয় না বুঝিয়া অনুমতি দেয় আর সেই অনুমতি ভয়েতে কিম্বা বিষয় না বুঝিয়া দেওয়া গিয়াছিল ইহা যদি ক্রিয়াকারী জানে কি তাহার এমত জানিবার কারণ থাকে তবে সেই অনুমতি। অথবা

[বালকের কি বিকৃতমনা লোকের অনুমতি।]

সাত বৎসরের কম বয়সের বালক, কিম্বা অপক্ক বুদ্ধি কি মনের বিকার কি নেশাপ্রযুক্ত যে জন অনুমতিকরা কার্য্যের ভাব ও ফল বুঝিতে অপারক হয় এমত লোক যদি অনুমতি করে তবে সেই অনুমতি, এই অধ্যায়ের ১২ ও ১৩ ও ১৪ প্রকরণের কি এই আইনের অন্য কোন প্রকরণের ভাবমতের অনুমতি নয়।

[যে অনুমতি করে তাহার অপকার না হইলেও যে ক্রিয়াতে অপরাধ হয় তাহা ১২, ১৩ ও ১৪ প্রকরণের বর্জ্জিত কথার মধ্যে ধরা যায় না।]

১৬। যে জন অনুমতি দেয় কি যাহার পক্ষে অনুমতি দেওয়া যায়, তাহার যে কোন অপকার হয় কি হইবার অভিপ্রায় হয় কি হইবার সম্ভাবনা জানা যায়, এমত অপকার বিনাও যে ক্রিয়াতে অপরাধ হয় তাহার উপর এই অধ্যায়ের ১২ ও ১৩ ও ১৪ প্রকরণের বর্জ্জিত কথা খাটে না।

উদাহরণ.

প্রকৃতপ্রস্তাবে কোন স্ত্রীর প্রাণরক্ষার অভিপ্রায়ে না হইলে গর্ভপাত করাতে অপরাধ হয়। তাহাতে স্ত্রীর যে কোন ক্ষতি হয় কিম্বা যে কোন ক্ষতির অভিপ্রায় হয় তাহা বিনাও গর্ভপাত যে ক্রিয়া তাহাতে অপরাধ হয়। অতএব "সেই ক্ষতিপ্রযুক্ত" অপরাধ হয় না। এই কারণে স্ত্রী কি তাহার রক্ষক সেই ক্রিয়ার অনুমতি দিলেও ঐ ক্রিয়া নির্দোষ হইতে পারে না।

[Act done in good faith for the benefit of a person without consent. Provisoes.]

17. Nothing is an offence by reason of any harm which it may cause to a person for whose benefit it is done in good faith, even without that person's consent, if the circumstances are such that it is impossible for that person to signify consent, or if that person is incapable of giving consent, and has no guardian or other person in lawful charge of him from whom it is possible to obtain consent in time for the thing to be done with benefit. Provided—

First. That this exception shall not extend to the intentional causing of death, or attempting to cause death.

Secondly. That this exception shall not extend to the doing of any thing which the person doing it knows to be likely to cause death, for any purpose other than the preventing of death or grievous hurt, or the curing of any grievous disease or infirmity.

Thirdly. That this exception shall not extend to the voluntary causing of hurt, or to the attempting to cause hurt, for any purpose other than the preventing of death or hurt.

Fourthly. That this exception shall not extend to the abetment of any offence, to the committing of which offence it would not extend.

Illustrations.

(*a*) Z is thrown from his horse, and is insensible. A a surgeon, finds that Z requires to be trepanned. A, not intending Z's death, but in good faith, for Z's benefit, performs the trepan before Z recovers his power of judging for himself. A has committed no offence.

(*b*) Z is carried off by a tiger. A fires at the tiger knowing it to be likely that the shot may kill Z, but not intending to kill Z, and in good faith intending Z's benefit. A's ball gives Z a mortal wound. A has committed no offence.

(*c*) A, a surgeon, sees a child suffer an accident which is likely to prove fatal unless an operation be immediately performed. There is not time to apply to the child's guardian. A performs the operation in spite of the entreaties of the child, intending, in good faith, the child's benefit. A has committed no offence.

(*d*) A is in a house which is on fire, with Z, a child. People below hold out a blanket. A drops the child from the house-top, knowing it to be likely that the fall may kill the child, but not intending to kill the child, and intending, in good faith, the child's benefit. Here, even if the child is killed by the fall, A has committed no offence.

Explanation.—Mere pecuniary benefit is not benefit within the meaning of Clauses 13, 14, and 17.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৩১ মার্চ।]

[অনুমতিবিনা প্রকৃতপ্রস্তাবে লোকের মঙ্গলের জন্যে করা ক্রিয়া। বর্জ্জিত বিধি।]

১৭। যদি কোন লোকের মঙ্গলের নিমিত্তে কোন ক্রিয়া করিতে হয়, কিন্তু গতিক বুঝিয়া সেই লোকের স্বীয় অনুমতি জানান অসাধ্য হয় কিম্বা যদি সেই লোক অনুমতি দিতে পারে না ও তাহার মঙ্গলের নিমিত্তে যে সময়ের মধ্যে করিতে হয় সেই সময়ের মধ্যে যাহার অনুমতি পাওয়া যাইতে পারে ঐ লোকের এমত কোন রক্ষক কি আইনমতে ঐ লোক যাহার জিম্মায় আছে এমত অন্য ব্যক্তি না থাকে, তবে সেই লোকের অনুমতি বিনা প্রকৃতপ্রস্তাবে তাহার মঙ্গলের জন্যে যে ক্রিয়া করা যায় তাহাতে কোন অপকার হওয়াপ্রযুক্ত অপরাধ নয়। পরন্তু ইহাতে এই বিধি মানিতে হইবেক।

প্রথম। মারিয়া ফেলিতে পূর্ব্ব মনস্থ করিয়া মানস কি মারিয়া ফেলিবার উদ্যোগ হইলে তাহার উপর এই বর্জ্জিত কথা খাটিবেক না।

দ্বিতীয়। কোন ক্রিয়া করিলে মরণ হইবার সম্ভাবনা জানিয়াও, কোন ব্যক্তি মরণ কি ভারি আঘাত নিবারণের জন্যে কিম্বা কোন ভারি রোগ কি দুর্ব্বলতা দূর করিবার জন্যে না হইয়া অন্য কোন অভিপ্রায়ে সেই ক্রিয়া করিলে তাহার উপর এই বর্জ্জিত কথা খাটিবেক না।

তৃতীয়। মরণ কি আঘাত নিবারণের অভিপ্রায় না হইয়া অন্য কোন অভিপ্রায়ে জানিয়াশুনিয়া ইচ্ছাপূর্ব্বক আঘাত করা গেলে কি আঘাতের উদ্যোগ করা গেলে সেই ক্রিয়ার উপর এই বর্জ্জিত কথা খাটিবেক না।

চতুর্থ। যে অপরাধের উপর এই বর্জ্জিত কথা খাটে না এমত অপরাধের সহায়তার উপর এই বর্জ্জিত কথা খাটিবেক না।

উদাহরণ।

(ক) যদু ঘোড়াহইতে পড়িয়া অচেতন হইয়া রহিয়াছে। চিকিৎসক দেখে যে তাহার মাথার খুলি বিদ্ধ করা আবশ্যক। তাহাতে যদুকে মারিয়া ফেলিবার অভিপ্রায়ে নহে কিন্তু প্রকৃতপ্রস্তাবে তাহার মঙ্গলের নিমিত্তে, তাহার বিবেচনার শক্তি হইবার পূর্ব্বে, চিকিৎসক তাহার মাথার খুলি বিদ্ধে। ইহাতে চিকিৎসকের অপরাধ হয় না।

(খ) যদুকে এক বাঘে ধরিয়া লইয়া যাইতেছে। কালু জানে যে এমন সময়ে বাঘকে গুলি করিলে যদুর গায়ে লাগিতে পারে, তবু যদুকে মারিবার তাহার অভিপ্রায় নহে, কিন্তু প্রকৃতপ্রস্তাবে যদুর মঙ্গল করিবার মানসে সে গুলি করে। ইহাতে কালুর গুলিতে যদুর সাংঘাতিক আঘাত হয়। কালুর অপরাধ হয় না।

(গ) দৈবঘটনায় এক বালকের অত্যন্ত আঘাত হয় চিকিৎসক তাহা দেখিয়া জানে যে তৎক্ষণাৎ বালকের অস্ত্রচিকিৎসা না করিলে বালক মরিবেক। তাহার রক্ষকের অনুমতি লইবার অবকাশ নাই। বালকও বিনয় করে যে আমার অস্ত্র চিকিৎসা করিও না। তবু চিকিৎসক প্রকৃতপ্রস্তাবে বালকের মঙ্গলের জন্যে তাহা করে। চিকিৎসকের অপরাধ হয় না।

(ঘ) উচ্চ এক কোটা ঘরে আগুন লাগিয়াছে তাহার ছাতে কালু ছোট এক বালককে লইয়া আছে। লোকেরা একখান কম্বল খুলিয়াধিরে। কালু জানে বালক ছাতহইতে পড়িলে মরিতে পারে, বালককে মারিয়া ফেলিবার তাহার অভিপ্রায় নহে, কিন্তু প্রকৃতপ্রস্তাবে বালকের মঙ্গলের মানসে কালু তাহাকে কম্বলের উপর ফেলিয়া দেয়। যদি বালক পড়িয়া মরে তথাপি কালুর অপরাধ হয় না।

ব্যাখ্যা। ১৩ ও ১৪ ও ১৭ প্রকরণে মঙ্গল এই যে কথা আছে তাহা অর্থ ধনরূপ মঙ্গল বুঝায় না।

[Communication made in good faith.]

18. No communication made in good faith is an offence by reason of any harm to the person to whom it is made.

Illustration.

A, a surgeon, in good faith, communicates to a patient his opinion that he cannot live. The patient dies in consequence of the shock. A has committed no offence, though he knew it to be likely that the communication might cause the patient's death.

[Act to which a person is compelled by threats.]

19. Excepting murder and offences against the State punishable with death, nothing is an offence which is done by a person who is compelled to do it by threats, which, at the time of doing it, reasonably cause the apprehension that instant death to that person will otherwise be the consequence; provided the person doing the act did not of his own accord, or from a reasonable apprehension of harm to himself short of instant death, place himself in the situation by which he became subject to such constraint.

Explanation 1.—A person who, of his own accord, or by reason of a threat of being beaten, joins a gang of dacoits, or a crew of pirates, or the like, knowing their character, is not entitled to the benefit of this exception, on the ground of his having been compelled by his associates to do any thing that is an offence by law.

Explanation 2.— A person who embarks ignorantly in a piratical vessel, being compelled by the crew, by threat of instant death, to join in an act of piracy, is entitled to the benefit of the exception.

Explanation 3.—So also is a person seized by a gang of dacoits, and forced, by threat of instant death, to do a thing which is an offence by law; for example, a smith compelled to take his tools and to force the door of a house for the dacoits to enter and plunder it.

[Act causing slight harm.]

20. Nothing is an offence by reason that it causes, or that it is intended to cause, or that it is known to be likely to cause, any harm, if that harm is so slight that no person of ordinary sense and temper would complain of such harm.

OF THE RIGHT OF PRIVATE DEFENCE.

[Act done in private defence.]

21. Nothing is an offence which is done in the exercise of the right of private defence.

[Right of private defence.]

22. Every person has a right, subject to the restrictions contained in Clause 24, to defend:

First. His own body, and the body of any other person, against an assault.

Secondly. The property, whether moveable or immoveable, of himself or of any other person,

[প্রকৃতপ্রস্তাবে কোন কথা জানান।]

১৮। যদি কোন লোকের নিকটে প্রকৃতপ্রস্তাবে কোন কথা জানান যায় তবে তাহাতে সেই লোকের কোন অপকার হওনপ্রযুক্ত সেই কথা জানান অপরাধ হয় না।

উদাহরণ।

কোন লোকের অত্যন্ত পীড়া হইয়াছে। চিকিৎসক প্রকৃতপ্রস্তাবে তাহাকে বলে যে বুঝি তুমি রক্ষা পাইতে পারিবা না। তাহাতে পীড়িত লোক অত্যন্ত ভয় পাইয়া মরে। চিকিৎসক জানিত বটে যে এই কথা জানাইলে এই লোকের মরণ হইতে পারে তথাপি তাহার অপরাধ হয় না।

[ভয় দেখাইয়া লোকের দ্বারা কোন কর্ম্ম করাণ।]

১৯। যদি ভয় দেখাইয়া কোন লোকের দ্বারা কোন কর্ম্ম করাণ যায়, আর সেই লোক যে সময়ে ঐ কর্ম্ম করিতেছে সেই সময়ে ঐ ভয় দেখাইবার কথা শুনিয়া যুক্তিসিদ্ধমতে বুঝে যে এই কর্ম্ম না করিলে আমার প্রাণ যাইবেক তবে সেই কর্ম্ম অপরাধ নয়। কিন্তু ইহাতে প্রয়োজন যে সেই কর্ম্মকারি লোক উক্ত যে সঙ্কোচ অবস্থায় পড়িয়াছিল সেই অবস্থায় আপন ইচ্ছামতে না পড়ে, আর তৎক্ষণাৎ প্রাণ নষ্টহওয়া অপেক্ষা তাহার যুক্তিসিদ্ধমতে লঘু ক্ষতি হইবার আশা না থাকে। পরন্তু বধ করা ও রাজ্য বিপরীত যে২ অপরাধের প্রাণদণ্ড হইতে পারে তাহার উপর এই বিধি খাটে না।

১ ব্যাখ্যা। যদি কোন ব্যক্তি আপন ইচ্ছামতে কি মারিখাইবার ভয়ে ডাকাইতেরদের কি বোম্বেটিয়া প্রভৃতির রীতিচরিত্র জানিয়া তাহারদের দলভুক্ত হয়, তবে আইনমতে যাহা অপরাধ হয় এমত কোন কর্ম্ম আমার সঙ্গি লোকেরা জোর করিয়া আমার দ্বারা করিয়াছিল বলিয়া, সেই লোক এই বর্জ্জিত কথাহইতে উপকার পাইতে পারিবেক না।

২ ব্যাখ্যা। কোন ব্যক্তি না জানিয়া বোম্বেটিয়ারদের জাহাজে চড়ে আর নাবিকেরা বোম্বেটিয়াগিরি কর্ম্মেতে তাহাকে জোর করিয়া সহায়তা করায়, না করিলে তাহার তৎক্ষণাৎ প্রাণ নষ্ট করিত। সেই লোক এই বর্জ্জিত কথাহইতে উপকার পাইতে পারে।

৩ ব্যাখ্যা। সেই রূপ যদি ডাকাইতেরদের দল এক লোককে ধরিয়া তৎক্ষণাৎ মারিয়া ফেলিবেক বলিয়া তাহাকে আইনমতে যে কর্ম্ম অপরাধ হয় এমত কর্ম্ম জোর করিয়া করায়, তবে সেই লোক এই বিধিতে উপকার পাইতে পারে। ইহার উদারণ। ডাকাইতেরা কোন ঘরে প্রবেশ করিয়া লুঠ করিতে চাহিয়া এক জন কামারকে ধরিয়া তাহাকে হাতিয়ার লইয়া তাহার দ্বারা জোর করিয়া দ্বার খুলিয়া লয়।

[যে ক্রিয়াতে অল্প অপকার হয়।]

২০। কোন ক্রিয়াতে যদি অপকার হয় কি অপকার করিবার অভিপ্রায় হয় কি অপকার হইবার সম্ভাবনা জানা যায় অথচ যে অপকার তাহা এমন লঘু যে সাধারণ বুদ্ধির কি স্বভাবের লোক তাহার কিছু আন্দোলন করিত না তবে সেই অপকারপ্রযুক্ত ঐ ক্রিয়াতে অপরাধ হয় না।

আত্মরক্ষার স্বত্বের কথা।

[আত্মরক্ষার জন্যে যে ক্রিয়া করা যায়।]

২১। আত্মরক্ষার স্বত্বক্রমে যে ক্রিয়া করা যায় তাহাতে অপরাধ হয় না।

[আত্মরক্ষার স্বত্ব।]

২২। ২৪ প্রকরণের নিষেধ বাক্য মানিয়া প্রতিজনের আপনার এই২ বিষয় রক্ষা করিবার স্বত্ব আছে।

প্রথম। কেহ চড়াউ হইলে আপন গাত্র ও অন্য কোন লোকের গাত্র রক্ষা।

দ্বিতীয়। চৌর্য্য কি ডাকাইতী কি ক্ষতি কি অপরাধযুক্ত প্রবেশ করণ বলিয়া যে অপরাধ হয়, কিম্বা চৌর্য্য কি

against any act which is an offence falling under the definition of theft, robbery, mischief, or criminal trespass, or which is an attempt to commit theft, robbery, mischief, or criminal trespass.

[Right of private defence against the act of a person of unsound mind, &c.]

23. When an act which would otherwise be a certain offence, is not that offence by reason of the youth, the want of maturity of understanding, the unsoundness of mind, or the intoxication of the person doing that act, or by reason of any misconception on the part of that person, every person has the same right of private defence against that act which he would have if the act were that offence.

Illustrations.

(a) Z, under the influence of madness, attempts to kill A. Z is guilty of no offence. But A has the same right of private defence which he would have if Z were sane.

(b) A enters by night a house which he is legally entitled to enter. Z, in good faith, taking A for a house-breaker, attacks A. Here Z, by attacking A under this misconception, commits no offence. But A has the same right of private defence against Z, which he would have if Z were acting under no misconception.

[Acts against which there is no right of private defence.]

24. There is no right of private defence against an act which does not reasonably cause the apprehension of death or of grievous hurt, if done, or attempted to be done, by a public servant acting in good faith under colour of his office, though that act may not be strictly justifiable by law

There is no right of private defence against an act which does not reasonably cause the apprehension of death or of grievous hurt, if done, or attempted to be done, by the direction of a public servant acting in good faith under colour of his office, though that direction may not be strictly justifiable by law.

There is no right of private defence in cases in which there is time to have recourse to the protection of the public authorities.

[Extent to which the right may be exercised.]

The right of private defence in no case extends to the inflicting of more harm than it is necessary to inflict for the purpose of defence.

Explanation 1.—A person is not deprived of the right of private defence against an act done, or attempted to be done, by a public servant, as such, unless he knows, or has reason to believe, that the person doing the act is such public servant.

Explanation 2.—A person is not deprived of the right of private defence against an act done, or attempted to be done, by the direction of a public servant, unless he knows, or has reason to believe, that the person doing the act is acting by

ডাকাইতী কি ক্ষতি কি অপরাধযুক্ত প্রবেশ করিবার উদ্যোগ বলিয়া যে অপরাধ হয় তাহাহইতে আপনার কি অন্য কোন ব্যক্তির স্থাবর কি অস্থাবর সম্পত্তি রক্ষা।

[বিকৃতমনাপ্রভৃতি লোকের ক্রিয়াহইতে আত্মরক্ষার স্বত্ব।]

২৩। যদি কোন ক্রিয়াতে কোন অপরাধ হইত কিন্তু সেই ক্রিয়াকারির যৌবন অবস্থা কিম্বা বুদ্ধির অপক্কতা কিম্বা মনের বিকার কি তাহার নেশাপ্রযুক্ত কিম্বা সেই লোকের বুঝিবার কোন ভ্রমপ্রযুক্ত সেই অপরাধ হয় না, তবে নিতান্ত অপরাধ হইবার মতে সেই ক্রিয়াহইতে প্রতিজনের আত্মরক্ষার স্বত্ব থাকে।

উদাহরণ।

(ক) যদু পাগল হইয়া কালুকে মারিয়া ফেলিতে উদ্যত হয়। যদুর কোন অপরাধ নাই। কিন্তু সে যদি জ্ঞানী হইত তবে কালুর আত্মরক্ষার যে স্বত্ব থাকিত যদু পাগল হইলেও সেই স্বত্ব থাকে।

(খ) কালু ন্যায্যমতে যে ঘরে যাইতে পারে এমন ঘরে রাত্রিতে প্রবেশ করে। কিন্তু সে সিঁন্ধেল চোর ইহা প্রকৃতপ্রস্তাবে ভাবিয়া যদু তাহার উপর চড়াউ হয়। এই স্থলে যদু বুঝিবার ভুলক্রমে কালুর উপর চড়াউ হয় ইহাতে তাহার অপরাধ হয় না। কিন্তু যদুর কিছু ভুল না হইলে কালুর আত্মরক্ষার যে স্বত্ব থাকিত যদুর বিপক্ষে তাহার সেই স্বত্ব থাকে।

[যে২ কার্য্য হইলে আত্মরক্ষার স্বত্ব হয় না।]

২৪। সরকারী কোন কার্য্যকারক যদি প্রকৃতপ্রস্তাবে আপন পদের কর্ম্মছলে কোন কর্ম্ম করেন কি করিবার উদ্যোগ করেন ও তাহাতে যুক্তিসিদ্ধমতে মরণের কি ভারি আঘাতের আশঙ্কা হয় না তবে সেই কর্ম্ম নিবারণ করিবার জন্যে আত্মরক্ষার স্বত্ব নাই। যদিও সেই কার্য্যকারকের সেই কর্ম্ম আইনমতে নিতান্ত ন্যায্য হয় না তথাপি সেই স্বত্ব থাকে না।

যদি প্রকৃতপ্রস্তাবে আপন পদের কর্ম্মছলে কর্ম্মকারি সরকারী কার্য্যকারকের আজ্ঞামতে কোন কর্ম্ম করা যায় কি করিবার উদ্যোগ হয় ও তাহাতে যুক্তিসিদ্ধমতে মরণের কি ভারি আঘাতের আশঙ্কা হয় না তবে সেই কর্ম্ম নিবারণের জন্যে আত্মরক্ষার স্বত্ব নাই। যদিও সেই আজ্ঞা আইনমতে নিতান্ত ন্যায্য হয় না তথাপি সেই স্বত্ব থাকে না।

যে স্থলে সরকারী কার্য্যকারকেরদের আশ্রয় লইবার অবকাশ থাকে এমত স্থলে আত্মরক্ষার স্বত্ব নাই।

[আত্মরক্ষার স্বত্বক্রমে যেপর্য্যন্ত কার্য্য হইতে পারে।]

আত্মরক্ষার জন্যে যত অপকার করিবার আবশ্যক তাহার অধিক অপকার আত্মরক্ষার স্বত্বক্রমে কোন স্থলে করা যাইতে পারে না।

১ ব্যাখ্যা। সরকারী কার্য্যকারক স্বীয় পদোপলক্ষে যখন কোন ক্রিয়া করেন কি করিবার উদ্যোগ করেন, তখন সেই কর্ম্মকারি ব্যক্তি সরকারী কার্য্যকারক আছেন বটে ইহা যদি লোক না জানে, কি তাহার এমত বিশ্বাস করিবার কারণ না থাকে, তবে ঐ ক্রিয়া নিবারণের জন্যে সেই লোকের আত্মরক্ষার স্বত্ব লোপ হয় না।

২ ব্যাখ্যা। সরকারী কার্য্যকারকের আজ্ঞামতে যখন কোন ক্রিয়া করা যায় কি করিবার উদ্যোগ হয়, তখন যে ব্যক্তি ঐ ক্রিয়া করিতেছে সে সেই আজ্ঞামতে কর্ম্ম করে বটে ইহা যদি লোক না জানে, কিম্বা সেই ব্যক্তি যে আজ্ঞাক্রমে ঐ ক্রিয়া করিতেছে ইহা যদি

such direction, or, unless such person states the authority under which he acts, or, if he has authority in writing, unless he produces such authority.

[When the right of private defence of the body extends to causing death.]

25. The right of private defence of the body extends, under the restrictions mentioned in the last preceding Clause, to the voluntary causing of death or of any other harm to the assailant, if the assault which occasions the exercise of the right be of any of the descriptions hereinafter enumerated namely.

First. Such an assault as may reasonably cause the apprehension that death will otherwise be the consequence of such assault.

Secondly. Such an assault as may reasonably cause the apprehension that grievous hurt will otherwise be the consequence of such assault.

Thirdly. An assault with the intention of committing rape.

Fourthly. An assault with the intention of gratifying unnatural lust.

Fifthly. An assault with the intention of kidnapping.

Sixthly. An assault with the intention of wrongfully confining a person, under circumstances which may reasonably cause him to apprehend that he will be unable to have recourse to the public authorities for his release.

[When such right extends to causing any harm other than death.]

26. If the assault be not of any of the descriptions enumerated in the last preceding Clause, the right of private defence of the body does not extend to the voluntary causing of death to the assailant, but does extend, under the restrictions mentioned in Clause 24, to the voluntary causing to the assailant of any harm other than death.

[Commencement and continuance of the right of private defence of the body.]

27. The right of private defence of the body commences as soon as a reasonable apprehension of danger to the body commences, though no assault may have been committed; and it continues as long as such apprehension of danger to the body continues.

[When the right of private defence of property extends to causing death.]

28. The right of private defence of property extends, under the restrictions mentioned in Clause 24, to the voluntary causing of death or of any other harm to the wrong-doer, if the offence, the committing of which, or the attempting to commit which, occasions the exercise of the right, be an offence of any of the descriptions hereinafter ennumerated, namely:

First. Robbery.

Secondly. House-breaking by night, or lurking house-trespass by night.

[*Government Gazette*, 31*st March*, 1857.]

প্রকাশ না করে, কিম্বা সেই কর্ম্ম করিবার ক্ষমতা তাহাকে লিখিয়া দেওয়া গেলে যদি সেই ক্ষমতা না দেখায়, তবে সেই ক্রিয়া নিবারণের জন্যে ঐ লোকের আত্মরক্ষার স্বত্ব লোপ হয় না।

[যে স্থলে আত্মরক্ষার স্বত্বক্রমে খুনপর্য্যন্ত করা যায়।]

২৫। যে প্রকার আক্রমণহইতে আত্মরক্ষার স্বত্বক্রমে কার্য্য করিবার প্রয়োজন হয় তাহা যদি নীচের লিখিত কোন প্রকারের আক্রমণ হয় তবে ইহার পূর্ব্বের প্রকরণের নিষেধ বাক্যেতে মনোযোগ করিয়া সেই আত্মরক্ষার স্বত্বক্রমে আক্রমণকারি ব্যক্তিকে জানিয়া-শুনিয়া হত্যাও করা যায় কিম্বা তাহার অন্য কোন প্রকারের অপকার করা যায়।

প্রথম। কেহ আক্রমণ করিলে যখন তাহাতে যুক্তিসিদ্ধমতে প্রাণ হরণের আশঙ্কা হয় তখন সেইরূপ আক্রমণ হইলে।

দ্বিতীয়। কেহ আক্রমণ করিলে যদি তাহাতে যুক্তিসিদ্ধমতে ভারি আঘাতের আশঙ্কা হয় তবে সেইরূপ আক্রমণ হইলে।

তৃতীয়। বলাৎকার করিবার অভিপ্রায়ে আক্রমণ হইলে।

চতুর্থ। অস্বাভাবিক অভিলাষ পূর্ণ করিবার অভিপ্রায়ে আক্রমণ হইলে।

পঞ্চম। মানুষকে চুরী করিবার অভিপ্রায়ে আক্রমণ হইলে।

ষষ্ঠ। যদি কোন লোককে অন্যায়মতে কয়েদ করিবার অভিপ্রায়ে আক্রমণ করা যায় আর সেই লোক মুক্তি পাইবার জন্যে সরকারী কার্য্যকারকেরদের আশ্রয় লইতে অপারক হইবেক ভাবগতিক বুঝিয়া তাহার যুক্তিসিদ্ধমতে এমত আশঙ্কা হয়, তবে সেইরূপ আক্রমণ হইলে সে আত্মরক্ষার জন্যে হত্যাপর্য্যন্ত করিতে পারে।

[যে স্থলে সেই স্বত্বক্রমে হত্যাছাড়া অন্য কোন অপকার করা যাইতে পারে।]

২৬। ইহার পূর্ব্বের প্রকরণে যে২ প্রকারের আক্রমণ বর্ণনা হইয়াছে সেই প্রকারের যদি না হয় তবে আত্মরক্ষার স্বত্বক্রমে আক্রমণকারি ব্যক্তিকে ইচ্ছাপূর্ব্বক হত্যা করা যাইতে পারে না। কিন্তু ২৪ প্রকরণের নিষেধ বাক্যেতে মনোযোগ করিয়া সেই আক্রমণকারি ব্যক্তির প্রাণহরণ ছাড়া অন্য কোন প্রকারের অপকার ইচ্ছাপূর্ব্বক করা যাইতে পারে।

[আত্মরক্ষার স্বত্ব যে সময়ে আরম্ভ হয় ও যত কাল থাকে।]

২৭। যুক্তিসিদ্ধমতে সঙ্কটের আশঙ্কা যে সময়ে আরম্ভ হয় যদিও সেই সময়েতেই আক্রমণ করা আরম্ভ না হইয়াছে তথাপি সেই সময়ে, আত্মরক্ষার স্বত্বের আরম্ভ হয় আর যত কাল সঙ্কটের সেই আশঙ্কা থাকে তত কাল ঐ স্বত্বও থাকে।

[যে স্থলে সম্পত্তি রক্ষার জন্যে হত্যাপর্য্যন্ত করা যাইতে পারে।]

২৮। যে অপরাধ করা যাওয়াতে কি করিবার উদ্যোগ হওয়াতে সম্পত্তি রক্ষার স্বত্বক্রমে কার্য্য করিবার প্রয়োজন হয়, তাহা যদি নীচের লিখিত কোন প্রকারের অপরাধ হয় তবে ২৪ প্রকরণের নিষেধ বাক্যেতে মনোযোগ করিয়া স্বীয় সম্পত্তি রক্ষার স্বত্বক্রমে অপরাধিকে জানিয়াশুনিয়া হত্যা করা যায় কি তাহার অন্য কোন প্রকারের অপকার করা যায়।

প্রথম। ডাকাইতী।

দ্বিতীয়। রাত্রিতে সিঁধ কাটা কি রাত্রিতে ঘরে প্রবেশ করিয়া লুকিয়া থাকা।

Thirdly. Mischief by fire committed on any building, tent, or vessel, which building, tent, or vessel is used as a human dwelling, or as a place for the custody of property.

Fourthly. Theft, mischief, or house-trespass, under such circumstances as may reasonably cause apprehension that death or grievous hurt will be the consequence, if such right of private defence is not exercised.

[When such right extends to causing any harm other than death.]

29. If the offence, the committing of which, or the attempting to commit which, occasions the exercise of the right of private defence, be theft, mischief, or criminal trespass, not of any of the descriptions enumerated in the last preceding Clause, that right does not extend to the voluntary causing of death, but does extend, subject to the restrictions mentioned in Clause 24, to the voluntary causing to the wrong-doer of any harm other than death.

[Commencement and continuance of the right of private defence of property.]

30. The right of private defence of property commences when a reasonable apprehension of danger to the property commences.

The right of private defence of property against theft or robbery continues till either the assistance of the public authorities can be obtained, or the property has been recovered.

The right of private defence of property against criminal trespass or mischief continues as long as the offender continues in the commission of criminal trespass or mischief, or as long as a reasonable ground of apprehension of danger to the property continues.

The right of private defence of property against house-breaking by night, or lurking house-trespass by night, continues as long as the house-trespass, which has been begun by such house-breaking or lurking house trespass, continues.

[Right of private defence against a deadly assault when there is risk of harm to an innocent person.]

31. If, in exercise of the right of private defence against an assault which reasonably causes the apprehension of death, the defender be so situated that he cannot effectually exercise that right without risk of harm to an innocent person, his right of private defence extends to the running of that risk.

Illustration.

A is attacked by a mob who attempt to murder him. He cannot effectually exercise his right of private defence without firing on the mob, and he cannot fire without risk of harming young children who are mingled with the mob. A commits no offence if by so firing he harms any of the children.

তৃতীয়। যে ঘরে কি তাম্বুতে কি নৌকাদিতে মানুষ থাকে কি সম্পত্তি রাখা যায় এমত কোন ঘরে কি তাম্বুতে কি নৌকাদিতে আগুন লাগাইয়া ক্ষতি করা।

চতুর্থ। যদি চৌর্য্য কি অপকার কি ঘরে প্রবেশ হয় আর আত্মরক্ষার স্বত্বক্রমে কার্য্য না করা গেলে তাবগতিক বুঝিয়া প্রাণ হরণের কি ভারি আঘাতের যুক্তিসিদ্ধমতে আশঙ্কা হইতে পারে তবে সেই চৌর্য্য কি অপকার কি ঘরে প্রবেশ।

[যে স্থলে সেই স্বত্বক্রমে হত্যাভিন্ন অন্য অপকার করা যায়।]

২৯। যে অপরাধ করণেতে কি করিবার উদ্যোগ হওনেতে স্বীয় সম্পত্তি রক্ষার স্বত্বমতে কার্য্য করিবার প্রয়োজন হয়, তাহা যদি ইহার পূর্ব্বের প্রকরণের বর্ণনামতের চৌর্য্য কি অপচয় কি অপরাধযুক্ত প্রবেশ না হয়, তবে সেই স্বত্বক্রমে লোককে ইচ্ছাপূর্ব্বক হত্যা করা যাতে পারে না। কিন্তু ২৪ প্রকরণের নিষেধ বাক্যেতে মনোযোগ করিয়া হত্যাছাড়া অপরাধির অন্য কোন প্রকারের অপকার ইচ্ছাপূর্ব্বক করা যাইতে পারে।

[সম্পত্তি রক্ষার স্বত্ব যে সময়ে আরম্ভ হয় ও যত কাল থাকে।]

৩০। সম্পত্তির সঙ্কট হইবার আশঙ্কা যে সময়ে যুক্তিসিদ্ধমতে আরম্ভ হয় সেই সময়ে সম্পত্তিরক্ষার স্বত্ব আরম্ভ হয়।

চৌর্য্য কি ডাকাইতী হইলে যত কাল সরকারী কার্য্যকারকেরদের সাহায্য না পাওয়া যায় কিম্বা যত কাল সেই সম্পত্তি উদ্ধার না করা যায় তত কাল সম্পত্তিরক্ষার সেই স্বত্ব থাকে।

অপরাধযুক্ত প্রবেশ কি অপচয় হইলে অপরাধী যত কাল সেই অপরাধযুক্ত প্রবেশ করণের কি ক্ষতির কার্য্য করিতে থাকে কিম্বা যুক্তিসিদ্ধমতে যত কাল সম্পত্তির সঙ্কট হইবার আশঙ্কা থাকে তত কাল সম্পত্তি রক্ষার স্বত্ব থাকে

রাত্রিতে সিঁধকাটা কি রাত্রিতে ঘরে প্রবেশ করিয়া লুকিয়া থাকার অপরাধ হইলে সেই সিঁধ কাটাতে কি ঘরে প্রবেশ করিয়া লুকিয়া থাকাতে আরম্ভ হইয়া যত কাল ঘরে প্রবেশের দোষ থাকে তত কাল সম্পত্তিরক্ষার সেই স্বত্ব থাকে।

[সাংঘাতিক আক্রমণ হইলে নির্দ্দোষ ব্যক্তির যে স্থলে ক্ষতির সম্ভাবনা হইলেও আত্মরক্ষার স্বত্ব হয়।]

৩১। যদি কোন লোকের প্রতি আক্রমণ হইয়া যুক্তিসিদ্ধমতে তাহার প্রাণ নাশের আশঙ্কা হয় ও তখন তাহার এমত অবস্থা যে আত্মরক্ষার স্বত্বক্রমে সফলরূপে কার্য্য করিতে গেলে নির্দ্দোষি ব্যক্তিরও অপকারের সম্ভাবনা হয়, তবে সেই অপকার করিয়াও সেই লোক আত্মরক্ষার স্বত্বক্রমে কার্য্য করিতে পারে।

উদাহরণ।

কালুর উপর বহু লোক পড়িয়া তাহাকে খুন করিতে উদ্যোগ করে। কালু তাহারদের উপরে গুলি না মারিয়া আত্মরক্ষার স্বত্বমতে সফলরূপে কার্য্য করিতে পারে না। কিন্তু ঐ ভিড়ের মধ্যে কএক জন ছোটং বালক আছে অতএব গুলি করিলে কোন বালকেরও প্রাণহানি হইতে পারে। এমত স্থলে যদি কালু গুলি করিয়া কোন বালকদিগের অপকারও করে তবু তাহার অপরাধ হয় না।

CHAPTER V.

OF PRINCIPALS AND ABETTORS.

[Principal.]

1. A person is a principal in an offence who, either singly or jointly with any other person, actually commits that offence, or who abets* the commission thereof, and is present when the act abetted is committed, and is capable of taking a part therein.

Illustrations.

(*a*) A and B waylay Z and murder him to death by beating him, each of them giving him several blows. A and B are principals in the murder, for they both join in actually committing it.

(*b*) A, being in the presence of B and Z, instigates B to murder Z. B, in consequence of such instigation, murders Z in A's presence. Here, as A is present when the murder is committed and abets by instigation that murder, A and B are principals in the murder.

(*c*) A and B conspire to murder Z. A, in pursuance of that conspiracy, stabs Z and thereby murders him in B's presence. Here, as B abets by conspiracy the murder committed in his presence, both B and A are principals.

(*d*) A and B agree to murder Z. A binds Z to a tree, and B then, in A's presence, stabs him with a sword. Here A abets by aid the murder of Z, and as that murder is committed in his presence, both A and B are pricipals.

(*e*) A abets B to give false evidence in a Court of Justice. B, in consequence of A's instigation, gives false evidence. Here, notwithstanding A may be present in Court when the false evidence is given, he is not a principal, but only an abettor, inasmuch as he was not capable of taking a part in B's act of giving evidence.

Explanation 1.—When the act is committed in consequence of the abetment, it is not necessary, in order to render the abettor liable, that the person committing the act should be capable by law of committing an offence, or that he should commit the act with the same guilty intention or knowledge, as that of the abettor, or with any guilty knowledge or intention.

Illustrations.

(*a*) A, having such an intention as would render the killing of Z murder if A committed the act himself, instigates B, a madman, to commit that act. B, in consequence of such instigation, kills Z in A's presence. Here, A abets the offence of murder (see Clause 4); and as the act abetted was committed by B in his presence, A is a principal in the murder, though B was not guilty of any offence.

* As to what amounts to abetment of an offence —see Clause 4 and Explanations.

৫ অধ্যায়।

মুখ্য অপরাধী ও সহায়।

[মুখ্য অপরাধী।]

১। যে জন একলা কি অন্য কোন ব্যক্তির সঙ্গে নিতান্ত কোন অপরাধ করে, কিম্বা সেই অপরাধ করিবার সহায়তা করে * ও যে ক্রিয়ার সহায়তা করে তাহা যে সময়ে করা যায় সেই সময়ে বর্ত্তমান থাকে ও সেই ক্রিয়ার মধ্যে কিছু করিতে পারক হয় সেই জন সেই অপরাধের মুখ্য অপরাধী হয়।

উদাহরণ।

(ক) যদু কোন পথে যাইতেছে সেই পথে কালু ও গোপাল ওত্তে থাকে, যদু আইলে দুই জনে তাহাকে মারিতেং খুন করে। এই স্থলে কালু ও গোপাল ঐ খুন করিবার অপরাধে মুখ্য ব্যক্তি হয় কেননা দুই জন একত্র হইয়া নিতান্ত সেই কর্ম্ম করিয়াছিল।

(খ) কালু গোপালের ও যদুর সঙ্গে থাকিয়া যদুকে খুন করিতে গোপালকে প্রবৃত্তি দেয়। গোপাল সেই প্রবৃত্তিপ্রযুক্ত কালুর সাক্ষাতে যদুকে খুন করে। এই স্থলে খুন যে সময়ে করা গিয়াছিল সেই সময়ে কালু বর্ত্তমান ছিল ও প্রবৃত্তি দিয়া সেই খুনের সহায়তা করে অতএব কালু ও গোপাল দুই জনে ঐ হত্যার মুখ্য অপরাধী ছিল।

(গ) যদুকে হত্যা করিতে কালু ও গোপাল মন্ত্রণা করে সেই মন্ত্রণাপ্রযুক্ত কালু ছুরি লইয়া যদুকে মারিয়া গোপালের সাক্ষাতে তাহাকে হত্যা করে। এই স্থলে গোপালের সাক্ষাতে যে হত্যা হয় তাহাতে গোপাল মন্ত্রণার দ্বারা সহায়তা করে। গোপাল ও কালু দুই জনে মুখ্য অপরাধী।

(ঘ) কালু ও গোপাল যদুকে হত্যা করিতে একবাক্য হয়। কালু তাহাকে গাছে বাঁধে ও গোপাল তলবার লইয়া কালুর সাক্ষাতে যদুকে মারে। এই স্থলে কালু সাহায্য করিয়া যদুকে হত্যা করিতে সহায়তা করে আর সেই হত্যা তাহার সাক্ষাতে হইয়াছিল অতএব কালু ও গোপাল দুই জনে মুখ্য অপরাধী।

(চ) কালু আদালতে অসত্য প্রমাণ দিতে গোপালের সহায়তা করে। তাহাতে কালুর প্রবৃত্তিমতে গোপাল অসত্য প্রমাণ দেয়। এই স্থলে সেই অসত্য প্রমাণ দিবার সময়ে যদিও কালু বর্ত্তমান থাকে তথাপি সে মুখ্য অপরাধী নয় কেবল সহায় হয়। কেননা গোপালের সাক্ষ্য দিবার কার্য্যেতে কালু তাহার সঙ্গে কর্ম্ম করিতে পারিল না।

১ ব্যাখ্যা। যখন সহায়তার ফলরূপে কোন ক্রিয়া করা যায় তখন সেই ক্রিয়া করে যে জন সে আইনমতে অপরাধ করিতে অপারক হইলেও এবং সহায়ের তুল্য তাহার অপরাধযুক্ত মানস কি জ্ঞান না থাকিলেও কিম্বা তাহার অপরাধযুক্ত কিছুই জ্ঞান কি মানস না থাকিলেও সেই সহায় দোষী হয়।

উদাহরণ।

(ক) যদুকে হত্যা করিতে কালুর অভিপ্রায় আছে। আর কালু আপনি যদি সেই ক্রিয়া করে তবে তাহার হত্যার অপরাধ হয় ইহাতে কালু গোপাল নামে পাগল এক জনকে সেই হত্যা করিতে প্রবৃত্তি দেয়। তাহাতে গোপাল সেই প্রবৃত্তিমতে কালুর সাক্ষাতে যদুকে হত্যা করে। এই স্থলে কালু হত্যা অপরাধের সহায়তা করে (৪ প্রকরণ দেখ।) আর যে কার্য্যের সহায় ছিল সেই কার্য্য গোপাল তাহার সাক্ষাতে করিয়াছে অতএব কালু সেই হত্যার মুখ্য অপরাধী কিন্তু গোপাল কোন অপরাধের দোষী নয়।

* যাহা হইলে অপরাধের সহায়তা হয় এই বিষয়ে ৪ প্রকরণ ও তাহার ব্যাখ্যা দেখ।

(b) A, a prisoner confined in a cell in Jail, instigates B, a prisoner who is outside the cell, to murder Z, the Jailor. B commits the offence in consequence of the instigation. Here, if A was not capable of taking part in the act in consequence of his confinement, he is not a principal, but only an abettor.

Explanation 2.—Where there are several principals, in the commission of a criminal act, they may be guilty of different offences by means of that act.

Illustration.

A attacks Z under such circumstances of grave provocation that his killing of Z would be only culpable homicide. B, having ill-will towards Z, and not having been subject to the provocation, assists A in killing Z. Here, though A and B are both principals in causing Z's death, B is guilty of murder, and A is guilty only of culpable homicide.

[Principal by doing one of several acts constituting an offence.]

2. When an offence is committed by means of several acts, whoever voluntarily co-operates in the commission of that offence by actually doing any one of those acts either singly or jointly with any other person, or by abetting such act and being present when it is done, and capable of taking a part therein, is a principal in the offence.

Illustrations.

(a) A and B agree to murder Z by severally and at different times giving him small doses of poison. A and B administer the poison according to the agreement. Z dies from the effects of the several doses of poison so administered to him. Here A and B voluntarily co-operate in the commission of murder, and as each of them does an act by which the death is caused, they are both principals, though their acts are separate.

(b) A and B are joint Jailors, and as such, have the charge of Z, a prisoner, alternately for six hours at a time. A and B, intending to cause Z's death, knowingly co-operate in causing that effect by illegally omitting, each during the time of his attendance, to furnish Z with food. Z dies of hunger. Both A and B are principals in the murder of Z.

(c) A, a Jailor, has the charge of Z, a prisoner. A, intending to cause Z's death, illegally omits to supply Z with food; in consequence of which Z is much reduced in strength, but the starvation is not sufficient to cause his death. A is dismissed from his office, and B succeeds him. B, without collusion or co-operation with A, illegally omits to supply Z with food, knowing that he is likely thereby to cause Z's death. Z dies of hunger. B is guilty of murder; but as A did not co-operate

(খ) কালু জেলখানার একটা কুঠরীতে কয়েদ রহিয়াছে। গোপাল নামে আর এক জন কয়েদী ঐ কুঠরীর বাহিরে আছে তাহাতে কালু জেলের দারোগাকে হত্যা করিতে গোপালকে প্রবৃত্তি দেয়। গোপাল সেই প্রবৃত্তিমতে ঐ অপরাধ করে। এই স্থলে কালু কয়েদ হওয়াপ্রযুক্ত সেই কর্ম্ম গোপালের সঙ্গে করিতে পারিল না অতএব কালু মুখ্য অপরাধী নয় কেবল সহায় হয়।

২ ব্যাখ্যা। যদি কোন এক অপরাধ করণে মুখ্য অনেক অপরাধী হয় তবে তাহারা সেই ক্রিয়াতে ভিন্ন২ অপরাধের দোষী হইতে পারে।

উদাহরণ।

কালু যদুর কোন কর্ম্মেতে ক্রুদ্ধ হইয়া যদুকে আক্রমণ করে আর যে কর্ম্মপ্রযুক্ত কালুর ক্রোধ হইয়াছে তাহা এমন ভারী যে যদুকে যদি খুনও করিত তথাপি তাহা কেবল দোষজনক হত্যা হয়। ঐ যদুর উপরে গোপালের কিছু ঈর্ষ্যা আছে কিন্তু তাহার ক্রোধ জন্মাইবার কোন বিষয় না থাকিতেও সে যদুকে খুন করিতে কালুর সাহায্য করে। এই স্থলে যদুর হত্যা করণেতে কালু ও গোপাল দুই জনে মুখ্য অপরাধী বটে, তবু গোপাল খুন করিবার দোষী, কালু কেবল দোষজনক হত্যার দোষী হয়।

[বহু ক্রিয়া লইয়া একি অপরাধ হইলে তাহার কোন এক ক্রিয়াকারি মুখ্য অপরাধী।]

২। যখন বহু ক্রিয়া করিয়া একি অপরাধ করা যায় তখন যে কেহ ঐ সকল ক্রিয়ার মধ্যে কোন ক্রিয়া একলা কি অন্য কোন ব্যক্তির সংযোগে নিতান্ত করিয়া কি সেই ক্রিয়াতে সহায় হইয়া ও সেই ক্রিয়া করণকালে বর্ত্তমান থাকিয়া ও তাহাতে কিছু করিতে পারক হইয়া ইচ্ছাপূর্ব্বক সেই অপরাধ হইবার সহকারিতা করে সেই জন ঐ অপরাধের মুখ্য অপরাধী হয়।

উদাহরণ।

(ক) কালু ও গোপাল এই প্রকার মন্ত্রণা করে যে আমরা যদুকে ভিন্ন২ সময়ে একবার এক জন অন্যবার অন্য জন অল্প২ বিষ খাওয়াইয়া মারিয়া ফেলিব। সেই পরামর্শমতে কালু ও গোপাল তাহাকে বিষ খাওয়ায়। আর সেই প্রকারে অনেকবার বিষ সেবন করিতে২ যদু মরে। এই স্থলে কালু ও গোপাল হত্যা করিবার কার্য্যে পরস্পর ইচ্ছাপূর্ব্বক সহকারী হইয়াছে। ও যাহাতে লোকের মৃত্যু হইয়াছে এমন কর্ম্ম তাহারদের এক২ জন করিয়াছে অতএব তাহারদের ক্রিয়া পৃথক্ হইলেও দুই জনে মুখ্য অপরাধী।

(খ) কালু ও গোপাল একি জেলখানার জেলরক্ষক আছে। যদু কয়েদী আছে। তাহাতে তাহার নেগাহবানী কালুর ছয়২ ঘণ্টা ও গোপালের ছয়২ ঘণ্টা করিয়া করিতে হয়। কালু ও গোপাল যদুকে মারিয়া ফেলিবার অভিপ্রায়ে যাহার যত কাল নেগাহবানী করিতে হয় সে তত কালপর্য্যন্ত যদুকে কিছু আহার না দিয়া তাহাকে মারিয়া ফেলিতে পরস্পর সহকারী হয়। যদু কিছু খাইতে না পাইয়া মরে। তাহাতে যদুর হত্যা করণে কালু ও গোপাল দুই জনে মুখ্য অপরাধী হইল।

(গ) যদু কয়েদী হইয়া কালু নামে জেল দারোগার নেগাহবানীতে রহিয়াছে। কালু যদুকে মারিয়া ফেলিবার অভিপ্রায়ে বেআইনীমতে আহার দিতে ত্রুটি করে। ইহাতে যদু অত্যন্ত দুর্ব্বল হইয়াছে কিন্তু সেপর্য্যন্ত আহার না পাইলেও যদুর মৃত্যু হয় নাই। পরে কালুকে তগীর করা যায় ও গোপাল তাহার কর্ম্ম পায়। গোপাল ঐ কালুর সঙ্গে যোগ কি সহকারিতা না করিয়া বেআইনীমতে যদুকে আহার দিতে ত্রুটি করে ও সে জানে যে ইহাতে যদুর মরণ সম্ভাবনা। পরে যদু ক্ষুধাতে মরে। এই স্থলে গোপাল হত্যার অপরাধী হইয়াছে। কিন্তু

with B, A is guilty only of an attempt to commit murder.

Explanation 1.—A person is said to be present within the meaning of the Clauses 1 and 2 of this Chapter who is near enough to render assistance to the person who does the act.

Explanation 2.—When the causing of a particular effect is necessary to constitute an offence, a person may be a principal in the commission of the offence, although not present when the effect is caused.

Illustrations.

(*a*) A lays poison for the purpose of poisoning Z. Z takes the poison and dies in consequence in the absence of A. A is a principal in the murder of Z, notwithstanding he was not present when the poison was taken, or the murder was consummated by Z's death.

(*b*) A instigates B to lay poison with the intention of poisoning Z, and is present when B lays it with that intent. Z, in the absence of A and B, takes the poison and dies in consequence. A and B are both principals in the murder of Z, though they were both absent when the effect was caused.

[Abetment.]

3. A person abets the doing of a thing, who,

First.—Instigates any person to do that thing, or

Secondly.—Engages in any conspiracy for the doing of that thing, if an act or illegal omission takes place in pursuance of that conspiracy, and in order to the doing of that thing, or

Thirdly.—Intentionally aids, by any act or illegal omission, the doing of that thing.

Explanation 1.—A person is said to instigate the doing of a thing who, by wilful misrepresentation or by wilful concealment of a material fact which he is bound to disclose, or otherwise, voluntarily causes or procures, or attempts to cause or procure, that thing to be done.

Illustration.

A, a public officer, is authorized by a warrant from a Court of Justice to apprehend Z. B, knowing that fact and also that C is not Z, wilfully represents to A that C is Z, and thereby intentionally causes A to apprehend C. Here B abets by instigation the apprehension of C.

Explanation 2.—Whoever, prior to or at the time of the commission of an act, does any thing in order to facilitate the commission of that act, and thereby facilitates the commission thereof, is said to aid the doing of that act.

[Abettor.]

4. A person is said to abet an offence who abets either the commission of an offence, or the commission of an act which would be an offence, if committed by a person capable by law of committing an offence with the intention or knowledge of the abettor.

কালু গোপালের সহকারী ছিল না অতএব কালু হত্যা করিবার উদ্যোগের অপরাধী হইয়াছে।

১ ব্যাখ্যা। এই অধ্যায়ের ১ ও ২ প্রকরণের অভিপ্রায়মতে, যে জন ক্রিয়াকারি লোকের এমন নিকট থাকে যে তাহার সাহায্য করিতে পারে সেই জনকে বর্ত্তমান বলা যায়।

২ ব্যাখ্যা। যখন কোন বিশেষ ফল না হইলে অপরাধ হয় না, তখন সেই বিশেষ ফল হইবার সময়ে লোক বর্ত্তমান না থাকিলেও ঐ অপরাধের মুখ্য অপরাধী হইতে পারে।

উদাহরণ।

(ক) যদুকে বিষ খাওয়াইয়া মারিবার জন্যে কালু কোন স্থানে বিষ রাখে। কালুর অবর্ত্তমানে যদু বিষ খাইয়া মরে। এই স্থলে যদুর বিষ খাইবার সময়ে কিম্বা যদুর প্রাণ বিয়োগে তাহার হত্যা সম্পূর্ণ হইবার কালে যদিও কালু বর্ত্তমান না ছিল তথাপি হত্যার মুখ্য অপরাধী হইল।

(খ) যদুকে বিষ খাওয়াইবার অভিপ্রায়ে কালু কোন স্থানে বিষ রাখিতে গোপালকে প্রবৃত্তি দেয় ও সেই অভিপ্রায়ে যখন গোপাল বিষ রাখে তখন কালু বর্ত্তমান থাকে। পরে কালুর ও গোপালের অবর্ত্তমানে যদু বিষ খাইয়া মরে। সেই ফল হইবার সময়ে যদিও কালু ও গোপাল দুই জনে অবর্ত্তমান ছিল তথাপি তাহারা যদুর হত্যার মুখ্য অপরাধী হইল।

[সহায়তা।]

৩। লোক এই২ অবস্থায় কোন কার্য্যেতে সহায় হয়।

প্রথম। যদি অন্য লোককে সেই কার্য্য করিতে প্রবৃত্তি দেয় তবে।

দ্বিতীয়। যদি সেই কার্য্য করিবার কোন কুমন্ত্রণাতে লিপ্ত হয় ও যদি সেই কুমন্ত্রণাক্রমে ও সেই ক্রিয়া করিবার জন্যে অকর্ত্তব্য কোন ক্রিয়া করা যায় কিম্বা কর্ত্তব্য কোন ক্রিয়া বেআইনীমতে না করা যায় তবে।

তৃতীয়। যদি অকর্ত্তব্য কোন ক্রিয়া করণের কিম্বা কর্ত্তব্য কোন ক্রিয়া বেআইনীমতে না করণের দ্বারা সেই ক্রিয়ার জানিয়া শুনিয়া সহায়তা করে তবে।

১ ব্যাখ্যা। যদি কোন লোক ইচ্ছা করিয়া অপ্রকৃত বর্ণনা করণের দ্বারা কিম্বা প্রকৃতর যে বৃত্তান্ত তাহার প্রকাশ করিতেই হয় তাহা ইচ্ছা করিয়া গোপন করণের দ্বারা কিম্বা প্রকারান্তরে কোন ক্রিয়া ইচ্ছাপূর্ব্বক করায় কি ঘটায় কিম্বা করাইতে কি ঘটাইতে উদ্যোগ করে তখন বলা যায় যে সেই ব্যক্তি ঐ ক্রিয়ার প্রবৃত্তি দেয়।

উদাহরণ।

কালু নামে সরকারী এক জন কার্য্যকারক যদুকে গ্রেপ্তার করিতে আদালতের পরওয়ানামতে ক্ষমতা পায়। গোপাল সেই কথা জানে, আর চাঁদ যদু নয় ইহাও জানিয়া কালুকে ইচ্ছাপূর্ব্বক বলে যে চাঁদই যদু। তাহাতে জানিয়া শুনিয়া চাঁদকে গ্রেপ্তার করাইয়া দেয়। এই স্থলে গোপাল প্রবৃত্তি দিয়া চাঁদকে গ্রেপ্তার করায়।

২ ব্যাখ্যা। যদি কোন ব্যক্তি কোন অকর্ত্তব্য ক্রিয়া করা যাইবার আগে কি করা যাইবার সময়ে সেই ক্রিয়া অনায়াসে সহজরূপে হইবার জন্যে কোন কর্ম্ম করে ও তাহাতে সেই ক্রিয়ার আরো সহজরূপে হইবার উপায় করে তবে বলা যায় যে সেই ব্যক্তি ঐ ক্রিয়া করিবার সহায়তা করে।

[সহায়]

৪। যদি কোন লোক কোন অপরাধ করিবার সহায়তা করে, কিম্বা অপরাধ করিতে আইনমতে সক্ষম কোন লোক সহায়ের অভিপ্রায়ক্রমে কি জ্ঞাতসারে যে ক্রিয়া করিলে অপরাধ হয় এমত কোন ক্রিয়া করিবার সহায়তা যে লোক করে সে অপরাধ করিবার সহায়তা করে বলা যায়।

Explanation 1.—A person may be guilty of abetting an offence by abetting the illegal omission of an act, by a person legally bound to do the act, although he may not himself be legally bound to do that act.

Illustration.

A instigates B to take a horse out of Z's possession, knowing that the horse belongs to Z and intending that B shall steal the horse. Here A abets the offence of theft, for he with the intention and knowledge which is necessary to constitute the taking a theft, abets that taking.

Explanation 2.—A person may be guilty of abetting an offence, although the act abetted be not committed; or the effect necessary to constitute the offence be not caused. In such case he will be punishable under Clauses 12 and 13 of this Chapter.

Explanation 3.—It is not necessary that the person abetted should be capable by law of committing an offence, or that he should have the same guilty intention or knowledge as that of the abettor, or any guilty intention or knowledge.

Illustration.

A, with a guilty intention, abets a child or a lunatic to commit an act which would be an offence, if committed by a person capable by law of committing an offence, and having the same intention as A. Here A, whether the act be committed or not, is guilty of abetting an offence. If the act be committed, he is punishable under Clause 5 of this Chapter; if the act be not committed, he is punishable under Clause 12 or 13 of this Chapter.

[Punishment of abetment if the act abetted is committed in consequence, and where no express provision is made for its punishment.]

5. Whoever abets any offence shall, if the act abetted is committed in consequence of the abetment, and no express provision is made by this Code for the punishment of such abetment, be punished with the punishment provided for the offence, although he may not be a principal.

Illustrations.

(*a*) A offers a bribe to B, a public servant B accepts the bribe. A has abetted the offence defined under Clause 1 Chapter IX

(*b*) A instigates B to give false evidence. B, in consequence of the instigation, commits that offence. A is guilty of abetting that offence, and is liable to the same punishment as B.

(*c*) A and B conspire to poison Z. A, in pursuance of the conspiracy, procures the poison and delivers it to B in order that he may administer it to Z. B, in pursuance of the conspiracy, administers the poison to Z in A's absence and thereby causes Z's death. Here B is guilty of murder. A is guilty of abetting that offence by conspiracy, and is liable to the punishment for murder.

১ ব্যাখ্যা। কোন লোক কোন ক্রিয়া করিতে আইনমতে বদ্ধ আছে অন্য লোক সেই কর্ত্তব্য কর্ম্ম করিতে তাহার বেআইনীমতে ত্রুটি করিবার সহায়তা করে তবে সে লোক নিজে ঐ কর্ম্ম করিতে আইনমতে বদ্ধ না হইলেও অপরাধের সহায়তা করিবার দোষী হয়।

উদাহরণ।

যদুর একটা ঘোড়া থাকে। সেই ঘোড়া যদুর বটে কালু ইহা জানে, কিন্তু চাঁদ সেই ঘোড়া চুরী করে কালু এই মনস্থ করিয়া চাঁদকে সেই ঘোড়া চুরী করিতে প্রবৃত্তি দেয়। এই স্থলে কালু চুরী করণ অপরাধের সহায় হয় কেননা চৌর্য্য অপরাধ হইবার জন্যে যে মনস্থ ও জ্ঞান আবশ্যক হয় সেই মনস্থ ও জ্ঞানমতে সে চুরী করিবার সহায়তা করে।

২ ব্যাখ্যা। কোন লোক যে ক্রিয়ার সহায়তা করে তাহা না করা গেলেও অথবা অপরাধ হইবার জন্যে যে ফল আবশ্যক তাহা না হইলেও সেই লোক অপরাধের সহায়তা করিবার দোষী হইতে পারে। এমত স্থলে সেই লোকের এই অধ্যায়ের ১২ ও ১৩ প্রকরণমতে দণ্ড হইতে পারিবেক।

৩ ব্যাখ্যা। যাহার সাহায্য করা যায় সে অপরাধ করিতে আইনমতে অক্ষম হইলেও, কিম্বা সহায়ের তুল্য তাহার অপরাধযুক্ত মানস কি জ্ঞান না থাকিলেও কিম্বা অপরাধপ্রযুক্ত কিছুমাত্র মানস কি জ্ঞান না থাকিলেও সহায়ের সেই দোষ হয়।

উদাহরণ।

কালু অপরাধযুক্ত অভিপ্রায়ে কোন শিশুকে কি ক্ষিপ্ত লোককে কোন ক্রিয়া করিবার সাহায্য করে। সেই ক্রিয়া যদি অপরাধ করিতে আইনমতে সক্ষম ও কালুর সমান অভিপ্রায় যাহার থাকে এমত লোক করিত তবে অপরাধ হইত। এমত স্থলে সেই ক্রিয়া করা যাউক কি না যাউক কালু অপরাধের সহায়তা করিবার দোষী হয় যদি সেই ক্রিয়া করা যায় তবে এই অধ্যায়ের ৫ প্রকরণমতে তাহার দণ্ড হইতে পারিবেক। যদি না করা যায় তবে এই অধ্যায়ের ১২ কি ১৩ প্রকরণমতে তাহার দণ্ড হইতে পারিবেক।

[কোন ক্রিয়ার সহায়তা হওয়াপ্রযুক্ত সেই ক্রিয়া করা গেলে ও তাহার দণ্ডের স্পষ্ট বিধি না থাকিলে সেইরূপ সহায়তার দণ্ড।]

৫। যদি কোন লোক কোন অপরাধের সহায়তা করে আর সেই সহায়তাপ্রযুক্ত সেই অপরাধ করা যায় অথচ সেইরূপ সহায়তার দণ্ডের কোন স্পষ্ট বিধি এই আইনেতে না থাকে তবে সেই সহায় মুখ্য অপরাধী না হইলেও ঐ অপরাধের যে দণ্ড নিরূপণ হইয়াছে তাহার সেই দণ্ড হইবেক।

উদাহরণ।

(ক) কালু গোপাল নামে সরকারী এক জন কর্ম্মকারককে ঘুষ দিতে চাহে। গোপাল সেই ঘুষ লয়। ইহাতে কালু ৯ অধ্যায়ের ১ প্রকরণের লিখিত অপরাধের সহায়তা করিয়াছে।

(খ) কালু গোপালকে অসত্য সাক্ষ্য দিতে প্রবৃত্তি দেয়। সেই প্রবৃত্তির বলে গোপাল সেই অপরাধ করে। কালু সেই অপরাধের সহায়তা করিয়াছিল ও গোপালের মত একি দণ্ডের যোগ্য হইল।

(গ) কালু ও গোপাল পরামর্শ করিয়া যদুকে বিষ খাওয়াইতে চাহে। সেই পরামর্শমতে কালু ঐ বিষ আনিয়া যদুকে খাওয়াইবার জন্যে তাহা গোপালের হাতে দেয়। কালু চলিয়া গেলে পর গোপাল সেই পরামর্শক্রমে যদুকে ঐ বিষ খাওয়ায় তাহাতে যদু মরে। এই স্থলে গোপাল হত্যার অপরাধী হইয়াছে। কালু পরামর্শক্রমে সেই অপরাধের সহায়তা করিবার দোষী হয় ও হত্যা করিবার যে দণ্ড হয় সেই দণ্ডের যোগ্য হয়।

Explanation 1.—It is not necessary that the person committing the act should be capable by law of committing an offence, or that he should commit the act with the same intention or knowledge as that of the abettor, or that by committing the act he should be guilty of any offence.

Illustrations.

(*a*) A, with the intention of murdering Z, instigates B, a child under seven years of age, to do an act which causes Z's death. B, in consequence of the abetment, does the act in the absence of A and thereby causes Z's death. Here. though B was not capable by law of committing an offence, A is liable to be punished in the same manner as if B had been capable by law of committing an offence, and had committed murder, and he is therefore subject to the punishment of death. If, in such a case, B does the act in the presence of A, A is a principal.

(*b*) A, with the intention of causing Z's property to be taken, fraudulently instigates B, a child under seven years of age, to take that property in a way which, in a grown-up person, would be the offence of theft. B takes the property in consequence. B has committed no offence, but A is liable to the same punishment as if B had committed theft.

(*c*) A instigates B to set fire to a dwelling house. B, in consequence of the unsoundness of his mind, being incapable of knowing the nature of the act, or that he is doing what is wrong or contrary to law, sets fire to the house in consequence of A's instigation. B has committed no offence, but A is guilty of abetting the offence of setting fire to a dwelling house, and is liable to the punishment provided for that offence.

(*d*) A, intending to cause a theft to be committed, instigates B to take property belonging to Z out of Z's possession. A induces B to believe that the property belongs to A. B takes the property out of Z's possession, in good faith believing it to be A's property. B, acting under this misconception, does not take fraudulently, and therefore does not commit theft. But A is guilty of abetting theft, and is liable to the same punishment as if B had committed theft.

Explanation 2.—The abetment of an offence being an offence, the abetment of such an abetment is also an offence.

Illustration.

A instigates B to instigate C to murder Z. B accordingly instigates C to murder Z, and C commits that offence in consequence of B's instigation. B is liable to be punished for his offence with the punishment for murder, and as A instigated B to commit the offence, A is also liable to the same punishment.

Explanation 3.—An act or offence is said to be committed in consequence of abetment, when it is committed in consequence of the instigation, or in

১ ব্যাখ্যা। যে লোক কোন ক্রিয়া করে সে অপরাধ করিতে আইনমতে সক্ষম না হইলেও অথবা সহায়ের তুল্য অভিপ্রায় কি জ্ঞানমতে সেই ক্রিয়া না করিলেও কিম্বা সেই ক্রিয়া করণেতে সে কোন অপরাধের দোষী না হইলেও এই বিধি খাটে।

উদাহরণ।

(ক) কালু যদুকে বধ করিবার অভিপ্রায়ে সাত বৎসরের কম বয়সের এক বালককে এমন কোন ক্রিয়া করিতে প্রবৃত্তি দেয় যে যদুর মরণ হয়। কালু চলিয়া গেলে পর বালক সেই প্রবৃত্তিমতে সেই ক্রিয়া করে তাহাতে যদু মরে। এই স্থলে আইনমতে বালক অপরাধ করিতে অক্ষম। কিন্তু সক্ষম হইয়া হত্যা করিলে তাহার যে দণ্ড হইত কালুর সেই দণ্ড হইবেক অর্থাৎ কালুর প্রাণদণ্ড হইবেক। কালু বর্ত্তমান থাকিতে যদি বালক সেই কর্ম্ম করিত তবে কালু মুখ্য অপরাধী হইত।

(খ) যদুর কোন দ্রব্য লইবার অভিপ্রায়ে কালু সাত বৎসরের কম বয়সের বালককে সেই দ্রব্য বিশেষপ্রকারে লইবার শিক্ষা দেয়। যদি সম্পূর্ণ বয়সের লোক সেই কর্ম্ম সেইপ্রকারে করিত তবে তাহার চুরী করা অপরাধ হইত। সেই শিক্ষামতে বালক ঐ দ্রব্য লয়। বালকের কোন অপরাধ হয় না কিন্তু চুরী করিলে তাহার যে দণ্ড হইত কালু সেই দণ্ডের যোগ্য হয়।

(গ) কালু গোপালকে এক বাসা ঘরে আগুন লাগিয়া দিতে শিক্ষা দেয়। গোপাল ক্ষিপ্ত এইপ্রযুক্ত ঐ ক্রিয়ার ভাব বুঝিতে কি এই কর্ম্ম করিলে দোষ হয় কি আইনের বিপরীত কর্ম্ম হয় ইহা জানিতে অক্ষম হইয়া কালুর শিক্ষামতে ঘরে আগুন দেয়। গোপালের কোন অপরাধ হয় না কিন্তু কালু বাসাঘরে আগুন লাগাইবার অপরাধের সহকারিতা করিবার দোষী হয় ও সেই অপরাধের যে দণ্ডের বিধি আছে সেই দণ্ডের যোগ্য হয়।

(ঘ) কালু চুরী করিবার অভিপ্রায়ে যদুর কোন দ্রব্য যদুর নিকটহইতে আনিয়া দিতে গোপালকে শিক্ষা দেয়। আর গোপালের মনে এমত বিশ্বাস জন্মায় যে সেই দ্রব্য যদুর নহে কালুর। তাহাতে ঐ দ্রব্য কালুর আছে প্রকৃতপ্রস্তাবে এমত বিশ্বাস করিয়া গোপাল তাহা যদুর নিকটহইতে লয় এই স্থলে গোপাল ভ্রান্তিক্রমে ঐ কার্য্য করিয়া চাতুরীক্রমে তাহা লয় না অতএব চুরী করে নাই। কিন্তু কালু চুরী করিবার সহায়তার দোষী হয় ও গোপাল চুরী করিলে তাহার যে দণ্ড হইত কালু সেই দণ্ডের যোগ্য হয়।

২ ব্যাখ্যা। অপরাধের সহায়তা করা অপরাধ হইলে, সেই সহায়তার সাহায্য করাও অপরাধ হয়।

উদাহরণ।

কালু যদুকে হত্যা করিতে চাঁদকে প্রবৃত্তি দিতে গোপালকে শিক্ষা দেয়। গোপাল সেই শিক্ষামতে যদুকে হত্যা করিতে চাঁদকে প্রবৃত্তি দেয় আর গোপালের সেই প্রবৃত্তিমতে চাঁদ সেই অপরাধ করে। গোপাল যে অপরাধ করিয়াছে তাহার নিমিত্তে হত্যার দণ্ডের যোগ্য [illegible]আর গোপালকে সেই অপরাধ করিতে কালু শিক্ষা দিয়াছিল অতএব কালুও সেই দণ্ডের যোগ্য।

৩ ব্যাখ্যা। যে প্রবৃত্তির কি কুমন্ত্রণার কিম্বা সাহায্যের সহযোগে সহায়তা হয় সেই প্রবৃত্তিপ্রযুক্ত কি সেই কুমন্-

pursuance of the conspiracy, or with the aid which constitutes the abetment.

ক্রম কি সেই সাহায্যেতে যে ক্রিয়া কি অপরাধ করা যায় তাহা সহায়তাপ্রযুক্ত হইয়াছে বলা যায়।

Explanation 4. —It is not necessary to the commission of the offence of abetment by conspiracy that the abettor should concert the offence with the person who commits it. It is sufficient if he engage in the conspiracy in pursuance of which the offence is committed.

৪ ব্যাখ্যা। কুমন্ত্রণাক্রমে অপরাধ হইলে, যে জন সেই অপরাধ করে তাহার সঙ্গে সহায় ঐ অপরাধ করিবার পরামর্শ না করিলেও কুমন্ত্রণাক্রমে সাহায্যের অপরাধ হইতে পারে। যে কুমন্ত্রণাক্রমে অপরাধ হইয়াছিল তাহাতে তাহার সম্পর্ক থাকিলেই সেই অপরাধ হয়।

Illustration.

A concerts with B a plan for poisoning Z. It is agreed that A shall administer the poison. B then explains the plan to C, mentioning that a third person is to administer the poison, but without mentioning A's name. C agrees to procure the poison and procures and delivers it to B for the purpose of its being used in the manner explained. A administers the poison; Z dies in consequence. Here, though A and C have not conspired together, yet C has been engaged in the conspiracy in pursuance of which Z has been murdered. C has therefore committed the offence defined in this Clause and is liable to the punishment for murder.

উদাহরণ।

যদুকে বিষ খাওয়াইবার জন্য কালু গোপালের সঙ্গে কুমন্ত্রণা করে। তাহাতে কালু সেই বিষ খাওয়াইবেক স্থির হইল। পরে গোপাল সেই কুমন্ত্রণার কথা চাঁদকে বলে কিন্তু কালুর নাম না করিয়া কোন এক জন বিষ খাওয়াইবেক এই কথা বলে। চাঁদ সেই বিষ আনিতে কবুল করিয়া তাহা আনিয়া তাহাকে পূর্ব্বে যেমন বলা গিয়াছিল তেমনি তাহা লইয়া করিবার জন্যে তাহা গোপালের হাতে দেয়। কালু যদুকে বিষ খাওয়াইলে যদু মরে। সেই স্থলে কালু চাঁদের সঙ্গে কিছু কুমন্ত্রণা করে না তথাপি যে কুমন্ত্রণাক্রমে যদুকে হত্যা করা যায় সেই কুমন্ত্রণাতে চাঁদের সম্পর্ক ছিল অতএব এই প্রকরণে যে অপরাধের কথা আছে চাঁদ সেই অপরাধ করিয়াছে ও হত্যা করিবার দণ্ডের যোগ্য হয়।

[Punishment of abetment if the person abetted does the act with a different intention from that of the abettor.]

[যাহার সাহায্য করা যায় সে যদি সহায়ের অভিপ্রায়ভিন্ন অন্য অভিপ্রায়ে ক্রিয়া করে তবে সহায়তার দণ্ড।]

6. Whoever abets the commission of an offence shall, if the person abetted does the act with a different intention or knowledge from that of the abettor, be punished with the punishment provided for the offence which would have been committed if the act had been done with the intention or knowledge of the abettor and with no other.

৬। যাহার সহায়তা করা যায় সে যদি সহায়ের অভিপ্রায় কি জ্ঞানভিন্ন অন্য অভিপ্রায় কি জ্ঞানমতে ক্রিয়া করে তবে সেই ক্রিয়া সহায়ের অভিপ্রায় কি জ্ঞানমতে করা গেলে অন্যমতে না করা গেলে ঐ অপরাধের যে দণ্ডের বিধি আছে সহায়ের সেই দণ্ড হইবেক।

[Liability of abettor when one act is abetted and a different act is done. Proviso.]

[যদি এক ক্রিয়ার সহায়তা করা যায় কিন্তু অন্য ক্রিয়া করা যায় তবে সহায়ের যে দায়। বর্জ্জিত বিধি।]

7. When an act is abetted and a different act is done, the abettor is liable for the act done, in the same manner and to the same extent as if he had directly abetted it; provided the act done was a natural and probable consequence of the abetment, and was committed under the influence of the instigation, or with the aid or in pursuance of the conspiracy which constituted the abetment.

৭। যদি এক ক্রিয়ার সহায়তা করা যায় কিন্তু অন্য ক্রিয়া করা যায় তবে সেই অন্য ক্রিয়ার স্পষ্টরূপে সহায়তা করিবার জন্যে তাহার যে প্রকারের ও যেপর্য্যন্ত দায় হইত সেই প্রকারের ও সেইপর্য্যন্ত দায় থাকিবেক। পরন্তু ইহাতে প্রয়োজন যে, যে ক্রিয়া করা যায় তাহা সেই সহায়তার স্বাভাবিক ও সম্ভাবিত ফল হয় ও যে প্রবৃত্তির কি সাহায্যের কি কুমন্ত্রণার সহযোগে সহায়তা হয় সেই প্রবৃত্তির বলে কি সেই সাহায্যেতে কি সেই কুমন্ত্রণাক্রমে করা যায়।

Illustrations.

(*a*) A instigates a child to put poison into the food of Z and gives him poison for that purpose. The child, in consequence of the instigation, by mistake puts the poison into the food of Y, which is by the side of that of Z. Here, if the child was acting under the influence of A's instigation and the act done was under the circumstances a probable consequence of the abetment, A is liable in the same manner and to the same extent as if he had instigated the child to put the poison into the f[illegible]

উদাহরণ।

(ক) যদুর আহারের মধ্যে কিছু বিষ ফেলিতে কালু কোন এক বালককে শিক্ষা দেয় ও সেই অভিপ্রায়ে বালকের হাতে বিষ দেয়। যদুর থালার কাছে রামের থালা আছে ও বালকটি সেই শিক্ষামতে কর্ম্ম করে কিন্তু ভুল করিয়া যদুর আহারে বিষ না দিয়া রামের আহারে বিষ দেয়। এই স্থলে যদি সেই বালক কালুর প্রবৃত্তির বলে কর্ম্ম করিয়াছিল ও যে ক্রিয়া করা গিয়াছিল তাহা ভাবগতিক বুঝিয়া ঐ সহায়তার সম্ভাবিত ফল হয় তবে কালু সেই বালককে রামের আহারে বিষ দিতে প্রবৃত্তি দিলে তাহার যে প্রকারের ও যেপর্য্যন্ত দায় হইত সেই প্রকারের ও সেইপর্য্যন্ত দায় হইবেক।

(*b*) A instigates B to burn Z's house. B sets fire to the house and at the same time commits theft of property there. A, though guilty of abetting the burning of the house, is not guilty of

(খ) কালু যদুর বাসাতে আগুন লাগাইতে গোপালকে প্রবৃত্তি দেয়। গোপাল সেই বাসায় আগুন লাগাইয়া সেই সময়ে সেই ঘরের কিছু দ্রব্যও চুরী করে এই স্থলে কালু ঘরে আগুন লাগাইবার সহায় হইবার অপরাধী বটে কিন্তু চুরী করিবার সহায় হইবার অপ-

abetting the theft; for the theft was a distinct act and not a probable consequence of the burning.

(c) A instigates B and C to break into an inhabited house at midnight for the purpose of robbery, and provides them with arms for that purpose. B and C break into the house, and being resisted by Z, one of the inmates, murder Z. Here, if that murder was the probable consequence of the abetment A is liable to the punishment provided for murder.

[Abettor when liable to cumulative punishment for act abetted and for act done.]

8. If the act for which the abettor is liable under the last preceding Clause is committed in addition to the act abetted and constitutes a distinct offence, the abettor is liable to cumulative punishment.

Illustration.

A instigates B to resist by force a distress made by a public servant. B, in consequence, resists that distress. In offering the resistance, B voluntarily causes grievous hurt to the officer executing the distress. As B has committed both the offence of resisting the distress and the offence of voluntarily causing grievous hurt, B is liable to cumulative punishment for these offences; and if A knew that B was likely voluntarily to cause grievous hurt in resisting the distress, A will also be liable to cumulative punishment.

[To be continued.]

দায়ী নহে। যেহেতুক সেই চুরী করা পৃথক ক্রিয়া ছিল গৃহদাহ করিবার সম্ভাবিত ফল নয়।

(গ) কালু কোন লোকের ঘরে ডাকাইতী করিবার জন্যে দুই প্রহর রাত্রিতে প্রবেশ করিতে গোপালকে ও চাঁদকে প্রবৃত্তি দেয় ও সেই কর্ম্মের নিমিত্তে তাহারদিগকে অস্ত্রও দেয়। গোপাল ও চাঁদ ঘরে প্রবেশ করিলে সেই ঘরের এক জন যদু তাহারদিগকে বাধা দেয় তাহাতে তাহারা যদুকে মারিয়া ফেলে। এই স্থলে যদি সেই হত্যা ঐ সহায়তার সম্ভাবিত ফল বটে তবে হত্যার যে দণ্ড ধার্য্য হইয়াছে কালু সেই দণ্ডের যোগ্য।

[যে ক্রিয়ার সহায়তা হয় ও যে ক্রিয়া করা যায় এই দুই ক্রিয়ার দণ্ড যে স্থলে সহায় পাইতে পারে।]

৮। যে ক্রিয়ার সহায়তা হইয়াছে তাহা ছাড়া সহায় যে ক্রিয়ার নিমিত্তে ইহার পূর্ব্বের প্রকরণমতে দায়ী হয় তাহাও যদি করা যায় ও পৃথক্ অপরাধ হয় তবে সহায় সংযুক্ত দণ্ড পাইতে পারিবেক।

উদাহরণ।

সরকারী কার্য্যকারক গোপালের মাল ক্রোক করে। কালু তাহার জোর করিয়া বাধা দিতে গোপালকে প্রবৃত্তি দেয়। তৎপ্রযুক্ত গোপাল ঐ ক্রোকে বাধা দেয়। সেই বাধা দেওয়াতে যে আমলা ক্রোক করিতেছিল তাহাকে গোপাল ইচ্ছাপূর্ব্বক ভারী আঘাত করে। এই স্থলে গোপাল ক্রোকের বাধা দেওন ও ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করণ এই দুই অপরাধ করিয়াছে ও দুই অপরাধের সংযুক্ত দণ্ড পাইতে পারিবেক। আরও গোপাল ক্রোকের বাধা দেওনে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাতও করিতে পারিবেক এই কথা যদি কালু জানিত তবে সেও ঐ সংযুক্ত দণ্ডের যোগ্য হয়।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

NOTIFICATION.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 26th March, 1857.

Moulvie Mooteeoorruhman, Moonsiff of Hingajeeah, Zillah Sylhet, for one month, in excess of the Dusserah and Mohurrum vacations, on Medical Certificate.

A. W. RUSSELL, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৭ সাল ২৬ মার্চ।

জিলা ছিলটের হিঙ্গাজীয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী মতীউর রহমান চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশহরার ও মহরমের বন্দের অতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল : রেজিষ্টর.

রাজকর্ম্মে নিয়োগ

৩০৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেফ্টেনেন্ট গবর্ণর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৭ সাল ৫ মার্চ

নদীয়ার একটিং সদর আমীন ও সদর মুনসেফ বাবু বেণিনাথ বসু অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি ১৩ তারিখপর্য্যন্ত চারি দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৭ মার্চ।

বেহারের পূর্ব্বকার কালেক্টর শ্রীযুত আর এফ হজসন সাহেব (Mr. R. F. Hodgson,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ইউরোপে যাইবার জন্যে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

পুরণিয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পি ডেসা সাহেব (Mr. J. P. Dessa,) গত মাসের ৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৯ মার্চ।

বাকরগঞ্জের ফতওয়াদারক শ্রীযুত মৌলবী মহম্মদ সফীউদ্দীন অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১২ মার্চ।

নদীয়া এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনর শ্রীযুত এ গ্রোট সাহেব (Mr. A. Grote,) যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি ছুটীর সংশোধিত বিধির ১২ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ৫ মার্চ।

পুরীর ঔষধালয়ে সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত

[*Government Gazette*, 31st *March*, 1857.]

দামড়ি ডেওয়ারী কিঞ্চিৎকালের নিমিত্তে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

ই এচ লশিংটন।
রাজধানীতে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দপ্তরখানার কর্ম্মের ভারপ্রাপ্ত।

৩২২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৩ মার্চ।

বেহারের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত এস এচ সি টেলর সাহেব (Mr. S. H. C. Taylor,) কিঞ্চিৎকালের নিমিত্তে ঐ জিলার কালেক্টরেরও কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১০ মার্চ

কালীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি টুইডি সাহেব (Mr. T. Tweedie,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটী বিধির ৫ ধারার ২ প্রকরণমতে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

খুলনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র মিত্র অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন

১৮৫৭ সাল ১৬ মার্চ।

গোবিন্দপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ জে হে সাহেব (Mr. A. J. Hay,) আপনার কর্ম্মের ভার মানভূমের সব-আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত আর সি পেরি সাহেবের (Mr. R. C. Perry,) হাতে অর্পণ করিয়া গত জুন মাসের ২৭ তারিখের ফিনান্সিয়ল বিজ্ঞাপনমতে সতের দিনের ছুটী পাইয়াছেন। অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত পেরি সাহেব ঐ পদের কর্ম্ম চালাইবেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৭ মার্চ।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত জি এ পেপ্পার সাহেব (Mr. G. A. Pepper,) ভারতবর্ষহইতে বর্ত্তমান মাসের ১০ তারিখে আলমানামক কলের জাহাজে গিয়াছেন এমত রিপোর্ট করেন।

ই এচ লশিংটন
রাজধানীতে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের দপ্তরখানার কর্ম্মের ভারপ্রাপ্ত।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশতিহার।

জিলা ভাগলপুর।

এস্তাহার দেওয়া যাইতেছে যে।

জিলে ভাগলপুরের মোতালক নীচের লিখিত মহালাত কালেক্টরির কাচারিতে সন ১৮৫৭ সনের ৬ আপরেল মোতাবেক ২৭ চৈত্র সন ১২৬৪ ফসলি রোজ সোমবার সরকারের বাকী রাজস্ব নিমিত্তক পুনঃনীলাম হইবেক।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্যওয়া মহাল।

নং ২২৫৯ জাগীর দাউদ হুজেদার থানে উধানালা পং কাঁকজোল লিখিত মালিক অদিয়তউল্লা

সদর জমা ২১৬৮৮

১৯ মার্চ সন ১৮৫৭ মোং ৯ চৈত্র সন ১২৬৩।

S. Lushington, *Offg. Collector.*

জিলা নদীয়া।

সন ১৮৪৫ সালের ১ আইনের ১৬ ধারার বিধানক্রমে ইস্তার সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নীচের লিখিত মহাল ১৮৫৭ সালের ১২ জানেরপর্য্যন্তের বাকী মালগুজারির নিমত্তে ১৮৫৭ সালের ১৩ আপরেল তারিখে ঐ জেলার কালেক্টারি কাছারিতে জানি নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৭ তাং ২১ মার্চ।

তৃতীয় শ্রেণীর মহাল।

২৮৪৮ নং মৌং গোবিন্দপুর চাং কৃষ্ণনগর মালিক মুনশী আবদুল করিম ও মোছম্মাত আবদুল জহরা বিবি

সদর জমা ৪৵১

C. P. Casperz, *Deputy Collector, in Charge*

জিলা ময়মনসিংহ।

১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলে ময়মনসিংহের তাবীন নীচের লিখিত মহাল ১২৬৩ সনের অগ্রহায়ণপর্য্যন্তের বাকি মালগুজারির নিমিত্তে ১৮৫৭ সনের ১০ ফেব্রুআরি নীলাম হইয়া নিয়মিত মিয়াদ মধ্যে অবশিষ্ট টাকা দাখিল না করাতে উক্ত আইনের ১৬ ধারামতে বাএনা জব্দ করিয়া পুনরায় ১৮৫৭ সনের ১৪ এপ্রেল মোতাবেক ১২৬৪ সনের ২ বৈশাখ মঙ্গলবার ঐ জিলার কালেক্টরির কাচারিতে নীলামে ধরা যাইবেক ও বিনেবাধায় বিক্রয় হইবেক ইতি ১৮৫৭ তারিখ ১৭ মার্চ।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্যের মহাল।

পরগনে হোসেনসাহী ১৮৪৭ নং প্রাণনাথ চৌধুরীর লিখিত মালিক সৃষ্টিধর রায় নীলাম খরিদার

সদর জমা ১২।৶৬

B. H. Cooper, *Collector.*

জিলা চট্টগ্রাম।

এস্তেহারনামা কাছারি কালেক্টরি জিলে চট্টগ্রাম।

ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে জিলে চট্টগ্রামের নীচের লিখিত মহাল মালগুজারি বাকী বাবৎ সন ১৮৫৭ ইংরেজীর ১৭ এপ্রিল মোতাবেক সন ১২৬৪ বাঙ্গলা ৬ বৈশাখ তারিখ রোজ শুক্রবার ঐ জেলার কালেক্টরী

কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৭ ইংরেজী তারিখ ২১ মার্চ মোতাবেক সন ১২৬৩ বাঙ্গলা তারিখ ৯ চৈত্র।

১ প্রথম শ্রেণী কাইমি মহালাত বাকী খাজানার জন্য।

৪৪ নম্বর নীলাম আনন্দীমানোল্লা মালিক রামচন্দ্র দেব সদর জমা ১১৬০৻৩

৭৬ নম্বর নীলাম আবদুল্লা মালিক আহামদুল্লা ও বাচণ আলি সদর জমা ২২০৷৯

৯৬ নম্বর তরফ বৈদ্যনাথ নন্দী মালিক বৈদ্যনাথ নন্দী ও সাহামত আলি ও মদনমোহন রক্ষিত ও মোহউদ্দিন আলি ও মাহামুদ তকি ও আমরক্ষ ও বোরহানল্লা ও নুরুল্লা ও শরাবাজি ও দেওয়ান আলি ও বখশা আলি সদর জমা ২৮৩॥৯

১৬০ নম্বর তরফ চান্দমালাহর মালিক মাহামুদ আলি ও আতাওল্লা ও কৃষ্ণমঙ্গল ও তিতলি ও মাহাৎ কামিল ও জীবন ও ছনু ও অনন্তরাম ও আছানওল্লা ও মদন ও রমজান আলি ও রামকৃষ্ণ ও মাগন ও রামদাস সদর জমা ১৪৩।৶৯

১৯১ নম্বর তরফ ইলজ আইমপ মালিক মণিরাম ও ফতেমাহাৎ ও মাহাৎ আরঝল ও জয়গোপাল দত্ত ও এলাহাবখশ ও করিম বকস ও ওয়ারিস খাঁ ও মলকাবিবি ও আনওার খাঁ ও ফএজমেহা ও ছরফরাজ খাঁ ও মাহাৎ ছামিল ও মাহাৎ আছাদ ও হাএদর আলি ও জফর আলি ও মাগন ও জয়গোপাল দত্ত ও রামহরি ও ব্রজমোহন সেন সদর জমা ২২৭২।৶৬

২০৫ নম্বর তরফ কেদাই দৌলত মধ্যে কাশীচন্দ্র ও হরগোবিন্দ গুহ ও বাখর আলি ও সমশের আলি ও সমশের আলি গোলাম আলি ও মামবিবি ও মাহাৎ উজি ও ঈশানচন্দ্র মহাজন জের বাটওয়ারা সুরত আদায়করাতে তাহারদিগের হকিয়ত দেওয়ায় অবশিষ্ট মহাল নীলাম হইবেক মজকুর মহালের সদর জমা ৪৭৪।৬

২০৯ নম্বর তরফ কেদাই খাঁ মধ্যে আধু খাঁ ও মাহামুদ মুনাফ ও মাহামুদ মুরাদ ও মাহামুদ তকি ও মাহামুদ রফী ও একিওল্লা ও দেয়ানত আলি ও বোচাগাজী ও নেজাম ও নোয়াগাজী ও মাহামুদ হোচন ও মাহামুদ জীবন ও মাহামুদ নওয়াজিষ ও মাহামুদ তকি ও মাহামুদ তকি ও মোহর আলি ও আতাউল্লা ও মাহামুদ তকি ও রামজয় দে ও আলি খাঁ ও আচমত আলি ও রামজয় ও মনিরবখশ ও আজমত আলি ও মুনাফ ও জুমন ও দুর্গাচরণ ও আমানওল্লা ও বকশ আলি ও মেহের আলি ও মবারক আলি ও সমশের আলি ও আএমা বিবি ও সোনা বিবি ও আজিজ খাঁ ও আমানত খাঁ ও কাছিম আলি ও গোলাম হোচণ মামুদ ও আচমত আলি ও হামিদুল্লা ও মনছর আলি ও মনছর আলি জের বাটওয়ারা সুরত আদায় করাতে তাহারদিগের হকিয়ত দেওয়ায় অবশিষ্ট মহাল নীলাম হইবেক মজকুর মহালের সদর জমা ৪৬০।৯

২৪২ নম্বর তরফ গোবিন্দ কান্ত মধ্যে কাশীচন্দ্র হরগোবিন্দ গুহ ও রাধাকৃষ্ণ ও শ্রীমতী সাইছনি ও ঈশ্বরী ও ষষ্ঠীচরণ জের বাটওয়ারা সুরত আদায় করাতে তাহারদিগের হকিয়ত দেওয়ায় অবশিষ্ট মহাল নীলাম হইবেক মজকুর মহালের সদর জমা ১৫১৻৯

৪১১ নং তরফ মাহাৎ আমী মালিক মাহাৎ আমী সদর জমা ৩১৭।৶

৬০১ নং তরফ জএনারায়ণ কানুনগোএ মালিক প্রাণকৃষ্ণ সেন সদর জমা ৮৪০॥৵৪

৬২৭ নং তরফ মোজে লোকাগারা মালিক ওমরাও সিংহ ও ইন্দ্র সিংহ ও গজরাজ সিংহ ও আবদুল হামিদ খাঁ সদর জমা ৩৩৫১৵৩

৬৭৬ নং তরফ আমীহোচন মালিক মনুশিকদার সদর জমা ১১৵৬

৮৫৩ নং তাং আনোওয়ার মুনাফ মালিক আনোওয়ার ও মুনাফ সদর জমা ১৫।৶৯

১০৬৩ নং তরফ কালাশিব মালিক হরিচরণ পাল সদর জমা ২২।৶৯

১১৬১ নং তালুক কানুআতা মালিক কানু ও আতা সদর জমা ১০।৶৩

১৫১৭ নং তরফ হিম্মত মুকিম মালিক হিম্মত ও মুকিম সদর জমা ৪২৵১

১৬০৬ নং তরফ জয়দেব গোবিন্দ মালিক জগন্নাথ ও রামলোচন ও গোবিন্দচন্দ্র সদর জমা ১৩॥৩

১৭৫৬ নং তালুক কুলচন্দ্র ও হরিনারায়ণ মালিক কুলচন্দ্র ও হরিনারায়ণ সদর জমা ২॥৵৬

১১২৯ নং তরফ মাহামুদ সরিফ মধ্যে ইছপ আলি ও মাহাৎ সরিফ জের বাটওয়ারা সুরত আদায় করাতে তাহারদিগের হকিয়ত দেওয়ায় অবশিষ্ট মহাল নীলাম হইবেক মজকুর মহালের সদর জমা ৩৪৷৵৬

১২০৫ নং তরফ নুরআজিম মুকিম মালিক নুর ও আজিম ও মুকিম ও চান্দমিয়া সদর জমা ৩৫॥৶০

২৩১৬ নং তরফ অনন্ত মুরারি শম্ভু মধু মালিক রহিমল্লা সদর জমা ১১৷৵৩

৩১১৬ নং তরফ মোজে ছিগলবাজা মালিক ওমরাও সীং ও ইন্দ্র সীং ও গজরাজ সীং সদর জমা ৩০০৲

মহাল লাখেরাজ বাজেআপ্তী।

১০০ নং তালুক নুরল্লা জিং আস্কর গবিরল্লা মালিক ইন্দ্রনারায়ণ চৌধুরী সদর জমা ১৬।৩

৪৩৫ নং তালুক জগদম্বা মালিক গোলাম হোচণ সদর জমা ২০৷৵০

১২৬৪২ নং তালুক রামশরণ রামনাথ ঈশান লক্ষ্মীনারায়ণ মালিক আহামদ রহেমান সদর জমা ॥৶০

২৩৪৯৯ নং তালুক শাহাবদ্দীন মালিক গুরুদাস দত্ত সদর জমা ।৵৬

১৩৬১৭ নং তালুক সেখ ওবেদুল্লা মালিক রামহরি পোদ্দার সদর জমা ১৮৵৬

S. F. Davis, *Offg. Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার

THE UNCOVENANTED ABSENTEE AND PENSION RULES,

Compiled by

JOHN ROBINSON,

And corrected up to 1st March, 1857, have just been published, and may be had by application to A. B. Goodall, Esq., 18, Old Post Office Street, Calcutta, or to Mr. Robinson, at Serampore. Price 1 Rupee.

N. B.—A Bengalee Edition is in the Press.

[*Government Gazette*, 31st March, 1857.]

LOST.

An unindorsed Bank of Bengal Sola Bill, No. 679, dated 24th December, 1856, for Co.'s Rs. 10,000 payable to me or order, payment of which has been stopt at the Bank. Whoever will bring the same at No. 8, Lyon's Range, will be rewarded by Ramdhone Ghose.

হারাণ গেল।

বাঙ্গাল বেঙ্কের ১০,০০০৲ টাকার বাবৎ ১৮৫৬ সালের ২৪ ডিসেম্বর তারিখের ৬৭৯ নম্বরের সোলার এক হুণ্ডী হারাণ গিয়াছে। ঐ টাকা আমাকে কিম্বা আমার হুকুমমতে দেনা হয় কিন্তু তাহা ছর্স হয় নাই। বাঙ্কে ঐ টাকা অন্য কাহাকে দিবার নিষেধ হইয়াছে। ঐ হুণ্ডী যে কোন ব্যক্তি লওন রেঞ্জের ৮ নম্বর বাটীতে আনেন তাঁহাকে শ্রী রামধন ঘোষ কিছু পুরস্কার দিবেন।

NOTICE.

Notice is hereby given, that a sale of the undermentioned Gold Mohurs, Gold and Silver Jewellery, and other articles belonging to the Minor Rajah of Jellamootta, will be held at the Collector's Office at Midnapore, on Monday, the 6th April, 1857.

Parties purchasing, will be required to make a deposit of ¼th the amount of their bids immediately after the conclusion of the sale of each Lot. The deposit money to be forfeited in the event of the entire purchase-money not being paid in, and the lot cleared within 10 days from the date of sale; in which case the lot will be resold at the risk of the former purchaser.

N. B.—The above offers a good opportunity to speculators and others dealing in Gold and Silver articles.

DHURONIDHUR ROY, *Guardian to the Minor Rajah of Jellamootta.*

Midnapore, the 14th February, 1857.

List.

Old Gold Mohurs, including small Coins, in tale, ...	2,901	4	0	
Gold Ornaments, 168 items, in weight	905	12	0	Tolahs.
Silver Ditto, 357 Ditto, Ditto, ...	8,500	14	0	,,
Pearls 162 in No.				
	M.	S.	C.	
Ivory in weight, ...	3	17	10	

2 Palkees of Ivory with Gold and Silver edges.
1 Haoda for Elephant with Silver edges.
7 Assas and 5 Sotas covered with Silver.
2 Ivory Stools.
1 Ivory Chair with gold edges.

ইশ্তিহার।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে জলামুটার নাবালগ রাজার সোণার মোহর ও সোণা রুপার আভরণ প্রভৃতি অনেক দ্রব্য ১৮৫৭ সালের ৬ আপ্রিল তারিখ সোমবারে মেদিনীপুরের কালেকটর সাহেবের কাছারীতে নীলাম হইবেক।

যাঁহারা খরীদার হন তাঁহারা যে মূল্য ডাকিয়াছেন তাহার সিকি ভাগ লাট বিক্রয় হইবার পরেই আমানৎ করিবেন। তাহার পর দশ দিনের মধ্যে যদি খরীদের সমুদয় টাকা না দেওয়া যায় ও সে দ্রব্য স্থানান্তর না করা যায় তবে ঐ আমানতের টাকা জব্দ হইবেক আর লাট পুনরায় নীলাম করা যাইবেক তাহাতে কিছু ক্ষতি হইলে প্রথম খরীদারের উপর তাহার দায় থাকিবেক।

মন্তব্য। যাঁহারা সোণারুপার ক্রয় বিক্রয় করিয়া থাকেন তাঁহারা এই নীলামে অতি উত্তম২ দ্রব্য পাইতে পারিবেন।

ধরণীধর রায়।
জলামুটার নাবালগ রাজার রক্ষক।

মেদিনীপুর।
১৮৫৭। ১৪ ফেব্রুআরি।

ফর্দ্দ

পুরাতন সোণার মোহর ও ক্ষুদ্র২ মুদ্রা সমেত	২৯০১ ।০
সোণার আভরণ ১৬৮ প্রস্থ ওজন	তোলা ৯০৫৸
রুপার ঐ ৩৫৭ ঐ	ঐ ৮৫০০৸৶
মুক্তা ঐ ১৬২ টা	
হস্তিদন্ত ওজন	মোন ৩।৭॥৶

হস্তিদন্তের ২ টা পালকী তাহার ধারে২ সোণা রুপার কর্ম্ম।
হস্তির এক হৌদা তাহার ধারে রুপার কর্ম্ম।
রুপাতে মোড়া ৭ আসা ও ৫ সোঁটা।
হস্তিদন্তের ২ খান পিঁড়ি।
হস্তিদন্তের ১ চৌকী তাহার ধারে সোণার কর্ম্ম।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৩১ মার্চ]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জেমি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

অতিরিক্ত

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, APRIL 3, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ৩ আপ্রিল।

DRAFT OF ACT.

A Bill for simplifying the Procedure of the Courts of Civil Judicature of the East India Company in Bengal.

CHAPTER IV.

OF A SUIT TILL FINAL DECREE.

Service of Summons on the Defendant.

[Continued from page 220.]

[The person served is to be required to endorse the summons.]

23. In all cases where the summons is served on the defendant personally, or any agent or other person on his behalf, the serving officer shall require the signature of the person on whom the service may be made, to an acknowledgment of service to be endorsed on the original summons.

[If the summons cannot be served, it is to be returned with an endorsement of non-service.]

24. When the defendant cannot be found, and there is no agent or other person empowered to accept the service, nor any member of his family on whom the same can be served, the serving officer shall fix the copy of the summons with its endorsement, and accompanying notice and copies of documents, if any be annexed thereto, on the outer door of the defendant's dwelling-house; and if he shall have no dwelling-house in the place, the serving officer shall return the summons to the Court from whence it issued, with an endorsement thereon that he has been unable to serve it.

[If served, time and manner of service to be endorsed.]

25. The serving officer shall in all cases in which the summons has been served, endorse on the original summons the time and the manner when and how it was served.

আইনের মুসাবিদা।

বাঙ্গলা দেশে দেওয়ানী মোকদ্দমার বিচারার্থে কোম্পানি বাহাদুরের আদালতের কার্য্য আরো সুগম করিবার আইনের মুসাবিদা।

চতুর্থ অধ্যায়।

চূড়ান্ত ডিক্রী না হওয়াপর্য্যন্ত মোকদ্দমার কথা।

আসামীর উপর সমন জারী করিবার কথা।

[২২০ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[যাহার উপর জারী করা যায় তাহার সমনের পৃষ্ঠে লিখিতে হইবেক।]

২৩। যে সকল স্থলে সমন নিজ আসামীর উপর কি তাহার তরফে কোন মোক্তারের কি অন্য ব্যক্তির উপর জারী হয় সেই স্থলে যাহার উপর সমন জারী হইয়াছে তাহাকে ঐ সমন জারীকরণিয়া কর্ম্মকারক আজ্ঞা করিবেন যে আসল সমনের পৃষ্ঠে সমন জারী হইয়াছে এই কথায় সহী করে।

[যদি সমন জারী না হইতে পারে তবে তাহা জারী না হইবার কথা পৃষ্ঠে লিখিয়া সমন ফিরিয়া আনা যাইবেক।]

২৪। যদি আসামীকে পাওয়া না যায়, ও সমনজারী গ্রাহ্য করিবার ক্ষমতাপ্রাপ্ত তাহার কোন মোক্তার কি অন্য ব্যক্তি না থাকে, ও যাহার উপর জারী হইতে পারিবেক তাহার পরিবারের এমত কোন লোক না থাকে, তবে যে কর্ম্মকারক তাহা জারী করেন তিনি ঐ সমনের নকল ও তাহার পৃষ্ঠের লিখিত কথা ও তাহার সঙ্গে কোন একেলা ও দলীলের নকল থাকিলে তাহাও আসামীর বাসগৃহের বাহিরের দ্বারে লট্‌কাইয়া দিবেন। আর যদি তাহার সেই স্থানে কোন বাসগৃহ না থাকে তবে তাহা জারী করিতে পারা গেল না এই কথা সমন জারীকরণিয়া কর্ম্মকারক ঐ সমনের পৃষ্ঠে লিখিয়া যে আদালতহইতে বাহির হইয়াছিল সেই আদালতে ফিরিয়া দিবেন।

[যদি জারী হয় তবে জারী হইবার সময়ের ও প্রকারের কথা পৃষ্ঠে লিখিতে হইবেক।]

২৫। যদি সমন জারী করা যায় তবে যে সময়ে ও যে প্রকারে জারী হইয়াছিল তাহার কথা জারীকরণিয়া কার্য্যকারক আসল সমনপত্রের পৃষ্ঠে সর্ব্বদা লিখিবেন।

[If the summons be returned unserved, the plaintiff may apply to the Court to substitute service.]

[যদি সমন জারী না হইয়া ফিরিয়া আনা যায় তবে ফরিয়াদী ঐ সমন অন্য প্রকারে জারী হইবার নিমিত্তে আদালতে দরখাস্ত করিতে পারিবেক।]

26. In all cases in which a summons shall be returned to the Court without having been served on the defendant, the plaintiff shall be at liberty to apply to the Court for an order to substitute some other mode of serving the summons for service in the manner above specified; and if it shall appear to the Court that there is reasonable ground for believing that the defendant is keeping out of the way of its officer, for the purpose of avoiding the service of the summons, it shall pass an order directing that the summons may be served by fixing up copies thereof, with its endorsement and accompanying notice and copies of documents, if any be annexed thereto, upon some conspicuous place in the Court-house, and also upon the door of the house in which the defendant shall have last resided, if it be known where he last resided; or that the summons shall be served in such other manner as the Court shall think proper. And the service which shall be substituted by order of the Court, shall be as effectual to all intents and purposes as if it had been effected in the manner above specified.

২৬। যদি কোন সমন আসামীর উপর জারী না হইয়া আদালতে ফিরিয়া আনা যায় তবে সমন জারী করিবার যে নিয়ম উপরে লেখা গিয়াছে তদ্ভিন্ন অন্য কোন নিয়মের আজ্ঞা করিতে ফরিয়াদী আদালতে সর্ব্বদা দরখাস্ত করিতে পারিবেক। আর সমন জারী না হয় এই অভিপ্রায়ে আসামী আদালতের কর্ম্মকারককে দেখা না দিয়া স্থানান্তরে থাকে আদালত যদি এমত বোধ করিবার উপযুক্ত কারণ দেখেন তবে এই আজ্ঞা করিতে পারিবেন যে, ঐ সমনের নকল ও তাহার পৃষ্ঠের লিখিত কথা ও তাহার সঙ্গে এত্তেলা ও দলীলের নকল থাকিলে তাহা সমুদয় আদালত ঘরের কোন প্রকাশ স্থানে লট্কাইয়া ও আসামী যে গৃহে শেষে বাস করিয়াছিল তাহা যদি জানা যায় তবে সেই গৃহের দ্বারে লট্কাইয়া সমন জারী হয়। অথবা আদালত অন্য যে প্রকারে উচিত বোধ করেন সেই প্রকারে সমন জারী হয়। আর আদালতের হুকুমমতে সেই অন্য প্রকারে সমন জারী হইলে তাহা উপরের বিধানক্রমে জারী হইবার মতে সর্ব্বতোভাবে ফলবৎ হইবেক।

[When service is substituted, the time for appearance is to be enlarged.]

[সমন অন্য প্রকারে জারী হইবার আজ্ঞা হইলে হাজির হইবার অধিক মিয়াদ দিতে হইবেক।]

27. Whenever service shall be substituted by order of the Court, by virtue of the power contained in the last Article, the time for the appearance of the defendant shall be enlarged, so as to allow him the full benefit of the clear days to which he may be entitled under Articles 13 and 14 of this Chapter.

২৭। যখন ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত ক্ষমতাক্রমে আদালতের আজ্ঞামতে সমন অন্য প্রকারে জারী হয় তখন এই অধ্যায়ের ১৩ ও ১৪ প্রকরণমতে আসামী যে দিন পাইতে পারে সেই সকল দিন যাহাতে সম্পূর্ণমতে পায় আসামীর হাজির হইবার মিয়াদ এমতে বৃদ্ধি করিতে হইবেক।

[How the summons is to be served when the defendant is out of the jurisdiction.]

[আসামী এলাকার বাহিরে থাকিলে সমন যে প্রকারে জারী হইবেক।]

28. If the defendant be resident within the jurisdiction of any other Court than that in which the suit may be instituted, and has no accredited agent empowered to accept the service, the summons shall be transmitted by the clerk or proper officer of the Court to the clerk or proper officer of the Court within whose jurisdiction the defendant may reside, with such enlargement of the time for appearance as the case may require. And the clerk or proper officer of the last-mentioned Court shall, upon receipt thereof, deliver the same to the nazir or other proper officer of his own Court, to be served in the manner above directed; and upon the return of the summons by the serving officer, it shall be re-transmitted to the clerk or proper officer of the Court from whence it originally issued.

২৮। মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা গিয়াছে আসামী যদি তাহার এলাকাছাড়া অন্য কোন আদালতের এলাকায় বাস করে ও সমনজারী গ্রাহ্য করিবার ক্ষমতাপ্রাপ্ত তাহার স্বীকৃত মোক্তার না থাকে, তবে আদালতের ক্লার্ক কি উপযুক্ত কর্ম্মকারক আসামী যে আদালতের এলাকার মধ্যে বাস করে তাহার ক্লার্কের কি উপযুক্ত কর্ম্মকারকের নিকটে সমন পাঠাইবেন ও বিষয় বুঝিয়া যেমন প্রয়োজন হয় তেমনি তাহার হাজির হইবার মিয়াদ বৃদ্ধি করিবেন। শেষোক্ত আদালতের ক্লার্ক কি উপযুক্ত কর্ম্মকারক সেই সমন পাইলে উপরের লিখিত বিধানমতে জারী হইবার নিমিত্তে আপন আদালতের নাজিরকে কি অন্য উপযুক্ত কর্ম্মকারককে দিবেন, আর সমন জারীকরণিয়া সেই কর্ম্মকারক ঐ সমন ফিরিয়া আনিলে তাহা যে আদালতহইতে প্রথমে বাহির হইয়াছিল তাহার ক্লার্কের কি উপযুক্ত কর্ম্মকারকের নিকটে ফিরিয়া পাঠান যাইবেক।

[How it is to be served when he is out of the territories of the East India Company.]

[আসামী কোম্পানি বাহাদুরের দেশের বাহিরে থাকিলে সমন যেরূপে জারী হইবেক।]

29. If the defendant be resident at some place out of the territories of the East India Company, and have no agent empowered to accept the service, and the suit be for landed or other real property, the summons may be served on any

২৯। আসামী যদি কোম্পানি বাহাদুরের দেশের বাহিরে কোন স্থানে বাস করে ও সমনজারী গ্রাহ্য করিবার ক্ষমতাপ্রাপ্ত তাহার মোক্তার না থাকে ও যদি সেই মোকদ্দমা ভূমি কি অন্য স্থাবর সম্পত্তি লইয়া হয় তবে যে ভূমি কি অন্য স্থাবর সম্পত্তি লইয়া মোকদ্দমা হয় তাহা

person in charge of the landed or other real property to which the suit may relate, and the service shall be as effectual for all purposes of the suit, as if the person had been duly empowered to accept it. If there shall be no person in charge of the landed or other real property to which the suit relates, on whom the summons can be served, or if the suit shall not relate to landed or other real property, but the defendant is nevertheless subject to the jurisdiction of the Court by reason of the cause of action having arisen within the limits of its jurisdiction, a copy of the summons and of the endorsements thereon, together with any notice to produce, and any copies of any documents or instruments in writing that may have been delivered to the clerk or other proper officer of the Court, at the time of applying for the summons for the purpose of being served therewith, shall be addressed to the defendant at the place where he may reside, and forwarded to him by post: provided that, in all cases in which a defendant is resident at some place out of the territories of the East India Company, the time for the appearance of the defendant shall be regulated by the time which may be required for communication by post between the place at which the Court is holden and the place where the defendant resides; and provided also, that, if on the day fixed for the hearing of the cause, or on any other day subsequent thereto on which the cause may be called on, the defendant shall not appear in person, or by vakeel, the plaintiff shall apply to the judge, and it shall be lawful for the judge to direct that the plaintiff shall be at liberty to proceed with his suit in such manner and subject to such conditions as to such judge may seem meet; provided always, that the plaintiff shall prove his case to the satisfaction of the judge, and the making such proof shall be a condition precedent to his obtaining judgment.

যে কোন লোকের জিম্মায় থাকে তাহারই উপর সমন জারী হইবেক ও সেই ব্যক্তি তাহা গ্রাহ্য করিতে উপযুক্তমতে ক্ষমতা প্রাপ্ত হইলে ঐ সমনজারী যেমন সফল হইত তেমনি মোকদ্দমার সকল কার্য্যের নিমিত্তে সফল হইবেক। মোকদ্দমা যে ভূমি কি অন্য স্থাবর সম্পত্তির সম্পর্কে হয় তাহা যাহার উপর সমন জারী হইতে পারে এমত কোন ব্যক্তির জিম্মায় যদি না থাকে কিম্বা যদি সেই মোকদ্দমা ভূমি কি অন্য স্থাবর সম্পত্তি সম্পর্কীয় না হয় কিন্তু নালিশের হেতু আদালতের এলাকার সীমার মধ্যে উৎপন্ন হওয়াতে যদি আসামীর উপরে আদালতের এলাকা থাকে তবে সমনের ও তাহার পৃষ্ঠের লিখিত কথার নকল ও দাখিল দিবার দরখাস্ত করিবার সময়ে কোন দলীলের কি লিপির যে কোন নকল সমনের সঙ্গে জারী হইবার নিমিত্তে আদালতের ক্লার্ককে কি উপযুক্ত অন্য কর্ম্মকারককে দেওয়া গিয়া থাকে তাহা সমুদয় আসামী যে স্থানে বাস করে সেই স্থানে তাহার নামে শিরোনামা লিখিয়া ডাকযোগে তাহার নিকটে পাঠান যাইবেক। পরন্তু ইহাতে প্রয়োজন যে আসামী কোম্পানি বাহাদুরের দেশের বাহিরের কোন স্থানে বাস করিলে আদালত যে স্থানে আছে সেই স্থানহইতে আসামীর বাস স্থানপর্য্যন্ত ডাকের দ্বারা পত্র পঁহুছিতে যত কাল লাগে তাহার হিসাব করিয়া আসামীর হাজির হইবার মিয়াদ সর্ব্বদা নির্দ্ধার্য্য হইবেক। আরো ইহাতে প্রয়োজন যে মোকদ্দমা শুনিবার নিরূপিত দিনে কিম্বা তাহার পর অন্য যে কোন দিনে মোকদ্দমার তলব হয় সেই দিনে যদি আসামী আপনি কি উকীলের দ্বারা হাজির না হয় তবে ফরিয়াদী বিচারকর্ত্তার নিকটে দরখাস্ত করিবেক ও বিচারকর্ত্তা যে প্রকারে ও যে নিয়মমতে উচিত বোধ করেন সেই প্রকারে ও সেই নিয়মমতে ফরিয়াদী আপন মোকদ্দমা চলাইতে পারিবেক এমত আজ্ঞা করিতে বিচারকর্ত্তার ক্ষমতা হইবেক। পরন্তু ইহাতে সর্ব্বদা প্রয়োজন যে ফরিয়াদী বিচারকর্ত্তার সন্তোষমতে আপন মোকদ্দমার প্রমাণ করে, ও সেইরূপ প্রমাণ না করিলে তাহার পক্ষে ডিক্রী হইতে পারিবেক

[How native officers and soldiers are to be served.]

30. When the defendant is a native officer or soldier in the service of the Government, a copy of the summons and of the endorsements thereon, together with any notice to produce and any copies of any documents or instruments in writing that may have been delivered to the clerk or other proper officer of the Court for the purpose of being served therewith, shall be transmitted by the Judge to the commanding officer of the corps to which the native officer or soldier shall belong, for the purpose of being served on such native officer or soldier. The commanding officer, after causing the summons and its accompanying notices and copies of documents to be served on the party to whom it is addressed if practicable, shall return the summons to the Judge, with the written acknowledgment of the party endorsed thereon. If from any cause the summons cannot be served upon the native officer or soldier to whom it is ad-

[এতদ্দেশীয় হুদ্দাদারেরদের ও সিপাহীরদের উপরে সমন যে রূপে জারী হইবেক।]

৩০। যদি আসামী গবর্ণমেণ্টের কর্ম্মে নিযুক্ত এতদ্দেশীয় হুদ্দাদার কি সিপাহী হয় তবে ঐ হুদ্দাদার কি সিপাহী যে পল্টনে থাকে সেই পল্টনের অধ্যক্ষ সেনাপতি সাহেবের নিকটে বিচারকর্ত্তা ঐ সমনের ও তাহার পৃষ্ঠের লিখিত কথার নকল ও সমনের সঙ্গে জারী হইবার নিমিত্তে দলীল উপস্থিত করিবার যে কোন এত্তেলা ও যে কোন দলীলের কি লিপির কোন নকল আদালতের ক্লার্ককে কি উপযুক্ত অন্য কর্ম্মকারককে দেওয়া গিয়া থাকে তাহা সমুদয় সেই হুদ্দাদার কি সিপাহীর উপরে জারী হইবার নিমিত্তে পাঠাইবেন। ঐ অধ্যক্ষ সেনাপতি সাহেব ঐ সমন ও তাহার সঙ্গে এত্তেলা ও দলীলের নকল যাহার নামে লেখা যায় তাহার উপরে জারী করাইতে পারিলে জারী করাইবেন ও সমনের পৃষ্ঠে আসামীর রসীদ লেখাইয়া লইয়া ঐ সমন বিচারকর্ত্তার নিকটে ফিরিয়া পাঠাইবেন। যদি কোন কারণে ঐ সমন যে হুদ্দাদার কি সিপাহীর নামে লেখা গিয়াছিল তাহার উপরে জারী হইতে না পারে তবে অধ্যক্ষ সেনাপতি সাহেব যে বিচারকর্ত্তার স্থানে তাহা পাইয়াছিলেন তাঁহার নিকটে ফিরিয়া পাঠাইবেন ও যে

dressed, it shall be returned by the commanding officer to the Judge from whom it may have been received, with information of the cause which has prevented the service of it. In such case the Court shall either make a further reference with the view of causing the summons to be duly communicated to the native officer or soldier, or shall adopt such other measures for that purpose as, on a consideration of the circumstances of each case, shall appear to be proper.

কারণে তাহা জারী হইতে পারিল না তাহা তাঁহাকে জানাইবেন। এমত স্থলে আদালত ঐ হুদ্দাদার কি সিপাহীর নিকটে ঐ সমন উপযুক্তমতে পাঠাইবার জন্যে অধিক জিজ্ঞাসা করিবেন অথবা প্রত্যেক মোকদ্দমার গতিক বিবেচনা করিয়া ঐ কার্য্যের নিমিত্তে অন্য যে উপায় উচিত বোধ করেন তাহা করিবেন।

How Privileged Persons are to be summoned.

বিশেষমতে বর্জ্জিত ব্যক্তিরদিগকে যে প্রকারে সমন করা যাইবেক।

[Substitutes for the summons in the case of privileged persons.

[বর্জ্জিত ব্যক্তি হইলে সমনের পরিবর্ত্তে যাহা করিতে হইবেক।]

31. Nothing contained in the preceding rules shall be construed to prevent the Court from substituting for the summons a letter, roobekaree, or other appropriate proceeding under the seal of the Court, when the person whose presence is required is of a rank or class in society which entitles him to such mark of consideration; and in such cases, the letter or other proceeding shall be treated in all respects as a summons, and shall be accompanied with a copy of the directions which would ordinarily be endorsed on the summons, and with any notice and copies of any other documents which would have been delivered therewith, if a summons had been issued for the appearance of the party.

৩১। যাঁহার উপস্থিত হইবার প্রয়োজন তিনি যদি এমত শ্রেণীর কি জাতির সভ্য লোক হন যে তাঁহার বিশেষমতে সম্ভ্রম করিতে হয় তবে ঐ সমনের পরিবর্ত্তে আদালতের মোহরকরা পত্র কি রুবকারী কি উপযুক্ত অন্য লিপি পাঠাইবার বাধা হয় পূর্ব্ব লিখিত বিধির কোন কথার এমত অর্থ করিতে হইবেক না। আর এমত স্থলে ঐ পত্র কি অন্য রুবকারী লইয়া সর্ব্বতোভাবে সমনের মত কার্য্য হইবেক ও সমনের পৃষ্ঠে যে উপদেশ কথা রীতিমত লেখা যায় তাহার এক নকল ঐ পত্রাদির সঙ্গে পাঠান যাইবেক ও সেই ব্যক্তির হাজির হইবার নিমিত্তে সমন জারী হইলে যে কোন এত্তেলা ও অন্য কোন দলীল দেওয়া যাইত তাহাও সেই পত্রাদির সঙ্গে পাঠান যাইবেক।

[List of privileged persons to be kept by the officer of Court.]

[আদালতের কর্ম্মকারক বিশেষমতে বর্জ্জিত ব্যক্তিরদের এক ফর্দ্দ রাখিবেন।]

32. A list of the persons (if any) residing within the limits of the Court's jurisdiction, who are entitled to the mark of consideration mentioned in the last Article, shall be kept in the office of the clerk or other proper officer of the Court, and any application for a summons against a person whose name is entered in the said list, shall be referred by the officer to the Judge for his order before the summons shall be issued to the defendant.

৩২। উপরের প্রকরণেতে সম্ভ্রমের যোগ্য যে ব্যক্তিরদের কথা লেখা আছে তাঁহারদের কেহ যদি আদালতের এলাকার সীমার মধ্যে বাস করেন তবে তাঁহারদের নামের এক ফর্দ্দ আদালতের ক্লার্কের কি উপযুক্ত অন্য কর্ম্মকারকের দফ্তরখানায় রাখিতে হইবেক ও উক্ত ফর্দ্দের লিখিত কোন ব্যক্তির নামে সমন দিবার কোন দরখাস্ত হইলে ঐ কর্ম্মকারক আসামীর নামে সমন জারী করিবার পূর্ব্বে বিচারকর্ত্তার হুকুম জানিবার জন্যে তাঁহাকে ঐ দরখাস্ত দেখাইবেন।

[Service how to be made on privileged persons.]

[বিশেষমতে বর্জ্জিত ব্যক্তিরদের উপরে সমন যেরূপে জারী হইবেক।]

33. When a letter or other proceeding is sent to a party on account of his being of a class or rank of society that entitles him to that distinction, it may be transmitted through the post-office, or by a special messenger selected by the Court, or in any other manner that the Court may deem sufficient; unless the party shall have an accredited agent empowered to accept service of judicial process; in which case delivery to such agent shall be sufficient service. When the letter is transmitted through the post-office, or by special messenger, proof that it was duly posted, or was delivered to the messenger, shall be sufficient proof of its due service, in the absence of evidence to the contrary.

৩৩। শ্রেণী কি জাতি বুঝিয়া সভ্য ব্যক্তি হওয়াপ্রযুক্ত যিনি সেই রূপ সম্ভ্রমের যোগ্য হন তাঁহার নিকটে যখন কোন পত্র কি অন্য রুবকারী পাঠাইতে হয় তখন সেই পত্র দি ডাকের দ্বারা কিম্বা আদালতের মনোনীত কোন বিশেষ পেয়াদার দ্বারা কিম্বা আদালত অন্য যে প্রকারে উপযুক্ত বোধ করেন সেই প্রকারে পাঠান যাইবেক। কিন্তু যদি আদালতের পরওয়ানাজারী গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন সেই ব্যক্তির স্বীকৃত কোন মোক্তার থাকে তবে সেই মোক্তারকে ঐ পত্রাদি দেওয়া গেলে তাহা প্রচুরমতে জারী হইবেক। যদি সেই পত্র ডাকের দ্বারা কিম্বা বিশেষ পেয়াদার দ্বারা পাঠান যায় তবে তাহা জারী না হইবার অন্য প্রমাণ না থাকিলে ঐ পত্রাদি উপযুক্তমতে ডাকে দেওয়া গিয়াছে কি পেয়াদার হাতে দেওয়া গিয়াছে ইহার প্রমাণ তাহার উপযুক্তমতে জারী হইবার প্রচুর প্রমাণ হইবেক।

How Persons not before the Court may be made Parties to a Suit.

যাহারা আদালতের সম্মুখে উপস্থিত নয় তাহারদিগকে মোকদ্দমার এক পক্ষ করণের কথা।

[In certain cases of inheritance a proclamation

[উত্তরাধিকারিত্বের কোন২ মোকদ্দমায় যে সময়ে আ-

for claimants to be issued at the same time as the summons to the defendant.]

34. In every suit concerning the succession or right of inheritance to a zemindary, talook, land, house, or other real property, to which there may be more persons than one, who, by the Hindoo or Mahomedan law (regard being had to the religion of the claimants), would be entitled to a portion of the estate, there shall be issued, at the same time with the summons to the particular defendant or defendants, and in addition thereto, a proclamation setting forth the names of the parties, the nature of the suit, the day fixed for the hearing of the cause, and whether it have been fixed for the first hearing and settlement of issues, or for final disposal, and calling on all persons having any claim to any share, or interest in the property, to appear on the said day, either in person or by a vakeel of the Court, and be prepared to state their claims to the Court, and to support them by proper evidence.

[Proclamation how to be published.]

35. The proclamation shall be read aloud by the officer employed to serve the summons on some public place, within the limits of the zemindary, talook, land, or other real property concerning which the suit may be brought, and copies thereof shall be fixed up in some conspicuous part of the Court-house, and on the outer door of the family dwelling-house of the person the right of succession or inheritance to whose property is in question, or of the house in which he may have last resided. If the suit shall be brought in any Court subordinate to the Zillah Judge, a copy of the proclamation shall also be fixed up in some conspicuous part of the Court of the Zillah Judge, as well as in the Court of the particular Judge in whose Court the suit may be brought.

[Proclamation may be issued in any suit by order of the Court.]

36. If in any suit it shall appear to the Court at any hearing of the cause, that all the persons who may be entitled to some share or interest in the property in dispute have not been made parties to the suit, it shall be competent to the Court to adjourn the hearing of the cause to a future day to be fixed, and to direct a proclamation to be issued, calling upon all persons having any claim to any share or interest in the property to appear on the day so to be fixed, and be prepared to state their claims to the Court, and to support them by proper evidence. If the suit shall relate to the succession or right of inheritance to a zemindary, talook, land, house, or other real property, the proclamation shall be published or made known in the manner prescribed in the last preceding Article. If the suit shall relate to any other matter or thing, a copy of the proclamation shall be fixed up in some conspicuous part of the Court-house, and it shall also be competent to the Judge to direct that the proclamation shall be published

আসামীর নামে সমন জারি হয় সেই সময়ে দাওয়াদারেরদের জন্যে ঘোষণা হইবেক।]

৩৪। জমীদারী কি তালুক কি ভূমি কি ঘর কি অন্য যে স্থাবর সম্পত্তিতে দাওয়াদারেরদের ধর্ম্ম বিবেচনায় হিন্দু কি মুসলমানের ব্যবস্থামতে একের অধিক ব্যক্তি অংশী হইবার স্বত্ব রাখিতে পারে সেই জমীদারীপ্রভৃতির উত্তরাধিকারিত্ব কি অধিকারিত্বের স্বত্ব লইয়া যখন মোকদ্দমা হয় তখন বিশেষ আসামীর কি আসামীরদের নামে সমন যে সময়ে জারি হয় সেই সময়ে ও তাহার সঙ্গে এক ঘোষণাপত্রও জারী হইবেক। সেই পত্রেতে ঐ মোকদ্দমার উভয় পক্ষের নাম ও মোকদ্দমার ভাব ও তাহা শুনিবার নিরূপিত দিন ও তাহা প্রথম শুনিবার ও ইসু নির্ণয় করিবার জন্যে কিম্বা চূড়ান্ত নিষ্পত্তির জন্যে নিরূপণ হইয়াছে এই সকল কথা লেখা থাকিবেক ও সেই সম্পত্তির কোন অংশে কি সম্পর্কে যে সকল লোকের কোন দাওয়া থাকে তাহারদিগকে উক্ত দিবসে আপনারা কি উকীলের দ্বারা হাজির হইতে ও আদালতে তাহারদের দাওয়া ব্যক্ত করিবার জন্যে ও উপযুক্ত প্রমাণ দিয়া তাহার পোষকতা করিবার জন্যে তাহারদিগকে প্রস্তুত হইতে আদেশ হইবেক।

[ঘোষণাপত্র যে প্রকারে প্রকাশ হইবেক।]

৩৫। সমন জারী করিতে যে কার্য্যকারককে নিযুক্ত করা যায় তিনি যে জমীদারী কি তালুক কি জমী কি অন্য স্থাবর সম্পত্তি লইয়া ঐ মোকদ্দমা হয় তাহার সীমানার মধ্যে কোন প্রকাশ স্থানে ঐ ঘোষণাপত্র উচ্চস্বরে পাঠ করিবেন ও সেই ঘোষণাপত্রের নকল আদালত ঘরের কোন প্রকাশ স্থানে লট্‌কান যাইবেক আর যে ব্যক্তির সম্পত্তির উত্তরাধিকারিত্বের কি অধিকারিত্বের স্বত্ব লইয়া বিবাদ হয় তাহার পরিবারের বসতবাটীর কিম্বা যে ঘরে শেষে বাস করিয়াছিল সেই ঘরের বাহিরের দ্বারে লট্‌কাইয়া দেওয়া যাইবেক। যদি সেই মোকদ্দমা জিলার জজ সাহেবের অধীন কোন আদালতে উপস্থিত করা যায়, তবে যে আদালতে উপস্থিত করা যায় তাহার বিচারকর্ত্তার আদালতে ঐ ঘোষণাপত্রের এক নকল যেমন লট্‌কাইয়া দেওয়া যাইবেক তেমনি জিলার জজ সাহেবের আদালতের কোন প্রকাশ স্থানেও লট্‌কান যাইবেক।

[আদালতের হুকুম হইলে কোন মোকদ্দমায় ঘোষণাপত্র জারী হইতে পারিবেক।]

৩৬। যদি কোন মোকদ্দমা শুনিবার কোন কালে আদালত দেখিতে পান যে বিরোধীয় সম্পত্তিতে যাহারদের কোন অংশের কি সম্পর্কের স্বত্ব থাকিতে পারে তাহারদের সকলকে মোকদ্দমার এক পক্ষ করা যায় নাই তবে ঐ আদালতের এই ক্ষমতা থাকিবেক যে, ঐ মোকদ্দমা শুনিবার জন্যে আর এক দিন নিরূপণ করিয়া শুনানি স্থগিত রাখেন, ও যে সকল লোকের সেই সম্পত্তির কোন অংশের কি সম্পর্কের উপর কোন দাওয়া থাকে তাহারদিগকে সেই প্রকারের নিরূপিত দিনে হাজির হইবার জন্যে ও আদালতে তাহারদের দাওয়া ব্যক্ত করিতে ও উপযুক্ত প্রমাণক্রমে তাহার পোষকতা করিতে প্রস্তুত হইবার জন্যে তলব করিয়া এক ঘোষণাপত্র জারী হয়, এমত আজ্ঞা করেন। যদি সেই মোকদ্দমা জমীদারী কি তালুক কি ভূমি কি ঘর কি অন্য স্থাবর সম্পত্তিতে উত্তরাধিকারিত্ব কি অধিকারিত্বের স্বত্ব লইয়া হয় তবে ইহার পূর্ব্বের প্রকরণে যে বিধি করা গিয়াছে সেই বিধিমতে ঐ ঘোষণাপত্র প্রকাশ কি ব্যক্ত করা যাইবেক। যদি সেই মোকদ্দমা অন্য কোন বিষয় কি দ্রব্য লইয়া হয় তবে ঐ ঘোষণাপত্রের এককেতা নকল আদালত ঘরের কোন প্রকাশ স্থানে লট্‌কাইয়া দেওয়া যাইবেক ও বিচারকর্ত্তা অন্য যে কোন প্রকারে উচিত

or made known in such other manner as he may think proper. If the suit shall be brought in any Court subordinate to the Zillah Judge, a copy of the proclamation shall in all cases be fixed up in some conspicuous part of the Court of the Zillah Judge, as well as in the Court of the particular Judge in whose Court the suit may be brought.

বোধ করেন সেই প্রকারে ঐ ঘোষণাপত্র প্রকাশ কি ব্যক্ত করা যায় এমত আজ্ঞা করিতে পারিবেন। সেই মোকদ্দমা যদি জিলার জজ সাহেবের অধীন কোন আদালতে উপস্থিত করা যায় তবে যে আদালতে উপস্থিত করা যায় তাহার বিচারকর্ত্তার আদালতে ঐ ঘোষণাপত্রের এক নকল যেমন লট্‌কাইয়া দেওয়া যাইবেক তেমনি ঐ জিলার জজ সাহেবের আদালতের কোন প্রকাশ স্থানেও লট্‌কান যাইবেক।

[If any claimant appear, he is to be treated as a party to the suit.]

[যদি কোন দাওয়াদার উপস্থিত হয় তবে মোকদ্দমার এক পক্ষের মতে তাহার প্রতি ব্যবহার হইবেক।]

37. If any claimant shall appear on the day fixed in any proclamation issued under the provisions of Article 34 or of Article 36 of this Chapter, the Court shall investigate his claim and pronounce a decision thereon, in the same way as if he had been made originally a party to the suit.

৩৭। এই অধ্যায়ের ৩৪ প্রকরণ কি ৩৬ প্রকরণের বিধিমতে জারীকরা কোন ঘোষণাপত্রেতে যে দিন নিরূপণ হয় সেই দিনে যদি কোন দাওয়াদার উপস্থিত হয় তবে তাহাকে মোকদ্দমার এক পক্ষ প্রথমে করা গেলে আদালত যেরূপে কার্য্য করিতেন সেইরূপে তাহার দাওয়ার তদারক করিয়া তাহার উপর নিষ্পত্তি প্রকাশ করিবেন।

Of Suits against the Government and its Officers.

গবর্ণমেণ্ট ও তাঁহার কার্য্যকারকেরদের নামে মোকদ্দমার কথা।

[If the suit be against the Government or its officers, the application for a summons is to be referred to the Judge.]

[যদি গবর্ণমেণ্টের কি তাঁহার কার্য্যকারকেরদের নামে মোকদ্দমা হয় তবে সমন দিবার দরখাস্ত বিচারকর্ত্তাকে দেখাইতে হইবেক।]

38. If the suit be against the Government, or against any of its officers, for acts which the plaintiff at the time of applying for the summons alleges to have been done in an official capacity, the application for the summons shall be referred by the officer to the Judge for his order before any summons shall be issued to the defendant.

৩৮। যদি কোন মোকদ্দমা গবর্ণমেণ্টের কি তাঁহার কোন কার্য্যকারকেরদের নামে হয় আর সমন দিবার দরখাস্ত করিবার সময়ে যদি ফরিয়াদী কহে যে ঐ কার্য্যকারকের যে কর্ম্ম লইয়া মোকদ্দমা হয় তাহা তিনি আপন পদের সম্পর্কে করিয়াছেন তবে তাঁহার নামে কোন সমন জারী করিবার পূর্ব্বে ঐ কর্ম্মকারক সমন দিবার দরখাস্ত বিচারকর্ত্তার হুকুম জানিবার জন্যে তাঁহাকে দেখাইবেন।

[In cases where the Civil Courts have no direct jurisdiction against the officers of Government, the applicant is to be referred to the Government.]

[গবর্ণমেণ্টের সেই কার্য্যকারকেরদের উপর যদি দেওয়ানী আদালতের কোন স্পষ্ট এলাকা না থাকে তবে সেই ফরিয়াদীকে গবর্ণমেণ্টে দরখাস্ত করিতে আজ্ঞা হইবেক]

39. If it shall appear to the Judge, after examining the applicant, that the act complained of was done pursuant to a special order originating with the Government, or with the Board of Revenue, and that the officer by whom the act was done is not liable to be sued for it, the Judge shall direct the person who may have made the application for the summons to apply in the first place to the Government by petition, stating wherein he considers himself injured under the Regulations of the Bengal Code, or the Acts of the Council of India, and praying that the Government will order the Court of Civil Judicature in which the cause may be cognizable, to try the contested points or matters by the Regulations or Acts. If the Government shall deem proper to grant the prayer of such petition, and the plaintiff shall file an order to the above effect with the clerk or proper officer of the Court; or if a plaintiff shall in the first instance, with his application for a summons in a case of the aforesaid description, produce an order from the Government to the effect aforesaid, and it shall appear to the Judge that the case is within his jurisdiction and cognizable under the order, he shall direct the summons to be issued to the officer by whom the

৩৯। বিচারকর্ত্তা দরখাস্তকারিকে জিজ্ঞাসা করিলে পর যদি দেখিতে পান যে নালিশ যে কার্য্যের উপর হয় তাহা গবর্ণমেণ্টের কি বোর্ড রবিনিউর করা বিশেষ হুকুমক্রমে করা গিয়াছিল, ও যে কার্য্যকারক ঐ কার্য্য করিয়াছেন তাঁহার নামে সেই কার্য্যের নিমিত্তে নালিশ হইতে পারে না, তবে বিচারকর্ত্তা ঐ সমন দিবার দরখাস্তকারি ব্যক্তিকে আজ্ঞা করিবেন যে প্রথমে গবর্ণমেণ্টের নিকটে দরখাস্ত করে ঐ দরখাস্তেতে বাঙ্গলা দেশের চলিত আইন কিম্বা ভারতবর্ষের কৌন্সেলের আকটক্রমে ঐ দরখাস্তকারী আপনাকে যেমতে ক্ষতিগ্রস্ত বোধ করে তাহা লিখিয়া প্রার্থনা করিবেক যে ঐ বিষয় যে দেওয়ানী আদালতে বিচার্য্য হয় সেই আদালতকে আইন কি আকটক্রমে বিরোধীয় কথা কি বিষয় বিচার করিতে গবর্ণমেণ্ট আজ্ঞা করেন। যদি গবর্ণমেণ্ট সেই দরখাস্তের প্রার্থনা গ্রাহ্য করা উচিত বোধ করেন আর যদি ফরিয়াদী সেই মর্ম্মের এক হুকুম আদালতের ক্লার্কের কি উপযুক্ত কর্ম্মকারকের নিকটে দাখিল করে অথবা যদি ফরিয়াদী পূর্ব্বোক্তপ্রকারের মোকদ্দমায় সমন দিবার দরখাস্তের সঙ্গে গবর্ণমেণ্টের স্থানে সেই মর্ম্মের এক হুকুম প্রথম স্থলে উপস্থিত করে ও বিচারকর্ত্তা যদি বোধ করেন যে সেই মোকদ্দমা তাঁহার এলাকার মধ্যে বটে ও সেই হুকুমমতে তাঁহার বিচার্য্যও বটে তবে বিশেষ ব্যক্তিরদের নামে সমন জারী করিবার যে বিধি ইহার পূর্ব্বে করা গিয়াছে সেই বিধিমতে যে কার্য্যকারকের কার্য্যের উপর নালিশ হয় তাঁহার নামে তিনি সমন জারী হইবার আজ্ঞা করিবেন। আর পূর্ব্বোক্ত প্রকারের কোন মোকদ্দমায় পূর্ব্বোক্ত মর্ম্মের

act complained of may have been done, in the same way as is hereinbefore prescribed for the issuing of summonses to private individuals; and in no case shall a summons be issued to any defendant in a case of the nature aforesaid without an order to the effect aforesaid.

কোন হুকুম না হইলে কোন আসামীর নামে সমন কখন জারী হইবেক না।

[In cases where the Civil Courts have direct jurisdiction, against the Officers of the Government, the Judge is to refer to the Board of Revenue.]

[যে স্থলে গবর্ণমেণ্টের কার্য্যকারকেরদের উপরে দেওয়ানী আদালতের স্পষ্ট এলাকা থাকে সেই স্থলে বিচারকর্ত্তা বোর্ড রেবিনিউকে জিজ্ঞাসা করিবেন।]

40. If it shall appear that the act complained of was done without any order of the Government, or of the Board of Revenue, and that the act complained of is one for which the officer by whom it was done is declared amenable under the Regulations of the Bengal Code or the Acts of the Council of India, the Judge shall transmit the particulars of the claim as set forth in the Register referred to in Article 7 of this Chapter, to the Board of Revenue, together with copies of any documents or instruments in writing that may have been delivered to the clerk or proper officer of the Court at the time of applying for the summons, for the purpose of being served therewith.

৪০। যে কার্য্যের উপরে নালিশ হয় তাহা গবর্ণমেণ্টের কিম্বা বোর্ড রেবিনিউর কোন হুকুম বিনা করা গিয়াছিল আর যে কার্য্যকারক তাহা করিয়াছিলেন তাঁহার সেই কার্য্যের নিমিত্তে বাঙ্গলা দেশের চলিত আইন কিম্বা ভারতবর্ষের কৌন্সেলের আক্টঅনুসারে আদালতে বিচার হইতে পারে ইহা যদি দৃষ্ট হয় তবে বিচারকর্ত্তা ঐ দাওয়ার যে বৃত্তান্ত এই অধ্যায়ের ৭ প্রকরণের লিখিত রেজিষ্টরী বহীতে লেখা যায় সেই বৃত্তান্ত ও সমন দিবার দরখাস্ত হইবার কালে কোন দলীলের কি লিপির নকল সমনের সঙ্গে জারী হইবার নিমিত্তে আদালতের ক্লার্ককে কি উপযুক্ত কর্ম্মকারককে দেওয়া গেলে তাহা বোর্ড রেবিনিউর সাহেবেরদের নিকটে পাঠাইবেন।

[How the Board of Revenue is to proceed in cases referred to it.]

[সেই প্রকার মোকদ্দমায় বোর্ড রেবিনিউর সাহেবেরা যেরূপে কার্য্য করিবেন।]

41. The Board of Revenue, after making due inquiries on the subject, shall determine whether the party complaining is entitled to redress directly from Government, or whether he shall be left to prosecute the case in the regular course of law; and if they shall be of opinion that the party should be left to prosecute the case in the regular course of law, they shall inform the Judge by whom the case may have been referred to them of their determination to that effect, and also whether the case is to be defended by the public officer as a suit against the Government, or by the person affected by the complaint in his individual capacity.

৪১। বোর্ড রেবিনিউর সাহেবেরা সেই বিষয়ের উপযুক্তমতে তদারক করিলে পর যে ব্যক্তি নালিশ করে তাহার গবর্ণমেণ্টহইতে একেবারে প্রতিকার পাইবার স্বত্ব থাকে কিম্বা আইনের নিয়মিত রীতিমতে তাহার মোকদ্দমা নিজে চালাইতে হইবেক এই কথা নির্দ্ধার্য্য করিবেন। আর যদি তাঁহারা বোধ করেন যে সেই ব্যক্তির আইনের নিয়মিত রীতিমতে মোকদ্দমা চালাইতে হইবেক তবে যে বিচারকর্ত্তা তাঁহারদের নিকটে মোকদ্দমা পাঠাইয়াছিলেন তাঁহাকে তাঁহারা আপনারদের সেই মর্ম্মের নির্দ্ধারণ জানাইবেন আর গবর্ণমেণ্টের নামে মোকদ্দমা হইবার মতে সরকারী কার্য্যকারকের ঐ মোকদ্দমার জওয়াব দিতে হইবেক কিম্বা যাঁহার নামে নালিশ হইয়াছে তাঁহার নিজহইতে সেই মোকদ্দমার জওয়াব দিতে হইবেক এই কথাও জানাইবেন।

[When the summons is to be issued.]

[সমন যে সময়ে জারী করিতে হইবেক।]

42. At the expiration of six weeks from the transmission, or at any earlier period when the Judge may receive intimation from the Board of Revenue that it has been decided that the party complaining shall be left to prosecute his case in the regular course of law, the Judge shall direct a summons to be issued to the officer whose act has been complained of, in the same manner as is hereinbefore prescribed for the issuing of summonses to private individuals.

৪২। ঐ মোকদ্দমার কাগজপত্র পাঠান যাইবার পর ছয় সপ্তাহ গত হইলে, কিম্বা যে ব্যক্তি নালিশ করিয়াছে সেই ব্যক্তির আইনের নিয়মিত রীতিমতে আপনার মোকদ্দমা চালাইতে হইবেক এমত নির্দ্ধার্য্য হইয়াছে এই কথা বোর্ড রেবিনিউর সাহেবেরা বিচারকর্ত্তাকে অবগত করাইলে ঐ ছয় সপ্তাহের আগে কোন সময়ে, বিচারকর্ত্তা আজ্ঞা করিবেন যে বিশেষ ব্যক্তিরদের নামে সমন জারী হইবার যে বিধি ইহার পূর্ব্বে করা গিয়াছে সেই বিধিমতে যে কার্য্যকারকের কার্য্যের উপর নালিশ হইয়াছে তাঁহার নামে সমন জারী হয়।

Of Arrest before Judgment.

ডিক্রী হইবার পূর্ব্বে আসামীকে গ্রেপ্তার করিবার কথা।

[When defendant is about to leave the jurisdiction, plaintiff may apply that security be taken for his appearance.]

[যদি আসামী আদালতের এলাকা ছাড়িয়া যাইতে উদ্যত হয় তবে ফরিয়াদী প্রার্থনা করিতে পারিবেক যে তাহার হাজির হইবার জামিনী লওয়া যায়।]

43. If in any suit the defendant, with intent to avoid or delay the plaintiff, is about to leave the jurisdiction, the plaintiff may, either at the institution of the suit, or at any time thereafter until final judgment, make an application to the

৪৩। কোন মোকদ্দমায় ফরিয়াদী আসামীকে না পায় কিম্বা ফরিয়াদীর পক্ষে বিলম্ব হয় এই অভিপ্রায়ে যদি আসামী আদালতের এলাকা ছাড়িয়া যাইতে উদ্যত হয় তবে ফরিয়াদী মোকদ্দমা উপস্থিত হইবার কালে কিম্বা তাহার পর মোকদ্দমার নিষ্পত্তি না হওনপর্য্যন্ত কোন

Court to demand that security be taken for the appearance of the defendant to answer any judgment that may be passed against him in the suit.

[How the Court is to proceed on such application.]

44. If the Court, after examining the applicant and making such further investigation as it may consider necessary, shall be of opinion that there is probable cause for believing that the defendant is about to leave its jurisdiction, with the intent of avoiding or delaying the plaintiff, it shall issue a warrant to the proper officer, enjoining him to bring the defendant before the Court, that he may give good and sufficient bail for his appearance at any time when called upon while the suit is pending and until execution of any decree that may be passed against him in the suit; the surety or sureties undertaking, in default of such appearance, to pay, to an extent to be fixed by the Judge and specified in the warrant, any sum of money that may be adjudged against him in the suit, with costs.

[Sureties may apply to be relieved from their engagements.]

45. The sureties for the personal appearance of the defendant may, at any time, apply to the Court to be relieved from their engagements as sureties, whereupon the Court shall issue its warrant, directing that the defendant be brought before it. On the appearance of the defendant to such warrant, or on his voluntary surrender, the Judge shall direct the engagement of the sureties to be cancelled, and shall call upon the defendant to give fresh security, and in default thereof shall commit him to custody.

[Deposit in lieu of bail.]

46. Should a defendant offer, in lieu of bail for his appearance, to deposit a sum of money or other valuable property sufficient to answer the claim against him, with the costs of the suit, the Court may accept such deposit, and forthwith discharge the defendant.

[Defendant to be committed to custody if he cannot give security.]

47. In the event of the defendant neither furnishing security, nor offering a sufficient deposit, he may be committed to custody until the decree shall have been passed.

[When the defendant is about to leave the country, the application to be made to the Court.]

48. If in any suit the defendant is about to leave the territories of the East India Company with intent to remain absent so long that the plaintiff will, or may thereby be obstructed or delayed in the execution of any decree that may be passed against the defendant, the plaintiff may make an application to the Court, to the effect and in the manner aforesaid, and the procedure shall be in all respects the same as hereinbefore provided.

সময়ে আদালতে এমত দরখাস্ত করিতে পারিবেক যে ঐ মোকদ্দমায় আসামীর বিপক্ষে কোন হুকুম হইলে সে তদনুসারে কর্ম্ম করে এবং তাহার হাজির হইবার জামিনী তাহার স্থানে লওয়া যায়।

[সেইরূপ দরখাস্ত হইলে আদালতের যাহা করিতে হইবেক।]

৪৪। আদালত সেই দরখাস্তকারিকে জিজ্ঞাসা করিলে পর ও অধিক যে তদারক করা আবশ্যক বোধ করেন তাহা করিলে পর যদি এমত বুঝিতে পান যে ফরিয়াদী আসামীকে না পায় কি ফরিয়াদীর পক্ষে বিলম্ব হয় এই অভিপ্রায়ে আসামী আদালতের এলাকা ছাড়িয়া যাইতে উদ্যত ইহা বিশ্বাস করিবার সম্ভাবিত কারণ থাকে তবে আদালত উপযুক্ত কর্ম্মকারকের নামে এমত পরওয়ানা দিবেন যে মোকদ্দমা যত কাল উপস্থিত থাকে ও সেই মোকদ্দমাতে তাহার বিপক্ষে যদি কোন ডিক্রী হইয়া থাকে সেই ডিক্রী জারী না হওয়াপর্য্যন্ত কোন সময়ে আসামীকে তলব করা গেলে সে হাজির হয় এমন্যে উত্তম ও প্রচুর জামিনী দিবার নিমিত্তে আসামীকে আদালতে হাজির করেন, আর যে ব্যক্তি কি ব্যক্তিরা তাহার জামিন হয় তাহারা এমত করার করিবেক যে ঐ আসামী হাজির না হইলে বিচারকর্ত্তা যত টাকা নিরূপণ করেন ও পরওয়ানাতে নির্দ্দিষ্ট করেন তত টাকাপর্য্যন্ত খরচাসমেত যত টাকা ঐ মোকদ্দমাতে তাহার বিপক্ষে ডিক্রী হয় তত টাকা দিবেক।

[জামিনেরা আপনারদের করারহইতে মুক্ত হইবার প্রার্থনা করিতে পারে।]

৪৫। আসামীর হাজির হইবার জামিনেরা কোন সময়ে আদালতে এমত প্রার্থনা করিতে পারিবেক যে জামিনস্বরূপ তাহারদের করারহইতে তাহারদিগকে মুক্ত করা যায়। তাহা হইলে আদালত আসামীকে হাজির করিবার পরওয়ানা জারী করিবেন। সেই পরওয়ানামতে আসামী হাজির হইলে কিম্বা ইচ্ছাপূর্ব্বক ধরা দিলে বিচারকর্ত্তা আজ্ঞা করিবেন যে জামিনেরদিগকে তাহারদের করারহইতে মুক্ত করা যায়, ও আসামীকে নূতন জামিনী দিতে আজ্ঞা করিবেন। তাহা না দিলে তাহাকে কয়েদ করিয়া রাখিবেন।

[জামিনের পরিবর্ত্তে টাকা আমানৎ।]

৪৬। যদি আসামী আপনার হাজির হইবার জামিনীর পরিবর্ত্তে তাহার নামে যে দাওয়া আছে সেই দাওয়ার ও মোকদ্দমার খরচা সমেত যত টাকা হয় তত টাকা কি তত মূল্যের সম্পত্তি আমানৎ করিতে চাহে তবে আদালত সেই আমানৎ গ্রাহ্য করিতে পারিবেন ও আসামীকে তৎক্ষণাৎ খালাস করিবেন।

[যদি আসামী জামিনী দিতে না পারে তবে তাহাকে কয়েদ করা যাইবেক।]

৪৭। যদি আসামী জামিনী না দেয় কিম্বা উপযুক্ত টাকা আমানৎ করিতে না চাহে তবে যাবৎ ডিক্রী না হয় তাবৎ তাহাকে কয়েদ করিয়া রাখা যাইবেক।

[যদি আসামী দেশ ছাড়িয়া যাইতে উদ্যত হয় তবে আদালতে দরখাস্ত করা যাইবেক।]

৪৮। কোন মোকদ্দমায় যদি আসামী কোম্পানি বাহাদুরের দেশ ছাড়িয়া যাইতে উদ্যত হয়, ও বিদেশে তাহার এত কাল থাকিবার অভিপ্রায় থাকে যে আসামীর বিরুদ্ধে কোন ডিক্রী হইলে ফরিয়াদীর সেই ডিক্রী জারী করণেতে বাধা কি বিলম্ব হইবেক কি হইতে পারিবেক, তবে ফরিয়াদী পূর্ব্বোক্ত মর্ম্মের ও পূর্ব্বোক্ত প্রকারের দরখাস্ত আদালতে করিবেক ও তাহা হইলে ইহার পূর্ব্বের বিধিমতে সর্ব্ব প্রকারে কার্য্য হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৩ আপ্রিল।]

Of Sequestration before Judgment.

[In certain cases plaintiff may apply for a sequestration of defendant's property.]

49. If the defendant, with intent to obstruct or delay the execution of any decree that may be passed against him, is about to dispose of his property or any part thereof, or to remove any such property from the jurisdiction of the Court where the suit is pending, it shall be lawful for the Court, on the application of the plaintiff in manner aforesaid, either at the institution of the suit or at any time thereafter until final judgment, to call upon the defendant to furnish sufficient security to fulfil any decree that may be passed against him in the suit, when required; and on his failing to give such security, to direct that any property, real or personal, belonging to the defendant, or any debts due to him, or any money standing in his name or to his account, and in deposit in any Court of Justice, or any office of Government, or at his credit in any bank, or any interest or dividends payable or thereafter to become payable on any Government paper or shares in the capital or joint-stock of any banking, railway, or other public company or corporation, standing in his name, or such a portion of such property, debts, or money, as may be sufficient to fulfil the decree, shall be attached, and held in sequestration until the further order of the Court.

[Application, how to be made.]

50. The application shall be accompanied with the following particulars distinctly written in the language in use in proceedings before the Court, namely, the nature and amount of the claim the property required to be sequestrated, and the supposed value of each article or item thereof; and the plaintiff shall, at the time of making the application, declare that the claim is a just one, and that the defendant is about to dispose of or remove his property in manner aforesaid.

[Defendant may be called on for security.]

51. If the Court, after examining the applicant and making such further investigation as it may consider necessary, shall be satisfied that the defendant intends to dispose of or remove his property, with intent to obstruct or delay the execution of the decree, and if the plaintiff shall in person or by his agent enter into a bond rendering himself liable in such sum as may be judged adequate for all injury arising from the sequestration, in the event of his demand being disallowed, either wholly or in part, the Court shall thereupon issue a warrant to the proper officer, commanding him to require security from the defendant, in such sum as may be specified in the order, to produce and place at the Court's disposal, when required, the said property, or a portion thereof sufficient to fulfil the decree.

নিষ্পত্তি হইবার পূর্ব্বে সম্পত্তি ক্রোক করিবার কথা।

[কোনং স্থলে ফরিয়াদী আসামীর সম্পত্তি ক্রোক হইবার প্রার্থনা করিতে পারিবেক।]

৪৯। আসামীর বিরুদ্ধে যে কোন ডিক্রী হইতে পারে তাহা জারী হইবার বাধা কি বিলম্ব করিবার অভিপ্রায়ে যদি সেই আসামী আপনার সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর করিতে কিম্বা যে আদালতে মোকদ্দমা উপস্থিত থাকে সেই আদালতের এলাকা হইতে তদ্রূপ কিছু সম্পত্তি স্থানান্তর করিতে উদ্যত হয় তবে ফরিয়াদী মোকদ্দমা উপস্থিত করিবার কালে কিম্বা তৎপরে নিষ্পত্তি হইবার আগে কোন সময়ে পূর্ব্বোক্ত প্রকারে দরখাস্ত করিলে ঐ আদালত আসামীকে এই আজ্ঞা করিতে পারিবেন যে মোকদ্দমায় তাহার বিপক্ষে যে কোন ডিক্রী হয় সেই ডিক্রীমতে আজ্ঞা হইলেই কর্ম্ম করিবেক ইহার উপযুক্ত জামিনী দেয়। ও আসামী সেই জামিনী না দিলে আদালত এই আজ্ঞা করিতে পারিবেন যে, আসামীর স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তি, কিম্বা তাহার পাওনা কোন টাকা, কিম্বা কোন আদালতে কি গবর্ণমেণ্টের কোন দফ্তরখানায় তাহার নামে কি তাহার হিসাবে থাকা ও আমানৎ করা কোন টাকা, কিম্বা কোন ব্যাঙ্কে তাহার নামে জমাকরা টাকা, কিম্বা কোম্পানির কোন কাগজের উপর কি কোন ব্যাঙ্কের কি রেলওয়ের কিম্বা সাধারণ কি চার্টরপ্রাপ্ত অন্য কোম্পানির মূলধনের কি জাইণ্ট ষ্টকের যে শ্যার তাহার নামে আছে সেই শ্যারের উপর তৎকালে কি তৎপরে যে কিছু সুদ কি ডিবিডেণ্ড তাহার পাওনা থাকে তাহা, অথবা সেই সম্পত্তির কি পাওনা টাকার কি টাকার যে অংশ ঐ ডিক্রীমতে কার্য্য হইবার জন্যে প্রচুর হয় তাহা ক্রোক করা যায়, ও আদালতের অধিক হুকুম না হওয়া-পর্য্যন্ত ক্রোক করিয়া রাখা যায়।

[দরখাস্ত যে প্রকারে করিতে হইবেক]

৫০। আদালতে মোকদ্দমার কার্য্যেতে যে ভাষা চলন থাকে সেই ভাষাতে ঐ দরখাস্তের সঙ্গে নীচের লিখিত কথা স্পষ্ট করিয়া লিখিয়া দেওয়া যাইবেক অর্থাৎ দাওয়ার ভাব ও যত টাকার দাওয়া হয় ও যে সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনা হয় ও একং দ্রব্যের কি তাহার একং দফার আনুমানিক মূল্য। ঐ দরখাস্ত করিবার সময়ে ফরিয়াদী এমত এজহার করিবেক যে ঐ দাওয়া যথার্থ বটে ও আসামী পূর্ব্বোক্ত প্রকারে আপনার সম্পত্তি হস্তান্তর কি স্থানান্তর করিতে উদ্যত আছে

[আসামীকে জামিনী দিবার আজ্ঞা হইতে পারিবেক।]

৫১। যদি আদালত ঐ দরখাস্তকারির জোবানবন্দী লইয়া ও অধিক যে তদারক করা আবশ্যক বোধ করেন তাহা করিয়া হৃদ্বোধমতে জানিতে পান যে আসামী ডিক্রী জারী হইবার বাধা কি বিলম্ব করিবার অভিপ্রায়ে আপনার সম্পত্তি হস্তান্তর কি স্থানান্তর করিতে মনস্থ করিয়াছে আর যদি ফরিয়াদী নিজে কি আপন মোক্তারের দ্বারা এমত বণ্ড লিখিয়া দেয় যে আমার ঐ দাওয়া সমুদয় কি এক অংশ অগ্রাহ্য হইলে ঐ সম্পত্তি ক্রোক হওনেতে যে সকল ক্ষতি হইয়া থাকিবেক তাহার প্রতিকারার্থে যত টাকা উপযুক্ত বোধ হয় তত টাকার জন্যে আমি দায়ী হইব, তবে আদালত উপযুক্ত কর্ম্মকারকের নামে পরওয়ানা জারী করিয়া এই আজ্ঞা করিবেন যে, ঐ ডিক্রীমতে কার্য্য হইবার জন্যে আজ্ঞা হইলে আসামী উক্ত সম্পত্তি কি তাহার যে অংশ প্রচুর বোধ হয় তাহা আদালতের অধীন করিবার নিমিত্তে উপস্থিত করিবেক, এই করারে ঐ পরওয়ানাতে যত টাকা লেখা আছে তত টাকার তাইদে আসামীর স্থানে জামিনী লন।

[If security is not provided, property may be sequestrated.]

52. If such security is not furnished within the time specified in the order, the Court shall direct that the property, debts, or money mentioned in the particulars which accompanied the plaintiff's application, or such portion thereof as shall be sufficient to fulfil the decree, shall be attached, and kept under sequestration until further order.

[Process for taking security and for sequestration may be simultaneous.]

53. The process for requiring security and for attachment and sequestration, when the property shall consist of goods and chattels, or other personal estate and effects, may be issued successively or simultaneously, as the Court shall think proper.

[How the sequestration is to be made.]

54. The attachment and sequestration shall be made, according to the respective natures of the property to be attached and sequestrated, in the manner hereinafter prescribed for the attachment of property in execution of a decree for money.

[Sequestration may be removed when security is furnished.]

55. In all cases of sequestration before judgment, the Court which passed the order for the sequestration shall at any time remove the same, on the defendant's furnishing security as above required, together with security for the costs of the sequestration

[Compensation for needless sequestration.]

56. If on the trial of the suit, it shall be discovered that the sequestration was applied for on insufficient grounds, or if the plaintiff's claim is disallowed, either wholly or in part, the Court shall (unless the defendant shall in preference seek redress by a civil action for damages) award against the plaintiff in its decree the whole of the amount specified in his penalty bond, or such part thereof as it may deem a reasonable compensation to the defendant for the expense or injury occasioned to him by the plaintiff.

[Sequestration not to bar the execution of decrees or injure third parties.]

57. Sequestrations before judgment shall not bar any person holding a decree against the defendant from attaching the property under sequestration, or affect the rights of persons not parties to the suit.

[But person holding the decree is first to attach any other property of the defendant that may be pointed out.]

58. But if the party at whose instance the property was sequestrated points out other property of the defendant unattached, the creditor shall be bound in the first instance to attach and sell such property in execution of his decree, before selling the property under sequestration.

[গবর্ণমেণ্ট গে জট। ১৮৫৭। ৩ আপ্রিল।]

[যদি সেই জামিনী না দেওয়া যায় তবে সম্পত্তি ক্রোক হইতে পারিবেক।]

৫২। যদি ঐ পরওয়ানার লিখিত সময়ের মধ্যে ঐ জামিনী না দেওয়া যায় তবে আদালত এই আজ্ঞা করিবেন যে ফরিয়াদীর দরখাস্তের সঙ্গে যে বৃত্তান্তপত্র থাকে তাহার লিখিত সম্পত্তি কি পাওনা টাকা কি টাকা কি তাহার যে অংশ ঐ ডিক্রীমতে কার্য্য হইবার জন্যে প্রচুর হয় সেই অংশ ক্রোক করা যায় ও অধিক হুকুম না হওয়াপর্য্যন্ত ক্রোক করিয়া রাখা যায়।

[জামিনী লইবার ও সম্পত্তি ক্রোক করিবার পরওয়ানা একই সময়ে হইতে পারিবেক।]

৫৩। সেই সম্পত্তি যদি মাল ও দ্রব্য ও অস্থাবর অন্য বিষয় হয় তবে আদালত যেমন উচিত বোধ করেন তেমনি জামিনী লইবার ও সম্পত্তি ক্রোক করিয়া লইবার ও রাখিবার পরওয়ানা ক্রমশঃ অথবা একই সময়ে জারী হইবেক।

[সম্পত্তির ক্রোক যে প্রকারে হইবেক।]

৫৪। টাকার বাবৎ ডিক্রী জারীক্রমে সম্পত্তি ক্রোক করিবার যে বিধি ইহার পরে লেখা আছে সেই বিধিমতে, যে সম্পত্তি ক্রোক করিয়া লইতে ও রাখিতে হইবেক তাহার ভাবানুসারে ঐ সম্পত্তি ক্রোক করিয়া লওয়া ও রাখা যাইবেক।

[যখন জামিনী দেওয়া যায় তখন ক্রোক উঠাইয়া দেওয়া যাইবেক।]

৫৫। নিষ্পত্তি হইবার পূর্ব্বে যদি সম্পত্তি ক্রোক করা যায় তবে যে আদালতহইতে ক্রোক করিয়া রাখিবার হুকুম হইয়াছিল সেই আদালত, আসামী পূর্ব্বোক্তমতের জামিনী ও ক্রোক করিয়া রাখিবার খরচের জামিনী দিলে কোন সময়ে ক্রোক খালাস করিবেন।

[অনাবশ্যকমতে ক্রোক হইলে তাহার প্রতিকার।]

৫৬। মোকদ্দমার বিচার হইবার সময়ে যদি দৃষ্ট হয় যে ঐ ক্রোক করিবার প্রার্থনা অপ্রচুর হেতুতে হইয়াছিল অথবা যদি ফরিয়াদীর দাওয়ার সমুদয় কি কোন অংশ অগ্রাহ্য হয় তবে আদালত ফরিয়াদীর জামিনী বণ্ডে যত জরীমানা নির্দ্দিষ্ট হইয়াছিল সেই সমুদয় টাকা কিম্বা তাহার দ্বারা আসামীর যত খরচ কি ক্ষতি হইয়া থাকে তাহার প্রতিকারস্বরূপে আদালত যত টাকা উচিত বোধ করেন তত টাকা ফরিয়াদীর দিতে হইবেক আদালত আপন ডিক্রীর মধ্যে এই হুকুম লিখিবেন। কিন্তু আসামী যদি তাহার পরিবর্ত্তে ক্ষতি পূরণের জন্যে দেওয়ানী নালিশ করিতে চাহে তবে সেই হুকুম করিবেন না।

[ক্রোক হওনপ্রযুক্ত ডিক্রী জারী হইবার বাধা কি অপর ব্যক্তির ক্ষতি হইবেক না।]

৫৭। নিষ্পত্তি হইবার পূর্ব্বে সম্পত্তি ক্রোক হওন প্রযুক্ত ঐ আসামীর বিপক্ষে অন্য যে কেহ ডিক্রী পাইয়া থাকে তাহার সেই আটক করিয়া রাখা সম্পত্তি ক্রোক করিবার বাধা হইবেক না কিম্বা যে ব্যক্তিরা ঐ মোকদ্দমার কোন পক্ষ না হয় তাহারদের স্বত্বের হানি হইবেক না।

[কিন্তু আসামীর অন্য যে কিছু সম্পত্তি দেখান যায় তাহা ডিক্রীদার প্রথমে ক্রোক করিবেক।]

৫৮। কিন্তু যে ব্যক্তির প্রার্থনামতে ঐ সম্পত্তি ক্রোক করিয়া রাখা গিয়াছিল সে যদি আসামীর ক্রোক না করা অন্য সম্পত্তি দেখাইয়া দেয় তবে ঐ ক্রোককর। সম্পত্তি বিক্রয় করিবার আগে ঐ ডিক্রীমতের মহাজন আপন ডিক্রী জারী করণার্থে প্রথমে সেই ক্রোক না করা সম্পত্তি ক্রোক করিয়া বিক্রয় করিতে বদ্ধ হইবেক।

[Special case in which plaintiff may be put in immediate possession of land the subject of suit.]

59. Whenever lands paying revenue to Government form the subject of a suit, if the party in possession of such lands shall neglect to pay the Government revenue, and a public sale shall in consequence be ordered to take place, the party not in possession shall, upon payment of the revenue due previously to the sale, (and with or without security at the discretion of the Court), be put in immediate possession of the lands, and shall be entitled to charge the amount so paid, with interest thereupon, at such rate as the Court may order, in any adjustment of accounts which may be directed in the final decree upon the cause.

[ভূমি লইয়া মোকদ্দমা হইলে বিশেষ যে গতিকে ফরিয়াদীকে অযৌগে সেই ভূমির দখল দেওয়া যাইতে পারিবেক।]

৫৯। যখন সদর মালগুজারীর জমী লইয়া মোকদ্দমা হয় তখন যে ব্যক্তি দখীলকার হয় সে যদি সরকারী জমা দিতে ত্রুটি করে ও তৎপ্রযুক্ত নীলাম হইবার হুকুম হয় তবে ঐ মোকদ্দমার যে পক্ষ দখীলকার নহে সে ঐ নীলাম হইবার পূর্ব্বের পাওনা জমা দাখিল করিলে আদালতের বিবেচনামতে জামিনী দিয়া কি না দিয়াও তাহাকে অযৌগে ঐ জমীর দখল দেওয়া যাইবেক। আর মোকদ্দমার চূড়ান্ত ডিক্রীর মধ্যে যে কোন হিসাব চুকাইয়া দিবার আজ্ঞা হইয়া থাকে সেই হিসাবে ঐ ব্যক্তি যে জমার টাকা দিয়াছিল তাহা ও তাহার উপর আদালত যে হিসাবে সুদ ধরিবার আজ্ঞা করেন ঐ সুদও লিখিতে পারিবেক।

Of Injunctions.

[Cases in which an injunction to stay waste may be granted. Or in which a receiver or manager may be appointed.]

60. In any suit in which it shall be shown to the satisfaction of the Court, that any property which is in dispute in the cause is in danger of being wasted or damaged by any party to the suit, it shall be lawful to the Court to issue its injunction to such party, commanding him to refrain from doing the particular act or acts complained of, or to give such other orders for the purpose of staying and preventing him from wasting or damaging the property, as to the Court may seem meet. And in all cases in which it may appear to the Court to be necessary for the preservation or the better management or custody of any property which is in dispute in a cause, it shall be lawful to the Court to appoint a receiver or manager of such property, and if need be to remove the person or persons in whose possession or custody the property may be from the possession or custody thereof, and to commit the same to the custody of such receiver or manager, and to grant to such receiver or manager all such powers for the management or the preservation and improvement of the property, and the collection of the rents and profits thereof, and the application and disposal of such rents and profits, as to the Court may seem proper.

নিষেধ আজ্ঞা।

[যে স্থলে অপচয় নিবারণার্থে নিষেধ আজ্ঞা হইতে পারে কিম্বা রক্ষক কি সরবরাহকার নিযুক্ত হইতে পারে।]

৬০। কোন মোকদ্দমায় যে সম্পত্তি লইয়া বিবাদ হয় তাহার ঐ মোকদ্দমার কোন পক্ষের দ্বারা অপচয় কি ক্ষতি হইবার আশঙ্কা হয় এই কথা যদি আদালতের হৃদ্বোধমতে প্রকাশ হয় তবে আদালত ঐ পক্ষের উপর এই নিষেধ আজ্ঞা করিতে পারিবেন যে, বিশেষ যে কার্য্যের কি যে২ কার্য্যের উপর নালিশ হইয়াছে তাহা করিতে ক্ষান্ত হয়। কিম্বা তাহার দ্বারা সম্পত্তির অপচয় কি ক্ষতি রহিত ও নিবারণ হইবার জন্যে আদালত অন্য যে হুকুম উচিত বোধ করেন তাহা করিবেন। আর মোকদ্দমায় যে সম্পত্তি লইয়া বিবাদ হয় তাহা রক্ষা করিবার কি তাহার কার্য্য আরো উত্তমরূপে করিবার কি নেগাহবানী করিবার জন্যে যদি আদালত আবশ্যক বোধ করেন তবে ঐ সম্পত্তির রক্ষক কি সরবরাহকার এক জনকে সর্ব্বদা নিযুক্ত করিতে পারিবেন। আর যদি প্রয়োজন হয় তবে ঐ সম্পত্তি যে ব্যক্তি কি ব্যক্তিরদের দখলে কি নেগাহবানীতে থাকে তাহারদের দখল কি নেগাহবানীহইতে লইয়া ঐ রক্ষকের কি সরবরাহকারের জিম্মায় ঐ সম্পত্তি রাখিতে পারিবেন ও সেই২ সম্পত্তির কার্য্য চালাইবার জন্যে কিম্বা তাহা রক্ষা করিবার কি আরো উত্তম করিবার জন্যে ও তাহার খাজানা ও উপস্বত্ব আদায় করিবার জন্যে ও সেই খাজানা ও উপস্বত্ব ব্যয়াদি করিবার জন্যে আদালত যে সকল ক্ষমতা উচিত বোধ করেন তাহা ঐ রক্ষককে কি সরবরাহকারকে দিতে পারিবেন।

[Special rule in actions for injunctions.]

61. In any suit for restraining the defendant from the committal of any breach of contract or other injury, and whether the same be accompanied with any claim for damages or not, it shall be lawful for the plaintiff at any time after the commencement of the suit, and whether before or after judgment, to apply *ex parte* to the Court for an injunction to restrain the defendant from the repetition, or the continuance of the wrongful act or breach of contract complained of, or the committal of any breach of contract or injury of a like kind arising out of the same contract or relating to the same property or right; and such injunction

[নিষেধ আজ্ঞার জন্যে নালিশ হইলে বিশেষ বিধি।]

৬১। আসামীর কোন চুক্তি ভঙ্গ কিম্বা অন্য ক্ষতি নিবারণের জন্যে কোন মোকদ্দমায় খেসারতের কোন দাওয়া হউক কি না হউক, ফরিয়াদী মোকদ্দমার আরম্ভ হইবার পর কোন সময়ে ও ডিক্রী হইবার পূর্ব্বে কি পরে আদালতে একতরফা দরখাস্ত করিতে পারিবেক যে, অন্যায্য যে কার্য্য কি চুক্তি ভঙ্গের বিষয়ে নালিশ হইতেছে তাহা পুনরায় না হয় কিম্বা না হইতেই থাকে কিম্বা কোন চুক্তিভঙ্গ না হয় কি সেই চুক্তিহইতে উৎপন্ন কি সেই সম্পত্তি কি স্বত্বসম্পর্কীয় সেই প্রকারের ক্ষতি না হয় এমত নিষেধ করেন। আর সেই আদালত ঐ নিষেধ যত কাল বলবৎ থাকিবেক তদ্বিষয়ে কিম্বা হিসাব রাখিবার কি জামিনী দেওনপ্রভৃতির বিষয়ে আদালত যে নিয়ম উপযুক্ত ও ন্যায্য বোধ করেন সেই নিয়মানুসারে ঐ

may be granted or denied by the Court on such terms as to the duration of the injunction, keeping an account, giving security, or otherwise, as to such Court shall seem reasonable and just, and in case of disobedience such injunction may be enforced by imprisonment in the same manner as a decree for specific performance: provided always, that any order for an injunction may be discharged or varied or set aside by the Court, on application made thereto by any party dissatisfied with such order.

Of Withdrawing Suits.

[How the Plaintiff may withdraw from a suit.]

62. If the Plaintiff be desirous of withdrawing from the cause, he may give notice thereof to the clerk or proper officer in person, or by his vakeel, and to the defendant by pre-paid registered post letter; after the receipt of which by the defendant he shall not be entitled to any further costs than those incurred up to its receipt, unless the Judge shall otherwise order; and proof that the letter was duly posted shall be sufficient proof of the receipt thereof by the defendant, in the absence of evidence to the contrary.

[Effects of withdrawal.]

63. If the notice be given to the officer at any time before the day mentioned in the summons, for the appearance of the defendant, the plaintiff shall be at liberty to bring a fresh suit for the same matter, unless precluded by the rules for the limitation of actions. If the notice be given on or subsequent to such day, the plaintiff shall be precluded from bringing a fresh suit for the same matter, unless he shall have previously obtained the consent of the defendant, or the permission of the Judge to withdraw the suit. It shall be competent to the Judge at any time before final judgment to grant such permission on what may appear to him sufficient grounds for so doing, and on such terms as to costs or otherwise as he may deem proper.

[To be continued.]

নিষেধ করিতে পারিবেন কিম্বা অস্বীকার করিতে পারিবেন। এ সেই নিষেধ যদি অমান্য হয় তবে বিশেষ কার্য্য করিবার মধ্যে ডিক্রী হইলে যেপ্রকারে হয় সেই প্রকারেতে আসামীকে কয়েদ করিয়া ঐ নিষেধ প্রবল করা যাইতে পারিবেক। পরন্তু ইহাতে সর্ব্বদাই জানিতে হইবেক যে ঐ হুকুমেতে যদি কোন পক্ষ অসন্তুষ্ট হয় তবে সেই পক্ষ দরখাস্ত করিলে আদালত কোন নিষেধ রহিত কি পরিবর্ত্ত কি বাতিল করিতে পারিবেন

মোকদ্দমা উঠাইয়া দেওন।

[ফরিয়াদী যে প্রকারে মোকদ্দমার দস্তবরদার হইতে পারে।]

৬২। যদি ফরিয়াদী মোকদ্দমার দস্তবরদার হইতে চাহে তবে সে আপনি কি আপন উকীলের দ্বারা ক্লার্ককে কি উপযুক্ত কর্ম্মকারককে, ও মাসুল দেওয়া রেজিষ্টরী-করা ডাকের পত্রের দ্বারা আসামীকে সেই কথার সম্বাদ দিবেক। আসামী সেই পত্র পাইলে পর তাহার যে সকল খরচ পূর্ব্বে লাগিয়াছিল তাহার অধিক কোন খরচ ফিরিয়া পাইতে পারিবেক না, কিন্তু যদি বিচারকর্ত্তা অন্যরূপ হুকুম করেন তবে পাইবেক। আর আসামী সেই পত্র পায় নাই ইহার প্রমাণ যদি না থাকে তবে ঐ পত্র উপযুক্তমতে ডাকে দেওয়া গিয়াছে ইহার প্রমাণ আসামীর ঐ পত্র পাইবার উপযুক্ত প্রমাণ হইবেক।

[দস্তবরদারীর ফল।]

৬৩। আসামীর হাজির হইবার নিমিত্তে যে দিন সমনে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার পূর্ব্বের কোন সময়ে যদি ঐ সম্বাদ কর্ম্মকারককে দেওয়া যায় তবে ফরিয়াদীর সেই বিষয় লইয়া নূতন মোকদ্দমা উপস্থিত করিবার ক্ষমতা থাকিবেক। কিন্তু যদি নালিশ করিবার মিয়াদের বিধিক্রমে বাধা হয় তবে করিতে পারিবেক না। ঐ সম্বাদ যদি সেই দিনে কি তাহার পরে দেওয়া যায় তবে ফরিয়াদী ঐ মোকদ্দমা উঠাইয়া লইতে প্রথমে আসামীর অনুমতি না পাইলে কিম্বা জজ সাহেবের অনুমতি না পাইলে সেই বিষয় লইয়া নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক না। চূড়ান্ত হুকুম হইবার পূর্ব্বে কোন সময়ে বিচারকর্ত্তা যেং হেতু প্রচুর বোধ করেন সেইং হেতুতে ও খরচাপ্রভৃতির বিষয়ে যে নিয়ম উচিত বোধ করেন সেইং নিয়মক্রমে ঐ প্রকারের অনুমতি দিতে পারিবেন।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৩ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 7, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ৭ আপ্রিল

DRAFT OF ACT.

THE INDIAN PENAL CODE.

CHAPTER V.

OF PRINCIPALS AND ABETTORS.

[Continued from page 233.]

[Liability of abettor for an effect caused by the act abetted different from that intended by the abettor.]

9 When an act is abetted with the intention on the part of the abettor of causing a particular effect, or with the knowledge that it is likely to cause that effect, and the act being done in consequence of the abetment, causes a different effect from that intended, or known by the abettor to be likely to be caused by the act abetted, the abettor is liable for the effect caused, in the same manner and to the same extent as if he had abetted the act with the intention of causing that effect, or with the knowledge that it was likely to cause that effect, provided the effect caused was a natural and probable consequence of the act abetted.

Illustration.

A instigates B to cause grievous hurt to Z. B, in consequence of the instigation, causes grievous hurt to Z. Z dies in consequence. Here, if death was the probable consequence of the grievous hurt abetted, A is liable to be punished with the punishment provided for murder.

[Abettor liable to cumulative punishment for the effect intended and for the effect caused if separate offences.]

10. If the effect for which the abettor is liable under the last preceding Clause is caused in addition to the effect which the abettor intended to

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।

৫ অধ্যায়।

মুখ্য অপরাধী ও সহায়।

[২৩৩ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[যে ক্রিয়ার সহায়তা করা যায় তাহাতে সহায়ের অভিপ্রায়মতে না হইয়া ভিন্ন প্রকারের ফল হইলে সহায়ের দায়।]

৯। সহায় বিশেষ কোন ফল হইবার অভিপ্রায়ে কিম্বা কোন ক্রিয়া হইলে সেই ফল হইবার সম্ভাবনা জানিয়া সেই ক্রিয়াতে সহায়তা করে। কিন্তু সেই সহায়তা-প্রযুক্ত সেই ক্রিয়া করা গেলে, অভিপ্রায় মতের ফল না হইয়া, কিম্বা যে ক্রিয়ার সহায়তা করা গিয়াছিল তাহাতে যে ফল হইবার সম্ভাবনা সহায় জানিয়াছিল সেই ফল না হইয়া, অন্য ফল হইল। এমত স্থলে যে ফল হইয়াছে তাহা হইবার অভিপ্রায়ে কিম্বা হইবার সম্ভাবনা জানিয়া ঐ ক্রিয়াতে সহায়তা করিলে সেই লোক যে প্রকারে ও যেপর্য্যন্ত দায়ী হইত সেই প্রকারে ও সেইপর্য্যন্ত সেই ফলের জন্যে দায়ী হইবেক। কিন্তু ইহাতে প্রয়োজন যে, যে ক্রিয়ার সহায়তা হইয়াছে ঐ ফল সেই ক্রিয়াতে স্বাভাবিক ও সম্ভাবিত ফল হয়।

উদাহরণ।

কালু যদুকে ভারি আঘাত করিতে গোপালকে প্রবৃত্তি দেয়। গোপাল সেই প্রবৃত্তিপ্রযুক্ত যদুকে ভারি আঘাত করে। তাহাতে যদু মরে। এই স্থলে যদি যদুর মরণ ঐ প্রবৃত্তি দেওয়া ভারি আঘাতের সম্ভাবিত ফল হয় তবে হত্যার যে দণ্ড নির্ণয় হইয়াছে কালু সেই দণ্ডের যোগ্য হয়।

[যে ফল হইবার অভিপ্রায় হয় ও যে ফল নিতান্ত হয় এই দুই যদি ভিন্ন২ অপরাধ হয় তবে সহায় সংযুক্ত দণ্ডের যোগ্য হয়।]

১০। সহায় ইহার পূর্ব্বের প্রকরণমতে যে ফলের জন্যে দায়ী হয় সেই ফলের অধিক যদি সহায়ের অভি-

cause, and the causing of such effects constitutes separate offences, the abettor is liable to cumulative punishment.

[Cumulative punishment when a person, in abetting an offense, commits another offence.]

11. If any person in abetting an offence also commits an offence under any Clause contained in any other Chapter of this Code, the punishment shall be cumulative.

Illustration.

A, by putting B in fear of death, instigates B to commit mischief. Here A is liable both to the punishment provided for abetting B to commit mischief and to the punishment for criminally putting B in fear of death.

[Abetment of an offence punishable with death or transportation for life if the offence be not committed in consequence of the abetment. If an act which causes harm be done in consequence of the abetment.

12. Whoever abets the commission of an offence punishable with death or transportation for life, shall, if that offence be not committed in consequence of the abetment, and no express provision is made by this Code for the punishment of such abetment, be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine; and if any act be done in consequence of the abetment, which causes harm to any person, shall be liable to imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

Illustration.

A instigates B to murder Z. The offence is not committed. If B had murdered Z he would have been subject to the punishment of death or transportation for life. Therefore A is liable to imprisonment for a term which may extend to seven years and also to a fine; and if any harm be done Z in consequence of the abetment, he will be liable to imprisonment for a term which may extend to fourteen years, and to fine.

[Abetment of an offence punishable with imprisonment, if the offence be not committed in consequence of the abetment. If the abettor or the person abetted, be a public servant whose duty it is to prevent the offence.]

13. Whoever abets an offence punishable with imprisonment shall, if that offence be not committed in consequence of the abetment, and no express provision is made by this Code for the punishment of such abetment be punished with imprisonment of any description provided for that offence, for a term which may extend to one-fourth part of the longest term provided for that offence, or with such fine as is provided for that offence, or both; and if the abettor or the person abetted is a public servant, whose duty it is to prevent the commission of such offence, the abettor shall be punished with imprisonment of any description

প্রায়শ্চিত্তের ফলও হয় আর সেই দুই ফল জন্মাইলে ভিন্ন২ অপরাধ হয় তবে সহায় সংযুক্ত দণ্ড পাইতে পারিবেক।

[কোন লোক এক অপরাধের সহায় হইয়া অন্য অপরাধ করিলে সংযুক্ত দণ্ড পাইবেক।]

১১। যদি কোন ব্যক্তি কোন অপরাধের সহায়তা করণেতে এই আইনের অন্য কোন অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধও করে তবে তাহার সংযুক্ত দণ্ড হইবেক।

উদাহরণ।

কালু গোপালকে বধ করিবার ভয় দেখাইয়া তাহাকে কোন অপকার করিতে প্রবৃত্তি দেয়। এই স্থলে অপকার করিতে প্রবৃত্তি দেওযার যে দণ্ড আছে ও অপরাধযুক্ত ভাবে গোপালকে বধ করিবার ভয় দেখাইবার যে দণ্ড আছে কালু সেই দুই দণ্ডের যোগ্য হয়।

[প্রাণদণ্ডের কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ডের অপরাধের প্রবৃত্তি দেওয়া গেলে সেই অপরাধ না হইয়া যে ক্রিয়াতে ক্ষতি হয় তাহা সেই প্রবৃত্তিপ্রযুক্ত হইলে সেই অপরাধের সহায়তার কথা।]

১২। যদি কেহ প্রাণদণ্ডের কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ডের যোগ্য অপরাধে সহায়তা করে ও সেই অপরাধ সেই সহায়তাপ্রযুক্ত না করা যায় ও সেইরূপ সহায়তার দণ্ডের কোন স্পষ্ট বিধি এই আইনেতে না থাকে, তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। আর যাহাতে কোন লোকের ক্ষতি হয় এমত কোন কার্য্য যদি সেই সহায়তাপ্রযুক্ত হয় তবে সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবার ও জরীমানা দিবার যোগ্য হইবেক।

উদাহরণ।

কালু যদুকে বধ করিতে গোপালকে প্রবৃত্তি দেয় কিন্তু সেই অপরাধ করা যায় নাই। গোপাল যদুকে বধ করিলে তাহার প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড হয় অতএব কালু সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ থাকিবার আর জরীমানাও দিবার যোগ্য হইবেক। আর যদি সেই সহায়তাপ্রযুক্ত যদুর কোন ক্ষতি হয় তবে কালু চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ থাকিবার ও জরীমানা দিবার যোগ্য হইবেক।

[যে অপরাধের জন্যে কয়েদের দণ্ড হয় তাহা যদি সহায়তাপ্রযুক্ত না হয় ও অপরাধ যাহার নিবারণ করা উচিত এমত সরকারী কার্য্যকারক সহায় হইলে কি তাহার সহায়তা করা গেলে সেই সহায়তার কথা।]

১৩। যে অপরাধের কয়েদের দণ্ড হয় এমত অপরাধে যদি কেহ সহায়তা করে ও সেই সহায়তাপ্রযুক্ত সেই অপরাধ না করা যায় ও সেইরূপ সহায়তার দণ্ডের কোন স্পষ্ট বিধি এই আইনেতে না থাকে তবে ঐ অপরাধের জন্যে যে কোন প্রকারে কয়েদ হইবার বিধি হয় সেই প্রকারে ও ঐ অপরাধের জন্যে অত্যধিক যত কাল কয়েদ হইবার বিধি হয় তাহার চারি অংশের এক অংশপর্য্যন্ত সেই লোক কয়েদ হইবেক অথবা ঐ অপরাধের নিমিত্তে যত জরীমানার বিধি আছে তাহার তত জরীমানা হইবেক কি ঐ উভয় দণ্ড হইবেক। আর তদ্রূপ অপরাধ যাহার নিবারণ করিতে হয় এমত সরকারী কার্য্যকারক যদি সহায় হয় কিম্বা তাহার সহায়তা করা যায় তবে ঐ অপরাধের জন্যে যে কোন প্রকারে কয়েদ

provided for that offence, for a term which may extend to one-half of the longest term provided for that offence, or with such fine as is provided for the offence, or both.

Illustrations.

(*a*) A offers a bribe to B, a public servant. B refuses to accept the bribe. A is punishable under this Clause.

(*b*) A instigates B to give false evidence. Here, if B does not give false evidence, A has nevertheless committed the offence defined in this Clause, and is punishable accordingly.

(*c*) A, a Police officer, whose duty it is to prevent robbery, abets the commission of robbery. Here, though the robbery be not committed, A is liable to one-half of the longest term of imprisonment provided for that offence, and also to fine.

(*d*) B abets the commission of robbery by A, a Police officer, whose duty it is to prevent that offence. Here, though the robbery be not committed, B is liable to one-half of the longest term of imprisonment provided for the offence of robbery, and also to fine.

[Abetting the commission of an offence by the public or by more than 10 persons.]

14. Whoever abets the commission of an offence, by the public generally, or by any number or class of persons exceeding ten, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or with both.

Illustration.

A affixes in a public place a placard, instigating a sect consisting of more than ten members to meet at a certain time and place, for the purpose of attacking the members of an adverse sect, while engaged in a procession. A has committed the offence defined in this Clause.

[Concealing a design to commit an offence punishable with death or transportation for life—If the offence be committed. If the offence be not committed.]

15. Whoever voluntarily conceals, by any act or illegal omission, the existence of a design to commit an offence punishable with death or transportation for life, or makes any representation which he knows to be false respecting such design, shall, if that offence be committed, be punished with imprisonment of either description for a term which may extend to seven years; or, if the offence be not committed, with imprisonment of either description for a term which may extend to three years: and in either case shall also be liable to fine.

Illustration.

A, knowing that dacoity is about to be committed at B, falsely informs the Magistrate that a dacoity is about to be committed at C, a place in an opposite direction, and thereby misleads the

হইবার বিধি হয় সেই প্রকারে ও ঐ অপরাধের জন্যে অধিক যত কাল কয়েদ হইবার বিধি হয় তাহার অর্দ্ধেক কাল সেই লোক কয়েদ হইবেক অথবা ঐ অপরাধের জন্যে যত জরীমানার বিধি হয় তাহার তত জরীমানা হইবেক কি ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

(ক) গোপাল সরকারী কার্য্যকারক হয়। কালু তাহাকে ঘুষ দিতে চাহে। গোপাল তাহা গ্রহণ করিল না। কালুর দণ্ড এই প্রকরণমতে হইতে পারিবেক।

(খ) কালু গোপালকে মিথ্যা সাক্ষ্য দিতে প্রবৃত্তি দেয়। এই স্থলে যদিও গোপাল মিথ্যা সাক্ষ্য না দেয় তথাপি কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে ও তাহার সেইমতে দণ্ড হইতে পারিবেক।

(গ) কালু পোলীসের এক জন আমলা। ডাকাইতী নিবারণ করা তাহার কর্ত্তব্য। কিন্তু সে ডাকাইতীতে সহায়তা করে। এমন স্থলে ডাকাইতী যদিও না হয় তথাপি ডাকাইতী হইলে অত্যধিক যত কাল কয়েদ হইবার বিধি আছে কালু তাহার অর্দ্ধেক কাল কয়েদ হইতে পারিবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

(ঘ) কালু পোলীসের এক জন আমলা। ডাকাইতী নিবারণ করা তাহার কর্ত্তব্য। কিন্তু সেই অপরাধ করিতে গোপাল তাহার সহায়তা করে। এমন স্থলে যদিও ডাকাইতী না হয় তথাপি ডাকাইতী করিলে অত্যধিক যত কাল কয়েদ হইবার বিধি হয় গোপাল তাহার অর্দ্ধেক কাল কয়েদ হইতে পারিবেক তাহার জরীমানাও হইতে পারিবেক।

[সাধারণ লোকেরদের কি দশ জনের অধিক লোকের দ্বারা কোন অপরাধে সহায়তা করণ।]

১৪। যদি কেহ সর্ব্ব সাধারণ লোকের দ্বারা কিম্বা দশ জনের অধিক কোন সংখ্যার কি কোন প্রকারের লোকের দ্বারা কোন অপরাধে সহায়তা করে তবে সে তিন বৎসর-পর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

কালু কোন প্রকাশ্য স্থানে একখান পত্র লটকাইয়া তাহাতে কোন দলের দশ জনের অধিক লোককে এমত প্রবৃত্তি দেয় যে বিপক্ষ দলের লোকেরা যখন যাত্রা করিবেক তখন তাহারদের উপর চড়াউ হইবার নিমিত্তে তোমরা অমুক সময়ে ও স্থানে একত্র হও। ইহাতে কালু এই প্রকরণের লিখিত অপরাধ করে।

[যে অপরাধের প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড হয় তাহা করিবার অভিপ্রায় গুপ্ত করণ। সেই অপরাধ হইলে কি না হইলে তাহার দণ্ড।]

১৫। যে অপরাধের প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড হয় এমত অপরাধ করিবার অভিপ্রায় থাকার কথা যদি কেহ অকর্ত্তব্য কোন কর্ম্ম করিয়া কিম্বা কর্ত্তব্য কোন কর্ম্ম করিতে বেআইনীমতে ত্রুটি করিয়া ইচ্ছাপূর্ব্বক গুপ্ত রাখে কিম্বা যাহা অসত্য জানে সেই অভিপ্রায়ের এমত কোন কথা কহে তবে সেই অপরাধ করা গেলে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক। কিম্বা সেই অপরাধ না করা গেলে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক। আর উভয় স্থলে তাহার জরীমানাও হইতে পারিবেক।

উদাহরণ।

গোপালনগরে ডাকাইতী হইবেক কালু ইহা জানিয়া মাজিস্ট্রেট সাহেবকে সম্বাদ দেয় যে চাঁদপাড়ায় ডাকাইতী হইবেক। সেই চাঁদপাড়া অন্য দিগে আছে। ইহাতে মাজিস্ট্রেট সাহেবের ভ্রান্তি জন্মাইয়াছে। অভিপ্রায়মতে

Magistrate. The dacoity is committed at B in pursuance of the design. A is punishable under this Clause.

[A public servant concealing a design to commit an offence which it is his duty to prevent—If the offence be committed. If the offence be punishable with death, &c. If the offence be not committed.]

16. Whoever, being a public servant, conceals, by any act or illegal omission, the existence of a design to commit any offence the commission of which it is his duty, as such public servant, to prevent, or makes any representation which he knows to be false respecting such design, shall, if the offence be committed, be punished with imprisonment of any description provided for the offence, for a term which may extend to one-half of the longest term of such imprisonment, or with such fine as is provided for that offence, or with both; or, if the offence be punishable with death or transportation for life, with imprisonment of either description for a term which may extend to ten years; or, if the offence be not committed, shall be punished with imprisonment of any description provided for the offence for a term which may extend to one-fourth part of the longest term of such imprisonment, or with such fine as is provided for the offence, or with both.

Illustration.

A, an officer of police, being legally bound to give information of all designs to commit robbery which may come to his knowledge, and knowing that B designs to commit robbery, omits to give such information. Here A has by an illegal omission concealed the existence of B's design, and is liable to punishment according to the provision of this clause.

[Concealing a design to commit an offence punishable with imprisonment—If the offence be committed. If not committed.]

17. Whoever conceals, by any act or illegal omission, the existence of a design to commit an offence punishable with imprisonment, or makes any representation which he knows to be false respecting such design, shall, if the offence be committed, be punished with imprisonment of the description provided for the offence for a term which may extend to one-fourth, and if the offence be not committed, to one-eighth of the longest term of such imprisonment, or with such fine as is provided for the offence, or with both.

CHAPTER VI.

OF OFFENCES AGAINST THE STATE.

[Waging or attempting to wage war, or abetting the waging of war against the Government.]

1. Whoever, except as hereinafter excepted,

গোপালকর্ত্তৃক ডাকাইতী হইল। কালুর এই প্রকরণমতে দণ্ড হইবেক।

[সরকারী কার্য্যকারকের যে অপরাধ নিবারণ করা উচিত তাহা করিবার অভিপ্রায় গুপ্ত করণ, অর্থাৎ যদি করা যায় কি যদি তাহার জন্যে প্রাণদণ্ডপ্রভৃতি হইতে পারে কি যদি না করা যায়।]

১৬। যে অপরাধ সরকারী কার্য্যকারকের নিবারণ করিতে হয় তাহা করিবার কোন অভিপ্রায় থাকার কথা যদি কেহ সরকারী কার্য্যকারক হইয়া অকর্ত্তব্য কোন কর্ম্ম করিয়া কি কর্ত্তব্য কোন কর্ম্ম করিতে বেআইনীমতে ত্রুটি করিয়া গুপ্ত রাখে কিম্বা সেই অভিপ্রায়ের যাহা অসত্য জানে এমত কোন কথা কহে তবে সেই অপরাধ করা গেলে তাহার নিমিত্তে যে কোন প্রকারে কয়েদ হইবার বিধি হয় সেই প্রকারে ও ঐ কয়েদ অত্যধিক যত কালপর্য্যন্ত হইবার বিধি হয় তাহার অর্দ্ধেকপর্য্যন্ত কোন মিয়াদে সেই লোক কয়েদ হইবেক, কিম্বা ঐ অপরাধের যে জরীমানার বিধি হয় তাহার সেই জরীমানা হইবেক, কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক। অথবা যদি সেই অপরাধের প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড হইতে পারে তবে সেই লোক দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক। কিম্বা যদি সেই অপরাধ না করা যায় তবে সেই অপরাধের যে কোন প্রকারে কয়েদ হইবার বিধি হয় সেই প্রকারে ও ঐ কয়েদ অত্যধিক যত কালপর্য্যন্ত হইবার বিধি হয় তাহার চারি অংশের এক অংশ মিয়াদে সে লোক কয়েদ হইবেক, কিম্বা ঐ অপরাধের জন্যে যে জরীমানার বিধি আছে তাহার সেই জরীমানা হইবেক, কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

কালু পোলীসের আমলা। তাহাতে ডাকাইতী হইবার অভিপ্রায়ের কথা জানিতে পাইলে তাহার সেই কথার সম্বাদ আইনমতে দিতেই হয়। সে জানে যে গোপাল ডাকাইতী করিতে মনস্থ করিয়াছে কিন্তু তাহার সম্বাদ দেয় নাই। এই স্থলে কালু আপন কর্ত্তব্য কর্ম্ম করিতে বেআইনীমতে ত্রুটি করিয়া গোপালের অভিপ্রায় থাকার কথা গুপ্ত রাখিয়াছে। তাহার এই প্রকরণের বিধিমতে দণ্ড হইতে পারিবেক।

[যে অপরাধের কয়েদ হইবার দণ্ড হয় তাহা করিবার অভিপ্রায় গুপ্ত রাখণ অর্থাৎ যদি সেই অপরাধ করা যায় কি যদি না করা যায়।]

১৭। যে অপরাধের জন্যে কয়েদের দণ্ড হইতে পারে তাহা করিবার অভিপ্রায় থাকার কথা যদি কেহ কোন অকর্ত্তব্য কর্ম্ম করিয়া কিম্বা কর্ত্তব্য কর্ম্ম করিতে বেআইনীমতে ত্রুটি করিয়া গুপ্ত রাখে কিম্বা যাহা অসত্য জানে সেই অভিপ্রায়ের এমত কোন কথা ব্যক্ত করে তবে সেই অপরাধ করা গেলে তাহার জন্যে যে প্রকারে কয়েদ হইবার বিধি হয় সেই প্রকারে ও অত্যধিক যত কাল কয়েদ হইবার বিধি হয় তাহার চারি অংশের এক অংশ মিয়াদে কয়েদ হইবেক, ও সেই অপরাধ না করা গেলে ঐ কয়েদ অত্যধিক যত কাল হইবার বিধি হয় তাহার আট অংশের এক অংশ মিয়াদে ঐ লোক কয়েদ হইবেক কিম্বা ঐ অপরাধের জন্যে যত জরীমানার বিধি হয় তাহার তত জরীমানা হইবেক কি ঐ উভয় দণ্ড হইবেক।

---

৬ অধ্যায়।

রাজ্য বিপরীত দোষ।

[গবর্ণমেণ্টের সঙ্গে যুদ্ধ করণ কি যুদ্ধ করিবার উদ্যোগ করণ কি যুদ্ধে সহায়তা করণ।]

১। ইহার পরে যাঁহারা বর্জ্জিত হইয়াছেন তাঁহারা ভিন্ন

wages war against the Queen or the Government of the East India Company, or attempts to wage such war, or abets the waging of such war, shall be punished with death, or transportation for life, or imprisonment of either description for a term not exceeding fourteen years, and shall forfeit all his property.

Exception. A Prince or Subject of a Foreign State by which war is lawfully waged against the Queen or the East India Company, or a subject of a Foreign Prince or State who abets that Prince or State in waging such war, is not within the meaning of this Clause.

Illustrations.

(*a*) A joins an insurrection against the Government of the East India Company. A has committed the offence defined in this Clause.

(*b*) A in India abets an insurrection against the Queen's Government of Ceylon by sending arms to the insurgents. A is guilty of abetting a war against the Queen.

(*c*) A joins an army of a foreign State which has invaded the territories of the East India Company, and serves in that army, not being a subject of that State, or of any other State at war with the Queen or the East India Company. A has committed the offence defined in this Clause.

(*d*) A instigates a native power to make war on the Government of the East India Company, not being a subject of that power. A has committed the offence defined in this Clause.

[Concealing with intent to facilitate a design to wage war.]

2. Whoever by any act, or by any illegal omission, conceals the existence of a design to wage war against the Queen or the Government of the East India Company, intending by such concealment to facilitate, or knowing it to be likely that such concealment will facilitate, the waging of such war, shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Assaulting Governor-General, Governor, &c. with intent to compel or restrain the exercise of any lawful power.

3. Whoever, with the intention of inducing or compelling the Governor General of India, or the Governor of any Presidency, or a Lieutenant Governor, or a Member of the Council of India, or of the Council of any Presidency, to exercise or refrain from exercising in any manner any of the lawful powers of such Governor General, Governor, Lieutenant Governor, or Member of Council, assaults or makes shew of assaulting, or wrongfully restrains, or attempts wrongfully to restrain, or overawes by means of an unlawful assembly, or attempts so to overawe, such Governor General, Governor, Lieutenant Governor, or Member of

যে কেহ শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদুরের গবর্ণমেণ্টের সঙ্গে যুদ্ধ করে কি যুদ্ধ করিতে উদ্যোগ করে কি সেইরূপ যুদ্ধে সহায়তা করে তাহার প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড হইবেক কিম্বা সে চৌদ্দ বৎসরের অনধিক কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার তাবৎ সম্পত্তি জব্দ হইবেক।

বর্জ্জিত ব্যক্তিরা। শ্রীশ্রীমতী মহারাণীর কি কোম্পানি বাহাদুরের সঙ্গে যে ভিন্ন দেশের আইনসিদ্ধমতে যুদ্ধ হয় সেই দেশের রাজা কি প্রজা কিম্বা ভিন্ন দেশের রাজার যে প্রজা কি ভিন্ন দেশের যে প্রজা সেই যুদ্ধ করিতে ঐ রাজার কি দেশের সহায়তা করে সেই প্রজা, এই প্রকরণের অর্থের মধ্যে আইসে না।

উদাহরণ।

(ক) কোম্পানি বাহাদুরের গবর্ণমেণ্টের বিদ্রোহব্যাপারে কালু লিপ্ত হয়। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

(খ) সিংহলদ্বীপে শ্রীশ্রীমতী মহারাণীর গবর্ণমেণ্টের বিদ্রোহব্যাপার হইতেছে। কালু ভারতবর্ষের মধ্যে থাকিয়া ঐ বিদ্রোহিরদের নিকটে অস্ত্রশস্ত্র পাঠাইয়া তাহারদের সহায়তা করে। কালু মহারাণীর সঙ্গে যুদ্ধের সহায়তা করিবার অপরাধী হয়।

(গ) ভিন্ন কোন দেশের সৈন্যেরা কোম্পানি বাহাদুরের দেশে আক্রমণ করে। কালু সেই দেশের প্রজা নহে ও মহারাণীর কি কোম্পানি বাহাদুরের সঙ্গে অন্য যে দেশের যুদ্ধ হইতেছে এমত কোন দেশের প্রজা নহে তথাপি সেই ভিন্ন দেশের সৈন্যদলের সঙ্গে গিয়া মিলে তাহাতে কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

(ঘ) কালু এদেশীয় অন্য রাজার প্রজা না হইয়াও সেই রাজাকে কোম্পানি বাহাদুরের গবর্ণমেণ্টের সঙ্গে যুদ্ধ করিতে প্রবৃত্তি দেয়। তাহাতে কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

[যুদ্ধ করিবার অভিপ্রায়ের সাহায্য করিবার মানসে তাহা গুপ্ত রাখণ।]

২। শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদুরের গবর্ণমেণ্টের সঙ্গে যুদ্ধ করিবার কোন অভিপ্রায় থাকার কথা যদি কোন লোক অকর্ত্তব্য কোন কর্ম্ম করিয়া কিম্বা কর্ত্তব্য কোন কর্ম্ম করিতে বেআইনীমতে ত্রুটি করিয়া সেই যুদ্ধের সাহায্য করিবার অভিপ্রায়ে কিম্বা গুপ্ত রাখিলে সেই যুদ্ধের সাহায্য হইবার সম্ভাবনা জানিয়া তাহা গুপ্ত রাখে, তবে সেই লোক চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[আইনমতের ক্ষমতাক্রমে কোন কার্য্য বলপূর্ব্বক করাইবার কি নিবারণ করিবার অভিপ্রায়ে শ্রীযুত গবরনর জেনরল সাহেব কি শ্রীযুত গবরনর সাহেবপ্রভৃতির উপর চড়াও করণ।]

৩। ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের কিম্বা কোন রাজধানীর শ্রীযুত গবরনর সাহেবের কিম্বা লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কিম্বা ভারতবর্ষের কৌন্সেলের কিম্বা কোন রাজধানীর কৌন্সেলের কোন মেম্বর সাহেবের আইনসিদ্ধ যে ক্ষমতা থাকে সেই ক্ষমতামতে সেই গবরনর জেনরল বাহাদুরের কি গবরনর সাহেবের কি লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কি কৌন্সেলের মেম্বর সাহেবের কোন প্রকারে কোন কার্য্য করিবার কি কোন কার্য্য না করিবার প্রবৃত্তি জন্মাইবার অভিপ্রায়ে কিম্বা সেই কার্য্য বলপূর্ব্বক করাইবার কি নিবারণ করিবার অভিপ্রায়ে যদি কোন লোক সেই গবরনর জেনরল বাহাদুরের কি গবরনর সাহেবের কি লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কি কৌন্সেলের মেম্বর সাহেবের উপর আক্রমণ

Council, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Cumulative punishment.]

4. If any person, by doing any thing whereby he commits an offence under the last preceding Clause, also commits an offence under any other Clause of this Code, the punishment shall be cumulative.

[Attempt to excite disaffection to the established Government.]

5. Whoever attempts to excite, among any class of people who live under the Government established by law in any part of British India, such feelings of disaffection to that Government as are likely to induce them to resist or disobey the lawful authority of that Government, or to abet such resistance or disobedience, shall be punished with banishment from British India for life, or for any term, to which fine may be added; or with simple imprisonment for a term which may extend to three years, to which fine may be added, or with fine.

[Waging war against any Asiatic power in alliance with the East India Company.]

6. Whoever wages war against the Government of any Asiatic power in alliance or at peace with the East India Company, or attempts to wage such war, or abets the waging of such war, shall be punished with banishment from British India for life or for any term, to which fine may be added; or with imprisonment of either description for a term which may extend to seven years to which fine may be added, or with fine.

[Committing depredation on the territories of any power at peace with the East India Company.]

7. Whoever commits depredation, or makes preparations to commit depredation, on the territories of any power in alliance or at peace with the East India Company, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine and to forfeiture of any property used or intended to be used in committing such depredation, or acquired by such depredation.

[Receiving property taken by war or depredation mentioned in Clauses 6 and 7.]

8. Whoever receives any property, knowing the same to have been taken in the prosecution of such war or depredation as is mentioned in Clauses 6 and 7 of this Chapter, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine and to forfeiture of the property so received.

করে কি অতিক্রমণ করিবার ভাব দর্শায় কি উঁহাকে অন্যায়মতে নিবারণ করে কি অন্যায়মতে নিবারণ করিবার উদ্যোগ করে কিম্বা বেআইনীমতের সংগৃহীত লোকের দ্বারা ভয় দর্শায় কি ভয় দর্শাইবার উদ্যোগ করে তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[সংযুক্ত দণ্ড।]

৪। যদি কোন লোক কোন ক্রিয়ার দ্বারা ইহার পূর্ব্বের প্রকরণের অপরাধ করণেতে এই আইনের অন্য কোন প্রকরণের লিখিত অপরাধও করে তবে সেই লোকের সংযুক্ত দণ্ড হইবেক।

[সংস্থাপিত গবর্ণমেণ্টের প্রতি অননুরাগ জন্মাইবার উদ্যোগ।]

৫। ব্রিটনীয় ভারতবর্ষের কোন স্থানে আইনমতে যে গবর্ণমেণ্ট সংস্থাপিত হইয়াছে তাহার অধীন নিবাসি কোন শ্রেণীর লোকের মনে যদি কেহ এমত বৈরক্তিভাব জন্মাইবার উদ্যোগ করে যে তাহাতে ঐ গবর্ণমেণ্টের আইনসিদ্ধ ক্ষমতার বিপক্ষতা করিবার কি তাহা অমান্য করিবার কিম্বা সেই বিপক্ষতা কি অমান্য করিতে সহায়তা করিবার প্রবৃত্তি জন্মিবার সম্ভাবনা হয় তবে সেই লোক যাবজ্জীবন কিম্বা নিরূপিত কালপর্য্যন্ত ব্রিটনীয় ভারতবর্ষহইতে বহিষ্কৃত হইবেক তদ্ভিন্ন তাহার জরীমানাও হইতে পারিবেক। অথবা সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক তদ্ভিন্ন তাহার জরীমানাও হইতে পারিবেক, কিম্বা তাহার জরীমানাই হইবেক।

[কোম্পানি বাহাদুরের সঙ্গে সন্ধিবদ্ধ আশিয়া দেশীয় কোন রাজার সঙ্গে যুদ্ধ।]

৬। আশিয়া দেশীয় যে কোন রাজা কোম্পানি বাহাদুরের সঙ্গে সন্ধিতে বদ্ধ হয় কি শান্তিভাবে থাকে তাহার গবর্ণমেণ্টের সঙ্গে যদি কেহ যুদ্ধ করে কি যুদ্ধ করিবার উদ্যোগ করে কি সেইরূপ যুদ্ধে সহায়তা করে তবে সে যাবজ্জীবন কি কোন নিরূপিত কালপর্য্যন্ত ব্রিটনীয় ভারতবর্ষহইতে বহিষ্কৃত হইবেক তদ্ভিন্ন তাহার জরীমানাও হইতে পারিবেক, কিম্বা সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক তদ্ভিন্ন তাহার জরীমানাও হইতে পারিবেক, অথবা তাহার জরীমানাই হইবেক।

[কোম্পানি বাহাদুরের সঙ্গে শান্তিভাবাপন্ন কোন রাজার দেশ লুটপাট করণ।]

৭। যে কোন রাজা কোম্পানি বাহাদুরের সঙ্গে সন্ধিতে বদ্ধ আছেন কি শান্তিভাবে থাকেন তাঁহার দেশে যদি কেহ লুটপাট করে কি লুট করিবার পূর্ব্বে উদ্যোগ করে তবে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক তদ্ভিন্ন তাহার জরীমানাও হইতে পারিবেক। ও সেই লুট করণেতে যে কিছু সম্পত্তির ব্যবহার হইয়াছিল কি হইবার অভিপ্রায় ছিল তাহা কিম্বা সেইরূপ লুট করিয়া যে কিছু বিষয় পাওয়া গিয়াছে তাহা সকলই জব্দ হইতে পারিবেক।

[৬ ও ৭ প্রকরণের লিখিতমতে যুদ্ধ কি লুট করিয়া যে সম্পত্তি পাওয়া যায় তাহা গ্রহণ করণ।]

৮। এই অধ্যায়ের ৬ ও ৭ প্রকরণে যেরূপ যুদ্ধের কি লুটপাটের কথা আছে তাহা করিয়া সম্পত্তি লওয়া গিয়াছে জানিয়া যদি কেহ সেই সম্পত্তি গ্রহণ করে তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক ও সেই প্রকারের পাওয়া সম্পত্তিও জব্দ হইবেক।

[**Public servant voluntarily allowing prisoner of state or war in his custody to escape.**]

9. Whoever, being a public servant and having the custody of any State Prisoner or Prisoner of War, voluntarily allows such prisoner to escape from any place in which such prisoner is confined, shall be punished with transportation for life, or imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Public servant negligently suffering prisoner of state or war in his custody to escape.]

10. Whoever, being a public servant and having the custody of any State Prisoner or Prisoner of War, negligently suffers such prisoner to escape from any place of confinement in which such prisoner is confined, shall be punished with simple imprisonment for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Aiding escape of, rescuing, or harbouring such prisoner.]

11. Whoever knowingly aids or assists any State Prisoner or Prisoner of War in escaping from lawful custody, or rescues or attempts to rescue any such prisoner, or harbours or conceals any such prisoner who has escaped from lawful custody, or offers or attempts to offer any resistance to the recapture of such prisoner, shall be punished with transportation for life, or with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

Explanation. A State Prisoner or Prisoner of War, who is permitted to be at large on his parole within certain limits in British India, is said to escape from lawful custody if he goes beyond the limits within which he is allowed to be at large.

[রাজ্যবিপরীত অপরাধিকে কি যুদ্ধে ধরা কয়েদীকে সরকারী কার্য্যকারক আপন জিম্মাহইতে জানিয়াশুনিয়া পলাইতে দিলে।]

৯। যদি রাজ্যবিপরীত অপরাধিকে কিম্বা যুদ্ধকালে ধরা কোন ব্যক্তিকে কোন সরকারী কার্য্যকারকের জিম্মায় রাখা যায়, ও সেই লোক যে স্থানে কয়েদ আছে এমত কোন স্থানহইতে যদি সেই কার্য্যকারক ইচ্ছাপূর্ব্বক তাহাকে পলাইতে দেয় তবে সেই কার্য্যকারকের যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড হইবেক কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারের কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[রাজ্যবিপরীত অপরাধিকে কি যুদ্ধে ধরা কয়েদীকে সরকারী কার্য্যকারক আপন জিম্মাহইতে অমনোযোগে পলাইতে দিলে।]

১০। যদি রাজ্যবিপরীত অপরাধিকে কিম্বা যুদ্ধ কালে ধরা কোন ব্যক্তিকে কোন সরকারী কার্য্যকারকের জিম্মায় রাখা যায় ও সেই লোক যে স্থানে কয়েদ আছে এমত কোন স্থানহইতে যদি সেই কার্য্যকারক তাহাকে অমনোযোগেতে পলাইতে দেয় তবে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[সেই কয়েদীর পলায়ন করিতে সাহায্য করিলে কি তাহাকে রক্ষা করিলে কি আশ্রয় দিলে।]

১১। রাজ্যবিপরীত অপরাধির কিম্বা যুদ্ধে ধরা কোন লোকের আইনসিদ্ধমতের কয়েদহইতে পলায়ন করিতে যে কেহ জানিয়াশুনিয়া সাহায্য কি উপকার করে কিম্বা সেইরূপ কোন কয়েদীকে উদ্ধার করে কি উদ্ধার করিবার উদ্যোগ করে কিম্বা সেইরূপ যে কোন কয়েদী আইনসিদ্ধমতের কয়েদহইতে পলায়ন করিয়াছে তাহাকে আশ্রয় দেয় কি লুকায়, কিম্বা সেইরূপ কোন কয়েদীর পুনরায় ধরা যাইবার কোন বাধা করে কি করিবার উদ্যোগ করে তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড হইবেক কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

ব্যাখ্যা। রাজ্যবিপরীত অপরাধির কিম্বা যুদ্ধে ধরা কয়েদী ব্যক্তির প্রতিজ্ঞাতে নির্ভর করিয়া যদি তাহাকে ব্রিটনীয় ভারতবর্ষের অন্তঃপাতি দেশের নিরূপিত সীমার মধ্যে মুক্ত থাকিবার অনুমতি দেওয়া যায় তবে সে যে সীমার মধ্যে মুক্ত হইয়া থাকিবার অনুমতি পায় তাহার বাহিরে গেলে সে আইনসিদ্ধ মতের কয়েদহইতে পলায়ন করে এমত কহা যায়।

CHAPTER VII.

OF OFFENCES RELATING TO THE ARMY AND NAVY.

[Abetting mutiny or attempting to seduce a soldier or sailor from his duty.]

1. Whoever abets the committing of mutiny by an officer, soldier, or sailor, in the Army or Navy of the Queen or of the East India Company, or attempts to seduce any such officer, soldier, or sailor from his allegiance to Her Majesty, or his duty to the East India Company, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[**Abetment of mutiny if mutiny is committed in consequence thereof.**]

2. **Whoever abets the committing of mutiny**

৭ অধ্যায়।

পল্টন ও যুদ্ধ জাহাজসম্পর্কীয় অপরাধ।

[সিপাহীকে কি নাবিককে রাজবিদ্রোহিতা করিবার সহায়তা করণ কি তাহাকে প্রতারণাক্রমে কর্ত্তব্য কর্ম্মহইতে বিমুখ করণ।]

১। যদি কোন লোক মহারাণীর কি কোম্পানি বাহাদুরের পল্টনের কি যুদ্ধ জাহাজের কোন জমাদারকে কি সিপাহীকে কি নাবিককে রাজবিদ্রোহিতা করিতে সহায়তা করে, কিম্বা সেইরূপ কোন জমাদারকে কি সিপাহীকে কি নাবিককে শ্রীশ্রীমতী মহারাণীর নিকটে আপনার বাধ্যতাহইতে কি কোম্পানি বাহাদুরের নিকটে আপনার কর্ত্তব্য কর্ম্মহইতে মন ফিরাইতে উদ্যোগ করে তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারের কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[যদি সেই সহায়তার ফলে বিদ্রোহাচার হয় তবে বিদ্রোহাচারের সহায়তা।]

২। মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদুরের পল্টনের

by an officer, soldier, or sailor, in the Army or Navy of the Queen, or of the East India Company, shall, if mutiny be committed in consequence of that abetment, be punished with transportation for life, or imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Abetment of an assault by a soldier or sailor on his superior officer when in the execution of his office.]

3. Whoever abets an assault by an officer, soldier, or sailor, in the Army or Navy of the Queen, or of the East India Company, on any superior officer being in the execution of his office, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Abetment of such assault, if the assault is committed.]

4. Whoever abets an assault by an officer, soldier, or sailor, in the Army or Navy of the Queen, or of the East India Company, on any superior officer being in the execution of his office, shall, if such assault be committed in consequence of that abetment, be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Abetment of the desertion of a soldier or sailor.]

5. Whoever abets the desertion of any officer, soldier, or sailor, in the Army or Navy of the Queen, or of the East India Company, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or fine, or both.

[Harbouring a deserter.]

6. Whoever, except as hereinafter excepted, knowing or having reason to believe that an officer, soldier, or sailor, in the Army or Navy of the Queen, or of the East India Company, has deserted, harbours such officer, soldier, or sailor, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or fine, or both.

Exception. This provision does not extend to the case in which the harbour is given by a wife to her husband.

[Deserter concealed on board merchant vessel through negligence of Master.]

7. The master or person in charge of a Merchant Vessel on Board of which any deserter from the Army or Navy of the Queen, or of the East India Company, is concealed, shall, though ignorant of such concealment, be liable to a penalty not exceeding five hundred Rupees, if he might have known of such concealment but for some neglect of his duty as such master or person in charge, or but for some want of discipline on board of the vessel.

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৭। ৭ আপ্রিল।]

কি যুদ্ধজাহাজের কোন জমাদারের কি সিপাহীর কি নাবিকের রাজবিদ্রোহিতা করিতে যদি কেহ সহায়তা করে ও সেই সহায়তার ফলে যদি রাজবিদ্রোহ কার্য্য করা যায় তবে সেই লোকের যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড হইবেক কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[উপরিস্থ কার্য্যকারক যে সময়ে আপন পদের কর্ত্তব্য কর্ম্ম করেন সেই সময়ে তাঁহার উপর সিপাহীর কি নাবিকের আক্রমণ করিতে সহায়তা করণ।]

৩। মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদুরের পল্টনের কি যুদ্ধজাহাজের উপরিস্থ কোন কার্য্যকারক আপন পদের কর্ম্ম যে সময়ে নির্ব্বাহ করিতেছেন এমন সময়ে তাঁহার উপর কোন জমাদারের কি সিপাহীর কি নাবিকের আক্রমণ করিতে যে কেহ সহায়তা করে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[সেই আক্রমণ করা গেলে তাহাতে সহায়তা করিবার দণ্ড।]

৪। মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদুরের পল্টনের কি যুদ্ধজাহাজের উপরিস্থ কোন কার্য্যকারক আপন পদের কর্ম্ম যে সময়ে নির্ব্বাহ করিতেছেন এমন সময়ে তাঁহার উপর আক্রমণ করিতে যদি কেহ কোন জমাদারের কি সিপাহীর কি নাবিকের সহায়তা করে ও যদি সেই সহায়তাপ্রযুক্ত ঐ আক্রমণ করা যায় তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[সিপাহীর কি নাবিকের পলায়নে সহায়তা।]

৫। যদি কোন লোক মহারাণীর কি কোম্পানি বাহাদুরের পল্টনের কি যুদ্ধজাহাজের কোন জমাদারের কি সিপাহীর কি নাবিকের পলায়ন করিতে সহায়তা করে তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক অথবা তাহার জরীমানা হইবেক কিম্বা তাহার উভয় দণ্ড হইবেক।

[পলাতককে আশ্রয় দেওন।]

৬। ইহার পরে যে লোক বর্জ্জিত হইয়াছে সেই লোক ছাড়া যে কেহ, মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদুরের পল্টনের কি যুদ্ধজাহাজের জমাদার কি সিপাহী কি নাবিক পলাতক হইয়াছে জানিয়া কি তাহা বিশ্বাস করিবার কারণ পাইয়া, সেই জমাদারকে কি সিপাহীকে কি নাবিককে আশ্রয় দেয় সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবেক কি তাহার জরীমানা হইবেক কি উভয় দণ্ড হইবেক।

বর্জ্জিত কথা। স্ত্রী যদি আপন স্বামিকে আশ্রয় দেয় তবে তাহার উপর এই বিধি খাটে না।

[মালিকের অমনোযোগেতে সওদাগরী জাহাজে পলাতক লুকাইয়া থাকিলে।]

৭। মহারাণীর কি কোম্পানি বাহাদুরের পল্টন কি যুদ্ধজাহাজহইতে পলাতক কোন ব্যক্তি যদি সওদাগরী জাহাজে লুকাইয়া থাকে, তবে ঐ জাহাজের মালিক কিম্বা জাহাজে যাঁহার কর্ত্তৃত্ব থাকে তাঁহার কর্ত্তব্য কর্ম্মের কোন ত্রুটি না হইলে কিম্বা জাহাজে সুধারা রক্ষা করিবার বিধির দোষ না থাকিলে যদি সেই লোকের লুকাইয়া থাকিবার কথা জানিতে পারিতেন, তবে ঐ লোকের লুকিয়া থাকিবার কিছু কথা না জানিলেও তাঁহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক।

[Abetment of act of insubordination by a soldier or sailor.]

8. Whoever abets what he knows to be an act of insubordination by an officer, soldier, or sailor, in the Army or Navy of the Queen, or of the East India Company, shall, if such act of insubordination be committed in consequence of that abetment, be punished with imprisonment of either description for a term which may extend to six months, or fine, or both.

[সিপাহীর কি নাবিকের অবাধ্য ভাবের কোন ক্রিয়াতে সহায়তা করণ।]

৮। মহারাণীর কি কোম্পানি বাহাদুরের পল্টনের কি যুদ্ধজাহাজের কোন হুদ্দাদারের কি সিপাহীর কি নাবিকের কোন কার্য্য যদি কেহ অবাধ্য ভাবের কার্য্য জানিয়া তাহাতে সহায়তা করে তবে অবাধ্য ভাবের ঐ কার্য্য সেই সহায়তাপ্রযুক্ত করা গেলে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারের কয়েদ হইবেক কি তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Persons subject to Articles of War not punishable under this Code.]

9. No person, subject to the Articles of War for the Army or Navy of the Queen, or of the East India Company, is subject to punishment under this Code for any of the offences defined in this Chapter.

[যাহারা যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন হয় তাহারদের এই আইনমতে দণ্ড হইবেক না।]

৯। মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদুরের পল্টনের কি যুদ্ধজাহাজের জন্যে যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন যে লোক হয় সে এই অধ্যায়ের লিখিত কোন অপরাধ করিলে এই আইনমতে দণ্ড পাইবেক না।

[Wearing the dress of a soldier.]

10. Whoever, not being a soldier in the Military or Naval service of the Queen, or of the East India Company, wears any garb or carries any token resembling any garb or token used by such a soldier, with the intention that it may be believed that he is such a soldier, shall be punished with imprisonment of either description for a term which may extend to three months, or fine which may extend to five hundred Rupees, or both.*

[সিপাহীর পোশাক পরণ।]

১০। মহারাণীর কি কোম্পানি বাহাদুরের পল্টনের কি যুদ্ধজাহাজের কর্ম্মে নিযুক্ত সিপাহী না হইয়াও আপনি সেইরূপ সিপাহী আছে এই বিশ্বাস জন্মাইবার অভিপ্রায়ে যদি কোন লোক ঐ সিপাহীর ব্যবহার্য্য কোন পোশাকের কি নিশানির মত কোন পোশাক কি নিশানি পরে কি ধরে তবে সে তিন মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক কি উভয় দণ্ড হইবেক।*

CHAPTER VIII.
OF OFFENCES AGAINST THE PUBLIC TRANQUILITY.

[Unlawful assembly.]

1. An assembly of five or more persons is designated as an "unlawful assembly," if the common object of the persons composing that assembly, is—

First. To overawe the Legislative or Executive Government of India, or the Government of any Presidency, or any Lieutenant Governor, or any Public Servant in the exercise of the lawful power of such Public Servant; or

Second. To resist the execution of any law, or of any legal process; or

Third. To commit any mischief or criminal trespass, or other offence; or

Fourth. By means of force or shew of force to any person, to take or obtain possession of any property, or to deprive any person of the enjoyment of a right of way, or of the use of water or other incorporeal right of which he is in possession or enjoyment, or to enforce any right or supposed right: or

Fifth. By means of force or resistance, or shew of force, to compel any person to do what he is

৮ অধ্যায়।
সাধারণ লোকেরদের শান্তিভঞ্জন অপরাধ।

[বেআইনীমতের জমায়ত।]

১। পাঁচ কি তাহার অধিক জন জমায়ত হইলে যদি সেই জমায়তের লোকেরদের সাধারণমতে নীচের লিখিত কোন অভিপ্রায় থাকে তবে তাহা "বেআইনীমতের জমায়ত" বলা যায়। বিশেষতঃ

প্রথম। ভারতবর্ষের ব্যবস্থাপক কি কর্তৃত্ব কর্ম নির্ব্বাহক গবর্ণমেণ্টের কি কোন রাজধানীর গবর্ণমেণ্টের কি কোন লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কি সরকারী কোন কার্য্যকারকের আইনসিদ্ধ ক্ষমতামতে কার্য্য করণ কালে তাঁহাকে ভয় দর্শাইবার অভিপ্রায়। কিম্বা

দ্বিতীয়। কোন আইনমতে কর্ম্ম হইবার কি আইনমতের কোন পরওয়ানা জারী হইবার বাধা করিবার অভিপ্রায়। কিম্বা

তৃতীয়। কোন ক্ষতি কি অপরাধঘটিত প্রবেশ করণের কি অন্য অপরাধ করণের অভিপ্রায়। কিম্বা

চতুর্থ। কোন ব্যক্তির উপর জোর করিয়া কি জোরের ভাব প্রকাশ করিয়া কোন সম্পত্তি লইবার কি অধিকার করিবার কিম্বা কোন লোকের পথের স্বত্ব ভোগ কিম্বা জলের ব্যবহার কিম্বা অন্য যে স্থাবর বস্তুতে কোন লোকের স্বত্ব আছে কি কোন লোক ভোগ করে তাহা হরণ করিবার, কিম্বা কোন স্বত্ব কি আনুমানিক স্বত্ব বলপূর্ব্বক গ্রহণ করিবার অভিপ্রায়। কিম্বা

পঞ্চম। বল কি বাধা করিয়া কি বলের ভাব প্রকাশ করিয়া, কোন লোক আইনমতে যে কর্ম্ম করিতে বদ্ধ নহে তাহার সেই কর্ম্ম করাইবার, কিম্বা আইনমতে তাহার

* The offence of purchasing, &c., arms, ammunition, cloth, Military accoutrements, forage, &c., from a soldier, is punishable by the Mutiny Act.

* সিপাহীর স্থানে অস্ত্র বারুদ কাপড় সিপাহীর সাজ রসদপ্রভৃতি খরীদপ্রভৃতি করিলে রাজবিদ্রোহিতার আইনমতে তাহার দণ্ড হয়।

not legally bound to do, or to omit to do what he is legally entitled to do.

যে কর্ম্ম করিবার বদ্ধ থাকে তাহা তাহাকে করিতে না দিবার অভিপ্রায়

Explanation.—An assembly which was not unlawful when it assembled, may subsequently become an unlawful assembly.

ব্যাখ্যা। জমায়ত্ত যে সময়ে হইয়াছিল সেই সময়ে বেআইনীমতের জমায়ত্ত না হইলেও পরে বেআইনীমতের জমায়ত্ত হইতে পারে।*

[Being a member of an unlawful assembly.]

[বেআইনীমতের জমায়তের এক জন হওন।]

2. Whoever, being aware of facts which render any assembly an unlawful assembly, intentionally joins that assembly, or continues in it, is said to be a member of an unlawful assembly.

২। যে কার্য্যের দ্বারা কোন জমায়ত্ত বেআইনীমতের জমায়ত্ত হয় তাহা জানিয়াও যে কেহ জানিয়াশুনিয়া সেই জমায়তের সঙ্গে মিলে কি তাহারদের মধ্যে থাকে সেই লোককে বেআইনীমতের জমায়তের এক লোক বলা যায়।

[Punishment.]

[দণ্ড।]

3. Whoever is a member of an unlawful assembly, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine, or with both.

৩। বেআইনীমতের জমায়তের এক লোক যে কেহ হয় সে ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা হইবেক কি উভয় দণ্ড হইবেক।

[Joining an unlawful assembly armed with any deadly weapon.]

[প্রাণনাশক কোন অস্ত্র লইয়া বেআইনীমতের জমায়তের সঙ্গে মিলিলে।]

4. Whoever, being armed with any deadly weapon, or with any thing which, used as a weapon of offence, is likely to cause death, is a member of an unlawful assembly, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

৪। প্রাণনাশক কোন অস্ত্র লইয়া কিম্বা যে কোন বস্তুতে আঘাত করিলে প্রাণনাশের সম্ভাবনা হয় এমত কোন বস্তু লইয়া যে কেহ বেআইনীমতের জমায়তের এক জন হয় সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা হইবেক কি উভয় দণ্ড হইবেক।

[Joining or continuing in an unlawful assembly knowing that it has been commanded to disperse.]

[বেআইনীমতের জমায়তের পৃথক্ হইয়া চলিয়া যাইবার আজ্ঞা হইয়াছে জানিয়া সেই জমায়তের সঙ্গে মিলিলে কি তাহাতে থাকিলে।]

5. Whoever joins or continues in an unlawful assembly, knowing that such unlawful assembly has been commanded in the manner prescribed by law to disperse, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

৫। আইনে যেরূপে আজ্ঞা হইয়াছে সেইরূপে বেআইনীমতের জমায়তকে পৃথক হইয়া চলিয়া যাইবার হুকুম হইয়াছে ইহা জানিয়াও যে কেহ সেইরূপ বেআইনীমতের জমায়তের সঙ্গে মিলে কি তাহারি মধ্যে থাকে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা হইবেক কি উভয় দণ্ড হইবেক।

[Force used by one member in prosecution of common object.]

[সাধারণের অভিপ্রায় সিদ্ধ করিবার জন্যে এক জনের বল প্রকাশ করণ।]

6. Whenever force or violence is used by an unlawful assembly, or by any member thereof, in prosecution of the common object of such assembly, every member of such assembly is guilty of the offence of rioting.

৬। যখন বেআইনীমতের জমায়তের লোকেরা জোর কি জবরদস্তী করিয়া কর্ম্ম করে কিম্বা তাহারদের কোন এক জন ঐ জমায়তের সাধারণ অভিপ্রায় সফল করিবার জন্যে তদ্রূপে কর্ম্ম করে তখন সেই জমায়তের প্রত্যেক জন হাঙ্গামা করিবার অপরাধী হয়।

[Punishment for rioting.]

[হাঙ্গামা করিবার দণ্ড।]

7. Whoever is guilty of rioting, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

৭ যে কেহ হাঙ্গামা করিবার অপরাধী হয় সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা হইবেক কি উভয় দণ্ড হইবেক।

[Rioting, armed with a deadly weapon.]

[প্রাণনাশক অস্ত্র লইয়া হাঙ্গামা করণ।]

8. Whoever is guilty of rioting, being armed with a deadly weapon, or with any thing which used as a weapon of offence, is likely to cause death, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or with both.

৮। যে কেহ প্রাণনাশক কোন অস্ত্র লইয়া, কিম্বা যে কোন বস্তুতে আঘাত করিলে প্রাণনাশের সম্ভাবনা হয় এমত কোন বস্তু লইয়া, হাঙ্গামা করিবার অপরাধী হয় সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক অথবা তাহার জরীমানা হইবেক কি উভয় দণ্ড হইবেক।

[Cumulative punishment.]

[সংযুক্ত দণ্ড।]

9. If any person, whilst a member of an unlawful assembly or committing the offence of rioting, commits an offence under any Clause contained in any other Chapter of this Code, the punishment shall be cumulative.

৯। যদি কোন ব্যক্তি বেআইনীমতের জমায়তের লোক থাকন সময়ে কি হাঙ্গামার অপরাধ করণ সময়ে এই আইনের অন্য কোন অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধ করে তবে তাহার সংযুক্ত দণ্ড হইবেক।

[Every member of an unlawful assembly to be

[সাধারণ অভিপ্রায় সফল করিবার জন্যে যে অপরাধ

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৫৭। ৭ আপ্রিল।]

deemed guilty of offence committed in prosecution of common object.]

10. If an offence is committed by any member of an unlawful assembly in prosecution of the common object of that assembly, or such as the members of that assembly knew to be likely to be committed in prosecution of that object, every person who, at the time of the committing of that offence, is a member of the same assembly, is guilty of that offence.

[Knowingly joining or continuing in any assembly of five or more persons after it has been commanded to disperse.]

11. Whoever knowingly joins or continues in any assembly of five or more persons likely to cause a disturbance of the public peace, after such assembly has been lawfully commanded to disperse, shall be punished with simple imprisonment for a term which may extend to six months, or with fine, or with both.

Explanation. If the assembly is an unlawful assembly within the meaning of Clause 1 of this Chapter, the offender will be punishable under Clause 5.

[Assaulting or obstructing public servant when suppressing riot, &c.]

12. Whoever assaults or threatens to assault, or obstructs or attempts to obstruct, any public servant in the discharge of his duty as such public servant, in endeavouring to disperse an unlawful assembly or to suppress a riot or affray, or uses, or threatens, or attempts to use criminal force to such public servant, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or with both.

[Wantonly giving provocation, with intent to cause riot. If rioting be committed. If not committed.]

13. Whoever malignantly or wantonly, by doing any thing which is illegal, gives provocation to any person, intending or knowing it to be likely that such provocation will cause the offence of rioting to be committed, shall, if the offence of rioting be committed in consequence of such provocation, be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or with both; and if the offence of rioting be not committed, with imprisonment of either description for a term which may extend to six months, or with fine, or with both.

[Owner or occupier of land to give information of riot.]

14. Whenever an unlawful assembly or riot takes place, the owner or occupier of the land upon which such unlawful assembly is held or such riot is committed, shall be punishable with fine not exceeding one thousand rupees, if he or his agents or servants, knowing of such assembly or riot, or having reason to believe that it is about to

করা যায় বেআইনীমতের জমায়তের প্রত্যেক জন সেই অপরাধের দোষী জ্ঞান হইবেক।]

১০। যদি বেআইনীমতের জমায়তের কোন লোক সেই জমায়তের সাধারণ অভিপ্রায় সফল করিবার জন্যে কোন অপরাধ করে কিম্বা ঐ জমায়তের লোকেরদের জ্ঞানমতে ঐ অভিপ্রায় সফল হইবার জন্যে যে অপরাধ হইবার সম্ভাবনা এমত অপরাধ করে তবে সেই অপরাধ করিবার সময়ে যে সকল লোক ঐ জমায়তের লোক ছিল তাহারদের এক২ জন সেই অপরাধের দোষী হয়।

[পাঁচ কি তাহার অধিক জনের জমায়তকে পৃথক্২ হইয়া চলিয়া যাইবার আজ্ঞা হইলে পর জানিয়াশুনিয়া সেই জমায়তের সঙ্গে মিলিলে কি তাহাতে থাকিলে।]

১১। পাঁচ কি ততোধিক জনের যে জমায়তের দ্বারা সাধারণ লোকেরদের শান্তিভঙ্গের সম্ভাবনা হয় সেই জমায়তের লোকদিগকে পৃথক্২ হইয়া চলিয়া যাইবার আজ্ঞা আইনমতে করা গেলে পর যে কেহ জানিয়াশুনিয়া তাহাতে মিলে কি তাহার মধ্যে থাকে সেই জন ছয় মাস পর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা হইবেক কি উভয় দণ্ড হইবেক।

ব্যাখ্যা। যদি সেই জমায়ত এই অধ্যায়ের ১ প্রকরণের অর্থের মধ্যের বেআইনীমতের জমায়ত হয় তবে অপরাধির ৫ প্রকরণক্রমে দণ্ড হইবেক।

[সরকারী কার্য্যকারক যখন হুজ্জৎপ্রভৃতি রহিত করেন তখন তাঁহার উপর আক্রমণ করিলে কি তাঁহাকে বাধা দিলে।]

১২। কোন সরকারী কার্য্যকারক আপন পদের কর্ম্ম সরকারী কার্য্যকারকস্বরূপ নির্ব্বাহ করত যে সময়ে বেআইনীমতের জমায়ত পৃথক্ করিবার কি হুজ্জৎ কি দাঙ্গা রহিত করিবার উদ্যোগ করিতেছেন সেই সময়ে যে কেহ তাঁহার উপর আক্রমণ করে কি আক্রমণ করিবার ভয় দেখায় কি তাঁহাকে বাধা দেয় কি বাধা দিবার উদ্যোগ করে কিম্বা সেই সরকারী কার্য্যকারকের উপর অপরাধঘটিত বল প্রকাশ করে কি প্রকাশ করিবার ভয় দর্শায় কি প্রকাশ করিবার উদ্যোগ করে সে লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা হইবেক কি উভয় দণ্ড হইবেক।

[হুজ্জৎ করাইবার অভিপ্রায়ে অকারণে রাগ জন্মাইলে যদি হুজ্জৎ হয়। কি যদি হুজ্জৎ না হয়।]

১৩। যদি কোন লোক ঈর্ষা করিয়া কি অকারণে বেআইনী কোন ক্রিয়া করণদ্বারা কোন ব্যক্তির রাগ জন্মায় আর তাহার এমত অভিপ্রায় কি জ্ঞান থাকে যে সেইরূপ রাগ জন্মাইলে হুজ্জৎ মার অপরাধ হয় কি হইবার সম্ভাবনা হয় তবে সেইরূপ রাগ জন্মাওনপ্রযুক্ত হুজ্জতের অপরাধ হইলে সেই লোক এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা হইবেক কি উভয় দণ্ড হইবেক। আর সেই হুজ্জতের অপরাধ না হইলে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[জমীর স্বামী কি দখীলকার হুজ্জতের সম্বাদ দিবেক।]

১৪। যখন বেআইনীমতের জমায়ত কি হুজ্জৎ হয় তখন যে জমীতে ঐ বেআইনীমতের জমায়ত কি ঐ হুজ্জৎ হয় তাহার স্বামী কি দখীলকার কি তাহার মোক্তারেরা কি চাকরেরা যদি সেই জমায়ত কি হুজ্জৎ হইবার কথা জানিয়াও কিম্বা হইবেক এমত জ্ঞান করিবার কারণ পাইয়াও, সেই জমায়ত কি হুজ্জৎ হইবার, কি তাহা হইবেক এই কথার, সম্বাদ আপনার কি আপনারদের সাধ্যমতে

take place, do not give to the Principal Officer of the nearest Police station the earliest notice in his or their power of such assembly or riot, or of its being about to take place, and do not use all lawful means in his or their power to prevent such riot or assembly from taking place, or for dispersing or suppressing it.

[Punishment of persons on whose behalf a riot takes place.]

15. Whenever a riot is committed for the benefit or on behalf of any person who is the owner or occupier of the land upon which such riot takes place, or who claims any interest in the subject of any dispute which gave rise to the riot, or who has accepted or derived any benefit therefrom, such person shall be punishable with fine, unless he satisfy the Court that neither he nor his agents or servants had reason to believe either that the riot was likely to be committed or that the unlawful assembly by which it was committed was likely to be held, or that he or his servants or agents gave to the principal Officer of the nearest Police station the earliest notice in his or their power of such riot or unlawful assembly, or of its being about to take place, and used all lawful means in his or their power to prevent such unlawful assembly or riot and for dispersing or suppressing it.

[Hiring persons to take part in an unlawful assembly. Or to go armed.]

16. Whoever hires or engages, or offers or attempts to hire or engage, any person to do or assist in doing any of the acts specified in Clause 1 of this Chapter shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine, or with both; and whoever hires or engages, or offers or attempts to hire, any person to go armed with any deadly weapon, or with any thing which used as a weapon of offence is likely to cause death, for the purpose of doing or assisting in doing any such act, or knowing it to be likely that the person so hired or any person assisting him will go so armed or use such weapon in doing or assisting in doing such act, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[Being hired to take part in an unlawful assembly or riot. Or to go armed.]

17. Whoever is engaged or hired, or offers or attempts to be hired or engaged, to do or assist in doing any of the acts specified in Clause 1 of this Chapter, shall be punished with imprisonment of either description for a term which may extend

শীঘ্র করিয়া পোলীসের অতিনিকট থানার প্রধান কার্য্যকারককে না দেয় ও আপনার কি আপনারদের সাধ্যমতে সেই হঙ্গামা নিবারণ করিবার কিম্বা সেই জমায়ত না হইবার উপায় কিম্বা লোকদিগকে পৃথক করিবার কি জমায়ত রহিত করিবার আইনসিদ্ধ উপায় না করে তবে সেই স্বামির কি দখীলকারের এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবেক।

[যাহারদের নিমিত্তে হঙ্গামা হয় তাহারদের দণ্ড।]

১৫। হঙ্গামা যে জমীতে করা যায় তাহার স্বামির কি দখীলকারের উপকারের জন্যে কি তাহার পক্ষে, কিম্বা বিবাদের যে বিষয় লইয়া হঙ্গামা হয় তাহাতে যে কেহ কোন সম্পর্কের দাওয়া করে, কিম্বা হঙ্গামাহইতে যে কেহ কিছু উপকার গ্রহণ করিয়াছে কি পাইয়াছে এমত কোন ব্যক্তির উপকারের জন্যে কি তাহার পক্ষে যখন সেইরূপ হঙ্গামা হয় তখন সেই ব্যক্তির জরীমানা হইবেক। পরন্তু ঐ হঙ্গামা যে হইবেক কিম্বা বেআইনীমতের যে জমায়ত দ্বারা হঙ্গামা হইয়াছে সেই জমায়ত যে হবে এই কথা তাহার কি তাহার মোখ্তারেরদের কি চাকরেরদের বিশ্বাস করিবার কোন কারণ ছিল না, কিম্বা ঐ হঙ্গামা কি বেআইনীমতের জমায়ত হইবার, কিম্বা হইবেক এই কথার, সম্বাদ সে কি তাহার চাকরেরা কি মোখ্তারেরা আপনার কি আপনারদের সাধ্যমতে শীঘ্র করিয়া পোলীসের অতিনিকট থানার প্রধান কার্য্যকারককে দিয়াছিল, আর সেই বেআইনীমতের জমায়ত কি হঙ্গামা না হইবার ও লোকদিগকে পৃথক করিবার কি তাহা দমন করিবার আপনার কি আপনারদের সাধ্যের মধ্যে আইনসিদ্ধ সকল উপায়মতে কার্য্য করিয়াছে, এই কথা যদি আদালতের হৃদ্বোধ করাইতে পারে তবে তাহার জরীমানা হইবেক না।

[বেআইনীমতের জমায়তে কোন লোককে কার্য্য করিবার জন্যে কিম্বা অস্ত্র লইয়া বেড়াইবার জন্যে মেহনতানা দিয়া নিযুক্ত করণ।]

১৬। যদি কোন লোক এই অধ্যায়ের ১ প্রকরণের লিখিত কোন কার্য্য করিবার জন্যে কি কোন কার্য্যেতে সাহায্য করিবার জন্যে কোন লোককে মেহনতানা দিয়া রাখে কি নিযুক্ত করে কি মেহনত না দিয়া রাখিবার কি নিযুক্ত করিবার প্রস্তাব কি উদ্যোগ করে তবে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা কি উভয় দণ্ড হইবেক। আর যদি কোন লোক সেই প্রকারের কোন কার্য্য করিবার জন্যে কি সেই প্রকার কোন কার্য্যেতে সাহায্য করিবার জন্যে কোন কাহাকে প্রাণনাশক কোন অস্ত্র লইয়া কিম্বা যে কোন বস্তুতে আঘাত করিলে প্রাণনাশের সম্ভাবনা হয় এমত কোন বস্তু লইয়া বেড়াইবার জন্যে, অথবা যাহাকে মেহনতানা দিয়া রাখা যায় সেই লোক কি তাহার সহকারি কোন লোক সেই প্রকারের অস্ত্র লইয়া বেড়াইবেক কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের কার্য্য করিতে কি তাহা করিবার সাহায্য করিতে সেই অস্ত্র চালাইবেক জানিয়া, কোন লোককে মেহনতানা দিয়া রাখে কি নিযুক্ত করে, কিম্বা মেহনতানা দিয়া রাখিবার প্রস্তাব কি উদ্যোগ করে তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[বেআইনীমতের জমায়তে কি হঙ্গামাতে সাহায্য করিবার জন্যে কি অস্ত্র লইয়া বেড়াইবার জন্যে মেহনতানা লওন।]

১৭। যে কোন লোককে এই অধ্যায়ের ১ প্রকরণের লিখিত কার্য্যের মধ্যে কোন কার্য্য করিতে কি করিবার সাহায্য করিতে নিযুক্ত করা যায় কি মেহনতানা দিয়া রাখা যায় কিম্বা যে কোন লোক সেই কারণে মেহনতানা লইবার কি নিযুক্ত হইবার প্রস্তাব কি উদ্যোগ করে সেই

to six months, or with fine, or with both; and whoever, being so engaged or hired as aforesaid, goes armed, or engages or offers to go armed, with any deadly weapon or with any thing which used as a weapon of offence is likely to cause death, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[Affray.]

18. When two or more persons, by quarrelling or fighting or otherwise conducting themselves in a tumultuous manner in a public place, disturb the public peace, they are said to "commit an affray."

[Punishment for committing affray.]

19. Whoever commits an affray, shall be punished with imprisonment of either description for a term which may extend to one month, or with fine which may extend to one hundred Rupees, or with both.

[To be continued.]

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 9.

From the Secretary to the Board of Revenue, L. P., to the Commissioner of Revenue for the Division of ,

Dated Fort William, the 17th March, 1857.

From the Returns to the Circular Order No. 40, dated 13th December, 1856, the Board learn that the practice respecting the delivery or the tender of copies of Collector's decrees in summary suits to parties against whom the award has been made varies in every division and almost in every District. They are pleased therefore to draw up the following rule on the subject which will be written by hand in blank page 50 of the Summary Suit Series.

Rule XLVIII. One copy of the Collector's decision in a Summary Suit is to be made upon plain paper (whatever be the amount involved in the case) for the purpose of being delivered or tendered to the party against whom the award has been made. This copy is to be presented for signature at the same time with the original decree. If the party or his Mooktear be present, the copy is to be immediately delivered or tendered to the one or the other in open Court, and the fact of such delivery or tender is to be noted on the copy. Should the party or his Mooktear not appear when duly called upon in open Court to take the copy, the fact of his absence is to be noted on it, and it is to be filed with the record of the case. Should the party subsequently apply for the copy, the application may be on plain paper. It will be

[*Government Gazette, 7th April,* 1857.]

লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক। আর যে কেহ পূর্ব্বোক্তমতে নিযুক্ত হইয়া কিম্বা বেতনভাগী দিয়া রাখা গিয়া প্রাণনাশক কোন অস্ত্র লইয়া কিম্বা যে কোন বস্তুতে আঘাত করিলে প্রাণনাশের সম্ভাবনা হয় এমত কোন বস্তু লইয়া বেড়ায় কি বেড়াইতে স্বীকার কি প্রস্তাব করে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[দাঙ্গা।]

১৮। যখন দুই কি ততোধিক লোক কোন প্রকাশ স্থানে ঝকড়া কি লড়াই করিয়া কি অন্য প্রকারে গোলমালিয়ারূপে আচরণ করিয়া সাধারণ লোকেরদের শান্তি ভঞ্জন করে তখন তাহারা "দাঙ্গা করে" এমত বলা যায়।

[দাঙ্গা করিবার দণ্ড।]

১৯। যে কেহ দাঙ্গা করে সে এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক কি উভয় দণ্ড হইবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৯ নম্বর।

অমুকএলাকার রাজস্বের শ্রীযুতকমিসানর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৫৭ সাল ১৭ মার্চ।

১৮৫৬ সালের ১৩ ডিসেম্বর তারিখের ৪০ নম্বরের সরকুলর অর্ডরের উত্তরে যে সকল পত্র পাওয়া গিয়াছে তাহাতে বোর্ডের সাহেবেরা জানিতে পাইয়াছেন যে, সরাসরী মোকদ্দমাতে কালেক্টর সাহেবের ডিক্রী যে পক্ষের বিপরীতে হয় তাহাকে সেই ডিক্রীর নকল দিবার কি দিতে প্রস্তাব করিবার বিষয় ভিন্ন২ এলাকার ও প্রায় ভিন্ন২ জিলাতে ভিন্ন২ রীতি চলন হয়। অতএব তাঁহারা সেই কার্য্যের এই বিধি করিয়াছেন। এই বিধি সরাসরী মোকদ্দমার বিধির যে ৫০ পৃষ্ঠা খালী আছে তাহাতে লিখিতে হইবেক

৪৮ বিধি। সরাসরী মোকদ্দমা যত টাকা লইয়া হউক না কেন তাহাতে কালেক্টর সাহেবের যে নিষ্পত্তি হয় তাহার এক কেতা নকল যাহার বিপক্ষে হুকুম হইয়াছে তাহাকে দিবার কি দিতে প্রস্তাব করিবার জন্যে ইষ্টাম্প না হওয়া কাগজে লিখিতে হইবেক। আসল ডিক্রীতে যে সময়ে দস্তখৎ হয় সেই সময়ে দস্তখৎ হইবার জন্যে ঐ নকলও সম্মুখে অর্পণ করা যাইবেক। যদি সেই পক্ষ কি তাহার মোক্তার উপস্থিত থাকে তবে সেই নকল তাহারদের মধ্যে এক জনকে খোলা কাছারীতে অবিলম্বে দিতে কি দিবার প্রস্তাব করিতে হইবেক আর তাহা দেওয়া গিয়াছে কি দিবার প্রস্তাব হইয়াছে এই কথা সেই নকলে লেখা যাইবেক। সেই নকল লইবার জন্যে সেই পক্ষকে কি তাহার মোক্তারকে খোলা কাছারীতে উচিতমতে তলব করা গেলেও যদি সে হাজির না হয় তবে তাহার হাজির না থাকার কথা সেই নকলে লেখা যাইবেক ও তাহা মোকদ্দমার কাগজপত্রের সঙ্গে নথীর শামিল করা যাইবেক। যদি সেই পক্ষ পরে ঐ নকল পাইতে দরখাস্ত করে তবে সেই দরখাস্ত ইষ্টাম্প না হওয়া কাগজে হইতে পারিবেক। সেই দরখাস্তও মোকদ্দমার কাগজপত্রের শামিল করা যাইবেক ও ডিক্রীর

filed with the case and the date of delivery will be noted on the copy of the decree.

(Signed) E. T. TREVOR,
Secretary.

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No 6.

To the Sessions Judges and Magistrates in the Lower Provinces.

The Court having noticed that some of the Magistrates send no comparative statement, though more than one person be committed by them, while others again send the statement when one person only is committed, direct me to call your attention to Circular Order No. 111, dated the 31st August, 1853; and to request that the instructions contained in its 2nd paragraph may be strictly attended to

2. The Court also request that the Session Judges will carefully see that the statement in question is properly submitted to them and forwarded with referred or appealed cases.

3. The Court take this opportunity to draw your attention to Circular Order No. 187, dated the 25th October, 1844, paragraph 3; it being sometimes very difficult to read the depositions which are now submitted, and much of the Court's time is wasted by the delay caused in their Amlah endeavouring to make out the writing, while from wrong reading serious mistakes might very possibly occur.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 27th February, 1857.

No 7.

To the Magistrates and Joint Magistrates in the Lower Provinces.

The Court are pleased to direct, that the name of the person, who may administer the solemn affirmation used instead of an oath in your own and in those of the Courts subordinate to you, be invariably stated in the heading of each deposition.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 27th February, 1857.

No. 8.

To the Criminal Authorities in the Lower Provinces.

For facility of reference, the Court are pleased to direct, that in column 1, of the Comparative Statement, circulated with Circular Order No. 5, dated 26th May, 1854, a number be affixed against the name of each *witness*, showing on what page of the numbered papers of the nuthee, his evidence is to be found.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 2nd March, 1857.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৭ আপ্রিল।]

নকল যে তারিখে দেওয়া যায় ঐ তারিখ নকলে লেখা যাইবেক।

ই টি ট্রেবর। সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা দেখিয়াছেন যে কোন২ মাজিষ্ট্রেট সাহেব একের অধিক লোককে সোপর্দ্দ করিলেও মিলাইবার কৈফিয়ৎ পাঠাইয়া থাকেন না ও অন্য২ মাজিষ্ট্রেট সাহেব কেবল একি জনকে সোপর্দ্দ করিলেও ঐ কৈফিয়ৎ পাঠাইয়া থাকেন। অতএব ১৮৫৩ সালের ৩১ আগস্ট তারিখের ১১১ নম্বরের সরকুলর অর্ডরের কথায় তোমাকে মনোযোগ করাইতে আজ্ঞা করিয়াছেন ও তাহার ২ দফার লিখিত উপদেশে অতি দৃঢ় মনোযোগ হয় এই আদেশ করেন।

২। আরো সেই কৈফিয়ৎ সেশন জজ সাহেবেরদের নিকটে উচিতমতে অর্পণ করা যায়, ও অর্পণ করা কিম্বা আপীল করা মোকদ্দমার সঙ্গে পাঠান যায়, এই বিষয় সেশন জজ সাহেবদিগকে মনোযোগপূর্ব্বক দেখিতে সদর আদালতের সাহেবেরা আদেশ করেন।

৩। এই সুযোগে সদর আদালতের সাহেবেরা ১৮৪৪ সালের ২৫ অক্টোবর তারিখের ১৮৭ নম্বরের সরকুলর অর্ডরের ৩ দফার কথায় তোমাকে মনোযোগ করাইতেছেন। এক্ষণে যে জোবানবন্দী পাঠান যাইতেছে তাহা পাঠ করা কখন২ অতি কঠিন হয় ও অক্ষর নির্ণয় করিবার জন্যে সদর আদালতের আমলার উদ্যোগে যত গৌণ হয় তাহাতে আদালতের অনেক সময় হরণ হয় তদ্ভিন্ন অক্ষর পাঠ করণের ভুল হইলে অতিগুরুতর ভুল হইতে পারে।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২৭ ফেব্রুআরি।

৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিষ্ট্রেট ও জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা এই আজ্ঞা করিতেছেন। তোমার ও তোমার অধীন আদালতে শপথের পরিবর্ত্তে যে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা ব্যবহার হয় তাহা যিনি করান তাঁহার নাম প্রত্যেক জোবানবন্দীর শিরোভাগে সর্ব্বদাই লেখা থাকে।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২৭ ফেব্রুআরি।

৮ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

নথীতে সাক্ষিরদের নামাদি অনায়াসে পাওয়া যায় এই নিমিত্তে সদর আদালতের সাহেবেরা এই আজ্ঞা করেন। ১৮৫৪ সালের ২৬ মে তারিখের ৫ নম্বরের সরকুলর অর্ডরের সঙ্গে মিলাইবার যে কৈফিয়ৎ দেওয়া যায় তাহার ১ নম্বরের ঘরে, নথীর নম্বরকরা কাগজের যে পৃষ্ঠায় যে সাক্ষির সাক্ষ্য পাওয়া যায় সেই সাক্ষির নামের পার্শ্বে সে পৃষ্ঠার নম্বর দেওয়া যায়।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।
ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২ মার্চ।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 27th March, 1857.

Baboo Ramdhun Mookerjea, to officiate as Moonsiff of Panghatta, Zillah Nuddea.

The 30th March, 1857.

Baboo Gopalkishen Mojoomdar, Moonsiff of Shahzadpore, to be Moonsiff of Belmariah, and Baboo Kedarnath Banerjea, Moonsiff of Belmariah, to be Moonsiff of Shahzadpore, Zillah Rajshahye.

Moonshee Rehanoodeen to officiate as Moonsiff of Juggernath Diggy, Zillah Tipperah, during the absence on leave of the incumbent, or until further orders.

LEAVES OF ABSENCE.

The 27th March, 1857.

Moulvie Nusseeroodeen Hyder, Moonsiff of Parcool, Zillah Sylhet, for five days.

The 30th March, 1857.

Syed Noorool Hossein, Moonsiff of Juggernath Diggy, Zillah Tipperah, for four months, on Medical Certificate.

The 31st March, 1857.

Baboo Gungachurn Sircar, Moonsiff of Hanskhallee, Zillah Nuddea, from the 10th to the 15th Proximo.

The leave of absence granted to the Moonsiff of Jehanabad, Zillah Hooghly, under the Court's orders of the 13th instant, is cancelled.

A. W Russell, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৭ মার্চ।

শ্রীযুত বাবু রামধন মুখুয্যা জিলা নদীয়ার পানাঘাটার মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ৩০ মার্চ।

জিলা রাজশাহির শাহজাদপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপালকৃষ্ণ মজুমদার বেলমারিয়ার মুনসেফ হইবেন ও বেলমারিয়ার মুনসেফ শ্রীযুত বাবু কেদারনাথ বাঁড়ুয্যা শাহজাদপুরের মুনসেফ হইবেন।

জিলা ত্রিপুরার জগন্নাথদীঘীর মুনসেফের অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মুনশী রিহানুদ্দীন ঐ স্থানের মুনসেফের কর্ম্ম করিবেন

ছুটী।

১৮৫৭ সাল ২৭ মার্চ।

জিলা ছিলটের পারকুলের মুনসেফ শ্রীযুত মৌলবী নসীরুদ্দীন হয়দর পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৩০ মার্চ।

জিলা ত্রিপুরার জগন্নাথদীঘীর মুনসেফ শ্রীযুত সৈয়দ নুরুল হুসেন চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৩১ মার্চ।

জিলা নদীয়ার হাঁসখালীর মুনসেফ শ্রীযুত বাবু গঙ্গাচরণ সরকার আগামি মাসের ১০ তারিখঅবধি ১৫ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

জিলা হুগলীর জাহানাবাদের মুনসেফকে সদর আদালতের বর্ত্তমান মাসের ১৩ তারিখের হুকুমমতে যে ছুটী দেওয়া যায় তাহা রহিত হইয়াছে।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভুমিবিষয়ক ইশতিহার

জিলা বীরভূম।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা বীরভূম অন্তঃপাতি নীচের লিখিত মহাল রাজস্বের বাকী অদায় কারণ ১৮৫৭ সালের আপ্রেল মাহার ২৪ তারিখ মোতাবক ১২৬৪ সালের বৈশাখ মাহার ১৩ তারিখ শুক্রবার দিবসে ঐ জেলার কালেকটরী কাছারীতে প্রকাশ্যরূপে নীলামে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণী। ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৬২ নম্বর লাট দুরখি পরগনে খরুপসিংহ লিখিত মালিক। তারাচরণ ঘোষ মণ্ডল সদর জমা ৮০৭।৶ টাকা।

জেলা বিরভূম তাং ৩১ মার্চ ১৮৫৭।

R. J. Wigram, *Offg. Collector.*

জিলা বাকরগঞ্জ।

১৮৪৫ সনের ১ প্রথম আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা বাকরগঞ্জের নীচের লিখিত মহাল সন ১২৬৩ সনের ফাল্গুণ মাসপর্য্যন্তের বাকী মালগুজারির নিমিত্তে সন ১৮৫৭ সনের ২৩ এপ্রেল মোতাবেক ১২৬৪ সনের ১২ বৈশাখ রোজ বৃহস্পতিবার এই জেলার কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৭ সন ইং তারিখ ৩১ মার্চ মোং সন ১২৬৩। ১৯ চৈত্র।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

সাবেক নম্বর ১৫১১ হাল নম্বর ১৫১০ খারিজা পরগনে বোজর গোর্ব্বেদপুর কালীশঙ্কর দত্ত ও গোপালকৃষ্ণ দত্ত তালুক লিখিত মালিক দুর্গাগতী রায় সদর জমা ১০৮।৶৬ পাই কোম্পানি।

G. C. Fletcher, *Collector.*

[*Government Gazette, 7th April*, 1857.]

আফিম বিষয়ক ইশ্তিহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৭ সাল তারিখ ১৩ আপ্রেল সোমবার পূর্ব্বাহ্ণে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৬ ৫৭ সালের পরদায়ণী আফিমের চতুর্থ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩৫২৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পরদায়ণী আফিম	২৪৪০
বানারসের পরদায়ণী আফিম	১১১৫
জুমলা সিন্দুক	৩৫২৫

২ দফা। এইরূপে যে নীলামের ইশ্তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫৬ সালের ২৭ নবেম্বর তারিখের লিখিত ইশ্তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দফ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়ারেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৭ সালের ১৮ এবং ২৮ আপ্রেল এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারান যে সকল প্রমিসরী নোট অর্থাৎ তমসুক জিম্মায় দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সবট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরি রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৭ সালের ১৮ আপ্রেল শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসি সববে কিস্মতের পূরা টাকার দরুন কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৭ সালের ২৮ আপ্রিল মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তেয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি.

				বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৭ সালের	১১ মে	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৪৪০	১১১৫	৩৫৫৫
ঐ	১০ জুন	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৪৪০	১১১৫	৩৫৫৫
ঐ	১০ জুলাই	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৪৪০	১১১৫	৩৫৫৫
ঐ	১০ আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৪৪০	১১১৫	৩৫৫৫
ঐ	৪ সেপ্টেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৪৪০	১১১৫	৩৫৫৫
ঐ	৫ অক্টোবর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৪৪০	১১১৫	৩৫৫৫
ঐ	১২ নবেম্বর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৪৪০	১১১৫	৩৫৫৫
ঐ	৪ ডিসেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৫৯	১১৪১	৩৭০০
				২০৩৩৯	৮৯৪৬	২৯২৮৫

বিযোজিত হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৫৭ সাল তারিখ ২৬ মার্চ।

ই লসিংটন। ছোট সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৭ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুক্ত জে সি মার্শমেন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

অতিরিক্ত

গবর্ণ[illegible] গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, APRIL 10, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ১০ আপ্রিল

DRAFT OF ACT.

A Bill for simplifying the Procedure of the Courts of Civil Judicature of the East India Company in Bengal.

CHAPTER IV.

OF A SUIT TILL FINAL DECREE.

[Continued from page 248.]

Of the Death, Marriage, and Bankruptcy or Insolvency of Parties.

[Suit not to abate by death.]

64. The death of a plaintiff or defendant shall not cause the suit to abate. A note of the death shall be entered on the register of the suit, and the suit may be continued as herein-after mentioned.

[Proceedings in case of death of one or more of several plaintiffs or defendants.]

65. If there be two or more plaintiffs or defendants, and one or more of them die, and if the cause of action survive to the surviving plaintiff or plaintiffs or against the surviving defendant or defendants, the suit shall proceed at the instance of the surviving plaintiff or plaintiffs, against the surviving defendant or defendants.

[Proceeding in case of death of one or more of several plaintiffs, where the right of action accrues to the survivor and the representative of the deceased.]

66. If there be two or more plaintiffs, and one or more of them die, and if the cause of action shall not survive to the surviving plaintiff or plaintiffs alone, but shall accrue to them and the legal representative or representatives of the deceased plaintiff or plaintiffs, the Court may on the application of the legal representative or representatives of the deceased plaintiff or plaintiffs enter the name or names of such representative or represen-

আইনের মুসাবিদা।

বাঙ্গলা দেশে দেওয়ানী মোকদ্দমার বিচারার্থে কোম্পানি বাহাদুরের আদালতের কার্য্য আরো সুগম করিবার আইনের মুসাবিদা।

চতুর্থ অধ্যায়।

চূড়ান্ত ডিক্রী না হওয়াপর্য্যন্ত মোকদ্দমার কথা।

[২৪৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

কোন পক্ষের মৃত্যু কি বিবাহ কি দেউলিয়া কি যোত্রহীন হইবার কথা।

[মৃত্যুপ্রযুক্ত মোকদ্দমা স্থগিত হইবেক না।]

৬৪। ফরিয়াদীর কি আসামীর মৃত্যুপ্রযুক্ত মোকদ্দমা স্থগিত হইবেক না। ঐ মরণের কথা মোকদ্দমার রেজিষ্টরে লেখা যাইবেক, ও সেই মোকদ্দমা ইহার পরের লিখিতমতে চলিতে পারিবেক।

[অনেক ফরিয়াদী কি আসামী থাকিলে তাহারদের এক কি অধিক জন মরিলেও মোকদ্দমার কার্য্য চলন।]

৬৫। যদি দুই কি অধিক জন ফরিয়াদী কি আসামী থাকে, ও তাহারদের এক কি অধিক জন মরে, ও যে ফরিয়াদী কি ফরিয়াদীরা আছে তাহারদের উপর কিম্বা যে আসামী কি আসামীরা আছে তাহারদের নামে যদি নালিশের হেতু বর্ত্তে, তবে যে ফরিয়াদী কি ফরিয়াদীরা আছে তাহারদের প্রার্থনামতে, যে আসামী কি আসামীরা আছে তাহারদের নামে মোকদ্দমা চলিবেক।

[ফরিয়াদীরদের এক কি অধিক জন মরিলেও যদি নালিশের স্বত্ব বর্ত্তমান ব্যক্তির উপর ও মৃত ব্যক্তির স্থলাভিষিক্তের উপর বর্ত্তে, তবে মোকদ্দমার কার্য্য চলন।]

৬৬। যদি দুই কি তাহার অধিক জন ফরিয়াদী হয় ও তাহারদের এক কি অধিক জন মরে, ও যদি নালিশের হেতু কেবল বর্ত্তমান ফরিয়াদী কি ফরিয়াদীরদের উপর না বর্ত্তিয়া তাহারদের উপরে ও মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তির কি ব্যক্তিরদের উপরে খাটে, তবে ঐ মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তির কি ব্যক্তিরদের প্রার্থনামতে আদালত ঐ মোকদ্দমার রেজিষ্টরের মধ্যে ঐ মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের স্থানে কি

tatives in the register of the suit in the place or stead of such deceased plaintiff or plaintiffs, and the suit shall proceed at the instance of the surviving plaintiff or plaintiffs, and such legal representative or representatives of the deceased plaintiff or plaintiffs; and if the application be made before the trial, and there be any dispute as to the fact of the person or persons so applying being the legal representative or representatives of the deceased plaintiff or plaintiffs, the truth thereof shall be tried thereat, together with the title of the deceased plaintiff or plaintiffs, and judgment shall be given in favor of or against the person or persons making such application, as if such person or persons were originally a plaintiff or plaintiffs. If no application shall be made to the Court by any person or persons claiming to be the legal representative or representatives of the deceased plaintiff or plaintiffs, the Court shall direct a proclamation to be issued and published in the manner prescribed in Articles 35 and 36 of this Chapter, calling upon the legal representative or representatives of the deceased plaintiff or plaintiffs to appear on a day to be fixed in such proclamation, and to proceed with the suit in his or their stead. If any person or persons shall appear on the day mentioned in the proclamation to proceed with the suit as the legal representative or representatives of the deceased plaintiff or plaintiffs his or their name or names shall be entered in the register of the suit, and the suit shall proceed at the instance of the surviving plaintiff or plaintiffs, and such person or persons so appearing as the legal representative or representatives of the deceased plaintiff or plaintiffs; and if the appearance be made before the trial, and there be any dispute as to the fact of the person or persons so appearing being the legal representative or representatives of the deceased plaintiff or plaintiffs, the truth thereof shall be tried thereat together with the title of the deceased plaintiff or plaintiffs, and judgment shall be given in favor of or against the person or persons so appearing, as if such person or persons were originally a plaintiff or plaintiffs. And if no person shall appear on the day to be fixed in the said proclamation, the suit shall proceed at the instance of the surviving plaintiff or plaintiffs; and if judgment be given in favor of the defendant, the legal representative or representatives of the deceased plaintiff or plaintiffs shall be bound thereby equally with the surviving plaintiff or plaintiffs; but if judgment be given against the defendant or defendants, it shall only be to the extent of the share or shares of the surviving plaintiff or plaintiffs, and with a reservation of the rights of the legal representative or representatives of the deceased plaintiff or plaintiffs.

[Proceeding in case of death of sole or sole surviving plaintiff.]

67. In case of the death of a sole plaintiff or

পরিবর্ত্তে ঐ স্থলাভিষিক্ত ব্যক্তির কি ব্যক্তিরদের নাম লেখাইতে পারিবেন, ও বর্ত্তমান ফরিয়াদীর কি ফরিয়াদীরদের সঙ্গে মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের আইনমতের ঐ রূপ স্থলাভিষিক্ত ব্যক্তির কি ব্যক্তিরদের উদ্যোগক্রমে মোকদ্দমা চলিবেক। যদি বিচার হইবার পূর্ব্বে সেইরূপ প্রার্থনা করা যায়, ও সেই প্রার্থনাকারি ব্যক্তি কি ব্যক্তিরা মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের আইনমতের স্থলাভিষিক্ত হয় কি না এই বিষয়ের যদি কোন বিবাদ উপস্থিত হয়, তবে মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের স্বত্বের বিচারকালে ঐ কথার সত্যতার বিচার হইবেক, ও সেই প্রার্থনাকারি ব্যক্তি কি ব্যক্তিরা প্রথমে ফরিয়াদী কি ফরিয়াদীরা হইবার মতে তাহারদের সপক্ষে কি বিপক্ষে নিষ্পত্তি হইবেক। যদি মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের আইনমতের স্থলাভিষিক্ত হইবার দাওয়াদার কোন ব্যক্তি কি ব্যক্তিরা আদালতে দরখাস্ত না করে তবে ঐ আদালত এই অধ্যায়ের ৩৫ ও ৩৬ প্রকরণের লিখিতমতে ঘোষণাপত্র জারী ও প্রকাশ করিতে আজ্ঞা করিবেন, তাহাতে ঐ মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে আজ্ঞা হইবেক যে তাহারা ঐ ঘোষণাপত্রের নিরূপিত দিনে উপস্থিত হয় ও ঐ ফরিয়াদীর কি ফরিয়াদীরদের পরিবর্ত্তে মোকদ্দমা চালায়। যদি কোন ব্যক্তি কি ব্যক্তিরা মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের আইনমতের স্থলাভিষিক্তস্বরূপে মোকদ্দমা চালাইবার জন্যে ঐ ঘোষণাপত্রের লিখিত দিবসে উপস্থিত হয় তবে তাহার কি তাহারদের নাম ঐ মোকদ্দমার রেজিষ্টরের মধ্যে লেখা যাইবেক, ও বর্ত্তমান ফরিয়াদীর কি ফরিয়াদীরদের ও মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের আইনমতের স্থলাভিষিক্তস্বরূপে সেই প্রকারের উপস্থিতহওয়া ব্যক্তির কি ব্যক্তিরদের উদ্যোগক্রমে মোকদ্দমা চলিবেক. আর যদি সে কি তাহারা বিচার হইবার পূর্ব্বে উপস্থিত হয়, ও সেই প্রকারে উপস্থিতহওয়া ব্যক্তি কি ব্যক্তিরা মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের আইনমতের স্থলাভিষিক্ত হয় কি না এই বিষয়ের যদি কোন বিবাদ হয়, তবে মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের স্বত্বের বিচারকালে ঐ কথার সত্যতার বিচার হইবেক ও সেই প্রকারে উপস্থিতহওয়া সেই ব্যক্তি কি ব্যক্তিরা প্রথমে ফরিয়াদী হইবার মতে তাহারদের সপক্ষে কি বিপক্ষে নিষ্পত্তি হইবেক। আর উক্ত ঘোষণাপত্রেতে যে দিন নিরূপণ হয় সেই দিনে যদি কোন ব্যক্তি উপস্থিত না হয় তবে বর্ত্তমান ফরিয়াদীর কি ফরিয়াদীরদের উদ্যোগমতে মোকদ্দমা চলিবেক। আর যদি নিষ্পত্তি আসামীর পক্ষে হয় তবে তাহাতে মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তি কি ব্যক্তিরা বর্ত্তমান ফরিয়াদীর কি ফরিয়াদীরদের সঙ্গে সমানরূপে বদ্ধ হইবেক। কিন্তু যদি আসামীর কি আসামীরদের বিপক্ষে নিষ্পত্তি হয় তবে বর্ত্তমান ফরিয়াদীর কি ফরিয়াদীরদের যে অংশ হয় সেই অংশপর্য্যন্ত ডিক্রী করা যাইবেক ও মৃত ফরিয়াদীর কি ফরিয়াদীরদের আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তির কি ব্যক্তিরদের স্বত্ব রক্ষা হইবেক।

[একি জন ফরিয়াদী কিম্বা অবশিষ্ট একি জন ফরিয়াদী মরিলে মোকদ্দমার কার্য্য চলন।]

৬৭। যদি কেবল একি জন ফরিয়াদী হইয়া কিম্বা

sole surviving plaintiff, the Court may, on the application of the legal representative or representatives of such plaintiff, enter the name of such representative or representatives in the place or stead of such plaintiff in the register of the suit, and the suit shall thereupon proceed; and if such application be made before the trial, and the fact be disputed, the truth thereof shall be tried thereat with the title of the deceased plaintiff, and judgment shall be given in favor of or against the person or persons making the application, as if such person or persons were originally the plaintiff or plaintiffs. If no application shall be made to the Court within what it may consider a reasonable time by any person or persons claiming to be the legal representative or representatives of the deceased sole plaintiff or sole surviving plaintiff, it shall be competent to the Court to pass an order that the suit shall abate, and to award the defendant the reasonable costs which he may have incurred in defending the suit, to be recovered from the estate or estates of the deceased sole plaintiff or surviving plaintiff, or if the Judge shall think proper he may, on the application of the defendant, and upon such terms as to costs as may seem fit, pass such other order for bringing in the legal representative or representatives of the deceased sole plaintiff or surviving plaintiff, and prosecuting the suit to a final determination of the matters in dispute, as may appear just and proper in the circumstances of the case.

অবশিষ্ট একি জন থাকিয়া তাহারও মরণ হয় তবে সেই ফরিয়াদীর আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তি কি ব্যক্তিরা দরখাস্ত করিলে আদালত ঐ মোকদ্দমার রেজিষ্টরের মধ্যে ঐ ফরিয়াদীর স্থানে কি পরিবর্ত্তে ঐ স্থলাভিষিক্ত ব্যক্তির কি ব্যক্তিরদের নাম লেখাইতে পারিবেন, তাহা হইলে মোকদ্দমার কার্য্য চলিবেক। যদি সেইরূপ দরখাস্ত বিচার হইবার পূর্ব্বে করা যায় ও সেই কথার উপর বিবাদ হয় তবে মৃত ফরিয়াদীর স্বত্বের বিচারের কালে ঐ কথার সত্যতার বিচার হইবেক ও সেই প্রার্থনাকারি ব্যক্তি কি ব্যক্তিরা প্রথমে ফরিয়াদী হইবার মতে তাহারদের সপক্ষে কি বিপক্ষে নিষ্পত্তি হইবেক। আদালত যাহা উপযুক্ত সময় বোধ করেন এমত সময়ের মধ্যে যদি মৃত একি ফরিয়াদীর কিম্বা অবশিষ্ট একি ফরিয়াদীর আইনমতের স্থলাভিষিক্ত হইবার দাওয়াদার কোন ব্যক্তি কি ব্যক্তিরা দরখাস্ত না করে তবে আদালত ঐ মোকদ্দমা স্থগিত হইবার আজ্ঞা করিতে পারিবেন, ও মোকদ্দমার জওয়াব দেওয়াতে আসামীর যে সকল উপযুক্ত খরচ হইয়াছে তাহা তাহাকে দেওয়াইতে পারিবেন। সেই খরচ ঐ মৃত একি ফরিয়াদীর কি মৃত অবশিষ্ট একি ফরিয়াদীর বিষয়হইতে আদায় হইবেক। অথবা যদি বিচারকর্ত্তা উপযুক্ত বোধ করেন তবে আসামী দরখাস্ত করিলে তিনি খরচার যে নিয়ম উচিত বোধ হয় তাহা করিয়া মৃত একি ফরিয়াদীর কি অবশিষ্ট ফরিয়াদীর আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে উপস্থিত করিবার জন্যে ও বিবাদ বিষয়ের চূড়ান্ত নিষ্পত্তি না হওয়াপর্য্যন্ত মোকদ্দমা চালাইবার জন্যে, তাবৎগতিক বুঝিয়া যেরূপ ন্যায্য ও উপযুক্ত বোধ হয় সেইরূপে অন্য হুকুম করিতে পারিবেন।

[Proceeding in case of death of one or more of several defendants, or of a sole or sole surviving defendant.]

68. If there be two or more defendants, and one or more of them die, and the cause of action shall not survive against the surviving defendant or defendants alone, and also in case of the death of a sole defendant or sole surviving defendant, where the action survives, the plaintiff may make an application to the clerk or other proper officer of the Court, with the following particulars distinctly written in the language in ordinary use in judicial proceedings before the Court, namely, the name, description, and place of abode of any person or persons whom he alleges to be the legal representative or representatives of such defendant or defendants, and whom he desires to be made the defendant or defendants in his or their stead, and the clerk or other proper officer of the Court shall thereupon enter the name of such representative or representatives in the register of the suit in the place or stead of such defendant or defendants, and shall issue a summons to him or them to appear on a day to be therein mentioned to defend the suit. If no application shall be made to the Court, the Court shall direct a proclamation to be issued and published in the manner prescribed in Articles 35 and 36 of this Chapter, calling upon the legal representative or re-

[আসামীরদের এক কি অনেক জন কি একি আসামী কি অবশিষ্ট একি আসামী মরিলে মোকদ্দমার কার্য্য চলন।]

৬৮। যদি দুই কি ততোধিক জন আসামী থাকে ও তাহারদের এক কি অধিক জন মরে, ও মোকদ্দমার হেতু কেবল অবশিষ্ট একি কি অনেক জন আসামীর উপর না বর্ত্তে, আরো যদি একজন কি অবশিষ্ট একি জন আসামী মরে ও নালিশ বর্ত্তে, তবে ফরিয়াদী আদালতের ক্লার্কের কি অন্য উপযুক্ত কার্য্যকারকের নিকটে দরখাস্ত করিতে পারিবেক, ও আদালতের বিচার কার্য্যেতে যে ভাষা রীতিমতে চলন থাকে সেই ভাষাতে এই২ বিশেষ কথা সেই দরখাস্তে সপষ্টরূপে লিখিয়া দিবেক, অর্থাৎ ফরিয়াদী যে ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে ঐ আসামীর কি আসামীরদের আইনমতের স্থলাভিষিক্ত কহে, ও যাহাকে কি যাহারদিগকে ঐ আসামীর কি আসামীরদের পরিবর্ত্তে আসামী করিতে চাহে, তাহার কি তাহারদের নাম ও ব্যবসায়াদি ও বাসস্থান। তাহা করিলে ঐ আদালতের ক্লার্ক কি অন্য উপযুক্ত কর্ম্মকারক ঐ মোকদ্দমার রেজিষ্টরের মধ্যে ঐ আসামীর কি আসামীরদের স্থানে কি পরিবর্ত্তে ঐ স্থলাভিষিক্ত ব্যক্তির কি ব্যক্তিরদের নাম লিখিবেন, ও তাহার কি তাহারদের নামে সমন বাহির করিয়া তাহাকে কি তাহারদিগকে মোকদ্দমার জওয়াব দিবার জন্যে ঐ সমনের লিখিত দিবসে হাজির হইতে হুকুম করিবেন। যদি কোন দরখাস্ত আদালতে না করা যায়, তবে আদালত এই অধ্যায়ের ৩৫ ও ৩৬ প্রকরণের লিখিত প্রকারে ঘোষণাপত্র জারী ও প্রকাশ করিবার আজ্ঞা করিবেন। তাহাতে ঐ আসামীর কি আসামীরদের আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে আজ্ঞা হইবেক যে তাহারা ঐ ঘোষণাপত্রের

presentatives of such defendant or defendants to appear on a day to be fixed in such proclamation, and defend the suit. If any person or persons shall appear on the day mentioned in the proclamation, to make defence to the suit as the legal representative or representatives of the deceased, his or their name or names shall be entered in the register of the suit, in the stead of the deceased defendant or defendants, and the suit shall proceed in the same way as if such person or persons had been originally a defendant or defendants thereto. And if no person shall appear on the day to be fixed in the said proclamation, the Court may proceed to dispose of the cause in the manner provided in Article 74 of this Chapter, or may make such order as may appear to be just and proper in the circumstances of the case.

নিরূপিত দিনে উপস্থিত হইয়া মোকদ্দমার জওয়াব দেয়। যদি কোন ব্যক্তি কি ব্যক্তিরা মৃত ব্যক্তির আইনমতের স্থলাভিষিক্তস্বরূপে মোকদ্দমার জওয়াব দিবার জন্যে ঐ ঘোষণাপত্রের লিখিত দিবসে উপস্থিত হয় তবে মোকদ্দমার রেজিষ্টরের মধ্যে মৃত আসামীর কি আসামীরদের পরিবর্ত্তে তাহার কি তাহারদের নাম লেখা যাইবেক ও সেই ব্যক্তি কি ব্যক্তিরা প্রথমে ঐ মোকদ্দমাতে আসামী হইলে মোকদ্দমা যেরূপে চলিত সেইরূপে চলিবেক। আর যদি ঐ ঘোষণাপত্রের নিরূপিত দিবসে কোন ব্যক্তি উপস্থিত না হয় তবে আদালত এই অধ্যায়ের ৭৪ প্রকরণের লিখিত বিধিমতে ঐ মোকদ্দমা লইয়া কার্য্য করিবেন অথবা ভাবগতিক বুঝিয়া অন্য যে হুকুম ন্যায্য ও উচিত বোধ হয় তাহা করিতে পারিবেন।

[Objections which are competent to the new defendant.]

69. In all cases in which the legal representative or representatives of a deceased defendant or defendants shall be entered in the register, in the stead of such deceased defendant or defendants, if the issues shall not have been settled before the death, the new defendant or defendants shall be entitled to make all objections which would have been competent to the deceased defendant or defendants, and in addition thereto may make such other objections to the suit as may be appropriate to and rendered necessary by his or their character of legal representative; but if the issues shall have been settled before the death, the new defendant or defendants shall be at liberty to object only by way of denial, or to make such other objection only as may be appropriate to and rendered necessary by his or their character of legal representative, unless by the leave of the judge he or they shall be permitted to object fresh matters; and in case the plaintiff shall recover he shall be entitled to the like judgment in respect of the debt or sums sought to be recovered, and in respect of the costs prior to the entry of the name of the new defendant or defendants, as he would have been entitled to against the original defendant or defendants, and in respect of the costs subsequent thereto he shall be entitled to the like judgment as in an action originally commenced against the legal representative.

[নূতন আসামী যেং আপত্তি করিতে পারিবেক।]

৬৯। যে সকল স্থলে রেজিষ্টরের মধ্যে মৃত আসামীর কি আসামীরদের পরিবর্ত্তে ঐ আসামীর কি আসামীরদের আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তির কি ব্যক্তিরদের নাম লেখা যায় সেই সকল স্থলে যদি ঐ মরণের পূর্ব্বে ইস্যু নির্ণয় না হইয়া থাকে তবে মৃত আসামী কি আসামীরা যে সকল আপত্তি করিতে পারিত সেই সকল আপত্তি নূতন আসামী কি আসামীরা করিতে পারিবেক, তদ্ভিন্ন আইনমতের স্থলাভিষিক্তস্বরূপে তাহার কি তাহারদের কর্ম্মোপলক্ষে মোকদ্দমার উপর অন্য যে কোন আপত্তি উপযুক্ত ও আবশ্যক হয় তাহা করিতে পারিবেক। কিন্তু যদি মরণের পূর্ব্বে ইস্যু নির্ণয় হইয়া থাকে তবে নূতন আসামী কি আসামীরা কেবল অস্বীকার করণের দ্বারা আপত্তি করিতে পারিবেক কিম্বা আইনমতের স্থলাভিষিক্তস্বরূপে তাহার কি তাহারদের কর্ম্মোপলক্ষে অন্য যে কোন আপত্তি উপযুক্ত ও আবশ্যক হয় তাহা করিতে পারিবেক, কিন্তু যদি বিচারকর্ত্তা অনুমতি করেন তবে সেই ব্যক্তি কি ব্যক্তিরা নূতন বিষয় ধরিয়া আপত্তি করিতে পারিবেক। আর যদি ফরিয়াদীর পক্ষে ডিক্রী হয় তবে যে কর্জ্জ কি পাওনা টাকার নিমিত্তে নালিশ হইয়াছিল তাহার বিষয়ে, ও নূতন আসামীর কি আসামীরদের নাম লেখা যাইবার আগে যে খরচা হইয়াছিল তাহার বিষয়ে, ফরিয়াদী প্রথম আসামীর কি আসামীরদের বিপক্ষে যে প্রকারের ডিক্রী পাইতে পারিত সেই প্রকারের ডিক্রী পাইতে পারিবেক, আর তাহার পরে যে খরচা হয় তাহার বিষয়ে আইনমতের ঐ স্থলাভিষিক্তের নামে প্রথমে নালিশ হইলে যে প্রকারের ডিক্রী পাইতে পারিত সেই প্রকারের ডিক্রী পাইতে পারিবেক।

[Marriage of a female plaintiff or defendant not to abate the suit.]

70. The marriage of a woman, plaintiff or defendant, shall not cause the suit to abate, but the suit may, notwithstanding, be proceeded with to judgment and the decree thereupon may be executed upon the wife alone; and if the case is one in which the husband is by law liable for the debts of his wife, the decree may, with the permission of the Court, be executed against the husband also; and in case of judgment for the wife, execution of the decree may, with the permission of the Court, be issued, upon the application of the husband,

[আসামী কি ফরিয়াদী স্ত্রী হইয়া বিবাহ করিলে মোকদ্দমা স্থগিত হইবেক না।]

৭০। ফরিয়াদী কি আসামী স্ত্রী হইয়া যদি বিবাহ করে তবে তাহাতে মোকদ্দমা স্থগিত হইবেক না, কিন্তু সেই মোকদ্দমা নিষ্পত্তিপর্য্যন্ত চলিতে পারিবেক ও তাহার উপর যে ডিক্রী হয় তাহা কেবল ঐ স্ত্রীর উপর জারী হইতে পারিবেক। আর যাহাতে স্বামী আইনমতে স্ত্রীর কর্জ্জের জন্যে দায়ী হয় মোকদ্দমা যদি সেইরূপের হয়, তবে আদালত অনুমতি করিলে ডিক্রী স্বামির উপরেও জারী হইতে পারিবেক। আর যদি স্ত্রীর পক্ষে নিষ্পত্তি হয় তবে যে টাকার কি দ্রব্যের ডিক্রী হয় তাহাতে যদি আইনমতে স্বামির স্বত্ব থাকে তবে আদালতের অনুমতি হইলে স্বামির দরখাস্তমতে ডিক্রী জারী হইতে পারি-

where the husband is by law entitled to the money or thing which may be the subject of the decree; and if in any such suit the wife shall sue or defend by a vakeel appointed by her when sole, such vakeel shall have authority to continue the action or defence, unless such authority be countermanded by the husband, and the vakeel changed by authority of the Court.

[Bankruptcy or insolvency when not to abate the suit.]

71. The bankruptcy or insolvency of the plaintiff in any suit which the assignees might maintain for the benefit of the creditors shall not be a valid objection to the continuance of such suit, unless the assignees shall decline to continue the suit, and give security for the costs thereof, within such reasonable time as the Judge may order; but the proceedings may be stayed until such election is made; and in case the assignees neglect or refuse to continue the suit, and to give such security, within the time limited by the order, the defendant may, within eight days after such neglect or refusal, object bankruptcy or insolvency as a reason for abating the suit.

Of Notices to produce, and how they are to be served.

[Two notices in writing to be delivered to the proper officer of the Court.]

72. Whenever any of the parties to a suit is desirous that any document, writing, or other thing, which he supposes to be in the possession or power of another of the parties thereto, should be produced at any hearing of the cause, he shall at the earliest opportunity deliver to the clerk or proper officer of the Court two notices in writing to the party in whose possession or power he supposes the document, writing, or other thing, to be, calling upon him to produce the document, writing, or other thing, on the day on which he wishes the same to be produced; and one of such notices shall be retained by the officer, and the other shall be delivered by him to the bailiff or proper officer, to be served in the manner hereinafter mentioned:

[How the notice is to be served.]

(1.) If the party on whom the notice is to be served shall have employed a vakeel to act for him in the cause, the notice shall be served on such vakeel by delivering the notice to him personally, or by leaving it at his office, or ordinary place of residence.

(2.) If the party shall not have employed a vakeel to act for him in the cause, and shall have his place of abode within eight miles from the Court-house by the nearest road, the notice shall be served on him by delivering it to him personally, or leaving it at his place of abode.

(3.) If the party shall not have employed a

বেক। আর যদি সেই প্রকারের কোন মোকদ্দমাতে স্ত্রী অবিবাহিতা হইয়া যে উকীলকে নিযুক্ত করিয়াছিল তাহার দ্বারা মোকদ্দমা করে কি জওয়াব দেয় তবে পরে স্বামী সেই ক্ষমতা অন্যথা না করিলে ও আদালতের আজ্ঞাক্রমে উকীল পরিবর্ত্ত না হইলে ঐ মোকদ্দমা চালাইতে কি মোকদ্দমার জওয়াব দিতে থাকিবার উকীলের ক্ষমতা থাকিবেক।

[যে স্থলে দেউলিয়া কি যোত্রহীন হইলেও মোকদ্দমা স্থগিত হইবেক না।]

৭১। যদি ফরিয়াদী দেউলিয়া কি যোত্রহীন হয় আর তাহার আসৈনিরা মহাজনেরদের উপকারের জন্যে সেই মোকদ্দমা চালাইতে পারে তবে ফরিয়াদীর দেউলিয়া কি যোত্রহীনহওয়া ঐ মোকদ্দমা চলিবার বলবৎ আপত্তি হইবেক না, কিন্তু যদি আসৈনিরা ঐ মোকদ্দমা চালাইতে না চাহে ও বিচারকর্ত্তা উপযুক্ত যে সময়ের আজ্ঞা করেন সেই সময়ের মধ্যে ঐ মোকদ্দমার খরচার জন্যে জামিনী দেয় তবে মোকদ্দমা স্থগিত হইবেক। কিন্তু ঐ মোকদ্দমা চালাইবেক কি না ইহা আসৈনিরা যাবৎ স্থির না করে তাবৎ মোকদ্দমা স্থগিত থাকিতে পারিবেক। আর যদি আসৈনিরা মোকদ্দমা চালাইতে ও সেই হুকুমের নিরূপিত সময়ের মধ্যে সেই প্রকার জামিনী দিতে ক্রটি কি অস্বীকার করে, তবে সেই ক্রটি কি অস্বীকার হইলে পর আট দিনের মধ্যে আসামী এই আপত্তি করিতে পারিবেক যে ফরিয়াদীর দেউলিয়া কি যোত্রহীনহওয়াপ্রযুক্ত মোকদ্দমা স্থগিত হউক।

দলীল উপস্থিত করিবার এত্তেলা ও তাহা যে প্রকারে জারী হইবেক তাহার কথা।

[দুই কেতা এত্তেলা লিখিত হইয়া আদালতের উপযুক্ত কর্ম্মকারককে দেওয়া যাইবেক।]

৭২। যখন মোকদ্দমার কোন পক্ষের এমত ইচ্ছা থাকে যে, ঐ মোকদ্দমার অন্য কোন পক্ষের নিকটে কি অধীনে থাকা কোন দলীল কি লিখন কি অন্য দ্রব্য মোকদ্দমা শুনিবার কোন কালে উপস্থিত করা যায়, তখন যাহার নিকটে কি অধীনে ঐ দলীল কি লিখন কি অন্য দ্রব্য আছে বোধ করে তাহার নামের দুই কেতা লিখিত এত্তেলা সেই পক্ষ প্রথম অবকাশেই আদালতের ক্লার্কের কি উপযুক্ত কর্ম্মকারকের নিকটে অর্পণ করিবেক। যে দিনে ঐ দলীল কি লিখন কি অন্য দ্রব্য উপস্থিত করিতে চাহে ঐ পক্ষকে ঐ দলীলপ্রভৃতি সেই দিনে উপস্থিত করিবার আদেশ ঐ এত্তেলাতে থাকিবেক। ঐ কর্ম্মকারক ঐ এত্তেলার এক কেতা আপনি রাখিবেন, অন্য কেতা ইহার পরের লিখিতমতে জারী হইবার জন্যে তিনি বেলিফকে কি উপযুক্ত কর্ম্মকারককে দিবেন।

[এত্তেলা যেপ্রকারে জারী হইবেক।]

(১।) যে পক্ষের উপর এত্তেলা জারী করিতে হইবেক সে যদি ঐ মোকদ্দমাতে আপনার তরফে কর্ম্ম করিবার জন্যে এক জন উকীলকে নিযুক্ত করিয়া থাকে, তবে ঐ এত্তেলা সেই উকীলকেই দিয়া কিম্বা তাঁহার দপ্তরখানায় কি নিয়ত বাসস্থানে রাখিয়া, ঐ উকীলের উপর জারী হইবেক।

(২।) যদি সেই পক্ষ ঐ মোকদ্দমাতে আপনার তরফে কার্য্য করিবার নিমিত্তে উকীলকে নিযুক্ত না করিয়া থাকে, ও তাহার বাসস্থান আদালত ঘর হইতে অতি সোজা পথে চারি ক্রোশের মধ্যে থাকে, তবে ঐ এত্তেলা তাহাকেই দিয়া কিম্বা তাহার বাসস্থানে রাখিয়া, তাহার উপর জারী হইবেক।

(৩।) যদি সেই পক্ষ ঐ মোকদ্দমাতে আপনার তরফে

vakeel to act for him in the cause, and shall not have his place of abode within eight miles from the Court-house by the nearest road, but shall have entered in the book, to be kept for that purpose by the proper officer, the name and place of abode of some person residing within such distance of the Court-house on whom he may wish that all notices or process in the cause should be served on his behalf, the notices shall be served by delivering the same to such person, or by leaving it at his place of abode.

(4.) If the party shall not have employed a vakeel to act for him in the cause, and shall neither have his own place of abode within eight miles from the Court house by the nearest road, nor shall have entered in the book to be kept for that purpose the name and place of abode of some person residing within such distance of the Court-house on whom he may wish that all notices or process in the cause should be served on his behalf, the notice shall in like manner be served by delivering the same to the party in person or by leaving it at his place of abode, unless the notice be for some day subsequent to the first hearing of the cause, in which case it shall be sufficient service of the notice if it be fixed up in some conspicuous place in the office of the clerk or proper officer of the Court, and also in some conspicuous place of the Court-house.

Of the Appearance of the Parties, and Judgment by Default for Non-appearance.

[Parties must appear in person or by vakeel.]

73. On the day in that behalf mentioned in the summons, and from day to day, if necessary, until the cause is called on, the parties shall be in attendance at the Court-house in person or by a vakeel of the Court duly empowered to represent them in all matters relating to the prosecution or defence of the action, as the case may be.

[Consequences of non-appearance of a sole plaintiff or defendant.]

74. If, on the day fixed for the hearing of the cause, or any other day subsequent thereto, on which the cause may be called on, neither party appears, either in person or by a vakeel of the Court, when duly called upon by the proper officer of the Court, the cause shall be struck out, with liberty to the plaintiff to bring a fresh suit, unless precluded by the rules for the limitation of actions. If the plaintiff shall appear in person or by a vakeel, and the defendant shall not appear in person or by a vakeel, and it shall be proved to the satisfaction of the Judge that the summons was duly served, or if the defendant having appeared in person or by a vakeel shall refuse to answer to the claim of the plaintiff, then and in any of these cases the Judge shall pass judgment against him by default. And in like manner, if the defendant shall appear in person or by a vakeel, and the plaintiff shall not appear in person

কার্য্য করিবার নিমিত্তে উকীলকে নিযুক্ত না করিয়া থাকে, ও তাহার বাসস্থান আদালতঘরহইতে অতি সোজা পথে চারি ক্রোশের মধ্যে না থাকে, কিন্তু ঐ মোকদ্দমাতে তাহার নামের সকল এত্তেলা কি পরওয়ানা যাহার উপর জারী হইবার অনুমতি দেয় ঐ আদালতঘরহইতে সেই চারি ক্রোশের মধ্যনিবাসি এমত কোন ব্যক্তির নাম ও বাসস্থান উপযুক্ত কর্ম্মকারকের নিকটে সেই কথা লিখিবার বহীর মধ্যে যদি লিখিয়া থাকে, তবে ঐ এত্তেলা সেই লোককেই দিয়া কি তাহার বাসস্থানে রাখিয়া জারী হইবেক।

(৪।) যদি সেই পক্ষ ঐ মোকদ্দমাতে আপনার তরফে কর্ম্ম করিবার জন্যে উকীলকে নিযুক্ত না করিয়া থাকে, ও তাহার বাসস্থান আদালত ঘরহইতে অতি সোজা পথে চারি ক্রোশের মধ্যে না থাকে, ও আদালত ঘরহইতে সেই চারি ক্রোশের মধ্যনিবাসি যে ব্যক্তির উপরে আপনার নামের সকল এত্তেলা কি পরওয়ানা জারী হইবার অনুমতি দেয় এমত কোন ব্যক্তির নাম ও বাসস্থান লিখিবার বহীতে যদি লিখিয়া না থাকে, তবে সেই এত্তেলা সেই পক্ষকেই দিয়া কি তাহার বাসস্থানে রাখিয়া সেই প্রকারে জারী হইবেক। কিন্তু যদি সেই এত্তেলা মোকদ্দমা প্রথমবার শুনিবার পর কোন দিনের নিমিত্তে হয়, তবে সেই এত্তেলা আদালতের ক্লার্কের কি উপযুক্ত কর্ম্মকারকের দফ্তরখানার কোন প্রকাশ স্থানে ও আদালত ঘরের কোন প্রকাশ স্থানে লটকান গেলে সেই এত্তেলা প্রচুরমতে জারী হইবেক।

উভয় পক্ষের উপস্থিত হইবার কথা ও উপস্থিত না হইলে ক্রটিপ্রযুক্ত নিষ্পত্তি হইবার কথা।

[উভয় পক্ষ নিজে কি উকীলের দ্বারা উপস্থিত হইবেক।]

৭৩। উভয় পক্ষের উপস্থিত হইবার যে দিন সমনে লেখা থাকে সেই দিনে, ও আবশ্যক হইলে মোকদ্দমার যাবৎ তলব না হয় তাবৎ দিনেং, উভয় পক্ষ নিজে, কিম্বা বিষয়বিশেষে মোকদ্দমার তদবীর করণের কি জওয়াব দেওনের সম্পর্কীয় সকল বিষয়ে তাহারদের পক্ষে কার্য্য করিতে উচিতমতে ক্ষমতাপ্রাপ্ত আদালতের কোন উকীলের দ্বারা, আদালত ঘরে হাজির থাকিবেক।

[একি জন ফরিয়াদী কি আসামী হইলে তাহার হাজির না হইবার ফল।]

৭৪। মোকদ্দমা শুনিবার নিরূপিত দিবসে কিম্বা তাহার পর অন্য যে কোন দিবসে মোকদ্দমার তলব হয় সেই দিবসে, যদি কোন পক্ষ আদালতের উপযুক্ত কর্ম্মকারকের দ্বারা তলব হইলেও, নিজে কি আদালতের কোন উকীলের দ্বারা উপস্থিত না হয়, তবে মোকদ্দমা খারিজ হইবেক। কিন্তু নালিশের মিয়াদের বিধিক্রমে যদি বাধা না হয় তবে ফরিয়াদী নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক। যদি ফরিয়াদী নিজে কি উকীলের দ্বারা উপস্থিত হয় ও আসামী নিজে কি উকীলের দ্বারা উপস্থিত না হয়, ও সমন উপযুক্তমতে জারী হইয়াছে এই কথার প্রমাণ যদি বিচারকর্ত্তার সন্তোষমতে করা যায়, অথবা যদি আসামী নিজে কি উকীলের দ্বারা উপস্থিত হইয়া ফরিয়াদীর দাওয়ার জওয়াব দিতে অস্বীকার করে, তবে ও তাহার মধ্যে কোন স্থলে বিচারকর্ত্তা আসামীর ক্রটিপ্রযুক্ত তাহার বিপক্ষে নিষ্পত্তি করিবেন। সেইপ্রকারেও যদি আসামী নিজে কি উকীলের দ্বারা উপস্থিত হয়, ও ফরিয়াদী নিজে কি উকীলের দ্বারা উপস্থিত না হয়, কিম্বা উপস্থিত হইয়া আপনার দাওয়া ব্যক্ত করিতে অস্বীকার করে, অথবা বিচারকর্ত্তা তাহাকে যে কোন কথা জিজ্ঞাসা

or by a vakeel, or having appeared shall refuse to state his claim or to answer any questions respecting the same that the Judge may think proper to put to him, then and in any of these cases the Judge shall pass judgment against the plaintiff by default.

[When there are several plaintiffs or defendants, each may authorize the other to appear for him.]

75. When there are two or more plaintiffs, any one or more of them may be authorized to appear, plead, and act for the other or others of them; and in like manner, when there are two or more defendants, any one or more of them may be authorized to appear, plead, and act for the other or others of them; provided that the authority shall in all cases be in writing, and shall be filed with the proper officer of the Court; when so filed, it shall be as effectual to all intents and purposes as if the person so authorized to appear, plead, and act, were a vakeel of the Court.

[When such appearance may be made without special authority.]

76. Nothing in the preceding Article contained shall be taken to prevent any one of two or more plaintiffs or defendants from appearing for the other or others of them respectively, without any special authority, when already entitled by law so to do by reason of unity of interest in the matter in dispute, or otherwise howsoever.

[Consequence of non-appearance of one or more of several plaintiffs. Consequence of non-appearance of one or more of several defendants.]

77. If there are two or more plaintiffs, and one or more of them shall appear in person, or by vakeel, or by a co-plaintiff or co-plaintiffs duly authorized or entitled as aforesaid, and the other or others of them shall not appear in person, or by vakeel, or by a co-plaintiff or co-plaintiffs duly authorized or entitled as aforesaid, it shall be competent to the Judge to proceed with the suit at the instance of the other plaintiff or plaintiffs who shall have appeared, in the same way as if all the plaintiffs had appeared, and to pass such order as may be just and proper in the circumstances of the case; and if there are two or more defendants, and one or more of them shall appear in person, or by vakeel, or by a co-defendant or co-defendants duly authorized or entitled as aforesaid, and the other or others of them shall not appear in person, or by vakeel, or by a co-defendant or co-defendants duly authorized or entitled as aforesaid, and if the plaintiff or plaintiffs shall consent to abandon the suit against the defendant or defendants who shall have appeared, and if judgment by default can be given against the defendant or defendants who shall not have appeared, without

করা উচিত বোধ করেন তাহার কোন কথার উত্তর না দেন, তবে এ ইহার মধ্যে কোন স্থলে বিচারকর্ত্তা ফরিয়াদীর ক্রটিপ্রযুক্ত তাহার বিপক্ষে নিষ্পত্তি করিবেন।

[ফরিয়াদী কি আসামী অনেক জন থাকিলে এক জন আপনার নিমিত্তে অন্যকে উপস্থিত হইবার ক্ষমতা দিতে পারিবেক।]

৭৫। যখন দুই কি তাহার অধিক জন ফরিয়াদী হয় তখন তাহারদের কোন এক কি অধিক জনকে তাহারদের অন্য এক কি অধিক জনের নিমিত্তে উপস্থিত হইতে ও সওয়ালজওয়াব করিতে ও কার্য্য করিতে ক্ষমতা দেওয়া যাইতে পারিবেক। সেই প্রকারেও যখন দুই কি অধিক জন আসামী থাকে তখন তাহারদের কোন এক কি অধিক জনকে তাহারদের অন্য এক কি অধিক জনের নিমিত্তে উপস্থিত হইতে ও সওয়ালজওয়াব করিতে ও কার্য্য করিতে ক্ষমতা দেওয়া যাইতে পারিবেক। পরন্তু ইহাতে প্রয়োজন যে ঐ ক্ষমতা সর্ব্বদাই লিখিয়া দেওয়া যায় ও আদালতের উপযুক্ত কর্ম্মকারকের নিকটে দাখিল করা যায়। সেই প্রকারে দাখিল করা গেলে পর যে ব্যক্তি উপস্থিত হইতে ও সওয়ালজওয়াব করিতে ও কার্য্য করিতে সেই প্রকারে ক্ষমতাপন্ন হয় সে আদালতের এক জন উকীল হইলেও ক্ষমতাপত্র যেরূপে সফল হইত সেই রূপে সর্ব্বতোভাবে সফল হইবেক।

[বিশেষ ক্ষমতা না পাইলেও যে স্থলে সেই প্রকারে উপস্থিত হইতে পারিবেক।]

৭৬। যখন বিবাদের বিষয়ে সম্পর্কের ঐক্যপ্রযুক্ত কিম্বা অন্য কোন কারণে দুই কি ততোধিক জন ফরিয়াদীর কি আসামীর আপনারদের অন্য এক কি অনেক জনের নিমিত্তে আইনমতে উপস্থিত হইবার ক্ষমতা থাকে, তখন বিশেষ কোন ক্ষমতা না দেওয়া গেলেও তাহারদের সেই প্রকারে করিবার বাধা ইহার পূর্ব্বের প্রকরণের কোন কথাতে হইবেক না।

[ফরিয়াদীরদের এক কি অধিক জনের উপস্থিত না হইবার ফল। আসামীরদের এক কি অধিক জনের উপস্থিত না হইবার ফল।]

৭৭। যদি দুই কি ততোধিক জন ফরিয়াদী থাকে ও তাহারদের এক কি অধিক জন নিজে কি উকীলের দ্বারা কি উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত কি পূর্ব্বোক্তমতের ক্ষমতাপন্ন সহ-ফরিয়াদীর কি সহ-ফরিয়াদীরদের দ্বারা উপস্থিত হয় ও তাহারদের অন্য এক কি অধিক জন নিজে কি উকীলের দ্বারা কি উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত কি পূর্ব্বোক্তমতের ক্ষমতাপন্ন সহ-ফরিয়াদীর কি সহ-ফরিয়াদীরদের দ্বারা উপস্থিত না হয়, তবে সকল ফরিয়াদী উপস্থিত হইলে বিচারকর্ত্তা যে প্রকারে করিতে পারিতেন সেই প্রকারে অন্য যে এক কি অনেক ফরিয়াদী উপস্থিত হইয়াছে তাহারদের প্রার্থনামতে মোকদ্দমার বিচার করিতে পারিবেন ও মোকদ্দমার ভাবগতিক বুঝিয়া যেরূপ ন্যায্য ও উচিত হয় সেইরূপ হুকুম করিতে পারিবেন। যদি দুই কি ততোধিক জন আসামী থাকে ও তাহারদের এক কি অধিক জন নিজে কি উকীলের দ্বারা কি উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত কি পূর্ব্বোক্তমতের ক্ষমতাপন্ন সহ-আসামীর কি সহ-আসামীরদের দ্বারা উপস্থিত হয় ও তাহারদের অন্য এক কি অধিক জন নিজে কিম্বা উকীলের দ্বারা কিম্বা উপযুক্তমতের ক্ষমতা দেওয়া কি পূর্ব্বোক্ত প্রকারের ক্ষমতাপন্ন সহ-আসামীর কি সহ-আসামীরদের দ্বারা উপস্থিত না হয়, ও যে আসামী কি আসামীরা উপস্থিত হয় তাহারদের বিপক্ষে যদি ফরিয়াদী কি ফরিয়াদীরা মোকদ্দমা ত্যাগ করিতে সম্মত হয়, ও যদি অনুপস্থিত আসামীর কি আসামীরদের

detriment to the rights or interests of the other defendant or defendants, judgment may be given by default against the defendant or defendants who shall have so failed to appear, upon such terms as to the costs of the other defendant or defendants, or otherwise, as to the Judge may seem proper; but if the plaintiff or plaintiffs shall not agree to abandon the suit against the defendant or defendants who shall have appeared, or if judgment cannot be given by default against the defendant or defendants who shall not have appeared, without detriment to the rights or interests of the defendant or defendants who shall have appeared, the Judge shall proceed with the cause to judgment, and shall at the time of passing his judgment give such order with respect to the defendant or defendants who shall not have appeared as shall be just and proper in the circumstances of the case.

[When and how judgment by default may be set aside.]

78. In all cases of judgment against a defendant by default, for non-appearance, he may apply, at any time before the same shall have been finally executed, to the Court by which the judgment was passed, for an order to set it aside; and if it shall be proved to the satisfaction of the Judge that the summons was not duly served, or that the defendant was prevented by any sufficient cause from appearing when the cause was called on for hearing, the Judge shall pass an order to set aside the judgment and shall appoint a day for proceeding with the cause. And in like manner, in all cases of judgment against a plaintiff by default for non-appearance, he may apply, within a reasonable time, for an order to set aside the judgment; and if it shall be proved to the satisfaction of the Judge that the plaintiff was prevented by any sufficient cause from appearing when the cause was called on for hearing, the Judge shall pass an order to set aside the judgment by default, and shall appoint a day for proceeding with the cause. In all cases whatsoever of judgment by default, in which a Judge shall pass an order for setting aside the judgment, his order shall be final; but in all cases in which he shall reject an application to set aside a judgment by default, an appeal shall lie from his order refusing the application, to the tribunal to which his final decision in the suit would be appealable, provided that the appeal be preferred within the time allowed for an appeal from such final decision.

[When the defendant has not been summoned in sufficient time, the plaintiff may apply for a new summons or bring fresh suit.]

79. If it shall not be proved to the satisfaction of the Judge that the summons was duly served on the defendant in sufficient time to enable him to appear in person or by vakeel on the day fixed for the hearing of the cause, the Judge shall, at the option of the plaintiff, either postpone the cause to a future day, and grant him a second summons

বিপক্ষে ত্রুটিপ্রযুক্ত নিষ্পত্তি হইলেও অন্য আসামীর কি আসামীরদের স্বত্বের কি সম্পর্কের ব্যাঘাত না হয় তবে যে আসামী কি আসামীরা সেইরূপে উপস্থিত হইতে ত্রুটি করিয়াছে তাহারদের বিপক্ষে ত্রুটিপ্রযুক্ত নিষ্পত্তি হইতে পারিবেক ও অন্য আসামীর কি আসামীরদের খরচাপ্রভৃতির বিষয়ে বিচারকর্ত্তা যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়ম করিবেন। কিন্তু যে আসামী কি আসামীরা উপস্থিত হয় তাহারদের বিপক্ষে যদি ফরিয়াদী কি ফরিয়াদীরা সেই মোকদ্দমা ত্যাগ করিতে সম্মত না হয়, অথবা যে আসামী কি আসামীরা উপস্থিত হয় তাহারদের স্বত্বের কি সম্পর্কের ব্যাঘাত না করিয়া যদি অনুপস্থিত আসামীর কি আসামীরদের বিপক্ষে ত্রুটিপ্রযুক্ত নিষ্পত্তি না হইতে পারে, তবে বিচারকর্ত্তা নিষ্পত্তি না হওয়াপর্য্যন্ত মোকদ্দমার বিচার করিবেন, ও নিষ্পত্তি করিবার সময়ে অনুপস্থিত আসামীর কি আসামীরদের বিষয়ে তিনি মোকদ্দমার ভাবগতিক বুঝিয়া যেরূপ ন্যায্য ও উচিত হয় সেইরূপ হুকুম করিবেন।

[ত্রুটিপ্রযুক্ত নিষ্পত্তি হইলে তাহার যে গতিকে ও যে প্রকারে অন্যথা হইতে পারিবেক।

৭৮। যে সকল স্থলে আসামীর উপস্থিত না হওয়াতে ত্রুটিপ্রযুক্ত তাহার বিপক্ষে নিষ্পত্তি হয় সেই সকল স্থলে ঐ আসামী ঐ ডিক্রী চূড়ান্তরূপে জারী হইবার আগে কোন সময়ে যে আদালতে নিষ্পত্তি হইয়াছিল সেই আদালতে ঐ হুকুম অন্যথা হইবার প্রার্থনা করিতে পারিবেক। আর সমন উপযুক্তমতে জারী হয় নাই, অথবা যে সময়ে মোকদ্দমা শুনিবার জন্যে তলব হয় সেই সময়ে আসামী উপযুক্ত কোন কারণে উপস্থিত হইতে পারিল না, এই কথার প্রমাণ যদি বিচারকর্ত্তার হৃদ্বোধমতে করা যায়, তবে বিচারকর্ত্তা ঐ ডিক্রী অন্যথা করিবার হুকুম করিবেন ও মোকদ্দমার বিচার করিবার জন্যে দিন নিরূপণ করিবেন। সেই প্রকারেও যে সকল স্থলে ফরিয়াদীর উপস্থিত না হওয়াতে ত্রুটিপ্রযুক্ত তাহার বিপক্ষে নিষ্পত্তি হয়, সেই সকল স্থলে ফরিয়াদী ঐ ডিক্রী অন্যথা হইবার হুকুম হয় এমত প্রার্থনা উপযুক্ত সময়ের মধ্যে করিতে পারিবেক, আর যখন মোকদ্দমা শুনিবার জন্যে তলব হইয়াছিল তখন ফরিয়াদী উপযুক্ত কোন কারণে উপস্থিত হইতে পারিল না এই কথার প্রমাণ যদি বিচারকর্ত্তার হৃদ্বোধমতে করা যায়, তবে ত্রুটিপ্রযুক্ত ঐ ডিক্রী বিচারকর্ত্তা অন্যথা করিবার হুকুম করিবেন ও মোকদ্দমা চালাইবার জন্যে দিন নিরূপণ করিবেন। ত্রুটিপ্রযুক্ত ডিক্রী হইবার যে সকল স্থলে বিচারকর্ত্তা ঐ ডিক্রী অন্যথা করিবার হুকুম করেন সেই সকল স্থলে তাঁহার ঐ হুকুম চূড়ান্ত হইবেক। পরন্তু ত্রুটিপ্রযুক্ত ডিক্রী অন্যথা করিবার দরখাস্ত তিনি যে সকল স্থলে অগ্রাহ্য করেন সেই সকল স্থলে, ঐ মোকদ্দমাতে তাঁহার নিষ্পত্তির উপর যে আদালতে আপীল হইতে পারিত সেই আদালতে ঐ দরখাস্ত অগ্রাহ্য করিবার হুকুমের উপর আপীল হইতে পারিবেক। পরন্তু ঐ শেষ নিষ্পত্তির উপর আপীল হইবার যে মিয়াদ আছে সেই মিয়াদের মধ্যে ঐ আপীল করিতে হইবেক।

[আসামীকে উপযুক্ত সময় থাকিতে সমন না করা গেলে ফরিয়াদী নূতন সমন হইবার দরখাস্ত করিতে পারিবেক কিম্বা নূতন মোকদ্দমা করিতে পারিবেক।

৭৯। মোকদ্দমা শুনিবার নিরূপিত দিবসে আসামী নিজে কিম্বা উকীলের দ্বারা উপস্থিত হইতে পারে এমত সময় থাকিতে তাহার উপর সমন উচিতমতে জারী হইয়াছে এই কথার প্রমাণ যদি বিচারকর্ত্তার হৃদ্বোধমতে না করা যায়, তবে বিচারকর্ত্তা ফরিয়াদীর ইচ্ছামতে সেই মোকদ্দমা শুনিবার জন্যে অন্য দিন নিরূপণ করিয়া আসামীর উপর পূর্ব্বোক্ত প্রকারে জারী

to the defendant, to be served in like manner as aforesaid, in continuation of the existing suit, or permit him to withdraw his suit, and if he shall elect to withdraw his suit, he shall be at liberty to institute a fresh suit for the same matter against the defendant in the same Court, or in any other Court of competent jurisdiction, at any time, unless precluded by the rules for the limitation of actions.

করিবার জন্যে ঐ মোকদ্দমার চলনক্রমে দ্বিতীয় সমন দিতে পারিবেন অথবা ফরিয়াদীকে মোকদ্দমা উঠাইয়া লইতে অনুমতি দিবেন। আর যদি ফরিয়াদী মোকদ্দমা উঠাইয়া লইতে চাহে তবে কোন সময়ে সেই আদালতে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কোন আদালতে সেই আসামীর নামে সেই বিষয় লইয়া নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক। কিন্তু নালিশ করিবার মিয়াদের বিধিক্রমে বাধা হইলে করিতে পারিবেক না।

Of the Examination of the Parties.

[Examination of the parties or their vakeels.]

80. In all suits in which both the parties appear in person or by a vakeel before the Judge, they or their vakeels may be examined orally by the Judge, and it shall be incumbent on them respectively to answer such questions in regard to the suit as he may think proper to put to them.

[Consequence of refusal or inability of vakeel to answer.]

81. If any of the parties shall appear by a vakeel of the Court, and such vakeel shall refuse, or be unable to answer any material question relating to the case, which the Judge is of opinion that the party whom he represents ought to answer, and is likely to be able to answer if interrogated in person, the Judge shall postpone the hearing of the cause to a future day, and direct that the party whose vakeel may have refused, or been unable to answer as aforesaid, shall attend in person on such day, and shall pay the costs of the opposite party; and if the party so directed to attend shall fail to appear in person on the day to be so appointed, the Judge may pass judgment against him, as in case of default, or give such other order in relation to the cause as he may deem proper in the circumstances of the case.

উভয় পক্ষের জোবানবন্দী লইবার কথা।

[উভয় পক্ষের কি তাহাদের উকীলেরদের জোবানবন্দী লওন।]

৮০। যে সকল মোকদ্দমাতে উভয় পক্ষ নিজে কি উকীলের দ্বারা বিচারকর্ত্তার সম্মুখে উপস্থিত হয় সেই সকল মোকদ্দমায় বিচারকর্ত্তা তাহারদের কি তাহারদের উকীলেরদের বাচনিক জোবানবন্দী লইতে পারিবেন, ও মোকদ্দমাসম্পর্কীয় যে সকল কথা তিনি তাহারদিগকে জিজ্ঞাসা করা উচিত বোধ করেন সেই সকল কথার উত্তর তাহারদের করিতেই হইবেক।

[উকীল উত্তর দিতে অস্বীকার করিলে কি না পারিলে তাহার ফল।]

৮১। যদি উভয় পক্ষের মধ্যে কোন পক্ষ আদালতের কোন উকীলের দ্বারা উপস্থিত হয়, ও যদি সেই উকীল মোকদ্দমাসম্পর্কীয় কোন গুরুতর জিজ্ঞাসার উত্তর দিতে অস্বীকার করে কি না পারে, ও বিচারকর্ত্তা যদি বোধ করেন যে উকীল যে ব্যক্তির নিমিত্তে উপস্থিত আছে তাহাকেই ঐ কথা জিজ্ঞাসা করা গেলে তাহার ঐ কথার উত্তর দেওয়া উচিত হইত ও সে দিতে পারিত এমত সম্ভাবনা হয়, তবে বিচারকর্ত্তা ঐ মোকদ্দমা শুনিবার অন্য এক দিন নিরূপণ করিবেন, ও যে পক্ষের উকীল পূর্ব্বোক্তমতে উত্তর দিতে অস্বীকার করিল কি অপারগ হইল সেই পক্ষ নিজে সেই দিনে হাজির হয় ও বিপক্ষ পক্ষের খরচা দেয় এমত আজ্ঞা করিবেন। সেই প্রকারের আজ্ঞা পাওয়া ব্যক্তি যদি সেই প্রকারের নিরূপিত দিবসে নিজে উপস্থিত না হয়, তবে বিচারকর্ত্তা ত্রুটি হইবার মতে তাহার বিপক্ষে নিষ্পত্তি করিবেন, অথবা বিষয়ের ভাবগতিক বুঝিয়া তিনি মোকদ্দমার সম্পর্কে অন্য যে কোন হুকুম করা উচিত বোধ করেন তাহা করিবেন।

Of the Production of Documents.

[Documentary evidence to be produced at first hearing.]

82. The parties, or their vakeels, shall bring with them, and have in readiness at the first hearing of the cause, to be produced when called upon by the Court, all their documentary evidence of every description, and all documents, writings, or other things which may have been specified in any notice to produce which may have been served on them respectively within a reasonable time before the hearing of the cause; and no documentary evidence of any kind, which the parties or any of them may desire to produce, shall be received by the Court at any subsequent stage of the proceedings, unless good cause be shown to its satisfaction for the non-production of the document at the first hearing.

দলীল উপস্থিত করিবার কথা।

[দলীল মোকদ্দমা প্রথম শুনিবার সময়ে উপস্থিত করিতে হইবেক।]

৮২। উভয় পক্ষ কি তাহারদের উকীলেরা যে দলীলক্রমে প্রমাণ করিবেক সেইরূপ সর্ব্ব প্রকারের দলীল, ও দলীল উপস্থিত করিবার যে কোন এত্তেলা মোকদ্দমা শুনিবার পূর্ব্বে উপযুক্ত সময় থাকিতে তাহারদের উপর জারী করা গিয়া থাকে সেই এত্তেলার মধ্যে যে সকল দলীল কি খৎ কি অন্য দ্রব্য নির্দ্দিষ্ট হইয়া থাকে তাহা সকলই সঙ্গে করিয়া আনিবেক, ও মোকদ্দমা প্রথমবার শুনিবার সময়ে আদালত আজ্ঞা করিলেই উপস্থিত করিবার জন্যে প্রস্তুত রাখিবেক। ও উভয় পক্ষ কি তাহারদের কেহ কোন প্রকারের যে কোন দলীল প্রমাণস্বরূপে উপস্থিত করিতে চাহে তাহা তৎপরে মোকদ্দমা চলিবার কোন সময়ে আদালতের দ্বারা গ্রাহ্য হইবেক না। কিন্তু যদি ঐ দলীল প্রথমবার শুনিবার সময়ে উপস্থিত না করিবার উপযুক্ত কারণ আদালতের সন্তোষমতে প্রকাশ করা যায় তবে গ্রাহ্য হইতে পারিবেক।

[Exhibits may be admitted or rejected by the Court.]

83. All exhibits produced by the parties shall be received and inspected by the Court; but it shall be competent to the Court, after inspection, to reject any exhibit which it may consider irrelevant or otherwise inadmissible.

[Unstamped documents may be received on payment of duty and penalty.]

84. If the exhibit be a deed, instrument, or writing, chargeable with stamp duty under the existing Regulations of the Bengal Code, or Acts of the Council of India, it shall not be received in evidence if unstamped, or not sufficiently stamped, until the whole or the deficiency (as the case may be) of the stamp duty and the penalty required by the existing Regulations of the Bengal Code or Acts of the Council of India shall have been paid to the clerk or proper officer of the Court.

[Duty and penalty to be received by officer of Court.]

85. Such officer shall, upon payment to him of the whole, or of the deficiency (as the case may be) of the stamp duty payable upon or in respect of such document, and of the penalty required by the Regulations of the Bengal Code or Acts of the Council of India, give a receipt for the amount of the duty or deficiency which the Judge shall determine to be payable, and also of the penalty; and thereupon such document shall be admissible in evidence, saving all just exceptions on other grounds; and an entry of the fact of such payment and of the amount thereof shall be made in a book kept by such officer; and such officer shall at the end of every month duly make a return to the collector of revenue of the Zillah of the monies (if any) which he has so received by way of duty or penalty, distinguishing between such monies, and stating the number and title of the cause and the names of the parties from whom he received such monies, and the date, if any, and description of the document, for the purpose of identifying the same; and he shall pay over the said monies to the collector of revenue, or to such person as he may appoint or authorize to receive the same; and the collector of revenue, or other proper authority, shall, upon production of the receipt hereinbefore mentioned, cause such documents to be stamped with the proper stamp or stamps in respect of the sums so paid as aforesaid.

[How admitted exhibits are to be marked.]

86. When an exhibit is received by the Court, and admitted in evidence, it shall be endorsed with the number and title of the suit, the name of the party producing it, and the date on which it was produced, and shall be filed as part of the record.

[দলীলদস্তাবেজ আদালতের দ্বারা গ্রাহ্য কি অগ্রাহ্য হইতে পারিবেক।]

৮৩। উভয় পক্ষ যে সকল দলীলদস্তাবেজ উপস্থিত করে তাহা আদালত গ্রাহ্য করিবেন ও তাহাতে দৃষ্টি করিবেন। কিন্তু দৃষ্টি করিলে পর আদালতের এই ক্ষমতা থাকিবেক যে, তাহার মধ্যে যে কোন দলীলদস্তাবেজ মোকদ্দমার অসম্পর্কীয় কি অন্য প্রকারে গ্রাহ্য হইবার অনুপযুক্ত বোধ করেন তাহা অগ্রাহ্য করেন।

[ইষ্টাম্প না হওয়া দলীলের মাসুল ও অর্থদণ্ড দেওয়া গেলে গ্রাহ্য হইতে পারিবেক।]

৮৪। বাঙ্গলা দেশের চলিত আইন কি ভারতবর্ষের কৌন্সেলের আক্টক্রমে যাহার উপর ইষ্টাম্পের মাসুল লাগিতে পারে ঐ দলীলদস্তাবেজ যদি সেই প্রকারের দলীল কি খৎ কি লিপি হয়, তবে তাহার উপর ইষ্টাম্প না থাকিলে কি উপযুক্ত মূল্যের ইষ্টাম্প না থাকিলে, যেপর্য্যন্ত ইষ্টাম্পের সমুদয় মাসুল কি বিষয়বিশেষে তাহার অবশিষ্ট মূল্য, ও বাঙ্গলা দেশের চলিত আইনের কি ভারতবর্ষের কৌন্সেলের আক্টের আজ্ঞা করা অর্থদণ্ড আদালতের ক্লার্ককে কি উপযুক্ত কর্ম্মকারককে না দেওয়া যায়, সেইপর্য্যন্ত ঐ দলীলদস্তাবেজ প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবেক না।

[আদালতের কর্ম্মকারক ঐ মাসুল ও অর্থদণ্ড গ্রহণ করিবেন।]

৮৫। সেই দলীলের উপর কি তাহার সম্পর্কে ইষ্টাম্পের যে সমুদয় মাসুল কি বিষয়বিশেষে তাহার যে অবশিষ্ট মূল্য দিতে হয় তাহা, ও বাঙ্গলা দেশের আইন কি ভারতবর্ষের কৌন্সেলের আক্টক্রমে যে অর্থদণ্ড দিবার আজ্ঞা হয় তাহা ঐ কর্ম্মকারককে দেওয়া গেলে, তিনি ঐ মাসুলের কি বিচারকর্ত্তা তাহার অবশিষ্ট যত টাকা দেনা নির্দ্ধার্য্য করিবেন তাহার ও সেই অর্থদণ্ডের টাকার রসীদ দিবেন: তাহা হইলে ঐ দলীল প্রমাণস্বরূপ গ্রাহ্য হইতে পারিবেক, কিন্তু অন্য কোন হেতুতে তাহার উপর ন্যায্যমতে আপত্তি হইলে হইতে পারিবেক। ও সেই কর্ম্মকারক যে এক বহী রাখিবেন তাহাতে ঐ টাকা দেওয়া যাইবার কথা ও যত টাকা দেওয়া গিয়াছে তাহা লিখিবেন। ও সেই কর্ম্মকারক মাসুল কি অর্থদণ্ড বলিয়া যে সকল টাকা পাইয়া থাকেন তাহার রিটর্ণ জিলার রাজস্বের কালেক্টর সাহেবকে প্রতিমাসের শেষে উপযুক্তমতে পাঠাইবেন, ও মাসুল ও অর্থদণ্ড বলিয়া যে টাকা পাওয়া গিয়াছিল তাহা বিশেষ করিয়া লিখিবেন, ও মোকদ্দমার নম্বর ও খ্যাতি, ও যে ব্যক্তিরদের স্থানে ঐ টাকা পাওয়া গিয়াছে তাহারদের নাম, ও দলীল নিশ্চয়মতে জানিবার জন্যে সেই দলীলের তারিখ থাকিলে তাহা, ও দলীল যে প্রকারের হয় তাহার কথা লিখিবেন, ও তিনি সেই সকল টাকা রাজস্বের কালেক্টর সাহেবকে দিবেন কিম্বা ঐ সাহেব সেই টাকা লইতে যে কোন ব্যক্তিকে নিযুক্ত করেন কি ক্ষমতা দেন তাহাকে দিবেন। ও রাজস্বের কালেক্টর সাহেবকে কি উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারককে উহার পূর্ব্বের লিখিত রসীদ দেখান গেলে তিনি পূর্ব্বোক্ত প্রকারের দেওয়া টাকার উপলক্ষে ঐ সকল দলীলে উপযুক্ত এক কি অধিক ইষ্টাম্প বসাইবেন।

[যে দলীল গ্রাহ্য হয় তাহার উপর যে চিহ্ন দিতে হইবেক।]

৮৬। যখন কোন দলীলদস্তাবেজ আদালতে গ্রহণ করা যায় ও প্রমাণস্বরূপ গ্রাহ্য হয়, তখন তাহার পৃষ্ঠে মোকদ্দমার নম্বর ও খ্যাতি ও যে ব্যক্তি তাহা উপস্থিত করে তাহার নাম ও যে তারিখে তাহা উপস্থিত করা যায় তাহা লেখা যাইবেক, ও তাহা মোকদ্দমার কাগজপত্রের শামিল করা যাইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১০ আপ্রিল।]

[Rejected exhibits to be marked and returned.]

87. When an exhibit is rejected by the Court, it shall be endorsed in the manner specified in the last preceding Article, with the addition of the word "rejected," and the endorsement shall be subscribed by the Judge. The exhibit shall then be returned to the party who produced it, unless the Court shall think proper, for special reasons, to reclaim it; and in all cases in which a rejected exhibit is returned, a certified copy of the exhibit and the endorsement shall be kept by the Court.

[যে দলীল অগ্রাহ্য হয় তাহাতে চিক দিয়া ফিরিয়া দেওয়া যাইবেক।]

৮৭। যখন কোন দলীল আদালতে অগ্রাহ্য হয় তখন তাহার পৃষ্ঠে ইহার পূর্ব্বের প্রকরণের লিখিতমত কথা লেখা যাইবেক ও তদ্ভিন্ন "অগ্রাহ্য হইল" এই কথাও লেখা যাইবেক ও পৃষ্ঠের লিখিত সেই কথাতে বিচারকর্ত্তা দস্তখৎ করিবেন। তৎপরে যে জন ঐ দলীলদস্তাবেজ উপস্থিত করিয়াছিল তাহাকে তাহা ফিরিয়া দেওয়া যাইবেক, কিন্তু আদালত বিশেষ কারণে তাহা পুনর্ব্বার তলব করা উপযুক্ত বোধ করিলে তলব করিতে পারিবেন। আর অগ্রাহ্যকরা দলীলদস্তাবেজ যখন ফিরিয়া দেওয়া যায় তখন ঐ দলীলদস্তাবেজের ও তাহার পৃষ্ঠের লিখিত কথার সর্টিফিকটযুক্ত নকল আদালতে রাখা যাইবেক।

[When exhibit admitted in evidence may be returned.]

88. When the time for appealing has elapsed, or in case the suit has been appealed, then after the appeal has been finally disposed of, either party shall be entitled, on application to the Court in which the exhibit may be, to receive back any document produced by him in the suit unless the further use of such exhibit has been superseded by the terms of the decree, or the Court has directed it to be detained for purposes of public justice, as on suspicion of forgery.

[যে দলীলদস্তাবেজ প্রমাণস্বরূপ গ্রাহ্য হয় তাহা যে সময়ে ফিরিয়া দেওয়া যাইবেক।]

৮৮। যখন আপীল করিবার সময় অতীত হয়, কিম্বা যদি মোকদ্দমার উপর আপীল হইয়া থাকে তবে সেই আপীলী মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি যখন হইয়াছে, তখন যে পক্ষ যে কোন দলীল ঐ মোকদ্দমাতে উপস্থিত করিয়াছিল সেই পক্ষ ঐ দলীল যে আদালতে থাকে সেই আদালতে দরখাস্ত করিয়া তাহা ফিরিয়া পাইতে পারিবেক। কিন্তু যদি ডিক্রীর লিখিত কথাক্রমে ঐ দলীলদস্তাবেজের আর ব্যবহার না হইতে নিষেধ হইয়াছে, কিম্বা জালপ্রভৃতি হইয়াছে এমত সন্দেহপ্রযুক্ত যদি আদালত সুবিচার রক্ষা করণার্থে তাহা রাখিবার আজ্ঞা করেন, তবে সেই দস্তাবেজ ফিরিয়া দেওয়া যাইবেক না।

[May be returned sooner, for special reasons.]

89. Any exhibit may be returned before the time mentioned in the last preceding Article, if the Judge of the Court in which the document may happen to be shall think proper, for special reasons, to order its return.

[বিশেষ কারণ থাকিলে তাহার আগে ফিরিয়া দেওয়া যাইতে পারিবেক।]

৮৯। যে আদালতে দলীল থাকে সেই আদালতের বিচারকর্ত্তা যদি বিশেষ কারণে তাহা ফিরিয়া দিবার হুকুম করা উচিত বোধ করেন, তবে ইহার পূর্ব্বের প্রকরণে যে সময় নির্দ্দিষ্ট হইয়াছে তাহার আগে কোন দলীলদস্তাবেজ ফিরিয়া দেওয়া যাইতে পারিবেক।

[Certified copy of returned exhibits to be kept.]

90. In all cases in which a document once received by a Court of Justice and admitted in evidence is restored, a copy, properly certified, shall be substituted for it in the record of the suit, and a receipt shall be given by the party receiving it in a separate receipt book kept for the purpose.

[দলীলদস্তাবেজ ফিরিয়া দেওয়া গেলে তাহার সর্টিফিকটযুক্ত নকল রাখিতে হইবেক।]

৯০। কোন দলীল আদালতের দ্বারা একবার গ্রহণ করা গেলে ও প্রমাণস্বরূপে গ্রাহ্য হইলে, তাহা যখন ফিরিয়া দেওয়া যায় তখন তাহার পরিবর্ত্তে তাহার উপযুক্তমতে সর্টিফিকটকরা এক কেতা নকল সম্বন্ধীয় মোকদ্দমার কাগজপত্রের শামিল করা যাইবেক, ও যে জন তাহা লয় সে তাহার এক রসীদ, সেই প্রকারের রসীদ লিখিবার স্বতন্ত্র এক বহীতে লিখিয়া দিবেক।

[Court may send for papers from its own records or from other public offices or Courts.]

91. Any Civil Court may, of its own accord, or upon the application of any of the parties to a suit, send for, either from its own records, or from any other public office or Court, the record of any other suit or case, and inspect the same, when the inspection of such record or any part of it shall appear likely to elucidate the facts of the suit before the Court, and to promote the ends of justice.

[আদালত আপনার কিম্বা সরকারী অন্য দপ্তরখানার কি আদালতের সিরিশ্তাহইতে কাগজপত্র তলব করিতে পারিবেন।]

৯১। দেওয়ানী কোন আদালত যদি বোধ করেন যে অন্য কোন মোকদ্দমার কাগজপত্র কি তাহার কোন অংশ দৃষ্টি করিলে তাঁহার সম্মুখে যে মোকদ্দমা উপস্থিত আছে তাহার বৃত্তান্ত আরো স্পষ্ট করা যায় ও যথার্থ বিচারের ফলোৎপন্ন হয়, তবে সেই আদালত আপনার ইচ্ছামতে কিম্বা কোন মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনামতে আপনার কাগজপত্রহইতে কিম্বা সরকারী অন্য কোন দপ্তরখানাহইতে কি আদালতহইতে অন্য কোন মোকদ্দমার কি বিষয়ের কাগজপত্র আনাইতে ও দৃষ্টি করিতে পারিবেন।

Of the Settlement of Issues.

[Framing of Issues.]

92. If in the course of the oral examination to the parties or their vakeels, it shall appear that they are not at issue upon any question of law or

ইস্যু নির্ণয়ের কথা।

[ইস্যু প্রস্তুত করণ।]

৯২। যদি উভয় পক্ষের কি তাঁহারদের উকীলেরদের বাচনিক জোবানবন্দী লইবার সময়ে দৃষ্ট হয় যে তাহারদের বিবাদ আইন কি বৃত্তান্তঘটিত কোন বিষয়

fact, the Court may at once give judgment; and if it shall appear that they are at issue on some question of law or fact, the Judge, after he shall have satisfied himself by such oral examination of the parties or their vakeels, on what questions of law or fact they are really at issue, will proceed to frame and record the issues of law and fact on which the right decision of the case may appear to him to depend.

[Written statements may be tendered by the parties to assist the Judge at the first hearing of the cause.]

93. For the purpose of assisting the Judge in framing the issues, the parties or their vakeels may tender at the first hearing of the cause written statements of their respective cases, which statements the Judge shall receive and peruse, and put on the record; but he may, nevertheless, frame the issues from the allegations of fact which he collects from the oral examinations, notwithstanding any difference between such allegations of fact, and the allegations of fact contained in the written statements so tendered by the parties or their vakeels.

[No statement to be taken hereafter unless called for by the Judge.]

94. No such written statement shall be received after the first hearing of the cause, unless called for by the Judge under the power hereinafter contained.

[Judge may at any time call for a written statement.]

95. It shall be competent to the Judge, at any time before final judgment, to call for a written statement, or an additional written statement, from any of the parties, for the purpose of assisting him to frame or amend the issues.

[How written statements are to be framed.]

96. Written statements shall be as brief as the nature of the case will admit, and shall not be argumentative, nor by way of answer one to the other; but each statement shall be confined, as much as possible, to a simple narrative of the facts which the party by whom or on whose behalf the written statement is made believes to be material to the case, and which he believes he will be able to prove if called upon by the Court.

[To be continued.]

লইয়া হয় না, তবে আদালত একেবারে নিষ্পত্তি করিতে পারিবেন। আর যদি দৃষ্ট হয় যে আইন কি বৃত্তান্তঘটিত কোন বিষয় লইয়া বিবাদ হইতেছে তবে আইন কি বৃত্তান্তঘটিত যে২ বিষয় লইয়া নিতান্ত বিবাদ হইতেছে তাহা বিচারকর্ত্তা ঐ উভয় পক্ষের কি তাহারদের উকীলেরদের ঐরূপ বাচনিক জোবানবন্দী লইয়া স্বজ্ঞাতমতে জানিলে পর তাঁহার বিবেচনাতে আইন ও বৃত্তান্তঘটিত যে২ বিষয়ের নিষ্পত্তি হইলে মোকদ্দমার ন্যায্যমতে নিষ্পত্তি হয় তাহা তিনি নির্ণয় করিয়া রিকার্ড করিবেন।

[মোকদ্দমা প্রথমে শুনিবার সময়ে উভয় পক্ষ বিচারকর্ত্তার সাহায্যের জন্যে এজহার লিখিয়া দিতে পারিবেক।]

৯৩। ইসু নির্ণয় করিতে বিচারকর্ত্তার সাহায্য করিবার জন্যে মোকদ্দমা প্রথমে শুনিবার কালে উভয় পক্ষ কি তাহারদের উকীলেরা আপন২ বিষয়ের লিখিত এজহার দিতে পারিবেক ও বিচারকর্ত্তা সেই এজহার লইয়া পাঠ করিবেন ও কাগজপত্রের শামিল করিবেন। পরন্তু তাহারদের বাচনিক জোবানবন্দী শুনিয়া যে পক্ষ যে বৃত্তান্ত ব্যক্ত করে তাহা মিলাইয়া তিনি ইসু নির্ণয় করিতে পারিবেন আর তাহারদের সেইরূপ ব্যক্তকরা বৃত্তান্তের সঙ্গে উভয় পক্ষ কি তাহারদের উকীলেরা যে লিখিত এজহার উক্ত প্রকারে দেয় তাহার ব্যক্তকরা বৃত্তান্তের কোন অনৈক্য হইলেও সেই ইসু লিখিবেন।

[বিচারকর্ত্তা না চাহিলে তৎপরে কোন এজহার দেওয়া যাইবেক না।]

৯৪। যদি বিচারকর্ত্তা ইহার পরের লিখিত ক্ষমতাক্রমে তলব না করেন তবে মোকদ্দমা প্রথমে শুনিবার পরে সেই প্রকারের লিখিত এজহার গ্রাহ্য হইবেক না।

[বিচারকর্ত্তা কোন সময়ে লিখিত এজহার চাহিতে পারিবেন।]

৯৫। বিচারকর্ত্তার এই ক্ষমতা থাকিবেক যে শেষ নিষ্পত্তি করিবার পূর্ব্বে কোন সময়ে ইসু নির্ণয় করিবার কি সংশোধন করিবার কার্য্যে আপনার সাহায্যের নিমিত্তে কোন পক্ষের স্থানে লিখিত এজহার কিম্বা অতিরিক্ত লিখিত এজহার তলব করেন।

[লিখিত এজহার যে প্রকারে প্রস্তুত করিতে হইবেক।]

৯৬। ঐ লিখিত এজহার, বিষয়ের ভাব বুঝিয়া যত সংক্ষেপে হইতে পারে তত সংক্ষেপ করিয়া লেখা যাইবেক, ও তাহাতে কোন তর্কবিতর্ক থাকিবেক না, ও এক জনের প্রতি অন্যের উত্তরস্বরূপ লেখা যাইবেক না। কিন্তু যে পক্ষের দ্বারা কি যে পক্ষের তরফে ঐ লিখিত এজহার করা যায় সে যে২ বৃত্তান্ত গুরুতর বোধ করে, ও আদালতহইতে আজ্ঞা হইলে যে২ বৃত্তান্তের প্রমাণ করিতে পারিবেক বোধ করে, কেবল সেই২ বৃত্তান্তের সামান্য বিবরণ ঐ এজহারে সাধ্যমতে লেখা যাইবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১০ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 14, 1

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১৭ আপ্রিল।

DRAFT OF ACT.

THE INDIAN PENAL CODE.

[Continued from page 261.]

CHAPTER IX.

OF OFFENCES BY OR RELATING TO PUBLIC SERVANTS.

[Public servant taking a gratification other than legal remuneration, in respect of an official act.]

1.* Whoever, being or expecting to be a public servant, accepts or obtains, or agrees to accept, or attempts to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever, other than legal remuneration, as a motive or a reward for doing or forbearing to do any official act, or for shewing or forbearing to shew, in the exercise of his official functions, favor or disfavor to any person, or for rendering or attempting to render any service or disservice to any person with the Legislative or Executive Government of India, or with the Government of any Presidency or with any Lieutenant Governor, or with any public servant. as such, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or both.

Explanations. "Expecting to be a public servant." If a person not expecting to be in office obtains a gratification by deceiving others into a belief that he is about to be in office, and that he will then serve them, he may be guilty of cheating,

* For the definition of the words "public servant" see Clause 17 Chapter II.

For the offence of "offering a bribe" see Chapter V. Clauses 5 and 13.

আইনের মুসাবিদা

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।

[২৬১ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

৯ অধ্যায়।

সরকারী কার্য্যকারকেরদের করা কি তাঁহারদের সম্বন্ধীয় অপরাধ।

[সরকারী কার্য্যকারক স্বীয় পদের কর্ম্মের সম্পর্কে আইনমতের বেতনভাতা ভিন্ন পারিতোষিক গ্রহণ করিলে।]

১।* সরকারী কার্য্যকারক হইয়া কি হইবার অপেক্ষা করিয়া কোন ব্যক্তি যদি আপন পদের কোন কর্ম্ম করিবার কি করিতে ক্ষান্ত হইবার, কিম্বা আপন পদের কর্ম্ম নির্ব্বাহ করণ কালে কোন ব্যক্তির প্রতি অনুগ্রহ কি নিগ্রহ প্রকাশ করিবার কি করিতে ক্ষান্ত হইবার, কিম্বা ভারতবর্ষের ব্যবস্থাপক কি কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টকে কি কোন রাজধানীর গবর্ণমেণ্টকে কি কোন লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবকে কি সরকারী কার্য্যকারকস্বরূপ কোন ব্যক্তিকে অনুরোধ করিয়া কোন লোকের উপকার কি অনুপকার করিবার কি করিতে উদ্যোগ করিবার প্রবৃত্তিজনকভাবে কি পুরস্কারস্বরূপে আইনমতের বেতনভাতা ভিন্ন কোন লোকের স্থানে আপনার কি অন্য কোন কাহার নিমিত্তে কিছুমাত্র পারিতোষিক গ্রহণ করেন কি পান কি গ্রহণ করিতে স্বীকার করেন কি পাইতে উদ্যোগ করেন, তবে তিনি তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেন কিম্বা তাঁহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

ব্যাখ্যা। "সরকারী কার্য্যকারক হইবার অপেক্ষা করিয়া।" যদি কোন লোক সেইরূপ পদে নিযুক্ত হইবার অপেক্ষা না করিয়াও প্রবঞ্চনা করিয়া, ও আমি সেইরূপ পদে নিযুক্ত হইব. হইলে তোমারদের উপকার করিব, অন্য লোকেরদের এইপ্রকার বিশ্বাস জন্মাইয়া, তাহারদের স্থানে পারিতোষিক লয়, তবে সে ঠগামী করিবার

* "সরকারী কার্য্যকারক" এই কথার অর্থ ২ অধ্যায়ের ১৭ প্রকরণে আছে।

"ঘুষ দিতে প্রস্তাব করিবার যে অপরাধ" তাহার কথা ৫ অধ্যায়ের ৫ ও ১৩ প্রকরণে আছে।

but he is not guilty of the offence defined in this Clause.

"Gratification." The word "gratification" is not restricted to pecuniary gratifications, or to gratifications estimable in money.

"Legal remuneration." The words "legal remuneration" are not restricted to remuneration which a public servant can lawfully demand, but include all remuneration which he is permitted by the Government which he serves to accept.

"A motive or a reward for doing." A person may receive a gratification as a motive for doing what he does not intend to do; or as a reward for doing what he has not done.

Illustrations.

(*a*) A, a Moonsiff, obtains from Z, a banker, a situation in Z's bank for A's brother, as a reward to A for deciding a cause in favor of Z. A has committed the offence defined in this Clause.

(*b*) A, holding the office of Resident at the court of a subsidiary power, accepts a lac of rupees from the minister of that power. It does not appear that A accepted this sum as a motive or a reward for doing or forbearing to do any particular official act, or for rendering or attempting to render any particular service to that power with the British Government. But it does appear that A accepted the sum as a motive or a reward for generally shewing favor in the exercise of his official functions to that power. A has committed the offence defined in this Clause.

(*c*) A, a public servant, induces Z erroneously to believe that A's influence with the Government has obtained a title for Z, and thus induces Z to give A money as a reward for this service. A has committed the offence defined in this Clause.

[Taking a gratification in order by corrupt or illegal means to influence a public servant.]

2. Whoever accepts, or obtains, or agrees to accept, or attempts to obtain, from any person, for himself or for any other person, any gratification whatever as a motive or a reward for inducing, by corrupt or illegal means, any public servant to do or to forbear to do any official act, or in the exercise of the official functions of such public servant to show favor or disfavor to any person, or to render or attempt to render any service or disservice to any person with the Legislative or Executive Government of India, or with the Government of any Presidency, or with any Lieutenant Governor, or with any public servant, as such, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or both.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৪ আপ্রিল।]

দোষী বটে কিন্তু এই প্রকরণের লিখিত অপরাধের দোষী নয়।

"পারিতোষিক।" পারিতোষিক শব্দেতে টাকার পারিতোষিক কিম্বা যাহার মূল্য টাকাতে নিরূপণ হয় তাহা ভিন্ন অন্য প্রকারের পারিতোষিকও বুঝায়।

"আইনমতের মেহনতানা"। আইনমতের মেহনতানা এই শব্দেতে সরকারী কার্য্যকারক আইনমতে যে মেহনতানার দাওয়া করিতে পারেন তাহাও বুঝায় ও তদ্ভিন্ন তিনি যে গবর্ণমেণ্টের অধীনে কর্ম্ম করেন সেই গবর্ণমেণ্টের অনুমতিক্রমে অন্য যে মেহনতানা গ্রহণ করিতে পারেন তাহাও বুঝায়।

"করিবার প্রবৃত্তি কি পুরস্কার।" কোন ব্যক্তির যাহা করিবার অভিপ্রায় না থাকে তাহাও করিবার প্রবৃত্তিজনকভাবে কিম্বা যাহা করেন নাই এমত কর্ম্ম করিবার পুরস্কারস্বরূপে যাহা লইয়া থাকিবেক তাহা পারিতোষিক।

উদাহরণ।

(ক) কালু নামে এক জন মুনসেফ যদু নামে এক কুঠীওয়ালার পক্ষে মোকদ্দমা নিষ্পন্ন করিয়াছেন, তাহার পুরস্কারস্বরূপে যদুর কুঠীতে কালুর ভাইয়ের একটা কর্ম্ম করিয়া দেওয়া গিয়াছে। এমত স্থলে কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছেন।

(খ) কোন সাহেব সংস্কৃষ্ট কোন রাজদরবারে রেসিডেণ্ট পদ পাইয়াছেন। সেই সাহেব ঐ রাজার মন্ত্রির স্থানে লক্ষ টাকা গ্রহণ করেন। ঐ সাহেব আপন পদসম্পর্কীয় কোন বিশেষ কর্ম্ম করিবার কি করিতে ক্ষান্ত হইবার কিম্বা ব্রিটনীয় গবর্ণমেণ্টকে অনুরোধ করিয়া ঐ রাজার কোন বিশেষ উপকার করিবার কি করিতে উদ্যোগ করিবার প্রবৃত্তি কি পুরস্কারস্বরূপে যে ঐ টাকা গ্রহণ করিয়াছেন এমত দৃষ্ট হয় না। কিন্তু আপন পদের কার্য্য নির্ব্বাহ করণেতে ঐ রাজাকে সাধারণমতে অনুগ্রহ প্রকাশ করিবার প্রবৃত্তি কি পুরস্কারস্বরূপে সাহেব ঐ টাকা গ্রহণ করিয়াছেন ইহা দৃষ্ট হয়। তবে ঐ সাহেব এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছেন।

(গ) কালু নামে সরকারী এক জন কার্য্যকারক যদুকে ভুলাইয়া তাহার এমন বিশ্বাস জন্মাইয়া দেন যে গবর্ণমেণ্টের নিকটে সেই কালুর অনুরোধে যদু পদবী পাইয়াছে। এই কর্ম্মের পুরস্কার বলিয়া যদুর স্থানে কালু কিছু টাকা লন। ইহাতে কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছেন।

[কুৎসিত কি বেআইনীমতের উপায়ে সরকারী কার্য্যকারককে লওয়াইবার নিমিত্তে পারিতোষিক গ্রহণ।]

২। যদি কোন লোক কুৎসিত কি বেআইনীমতের উপায়ে সরকারী কোন কার্য্যকারককে আপন পদের কোন কর্ম্ম করিবার কি করিতে ক্ষান্ত হইবার, কিম্বা সেই সরকারী কার্য্যকারকের পদের কর্ম্ম নির্ব্বাহ করণ কালে কোন ব্যক্তির প্রতি অনুগ্রহ কি নিগ্রহ প্রকাশ করিবার, কিম্বা ভারতবর্ষের ব্যবস্থাপক কি কর্ত্তৃত্ব কর্ম্মনির্ব্বাহক গবর্ণমেণ্টকে কি কোন রাজধানীর গবর্ণমেণ্টকে কি কোন লেপ্টেনেণ্ট গবরনর সাহেবকে কি সরকারী কার্য্যকারকস্বরূপ কোন ব্যক্তিকে অনুরোধ করিয়া কোন লোকের কিছু উপকার কি অনুপকার করিবার কি করিতে উদ্যোগ করিবার প্রবৃত্তি জনকভাবে, কিম্বা পুরস্কারস্বরূপে কিছু পারিতোষিক কোন লোকের স্থানে আপনার কি অন্য কোন কাহার নিমিত্তে গ্রহণ করে কি পায় কি গ্রহণ করিতে স্বীকার করে কি পাইতে উদ্যোগ করে, তবে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা হইবেক কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Taking a gratification for the exercise of personal influence with public servant.]

3. Whoever accepts or obtains, or agrees to accept or attempts to obtain, from any person, for himself, or for any other person, any gratification whatever, as a motive or a reward for inducing, by the exercise of personal influence, any public servant to do or to forbear to do any official act, or in the exercise of the official functions of such public servant to show favor or disfavor to any person, or to render or attempt to render any service or disservice to any person with the Legislative or Executive Government of India, or with the Government of any Presidency, or with any Lieutenant Governor, or with any public servant, as such, shall be punished with simple imprisonment for a term which may extend to one year, or with fine, or both.

Illustration.

An advocate who receives a fee for arguing a case before a Judge; a person who receives pay for arranging and correcting a memorial addressed to Government setting forth the services and claims of the memorialist; a paid agent for a condemned criminal, who lays before the Government statements tending to show that the condemnation was unjust; are not within this Clause, inasmuch as they do not exercise or profess to exercise personal influence.

[Punishment for abetment by public servant of the offences above defined.]

4. Whoever, being a public servant in respect of whom either of the offences defined in the last two preceding Clauses is committed, abets the offence, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or both.

Illustration.

A is a public servant. B, A's wife, receives a present as a motive for soliciting A to give an office to a particular person. A abets her doing so. B is punishable with imprisonment for a term not exceeding one year, or fine, or both. A is punishable with imprisonment for a term which may extend to three years, or fine, or both.

[Public servant obtaining any valuable thing, without consideration, from person concerned in any proceeding or business transacted by such public servant.]

5. Whoever, being a public servant, accepts or obtains, or agrees to accept or attempts to obtain, for himself or for any other person, any valuable thing, without consideration, or for a consideration which he knows to be inadequate, from any person whom he knows to have been, or to be, or to be likely to be concerned or interested in any

[সরকারী কার্য্যকারকের নিকটে আপন মান্যতার বলে কোন কার্য্য করিবার নিমিত্তে পারিতোষিক গ্রহণ করণ।]

৩। যদি কোন ব্যক্তি আপন মান্যতার বলে সরকারী কোন কার্য্যকারককে আপন পদের কোন কর্ম্ম করিবার কি করিতে ক্ষান্ত হইবার, কিম্বা সেই সরকারী কার্য্যকারকের পদের কর্ম্মনির্ব্বাহ করণ কালে কোন ব্যক্তির প্রতি অনুগ্রহ কি নিগ্রহ প্রকাশ করিবার, কিম্বা ভারতবর্ষের ব্যবস্থাপক কি কর্তৃত্ব কর্ম্মনির্ব্বাহক গবর্ণমেণ্টকে কি কোন রাজধানীর গবর্ণমেণ্টকে কি কোন লেফ্টেনেণ্ট গবরনর সাহেবকে কি সরকারী কার্য্যকারকস্বরূপ কোন ব্যক্তিকে অনুরোধ করিয়া কোন লোকের কিছু উপকার কি অনুপকার করিবার কি করিতে উদ্যোগ করিবার প্রবৃত্তি জনকভাবে কি পুরস্কারস্বরূপ কিছু পারিতোষিক কোন লোকের স্থানে আপনার কি অন্য কোন কাহার জন্যে গ্রহণ করে কি পায় কি গ্রহণ করিতে স্বীকার করে কি পাইতে উদ্যোগ করে তবে সেই লোক এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

বিচারকর্ত্তার সম্মুখে মোকদ্দমার সওয়াল জওয়াব করিবার নিমিত্তে উকীল রসুম গ্রহণ করেন। কোন ব্যক্তি গবর্ণমেণ্টের নামে দরখাস্ত দিতে চাহে তাহাতে সেই দরখাস্তকারী যেং কর্ম্ম করিয়াছে ও তাহার যেং দাওয়া থাকে তাহা প্রকাশ করিয়া সেই দরখাস্তের কথা সাজাইবার ও শুদ্ধরিবার জন্যে কোন এক ব্যক্তিকে বেতন দেয়। কোন অপরাধির দণ্ডের আজ্ঞা হইয়া ছ ও ঐ দণ্ডের আজ্ঞা অন্যায় ত হইয়াছে ইহা দর্শাইবার এজন্যর তাহার বেতনগ্রাহি মোক্তার গবর্ণমেণ্টের সম্মুখে অর্পণ করে; এ সকল লোক এই প্রকরণের মধ্যে আইসে না কেননা তাহারা গবর্ণমেণ্টপ্রভৃতির প্রিয়পাত্র বলিয়া স্বীয় অনুরোধে কার্য্য করায় নাই কি করাইবার কল্পনাও করে নাই।

[সরকারী কার্য্যকারক উপরের লিখিত অপরাধের সহায়তা করিলে।]

৪। ইহার পূর্ব্বের দুই প্রকরণের লিখিত অপরাধ সরকারী যে কার্য্যকারকের সম্পর্কে হয় তিনি যদি সেই অপরাধের সহায়তা করেন তবে তিনি তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেন কিম্বা তাঁহার জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

কালিদাস নামে এক জন সরকারী কার্য্যকারক। রামসুন্দরী নামে তাঁহার স্ত্রী কোন বিশেষ লোককে কর্ম্ম দিতে কালিদাসকে অনুরোধ করিবার জন্যে পুরস্কারস্বরূপ দান গ্রহণ করে। কালিদাস তাহার সেই কর্ম্মে সহায়তা করেন। রামসুন্দরী এক বৎসরের অনধিক কোন মিয়াদে কয়েদ হইতে পারিবেক কি তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক। কালিদাস তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইতে পারিবেন কিম্বা তাঁহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক।

[সরকারী কার্য্যকারক যে মোকদ্দমা শুনেন কি কার্য্য করেন তাহাতে যে লোকের কোন সম্পর্ক থাকে তাহার স্থানে মূল্য না দিয়া মূল্যবান কোন বস্তু পাইলে।]

৫। সরকারী কার্য্যকারক যে কোন মোকদ্দমা কি কার্য্য শুনেন কি করেন অথবা শুনিবেন কি করিবেন তাহাতে কিম্বা তাঁহার পদের কর্ম্মের সঙ্গে যে কর্ম্মের কোন সম্পর্ক থাকে তাহাতে যে লোকের সম্পর্ক কি ক্ষতিবৃদ্ধি ছিল কি আছে কি হইবার সম্ভাবনা জানেন তাহার স্থানে কিম্বা সেই লোকের সঙ্গে যাহার জ্ঞাত লোকসানের সম্পর্ক কি যাহার কুটুম্বতা থাকে এমত লো-

proceeding or business transacted or about to be transacted by such public servant, or having any connection with his official functions, or from any person whom he knows to be interested in or related to such person, shall be punished with simple imprisonment for a term which may extend to two years, or with fine, or both.

Illustrations.

(*a*) A, a Collector, hires a house of Z, who has a settlement case pending before him. It is agreed that A shall pay fifty Rupees a month, the house being such that, if the bargain were made in good faith, A would be required to pay two hundred Rupees a month. A has obtained a valuable thing from Z without adequate consideration.

(*b*) A, a Judge, buys of Z, who has a cause pending in A's Court, Government Promissory Notes at a discount, when they are selling in the market at a premium. A has obtained a valuable thing from Z without adequate consideration.

(*c*) Z's brother is apprehended and taken before A, a Magistrate, on a charge of perjury. A sells to Z shares in a bank at a premium, when they are selling in the market at a discount. Z pays A for the shares accordingly. The money so obtained by A is a valuable thing obtained by him without adequate consideration.

[Public servant disobeying a direction of the law with intent to cause injury to any person.]

6. Whoever, being a public servant, knowingly disobeys any direction of the law as to the way in which he is to conduct himself as such public servant, intending to cause or knowing it to be likely that he will by such disobedience cause injury to any person, shall be punished with simple imprisonment for a term which may extend to one year, or with fine, or both.

Illustration.

(*a*) A, being an officer directed by law to take property in execution in order to satisfy a decree pronounced in Z's favor by a Court of Justice, knowingly disobeys that direction of law with the knowledge that he is likely thereby to cause injury to Z. A has committed the offence defined in this clause.

[Public servant framing an incorrect document with intent to cause injury.]

7. Whoever being a public servant and being, as such public servant, charged with the preparation of any document, frames that document in a manner which he knows to be incorrect, intending thereby to cause or knowing it to be likely that he may thereby cause injury to any person, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or both.

কের স্থানে যদি সরকারী কার্য্যকারক হইয়া কোন ব্যক্তি আপনার কি অন্য কোন কাহার জন্যে মুল্য না দিয়া কিম্বা যাহা উপযুক্ত মুল্য জানেন তাহা না দিয়া কোন মুল্যবান বস্তু গ্রহণ করেন কি পান কি গ্রহণ করিতে স্বীকার করেন কি পাইবার উদ্যোগ করেন তবে সেই কার্য্যকারক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেন কিম্বা তাঁহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

(ক) এক জন কালেক্টর সাহেব যদুর এক ঘর ভাড়া করিয়া লইয়াছেন। সেই যদুর বন্দোবস্তের এক মোকদ্দমা তাঁহার সম্মুখে উপস্থিত আছে। কালেক্টর সাহেবের ঐ ঘরের মাসে২ পঞ্চাশ টাকা ভাড়া দিবার করার হইয়াছে কিন্তু যদি প্রকৃতপ্রস্তাবে করার হইত তবে সেই ঘর বুঝিয়া কালেক্টর সাহেবের মাসে২ দুই শত টাকা ভাড়া দেওয়া উচিত। এই স্থলে কালেক্টর সাহেব উপযুক্ত মুল্য না দিয়া মুল্যবান বস্তু যদুর স্থানে পাইয়াছেন।

(খ) এক জন বিচারকর্ত্তার আদালতে যদুর এক মোকদ্দমা উপস্থিত আছে। বিচারকর্ত্তা সেই সময়ে ডিসকৌণ্ট লইয়া অর্থাৎ কম টাকা দিয়া যদুর স্থানে একখান কোম্পানির কাগজ কেনেন। কিন্তু সেই সময়ে বাজারে কোম্পানির কাগজ প্রিমিয়ম অর্থাৎ অধিক মুল্য দিয়া বিক্রয় হইতেছে। ইহাতে বিচারকর্ত্তা উপযুক্ত মুল্য না দিয়া মুল্যবান বস্তু যদুর স্থানে পাইয়াছেন।

(গ) যদুর ভাইকে মিথ্যা শপথের অভিযোগে ধরা যায় ও মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনা যায়। কোন এক ব্যাঙ্কে মাজিষ্ট্রেট সাহেবের কএক শ্যার তিনি প্রিমিয়ম লইয়া যদুকে বেচেন, কিন্তু সেই সময়ে ঐ ব্যাঙ্কের শ্যার বাজারে ডিসকৌণ্ট ধরিয়া বিক্রয় হইতেছে। যদু ঐ শ্যারের মুল্য ও তাহার উপর প্রিমিয়ম দিয়া ঐ শ্যার লয়। মাজিষ্ট্রেট সাহেব সেই প্রকারে যে টাকা লন তাহাতে উপযুক্ত মুল্য না দিয়া মুল্যবান বস্তু লইয়াছেন।

[সরকারী কার্য্যকারক কোন লোকের ক্ষতি করিবার অভিপ্রায়ে আইনের বিধি না মানিলে।]

৬। সরকারী কার্য্যকারক হইয়া কোন ব্যক্তির যেরূপে কর্ম্ম করিতে হইবেক এই বিষয়ের আইনের কোন বিধি যদি সেই কার্য্যকারক কোন লোকের ক্ষতি করিবার অভিপ্রায়ে জানিয়াশুনিয়া অমান্য করেন কিম্বা সেইরূপে অমান্য করিলে কোন লোকের ক্ষতি হইবার সম্ভাবনা জানিয়াও অমান্য করেন, তবে সেই কার্য্যকারক এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেন কিম্বা তাঁহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

(ক) কোন আদালতে যদুর পক্ষে ডিক্রী হইয়াছে। তাহাতে কালিদাসনামক সরকারী কার্য্যকারককে ঐ ডিক্রীর টাকা পরিশোধ করিবার জন্যে ডিক্রী জারী করিয়া কিছু সম্পত্তি লইতে আইনমতে আজ্ঞা হইয়াছে। কিন্তু কালিদাস ঐ আইনের বিধি অমান্য করিলে যদুর ক্ষতি হইবার সম্ভাবনা জানিয়াও ঐ বিধি জানিয়াশুনিয়া অমান্য করে। কালিদাস এই প্রকরণের লিখিত দোষ করিয়াছে।

[সরকারী কার্য্যকারক ক্ষতি করিবার অভিপ্রায়ে দলীল অশুদ্ধ করিয়া লিখিয়া দিলে।]

৭। যদি কোন ব্যক্তি সরকারী কার্য্যকারক হন ও সরকারী কার্য্যকারক হইয়া তাঁহার প্রতি কোন দলীল প্রস্তুত করিবার ভার অর্পণ হয়, আর তিনি কোন লোকের ক্ষতি করিবার অভিপ্রায়ে, কিম্বা সেই দলীল অশুদ্ধরূপে প্রস্তুত হইলে কোন লোকের ক্ষতি হইবার সম্ভাবনা জানিয়াও, যাহা অশুদ্ধ জানেন এমনভাবে ঐ দলীল প্রস্তুত করেন, তবে তিনি তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেন কিম্বা তাঁহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Public servant unlawfully engaging in trade.]

8. Whoever, being a public servant, and being legally bound, as such public servant, not to engage in trade, engages in trade, shall be punished with simple imprisonment for a term which may extend to two years, or with fine, or both.

[Public servant unlawfully buying or bidding for property.]

9. Whoever, being a public servant, and being legally bound, as such public servant, not to purchase or bid for certain property, purchases or bids for that property, either in his own name or in the name of another, jointly or in shares with others, shall be punished with simple imprisonment for a term which may extend to two years, or with fine, or both; and the property, if purchased, shall be confiscated.

[Personating a public servant.]

10. Whoever pretends to hold any particular office as a public servant, knowing that he does not hold such office, or falsely personates any other person holding such office, and in such assumed character does or attempts to do any act under the color of such office, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

[Cumulative punishment in certain cases for offences under the last Clause.]

11. If any person in doing any thing whereby he commits an offence under the last preceding Clause, also commits an offence under any Clause contained in any other Chapter of this Code, except the offences of cheating by personation or attempting to cheat by personation, the punishment shall be cumulative.

[Wearing garb or carrying token used by public servant with fraudulent intent.]

12. Whoever, not belonging to a certain class of public servants, wears any garb or carries any token resembling any garb or token used by that class of public servants, with the intention that it may be believed, or with the knowledge that it is likely to be believed, that he belongs to that class of public servants, shall be punished with imprisonment of either description for a term which may extend to three months, or with fine which may extend to two hundred Rupees, or both.

[Cumulative punishment in certain cases for offences under this Chapter.]

13. If any person, in doing any thing whereby he commits an offence under any Clause in this Chapter, also commits an offence under any Clause contained in any other Chapter of this Code, the punishment shall be cumulative.

Illustration.

A, public servant, threatens to assess Z's land unjustly high unless Z will give him money, and thus obtains money from Z. Here A has committed the offence defined in Clause 1 of this Chap.

[*Government Gazette*, 14*th April*, 1857.]

[সরকারী কার্য্যকারক ব্যবসায় করিলে।]

৮। সরকারী কার্য্যকারক কোন ব্যক্তি সরকারী কার্য্যকারক হওয়াতে আইনমতে ব্যবসায় না করিতে বদ্ধ হইয়াও যদি ব্যবসায় করেন তবে তিনি দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেন কিম্বা তাঁহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সরকারী কার্য্যকারক বেআইনীমতে সম্পত্তি কিনিলে কি নীলামে ডাকিলে।]

৯। সরকারী কার্য্যকারক যে কোন ব্যক্তি সরকারী কার্য্যকারক হওয়াতে কোন বিশেষ সম্পত্তি না কিনিতে কিম্বা নীলামে না ডাকিতে আইনমতে বদ্ধ হন, তিনি যদি আপনার কি অন্যের নামে কিম্বা অন্যেরদের সঙ্গে যুক্ত হইয়া কি অংশ করিয়া সেইরূপ সম্পত্তি কিনেন কি তাঁহার নিমিত্তে নীলামে ডাকেন তবে তিনি দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেন কিম্বা তাঁহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক। ও সেই সম্পত্তি যদি খরীদ হইয়াছে তবে জব্দ হইবেক।

[কোন লোক আপনাকে সরকারী কার্য্যকারক বলিয়া দেখাইলে।]

১০। যদি কোন লোকের সরকারী বিশেষ কোন পদ নাই জানিয়াও তাহার সরকারী কার্য্যকারকমতে সেই পদ থাকিবার ছলনা করে, কিম্বা অন্য যে ব্যক্তির সেই পদ আছে তাহার মত আপনাকে দেখায়, আর সেই কল্পিত ভাবে সেই পদের ছলনায় কোন কার্য্য করে কি করিবার উদ্যোগ করে, তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[কোন২ স্থলে ঐ প্রকরণের লিখিত অপরাধের জন্যে সংযুক্ত দণ্ড ভোগ।]

১১। ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত অপরাধ যাহাতে হয় এমত কোন কার্য্য করিবার সময়ে, যদি কোন লোক অন্যের বেশ ধরিয়া ঠগাইবার কি অন্যের বেশ ধরিয়া ঠগাইবার উদ্যোগের অপরাধ ছাড়া এই আইনের অন্য কোন অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধও করে, তবে সেই লোকের সংযুক্ত দণ্ড হইবেক।

[প্রবঞ্চনা করিবার অভিপ্রায়ে সরকারী কার্য্যকারকের পোশাক পরিলে কি নিশানী লইলে।]

১২। সরকারী বিশেষ কোন পদের কার্য্যকারক না হইয়া যে কেহ সেই পদের সরকারী কার্য্যকারকের ব্যবহারকরা কোন পোশাক কি নিশানীর মতের কোন পোশাক কি নিশানী, আপনি সেই পদের কার্য্যকারক আছে এমত বিশ্বাস জন্মাইবার অভিপ্রায়ে কিম্বা এমত বিশ্বাস হইতে পারিবেক জানিয়া, পরে কি ধরে সেই লোক তিন মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক।

[কোন২ স্থলে এই অধ্যায়ের লিখিত অপরাধের জন্যে সংযুক্ত দণ্ড।]

১৩। যদি কোন লোক কোন কার্য্য করত এই অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধ করণ সময়ে এই আইনের অন্য কোন অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধও করে তবে সেই লোকের সংযুক্ত দণ্ড হইবেক।

উদাহরণ।

কালিদাসনামক এক জন সরকারী কার্য্যকারক যদুকে ভয় দেখাইয়া কহেন যে, তুমি যদি আমাকে কিছু টাকা না দেও তবে আমি তোমার জমীর অন্যায়মতে বাড়া খাজানা বসাইব। এই প্রকারে যদুর স্থানে কিছু টাকা

ter, inasmuch as he has obtained from Z a gratification as a motive for forbearing to shew disfavor to Z in the exercise of A's official functions. A has also committed extortion, inasmuch as he has obtained property from Z by putting Z in fear of injury. Therefore A is liable to the punishment of extortion added to that provided by Clause 1 of this Chapter.

CHAPTER X.

OF CONTEMPTS OF THE LAWFUL AUTHORITY OF PUBLIC SERVANTS.

[Absconding to avoid service of summons, or other proceeding from a public servant.]

1. Whoever absconds in order to avoid being served with a summons, notice, or order proceeding from any public servant, legally competent as such public servant, to issue such summons, notice, or order, shall be punished with simple imprisonment for a term which may extend to one month, or with fine which may extend to five hundred Rupees, or with both; or, if the summons or notice is to attend in person or by agent, or to produce a document in a Court of Justice, with simple imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Preventing service of summons or other proceeding, or preventing publication thereof.]

2. Whoever in any manner intentionally prevents the serving on himself, or on any other, of any summons, notice, or order proceeding from any public servant legally competent, as such public servant, to issue such summons, notice, or order, or intentionally prevents the lawful affixing to any place of any such summons, notice, or order, or intentionally removes any such summons, notice, or order from any place to which it is lawfully affixed, or intentionally prevents the lawful making of any proclamation, under the authority of any public servant, legally competent, as such public servant, to direct such proclamation to be made, shall be punished with simple imprisonment for a term which may extend to one month, or with fine which may extend to five hundred Rupees, or with both; or, if the summons, notice, or proclamation, is to attend in person or by agent, or to produce a document in a Court of Justice, with imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Cumulative punishment in certain cases for offences under the last Clause.]

3. If any person, by doing any thing whereby he commits an offence under the last preceding Clause, also commits an offence under any Clause contained in any other Chapter of this Code, the punishment shall be cumulative.

পান। কালিদাস এই অধ্যায়ের ১ প্রকরণের লিখিত অপরাধ করিয়াছেন, যেহেতুক আপন পদের কর্ম্ম নির্ব্বাহ কালে যদুর প্রতি নিগ্রহ প্রকাশ করিতে ক্ষান্ত হইবার প্রবৃত্তিজনকভাবে যদুর স্থানে পারিতোষিক পাইয়াছেন। আরও কালিদাস অন্যায়মতে দ্রব্য লইবার দোষী হইয়াছেন যেহেতুক যদুর ক্ষতি হইবেক এই ভয় জন্মাইয়া যদুর স্থানে কিছু টাকা পাইয়াছেন। অতএব দ্রব্য অন্যায়মতে লইবার দণ্ড, ও এই অধ্যায়ের ১ প্রকরণের বিধানমতের যে দণ্ড আছে, ঐ উভয় দণ্ড কালিদাস পাইতে পারিবেন।

---

১০ অধ্যায়।

সরকারী কার্য্যকারকেরদের আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞা।

[সরকারী কার্য্যকারকের সমন কি অন্য পরওয়ানা জারী না হইবার জন্যে পলায়ন।]

১। যদি কোন ব্যক্তি সরকারী কার্য্যকারক হইয়া কোন সমন কি এত্তেলা কি হুকুম জারী করিতে আইনমতে ক্ষমতাপন্ন হন, তবে যে কেহ তদ্রূপ সরকারী কোন কার্য্যকারকের বাহিরকরা সেইরূপ সমন কি এত্তেলা কি হুকুমের জারী হওয়া এড়াইবার জন্যে পলায়ন করে সে লোক এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক। অথবা যদি স্বয়ং কি মোখ্তারের দ্বারা হাজির হইবার কিম্বা আদালতে দলীল উপস্থিত করিবার জন্যে সেই সমন কি এত্তেলা হয়, তবে সে ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক।

[সমন কি অন্য পরওয়ানা জারী হওনের কিম্বা তাহা প্রকাশ হওয়ার বাধা করণ।]

২। যদি কোন ব্যক্তি সরকারী কার্য্যকারক হইয়া কোন সমন কি এত্তেলা কি হুকুম জারী করিতে আইনমতে ক্ষমতাপন্ন হন, তবে যে কেহ তদ্রূপ কার্য্যকারকের বাহিরকরা কোন সমন কি এত্তেলা কি হুকুম জানিয়াশুনিয়া আপনার কি অন্যের উপর জারী হইবার বাধা দেয়, কিম্বা তদ্রূপ কোন সমন কি এত্তেলা কি হুকুম কোন স্থানে আইনসিদ্ধমতে লটকাইয়া দিবার বাধা জানিয়াশুনিয়া করে, কিম্বা তদ্রূপ কোন সমন কি এত্তেলা কি হুকুম যে কোন স্থানে আইনসিদ্ধমতে লটকান গিয়া থাকে তাহাহইতে জানিয়াশুনিয়া উঠাইয়া দেয়, অথবা সরকারী কার্য্যকারক হইয়া যিনি কোন ঘোষণা করিবার আজ্ঞা করিতে আইনসিদ্ধমতে ক্ষমতাপন্ন হন তাঁহার আজ্ঞামতে করা কোন ঘোষণা আইনসিদ্ধমতে করা যাইবার বাধা যে কেহ জানিয়াশুনিয়া করে, সে জন এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক। অথবা যদি স্বয়ং কি মোখ্তারের দ্বারা হাজির হইবার কিম্বা আদালতে দলীল উপস্থিত করিবার জন্যে ঐ সমন কি এত্তেলা কি ঘোষণা হয়, তবে সে ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবেক অথবা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[পূর্ব্বের প্রকরণের লিখিত অপরাধ হইলে তাহার কোনং স্থলে সংযুক্ত দণ্ড।]

৩। উপরের প্রকরণের লিখিত অপরাধ যাহাতে হয় এমত কোন ক্রিয়া করিয়া যদি কোন লোক এই আইনের অন্য কোন অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধও করে তবে তাহার সংযুক্ত দণ্ড হইবেক।

[Non-attendance in obedience to an order from a public servant.]

4. Whoever, being legally bound to attend in person or by an agent at a certain place and time, in obedience to an order proceeding from any public servant, legally competent, as such public servant, to issue such order, intentionally omits to attend at that place, or time, or departs from the place where he is bound to attend before the time at which it is lawful for him to depart, shall be punished with simple imprisonment for a term which may extend to one month, or with fine which may extend to five hundred Rupees, or with both; or, if the order is to attend in person or by agent in a Court of Justice, with imprisonment for a term which may extend to one year, or with fine, or with both.

Illustrations.

(*a*) A, being legally bound to appear before the Supreme Court at Calcutta in obedience to a subpœna issuing from that Court, intentionally omits to appear. A has committed the offence defined in this Clause.

(*b*) A, being legally bound to appear before a Zillah Judge, as a witness, in obedience to a summons issued by that Zillah Judge, intentionally omits to appear. A has committed the offence defined in this Clause.

[Omission to produce a document to a public servant by a person legally bound to produce such document.]

5. Whoever, being legally bound to produce or deliver up any document to any public servant, as such, intentionally omits so to produce or deliver up the same, shall be punished with simple imprisonment for a term which may extend to one month, or with fine which may extend to five hundred Rupees, or with both; or, if the document is to be produced or delivered up to a Court of Justice, with imprisonment for a term which may extend to one year, or with fine, or with both.

Illustration.

A, being legally bound to produce a document before a Zillah Court, intentionally omits to produce the same. A has committed the offence defined in this Clause.

[Omission to give notice or information to a public servant by a person legally bound to give notice or information.]

6. Whoever, being legally bound to give any notice or to furnish information on any subject to any public servant, as such, intentionally omits to give such notice, or to furnish such information in the manner and at the time required by law, shall be punished with simple imprisonment for a term which may extend to one month, or with fine which may extend to five hundred Rupees, or with both; or, if the notice or information required to be given respects the commission of an offence, or is required for the purpose of prevent-

[সরকারী কার্য্যকারকের আজ্ঞামতে হাজির না হইলে।]

৪। যদি কোন ব্যক্তি সরকারী কার্য্যকারক হইয়া কোন লোককে কোন সময়ে ও স্থানে হাজির হইবার হুকুম জারী করিতে আইনমতে ক্ষমতাপন্ন হন, তবে যে কেহ সরকারী তদ্রূপ কার্য্যকারকের বাহিরকরা হুকুমমতে আপনি কি মোখ্তারের দ্বারা, বিশেষ সময়ে ও স্থানে হাজির হইতে আইনমতে বদ্ধ হইয়া, সেই স্থানে কি সময়ে হাজির হইতে জানিয়াশুনিয়া ত্রুটি করে, কিম্বা যে স্থানে সে হাজির হইতে বদ্ধ আছে সেই স্থানহইতে তাহার যে সময়ে চলিয়া যাইবার আইনমতে উচিত হয় সেই সময়ের আগে চলিয়া যায়, সেই লোক এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক [illegible] ঐ উভয় দণ্ড হইবেক। অথবা যদি সেই আজ্ঞা [illegible] কি মোখ্তারের দ্বারা আদালতে উপস্থিত হইবার জন্যে [illegible], তবে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হই[illegible] কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

(ক) কলিকাতার সুপ্রিম কোর্টহইতে কালিদাসের নামে সফীনা জারী হয়। সেই সফীনা মানিয়া কালিদাস সেই কোর্টে হাজির হইতে আইনমতে বদ্ধ আছে, কিন্তু জানিয়াশুনিয়া হাজির হইতে ত্রুটি করে। কালিদাস এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

(খ) জিলার জজ সাহেব কালিদাসের নামে সাক্ষিস্বরূপে হাজির হইবার সমন জারী করেন। কালিদাস সেই সমন মানিয়া হাজির হইতে আইনমতে বদ্ধ আছে কিন্তু জানিয়াশুনিয়া হাজির হইতে ত্রুটি করে। কালিদাস এই প্রকরণের লিখিত অপরাধ করে।

[যে জন কোন দলীল উপস্থিত করিতে আইনমতে বদ্ধ হয় সেই জন সরকারী কার্য্যকারকের নিকটে তদ্রূপ দলীল উপস্থিত করিতে ত্রুটি করিলে।]

৫। সরকারী কার্য্যকারকস্বরূপ কোন ব্যক্তির নিকটে যে কেহ কোন দলীল উপস্থিত করিতে কি অর্পণ করিতে আইনমতে বদ্ধ হইয়া তাহা উপস্থিত করিতে কি অর্পণ করিতে জানিয়াশুনিয়া ত্রুটি করে, সেই জন এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক কি ঐ উভয় দণ্ড হইবেক। অথবা যদি সেই দলীল আদালতে উপস্থিত করিতে কি অর্পণ করিতে হয়, তবে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

কালিদাস জিলার আদালতে কোন দলীল উপস্থিত করিতে আইনমতে বদ্ধ হইয়া তাহা উপস্থিত করিতে জানিয়াশুনিয়া ত্রুটি করে। কালিদাস এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

[কোন লোক সরকারী কার্য্যকারকের নিকটে এত্তেলা কি সম্বাদ দিতে আইনমতে বদ্ধ হইয়া সেই এত্তেলা কি সম্বাদ না দিলে।]

৬। সরকারী কার্য্যকারকস্বরূপ কোন ব্যক্তিকে যে কেহ কোন এত্তেলা দিতে কি কোন কথার সম্বাদ দিতে আইনমতে বদ্ধ হইয়া আইনের আজ্ঞামতে ও সময়ে সেইরূপ এত্তেলা কি সম্বাদ দিতে জানিয়াশুনিয়া ত্রুটি করে সেই লোক এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক। অথবা যে এত্তেলা কি সম্বাদ দিতে হয় তাহা যদি কোন অপরাধ করিবার বিষয়ের হয়, কিম্বা যদি অপরাধ নিবারণের নিমিত্তে, কিম্বা অপরাধিকে গ্রেপ্তার করিবার জন্যে তাহার প্রয়োজন হয়, তবে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ

ing the commission of an offence, or in order to the apprehension of an offender, with simple imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Furnishing false information.]

7. Whoever, being legally bound to furnish information on any subject to any public servant, as such, furnishes, as true, information on that subject which he knows or has reason to believe to be false, shall be punished with simple imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both; or, if the information which he is legally bound to give respects the commission of an offence, or is required for the purpose of preventing the commission of an offence, or in order to the apprehension of an offender, with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

Illustrations.

(*a*) A, a landholder, knowing of the commission of a murder within the limits of his estate, wilfully misinforms the Magistrate of the District that such death has occurred by accident in consequence of the bite of a snake. A is guilty of the offence defined in the latter part of this Clause.

(*b*) A, a village watchman, knowing that a considerable body of strangers has passed through his village in order to commit a Dacoity in the House of Z, a wealthy merchant residing in a neighbouring place, and being bound under Clause 5 Section VII. Regulation III. of 1821 of the Bengal Code, to give early and punctual information of the above fact to the officer of the nearest Police Station, wilfully misinforms the Police Officer that a body of suspicious characters passed through the beat of his watch with a view to commit Dacoity in a certain distant village and in a different direction. Here A is guilty of the offence defined in the latter part of this Clause.

[Refusing oath when duly required to take oath by a public servant.]

8. Whoever refuses to bind himself by an oath to state the truth, when required so to bind himself by a public servant, legally competent to require that he shall so bind himself, shall be punished with simple imprisonment for a term which may extend to six months, or with fine, or with both.

[Refusing to answer a public servant authorized to question.]

9. Whoever, being legally bound to state the truth on any subject to any public servant, refuses to answer any question demanded of him touching that subject by such public servant, in the exercise of the legal powers of such public servant, shall be punished with simple imprisonment for a term

হইবেক কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[অসত্য সম্বাদ দিলে।]

৭। সরকারী কার্য্যকারকস্বরূপ কোন ব্যক্তিকে যে কেহ কোন কথার সম্বাদ দিতে আইনমতে বদ্ধ হইয়া, সেই বিষয়ের আপনি যাহা অসত্য জানে কিম্বা অসত্য জানিবার কারণ পাইয়াছে এমত সম্বাদ সত্য বলিয়া দেয়, সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক। অথবা যে সম্বাদ দিতে সে বদ্ধ হয় তাহা যদি কোন অপরাধ করিবার বিষয়ের হয়, কিম্বা যদি কোন অপরাধ হওয়া নিবারণ করিবার নিমিত্তে, কিম্বা অপরাধিকে গ্রেপ্তার করিবার নিমিত্তে সেই সম্বাদের প্রয়োজন হয়, তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

(ক) কোন জমীদার জানে যে আপন মহালের মধ্যে কোন লোককে বধ করা গিয়াছে, কিন্তু সে জানিয়াশুনিয়া জিলার মাজিষ্ট্রেট সাহেবকে অসত্য সম্বাদ দিয়া কহে যে সেই লোক সর্পের দংশনে দৈবাৎ মরিয়াছে। সেই জমীদার এই প্রকরণের শেষ ভাগের লিখিত অপরাধের দোষী হয়।

(খ) কোন গ্রামের নিকটে যদু নামে ধনাঢ্য এক মহাজন বাস করে। তাহার ঘরে ডাকাইতী করিবার জন্যে অপরিচিত বহু লোকের এক দল সেই গ্রাম দিয়া যায়। গ্রামের চৌকীদার তাহা জানে, ও বাঙ্গলা দেশের চলিত ১৮২১ সালের ৩ আইনের ৭ ধারার ৫ প্রকরণমতে সেই চৌকীদার ঐ কথার ঠিক সম্বাদ অতিশীঘ্র পোলীসের অতি নিকট থানার আমলাকে দিতে বদ্ধ আছে, কিন্তু চৌকীদার জানিয়াশুনিয়া অসত্য সম্বাদ দিয়া, ডাকাইতেরা যে দিগে গিয়াছিল তাহার অন্য দিগ দেখাইয়া, কহে যে অতিদূর অমুক গ্রামে ডাকাইতী করিবার জন্যে কুচরিত্রের এক দল লোক আমার পাড়া দিয়া গিয়াছে। এইস্থলে ঐ চৌকীদার এই প্রকরণের শেষ ভাগের লিখিত অপরাধ করিয়াছে।

[সরকারী কার্য্যকারক শপথ করিতে উপযুক্তমতে আজ্ঞা করিলেও অস্বীকার করণ।]

৮। সরকারী যে কার্য্যকারক কোন লোককে সত্য কথা কহিতে আপনাকে শপথক্রমে বদ্ধ করিবার আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হন, তিনি যখন কোন লোককে সেই প্রকারে শপথ করিতে আজ্ঞা করেন, তখন যে কেহ আপনাকে সেইরূপে বদ্ধ করিতে অস্বীকার করে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সরকারী যে কার্য্যকারকের কিছু জিজ্ঞাসা করিবার ক্ষমতা আছে তাঁহাকে উত্তর দিতে অস্বীকার করিলে।]

৯। যদি কোন লোক কোন বিষয়ের সত্য কথা সরকারী কোন কার্য্যকারকের নিকটে কহিতে আইনমতে বদ্ধ হয়, ও সেই সরকারী কার্য্যকারক আপনার আইনমতের ক্ষমতানুসারে কার্য্য করিয়া সেই লোককে সেই বিষয় লইয়া কিছু জিজ্ঞাসা করিলে যদি সেই লোক উত্তর দিতে অস্বীকার করে, তবে সে ছয় মাসপর্য্যন্ত কোন মি-

which may extend to six months, or with fine, or with both.

[Refusing to sign statement.]

10. Whoever refuses to sign any statement made by him when required to sign that statement by a public servant, legally competent to require that he shall sign that statement, shall be punished with simple imprisonment for a term which may extend to three months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[False statement on oath to public servant or person authorized to administer an oath.]

11. Whoever, being legally bound by an oath to state the truth on any subject to any public servant or other person authorized by law to administer such oath, states to such public servant or other person as aforesaid, touching that subject, as true that which he knows or believes to be false, or does not know or in good faith believe to be true, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

Illustration.

A before a Magistrate swears to the truth of an affidavit knowing it to be false. A is guilty of an offence under this Clause notwithstanding the affidavit is intended to be used before another authority.

[False information with intent to cause a public servant to use his lawful power to the injury of another person.]

12. Whoever gives to any public servant, any information which he knows or believes to be false, intending thereby to cause, or knowing it to be likely that he will thereby cause, such public servant to use the lawful power of such public servant, to the injury or annoyance of any person, or to do or omit any thing which such public servant ought not to do or omit if the true state of facts respecting which such information is given were known by him, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

Illustrations.

(*a*) A informs a Magistrate that Z, a Police Officer, subordinate to such Magistrate, has been guilty of neglect of duty or misconduct, knowing such information to be false, and knowing it to be likely that the information will cause the Magistrate to dismiss Z. A has committed the offence defined in this Clause.

(*b*) A falsely informs a public servant that Z has contraband salt in a secret place, knowing such information to be false and knowing that it is likely that the consequence of the information will be a search of Z's premises attended with annoyance to Z. A has committed the offence defined in this Clause.

য়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[এজহারে দস্তখৎ করিতে অস্বীকার করিলে।]

১০। কোন এজহারপ্রভৃতিতে দস্তখৎ করিবার আজ্ঞা করিতে যে সরকারী কার্য্যকারক আইনমতে ক্ষমতাপন্ন হন তিনি তাহাকে দস্তখৎ করিতে আজ্ঞা করিলে যদি কোন লোক আপনার প্রকাশিত ঐ কথাতে দস্তখৎ করিতে অস্বীকার করে, তবে সে তিন মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক।

[সরকারী কার্য্যকারকের নিকটে কিম্বা যাঁহার শপথ করাইবার ক্ষমতা আছে তাঁহার নিকটে শপথক্রমে মিথ্যা এজহার করিলে।]

১১। যদি কোন লোক সরকারী কোন কার্য্যকারকের নিকটে কিম্বা অন্য যে কোন ব্যক্তির আইনমতে শপথ করাইবার ক্ষমতা আছে তাঁহার নিকটে কোন বিষয়ে সত্য কথা কহিতে শপথক্রমে আইনমতে বদ্ধ হইয়া সেই সরকারী কার্য্যকারকের নিকটে কিম্বা উক্ত প্রকারের অন্য ব্যক্তির নিকটে সেই বিষয়ের যাহা অসত্য জানে কি বোধ করে কিম্বা যাহা সত্য না জানে কি প্রকৃতপ্রস্তাবে বিশ্বাস না করে এমত কথা সত্য বলিয়া কহে তবে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

উদাহরণ।

কালিদাস কোন আফিডেবিটের কথা অসত্য জানিয়া তাহা সত্য আছে বলিয়া মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে শপথ করে। কালিদাস এই প্রকরণের লিখিত অপরাধের দোষী হয়। যদিও সেই আফিডেবিট অন্য কার্য্যকারকের সম্মুখে ব্যবহার করিবার অভিপ্রায় থাকে তথাপি সে দোষী হয়।

[অন্য লোকের ক্ষতিজনকরূপে সরকারী কার্য্যকারককে আইনমতের ক্ষমতাক্রমে কার্য্য করাইবার অভিপ্রায়ে অসত্য সম্বাদ দেওন।]

১২। সরকারী কোন কার্য্যকারক আইনসিদ্ধ আপন ক্ষমতামতে কোন লোকের ক্ষতি কি ক্লেশজনকরূপে কার্য্য করেন এই অভিপ্রায়ে কিম্বা করিবেন এমত সম্ভাবনা জানিয়া যে কেহ কোন সম্বাদ অসত্য জানিয়া কি বোধ করিয়া সেই সরকারী কার্য্যকারককে দেয়, কিম্বা যে বিষয়ের ঐ সম্বাদ দেওয়া যায় তাহার সত্য বৃত্তান্ত জ্ঞাত হইলে তাঁহার যে কর্ম্ম করা কি করিতে স্থগিত হওয়া অনুচিত হইত তিনি এমত কর্ম্ম করেন কি স্থগিত হন এই অভিপ্রায়ে কিম্বা করিবেন কি স্থগিত হইবেন এমত সম্ভাবনা জানিয়া যে কেহ তদ্রূপ সম্বাদ অসত্য জানিয়া কি বোধ করিয়া সরকারী কোন কার্য্যকারককে দেয় সে ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবেক কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

(ক) কালিদাস কোন মাজিষ্ট্রেট সাহেবকে এই সম্বাদ দেয় যে যদু নামে তাঁহার অধীন পোলীসের আমলা আপন কর্ত্তব্য কর্ম্মে গাফিলী করিয়াছে কিম্বা অনুচিত কর্ম্ম করিয়াছে কিন্তু সেই কালিদাস জানে যে এই সম্বাদ মিথ্যা আর মাজিষ্ট্রেট সাহেব ঐ সম্বাদ পাইয়া যদুকে তগীর করিবেন তথাপি সেই সম্বাদ দেয়। কালিদাস এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

(খ) সরকারী কার্য্যকারককে কালু এই মিথ্যা সম্বাদ দেয় যে যদু কোন গুপ্ত স্থানে বিনানুমতির কিছু লবণ লুকাইয়া রাখিয়াছে। সেই সম্বাদ অসত্য জানে ও সেই সম্বাদ দেওয়াতে যদুর বাটীতে খানাতল্লাশী হইয়া তাহার অত্যন্ত ক্লেশ জন্মিবেক এমত সম্ভাবনা জানিয়াও ঐ সম্বাদ দেয় কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

[Resistance to the taking of property by the lawful authority of a public servant.]

13. Whoever offers any resistance to the taking of any property by the lawful authority of any public servant, as such, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine, or with both.

[Cumulative punishment in certain cases for offences under the last Clause.]

14. If any person, by doing any thing whereby he commits an offence under the last preceding Clause, also commits an offence under any Clause contained in any other Chapter of this Code, the punishment shall be cumulative.

[Obstructing sale of property offered for sale by authority of a public servant.]

15. Whoever intentionally obstructs any sale of property offered for sale by the lawful authority of any public servant, as such, shall be punished with imprisonment of either description for a term which may extend to one month, or with fine which may extend to five hundred Rupees, or with both.

[Cumulative punishment in certain cases for offences under the last Clause.]

16. If any person, by doing any thing whereby he commits an offence under the last preceding Clause, also commits an offence under any Clause contained in any other Chapter of this Code, the punishment shall be cumulative.

[Illegal purchase or bid for property offered for sale by authority of a public servant.]

17. Whoever, at any sale of property held by the lawful authority of a public servant, as such, purchases or bids for any property on account of any person, whether himself or any other, whom he knows to be under a legal incapacity to purchase that property at that sale, or bids for such property, not intending to perform the obligations under which he lays himself by such bidding, shall be punished with imprisonment of either description for a term which may extend to one month, or with fine which may extend to two hundred Rupees, or with both.

[Obstructing public servant in discharge of his public functions.]

18. Whoever voluntarily obstructs any public servant in the discharge of his public functions, shall be punished with imprisonment of either description for a term which may extend to three months, or with fine which may extend to five hundred Rupees, or with both.

[Cumulative punishment in certain cases for offences under the last Clause.]

19. If any person by doing any thing whereby he commits an offence under the last preceding Clause, also commits an offence under any Clause contained in any other Chapter of this Code, the punishment shall be cumulative.

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫৭ । ১৪ আপ্রিল ।]

[সরকারী কার্য্যকারকের আইনসিদ্ধ ক্ষমতাক্রমে সম্পত্তি লইবার বাধা দিলে ।]

১৩। সরকারী কার্য্যকারকস্বরূপ কোন ব্যক্তির আইনসিদ্ধ ক্ষমতাক্রমে কোন সম্পত্তি লইবার বিষয়ে যে কেহ কোন বাধা দেয় সে লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক ।

[উপরের প্রকরণের লিখিত অপরাধের জন্যে কোন২ স্থলে সংযুক্ত দণ্ড ।]

১৪। যদি কোন লোক ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত অপরাধ যাহাতে হয় এমত কোন ক্রিয়া করিয়া এই আইনের অন্য কোন অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধও করে তবে তাহার সংযুক্ত দণ্ড হইবেক ।

[সরকারী কার্য্যকারকের ক্ষমতাক্রমে যে সম্পত্তি বিক্রয় করিবার জন্যে দেওয়া যায় তাহার বিক্রয়ের বাধা করিলে ।]

১৫। সরকারী কোন কার্য্যকারকের আইনসিদ্ধ ক্ষমতাক্রমে যে সম্পত্তি বিক্রয় হইবার জন্যে দেওয়া যায় তাহার কোন বিক্রয়ের বাধা যে কেহ জানিয়াশুনিয়া করে সেই লোক এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক ।

[উপরের প্রকরণের লিখিত অপরাধের জন্যে কোন২ স্থলে সংযুক্ত দণ্ড ।]

১৬। যদি কোন লোক ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত অপরাধ যাহাতে হয় এমত কোন কর্ম্ম করিয়া এই আইনের অন্য কোন অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধও করে তবে তাহার সংযুক্ত দণ্ড হইবেক ।

[সরকারী কার্য্যকারকের ক্ষমতাক্রমে যে সম্পত্তির নীলাম হয় তাহা বেআইনীমতে ক্রয় করিলে কি ডাকিলে ।]

১৭। সরকারী কার্য্যকারকস্বরূপ কোন ব্যক্তির আইনসিদ্ধ ক্ষমতাক্রমে যখন সম্পত্তির নীলাম হয় তখন যে কেহ কোন লোকের নিমিত্তে অর্থাৎ আপনি হউক কি অন্য হউক যাহাকে ঐ নীলামে কোন সম্পত্তি খরীদ করিতে আইনমতে অক্ষম জানে এমত কোন লোকের নিমিত্তে কোন সম্পত্তি ক্রয় করে কি ডাকে, কিম্বা ডাকিলে আপনার উপর যে ঝুঁকী আমায় তাহা সফল করিবার মানস না করিয়া ঐ সম্পত্তির নিমিত্তে ডাকে সেই লোক এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক

[সরকারী কার্য্যকারক যে সময়ে আপন পদের কর্ম্ম করেন সেই সময়ে তাঁহার বাধা দিলে ।]

১৮। সরকারী কোন কার্য্যকারক যে সময়ে আপনি সরকারী কর্ম্ম করিতেছেন এমন সময়ে যে কেহ তাঁহাকে ইচ্ছাপূর্ব্বক বাধা দেয় সেই লোক তিন মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক ।

[উপরের প্রকরণের লিখিত অপরাধের জন্যে কোন২ স্থলে সংযুক্ত দণ্ড ।]

১৯। যদি কোন লোক ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত অপরাধ যাহাতে হয় এমত কোন কর্ম্ম করিয়া এই আইনের অন্য কোন অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধও করে তবে তাহার সংযুক্ত দণ্ড হইবেক ।

[Omission to assist public servant when bound by law to give assistance.]

20. Whoever, being bound by law to render or furnish assistance to any public servant in the execution of his public duty, intentionally omits to give such assistance, shall be punished with simple imprisonment for a term which may extend to one month, or with fine which may extend to two hundred Rupees, or with both.

[Neglect to aid a public servant who demands aid in the execution of process, the prevention of offences, &c.]

21. Whoever, being present, wilfully neglects to render such assistance as is in his power to a public servant who demands his aid in the execution of any process lawfully issued by a Court of Justice, or in preventing the commission of an offence, or in suppressing a riot or affray, or in the apprehension of a person charged with or guilty of an offence, or of having escaped from lawful custody, shall be punished with simple imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to five hundred Rupees, or with both.

[Wilful omission to aid such public servant.]

22. Whoever, being required by a public servant to furnish or render assistance for any of the purposes mentioned in the last preceding Clause, wilfully omits to furnish or render such reasonable assistance as may be in his power, shall be punished with simple imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to five hundred Rupees, or with both.

[Saving of liability in respect of act done in obedience to requisition of such public servant.]

23. No person shall be liable to prosecution in any Civil or Criminal Court, for any act done by himself or by any other person in obedience to a requisition under either of the last two preceding Clauses.

[Disobedience to an order duly promulgated by a public servant.]

24. Whoever, knowing that by an order promulgated by a public servant, lawfully empowered to promulgate such order, he is directed to abstain from a certain act, or to take certain order with certain property in his possession or under his management, disobeys such direction, shall, if such disobedience causes or tends to cause obstruction or annoyance, or injury, or risk of obstruction, or annoyance, or injury, to any persons lawfully employed, be punished with simple imprisonment for a term which may extend to one month, or with fine which may extend to two hundred Rupees, or with both; and if such disobedience causes or tends to cause danger to human life, health, or safety, or causes or tends to cause a riot or affray, shall be punished with imprisonment of either des-

[সরকারী কার্য্যকারকের আইনমতে সাহায্য করিতে বদ্ধ হইলেও না করিলে।]

২০। সরকারী কোন কার্য্যকারকের সরকারী কর্ম্ম নির্ব্বাহ করণেতে যে কেহ তাঁহার সাহায্য করিতে কি সাহায্য দিতে আইনমতে বদ্ধ হইয়াও জানিয়াশুনিয়া সেইরূপ সাহায্য না করে সেই লোক এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাঁহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সরকারী কার্য্যকারক পরওয়ানামতে কার্য্য করিবার কি অপরাধপ্রভৃতি নিবারণ করিবার সময়ে সাহায্য চাহিলেও তাহা করিতে ত্রুটি করিলে।

২১। সরকারী কোন কার্য্যকারক আদালতের আইনসিদ্ধমতে জারীকরা কোন পরওয়ানা ক্রমে কর্ম্ম করিবার কিম্বা কোন অপরাধ হওয়া নিবারণ করিবার, কিম্বা দাঙ্গা কি হাঙ্গামা নিবারণ করিবার জন্যে, কিম্বা যাহার নামে অপরাধের অভিযোগ হইয়াছে কি যে লোক অপরাধী আছে কি আইনমতের কয়েদহইতে পলাইয়াছে তাহাকে গ্রেপ্তার করিবার জন্যে যদি বর্ত্তমান কোন লোককে আপনার সাহায্য করিতে কহেন তবে যে কেহ বর্ত্তমান হইয়া সাধ্যমতে তাঁহার সাহায্য করিতে ইচ্ছাপূর্ব্বক শৈথিল্য করে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার, পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[ঐরূপ সরকারী কার্য্যকারকের সাহায্য ইচ্ছাপূর্ব্বক না করণ।]

২২। ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত কোন কার্য্যের নিমিত্তে সরকারী কার্য্যকারক আপনার সাহায্য করিতে কি সাহায্য দিতে কোন লোককে আজ্ঞা করিলেও যদি সেই লোক আপনার সাধ্যের মধ্যে যুক্তিসিদ্ধমতের সাহায্য দিতে কি করিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করে তবে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কি তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সেইরূপ সরকারী কার্য্যকারকের আদেশমতে কর্ম্ম করিলে দায়হইতে রক্ষা পাওন।]

২৩। পূর্ব্বের দুই প্রকরণের কোন প্রকরণমতে যে কোন লোক আজ্ঞা পাইয়া আপনি কি অন্যের দ্বারা ঐ আজ্ঞামতে কোন কর্ম্ম করে সেই লোকের নামে সেই কর্ম্মের নিমিত্তে দেওয়ানী কি ফৌজদারী কোন আদালতে নালিশ হইতে পারিবেক না।

[সরকারী কার্য্যকারক যে হুকুম উচিতমতে জারী করেন তাহা না মানিলে।]

২৪। সরকারী কার্য্যকারক যদি কোন হুকুম জারী করিবার ক্ষমতা আইনমতে পাইয়া সেই হুকুম জারী করেন, তবে সেই হুকুমেতে যাহার কোন বিশেষ কর্ম্ম না করিবার নিষেধ হইয়াছে কিম্বা আপনার দখলে কি আপন কর্তৃত্বের অধীনে কোন সম্পত্তি লইয়া বিশেষমতে কর্ম্ম করিবার আজ্ঞা হইয়াছে, ইহা জানিয়াও যদি সেই লোক সেই হুকুম অমান্য করে তবে সেই হুকুম অমান্য করাতে যদি আইনসিদ্ধমতে কর্ম্মকারি কোন লোকের বাধা কি ক্লেশ কি ক্ষতি হয় কি হইবার সম্ভাবনা থাকে কিম্বা বাধা কি ক্লেশ কি ক্ষতি হইবার আশঙ্কা হয়, তবে সেই লোক এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক। আর যদি সেই হুকুম অমান্য করাতে লোকেরদের প্রাণের কি স্বাস্থ্যের কি নির্ব্বিঘ্নতার আশঙ্কা হয় কি হইবার সম্ভাবনা হয় কিম্বা দাঙ্গা কি হাঙ্গামা হয় কি হইবার সম্ভাবনা হয়, তবে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে

cription for a term which may extend to six months, or with fine, or with both.

Explanation.—It is not necessary that the offender should intend to produce harm, or contemplate his disobedience as likely to produce harm. It is sufficient that he knows of the order which he disobeys, and that his disobedience produces, or is likely to produce harm.

Illustration.

An order is promulgated by a public servant, lawfully empowered to promulgate such order, directing that a religious procession shall not pass down a certain street. A knowingly disobeys the order, and thereby causes danger of riot. A has committed the offence defined in this Clause.

[Cumulative punishment in certain cases for offences under the last Clause.]

25. If any person, by doing any thing whereby he commits an offence under the last preceding Clause, also commits an offence under any Clause contained in any other Chapter of this Code, the punishment shall be cumulative.

[Threat of injury to a public servant.]

26. Whoever holds out any threat of injury to any public servant, or to any person in whom he believes that public servant to be interested, for the purpose of inducing that public servant to do any act, or to forbear or delay to do any act, connected with the exercise of the public functions of such public servant, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[Threat of injury to induce any person to refrain from applying for protection to a public servant.]

27. Whoever holds out any threat of injury to any person for the purpose of inducing that person to refrain or desist from making a legal application for protection against any injury to any public servant, legally empowered as such to give such protection, or to cause such protection to be given, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or with both.

[To be continued.]

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 4th April, 1857.

Moulvee Abdool Jubbar, Officiating Moonsiff of Noabad, Zillah Jessore, for seven days.

The 7th April, 1857.

Baboo Gopeemohun Roy, Moonsiff of Manickgunge, Zillah Dacca, for one month, in extension of that granted on the 5th December last.

Moonshee Basiruddin Mahomed, Moonsiff of Munglecote, Zillah East Burdwan, for the 10th and 11th instant.

A. W. RUSSELL, *Register.*

কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

ব্যাখ্যা। অপরাধির ক্ষতি করিবার অভিপ্রায় না থাকিলেও কিম্বা সেই হুকুম অমান্য করিলে ক্ষতি হইবার সম্ভাবনা এমত বিবেচনা না করিলেও যে আজ্ঞা অমান্য করিয়াছে সেই আজ্ঞা হইবার কথা যদি জানে ও তাহার সেই আজ্ঞা অমান্য করাতে যদি ক্ষতি হয় কি হইবার সম্ভাবনা হয় তবে তাহার দণ্ড হইবেক।

উদাহরণ।

ধর্ম্মসম্পর্কীয় যাত্রিক লোকেরা কোন বিশেষ রাস্তা দিয়া যাইবেক না এমত হুকুম করিতে যে কার্য্যকারকের আইনসিদ্ধ ক্ষমতা থাকে তিনি সেই হুকুম করিয়াছেন, কালী জানিয়াশুনিয়া ঐ হুকুম অমান্য করে ও তাহাতে দাঙ্গা হইবার আশঙ্কা হয়। কালী এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

[উপরের প্রকরণের লিখিত অপরাধের জন্যে কোন২ স্থলে সংযুক্ত দণ্ড।

২৫। যদি কোন লোক ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত অপরাধ যাহাতে হয় এমত কোন কর্ম্ম করিয়া এই আইনের অন্য কোন অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধও করে তবে তাহার সংযুক্ত দণ্ড হইবেক।

[সরকারী কার্য্যকারকের হিংসা করিবার ভয় দর্শান।]

২৬। যদি কেহ সরকারী কোন কার্য্যকারককে আপনার সরকারী পদের কার্য্যসম্পর্কীয় কোন কর্ম্ম করাইবার অভিপ্রায়ে কিম্বা কোন কর্ম্ম করিতে ক্ষান্ত করাইবার কি বিলম্ব করাইবার অভিপ্রায়ে, তদ্রূপ কোন সরকারী কার্য্যকারকের হিংসা, কিম্বা যাহার ক্ষতিবৃদ্ধিতে ঐ সরকারী কার্য্যকারকের সম্পর্ক থাকে বোধ করে এমত কোন লোকের হিংসা করিবার ভয় দর্শায়, তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[কোন লোক সরকারী কার্য্যকারকের আশ্রয় না লয় এই জন্যে তাহার হিংসা করিবার ভয় দর্শান।]

২৭। কোন লোকের হিংসা হইবার সম্ভাবনা হইলে তাহাকে আশ্রয় দিতে কি দেওয়াইতে যে সরকারী কার্য্যকারকের আইনমতে ক্ষমতা থাকে এমত কোন কার্য্যকারকের নিকটে সেই লোক আইনমতে আশ্রয় প্রার্থনা না করে কি প্রার্থনা করিতে ক্ষান্ত হয় এই অভিপ্রায়ে যে কেহ সেই লোকের হিংসা করিবার ভয় দেখায় সেই লোক এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৭ সাল ৪ আপ্রিল।

জিলা যশোহরের নওয়াবাদের একটিং মুনসেফ শ্রীযুক্ত মৌলবী আবদুল জব্বার সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৭ আপ্রিল।

জিলা ঢাকার মাণিকগঞ্জের মুনসেফ শ্রীযুক্ত বাবু গোপীমোহন রায় গত ডিসেম্বর মাসের ৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মঙ্গলকোটের মুনসেফ শ্রীযুক্ত মুনশী বাসিরুদ্দীন মহম্মদ বর্ত্তমান মাসের ১০ ও ১১ তারিখের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রুসেল রেজিষ্টর

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৪ আপ্রিল।]

[*Government Gazette*, 14th *April*, 1857.]

GOVERNMENT ADVERTISEMENTS.

SALT.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেণ্ট গোলাত্তকি বাবৎ লাগাদ ৩১ মার্চ সন ১৮৫৭ সাল প্রত্যেক এজেন্সীর ও শাজিথার গোলাজাতের মৌজুদ।

এজেন্সীর নাম।		সন ১২৫৮ সাল মোতাবক ইংরাজী ১৮৫১।৫২ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২।৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩।৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪।৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫।৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬।৫৭ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।								
পাক্কা নেমক ঘাট রসুলপুর।		•	•	•	•	১,৬২৫/	•	১,৬২৫/
ঐ কৃষ্ণনগর।		•	•	•	•	৩,৪০৮/	•	৩,৪০৮/
ঐ রামনগর।		•	•	•	৫,০৯৭/	৩,০২৩/	•	৮,১২০/
ঐ উত্তর কালীনগর।		•	•	•	•	১,০২৩/	•	১,০২৩/
ঐ পুরী ঘাট।		•	•	•	•	৫৬,৭৬৭/	•	৫৬,৭৬৭/
	একুন।	•	•	•	৫,০৯৭/	৬৫,৮৪৬/	•	৭০,৯৪৩/
তমলুক।								
পাক্কা নেমক ঘাট নারায়ণপুর।		•	•	•	•	৬,৩৮৯॥২।	৩,৭৮৮/	১০,১৭৭॥২।
	একুন।	•	•	•	•	৬৩,৮৯॥২।	৩ ৭৮৮/	১০,১৭৭॥২।
২৪ পরগনা।								
পাক্কা নেমক ঘাট ধোসা।		•	•	•	•	৩,৫৭৫॥৫	•	৩,৫৭৫॥৫
ঐ বাগুণ্ডি।		•	•	•	•	৫,৬৪৪/৯	•	৫,৬৪৪/৯
	একুন।	•	•	•	•	৯,২১৯৸৫	•	৯,২১৯৸৪

এজেন্সীর নাম ।		সন ১২৫৮ সাল মোতাবেক ইংরাজী ১৮৫১ । ৫২ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবেক ইং ১৮৫২ । ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবেক ইং ১৮৫৩ । ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবেক ইং ১৮৫৪ । ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবেক ইং ১৮৫৫ । ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবেক ইং ১৮৫৬ । ৫৭ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম ।					•	৬,৮৩৭।০	•	৬,৮৩৭।০
পাক্কা নেমক বাগখালি ঘাট ।		•	•	•	•	১১,৪২২৸৫	•	১১,৪২২৸৫
পাক্কা নেমক সদর ঘাট এজেন্সী ।		•	•	•	•	•	৫১,৭৯৮॥৫	৫১,৭৯৮॥৫
ঐ আরাকিন ।		•	•	◦				
	একুন ।	•	•	•	•	১৮,২৬০/৫	৫১,৭৯৮॥৫	৭০,০৫৮৸০
শালিখা ।			•	•	•	৫৩,৫০৭/	•	৫৩,৫০৭/
পাক্কা নেমক কটক ।		•	•	•	•	১৪,২০৩/	•	১৪,২০৩/
ঐ বালেশ্বর ।		•	•	•	৫,২১১/	৭৮,৬৩৭/	•	৮০,৯২৮/
ঐ খোরদা ।		•	•	•	৩,২৭৮/	৬৭,০০৭/	•	৭০,২৮৫/
ঐ চিলকা ।		•	•	•	•	৪,০২০/	•	৪,০২০/
ঐ ২৪ পরগনা ।		•	•	•	•	•	•	২০,৩৫৮৭॥০
ঐ ঐ নারায়ণপুর ।		২,০৩,৫৮৭॥০	•	•	২,৮৩,৬৫২/	৭,০৬,৪৮২/	•	৯,৯০,১৩৪/
করকচ মান্দ্রাজ পরমিট ।		•	•	৭০,৩০১/	১,৭১,২৫৯/	৪০,৯১৩/	•	২,৮৫,৮৪৩/
ঐ চিলকা ।		•	•	•	•	৩০,৮৬৪/	•	৩০,৮৬৪/
পাক্কা নেমক পুরীঘাটা ।		•	•					
	একুন ।	২,০৩,৫৮৭॥০	•	৭০,৩০১/	৪,৬৩,৪৮০/	৯,৯৮,৯৪৩/	•	১৭,০৩,০১১॥০
আরাকিন ।					•	১৮,৪২৪॥২	১০,২৬১॥০	২৮,৬৮৬/২
পাক্কা নেমক ঘাট কৈকফু ।		•	•	•				
	একুন ।	•	•	•	•	১৮,৪২৪॥২	১০,২৬১॥০	২৮,৬৮৬/২
	মোট একুন ।	২,০৩,৫৮৭॥০	•	৭০,৩০১/	৪,৬৮,৪৭৭/	১১,১৭,০৮৩/৩	৬৫,৮৬৮/৫	১৯,২৫,৩১৬॥৮

হ টি টুবর । সেক্রেটারী ।

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫৭ । ১৪ আশ্বিন ।]

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা দিনাজপুর।

সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারাক্রমে জেলা দিনাজপুরের কালেক্টরিযুক্ত নীচের লিখিত মাহালাত মালগুজারির বাকীর নিমিত্ত ১৮৫৭ সনের আপরেল মাসের ২৮ মোতাবেক ১২৬৪ সনের বৈশাখ মাসের ১৭ তারিখ মঙ্গলবার উক্ত কালেক্টরি কাছারিতে বিনাওজরে নীলামে ধরা যাইবেক ইতি।

১ প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মাহাল।

নং ৬১ মৌজে তাএলওগয়রহ পরগনে বিজিনগর জমিদারী ব্রহ্মময়ী ও বিনোদময়ী ও পার্ব্বতী চৌধুরাণী ওহি নৃসিংহনাথ চৌধুরী নাবালগ ও আনন্দময়ী চৌধুরাণী মাদরে রাঘবেন্দ্র চৌধুরী সদর জমা ৮৫২৮৻৪

নং ১৫৫ মৌজে নেমুয়াওগয়রহ পরগনে রোকনপুর জমীদারি প্রসন্নকুমার বড়াল ও চুণিলাল বড়াল ও রেবতী-মণি চৌধুরাণী মাদরে হৃষীকেশ বড়ালওগয়রহ ও ক্ষেত্রমণি দাস্যা যে বাটওয়ারার তাবে আছে তাহার অংশিগণ মধ্যে প্রসন্নকুমার চুণিলাল ও রেবতীমণি আপন২ অংশের দেনা খাজানা আদায় করাপ্রযুক্ত ১৮১৪ সনের ১৯ কানুনের ৩৩ ধারাক্রমে তাহাদিগের অংশ বর্জ্জিত করিয়া কেবল বাকীদার অংশী ক্ষেত্রমণি দাস্যার অংশ ।০ চারি আনা তাহার সদর জমা ২৫৫৮॥৶১

নং ১৯১ মৌজে সেখপুরাওগয়রহ পরগনে রাজনগর জমীদারী তকীমামুদ চৌধুরী সদর জমা ২৯১১৸৶৬

দ্বিতীয় শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মাহাল।

নং ৫৫০ মৌজে মাধবপুর পরগনে সপবীর মিলকিয়ত রুক্মিণী বর্ম্মণী সদর জমা ২২৶৬

১ প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মাহাল।

নং ৬১২ মৌজে মাধববাটী পরগনে বাজীদপুর মিলকিয়ত সুশীলামণি চৌধুরাণী সদর জমা ৩॥৶১০৸

নং ৬৭২ মৌজে হরীহারি পরগনে বিজানগর মিলকিয়ত হলীমন্নেছা সদর জমা ৩৻১॥

২ দ্বিতীয় শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মাহাল।

নং ৭৫০ মৌজে গোবিন্দনগর পরগনে সালবাজ মিলকিয়ত ভৈরবনাথ চক্রবর্ত্তী সদর জমা ১৫॥০

তারিখ ২ আপরেল ১৮৫৭ মোং ২১ চৈত্র ১২৬৩ সন।

F. A. E. DALRYMPLE, *Collector.*

জিলা মেদিনীপুর।

সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা মেদিনী-পুরের নীচের লিখিত মহাল সন ১৮৫৭ সালের ২৮ মার্চপর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আকটের দ্বারায় অন্য যে দাওয়া রাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৫৭ সালের ১৮ আপরেল অত্র জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধায় বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৭ সাল তারিখ ৪ আপরেল।

প্রথম শ্রেণী চির বন্দবস্তী মহাল।

১৪। ১ নং মহাল নাজাই পং কাশীযোড়া মালিক জগন্নাথ মিশ্রী সদর জমা ২০৫৯॥১॥

দ্বিতীয় শ্রেণী দাএমী বন্দবস্ত না হওয়া মহাল।

১৪০৭ নং মহাল ভোগপুরওগয়রহ পং বালিঘেড়া মালিক কেনারাম পাল সদর জমা ৯॥৫॥

২৪৬১ নং মহাল শ্যামর য় চক মৌজে রাণীওড়া পং মাজনামুঠা মালিক পার্ব্বতীচরণ দত্ত সদর জমা ১৪৸৶১৸

প্রথম শ্রেণী দাএমি বন্দবস্তী মহাল।

২৫৮৬ নং মহাল পড়রেশ্বর পং বীরকুল মালিক শিবনারায়ণ ও লক্ষ্মীনারায়ণ ও সদানন্দ চৌধুরী ও রঘুনাথ পাহাড়ি সদর জমা ৫২॥৶৪

চতুর্থ শ্রেণী অন্য মহালের বাকীর জন্য।

গোলোকনাথ দাসের জায়দাদ পং খান্দার মৌজে দণ্ডরা গ্রামে লাখেরাজ জলকালা জমীন মোওয়াজী ২॥২ কাঠা হক হকুক।

W. H. BRODHURST, *Collector.*

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মাহালাত সকল মুরশিদাবাদ জেলার ঐ জেলার কালেক্টরের কাছারীতে বাকী মালগুজারীর নিমিত্তে সন ১৮৫৭ সালের ২৫ আপ্রিল মোতাবেক সন ১২৬৪ সালের ১৪ বৈশাখ শনিবার সাধারণ নীলামে উপস্থিত হইবেক।

শ্রেণী ১ কায়েমী বন্দোবস্ত মাহাল।

১৫২ নং জগন্নাথপুর পরগনে আসদনগর জমিদার কেদারনাথ দত্ত ও আনন্দচন্দ্র রায় সদর জমা ২৩২ ।০ আনা।

১৩৩ নং কাঁশমত মৌজে নওদাপাড়া পরগনে সমসখালি জমিদার মির আহাম্মদ আলী সদর জমা ৮৫ ।৭ পাই।

শ্রেণী ২ অল্প দিবসের বন্দোবস্ত মহাল।

১৪৮৩ নং চর শাহারবাজ্রি পরগনে রুকুনপুর জমিদার মুক্তারাম মিত্র সদর জমা ৬২/ ১১ পাই।

C. S. BELLI, *Offg. Collector.*

জিলা বগুড়া।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বগুড়ার নীচের লিখিত মহাল বাকী মালগুজারীর নিমিত্তে ১৮৫৭ ইং তারিখ ২৫ আপ্রিল মোতাবেক সন ১২৬৪। ১৪ বৈশাখ রোজ শনিবার ঐ জেলার কালেক্টরীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক।

প্রথম শ্রেণী ইস্তমুরার জমা ধার্য্যহওয়া মহাল।

নং ২২৯ পরগনে পলাশবাড়ি হিস্যা ৶১০ আনা লিখিত মালিক ব্রজসুন্দর বিশ্বাস অন্নপূর্ণা দাস্যা মাদরে জগৎ-নারায়ণ ও উমাসুন্দরী দাস্যা ও গৌরমণি দাস্যা মাদরে দিনবন্ধু ও জগবন্ধু নাবালগ ও অন্নপূর্ণা জওজে উদয়চন্দ্র সদর জমা ৪৮২ ।০ আনা।

A. J. JACKSON, *Offg. Deputy Collector.*

[*Government Gazette*, *14th April*, *1857.*]

জিলা ভাগলপুর।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জিলে ভাগলপুর।

সংবাদ দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহালাত যোতালকে জিলে ভাগলপুর রাজস্ব বাকী আদায়ের নিমিত্তে সন ১৮৫৭ সালের ২৫ এপ্রেল মোতাবেক ১৬ বৈশাখ সন ১২৬৪ ফসলী রোজ শনিবার নিশ্চয় নীলামে ধরা যাইবেক।

দ্বিতীয় শ্রেণী বন্দোবস্ত মহাল মস্তাজরী।

নং ২১ ঘাট উরাওঁর তপ্পে বারকোব পং ভাগলপুর লিখিত মালিক ভখ রাউত ও জিতু রায় সদর জমা ১২৬।৩ পাই

নং ৪৮ ঘাট মধদা দোহনি তপ্পে বারকোব পং ভাগলপুর লিখিত মালিক জিতু রায় সদর জমা ৭৬৷৷৶৪ পাই

নং ৭৮ ঘাট দোমকা তপ্পে বেলপাত্যা লিখিত মালিক গোবরধন লাল ও ভওয়াহের সাহু ও সহায় রাম সাহু ও ছত্তর সিংহ পিশরে রতন সিংহ সদর জমা ৫১১।৶

নং ৭৯ মহাসিংহপুর পং কাঁকজোল লিখিত মালিক রাধে লাল হুকুম সদর জমা ৫।৶২ পাই

চতুর্থ শ্রেণী মহালাত অন্য মহালের বাকীর নিমিত্তে নীলাম হইবেক।

নং ১০৬ ৶০ তরফ মহাশা পং জমুনি লিখিত মালিক মেং বেলীরণ মেকনজি সাহেব ও মেঃ আলফি হাওলাই সাহেব যাহার সদর জমা ৩১১২/৩ পাই দিয়ারা হরচন্দ্রপুর পং জমুনির মঃ ১৫৮৸৶৫ আদাএর কারণ নীলাম হইবেক।

প্রথম শ্রেণী এস্তমুরারী জমা ধার্য্যহওয়া মহাল।

নং ১০৯ মুটহরি গোরগাঁওয়া পং ছহরুই লিখিত মালিক টেকেট লোকনারায়ণ সিংহ ও টেকেট মেহরাজ সিংহ ও কালীচরণ সদর জমা ৪৭৬৮৮ পাই এই মহালেতে গত সনাদ বকয়া মালগুজারী বাকী আছে খরীদারকে কিস্তিবন্দী মোতাবেক বকয়া আদাএ করিতে হইবেক।

নং ২২৬১ জাগীর রমজানী সুবেদার থানে উদুয়া নালা লিখিত মালিক সেখ অফিরুত উল্লা সদর জমা ১২৮৬ পাই

নং ২০৪৯ জাগীর মহামুদ ছফি লস্কর থানে উদুয়া নালা লিখিত মালিক [illegible] ৭৮ পাই

নং ২০৭৭ জাগীর গেদুন কুহর থানে উদুয়া নালা লিখিত মালিক রহেমান খাঁ ও নুরণ ও আমীরন সদর জমা ৮৶১১.।৹

২৪০৪ জাগীর করিম খাঁ নায়েক থানে সংগ্রামপুর লিখিত মালিক মেরজা মজহর আলী সদর জমা ।৶০৮ কড়া

তারিখ ৬ আপ্রিল সন ১৮৫৭। S. Lushington, *Offg. Collector.*

জিলা পূরনিয়া।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা পূরনিয়ার নীচের লিখিত মহাল বাকী রাজস্বের জন্যে ১৮৫৭ সালের ২৫ আপ্রিল তারিখে মোতাবেক বাং ১২৬৪ সালের ১৪ বৈশাখ শনিবারে ঐ জিলায় কালেক্টর সাহেবের কাছারীতে নীলাম হইবেক।

দ্বিতীয় শ্রেণী। ১০০৲ টাকার অনধিক জমার চিরকালীন বন্দোবস্তহওয়া মহাল।

৬৮৩ নম্বর। দেওরী ভ কপোকরপ্রভৃতি পরগনা শ্রীপুর। লিখিত মালিক গোবিন্দ বল্লভ দাস গোঁসাই-ওগয়রহ। সদর জমা ৭০।/৩ টাকা।

৮৫২ নম্বর। মৌজা বোরজবাড়ী পরগনা শ্রীপুর। লিখিত মালিক মীর তসদ্দক হুসেনওগয়রহ নীলাম খরীদার। সদর জমা ৫১।/১১ টাকা।

ফসলী অংশ।

তৃতীয় শ্রেণী কিস্তিৎ কালের বন্দেবস্তহওয়া কি ইজারা দেওয়া মহাল।

রেজিষ্টারী নম্বর ১১৭৫। মৌজা পুটিয়া বাগাপ্রভৃতি জিলা গোন্দওয়ারা পরগনা ধর্ম্মপুর। লিখিত মালিক মসম্মাৎ কাশা গোঁসাইওগয়রহ। সদর জমা ১১৯৶১ টাকা।

R. Alexander, *Offg. Collector.*

RECEIVED

From the Collectorate of 24-Pergunnahs a Sale Notice, dated 8th April; the land in question is to be sold on the 29th April. And from the Collectorate of Jessore a Sale Notice, dated 8th April; the land in question is to be sold on the 30th April. And also from the Collectorate of Nuddea a Sale Notice, dated 7th April; the land in question is to be sold on the 30th April. These will appear next week.

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৪ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুক্ত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

অতিরিক্ত

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, APRIL 17, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ১৭ আপ্রিল।

DRAFT OF ACT.

A Bill for simplifying the Procedure of the Courts of Civil Judicature of the East India Company in Bengal.

CHAPTER IV.

OF A SUIT TILL FINAL DECREE.

[Continued from page 276.]

[Judge may reject an improper statement, or expunge irrelevant matter, and fine party presenting it.]

97. If it shall appear to the Court, that any written statement presented by or on behalf of a party, whether the same have been spontaneously tendered or have been called for by the Court, is argumentative or unnecessarily prolix, or that it contains matter irrelevant to the suit, the Judge may reject the same; and it shall not be competent to a party whose written statement has been rejected for any of these causes, to present another written statement, unless it shall be expressly called for by the Court. If the Judge think proper, he may, instead of absolutely rejecting the written statement, receive and record the same, after he shall have struck out all such parts of the written statement as he may consider to be argumentative, unnecessary, or irrelevant; and such parts of any written statement as may be so struck out by the Judge shall not be allowed in the costs ordered to be paid by the opposite party, if costs be decreed against him. It shall also be competent to the Judge to impose upon the party from whose written statement he shall see fit to strike out any part, as being argumentative, unnecessary, or irrelevant, a fine not exceeding fifty Rupees.

আইনের মুসাবিদা।

বাঙ্গলা দেশে দেওয়ানী মোকদ্দমার বিচারার্থে কোম্পানি বাহাদুরের আদালতের কার্য্য আরো সুগম করিবার আইনের মুসাবিদা।

চতুর্থ অধ্যায়।

চূড়ান্ত ডিক্রী না হওয়াপর্য্যন্ত মোকদ্দমার কথা।

[২৭৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[বিচারকর্ত্তা অনুপযুক্ত এজহার অগ্রাহ্য করিতে পারিবেন কিম্বা অসম্পর্কীয় বিষয় উঠাইয়া দিতে পারিবেন ও যে পক্ষ তাহা দেয় তাহার জরীমানা করিতে পারিবেন।]

৯৭। যে পক্ষের দ্বারা কি যাহার তরফে কোন লিখিত এজহার দেওয়া যায় সেই পক্ষ স্বেচ্ছামতে তাহা দিয়া থাকুক কিম্বা আদালতের আজ্ঞামতে দেওয়া যাউক, যদি আদালত বোধ করেন যে সেই এজহারেতে তর্কবিতর্ক আছে কি তাহা অনাবশ্যকমতে বিস্তারিতরূপে লেখা হইয়াছে কিম্বা তাহাতে মোকদ্দমার অসম্পর্কীয় কথা থাকে তবে বিচারকর্ত্তা তাহা অগ্রাহ্য করিতে পারিবেন। আর ইহার মধ্যে কোন কারণে যদি কোন পক্ষের লিখিত এজহার অগ্রাহ্য করা যায় তবে আদালত স্পষ্টরূপে তলব না করিলে সেই পক্ষ অন্য এক লিখিত এজহার দিতে পারিবেক না। যদি বিচারকর্ত্তা উচিত বোধ করেন তবে তিনি ঐ লিখিত এজহার একেবারে অগ্রাহ্য না করিয়া তাহার যে সকল অংশ তর্কযুক্ত কি অনাবশ্যক কি অসম্পর্কীয় বোধ করেন সেই সকল অংশ উঠাইয়া দিয়া তাহা গ্রাহ্য করিয়া কাগজপত্রের শামিল করিতে পারিবেন। আর যদি বিপক্ষ পক্ষের খরচা দিবার ডিক্রী হয় তবে তাহার যে খরচা দিবার আজ্ঞা হয় তাহার মধ্যে কোন লিখিত এজহারের যে সকল অংশ বিচারকর্ত্তা তদ্রূপে উঠাইয়া দেন তাহা ধরা যাইবেক না। আরো যে পক্ষের লিখিত এজহারের কোন অংশ তিনি তর্কযুক্ত কি অনাবশ্যক কি অসম্পর্কীয় বলিয়া উঠাইয়া দেওয়া উচিত বোধ করেন সেই পক্ষের পঞ্চাশ টাকার অনধিক জরীমানা করিতে পারিবেন।

[Judge may call for a person whom he thinks it proper to examine before framing the issues.]

98. If the Judge shall be of opinion that the issues cannot be correctly framed without the examination of some person other than the persons already before the Court, or without the reading of some document not produced by any of such persons, he may adjourn the framing of the issues to a future day, and may compel the attendance of such person, or the production of the document by the person in whose hands it may be, by subpœna or other suitable process.

[Amendment of issues.]

99. At any time before the decision of the case, the Judge may amend the issues on such terms as to him shall seem fit, and all such amendments as may be necessary for the purpose of determining the real question or controversy between the parties shall be so made.

[Appeal.]

100. If either party is dissatisfied with the issues as finally framed by the Court, such party may appeal upon that ground after the decision of the case.

Of Issues by Agreement of Parties.

[Questions of fact, or of law or equity, may be stated by the parties in the form of an issue, and an agreement may be entered into for the payment of a sum of money, or the doing or the refraining to do a particular act, according to the result of the issue.]

101. When the parties to a suit are agreed as to the question or questions of fact, or of law or equity, to be decided between them, they may, at any time after the issue of the summons, state the same in the form of an issue, and enter into an agreement in writing, which shall not be subject to any stamp duty, that upon the finding of the Judge in the affirmative or the negative of such issue a sum of money fixed by the parties, or to be ascertained by the Judge upon a question inserted in the issue for that purpose, shall be paid by one of the parties to the other of them, or that some property specified in the agreement, and in dispute in the suit, shall be delivered by one of the parties to the other of them, or that one or more of the parties shall do or perform some particular legal act or acts, or shall refrain from doing or performing some particular act or acts, specified in the agreement, and having reference to the matter in dispute, either with or without the cost of the suit.

[The Judge, if satisfied that the agreement was executed *bonâ fide*, may decree accordingly.]

102. If the Judge shall be satisfied, after an examination of the parties, or their vakeels, or taking such evidence as he may deem proper, that the agreement was duly executed by the parties, and that the parties have a *bonâ fide* interest in

[ইসু নির্ণয় করিয়া লিখিবার পূর্ব্বে বিচারকর্ত্তা অন্য যে ব্যক্তির জোবানবন্দী লওয়া উচিত বোধ করেন তাহাকে তলব করিতে পারিবেন।]

৯৮। যদি বিচারকর্ত্তা বোধ করেন যে যাহারা আদালতে উপস্থিত তাহারদের ছাড়া অন্য কোন ব্যক্তির জোবানবন্দী না লইলে, কিম্বা সেই প্রকার কোন ব্যক্তি যে দলীল উপস্থিত করে নাই এমত কোন দলীল পাঠ না করিলে, ইসু যথার্থমতে নির্ণয় করিয়া লেখা যাইতে পারে না, তবে তিনি ইসু নির্ণয় করিবার জন্য অন্য দিন নিরূপণ করিতে পারিবেন ও সফীনা কিম্বা উপযুক্ত অন্য পরওয়ানা জারী করিয়া ঐ প্রকার ব্যক্তিকে হাজির করাইতে পারিবেন কিম্বা ঐ দলীল যাহার হাতে থাকে তাহাকে তাহা লইয়া উপস্থিত করাইতে পারিবেন।

[ইসুর সংশোধন করণ।]

৯৯। মোকদ্দমা নিষ্পত্তি করিবার পূর্ব্বে কোন সময়ে বিচারকর্ত্তা যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মমতে ইসু সংশোধন করিতে পারিবেন। আর উভয় পক্ষের মধ্যে প্রকৃত বিষয় কি বিবাদের কথা নির্ণয় করিবার জন্যে তদ্রূপে যে সকল সংশোধন করা আবশ্যক হয় তাহা সেই প্রকারে করা যাইবেক।

[আপীল।]

১০০। আদালত শেষে যে ইসু লিখিয়া দেন তাহাতে যদি কোন পক্ষ সন্তুষ্ট না হয় তবে সেই পক্ষ মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর সেই হেতুতে আপীল করিতে পারিবেক।

উভয় পক্ষের সম্মতিতে ইসু নির্ণয়ের কথা।

[উভয় পক্ষ বৃত্তান্ত কি আইন কি এক্যুটি ঘটিত কোন বিষয় ইসুর মতে ব্যক্ত করিতে পারিবেক। আর সেই ইসুর ফল অনুসারে টাকা দিবার কিম্বা বিশেষ কোন কার্য্য করিবার কিম্বা কোন কার্য্য ক্ষান্ত হইবার করার লিখিয়া দিতে পারিবেক।]

১০১। মোকদ্দমার উভয় পক্ষের মধ্যে বৃত্তান্ত কি আইন কি এক্যুটি ঘটিত যে এক কি অনেক বিষয় নিষ্পত্তি করিতে হইবেক সেই বিষয়ে যদি উভয় পক্ষ একবাক্য হয়, তবে তাহারা সমন জারী হইবার পর কোন সময়ে সেই কথা ইসুর মতে ব্যক্ত করিতে পারিবেক, ও এই মর্ম্মের এক করারও লিখিয়া দিতে পারিবেক যে, বিচারকর্ত্তা ঐ ইসুর বিচার করিয়া তাহা যেমন স্বীকার করেন কি নামঞ্জুর করেন তদনুসারে উভয় পক্ষ যত টাকা ধরিয়াছে, কিম্বা টাকা নির্দ্ধার্য্য করণার্থে যে জিজ্ঞাসা ইসুর মধ্যে লিখিয়া দেওয়া যায় সেই জিজ্ঞাসামতে বিচারকর্ত্তা যত নির্দ্ধার্য্য করেন তত টাকা তাহারদের এক পক্ষ অন্য পক্ষকে দিবেক, কিম্বা মোকদ্দমায় যে সম্পত্তি লইয়া বিবাদ হয় সেই করারের লিখিত এমত কোন সম্পত্তি তাহারদের এক পক্ষ অন্য পক্ষকে দিবেক, কিম্বা বিবাদের বিষয়ের সঙ্গে যেই কার্য্যের সম্পর্ক থাকে করারের লিখিত আইনসম্পর্কীয় এমত কোন বিশেষ কার্য্য উভয় পক্ষের মধ্যে এক কি অধিক লোক করিবেক কি সাধন করিবেক কিম্বা কোন বিশেষ কার্য্য করণে কি সাধনে ক্ষান্ত হইবেক, ও তাহাতে মোকদ্দমার খরচার নিয়মও করিবেক। ঐ করারপত্রের কোন ইষ্টাম্পের মাসুল লাগিবেক না।

[বিচারকর্ত্তা যদি সন্তোষমতে জানেন যে ঐ করারপত্র প্রকৃত ভাবে করা গিয়াছিল তবে তিনি তদনুসারে ডিক্রী করিতে পারিবেন।]

১০২। যদি বিচারকর্ত্তা উভয় পক্ষের কি তাহারদের উকীলেরদের জোবানবন্দী লইলে পর কিম্বা যে প্রমাণ উচিত জ্ঞান করেন তাহা গ্রহণ করিলে পর সন্তোষমতে জানেন যে, ঐ করারপত্র উভয় পক্ষ উপযুক্তমতে করিয়াছে আর যে ইসু ধরিয়াছে তাহার নিষ্পত্তিতে উভয়

the decision of such question or questions, and that the same is or are fit to be tried or decided, he may proceed to record and try the same, and deliver his finding or opinion thereon in the same manner as if the issue had been framed by himself in an ordinary suit, and may upon his finding or deciding in such issue, give judgment for the sum so fixed by the parties or so ascertained as aforesaid, or otherwise according to the terms of the agreement; and upon the judgment which shall be so given, decree shall follow and may be executed in the same way as if the judgment had been pronounced in a contested suit.

When the Suit may be disposed of at the First Hearing.

[If the summons was for a final disposal of the case, or the parties consent, suit may be decided at first hearing.]

103. If the Court shall be satisfied that the questions of law or fact in which the parties are at issue do not require any further argument or proof than such as the parties or their vakeels can at once supply, the Court may at once decide such question, if the summons have been issued for a final disposal of the cause; and if the summons have been issued for a settlement of issues only, the Court may in like manner at once decide the question, if the parties consent thereto.

[Otherwise, the hearing of the case to be postponed.]

104. When the summons has been issued for the settlement of issues only, if the parties or either of them do not consent that the Court shall at once decide the questions of law or fact on which they may be at issue, or if the questions of law or fact on which they are at issue require further argument or proof than the parties or their vakeels can at once supply, the Judge shall postpone the further hearing of the cause, and shall fix a day for the production of further evidence, or for further argument, as the case may require.

Of Adjournments.

[Judge may grant time, or adjourn to a future day.]

105. The Judge may, at any stage of the suit, grant time to the parties, or either of them, and may from time to time adjourn the hearing of the cause as he may think fit; and in all such cases the party applying for time shall pay the costs occasioned by such adjournment, unless the Judge shall otherwise direct.

[How the Judge is to proceed if the parties fail to appear on the day fixed.]

106. If on any day to which the hearing of the cause may be adjourned, the parties or either of them shall not appear in person or by vakeel, the Court may proceed to dispose of the cause in the manner specified in Article 74 or Article 77

পক্ষের প্রকৃতপ্রস্তাবে সম্পর্ক আছে ও তাহা বিচার কি নিষ্পত্তি করিবার উপযুক্ত বিষয় বটে, তবে তিনি তাহা রিকার্ড করিয়া তাহার বিচার করিতে পারিবেন, ও আপনি রীতিমতের মোকদ্দমায় ইসু নির্ণয় করিলে যে প্রকারে করিতেন সেই প্রকারে সেই ইসুর উপরে আপনার বিচার কি মত জানাইবেন, আর সেই ইসুর যে প্রকারে বিচার কি নিষ্পত্তি করেন তদনুসারে উভয় পক্ষের সেই প্রকারের নির্দ্ধারিত কিম্বা আপনার পূর্ব্বোক্তমতের নিণীত টাকা দিবার হুকুম, কিম্বা করারপত্রের নিয়মানুসারে অন্য হুকুম করিবেন। এবং সেই প্রকারেতে যে নিষ্পত্তি হয় তদনুসারে ডিক্রী হইবেক ও উভয় পক্ষের তদবীর-করা মোকদ্দমায় হুকুম হইলে যে প্রকারে হইত সেই প্রকারে ঐ ডিক্রী জারী হইবেক।

যে স্থলে মোকদ্দমা প্রথম শুনিবার সময়ে নিষ্পত্তি হইতে পারিবেক তাহার কথা।

[যদি সমন মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে হয় কিম্বা যদি উভয় পক্ষ সম্মত হয় তবে মোকদ্দমা প্রথমবার শুনিবার সময়ে নিষ্পত্তি হইতে পারিবেক।]

১০৩। আইন কি বৃত্তান্তঘটিত যে বিষয় লইয়া বিবাদ হয় সেই বিষয়ে উভয় পক্ষ কি তাহারদের উকীলেরা যে তর্ক কি প্রমাণ একেবারে উপস্থিত করিতে পারে তাহার অধিক লইবার প্রয়োজন নাই ইহা আদালত সন্তোষমতে জানিলে, যদি সমন মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্তে জারী হইয়া থাকে তবে আদালত একেবারে সেই বিষয় নিষ্পত্তি করিতে পারিবেন। কিন্তু যদি সমন কেবল ইসু নির্ণয়ের নিমিত্তে জারী হইয়া থাকে তবে উভয় পক্ষ সম্মত হইলে আদালত সেই প্রকারে ঐ বিষয় একেবারে নিষ্পত্তি করিতে পারিবেন।

[নতুবা মোকদ্দমা শুনিবার জন্যে আর এক দিন নিরূপণ হইবেক।]

১০৪। যখন সমন কেবল ইসু নির্ণয়ের নিমিত্তে জারী হয় তখন আইন কি বৃত্তান্তঘটিত যে বিষয় লইয়া উভয় পক্ষের মধ্যে বিবাদ হয় তাহা আদালত একেবারে নিষ্পত্তি করেন ইহাতে যদি উভয় পক্ষ কি কোন পক্ষ সম্মত না হয়, কিম্বা আইন কি বৃত্তান্তঘটিত যে বিষয় লইয়া তাহারদের মধ্যে বিবাদ হয় তদ্বিষয়ে উভয় পক্ষ কি তাহারদের উকীলেরা যে তর্ক কি প্রমাণ একেবারে উপস্থিত করিতে পারে তাহার অধিকের যদি প্রয়োজন হয়, তবে বিচারকর্ত্তা মোকদ্দমার অধিক শুননির বিলম্ব করিবেন, ও অধিক প্রমাণ উপস্থিত করিবার কিম্বা বিষয় বুঝিয়া যেমন প্রয়োজন হয় তেমনি অধিক তর্ক করিবার জন্যে দিন নিরূপণ করিবেন।

বিচার স্থগিত রাখনের কথা।

[বিচারকর্ত্তা অবকাশ দিতে পারিবেন কিম্বা অন্য দিনপর্য্যন্ত স্থগিত রাখিতে পারিবেন।]

১০৫। বিচারকর্ত্তা মোকদ্দমা চলিবার কোন সময়ে উপযুক্ত বোধ করিলে উভয় কি কোন পক্ষকে অবকাশ দিতে পারিবেন ও সময়ে২ মোকদ্দমার শুননি স্থগিত করিতে পারিবেন। আর এমত সকল স্থলে জজ সাহেব অন্যরূপ আজ্ঞা না করিলে ঐ বিচার স্থগিত হওনে যে খরচা হয় তাহা যে পক্ষ অবকাশ প্রার্থনা করে সেই পক্ষ দিবেক।

[যদি উভয় পক্ষ নিরূপিত দিনে হাজির না হয় তবে বিচারকর্ত্তার যেরূপে কর্ম্ম করিতে হইবেক।]

১০৬। মোকদ্দমা স্থগিত হইয়া তাহা শুনিবার জন্য যে দিন নিরূপণ হয় সেই দিনে যদি উভয় কি কোন পক্ষ নিজে কি উকীলের দ্বারা উপস্থিত না হয় তবে এই অধ্যায়ের ৭৪ প্রকরণে কিম্বা বিষয়বিশেষে ৭৭ প্রকরণে যেমন লেখা আছে আদালত ঐ মোকদ্দমা লইয়া তেমনি

of this Chapter, as the case may be, or may make such other order as may appear to be just and proper in the circumstances of the case.

করিবেন, অথবা তাবগতিক বুঝিয়া অন্য যে হুকুম ন্যায্য ও উচিত বোধ হয় সেই হুকুম করিতে পারিবেন।

Of Summoning Witnesses.

[Application for Summons.]

107. The parties or their vakeels may at any time obtain, on application to the clerk or other proper officer of Court, summonses to witnesses or other persons, with or without a clause requiring the production of books, deeds, papers, and writings in their possession or control, and in such summons any number of names may be inserted.

সাক্ষিরদিগকে সমন করিবার কথা।

[সমন দিবার দরখাস্ত।]

১০৭। মোকদ্দমার উভয় পক্ষ কি তাহারদের উকীলেরা কোন সময়ে আদালতের ক্লার্কের কি উপযুক্ত অন্য কর্ম্মকারকের নিকটে দরখাস্ত করিয়া সাক্ষিরদের কি অন্য ব্যক্তিরদের নামে সমন পাইতে পারিবেক। ও তাহারদের নিকটে কি এখ্তিয়ারে যে বহী কি দলীল কি কাগজপত্র কি লিপি থাকে তাহা উপস্থিত করিবার এক দফাও ঐ সমনের মধ্যে লেখা যাইতে পারিবেক, ও সেই সমনপত্রের মধ্যে যত নাম হউক লেখা যাইতে পারিবেক।

[Expenses of witnesses to be paid before issue of summons.]

108. The person applying for a summons shall pay to the clerk or proper officer of the Court such a sum of money as shall appear to the Court to be reasonable, to defray the travelling and other expenses of each witness, or other person mentioned in the summons, in passing to and from the Court in which he may be required to attend, and for one day's attendance. If the Court be a subordinate Court, regard shall be had, in fixing the scale of such expenses, to the rules, if any, established by the Court to which such Court shall be immediately subordinate. The sum so paid to the officer shall be tendered to the witness or other person, at the time of serving the summons, if it can be served personally. In addition to the sum so paid, the Court may direct such further sum to be paid to the witness or other person as may appear to be necessary to defray his travelling and other expenses, and also the expenses of his detention under the summons, and in case of default in payment, may order such sum to be levied by attachment and sale of the goods of the person ordered to pay the same, and the witness or other person summoned shall not be bound to give evidence, or produce any document until such sum shall be paid.

[সমন জারী করিবার পূর্ব্বে সাক্ষিরদের খরচ দিতে হইবেক।]

১০৮। একং জন সাক্ষির কি সমনের লিখিত অন্য ব্যক্তির যে আদালতে উপস্থিত হইবার আজ্ঞা হয় সেই আদালতে যাইবার ও তথাহইতে ফিরিয়া যাইবার ও তথায় এক দিন থাকিবার জন্যে যত পথখরচ ও অন্যান্য খরচ আদালত উচিত বোধ করেন তত খরচ সমন দিবার দরখাস্তকারি ব্যক্তি ঐ আদালতের ক্লার্ককে কি উপযুক্ত অন্য কর্ম্মকরিককে দিবেক। ঐ আদালত যদি অন্য আদালতের অধীন হয়, তবে যাঁহার অধীন থাকে সেই আদালত যদি খরচের কোন বিধি স্থাপন করিয়া থাকেন তবে ঐ খরচের হিসাব করণেতে সেই বিধি মানিতে হইবেক। সমন যাহার নামে দেওয়া যায় নিজ সেই ব্যক্তির উপরে জারী হইতে পারিলে, সেই কর্ম্মকারককে যে টাকা সেইরূপে দেওয়া যায় তাহা সমন জারী হইবার সময়ে সেই সাক্ষিকে কি অন্য ব্যক্তিকে দিবার প্রস্তাব হইবেক। সেইরূপে দেওয়া টাকার অতিরিক্ত ঐ সাক্ষির কি অন্য ব্যক্তির পথখরচ ও অন্য খরচ ও সমনমতে ঐ ব্যক্তির থাকিবার খরচের জন্যে আদালত অধিক যে টাকা আবশ্যক বোধ করেন তাহাও দিতে আজ্ঞা করিতে পারিবেন। যদি সেই টাকা না দেওয়া যায় তবে যাহাকে সেই টাকা দিতে আজ্ঞা হইয়াছে তাহার মাল ক্রোক ও নীলাম করিয়া ঐ টাকা আদায় করিবার হুকুম করিতে পারিবেন, ও যাবৎ সেই টাকা না দেওয়া যায় তাবৎ সেই সাক্ষী কি সমনকরা অন্য ব্যক্তি সাক্ষ্য দিতে কি কোন দলীল উপস্থিত করিতে বদ্ধ হইবেক না।

[Time and place of attendance to be specified in summons.]

109. Every summons for the attendance of any witness or other person, shall specify the time and place at which he is required to attend, and also the purpose for which his attendance is required and any particular document or documents which the witness or other person may be called on to produce shall be described in the summons with convenient certainty. The witness shall further be required to produce all deeds and documents in his possession relating to the subject of the suit, and shall be bound to produce them unless he shall satisfy the Judge that the notice to produce did not give him sufficient information.

[হাজির হইবার সময় ও স্থান সমনের মধ্যে লিখিতে হইবেক।]

১০৯। কোন সাক্ষিকে কি অন্য ব্যক্তিকে হাজির হইবার যে সমন দেওয়া যায় তাহার মধ্যে, যে সময়ে ও স্থানে তাহার হাজির হইতে হইবেক তাহা, ও যে কারণে তাহার হাজির হইবার আজ্ঞা হয় তাহা লেখা থাকিবেক। ও ঐ সাক্ষির কি অন্য ব্যক্তির বিশেষ যে কোন এক কি অধিক দলীল উপস্থিত করিবার আজ্ঞা হয় তাহাও চিনিবার জন্যে নিশ্চিতরূপে সমনের মধ্যে নির্ণয় করা যাইবেক। আর যে বিষয় লইয়া মোকদ্দমা হয় তৎসম্পর্কীয় যে সকল দলীল ও কাগজপত্র ঐ সাক্ষির নিকটে থাকে তাহাও আনিতে আজ্ঞা হইবেক। আর উপস্থিত করিবার এত্তেলার মধ্যে তদ্বিষয়ের প্রচুর সম্বাদ দেওয়া যায় নাই এই কথা যদি বিচারকর্ত্তার সন্তোষমতে না জানাইতে পারে তবে তাহার সেই দলীল উপস্থিত করিতেই হইবেক।

[Summons to produce a document.]

110. Any person, whether a party to a suit or

[দলীল উপস্থিত করিবার সমন।]

১১০। কোন ব্যক্তি মোকদ্দমার এক পক্ষ হউক কি

not, may be summoned to produce a document, without being summoned to give evidence; and any person, summoned merely to produce a document, shall be deemed to have complied with the summons, if he cause such document to be produced, instead of attending personally to produce the same.

Service of Summons on a Witness.

[How the summons shall be served.]

111. Every summons shall be served by exhibiting the original, and delivering or tendering a copy; and the service shall in all cases be made a sufficient time before the time specified in the summons for the attendance of the witness, to allow him a reasonable time for preparation, and for travelling to the place at which his attendance is required.

[Service to be on the witness, or a member of his family.]

112. Whenever it may be practicable, the service of the summons shall in all cases be upon the person thereby required to attend; but when he cannot be found, the service may be made on any adult member of his family residing with him.

[When the summons cannot be served it is to be returned to the Court.]

113. When the person required to attend cannot be found, and there is no adult member of his family on whom the summons can be served, the serving officer shall return the summons to the Court from whence it issued, with an endorsement thereon that he has been unable to serve it.

[Time and manner of service to be endorsed on the summons.]

114. The serving officer shall, in all cases in which the summons has been served, endorse on the original summons the time and the manner where and how it was served.

[How a summons on a witness who resides in another jurisdiction is to be served.]

115. If the person required to attend be resident within the jurisdiction of any other Court than that in which the suit is pending, whether such Court be within the said Presidency or not, summons shall be transmitted by the clerk or proper officer of the Court in which the suit is pending, to the clerk or proper officer of the Court within whose jurisdiction the person required to attend may reside; and the clerk or proper officer of the last-mentioned Court shall, upon receipt thereof, deliver the same to the bailiff or other proper officer of his own Court, to be served in the manner above directed; and upon the return of the summons by the serving officer, it shall be transmitted to the clerk or proper officer of the Court from whence it originally issued.

[When a witness absconds his property may be attached.]

116. If any person for whose attendance either

না হউক তাহার নামে সাক্ষ্য দিবার সমন না হইয়াও দলীল উপস্থিত করিবার সমন হইতে পারিবেক; ও যে ব্যক্তির নামে কেবল দলীল উপস্থিত করিবার সমন করা যায় সে যদি ঐ দলীল উপস্থিত করিবার জন্যে আপনি হাজির না হইয়াও সেই দলীল উপস্থিত করায় তবে সে সমনমতে কার্য্য করিয়াছে জ্ঞান হইবেক।

সাক্ষির নামে সমন জারী করিবার কথা।

[সমন যে প্রকারে জারী করিতে হইবেক।]

১১১। সাক্ষিকে সমনের আসলপত্র দেখাইলে ও তাহার নকল দেওয়া গেলে কি দিবার প্রস্তাব হইলে সমন জারী হইবেক। আর সমনে ঐ সাক্ষির হাজির হইবার যে সময় লেখা আছে তাহার পূর্ব্বে প্রস্তুত হইবার ও যে স্থানে তাহার হাজির হইতে হইবেক সেই স্থানে যাইবার উপযুক্ত সময় যাহাতে থাকিতে পারে এমত প্রচুর সময় থাকিতে সর্ব্বদাই সমন জারী হইবেক।

[সাক্ষির উপর কিম্বা তাহার পরিবারের কোন লোকের উপর জারী হইবেক।]

১১২। যখন হইতে পারে তখন সমনে যাহার হাজির হইবার হুকুম হয় তাহারই উপর সেই সমন সর্ব্বদাই জারী হইবেক কিন্তু যদি তাহাকে না পাওয়া যায় তবে তাহার সহবাসি তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন লোকের উপর জারী হইবেক।

[যদি সমন জারী হইতে না পারে তবে আদালতে ফিরিয়া দেওয়া যাইবেক।]

১১৩। যাহার হাজির হইবার হুকুম হয় তাঁহাকে যদি না পাওয়া যায় ও যাহার উপর সমন জারী হইতে পারে তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত এমত কোন লোক না থাকে তবে জারীকরণিয়া কার্য্যকারক তাহা জারী করিতে পারিল না এই কথা সমনের পৃষ্ঠে লিখিয়া যে আদালতহইতে বাহির হয় সেই আদালতে ফিরিয়া দিবেক।

[সমন জারী হইবার সময় ও প্রকার তাহার পৃষ্ঠে লিখিতে হইবেক।]

১১৪। যদি সমন জারী হইয়া থাকে তবে তাহা যে সময়ে ও যেপ্রকারে জারী হইয়াছিল তাহা সমন জারীকরণিয়া কর্ম্মকারক আসল সমনের পৃষ্ঠে সর্ব্বদাই লিখিবেন।

[সাক্ষী অন্য এলাকায় বাস করিলে সমন যে প্রকারে জারী হইবেক।]

১১৫। যাহার হাজির হইবার হুকুম হয় সে যদি মোকদ্দমা যে আদালতে উপস্থিত থাকে তদ্ভিন্ন অন্য কোন আদালতের এলাকার মধ্যে বাস করে, তবে ঐ অন্য আদালত উক্ত রাজধানীর মধ্যে হউক কি না হউক, যে আদালতে মোকদ্দমা উপস্থিত থাকে তাহার ক্লার্ক কি উপযুক্ত কর্ম্মকারক, যাহার হাজির হইবার প্রয়োজন হয় সে যে আদালতের এলাকার মধ্যে বাস করে তাহার ক্লার্কের কি উপযুক্ত কর্ম্মকারকের নিকটে, ঐ সমন পাঠাইবেন। ও শেষোক্ত আদালতের ক্লার্ক কি উপযুক্ত কর্ম্মকারক ঐ সমন পাইলে পূর্ব্বের বিধিমতে তাহা জারী হইবার জন্যে আপন আদালতের বেলিফকে কি উপযুক্ত অন্য কর্ম্মকারককে দিবেন, ও জারীকরণিয়া কার্য্যকারক ঐ সমন ফিরিয়া আনিলে তাহা যে আদালতহইতে প্রথমে বাহির হইয়াছিল সেই আদালতের ক্লার্কের কি উপযুক্ত কর্ম্মকারকের নিকটে ফিরিয়া পাঠান যাইবেক।

[সাক্ষী পলায়ন করিলে তাহার সম্পত্তি ক্রোক হইতে পারিবেক।]

১১৬। সাক্ষ্য দিবার কি দলীল উপস্থিত করিবার

to give evidence or to produce a document, a summons shall be issued, cannot be served in either of the ways herein-before specified, the Court on being certified thereof by the return of the serving officer, and upon proof that the evidence of such witness or the production of the document is material, and that the witness absconds or keeps out of the way, may cause a proclamation requiring the attendance of such person to give evidence, or produce the document, at a time and place to be named therein, to be affixed in some conspicuous plan upon or near to his house or place of abode; and if such person shall not attend at the time and place to be named in such proclamation, his property (real and personal), to such amount as the Court shall deem reasonable, (but subject to the same limitation as to the articles exempt from attachment, as in case of attachment for arrears of rent), shall be liable, under an order of the Court, to attachment and sale.

[How the Court is to proceed with the witness on his appearance.]

117. The cost of the attachment shall be borne in the first instance by the party applying for it, and the Court issuing the summons and attachment shall not proceed to sale of the property if the witness shall appear and satisfy the Court that he did not abscond or keep out of the way to avoid service of a summons, and that he had not notice of the proclamation in time to attend at the time and place named therein. Upon the appearance of such witness the Court shall make such order in regard to the costs of the attachment as it shall deem fit. If the witness appearing shall fail to satisfy the Court that he did not abscond or keep out of the way to avoid service of a summons, and that he had not such a notice of the proclamation as aforesaid, it shall be in the discretion of the Court to order the property attached, or any part thereof, to be forfeited and sold for the purpose of satisfying all costs incurred in consequence of such default, or absconding or keeping out of the way, and any fine which the Court may deem fit to impose upon the witness under the provisions of Article 2 Chapter VI., or the Court may order the property to be released from the attachment upon payment of such costs and fine as aforesaid.

Of the Examination of Parties as Witnesses.

[Parties may be examined.]

118. When a party to a suit appears in person at any hearing of the cause, he may be examined as a witness either in his own behalf or on behalf of any other party to the suit, in the same way as if he were not a party thereto.

[Special application to be made for the examination of a party as a witness.]

119. If any party to the suit shall require to enforce the attendance of any other party thereto

জন্যে যে কোন ব্যক্তির হাজির হইবার নিমিত্তে সমন বাহির হয় তাহার উপর যদি ইহার পূর্ব্বের লিখিত কোন প্রকারে সমন জারী হইতে না পারে, তবে আদালত জারীকরণিয়া কার্য্যকারকের রিটর্ণের দ্বারা তাহা নিশ্চিতরূপে জানিলে, ও সেই সাক্ষির সাক্ষ্য কিম্বা সেই দলীল উপস্থিত করা গুরুতর বিষয় ইহার প্রমাণ হইলে, ও সাক্ষী পলায়ন করিয়াছে কি স্থানান্তরে থাকে ইহার প্রমাণ হইলে, আদালত এক ঘোষণাপত্র তাহার ঘরে কি বাসস্থানে কি তাহার নিকট কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেওয়াইবেন। সেই ঘোষণাপত্রে ঐ লোককে আজ্ঞা হইবেক যে ঐ পত্রের লিখিত সময়ে ও স্থানে সাক্ষ্য দিবার কি দলীল উপস্থিত করিবার জন্যে হাজির হয় ও যদি সেই লোক ঐ ঘোষণাপত্রের লিখিত সময়ে ও স্থানে হাজির না হয় তবে তাহার স্থাবর ও অস্থাবর যত মূল্যের সম্পত্তি আদালত উচিত বোধ করেন তাহা আদালতের হুকুমমতে ক্রোক ও নীলাম হইবার যোগ্য হইবেক। কিন্তু বাকী খাজানার নিমিত্তে ক্রোক হইলে যেং দ্রব্য ক্রোক করা যাইতে না পারে ঐ লোকের সেইং দ্রব্য ক্রোক হইবেক না।

[সাক্ষী উপস্থিত হইলে আদালতের যাহা করিতে হইবেক।]

১১৭। ক্রোক করিবার জন্যে যে পক্ষ দরখাস্ত করে তাহার ঐ ক্রোক করিবার খরচ প্রথম স্থলে দিতে হইবেক। ও যদি সাক্ষী উপস্থিত হয়, ও পলায়ন করে নাই কিম্বা সমন জারী না হইবার জন্যে স্থানান্তরে থাকে নাই ও ঘোষণাপত্রের লিখিত সময়ে ও স্থানে হাজির হইবার নিমিত্তে উপযুক্ত সময় থাকিতে ঐ ঘোষণাপত্রের সম্বাদ পায় নাই এইং কথা যদি আদালতের সন্তোষমতে জানায়, তবে যে আদালত হইতে সমন ও ক্রোক করিবার হুকুম বাহির হয় সেই আদালত সম্পত্তির নীলাম করিতে প্রবৃত্ত হইবেন না। সেই সাক্ষী হাজির হইলে আদালত ক্রোক করিবার খরচার বিষয়ে যে হুকুম উচিত বোধ করেন তাহা করিতে পারিবেন। যদি সেই সাক্ষী উপস্থিত হয়, ও পলায়ন করে নাই কিম্বা সমন জারী না হইবার নিমিত্তে স্থানান্তরে থাকে নাই ও ঘোষণাপত্রের পূর্ব্বোক্তমতের সম্বাদ পায় নাই এইং কথা আদালতের সন্তোষমতে জানাইতে না পারে, তবে ঐ ত্রুটিপ্রযুক্ত কিম্বা তাহার পলায়ন কি স্থানান্তরে থাকনপ্রযুক্ত যে সকল খরচ লাগিয়াছে তাহা দিবার জন্যে আদালত আপনার বিবেচনামতে ঐ ক্রোককরা সম্পত্তি কি তাহার কোন ভাগ জব্দ হইয়া নীলাম করিবার আজ্ঞা করিতে পারিবেন, ও ৬ অধ্যায়ের ২ প্রকরণের বিধিমতে সাক্ষির যে কোন জরীমানা করা উচিত বোধ করেন তাহা করিতে পারিবেন। অথবা সেই খরচ ও পূর্ব্বোক্তমতের জরীমানা দেওয়া গেলে সেই ক্রোককরা সম্পত্তি খালাস করা যায় আদালত এমত আজ্ঞা করিতে পারিবেন

উভয় পক্ষের সাক্ষিস্বরূপে জোবানবন্দী লইবার কথা।

[উভয় পক্ষের জোবানবন্দী লওয়া যাইতে পারিবেক।]

১১৮। যখন মোকদ্দমার কোন পক্ষ মোকদ্দমা শুনিবার কোন সময়ে নিজে হাজির হয়, তখন তাহার সেই মোকদ্দমার এক পক্ষ না হইবার মতে তাহার নিজতরফে কি মোকদ্দমার অন্য কোন পক্ষের তরফে সাক্ষিস্বরূপে তাহার জোবানবন্দী লওয়া যাইতে পারিবেক।

[সাক্ষিস্বরূপে কোন পক্ষের জোবানবন্দী লইবার বিশেষ দরখাস্ত করিতে হইবেক।]

১১৯। যদি মোকদ্দমার কোন পক্ষ ঐ মোকদ্দমার অন্য কোন পক্ষকে সাক্ষিস্বরূপে হাজির করাইবার

as a witness, he shall, by himself or his vakeel, make a special application to the Court for an order that the party do attend, and shall show, to the satisfaction of the Court, sufficient grounds in support of such application, otherwise a summons shall not be issued.

[The Court may first issue a notice to show cause.]

120. The Court if it think fit so to do, may, before making such order, cause notice to be given to the party or his vakeel, fixing a day for such party to show cause why he should not attend and give evidence; and may also, from time to time, if necessary, for good and sufficient cause, enlarge the time for such application.

[May receive a written declaration in support of the cause shown.]

121. In support of the cause shown, the Court shall receive any declaration in writing of the party, if signed by him and delivered into the Court by himself or his vakeel.

[If no sufficient cause be shown, summons to issue.]

122. If no sufficient cause be shown on the day fixed, or upon any subsequent day to which the Court shall enlarge the time for that purpose, the Court shall issue its order requiring the party to attend and give evidence.

Attendance of Witnesses and Consequence of Non-attendance.

[Persons summoned to give evidence must attend.]

123. Any person who shall be summoned to appear and give evidence in a cause shall be bound to attend at the time and place named for that purpose.

[Consequences of non-attendance by a witness not a party to the suit.]

124. If any witness, on whom any summons to give evidence or produce a document shall have been served in either of the ways specified in Article 112 of this Chapter, shall, without lawful excuse, fail to comply with such summons, the Court may issue an order to the bailiff or other proper officer to apprehend and bring the witness before the Court. If any such person abscond or keep out of the way, so that he cannot be seized or brought before the Court, his property shall be liable to attachment and sale in the same manner as is provided in Article 116 of this Chapter, with respect to a witness on whom the service of a summons cannot be effected.

[Consequences of refusal to give evidence.]

125. If any witness, attending or being present in Court, shall, without lawful excuse, refuse to give evidence, or to subscribe his deposition as hereinafter required, or to produce any document in his custody or possession named in such summons as aforesaid, upon being required by the

প্রয়োজন রাখে তবে সে আপনি কি উকীলের দ্বারা ঐ পক্ষকে হাজির হইবার হুকুম জারী করিতে আদালতে বিশেষ দরখাস্ত করিবেক, আর ঐ দরখাস্তের পোষকতায় আদালতের হৃদ্বোধমতে উপযুক্ত কারণ দর্শাইবেক, তাহা না করিলে সমন জারী হইবেক না।

[আদালত প্রথমে কারণ দর্শাইবার এত্তেলা জারী করিতে পারিবেন।]

১২০। যদি আদালত উচিত বোধ করেন তবে সেইরূপ হুকুম করিবার পূর্ব্বে, সেই পক্ষের হাজির না হইবার ও সাক্ষ্য না দিবার কারণ দর্শাইবার জন্যে এক দিন নিরূপণ করিয়া ঐ পক্ষকে কি তাহার উকীলকে এত্তেলা দেওয়াইবেন, আরো যদি আবশ্যক হয় তবে উত্তম ও উপযুক্ত কারণ থাকিলে ঐ দরখাস্ত দিবার মিয়াদ সময়ে২ বৃদ্ধি করিতে পারিবেন।

[যে কারণ দর্শান যায় তাহার পোষকতায় লিখিত এজহার গ্রহণ করিতে পারিবেন।]

১২১। যে কারণ দর্শান যায় তাহার পোষকতায় আদালত ঐ পক্ষের লিখিত কোন এজহার গ্রহণ করিতে পারিবেন, কিন্তু তাহাতে সেই পক্ষের স্বাক্ষর করিতে হইবেক ও আপনি কিম্বা উকীলের দ্বারা তাহা আদালতে দাখিল করিবেক।

[যদি প্রচুর কারণ দর্শান না যায় তবে সমন জারী হইবেক।]

১২২। নির্দ্ধারিত দিবস কিম্বা তাহার পর অন্য যে কোন দিনপর্য্যন্ত আদালত ঐ কার্য্যের নিমিত্তে অবকাশ দিয়া থাকিবেন সেই দিনে যদি উপযুক্ত কারণ দর্শান না যায়, তবে আদালত ঐ পক্ষকে উপস্থিত হইয়া সাক্ষ্য দিতে আপন হুকুম জারী করিবেন।

সাক্ষিরদের হাজির হওনের ও হাজির না হইলে তাহার ফলের কথা।

[যাহারদিগকে সাক্ষ্য দিতে সমন করা যায় তাহারদের হাজির হইতেই হইবেক।]

১২৩। যে কোন ব্যক্তিকে কোন মোকদ্দমায় হাজির হইয়া সাক্ষ্য দিতে সমন করা যায় সেই ব্যক্তির ঐ কার্য্যের নিমিত্তে লিখিত সময়ে ও স্থানে হাজির হইতেই হইবেক।

[মোকদ্দমার এক পক্ষ না হইয়া কোন সাক্ষির হাজির না হইবার ফল।]

১২৪। যদি কোন সাক্ষির উপরে এই অধ্যায়ের ১১২ প্রকরণের লিখিত কোন এক প্রকারে সাক্ষ্য দিবার কি দলীল উপস্থিত করিবার কোন সমন জারী করা যায়, ও সে যদি আইনসিদ্ধ ওজর না থাকিলেও সেই সমনমতে কার্য্য না করে, তবে আদালত বেলিফের কি উপযুক্ত অন্য কর্ম্মকারকের নামে ঐ সাক্ষিকে ধরিয়া আদালতে আনিতে হুকুম দিবেন। যদি তদ্রূপ কোন ব্যক্তি পলায়ন করাতে কি স্থানান্তরে থাকাতে ধরা যাইতে কি আদালতের সম্মুখে উপস্থিত করা যাইতে না পারে তবে সমন যে সাক্ষির উপর জারী হইতে না পারে তাহার সম্পত্তি লইয়া এই অধ্যায়ের ১১৬ প্রকরণমতে যেরূপ করিবার বিধি আছে সেইরূপে তাহারও সম্পত্তি ক্রোক ও নীলাম হইতে পারিবেক।

[সাক্ষ্য দিতে অস্বীকার করিবার ফল।]

১২৫। যদি কোন সাক্ষী আদালতে উপস্থিত হইলে কি বর্ত্তমান থাকিলে ও আদালতহইতে হুকুম পাইলে আইনসিদ্ধ ওজর না থাকিলেও সাক্ষ্য দিতে কিম্বা ইহার পরে যেরূপ হুকুম হয় সেইরূপে আপন জোবানবন্দীতে স্বাক্ষর করিতে কিম্বা তাহার জিম্মায় কি তাহার নিকটে থাকা যে কোন দলীল পূর্ব্বোক্ত প্রকারের সমনে নির্দ্দিষ্ট

Court so to do, the Court may commit such witness to close custody for such reasonable time as it may deem proper, unless he shall, in the meantime, consent to give his evidence, or to sign his deposition, or to produce the document; after which, in the event of his persisting in his refusal, the Court may proceed to deal with him according to the provisions of Article 2 Chapter VI.

[Consequence of non-attendance or refusal of a party.]

126. If any person, being a party to the suit, who shall be ordered to attend to give evidence or produce a document shall, without lawful excuse, fail to comply with such order, or attending, or being present in Court, shall, without lawful excuse, refuse to give evidence, or to subscribe his deposition, or to produce any document in his custody or possession, named in such summons as aforesaid, upon being required by the Court so to do, the Court may either pass judgment against the party so failing or refusing, as in case of default, or give such other order in relation to the cause as the Court may deem proper in the circumstances of the case.

[Any person present in Court may be called upon to give evidence though not summoned.]

127. Any person present in Court, whether a party or not, may be called upon by the Court to give evidence and to produce any document then and there in his actual possession or in his power, in the same manner and subject to the same rules as if he had been summoned to attend and give evidence, or to produce such document, and shall be liable to be dealt with by the Court as a party or witness, as the case may be, would, under any of the preceding provisions, be dealt with for any refusal to obey the order of the Court

When and how Witnesses are to be examined.

[Witnesses must be examined at the hearing of the cause in open Court in the presence of the Judge]

128. On the day appointed for the hearing or trial of the cause, or on some other day to which the hearing or trial may be adjourned, the evidence of the attending witnesses shall be taken orally in open Court, in the presence and hearing, and under the personal direction and superintendence of the Judge. In cases in which an appeal may lie to a higher tribunal, the evidence of each witness given upon such examination shall be taken down in writing, by or in the presence and under the superintendence of the Judge, not ordinarily in the form of question and answer, but in that of a narrative, and, when completed,

থাকে এমত কোন দলীল উপস্থিত করিতে অস্বীকার করে, তবে আদালত যত কাল উচিত বোধ করেন উপযুক্ত তত কালপর্য্যন্ত সেই সাক্ষিকে কয়েদ করিতে পারিবেন। কিন্তু যদি ইতিমধ্যে সে ব্যক্তি সাক্ষ্য দিতে কিম্বা আপনার জোবানবন্দীতে দস্তখৎ করিতে কিম্বা দলীল উপস্থিত করিতে সম্মত হয় তবে তাহাকে কয়েদ করিবেন না। পরন্তু তৎপরে সে অস্বীকার করিতে থাকিলে আদালত তাহাকে লইয়া ৬ অধ্যায়ের ২ প্রকরণের বিধিমতে কার্য্য করিবেন।

[কোন পক্ষের হাজির না হইবার কি অস্বীকার করিবার ফল।]

১২৬। মোকদ্দমার এক পক্ষের কোন লোককে সাক্ষ্য দিবার জন্যে কি দলীল উপস্থিত করিবার জন্যে হাজির হইবার হুকুম হইলে, সে যদি আইনসিদ্ধ ওজর না থাকিতেও সেই হুকুমমতে কার্য্য না করে, কিম্বা হাজির হইয়া কি আদালতে বর্ত্তমান থাকিয়া ও আদালত হইতে হুকুম পাইলে আইনসিদ্ধ ওজর না থাকিলেও সাক্ষ্য দিতে কিম্বা আপন জোবানবন্দীতে দস্তখৎ করিতে কিম্বা তাহার জিম্মায় কি তাহার নিকটে থাকা যে কোন দলীল পূর্ব্বোক্তমতের সমনে নির্দ্দিষ্ট হয় এমত কোন দলীল উপস্থিত করিতে অস্বীকার করে, তবে যে পক্ষ সেই প্রকারের কর্ম্ম না করে কি করিতে অস্বীকার করে তাহার বিরুদ্ধে আদালত ত্রুটিপ্রযুক্ত হইবার মতে নিষ্পত্তি করিতে পারিবেন, কিম্বা ভাবগতিক বুঝিয়া আদালত যেমন উপযুক্ত বোধ করেন তেমনি ঐ মোকদ্দমাসম্পর্কীয় অন্য হুকুম করিতে পারিবেন।

[আদালতে যে ব্যক্তি উপস্থিত থাকে তাহার নামে সমন না হইলেও তাহাকে সাক্ষ্য দিতে হুকুম হইতে পারিবেক।]

১২৭। মোকদ্দমার এক পক্ষ হউক কি না হউক আদালতে যে কোন ব্যক্তি বর্ত্তমান থাকে, তাহাকে হাজির হইতে ও সাক্ষ্য দিতে কিম্বা তাহার নিকটে থাকা দলীল উপস্থিত করিতে সমন করা গেলে তাহার যে প্রকারে ও যে বিধিমতে সাক্ষ্যপ্রভৃতি দিতে হইত সেই প্রকারে ও সেই বিধিমতে আদালত তাহাকে সাক্ষ্য দিতে ও তৎকালে ও তৎস্থানে নিতান্ত তাহার নিকটে কি তাহার এখ্তিয়ারে যে দলীল থাকে এমত কোন দলীল উপস্থিত করিতে আজ্ঞা করিতে পারিবেন। আর আদালতের হুকুমমতে কার্য্য করিতে অস্বীকার করিলে পূর্ব্বের লিখিত কোন বিধিমতে মোকদ্দমার এক পক্ষের কিম্বা বিষয়বিশেষে সাক্ষির প্রতি যেরূপে কার্য্য হইতে পারে আদালত তাহার প্রতি সেইরূপ কার্য্য করিতে পারিবেন।

সাক্ষিরদের জোবানবন্দী যে সময়ে ও যে প্রকারে লওয়া যাইবেক তাহার কথা।

[সাক্ষিরদের জোবানবন্দী মোকদ্দমা শুনিবার সময়ে খোলা কাছারীতে বিচারকর্ত্তার সাক্ষাতে লওয়া যাইবেক।]

১২৮। মোকদ্দমা শুনিবার কি বিচার করিবার নিরূপিত দিনে, কিম্বা অন্য যে কোন দিনপর্য্যন্ত তাহার শুনানি কি বিচার স্থগিত করা যায় সেই দিনে, যে সকল সাক্ষী বর্ত্তমান থাকে তাহারদিগের বাচনিক সাক্ষ্য বিচারকর্ত্তার বর্ত্তমানে ও কর্ণগোচরে ও তাঁহার নিজ আজ্ঞা ও তত্ত্বাবধানক্রমে খোলা কাছারীতে লওয়া যাইবেক। যে মোকদ্দমার উপর আরো উচ্চ আদালতে আপীল হইতে পারে এমত মোকদ্দমার সেই জোবানবন্দী লওয়ার সময়ে প্রত্যেক সাক্ষী যে সাক্ষ্য দেয় তাহা বিচারকর্ত্তা আপনি লিখিয়া লইবেন কিম্বা তাঁহার সাক্ষাতে ও তত্ত্বাবধানে লিখিয়া লওয়া যাইবেক। তাহা সাধারণমতে প্রশ্ন ও উত্তর ভাবে লেখা যাইবেক না, কিন্তু বিবরণের ভাবে লেখা যাইবেক। ও সমাপ্ত হইলে সাক্ষির নিকটে পাঠ করা যাইবেক ও সেই সাক্ষী বিচারকর্ত্তার

shall be read over to the witness, and signed by him in the presence of the Judge and of the parties to the suit, or their vakeels. In case the witness shall refuse to sign the deposition, the Judge shall sign the same, and record the reason, if any, given by the witness for such refusal, together with such remarks thereon as the Judge shall think fit to make. It shall be in the discretion of the Judge to take down, or cause to be taken down, any particular question and answer, if there shall appear any special reason for so doing, or any party or his vakeels shall require it. If any question put to a witness be objected to by either of the parties or their vakeels, and the Court shall allow the same to be put, the question and answer shall be taken down, and the objection, and the name of the party making it, shall be noticed in taking down the depositions, together with the decision of the Court upon the objection. The Judge shall also record such remarks as he may think material respecting the demeanor of the witness while under examination. In cases where an appeal does not lie to a higher tribunal, it shall not be necessary to take down the depositions of the witness in writing at length; but the Judge shall make a short memorandum of the substance of what each witness may have deposed at the trial of the cause, and such memorandum shall be written and signed with his own hand, and shall form part of the record.

[But a witness may for special cause be examined immediately.]

129. If a witness be about to leave the jurisdiction of the Court, or other good and sufficient cause can be shown to the satisfaction of the Court why his examination should be taken immediately, it shall be competent to the Court, upon the application of either party, at any time after summons issued, to take the examination of such witness forthwith, or on any day that may be fixed for that purpose, of which due notice shall be given to the other party if the day be fixed in his absence. The witness shall be examined, and his deposition shall be taken down in writing in the manner hereinafter prescribed; and the deposition so taken down may be read in evidence at the trial, or any hearing of the cause.

[Witnesses to be examined without oath, affirmation, or warning.]

130. All witnesses shall be examined without oath or affirmation or any warning as a necessary preliminary to their giving evidence, and they shall, upon such examination, be bound to speak the truth as they would have been bound by an oath, or a sanction tantamount to an oath.

Of Commissions to examine absent Witnesses and make local Inquiries.

[Cases in which Court may issue a Commission to examine witnesses. Where the witness is with-

সম্মুখে ও মোকদ্দমার উভয় পক্ষের কিম্বা তাহারদের উকীলেরদের সম্মুখে তাহাতে দস্তখৎ করিবেক। যদি ঐ সাক্ষী সেই জোবানবন্দীতে দস্তখৎ করিতে অস্বীকার করে, তবে বিচারকর্ত্তা তাহাতে দস্তখৎ করিবেন ও সেই সাক্ষী তদ্রূপ অস্বীকার করিবার কোন কারণ জানাইলে ঐ কারণও লিখিবেন ও তদ্বিষয়ে বিচারকর্ত্তা যে কোন মন্তব্য কথা লেখা উচিত বোধ করেন তাহাও লিখিবেন। যদি কোন বিশেষ জিজ্ঞাসা ও উত্তর লিখিবার কোন বিশেষ কারণ দৃষ্ট হয়, কিম্বা যদি কোন পক্ষ কি তাহার উকীল চাহে, তবে বিচারকর্ত্তা আপন বিবেচনামতে সেই জিজ্ঞাসা ও উত্তর লিখিবেন কি লেখাইয়া লইবেন। সাক্ষির নিকটে কোন কথার জিজ্ঞাসা হইলে যদি তদ্বিষয়ে কোন পক্ষ কি তাহারদের উকীল কিছু আপত্তি করে ও আদালত সেই জিজ্ঞাসা করিতে অনুমতি দেন, তবে সেই জিজ্ঞাসা ও উত্তর উভয় লেখা যাইবেক, ও জোবানবন্দী লিখিবার সময়ে ঐ আপত্তি ও যে ব্যক্তি তাহা করিয়াছিল তাহারও নাম লেখা যাইবেক ও সেই আপত্তির উপর আদালতের যে নিষ্পত্তি হয় তাহাও লেখা যাইবেক। আরো সাক্ষির জোবানবন্দী দিবার সময়ে তাহার যেরূপ আচার হয় তদ্বিষয়ে বিচারকর্ত্তা যে কোন মন্তব্য কথা প্রয়োজন বোধ করেন তাহাও লিখিবেন। যে মোকদ্দমার উপর আরো উচ্চ আদালতে আপীল না হয় সেই মোকদ্দমার সাক্ষির জোবানবন্দী বিস্তারিত করিয়া লিখিবার আবশ্যক হইবেক না। কিন্তু মোকদ্দমার বিচারের সময়ে এক২ জন সাক্ষী যে জোবানবন্দী দিয়াছে তাহার সার কথা বিচারকর্ত্তা সংক্ষেপরূপে লিখিবেন ও সেই কথা তিনি আপন হাতে লিখিয়া তাহাতে দস্তখৎ করিবেন ও তাহা মোকদ্দমার কাগজপত্রের শামিল করা যাইবেক।

[কিন্তু বিশেষ কারণ থাকিলে সাক্ষির জোবানবন্দী অগৌণে লওয়া যাইতে পারিবেক।]

১২৯। যদি কোন সাক্ষী আদালতের এলাকা ছাড়িয়া যাইতে উদ্যত হয়, অথবা তাহার জোবানবন্দী অগৌণে লওয়া যাইবার উত্তম ও প্রচুর অন্য কারণ আদালতের হৃদ্বোধমতে প্রকাশ হইতে পারে, তবে কোন পক্ষের দরখাস্তমতে, সমন জারী হইবার পর কোন সময়ে আদালত ঐ সাক্ষির জোবানবন্দী অগৌণে লইতে পারিবেন, কিম্বা তাহা লইবার যে কোন দিন নিরূপণ হইয়া থাকে সেই দিনে লইতে পারিবেন। যদি অন্য পক্ষের অনুপস্থানে ঐ দিন নিরূপণ করা যায় তবে তাহার উপযুক্ত সংবাদ তাহাকে দিতে হইবেক। ঐ সাক্ষির জোবানবন্দী লওয়া যাইবেক ও ইহার পরের লিখিতমতে লিখিয়া লওয়া যাইবেক ও মোকদ্দমার বিচার হইবার কিম্বা শুনিবার কোন সময়ে সেই প্রকারের লিখিয়া লওয়া জোবানবন্দী সাক্ষ্যমতে পাঠ করা যাইতে পারিবেক।

[শপথ কি প্রতিজ্ঞা কি পূর্ব্বে সতর্ক করণবিনা সাক্ষিরদের জোবানবন্দী লওয়া যাইবেক।]

১৩০। সাক্ষিরদের সাক্ষ্য দিবার পূর্ব্বে আবশ্যক কার্য্য বলিয়া তাহারদিগকে শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা না করাইয়া কি কোন প্রকারে সতর্ক না করিয়া তাহারদের জোবানবন্দী লওয়া যাইবেক। আর শপথক্রমে কিম্বা শপথের তুল্য প্রতিজ্ঞাক্রমে বদ্ধ হইলে তাহারদের যেরূপে সত্য কথা কহিতে হইত সেইরূপে ঐ জোবানবন্দী দিবার সময়ে তাহারা সত্য কথা কহিতে বদ্ধ থাকিবেক।

অনুপস্থিত সাক্ষিরদের জোবানবন্দী লইবার ও সরেজমীনে তদারক করিবার কমিসানের কথা।

[যে২ স্থলে আদালত সাক্ষিরদের জোবানবন্দী লইবার কমিসান দিতে পারিবেন। যদি সাক্ষী আদালতের

in the Court's jurisdiction. Where the witness is beyond the Court's jurisdiction.]

131. When the evidence of a witness is required who is resident at some place distant more than a hundred miles from the place where the Court is held, or who is unable from sickness or infirmity to attend before the Judge to be personally examined, or is a person exempted by law absolutely, or at the discretion of the Court, by reason of rank, sex, or other special cause, from personal appearance in Court, the Court may, on the application of any of the parties to the suit, order a Commission to issue for the examination of the witness on interrogatories or otherwise, and may, by the same or any subsequent order or orders, give all such directions for taking such examinations, as well within the jurisdiction of the Court wherein the suit shall be pending as without, as may appear reasonable and just. If the witness be resident within the jurisdiction of the Court issuing the Commission, the Commission may be issued to any officer of the Court, or to any subordinate Court, or to any other person or persons whom the Judge may think proper to appoint. If the witness be resident at some place which is beyond the jurisdiction of the Court issuing the Commission, and not within the local jurisdiction of Her Majesty's Supreme Court, but within its general jurisdiction, the Commission shall ordinarily be issued to the Court within whose particular jurisdiction the witness may reside, or which can most conveniently execute the same; but under special circumstances, which may appear to render a different course expedient, the Commission may be issued to any other person or persons whom the Court issuing the Commission may think proper to appoint.

[Where the witness is within the local jurisdiction of the Supreme Court.]

132. If the witness be resident within the local jurisdiction of Her Majesty's Supreme Court, the Commission shall ordinarily be issued to the Court of Small Causes at Calcutta, but may, under special circumstances, be directed to any other person or persons whom the Court issuing the Commission may think proper to appoint.

[Where the witness is beyond the general jurisdiction of the Sudder Court.]

133. Where the evidence is required of a witness who is resident at some place beyond the general jurisdiction of the Sudder Court, whether such place be within the said Presidency or within the territories in the possession of the East India Company or not, the application for a Commission to examine the witness must in all cases be made to the Sudder Court. If the suit in which the evidence of the witness is required be pending in some other Court than the Sudder Court, the application must be accompanied by a certificate from the Court *in* which the suit is

এলাকার মধ্যে থাকে। যদি সাক্ষী আদালতের এলাকার বাহিরে থাকে।]

১৩১। যাহার সাক্ষ্য লইবার প্রয়োজন হয় এমত সাক্ষী আদালত যে স্থানে আছে সেই স্থানহইতে এক শত মাইলের অধিক দূর কোন স্থানে যদি বাস করে, কিম্বা যদি পীড়া কি দুর্ব্বলতাপ্রযুক্ত আপনি জোবানবন্দী দিবার জন্যে বিচারকর্ত্তার সম্মুখে উপস্থিত হইতে অপারক হয়, কিম্বা যদি সেই সাক্ষী সম্ভ্রান্ত ব্যক্তি কি স্ত্রী হওয়াতে কি বিশেষ অন্য কারণে আদালতে হাজির হইতে আইনমতে একেবারে কিম্বা আদালতের বিবেচনামতে মুক্ত থাকে, তবে মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনা হইলে আদালত জিজ্ঞাসাক্রমে কিম্বা প্রকারান্তরে ঐ সাক্ষির জোবানবন্দী লইবার জন্যে কমিস্যন অর্থাৎ ক্ষমতাপত্র দেওয়া যায় এমত হুকুম করিতে পারিবেন, ও মোকদ্দমা যে আদালতে উপস্থিত থাকে, তাহার এলাকার মধ্যে কি বাহিরেও সেইপ্রকার জোবানবন্দী লইবার জন্যে যে সকল আজ্ঞা উপযুক্ত ও ন্যায্য বোধ হয় সেই সকল আজ্ঞা, ঐ হুকুম কি তাহার পর কোন এক কি অধিক হুকুম করিবার সময়ে, করিতে পারিবেন। যে আদালতহইতে কমিস্যন দেওয়া যায় তাহার এলাকার মধ্যে যদি সাক্ষী বাস করে, তবে ঐ আদালতের কি অধীন কোন আদালতের কোন কর্ম্মকারককে কিম্বা অন্য যে কোন ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে বিচারকর্ত্তা নিযুক্ত করিতে উচিত বোধ করেন তাহাকে কি তাহারদিগকে ঐ কমিস্যন দেওয়া যাইতে পারিবেক। যে আদালতহইতে কমিস্যন দেওয়া যায় তাহার এলাকার বাহিরে কোন স্থানে যদি সাক্ষী বাস করে ও শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের বিশেষ এলাকার মধ্যে নহে কিন্তু সাধারণ এলাকার মধ্যে বাস করে, তবে সাক্ষী যে আদালতের বিশেষ এলাকার মধ্যে বাস করে কিম্বা যে আদালত অতি অক্লেশে ঐ কমিস্যনমতে কার্য্য করিতে পারিবেন সেই আদালতে ঐ কমিস্যন দেওয়া যাইবেক। কিন্তু যদি বিশেষ গতিকে অন্য প্রকারে কর্ম্ম করা বিহিত বোধ হয় তবে যে আদালতহইতে ঐ কমিস্যন বাহির হয় সেই আদালত অন্য যে কোন ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে উচিত বোধ করেন তাহাকে কি তাহারদিগকে ঐ কমিস্যন দেওয়া যাইবেক।

[যদি সাক্ষী সুপ্রিম কোর্টের বিশেষ এলাকার মধ্যে বাস করে।]

১৩২। যদি সাক্ষী শ্রীশ্রীমতী মহারাণীর সুপ্রিম কোর্টের বিশেষ এলাকার সীমানার মধ্যে বাস করে তবে ঐ কমিস্যন সামান্যতঃ কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতে পাঠান যাইবেক। কিন্তু বিশেষ স্থলে যে আদালত ঐ কমিস্যন বাহির করেন সেই আদালত অন্য যে কোন ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে উচিত বোধ করেন তাহার কি তাহারদের নামে ঐ কমিস্যন দেওয়া যাইতে পারিবেক।

[যদি সাক্ষী সদর আদালতের সাধারণ এলাকার বাহিরে থাকে।]

১৩৩। যে সাক্ষির সাক্ষ্য লইবার প্রয়োজন হয় সেই সাক্ষী যদি সদর আদালতের সাধারণ এলাকার বাহিরে কোন স্থানে বাস করে, তবে সেই স্থান উক্ত রাজধানীর মধ্যে কিম্বা কোম্পানি বাহাদুরের অধিকৃত দেশের মধ্যে হউক কি না হউক, ঐ সাক্ষির জোবানবন্দী লইবার কমিস্যন দিবার দরখাস্ত সর্ব্বদাই সদর আদালতে করিতে হইবেক। যে মোকদ্দমাতে সাক্ষির সাক্ষ্য লইবার প্রয়োজন হয় তাহা যদি সদর আদালতভিন্ন অন্য কোন আদালতে উপস্থিত হইয়া থাকে, তবে মোকদ্দমা যে আদালতে উপস্থিত আছে সেই আদালতের অনুমতিক্রমে দরখাস্ত করা গেল, এই মর্ম্মের এক সর্টিফিকট ঐ দরখাস্তের সঙ্গে সেই আদালতহইতে পাঠাইতে হইবেক।

pending, that the application is made with its permission. In all cases of an application to the Sudder Court for a Commission to examine a witness, the Commission may be issued to any person or persons whom the Sudder Court may think proper to appoint; and whenever a Commission is issued from the Sudder Court for examination of a witness in a suit pending in any other Court, the Commission shall be made returnable to the Court in which the suit is pending.

[Commission to be returned with the depositions of the witnesses. When depositions may be read in evidence.]

134. After the Commission has been duly executed, it shall be returned, together with the deposition or depositions of the witness or witnesses who may have been examined thereunder, to the Court out of which the Commission issued (except as in the last preceding Article mentioned), unless otherwise directed by the order for issuing the Commission, and then it shall be returned in terms of such order, and the Commission and the return thereto, and the deposition or depositions of the witness or witnesses who may have been examined under such Commission, shall in all cases form part of the record of the suit. But no deposition taken under a Commission shall be read in evidence without the consent of the party against whom the same may be offered, unless it be proved that the deponent is beyond the jurisdiction of the Court, or dead, or unable from sickness or infirmity to attend to be personally examined, or distant, without collusion, more than a hundred miles from the place where the Court is held, or exempted by law absolutely, or at the discretion of the Court, from personal appearance in Court, or unless the Court shall, at its discretion, dispense with the proof of any of the above circumstances, or shall authorize the deposition of any witness being read in evidence, notwithstanding proof that the causes for taking such deposition have ceased at the time of reading the same; and after the witness shall be produced, and shall have delivered his testimony, it shall be lawful for the Court, at its discretion, to authorize the reading of the deposition. And all depositions taken under any Commission which may be issued as aforesaid, being duly certified, may be read, at the discretion of the Court, without proof of the signature to such certificate.

[Commission for local investigations. The report of the Commissioner to be taken as evidence in the cause, but he may be examined in person.]

135. In suits regarding lands or houses, or their limits or boundaries, in which the Court may deem a local investigation to be requisite or proper, for the purpose of elucidating the matters in dispute, the Court may issue a Commission to any person whom it may think proper to appoint, directing him to make such investigation, and to report thereon to the Court. In all such cases, unless

[*Government Gazette*, 17*th April*, 1857.]

সাক্ষির জোবানবন্দী লইবার জন্যে কমিসান দিবার দরখাস্ত সদর আদালতে হইলে, সদর আদালত যে কোন ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে নিযুক্ত করিতে উচিত বোধ করেন তাহাকে কি তাহারদিগকে ঐ কমিসান সর্ব্বদা দেওয়া যাইবেক। আর যদি অন্য কোন আদালতে উপস্থিতথাকা মোকদ্দমাতে সাক্ষির জোবানবন্দী লইবার কমিসান সদর আদালতহইতে বাহির হয় তবে যে আদালতে মোকদ্দমা উপস্থিত থাকে সেই আদালতে ঐ কমিসান ফিরিয়া দেওয়া যাইবেক।

[কমিসান সাক্ষিরদের জোবানবন্দীর সহিত ফিরিয়া পাঠান যাইবেক। যে স্থলে জোবানবন্দী সাক্ষ্যস্বরূপ পাঠ করা যাইতে পারিবেক।]

১৩৪। সেই কমিসানমতে কার্য্য উপযুক্তরূপে করা গেলে পর, যে সাক্ষির কি সাক্ষিরদের জোবানবন্দী তদ্রূপে লওয়া গিয়াছে তাহারদের সেই জোবানবন্দীর সঙ্গে ঐ কমিসান (ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত স্থল ছাড়া) যে আদালতহইতে বাহির হইয়াছিল সেই আদালতে ফিরিয়া পাঠান যাইবেক। কিন্তু যদি কমিসান বাহির করিবার হুকুমেতে অন্যরূপ আজ্ঞা হয় তবে ঐ আজ্ঞামতে তাহা ফিরিয়া পাঠান যাইবেক। সেই কমিসান ও ফিরৎ কমিসান ও যে সাক্ষির কি সাক্ষিরদের জোবানবন্দী সেই কমিসানমতে লওয়া গিয়াছে তাহারদের সেই জোবানবন্দী সর্ব্বদাই ঐ মোকদ্দমার কাগজপত্রের শামিল করা যাইবেক। পরন্তু কমিসানমতে যে কোন জোবানবন্দী লওয়া যায় তাহা যে পক্ষের বিরুদ্ধে দেওয়া গিয়াছে সেই পক্ষের অনুমতি না হইলে সাক্ষ্যস্বরূপে পাঠ করা যাইবেক না। কিন্তু যাহার জোবানবন্দী হয় সেই ব্যক্তি আদালতের এলাকার বাহিরে আছে, কি মরিয়াছে, কিম্বা পীড়া কি দুর্ব্বলতা প্রযুক্ত জোবানবন্দী দিবার জন্যে আপনি হাজির হইতে অপারক আছে, কিম্বা আদালত যে স্থানে আছে সেই স্থানহইতে চাতুরী বিনা নিতান্ত এক শত মাইলের অধিক দূর স্থানে বাস করিতেছে, কিম্বা আদালতে হাজির হইতে আইনমতে একেবারে কি আদালতের বিবেচনামতে মুক্ত আছে, এই২ কথার যদি প্রমাণ করা যায়, অথবা যদি আদালত আপনার বিবেচনামতে পূর্ব্বোক্ত কথার মধ্যে কোন কথার প্রমাণ অনাবশ্যক জ্ঞান করেন, অথবা সেই জোবানবন্দী পাঠ করিবার সময়েতে জোবানবন্দী সেইরূপ লইবার কারণ রহিত হইয়াছে এমত প্রমাণ হইলেও যদি আদালত সেই জোবানবন্দী সাক্ষ্যস্বরূপে পাঠ করিবার আজ্ঞা করেন, তবে পাঠ করা যাইবেক। আর সেই সাক্ষিকে উপস্থিত করা গেলে পর ও তাহার জোবানবন্দী লওয়া গেলে পরও আদালত আপনার বিবেচনামতে ঐরূপ লওয়া জোবানবন্দী পাঠ করিবার আজ্ঞা করিতে পারিবেন। আর পূর্ব্বোক্ত মতের দেওয়া কোন কমিসানক্রমে যে সকল জোবানবন্দী লওয়া যায় তাহাতে যদি উপযুক্তমতে সর্টিফিকট থাকে তবে সেই সর্টিফিকটে উপযুক্তমতে দস্তখৎ হইবার প্রমাণ না লইয়াও ঐ জোবানবন্দী আদালতের বিবেচনামতে পাঠ করা যাইতে পারিবেক।

[সরেজমীনে তদারক করিবার কমিসান। আমীনের রিপোর্ট মোকদ্দমার সাক্ষ্যস্বরূপে গ্রহণ হইবেক কিন্তু তাঁহার বাচনিক জোবানবন্দীও লওয়া যাইতে পারিবেক।]

১৩৫। ভূমি কি ঘর কি তাহার সীমাসরহদ্দের যে মোকদ্দমা হয় তাহাতে যদি আদালত বিবাদের বিষয় আরো স্পষ্ট করিবার জন্যে সরেজমীনের তদারক আবশ্যক কি উচিত বোধ করেন, তবে আদালত যে কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে উপযুক্ত বোধ করেন তাঁহার নামে কমিসান দিয়া আজ্ঞা করিতে পারিবেন যে সেইরূপ তদারক করিয়া তাহার রিপোর্ট আদালতে করেন। এমত সকল স্থলে আমীনকে নিযুক্ত করিবার

otherwise directed by the order of appointment, the Commissioner shall have power to examine not only such witnesses as may be produced to him by the parties or any of them, but any other person or persons whom he may think proper to call upon to give evidence in the matters referred to him; and persons not attending on the requisition of the Commissioner, or refusing to give their testimony, or to sign their depositions, or being guilty of any contempt to the Commissioner during the investigation of the matters committed to him, shall be subject to the like disadvantages, penalties, and punishments, by orders made by the Commissioner, as they would incur for the same offences in suits tried before the Court; provided that the Commissioner shall report the order to the Court, and obtain its consent thereto, which is to be signified by the Judges signing the order. The Commissioner shall, after such local inspection as he may deem necessary, and after reducing to writing, in the manner hereinbefore prescribed for taking the depositions of witnesses in the presence of the Judge, the depositions of such witnesses as he may have examined, shall return the depositions, together with his report in writing, subscribed with his name, to the Court issuing the Commission. The report and depositions shall be taken as evidence in the cause, and shall form part of the record; but it shall be competent to the Court, or to the parties or any of them, with the permission of the Court, to examine the Commissioner personally in open Court, touching any of the matters referred to him, or mentioned in his report, or the manner in which he may have conducted the investigation. The Court may order such sum to be paid to the Commissioner as may be thought reasonable for his trouble and expenses, and the sum so ordered to be paid shall be considered as costs in the cause, unless the Court shall otherwise direct.

[To be continued.]

কমিসানের মধ্যে যদি অন্যরূপ আজ্ঞা না থাকে তবে উভয় পক্ষ কি তাহারদের কেহ যে সকল সাক্ষিকে আমীনের নিকটে আনে তাহারদের ও ঐ আমীন আপনার প্রতি অর্পিত বিষয়ের সাক্ষ্য দিবার জন্যে অন্য যে কোন ব্যক্তিকে কি ব্যক্তিদিগকে তলব করিতে উপযুক্ত বোধ করেন তাহারদিগের জোবানবন্দীও লইতে পারিবেন। আর সেই আমীন তলব করিলেও যদি কোন লোক হাজির না হয়, কিম্বা আপনারদের সাক্ষ্য দিতে কি আপনারদের জোবানবন্দীতে দস্তখৎ করিতে অস্বীকার করে, কিম্বা আমীনের প্রতি অর্পিত বিষয়ের তদারক করিবার কালে সেই আমীনকে কিছু অবজ্ঞা করিবার দোষী হয়, তবে আদালতে মোকদ্দমার বিচার হইলে ঐ লোকের সেই অপরাধের নিমিত্তে যে অনিষ্ট ও জরীমানা ও দণ্ড হইতে পারিত আমীনের হুকুমক্রমে সেই অনিষ্টাদি হইবেক, কিন্তু ঐ আমীনের ঐ হুকুমের রিপোর্ট আদালতে করা ও তাহাতে আদালতের সম্মতি পাওয়া প্রয়োজন। বিচারকর্ত্তা ঐ হুকুমে দস্তখৎ করিলে তাঁহার সম্মতি প্রকাশ হইবেক। ঐ আমীন সরেজমীনে যে সকল তদারক করা আবশ্যক জ্ঞান করেন তাহা করিলে পর, ও বিচারকর্ত্তার সাক্ষাতে সাক্ষিরদের জোবানবন্দী লইবার যে বিধি ইহার পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে সেই বিধিমতে যে সাক্ষিরদের জোবানবন্দী লইয়া থাকেন তাহারদের জোবানবন্দী লিখিয়া লইলে পর, তিনি সেই জোবানবন্দী ও তৎসঙ্গে লিখিত ও আপন নামে দস্তখৎকরা আপনার রিপোর্ট যে আদালতহইতে কমিসান দেওয়া গিয়াছিল সেই আদালতে পাঠাইবেন। ঐ রিপোর্ট ও জোবানবন্দী মোকদ্দমাতে সাক্ষ্যস্বরূপ লওয়া যাইবেক ও কাগজপত্রের শামিল করা যাইবেক। পরন্তু ঐ আমীনের প্রতি অর্পিত কোন বিষয়ে কিম্বা তাঁহার রিপোর্টের লিখিত কোন কথার বিষয়ে কি যে প্রকারে ঐ তদারক করিয়াছেন তদ্বিষয়ে আদালত ঐ আমীনেরই জোবানবন্দী খোলা কাছারীতে লইতে পারিবেন কিম্বা আদালতের অনুমতিক্রমে উভয় পক্ষের কি তাহারদের কোন কাহার সেই ক্ষমতা থাকিবেক। ঐ আমীনের খরচ ও ক্লেশের নিমিত্তে তাঁহার যত টাকা পাওয়া উপযুক্ত বোধ হয় আদালত তাঁহার তত টাকা পাইবার হুকুম করিবেন। আর সেই প্রকারে যে টাকা দিবার হুকুম হয় তাহা আদালত অন্যরূপ আজ্ঞা না করিলে মোকদ্দমার খরচা জ্ঞান হইবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৭ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 21, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২১ আপ্রিল

DRAFT OF ACT.

THE INDIAN PENAL CODE.

[Continued from page 288.]

CHAPTER XI.

OF OFFENCES AGAINST PUBLIC JUSTICE.

[Giving false evidence.]

1. Whoever in any stage of a judicial proceeding, being bound by an oath or by any express provision of law to state the truth, or being bound by law to make a declaration upon any subject, states for truth that which he knows or believes to be false, or which he does not know or in good faith believe to be true, is said to give false evidence.

Explanation 1. A statement is within the meaning of this Clause, whether it is made verbally or otherwise.

Explanation 2. A false statement as to the belief of the person attesting, is within the meaning of this Clause, and a person may be guilty of giving false evidence by stating that he believes a thing which he does not believe, as well as by stating that he knows a thing which he does not know.

Explanation 3. A person is said to state that which he does not in good faith believe to be true, who, at the time of making the statement, has had no means of forming a belief upon the subject.

Explanation 4. An Interpreter or Translator bound by oath or by any express provision of law to interpret or translate truly any statement or document, is guilty of giving false evidence, if he gives a false interpretation or translation of any words which it is material that he should interpret or translate truly.

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।

[২৮৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

১১ অধ্যায়।

সাধারণের যথার্থ বিচার হইবার বাধাজনক অপরাধ।

[অসত্য সাক্ষ্য দিবার দণ্ড।]

১। যে কেহ শপথক্রমে কিম্বা আইনের বিশেষ কোন বিধিক্রমে সত্য কথা কহিতে বদ্ধ হইয়া কিম্বা কোন বিষয়ের এজহার করিতে আইনমতে বদ্ধ হইয়া মোকদ্দমা-প্রভৃতির তদবীর হইবার কোন কালে যাহা অসত্য জানে কি বোধ করে কিম্বা যাহা প্রকৃতপ্রস্তাবে সত্য না জানে কি বোধ না করে এমত কথা সত্য বলিয়া প্রকাশ করে সে লোক অসত্য সাক্ষ্য দেয়।

১ ব্যাখ্যা। কোন কথা মুখে কি অন্য প্রকারে ব্যক্ত হইলেও তাহা এই প্রকরণের অর্থের মধ্যে আইসে।

২ ব্যাখ্যা। যে ব্যক্তি সাক্ষ্য দেয় তাহার বিশ্বাসের অসত্য কথা এই প্রকরণের অর্থের মধ্যে আইসে। অর্থাৎ কোন লোক কোন কথা না জানিয়াও যদি বলে যে জানে. তবে সে যেমন অসত্য সাক্ষ্য দিবার দোষী হয়, তেমনি কোন লোক কোন কথা বিশ্বাস না করিয়া যদি বলে যে বিশ্বাস করি, তবে সেও অসত্য সাক্ষ্য দিবার দোষী হয়।

৩ ব্যাখ্যা। যদি কোন লোক কোন কথা সত্য কি মিথ্যা ইহা আপনি মনে নির্ণয় করিতে না পারিয়াও ব্যক্ত করে তবে সে যাহা প্রকৃতপ্রস্তাবে সত্য বিশ্বাস না করে এমত কথা কহিয়াছে।

৪ ব্যাখ্যা। কোন দোভাষী কি তরজমাকারক কোন কথার কি দলীলের প্রকৃত অর্থ করিতে কি তাহা প্রকৃতরূপে তরজমা করিতে শপথক্রমে কি আইনের কোন বিশেষ বিধিক্রমে বদ্ধ হইয়া, যে কথার প্রকৃত অর্থ করা কি যে কথা প্রকৃতরূপে তরজমা করা নিতান্ত গুরুতর বিষয় হয় এমত কোন কথার যদি অপ্রকৃত অর্থ করে কি তাহা অপ্রকৃতরূপে তরজমা করে তবে সে অসত্য সাক্ষ্য দিবার দোষী হয়।

Illustrations.

(*a*) A, in support of a just claim which B has against Z for one thousand Rupees, falsely swears on a trial that he heard Z admit the justice of B's claim. A has given false evidence.

(*b*) A states that he believes a certain signature to be the handwriting of Z, when he does not believe it to be the handwriting of Z. Here A states that which he knows to be false, and therefore gives false evidence.

(*c*) A, knowing the general character of Z's handwriting, states that he believes a certain signature to be the handwriting of Z, A in good faith believing it to be so. Here A's statement is merely as to his belief, and is true as to his belief, and therefore, although the signature may not be the handwriting of Z, A has not given false evidence.

(*d*) A states that he knows that Z was at a particular place on a particular day, not knowing any thing upon the subject. A gives false evidence whether Z was at that place on the day named, or not.

[Fabricating false evidence.]

2. Whoever causes any circumstance to exist, or makes any false entry in any book or record, or makes any document containing a false statement, intending that such circumstance, false entry, or false statement may appear in evidence in a judicial proceeding, or in a proceeding taken by law before a public servant as such, or before a private arbitrator, and that such circumstance, so appearing in evidence, may cause any person who in such proceeding is to form an opinion upon the evidence, to entertain an erroneous opinion touching any point material to the result of such proceeding, is said "to fabricate false evidence."

Illustrations.

(*a*) A puts jewels into a box belonging to Z, with the intention that they may be found in that box, and that this circumstance may cause Z to be convicted of theft. A has fabricated false evidence.

(*b*) A, with the intention of causing Z to be convicted of a criminal conspiracy, writes a letter in imitation of Z's handwriting, purporting to be addressed to an accomplice in such criminal conspiracy, and puts the letter in a place which he knows that the Officers of the Police are likely to search. A has fabricated false evidence.

(*c*) A makes a false entry in his shop book for the purpose of using it as corroborative evidence in a Court of Justice. A has fabricated false evidence.

[Punishment for false evidence.]

3. Whoever intentionally gives false evidence in any stage of a judicial proceeding, touching any point material to the result of that proceeding, or gives or fabricates false evidence for the purpose

উদাহরণ।

(ক) যদুর স্থানে গোপালের এক হাজার টাকা যথার্থ পাওনা আছে। বিচারের সময়ে গোপালের পক্ষ-তায় কালু মিথ্যা শপথ করিয়া কহে যে গোপালের দাওয়া ন্যায্য, যদুকে এই কথা কহিতে আপনি শুনিয়াছি। কালু অসত্য সাক্ষ্য দিয়াছে।

(খ) কালু কোন পত্রের দস্তখত দেখিয়া কহে যে, এই অক্ষর যদুর লেখা অক্ষর বোধ করি। কিন্তু বাস্তবিক সেই অক্ষর যদুর হাতের লেখা বোধ করে না। এই স্থলে কালু যাহা অসত্য জানে এমত কথা কহিয়াছে। অতএব অসত্য সাক্ষ্য দিয়াছে।

(গ) যদুর হাতের অক্ষর সাধারণমতে যে প্রকারের হয় তাহা জানিয়া কালু কোন দস্তখত দেখিয়া বলে যে এই অক্ষর যদুর লিখিত অক্ষর আমার এমন বিশ্বাস হয়। আর প্রকৃতপ্রস্তাবে কালুর সেই বিশ্বাস বটে এই স্থলে কালু যে কথা কহে তাহা কেবল আপন বিশ্বাসের কথা আর সেই বিশ্বাসবিষয়ে সেই কথা সত্য। অতএব যদিও সেই অক্ষর যদুর হাতের অক্ষর নহে তথাপি কালুর সাক্ষ্য অসত্য নয়।

(ঘ) কালু কহে যে যদু অমুক দিনে অমুক স্থানে ছিল এই কথা আমি জানি। বাস্তবিক সেই কথার কিছুই জানে না। অতএব যদু সেই স্থানে সেদিন ছিল কি নাছিল তথাপি কালু অসত্য সাক্ষ্য দিয়াছে।

[অসত্য প্রমাণ সৃষ্টি করণ।]

২। যদি কেহ কোন বিষয় ঘটায় কিম্বা কোন বহীতে কি লিপিতে কোন অসত্য কথা লিখিয়া দেয়, কিম্বা যাহার মধ্যে অসত্য কথা থাকে এমত কোন দলীল করে, আর ইহাতে তাহার মনে এই অভিপ্রায় থাকে যে ঐ ঘটনা, কি ঐ বহীপ্রভৃতির লিখিত অসত্য কথা আদালতের কোন মোকদ্দমাপ্রভৃতিতে, কিম্বা সরকারী কার্য্যকারকরূপে কোন কার্য্যকারকের সম্মুখে কি আপোসের সালিসের সম্মুখে আইনমতে যে বিচারপ্রভৃতির কর্ম্ম হইতে পারে তাহাতে প্রমাণস্বরূপে উপস্থিত করা যায়, আর সেই প্রমাণ লইয়া যিনি সেইরূপ কোন মোকদ্দমাপ্রভৃতির বিচার করেন তাঁহার প্রমাণস্বরূপে উপস্থিত করা সেই ঘটনাতে ঐ মোকদ্দমা প্রভৃতির ফলসম্পর্কীয় কোন গুরুতর বিষয়ের ভ্রম জন্মে, তবে সেই ব্যক্তি "অসত্য প্রমাণ সৃষ্টি করিয়াছে।"

উদাহরণ।

(ক) যদুর বাক্সের মধ্যে কিছু গহনা পাওয়া গেলে তাহাকে চোর বলিয়া দোষী করা যায়, এই অভিপ্রায়ে কালু যদুর বাক্সেতে কিছু গহনা রাখে। ইহাতে কালু অসত্য প্রমাণ সৃষ্টি করিয়াছে।

(খ) যদু কোন অপরাধের ষড়যন্ত্র করিবার দোষী হয় এই অভিপ্রায়ে, কালু যদুর অক্ষরের মত অক্ষর করিয়া ঐ অপরাধের ষড়যন্ত্রের সহকারি কোন লোকের নামে পত্র লিখিয়া, পোলীসের আমলারা যে স্থানে তলাশ করিতে যাইতে পারে বোধ করে এমত স্থানে সেই পত্র রাখে। কালু অসত্য প্রমাণ সৃষ্টি করিয়াছে

(গ) কালু বিচারআদালতে পোষকতার প্রমাণস্বরূপে ব্যবহার করিব বলিয়া আপন দোকানের খাতায় অসত্য কথা লেখে। কালু অসত্য প্রমাণ সৃষ্টি করিয়াছে

[অসত্য প্রমাণের দণ্ড।]

৩। মোকদ্দমাপ্রভৃতি চলিবার কোন সময়ে যে কেহ তাহার ফলসম্পর্কীয় গুরুতর কোন বিষয়ে জানিয়াশুনিয়া অসত্য প্রমাণ দেয়, কিম্বা যে কেহ মোকদ্দমাপ্রভৃতির কার্য্য হইবার কোন সময়ে ব্যবহার হইবার জন্যে অসত্য

of being used in any stage of a judicial proceeding, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine; and whoever intentionally gives or fabricates false evidence in any other case, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

Explanation 1. A trial before a Court Martial is a judicial proceeding.

Explanation 2. An investigation directed by law preliminary to a proceeding before a Court of Justice, is a stage of a judicial proceeding, though that investigation may not take place before a Court of Justice.

Explanation 3. An investigation directed by a Court of Justice according to law, and conducted under the authority of a Court of Justice, is a stage of a judicial proceeding, though that investigation may not take place before a Court of Justice.

[Giving or fabricating false evidence with intent to procure conviction of a capital offence. If innocent person be thereby convicted and executed.]

4. Whoever gives or fabricates false evidence, intending thereby to cause, or knowing it to be likely that he will thereby cause, any person to be convicted of an offence which is capital by this Code, shall be punished with transportation for life, or with rigorous imprisonment for a term which may extend to fourteen years, and shall also be liable to fine; and if an innocent person be convicted and executed in consequence of such false evidence, the person who gives such false evidence shall be punished either with death or the punishment hereinbefore described.

[Giving or fabricating false evidence with intent to procure conviction of an offence punishable with transportation or imprisonment.]

5. Whoever gives or fabricates false evidence, intending thereby to cause, or knowing it to be likely that he will thereby cause, any person to be convicted of an offence which by this Code is not capital, but punishable with transportation for life, or imprisonment for a term of seven years or upwards, shall be punished as a person convicted of that offence would be liable to be punished.

Illustration.

A gives false evidence before a Court of Justice, intending thereby to cause Z to be convicted of a dacoity. The punishment of dacoity is transportation for life, or rigorous imprisonment for a term which may extend to fourteen years, with or without fine. A, therefore, is liable to such transportation or imprisonment, with or without fine.

প্রমাণ দেয় কি সৃষ্টি করে সে লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। ও যে কেহ অন্য কোন অবস্থায় জানিয়াশুনিয়া অসত্য প্রমাণ দেয় কি সৃষ্টি করে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

১ ব্যাখ্যা। কোর্ট মার্শ্যাল অর্থাৎ সৈন্যসম্পর্কীয় আদালতে যে বিচার হয় তাহা যে কদ্দমার ভুক্তির কার্য্য।

২ ব্যাখ্যা। আদালতের সম্মুখে মোকদ্দমার তজবীজ হইবার আগে আইনমতে যে তদারক করিবার আজ্ঞা হয় সেই তদারক আদালতের সম্মুখে না করা গেলেও মোকদ্দমার কার্য্যের মধ্যে হয়।

৩ ব্যাখ্যা। আইনমতের যে তদারক আদালতের হুকুমক্রমে হয় ও আদালতের ক্ষমতাক্রমে করা যায় সেই তদারক আদালতের সম্মুখে না করা গেলেও মোকদ্দমার কার্য্যের মধ্যে হয়।

[প্রাণদণ্ডের অপরাধ সাব্যস্ত করণের অভিপ্রায়ে অসত্য প্রমাণ দেওন কি সৃষ্টি করণ। যদি নির্দ্দোষি ব্যক্তির দোষ সাব্যস্ত হইয়া প্রাণদণ্ড হয়।

৪। এই আইনমতে যে অপরাধের প্রাণদণ্ড হয় কোন লোকের এমত অপরাধ সাব্যস্ত হইবার অভিপ্রায়ে কিম্বা সাব্যস্ত হইবার সম্ভাবনা জানিয়া যে কেহ অসত্য সাক্ষ্য দেয় কি সৃষ্টি করে, সেই ব্যক্তির যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক, কিম্বা চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কঠিন কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক। আর যদি সেইরূপ অসত্য সাক্ষ্যদ্বারা নির্দ্দোষি লোকের দোষ সাব্যস্ত হয় ও প্রাণদণ্ড হয় তবে যে লোক এ প্রকার অসত্য সাক্ষ্য দিয়াছিল তাহার প্রাণদণ্ড হইবেক কিম্বা ইহার পূর্ব্বের লিখিত দণ্ড হইবেক।

[যে অপরাধের যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কি কয়েদের দণ্ড হয় সেই অপরাধ সাব্যস্ত করাইবার অভিপ্রায়ে অসত্য সাক্ষ্য দেওন কি সৃষ্টি করণ।]

৫। এই আইনমতে যে অপরাধের প্রাণদণ্ড হয় না কিন্তু যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কিম্বা সাত বৎসর কি তাহার অধিক কাল কয়েদ হইবার দণ্ড হয় তাহার এমত অপরাধ সাব্যস্ত হইবার অভিপ্রায় কিম্বা সাব্যস্ত হইবার সম্ভাবনা জানিয়া, যে কেহ অসত্য সাক্ষ্য দেয় কি সৃষ্টি করে, সেই লোক এ অপরাধ সাব্যস্তহওয়া ব্যক্তির তুল্য দণ্ড পাইবার যোগ্য হইবেক।

উদাহরণ।

যদুর ডাকাইতী অপরাধ সাব্যস্ত হয় এই অভিপ্রায়ে কালু আদালতে অসত্য সাক্ষ্য দেয়। ডাকাইতী করিবার দণ্ড যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ, কিম্বা চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কঠিন কয়েদ, ও জরীমানাও হইতে পারে। অতএব কালুর সেইরূপে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কি কয়েদ হওনের দণ্ড হইতে পারিবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[Using in a judicial proceeding evidence known to be false.]

6. Whoever in any stage of a judicial proceeding uses or attempts to use as true or genuine evidence, any evidence which he knows to be false or fabricated, shall be punished in the same manner as if he gave or fabricated false evidence.

[Uttering or signing a false certificate.]

7. Whoever utters or signs, or causes or attempts to cause to be uttered or signed, any certificate required by law to be given or signed, or relating to any fact of which such certificate is by law admissible in evidence, knowing or believing that such certificate is false in any material point, shall be punished in the same manner as if he gave false evidence.

[Using as a true certificate one known to be false in a material point.]

8. Whoever uses or attempts to use any such certificate as a true certificate, knowing the same to be false in any material point, shall be punished in the same manner as if he gave false evidence.

[False statement made in any declaration which is by law receivable as evidence.]

9. Whoever, in any declaration made and subscribed by him, which declaration any Court of Justice, or any public servant or other person, is bound or authorized by law to receive as evidence of any fact, states as true what he knows or believes to be false, or what he does not know or in good faith believe to be true, touching any point material to the object for which the declaration is made or used, shall be punished in the same manner as if he gave false evidence.

[Using as true any such declaration known to be false.]

10. Whoever uses or attempts to use as true any such declaration, knowing the same to be false in any material point, shall be punished in the same manner as if he gave false evidence.

Explanation. A declaration which is inadmissible merely upon the ground of some informality, is a declaration within the meaning of clauses 9 and 10.

[Causing disappearance of evidence of an offence committed or giving false information touching it to screen the offender. If a capital offence. If punishable with transportation. If punishable with less than fourteen years' imprisonment.

11. Whoever, knowing or having reason to believe that an offence has been committed, causes any evidence of the commission of that offence to disappear, with the intention of screening the offender from legal punishment, or with that intention gives any information respecting the offence which he knows or believes to be false, shall, if the offence which he knows or believes to have been committed is punishable with death, be punished with imprisonment of either description

[যে প্রমাণ অসত্য জানা আছে তাহা মোকদ্দমাপ্রভৃতিতে ব্যবহার করা ।]

৬ । যে কেহ কোন প্রমাণ অসত্য কি সৃষ্টিকরা জানিয়া তাহা মোকদ্দমাপ্রভৃতির কার্য্য হইবার কোন সময়ে সত্য কি প্রকৃত প্রমাণস্বরূপে ব্যবহার করে কি ব্যবহার করিবার উদ্যোগ করে, সেই লোক অসত্য প্রমাণ দেওনের কি সৃষ্টি করণের তুল্য দণ্ড পাইবেক ।

[অসত্য সর্টিফিকট চালাওন কি তাহাতে দস্তখৎ করণ ।]

৭ । যে কোন সর্টিফিকট আইনমতে দিবার কি দস্তখৎ হইবার আজ্ঞা হয়, কিম্বা যে কার্য্যের সম্পর্কে ঐরূপ সর্টিফিকট আইনমত প্রমাণস্বরূপে গ্রাহ্য হয়, এমত কোন সর্টিফিকট গুরুতর কোন অংশে অসত্য জানিয়া কি বিশ্বাস করিয়া যে কেহ দেয় কি যে কেহ তাহাতে দস্তখৎ করে কি তাহা চালায় কি তাহাতে দস্তখৎ করায় কি তাহা চালাইবার কি তাহাতে দস্তখৎ করাইবার উদ্যোগ করে, সেই লোক অসত্য সাক্ষ্য দেওনের তুল্য দণ্ড পাইবেক ।

[যে সর্টিফিকট গুরুতর অংশে অসত্য জানা আছে তাহা সত্য বলিয়া ব্যবহার করণ ।]

৮ । সেইরূপ কোন সর্টিফিকট গুরুতর কোন অংশে অসত্য জানিয়া যে কেহ সত্য সর্টিফিকট বলিয়া ব্যবহার করে কি ব্যবহার করিবার উদ্যোগ করে সেই লোক অসত্য প্রমাণ দিবার তুল্য দণ্ড পাইবেক ।

[যে কোন এজহার আইনমতে প্রমাণস্বরূপে গ্রাহ্য তাহাতে অসত্য কথা ব্যক্ত করণ ।]

৯ । যে এজহার কোন আদালত কি সরকারী কোন কার্য্যকারক কি অন্য ব্যক্তি কোন বৃত্তান্তের প্রমাণস্বরূপে গ্রাহ্য করিতে আইনমতে বদ্ধ হন কি ক্ষমতা পান এমত কোন এজহার যদি কোন লোক করে ও তাহাতে দস্তখৎ করে ও সেই এজহার যে অভিপ্রায়ে করা যায় কি ব্যবহার হয় সেই অভিপ্রায়সম্পর্কে গুরুতর কোন অংশে যাহা অসত্য জানে কি বিশ্বাস করে কিম্বা যাহা সত্য জানে না কি প্রকৃতপ্রস্তাবে বিশ্বাস করে না এমত কোন কথা সত্য বলিয়া সেই এজহারে লিখে, তবে সেই লোকের অসত্য প্রমাণ দেওনের তুল্য দণ্ড হইবেক

[সেইরূপ কোন এজহার অসত্য জানিয়া সত্য বলিয়া ব্যবহার করণ]

১০ । যে কেহ সেইরূপ কোন এজহার গুরুতর কোন অংশে অসত্য জানিয়া সত্য বলিয়া ব্যবহার করে কি ব্যবহার করিবার উদ্যোগ করে সেই লোকের অসত্য প্রমাণ দেওনের তুল্য দণ্ড হইবেক ।

ব্যাখ্যা । যে এজহার কেবল রীতির কোন ত্রুটিপ্রযুক্ত অগ্রাহ্য হয় সেই এজহার ৯ ও ১০ প্রকরণের মধ্যে আইসে ।

[অপরাধিকে রক্ষা করিবার অভিপ্রায়ে অপরাধের প্রমাণ অগোচর করাণ কিম্বা তদ্বিষয়ের অসত্য সম্বাদ দেওন । যদি সেই অপরাধ প্রাণদণ্ডের অপরাধ হয় কি, তৎপ্রযুক্ত যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড হয় । কি চৌদ্দ বৎসরের কম মিয়াদে কয়েদ হইবার দণ্ড হয় ।]

১১ । কোন অপরাধ করা গিয়াছে ইহা জানিয়া কি ইহা বিশ্বাস করিবার কারণ পাইয়া যদি কেহ অপরাধিকে আইনমতের দণ্ডহইতে রক্ষা করিবার অভিপ্রায়ে ঐ অপরাধ হইবার কোন প্রমাণ অগোচর করায়, কি সেই অভিপ্রায়ে ঐ অপরাধের যাহা অসত্য জানে কি বিশ্বাস করে এমত কিছু সম্বাদ দেয়, তবে যে অপরাধ হইয়াছে জানে কি বিশ্বাস করে তাহার প্রাণদণ্ড হইতে পারিলে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক । ও যদি সেই অপরাধের জন্যে যাবজ্জীবন দ্বীপান্তর প্রের-

for a term which may extend to seven years, and shall also be liable to fine; and if the offence is punishable with transportation for life, or with imprisonment which may extend to fourteen years, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine; and if the offence is punishable with imprisonment for any term not extending to fourteen years, shall be punished with imprisonment of the description provided for the offence, for a term which may extend to one-fourth part of the longest term of the imprisonment provided for the offence, or with fine, or both.

ণের দণ্ড, কিম্বা চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবার দণ্ড হইতে পারে তবে সেই লোক তিন বৎসর-পর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। আর যদি সেই অপরাধের জন্যে চৌদ্দ বৎসরের কম কোন মিয়াদে কয়েদ হইবার দণ্ড হইতে পারে তবে সেই লোক, সেই অপরাধের জন্যে যে প্রকারের কয়েদ হইবার বিধি হয় সেই প্রকারে ও অত্যধিক যে মিয়াদে কয়েদ হইবার বিধি আছে তাহার চারি ভাগের এক ভাগপর্য্যন্ত, কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

Illustration.

A, knowing that B has murdered Z, assists B to hide the body with the intention of screening B from punishment. A is liable to imprisonment of either description for seven years, and also to fine.

উদাহরণ।

গোপাল যদুকে খুন করিয়াছে। কালু ইহা জানে। কিন্তু গোপালের দণ্ড না হয় এই অভিপ্রায়ে যদুর লাশ পুতিয়া রাখিবার জন্যে গোপালের সাহায্য করে। ইহাতে কালু সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবার যোগ্য হয়, ও তাহার জরীমানাও হইতে পারে।

[Intentional omission to give information of an offence, by a person bound to inform.]

12. Whoever, knowing or having reason to believe that an offence has been committed, intentionally omits to give any information respecting that offence which he is legally bound to give, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine, or both.

[যে লোক অপরাধের সম্বাদ দিতে বদ্ধ আছে সে জানিয়াশুনিয়া সেই সম্বাদ না দিলে।]

১২। কোন অপরাধ হইয়াছে জানিয়া কি বিশ্বাস করিবার কারণ পাইয়া, যদি কোন লোক সেই অপরাধের যে সম্বাদ দিতে আইনমতে বদ্ধ হয় এমত সম্বাদ জানিয়াশুনিয়া না দেয়, তবে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Giving false information respecting an offence committed.]

13. Whoever, knowing or having reason to believe that an offence has been committed, gives any information respecting that offence which he knows or believes to be false, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

[যে অপরাধ হইয়াছে তাহার অসত্য সম্বাদ দেওন।]

১৩। কোন অপরাধ হইয়াছে জানিয়া কি বিশ্বাস করিবার কারণ পাইয়া যদি কেহ ঐ অপরাধের যে সম্বাদ অসত্য জানে কি বিশ্বাস করে এমত কিছু সম্বাদ দেয়, তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Destruction of document to prevent its production as evidence.]

14. Whoever secretes or destroys any document which he may be lawfully compelled to produce as evidence in a Court of Justice, or in any proceeding lawfully held before a public servant as such, with the intention of preventing the same from being produced or used as evidence before such Court or public servant as aforesaid, or after he shall have been lawfully summoned or required to produce the same for that purpose, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

[কোন দলীল প্রমাণস্বরূপে উপস্থিত না হইবার জন্যে তাহা নষ্ট করণ।]

১৪। কোন আদালতে কিম্বা সরকারী কার্য্যকারকস্বরূপে কোন কার্য্যকারকের সম্মুখে যে মোকদ্দমাপ্রভৃতি আইনমতে হয় তাহাতে যে কোন দলীল আইনমতে উপস্থিত করিতে কোন ব্যক্তিকে আজ্ঞা হইতে পারে সেই দলীল যদি সেই ব্যক্তি সেই আদালতে কি পূর্ব্বোক্তপ্রকারের সরকারী কার্য্যকারকের সম্মুখে প্রমাণস্বরূপে উপস্থিত কি ব্যবহার না হইবার অভিপ্রায়ে, কিম্বা ঐ দলীল সেই কারণে উপস্থিত করিবার সমন কি আজ্ঞা পাইলে পর, যদি সেই ব্যক্তি তাহা লুকায় কি নষ্ট করে, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[False personation for the purpose of any act or proceeding in a suit.]

15. Whoever falsely personates another, and in such assumed character makes any admission or statement, or confesses judgment, or causes any process to be issued, or becomes bail or security, or does any other act in any suit or crimi-

[কোন মোকদ্দমায় কোন কার্য্য হইবার জন্যে কোন লোক আপনাকে অন্যের মত দেখাইলে।]

১৫। যে কেহ আপনাকে অন্য লোকের মত দেখায় ও সেই ছদ্মবেশে কোন কথা স্বীকার করে কি এজহার করে কি বিচার স্বীকার করে কিম্বা কোন পরওয়ানা জারী করায় কিম্বা হাজিরজামিন কি জামিন হয় কিম্বা দেওয়ানী কি ফৌজদারী মোকদ্দমায় অন্য কোন কার্য্য করে সেই

nal prosecution, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or both.

[Fraudulent removal or concealment of property to prevent its seizure as a forfeiture or in execution of a decree.]

16. Whoever fraudulently removes, conceals, transfers, or delivers to any person any property or any interest therein, intending thereby to prevent that property or interest therein from being taken as a forfeiture or in satisfaction of a fine, under a sentence which has been pronounced, or which he knows to be likely to be pronounced by a Court of Justice, or other competent authority, or from being taken in execution of a decree or order which has been made, or which he knows to be likely to be made by a Court of Justice in a Civil suit, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

[Fraudulent claim to property to prevent its seizure as a forfeiture or in execution of a decree.]

17. Whoever fraudulently accepts, receives, or claims any property or any interest therein, knowing that he has no right or rightful claim to such property or interest, or practises any deception touching any right to any property or any interest therein, intending thereby to prevent that property or interest therein from being taken as a forfeiture or in satisfaction of a fine, under a sentence which has been pronounced, or which he knows to be likely to be pronounced by a Court of Justice, or other competent authority, or from being taken in execution of a decree or order which has been made, or which he knows to be likely to be made by a Court of Justice in a Civil suit, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

[Fraudulently suffering a decree for a sum not due.]

18. Whoever fraudulently causes or suffers a decree or order to be passed against him at the suit of any person for a sum not due, or for a larger sum than is due to such person, or fraudulently causes or suffers a decree or order to be executed against him after it has been satisfied, or for a larger sum than remains due thereon, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

Illustration.

A institutes a suit against Z. Z knowing that A is likely to obtain a decree against him, fraudulently suffers a judgment to pass against him for a larger amount at the suit of B, who has no just claim against him, in order that B, either on his own account or for the benefit of Z, may share in the proceeds of any sale of Z's property which may be made under A's decree. Z has committed an offence under this Clause.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮২১। ২১ আশ্বিন।]

লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারের কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সম্পত্তি জব্দ না হয় কি ডিক্রী জারীক্রমে ক্রোক না হয় এই নিমিত্তে তাহা প্রবঞ্চনাপূর্ব্বক স্থানান্তর করা কি গোপন করা।]

১৬। কোন লোক আদালতের কিম্বা উপযুক্ত ক্ষমতার অন্য কার্য্যকারকের যে হুকুম হইয়াছে কিম্বা হইবার সম্ভাবনা জানে, সেই হুকুমমতে কোন সম্পত্তি কি তাহাতে কিছু সম্পর্ক জব্দ না করা যায় কি জরীমানার টাকা উসুল করিবার জন্যে না লওয়া যায়, কিম্বা দেওয়ানী মোকদ্দমায় কোন আদালতের যে ডিক্রী কি হুকুম হইয়াছে কি হইবার সম্ভাবনা জানে সেই ডিক্রী জারীক্রমে না লওয়া যায় এই অভিপ্রায়ে, যদি সেই লোক কোন সম্পত্তি কি তাহাতে কোন সম্পর্ক প্রবঞ্চনাপূর্ব্বক স্থানান্তর কি গোপন কি হস্তান্তর করে কিম্বা কোন কাহাকে দেয়, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারের কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সম্পত্তি জব্দ না হয় কি ডিক্রী জারীক্রমে ক্রোক না হয় এই নিমিত্তে চতুরীক্রমে সেই সম্পত্তির দাওয়া করণ।]

১৭। কোন লোক আদালতের কিম্বা উপযুক্ত ক্ষমতার অন্য কার্য্যকারকের যে হুকুম হইয়াছে কিম্বা হইবার সম্ভাবনা জানে সেই হুকুমমতে কোন সম্পত্তি কি তাহাতে কিছু সম্পর্ক জব্দ না হয় কি জরীমানার টাকা উসুল করিবার জন্যে না লওয়া যায়, কিম্বা দেওয়ানী মোকদ্দমায় কোন আদালতের যে ডিক্রী কি হুকুম হইয়াছে কি হইবার সম্ভাবনা জানে সেই ডিক্রী জারীক্রমে না লওয়া যায় এই অভিপ্রায়ে, যদি সেই সম্পত্তিতে কি তাহার কিছু সম্পর্কে সেই লোকের কোন স্বত্ব নাই কি ন্যায্য দাওয়া নাই জানিয়া সে প্রবঞ্চনাপূর্ব্বক ঐ সম্পত্তি কি তাহাতে কিছু সম্পর্ক গ্রহণ করে কি লয় কি তাহার দাওয়া করে, তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারের কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[যে টাকা দেনা নহে তাহার জন্যে প্রবঞ্চনাপূর্ব্বক ডিক্রী হইতে দেওন।]

১৮। কোন লোকের যে টাকা দেনা নহে তাহার জন্যে কিম্বা যত টাকা দেনা হয় তাহাহইতে অধিক টাকার জন্যে যদি সেই লোক আপনার বিপক্ষে অন্য লোকের দরখাস্তমতে প্রবঞ্চনাপূর্ব্বক কোন ডিক্রী কি হুকুম জারী করায় কি জারী হইতে দেয়, কিম্বা কোন ডিক্রী কি হুকুম জারী হইলে পর তাহার টাকার বাবৎ, কিম্বা তাহার উপর অবশিষ্ট যত টাকা দেনা থাকে তাহাহইতে অধিক টাকার বাবৎ যদি সেই ডিক্রী কি হুকুম প্রবঞ্চনাপূর্ব্বক জারী করায় কি জারী হইতে দেয়, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারের কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

যদুর নামে কালু মোকদ্দমা উপস্থিত করে। যদু জানে যে কালুর পক্ষে ডিক্রী হইতে পারে। সেই যদুর নামে গোপালও অধিক টাকার মোকদ্দমা উপস্থিত করে কিন্তু গোপালের দাওয়া যথার্থ নহে, তথাপি কালুর ডিক্রীমতে যদুর সম্পত্তি বিক্রয় হইলে গোপাল আপনার নিজের কিম্বা যদুরও কিছু লাভ হইতে পারে এই কারণে যদু প্রবঞ্চনা করিয়া গোপালের দরখাস্তমতে ডিক্রী হইতে দেয়। যদু এই প্রকরণের লিখিত দোষ করিয়াছে।

[Fraudulently obtaining a decree for a sum not due.]

19. Whoever fraudulently obtains a decree or order against any person for a sum not due or for a larger sum than is due, or fraudulently causes a decree or order to be executed against any person after it has been satisfied or for a larger sum than remains due thereon, or fraudulently suffers or permits any such act to be done in his name, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

[False charge of offence made with intent to injure.]

20. Whoever, with intent to cause injury to any person, institutes or causes to be instituted any criminal proceeding against that person, or falsely charges any person with having committed an offence, knowing that there is no just or lawful ground for such proceeding or charge against that person, shall, after after the final determination of such proceeding or charge in that person's favor, be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both; and if any criminal proceeding be instituted on a false charge of an offence punishable with death, transportation for life, or imprisonment for seven years or upwards, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Harbouring an offender. If a capital offence. If punishable with transportation for life, &c., or with imprisonment.]

21. Whoever, knowing or having reason to believe that an offence has been committed, harbours or conceals a person whom he knows or believes to be the offender, with the intention of screening him from legal punishment, shall, if the offence which he knows or believes to have been committed is punishable with death, be punished with imprisonment of either description for a term which may extend to five years, and shall also be liable to fine; and if the offence is punishable with transportation for life, or with imprisonment which may extend to fourteen years, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine; and if the offence is punishable with imprisonment which may extend to one year and not to fourteen years, shall be punished with imprisonment of the description provided for the offence for a term which may extend to one-fourth part of the longest term of imprisonment provided for the offence, or with fine, or with both.

Exception. This provision shall not extend to any case in which the harbour or concealment is by the husband or wife of the offender.

Illustration.

A, knowing that B has committed dacoity,

[যে টাকা পাওনা নহে তাহার বাবৎ ডিক্রী পাওয়া।]

১৯। কোন লোকের স্থানে যে টাকা পাওনা নয় তাহার জন্যে, কি যত টাকা পাওনা আছে তাহার অধিক টাকার জন্যে, যদি কেহ চাতুরীক্রমে তাহার বিপক্ষে ডিক্রী কি হুকুম পায়, কিম্বা কোন লোকের বিপক্ষে কোন ডিক্রী কি হুকুম জারী হইলে পর কিম্বা তাহার উপর যত টাকা পাওনা থাকে তাহাহইতে অধিক টাকার জন্যে যদি কেহ প্রবঞ্চনাপূর্ব্বক ডিক্রী কি হুকুম জারী করায়, কিম্বা আপনার নামে প্রবঞ্চনাপূর্ব্বক তদ্রূপ কোন কার্য্য হইতে দেয় কি অনুমতি দেয়, তবে সেই লোক দুই বৎসর-পর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[অপকার করিবার মানসে অপরাধের অসত্য অভিযোগ।]

২০। যদি কেহ কোন ব্যক্তির নামে নালিশ করিবার কি তাহাকে অভিযোগ করিবার যথার্থ কি ন্যায্য কারণ নাই জানিয়া সেই ব্যক্তির অপকার করিবার মানসে তাহার নামে ফৌজদারী কোন মোকদ্দমা উপস্থিত করে কি করায় কিম্বা তাহার নামে অপরাধ করিবার অভিযোগ অসত্যরূপে করে, তবে তাহার সপক্ষে ঐ নালিশ কি অভিযোগ চূড়ান্তরূপে নিষ্পত্তি হইয়া সেই ব্যক্তি নির্দ্দোষী হইলে, সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক। আর যে অপরাধের প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কিম্বা সাত বৎসর কি তাহার অধিক মিয়াদে কয়েদের দণ্ড হইতে পারে এমত অপরাধের মিথ্যা অভিযোগে যদি কোন ফৌজদারী মোকদ্দমা উপস্থিত করে, তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[অপরাধিকে আশ্রয় দেওন, যদি সেই অপরাধের জন্য প্রাণদণ্ড কি যাবজ্জীবনপ্রভৃতি দ্বীপান্তর প্রেরণের কি কয়েদ হইবার দণ্ড হয়।]

২১। কোন অপরাধ করা গিয়াছে জানিয়া কি বিশ্বাস করিবার কারণ পাইয়া যদি কোন লোক, যাহাকে অপরাধী জানে কি বোধ করে তাহাকে আইনমতের দণ্ডহইতে রক্ষা করিবার মানসে আশ্রয় দেয় কি গোপন করে, তবে যে অপরাধ হইয়াছে জানে কি বিশ্বাস করে তাহা প্রাণদণ্ডের অপরাধ হইলে সেই লোক পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। আর যদি সেই অপরাধের জন্যে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের অথবা চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবার দণ্ড হইতে পারে তবে সেই লোক তিন বৎসর পর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। আর যদি সেই অপরাধের জন্য চৌদ্দ বৎসরপর্য্যন্ত না হইয়া এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবার দণ্ড হয় তবে সেই অপরাধের জন্যে যে প্রকারের কয়েদ হইবার বিধি হয় সেই লোক সেই প্রকারে ও অত্যধিক যে মিয়াদপর্য্যন্ত কয়েদ হইবার বিধি হয় তাহার চারি অংশের এক অংশপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবেক অথবা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

বর্জ্জিত কথা। যদি অপরাধির স্বামী কি স্ত্রী তাহাকে আশ্রয় দেয় কি গোপন করে তবে এমত স্থলে এই বিধি খাটিবেক না।

উদাহরণ।

গোপাল ডাকাইতী করিয়াছে। কালু ইহা জানিয়া গো-

knowingly conceals B in order to screen him from legal punishment. Here as B is liable to transportation for life, A is liable to imprisonment of either description for a term not exceeding three years, and is also liable to fine.

পালকে আইনমতের দণ্ডহইতে রক্ষা করিবার জন্যে তাহাকে জানিয়াশুনিয়া গোপন করে। এই স্থলে গোপাল যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের যোগ্য হয় অতএব কালু তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবার যোগ্য হয় ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[Taking gift, &c. to screen an offender from punishment. If a capital offence. If punishable with transportation for life or with imprisonment.]

[অপরাধিকে দণ্ডহইতে রক্ষা করিবার জন্যে দানাদি গ্রহণ। প্রাণদণ্ডের অপরাধ হইলে। যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কি কয়েদ হওনের দণ্ডের অপরাধ হইলে।]

22. Whoever accepts or attempts to obtain, or agrees to accept, any gratification for himself or any other person, or any restitution of property to himself or any other person, in consideration of his concealing an offence or of his screening any person from legal punishment for any offence, of his not proceeding against any person for the purpose of bringing him to legal punishment, shall, if the offence is punishable with death, be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine; and if the offence is punishable with transportation for life, or with imprisonment which may extend to fourteen years, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine, and if the offence is punishable with imprisonment not extending to fourteen years, shall be punished with imprisonment of the description provided for the offence for a term which may extend to one-fourth part of the longest term of imprisonment provided for the offence, or with fine, or with both.

২২। কোন অপরাধ গোপন রাখিবার জন্যে, কিম্বা কোন অপরাধের আইনমতের দণ্ডহইতে কোন লোককে রক্ষা করিবার জন্যে, কিম্বা তাহার আইনমতের দণ্ড না হয় এই নিমিত্তে কোন লোকের নামে নালিশ না করিবার জন্যে যদি কেহ আপনার কি অন্য কোন লোকের নিমিত্তে কিছু পারিতোষিক, কিম্বা আপনার কি অন্য কোন কাহার নিমিত্তে কোন ফিরিয়া দেওয়া সম্পত্তি গ্রহণ করে কি পাইবার উদ্যোগ করে কি গ্রহণ করিতে স্বীকার করে, তবে ঐ অপরাধের প্রাণদণ্ড হইতে পারিলে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। আর যদি সেই অপরাধের জন্যে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড হয় অথবা চৌদ্দ বৎসরপর্য্যন্ত কয়েদ হয় তবে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। যদি সেই অপরাধের জন্যে চৌদ্দ বৎসরের কম মিয়াদে কয়েদ হইবার বিধি হয় তবে সেই অপরাধের জন্যে অত্যধিক যে মিয়াদপর্য্যন্ত যে প্রকারের কয়েদ হইবার বিধি হয় সেই লোক তাহার চারি অংশের এক অংশপর্য্যন্ত কোন মিয়াদে সেই প্রকারে কয়েদ হইবেক অথবা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Gift made to cause restoration of property in consideration of screening offender. If a capital offence. If punishable with transportation for life or with imprisonment.]

[অপরাধিকে রক্ষা করিবার জন্যে দান করণ কি সম্পত্তি ফিরিয়া দেওয়ান। যদি সেই অপরাধ প্রাণদণ্ডের অপরাধ হয় কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কি কয়েদের দণ্ড হয়।]

23. Whoever gives or causes, or offers or agrees to give or cause any gratification to any person, or to restore or cause the restoration of any property to any person, in consideration of that person's concealing an offence or of his screening any person from legal punishment for any offence is not proceeding against any person for the purpose of bringing him to legal punishment, shall, if the offence is punishable with death, be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine; and if the offence is punishable with transportation for life, or with imprisonment which may extend to fourteen years, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine; and if the offence is punishable with imprisonment not extending to fourteen years, shall be punished with imprisonment of the description provided for the offence for a term which may extend to one-fourth part of the longest term of imprisonment provided for the offence, or with fine, or with both.

২৩। কোন লোকের অপরাধ গোপন করিবার জন্যে কিম্বা কোন অপরাধের নিমিত্তে কোন লোককে আইনমতের দণ্ডহইতে রক্ষা করিবার জন্যে, কিম্বা তাহার আইনমতের দণ্ড না হয় এই নিমিত্তে তাহার নামে নালিশ না করিবার জন্যে যদি কেহ কোন লোককে কিছু পারিতোষিক দেয় কি দেওয়ায় কিম্বা দিতে কি দেওয়াইতে প্রস্তাব কি করার করে কিম্বা সেই লোককে কিছু সম্পত্তি ফিরিয়া দিতে কি দেওয়াইতে প্রস্তাব কি করার করে তবে সেই অপরাধের প্রাণদণ্ড হইতে পারিলে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। ও সেই অপরাধের নিমিত্তে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড কিম্বা চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইতে পারিলে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইতে পারিবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। যদি সেই অপরাধের নিমিত্তে চৌদ্দ বৎসরের কম মিয়াদে কয়েদ হইবার বিধি হয় তবে সেই অপরাধের জন্যে অত্যধিক যে মিয়াদপর্য্যন্ত যে প্রকারের কয়েদ হইবার বিধি হয় সেই লোক তাহার চারি অংশের এক অংশপর্য্যন্ত কোন মিয়াদে সেই প্রকারে কয়েদ হইবেক অথবা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

Exception. The provisions of Clauses 22 and 23 do not extend to any case in which the offence consists only of an act irrespective of the intention of the offender, and for which act the person injured may bring a civil action.

Illustrations.

(*a*) A assaults B with intent to commit murder. Here, as the offence does not consist of the assault only, irrespective of the intention to commit murder, it does not fall within the exception, and cannot therefore be compounded.

(*b*) A assaults B. Here, as the offence consists simply of the act, irrespective of the intention of the offender, and as B may have a civil action for the assault, it is within the exception and may be compounded.

(*c*) A commits the offence of bigamy. Here as the offence is not the subject of a civil action, it cannot be compounded.

(*d*) B commits the offence of adultery with a married woman. The offence may be compounded.

[Harbouring an offender who has escaped from custody, or whose apprehension has been ordered. If a capital offence. If punishable with transportation for life or with imprisonment.]

24. Whenever any person convicted of or charged with an offence, being in lawful custody for that offence, escapes from such custody, or whenever a public servant, in the exercise of the lawful powers of such public servant, orders a certain person to be apprehended for an offence, whoever, knowing of such escape or order for apprehension, harbours or conceals that person with the intention of preventing him from being apprehended, shall be punished in the manner following, that is to say, if the offence for which the person was in custody or is ordered to be apprehended is punishable with death, he shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine; or if the offence is punishable with transportation for life, or imprisonment for fourteen years, he shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, with or without fine; and if the offence is punishable with imprisonment which may extend to one year and not to fourteen years, he shall be punished with imprisonment of the description provided for the offence for a term which may extend to one-fourth part of the longest term of the imprisonment provided for such offence, or with fine, or with both.

Exception. This provision does not extend to the case in which the harbour or concealment is by the husband or wife of the person to be apprehended.

[Limit of punishment.]

No person shall be liable under this Clause to a greater amount of punishment than that to which the person escaping or who ought to have

বর্জ্জিত কথা। অপরাধির পূর্ব্ব অভিপ্রায় না ধরি-লেও যদি কেবল কার্য্যেতে অপরাধ হয় ও যদি সেই কার্য্যের নিমিত্তে অভিগ্রস্ত ব্যক্তি দেওয়ানী আদালতে নালিশ করিতে পারে, তবে এমত স্থলে ২২ ও ২৩ প্রকরণের বিধি খাটে না]

উদাহরণ।

(ক) কালু গোপালকে খুন করিবার অভিপ্রায়ে তাহার উপর চড়াউ হয়। এই স্থলে চড়াউর যে অপরাধ তাহা হত্যা করিবার অভিপ্রায় ছাড়া নহে অতএব তাহা বর্জ্জিত কথার মধ্যে পড়ে না তাহার রফা হইতে পারে না।

(খ) কালু গোপালের উপর চড়াউ হয়। এই স্থলে অপরাধির অভিপ্রায় না ধরিয়া কেবল সেই চড়াউ হইবার ক্রিয়াতে অপরাধ হয় ও গোপাল সেই চড়াউর নালিশ দেওয়ানী আদালতে করিতে পারে। অতএব তাহা বর্জ্জিত কথার মধ্যে পড়ে ও তাহার রফা হইতে পারে।

(গ) কালুর স্ত্রী থাকিতে সে অন্য স্ত্রীকে বিবাহ করে। ইহাতে যে অপরাধ হয় তাহার জন্যে দেওয়ানী আদালতে নালিশ হইতে পারে না অতএব তাহার রফা হইতে পারে না।

(ঘ) গোপাল পরদার গমন করে। এই অপরাধের রফা হইতে পারে।

[যে অপরাধী কয়েদহইতে পলাইয়াছে কিম্বা যাহার গ্রেফ্তারের হুকুম হইয়াছে তাহাকে আশ্রয় দেওন। যদি সেই অপরাধের জন্যে প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কি কয়েদের দণ্ড হয়।]

২৪। যখন কোন লোকের অপরাধ সাব্যস্ত হওয়াতে কিম্বা অভিযোগ হওয়াতে সেই অপরাধের জন্যে সেই লোক আইনমতে কয়েদ হইয়া সেই কয়েদহইতে পলায়, কিম্বা যখন সরকারী কোন কার্য্যকারক সরকারী কার্য্যকারকস্বরূপে আইনমতের ক্ষমতাক্রমে কার্য্য করিয়া, কোন অপরাধের জন্যে কোন ব্যক্তির গ্রেফ্তার হইবার হুকুম করেন, তখন যে কেহ সেই লোকের পলাইবার কি তাহার গ্রেফ্তার হইবার হুকুমের কথা জানিয়া তাহার গ্রেফ্তার না হইবার অভিপ্রায়ে তাহাকে আশ্রয় দেয় কি গোপন করে তখন তাহার এই প্রকারে দণ্ড হইবেক অর্থাৎ যে অপরাধের জন্যে সেই লোককে কয়েদ করা গিয়াছিল, কি তাহার গ্রেফ্তার হইবার হুকুম হয় তাহার নিমিত্তে যদি প্রাণদণ্ড হইতে পারে তবে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। যদি সেই অপরাধের জন্যে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কি চৌদ্দ বৎসরপর্য্যন্ত কয়েদ হইবার দণ্ড হইতে পারে তবে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। ও সেই অপরাধের নিমিত্তে যদি চৌদ্দ বৎসরপর্য্যন্ত না হইয়া এক বৎসরপর্য্যন্ত কয়েদ হইবার দণ্ড হইতে পারে তবে সেই অপরাধের জন্যে অত্যধিক যে মিয়াদপর্য্যন্ত যে প্রকারের কয়েদ হইবার বিধি হয় সেই লোক তাহার চারি অংশের এক অংশপর্য্যন্ত কোন মিয়াদে সেই প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

বর্জ্জিত কথা। যাহাকে গ্রেফ্তার করিতে হয় তাহার স্বামী কি স্ত্রী যদি তাহাকে আশ্রয় দেয় কি গোপন করে তবে তাহার উপর এই বিধি খাটে না।

[যেপর্য্যন্ত দণ্ড হইতে পারিবেক।]

যে লোক পলাইয়াছে কি যাহাকে গ্রেফ্তার করা উচিত সেই লোকের দোষ সাব্যস্ত হওনমতে তাহার যত দণ্ড হইতে পারে কিম্বা যে অপরাধের অভিযোগ হইয়াছে তা-

been apprehended, was liable under the conviction, or than that provided by this Code for such an offence as that charged.

[Public servant disobeying a direction of law with intent to save person from punishment or property from forfeiture.]

25. Whoever, being a public servant, knowingly disobeys any direction of the law as to the way in which he is to conduct himself as such public servant, intending thereby to save, or knowing it to be likely that he will thereby save, any person from legal punishment, or subject him to a less punishment than that to which he is liable, or with intent to save, or knowing that he is likely thereby to save any property from forfeiture or any charge to which it is liable by law, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[Public servant framing an incorrect record or writing with intent to save person from punishment or property from forfeiture.]

26. Whoever, being a public servant and being, as such public servant, charged with the preparation of any record or other writing, frames that record or writing in a manner which he knows to be incorrect, intending thereby to save, or knowing it to be likely that he will thereby save, any person from legal punishment, or subject him to a less punishment than that to which he is liable, or with intent to save or knowing that he is likely thereby to save any property from forfeiture or other charge to which it is liable by law, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or with both.

[Public servant in a judicial proceeding making an order, report, &c., which he knows to be contrary to law.]

27. Whoever, being a public servant, makes or pronounces in any stage of a judicial proceeding, any report, order, verdict, or decision which he knows to be contrary to law, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, or with fine, or with both.

[Commitment for trial or confinement by a person having authority who knows that he is acting contrary to law.]

28. Whoever, being in any office which gives him legal authority to commit persons for trial or to confinement, or to keep persons in confinement, commits any person for trial or to confinement, or keeps any person in confinement in the exercise of that authority, knowing that in so doing he is acting contrary to law, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, or with fine, or with both.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২১ আশ্বিন।]

হার যে দণ্ডের বিধি এই আইনে হইয়াছে তাহার অধিক দণ্ড কোন কেহ এই প্রকরণমতে পাইতে পারিবেক না।

[কোন লোকের দণ্ড না হয় কি সম্পত্তি জব্দ না হয় এই অভিপ্রায়ে সরকারী কার্য্যকারক আইনের আজ্ঞা অমান্য করিলে।]

২৫। কোন লোককে আইনমতের দণ্ডহইতে রক্ষা করিবার অভিপ্রায়ে কিম্বা তাহার রক্ষা হইবার সম্ভাবনা জানিয়া, কিম্বা সে যত দণ্ড পাইতে পারে তাহার কম দণ্ড দেওয়াইবার অভিপ্রায়ে, কিম্বা কোন সম্পত্তি জব্দ না হয় এই নিমিত্তে, কিম্বা আইনমতে ঐ সম্পত্তির উপর যে কোন দায় হইতে পারে তাহাহইতে রক্ষা করিবার অভিপ্রায়ে কিম্বা সেই সম্পত্তির রক্ষা হইবার সম্ভাবনা জানিয়া, যদি কেহ সরকারী কার্য্যকারক হইয়া সরকারী কার্য্যকারকস্বরূপে আপনার যেরূপ কার্য্য করিতে হয় সেই বিষয়ে আইনের কোন বিধি অমান্য করেন তবে তিনি দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেন, কিম্বা তাঁহার জরীমানা, কি ঐ উভয় দণ্ড হইবেক।

[লোকের দণ্ড না হয় কি সম্পত্তি জব্দ না হয় এই অভিপ্রায়ে সরকারী কার্য্যকারক অশুদ্ধ রিকার্ড কি লিপি করিলে।]

২৬। সরকারী কার্য্যকারকস্বরূপে কোন রিকার্ড কি লিপি প্রস্তুত করিবার ভার যাঁহার প্রতি থাকে সরকারী কার্য্যকারক হইয়া এমত কোন ব্যক্তি যদি কোন লোককে আইনমতের দণ্ডহইতে রক্ষা করিবার অভিপ্রায়ে কিম্বা তাহার রক্ষা হইবার সম্ভাবনা জানিয়া, কিম্বা সেই লোক যত দণ্ডের যোগ্য হয় তাহার কম দণ্ড দেওয়াইবার অভিপ্রায়ে কিম্বা কোন সম্পত্তি জব্দ না হয় এই অভিপ্রায়ে কিম্বা আইনমতে ঐ সম্পত্তির উপর অন্য যে দায় হইতে পারে তাহাহইতে রক্ষা করিবার অভিপ্রায়ে, আপনি যাহা অশুদ্ধ জানেন এমত ভাবে ঐ রিকার্ড কি লিপি করেন, তবে তিনি তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেন কিম্বা তাঁহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সরকারী কার্য্যকারক মোকদ্দমাপ্রভৃতিতে আইন বিপরীত জানিয়া হুকুম রিপোর্টপ্রভৃতি করিলে।]

২৭। সরকারী কার্য্যকারক হইয়া যে কেহ মোকদ্দমা প্রভৃতির তদবীর হইবার কোন কালে আইনের বিপরীত যাহা জানেন এমত কোন রিপোর্ট কি হুকুম কি রায় কি নিষ্পত্তি করেন তিনি সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেন কিম্বা তাঁহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[যাঁহার ক্ষমতা থাকে এমত ব্যক্তি আইনের বিপরীত কর্ম্ম করিতেছেন জানিয়া কোন লোককে বিচারার্থে সোপর্দ্দ করিলে কি কয়েদ করিলে।]

২৮। যে কেহ কোন পদে থাকাপ্রযুক্ত আইনমতে লোকেরদিগকে বিচারার্থে সোপর্দ্দ করিতে কি কয়েদ করিতে কি কয়েদ করিয়া রাখিতে ক্ষমতা পান ও আইনের বিপরীত কর্ম্ম করেন জানিয়াও সেই ক্ষমতাক্রমে কার্য্য করিয়া কোন লোককে বিচারার্থে সোপর্দ্দ করেন কিম্বা কয়েদ করেন কিম্বা কোন লোককে কয়েদ করিয়া রাখেন সেই ব্যক্তি সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেন কিম্বা তাঁহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Voluntary omission to apprehend on the part of a public servant bound by law to apprehend. Punishment.]

29. Whoever, being a public servant, legally bound as such public servant, to apprehend or to keep in confinement any person charged with or liable to be apprehended for an offence, voluntarily omits to apprehend such person, or voluntarily suffers such person to escape, or voluntarily aids such person in escaping or attempting to escape from such confinement, shall be punished as follows, that is to say:

With imprisonment of either description for a term which may extend to seven years, with or without fine, if the person in confinement, or who ought to have been apprehended, was charged with or liable to be apprehended for an offence punishable with death; or

With imprisonment of either description for a term which may extend to three years, with or without fine, if the person in confinement, or who ought so have been apprehended, was charged with or liable to be apprehended for an offence punishable with transportation for life, or imprisonment for a term which may extend to fourteen years; or

With imprisonment of either description for a term which may extend to two years, with or without fine, if the person in confinement, or who ought to have been apprehended, was charged with, or liable to be apprehended for an offence punishable with imprisonment for a term less than fourteen years.

[Limit of punishment.]

No person shall be liable under this Clause to a greater amount of punishment than the punishment provided for the offence with which the person in confinement, or who ought to have been apprehended, was charged or liable to be apprehended.

[Voluntary omission to apprehend on the part of a public servant bound by law to apprehend person under sentence of a Court of Justice. Punishment.]

30. Whoever, being a public servant, legally bound as such public servant, to apprehend or to keep in confinement any person under sentence of a Court of Justice for any offence, voluntarily omits to apprehend such person, or voluntarily suffers such person to escape, or voluntarily aids such person in escaping or attempting to escape from such confinement, shall be punished as follows, that is to say:

With transportation for life, or with imprisonment of either description for a term which may extend to fourteen years, with or without fine, if the person in confinement, or who ought to have been apprehended, is under sentence of death: or

[সরকারী কার্য্যকারক আইনমতে গ্রেপ্তার করিতে বদ্ধ হইয়া ইচ্ছাপূর্ব্বক গ্রেপ্তার না করিলে।]

২৯। সরকারী কার্য্যকারক হইয়া যে কেহ সেই সরকারী কার্য্যকারকস্বরূপে কোন লোককে অপরাধ করিবার অভিযোগমতে কিম্বা গ্রেপ্তারের যোগ্য কোন লোককে গ্রেপ্তার করিতে কিম্বা কয়েদ করিয়া রাখিতে আইনমতে বদ্ধ হইয়া ইচ্ছাপূর্ব্বক সেই লোককে গ্রেপ্তার না করেন, কিম্বা সেই লোককে সেইরূপ কয়েদহইতে ইচ্ছাপূর্ব্বক পলাইতে দেন, কিম্বা পলাইবার উদ্যোগেতে তাহার ইচ্ছাপূর্ব্বক সাহায্য করেন সেই কার্য্যকারকের এই২ দণ্ড হইবেক।

[দণ্ড।]

যে লোক কয়েদ ছিল কি যাহাকে গ্রেপ্তার করা উচিত ছিল তাহার নামে যে অপরাধের অভিযোগ হয় কি যে অপরাধের জন্যে সে গ্রেপ্তার হইবার যোগ্য হয় সেই অপরাধের জন্যে যদি প্রাণদণ্ডের বিধি হয় তবে সেই কার্য্যকারক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেন ও তাঁহার জরীমানাও হইতে পারিবেক।

যে লোক কয়েদ ছিল কি যাহাকে গ্রেপ্তার করা উচিত ছিল তাহার নামে যে অপরাধের অভিযোগ হয় কি যে অপরাধের জন্যে সে গ্রেপ্তার হইবার যোগ্য হয় সেই অপরাধের জন্যে যদি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কি চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবার বিধি হয় তবে সেই কার্য্যকারক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেন ও তাঁহার জরীমানাও হইতে পারিবেক।

যে জন কয়েদ ছিল কিম্বা যাহাকে গ্রেপ্তার করা উচিত হয় তাহার নামে যে অপরাধের অভিযোগ হইয়াছে কিম্বা যে অপরাধের জন্যে সে গ্রেপ্তার হইবার যোগ্য হয় সেই অপরাধের নিমিত্তে যদি চৌদ্দ বৎসরের কম কোন কালপর্য্যন্ত তাহার কয়েদ হইবার বিধি হয় তবে সেই কার্য্যকারক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেন ও তাঁহার জরীমানাও হইতে পারিবেক।

[যেপর্য্যন্ত দণ্ড হইতে পারে।]

যে জন কয়েদ ছিল কি যাহাকে গ্রেপ্তার করা উচিত হয় সে জনের নামে যে অপরাধের অভিযোগ হইয়াছে কি যে অপরাধের নিমিত্তে সে গ্রেপ্তার হইবার যোগ্য হয় তাহার জন্যে যত দণ্ডের বিধি হয় এই প্রকরণমতে কোন ব্যক্তি তাহার অধিক পাইতে পারিবেন না।

[সরকারী কার্য্যকারক আদালতের দণ্ডাজ্ঞাক্রমে কোন লোককে আইনমতে গ্রেপ্তার করিতে বদ্ধ হইয়া ইচ্ছাপূর্ব্বক গ্রেপ্তার করিতে ত্রুটি করিলে।]

৩০। সরকারী কার্য্যকারক হইয়া যে কেহ আদালতের দণ্ডাজ্ঞাক্রমে কোন লোককে কোন অপরাধের নিমিত্তে গ্রেপ্তার করিতে কি কয়েদ করিয়া রাখিতে সরকারী কার্য্যকারকস্বরূপে আইনমতে বদ্ধ হইয়াও সেই লোককে গ্রেপ্তার করিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করেন কি সেই লোককে ইচ্ছাপূর্ব্বক কয়েদহইতে পলাইতে দেন কি সেই লোককে পলাইতে কি পলাইবার উদ্যোগে ইচ্ছাপূর্ব্বক সাহায্য করেন সেই কার্য্যকারকের এই২ দণ্ড হইবেক।

[দণ্ড।]

যে লোক কয়েদ ছিল কি যাহাকে গ্রেপ্তার করা উচিত ছিল তাহার যদি প্রাণদণ্ডের আজ্ঞা হইয়াছে তবে ঐ কার্য্যকারকের যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড কিম্বা চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদের দণ্ড হইবেক ও তাঁহার জরীমানাও হইতে পারিবেক।

With imprisonment of either description for a term which may extend to seven years, with or without fine, if the person in confinement, or who ought to have been apprehended, is subject by a sentence of a Court of Justice, or by virtue of a commutation of such sentence, to transportation for life or penal servitude for life, or to transportation or penal servitude or imprisonment for a term of fourteen years or upwards: or

যে লোক কয়েদ ছিল কি যাহাকে গ্রেপ্তার করা উচিত ছিল তাহার যদি আদালতের দণ্ডাজ্ঞাক্রমে কিম্বা ঐ দণ্ড পরিবর্ত্তনের শক্তিক্রমে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কিম্বা যাবজ্জীবন খাটিবার কিম্বা চৌদ্দ বৎসর কি তাহার অধিক কালপর্য্যন্ত দ্বীপান্তর প্রেরণের কি খাটিবার কি কয়েদ হইবার আজ্ঞা হইয়াছিল তবে সেই কার্য্যকারক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেন ও তাঁহার জরীমানাও হইতে পারিবেক।

With imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or with both, if the person in confinement or who ought to have been apprehended, is subject by a sentence of a Court of Justice to imprisonment for a term not extending to fourteen years.

যে লোক কয়েদ ছিল কি যাহাকে গ্রেপ্তার করা উচিত ছিল তাহার যদি আদালতের আজ্ঞাক্রমে চৌদ্দ বৎসরের কম কোন মিয়াদে কয়েদ হইবার আজ্ঞা হইয়াছিল তবে সেই কার্য্যকারক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেন কিম্বা তাঁহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক।

[Limit of punishment.]

No person shall be liable under this Clause to a greater amount of punishment than that to which the person in confinement or who ought to have been apprehended, was liable at the time of the commission of the offence defined by this Clause.

[যেপর্য্যন্ত দণ্ড হইতে পারিবেক।]

যে জন কয়েদ ছিল কি যাহাকে গ্রেপ্তার করা উচিত ছিল সেই জন এই প্রকরণের লিখিত অপরাধ করিবার সময়ে যে দণ্ডের যোগ্য হয়, এই প্রকরণমতে কোন ব্যক্তি তাহার অধিক দণ্ডের যোগ্য হইবেক না।

[Escape from confinement negligently suffered by a public servant.]

31. Whoever, being a public servant, legally bound as such public servant, to keep in confinement any person charged with or convicted of any offence, negligently suffers such person to escape from confinement, shall be punished with simple imprisonment for a term which may extend to two years, or with fine, or with both.

[সরকারী কার্য্যকারক অমনোযোগক্রমে কোন লোককে কয়েদহইতে পলাইতে দিলে।]

৩১। যাহার নামে কোন অপরাধের অভিযোগ হইয়াছে কি যাহার অপরাধ সাব্যস্ত হইয়াছে এমত কোন লোককে কয়েদ করিয়া রাখিতে সরকারী কার্য্যকারকস্বরূপে যে সরকারী কার্য্যকারক আইনমতে বদ্ধ আছেন তিনি যদি অমনোযোগক্রমে সেই লোককে কয়েদহইতে পলায়ন করিতে দেন তবে তাঁহার দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাঁহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Limit of punishment.]

No person shall be liable under this Clause to a greater amount of punishment than that to which the person in confinement was liable at the time of the committing of the offence defined by this Clause, or by which the offence charged was punishable.

[সেপর্য্যন্ত দণ্ড হইতে পারিবেক।]

যে লোক কয়েদ ছিল সে এই প্রকরণের লিখিত অপরাধ করিবার সময়ে যে দণ্ডের যোগ্য হয় কিম্বা তাহার নামে যে অপরাধের অভিযোগ হয় তাহার যত দণ্ড হইতে পারে এই প্রকরণমতে কোন ব্যক্তি তাহার অধিক দণ্ডের যোগ্য হইবেক না।

[Resistance or obstruction by a person to his lawful apprehension.]

32. Whoever offers any resistance or illegal obstruction to the lawful apprehension of himself for an offence, or escapes or attempts to escape from any custody in which he is lawfully detained for an offence, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[কোন লোকের আইনমতে গ্রেপ্তার হইবার বাধা বলপূর্ব্বক কি অন্য প্রকারে করিলে।]

৩২। যে কেহ কোন অপরাধের জন্যে আপনার আইনমতে গ্রেপ্তার হইবার বলপূর্ব্বক বাধা করে কি বেআইনীমতের বাধা দেয় কিম্বা যে কেহ কোন অপরাধের নিমিত্তে আইনমতে কয়েদ হইয়া সেই কয়েদহইতে পলায় কি পলাইবার উদ্যোগ করে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

Explanation. The punishment in this Clause is in addition to the punishment for which the person to be apprehended or detained in custody, was liable for the offence with which he was charged, or for which he was detained.

ব্যাখ্যা। যে লোককে গ্রেপ্তার করিতে কি কয়েদ করিয়া রাখিতে হইবেক সেই লোকের নামে যে অপরাধের অভিযোগ হয় কি যে অপরাধের নিমিত্তে কয়েদ হয় তাহার জন্যে সে যে দণ্ডের যোগ্য হয় তদ্ভিন্ন এই প্রকরণের দণ্ড হইবেক।

[Cumulative punishment.]

33. If any person, in doing any thing whereby he commits an offence under the last preceding Clause, also commits an offence under any Clause contained in any other Chapter of this Code, the punishment shall be cumulative.

(দণ্ড সংযোগ।)

৩৩। ইহার পূর্ব্বের লিখিত প্রকরণমতে যাহাতে অপরাধ হয় এমত কোন ক্রিয়া যদি কেহ করিয়া এই আইনের অন্য কোন অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধও করে তবে দণ্ডের সংযোগ হইবেক।

[Resistance or obstruction to the lawful apprehension of another person. Punishment.]

34. Whoever intentionally offers any resis-

[কোন লোকের আইনমতে কয়েদ হইবার বলপূর্ব্বক কি অন্যপ্রকারে বাধা দেওয়া। দণ্ড।]

৩৪। কোন অপরাধের জন্যে কোন লোকের আই-

tance or illegal obstruction to the lawful apprehension of any other person for an offence, or rescues or attempts to rescue any other person from any custody in which that person is lawfully detained for an offence, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both;

Or, if the person to be apprehended, or the person rescued or attempted to be rescued, is charged with, or liable to be apprehended for an offence punishable with transportation for life, or imprisonment for a term which may extend to fourteen years, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine;

Or, if the person to be apprehended or rescued, or attempted to be rescued, is charged with, or liable to be apprehended for an offence punishable with death, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine;

Or, if the person to be apprehended or rescued, or attempted to be rescued, is liable, under the sentence of a Court of Justice, or by virtue of a commutation of such a sentence, to transportation for life, or to transportation, penal servitude, or imprisonment, for a term of fourteen years or upwards, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine;

Or, if the person to be apprehended or rescued, or attempted to be rescued, is under sentence of death, shall be punished with transportation for life, or imprisonment for a term not exceeding fourteen years, and shall also be liable to fine.

[To be continued.]

NOTIFICATION.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 16th April, 1857.

Moulvie Gholam Buttool Tumkin, Moonsiff of Amdahra, Zillah Beerbhoom, for 15 days.

A. W. RUSSELL, *Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

৫৫৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১১ মার্চ।

শ্রীযুত এচ বেলি সাহেব (Mr. H. Baillie,) জিলা চব্বিশপরগনার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত ডাক্তর ই সি থর্প সাহেব (Dr. E. C. Thorp,) হুগলীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

[*Government Gazette*, 21*st April*, 1857.]

মনে গ্রেপ্তার করিতে অন্য যে কেহ বলপূর্ব্বক বাধা করে কি বেআইনীমতে বাধা দেয় অথবা কোন অপরাধের জন্য কোন লোক আইনমতে কয়েদ হইলে অন্য যে কেহ তাহাকে রক্ষা করে কি রক্ষা করিবার উদ্যোগ করে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

অথবা, যাহাকে গ্রেপ্তার করিতে হইবেক কি যাহাকে রক্ষা করা যায় কি রক্ষা করিবার উদ্যোগ হয় তাহার নামে যে অপরাধের অভিযোগ হয় কি যে অপরাধের নিমিত্তে সে গ্রেপ্তার হইবার যোগ্য হয় সেই অপরাধের জন্যে যদি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কিম্বা চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবার বিধি হয় তবে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

অথবা, যাহাকে গ্রেপ্তার করিতে হয় কি যাঁহাকে রক্ষা করা যায় কি রক্ষা করিবার উদ্যোগ হয় তাহার নামে যে অপরাধের অভিযোগ হয় কি যে অপরাধের নিমিত্তে সে গ্রেপ্তার হইবার যোগ্য হয় সেই অপরাধের জন্যে যদি প্রাণদণ্ডের বিধি হয় তবে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

অথবা, যাহাকে গ্রেপ্তার করিতে হয় কি যাহাকে রক্ষা করা যায় কি রক্ষা করিবার উদ্যোগ হয় সে যদি আদালতের দণ্ডাজ্ঞাক্রমে কিম্বা সেই দণ্ডাজ্ঞা পরিবর্ত্তনের শক্তিক্রমে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কি চৌদ্দ বৎসর কি তাহার অধিক কোন মিয়াদপর্য্যন্ত দ্বীপান্তর প্রেরণ হইবার কি খাটিবার কি কয়েদ হইবার যোগ্য হয় তবে সে লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

অথবা, যাহাকে গ্রেপ্তার করিতে হয় কি যাহাকে রক্ষা করা যায় কি রক্ষা করিবার উদ্যোগ হয় তাহার যদি প্রাণদণ্ডের আজ্ঞা হইয়াছিল তবে সেই লোক যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ হইবেক কিম্বা চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

বিজ্ঞাপন

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৭ সাল ১৬ আপ্রিল।

জিলা বীরভূমের আমদহরার মুনসেফ শ্রীযুত মৌলবী গোলাম বতুল তমকিন পনের দিনের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

শ্রীযুত ডাক্তর এচ এফ উলিয়মস সাহেব (Dr. H. F. Williams,) পূর্ব্ব বর্দ্ধমানের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

ময়মনসিংহের ফতওয়াদারক শ্রীযুত মৌলবী আবদুল করীম ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব (Mr. W. C. Taylor,) গত মাসের ৬ তারিখে যে ছুটী পান তৎপ্রযুক্ত তাঁহার যত দিন অনুপস্থান হয় তত দিন সাহাল পরগনার সব-আসিষ্টাণ্ট কমিসনর শ্রীযুত আর জি প্লাটস সাহেব (Mr. R. G. Platts,) আসিষ্টাণ্ট কমিসনরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১১ মার্চ।

ছোট নাগপুরের কমিসানর সাহেবের প্রধান আসিস্টান্ট শ্রীযুত কাপ্তান আর টি লে সাহেব (Capt. R. T. Leigh,) গত ডিসেম্বর মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সেনাপতি সাহেবেরা দেওয়ানী কর্ম্ম পাইলে তাঁহারদের উপর যে বিধি খাটে সেই বিধিমতে আপন কর্ম্মের নিমিত্তে ত্রিশ দিনের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৬৬৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৩ মার্চ।

শ্রীযুত মৌলবী মৌলা বক্স পাটনার সদর আমীন হইবেন।

১৮৫৭ সাল ১৬ মার্চ।

শ্রীযুত ডি কনলিফ সাহেব (Mr. D. Cunliffe,) বেহারের কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পুরনিয়ার জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এ এ সুইণ্টন সাহেব (Mr. A. A. Swinton,) শাহাবাদের কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ এস সীটন কার সাহেব (Mr. W. S. Seton-Karr,) মুঙ্গেরের কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত যশোহরের জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr. C. S. Belli,) বগুড়ার জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। কিন্তু অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত মুরশিদাবাদের কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এফ আর কাক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) হুগলীর মাজিস্ট্রেট হইবেন।

শ্রীযুত ডবলিউ জে লংমোর সাহেব (Mr. W. J. Longmore,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত ই সি ক্রাস্টর সাহেব (Mr. E. C. Craster,) ঢাকার মাজিস্ট্রেট হইবেন কিন্তু অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত মালদহের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এচ বি লাফর্ড সাহেব (Mr. H. B. Lawford,) পূর্ব্ব বর্দ্ধমানের মাজিস্ট্রেট হইবেন।

শ্রীযুত লার্ড এচ ইউ ব্রোণ সাহেব (Lord H. U. Browne,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ এন্সলি সাহেব (Mr. W. Ainslie,) ভাগলপুরের মাজিস্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত টি বি মাক্টিয়র সাহেব (Mr. T. B. Mactier,) বালেশ্বরের কালেক্টর ও মাজিস্ট্রেট ও নিমকের এজেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি এফ কার্নাক সাহেব (Mr. C. F. Carnac,) ঢাকার কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ১৭ মার্চ।

ডাকাইতী নিবারণের কমিসানর শ্রীযুত জে আর ওয়ার্ড সাহেব (Mr. J. R. Ward,) পাবনা ও ফরিদপুর জিলাতে মাজিস্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

নীচের লিখিত মহাশয়েরা বারাসতে ফেরিফণ্ড কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত জে পি হাম্টন সাহেব (Mr. J. P. Hampton,)

শ্রীযুত জে কোবর্ণ সাহেব (Mr. J. Cockburn,)

শ্রীযুত বাবু রায় মথুরনাথ মুন্সী।

শ্রীযুত ডবলিউ ডবলিউ সুইণ্ডন সাহেব (Mr. W. W. Swinden,)

শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বসু।

শ্রীযুত ডবলিউ এস সীটন কার সাহেব (Mr. W. S. Seton-Karr,) যশোহরের ফেরিফণ্ড কমিটির মেম্বর হইবেন।

১৮৫৭ সাল ১৮ মার্চ।

শ্রীযুত ডবলিউ জে লংমোর সাহেব (Mr. W. J. Longmore,) রঙ্গপুরের মাজিস্ট্রেটের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. E. Drummond,) দিনাজপুরের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারাতে মাজিস্ট্রেট সাহেবের আসিস্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারাতে আসিস্টাণ্ট কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে সেই২ ক্ষমতানুমতে কার্য্য করিবেন।

শ্রীযুত জে ডি গর্ডন সাহেব (Mr. J. D. Gordon,) জলপাইগোরী এলাকাখণ্ডের ভার পাইয়াছেন ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে মাজিস্ট্রেট সাহেবের আসিস্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারাতে আসিস্টাণ্ট কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে সেই২ ক্ষমতানুমতে রঙ্গপুর জিলাতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই গ্রে সাহেব (Mr. E. Grey,) গোবিন্দপুর এলাকাখণ্ডের ভার পাইয়াছেন। ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে মাজিস্ট্রেট সাহেবের আসিস্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারাতে আসিস্টাণ্ট কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে সেই২ ক্ষমতানুমতে মানভূম জিলাতে কর্ম্ম করিবেন।

শ্রীযুত গ্রে সাহেব (Mr. Grey,) গত মাসের ২৭ তারিখের হুকুমমতে কাঁটওয়া এলাকাখণ্ডে নিযুক্ত হইয়াছিলেন কিন্তু তাহা রহিত হইয়াছে।

শ্রীযুত এচ ডবলিউ আলেকজাণ্ডর সাহেব (Mr. H. W. Alexander.) বীরভূমের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন।

১৮৫৭ সাল ১৬ মার্চ।

বালেশ্বরের একটিং কালেক্টর ও মাজিস্ট্রেট ও নিমকের এজেণ্ট শ্রীযুত বি এচ শক সাহেব (Mr. V. H. Schalch,) আপন কর্ম্মের নিমিত্তে কেপে যাইবার জন্যে ছুটীর সংশোধিত বিধির ১৪ ধারানুসারে ছয় মাস ও সেই ধারার ২ প্রকরণমতে আগামি মে মাসের ১ তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৮ মার্চ।

এইঅবধি রঙ্গপুর জিলার সুকানী এলাকাখণ্ডের নাম জলপাইগোরী এলাকাখণ্ড হইবেক। ঐ এলাকাখণ্ডের কর্ম্মের ভার যে কার্য্যকারকের হাতে আছে তাঁহার সদর মোকাম সেই জলপাইগোরী।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২১ আপ্রিল।]

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা যশোহর।

সংবাদ দেওয়া যাইতেছে যে নিম্ন লিখিত মহালাত সন ১৮৪৫ সালের ১ আইনের বিধানক্রমে বাকী দাখিলের শেষ দিবস বর্ত্তমান সন ১৮৫৭ সালের ২৮ মার্চ মোতাবেক বাঙ্গলা সন ১২৬৩ সালের ১৬ চৈত্র অবধারিত হই য়াছিল তাহাতে বাকী দাখিল না হওয়াপ্রযুক্ত উক্ত আইনের ৬ ধারার বিধান অনুযায়ি ইংরেজী সন ১৮৫৭ সালের ৩০ আপ্রিল মোতাবেক বাঙ্গলা সন ১২৬৪ সালের ১৯ বৈশাখ রোজ বৃহস্পতিবার যশোরের কালেক্টরী কাছারী-তে শ্রীযুক্ত কালেক্টর সাহেবের হুজুরে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক সন ১৮৫৭ সাল তারিখ ৮ আপ্রিল।

তৌজির নম্বর ২ দ্বিতীয় শ্রেণী এস্তমুরারী জমা ধার্য্য না হওয়া মহাল!

২৯৩ চক পুটিমারী মোতালকে সুন্দরবন লক্ষ পরগনে মলুহ ইজারা সৃষ্টিধর রায় ও মদনচন্দ্র রায় ও অমৃতমণি দাস্যা রসদী জমা ৯৯৬৶০

১ প্রথম শ্রেণী এস্তমুরারী জমা ধার্য্য হওয়া মহাল!

৩৩৬৩ কিসমত মাছিয়াড়া পরগনে ডানা তালুক জগতরাম দত্ত ও বাণীকণ্ঠ দত্ত ৫ রস দাস্যা মাদরে ভিতুরাম দত্ত সদর জমা ৫৯।৶১১

৩৪৫৫ কিসমত কেশবপুর পরগনে জাজিরাবাদ তালুক রামমোহন ও হরচন্দ্র মজুমদার সদর জমা ৮৩।৶০

৩৭৪৪ কিসমত খেদাপাড়া পরগনে মাহামুদসাহি তালুক কৃষ্ণকান্ত চক্রবর্ত্তী ও ভগবানচন্দ্র চক্রবর্ত্তী সদর জমা ১০৩।০

৪২৫৫ কিসমত মহেশ্বর পাসা পরগনে মহেশ্বর পাসা তালুক গোপাল গোবিন্দ ও চৈতন্যহরি ও দ্বারকানাথ ও রাধাচরণ ও রামচন্দ্র ও নিত্যানন্দ মুন্সী ও কালাচাঁদ মুখোপাধ্যায় ও আনন্দ ও দয়াময়ী ও সূর্য্যমণি ও নবীনশ্যামা দেব্যা সদর জমা ১৩০৸৶-

দ্বিতীয় শ্রেণী এস্তমুরারী জমা ধার্য্য না হওয়া মহাল।

৪৩০১ চর আলমপুর পরগনে সাতৈর ইজারা মেঃ মারিস ফিট জেরাণ্ড সণ্ডেস সাহেব রিসিবর ও শ্রীগোপাল পালচৌধুরী আহ্লাদতন ও অছিয়তন ও অছি বিমলা দাস্যা ও শ্রীমন্ত কুণ্ডু জানেবে প্রসন্নগোপাল ও লালগোপাল ও উপেন্দ্রগোপাল ও ব্রজেন্দ্রগোপাল পালচৌধুরী নাবালগ সদর জমা ১৬৩।৶৯

চতুর্থ শ্রেণী এস্তমুরারী জমা ধার্য্য না হওয়া মহাল।

অন্য মহালের বাকী আদায় নিমিত্তে।

কিসমত হরিঢালী পরগনে মলুই জমা গোপীমোহন চক্রবর্ত্তী ও শিবচন্দ্র চক্রবর্ত্তী ১০৲

ধোবাবাড়ী ও রাস্তার দক্ষিণ সেখ পাড়ার রাস্তার পূর্ব্ব রাজবল্লভের পুষ্করিণীর উত্তর কাপালী বাড়ীর রাস্তার পশ্চিম এই চৌহদ্দির মধ্যে বসত বাটী কিসমত হরি ঢালী পরগনে মলুই গোপীমোহন চক্রবর্ত্তী ও শিবচন্দ্র চক্রবর্ত্তী ব্রহ্মোত্তর জমী সব্রস্থা আন্দাজ ২০/ বিঘা জমী

F. C. Fowle, *Collector.*

জিলা নদীয়া।

সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নীচের লিখিত মহাল ১৮৫৭ সালের ২৮ মার্চপর্য্যন্তের বাকী মালগুজারীর নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্যান্য দাওয়া বাকী মালগুজারীর ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৫৭ সালের ৩০ আপরেল তারিখে ঐ জেলার কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৭। ৭ আপরেল।

প্রথম শ্রেণী।

২৫৬৩ নং মৌং বহিরগাছি তরফ মুনশিদপুর মালিক কালিকাদাস মুখোপাধ্যায় সদর জমা ৫৭৷৶৩

তৃতীয় শ্রেণী।

১৫৮৩ নং মৌং শত্রুনগর চাং কৃষ্ণনগর মালিক মেঃ জি বি রিচার্ড সাহেব সদর জমা ৫৬।১১

২৭৬৬ নং মৌং রামনগর চাং শ্রীনগর মালিক ঘনশ্যাম মুখোপাধ্যায় সদর জমা ৩॥/৪

২৮৭৭ নং মৌং খামার সাহাপুরদিগর চাং কৃষ্ণনগরদিগর মালিক দৌলত ওস্তাগর ও তারিপ ওস্তাগর সদর জমা ১৬৩৸৶৪

২৯৫৮ নং মৌং দক্ষিণপাড়া চাং কৃষ্ণগর মালিক তারিপ সেখ সদর জমা রসদী

	১২৬০ সাল ১৪৶৩	১২৬৪ সাল ২০॥/৭
	১২৬১ সাল ১৫৸১০	১২৬৫ সাল ২২৶২
	১২৬২ সাল ১৭।৶৫	১২৬৬ সাল পূরাজমা ২৩৸১০
	১২৬৩ সাল ১৯৲	

২৯৬৯ নং মৌং মাফড়া চাং শ্রীনগর মালিক শত্রুঘ্ন রায় সদর জমা ২॥/৪॥

২৯৭১ নং মৌং মাফড়া চাং শ্রীনগর মালিক রাজা জয়হরিচন্দ্র রায় সদর জমা ১০।/৩

H. C. Halkett, *Collector.*

[*Government Gazette, 21st April, 1857.*]

জিলা চব্বিশপরগনা।

সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবৎ ইংরাজি ১৮৫৭ সালের ২৯ আপ্রিল মোতাবেক বাঙ্গলা সন ১২৬৪ সাল ১৮ বৈশাখ রোজ বুধবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৫৭ সাল তারিখ ৮ আপ্রিল মোতাবেক সন ১২৬৩ সাল তারিখ ২৭ চৈত্র।

প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

চতুর্থ শ্রেণী অন্য মহালের বাকী মালগুজারির বাবৎ যেং মহাল নীলাম হইবেক।

১০২ নং হজুরি মহাল কিং পং মাগুরা কিং কাকুড়্যাওং লিখিত মালিক সৌদামিনী দাসী সদর জমা ৩৭২ ।৶১

২৮১ নং ঐ কিং পং মেদনমল্ল কিং কন্দর্পপুরওং লিখিত মালিক ঐ সদর জমা ৫৯৭৸৶১১

দ্বিতীয় শ্রেণী গএর বন্দবস্তীহওয়া মহাল।

১১৫৭। ৩৬ নং ঐ বিলবল্লির লক্ক মৌজে বৈজুড়ি লিখিত মালিক রায় মথুরানাথ চৌং ওং সদর জমা ৩৬৪॥৶৫

১৩৬৭ নং ঐ বিল দাঁতভাঙ্গা লিখিত মালিক ঐ সদর জমা ১১০০৶০

F. S. Lushington, *Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার

বিজ্ঞাপন।

সহর শ্রীরামপুরনিবাসি শ্রীযুক্ত বাবু হরিশ্চন্দ্র দে চতুর্দ্ধুরীণ মহোদয়ের সন্তান শ্রীযুক্ত শ্রীনারায়ণ চট্টরাজগুণনিধি কর্ত্তৃক "বিজ্ঞান মিহিরোদয়" নামক এক মাসিক পত্র সন ১২৬৪ সালের ২ বৈশাখঅবধি প্রকাশ আরম্ভ হইয়াছে উক্ত পত্রে সংস্কৃত ও ইংরাজী প্রসিদ্ধ পুস্তকহইতে অনুবাদিত হইয়া অধ্যাত্ম বিদ্যা, পদার্থবিদ্যা, নীতিবিদ্যা ভূগোল, খগোল, ভূতত্ত্ব, মনস্তত্ত্ব, জ্যোতিষ, চিকিৎসা বিদ্যাপ্রভৃতি ও সাময়িক সমাচার, পুরাবৃত্ত, কাব্য, নাটকপ্রভৃতি এবং শ্রীযুক্ত মলেন্স সাহেবাদি ... ১ এক টাকা, মাসিক ৶০ আনামাত্র। যাঁহারা উক্ত পত্র গ্রহণেচ্ছা করিবেন তাঁহারা শ্রীরামপুরে উক্ত বাবুর নিকট পত্র লিখিলেই প্রাপ্ত হইবেন।

শ্রীকালীপদ চট্টোপাধ্যায়

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের সরাসরী নিষ্পত্তিসমূহ বর্ণমালানুযায়ী লিখিত ইং ১৮৩৪ সাং ১৮৫৫ সাল।

এ গ্রন্থ ফিরিস্তিসমেত ৪২০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে উক্ত আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে তত্ত্ব করিলে পাওয়া যাইবেক মূল্য ৫ টাকা মাত্র।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের ১৮৫৪ সালের নিষ্পত্তিসমূহের খোলাসা।

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাষায় না থাকাতে মে ভাবতের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র হালদারকর্ত্তৃক অনুবাদিত হইয়া ১ টাকা মূল্যে বিক্রয় হইতেছে সদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসর্স ব্রাউন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুক্ত বাবু পীতাম্বর পাইনের নিকট উক্ত অনুবাদকর্ত্তার নামোল্লেখে মূল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

আইন ও ব্যবস্থাসংগ্রহ অর্থাৎ আইন, শাস্ত্র, শরা ও নজিরাদির সারসংগ্রহ। ইহার প্রথম খণ্ড রেইলওয়ে লকোমোটিব সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আফিসে শ্রীনবীনচন্দ্র রায়ের নিকট ডাক মাসুল ৶০ আনা সহিত মূল্য ৪ টাকা প্রেরণ করিলে পাওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২১ আপ্রিল।]

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

অতিরিক্ত
গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, APRIL 24, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ২৪ আপ্রিল

DRAFT OF ACT.

A Bill for simplifying the Procedure of the Courts of Civil Judicature of the East India Company in Bengal.

CHAPTER IV.

OF A SUIT TILL FINAL DECREE.

[Continued from page 304.]

[A Commissioner may be appointed to investigate and adjust accounts.]

136. In any suit or other judicial proceeding in which an investigation or adjustment of accounts may be necessary, it shall be lawful for the Judge to appoint any person whom he may think proper to be a Commissioner, for the purpose of making such investigation or adjustment, and to direct that the parties or their attorneys or vakeels shall attend upon the Commissioner during such investigation or adjustment. In all such cases the Judge shall furnish the Commissioner with such part of the proceedings and such detailed instructions as may appear necessary for his information and guidance; and the instructions shall distinctly specify whether the Commissioner is merely to transmit the proceedings which he may hold on the inquiry, or also to report his own opinion on the point referred for his investigation. The proceedings of the Commissioner are to be received in evidence in the case, unless the Judge may have reason to be dissatisfied with them; in which case he will make such further inquiry as may be requisite, and will pass such ultimate judgment or order as may appear to him to be right and proper in the circumstances of the case.

Of Judgment and Decree.

[When judgment is to be pronounced.]

137. When the exhibits have been perused

আইনের মুসাবিদা।

বাঙ্গলা দেশে দেওয়ানী মোকদ্দমার বিচারার্থে কোম্পানি বাহাদুরের আদালতের কার্য্য আরো সুগম করিবার আইনের মুসাবিদা।

চতুর্থ অধ্যায়।

চূড়ান্ত ডিক্রী না হওয়াপর্য্যন্ত মোকদ্দমার কথা।

[৩০৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[আমীন হিসাব মোকাবিলা ও নিষ্পত্তি করিবার জন্যে নিযুক্ত হইতে পারিবেন।]

১৩৬। কোন মোকদ্দমায় কি আদালতসম্পর্কীয় কোন কার্য্যেতে যদি হিসাবের মোকাবিলা কি নিষ্পত্তি করা আবশ্যক হয়, তবে সেই মোকাবিলা কি নিষ্পত্তি করিবার জন্যে বিচারকর্ত্তা যাঁহাকে উপযুক্ত বোধ করেন এমত কোন ব্যক্তিকে আমীনস্বরূপে নিযুক্ত করিতে পারিবেন, আর সেই মোকাবিলা কি নিষ্পত্তি করিবার সময়ে উভয় পক্ষকে কি তাহারদের টর্ণিদিগকে কি উকীলদিগকে আমীনের নিকটে হাজির থাকিতে আজ্ঞা করিতে পারিবেন। এমত সকল স্থলে ঐ আমীনের জানিবার ও উপদেশের জন্যে মোকদ্দমার কাগজপত্রের যে অংশ ও বিস্তারিত যে উপদেশ আবশ্যক বোধ হয় তাহা বিচারকর্ত্তা ঐ আমীনকে দিবেন। আর ঐ আমীন তদারকের কালে যে রুবকারী করেন কেবল তাহা তাঁহার পাঠাইতে হইবেক, কিম্বা তাঁহার তদারক করিবার জন্যে যে বিষয় অর্পণ করা যায় সেই বিষয়ে তাঁহার নিজমতও জানাইতে হইবেক এই কথা ঐ উপদেশের মধ্যে স্পষ্টরূপে লেখা থাকিবেক। আমীনের রুবকারী মোকদ্দমাতে সাক্ষ্যস্বরূপে গ্রাহ্য হইবেক। কিন্তু যদি তাহাতে বিচারকর্ত্তার অসন্তুষ্ট হইবার কারণ থাকে তবে তিনি আবশ্যকমতে অধিক তদারক করিবেন ও ভাবগতিক বুঝিয়া তাঁহার যেরূপ ন্যায্য ও উচিত বোধ হয় সেইরূপ শেষ নিষ্পত্তি কি হুকুম করিবেন।

নিষ্পত্তি ও ডিক্রী।

[নিষ্পত্তি যে দিনে জানাইতে হইবেক।]

১৩৭। যখন দলীলদস্তাবেজ পাঠ ও বিবেচনা করা

and considered, and the witnesses examined, and the parties have been heard in person, or by their respective vakeels, the Court shall pronounce its judgment, either immediately or on some future day, of which due notice shall be given to the parties or their vakeels.

গিয়াছে ও সাক্ষিরদের জোবানবন্দী লওয়া গিয়াছে ও উভয় পক্ষের নিজের কি তাহারদের উকীলেরদের দ্বারা কথা শুনা গিয়াছে তখন আদালত অবিলম্বেই, কিম্বা তাহার পর কোন দিনের উপযুক্ত সংবাদ উভয় পক্ষকে কি তাহারদের উকীলকে দিয়া সেই দিনে, আপনার নিষ্পত্তি জানাইবেন।

[Rights of all the heirs to be declared in cases of succession.]

188. In any suit concerning the succession or right of inheritance to any zemindary, talook, land, house, or other real property, where more persons than one would, by the Hindoo or Mahomedan law, be entitled to a portion of the estate, the decree shall adjudge the property, as far as may be practicable, among all the heirs, in the proportions to which they may be respectively entitled.

[উত্তরাধিকারিত্বের মোকদ্দমায় উত্তরাধিকারি সকল ব্যক্তির স্বত্ব প্রকাশ হইবেক।]

১৩৮। কোন জমীদারী কি তালুক কি ভূমি কি ঘর কি অন্য স্থাবর সম্পত্তিতে উত্তরাধিকারিত্ব কি অধিকারিত্ব স্বত্বের যে কোন মোকদ্দমাতে হিন্দু কি মুসলমানের ব্যবস্থামতে একের অধিক জনের সম্পত্তির অংশে স্বত্ব থাকিতে পারে সেই মোকদ্দমাতে যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত সকল উত্তরাধিকারির যে২ অংশে স্বত্ব থাকিতে পারে তদনুসারে ঐ সম্পত্তির ডিক্রী হইবেক।

[The Judge to state his decision on each issue.]

189. In all suits in which issues have been framed, the Judge shall state his finding or decision on each separate issue.

[বিচারকর্ত্তা এক২ ইস্যুর উপর আপন নিষ্পত্তি জানাইবেন।]

১৩৯। যে সকল মোকদ্দমায় ইস্যু নির্ণয় হইয়াছে সেই সকল মোকদ্দমায় বিচারকর্ত্তা এক২ ইস্যুর উপর আপনার বিচার কি নিষ্পত্তি ব্যক্ত করিবেন।

[And to direct by whom costs are to be paid.]

140. The judgment shall in all cases direct by whom the costs of each party are to be paid, whether by himself or by another party, and whether in whole or in what part or proportion; and the Judge shall have full power to award and apportion costs, in any manner he may deem proper except in so far as is herein otherwise provided.

[ও খরচা যাহারদের দিতে হইবেক তাহা আজ্ঞা করিবেন।]

১৪০। এক২ পক্ষের খরচা যাহারদের দিতে হইবেক অর্থাৎ আপনার কি অন্য পক্ষের সমুদয় কি যাহার যে২ অংশ কি যে২ হিসাবমতে দিতে হইবেক তাহার আজ্ঞা ডিক্রীর মধ্যে সর্ব্বদা থাকিবেক। আর বিচারকর্ত্তা যেরূপে উচিত বোধ করেন সেইরূপে খরচার হুকুম করিতে ও খরচার ভাগ২ করিবার হুকুম করিতে তাঁহার সম্পূর্ণ ক্ষমতা থাকিবেক, কিন্তু এই আইনের মধ্যে যেপর্য্যন্ত অন্যরূপ বিধি না হইয়াছে সেইপর্য্যন্ত করিতে পারিবেন।

[What is included in costs.]

141. Under the denomination of costs are included the whole of the expenses necessarily incurred by either party on account of the suit, and in enforcing the decree that may have been passed therein, such as the expense of stamp, summoning the defendants, fees of vakeels, or copies of documents required to be made, and subsistence-money to peons or other persons employed in serving processes, charges of witnesses, and sums awarded to Commissioners either in taking evidence or in local investigations.

[খরচার মধ্যে যাহা ধরা যায়।]

১৪১। খরচা এই শব্দের মধ্যে মোকদ্দমার জন্যে, ও তাহাতে যে ডিক্রী হইয়া থাকে তাহা জারী করিবার জন্যে কোন পক্ষের যে সকল খরচ আবশ্যকমতে লাগিয়াছে তাহা সমুদয় অর্থাৎ ইষ্টাম্পের খরচ, ও ফরিয়াদীরদিগকে সমন করিবার খরচ,ও উকীলেরদের রসুম,কি যে দলীলের নকল করিবার প্রয়োজন হয় তাহার খরচ, ও পেয়াদারদের কি অন্য যে ব্যক্তিরা পরওয়ানা জারী করিতে নিযুক্ত হইল তাহারদের খোরাকী, ও সাক্ষিরদের খরচ, ও সাক্ষ্য লইবার জন্যে কি সরেজমীনে তদারক করিবার জন্যে আমীনদিগকে যে সকল টাকা দিবার হুকুম হয় তাহা ধরা যাইবেক।

[How the judgment is to be delivered.]

142. The judgment shall be pronounced in open Court, and in all Courts it shall be imperative on the Judge to state the reasons for his judgment at the time of pronouncing the same. The judgment shall in all cases be written out and signed by the Judge. The judgment shall be written out in the vernacular language of the Judge, except when the Judge, being a native of the country, and sufficiently conversant with the English language to be able to write a clear and intelligible decision in that language, may prefer to write his judgment in English, and in that case the judgment may be written out in the English language. Whenever the judgment is written out

[নিষ্পত্তি যে প্রকারে প্রকাশ হইবেক।]

১৪২। নিষ্পত্তি খোলা কাছারীতে প্রকাশ হইবেক ও সকল আদালতে বিচারকর্ত্তারদিগকে দৃঢ় আজ্ঞা হইতেছে যে তাঁহারা যে সময়ে নিষ্পত্তি প্রকাশ করেন সেই সময়ে তাঁহারদের সেই নিষ্পত্তির কারণও ব্যক্ত করেন। ঐ নিষ্পত্তি সর্ব্বদাই লিখিয়া দেওয়া যাইবেক ও তাহাতে বিচারকর্ত্তা দস্তখৎ করিবেন। ঐ নিষ্পত্তি ঐ বিচারকর্ত্তার দেশীয় ভাষাতে লিখিতে হইবেক কিন্তু যদি বিচারকর্ত্তা এতদ্দেশীয় লোক হইয়া ইঙ্গরেজী ভাষাতে প্রচুরমতে পটু হইয়া ঐ ভাষাতে স্পষ্ট ও বোধগম্যরূপে আপনার নিষ্পত্তি লিখিতে সক্ষম হইয়া ঐ ভাষাতে আপনার নিষ্পত্তি লিখিতে চাহেন তবে তাঁহার নিষ্পত্তি ইঙ্গরেজী ভাষাতে লেখা যাইতে পারিবেক। আদালতের মোকদ্দমার কার্য্যেতে যে ভাষা রীতিমতে চলে তাহিন্ন যদি অন্য ভাষাতে নিষ্পত্তি লেখা যায় তবে আদালতে যে ভাষা সেই প্রকারে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৪ আশ্বিন।]

in any other language than that which is in ordinary use in the proceedings before the Court, the judgment shall be translated into such language so being in ordinary use in the Court, and the translation shall also be signed by the Judge.

রীতিমতে চলে সেই ভাষাতে ঐ নিষ্পত্তির তরজমা হইবেক। সেই তরজমাতেও বিচারকর্ত্তা স্বাক্ষর করিবেন।

[What the decree is to contain.]

143. The decree shall bear date the day on which the judgment was passed, and shall contain the number of the suit, the names and descriptions of the parties, and particulars of the claim, as stated in the Register of the suit, the title of every exhibit produced in the cause, and the names of any witnesses who may have been examined, and a distinct statement of the issues when any may have been framed. It shall also contain an exact copy of the ordering part of the judgment, or a translation thereof, in the language in ordinary use in proceedings before the Court, and shall be sealed with the seal of the Court and signed by the Judge.

[ডিক্রীতে যাহা লেখা থাকিবেক।]

১৪৩। যে তারিখে নিষ্পত্তি হইয়াছিল ডিক্রীতে সেই তারিখ দেওয়া যাইবেক, ও তাহাতে মোকদ্দমার নম্বর ও মোকদ্দমার রেজিষ্টরের লিখনমতে উভয় পক্ষের নাম ও ব্যবসায়াদি ও দাওয়ার বিশেষ কথা, ও মোকদ্দমাতে যেং দলীলদস্তাবেজ উপস্থিত করা যায় তাহার নাম, ও যে কোন সাক্ষিরদের জোবানবন্দী লওয়া যায় তাহারদের নাম ও যদি কোন ইসু নির্ণয় হইয়া থাকে তবে তাহা স্পষ্ট-রূপে ব্যক্ত হইবেক। ও নিষ্পত্তির যে অংশে হুকুম লেখা যায় তাহার যথার্থ নকল কিম্বা আদালতে মোকদ্দমার কার্য্যেতে যে ভাষা রীতিমতে চলে সেই ভাষাতে ঐ হুকুমের তরজমাও ঐ ডিক্রীতে লেখা থাকিবেক, ও তাহাতে আদালতের মোহর করা যাইবেক ও বিচারকর্ত্তার দস্তখৎ থাকিবেক।

[Copies of the decree to be furnished.]

144. Copies of the decree shall be furnished to the parties or their vakeels, on application to the clerk or other proper officer of the Court.

[ডিক্রীর নকল দিতে হইবেক।]

১৪৪। আদালতের ক্লার্কের কি উপযুক্ত অন্য কার্য্য-কারকের নিকটে দরখাস্ত হইলে ঐ ডিক্রীর নকল উভয় পক্ষকে কি তাহারদের উকীলকে দেওয়া যাইবেক।

[When a native officer or soldier is a party to the suit, a copy of the decree is to be sent to his commanding officer.]

145. When a native officer or soldier in the service of the Government is a party to a suit, and is not present at the time of its decision, an authenticated copy of the decree shall be transmitted by the Court to the commanding officer of the corps or detachment to which such native officer or soldier shall belong, for the purpose of its being communicated to him.

[যদি এদেশীয় হুদ্দাদার কি সিপাহী মোকদ্দমার এক পক্ষ হয় তবে ঐ ডিক্রীর এক কেতা নকল তাহার অধ্যক্ষ সেনাপতি সাহেবের নিকটে পাঠাইতে হইবেক।]

১৪৫। যদি গবর্ণমেণ্টের কর্ম্মে নিযুক্ত এদেশীয় হুদ্দাদার কি সিপাহী মোকদ্দমার এক পক্ষ হয়, ও মোকদ্দমার নিষ্পত্তি হইবার কালে উপস্থিত না থাকে, তবে তাহাকে ঐ ডিক্রীর কথা জানাইবার জন্যে ঐ এদেশীয় হুদ্দাদার কি সিপাহী যে পল্টনের কি পল্টনের যে অংশের লোক হয় তাহার অধ্যক্ষ সেনাপতি সাহেবের নিকটে আদালত ঐ ডিক্রীর দস্তখৎকরা এক কেতা নকল পাঠাইবেন।

CHAPTER V.

EXECUTION OR ENFORCEMENT OF DECREES.

৫ অধ্যায়।

ডিক্রী জারী কি বলবৎ করিবার কথা।

[How decrees are to be enforced.]

1. If the decree be for land or other immoveable property, the same shall be delivered over to the party to whom the same may have been adjudged; if the decree be for any specific moveable, or for the specific performance of any contract, or for the performance of any other particular act, it shall be enforced by imprisonment of the party adjudged to perform the same, or by attaching his or their property, and keeping the same under sequestration until further order of the Court, or by both imprisonment and sequestration if necessary; if the decree be for money, it shall be enforced by the imprisonment of the party against whom the same may have been adjudged, or the attachment and sale of his property, or by both if necessary; and if such party be other than a defendant, the decree may be enforced against him in the same manner as a decree may be enforced under the provisions of this Chapter against a defendant.

[ডিক্রী যে প্রকারে বলবৎ করা যাইবেক।]

১। যদি ভূমি কি অন্য স্থাবর সম্পত্তির ডিক্রী হয় তবে ডিক্রীমতে যে পক্ষ ঐ সম্পত্তি পাইতে পারিবেক তাহাকে তাহা দেওয়া যাইবেক। যদি সেই ডিক্রী কোন বিশেষ অস্থাবর সম্পত্তির জন্যে হয় কিম্বা কোন চুক্তির বিশেষ কার্য্যের নিমিত্তে হয় কিম্বা অন্য কোন বিশেষ কার্য্য করিবার নিমিত্তে হয়, তবে ডিক্রীমতে যে পক্ষের সেই কার্য্য করিতে হইবেক সেই পক্ষকে কয়েদ করিয়া, কিম্বা তাহার কি তাহারদের সম্পত্তি ক্রোক করিয়া, ও আদালতের অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত ক্রোক করিয়া রাখিয়া, কিম্বা আবশ্যক হইলে ঐ পক্ষকে কয়েদ করিয়া ও তাহার সম্পত্তি ক্রোক করিয়া সেই ডিক্রী বলবৎ করা যাইবেক। যদি ডিক্রী টাকার নিমিত্তে হয়, তবে ডিক্রীমতে যে পক্ষের ঐ টাকা দিতে হইবেক তাহাকে কয়েদ করিয়া কিম্বা তাহার সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া কিম্বা আবশ্যক হইলে ঐ উভয় কার্য্য করিয়া ঐ ডিক্রী বলবৎ করা যাইবেক। আর যদি সেই পক্ষ আসামী ভিন্ন অন্য লোক হয় তবে এই অধ্যায়ের বিধিমতে আসামীর উপর যেরূপে ডিক্রী প্রবল করা যাইতে পারে সেইরূপে তাহারও উপর প্রবল করা যাইতে পারিবেক।

Application for Execution.

[Application for execution how to be made.]

2. The application for execution of a decree shall be made to the clerk or other proper officer of the Court by the applicant in person, or through his vakeel in the cause, or some other vakeel duly appointed to act for him in that behalf, in manner hereinbefore mentioned.

[If the person by or against whom the decree has been obtained shall die or become bankrupt or insolvent, application for execution may be made by or against his legal representative.]

3. If any person in whose favor a decree has been passed shall die or become bankrupt or insolvent after such decree, and before execution shall be fully had thereon, application for execution of the decree may be made by or on behalf of the legal representative or representatives, or the assignee or assignees, of the person so dying or becoming bankrupt or insolvent as aforesaid, and if the Court shall think proper to grant such application, the decree may be executed accordingly. And, in like manner, if any person against whom a decree has been passed shall die after such decree, and before execution has been fully had thereon, application for execution thereof may be made against the legal representative or representatives, or the estate of the person so dying as aforesaid, and if the Court shall think proper to grant such application, the decree may be executed accordingly.

[Particulars to be given with the application.]

4. The application for execution of a decree shall be accompanied with the following particulars distinctly written in the language in ordinary use in proceedings before the Court, namely, the number of the suit, the names of the parties, the date of the decree, whether any appeal has been preferred from the decree, and whether any and what adjustment of the matter in dispute has been made between the parties subsequently to the decree; the amount of the debt or damages due upon it, if the suit were for money; the amount of costs, if any were awarded; the name of the person or persons against whom the enforcement of the decree is sought; and the mode in which the assistance of the Court is required, whether by the delivery of property specifically decreed, the arrest and imprisonment of the person or persons named, or attachment of his or their property.

[Further particulars when the application is for an attachment of immoveable property.]

5. When the application is for an attachment of the defendant's land or other immoveable property, it shall also be accompanied with an inventory or list of such property, containing such a description of each item thereof as may be sufficient to identify it, together with a specification of

ডিক্রী জারীর দরখাস্ত।

[ডিক্রী জারী হইবার নিমিত্তে দরখাস্ত যেরূপে করিতে হইবেক।]

২। ডিক্রী জারী হইবার নিমিত্তে দরখাস্ত নিজ দরখাস্তকারির দ্বারা কিম্বা মোকদ্দমাতে তাহার উকীলের দ্বারা কিম্বা ইহার পূর্ব্বের লিখিতমতে সেই কার্য্যের নিমিত্তে তাহার তরফে কর্ম্ম করিতে উচিতমতে নিযুক্ত অন্য কোন উকীলের দ্বারা আদালতের ক্লার্কের নিকট কি উপযুক্ত অন্য কর্ম্মকারকের নিকটে করা যাইবেক।

[যাহার পক্ষে কি যাহার বিপক্ষে ডিক্রী পাওয়া গিয়াছে সে যদি মরে কি যোত্রহীন কি দেউলিয়া হয় তবে ডিক্রীজারীর দরখাস্ত তাহার আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তির দ্বারা কি বিপক্ষে করা যাইতে পারিবেক।]

৩। যাহার পক্ষে ডিক্রী হইয়াছে সে যদি ঐ ডিক্রী হইবার পরে ও সম্পূর্ণমতে জারী হইবার পূর্ব্বে মরে কি দেউলিয়া কি যোত্রহীন হয়, তবে আইনমতে যে ব্যক্তি কি যে ব্যক্তিরা সেই মৃত কি দেউলিয়া কি যোত্রহীন লোকের স্থলাভিষিক্ত কি আসৈনি হয় তাহার কি তাহারদের দ্বারা কি তাহার কি তাহারদের পক্ষে ঐ ডিক্রী জারী হইবার দরখাস্ত করা যাইতে পারিবেক। আর যদি আদালত সেই দরখাস্ত গ্রাহ্য করা উচিত বোধ করেন তবে তদনুসারে ডিক্রী জারী হইতে পারিবেক। সেই প্রকারেও যাহার বিপক্ষে ডিক্রী হইয়াছে সে ঐ ডিক্রী হইবার পরে ও ডিক্রী সম্পূর্ণমতে জারী হইবার পূর্ব্বে মরিলে, সেই মৃত ব্যক্তির আইনমতের স্থলাভিষিক্ত ব্যক্তির কি ব্যক্তিরদের বিরুদ্ধে কি তদ্রূপ মৃত ব্যক্তির ইষ্টেটের বিরুদ্ধে জারী হইবার দরখাস্ত হইতে পারিবেক, আর যদি আদালত সেই দরখাস্ত গ্রাহ্য করা উচিত বোধ করেন তবে তদনুসারে ঐ ডিক্রী জারী হইতে পারিবেক।

[দরখাস্তের সঙ্গে যে২ বিশেষ কথা দিতে হইবেক।]

৪। ডিক্রী জারী হইবার দরখাস্তের সঙ্গে এই২ বিশেষ কথা, আদালতে মোকদ্দমার কার্য্যেতে যে ভাষা রীতিমতে চলে সেই ভাষাতে স্পষ্ট করিয়া লিখিয়া দেওয়া যাইবেক, অর্থাৎ মোকদ্দমার নম্বর, ও উভয় পক্ষের নাম, ও ডিক্রীর তারিখ, ও ডিক্রীর উপর কোন আপীল হইয়াছে কি না, ও ডিক্রী হইবার পরে উভয় পক্ষের মধ্যে বিবাদের বিষয়ের কিছু রফা হইয়াছে কি না, ও কি প্রকারের রফা হইয়াছে, ও মোকদ্দমা যদি টাকার নিমিত্তে হয় তবে ডিক্রীমতে যত টাকা ও যত খেসারৎ পাওনা হয়, ও যদি খরচার হুকুম হইয়া থাকে তবে যত খরচা, ও যে ব্যক্তির কি ব্যক্তিরদের উপর ডিক্রী বলবৎ করিবার দরখাস্ত হয় তাহার কি তাহারদের নাম, ও আদালত হইতে যেরূপ উপকারের প্রার্থনা হয়, অর্থাৎ যে সম্পত্তির বিশেষমতে ডিক্রী হইয়াছে তাহা দেওয়াইবার জন্যে, কিম্বা যে ব্যক্তির কি ব্যক্তিরদের নাম করা গিয়াছে তাহারদের গ্রেপ্তার ও কয়েদ করিবার জন্যে, কিম্বা তাহার কি তাহারদের সম্পত্তি ক্রোক করিবার জন্যে প্রার্থনা হয় এই সকল কথা লিখিতে হইবেক।

[যদি স্থাবর সম্পত্তি ক্রোক করিবার দরখাস্ত হয় তবে অধিক যে কথা লিখিতে হইবেক।

৫। যদি আসামীর ভূমি কি অন্য স্থাবর সম্পত্তি ক্রোক করিবার নিমিত্তে দরখাস্ত হয়, তবে ঐ দরখাস্তের সঙ্গে ঐ সম্পত্তির এক তালিকা কি ফর্দ থাকিবেক, তাহাতে ঐ সম্পত্তি নিশ্চয়রূপে জানা যাইতে পারে এই নিমিত্তে ঐ সম্পত্তির একং দফার বেওরা লেখা থাকিবেক, ও দরখাস্তকারির বিশ্বাসমতে ও সে যেপর্য্যন্ত নিশ্চয়রূপে জা-

the defendant's share or interest therein, to the best of the applicant's belief, and so far as he has been able to ascertain the same. And where the property is an estate paying revenue to Government, or any portion of such estate, the application for an attachment shall be accompanied with an authenticated extract from the Register of the Collector's office, specifying the jummah of such estate, and the names and shares of the registered proprietors.

দিতে পারিবাহে সেইপর্য্যন্ত ঐ সম্পত্তিতে আসামীর যে অংশ কি সম্পর্ক থাকে তাহা নির্দিষ্ট করিতে হইবেক। আর যদি সেই সম্পত্তি সরকার মালগুজারীর জমীদারী কি সেইরূপ জমীদারীর কোন অংশ হয়, তবে ক্রোক করিবার দরখাস্তের সঙ্গে কালেক্টর সাহেবের দপ্তরখানার রেজিষ্টরহইতে গৃহীত তাঁহার সত্যবক্তা কথা দিতে হইবেক, তাহাতে ঐজমীদারীর জমা ও রেজিষ্টরীকরা মালিকেরদের নাম ও অংশসকল নির্দিষ্ট থাকিবেক।

[The application for an attachment of moveable property may be special or general.]

6. Where the application is for an attachment of the defendant's moveable estate, or any part thereof, or of debts or money belonging to him, it may also be accompanied with an inventory or list of the property to be attached, containing a reasonably accurate description of each item thereof; or the plaintiff may apply for a general attachment of the defendant's moveable estate, debts, and money, wheresoever the same can be found, to the amount of the judgment and costs.

[অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার দরখাস্ত বিশেষমতের কি সাধারণমতের হইতে পারিবেক।]

৬। যদি আসামীর অস্থাবর সম্পত্তি কি তাহার কোন অংশ কি আসামীর পাওনা কিম্বা মৌজুদ টাকা ক্রোক করিবার নিমিত্তে দরখাস্ত হয় তবে যে সম্পত্তি ক্রোক করিতে হইবেক তাহার এক তালিকা কি ফর্দ ঐ দরখাস্তের সঙ্গে দিতে হইবেক। ঐ ফর্দেতে ঐ সম্পত্তির প্রত্যেক দফার উপযুক্ত মতে যথার্থ বর্ণনা থাকিবেক। অথবা ফরিয়াদী এইরূপ দরখাস্ত করিতে পারিবেক যে ডিক্রীর টাকা ও খরচা যেপর্য্যন্ত শোধ হইতে পারে সেইপর্য্যন্ত আসামীর অস্থাবর সম্পত্তি ও পাওনা ও মৌজুদ টাকা যে কোন স্থানে পাওয়া যাউক তাহা সাধারণমতে ক্রোক হয়।

[Duty of the officer on receiving the application.]

7. The clerk or other proper officer of the Court, on receiving any application for execution of a decree, accompanied with the particulars above mentioned, or such of them as may be applicable to the case, shall compare the same with the original decree contained in the record of the cause; and if they shall be found to correspond therewith, shall enter a note of the application, and the date on which it was made in the Register of the suit. If the particulars shall not be found to correspond with the original decree, the clerk or other proper officer shall either return them for correction to the person making the application, or shall, with the consent of such person, make the necessary correction himself.

[দরখাস্ত পাইলে কর্ম্মকারকের যাহা করিতে হয়।]

৭। আদালতের ক্লার্ক কি উপযুক্ত অন্য কর্ম্মকারক পূর্ব্বোক্ত বিশেষ কথাসম্বলিত, কিম্বা মোকদ্দমাতে তাহার যত কথা খাটিতে পারে সেই কথাসম্বলিত ডিক্রীজারী করিবার কোন দরখাস্ত পাইলে, ঐ দরখাস্তের কথা মোকদ্দমার নথীর শামিলকরা আসল ডিক্রীর কথার সঙ্গে মিলাইয়া দেখিবেন। ও যদি মিলে তবে ঐ দরখাস্ত হইবার কথা ও যে তারিখে হইয়াছিল তাহা মোকদ্দমার রেজিষ্টরে লিখিবেন। যদি সেই সকল বিশেষ কথা আসল ডিক্রীর সঙ্গে না মিলে, তবে ক্লার্ক কি উপযুক্ত অন্য কর্ম্মকারক তাহা সংশোধন করিবার জন্যে দরখাস্তকারিকে ফিরাইয়া দিবেন, কিম্বা তাহার অনুমতি লইয়া আপনি আবশ্যকমতে সংশোধন করিবেন।

Measures required in certain Cases preliminary to the Issue of the Warrant.

[In certain special cases, the defendant may be called on to show cause.]

8. If an interval of more than one year shall have elapsed between the date of the decree and the application for its execution, or if the enforcement of the decree be solicited by or against individuals being heirs or representatives of the original parties in the suit, or against one only of several individuals equally affected by the decree, or if it shall appear that the matter in dispute has been adjusted by the parties subsequently to the decree, either by the voluntary surrender of the thing or property adjudged, or by the payment of the sum decreed, either in whole or in part, or by giving security for the same, or entering into an instalment bond or otherwise, or where the decree is for the delivery of a specific moveable, or for the specific performance of a contract or any other particular act, and the application is for the en-

পরওয়ানা বাহির করিবার পূর্ব্বে যে কর্ম্ম কোন২ স্থলে করিতে হয়।

[বিশেষ কোন২ স্থলে আসামীকে কারণ দর্শাইবার আজ্ঞা হইতে পারিবেক।]

৮। ডিক্রী হইবার তারিখঅবধি ডিক্রীজারীর দরখাস্ত হওনপর্য্যন্ত যদি এক বৎসরের অধিক কাল গত হয়, অথবা যাহারা মোকদ্দমাতে প্রথমে উভয় পক্ষ ছিল তাহারদের উত্তরাধিকারি কি স্থলাভিষিক্ত ব্যক্তিরদের দ্বারা কি বিপক্ষে, কিম্বা সেই ডিক্রীর দ্বারা অনেক জনের সমান সম্পর্ক থাকিলে তাহারদের কোন এক জনের বিপক্ষে যদি সেই ডিক্রী প্রবল করিবার দরখাস্ত হয়, অথবা যদি দৃষ্ট হয় যে ডিক্রী হইলে পর ডিক্রীকরা দ্রব্য কি সম্পত্তি স্বেচ্ছামতে অর্পণ হওয়াতে কিম্বা ডিক্রীর টাকা সমুদয় কি কিছু দেওয়া যাওয়াতে কি তাহার জামিনী লওয়া যাওয়াতে কিস্তিবন্দী কি অন্য প্রকারের বন্দোবস্ত হওয়াতে উভয় পক্ষের মধ্যে বিবাদের বিষয়ের নিষ্পত্তি হইয়াছে, অথবা যদি ডিক্রী বিশেষ অস্থাবর সম্পত্তি দিবার জন্যে কিম্বা চুক্তি কি বিশেষ অন্য কোন কর্ম্ম বিশেষমতে নির্ব্বাহ করিবার জন্যে হয়, ও ডিক্রীমতে যাহার সেই বস্তু দিতে কি সেই কর্ম্ম করিতে আজ্ঞা হয় সেই পক্ষকে কয়েদ করণের দ্বারা ঐ ডিক্রী বলবৎ করিবার প্রার্থনা হয়, তবে ঐ আদা-

* [*Government Gazette, 24th April,* 1857.]

forcement thereof by imprisonment of the party adjudged to deliver or perform the same, the clerk or other proper officer of the Court shall, instead of proceeding to the immediate enforcement of the decree, submit the application for execution thereof to the Judge; and it shall be competent to the Judge, if he shall think proper, to issue a notice to the party against whom execution may be sued for, requiring him to show cause, within a limited period to be fixed by the Court, why the decree should not be executed against him. If upon such notice the party shall not attend in person or by vakeel, or shall not show sufficient cause to the satisfaction of the Court why the decree should not be forthwith executed, the Court shall order it to be executed accordingly. If the party shall attend in person or by vakeel, and shall offer any objection to the enforcement of the decree, the Court shall issue such order as in the circumstances of the case may appear to be just and proper.

লতের ক্লার্ক কি উপযুক্ত অন্য কর্ম্মকারক ঐ ডিক্রী অগৌণে বলবৎ করিতে প্রবর্ত্ত না হইয়া ডিক্রী জারীর দরখাস্ত বিচারকর্ত্তাকে দেখাইবেন। আর সেই বিচারকর্ত্তার এই ক্ষমতা থাকিবেক যে তিনি উচিত বোধ করিলে যাহার উপর ডিক্রী জারী হইবার প্রার্থনা হয় সেই পক্ষের নামে এত্তেলা জারী করিয়া সেই ডিক্রী তাহার উপর জারী না হয় এমত কারণ আদালতের নিরূপিত মিয়াদের মধ্যে দর্শাইতে আজ্ঞা করেন। যদি সেই এত্তেলা পাইলে পর ঐ পক্ষ আপনি কি উকীলের দ্বারা উপস্থিত না হয়, কিম্বা ঐ ডিক্রী অগৌণে জারী না হইবার উপযুক্ত কারণ আদালতের সন্তোষমতে প্রকাশ না করে, তবে আদালত তদনুসারে ডিক্রী জারী হইবার হুকুম করিবেন। যদি সেই পক্ষ নিজে কি উকীলের দ্বারা উপস্থিত হয় ও ডিক্রী জারী হইবার কোন আপত্তি দেখায়, তবে আদালত তাবগতিক বুঝিয়া যে হুকুম ন্যায্য ও উচিত বোধ হয় এমত হুকুম করিবেন।

[Application for a general attachment of moveable property must be referred to the Judge.]

9. Where the application is for a general attachment of the moveable estate of the defendant, the clerk or other proper officer of the Court shall submit the application to the Judge, and it shall be competent to the Judge, if he shall think proper, (and if the plaintiff shall in person, or by his agent, give security to the satisfaction of the Court, in such sum as may be considered adequate, for any injury that may be occasioned by the attachment of property belonging to any other person or persons than the defendant), to direct that an order do issue for the attachment of the defendant's moveable property wherever the same may be found, to the amount of the judgment and costs, or such other sum as may be specified in such order.

[অস্থাবর সম্পত্তির সাধারণমতে ক্রোক হইবার দরখাস্ত হইলে তাহা বিচারকর্ত্তাকে দেখাইতে হইবেক।]

৯। যদি আসামীর অস্থাবর সম্পত্তির সাধারণমতে ক্রোক হইবার প্রার্থনা হয় তবে আদালতের ক্লার্ক কি উপযুক্ত অন্য কর্ম্মকারক ঐ দরখাস্ত বিচারকর্ত্তাকে দেখাইবেন। ও তিনি যদি উচিত বোধ করেন (ও আসামী ভিন্ন অন্য কোন ব্যক্তির কি ব্যক্তিরদের সম্পত্তি ক্রোক করা গেলে যে কিছু ক্ষতি হইয়া থাকিবেক তাহার প্রতিকারার্থে যত টাকা উপযুক্ত বোধ হয় তত টাকা যদি ফরিয়াদী আপনি কি আপন মোক্তারের দ্বারা আদালতের সন্তোষমতে জামিনী দেয়) তবে বিচারকর্ত্তা এমত আজ্ঞা করিতে পারিবেন যে ডিক্রীর ও খরচার যত টাকা হয় কিম্বা অন্য যত টাকা হুকুমেতে নির্দ্দিষ্ট থাকে তত টাকাপর্য্যন্ত আসামীর অস্থাবর সম্পত্তি যে কোন স্থানে পাওয়া যাউক তাহা ক্রোক করিবার হুকুম জারী হয়।

[The Judge may summon and examine the defendant as to his means of payment.]

10. Before granting the order for a general attachment, or upon the application of the plaintiff at any time after judgment and before complete execution of the decree, the Judge may summon the defendant, and examine him as to his property and his means of satisfying the judgment, in the same way as if he were not a party to the suit.

[বিচারকর্ত্তা আসামীকে তলব করিয়া তাহার ঐ টাকা দিবার ক্ষমতার বিষয়ে জোবানবন্দী লইতে পারিবেন।]

১০। সাধারণমতে ক্রোক করিবার হুকুম দিবার পূর্ব্বে, কিম্বা নিষ্পত্তি হইবার পরে ও ডিক্রী সম্পূর্ণমতে জারী হইবার আগে কোন সময়ে ফরিয়াদী দরখাস্ত করিলে বিচারকর্ত্তা আসামীকে তলব করিতে পারিবেন ও সে ঐ মোকদ্দমার এক পক্ষ না হইলে তিনি যে প্রকারে করিতে পারিতেন সেই প্রকারে তাহার সম্পত্তির বিষয়ে ও ডিক্রীমতে তাহার কার্য্য করিবার ক্ষমতাবিষয়ে তাহার জোবানবন্দী লইতে পারিবেন।

[If the judgment be by default and for land, a proclamation for claimants to be issued before execution.]

11. If the decree be for a zemindary, talook, land, house, or other real estate or property, or any share therein, and the judgment shall have been passed against the defendant or defendants by default, the clerk or other proper officer of the Court, before proceeding to execute the decree, shall issue a proclamation calling upon all persons having any claim to the property in question to appear on a certain day, to be specified in the pro-

[ডিক্রী যদি ত্রুটিপ্রযুক্ত ও জমীর নিমিত্তে হয় তবে জারী হইবার পূর্ব্বে দাওয়াদারেরদের নিমিত্তে ঘোষণাপত্র বাহির হইবেক।]

১১। যদি ডিক্রী জমীদারীর কি তালুকের কি জমির কি ঘরের কি অন্য স্থাবর বিষয়ের কি সম্পত্তির কি তাহার কোন অংশের নিমিত্তে হয় ও আসামীর কি আসামিরদের ত্রুটিপ্রযুক্ত তাহার কি তাহারদের বিপক্ষে ডিক্রী হয়, তবে ঐ আদালতের ক্লার্ক কি উপযুক্ত অন্য কর্ম্মকারক ডিক্রী জারী করিবার আগে ঘোষণাপত্র বাহির করিয়া উক্ত সম্পত্তির উপর যাহারদের কোন দাওয়া থাকে এমত সকল ব্যক্তিকে ঐ ঘোষণাপত্রের নিরূপিত দিনে আপনি কি স্বয়ং কি উকীলের দ্বারা উপস্থিত হইয়া আদালতে

clamation, and which shall not be later than fifteen days from the date of the application for the execution of the decree, either in person or by an attorney or vakeel, and be prepared to state their claims to the Court, and support them by sufficient evidence.

[How the proclamation is to be published.]

12. The proclamation shall be read aloud by the bailiff or other proper officer in some public place within the limits of or adjacent to the zemindary, talook, land, house, or other real estate, or property, for which, or a share in which, the judgment by default may have been given, and a copy thereof shall be fixed up in some conspicuous part of the Court-house; and if the judgment by default shall have been given by any Court subordinate to the Zillah Judge, a copy of the proclamation shall also be fixed up in the Court of the Zillah Judge, as well as in the Court of the particular Judge in whose Court the judgment may have been given.

[If no claimant appear, execution to issue.]

13. If no claimant to the property shall appear on the day fixed in the proclamation, either in person or by vakeel, to offer any objection to the execution of the decree, the Court shall order the decree to be executed in the same manner as if the judgment had not been given by default.

[Investigation of claims, how to be made.]

14. If on the day fixed in the proclamation, any claimant to the property shall appear, in person or by vakeel, and shall offer any objection to the enforcement of the decree, the Court shall proceed forthwith to investigate the same, in the like manner and with the like powers as if the claimant had been originally made a defendant to the suit, but shall restrict its inquiry to the fact of possession only; and if it shall appear to the satisfaction of the Court that the zemindary, talook, land, house, or other estate or property mentioned in the decree was not in the possession of the party against whom the judgment by default may have been given, nor in the occupancy of ryots, or cultivators, or other persons, paying rent to him at the date of the commencement of the suit, the Judge shall pass an order to stay execution of the decree, and shall call upon the party applying for execution thereof to show cause why the judgment should not be set aside and cancelled. And if the party shall fail to show such cause to the satisfaction of the Court, the Court shall forthwith cancel the said judgment, and an entry of the cancellation shall be made in the Register of the suit. If it shall appear to the satisfaction of the Court that the zemindary, talook, land, house, or other estate or property mentioned in the decree, was in the possession of the party against whom the judgment by default was given, or in the occupancy of ryots, or cultivators, or other persons paying rent to him at the date of the commencement of the suit, it shall direct the

আপনারদের দাওয়া ব্যক্ত করিতে ও উপযুক্ত প্রমাণের দ্বারা তাহার পোষকতা করিতে প্রস্তুত হইবার আজ্ঞা করিবেন। ঐ ঘোষণাপত্রের নিরূপিত দিন ডিক্রী জারীর দরখাস্তের তারিখের পর পনের দিনের বেশী হইবেক না।

[ঘোষণাপত্র যে প্রকারে প্রকাশ হইবেক।]

১২। যে জমীদারীর কি তালুকের কি ভূমির কি ঘরের কি অন্য যে স্থাবর বিষয়ের কি সম্পত্তির নিমিত্তে কি তাহার যে অংশের নিমিত্তে ত্রুটিপ্রযুক্ত ঐ ডিক্রী হইয়া থাকে সেই জমীদারীপ্রভৃতির সীমার মধ্যে কি তাহার লাগাও কোন প্রকাশ স্থানে বেলিফ কি উপযুক্ত অন্য কর্ম্মকারক ঐ ঘোষণাপত্র উচ্চস্বরে পাঠ করিবেন, ও তাহার এক কেতা নকল আদালতঘরের কোন প্রকাশ স্থানে লট্‌কান যাইবেক। ও ত্রুটিপ্রযুক্ত সেই ডিক্রী যদি জিলার জজ সাহেবের অধীন কোন আদালতে হইয়া থাকে তবে ঐ ঘোষণাপত্রের এক নকল যাঁহার আদালতে ডিক্রী হইয়াছে সেই বিশেষ বিচারকর্ত্তার আদালতে যেমন লট্‌কান থাকিবেক তেমনি জিলার জজ সাহেবের আদালতেও লট্‌কান যাইবেক।

[যদি কোন দাওয়াদার উপস্থিত না হয় তবে ডিক্রী জারীর হুকুম হইবেক।]

১৩। যদি ঐ ঘোষণাপত্রের নিরূপিত দিনে ঐ ডিক্রী জারী হইবার কোন আপত্তি দেখাইবার জন্যে ঐ সম্পত্তির কোন দাওয়াদার আপনি কি উকীলের দ্বারা উপস্থিত না হয়, তবে আদালত ঐ ডিক্রী ত্রুটিপ্রযুক্ত না হইবার মতে ডিক্রী জারী হইবার হুকুম করিবেন।

[দাওয়ার তদারক যেরূপে করিতে হইবেক।]

১৪। যদি ঘোষণাপত্রের নিরূপিত দিনে ঐ সম্পত্তির কোন দাওয়াদার আপনি কি উকীলের দ্বারা উপস্থিত হয় ও সেই ডিক্রী জারী হইবার কোন আপত্তি দর্শায়, তবে ঐ দাওয়াদারকে প্রথমে মোকদ্দমার আসামী করা গেলে আদালত যে প্রকারে ও যে ক্ষমতাক্রমে করিতে পারিতেন সেই প্রকারে ও সেই ক্ষমতাক্রমে ঐ আপত্তির তজবীজ করিতে অবিলম্বে প্রবর্ত্ত হইবেন, পরন্তু কেবল দখলের বিষয়ের তদারক করিবেন। আর যদি আদালত স্ববোধমতে দেখিতে পান যে, ঐ মোকদ্দমা আরম্ভ হইবার তারিখে, ডিক্রীর লিখিত ঐ জমীদারী কি তালুক কি ভূমি কি ঘর কি অন্য বিষয় কি সম্পত্তি যাহার বিপক্ষে ত্রুটিপ্রযুক্ত ডিক্রী হইয়াছিল তাহার দখলে ছিল না, কিম্বা তাহার নিকটে খাজানাদারি রাইয়তেরদের কি চাষিরদের কি অন্য ব্যক্তিরদের দখলে ছিল না, তবে বিচারকর্ত্তা ঐ ডিক্রীজারী স্থগিত করিবার হুকুম করিবেন, ও যে পক্ষ ডিক্রীজারীর দরখাস্ত করিয়াছিল তাহাকে ঐ ডিক্রী অন্যথা ও রহিত না করিবার কারণ দর্শাইতে আজ্ঞা করিবেন। আর যদি সেই পক্ষ আদালতের স্ববোধমতে তদ্রূপ কারণ দর্শাইতে না পারে তবে আদালত অবিলম্বে ঐ ডিক্রী রহিত করিবেন, ও তাহা রহিত হইবার কথা মোকদ্দমার রেজিষ্টরে লেখা যাইবেক। কিন্তু মোকদ্দমা আরম্ভ হইবার তারিখে ডিক্রীর লিখিত ঐ জমীদারী কি তালুক কি ভূমি কি ঘর কি অন্য বিষয় কি সম্পত্তি যাহার বিপক্ষে ত্রুটিপ্রযুক্ত ডিক্রী হইয়াছিল তাহারি দখলে ছিল, কিম্বা তাহার নিকটে খাজানাদারি রাইয়তেরদের কি চাষিরদের কি অন্য ব্যক্তিরদের দখলে ছিল, ইহা যদি আদালতের স্ববোধমতে প্রকাশ হয় তবে আদালত ঐ ডিক্রী ত্রুটিপ্রযুক্ত না হইবার মতে ঐ ডিক্রী জারী হইবার হুকুম করিবেন। এই প্রকরণের লিখিত তজবীজ হইলে আদালতের যে নিষ্পত্তি হয় তাহার উপর আপীল হইতে পারিবেক না। কিন্তু যে পক্ষের বিরুদ্ধে সেই নিষ্পত্তি হয় সেই পক্ষ ঐ হকু-

decree to be executed in the same way as if the judgment had not been by default. The decision of the Court in the investigation mentioned in this Article shall not be subject to appeal; but the party against whom the same may be given shall be at liberty to bring a suit to establish his right at any time within one year from the date of the order.

Issue of the Warrant.

[Warrant to be under seal of Court.]

15. When the clerk or other proper officer of the Court is satisfied as to the particulars above referred to, and all necessary preliminary measures have been taken when any such are required, he shall forthwith prepare and issue, under the seal of the Court, the proper warrants for the execution of the decree.

[Latest day of execution to be written in warrant, and time and manner of execution to be endorsed.]

16. Every warrant for execution of decree shall bear date on the day on which the same shall be issued, and shall be sealed with the seal of the Court, and delivered to the bailiff or other proper officer. A day shall be specified at the bottom of the warrant on or before which it must be executed, and the bailiff or other proper officer shall in all cases endorse upon the order the day and the manner in which it was executed, and shall return it with such endorsement to the Court from which it issued.

Of the Execution of Decrees for Immoveable Property.

[How immoveable property is to be delivered when not in the occupancy of ryots.]

17. If the decree be for a house or other immoveable property not in the occupancy of ryots or other persons entitled to occupy the same, delivery thereof shall be made by putting the party to whom the house or other immoveable property may have been adjudged, or any person whom he may appoint to receive delivery on his behalf, in possession thereof, and, if need be, by removing any person who may refuse to vacate the same.

[How it is to be delivered when in the occupancy of ryots.]

18. If the decree be for land or other immoveable property in the occupancy of ryots or other persons entitled to occupy the same, delivery thereof shall be made by erecting a pole upon some place within or adjacent to the land or other immoveable property, and proclaiming to the occupants of the property by beat of drum, at some convenient place or places, the substance of the decree in regard to the property.

[Obstruction to execution of decree for land. Defendant may be summoned if suspected of implication.]

19. If the decree shall be for the possession of

মের তারিখঅবধি এক বৎসরের মধ্যে কোন সময়ে আপনার স্বত্ব স্থাপন করিবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক।

পরওয়ানা জারী।

[পরওয়ানাতে আদালতের মোহর করা যাইবেক।]

১৫। যখন আদালতের ক্লার্ক কি উপযুক্ত অন্য কর্ম্মকারক পূর্ব্বের লিখিত সকল কথা যথোচিতমতে জানিয়াছেন, ও অগ্রে কোন কর্ম্মের প্রয়োজন হইলে সেই সকল আবশ্যক কর্ম্ম যখন করা গিয়াছে, তখন তিনি অবিলম্বে ডিক্রী জারী করিবার উপযুক্ত পরওয়ানা প্রস্তুত করিবেন ও তাহাতে আদালতের মোহর বসাইয়া জারী করিবেন।

[জারী করিবার শেষ দিন পরওয়ানাতে লেখা যাইবেক ও যে প্রকারে ও যে সময়ে জারী হয় তাহা পরওয়ানার পৃষ্ঠে লিখিতে হইবেক।]

১৬। ডিক্রী জারী করিবার পরওয়ানা যে তারিখে জারী হয় সেই তারিখ তাহাতে দেওয়া যাইবেক, ও তাহাতে আদালতের মোহর করা যাইবেক ও বেলিফকে কি উপযুক্ত অন্য কর্ম্মকারককে দেওয়া যাইবেক। আর যে তারিখে কি যাহার পূর্ব্বে ডিক্রী জারী করিতে হইবেক তাহা পরওয়ানার নিম্ন ভাগে লেখা যাইবেক, ও যে তারিখে ও যে প্রকারে তাহা জারী হইয়াছিল তাহার কথা বেলিফ কি উপযুক্ত অন্য কর্ম্মকারক ঐ পরওয়ানার পৃষ্ঠে সর্ব্বদাই লিখিবেন, ও তাহা যে আদালতহইতে বাহির হইয়াছিল সেই আদালতে ঐ পৃষ্ঠের লিখিত কথাসমেত ঐ পরওয়ানা ফিরিয়া দিবেন।

স্থাবর সম্পত্তির ডিক্রীজারীর কথা।

[স্থাবর সম্পত্তি রাইয়তেরদের দখলে না থাকিলে তাহা যে প্রকারে দেওয়া যাইবেক।]

১৭। যদি ঘরের কি অন্য স্থাবর সম্পত্তির ডিক্রী হয়, ও তাহা যদি রাইয়তেরদের কিম্বা তাহা দখল করিবার স্বত্ববান অন্য ব্যক্তিরদের দখলে না থাকে, তবে যাহার ঐ ঘর কি স্থাবর সম্পত্তি পাইবার ডিক্রী হইয়াছে তাহাকে, কিম্বা অন্য যে কোন ব্যক্তিকে সেই ডিক্রীদার আপনার নিমিত্তে ঐ সম্পত্তি লইবার জন্যে নিযুক্ত করে তাহাকে তাহার দখল দেওয়ান যাইবেক, ও যদি প্রয়োজন হয় তবে যে কোন লোক তাহা ছাড়িয়া যাইতে অস্বীকার করে তাহাকে উঠাইয়া দিয়া দখল দেওয়ান যাইবেক।

[সম্পত্তি রাইয়তেরদের দখলে থাকিলে যে প্রকারে দেওয়া যাইবেক।]

১৮। যদি ভূমির কি অন্য স্থাবর সম্পত্তির ডিক্রী হয় ও তাহা যদি রাইয়তেরদের কি তাহা দখল করিবার স্বত্ববান অন্য ব্যক্তিরদের দখলে থাকে, তবে ঐ জমীর কি অন্য স্থাবর সম্পত্তির মধ্যে কি লাগাও কোন স্থানে এক থাম বসাইয়া ও উপযুক্ত কোন এক কি অধিক স্থানে ঢোল পিটাইয়া ঐ সম্পত্তির বিষয়ে ডিক্রীর মর্ম্ম সম্পত্তির দখীলকারেরদের নিকটে ঘোষণা করিয়া দখল দেওয়ান যাইবেক।

[জমীর ডিক্রীজারীর বাধা করণ। যদি তাহাতে আসামীর লিপ্ত থাকিবার শোবে থাকে তবে তাহাকে সমন করা যাইতে পারিবেক।]

১৯। যদি ঐ ডিক্রী জমীদারীর কি তালুকের কি

a zemindary, talook, land, house, or other real estate or property, or share therein, and the party or parties in whose favor the same shall have been adjudged, shall be resisted or obstructed by any person or persons in obtaining effectual possession thereof, and shall make an application to the Court, either in person or by vakeel, at any time within one month from the date of the officer's return to the warrant for execution of the decree, the Court shall fix a day for investigating into the matter of his complaint, and if reasonable ground shall be shown to the satisfaction of the Court for believing that the obstruction or resistance in question has been occasioned by the defendant or defendants, or by some other person or persons at his or their instigation, the Court shall issue a summons to the defendant or defendants calling upon him or them to appear, on the day appointed for the investigation, to attend and give evidence.

[Court how to proceed if he cannot be found or fails to attend.]

20. In all cases in which a summons shall be issued for the attendance of a party at any time, or for any purpose after judgment, the summons shall be served in the manner hereinbefore prescribed for the service of a summons upon a witness, and if he cannot be served in either of the ways specified in Article 112 of Chapter IV. or if after being served he shall, without lawful excuse, fail to comply with such summons, or attending, or being present in Court, shall, without lawful excuse, refuse to give evidence, he shall be liable to be dealt with in the same way as if he were not a party to the suit, and as any other person would be dealt with in the like circumstances, under Articles 116, 124, and 125 of Chapter IV. respectively.

[How defendant may be dealt with if he persists in obstructing the plaintiff.]

21. If the Court shall be satisfied, after such investigation of the facts of the case as it may deem proper, that the resistance or obstruction complained of was caused or occasioned by the defendant or defendants, or by any other person or persons at his or their instigation, and that the complainant is still resisted or obstructed in obtaining effectual possession of the property adjudged to him by the decree by the defendant or defendants, or some person or persons at his or their instigation, the Court may, without prejudice to the operation of the provisions of Article 2 Chapter IV., commit the defendant or defendants to close custody until further orders.

[Obstruction by a *bonâ fide* claimant.]

22. If it shall appear to the satisfaction of the Court that the resistance or obstruction to the execution of the decree has been occasioned by any person or persons claiming *bonâ fide* to be in possession of the estate or property on his own account, or on account of some other person or

জমিদারি কি তালুক কি ভূমির কি ঘরের কি অন্য স্থাবর বিষয়ের কি সম্পত্তির কি তাহাতে কোন অংশের নিমিত্তে হয়, ও যে লোকের কি লোকেরদের পক্ষে ডিক্রী হইয়াছে তাহারদের সেই সম্পত্তির সফলরূপে দখল পাইবার বাধা যদি কোন ব্যক্তি কি ব্যক্তিরা বলপূর্ব্বক কি অন্য প্রকারে করে, ও আদালতের কর্ম্মকারক ডিক্রীজারীর পরওয়ানা যে তারিখে ফিরিয়া দেন তাহার পর এক মাসের মধ্যে কোন সময়ে যদি ডিক্রীদার আপনি কি উকীলের দ্বারা আদালতে দরখাস্ত করে, তবে আদালত তাহার নালিশের কথার তজবীজ করিবার জন্যে এক দিন নিরূপণ করিবেন। আর ঐরূপ বলপূর্ব্বক কি অন্য প্রকারের বাধা আসামীর কি আসামীরদের হইতে হইয়াছে, কিম্বা তাহার কি তাহারদের প্রবৃত্তিমতে অন্য কোন ব্যক্তির কি ব্যক্তিরদের হইতে হইয়াছে, এই কথা বিশ্বাস করিবার উপযুক্ত কারণ যদি আদালতের স্ববোধমতে দর্শান যায়, তবে আদালত আসামীর কি আসামীরদের নামে সমন জারী করিয়া, তাহাকে কি তাহারদিগকে তজবীজ করিবার নিরূপিত দিনে হাজির হইয়া সাক্ষ্য দিবার জন্যে উপস্থিত হইবার আজ্ঞা করিবেন।

[যদি তাহার সন্ধান না পাওয়া যায় কি সে হাজির না হয় তবে আদালতের যাহা করিতে হইবেক।]

২০। নিষ্পত্তি হইবার পর কোন সময়ে কি কোন কার্য্যের নিমিত্তে কোন পক্ষকে হাজির করিবার সমন বাহির হইলে, ঐ সমন সর্ব্বদাই সাক্ষির উপর সমন জারী করিবার ইহার পূর্ব্বের বিধানমতে জারী হইবেক। আর ৪ অধ্যায়ের ১১২ প্রকরণে যেং বিধি করা গিয়াছে তাহার কোন বিধিমতে যদি তাহার উপর সমন জারী হইতে না পারে, অথবা সমন জারী হইলে পর যদি সেই পক্ষ আইনসিদ্ধ ওজর না থাকিলেও ঐ সমনমতে কার্য্য না করে, অথবা যদি সে হাজির হইয়া কি আদালতে উপস্থিত থাকিয়া আইনসিদ্ধ ওজর না থাকিলেও সাক্ষ্য দিতে অস্বীকার করে, তবে মোকদ্দমার এক পক্ষ না হইলে তাহার প্রতি যেরূপ ব্যবহার হইত ও সেই অবস্থায় অন্য কোন ব্যক্তির প্রতি যেরূপ ব্যবহার হইত, সেইরূপে ঐ আসামীর প্রতিও ৪ অধ্যায়ের ১১৬ কি ১২৪ কি ১২৫ প্রকরণমতে ব্যবহার হইবেক।

[আসামী ফরিয়াদীর বাধা করিতে থাকিলে তাহার প্রতি যেরূপ ব্যবহার হইতে পারিবেক।]

২১। আদালত ঐ ব্যাপারের বৃত্তান্তের যেরূপ তজবীজ করা উচিত বোধ করেন তাহা করিলে পর যদি স্ববোধমতে জানেন যে ঐ বলপূর্ব্বক কি অন্য প্রকারের যে বাধা হইবার নালিশ হইয়াছে তাহা আসামীর কি আসামীরদের হইতে, কিম্বা তাহার কি তাহারদের প্রবৃত্তিমতে অন্য কোন ব্যক্তির কি ব্যক্তিরদের হইতে হইয়াছে, ও ফরিয়াদীর যে সম্পত্তি পাইবার ডিক্রী হইয়াছে তাহা সফলরূপে দখল পাইবার জন্যে আসামীর কি আসামীরদের দ্বারা কি তাহার কি তাহারদের প্রবৃত্তিমতে অন্য ব্যক্তির কি ব্যক্তিরদের দ্বারা ফরিয়াদীর বলপূর্ব্বক কি অন্য প্রকারের বাধা হইতে থাকে, তবে আদালত ৪ অধ্যায়ের ২ প্রকরণের বিধির কার্য্যের ব্যাঘাত না করিয়াও যাবৎ অন্য হুকুম না করেন তাবৎ আসামীকে কি আসামীরদিগকে কয়েদ করিয়া রাখিতে পারিবেন।

[প্রকৃতপ্রস্তাবের দাওয়াদার বাধা করিলে।]

২২। যে কোন ব্যক্তি কি ব্যক্তিরা আপনার নিমিত্তে কিম্বা মোকদ্দমার আসামীর কি আসামীরদের ছাড়া অন্য কোন ব্যক্তির কি ব্যক্তিরদের নিমিত্তে ঐ বিষয়ের কি সম্পত্তির দখলে থাকিবার প্রকৃতপ্রস্তাবে দাওয়া রাখে, এমত কোন ব্যক্তির কি ব্যক্তিরদের হইতে ডিক্রী জারী হইবার বলপূর্ব্বক কি অন্য প্রকারের বাধা হইতেছে

persons than the defendant or defendants to the suit, the Court shall, without prejudice to the operation of the provisions of Article 2 Chapter VI. proceed to investigate the claim in the same manner and with the like powers as if the claimant had been made originally a defendant to the suit, and shall pass such order for staying execution of the decree, or executing the same, as it may deem proper in the circumstances of the case; and the order of the Court shall not be subject to appeal, but the party against whom the same may be pronounced shall be at liberty to bring a suit to establish his right at any time within one year from the date of the order.

Of the Execution of Decrees for Money by Attachment of Property.

[What property may be attached in execution of decree.]

23. If the decree be for money, and the person or persons applying for execution thereof shall desire that the amount shall be levied from the estate and property of the person or persons against whom the same may have been pronounced, the Court shall cause the attachment of any lands, houses, goods, chattels, effects, money, bank notes, cheques, bills of exchange, promissory notes, hoondees, Government securities, bonds, or other securities for money, debts, shares in the capital or joint-stock of any railway, banking, or other public company or corporation, or other property whatsoever, moveable or immoveable, belonging to the defendant or defendants, and whether the same be held in his or their own name or names, or by another person or other persons in trust for him or them, or on his or their behalf, to the amount or value of the sum decreed and costs, or to such extent as may be deemed necessary for the purpose of securing the satisfaction and payment of such amount and costs.

[The attachment is to be made by seizure when the property is goods and chattels; by seizure or by prohibitory order when it is real estate; by prohibitory order only when it is debts; by notice when it is money in deposit in a Court of Justice or Government office.]

24. Were the property shall consist of goods, chattels, effects, or other moveable estate, the attachment shall be made by actual seizure and the bailiff or other officer shall keep the same in his own custody, or in the custody of his subordinates, and shall be responsible for the due custody thereof. Where the property shall consist of lands, houses, or other immoveable estate, the attachment may also be made by actual seizure, but it shall be in the option of the Court, if it shall think proper, instead of directing its officer to make seizure and assume possession of the property, to issue a written order prohibiting the sale, mortgage, gift, or other transfer thereof, and all persons from receiving or taking the same by puchase, gift, or otherwise howsoever, and also

ইহা যদি আদালতের স্বাধীনমতে দৃষ্ট হয়, তবে ঐ দাওয়াদার আপনি প্রথমে মোকদ্দমার আসামী করা গেলে আদালত, ৬ অধ্যায়ের ২ প্রকরণের বিধির কার্য্যের ব্যাঘাত না করিয়া, যেপ্রকারে ও যে ক্ষমতামতে কার্য্য করিতে পারিতেন সেই প্রকারে ও সেই ক্ষমতামতে ঐ দাওয়ার বিচার করিতে প্রবর্ত্ত হইবেন, ও বিষয়ের ভাবগতিক বুঝিয়া যে প্রকার হুকুম করা উচিত বোধ করেন সেই প্রকারে ঐ ডিক্রীজারী স্থগিত করিবার কি ডিক্রী জারী করিবার হুকুম করিবেন। আর আদালতের ঐ হুকুমের উপর আপীল হইতে পারিবেক না। কিন্তু যে পক্ষের বিপরীতে ঐ হুকুম হইয়াছে সেই পক্ষ ঐ হুকুমের তারিখের পর এক বৎসরের মধ্যে কোন সময়ে আপনার স্বত্ত্ব স্থাপন করিবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক।

সম্পত্তি ক্রোক করণের দ্বারা টাকার ডিক্রী জারী করিবার কথা।

[ডিক্রী জারীক্রমে যে সম্পত্তি ক্রোক হইতে পারে।]

২৩। যদি ডিক্রী টাকার নিমিত্তে হয় ও যে ব্যক্তি কি ব্যক্তিরা ডিক্রীজারীর দরখাস্ত করে তাহারা যদি চাহে যে, যে ব্যক্তির কি ব্যক্তিরদের বিরুদ্ধে ডিক্রী হইয়াছে তাহার কি তাহারদের ইষ্টেট ও সম্পত্তিহইতে ঐ টাকা আদায় করা যায়, তবে আদালত ঐ ডিক্রীর টাকা ও খরচা যত হয় তত কি তাহার সমান মূল্যপর্য্যন্ত কিম্বা ঐ টাকা ও খরচা শোধ করিবার ও দিবার জন্যে যেপর্য্যন্ত আবশ্যক বোধ হয় সেইপর্য্যন্ত ঐ আসামীর কি আসামীরদের যে কিছু ভূমি কি ঘর কি মাল কি জিনিসপত্র কি দ্রব্য কি নগদ টাকা কি ব্যাঙ্ক নোট কি চ্যাক কি বিল অফ এক্সচেঞ্জ কি প্রমিসরি নোট কি হুণ্ডী কি গবর্ণমেণ্টের নিদর্শনপত্র কি বণ্ড কি টাকার অন্য যে কোন নিদর্শনপত্র কি পাওনা টাকা কিম্বা কোন রেলওয়ের কি ব্যাঙ্কের কি অন্য সাধারণ কি চার্টরপ্রাপ্ত কোম্পানির মূলধনে কি জাইণ্ট ষ্টকে যে কোন শ্যার কিম্বা স্থাবর কি অস্থাবর যে কোন সম্পত্তি থাকে ও তাহা সেই আসামীর কি আসামীরদের নিজ নামে থাকুক কিম্বা তাহার কি তাহারদের জন্যে ট্রষ্টস্বরূপে কিম্বা তাহার কি তাহারদের নিমিত্তে অন্য কোন ব্যক্তির কি ব্যক্তিরদের নামে থাকুক তাহা সকলই ক্রোক করাইবেন।

[যদি ঐ সম্পত্তি মাল ও দ্রব্য হয় তবে তাহা ধরিয়া লওনের দ্বারা, কিম্বা যদি স্থাবর বিষয় হয় তবে ধরিয়া লওনের কিম্বা নিষেধের হুকুমের দ্বারা, কিম্বা যদি পাওনা টাকা হয় তবে কেবল নিষেধের হুকুমের দ্বারা, কিম্বা যদি আদালতে কি গবর্ণমেণ্ট আফিসে আমানৎকরা টাকা হয় তবে এত্তেলার দ্বারা ক্রোক হইবেক।]

২৪। যদি মাল কি জিনিসপত্র কি দ্রব্য কি অন্য অস্থাবর বিষয়ের সম্পত্তি হয় তবে ঐ বিষয় ধরিয়া লওনের দ্বারা ক্রোককরা যাইবেক, ও বেলিফ কি অন্য কার্য্যকারক সেই দ্রব্য আপনার জিম্মায় কি আপনার অধীন কার্য্যকারকেরদের জিম্মায় রাখিবেন ও তাহা উপযুক্তমতে রাখিবার জন্যে দায়ী হইবেন। যদি ভূমির কি ঘরের কি অন্য স্থাবর বিষয়ের সম্পত্তি হয় তবে তাহাও ধরিয়া লইবার দ্বারা ক্রোক করা যাইতে পারিবেক, কিন্তু যদি আদালত উচিত বোধ করেন তবে আপনার বিবেচনামতে আপনার কার্য্যকারককে ঐ সম্পত্তি ধরিয়া লইবার ও দখল করিবার হুকুম না দিয়া, তাহা বিক্রয় হইবার কি বন্ধক রাখিবার কি দান করিবার কি অন্য প্রকারে হস্তান্তর করিবার নিষেধ, ও কোন ব্যক্তি সেই বিষয় ক্রয় করিয়া কি দানস্বরূপে কি অন্য প্রকারে গ্রহণ না করে কি না লয় এমত নিষেধ লিখিয়া জারী করিতে পারিবেন। ও সকল রাইয়তদিগকে কি চাষিদিগকে ও জমীর অন্য তা-

prohibiting all ryots or cultivators and other tenants and occupiers of the land from paying their rents to any person or persons whomsoever, until the further order of the Court; with permission in the meantime to pay their rents into Courts, to the treasurer or other proper officer who may be authorized to receive or grant receipts for the same. Where the property shall consist in whole or in part of debts or of shares in any railway, banking, or other public company or corporation, the attachment shall be made in all cases by a written order of the Court, prohibiting the creditor from receiving the debts, and the debtor from making payment thereof to any person or persons whomsoever, until the further order of the Court, or prohibiting the person in whose name the shares may be standing from making any transfer of the shares or receiving payment of any dividends thereof until such further order. Where the property shall consist in whole or in part of money standing in the name of the defendant or to his account, and in deposit in any Court of Justice or office of Government, or of interest on Government paper, the attachment shall be made by a notice to such Court or office requesting that the money or interest may be held, subject to the further orders of the Court by which the notice may be issued.

[When the attachment is by prohibitory order, how the order is to be made known.]

25. In the case of lands, houses, or other immoveable property, the written order shall be read aloud at some place on or adjacent to the same lands, houses, or other property, and shall be fixed up in some conspicuous part of the Court-house; and also in the cutchery of the collector of the zillah in which the lands, houses, or other immoveable property may be situated. In the case of debts, the written order shall also be fixed up in some conspicuous part of the Court-house, and copies of the written order shall be sent registered by post to each individual debtor. And in the case of shares in the capital or joint stock of any railway, banking, or other public company or corporation, the written order shall in like manner be fixed up in some conspicuous part of the Court-house, and a copy of the order shall be sent to the manager, secretary, or other proper officer of the company.

[All private alienations of property under attachment to be null and void.]

26. After any attachment shall have been made by actual seizure, or by written order as aforesaid, and in the case of an attachment by written order after it shall have been duly intimated and made known in manner aforesaid, any private alienation of the property or shares attached, whether by sale, gift, or otherwise, and any payment of the debt or debts or dividends to the defendant or defendants, during the continuance of the attachment, shall be null and void.

[*Government Gazette, 24th April*, 1857.]

প্রজাদিগকে ও দখীলকারদিগকে এমত নিষেধ করিতে পারিবেন যে যাবৎ আদালতহইতে অন্য হুকুম না হয় তাবৎ তাহারা আপনারদের খাজানা কোন কাহাকে না দেয়, কিন্তু এমত অনুমতিও দিতে পারিবেন যে ইতিমধ্যে তাহারা আপনারদের খাজানা কোন আদালতে খাজাঞ্চীর কি উপযুক্ত অন্য কর্ম্মকারকের হাতে দাখিল করে, আর সেই খাজাঞ্চীকে কি অন্য কার্য্যকারককে ঐ খাজানার দাখিলা লইবার কি রসীদ দিবার ক্ষমতা দেওয়া যাইতে পারিবেক। যদি ঐ সম্পত্তির সমুদয় কি এক অংশ কোন রেলওয়ে কি ব্যাঙ্ক কি সাধারণ কিম্বা চার্টরপ্রাপ্ত অন্য কোম্পানিসম্পর্কীয় পাওনা টাকা কি শ্যার হয়, তবে আদালতহইতে যাবৎ অন্য হুকুম না হয় তাবৎ মহাজনের প্রতি ঐ কর্জ্জ গ্রহণ না করিবার ও কর্জ্জদারের প্রতি তাহার কর্জ্জা কোন টাকা কোন লোককে কি লোকেরদিগকে না দিবার নিষেধ করিয়া, কিম্বা যে ব্যক্তির নামে ঐ শ্যার থাকে তাহাকে কোন শ্যার ঐ হুকুম না হওয়াপর্য্যন্ত হস্তান্তর না করিবার কিম্বা তাহার কোন ডিবিডেণ্ডের টাকা গ্রহণ না করিবার নিষেধ করিয়া, আদালতের লিখিত হুকুমের দ্বারা ঐ ক্রোক সর্ব্বদাই করা যাইবেক। যদি ঐ সম্পত্তির এক অংশ কিম্বা সমুদয় আসামীর নামে কি তাহার হিসাবে থাকা ও কোন আদালতে কিম্বা গবর্ণমেণ্টের আফিসে আমানৎকরা টাকা হয়, কিম্বা কোম্পানির কাগজের উপর সুদ হয়, তবে আদালতহইতে এই মর্ম্মের এত্তেলা জারী হইবেক যে ঐ এত্তেলা যে আদালতহইতে বাহির হয় সেই আদালত যাবৎ অন্য হুকুম না করেন তাবৎ ঐ টাকা কি সুদ যে আদালতে কি দফ্তরখানায় থাকে তাহাতে রাখা যায়। এই প্রকারে ঐ ক্রোক হইবেক।

[ক্রোক যদি নিষেধ হইবার হুকুমের দ্বারা হয় তবে সেই হুকুম যে প্রকারে জানান যাইবেক।]

২৫। ভূমি কি ঘর কি অন্য স্থাবর সম্পত্তি হইলে ঐ লিখিত হুকুম সেই ভূমি কি ঘর কি অন্য সম্পত্তিতে কি তাহার নিকট কোন স্থানে উচ্চ শব্দে পাঠ করা যাইবেক ও আদালতঘরের কোন প্রকাশ স্থানে লট্‌কাইয়া দেওয়া যাইবেক, ও সেই ভূমি কি ঘর কি অন্য স্থাবর সম্পত্তি যে জিলাতে থাকে তাহার কালেক্টর সাহেবের কাছারীতে লট্‌কাইয়া দেওয়া যাইবেক। পাওনা টাকা হইলে ঐ লিখিত হুকুম আদালতঘরের কোন প্রকাশ স্থানে লট্‌কাইয়া দেওয়া যাইবেক ও এক২ জন কর্জ্জদারের নিকটে তাহার এক২ কেতা নকল ডাকযোগে রেজিষ্টরীকরা পত্রের ন্যায় পাঠাইতে হইবেক। কোন রেলওয়ে কি ব্যাঙ্ক কি অন্য সাধারণ কি চার্টরপ্রাপ্ত কোম্পানির মূলধনে কি জাইণ্টষ্টকে অংশ হইলে, ঐ লিখিত হুকুম সেই প্রকারে আদালতঘরের কোন প্রকাশ স্থানে লট্‌কাইয়া দেওয়া যাইবেক ও সেই হুকুমের এক কেতা নকল ঐ কোম্পানির কার্য্যসম্পাদকের কি সেক্রেটারীর কি অন্য উপযুক্ত কর্ম্মকারকের নিকটে পাঠাইতে হইবেক।

[ক্রোককরা সম্পত্তির অপ্রকাশরূপে হস্তান্তর করণ বৃথা ও নিষ্ফল হইবেক।]

২৬। যখন নিতান্ত ধরিয়া লইবার দ্বারা কিম্বা পূর্ব্বোক্তমতের লিখিত হুকুমের দ্বারা কোন ক্রোক হয়, ও লিখিত হুকুমের দ্বারা ক্রোক হইলে যখন তাহা পূর্ব্বোক্ত প্রকারে উচিতমতে জানান গিয়াছে ও প্রকাশ হইয়াছে, তখন যত দিন ক্রোক হইয়া থাকে তত দিন ঐ ক্রোককরা সম্পত্তি কি শ্যার বিক্রয় কি দানের দ্বারা কি প্রকারান্তরে অপ্রকাশরূপে হস্তান্তর করা গেলে, ও আসামীকে কি আসামীরদিগকে কোন পাওনা টাকা কি ডিবিডেণ্ড দেওয়া গেলে, তাহা বৃথা ও নিষ্ফল হইবেক।

[The Court may direct money or bank notes to be paid to the plaintiff, or other attached property to be made over to him at a reasonable price, or sold by public auction.]

27. In all cases of attachment under the preceding Articles, it shall be competent to the Court, at any time during the attachment, to direct that any part of the property so attached as shall consist of money or bank notes or a sufficient part thereof shall be paid over and delivered to the party or parties applying for execution of the decree; or that any part of the property so attached as may not consist of money or bank notes, so far as may be necessary for the satisfaction of the decree, shall be transferred and delivered to the party or parties applying for execution of the decree, if he or they shall be disposed to accept the same in satisfaction or part satisfaction of the amount decreed and costs, at the market value or such price as the Court may deem fair and reasonable; or that any part of the property so attached shall be sold, and that the money which may be realized by such sale, or a sufficient part thereof, shall be paid to such party or parties.

[Where the property consists of debts or real estate a manager may be appointed.]

28. Where the property attached shall consist of debts due and owing to the party who may be answerable for the amount of the decree, or of any lands, houses, or other immoveable estate or property, it shall further be competent to the Court to appoint a manager of the said estate or property with power to sue for and compound for the debts, and to collect the rents or other receipts and profits, or to raise money by mortgage or conditional sale of the land or other immoveable property, and to make and execute such deeds or instruments in writing as may be necessary or requisite for the purpose, and to pay and apply the same rents, profits, or receipts, or money so to be raised, towards the payment and satisfaction of the amount of the decree and costs; and in any case in which a manager shall be appointed, such manager shall be bound to render due and proper accounts of his receipts and disbursements from time to time as the Court may direct.

[Attachment to be released after full satisfaction of the decree]

29. When full satisfaction shall be made of the amount decreed and costs, with all charges and expenses which may be incurred by the said attachment, or the same shall be otherwise paid and satisfied by the defendant or defendants, the attachment shall be forthwith released; and if the defendant or defendants shall desire that due intimation shall be given of such release, the order for the release of the attachment shall, at his or their expense, be proclaimed and intimated in the same manner as hereinbefore prescribed for the proclamation of the attachment.

[To be continued.]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৪৭। ২৪ আপ্রিল।]

[আদালত ফরিয়াদীকে টাকা কি ব্যাঙ্ক নোট দেওয়া যাইবার কিম্বা ক্রোককরা সম্পত্তির উপযুক্ত মূল্য দিলে তাহা তাহাকে দেওয়া যাইবার আজ্ঞা করিতে পারিবেন অথবা তাহা নীলাম হইবার হুকুম করিতে পারিবেন।]

২৭। ইহার পূর্ব্বের প্রকরণের লিখিতমতে ক্রোক হইলে, ঐ ক্রোক হইয়া থাকিবার কোন সময়ে আদালত এমত হুকুম করিতে পারিবেন যে, ঐ ক্রোককরা সম্পত্তির যে অংশ নগদ টাকা কি ব্যাঙ্ক নোট হয় তাহা কি তাহার উপযুক্ত ভাগ ডিক্রী জারী করিবার দরখাস্তকারি ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে দেওয়া যায়, অথবা ঐ ক্রোককরা সম্পত্তির যে ভাগ নগদ টাকা কি ব্যাঙ্ক নোট না হয়, তাহার যে অংশ ঐ ডিক্রীমতে কার্য্য হইবার জন্যে আবশ্যক হয় সেই অংশ যদি ডিক্রীজারী করিবার দরখাস্তকারি ব্যক্তি কি ব্যক্তিরা তাহার বাজারভাওঅনুসারে কিম্বা আদালত তাহার যে মূল্য ন্যায্য ও উপযুক্ত বোধ করেন সেই মূল্যঅনুসারে গ্রহণ করিতে চাহে, তবে তাহা ডিক্রীকরা টাকার ও খরচার সমুদয় কি এক অংশের পরিশোধে তাহাকে কি তাহারদিগকে দেওয়া যায় কি অর্পণ করা যায়। অথবা এমত আজ্ঞা করিতে পারিবেন যে সেই প্রকারের ক্রোককরা সম্পত্তির কোন অংশ নীলাম হয় ও সেই নীলামে যত টাকা আদায় হয় তাহা কি তাহার উপযুক্ত ভাগ ঐ ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে দেওয়া যায়।

[যদি ঐ সম্পত্তি পাওনা টাকা কি স্থাবর বিষয় হয় তবে সরবরাহকারকে নিযুক্ত করা যাইবেক।]

২৮। যে পক্ষ ডিক্রীর টাকা দিবার দায়ী হয় তাহার পাওনা টাকা কিম্বা কোন জমী কি ঘর কি অন্য স্থাবর বিষয় কি সম্পত্তি যদি ঐ ক্রোককরা সম্পত্তি হয় তবে আদালত ঐ বিষয়ের কি সম্পত্তির এক জন সরবরাহকারকে নিযুক্ত করিতে পারিবেন। সেই সরবরাহকারের এই২ ক্ষমতা থাকিবেক, তিনি ঐ পাওনা টাকার বাবৎ নালিশ করিতে পারিবেন ও তাহার বন্দোবস্ত করিতে পারিবেন ও ভূমির কিম্বা অন্য স্থাবর সম্পত্তির খাজানা কি অন্য পাওনা টাকা ও উপস্বত্ব আদায় করিতে পারিবেন, কিম্বা ঐ সম্পত্তি বন্ধক রাখিয়া কি কটকওয়ালাক্রমে বিক্রয় করিয়া টাকা আদায় করিতে পারিবেন, ও সেই কার্য্যের নিমিত্তে যে সকল দলীলের কি লিপির আবশ্যক কি প্রয়োজন হয় তাহা করিতে ও তাহাতে দস্তখৎ করিতে পারিবেন, ও সেই প্রকারে যে সকল খাজানা কি উপস্বত্ব কি প্রাপ্ত টাকা কি তদ্রূপের আদায়করা টাকা পাওয়া যায় তাহা সেই ডিক্রীর টাকা ও খরচার পরিশোধার্থে দিতে পারিবেন। আর যে কোন স্থলে সরবরাহকারকে নিযুক্ত করা যায় সেই স্থলে ঐ সরবরাহকার আদালত যেমন হুকুম করেন সেই প্রকারে সময়ে২ আপনার জমা ও খরচ করা টাকার উপযুক্ত হিসাব দিতে বদ্ধ হইবেন।

[ডিক্রীর সমুদয় টাকা দেওয়া গেলে পর ক্রোক খালাস হইবেক।]

২৯। ডিক্রীকরা সমুদয় টাকা ও খরচা ও উক্ত ক্রোক করণেতে যে সকল খরচখরচা হয় তাহা শোধ হইলে কিম্বা আসামী কি আসামীরা অন্য প্রকারে টাকা দিলে ও শোধ করিলে ঐ ক্রোক অবিলম্বে খালাস করা যাইবেক। আর যদি আসামী কি আসামীরা চাহে যে ঐ খালাস হওয়ার উপযুক্ত সংবাদ দেওয়া যায়, তবে ক্রোককরার ঘোষণা হইবার যে বিধি ইহার পূর্ব্বে করা গিয়াছে সেই বিধিমতে ঐ আসামীর কি আসামীরদের খরচে ঐ ক্রোক খালাস হইবার হুকুম ঘোষণা ও প্রকাশ করা যাইবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মর্সমান সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণ গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, APRIL 28, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২৮ আপ্রিল।

DRAFTS OF ACTS.

THE INDIAN PENAL CODE.

[Continued from page 317.]

CHAPTER XI.

OF OFFENCES AGAINST PUBLIC JUSTICE.

[Cumulative punishment.]

35. If any person, in doing any thing whereby he commits an offence under the last preceding Clause, also commits an offence under any Clause contained in any other Chapter of this Code, the punishment shall be cumulative.

[Unlawful return from transportation.]

36. Whoever, having been lawfully transported, returns from such transportation, the term of such transportation not having expired, and his punishment not having been remitted, shall be punished with transportation for life, and shall also be liable to fine, and to be imprisoned with rigorous imprisonment for a term not exceeding three years before he is so transported.

[Unlawful return from banishment.]

37. Whoever, having been lawfully banished, returns from such banishment, his term of banishment not having expired, and his punishment not having been remitted, shall be punished with transportation for life, or imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine; and in the case of his being sentenced to imprisonment, shall also be liable to banishment for life at the expiration of his imprisonment.

[Violation of condition of remission of punishment.]

38. Whoever, having accepted any conditional remission of punishment, knowingly violates any condition on which such remission was granted,

আইনের মুসাবিদা

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।

[৩১৭ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

১১ অধ্যায়।

সাধারণের যথার্থ বিচার হইবার বাধাজনক অপরাধ।

[সংযুক্ত দণ্ড।]

৩৫। ইহার পূর্ব্বের লিখিত প্রকরণের অপরাধ যাহাতে হয় এমত কার্য্য করণের দ্বারা যদি কেহ এই আইনের অন্য কোন অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধও করে তবে সংযুক্ত দণ্ড হইবেক।

[দ্বীপান্তরে প্রেরণ হইলে পর বেআইনীমতে ফিরিয়া আইসন।]

৩৬। যদি কোন লোককে আইনমতে দ্বীপান্তরে প্রেরণ করা যায় ও তাহার দ্বীপান্তরে থাকিবার মিয়াদ গত না হইলেও ও তাহার দণ্ড রহিত না হইলেও যদি সে দ্বীপান্তরহইতে ফিরিয়া আইসে, তবে সে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক, ও সেই প্রকারে তাহার দ্বীপান্তরে প্রেরণ হইবার পূর্ব্বে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইতে পারিবেক।

[দেশহইতে বহিষ্কৃত হইয়া বেআইনীমতে ফিরিয়া আইসন।]

৩৭। যদি কোন লোককে আইনমতে দেশহইতে বহিষ্কৃত করা যায় ও তাহার বহিষ্কৃত হইয়া থাকিবার মিয়াদ গত না হইলেও ও তাহার দণ্ড রহিত না হইলেও সে যদি ফিরিয়া আইসে, তবে সে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ হইবেক, কিম্বা সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। ও যদি তাহার কয়েদ হইবার আজ্ঞা হয়, তবে কয়েদ হইবার মিয়াদ অতীত হইলে পর তাহাকে যাবজ্জীবন দেশহইতে বহিষ্কৃত করা যাইতে পারিবেক।

[যে নিয়মমতে দণ্ড ক্ষমা হয় সেই নিয়ম লঙ্ঘন করিলে।]

৩৮। যদি কোন লোক নিয়মাধীনে দণ্ডের ক্ষমা পায় ও যে নিয়মমতে ঐ ক্ষমা হইয়াছে এমত কোন নিয়ম জানিয়াশুনিয়া লঙ্ঘন করে, তবে সেই লোকের প্রথমে

shall be punished with the punishment to which he was originally sentenced, if he has already suffered no part of that punishment, and if he has suffered any part of that punishment, then with so much of that punishment as he has not already suffered.

[Intentional insult or interruption to a public servant sitting in any stage of a judicial proceeding.]

39. Whoever intentionally offers any insult or causes any interruption to any public servant, while such public servant is sitting in any stage of a judicial proceeding, shall be punished with simple imprisonment for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Cumulative punishment.]

40. If any person in doing any thing whereby he commits an offence under the last preceding Clause, also commits an offence under any Clause contained in any other Chapter of this Code, the punishment shall be cumulative.

[Personation of a juror or assessor.]

41. Whoever, by personation or otherwise shall intentionally cause or knowingly suffer himself to be returned, empanelled, or sworn as a juryman or assessor in any case in which he is not entitled by law to be so returned, empanelled, or sworn, or by any means contrary to law, or, knowing himself to have been so empanelled, returned, or sworn contrary to law, shall voluntarily serve on such jury or as such assessor, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

CHAPTER XII.

OF OFFENCES RELATING TO COIN AND GOVERNMENT STAMPS.

[Coin.]

1. Coin is metal used as money stamped and issued by the authority of some Government in order to be so used.

[Queen's coin.]

Coin stamped and issued by the authority of the Queen, is designated as the Queen's coin.

Illustrations.

(*a*) Cowries are not coin.

(*b*) Lumps of unstamped copper, though used as money, are not coin.

(*c*) An ancient Denarius is not now coin, inasmuch as such pieces are not now used as money.

(*d*) Medals are not coin, inasmuch as they are not intended to be used as money.

(*e*) Bank tokens issued by a private bank are not coin, inasmuch as they are not put forth by the authority of any Government.

[Company's coin.]

2. Coin stamped and issued by the authority

যে দণ্ডের আজ্ঞা হইয়াছিল তাহার কিছুই যদি ভোগ না করিয়া থাকে, তবে তাহার সেই দণ্ড ভোগ করিতে হইবেক। কিম্বা যদি তাহার কোন অংশ ভোগ হইয়াছে, তবে তাহার অবশিষ্ট যত ভোগ করিবার ছিল তাহা ভোগ করিতে হইবেক।

[সরকারী কার্য্যকারক মোকদ্দমাপ্রভৃতির বিচার করিতেছেন এমন সময়ে তাঁহাকে জানিয়াশুনিয়া অপমান করিলে কি কর্ম্মের ভঙ্গ দিলে।]

৩৯। সরকারী কোন কার্য্যকারক মোকদ্দমার বিচার করিতেছেন এমত সময়ে যে কেহ জানিয়াশুনিয়া তাঁহার কিছু অপমান করে কি তাঁহার কার্য্যের ভঙ্গ দেয় সেই লোকের ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সংযুক্ত দণ্ড।]

৪০। ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত অপরাধ যাহাতে হয় এমত ক্রিয়া করণের দ্বারা যদি কোন লোক এই আইনের অন্য কোন অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধও করে তবে সংযুক্ত দণ্ড হইবেক।

[কোন লোক আপনাকে জুরি কি আসেসরের মত দেখাইলে।]

৪১। কোন লোক কোন মোকদ্দমাতে জুরির কি আসেসরের কর্ম্ম করিবার জন্যে মনোনীত কি নিযুক্ত হইতে কি শপথ করিতে আইনমতে অক্ষম হওয়াতেও যদি আপনাকে অন্য লোকের মত দেখাইয়া কি অন্য প্রকার কর্ম্ম করিয়া কি আইনের বিপক্ষ কোন উপায়ে আপনাকে জানিয়াশুনিয়া সেই পদে মনোনীত কি নিযুক্ত হইতে দেয় কি আপনাকে শপথ করাইতে দেয়, কিম্বা আইনের বিপক্ষমতে সেই প্রকারে মনোনীত কি নিযুক্ত হইয়াছে কি শপথ করান গিয়াছে জানিয়াও ইচ্ছাপূর্ব্বক সেই জুরির কি সেই আসেসরের কর্ম্ম করে, তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

১২ অধ্যায়।

মুদ্রার ও গবর্ণমেণ্টের ইষ্টাম্পের সম্পর্কীয় অপরাধের কথা।

[মুদ্রা।]

১। ধাতু জরব হইলে, ও কোন গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে ব্যবসায়ের লেনাদেনাতে ব্যবহার করিবার জন্যে জারী হইলে, তাহা মুদ্রা বলা যায়।

[মহারাণীর মুদ্রা।]

মহারাণীর আজ্ঞাক্রমে যে মুদ্রা জরব ও জারী হয় তাহা মহারাণীর মুদ্রা বলে।

উদাহরণ।

(ক) কড়ি মুদ্রা নহে।

(খ) জরব না করা তামার চাক্তিপ্রভৃতি ব্যবসায়ের লেনাদেনাতে ব্যবহার হইলেও তাহা মুদ্রা নয়।

(গ) পূর্ব্ব কালের ব্যবহারকরা ডিনারিয়স নামক মুদ্রা এক্ষণে লেনাদেনাতে ব্যবহার হয় না, অতএব এক্ষণে মুদ্রা নয়।

(ঘ) পদক মুদ্রা নয় কেননা লেনাদেনাতে তাহার ব্যবহার হইবার অভিপ্রায় নাই।

(ঙ) বিশেষ২ ব্যাঙ্কের টোকন্ বলিয়া যে মুদ্রা জারী করা যায় তাহা মুদ্রা নয়, কেননা তাহা কোন গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে জারী হয় না।

[কোম্পানির মুদ্রা।]

২। ভারতবর্ষের গবর্ণমেণ্টের কিম্বা কোন রাজধানীর

of the Government of India, or of the Government of any Presidency, is designated as the Company's coin.

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে যে মুদ্রা জরব হইয়া জারী হয় তাহা কোম্পানির মুদ্রা বলা যায়।

[Counterfeiting coin.]

3. Whoever counterfeits, or performs any part of the process of counterfeiting coin, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

Explanation. A person may commit this offence by causing a genuine coin to appear like a different coin.

[মুদ্রা কৃত্রিম করণ।]

৩। যে কেহ মুদ্রা কৃত্রিম করে কি কৃত্রিম করিবার কার্য্যের কিছু করে, সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

ব্যাখ্যা। যদি কেহ অকৃত্রিম কোন মুদ্রা অন্য মুদ্রার মুদ্রার মত করাইয়া দেয়, তবে সেও এই অপরাধ করে।

[Counterfeiting the Queen's or the Company's coin.]

4. Whoever counterfeits, or performs any part of the process of counterfeiting, the Queen's or the Company's coin, shall be punished with transportation for life or with imprisonment of either description for a term which may extend to ten years, and shall also be liable to fine.

[মহারাণীর কি কোম্পানির মুদ্রা কৃত্রিম করণ।]

৪। যে কেহ মহারাণীর কি কোম্পানির মুদ্রা কৃত্রিম করে কি কৃত্রিম করিবার কার্য্যের কিছু করে, সে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড পাইবেক, কিম্বা দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[Making or selling instrument for counterfeiting coin.]

5. Whoever makes, mends, or performs any part of the process of making or mending, or buys, sells, or disposes of, any die or instrument, for the purpose of being used, or knowing or having reason to believe that it is intended to be used, for the purpose of counterfeiting coin shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[মুদ্রা কৃত্রিম করিবার যন্ত্র গড়ন কি বিক্রয় করণ।]

৫। মুদ্রা কৃত্রিম করিবার কার্য্যে ব্যবহার হইবার নিমিত্তে, কি ব্যবহার হইবার অভিপ্রায়ে হইয়াছে জানিয়া কি বিশ্বাস করিবার কারণ পাইয়া, যে কেহ কোন ছেনী কি যন্ত্র গড়ায় কি সারায়, কিম্বা গড়াইবার কি সারাইবার কার্য্যের কিছু করে, কিম্বা ক্রয় কি বিক্রয় করে, কি হস্তান্তর করে, সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[Making or selling instrument for counterfeiting Queen's or Company's coin.]

6. Whoever makes, mends, or performs any part of the process of making or mending, or buys, sells, or disposes of, any die or instrument, for the purpose of being used, or having reason to believe that it is intended to be used, for the purpose of making or counterfeiting the Queen's or the Company's coin, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[মহারাণীর কি কোম্পানির মুদ্রা কৃত্রিম করিবার যন্ত্র গড়ন কি বিক্রয় করণ।]

৬। মহারাণীর কি কোম্পানির মুদ্রা করিবার কি কৃত্রিম করিবার কার্য্যে ব্যবহার হইবার নিমিত্তে, কি ব্যবহার হইবার অভিপ্রায়ে হইয়াছে জানিয়া কি বিশ্বাস করিবার কারণ পাইয়া, যে কেহ কোন ছেনী কি যন্ত্র গড়ায় কি সারায়, কিম্বা গড়াইবার কি সারাইবার কার্য্যের কিছু করে, কিম্বা ক্রয় কি বিক্রয় কি হস্তান্তর করে, সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[Possession of instrument or material for the purpose of using the same for counterfeiting coin.]

7. Whoever is in possession of any instrument or material, for the purpose of using the same for counterfeiting coin, or knowing or having reason to believe that the same is intended to be used for that purpose, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine; and if the coin to be counterfeited is the Queen's or the Company's coin, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[মুদ্রা কৃত্রিম করিবার জন্যে ব্যবহার হইবার নিমিত্তে কোন যন্ত্র কি দ্রব্য নিকটে রাখণ।]

৭। মুদ্রা কৃত্রিম করিবার কার্য্যে কোন যন্ত্র কি দ্রব্য ব্যবহার হইবার নিমিত্তে, কিম্বা সেই কর্ম্মেতে ব্যবহার হইবার অভিপ্রায় আছে জানিয়া, কিম্বা তাহা বিশ্বাস করিবার কারণ পাইয়া, যে কোন লোকের নিকটে সেইরূপ কোন যন্ত্র কি দ্রব্য থাকে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। আর যে মুদ্রা কৃত্রিম করিবার কল্পনা হয় তাহা যদি মহারাণীর কি কোম্পানির মুদ্রা হয়, তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[Abetting in India the counterfeiting out of India of Queen's or Company's coin.]

8. Whoever being within British India abets the counterfeiting, out of British India, of the Queen's or the Company's coin, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Import or export of counterfeit coin.]

9. Whoever imports into British India, or exports therefrom, any counterfeit coin, knowing the same to be counterfeit, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Import or export of counterfeits of the Queen's or Company's coin.]

10. Whoever imports into British India, or exports therefrom, any counterfeit coin which he knows to be a counterfeit of the Queen's or the Company's coin, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Delivery to another of coin possessed with the knowledge that it is counterfeit.]

11. Whoever, having any counterfeit coin, which at the time when he became possessed of it he knew to be counterfeit, delivers the same to any person, or attempts to induce any person to receive it, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine, and if he delivers the same to any other person as genuine, or attempts to induce any other person to receive it as genuine, shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, and shall also be liable to fine.

[Delivery of Queen's or Company's Coin possessed with the knowledge that it is counterfeit.]

12. Whoever, having any counterfeit coin which is a counterfeit of the Queen's or the Company's coin, and which, at the time when he became possessed of it, he knew to be a counterfeit of the Queen's or the Company's coin, delivers the same to any person, or attempts to induce any person to receive it, shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, and shall also be liable to fine; and if he delivers the same to any other person as genuine, or attempts to induce any other person to receive it as genuine, shall be punished with imprisonment of either description for a term which may extend to ten years, and shall also be liable to fine.

[Delivery to another of coin as genuine which when first possessed the deliverer did not know to be counterfeit.]

13. Whoever delivers to any other person as genuine, or attempts to induce any other person

[ভারতবর্ষের বাহিরে মহারাণীর কি কোম্পানির মুদ্রা কৃত্রিম করিতে ভারতবর্ষের মধ্যে সহায়তা করিলে।]

৮। যে কেহ ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের মধ্যে থাকিয়া, ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের বাহিরে মহারাণীর কি কোম্পানির মুদ্রা কৃত্রিম করিবার সহায়তা করে, সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কৃত্রিম মুদ্রা আমদানী কি রপ্তানী করণ।]

৯। যে কেহ কোন মুদ্রা কৃত্রিম জানিয়া সেই মুদ্রা ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষে আমদানী করে কি তথাহইতে রপ্তানী করে, সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[মহারাণীর কি কোম্পানির মুদ্রার কৃত্রিম মুদ্রা আমদানী কি রপ্তানী করণ।]

১০। যে কেহ কোন মুদ্রা মহারাণীর কি কোম্পানির মুদ্রার কৃত্রিম জানিয়া সেই মুদ্রা ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষে আমদানী করে কি তথাহইতে রপ্তানী করে, সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদ কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কোন মুদ্রা কৃত্রিম জানিয়া কোন লোক পাইয়া অন্য লোককে দিলে।]

১১। কোন লোকের নিকটে যদি কৃত্রিম মুদ্রা থাকে আর সে যে সময়ে তাহা পাইয়াছিল সেই সময়ে তাহা কৃত্রিম জানিয়াছিল, তবে সেই লোক সেই মুদ্রা কোন লোককে দিলে কি কোন লোককে তাহা লইতে প্রবৃত্তি দিবার উদ্যোগ করিলে, তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। আর যদি সেই লোক তাহা অকৃত্রিম মুদ্রা বলিয়া অন্য কোন ব্যক্তিকে দেয় কিম্বা অকৃত্রিম মুদ্রাস্বরূপে অন্য কোন ব্যক্তিকে তাহা লইতে প্রবৃত্তি দিবার উদ্যোগ করে, তবে সেই লোক পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[মহারাণীর কি কোম্পানির কোন মুদ্রা কৃত্রিম জানিয়া কোন লোক পাইয়া অন্য লোককে দিলে।]

১২। মহারাণীর কিম্বা কোম্পানির মুদ্রার কৃত্রিম মুদ্রা যদি কোন লোকের নিকটে থাকে ও সে যে সময়ে তাহা পাইয়াছিল সেই সময়ে তাহা মহারাণীর কি কোম্পানির মুদ্রার কৃত্রিম জানিয়াছিল, তবে সেই লোক সেই মুদ্রা কোন ব্যক্তিকে দিলে কি কোন ব্যক্তিকে তাহা লইতে প্রবৃত্তি দিবার উদ্যোগ করিলে, পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। ও যদি সেই লোক ঐ মুদ্রা অকৃত্রিম বলিয়া অন্য ব্যক্তিকে দেয় কি অকৃত্রিম মুদ্রাস্বরূপ তাহা অন্য কোন ব্যক্তিকে লইতে প্রবৃত্তি দিবার উদ্যোগ করে তবে সে দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[যে জন মুদ্রা দেয় সে যখন মুদ্রা প্রথমে পাইয়াছিল তখন তাহা কৃত্রিম জানিল না, পরে সেই মুদ্রা অকৃত্রিম বলিয়া অন্য লোককে দেয়।]

১৩। কোন লোক কৃত্রিম মুদ্রা যে সময়ে পাইয়াছিল সেই সময়ে তাহা কৃত্রিম জানিল না, পরে তাহা কৃত্রিম

to receive as genuine, any counterfeit coin, which he knows to be counterfeit, but which he did not know to be counterfeit at the time when he took it into his possession, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine to an amount which may extend to ten times the value of the coin counterfeited, or with both.

Illustration.

A, a coiner, delivers counterfeit Company's Rupees to his accomplice B, for the purpose of uttering them. B sells the Rupees to C, another utterer, who buys them, knowing them to be counterfeit. C pays away the Rupees for goods to D, who receives them not knowing them to be counterfeit. D, after receiving the Rupees, discovers that they are counterfeit, and pays them away as if they were good. Here D is punishable only under this Clause, but B and C are punishable under Clause 11 or 12, as the case may be.

[Possession of counterfeit coin by a person who knew it to be counterfeit when he became possessed thereof.]

14. Whoever is in possession of counterfeit coin, having known at the time when he became possessed thereof that such coin was counterfeit, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Possession of Queen's or Company's coin by a person who knew it to be counterfeit when he became possessed thereof.]

15. Whoever is in possession of counterfeit coin which is a counterfeit of the Queen's or the Company's coin, having known at the time when he became possessed of it that it was counterfeit, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Person employed in a mint causing coin to be of a different weight or composition from that fixed by law.]

16. Whoever, being employed in any mint lawfully established in British India, does any act, or omits what he is legally bound to do, with the intention of causing any coin issued from that mint to be of a different weight or composition from the weight or composition fixed by law, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Unlawfully taking from a mint any coining instrument.]

17. Whoever without lawful authority takes out of any mint, lawfully established in British India, any instrument appearing on the face of it to be intended for the purpose of making coin, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[*Government Gazette*, 28th *April*, 1857.]

জানিয়াও অকৃত্রিম বলিয়া অন্য কোন ব্যক্তিকে দেয়, কিম্বা অকৃত্রিম বলিয়া তাহা গ্রহণ করিতে অন্য কোন লোককে প্রবৃত্তি দিবার উদ্যোগ করে, সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা ঐ কৃত্রিমকরা মুদ্রার মূল্যের দশগুণপর্য্যন্ত তাহার জরীমানা হইবেক কিম্বা তাহার উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

মুদ্রা জারবকারি কালুনামক এক জন কর্ত্তৃক কৃত্রিম কোম্পানির টাকা চালাইবার জন্যে আপনার সহকারি গোপালকে দেয়। গোপাল সেই টাকা চাঁদনামক কৃত্রিম টাকা চালাইবার ব্যবসায়ি এক লোককে বেচে। চাঁদ তাহা কৃত্রিম জানিয়া ক্রয় করে ও রাম নামক এক ব্যক্তিকে কোন মালের জন্যে ঐ টাকা দেয়, রাম কৃত্রিম না জানিয়া ঐ টাকা লয় কিন্তু লইলে পর দেখে যে কৃত্রিম। পরে রাম সেই টাকা অকৃত্রিমমতে কোন লোককে দেয়। এই স্থলে রাম কেবল এই প্রকরণমতে দণ্ড পাইবেক। কিন্তু গোপাল ও চাঁদ ১১ কিম্বা বিষয়বিশেষে ১২ প্রকরণমতে দণ্ড পাইবেক।

[যে লোক মুদ্রা পাইবার সময়ে তাহা কৃত্রিম জানে তাহার নিকটে ঐ কৃত্রিম মুদ্রা থাকন।]

১৪। যদি কোন লোকের নিকটে কৃত্রিম মুদ্রা থাকে ও সেই লোক যে সময়ে তাহা পাইয়াছিল সেই সময়ে তাহা কৃত্রিম জানিয়াছিল, তবে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[যে লোক মহারাণীর কি কোম্পানির মুদ্রা পাইবার সময়ে তাহা কৃত্রিম জানে তাহার নিকটে ঐ কৃত্রিম মুদ্রা থাকন।]

১৫। যদি কোন লোকের নিকটে মহারাণীর কি কোম্পানির মুদ্রার কৃত্রিম মুদ্রা থাকে ও যে সময়ে তাহা পাইয়াছিল সেই সময়ে সে তাহা কৃত্রিম জানিয়াছিল, তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[টাকশালে নিযুক্ত লোক, মুদ্রা যে ওজনের ও যে ধাতুর গড় লইয়া আইনমতে হইবেক, তদ্ভিন্ন অন্য ওজনের কি অন্য প্রকারে মুদ্রা করাইলে।]

১৬। যদি কোন লোক ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের মধ্যে আইনমতের স্থাপিত কোন টাকশালে নিযুক্ত হইয়া, আইনমতে যে মুদ্রার যত ওজন কি যে মুদ্রাতে যে ধাতুর যত থাকিবেক নিৰ্দ্ধাৰ্য্য হইয়াছে তদ্ভিন্ন অন্য ওজনের কি অন্যরূপে মিশ্রিত ধাতুর কোন মুদ্রা সেই টাকশালহইতে বাহির করিবার অভিপ্রায়ে কোন কর্ম্ম করে কিম্বা যাহা করিতে আইনমতে বদ্ধ আছে তাহা না করে, তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[মুদ্রা তৈয়ার করিবার কোন যন্ত্র টাকশালহইতে বেআইনীমতে বাহির করিয়া লইলে।]

১৭। যে যন্ত্র মুদ্রা করিবার নিমিত্ত যন্ত্র আছে স্পষ্ট দেখা যায়, এমত কোন যন্ত্র যদি কোন লোক আইনসিদ্ধ ক্ষমতা না পাইয়া ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের মধ্যে আইনমতের স্থাপিত কোন টাকশালহইতে বাহির করিয়া লয়, তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[Fraudulently diminishing the weight or altering the composition of any coin.]

18. Whoever fraudulently performs on any coin any operation which diminishes the weight or alters the composition of that coin, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

Explanation. A person who scoops out part of the coin, and puts any thing else into the cavity, changes the composition of that coin.

[Fraudulently diminishing the weight or altering the composition of the Queen's or the Company's coin.]

19. Whoever fraudulently performs on any of the Queen's or the Company's coin, any operation which diminishes the weight or alters the composition of that coin, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Altering appearance of any coin with intent that it shall pass as a coin of a different description.]

20. Whoever performs on any coin any operation which alters the appearance of that coin, with the intention that the said coin shall pass as a coin of a different description, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Altering appearance of the Queen's or the Company's coin with intent that it shall pass as a coin of a different description.]

21. Whoever performs on any of the Queen's or the Company's coin any operation which alters the appearance of that coin, with the intention that the said coin shall pass as a coin of a different description, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Delivery to another of coin possessed with the knowledge that it is altered.]

22. Whoever, having coin in his possession with respect to which the offence defined in Clause 18 or 20 has been committed, and having known at the time when he became possessed of such coin that such offence had been committed with respect to it, delivers such coin to any other, or attempts to induce any other to receive the same, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine; and if he delivers such coin to any other person as genuine, or as a coin of a different description, or attempts to induce any other person to receive the same as a genuine coin, or as a coin of a different description, shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, and shall also be liable to fine.

[কোন মুদ্রার ওজন প্রবঞ্চনাপূর্ব্বক কম করিলে কিম্বা যে ধাতুর যত লইয়া করিতে হয় তাহা পরিবর্ত্তন করিলে।]

১৮। যে কেহ কোন মুদ্রাতে এমত কোন কার্য্য করে যে তাহাতে সেই মুদ্রার ওজন কম হয় কি যে ধাতুর যত লইয়া মুদ্রা করিতে হয় তাহা পরিবর্ত্ত হয়, সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

ব্যাখ্যা। যদি কোন লোক মুদ্রা কুরিয়া ছিদ্রেতে অন্য কিছু দেয়, তবে ঐ মুদ্রা যে ধাতুর যত লইয়া করিতে হয় তাহা ঐ লোক পরিবর্ত্ত করে।

[মহারাণীর কি কোম্পানির মুদ্রার ওজন প্রবঞ্চনাপূর্ব্বক কম করিলে কিম্বা যে ধাতুর যত লইয়া হয় তাহা পরিবর্ত্তন করিলে।]

১৯। যে কেহ মহারাণীর কি কোম্পানির কোন মুদ্রাতে এমত কোন কার্য্য করে যে তাহাতে সেই মুদ্রার ওজন কম হয়, কিম্বা যে ধাতুর যত লইয়া মুদ্রা করিতে হয় তাহা পরিবর্ত্ত হয়, সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কোন মুদ্রা অন্য প্রকারের মুদ্রার মতে দেখাইবার অভিপ্রায়ে তাহার রূপ পরিবর্ত্ত করিলে।]

কোন মুদ্রা অন্য প্রকারের মুদ্রার মতে চালাইবার অভিপ্রায়ে যদি কেহ সেই মুদ্রাতে এমত কার্য্য করে যে তাহার রূপ পরিবর্ত্ত হয়, তবে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[মহারাণীর কি কোম্পানির কোন মুদ্রা অন্য প্রকারের মুদ্রার মতে দেখাইবার অভিপ্রায়ে তাহার রূপ পরিবর্ত্ত করিলে।]

২১। মহারাণীর কি কোম্পানির কোন মুদ্রা অন্য প্রকারের মুদ্রার মতে চালাইবার অভিপ্রায়ে যদি কেহ সেই মুদ্রাতে এমত কার্য্য করে যে তাহার রূপ পরিবর্ত্ত হয়, তবে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কোন লোক যে সময়ে মুদ্রা পাইয়াছিল সেই সময়ে তাহা পরিবর্ত্ত করা মুদ্রা জানিয়াও অন্যকে দিলে।]

২২। যে মুদ্রা লইয়া ১৮ কি ২০ প্রকরণের লিখিত অপরাধ হইয়াছে এমত কোন মুদ্রা যদি কোন লোকের নিকটে থাকে, ও সেই মুদ্রা লইয়া ঐ অপরাধ করা গিয়াছে এই কথা যে সময়ে তাহা পাইয়াছিল সেই সময়ে যদি জানিয়া থাকে, ও সেই লোক যদি সেই মুদ্রা অন্য কোন ব্যক্তিকে দেয়, কিম্বা তাহা গ্রহণ করিতে অন্য কোন ব্যক্তিকে প্রবৃত্তি দিবার উদ্যোগ করে, তবে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। আর যদি সেই লোক ঐ মুদ্রা অকৃত্রিম বলিয়া কিম্বা অন্য প্রকারের মুদ্রা বলিয়া অন্য কোন ব্যক্তিকে দেয়, কিম্বা সেই মুদ্রা অকৃত্রিম বলিয়া কি অন্য প্রকারের মুদ্রা বলিয়া গ্রহণ করিতে অন্য কোন ব্যক্তিকে প্রবৃত্তি দিবার উদ্যোগ করে, তবে সেই লোক পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬১। ২৮ আপ্রিল।]

[Delivery of Queen's or Company's coin possessed with the knowledge that it is altered.]

23. Whoever, having coin in his possession with respect to which the offence defined in Clause 19 or 21 has been committed, and having known at the time when he became possessed of such coin that such offence had been committed with respect to it, delivers such coin to any other, or attempts to induce any other to receive the same, with the intention that such coin may be passed as if no such offence had been committed with respect to it, shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, and shall also be liable to fine; and if he delivers such coin to any other person as genuine, or as a coin of a different description, or attempts to induce any other person to receive it as genuine or as a coin of a different description, shall be punished with imprisonment of either description for a term which may extend to ten years, and shall also be liable to fine.

[Possession of altered coin by a person who knew it to be altered when he became possessed thereof.]

24. Whoever is in possession of coin with respect to which the offence defined in either of the Clauses 18 or 20 has been committed, having known at the time of becoming possessed thereof that such offence had been committed with respect to such coin, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Possession of Queen's or Company's coin by a person who knew it to be altered when he became possessed thereof.]

25. Whoever is in possession of coin with respect to which the offence defined in either of the Clauses 19 or 21 has been committed, having known at the time of becoming possessed thereof that such offence had been committed with respect to such coin, shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, and shall also be liable to fine.

[Delivery to another of coin as genuine which, when first possessed, the deliverer did not know to be altered.]

26. Whoever delivers to any other person as genuine, or as a coin of a different description to what it is, or attempts to induce any person to receive as genuine, or as a different coin to what it is, any coin in respect of which he knows any such operation as that mentioned in Clause 18, 19, 20, or 21 has been performed, but in respect of which he did not, at the time when he took it into his possession, know that such operation had been performed, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine to an amount which may extend to ten times the value of the

[কোন লোক যে সময়ে মুদ্রা পাইয়াছিল সেই সময়ে তাহা মহারাণীর কি কোম্পানির পরিবর্ত্তকরা মুদ্রা জানিয়াও অন্যকে দিলে।]

২৩। যে মুদ্রা লইয়া ১৯ কি ২১ প্রকরণের লিখিত অপরাধ হইয়াছে এমত কোন মুদ্রা যদি কোন লোকের নিকটে থাকে ও সেই মুদ্রা লইয়া ঐ অপরাধ করা গিয়াছে এই কথা যে সময়ে তাহা পাইয়াছিল সেই সময়ে যদি জানিয়া থাকে, ও সেই মুদ্রা লইয়া ঐরূপ কোন অপরাধ না হইবার মতে চালাইবার অভিপ্রায়ে যদি সেই লোক সেই মুদ্রা অন্য কোন ব্যক্তিকে দেয় কি তাহা গ্রহণ করিতে অন্য কোন ব্যক্তিকে প্রবৃত্তি দিবার উদ্যোগ করে, তবে সে পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। ও যদি সেই লোক ঐ মুদ্রা অকৃত্রিমমতে কিম্বা অন্য প্রকারের মুদ্রামতে অন্য কোন ব্যক্তিকে দেয়, কিম্বা ঐ মুদ্রা অকৃত্রিমমতে কি অন্য প্রকারের মুদ্রামতে গ্রহণ করিতে অন্য কোন ব্যক্তিকে প্রবৃত্তি দিবার উদ্যোগ করে, তবে সে দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[যে লোক মুদ্রা পাইবার সময়ে তাহা পরিবর্ত্তকরা মুদ্রা জানে তাহার নিকটে ঐ পরিবর্ত্তকরা মুদ্রা থাকিলে।]

২৪। যে মুদ্রা লইয়া ১৮ কি ২০ প্রকরণের লিখিত অপরাধ হইয়াছে এমত কোন মুদ্রা যদি কোন লোকের নিকটে থাকে ও সেই মুদ্রা লইয়া ঐ অপরাধ করা গিয়াছে এই কথা সেই লোক যে সময়ে ঐ মুদ্রা পাইয়াছিল সেই সময়ে যদি জানিয়া থাকে, তবে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[যে লোক মহারাণীর কি কোম্পানির মুদ্রা পাইবার সময়ে তাহা পরিবর্ত্তকরা মুদ্রা জানে তাহার নিকটে ঐ পরিবর্ত্তকরা মুদ্রা থাকিলে।]

২৫। যে মুদ্রা লইয়া ১৯ কি ২১ প্রকরণের লিখিত অপরাধ হইয়াছে এমত কোন মুদ্রা যদি কোন লোকের নিকটে থাকে, ও সেই মুদ্রা লইয়া ঐ অপরাধ করা গিয়াছে এই কথা ঐ লোক যে সময়ে ঐ মুদ্রা পাইয়াছিল সেই সময়ে যদি জানিয়া থাকে, তবে সে পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কোন লোক যে সময়ে মুদ্রা পাইয়াছিল সেই সময়ে তাহা পরিবর্ত্তকরা না জানিয়া তাহা অকৃত্রিম মুদ্রামতে অন্য ব্যক্তিকে দিলে।]

২৬। যে মুদ্রা লইয়া ১৮ কি ১৯ কি ২০ কি ২১ প্রকরণের লিখিত কোন কার্য্য হইয়াছে এমত কোন মুদ্রা কোন লোক যে সময়ে গ্রহণ করিয়াছিল সেই সময়ে যদি সেই মুদ্রা লইয়া ঐ প্রকারের কার্য্য হইয়াছে ইহা জানিত না, কিন্তু পরে ঐ প্রকারের কার্য্য হইয়াছে জানিয়াও সেই মুদ্রা অকৃত্রিমমতে, কিম্বা যে প্রকারের মুদ্রা আছে তদ্ভিন্ন অন্য প্রকারের মুদ্রামতে তাহা অন্য কোন ব্যক্তিকে দেয়, কিম্বা অকৃত্রিম মুদ্রামতে কিম্বা অন্য প্রকারের মুদ্রামতে তাহা গ্রহণ করিতে কোন ব্যক্তিকে প্রবৃত্তি দিবার উদ্যোগ করে, তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা ঐ পরিবর্ত্তকরা মুদ্রা যে মুদ্রার ন্যায় চালান যায়

coin for which the altered coin is passed, or attempted to be passed.

[Counterfeiting a Government stamp.]

27. Whoever counterfeits, or performs any part of the process of counterfeiting, any Government stamp or any stamp from which the Government derives a revenue, shall be punished with transportation for life, or with imprisonment of either description for a term which may extend to ten years, and shall also be liable to fine.

[Having possession of an instrument or material for the purpose of counterfeiting a Government stamp.]

28. Whoever has in his possession any instrument or material, for the purpose of being used, or knowing or having reason to believe that it is intended to be used, for the purpose of counterfeiting any Government stamp or any stamp from which the Government derives a revenue, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Making or selling instrument for the purpose of counterfeiting a Government stamp.]

29. Whoever makes or performs any part of the process of making, or buys, or sells, or disposes of, any instrument, for the purpose of being used, or knowing or having reason to believe that it is intended to be used, for the purpose of counterfeiting any Government stamp or any stamp from which the Government derives a revenue, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Sale of counterfeit Government stamp.]

30. Whoever sells, or offers for sale, any stamp which he knows to be a counterfeit of any Government stamp or any stamp from which the Government derives a revenue, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Having possession of a counterfeit Government stamp.]

31. Whoever has in his possession any stamp which he knows to be a counterfeit of any Government stamp or any stamp from which the Government derives a revenue, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Using as genuine a Government stamp known to be counterfeit.]

32. Whoever uses as genuine any stamp, knowing it to be a counterfeit of any Government stamp or any stamp from which the Government derives a revenue, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[Effacing any writing from a substance bear-

কি চালাইবার উদ্যোগ হয় তাহার মূল্যের দশ গুণপর্য্যন্ত তাহার জরীমানা হইবেক।

[গবর্ণমেণ্টের ইষ্টাম্প জাল করণ।]

২৭। যে কেহ গবর্ণমেণ্টের কোন ইষ্টাম্প, কিম্বা যে ইষ্টাম্পহইতে গবর্ণমেণ্ট কিছু রাজস্ব পান এমত কোন ইষ্টাম্প জাল করে কি জাল করিবার কার্য্যের কিছু করে, সেই লোকের যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড হইবেক, কিম্বা সে দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[গবর্ণমেণ্টের ইষ্টাম্প জাল করিবার কোন যন্ত্র কি দ্রব্য নিকটে রাখণ।]

২৮। গবর্ণমেণ্টের কোন ইষ্টাম্প, কিম্বা যে ইষ্টাম্পহইতে গবর্ণমেণ্ট কিছু রাজস্ব পান এমত কোন ইষ্টাম্প যদি কোন লোক জাল করিবার কার্য্যে ব্যবহার হইবার নিমিত্তে, কিম্বা সেই কর্ম্মেতে ব্যবহার হইবার অভিপ্রায়ে আছে জানিয়া কিম্বা তাহা বিশ্বাস করিবার কারণ পাইয়া, কোন যন্ত্র কি দ্রব্য নিকটে রাখে, তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[গবর্ণমেণ্টের ইষ্টাম্প জাল করিবার জন্যে কোন যন্ত্র করিলে কি বিক্রয় করিলে।]

২৯। গবর্ণমেণ্টের কোন ইষ্টাম্প, কিম্বা যে ইষ্টাম্পহইতে গবর্ণমেণ্ট কিছু রাজস্ব পান এমত কোন ইষ্টাম্প জাল করিবার কার্য্যে ব্যবহার হইবার নিমিত্তে কিম্বা ব্যবহার হইবার অভিপ্রায়ে আছে জানিয়া কি বিশ্বাস করিবার কারণ পাইয়া, যে কেহ কোন যন্ত্র করে কি করিবার কার্য্যের কিছু করে কি ক্রয় কি বিক্রয় কি হস্তান্তর করে, সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[জালকরা গবর্ণমেণ্টের ইষ্টাম্প বিক্রয় করণ।]

৩০। গবর্ণমেণ্টের কোন ইষ্টাম্প কি যে ইষ্টাম্পহইতে গবর্ণমেণ্ট কিছু রাজস্ব পান এমত কোন ইষ্টাম্প জালকরা জানিয়া যে কেহ বিক্রয় করে কি বিক্রয় করিবার প্রস্তাব করে, সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[জালকরা গবর্ণমেণ্টের ইষ্টাম্প নিকটে রাখিলে।]

৩১। গবর্ণমেণ্টের কোন ইষ্টাম্প কি যে ইষ্টাম্পহইতে গবর্ণমেণ্ট কিছু রাজস্ব পান এমত কোন ইষ্টাম্প জালকরা জানিয়া যে কেহ আপনার নিকটে রাখে, সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[গবর্ণমেণ্টের ইষ্টাম্প জালকরা জানিয়া প্রকৃত ইষ্টাম্পের মত ব্যবহার করিলে।]

৩২। গবর্ণমেণ্টের কোন ইষ্টাম্প কিম্বা যে ইষ্টাম্পহইতে গবর্ণমেণ্ট কিছু রাজস্ব পান এমত কোন ইষ্টাম্প যে কেহ জালকরা জানিয়া তাহা প্রকৃত ইষ্টাম্পের ন্যায় ব্যবহার করে, সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[গবর্ণমেণ্টের অপচয় ক্ষতি করিবার অভিপ্রায়ে যা-

ing a Government Stamp or removing from a document a stamp used for it, with intent to cause wrongful loss to Government.]

33. Whoever, intending to cause wrongful loss to the Government, removes or effaces from any substance bearing a Government stamp, or any stamp from which the Government derives a revenue, any writing or document for which such stamp has been used, or removes from any writing or document a stamp which has been used for such writing or document, in order that such stamp may be used for a different writing or document, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with a fine, or with both.

[Using a Government stamp known to have been before used.]

34. Whoever, intending to cause wrongful loss to the Government, uses for any purpose a stamp which he knows to have been before used, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with a fine, or with both.

[Erasure of mark denoting that stamp has been used.]

35. Whoever, intending to cause wrongful loss to Government, erases or removes from a stamp any mark put or impressed upon such stamp for the purpose of denoting that the same has been used, or knowingly has in his possession, or sells or disposes of, any stamp from which such mark has been erased or removed, or sells or disposes of any stamp which he knows to have been used, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with a fine, or with both.

CHAPTER XIII.

OF OFFENCES RELATING TO WEIGHTS AND MEASURES.

[False weight or measure.]

1. It is unlawful to use dishonestly any false instrument for weighing, or any false weight or measure.

[Fraudulent use of false instrument for weighing.]

2. Whoever fraudulently uses any instrument for weighing which he knows to be false, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or both.

[Fraudulent use of false weight or measure.]

3. Whoever fraudulently uses any false weight or false measure of length or capacity, or fraudulently uses any weight or any measure of length or capacity as a different weight or measure from what it is, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or both.

হার উপর গবর্ণমেণ্টের ইষ্টাম্প থাকে তাহাহইতে কোন লিখন উঠাইয়া দিলে কি যে দলীলে ইষ্টাম্প দেওয়া গিয়াছে তাহাহইতে ইষ্টাম্প তুলিয়া লইলে]

৩৩। গবর্ণমেণ্টের ইষ্টাম্প কিম্বা গবর্ণমেণ্ট যাহা-হইতে কিছু রাজস্ব পান এমত কোন ইষ্টাম্প যে লিখন কি দলীলের নিমিত্তে ব্যবহার হইয়াছে তাহা যে কেহ ঐ ইষ্টাম্পযুক্ত দ্রব্যহইতে গবর্ণমেণ্টের অন্যায্য ক্ষতি করিবার অভিপ্রায়ে তুলিয়া কি উঠাইয়া লয়, কিম্বা কোন লিপিতে কি দলীলে যে ইষ্টাম্প দেওয়া গিয়াছে সেই ইষ্টাম্প অন্য লিপিতে কি দলীলে ব্যবহার করিবার জন্য যে কেহ সেই ইষ্টাম্প তুলিয়া লয়, সে তিন বৎসর-পর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[গবর্ণমেণ্টের ইষ্টাম্প পূর্ব্বে ব্যবহার হইয়াছিল জানিয়া তাহা পুনরায় ব্যবহার করিলে।]

৩৪। কোন ইষ্টাম্প একবার ব্যবহার হইয়াছিল জানিয়া যদি কোন লোক গবর্ণমেণ্টের অন্যায্য ক্ষতি করিবার অভিপ্রায়ে কোন কার্য্যের নিমিত্তে সেই ইষ্টাম্প ব্যবহার করে, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[ইষ্টাম্প ব্যবহার হইয়াছে ইহা দেখাইবার চিহ্ন উঠাইয়া দেওন।]

৩৫। কোন ইষ্টাম্প ব্যবহার হইয়াছে ইহা দেখাইবার যে কোন চিহ্ন ঐ ইষ্টাম্পের উপর দেওয়া গিয়াছে কি ছাপা হইয়াছে তাহা যদি কেহ গবর্ণমেণ্টের অন্যায্য ক্ষতি করিবার অভিপ্রায়ে কাটিয়া ফেলে কি উঠাইয়া দেয়, কিম্বা ঐ চিহ্ন যে ইষ্টাম্পহইতে কাটিয়া ফেলা গিয়াছে কি উঠাইয়া দেওয়া গিয়াছে এমত ইষ্টাম্প যদি কেহ জানিয়াশুনিয়া নিকটে রাখে কি বিক্রয় কি হস্তান্তর করে, কিম্বা কোন ইষ্টাম্প পূর্ব্বে ব্যবহার হইয়াছে জানিয়া যদি কেহ তাহা বিক্রয় কি হস্তান্তর করে, তবে সে তিন বৎসর-পর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

---

১৩ অধ্যায়।

ওজন ও মাপ করণ সম্পর্কীয় অপরাধের কথা।

[অপ্রকৃত বাটখারা কি মাপিবার বস্তু।]

১। ওজন করিবার কোন অপ্রকৃত বস্তু কিম্বা অপ্রকৃত কোন বাটখারা কি মাপ অন্যায়রূপে ব্যবহার করা বেআইনী কর্ম্ম হয়।

[ওজন করিবার অপ্রকৃত বস্তু চাতুরীপূর্ব্বক ব্যবহার করা।]

২। দাঁড়ি পাল্লা প্রভৃতি ওজন করিবার কোন বস্তু অপ্রকৃত জানিয়া যদি কেহ চাতুরীপূর্ব্বক ব্যবহার করে, তবে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[অপ্রকৃত বাটখারা কি মাপ চাতুরীপূর্ব্বক ব্যবহার করা।]

৩। যে কেহ কোন অপ্রকৃত বাটখারা, কি কাপড় কি ধান্যপ্রভৃতি মাপিবার জন্যে কোন অপ্রকৃত গজ কাঠা পালি প্রভৃতি ব্যবহার করে, কিম্বা যে বাটখারার যত ওজনের আছে কি যে গজ প্রভৃতি যে পরিমাণের হয় তদ্ভিন্ন অন্য বাটখারার মত কি অন্য মাপ বলিয়া যে কেহ কোন বাটখারা কি মাপ প্রবঞ্চনাপূর্ব্বক ব্যবহার করে, সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Being in possession of false weights or measures.]

4. Whoever is in possession of any instrument for weighing, or of any weight, or of any measure of length or capacity, which he knows to be false, and which he intends to use fraudulently, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or both.

[Making or selling false weights or measures.]

5. Whoever makes, sells, or disposes of, any instrument for weighing, or any weight, or any measure of length or capacity which he knows to be false, in order that the same may be used as true, or knowing that the same is likely to be used as true, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or both.

[অপ্রকৃত ওজন কি মাপ কাছে রাখিলে।]

৪। ওজন করিবার কোন যন্ত্র কিম্বা কোন বাটখারা কি গজ কাঠা পালি প্রভৃতি যদি কোন লোকের কাছে থাকে ও সে তাহা অপ্রকৃত জানে ও তাহার প্রবঞ্চনাপূর্ব্বক ব্যবহার করিবার অভিপ্রায় থাকে, তবে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[অপ্রকৃত বাটখারা গজ প্রভৃতি করিয়া বিক্রয় করিলে।]

৫। ওজন করিবার কোন দাঁড়িপাল্লাপ্রভৃতি কি কোন বাটখারা কি গজ কাঠা পালিপ্রভৃতি কেহ অপ্রকৃত জানিয়া, যদি তাহা প্রকৃত বলিয়া ব্যবহার হইবার জন্য, কিম্বা প্রকৃত বলিয়া ব্যবহার হইবার সম্ভাবনা, জানিয়া প্রস্তুত করে কি বিক্রয় কি হস্তান্তর করে, তবে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

CHAPTER XIV.

OF OFFENCES AFFECTING THE PUBLIC HEALTH, SAFETY, CONVENIENCE, DECENCY, AND MORALS.

[Public nuisance.]

1. A person is guilty of a public nuisance, who does any act or is guilty of an illegal omission which causes any common injury, danger or reasonable annoyance to the public or to the people in general who dwell or occupy property in the vicinity, or which must necessarily cause injury, obstruction, danger, or annoyance to persons who may have occasion to use any public right.

A common nuisance is not excused on the ground that it causes some other convenience or advantage.

[Negligent act likely to spread infection of any disease dangerous to life.]

2 Whoever negligently does any act which is, and which he knows or has reason to believe to be likely to spread the infection of any disease dangerous to life, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine, or with both.

[Malignant act likely to spread infection of any disease dangerous to life]

3. Whoever malignantly does any act which is, and which he knows or has reason to believe to be likely to spread the infection of any disease dangerous to life, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[Disobedience to a quarantine rule.]

4. Whoever knowingly disobeys any rule made and promulgated by the Government of India, or by the Local Government, for putting any vessel into a state of quarantine, or for regulating the intercourse of vessels in a state of quarantine with the shore, or with other vessels, or for regulating the intercourse between places where an infectious disease prevails, and

১৪ অধ্যায়।

সাধারণ লোকেরদের স্বাস্থ্যের কি নির্ব্বিঘ্নতার কি স্বচ্ছন্দতার কি লজ্জার কি সুনীতির বিঘ্নজনক অপরাধ।

[সাধারণের অনিষ্ট কর্ম্ম।]

১। সাধারণ লোকেরদের কি সাধারণমতে নিকট নিবাসি লোকেরদের কি নিকট সম্পত্তির দখীলকারেরদের কোন সাধারণ ক্ষতি কি সঙ্কট কি যুক্তিসিদ্ধমতে অনিষ্ট যাহাতে হয়, কিম্বা সাধারণ কোন স্বত্বক্রমে করিতে যাহারদের প্রয়োজন থাকে তাহারদের ক্ষতি কি বাধা কি সঙ্কট কি ক্লেশ যাহাতে অবশ্য হয়, এমত কোন কর্ম্ম যে কেহ অকর্ত্তব্য কর্ম্ম করিয়া কিম্বা কর্ত্তব্য কর্ম্ম করিতে বেআইনীমতে ত্রুটি করিয়া করে, সে লোক সাধারণের অনিষ্ট কর্ম্ম করিবার দোষী হয়।

অন্যপক্ষে স্বচ্ছন্দতা কি উপকার হয় বলিয়া সাধারণের অনিষ্ট কর্ম্ম করিবার ওজর হয় না।

[সাংঘাতিক রোগের সঞ্চার যাহাতে হইতে পারে এমত কর্ম্ম অমনোযোগে করণ।]

২। প্রাণনাশের সঙ্কটজনক কোন রোগ যে কর্ম্মেতে সঞ্চার হইতে পারে কি সঞ্চার হইবার সম্ভাবনা জানিয়া কি বিশ্বাস করিবার কারণ পাইয়া, যে কেহ সেই কর্ম্ম অমনোযোগে করে, সে ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কি তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সাংঘাতিক কোন রোগের সঞ্চার যাহাতে হইতে পারে এমত কর্ম্ম দ্বেষপূর্ব্বক করণ।]

৩। প্রাণনাশের সঙ্কটজনক কোন রোগ যে কর্ম্মেতে সঞ্চার হইতে পারে কি সঞ্চার হইবার সম্ভাবনা জানিয়া কি বিশ্বাস করিবার কারণ পাইয়া, যে কেহ সেই কর্ম্ম দ্বেষপূর্ব্বক করে, সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[কারাণ্টাইনের বিধি অমান্য করণ।]

৪। কোন জাহাজ কারাণ্টাইন অবস্থায় (অর্থাৎ যে জাহাজহইতে কোন রোগ সঞ্চার হইবার ভয় থাকে সেই জাহাজের লোকেরদের উত্তরিবার নিষেধ অবস্থায়) রাখিবার, কিম্বা স্থলের লোকেরদের সঙ্গে কি অন্য জাহাজের লোকেরদের সঙ্গে সেই অবস্থার জাহাজের লোকেরদের গতিবিধি করিবার, কিম্বা যেং স্থলে সঞ্চার রোগের প্রাদুর্ভাব থাকে তাহার ও অন্যং স্থলের পরস্পর গতিবিধি করিবার যে বিধি ভারতবর্ষের গবর্ণমেণ্ট

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২৮ আপ্রিল।]

other places, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine, or with both.

[Adulteration of food or drink for man, which is intended for sale.]

Whoever adulterates any article of food or drink, so as to make such article noxious as food or drink for man, intending to sell such article, or knowing it to be likely that the same will be sold as food or drink for man, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Sale of noxious food or drink.]

6. Whoever sells, or offers or exposes for sale, as food or drink for man, any article which has been rendered or has become noxious, or is in a state unfit for food or drink for man, knowing or having reason to believe that the same is noxious as food or drink for man, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Adulteration of drugs.]

7. Whoever adulterates any drug or medical preparation in such a manner as to lessen the efficacy or change the operation of such drug or medical preparation, or to make it noxious, intending that it shall be sold or used, or knowing it to be likely that it will be sold or used, for any medicinal purpose, as if it had not undergone such adulteration, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[To be continued.]

LEGISLATIVE COUNCIL.

THE 21ST MARCH, 1857.

THE following Bill was read a second time in the Legislative Council on the 21st March, 1857, and was referred to a Select Committee who are to report thereon after the 25th of May next:—

A Bill for the levy of Port-dues and fees in the Port of Calcutta.

[Preamble.]

WHEREAS it is necessary to fix the amount of the Port-dues and fees to be hereafter levied and taken in the Port of Calcutta in accordance with the provisions of Act XXII. of 1855; It is enacted as follows:—

[Port-due chargeable on sea-going vessels of 20 tons and upwards entering the Port.]

I. A Port-due, at a rate not exceeding the rate of four annas for every ton of burden, shall be chargeable in respect of every sea-going vessel of the burden of twenty tons and upwards which shall enter the said Port.

কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট করিয়া ও জারী করিয়া থাকিবেন এমত কোন বিধি যে কেহ জানিয়াশুনিয়া অমান্য করে সে ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক

[মনুষ্যেরদের আহারীয় কি পানীয় যে দ্রব্য বিক্রয়ের নিমিত্তে থাকে তাহাতে অন্য দ্রব্য মিশান।]

৫। যে কেহ আহারীয় কি পানীয় কোন দ্রব্য মনুষ্যেরদের আহারীয় কি পানীয় বলিয়া বিক্রয় করিবার অভিপ্রায়ে কি বিক্রয় হইতে পারিবেক জানিয়া, সেই দ্রব্যের সঙ্গে এমত কোন দ্রব্য মিশাল করিয়া দেয় যে মনুষ্যেরা আহার কি পান করিলে তাহা অস্বাস্থ্যজনক হয়, সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক।

[অস্বাস্থ্যজনক আহার কি পানীয় দ্রব্য বিক্রয় করণ।]

৬। যে কোন দ্রব্য অস্বাস্থ্যজনক করা গিয়াছে কি হইয়াছে কি মনুষ্যেরদের আহার কি পান করিবার অনুপযুক্ত হইয়াছে, এমত কোন দ্রব্য মনুষ্য আহার কি পান করিলে অস্বাস্থ্যজনক হয় জানিয়া কি এমত বিশ্বাস করিবার কারণ পাইয়া, যদি কেহ মনুষ্যেরদের আহারীয় কি পানীয় দ্রব্য বলিয়া বিক্রয় করে কি বিক্রয় হইবার জন্যে দিতে চাহে কি দেখায়, তবে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[বণিক দ্রব্যেতে অন্য দ্রব্য মিশান।]

৭। যদি কেহ কোন বণিকদ্রব্য কি ঔষধীয় প্রস্তুত দ্রব্যের মধ্যে অন্য দ্রব্য দিয়া এমত মিশাল করায় যে তাহাতে সেই দ্রব্যের কি ঔষধের গুণ খর্ব্ব হয় কি তাহার ফলপরিবর্ত্ত হয় কি তাহা অস্বাস্থ্যজনক হয়, আর যদি ইহাতে তাহার এমত অভিপ্রায় থাকে যে তাহা তদ্রূপ মিশ্রিত না হইবার মতে কোন ঔষধের ন্যায় বিক্রয় কি ব্যবহার হয়, কি যদি সে জানে যে তাহা তদ্রূপে বিক্রয় কি ব্যবহার হইতে পারিবেক তবে সে ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক.

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২১ মার্চ।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ২১ মার্চ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি মে মাসের ২৫ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

কলিকাতার বন্দরে বন্দরের মাসুল ও রসুম আদায় করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

ইঙ্গরেজী ১৮৫৫ সালের ২২ আইনের বিধিমতে বন্দরের যত মাসুল ও রসুম ইহার পরে কলিকাতার বন্দরে আদায় করিতে ও লইতে হইবেক তাহা নির্দ্ধার্য্য করা আবশ্যক, এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[২০ টন ও তাহার অধিক বোঝাইয়ের সমুদ্র গমনশীল জাহাজের উপর বন্দরের যত মাসুল লাগিবেক।]

১ ধারা। সমুদ্র গমনশীল ২০ টন ও তাহার অধিক বোঝাইধারি যেং জাহাজ উক্ত বন্দরে আইসে তাহার বোঝাইয়ের একং টনের উপর ।০ চারি আনার হিসাবে বন্দরের মাসুল লাগিবেক, তাহার অধিক নয়।

[No Port-due in respect of vessels compelled by stress of weather to re-enter the Port.]

II. Provided that no such due shall be chargeable in respect of any vessel which, having left the Port, is compelled to re-enter it by stress of weather, or in consequence of having sustained any damage.

[Port-due in respect of Dhonies and country vessels.]

III. The Port-due chargeable in respect of Dhonies and country vessels employed in the coasting trade, shall be at a rate equal to one-half the rate chargeable in respect of other vessels; and such due shall not be chargeable oftener than once in sixty days in respect of the same vessel.

[Vessels entering the Port in ballast.]

IV. Vessels entering the Port in ballast shall be charged with three-fourths of the Port-due which would otherwise be chargeable.

[Tug Steamers and River Steamers.]

V. Tug Steamers and River Steamers belonging to the said Port shall be liable to the Port-due specified in Section I. of this Act; and the said due shall be chargeable in respect of every such Steamer once between the 1st day of January and the 30th day of June, and once between the 1st day of July and the 31st day of December in each year. The provisions of Section XLVI. Act XXII. of 1855 shall not be applicable to such Steamers.

[Fees for certain services.]

VI. Within the said Port, and at Diamond Harbour, fees may be charged for the following services at rates not exceeding those hereinafter specified, namely,

Service		
Hauling to or from chain moorings, each operation, ...	Rs.	16
Hauling to or from swinging moorings, each operation, ...	Rs	10
Re-mooring, ...	Rs.	16
Hauling in or out of dock, each operation, ...	Rs.	30
Removing from one part of the Port to another, ...	Rs.	
Removing from one mooring to another at the request of the agent or master,	Rs.	50
Hooking,	Rs.	16
Measuring,	Rs.	30

[Commencement of Act.]

VII. This Act shall commence and have effect from and after ; and from and after that date no Port-due or fee shall be levied at the said Port, except under the authority of Act XXII. of 1855 and of this Act.

W. MORGAN,
Clerk of the Council.

[ঝড়প্রযুক্ত যে জাহাজের বন্দরে ফিরিয়া আসিতে হয় তাহার উপর বন্দরের মাসুল লাগিবেক না।]

২ ধারা। পরন্তু কোন জাহাজ বন্দর ছাড়িয়া গেলে পর যদি ঝড়প্রযুক্ত কিম্বা কিছু নোকসান হওয়াপ্রযুক্ত সেই জাহাজের বন্দরে ফিরিয়া আসিতে হয়, তবে তাহার উপর তদ্রূপ কোন মাসুল লাগিবেক না।

[সুলুপ ও দেশীয় জাহাজের উপর বন্দরের মাসুল।]

৩ ধারা। সুলুপ ও দেশীয় যে সকল জাহাজ মাল লইয়া কিনারায়২ চলে, তাহার উপর অন্যান্য জাহাজের যে হিসাবে দিতে হয় তাহার অর্দ্ধেক বন্দরের মাসুল লাগিবেক। তদ্রূপ কোন জাহাজের উপর যখন একবার মাসুল দেওয়া গিয়াছে তখন ষাইট দিন না গেলে তাহার উপর সেইরূপ আর মাসুল লাগিবেক না।

[জাহাজ নালিম লইয়া বন্দরে আইলে।]

৪ ধারা। যে জাহাজ কেবল নালিম লইয়া বন্দরে আইসে তাহার উপর যে হিসাবে বন্দরের মাসুল লাগিতে পারিত তাহার চারি ভাগের তিন ভাগ লাগিবেক।

[জাহাজ টানিবার ও নদীতে গমনশীল কলের জাহাজ।]

৫ ধারা। উক্ত বন্দরে যে সকল কলের জাহাজ অন্য জাহাজকে টানে, ও যে সকল কলের জাহাজ নদীতে গমন করে, তাহার উপর এই আইনের ১ ধারার লিখিতমতের বন্দরের মাসুল লাগিবেক। আর তদ্রূপ প্রত্যেক কলের জাহাজের উপর সেই মাসুল জানুআরি মাসের ১ তারিখঅবধি জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত একবার ও জুলাই মাসের ১ তারিখঅবধি ডিসেম্বর মাসের ৩১ তারিখপর্য্যন্ত একবার দিতে হইবেক। সেইরূপ কলের জাহাজের উপরে ১৮৫৫ সালের ২২ আইনের ৪৬ ধারার বিধি খাটিবেক না।

[কোনং কার্য্যের নিমিত্তে রসুম।]

৬ ধারা। উক্ত বন্দরের মধ্যে ও কলগাছিয়াতে নীচের লিখিত কার্য্যের নিমিত্তে তাহার পার্শ্বের লিখিত হিসাবে রসুম লওয়া যাইতে পারিবেক। তাহার অধিক নয়। অর্থাৎ

কার্য্য	রসুম
আগে পিছে শিকলে বয়াতে বাঁধিবার কি মুক্ত করিবার জন্যে একং বারে	১৬৲
জাহাজ জোয়ার ভাটার সময়ে ঘুরিতে পারে এমন ভাবে বয়াতে বাঁধিবার কি মুক্ত করিবার জন্য	১০৲
পুনরায় বয়াতে বাঁধিবার জন্য	১৬৲
ডকে টানিবার কি ডকহইতে বাহির করিবার জন্যে একং বারে	৩০৲
বন্দরের এক স্থানহইতে অন্য স্থানে লইয়া যাইবার জন্যে	২৫৲
এজেণ্টের কি মাষ্টর সাহেবের আদেশমতে এক বয়াহইতে খুলিয়া অন্য বয়াতে বাঁধিবার জন্যে	৫০৲
হুক লাগাইবার জন্যে	১৬৲
মাপ করিবার জন্যে	৩০৲

[এই আইন আমলে আসিবার কথা।]

৭ ধারা। এই আইন অমুক সালের অমুক মাসের অমুক তারিখঅবধি চলন হইবেক। ও সেই তারিখঅবধি ১৮৫৫ সালের ২২ আইন ও এই আইনভিন্ন অন্য কোন আইনমতে বন্দরের মাসুল কি রসুম উক্ত বন্দরে লওয়া যাইবেক না।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৮ আপ্রিল।]

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 5.

To the Civil Judges in the Lower Provinces, and Commissioner of Police, Calcutta.

I am directed by the Court to forward to you, for your information and guidance, the accompanying copy of a letter, No. 387, dated the 21st ultimo, from the Junior Secretary to the Government of Bengal, on the subject of the certificates required from candidates for pleaderships.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 13th March, 1857.

সদর দেওয়ানী সর্কুলার অর্ডর

৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুক্ত সিবিল জজ সাহেব ও কলিকাতার পোলীসের শ্রীযুক্ত কমিস্যনর সাহেব বরাবরেষু।

ওকালতী কর্ম্ম যাঁহারা পাইতে চাহেন তাঁহারদের স্থানে যে সটিফিকট লইতে হইবেক তাহার বিষয়ে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী সাহেবের গত মাসের ২১ তারিখের ৩৮৭ নম্বরের পত্রের নীচের লিখিত নকল তোমার বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে সদর আদালতের হুকুমক্রমে পাঠাইতেছি।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম।

১৮৫৭ সাল ১৩ মার্চ।

COPY.

No. 387.

From the Junior Secretary to the Government of Bengal, to the Register of the Sudder Court, dated Lieutenant-Governor's Camp, "Baroobarry," Zillah Rungpore, 21st February, 1857.

I am directed to acknowledge the receipt of your letter No 123, of the 28th ultimo, submitting copies of Minutes, which have been recorded by the Judges of the Court, on the subject of the certificates required from candidates for pleaderships, and in reply to state that, in the Lieutenant-Governor's opinion, it will be amply sufficient, for the purpose in view to adhere to the terms of the 3rd paragraph of the Court's amended Circular No. 23, of the 7th September 1855, *viz.* that "Each candidate must produce either a Junior "Scholarship Certificate, or a Testimonial of corresponding proficiency from some known respec"table Institution or from some Teacher, or other "learned person of known character or respecta"bility."

2. The Lieutenant-Governor thinks that the Zillah Judge may be safely trusted, in every case, to answer for the "known character or respectability" of the Institution or Teacher, or learned person, from whom a testimonial is procured, and if this rule be adopted, His Honor believes that the dissatisfaction, at present existing, will disappear.

3. It does not appear necessary to the Lieutenant-Governor, that any other person should be associated with the Zillah Judge in the performance of this duty. If that functionary be satisfied with the character of the person by whom the testimonial is given, it should be received, the responsibility resting solely with the Judge who has local knowledge to guide him and a strong interest to favor only sufficient fitness and respectability.

4. The Lieutenant-Governor requests that,

নকল।

৩৮৭ নম্বর।

সদর আদালতের শ্রীযুক্ত রেজিষ্টর সাহেবের নামে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের শ্রীযুক্ত দ্বিতীয় সেক্রেটারী সাহেবের পত্র। জিলা রঙ্গপুরের বারুবাড়িতে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের তাম্বুর স্থান। ১৮৫৭ সাল ২১ ফেব্রুআরি।

ওকালতী কর্ম্ম যাঁহারা চাহেন তাঁহারদের স্থানে যে সটিফিকট লইতে হইবেক তদ্বিষয়ে আদালতের জজ সাহেবেরা যে মন্তব্য কথা লিখিয়াছেন সেই কথাসম্বলিত তোমার গত মাসের ২৮ তারিখের ১২৩ নম্বরের পত্র পাওয়া গিয়াছে। তাহার উত্তরে তোমাকে জানাইতেছি যে শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের বিবেচনামতে অভিপ্রেত কার্য্য সিদ্ধ হইবার জন্যে সদর আদালতের ১৮৫৫ সালের ৭ সেপ্টেম্বর তারিখের ২৩ নম্বরের সংশোধিত সরকুলর অর্ডরের ৩ দফার কথার মতে কর্ম্ম হইলে প্রচুর হয়। অর্থাৎ "পদাকাঙ্ক্ষি প্রত্যেক ব্যক্তির দ্বিতীয় শ্রেণীর বৃত্তিভোগের সটিফিকট উপস্থিত করিতে হইবেক, অথবা সম্ভ্রান্ত প্রসিদ্ধ কোন বিদ্যালয়হইতে কিম্বা সুপ্রসিদ্ধ ও সম্ভ্রান্ত কোন শিক্ষকের স্থানহইতে কি অন্য কোন বিজ্ঞ ব্যক্তির স্থানহইতে দ্বিতীয় বৃত্তিভোগের উপযুক্ত জ্ঞানের তুল্য জ্ঞান থাকার প্রমাণপত্র উপস্থিত করিতে হইবেক।"

২। শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব বোধ করেন যে ঐ সটিফিকট যে বিদ্যালয় কি শিক্ষক কি বিজ্ঞ ব্যক্তির স্থানে পাওয়া যায় তাঁহার সুপ্রসিদ্ধতার কি সম্ভ্রমের বিষয়ে জিলার জজ সাহেবের মতের প্রতি নিষ্কণ্টকে বিশ্বাস হইতে পারে। আর যদি এই নিয়মমতে কর্ম্ম করা যায় তবে এক্ষণে যে অসন্তোষ হইতেছে তাহা অতিশীঘ্র রহিত হইবেক।

৩। শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব বোধ করেন যে এই কর্ম্ম করিবার জন্যে জিলার জজ সাহেবের সঙ্গে অন্য কোন কাহারও সংযোগ করা প্রয়োজন নাই। যাঁহার স্থানে সটিফিকট পাওয়া যায় তাঁহার সচ্চরিত্রের বিষয়ে যদি সেই জজ সাহেবের কিছু সন্দেহ না থাকে তবে তাহা গ্রহণ করা উচিত। তদ্বিষয়ের দায় কেবল তাঁহারই প্রতি আছে। ও সেই বিষয়ের বিচার করিবার জন্যে তাঁহার স্থানবিশেষের জ্ঞান আছে ও যাঁহারা উপযুক্তমতে যোগ্য ও সম্ভ্রান্ত হন তাঁহারদের ভিন্ন অন্য কাহাকেও অনুগ্রহ না করিবার তাঁহার গুরুতর প্রবৃত্তি আছে।

৪। শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব আদেশ করিত

with the Court's consent, these orders may be communicated to the Zillah Judges.

(Signed) C. T. BUCKLAND,
Junior-Secretary to the Government of Bengal.

(True Copy)

R. STUART,
Assistant Register.

তেছেন যে, এই সকল আজ্ঞা আদালতের অনুমতিক্রমে জিলার জজ সাহেবেরদের নিকটে জ্ঞাত করা যায়।

সি টি বক্লাণ্ড।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট। আসিষ্টাণ্ট রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

রাজকর্ম্মে নিয়োগ।

৮৫০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৩ মার্চ।

চব্বিশপরগনার ডেপুটী মাজিস্ত্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মীর আবদুল মজীদ ঐ জিলাতে ডাইমণ্ড হারবর এলাকাখণ্ডের ভার পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৩ মার্চ।

বাকরগঞ্জের সদর আমীন ও মুনসেফ শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ পালিত ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে মাজিস্ত্রেট সাহেবের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট হইয়াছে সেই ক্ষমতা ঐ জিলার মধ্যে পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৫ মার্চ

শ্রীযুত জে এম লোইস সাহেব (Mr. J. M. Lowis,) পাটনার মাজিস্ত্রেট হইবেন।

শ্রীযুত ডবলিউ ওয়াটরফীলড সাহেব (Mr. W. Waterfield,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিস্ত্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন

শ্রীযুত এচ জে রেনলডস সাহেব (Mr. H. J. Reynolds,) ময়মনসিংহের মাজিস্ত্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত পাদরি জান মিলন সাহেব (Rev. J. Milne,) কলিকাতার বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২৪ মার্চ।

কটক এলাকার একটিং কমিসনর শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) আপন কর্ম্মের ভার স্বহস্তে রাখিয়া ছুটীর সংশোধিত বিধির ১২ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৭ মার্চ।

মুঙ্গেরের একটিং মাজিস্ত্রেট শ্রীযুত লার্ড এচ ইউ ব্রৌণ সাহেব (Lord H. U. Browne,) আপন কর্ম্মের ভার একটিং কালেক্টর শ্রীযুত ডবলিউ টি টকর সাহেবের (Mr. W. T. Tucker,) প্রতি অর্পণ করিয়া ছুটীর সংশোধিত বিধির ১২ ধারামতে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত টকর সাহেব ঐ জিলার মাজিস্ত্রেটেরও কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৩ মার্চ।

অভয়চরণ গুপ্তনামক এতদ্দেশীয় চিকিৎসকের নাম গবর্ণমেণ্টের কর্ম্মে নিযুক্ত চিকিৎসকেরদের ফর্দ্দহইতে উঠাইয়া দেওয়া গিয়াছে।

জিলা চব্বিশপরগনার দক্ষিণ ভাগে এক নূতন এলাকাখণ্ড করা গিয়াছে তাহার মধ্যে নীচের লিখিত পাঁচ * থানা থাকিবেক। তাহার নাম ডাইমণ্ড হারবর এলাকাখণ্ড। সেই স্থান ঐ এলাকাখণ্ডের প্রধান কার্য্যকারকের সদর মোকাম

১৮৫৭ সাল ১৬ মার্চ

গত ডিসেম্বর মাসের ৩ তারিখের যে হুকুমক্রমে পাবনার ডেপুটী মাজিস্ত্রেট শ্রীযুত মৌলবী ওয়াসিফ উদ্দীনকে বাকরগঞ্জে নিযুক্ত করা যায় ও তাঁহাকে সেই জিলাতে ডেপুটী কালেক্টরও করা যায় সেই হুকুম তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

১৮৫৭ সাল ২৭ মার্চ।

শ্রীযুত পাদরি সি জে কার্টলি সাহেব (Rev. C J Quartley,) বর্ত্তমান মাসের ১০ তারিখে কুইননামক জাহাজে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

* হটাগাছা। গোবিন্দপুর। সুলতানপুর (পূর্ব্বে গায় বেড়িয়া)। মথুরা বাঁকিপুর।

GOVERNMENT ADVERTISEMENT.

গবর্ণমেণ্টের ইশ্তিহার

LAND ADVERTISEMENT.

ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা হুগলী।

সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা হুগলির নীচের লিখিত জায়দাদসকল বাকী খাজানা আদায় জন্য সন ১৮৫৭ সালের ২৫ আপ্রিল মোং বাঙ্গলা সন ১২৬৪ সালের ১৪ বৈশাখ শনিবার তারিখে ঐ জেলার কালেক্টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক সন ১৮৫৭ সাল তারিখ ৯ আপ্রিল।

চতুর্থ শ্রেণী অপর মহালের বাকীর জন্য ইষ্টেট যাহা বিক্রয় হইবেক।

অত্র জেলার ভুরশীট পরগনার রসুলপুর গ্রামের উত্তর মাটে পৈতৃক একহারী লাখেরাজ ১৯৷৷০ বিঘা মালিক গোলামীচরণ কোঙার।

ঐ গ্রামের দক্ষিণ পদ্ম পুষ্করিণী সায় পাহাড় আন্দাজী ১২/০ বিঘা মালিক ঐ।

ষষ্ঠ শ্রেণী বাকী মালগুজারী যেরূপে আদায় হয় সেইরূপে আদায় করণের দাওয়ার নিমিত্তে বিক্রয় হওয়া মহাল।

এই জেলার মোকামক হাবেলী পরগনার মামুদপুর গ্রামে একহারী লাখেরাজ মধুপুষ্কর নামক পুষ্করিণী আন্দাজী ২৷৷০ বিঘার মধ্যে হিস্যা ।০ আনার কাত ৷৷২৷৷ কাটা, মালিক অভয়চরণ বন্দ্যোপাধ্যায়।

ঐ পরগনার মধুপুর গ্রামে একহারী লাখেরাজ বাগাত আন্দাজী ৬/ বিঘা ও গোপালপুর গ্রামে ৷৷০ কাটা একু-

নে ৬॥০ বিঘা. ঐ জমীর মধ্যে পুষ্করিণী যায় পাহাড়ে নীলের পোক্তা হউজ ও পূর্ব্ব দ্বারি খড়ুয়া বৈঠকখানা ঘর ১ খানা ও দক্ষিণ দ্বারি কাছিঘর যায় সাজ ১ খানা ও পশ্চিম সড়ক রাস্তার পশ্চিমে জামুগাছ ৩২ টা ও নারিকেল গাছ ছোটবড় ১৫ টা ও অশ্বত্থগাছ বড় ১ টা ও ঝাউগাছদিগর ২ দফা ইহার রকম ।০ আনা মালিক ঐ।

ঐ পরগনার আলা গ্রামে পৈতৃক এজমালী লাখেরাজ বাস্তবাটী আন্দাজী ।১ কাটার মধ্যে হিস্যা রকম ।০ আনা /১॥

ঐ বাস্তজমীর উপর এজমালি দক্ষিণ দ্বারি পোক্তা দালান দোতালা নীচে উপর ৮ কুটারি দীর্ঘে আন্দাজী ৪০ হাত প্রস্থে ১৩ হাত যায়সাজ ও পশ্চিম দ্বারি খড়ুয়া রসুই ঘর যায় সাজ ও দক্ষিণ দ্বারি সদর দরজা যায় কপাট ও পোক্তা প্রাচীর রকম ।০ আনা মালিক ঐ

ঐ গ্রামে ৺ পূজার দালানের পূর্ব্ব এজমালী লাখেরাজ উদবাস্ত আন্দাজী /৩ কাটার মধ্যে হিস্যা ।০ আনার কাত /৳

ঐ জমীর পর পশ্চিম দ্বারি পোক্তা কুটারি যায় উত্তর তরাকর পোক্তা কুটারি তোশাখানা এক লপ্ত যায়সাজ ইহাতে হিস্যা রকম ।০ আনা মালিক ঐ

ঐ গ্রামের অন্তঃপাতি যদুপুর গ্রামে এজমালি এজমালী লাখেরাজ গোহাল বাটী আন্দাজী ॥২ কাটার হিস্যা রকম ।০ আনার কাত /৩

ঐ জমীর উপর উত্তর দ্বারি গোহাল ঘর যায়সাজ ১ খানা ও গরুর চালা ঘর ১ খানা ও উত্তর দ্বারি সদর দরজা ও কপাট ও ইঁটের প্রাচীর ১ দফা এই সকল জায়দাদের হিস্যা রকম ।০ আনা মালিক ঐ

W. B. Buckle, *Collector.*

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOSEPH HUGHESDON and another, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 2nd day of May next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the first day of October, 1855, until the 31st day of March, 1857, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents, will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Assignee's Office. 24th April, 1857.

যোত্রহীনেরদের উপকারার্থ আাদালত।

যোত্রহীন জোসেফ হিউসডন সাহেব ও অন্যের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি মে মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৫ সালের ১ অক্টোবর তারিখঅবধি ১৮৫৭ সালের মার্চ মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

আসৈনি সাহেবের দফ্তরখানা। ১৮৫৭ সাল ২৪ আপ্রিল।

In the matter of JOHN EMMANUEL DeSILVA, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 2nd day of May next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 5th day of January until the 1st day of April, 1857, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent, will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 23rd April, 1857.

যোত্রহীন জান ইমানুএল ডিসিলবা সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি মে মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ৫ জানুআরি তারিখঅবধি ১৮৫৭ সালের আপ্রিল মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৭ সাল ২৩ আপ্রিল।

The like notice in the matter of ALEXANDER GRANT GLASS, an Insolvent, wherein the account of the Assignee is filed from 22nd February, 1849 to 1st of April, 1857.

যোত্রহীন আলেকজাণ্ডর গ্রাণ্ট গ্লাস সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৪৯ সালের ২২ ফেব্রুআরিঅবধি ১৮৫৭ সালের আপ্রিল মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

[*Government Gazette, 28th April,* 1857.]

The like notice in the matter of EDWARD DAVEY FABIAN, an Insolvent, wherein the account of the Assignee is filed from 1st March, 1853 to the 1st April, 1857.

যেত্রহীন এড্‌ওয়ার্ড ডেভি ফেবিআন সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫৩ সালের ১ মার্চঅবধি ১৮৫৭ সালের আপ্রিল মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of WILLIAM HICKIE, an Insolvent, (3rd Insolvency,) wherein the account of the Assignee is filed from 1st September, 1854 to 12th April, 1857.

তৃতীয়বার যে ত্রহীন উলিয়ম হিকি সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫৪ সালের ১ সেপ্টেম্বরঅবধি ১৮৫৭ সালের আপ্রিল মাসের ১২ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

সরিফ সাহেবের নীলাম।

কলিকাতা। ১৮৫৭ সাল ২১ আপ্রিল।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে রাজা অযোধ্যারাম খাঁর সম্পত্তির উপর বেণ্টিসিওনৈ একস্পোনাস নামক এক পরওয়ানাক্রমে কলিকাতার সরিফ সাহেব আগামি মে মাসের ৭ তারিখ বৃহস্পতিবারে দুই প্রহর বেলায় নীচের লিখিত বিষয় আদালত ঘরে নীলাম করিবেন। অর্থাৎ

নীচের লিখিত সম্পত্তিতে উক্ত রাজা অযোধ্যারাম খাঁর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা নীলাম করিবেন।

১। জিলা মেদিনীপুর পরগনা কুতবপুর নাড়াজোলে লঙ্কা গিরীর বাগান নামে খ্যাত ন্যূনাধিক ১৫/ বিঘা বাগাৎ জুমি তাহাতে পুকুর ও বৃক্ষাদি আছে।

২। সেই স্থানে ছাপা বাগান নামে খ্যাত ন্যূনাধিক ৫/ পাঁচ বিঘা বাগাৎ জুমি। তাহাতে এক মহলার পাকা বৈঠকখানা ও এক পুকুর ও অনেক গাছ আছে।

৩। পূর্ব্বোক্ত জিলার চাটুয়া পরগনায় ২১৩ নম্বরের লাট হরিরামপুর নামে খ্যাত আশী মৌজার এক তালুক। তাহার সদর মালগুজারী ২৩৯২০৷৶৯৫ টাকা।

৪। জিলা মেদিনীপুরের খোদ মেদিনীপুর ১৪৯ নম্বরের গোষপুর কাঞ্চনতলা নামে বিখ্যাত আট মৌজার এক তালুকের অর্দ্ধাংশ। তাহার সদর মালগুজারী ৩৭৭০৷৶৯॥ টাকা।

৫। জিলা মেদিনীপুরের পরগনা কাশীযোড়ার পূর্ব্ব জগন্নাথপুরে ২০ নম্বরের লাট পূর্ব্ব জগন্নাথপুর নামে খ্যাত পাঁচ মৌজার এক তালুক। তাহার সদর মালগুজারী ২৩০৯।৵ টাকা।

৬। জিলা মেদিনীপুরের সোণাটিকরী পরগনার ২৬৩ নম্বরের লাট সোণাটিকরী নামক চারি মৌজার এক তালুক। তাহার সদর মালগুজারী ৯৪৯৫৵ টাকা।

৭। জিলা মেদিনীপুরের পরগনা কুতবপুর নাড়াজোলে ন্যূনাধিক ।০ পাঁচ কাঠার এক খণ্ড জমী ও তাহাতে তেমহলা কোটা ঘর।

সরিফ সাহেবের দফতরখানায় জিজ্ঞাসা করিলে নীলামের নিয়ম জানা যাইতে পারিবেক।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার

বিজ্ঞাপন।

সহর শ্রীরামপুরনিবাসি শ্রীযুক্ত বাবু হরিশ্চন্দ্র দে চতুর্দ্ধুরীণ মহোদয়ের সভাস্থ শ্রীযুক্ত শ্রীনারায়ণ চট্টরাজ গুণনিধি কর্ত্তৃক "বিজ্ঞান মিহিরোদয়" নামক এক মাসিক পত্র সন ১২৬৪ সালের ২ বৈশাখঅবধি প্রকাশ আরম্ভ হইয়াছে উক্ত পত্রে সংস্কৃত ও ইংরাজী প্রামাণ্য পুস্তকহইতে অনুবাদিত হইয়া অধ্যাত্ম বিদ্যা, পদার্থবিদ্যা, নীতিবিদ্যা ভূগোল, খগোল, ভূতত্ব, মনস্তত্ব, জ্যোতিষ, চিকিৎসা বিদ্যা প্রভৃতি ও সাময়িক সমাচার, পুরাবৃত্ত কাব্য, নাটকপ্রভৃতি এবং শ্রীযুক্ত মলেন্স সাহেবাদি কর্ত্তৃক বেদাদি হিন্দুশাস্ত্রে যে সকল দোষাভাস প্রকাশ হইয়াছে তাহা খণ্ডনপ্রভৃতি সময়ে প্রকটিত হইবেক। পত্রের মূল্য অগ্রিম বার্ষিক ১৲ এক টাকা, মাসিক ৵০ আনামাত্র। যাঁহারা উক্ত পত্র গ্রহণেচ্ছু করিবেন তাঁহারা শ্রীরামপুরে উক্ত বাবুর নিকট পত্র লিখিলেই প্রাপ্ত হইবেন।

শ্রীকালীপদ চট্টোপাধ্যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৮ আপ্রিল।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জেমিস মারে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 904 (১০৪)

অতিরিক্ত

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, MAY 1, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ১ মে

DRAFT OF ACT.

A Bill for simplifying the Procedure of the Courts of Civil Judicature of the East India Company in Bengal.

CHAPTER V.

EXECUTION OR ENFORCEMENT OF DECREES.

[Continued from page 332.]

Of Claims to attached Property.

[How claims and objections to sale of attached property are to be investigated.]

30. In the event of any claim being preferred to or objection offered against the sale of lands or any other real or personal property which may have been attached in execution of a decree, or under and by virtue of any order for sequestration which may be passed before judgment, as not belonging to the defendant or defendants, and consequently not liable to be sold in execution of a decree against him or them, the Court shall, subject to the proviso contained in the next succeeding Article, proceed to investigate the same in the same manner and with the like powers as if the claimant had been originally made a defendant to the suit, and also with such powers as regards the summoning of the original defendant or defendants as are contained in Articles 19 and 20 of this Chapter. And if it shall appear to the satisfaction of the Court that the land or other real or personal property so advertised to be sold in execution of the decree was not in the possession of the party against whom execution is sought, or of some other person in trust for him, or in the occupancy of ryots, or cultivators, or other persons paying rent to him at the time when the property was attached, or that being in the possession of the party himself at such time,

আইনের মুসাবিদা।

বাঙ্গলা দেশে দেওয়ানী মোকদ্দমার বিচারার্থে কোম্পানি বাহাদুরের আদালতের কার্য্য আরো সুগম করিবার আইনের মুসাবিদা।

পঞ্চম অধ্যায়।

ডিক্রী জারী কি বলবৎ করণ।

[৩৩২ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

ক্রোককরা সম্পত্তির উপর দাওয়ার কথা।

[ক্রোককরা সম্পত্তির উপর দাওয়া হইলে ও নীলামের আপত্তি হইলে তাহার যেরূপে তদারক হইবেক।]

৩০। ডিক্রী জারীক্রমে, কিম্বা নিষ্পত্তি হইবার পূর্ব্বে ক্রোক করিবার কোন হুকুমক্রমে ও তাহার বলে, যে কিছু ভূমী কি অন্য কোন স্থাবর কি অস্থাবর সম্পত্তি ক্রোক হইয়া থাকে, তাহার উপর যদি কোন দাওয়া করা যায় কিম্বা আসামীর কি আসামীরদের নহে বলিয়া ও তৎপ্রযুক্ত তাহার কি তাহারদের বিপক্ষের ডিক্রী জারীক্রমে নীলাম হইবার যোগ্য নহে বলিয়া, যদি সেই সম্পত্তির নীলাম হইবার কোন আপত্তি করা যায়, তবে আদালত ইহার পর প্রকরণের বর্জিত বিধি মানিয়া, ঐ দাওয়াদার প্রথমে মোকদ্দমার আসামী হইলে যে প্রকারে ও যে ক্ষমতাক্রমে বিচার করিতে পারিতেন সেই প্রকারে ও সেই ক্ষমতাক্রমে, ও প্রথম আসামীকে কি আসামীরদিগকে সমন করিবার যে ক্ষমতা এই অধ্যায়ের ১৯ ও ২০ প্রকরণে নির্দিষ্ট হইয়াছে সেই ক্ষমতাক্রমে ঐ বিষয়ের তজবীজ করিবেন। আর যদি আদালতের সন্তোষমতে দৃষ্ট হয় যে, ডিক্রী জারীক্রমে যে ভূমির কি অন্য স্থাবর কি অস্থাবর সম্পত্তির নীলাম হইবার ইস্তাহার হইয়াছে সেই সম্পত্তি যে সময়ে ক্রোক হইয়াছিল সেই সময়ে যাহার বিপক্ষে ডিক্রীজারী হইবার প্রার্থনা হয় তাহার দখলে কিম্বা তাহার নিমিত্তে ট্রষ্টীস্বরূপে অন্য কোন লোকের দখলে ছিল না, কিম্বা তাহার নিকটে খাজানাদারি রাইয়তেরদের কি চাষিরদের কি অন্য ব্যক্তিরদের দখলে ছিল না, কিম্বা ঐ পক্ষের দখলে ছিল বটে কিন্তু তাহার নিজের নিমিত্তে কি তাহার নিজ সম্পত্তি বলিয়া তাহার দখলে ছিল না, কিন্তু অন্য কোন ব্যক্তির কি ব্যক্তিরদের নিমিত্তে কি ট্রষ্টীস্বরূপে

it was so in his possession not on his own account or as his own property but on account of or in trust for some other person or persons, the Judge shall pass an order for releasing the said property from attachment. But if it shall appear to the satisfaction of the Court that the land or other real or personal property advertised to be sold in execution of the decree was in possession of the party against whom execution is sought, as and for his own property, and not for or on account of any other person or persons, or was in the possession of some other person in trust for him, or in the occupancy of ryots, or cultivators, or other persons paying rent to him at the time when the property was attached, the Court shall pass an order disallowing the claim, and shall direct the decree to be executed. The order which may be passed by the Court under this Article shall not be subject to appeal, but the party against whom the same may be given shall be at liberty to bring a suit to establish his right, at any time within one year from the date of the order.

তাহার দখলে ছিল, তবে বিচারকর্ত্তা ঐ সম্পত্তির ক্রোক খালাসের হুকুম করিবেন। পরন্তু যদি আদালতের হুবোধমতে দৃষ্ট হয় যে, ডিক্রী জারীক্রমে যে ভূমির কি অন্য স্থাবর কি অস্থাবর সম্পত্তির নীলাম হইবার ইশ্‌তিহার হইয়াছে তাহা ক্রোক হইবার সময়ে, যাহার বিপক্ষে ডিক্রীজারী হইবার প্রার্থনা হয় তাহারি সম্পত্তিস্বরূপ ও তাহার নিজ সম্পত্তি বলিয়া তাঁহার দখলে ছিল অন্য কোন ব্যক্তির কি ব্যক্তিরদের নিমিত্তে নহে, কিম্বা তাহার নিমিত্তে ট্রুষ্টস্বরূপ অন্য কোন ব্যক্তির দখলে ছিল, কিম্বা তাহার নিকটে খাজানাদায়ি রাইয়তেরদের কি চাষিরদের কি অন্য ব্যক্তিরদের দখলে ছিল, তবে আদালত ঐ দাওয়া অগ্রাহ্য করিবার হুকুম জারী করিয়া ডিক্রীজারী হইবার হুকুম করিবেন। এই প্রকরণক্রমে আদালত যে হুকুম করেন তাহার উপর আপীল হইতে পারিবেক না কিন্তু যাহার বিপক্ষে ঐ হুকুম হইয়া থাকে সেই ব্যক্তি ঐ হুকুমের তারিখের পর এক বৎসরের মধ্যে কোন সময়ে আপনার স্বত্ব স্থাপন করিবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক।

[Claims and objections should be preferred at the earliest opportunity.]

31. The claim or objection shall in all cases be preferred or made at the earliest opportunity to the Court that shall have ordered the attachment; and if the property to which the claim or objection applies shall have been advertised for sale, the sale may (if it appears necessary) be postponed for the purpose of making the investigation mentioned in the last preceding Article; provided that, if it shall appear that the preferring or making the claim or objection has been designedly and unnecessarily delayed, with a view to obstruct the ends of justice, the sale shall not be postponed, and the claimant shall be left to prosecute his claim after the sale by a regular suit.

[দাওয়া ও আপত্তি প্রথম অবকাশেই উপস্থিত করিতে হইবেক।]

৩১। ঐ দাওয়া কি আপত্তি যে আদালতহইতে ক্রোক হইবার হুকুম হয় সেই আদালতে সর্ব্বদাই প্রথম অবকাশেই উপস্থিত করিতে কি করিতে হইবেক। ও যে সম্পত্তি লইয়া ঐ দাওয়া কি আপত্তি হয় তাহার নীলাম হইবার ইশ্‌তিহার যদি হইয়া থাকে, তবে আবশ্যক বোধ হইলে ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত তজবীজ করিবার জন্যে ঐ নীলাম স্থগিত হইতে পারিবেক। পরন্তু যদি দৃষ্ট হয় যে, যথার্থ বিচারের বাধা করিবার অভিপ্রায়ে ঐ দাওয়া উপস্থিত করিতে কি আপত্তি করিতে ইচ্ছাপূর্ব্বক ও অনাবশ্যকমতে বিলম্ব হইয়াছে তবে নীলাম স্থগিত হইবেক না, ও দাওয়াদার নীলামের পরে জাবেতামতের মোকদ্দমা করিয়া আপনার দাওয়ার নালিশ করিতে পারিবেক।

Of Sales in Execution of Decrees.

[Sales to be by public auction; exception as to Government paper.]

32. Sales in execution of decrees shall be conducted by the proper officer of the Court, and shall in all cases be made by public auction in manner hereinafter mentioned, except where the property to be sold shall consist of Government securities; and with respect to such securities, it shall be competent to the Court to authorize its officer, or any other person whom it may think proper to appoint, to sell and dispose of the same through a broker at the market rate of the day, and, if the endorsement of the party in whose name any such security is standing shall be required to transfer the same, to endorse such security thus—"A. B. by C. D. by order of" (as the case may be), and in the meantime, until such sale, to receive any interest which may become due thereon, and to sign receipts for the same; and any endorsement which shall be made as

ডিক্রী জারীক্রমে নীলামের কথা।

[কোম্পানির কাগজ ছাড়া অন্য সম্পত্তি নীলামে বিক্রয় হইবেক।]

৩২। ডিক্রী জারীক্রমে সম্পত্তির যে বিক্রয় হয় তাহা আদালতের উপযুক্ত কর্ম্মকারকের দ্বারা করা যাইবেক, ও তাহা সর্ব্বদাই ইহার পরের লিখিত প্রকারে নীলামে বিক্রয় হইবেক। কিন্তু যে সম্পত্তি বিক্রয় করিতে হইবেক তাহা যদি কোম্পানির কাগজ হয়, তবে আদালত আপনার কর্ম্মকারককে কিম্বা অন্য যে কোন ব্যক্তিকে নিযুক্ত করা উচিত বোধ করেন তাঁহাকে ঐ কাগজ কোন দালালের দ্বারা তৎকালের নিরিখমতে বিক্রয় করিয়া হস্তান্তর করিতে অনুমতি দিতে পারিবেন। আর যদি হস্তান্তর করিবার জন্যে ঐ কাগজ যাহার নামে থাকে তাহার দস্তখতের প্রয়োজন হয়, তবে ঐ কর্ম্মকারককে ঐ কাগজের পৃষ্ঠে এই প্রকারে দস্তখৎ করিতে অনুমতি দিতে পারিবেন অর্থাৎ "অমুক (আদালত বিশেষের) হুকুমক্রমে অমুকের দ্বারা অমুক।" ও যত কাল সেইরূপে বিক্রয় না হয় তত কাল ঐ কাগজের উপর যে কিছু সুদ পাওনা হয় তাহা গ্রহণ করিতে ও তাহার রসীদে দস্তখৎ করিতে তাহাকে অনুমতি দিতে পারিবেন। আর পূর্ব্বোক্ত প্রকারের পৃষ্ঠে লিখিত কথা ঐ পক্ষ কি তাহার নিযুক্ত উকীল লিখিলে

aforesaid shall be as effectual to pass the said securities, and to give a good title to the holder thereof, and any receipt which shall be signed as aforesaid shall be as valid and effectual for all purposes, as if the same had been made or signed by the party himself or his constituted vakeel.

যেমন ফলবৎ হইত তেমনি উক্ত কাগজ চালাইবার জন্যে ও তাহার স্বামির উপযুক্ত স্বত্ত্ব দিবার জন্যে সেই কথা ফলবৎ হইবেক, ও উক্ত প্রকারে যে কোন রসীদে দস্তখৎ হয় তাহা ঐ পক্ষের কি তাহার নিযুক্ত উকীলের দ্বারা দস্তখৎ হইবার মতে সকল কার্য্যের নিমিত্তে তদ্রূপে সিদ্ধ ও ফলবৎ হইবেক।

[How other property taken in execution must be sold.]

[ডিক্রী জারীক্রমে লওয়া অন্য সম্পত্তি যে প্রকারে নীলাম হইবেক।]

33. In all cases of intended sale, whether of moveable or immoveable property, in execution of any decree or other judicial process, where the property shall not consist of Government securities, and in all sales of Government securities, when the Court shall direct that the same be sold by public auction, a proclamation of the intended sale, with particulars of the time and place of sale, of the property to be sold, including the jummah of the estate when the property to be sold is an estate paying revenue to Government, or any portion of any such estate, and of the amount for the recovery of which the sale is ordered, shall be made in the current language of the country, and at Calcutta it shall also be made in the English language, at least thirty days before the appointed day of sale, exclusive of the day of sale, and of the date on which the proclamation may be ordered. Such proclamation shall be made, in Calcutta, in the mode that has been usual in the case of sales by the Sheriff, and at other places in the usual mode, by beat of drum on the spot where the property is attached; and a written notification to the same effect shall be affixed in some conspicuous place in the Court of the Judge who shall have ordered the sale, and also in the Court of the Zillah Judge, where the Judge who ordered the sale is subordinate to the Zillah Judge. When the attachment shall have taken place at some place beyond the local limits of the jurisdiction of the Supreme Court, the written notification shall also be affixed in some conspicuous place within the town or village in which the attachment may take place, and the cutcherry of the collector, and also in the Court of the local moonsiff.

৩৩। কোন ডিক্রী কিম্বা আদালতের অন্য পরওয়ানা জারীক্রমে যে সম্পত্তি বিক্রয় করিতে হয় তাহা যদি কোম্পানির কাগজ না হয়, কিম্বা কোম্পানির কাগজ হইলেও যদি আদালত তাহা নীলামে বিক্রয় করিবার হুকুম করেন, তবে তাহাও লইয়া ঐ স্থাবর কি অস্থাবর সম্পত্তির যে নীলাম হইবেক তাহার ঘোষণা, নীলাম হইবার দিন ও ঘোষণা করিবার হুকুম যে তারিখে হয় সেই দিন ছাড়া, নীলামের নিরূপিত দিনের পূর্ব্বে অতিন্যূন ত্রিশ দিন থাকিতে, দেশের চলিত ভাষাতে, ও কলিকাতায় হইলে ইঙ্গরেজী ভাষাতেও করা যাইবেক, তাহাতে নীলাম হইবার সময় ও স্থান নির্দ্দিষ্ট থাকিবেক, ও যে সম্পত্তি নীলাম করিতে হইবেক তাহার বিশেষ কথা, ও সেই সম্পত্তি যদি সদর মালগুজারীর মহাল হয় কিম্বা তদ্রূপ কোন মহালের কোন অংশ হয় তবে তাহার জমা, ও যত টাকা আদায়ের নিমিত্তে নীলামের হুকুম হয় তাহাও ঐ ঘোষণাপত্রে নির্দ্দিষ্ট থাকিবেক। সেই ঘোষণা যদি কলিকাতায় করিতে হয়, তবে সরিফ সাহেবের দ্বারা নীলাম হইলে যেরূপে করা যায় সেইরূপে করা যাইবেক, ও অন্যান্য স্থানে সম্পত্তি যে স্থানে ক্রোক হইয়াছে সেই স্থানে রীতিমতে ঢোল পিটাইয়া করা যাইবেক। আরো সেই মর্ম্মের লিখিত এক ইশ্‌তিহার যে বিচারকর্ত্তা নীলামের হুকুম করিয়াছেন তাঁহার আদালতের কোন প্রকাশ স্থানে লট্‌কান যাইবেক ও তিনি যদি জিলার জজ সাহেবের অধীন হন তবে সেই জিলার জজ সাহেবের আদালতেও লট্‌কান যাইবেক। যদি সুপ্রিম কোর্টের এলাকার সীমাসরহদ্দের বাহিরের কোন স্থানে ঐ ক্রোক করা গিয়া থাকে, তবে যে গ্রামে কি নগরে ক্রোক হইয়াছে তাহার কোন প্রকাশ স্থানে ও কালেক্‌টর সাহেবের কাছারীতে ও সেই স্থানের মুনসেফের আদালত ঘরেও ঐ লিখিত ইশ্‌তিহার লট্‌কান যাইবেক।

[Nothing but the right, title, and interest of the defendant guaranteed to the purchaser.]

[খরীদারকে আসামীর স্বত্ত্ব ও অধিকার ও সম্পর্ক বিনা আর কিছু দেওয়া যায় না।]

34. In all cases of a public sale of property in execution of a decree, it shall be clearly explained to the bidders at the sale, that nothing is guaranteed to them in the land or other property sold beyond the rights and interests therein of the individuals answerable for the amount of the decree or other process in execution of which the sale is made.

৩৪। যখন ডিক্রী জারীক্রমে সম্পত্তির নীলাম হয় তখন যাহারা নীলামে ডাকে তাহারদিগকে স্পষ্টরূপে জানান যাইবেক যে, যে ডিক্রী কি অন্য পরওয়ানা জারীক্রমে নীলাম হইতেছে সেই ডিক্রীর টাকার জন্যে যে ব্যক্তিরা দায়ী হয় তাহারদের ঐ জমীতে কি নীলামকরা অন্য সম্পত্তিতে যে স্বত্ত্ব ও সম্পর্ক থাকে তদ্ভিন্ন ঐ সম্পত্তির অন্য কিছু তাহারদিগকে নিশ্চিতমতে দেওয়া যায় না।

[The process for attachment and sale may in certain cases be issued simultaneously.]

[কোন২ স্থলে ক্রোক ও নীলাম করিবার পরওয়ানা একই সময়ে জারী হইতে পারিবেক।]

35. The usual process for attachment and sale in such cases, when the property to be attached consists of goods, chattels, or other personal estate other than debts, may either be issued successively or simultaneously, as the Judge directing the

৩৫। পূর্ব্বোক্ত স্থলে যখন মাল কি দ্রব্য, কিম্বা পাওনা টাকা ছাড়া অন্য অস্থাবর সম্পত্তি ক্রোক করিতে হয়, তখন বিচারকর্ত্তা যে স্থলে যেমন হুকুমকরা উচিত বোধ করেন, তদনুসারে ক্রোক ও নীলামের রীতিমতের পরওয়ানা পরং কিম্বা একই সময়ে জারী হইতে পারিবেক। কিন্তু এই

sale may in each instance think proper; but no sale shall in any instance take place without a previous proclamation for the period specified in Article 33 of this Chapter; and any material irregularity in the sale which may be established on investigation to the satisfaction of the Court by whom the sale may have been ordered, shall be sufficient to invalidate the sale, provided that an application objecting to the sale on the ground of such irregularity be made to the Court by the party objecting thereto, either in person, or by vakeel, within one month after the sale.

[The sale, if not objected to for irregularity, or if the objection is disallowed, shall become absolute.]

36. If no such application as is mentioned in the last preceding Article be made within one month after the sale, or if such application shall be made and the objection shall be disallowed, the Judge shall pass an order confirming the sale; and in like manner, if such application shall be made, and if the objection be allowed, the Judge shall pass an order setting aside the sale for irregularity. The order which may be passed in either case unless appealed from, and if appealed from, then the order passed on the appeal shall be final, and the party against whom the same has been given shall be precluded from bringing a fresh suit for establishing his claim.

[Certificate to be granted to the purchasers of land.]

37. After the sale shall have become absolute in manner aforesaid, the Court shall grant a certificate to the person who may have been declared the purchaser at such sale, to the effect that he has purchased the right, title, and interest of the defendant in the property sold, and such certificate shall be taken and deemed to be a valid transfer of such right, title, and interest, to all intents and purposes whatsoever, any law or practice to the contrary thereof notwithstanding.

[And delivery made of property sold as far as practicable.]

38. Where the property sold shall consist of goods, chattels, or other personal estate of which seizure has been made, the same shall also be delivered to the purchaser or purchasers thereof; and where it shall consist of lands, houses, or other immoveable property, the right, title, and interest of the defendant therein shall, as far as practicable, be delivered to the purchaser or purchasers thereof by erecting a pole upon some place within or adjacent to the land or other immoveable property, and proclaiming by beat of drum, at some convenient place or places, to the occupants thereof, that the right, title, and interest of the defendant or defendants therein has been transferred to the purchaser or purchasers.

[If the sale be set aside price to be returned to purchaser.]

39. Whenever a public sale is set aside as in-

অধ্যায়ের ৩৩ প্রকরণে যত কাল নির্দিষ্ট হইয়াছে তত কালপর্য্যন্ত ঘোষণা প্রথমে না হইলে কোন নীলাম হইবেক না। আর যে আদালত নীলামের হুকুম করিয়াছেন সেই আদালত যদি তদারক করিয়া হৃদ্বোধমতে জানেন যে, ঐ নীলাম করণেতে কোন গুরুতর অনিয়মিত কার্য্য হইয়াছে, তবে সেই কার্য্য ঐ নীলাম অসিদ্ধ করিবার জন্যে প্রচুর হইবেক। পরন্তু ইহাতে প্রয়োজন যে ঐ নীলামের উপর যে ব্যক্তি আপত্তি করে সে আপনি কিম্বা উকীলের দ্বারা ঐ নীলাম হইবার পর এক মাসের মধ্যে ঐ অনিয়মিত কার্য্যহেতুক নীলামের আপত্তিসূচক এক দরখাস্ত আদালতে দাখিল করে।

[যদি অনিয়মিত কার্য্যহেতুক আপত্তি না হয় অথবা যদি আপত্তি অগ্রাহ্য হয় তবে নীলাম সিদ্ধ হইবেক।]

৩৬। যদি ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত মতের কোন দরখাস্ত নীলাম হইবার পর এক মাসের মধ্যে না করা যায়, অথবা যদি সেইরূপ দরখাস্ত করা যায় ও সেই আপত্তি অগ্রাহ্য হয়, তবে বিচারকর্ত্তা নীলাম মঞ্জুর করিবার হুকুম জারী করিবেন। তদ্রূপেও যদি সেই প্রকারের দরখাস্ত করা যায় ও সেই আপত্তি গ্রাহ্য হয়, তবে বিচারকর্ত্তা অনিয়মিত কার্য্যহেতুক ঐ নীলাম অসিদ্ধ করিবার হুকুম জারী করিবেন। ইহার মধ্যে কোন স্থলে যে হুকুম হয় তাহার উপর আপীল না হইলে, তাহা চূড়ান্ত হইবেক। আর যদি আপীল হয় তবে আপীলক্রমে যে হুকুম হয় তাহা চূড়ান্ত হইবেক। আর যে লোক বিপক্ষে ঐ হুকুম হইয়াছে সেই লোক আপনার দাওয়া স্থাপন করিবার জন্যে নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক না।

[ভূমির খরীদারদিগকে সর্টিফিকট দেওয়া যাইবেক।]

৩৭। নীলাম পূর্ব্বোক্ত প্রকারে সিদ্ধ হইলে পর ঐ নীলামে যে ব্যক্তি খরীদার প্রকাশ হইয়াছে তাহাকে আদালত এক সর্টিফিকট দিবেন। তাহার মর্ম্ম এই যে, সেই ব্যক্তি নীলামকরা সম্পত্তিতে আসামীর স্বত্ব ও অধিকার ও সম্পর্ক খরীদ করিয়াছে। আর ঐ সর্টিফিকট সর্ব্বতোভাবে ঐ স্বত্ব ও অধিকার ও সম্পর্কের মাতবর হস্তান্তরকরণপত্রস্বরূপে গণ্য ও জ্ঞান হইবেক তদ্বিপরীত কোন আইন কি দস্তুর থাকিলেও মাতবর জ্ঞান হইবেক।

[ও যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত নীলামকরা সম্পত্তি তাহাকে দেওয়া যাইবেক।]

৩৮। যদি পূর্ব্বের ক্রোককরা মাল কি দ্রব্য কি অন্য অস্থাবর সম্পত্তির নীলাম হয় তবে সেই সম্পত্তি খরীদারকে কি খরীদারদিগকে দেওয়া যাইবেক। আর যদি ভূমি কি ঘর কি অন্য স্থাবর সম্পত্তির নীলাম হয় তবে তাহাতে আসামীর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক ছিল তাহা যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত খরীদারকে কি খরীদারদিগকে এইরূপে দেওয়া যাইবেক, অর্থাৎ ঐ জমীর কি অন্য স্থাবর সম্পত্তির মধ্যে কি নিকট কোন স্থানে বাঁশ গাড়া যাইবেক ও উপযুক্ত কোন এক কি অনেক স্থানে ঢোল পিটাইয়া ঐ ভূমির বাশেন্দারদের নিকটে ঘোষণা হইবেক যে ঐ সম্পত্তিতে আসামীর কি আসামীরদের যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক ছিল তাহা খরীদারকে কি খরীদারদিগকে হস্তান্তর করিয়া দেওয়া গিয়াছে।

[যদি নীলাম অসিদ্ধ হয় তবে খরীদারকে মূল্য ফিরিয়া দেওয়া যাইবেক।]

৩৯। যখন এই অধ্যায়ের ৩৫ প্রকরণমতে কিম্বা অন্য

valid under Article 35 of this Chapter, or on any account whatever, the purchaser shall be entitled to receive back his purchase money on restoring any property delivered over to him, with or without interest, in such manner as it may appear proper to the Court to direct in each instance.

Of the Execution of Decrees by Imprisonment.

[Subsistence-money of a defendant in gaol how fixed and furnished.]

40. When a defendant under a decree is committed to prison in execution thereof, the Judge shall fix whatever monthly allowance he shall think sufficient for his subsistence, not exceeding per day, which shall be supplied by the party at whose instance the decree may have been executed, to the proper officer of the Court, or of the gaol where the defendant may be in custody, by monthly payments in advance, on or before the 1st day of each month; the first payment to be made on the day of imprisonment for such portion of the current month as may remain unexpired.

[Imprisonment for debt limited to two years.]

41. A defendant will be released at any time on the decree being fully satisfied, or at the request of the person or persons at whose instance he may have been imprisoned, or on such persons omitting to pay the allowance as above directed, for the space of twenty-four hours after it has become due; and further, his imprisonment on account of the decree which occasioned it shall not, in any case, exceed two years.

[Subsistence-money to be added to amount of decree.]

42. Sums disbursed by a plaintiff for the subsistence of a defendant in gaol shall be added to the decree, and shall be recoverable from his property under the ordinary rules; but the defendant shall not be detained in custody or arrested on account of such disbursements.

[Application may be made for release from confinement on a surrender of the whole of the debtor's property.]

43. Any person in confinement under a decree who is not entitled to the benefit of any Act for the relief of insolvent or bankrupt debtors in India, may at any time procure his enlargement by making an application to the Judge to that effect, and furnishing in writing a full and fair account of all his property of whatever nature, whether in expectancy or in possession, and whether held exclusively by himself or jointly with others, or by others in trust for him, and of the places respectively where such property is to be found, and moreover assigning the whole of such property to such person as the Court may direct, or such part thereof as may be sufficient for the satisfaction of the decree. In such case the Judge shall cause the plaintiff to be furnished with a copy of the account of the defendant's property, and call on him within a reasonable period, to be fixed by the

কোন কারণে নীলাম অপ্রকৃত বলিয়া অসিদ্ধ করা যায় তখন খরীদারকে যে কিছু সম্পত্তি দেওয়া গিয়াছিল সেই সম্পত্তি আদালত যে স্থলে যেমত আজ্ঞা করা উচিত বোধ করেন তদনুসারে সুদসমেত কি সুদ বিনা খরীদার ফিরিয়া দিলে আপনার খরীদের টাকা ফিরিয়া পাইতে পারিবেক।

কয়েদ করণের দ্বারা ডিক্রী জারী হইবার কথা।

[জেলখানায় আসামীর খোরাকী যে প্রকারে নির্ণয় হইবেক ও দেওয়া যাইবেক।]

৪০। যখন ডিক্রীমতের আসামীকে ডিক্রী জারীক্রমে কয়েদ করা যায় তখন বিচারকর্তা তাহার খোরাকের জন্যে মাসে২ যত টাকা উপযুক্ত বোধ করেন তাহা নির্ণয় করিবেন। কিন্তু তাহা প্রতিদিন এত পয়সার অধিক না হয়। যে পক্ষের প্রার্থনামতে ডিক্রী জারী হইয়াছে সেই পক্ষ আদালতের উপযুক্ত কর্ম্মকারককে, কিম্বা আসামী যে জেলখানায় কয়েদ থাকে তাহার উপযুক্ত কর্ম্মকারককে, প্রতিমাসের ১ তারিখে কি তাহার আগে ঐ খোরাকী মাসে২ আগাম দিবেক। যে দিনে আসামী কয়েদ হয় সেই দিনে চলিত মাসের যত দিন বাকী থাকে তত দিনের খোরাকী প্রথমবার দিবেক।

[কর্জ্জের নিমিত্তে দুই বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারে।]

৪১। ডিক্রীমতে সম্পূর্ণরূপে কার্য্য হইলে পর, অথবা যে ব্যক্তির কি ব্যক্তিরদের প্রার্থনামতে আসামী কয়েদ হয় সে কি তাহারা প্রার্থনা করিলে, অথবা তাহারা ঐ খোরাকীর দেনা হইলে পর চব্বিশ ঘণ্টাপর্য্যন্ত উপরের আজ্ঞামতে খোরাকী না দিলে, আসামীকে কোন সময়ে খালাস করা যাইবেক। আরো যে ডিক্রীক্রমে আসামী কয়েদ হয় সেই ডিক্রীপ্রযুক্ত আসামী কখন দুই বৎসরের অধিক কাল কয়েদ থাকিবেক না।

[খোরাকীর টাকা ডিক্রীর টাকার উপর চড়াইয়া দেওয়া যাইবেক।]

৪২। জেলখানায় আসামীর খোরাকীর জন্যে ফরিয়াদী যে সকল টাকা দেয় তাহা ডিক্রীর টাকার উপর চড়াইয়া দেওয়া যাইবেক ও চলিত বিধিমতে তাহার সম্পত্তিহইতে ফিরিয়া পাওয়া যাইতে পারিবেক। কিন্তু আসামী সেই খরচের নিমিত্তে জেলখানায় আটক থাকিবেক না কি গ্রেপ্তার হইবেক না।

[আসামীর সমুদয় সম্পত্তি অর্পণ করা গেলে তাহাকে কয়েদহইতে খালাস করিবার দরখাস্ত করা যাইতে পারিবেক।]

৪৩। ডিক্রীমতে কয়েদহওয়া কোন ব্যক্তি যদি ভারতবর্ষের যোত্রহীন কি দেউলিয়া ঋণিরদের উপকারার্থ কোন আইনের দ্বারা উপকার পাইতে অক্ষম হয়, তবে সে ঐ মর্ম্মের এক দরখাস্ত বিচারকর্ত্তার নিকটে করিলে, ও তাহার বর্ত্তমান কি সম্ভাবিত যে কোন প্রকারের সম্পত্তি থাকে তাহার সম্পূর্ণ ও প্রকৃত বৃত্তান্ত, ও সেই সম্পত্তি আপনি একলা কি অন্যেরদের সংযোগে দখল করে, কিম্বা তাহার নিমিত্তে অন্য লোকেরদের জিম্মায় থাকে, ও সেই সকল সম্পত্তি যেং স্থানে আছে তাহা বিশেষ করিয়া লিখিয়া দিলে, ও আদালত যাহাকে আজ্ঞা করেন তাহাকে সেই সমুদয় সম্পত্তি কিম্বা যে অংশ ডিক্রীর টাকা শোধ করিবার জন্যে কুলায় তাহা অর্পণ করিয়া দিলে, আসামী কোন সময়ে খালাস হইতে পারিবেক। এমত স্থলে বিচারকর্ত্তা আসামীর সম্পত্তির ঐ ফর্দ্দের এক নকল ফরিয়াদীকে দেওয়াইবেন ও উপযুক্ত মিয়াদ নিরূপণ করিয়া সে মিয়াদের মধ্যে, আসামী প্রবঞ্চনা করিয়া কিছু গুপ্ত রাখিয়াছে কি কোন অপ্রকৃত কথা লিখিয়াছে, ইহার প্রমাণ করিতে ফরিয়াদীকে আজ্ঞা করি-

Judge, to make proof of any fraudulent concealment or misrepresentation made by the defendant; and on his failing to make such proof within the period specified shall cause the defendant to be set at liberty.

বেন। ও ফরিয়াদী সেই মিয়াদের মধ্যে সেইরূপ প্রমাণ না করিলে আসামীকে খালাস করাইয়া দিবেন।

[If guilty of fraud or concealment, debtor's imprisonment may be extended to two years; and he may be further dealt with criminally on account of his fraud.]

[যদি প্রবঞ্চনা কি গুপ্ত করণের অপরাধী হয় তবে আসামীকে দুই বৎসরপর্য্যন্ত কয়েদ রাখা যাইতে পারিবেক, ও তদ্ভিন্ন প্রবঞ্চনাপ্রযুক্ত তাহার ফৌজদারী আদালতে দণ্ড হইতে পারিবেক।]

44. But if the plaintiff shall within the time specified, or at any subsequent period, prove to the satisfaction of the Judge that the defendant, for the purpose of procuring his enlargement without satisfying the decree, wilfully concealed property, or his right or interest therein, or fraudulently transferred or removed property, or committed any other act of bad faith, the Judge shall, at the instance of the plaintiff, either retain the defendant in confinement, or commit him to prison, as the case may be, unless he shall have already been in confinement two years on account of the decree; and may also, if he shall think proper, send the defendant to the magistrate to be dealt with according to the provisions of the Penal Code.

৪৪। কিন্তু যদি ফরিয়াদী ঐ নির্দ্দিষ্ট কালের মধ্যে কিম্বা তাহার পর কোন সময়ে বিচারকর্ত্তার সন্তোষমতে এমত প্রমাণ করে যে, আসামী ডিক্রীর টাকা শোধ না করিয়া খালাস হইবার জন্যে ইচ্ছাপূর্ব্বক কোন সম্পত্তি কি তাহাতে আপনার স্বত্ব কি সম্পর্ক গুপ্ত রাখিয়াছে, কিম্বা প্রবঞ্চনাপূর্ব্বক সম্পত্তি হস্তান্তর কি স্থানান্তর করিয়াছে, কি অন্য কুটিলতার কার্য্য করিয়াছে, তবে বিচারকর্ত্তা ফরিয়াদীর দরখাস্তমতে আসামীকে জেলখানায় আটক করিয়া রাখিবেন, কিম্বা বিষয়বিশেষে তাহাকে কয়েদ করিবেন। কিন্তু যদি সে ঐ ডিক্রীপ্রযুক্ত দুই বৎসর কয়েদ হইয়া থাকে তবে তাহাকে কয়েদ রাখিবেন না। তদ্ভিন্ন তিনি উচিত বোধ করিলে আসামীকে লইয়া দণ্ডবিধির আইনের বিধানমতে কার্য্য হইবার জন্যে তাহাকে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে পারিবেন।

[Though the defendant be released, his property is liable for the decree.]

[আসামী খালাস হইলেও ডিক্রীর টাকার নিমিত্তে তাহার সম্পত্তির উপর দায় থাকিবেক।]

45. A defendant once enlarged shall not again be imprisoned on account of the same decree except under the operation of the last preceding Article, but his property will continue liable, under the ordinary rules, to attachment and sale in satisfaction of the decree until the same shall be fully made.

৪৫। আসামী একবার খালাস হইলে পর ইহার পূর্ব্বের প্রকরণের মতে না হইলে সেই ডিক্রীপ্রযুক্ত পুনরায় কয়েদ হইবেক না। কিন্তু যাবৎ ডিক্রীর সমুদয় টাকা না দেওয়া যায় তাবৎ তাহার সম্পত্তি চলিত বিধিমতে ঐ ডিক্রীপ্রযুক্ত ক্রোক ও নীলাম হইবার যোগ্য হইয়া থাকিবেক।

[Attaching creditor to be first paid out of property attached.]

[ক্রোককরা সম্পত্তিহইতে ক্রোককরণিয়া মহাজনের পাওনা টাকা প্রথমে দেওয়া যাইবেক।]

46. Whenever property is attached in execution of a decree, on the application of any person or persons, such person or persons shall be entitled to be first paid out of the proceeds thereof, notwithstanding a subsequent attachment of the same property by another party in execution of a prior decree.

৪৬। যখন কোন ব্যক্তির কি ব্যক্তিরদের দরখাস্তমতে ডিক্রী জারীক্রমে সম্পত্তি ক্রোক করা যায়, তখন সেই সম্পত্তিহইতে যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে ঐ ব্যক্তির কি ব্যক্তিরদের পাওনা প্রথমে দেওয়া যাইবেক। পূর্ব্বের করা ডিক্রীক্রমে অন্য কোন ব্যক্তি সেই সম্পত্তি তৎপরে ক্রোক করিলেও দেওয়া যাইবেক।

Of the Enforcement of a Decree out of the Jurisdiction of the Court by which it was passed.

যে আদালত ডিক্রী করেন আপন এলাকার বাহিরে ঐ ডিক্রী প্রবল করণের কথা।

[The decrees of any Courts may be executed beyond their own jurisdiction by other Courts.]

[কোন আদালতের ডিক্রী আপন এলাকার বাহিরে অন্য আদালতের দ্বারা জারী হইতে পারিবেক।]

47. A decree or final order of any Civil Court within any part of the territories in the possession or under the Government of the East India Company which cannot be enforced or executed within the jurisdiction of the Court by which it was passed, may be enforced or executed within the jurisdiction of another Court within any part of the said territories in the manner following.

৪৭। কোম্পানি বাহাদুরের অধিকৃত কি শাসিত দেশের কোন স্থানে কোন দেওয়ানী আদালতের ডিক্রী কি চূড়ান্ত হুকুম যে আদালতে করা গিয়াছিল সেই আদালতের এলাকার মধ্যে প্রবল কি জারী করা যাইতে না পারিলে, উক্ত দেশের কোন স্থানে অন্য আদালতের এলাকার মধ্যে নীচের লিখিত প্রকারে প্রবল কি জারী হইতে পারিবেক।

[How application is to be made for such execution.]

[সেইরূপে জারী করিবার দরখাস্ত যেপ্রকারে করিতে হইবেক।]

48. The party may apply to the Court which shall have passed such decree for a copy thereof, and also for a certificate that satisfaction of such decree has not been obtained by execution within

৪৮। যাহার পক্ষে ডিক্রী হইয়াছে সেই ব্যক্তি ঐ ডিক্রী যে আদালত করেন সেই আদালতে ঐ ডিক্রীর নকল, ও সেই আদালতের এলাকার মধ্যে ডিক্রী জারীক্রমে ঐ ডিক্রীর টাকাপ্রভৃতি পাওয়া যায় নাই এই মর্ম্মের

the jurisdiction of the said Court, also for a copy of any order for execution of such decree that may have been passed. The Court, unless there be any sufficient reason to the contrary, shall cause such copy and certificate to be furnished; and the same shall be signed by the Judge or one of the Judges of the Court, and sealed with the seal of the Court.

[Judge certifying decree, how to describe himself.]

49. If such Court shall be the principal Civil Court of original jurisdiction in the district, the Judge shall describe himself accordingly in the certificate and shall also name the Court and the district.

[Certificate to pass from Chief Court of the district to Chief Court where it is to be executed]

50. If the Court shall not be the principal Civil Court of original jurisdiction in the district, the copy of the judgment, and of the order for execution, if any, and the certificate of the Judge, shall without delay be transmitted to the principal Civil Court of original jurisdiction in the district; and the Judge of such Court shall issue a certificate under his hand and the seal of the Court, verifying the signature of the Judge of the Court in which the decree shall have been given to the documents above mentioned; and in such certificate the Judge signing the same shall describe himself as the Judge of the principal Civil Court of the district, and shall also name the Court and the district.

[Court applied to for execution, how to proceed.]

51. All copies and certificates, which may be furnished by or transmitted to the principal Civil Court of original jurisdiction in the district in which such decree shall have been given, shall be transmitted by such Court without delay to the principal Civil Court of original jurisdiction in the district in which the party may wish to have the decree enforced or executed; and such Court shall cause the said documents to be filed therein, without any proof of the judgment or order for execution, or of the copies thereof, or of the seal or jurisdiction of any Court, or of the signature of any Judge, unless the Court to which such documents shall be transmitted shall, under any peculiar circumstances, to be specified in an order, require the same.

[Decree or order transmitted, to be executed as that of the Court.]

52. The copy of any decree, or of any order for execution, when filed in the Court to which it shall be transmitted, for the purpose of being executed or enforced as aforesaid, shall for such purpose have the same effect as a decree or order for execution made by such Court, and may be enforced or executed by such Court or any Court subordinate thereto, to which it may intrust the enforcement or execution thereof.

[*Government Gazette*, 1st May, 1857.]

এক সর্টিফিকট, ও সেই ডিক্রী জারী করিবার যে কোন হুকুম হইয়া থাকে তাহার এক নকল প্রার্থনা করিতে পারিবেক। তাহা না দিবার কোন উপযুক্ত কারণ না থাকিলে আদালত সেইরূপ নকল ও সর্টিফিকট তাহাকে দেওয়াইবেন ও তাহাতে আদালতের বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারদের মধ্যে এক জন দস্তখৎ করিবেন ও তাহাতে আদালতের মোহর করা যাইবেক।

[যে বিচারকর্ত্তা ডিক্রীর সর্টিফিকট দেন তিনি আপনার যেরূপে পরিচয় লিখিবেন।]

৪৯। যদি সেই আদালত জিলার মধ্যে মোকদ্দমা প্রথম শুনিবার প্রধান দেওয়ানী আদালত হন, তবে বিচারকর্ত্তা সর্টিফিকটের মধ্যে তদনুসারে আপনার পরিচয় লিখিবেন, ও আদালতের ও জিলার নামও লিখিবেন।

[সর্টিফিকট জিলার প্রধান আদালতহইতে, যে জিলাতে জারী হইবেক তাহার প্রধান আদালতে পাঠান যাইবেক।]

৫০। যদি ঐ আদালত জিলার মধ্যে মোকদ্দমা প্রথম শুনিবার প্রধান দেওয়ানী আদালত না হন, তবে ঐ ডিক্রীর নকল, ও ডিক্রীজারী করিবার কোন হুকুম হইলে তাহার নকল, ও বিচারকর্ত্তার সর্টিফিকট অগৌণে ঐ জিলার মধ্যে মোকদ্দমা প্রথম শুনিবার প্রধান দেওয়ানী আদালতে পাঠান যাইবেক। ও সেই আদালতের বিচারকর্ত্তা ডিক্রী যে আদালতে হইয়াছিল তাহার বিচারকর্ত্তার উপরোক্ত দলীলে দস্তখৎ করিবার সত্যতা প্রকাশার্থে এক সর্টিফিকট দিবেন ও তাহাতে দস্তখৎ করিবেন ও আদালতের মোহর করাইবেন, আর সেই সর্টিফিকটে যে বিচারকর্ত্তা দস্তখৎ করেন তিনি ঐ জিলার প্রধান দেওয়ানী আদালতের বিচারকর্ত্তা বলিয়া আপনার পরিচয় লিখিবেন ও আদালতের ও জিলার নামও লিখিবেন।

[যে আদালতে ডিক্রীজারী করিবার প্রার্থনা হয় তাঁহার যেরূপ কার্য্য করিতে হইবেক।]

৫১। যে জিলাতে এরূপ ডিক্রী করা যায় তাহার মধ্যে মোকদ্দমা প্রথম শুনিবার প্রধান দেওয়ানী আদালত যে সকল নকল ও সর্টিফিকট দিয়া থাকেন, কিম্বা সেই আদালতে যে সকল নকল ও সর্টিফিকট পাঠান যায় তাহা ঐ আদালত, যে জিলার মধ্যে ডিক্রীদার ঐ ডিক্রী প্রবল কি জারী করাইতে চাহে সেই জিলাতে মোকদ্দমা প্রথম শুনিবার প্রধান দেওয়ানী আদালতে অগৌণে পাঠাইবেন, ও সেই আদালত ঐ ডিক্রীর কিম্বা ডিক্রীজারী করিবার হুকুমের কি তাহার নকলের কি কোন আদালতের মোহরের কি এলাকার কি কোন বিচারকর্ত্তার দস্তখতের কিছু প্রমাণ না লইয়া উক্ত কাগজপত্র ঐ আদালতে দাখিল করাইবেন। কিন্তু যে আদালতে ঐ সকল কাগজপত্র পাঠান যায় সেই আদালত যদি কোন বিশেষ গতিকে উক্ত বিষয়ের প্রমাণ লইবার আজ্ঞা করেন তবে লওয়া যাইবেক, ও সেই বিশেষ গতিক হুকুমনামায় নির্দ্দিষ্ট থাকিবেক।

[যে ডিক্রী কি হুকুম পাঠান যায় তাহা ঐ আদালতের ডিক্রীমতে জারী হইবেক।]

৫২। কোন ডিক্রীর কিম্বা ডিক্রীজারীর কোন হুকুমের নকল পূর্ব্বোক্তমতে জারী হইবার কি প্রবল করিবার জন্যে যে আদালতে পাঠান যায় সেই আদালতে যখন দাখিল করা যায়, তখন তাহা সেই কার্য্যের নিমিত্তে ঐ আদালতেরই ডিক্রী কি জারী করিবার হুকুমের তুল্য ফলবৎ হইবেক, ও সেই আদালতের দ্বারা প্রবল কি জারী করা যাইতে পারিবেক, কিম্বা সেই আদালত তাহা প্রবল কি জারী করিবার কার্য্য আপনার অধীন যে কোন আদালতে অর্পণ করেন তাঁহার দ্বারা, প্রবল কি জারী হইতে পারিবেক।

[Execution how to be enforced by Court applied to.]

53. When application shall be made to any of the said Courts to enforce or execute the decree of any other Court as aforesaid, the Court to which the application shall be made or referred shall proceed to enforce or execute the same, according to its own rules in the like cases; and the last-mentioned Court shall take cognizance of and punish all wrongful acts or irregularities done or committed in enforcing or executing such decree; and all persons disobeying or obstructing the enforcement or execution of any such decree shall be punishable by such last-mentioned Court in the same manner as if the said decree had been pronounced by such Court.

[যে আদালতে দরখাস্ত করা যায় সেই আদালত যেরূপে জারী করিবেন।]

৫৩। যখন পূর্ব্বোক্ত প্রকারের কোন আদালতের ডিক্রী প্রবল কি জারী করিবার নিমিত্তে পূর্ব্বোক্ত অন্য কোন আদালতে দরখাস্ত করা যায়, তখন যে আদালতে ঐ দরখাস্ত করা যায় কি অর্পিত হয় সেই আদালত তত্তুল্য অবস্থায় আপনার ডিক্রী যে বিধিমতে জারী করিতেন সেই বিধিমতে ঐ ডিক্রী প্রবল কি জারী করিবেন, ও সেই ডিক্রী প্রবল কি জারী করণে যে কিছু অন্যায্য কি অনিয়মিত কার্য্য হয় কি করা যায় ঐ শেষোক্ত আদালত তাহার বিচার করিয়া দণ্ড করিবেন, ও যদি কোন লোক তদ্রূপ কোন ডিক্রী অমান্য করে কি ঐ ডিক্রী প্রবল কি জারী হইবার বাধা করে, তবে সেই ডিক্রী ঐ শেষোক্ত আদালতে করা গেলে ঐ আদালত যে প্রকারে ঐ লোকের দণ্ড করিতে পারিতেন সেই প্রকারে তাহার দণ্ড করিবেন।

[What appeal from orders for execution under this Act.]

54. An appeal shall lie from any order of a Court for enforcing or executing the decree of another Court, in the same manner, and subject to the same rules, as if the decree had been originally passed by the Court making such order.

[এই আইনমতে জারী করিবার হুকুমের উপর যে আপীল হইতে পারে।]

৫৪। কোন আদালতের ডিক্রী প্রবল কি জারী করিবার যে কোন হুকুম অন্য আদালত করেন, সেই হুকুমের উপর ঐ আদালতে প্রথমে ডিক্রী হইলে যে প্রকারে ও যে বিধিমতে আপীল হইতে পারিত সেই প্রকারে ও সেই বিধিমতে আপীল হইবেক।

CHAPTER VI.

OF CONTEMPTS AND DISOBEDIENCE OF ORDERS.

৬ অধ্যায়।

অবজ্ঞা ও হুকুম অমান্য করিবার কথা।

[Contempt of Court under Chapter XI Clause 39 of the Penal Code.]

1. When any such offence as is described in Chapter XI. Clause 39 of the Penal Code is committed in contempt of the lawful authority of a Judge or Court of Justice, it shall be competent to such Judge or Court to punish the same as for a contempt of Court, and to adjudge the offender to punishment as authorized by the said Clause.

[দণ্ডবিধির আইনের ১১ অধ্যায়ের ৩৯ প্রকরণমতে আদালতের অবজ্ঞা।]

১। যখন বিচারকর্ত্তার কিম্বা আদালতের আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞাক্রমে দণ্ডবিধির আইনের ১১ অধ্যায়ের ৩৯ প্রকরণের লিখিত প্রকারের কোন অপরাধ করা যায়, তখন সেই বিচারকর্ত্তা কি আদালত আদালতের অবজ্ঞা বলিয়া সেই অপরাধের দণ্ড করিতে পারিবেন, আর উক্ত প্রকরণের ক্ষমতামতে অপরাধির দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

[Contempt of lawful Authority under Chapter X.]

2. When any of the offences described in Chapter X. of the Penal Code is committed in contempt of the lawful authority of a Judge or Court of Justice, it shall be competent to such Judge or Court to punish the same as for a contempt of Court, and to adjudge the offender to punishment as authorized by the Clause applicable thereto.

[১০ অধ্যায়মতে আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞা]

২। দণ্ডবিধির আইনের ১০ অধ্যায়ে যে২ অপরাধের কথা লেখা আছে তাহার মধ্যে কোন অপরাধ যদি বিচারকর্ত্তার কি আদালতের আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞাক্রমে করা যায়, তবে সেই বিচারকর্ত্তা কি আদালত আদালতের অবজ্ঞা বলিয়া ঐ অপরাধের দণ্ড করিতে পারিবেন, ও সেই অপরাধের উপর যে প্রকরণ খাটে সেই প্রকরণের লিখিতমতে অপরাধির দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

[Ordinary powers of punishment not to be exceeded. Punishment may be remitted on submission of the offender.]

3. Provided that Principal Sudder Ameens and Moonsiffs shall not exceed the powers of punishment conferred on them respectively as Judges of subordinate Criminal Courts, in fixing the measure of punishment for any of the offences referred to in the two last preceding Articles; and provided also, that when a person has been sentenced to punishment under the provisions of the last preceding Article for refusing or omitting to do any thing which he was required to do, it shall be competent to the Judge or Court of Justice to remit the punishment, on the submission of the of-

[দণ্ড করিবার নিয়মিত ক্ষমতার অতিরিক্ত কার্য্য করিতে হইবেক না। অপরাধী স্বীকার করিলে দণ্ডের ক্ষমা হইতে পারিবেক।]

৩। পরন্তু ইহার পূর্ব্বের দুই প্রকরণে যে২ অপরাধের উল্লেখ হইয়াছে তাহার দণ্ডের নিয়ম করণেতে, প্রধান সদর আমীনেরা ও মুনসেফেরা ফৌজদারীর অধীন আদালতের বিচারকর্ত্তাস্বরূপে দণ্ড করিবার যে২ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন তাহার অধিক দণ্ড করিবেন না। আরো কোন লোককে যে কোন কার্য্য করিবার হুকুম হয় তাহা করিতে অস্বীকার করণ কি তাহা না করণপ্রযুক্ত যখন ইহার পূর্ব্বের প্রকরণের বিধিমতে সেই ব্যক্তির দণ্ডের আজ্ঞা হয়, তখন সেই অপরাধী বিচারকর্ত্তার কি আদালতের হুকুম কি আজ্ঞামতে কার্য্য করিতে স্বীকার

fender to the order or requisition of such Judge or Court of Justice.

CHAPTER VII.
REFERENCE TO ARBITRATION.

[Reference on application of the parties.]

1. If the parties to a suit are desirous that the matters in difference between them shall be referred to the final decision of one or more arbitrator or arbitrators, they may apply to the Court at any time before final judgment for an order of reference.

[Application how to be made.]

2. The application shall be made by the parties in person, or through one of the vakeels of the Court, specially authorized in that behalf by an instrument in writing, which shall be presented to the Judge at the time of making the application, and shall be filed with the proceedings in the cause.

[Appointment of arbitrators may be made by Court at the desire of parties.]

3. If the parties cannot agree with respect to the arbitrator or arbitrators, or if the person or persons nominated by them shall refuse to accept the arbitration, or having accepted it shall refuse to act, and the parties are desirous that the nomination shall be made by the Court, the Court shall appoint some proper person or persons to be the arbitrator or arbitrators, as the case may be.

[Order of reference.]

4. The Court shall fix such time as it may think reasonable for the delivery of the award, and shall by an order under its seal, in which the time so fixed shall be specified, refer to the arbitrator or arbitrators the matters in difference in the suit between the parties.

[When the reference is to two or more, the order shall provide for difference of opinion.]

5. If the reference be to two or more arbitrators, provision shall be made in the order for a difference of opinion among the arbitrators, by the appointment of an umpire, or by declaring that the decision shall be with the majority, or by empowering the arbitrators to appoint their own umpire, or otherwise as may be agreed upon between the parties; or if they cannot agree as to any of these particulars, as the Court itself may determine.

[Power to Court to direct arbitration.]

6. If on the day mentioned in the summons or at any subsequent hearing of the cause it shall appear to the Judge that the matter in dispute between the parties consists wholly or in part of matters of mere account which cannot conveniently be tried before him, it shall be lawful for him, at his discretion, to order that such matter

করিতে, ঐ বিচারকর্তা কি আদালত তাহার দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

৭ অধ্যায়।
সালিসীতে অর্পণ করিবার কথা।

[উভয় পক্ষের প্রার্থনামতে সালিসীতে অর্পণ।]

১। যদি মোকদ্দমার উভয় পক্ষ ইচ্ছা করে যে তাহারদের মধ্যে বিবাদের যে বিষয় হয় তাহা চূড়ান্ত নিষ্পত্তি হইবার জন্যে এক কি অধিক জন সালিসের প্রতি অর্পণ করা যায়, তবে তাহারা আদালতের শেষ নিষ্পত্তি হইবার আগে কোন সময়ে আদালতে প্রার্থনা করিতে পারিবেক যে সালিসীতে অর্পণ করিবার হুকুম হয়।

[ঐ দরখাস্ত যেপ্রকারে করিতে হইবেক।]

২। ঐ দরখাস্ত উভয় পক্ষ নিজে করিবেক, অথবা ঐ কার্য্যের নিমিত্তে লিখিত দলীলক্রমে বিশেষমতে নিযুক্ত আদালতের কোন এক জন উকীলের দ্বারা করিবেক। ঐ দরখাস্ত করিবার সময়ে সেই দলীলও বিচারকর্তার নিকটে অর্পণ করা যাইবেক ও তাহা মোকদ্দমার কাগজপত্রের সঙ্গে নথীর শামিল করা যাইবেক।

[উভয় পক্ষ চাহিলে আদালত সালিসদিগকে নিযুক্ত করিতে পারিবেন।]

৩। যাঁহাকে কি যাঁহারদিগকে সালিস নিযুক্ত করিবেক এই বিষয় উভয় পক্ষ একবাক্য হইতে না পারিলে, কিম্বা তাহারা যে ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে মনোনীত করে তাঁহারা যদি ঐ সালিসী কার্য্য গ্রহণ করিতে অস্বীকার করেন, কিম্বা গ্রহণ করিলে পর যদি কার্য্য করিতে অস্বীকার করেন, আর যদি উভয় পক্ষ চাহে যে আদালত হইতে সালিসদিগকে মনোনীত করা যায়, তবে আদালত বিষয়বিশেষে এক কি অধিক উপযুক্ত ব্যক্তিকে সালিসস্বরূপ নিযুক্ত করিবেন।

[সালিসীতে অর্পণ হইলে যে নিয়ম করা যাইবেক।]

৪। সালিসেরদের ফয়সলা যে সময়ের মধ্যে করিতে হইবেক আদালত এমত উপযুক্ত সময় নিরূপণ করিয়া আপন মোহরকরা এক হুকুমনামায় লিখিবেন, ও সেই হুকুমক্রমে, মোকদ্দমার উভয় পক্ষের যে২ বিষয় লইয়া বিবাদ হয় সেই২ বিষয় সালিসকে কি সালিসদিগকে অর্পণ করিবেন।

[যদি দুই কি ততোধিক জন নিযুক্ত হন তবে তাঁহারদের মতের অনৈক্যের প্রতিকার ঐ হুকুমনামায় থাকিবেক।]

৫। যদি দুই কি ততোধিক জন সালিসকে ঐ বিষয় অর্পণ করা যায়, তবে তাঁহারদের মতের অনৈক্যের এই প্রতিকার হুকুমনামায় করা যাইবেক, অর্থাৎ এক জন মধ্যস্থকে নিযুক্ত করা যাইবেক, কিম্বা অধিকাংশ ব্যক্তির যে মত হয় তাহাই প্রবল হয় এইরূপ নির্দ্ধারণ হইবেক, অথবা সালিসদিগকে আপনারদের এক জন মধ্যস্থকে নিযুক্ত করিতে ক্ষমতা দেওয়া যাইবেক, অথবা উভয় পক্ষ অন্য যে কোন উপায়ে সম্মত হয় তাহাই ধার্য্য হইবেক। কিন্তু যদি তাহারা ইহার মধ্যে কোন উপায়ে সম্মত হইতে না পারে তবে আদালত আপনি উপায় নির্দ্ধার্য্য করিবেন।]

[সালিসীতে অর্পণ করিতে আদালতের ক্ষমতা।]

৬। সমনের লিখিত দিবসে কিম্বা তাহার পর মোকদ্দমা শুনিবার অন্য কোন দিবসে, যদি বিচারকর্তা দেখিতে পান যে কেবল হিসাব লইয়া কিম্বা কোন অংশে হিসাব লইয়া উভয় পক্ষের মধ্যে বিবাদ হইতেছে, ও বিচারকর্তার সম্মুখে তাহার বিচার স্বচ্ছন্দে হইতে না পারে, তবে তিনি আপনার বিবেচনামতে এমত হুকুম করিতে পারিবেন যে, ঐ হিসাব উভয় পক্ষের নিযুক্ত

of account be referred to an arbitrator appointed by the parties, or to an officer of Court, or to some other proper person whom the Judge may think fit to appoint, upon such terms as to costs and the remuneration of the arbitrator, or otherwise, as the Judge shall think reasonable.

[Court may determine particular facts or points of law.]

7. If it shall appear to the Judge that the allowance or disallowance of any particular item or items in such account depends upon a question of law or fact fit to be decided by the Court, it shall be lawful for the Judge to decide such question of law or fact, and his decision thereupon shall be taken and acted upon by the arbitrator as conclusive.

[If action be commenced by one party to a deed of arbitration, Court may stay proceedings.]

8. Whenever the parties to any deed or instrument in writing shall agree that any then existing or future differences between them or any of them shall be referred to arbitration, and any one or more of the parties so agreeing, or any person claiming through or under him or them, shall nevertheless commence any suit against the other party or parties, or against any person or persons claiming through or under him or them, in respect of the matters so agreed to be referred or any of them, it shall be lawful to the Court in which the suit is brought on application by the defendant or defendants at his or their first appearance before the Judge, in obedience to any summons that may be issued in such suit, upon being satisfied that no sufficient reason exists why such matters cannot be or ought not to be referred to arbitration according to such agreement as aforesaid, and that the defendant was at the time of the commencement of such suit and still is ready and willing to join and concur it all acts necessary and proper for causing such matters so to be decided by arbitration, to make an order for staying all proceedings in such suit, on such terms as to costs or otherwise as to such Court may seem fit: provided always, that any such order may at any time thereafter be discharged or varied as justice may require.

[Powers of arbitrators.]

9. Upon any reference by an order of Court, whether compulsory or by consent, the arbitrator or arbitrators and umpire shall have all the like powers as the Court would have in the like circumstances; and the Court shall issue the same processes to the parties and witnesses whom the arbitrator or arbitrators, or umpire, or the parties, may desire to have examined, as the Court is authorized to issue in causes tried before it; and persons not attending in consequence of such process, or making any default, or refusing to give

সালিসকে, কিম্বা আদালতের কোন্ কর্ম্মকারককে, কিম্বা বিচারকর্ত্তা অন্য যাঁহাকে নিযুক্ত করা উচিত বোধ করেন এমত উপযুক্ত অন্য কোন ব্যক্তিকে অর্পণ করা যায়। ও সালিসের কি অন্য ব্যক্তির খরচের ও মেহনতানার যে নিয়ম বিচারকর্ত্তা উপযুক্ত বোধ করেন তাহা করিবেন।

[আদালত বিশেষ বৃত্তান্ত কি আইনঘটিত কথা নিস্পত্তি করিতে পারিবেন।]

৭। বিচারকর্ত্তা যদি দেখিতে পান যে আইন কি বৃত্তান্তঘটিত কোন কথানুসারে ঐ হিসাবের মধ্যে বিশেষ কোন এক কি অধিক দফা গ্রাহ্য কি অগ্রাহ্য হইবেক, ও সেই কথা আদালতের নিস্পত্তিকরা উচিত, তবে বিচারকর্ত্তা আইন কি বৃত্তান্তঘটিত ঐ কথার নিস্পত্তি করিতে পারিবেন, ও তাঁহার যে নিস্পত্তি হয় তাহা সালিস সিদ্ধান্তরূপে গ্রহণ করিয়া তদনুসারে কার্য্য করিবেন।

[সালিসনামার কোন এক পক্ষ মোকদ্দমা উপস্থিত করিলে আদালত মোকদ্দমা স্থগিত করিতে পারিবেন।]

৮। যখন কোন দলীলের কি লিপির উভয় পক্ষের মধ্যে এই প্রকার করার হইয়া থাকে যে, তাহারদের মধ্যে কিম্বা তাহারদের কোন কাহার মধ্যে তৎকালে কি তৎপরে যে কিছু বিবাদ হয় তাহা সালিসীতে অর্পণ করা যাইবেক, তখন সেই প্রকারের করারকরণিয়া কোন এক কি অধিক লোক, কিম্বা তাহারদের দ্বারা কি তাহারদের অধীন দাওয়াদার কোন ব্যক্তি, যদি সেই করার থাকিতেও, যে২ বিষয় কি যে কোন বিষয় সেই প্রকারের সালিসীতে অর্পণ করিবার করার হইয়াছিল তাহা লইয়া, অন্য পক্ষের কি তাহারদের কোন কাহার নামে, কিম্বা তাহার কি তাহারদের দ্বারা কি অধীনে দাওয়াদার কোন ব্যক্তির কি ব্যক্তিরদের নামে কোন মোকদ্দমা উপস্থিত করে, তবে সেই মোকদ্দমায় যে কোন সমন বাহির হইয়া থাকে তদনুসারে আসামী কি আসামীরা বিচারকর্ত্তার সম্মুখে প্রথমবার উপস্থিত হইয়া দরখাস্ত করিলে, যে আদালতে মোকদ্দমা উপস্থিত করা যায় সেই আদালত যদি ঐ বিষয় পূর্ব্বোক্ত প্রকারের করারমতে সালিসীতে অর্পণ করা যাইতে না পারে কিম্বা করা উচিত নহে এমত কোন উপযুক্ত কারণ হৃদ্বোধমতে দেখিতে না পান, ও সেই বিষয় সালিসের দ্বারা নিস্পত্তি হইবার জন্যে যে সকল কার্য্য করা আবশ্যক ও উপযুক্ত হয় সেই সকল কার্য্য করিতে ও তাহাতে সম্মত হইতে আসামী ঐ মোকদ্দমার আরম্ভ করণ কালে প্রস্তুত ও ইচ্ছুক ছিল ও তৎকালেও প্রস্তুত ও ইচ্ছুক আছে, ইহা যদি আদালত হৃদ্বোধমতে জানিতে পান, তবে সেই মোকদ্দমার সকল কার্য্য স্থগিত করিবার হুকুম করিতে পারিবেন, এবং খরচাপ্রভৃতির যে নিয়মকরা উচিত বোধ করেন সেই নিয়ম করিবেন। পরন্তু সেই প্রকারের কোন হুকুম তৎপরের কোন সময়ে যথার্থ বিচার হইবার নিমিত্তে প্রয়োজন হইলে বাতিল কি পরিবর্ত্ত করা যাইতে পারিবেক।

[সালিসেরদের ক্ষমতা।]

৯। আদালতের হুকুমমতে কোন বিষয় সালিসীতে অর্পণ হইলে, তাহা আজ্ঞাক্রমে বলবৎরূপে কি উভয় পক্ষের সম্মতিক্রমে অর্পণ করা গেলেও, তত্তুল্য অবস্থায় আদালতের যে ক্ষমতা থাকিত, ঐ সালিসের কি সালিসেরদের ও মধ্যস্থের সেই সকল ক্ষমতা হইবেক। আর আদালতের সম্মুখে যে মোকদ্দমার বিচার হয় তাহাতে আদালত যে প্রকারের পরওয়ানা জারী করিতে ক্ষমতাপন্ন হন, ঐ সালিস কি সালিসেরা কি মধ্যস্থ কি উভয় পক্ষ যে২ পক্ষের ও সাক্ষিরদের জোবানবন্দী লইতে চাহে তাহারদের নামে আদালত সেইরূপ পরওয়ানা জারী করিবেন। ও সেই পরওয়ানাক্রমে যদি কোন ব্যক্তি হাজির না হয় কি

their testimony, or to sign their depositions, or being guilty of any contempt to the arbitrator or arbitrators, or umpire, during the investigation of the suit, shall be subject to the like disadvantages, penalties, and punishments, by orders made by the arbitrator or arbitrators, or umpire, as they would incur for the same offences in suits tried before the Court; provided that the arbitrator or arbitrators, or umpire, shall report the order, with the reason for making it, to the Court, and obtain its consent thereto, which is to be signified by the Judge's signing the order.

কোন ত্রুটি করে কি জোবানবন্দী দিতে কি তাহাতে দস্তখৎ করিতে অস্বীকার করে, কিম্বা মোকদ্দমার তজবীজের কালে সালিসের কি সালিসেরদের কি মধ্যস্থের প্রতি কোন অবজ্ঞা করিবার দোষী হয়, তবে আদালতের সম্মুখে উপস্থিতথাকা মোকদ্দমাতে সেইরূপ অপরাধ করিলে তাহারদের যে দণ্ডপ্রভৃতি হইত, ঐ সালিসের কি সালিসেরদের কি মধ্যস্থের হুকুমঅনুসারে তাহারদের সেইরূপ অনিষ্ট ও জরীমানা ও দণ্ড হইতে পারিবেক। পরন্তু ইহাতে প্রয়োজন যে ঐ সালিস কি সালিসেরা কি মধ্যস্থ ঐ হুকুম ও তাহা যে কারণে করিয়াছিলেন তাহার রিপোর্ট আদালতে করেন, ও তদ্বিষয়ে আদালতের অনুমতি পান। বিচারকর্ত্তা ঐ হুকুমে দস্তখৎ করিলে তাঁর অনুমতি প্রকাশ হইবেক।

[Extension of time for making award.]

10. In cases where the arbitrators or umpire shall not have been able to complete the award within the period specified in the order from want of the necessary evidence or information, or other good and sufficient cause, the Court may from time to time enlarge the period for the delivery of the award if it shall think proper. In any case in which an umpire shall have been appointed it shall be lawful for him to enter on the reference in lieu of the arbitrators, if they shall have allowed their time or their extended time to expire without making an award, or shall have delivered to any party or to the umpire a notice in writing stating that they cannot agree.

[ফয়সলা করিবার মিয়াদ বৃদ্ধি করণ।]

১০। হুকুমনামাতে ফয়সলা করিবার যে মিয়াদ নির্দ্দিষ্ট হয় তাহার মধ্যে যদি সালিসেরা কি মধ্যস্থ আবশ্যক প্রমাণ কি সংবাদ না পাওয়াপ্রযুক্ত কি অন্য উত্তম ও উপযুক্ত কারণে ফয়সলা করিতে পারেন নাই, তবে আদালত উপযুক্ত বোধ করিলে ঐ ফয়সলা করিবার মিয়াদ সময়ে২ বৃদ্ধি করিতে পারিবেন। যে স্থলে মধ্যস্থকে নিযুক্ত করা যায় সেই স্থলে, যদি মিয়াদ অতীত হইলে কি বৃদ্ধিকরা মিয়াদ অতীত হইলেও সালিসেরা ফয়সলা না করেন, কিম্বা তাঁহারা একবাক্য হইতে না পারেন এই কথা লিখিয়া যদি কোন পক্ষকে কি মধ্যস্থকে দেন, তবে ঐ সালিসেরদের পরিবর্ত্তে ঐ মধ্যস্থ সালিসী কর্ম্ম করিতে পারিবেন

[In case of death, incapacity, or refusal to act of arbitrators or umpire, Court may appoint others instead.]

11. If, in any case of reference to arbitration by an order of Court, the appointed arbitrator or arbitrators or umpire shall die, or refuse, or become incapable to act, it shall be lawful for the Court, on the application of the parties, or any of them, to appoint a new arbitrator or arbitrators, or umpire, in the place or stead of the person or persons so dying, or refusing or becoming incapable to act; and where two arbitrators are at liberty by the terms of the order of reference to appoint an umpire and do not appoint an umpire, then and in every such instance any of the parties may serve the arbitrators with a written notice to appoint an umpire; and if within seven clear days after such notice shall have been served no umpire be appointed, it shall be lawful for the Court upon the application of the party having served such notice as aforesaid, upon proof to its satisfaction of such notice having been served, to appoint an umpire. In any case of appointment under this Article, the arbitrator or arbitrators, or umpire so appointed, shall have the like power to act in the reference, as if their name or names had been inserted in the original order of reference.

[যদি সালিসেরা কি মধ্যস্থ মরেন কি অক্ষম হন কি কার্য্য করিতে অস্বীকার করেন তবে আদালত তাঁহারদের পরিবর্ত্তে অন্য লোকদিগকে নিযুক্ত করিতে পারিবেন।]

১১। আদালতের আজ্ঞামতে যে মোকদ্দমা সালিসীতে অর্পণ করা যায় তাহাতে নিযুক্ত সালিস কি সালিসেরা কি মধ্যস্থ যদি মরেন কি কার্য্য করিতে স্বীকার না করেন কি অক্ষম হন, তবে উভয় কি কোন পক্ষ আদালতে দরখাস্ত করিলে, যে ব্যক্তি কি ব্যক্তিরা মরিয়াছেন কি কার্য্য করিতে স্বীকার না করেন কি অক্ষম হন, তাঁহার স্থানে কি পরিবর্ত্তে আদালত নূতন এক কি অধিক জন সালিসকে কি মধ্যস্থকে নিযুক্ত করিতে পারিবেন। আর সালিসীতে অর্পণ করিবার হুকুমনামার নিয়মমতে যদি দুই জন সালিসের প্রতি মধ্যস্থকে নিযুক্ত করিবার অনুমতি দেওয়া যায়, তবে তাঁহারা মধ্যস্থকে নিযুক্ত না করিলে উভয় পক্ষের মধ্যে কোন পক্ষ মধ্যস্থকে নিযুক্ত করিবার জন্যে সালিসদিগকে লিখিত এত্তেলা দিতে পারিবেক। আর সেই এত্তেলা জারী হইবার পর সম্পূর্ণ সাত দিনের মধ্যে যদি কোন মধ্যস্থকে নিযুক্ত না করা যায়, তবে যে পক্ষ ঐ প্রকার এত্তেলা জারী করিয়াছে সেই পক্ষ আদালতে দরখাস্ত করিলে, আদালত ঐ এত্তেলা জারী হইবার সন্তোষমতে প্রমাণ পাইলে পর এক জন মধ্যস্থকে নিযুক্ত করিতে পারিবেন। এই প্রকরণমতে যে সালিস কি সালিসেরা কি মধ্যস্থ নিযুক্ত হন তাঁহারদের নাম সালিসীতে অর্পণ করিবার প্রথম হুকুমনামাতে লেখা গেলে তাঁহারদের ঐ সালিসীতে কার্য্য করিবার যে ক্ষমতা হইত সেই ক্ষমতা হইবেক।

[Award how to be submitted to Court.]

12 When a final award in a cause shall be made, either by the arbitrators or umpire, it shall be submitted to the Court under the signature of the person or persons by whom it may be made,

[ফয়সলা যেরূপে আদালতে অর্পণ করা যাইবেক]

১২। যখন সালিসেরা কিম্বা মধ্যস্থ কোন মোকদ্দমার শেষ ফয়সলা করিয়াছেন, তখন যাঁহার দ্বারা ঐ ফয়সলা করা গিয়াছে তাঁহার কি তাঁহারদের দস্তখৎক্রমে ফয়সলানামা আদালতে অর্পণ করা যাইবেক, ও মোকদ্দমার

together with all the proceedings, depositions, and exhibits in the cause.

[Arbitrator may state special case.]

13. It shall be lawful for the arbitrator or arbitrators and umpire, upon any reference, by an order of Court, whether compulsory or by consent of parties, if he or they shall think fit, and if it is not provided to the contrary, to state his or their award as to the whole or any part thereof in the form of a special case for the opinion of the Court.

[Power to send back to arbitrator.]

14. In any case where reference shall be made to arbitration as aforesaid, the Court shall have power at any time and from time to time to mit the matters referred, or any or either of them, to the re-consideration and re-determination of the same arbitrator or arbitrators or umpire, upon such terms as to costs and otherwise as to the said Court may seem proper.

[Judgment to be pronounced in terms of the award.]

15. If the Court shall not see cause to remit the matters referred for re-consideration in manner aforesaid, it shall pronounce judgment conformable to the award, unless the same shall be set aside, or to its own opinion on the special case if the award shall have been submitted to it in the form of a special case, and the decree shall be carried into execution in the same manner as other decrees of the Court.

[Application to set aside the award.]

16. All applications to set aside any award made on a compulsory reference or a reference by consent of the parties, shall be made within ten days after the same has been submitted to the Court; and if no such application is made, or if no rule is granted thereon, or if any rule granted thereon is afterwards discharged, judgment shall be pronounced as mentioned in the last preceding Article, and such judgment shall be final between the parties.

[To be continued.]

সকল কাগজপত্র ও জোবানবন্দী ও দলীলদস্তাবেজ তাহার সঙ্গে দাখিল করিতে হইবেক।

[সালিস বিশেষ কথা জিজ্ঞাসা করিতে পারিবেন।]

১৩। মোকদ্দমা আদালতের হুকুমক্রমে বলবৎরূপে কিম্বা উভয় পক্ষের সম্মতিক্রমে সালিসীতে অর্পণ করা গেলে, ঐ সালিস কি সালিসেরা কি মধ্যস্থ যদি উচিত বোধ করেন ও তদ্বিপরীত বিধি না থাকে তবে তিনি কি তাঁহারা অর্পিত সমুদয় বিষয়ের কি তাহার কোন অংশের উপর আপনার কি আপনারদের যে ফয়সলা হয় তাহা বিশেষ জিজ্ঞাসার মতে আদালতের মত জানিবার জন্যে অর্পণ করিতে পারিবেন।

[সালিসেরদের নিকটে ফিরিয়া দিবার ক্ষমতা।]

১৪। যে কোন স্থলে মোকদ্দমা পূর্ব্বোক্ত প্রকারে সালিসীতে অর্পণ করা যায় সেই স্থলে আদালত ঐ অর্পিত বিষয় কি তাহার কোন বিষয় ঐ সালিসের কি সালিসেরদের কি মধ্যস্থের পুনর্ব্বিবেচনার ও পুনর্নিষ্পত্তির নিমিত্তে কোন সময়ে ও সময়ে২ ফিরিয়া পাঠাইতে পারিবেন ও খরচপ্রভৃতির বিষয়ে আদালত যে নিয়ম উচিত বোধ করেন তাহা করিবেন।

[ফয়সলার অনুসারে নিষ্পত্তি হইবেক।]

১৫। আদালত ঐ অর্পিত বিষয় পূর্ব্বোক্ত প্রকারে পুনর্ব্বিবেচনার জন্যে ফিরিয়া পাঠাওনের কারণ না দেখিলে, যদি ঐ ফয়সলা অন্যথা না করেন তবে তদনুসারে নিষ্পত্তি প্রকাশ করিবেন, অথবা যদি ঐ ফয়সলা বিশেষ জিজ্ঞাসামতে আদালতে অর্পিত হইয়া থাকে তবে তাহার উপর আদালতের যে মত হয় সেই মতানুসারে ডিক্রী করিবেন, ও সেই ডিক্রী আদালতের অন্যান্য ডিক্রীমতে জারী হইবেক।

[ফয়সলা অসিদ্ধ করিবার দরখাস্ত।]

১৬। আদালতের আজ্ঞাক্রমে বলবৎরূপে কিম্বা উভয় পক্ষের সম্মতিতে সালিসীতে অর্পণকরা বিষয়ের উপর যে কোন ফয়সলা হয় তাহা অসিদ্ধ করিবার দরখাস্ত, ঐ ফয়সলা যে তারিখে আদালতে অর্পণ করা যায় তাহার পর দশ দিনের মধ্যে করিতে হইবেক। ও যদি সেই প্রকারের কোন দরখাস্ত না করা যায়, কিম্বা করা গেলে যদি তাহার উপর কোন হুকুম না হয়, কিম্বা কোন হুকুম হইলেও যদি তাহার পরে রহিত হয়, তবে ইহার পূর্ব্বের প্রকরণের লিখিতমতে নিষ্পত্তি হইবেক ও উভয় পক্ষের মধ্যে সেই নিষ্পত্তি চূড়ান্ত হইবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 5, 1857

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ৫ মে

DRAFT OF ACT.

THE INDIAN PENAL COURT.

CHAPTER XIV.

OF OFFENCES AFFECTING THE PUBLIC HEALTH, SAFETY, CONVENIENCE, DECENCY, AND MORALS.

[Continued from page 343.]

[Sale of adulterated drugs.]

8. Whoever, knowing any drug or medical preparation to have been adulterated in such a manner as to lessen its efficacy, to change its operation, or to render it noxious, sells the same, or offers or exposes it for sale, or issues it from any dispensary for medicinal purposes as unadulterated, or causes it to be used for medicinal purposes by any person not knowing of the adulteration, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Sale of any drug as a different drug or preparation.]

9. Whoever knowingly sells, or offers or exposes for sale, or issues from a dispensary for medicinal purposes, any drug or medical preparation, as a different drug or medical preparation, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Defiling the water of a public spring or reservoir.]

10. Whoever voluntarily corrupts or defiles the water of any public spring or reservoir, shall be punished with imprisonment of either description for a term which may extend to three months,

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।

১৪ অধ্যায়।

সাধারণ লোকেরদের স্বাস্থ্যের কি নির্ব্বিঘ্নতার কি স্বচ্ছন্দতার কি লজ্জার কি সুনীতির বিঘ্নজনক অপরাধ।

[৩৪৩ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[মিশাল বণিক দ্রব্য বিক্রয় করিবার দণ্ড।]

৮। কোন বণিক দ্রব্যের কি প্রস্তুত ঔষধীয় দ্রব্যের গুণ যাহাতে খর্ব্ব হয় কি ফল পরিবর্ত্ত হয় কি যাহাতে তাহা অস্বাস্থ্যজনক হয় এমত কোন দ্রব্য তাহাতে মিশ্রিত হইয়াছে জানিয়া যে কেহ তাহা মিশ্রিত না হইবার মতে বিক্রয় করে, কি বিক্রয় করিবার জন্যে দিতে চাহে কি দেখায়, কিম্বা ঔষধের জন্যে তাহা কোন ঔষধালয়হইতে বাহির হইতে দেয়, কিম্বা যে জন তাহা মিশ্রিত হইবার কথা না জানে তাহার দ্বারা তাহা ঔষধের জন্যে ব্যবহার করায়, সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কি তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[কোন এক দ্রব্য অন্য দ্রব্য কি প্রস্তুত দ্রব্য বলিয়া বিক্রয় করিবার দণ্ড।]

৯। এক প্রকারের বণিক দ্রব্য কি প্রস্তুত ঔষধীয় দ্রব্য অন্য প্রকারের বণিক দ্রব্য কি ঔষধীয় দ্রব্য বলিয়া যে কেহ ঔষধের নিমিত্তে জানিয়াশুনিয়া বিক্রয় করে কি বিক্রয় হইবার জন্যে দিতে চাহে কি দেখায় কি ঔষধালয়হইতে বাহির হইতে দেয়, সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কি তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সাধারণের ব্যবহার্য্য স্রোতের কি জলাশয়ের জল ময়লা করিবার দণ্ড।]

১০। সাধারণের ব্যবহার্য্য কোন জলস্রোতের কি জলাশয়ের জল যে কেহ ইচ্ছাপূর্ব্বক নষ্ট কি ময়লা করে, সে তিন মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে

or with fine which may extend to five hundred Rupees, or with both.

[Making atmosphere noxious to health.]

11. Whoever voluntarily vitiates the atmosphere in any place so as to make it noxious to the health of any person dwelling or carrying on business in the neighbourhood, or passing along a public way, shall be punished with fine which may extend to five hundred Rupees.

[Rash driving or riding on a public way.]

12. Whoever drives any vehicle, or rides, on any public way, in a manner so rash or negligent as to indicate a want of due regard for human life, or in such a manner as is likely to cause hurt or injury to any other person, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Rash navigation of a vessel.]

13. Whoever navigates any vessel in a manner so rash or negligent as to indicate a want of due regard for human life, or in such a manner as is likely to cause hurt or injury to any other person, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Conveying person by water for hire in a vessel overloaded or unsafe.]

14. Whoever knowingly or negligently conveys, or causes to be conveyed for hire, any person by water in any vessel, when that vessel is in such a state or so loaded as to endanger the life of that person, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Danger or obstruction in a public way or navigation.]

15. Whoever, by doing any act, or by omitting to take order with any property in his possession or under his charge, causes danger, obstruction, or injury to any person in any public way or public line of navigation, shall be punished with fine which may extend to two hundred Rupees.

[Negligent conduct with respect to any poisonous substance.]

16. Whoever knowingly or negligently does with any poisonous substance, any act which indicates a want of due regard for human life, or omits to take such order with any poisonous substance in his possession as is sufficient to guard against probable danger to human life from such poisonous substance, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৫ মে।]

কয়েদ হইবেক, কি তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[বায়ু অস্বাস্থ্যজনক করিবার দণ্ড।]

১১। যে কেহ ইচ্ছাপূর্ব্বক বায়ুতে এমত দুর্গন্ধ করায় যে তাহাতে নিকটনিবাসি কি ব্যবসায়ি লোকেরদের কি সরকারী পথে গমনশীল লোকেরদের স্বাস্থ্যের বিঘ্ন হয় সেই লোকের পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক।

[সরকারী রাস্তায় গাড়ি কি ঘোড়াকে অতিবেগে চালাইবার দণ্ড।]

১২। যদি কোন লোক সরকারী কোন রাস্তায় কোন গাড়ি কি ঘোড়া এমন দুঃসাহস কি অমনোযোগরূপে চালায় যে মনুষ্যের প্রাণরক্ষার উপযুক্ত মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয়, কিম্বা এমন করিয়া চালায় যে অন্য কোন লোকের আঘাত কি ক্ষতি হইবার সম্ভাবনা হয়, তবে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[নৌকাদি দুঃসাহসরূপে চালাইবার দণ্ড।]

১৩। যদি কোন লোক কোন নৌকাপ্রভৃতি এমন দুঃসাহস কি অমনোযোগরূপে চালায় যে মনুষ্যের প্রাণরক্ষার উপযুক্ত মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয়, কিম্বা এমন করিয়া চালায় যে অন্য কোন লোকের আঘাত কি ক্ষতি হইবার সম্ভাবনা হয়, তবে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[যে নৌকাপ্রভৃতিতে অতিরিক্ত বোঝাই হইয়াছে কি নির্ব্বিঘ্নে যাওয়া যায় না তাহাতে ভাড়া লইয়া লোকেরদিগকে জলপথে লইয়া যাইবার দণ্ড।]

১৪। যদি কেহ ভাড়া লইয়া কোন ব্যক্তিকে কোন নৌকাপ্রভৃতিতে জানিয়াশুনিয়া কি অমনোযোগে জলপথে কোন স্থানে লইয়া যায় কি চালায়, অথচ সেই সময়ে সেই নৌকাপ্রভৃতির অবস্থা বুঝিয়া কি তাহাতে যত বোঝাই দ্রব্য আছে তাহা বুঝিয়া ঐ ব্যক্তির প্রাণের আশঙ্কা হয়, তবে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কি তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সরকারী পথে কি নৌকার পথে সঙ্কটের বিষয় কি বাধা করিবার দণ্ড।]

১৫। যে কেহ কোন কার্য্য করাতে, কিম্বা আপনার নিকটে কি আপনার জিম্মায় থাকা কোন দ্রব্য সুধারামতে না রাখাতে সরকারী কোন রাস্তায়, কি নৌকা যাইবার কোন সরকারী পথে, কোন লোকের সঙ্কট কি বাধা কি ক্ষতি জন্মায়, তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক।

[বিষাক্ত কোন দ্রব্য লইয়া অমনোযোগের কর্ম্মের দণ্ড।]

১৬। যাহাতে লোকেরদের প্রাণরক্ষার উপযুক্ত মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয় এমত কোন ক্রিয়া যে কেহ কোন বিষাক্ত দ্রব্য লইয়া জানিয়া কি অমনোযোগে করে, কিম্বা কোন বিষাক্ত দ্রব্য যাহার কাছে থাকে এমত যে কেহ সেই বিষাক্ত দ্রব্যেতে কোন কাহার প্রাণহানির সম্ভাবিত আশঙ্কা না হইবার নিমিত্তে তাহা উপযুক্তমতে সতর্ক হইয়া রক্ষা না করে, সেই জন ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Negligent conduct with respect to any fire or combustible matter.]

17. Whoever knowingly or negligently does, with fire or any combustible matter, any act which indicates a want of due regard for human life, or omits to take such order with any fire or any combustible matter in his possession as is sufficient to guard against any probable danger to human life from such fire or combustible matter, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Negligent conduct with respect to any explosive substance.]

18. Whoever knowingly or negligently does, with any explosive substance, any act which indicates a want of due regard for human life, or omits to take such order with any explosive substance in his possession as is sufficient to guard against any probable danger to human life from that substance, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Negligent conduct with respect to any machinery in the possession or under the charge of the offender.]

19. Whoever knowingly or negligently does, with any machinery, any act which indicates a want of due regard for human life, or omits to take such order with any machinery in his possession or under his care, as is sufficient to guard against any probable danger to human life from such machinery, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Negligence with respect to pulling down or repairing buildings.]

20. Whoever, having such a right over any building as entitles him to pull down or repair that building, knowingly or negligently omits to take such order with that building as is sufficient to guard against any probable danger to human life from the fall of that building, or of any part thereof, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Negligence with respect to any animal.]

21. Whoever knowingly or negligently omits to take such order with any animal in his possession as is sufficient to guard against any probable danger to human life, or any probable danger of grievous hurt from such animal, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[আগুন কিম্বা অনায়াসে জ্বলনীয় কোন দ্রব্য লইয়া অমনোযোগের কর্ম্মের দণ্ড।]

১৭। যাহাতে লোকেরদের প্রাণ রক্ষার উপযুক্ত মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয় এমত কোন কার্য্য যে কেহ আগুন কিম্বা অনায়াসে জ্বলনীয় কোন দ্রব্য লইয়া জানিয়া কি অমনোযোগে করে, কিম্বা যাহার কাছে কিছু আগুন কি অনায়াসে জ্বলনীয় কোন দ্রব্য থাকে এমত যে কেহ সেই আগুনে কি অনায়াসে জ্বলনীয় দ্রব্যেতে প্রাণহানির সম্ভাবিত আশঙ্কা না হইবার নিমিত্তে তাহা উপযুক্তমতে সতর্ক হইয়া রক্ষা না করে, সেই জন ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[যাহা শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত কোন দ্রব্য লইয়া অমনোযোগের কর্ম্মের দণ্ড।]

১৮। যাহাতে লোকেরদের প্রাণরক্ষার উপযুক্ত মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয় এমত কার্য্য যদি কেহ, শব্দ করিয়া যে দ্রব্য জ্বলিয়া উঠে এমত কোন দ্রব্য লইয়া, জানিয়া কি অমনোযোগে করে, কিম্বা শব্দ করিয়া যাহা জ্বলিয়া উঠে এমত কোন দ্রব্য যাহার কাছে থাকে সেই দ্রব্যেতে প্রাণহানির সম্ভাবিত আশঙ্কা না হইবার নিমিত্তে যদি সেই লোক তাহা উপযুক্তমতে সতর্ক হইয়া না রাখে, তবে সেই জন ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[অপরাধির দখলে কি তাহার জিম্মায় যে কল থাকে তাহা লইয়া অমনোযোগের কর্ম্মের দণ্ড।]

১৯। যাহাতে লোকেরদের প্রাণরক্ষার উপযুক্ত মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয় এমত কার্য্য যদি কেহ কোন কল লইয়া জানিয়া কি অমনোযোগে করে, কিম্বা যাহার কাছে কি যাহার জিম্মায় কোন কল থাকে সেই কলহইতে প্রাণহানির সম্ভাবিত আশঙ্কা না হইবার নিমিত্তে যদি সেই লোক উপযুক্তমতে সতর্ক হইয়া তাহা রক্ষা না করে তবে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[ঘর ভাঙ্গিয়া ফেলিবার কি মেরামৎ করিবার সম্পর্কে অমনোযোগ।]

২০। কোন ঘর ভাঙ্গিয়া ফেলিবার কি মেরামৎ করিবার স্বত্ব যাহার থাকে এমত লোক যদি সেই ঘরের কি তাহার কোন অংশের পতনেতে প্রাণহানির সম্ভাবিত আশঙ্কা না হইবার নিমিত্তে উপযুক্তমতে সতর্ক হইয়া ঐ ঘর জানিয়া কি অমনোযোগে রক্ষা না করে, তবে সেই লোক ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[কোন পশু লইয়া অমনোযোগের কর্ম্ম।]

২১। যাহার নিকটে কোন পশু থাকে সে লোক যদি সেই পশুহইতে প্রাণহানির সম্ভাবিত আশঙ্কা না হইবার কিম্বা ভারি আঘাতের সম্ভাবিত আশঙ্কা না হইবার নিমিত্তে সেই পশুকে উপযুক্তমতে সতর্ক হইয়া রক্ষা না করে, তবে সে ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Punishment for public nuisance.]

22. Whoever commits a public nuisance in any case not otherwise punishable by this Code, shall be punished with fine which may extend to two hundred Rupees.

[Continuance of nuisance after injunction to discontinue.]

23. Whoever repeats or continues a public nuisance, having been enjoined by any public servant who has lawful authority to issue such injunction not to repeat or continue such nuisance, shall be punished with simple imprisonment for a term which may extend to six months, or with fine, or with both.

[Sale, &c., of obscene books.]

24. Whoever imports, prints, publishes, sells or distributes, or wilfully exhibits to public view, any obscene book, pamphlet, ballad, paper, drawing, painting, representation, or figure, or attempts or offers so to do, shall be punished with imprisonment of either description for a term which may extend to three months, or with fine, or with both.

Exception. This Clause does not extend to any representation sculptured, engraved, painted, or otherwise represented, on or in any Temple or on any car used for the conveyance of idols.

[Having in possession obscene book for sale or exhibition.]

25. Whoever has in his possession any such obscene book or other thing as is mentioned in the last preceding Clause for the purpose of sale, distribution, or public exhibition, shall be punished with imprisonment of either description for a term which may extend to three months, or with fine, or with both.

[Obscene songs.]

26. Whoever sings, recites, or utters any obscene song, ballad, or words to the annoyance of others, shall be punished with imprisonment of either description for a term which may extend to three months, or with fine, or with both.

CHAPTER XV.

OF OFFENCES RELATING TO RELIGION.

[Injuring or defiling a place of worship, with intent to insult the religion of any class.]

1. Whoever destroys, damages, or defiles any place of worship, or any object held sacred by any class of persons with the intention of thereby insulting the religion of any class of persons, or with the knowledge that any class of persons is likely to consider such destruction, damage, or defilement as an insult to their religion, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[Disturbing a religious assembly.]

2. Whoever voluntarily causes disturbance to any assembly lawfully engaged in the performance

[সাধারণ লোকেরদের অনিষ্ট কর্ম্মের দণ্ড।]

২২। যে কেহ সাধারণের অনিষ্ট কর্ম্ম করে, ও এই আইনের অন্য বিধিতে সেই কর্ম্মের অন্য দণ্ড না হয় তবে তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা হইবেক।

[অনিষ্ট কর্ম্ম করিবার নিষেধ হইলে পর তাহা করিতে থাকিবার দণ্ড।]

২৩। সাধারণের অনিষ্ট কর্ম্ম নিবারণ করিতে যে সরকারী কার্য্যকারকের ক্ষমতা আছে তিনি কোন লোককে তদ্রূপ অনিষ্ট কর্ম্ম পুনর্ব্বার না করিতে কিম্বা না করিয়া থাকিতে নিষেধ করিলে পর যদি ঐ লোক তাহা পুনর্ব্বার করে কি করিতে থাকে, তবে সে ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[রঙ্গরসঘটিত পুস্তক বিক্রয়াদি করিবার দণ্ড।]

২৪। যদি কোন লোক রঙ্গরসঘটিত কোন পুস্তক কি পামফ্লেট কি গীত কি কাগজ কি ছবি কি চিত্র কি আকৃতি কি প্রতিমূর্ত্তি আমদানী করে কি ছাপায় কি প্রকাশ কি বিক্রয় কি বিলি করে কি ইচ্ছাপূর্ব্বক সাধারণের দৃষ্টিগোচর করে কি তাহা করিবার উদ্যোগ কি প্রস্তাব করে, তবে সেই লোক তিন মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

বর্জ্জিত কথা। কোন দেবমন্দিরে কি তাহার উপরে, কিম্বা দেবপ্রতিমার যাত্রার জন্যে কোন রথে যে কোন আকৃতি কাটা কি খোদা যায় কি চিত্র করা যায় কি অন্য প্রকারে প্রকাশ হয় তাহার উপর এই প্রকরণের কথা খাটে না।

[রঙ্গরসঘটিত পুস্তক বিক্রয় করিবার কি দেখাইবার জন্যে নিকট রাখিবার দণ্ড।]

২৫। ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত প্রকারের রঙ্গরসঘটিত কোন পুস্তক কি অন্য দ্রব্য বিক্রয় কি বিলি হইবার কি সাধারণের দৃষ্টিগোচর করিবার জন্যে যে লোকের নিকটে থাকে, সেই লোক তিন মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[রঙ্গরসঘটিত গীত।]

২৬। যে কেহ অন্য লোকেরদের অনিষ্টজনকভাবে কোন রঙ্গরসের গীত গান করে কি কীর্ত্তন করে কি কথা কহে সে তিন মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

১৫ অধ্যায়।

ধর্ম্মসম্পর্কীয় অপরাধ।

[কোন লোকেরদের ধর্ম্মের অমর্য্যাদা করিবার অভিপ্রায়ে ভজনালয়ের ক্ষতি করণ কি তাহা অশুচি করণ।]

১। যে কেহ কোন জাতির লোকেরদের ধর্ম্মের অমর্য্যাদা করিবার অভিপ্রায়ে কোন ভজনালয়, কি কোন জাতির লোক যাহা পবিত্র মানে এমত কোন দ্রব্য নষ্ট কি ক্ষতি কি অশুচি করে, কি সেইরূপে বিনাশ কি ক্ষতি কি অশুচি করা কোন জাতির লোকেরা আপনারদের ধর্ম্মের অমর্য্যাদাস্বরূপ জ্ঞান করিতে পারিবেক ইহা জানিয়াও, যে কেহ তাহা করে সেই জন দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[ঈশ্বরভজনার্থ সংগৃহীত লোকদিগকে দুঃখ দেওনের দণ্ড।]

২। যাহারা আইনসিদ্ধরূপে সংগৃহীত হইয়া ঈশ্বরের ভজনা কিম্বা ধর্ম্মসম্পর্কীয় ক্রিয়া করে তাহারদিগকে যে

of religious worship, or religious ceremonies, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or with both.

[Trespassing on burial places, &c.]

3. Whoever, with the intention of wounding the feelings of any person, or of insulting the religion of any person, commits any trespass on any place of sepulture, or any place set apart for the performance of funeral rites or as a depository for the remains of the dead, or offers any indignity to any human corpse, or causes disturbance to any persons assembled for the performance of funeral ceremonies, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or with both.

[Cumulative punishment for offence under the preceding Clauses committed together with another offence.]

4. If any person by doing any thing whereby he commits an offence under either of the last three preceding Clauses, also commits an offence under any Clause contained in any other Chapter of this Code, the punishment shall be cumulative.

[Uttering words, &c. with deliberate intent to wound the religious feelings of any person.]

5. Whoever, with the deliberate intention of wounding the religious feelings of any person, utters any word or makes any sound in the hearing of that person, or makes any gesture in the sight of that person, or places any object in the sight of that person, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or with both.

CHAPTER. XVI.

OF OFFENCES AFFECTING THE HUMAN BODY.

OF OFFENCES AFFECTING LIFE.

[Culpable homicide.]

1. WHOEVER causes death by doing an act with the intention of causing death, or with the intention of causing such bodily injury as likely to cause death, or with the knowledge that he is likely by such act to cause death, commits the offence of culpable homicide.

Illustrations.

(*a*) A lays sticks and turf over a pit, with the intention of thereby causing death, or with the knowledge that death is likely to be thereby caused. Z, believing the ground to be firm, treads on it, falls in, and is killed. A has committed the offence of culpable homicide.

(*b*) A, with the intention or knowledge aforesaid, relates agitating tidings to Z, who is in a critical stage of a dangerous illness. Z dies in consequence. A has committed the offence of culpable homicide.

(*c*) A with the intention or knowledge aforesaid, threatens to cause the instant death of Z, un-

কেহ ইচ্ছাপূর্ব্বক ক্লেশ দেয়, সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[গোরস্তানপ্রভৃতি স্থানে গমন করিবার দণ্ড।]

৩। যে কেহ কোন লোকের মনে দুঃখ দিবার কিম্বা কোন লোকের ধর্ম্মের অমর্য্যাদা করিবার অভিপ্রায়ে কোন গোরস্তানে, কিম্বা দাহাদি ক্রিয়ার নিমিত্তে কি শব রাখিবার জন্যে নিরূপিত কোন স্থানে প্রবেশ করে, কিম্বা যে কেহ মনুষ্যের কোন শবের প্রতি তুচ্ছনীয় ভাবে কর্ম্ম করে, কিম্বা কবর দেওনপ্রভৃতি ক্রিয়া করিবার জন্যে সংগৃহীত কোন ব্যক্তিদিগকে ক্লেশ দেয়, সেই লোক এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[পূর্ব্বোক্ত প্রকরণের অপরাধের সমকালে অন্য অপরাধও করিলে সংযুক্ত দণ্ড।]

৪। ইহার পূর্ব্বের তিন প্রকরণের লিখিত অপরাধ যাহাতে হয় এমত কোন কার্য্য করণেতে যদি কোন লোক এই আইনের অন্য কোন অধ্যায়ের কোন প্রকরণের লিখিত অপরাধও করে তবে তাহার সংযুক্ত দণ্ড হইবেক।

[ধর্ম্মসম্পর্কে কোন ব্যক্তির মনে ইচ্ছাপূর্ব্বক দুঃখ দিবার জন্যে কোন কথাপ্রভৃতি কহিবার দণ্ড।]

৫। যে কেহ কোন লোকের মনে ধর্ম্মবিষয়ে দুঃখ দিবার অভিপ্রায়ে ইচ্ছাপূর্ব্বক কোন কথা কহে, কি সেই লোক যাহা শুনিতে পায় এমত কোন শব্দ করে, কিম্বা সেই লোকের দৃষ্টিগোচরে কোন অঙ্গভঙ্গী করে, কিম্বা সেই লোকের দৃষ্টিগোচরে কোন দ্রব্য রাখে, সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

১৬ অধ্যায়।

মনুষ্যের কায়সম্বন্ধীয় অপরাধ।

যাহাতে প্রাণের হানি হয় এমত অপরাধের কথা।

[দোষঘটিত নরহত্যা।]

১। যে কেহ মারিয়া ফেলিবার অভিপ্রায়ে, কিম্বা যাহাতে মরণের সম্ভাবনা হয় এমত কোন শারীরিক ক্ষতি করিবার অভিপ্রায়ে, কিম্বা সেই কর্ম্ম করিলে কোন লোকের মরণের সম্ভাবনা হয় জানিয়াও, যে কেহ কোন কর্ম্ম করিয়া কোন লোকের মরণের কারণ হয় সে জন দোষঘটিত নরহত্যা করে।

উদাহরণ।

(ক) কালু কোন লোককে মারিয়া ফেলিবার অভিপ্রায়ে, কিম্বা কোন লোকের মরণের সম্ভাবনা হয় জানিয়া, কোন এক গর্ত্তের উপরে ডালপালা ও ঢেলা রাখিয়া সেই গর্ত্ত ঢাকিয়া দেয়। যদু যাইতে২ তাহা ভাল মাটি জানিয়া তাহার উপরে পা দিয়া ভিতরে পড়িয়া মরে। এই স্থলে কালু দোষঘটিত হত্যা করিয়াছে।

(খ) যদু অত্যন্ত পীড়িত হইয়া প্রায় মরণাপন্ন হয়, আর কালু পূর্ব্বোক্তমতের মানস করিয়া কি পূর্ব্বোক্তমতে জানিয়া, তাহাকে কোন সম্বাদ দিয়া তাহাকে চঞ্চলচিত্ত করে, তাহাতে যদু মরে। কালু দোষঘটিত হত্যা করিয়াছে।

(গ) যদু কোটা ঘরের উপরের মহালে আছে। কালু পূর্ব্বোক্তমতের মানস করিয়া কি পূর্ব্বোক্তমতে জা-

less Z jumps out of a window. Z jumps out of the window in consequence of the threat and thereby kills himself. A has committed the offence of culpable homicide.

নিয়া তাহাকে বলে যে, তুমি যদি খিড়কীদ্বার দিয়া লাফ দিয়া না পড় তবে তোমাকে এইক্ষণে মারিয়া ফেলিব। সেই ভয়েতে যদু লাফ দিয়া পড়িয়া মরে। ইহাতে কালু দোষঘটিত হত্যা করিয়াছে।

(*d*) A is hired to guide Z through a jungle. In the midst of the jungle, A, no circumstance having occurred to release him from his legal obligation to guide Z through the jungle, leaves Z in the jungle with the knowledge that Z is likely to be lost in the jungle and starved to death in consequence. Z is lost in the jungle and starved to death in consequence. A has committed the offence of culpable homicide.

(ঘ) যদুর কোন বনদিয়া যাইতে হয় তাহাতে সে পথ দেখাইবার জন্যে কালুকে বেতন দিয়া সঙ্গে লয়। কালু এই প্রকারে যদুকে বনের মধ্যে পথ দেখাইতে আইনসিদ্ধমতে বদ্ধ আছে। কিন্তু সেই দায়হইতে তাহাকে মুক্ত করিবার কোন বিষয় না ঘটিলেও কালু বনের মধ্যে যদুকে ফেলিয়া পলায়, অথচ সে জানে যে যদু পথ জানিতে পারিবেক না, না জানিয়া বনে বেড়াইয়া অনাহারে মরিবেক। যদু পথ না পাইয়া অনাহারে মরে। কালু দোষঘটিত হত্যা করিয়াছে।

(*e*) A knows Z to be behind a bush. B does not know it. A, intending to cause, or knowing it to be likely to cause Z's death, induces B to fire at the bush. B fires and kills Z. Here B may be guilty of no offence; but A has committed the offence of culpable homicide.

(চ)। যদু কোন ঝোড়ের নীচে বসিয়া আছে। গোপাল তাহা জানে না। কিন্তু কালু তাহা জানিয়া যদুকে মারিয়া ফেলিবার অভিপ্রায়ে কিম্বা তাহার প্রাণ নষ্ট হইতে পারে জানিয়া গোপালকে সেই ঝোড়ে বন্দুক ছুড়িতে বলে। গোপাল তাহা করে ও যদুকে মারিয়া ফেলে। এই স্থলে গোপালের কোন অপরাধ না হইয়া থাকিবেক। কিন্তু কালু দোষঘটিত হত্যার অপরাধী হইয়াছে।

Explanation 1. A person who causes bodily injury to another who is labouring under a disorder, disease, or bodily infirmity, and thereby accelerates the death of that other, shall be deemed to have caused his death.

১ ব্যাখ্যা। কোন লোকের পীড়া কি রোগ কি কায়ের দুর্ব্বলতা আছে জানিয়া, অন্য লোক তাহাকে আঘাত করিয়া তাহার আরো শীঘ্র মরণ ঘটায়। তবে সেই লোক তাহার মরিবার কারণ হইয়াছে জ্ঞান হইবেক।

Explanation 2. Where death is caused by bodily injury, the person who causes such bodily injury shall be deemed to have caused the death, although by resorting to proper remedies and skilful treatment the death might have been prevented.

২ ব্যাখ্যা। যদি শরীরের আঘাতে কোন লোক মরে, তবে উপযুক্ত উপায় হইলে ও জ্ঞানপূর্ব্বক ঔষধাদি দেওয়া গেলে যদিও তাহার মরণ নিবারণ হইতে পারিত, তথাপি যে জন তাহার শরীরে আঘাত করিয়াছে সেই জন তাহার মরণের কারণ হইয়াছে জ্ঞান হইবেক।

Explanation 3. The causing of the death of a child in the mother's womb is not homicide. But it may amount to culpable homicide to cause the death of a living child if any part of that child has been brought forth, though the child may not have breathed or been completely born.

৩ ব্যাখ্যা। গর্ভ নষ্ট করা নরহত্যা নয়। কিন্তু যদি অপত্য সচেতন হয় ও তাহার কোন ভাগ ভূমিষ্ঠ হয় তবে সেই অপত্য যদিও নিশ্বাস না ছাড়ে কি সম্পূর্ণমতে ভূমিষ্ঠ না হইয়াছে তথাপি সচেতন অপত্য নষ্ট করা দোষঘটিত নরহত্যা হইতে পারে।

[Murder.]

[জ্ঞানকৃত বধ।]

2. Except in the cases hereinafter excepted, culpable homicide is murder if the act by which the death is caused is done with the intention of causing death, or—

২। নীচের লিখিত বর্জ্জিত স্থলছাড়া, যে কার্য্যেতে কাহার মৃত্যু হয় সেই কার্য্য যদি বধ করিবার অভিপ্রায়ে করা যায়। অথবা

2ndly. If it is done with the intention of causing such bodily injury as the offender knows to be likely to cause the death of the person to whom the harm is caused, or—

দ্বিতীয়। যদি সেই কার্য্য শারীরিক ক্ষতি করিবার অভিপ্রায়ে করা যায় অথচ অপরাধী জানে যে, যাহার ক্ষতি করা যায় তাহার সেই ক্ষতিতে মরণের সম্ভাবনা। অথবা

3rdly. If it is done with the intention of causing bodily injury to any person and the bodily harm intended to be inflicted is sufficient in the ordinary course of nature to cause death, or—

তৃতীয়। যদি সেই কার্য্য কোন লোকের শারীরিক ক্ষতি করিবার অভিপ্রায়ে করা যায় ও যে শারীরিক ক্ষতি করিবার অভিপ্রায় থাকে তাহাতেই স্বভাবতঃ মরণ হইতে পারে। অথবা

4thly. If the person committing the act knows that it is so imminently dangerous that it must in all probability cause death or such bodily injury as is likely to cause death, and commits such act without any excuse for incurring the risk of causing death or such injury as aforesaid and under circumstances which indicate a depraved mind regardless of human life.

চতুর্থ। যে লোক ঐ কার্য্য করে সে যদি জানে যে ঐ কার্য্য অত্যন্ত আশঙ্কাজনক হওয়াপ্রযুক্ত তাহাতে মৃত্যু হইবার, কিম্বা যাহাতে মৃত্যু হয় এমত কোন শারীরিক হিংসা হইবার নিতান্ত সম্ভাবনা, ও হত্যা কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের হিংসাজনক কার্য্য করিবার কোন ওজর না থাকিলেও যদি সেই কার্য্য করে, ও তাবৎ বিষয়ের ভাবগতিক বুঝিয়া যদি মনুষ্যের প্রাণরক্ষার মনোযোগ নাই এমত ভাবের দুষ্ট মনন দর্শায়, তবে সেই সকল স্থলে দোষঘটিত সেই হত্যা জ্ঞানকৃত বধ হয়।

Illustrations.

উদাহরণ।

(*a*) A shoots Z with the intention of killing

(ক) কালু যদুকে মারিয়া ফেলিবার অভিপ্রায়ে তা-

him. Z dies in consequence. A commits murder.

(*b*) A, knowing that Z is labouring under such a disease that a blow on a particular part of his body is likely to cause his death, strikes him on that particular part of his body with intention of causing bodily injury. Z dies in consequence of the blow. A is guilty of murder, although the blow might not have been sufficient in the ordinary course of nature to cause the death of a person in a sound state of health. But if A, not knowing that Z is labouring under any disease, gives him such a blow as would not in the ordinary course of nature kill a person in a sound state of health, here A, although he may intend to cause bodily injury, is not guilty of murder if he did not intend to cause death.

(*c*) A gives Z sword-cuts and club-wounds sufficient to cause the death of a man in the ordinary course of nature. Z dies in consequence. Here if A intended to cause that degree of bodily injury to Z which he inflicted, A is guilty of murder, although it may not be proved that A intended to cause Z's death.

(*d*) A without any excuse fires a loaded cannon into a crowd of persons and kills one of them, A is guilty of murder although he may not have had a premeditated design to kill any particular individual.

[When culpable homicide is not murder.]

Exception 1. Culpable homicide is not murder if the offender, whilst deprived of the power of self-control by the excitement of fear or anger caused by grave and sudden provocation, causes the death of the person who gave the provocation, or causes the death of any other person by mistake or accident in doing an act caused by such fear or anger.

The above exception is subject to the following provisoes.

First. That the provocation is not sought or voluntarily provoked by the offender as an excuse for killing or doing harm to any person.

Secondly. That the provocation is not given by any thing done in obedience to the law or by a public servant in the lawful exercise of the powers of such public servant.

Thirdly. That the provocation is not given by any thing done in the lawful exercise of the right of private defence.

Explanation. Whether the provocation was grave enough or the passion of fear or anger sudden enough to prevent the offence from amounting to murder is a question of fact.

Illustrations.

(*a*) A, under the influence of passion excited by a provocation given by Z, intentionally kills Y, Z's child. This is murder, inasmuch as the provocation was not given by the child and the death of the child was not caused by accident or

হাকে গুলি করে তাহাতে যদু মরে। কালু জ্ঞানকৃত বধ করিয়াছে।

(খ) যদুর কোন রোগ হইয়াছে। কালু জানে যে তাহার গায়ের কোন বিশেষ স্থানে আঘাত হইলে তাহার মৃত্যু হইতে পারে, ও তাহার শারীরিক হানি করিবার অভিপ্রায়ে তাহাকে গায়ের সেই বিশেষ স্থানে মারে। যদু যদি শারীরিক সুস্থ হইত তবে সেই আঘাতে তাহার মরিবার সম্ভাবনা হইত না কিন্তু পীড়িত হওয়াতে সেই আঘাতে যদু মরে। কালু জ্ঞানকৃত বধ করিয়াছে। পরন্তু যদুর রোগ আছে এই কথা যদি কালু না জানিয়া তাহাকে আঘাত করে ও সুস্থ ব্যক্তিকে সেইরূপে মারিলে যদি মৃত্যুর সম্ভাবনা না হইত, তবে কালু যদি তাহার শারীরিক হানি করিবার মনস্থ করিয়াও তাহাকে মারিয়া ফেলিবার মনস্থ না করিত তবে জ্ঞানকৃত বধের অপরাধী হয় না।

(গ) কালু তলবার ও যষ্টি লইয়া যদুকে এমন মারে যে সেই প্রকারের আঘাতে স্বভাবতঃ মনুষ্যের মরণ হয়। যদু তাহাতে মরে। এই স্থলে কালু যদুর যত শারীরিক ক্ষতি করিয়াছিল তত যদি তাহার করিবার নিতান্ত অভিপ্রায় ছিল, তবে কালু তাহাকে মারিয়া ফেলিতে মনস্থ করিয়াছিল ইহার প্রমাণ যদিও না হয়, তথাপি কালু জ্ঞানকৃত বধের অপরাধী হয়।

(ঘ) কালু কোন ওজর না থাকিলেও ভিড়ের উপর কামান ছুড়ে তাহাতে এক জন মরে। এই স্থলে যদিও কালু কোন বিশেষ লোককে মারিয়া ফেলিতে মনস্থ করে নাই তথাপি জ্ঞানকৃত বধের অপরাধী হয়।

[দোষঘটিত নরহত্যা যে স্থলে জ্ঞানকৃত বধ হয় না।]

১ বর্জিত কথা। কোন লোক হঠাৎ কোন গুরুতর কার্য্যক্রম অত্যন্ত ভয়ান্ধ কি রাগান্ধ হইয়া অবাধ্য ভাবাপন্ন হইয়া, যে লোক তাহার রাগ কি ভয় জন্মাইয়াছিল তাহার প্রাণ নষ্ট করে, কিম্বা সেই ভয় কি রাগের অধীনে কোন কার্য্য করিয়া ভ্রান্তিক্রমে কি দৈবঘটনায় অন্য কোন লোকের মরণের কারণ হয়। এমন স্থলে যে দোষঘটিত হত্যা হয় তাহা জ্ঞানকৃত বধ নহে।

কিন্তু উপরের বর্জিত কথার মধ্যে এই২ বিধি মানিতে হইবেক।

প্রথম। অন্য কোন ব্যক্তির প্রাণ নষ্ট করিবার কি ক্ষতি করিবার ওজর পাইবার জন্যে অপরাধী আপনি ঐ রাগ জন্মাইবার কার্য্যের উদ্যোগ না করে কিম্বা তাহা ইচ্ছাপূর্ব্বক না ঘটায়।

দ্বিতীয়। আইন মানিয়া কোন কার্য্য করণের দ্বারা, কি সরকারী কার্য্যকারকস্বরূপ কোন সরকারী কার্য্যকারক আপন আইনমতের ক্ষমতাক্রমে যে কার্য্য করেন তদ্দ্বারা ঐ রাগ না জন্মে।

তৃতীয়। আত্মরক্ষার স্বত্বক্রমে যে কার্য্য আইনমতে করা যায় তদ্দ্বারা ঐ রাগ না জন্মে।

ব্যাখ্যা। ঐ অপরাধ জ্ঞানকৃত বধের অপরাধ যাহাতে না হয়, ঐ রাগ কি ভয় জন্মাইবার কার্য্য এমন ভারি বটে কিম্বা যে ভয় কি রাগ হইয়াছে তাহা এমন হঠাৎ বটে এই কথা বৃত্তান্তঘটিত জিজ্ঞাসা হয়।

উদাহরণ।

(ক) যদু কোন কার্য্য করিয়া কালুর রাগ জন্মায়। সেই রাগের বশে কালু জানিয়াশুনিয়া যদুর বালককে মারিয়া ফেলে। এই জ্ঞানকৃত বধ হয়, যেহেতুক ঐ বালক কালুর রাগ জন্মায় নাই। আর সেই রাগের বশে কোন

misfortune in doing an act caused by the provocation.

কার্য্য করণ কালে দৈবঘটনায় কি অভাগ্যক্রমে বালকের প্রাণ নষ্ট হয় নাই।

(*b*) Y gives grave and sudden provocation to A. A, on this provocation, fires a pistol at Y, neither intending or knowing himself to be likely to kill Z, who is near him, but out of sight. A kills Z. Here A has not committed murder but merely culpable homicide.

(খ) রাম কোন ভারি কর্ম্ম করিয়া হঠাৎ কালুর রাগ জন্মায় তাহাতে কালু রামের উপর পিস্তল ছুড়ে। যদু নিকট দাঁড়াইয়াছিল কিন্তু কালু তাহাকে দেখিতে পাইল না, আর তাহাকে মারিয়া ফেলিতে কালুর কোন অভিপ্রায় ছিল না, আর গুলি তাহাকে লাগিবেক কালু এমন জানিত না, কিন্তু গুলি যদুকে লাগে ও যদু তাহাতে মরে। এইস্থলে কালু জ্ঞানকৃত বধ করে নাই কিন্তু দোষঘটিত হত্যা করিয়াছে।

(*c*) A is lawfully arrested by Z, a bailiff. A is excited to sudden and violent passion by the arrest, and voluntarily kills Z. This is murder, inasmuch as the provocation was given by a thing done by a public servant in obedience to the law.

(গ) যদু নামে এক জন বেলিফ কালুকে আইনমতে গ্রেপ্তার করে। ইহাতে কালু হঠাৎ অত্যন্ত রুষ্ট হইয়া ইচ্ছাপূর্ব্বক যদুকে মারিয়া ফেলে। এই জ্ঞানকৃত বধ যেহেতুক সরকারী কার্য্যকারক আইনমতে যে কার্য্য করিতেছিলেন তাহাতে কালুর রাগ হইল।

(*d*) A appears as a witness before Z, a Magistrate. Z says that he does not believe a word of A's deposition and that A has perjured himself. A is moved to sudden passion by these words and kills Z. This is murder.

(ঘ) কালিদাস কোন মাজিষ্ট্রেট সাহেবের কাছারীতে সাক্ষিস্বরূপে উপস্থিত হয়। মাজিষ্ট্রেট সাহেব কহেন 'ঐ কালিদাসের জোবানবন্দীর একটি কথায়ও আমার বিশ্বাস হয় না, সে মিথ্যাশপথ করিয়াছে। কলিদাস এই কথাতে রাগ করিয়া মাজিষ্ট্রেট সাহেবকে বধ করে। এই জ্ঞানকৃত বধ।

(*e*) A attempts to pull Z's nose. Z, in the exercise of the right of private defence, lays hold of A to prevent him from doing so. A is moved to sudden and violent passion in consequence, and kills Z. This is murder, inasmuch as the provocation was given by a thing done in the exercise of the right of private defence.

(চ) কালু যদুর নাক টানিতে যায়। যদু আত্মরক্ষার ক্ষমতাক্রমে তাহাকে ধরিয়া নাক টানিতে দেয় না। কালু ইহাতে হঠাৎ অত্যন্ত রাগ করিয়া যদুকে বধ করে। এই জ্ঞানকৃত বধ, যেহেতুক আত্মরক্ষার ক্ষমতাক্রমে যে কার্য্য করা গিয়াছিল সেই কার্য্যহইতে রাগ হইল।

(*f*) Z strikes B. B is by this provocation excited to violent rage. A, a by-stander, intending to take advantage of B's rage, and to cause him to kill Z, puts a knife into B's hand for that purpose. B kills Z with the knife. Here B may have committed only culpable homicide, but A is guilty of murder.

(ছ) যদু গোপালকে মারে। ইহাতে গোপালের অত্যন্ত রাগ হয়। কালু গোপালকে রাগান্ধ দেখিয়া তাহার দ্বারা যদুকে হত্যা করাইবার অভিপ্রায়ে সেই সময়ে গোপালের হাতে ছুরী দেয়। গোপাল সেই ছুরী লইয়া যদুকে মারিয়া ফেলে। এই স্থলে গোপালের দোষঘটিত নরহত্যা অপরাধ হইয়া থাকিবেক। কিন্তু কালু জ্ঞানকৃত বধের অপরাধী।

Exception 2. Culpable homicide is not murder if the offender in the exercise of the right of private defence of person or property exceeds the power given to him by law and causes the death of the person against whom he is exercising such right of defence without premeditation, and without any intention of doing more harm than is necessary for the purpose of such defence.

২ বর্জ্জিত কথা। আত্মরক্ষার কি সম্পত্তি রক্ষার স্বত্ব-ক্রমে আইনমতে যেপর্য্যন্ত কার্য্য হইতে পারে তাহার অতিরিক্ত কার্য্য যদি কোন লোক করে, ও পূর্ব্ব মনস্থ না করিয়া, ও আত্মরক্ষার নিমিত্তে যত হিংসা করা আবশ্যক তাহার অতিরিক্ত করিবার মানস না করিয়া, যাহার বিপক্ষে সেই স্বত্বক্রমে কার্য্য করে তাহার মরণের কারণ হয় তবে এমত স্থলে দোষঘটিত যে হত্যা তাহা জ্ঞানকৃত বধ হয় না।

Illustration.

Z attempts to horsewhip A, not in such a manner as to cause grievous hurt to A. A draws out a pistol. Z persists in the assault. A believing in good faith that he can by no other means prevent himself from being horse-whipped, shoots Z dead. A has not committed murder, but only culpable homicide.

উদাহরণ।

যদু চাবুক লইয়া কালুকে মারিতে যায় কিন্তু কালুকে ভারি আঘাত করিতে যদুর ইচ্ছা নয়। কালু পিস্তল বাহির করে তবু যদু তাহাকে মারিতে উদ্যত হয়। তাহাতে কালু দেখে যে পিস্তল না ছুড়িলে আমার অন্য কোন উপায়ে মারিখাওয়াহইতে রক্ষা হয় না, অতএব পিস্তল ছুড়িয়া যদুকে মারিয়া ফেলে। কালু জ্ঞানকৃত বধ করে নাই, দোষঘটিত নরহত্যা করিয়াছে।

Exception 3. Culpable homicide is not murder if the offender, being a public servant, acting for the advancement of public justice, exceeds the powers given to him by law and causes death by doing an act which he in good faith believes to be necessary for the due discharge of his duty as such public servant and without ill-will towards the person whose death is caused.

৩ বর্জ্জিত কথা। সরকারী কার্য্যকারক সাধারণের সুবিচারের নিমিত্তে কার্য্য করত আইনমতের যে ক্ষমতা পান তদতিরিক্ত করিয়া কোন লোককে মারিয়া ফেলেন অথচ যে কর্ম্মের দ্বারা অন্যের প্রাণ নষ্ট হইল সেই কার্য্য সরকারী কার্য্যকারকস্বরূপ আপন পদের কর্ম্ম উপযুক্তমতে নির্ব্বাহ করিবার জন্যে আবশ্যক ইহা প্রকৃতপ্রস্তাবে বোধ করিয়া, ও যাহার মৃত্যু হইয়াছে তাহার প্রতি কিছুমাত্র ঈর্ষা না করিয়া, সেই কার্য্য করেন। এমত স্থলে দোষঘটিত যে হত্যা তাহা জ্ঞানকৃত বধ নয়।

Exception 4. Culpable homicide is not murder if it is committed without premeditation in a sudden fight in the heat of passion upon a sudden quarrel and without the offender's having taken undue advantage or acted in a cruel or unusual manner.

Explanation. It is immaterial in such cases which party offers the provocation or commits the first assault.

Exception 5. Culpable homicide is not murder when the person whose death is caused, being above the age of eighteen years, suffers death or takes the risk of death with his own consent.

Explanation 1. A consent is not within the meaning of this exception if it is given by a person under fear of injury, or under a misconception of fact, and if the offender knows or has reason to believe that the consent is given in consequence of such fear or misconception.

Explanation 2. Culpable homicide committed by a person who voluntarily puts himself to death is within this exception.

Illustrations.

(*a*) A, by instigation, voluntarily causes Z, a person under eighteen years of age, to commit suicide. Here, on account of Z's youth, he was incapable of giving consent to his own death; A has therefore abetted murder.

(*b*) A, by intentionally deceiving Z, who is laboring under a painful disease, and inducing him to believe that his disease is incurable, when A knows that it is not so, voluntarily causes Z to commit suicide. Here, on account of the deception practised by A, the offence cannot be culpable homicide by consent. A has therefore abetted murder.

(*c*) A by instigation voluntarily causes Z, a person above eighteen years of age, to put himself to death. A has abetted culpable homicide, but not murder.

[Culpable homicide by causing the death of a person other than the person whose death was intended.]

3. If a person, by doing any thing which he intends or knows to be likely to cause death, commits culpable homicide by causing the death of any person whose death he neither intends nor knows himself to be likely to cause, the culpable homicide committed by the offender is of the description of which it would have been if he had caused the death of the person whose death he intended or knew himself to be likely to cause.

[Punishment for murder.]

4. Whoever commits murder shall be punished with death, or transportation for life, and shall also be liable to fine.

[Punishment for murder by a life convict.]

5. Whoever being under sentence of transportation for life is a principal in murder by actually

৪ বর্জ্জিত কথা। হঠাৎ ঝকড়া হইতেঽ অত্যন্ত রাগ হইয়া হঠাৎ লড়াই হইলে এক জন পূর্ব্বে মনস্থ না করিয়া কিম্বা অন্যকে অক্ষম দেখিয়া কিছু অনুপযুক্ত কর্ম্ম না করিয়া ও কিছু নিষ্ঠুর কি অরীতির কর্ম্ম না করিয়াও তাহাকে মারিয়া ফেলে। এই স্থলে দোষঘটিত যে হত্যা তাহা জ্ঞানকৃত বধ হয় না।

ব্যাখ্যা। এমন স্থলে কে কাহার রাগ প্রথমে জন্মাইয়াছিল, কেবা প্রথমে আক্রমণ করিয়াছিল, এই কথা কোন আবশ্যকের কথা নয়।

৫ বর্জ্জিত কথা। যাহার মৃত্যু হয় সে যদি আঠারো বৎসরের অধিক বয়সের হইয়া আপন সম্মতিক্রমে হত হয় কিম্বা হত হইবার সঙ্কট স্বীকার করে তবে দোষঘটিত নরহত্যা জ্ঞানকৃত বধ হয় না।

১ ব্যাখ্যা। যদি সেই প্রকারের লোক হিংসার ভয়ে কিম্বা বিষয় না বুঝিয়া সম্মতি প্রকাশ করে, ও ভয়প্রযুক্ত কিম্বা বিষয় না বুঝিয়া তাহার সেই সম্মতি হইয়াছে ইহা যদি অপরাধী জানিয়াছিল, কিম্বা তাহার এমত বোধ করিবার কারণ ছিল, তবে তাহার সেই সম্মতি এই বর্জ্জিত কথার অর্থমতের সম্মতি নয়।

২ ব্যাখ্যা। যে জন ইচ্ছাপূর্ব্বক আত্মঘাতী হয় তাহার সেই কার্য্যেতে যে দোষঘটিত হত্যা হয় তাহা এই বর্জ্জিত কথার মধ্যে আইসে।

উদাহরণ।

(ক) যদু আঠারো বৎসরের কম বয়সের লোক। কালু তাহাকে প্রবৃত্তি দিয়া আত্মঘাতী করায়। এই স্থলে যদু নাবালগ হওয়াপ্রযুক্ত আপনার মরণে আপনি সম্মত হইতে অক্ষম হয়, অতএব কালু জ্ঞানকৃত বধের সহায়তা করিয়াছে।

(খ) যদু কোন রোগেতে অত্যন্ত কাতর হইয়াছে। কালু জানে যে সেই রোগের উপশম হইলে হইতে পারে, কিন্তু জানিয়াশুনিয়া যদুকে প্রবঞ্চনা করিয়া তাহার এমত বিশ্বাস জন্মায় যে সেই রোগের উপশম হইতে পারে না; তাহাতে যদুকে ইচ্ছাপূর্ব্বক আত্মঘাতী করায়। এই স্থলে কালুর সেই প্রবঞ্চনা হওয়াতে ঐ অপরাধ সম্মতিপূর্ব্বক দোষঘটিত হত্যা হয় না। তাহাতে কালু জ্ঞানকৃত বধে সহায়তা করিয়াছে।

(গ) যদু আঠার বৎসরের অধিক বয়সের লোক। কালু তাহাকে ইচ্ছাপূর্ব্বক আত্মঘাতী হইতে প্রবৃত্তি দেয়। কালু দোষঘটিত হত্যাতে সহায়তা করিয়াছে। কিন্তু জ্ঞানকৃত বধে সহায়তা করে নাই।

[যাহাকে মারিয়া ফেলিবার অভিপ্রায় ছিল তাহা ছাড়া অন্য ব্যক্তিকে মারিয়া ফেলাইবার দ্বারা দোষঘটিত হত্যা।]

৩। যে কার্য্যের দ্বারা কোন লোককে মারিয়া ফেলিবার অভিপ্রায় হয় কিম্বা যে কার্য্যেতে কোন লোকের মরণ হইবার সম্ভাবনা জানে এমত কোন কার্য্য যদি কোন লোক করে, ও যাহাকে বধ করিবার অভিপ্রায় না ছিল কিম্বা যাহার মরণের কারণ হইবার সম্ভাবনা না জানে এমত লোককে বধ করিয়া দোষঘটিত নরহত্যা করে, তবে যাহাকে বধ করিবার অভিপ্রায় ছিল কিম্বা যাহার মরণের কারণ হইবার সম্ভাবনা জানিয়াছিল তাহাকে বধ করাইলে যেপ্রকারের দোষঘটিত নরহত্যা হইত ঐ অপরাধির সেই প্রকারের নরহত্যার অপরাধ হয়।

[জ্ঞানকৃত বধের দণ্ড।]

৪। যে কেহ জ্ঞানকৃত বধ করে তাহার প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[যাবজ্জীবনকয়েদী জ্ঞানকৃত বধ করিলে তাহার দণ্ড।]

৫। যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ডের আজ্ঞা যাহার উপর আছে এমত লোক যদি সাক্ষাৎ বধ

committing that offence, shall be punished with death.

[Punishment for culpable homicide not amounting to murder.]

6. Whoever commits culpable homicide not amounting to murder, shall be punished with transportation for life or imprisonment of either description for a term which may extend to fourteen years and shall also be liable to fine, if the act by which the death is caused is done with the intention of causing death or of causing such bodily injury as is likely to cause death; or with imprisonment of either description for a term which may extend to ten years, or with fine, or both, if the act is done with the knowledge that it is likely to cause death but without any intention to cause death or to cause such bodily injury as is likely to cause death.

[Abetment of suicide of child or insane person.]

7. If any person under eighteen years of age, any insane person, any delirious person, any idiot, or any person in a state of intoxication commits suicide, whoever abets the commission of such suicide shall be punished with death or transportation for life or imprisonment for a term not exceeding fourteen years, and shall also be liable to fine.

[Abetment of suicide.]

8. If any person commits suicide, whoever abets the commission of such suicide shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Attempt to murder.]

9. Whoever attempts to commit murder and does any act with such intention or knowledge and under such circumstances that if he by that act caused death he would be guilty of murder, shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years, and must not be less than seven years, and shall also be liable to fine; and if hurt is caused to any person by such act, the offender shall be liable either to transportation for life or to such punishment as is hereinbefore mentioned.

Illustrations.

(*a*) A shoots at Z with intention to kill him, under such circumstances that, if death ensued, A would be guilty of murder. A is liable to punishment under this Clause.

(*b*) A intending to murder Z by means of a spring gun, purchases such a gun, A has not yet committed the offence defined in this Clause. A sets the gun loaded in Z's path, and leaves it there. A has committed the offence defined in this Clause.

(*c*) A intending to murder Z by poison purchases poison and mixes the same with food which

করিয়া জ্ঞানকৃত বধের মুখ্য অপরাধী হয় তবে তাহার প্রাণদণ্ড হইবেক।

[দোষঘটিত যে নরহত্যা জ্ঞানকৃত বধের তুল্য নয় তাহার দণ্ড।]

৬। জ্ঞানকৃত বধের তুল্য নহে এমত দোষঘটিত নরহত্যা যে কেহ করে, তাহার যে কার্য্যেতে অন্যের মরণ হইয়াছে সেই কার্য্য যদি মারিয়া ফেলিবার অভিপ্রায়ে করা যায় কিম্বা যাহাতে মৃত্যু হইবার সম্ভাবনা এমত শারীরিক ক্ষতি করিবার অভিপ্রায়ে করা যায়, তবে সেই লোক যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ হইবেক কিম্বা চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন ময়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। কিম্বা ঐ কার্য্যেতে কোন কাহার মৃত্যু হইতে পারে এমত জ্ঞান যদিও থাকে, কিন্তু কোন কাহাকে বধ করিবার অভিপ্রায়ে কিম্বা যাহাতে মরণ হইবার সম্ভাবনা এমত শারীরিক ক্ষতি করিবার অভিপ্রায় যদি সেই কার্য্য না করা যায়, তবে সেই লোক দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[বালকের কি উন্মাদ ব্যক্তির আত্মঘাতে সহায়তা করণের দণ্ড।]

৭। যদি আঠারো বৎসরের কম বয়সের কোন লোক কিম্বা উন্মাদ কোন লোক কি বিকৃতমনা কোন লোক কি কোন জড় লোক কিম্বা মদ্যাদিতে উন্মত্ত কোন লোক আত্মঘাতী হয়, তবে যে কেহ সেই আত্মঘাত করিতে সহায়তা করে তাহার প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক, কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[আত্মঘাতে সহায়তা করণের দণ্ড।]

৮। যদি কোন লোক আত্মঘাতী হয় তবে যে কেহ ঐ আত্মঘাত করিতে সহায়তা করে সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[বধ করিবার উদ্যোগের দণ্ড।]

৯। যদি কেহ বধ করিতে উদ্যোগ করে, ও সেই অভিপ্রায়ে কি জ্ঞানমতে কোন কার্য্য করে, ও যে গতিকে সেই কর্ম্ম করে তাহা বুঝিয়া যদি সেই কর্ম্মের দ্বারা কাহার মৃত্যু হইলে সে লোক বধের অপরাধী হইত, তবে সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কিন্তু সাত বৎসরের কম না হয় এমত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক। আর যদি সেই কার্য্যেতে কোন লোকের আঘাত হয় তবে অপরাধী যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ডের কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের দণ্ডের যোগ্য হইবেক।

উদাহরণ।

(ক) কালু যদুকে মারিয়া ফেলিবার অভিপ্রায়ে তাহার উপর গুলি করে, আর যে গতিকে কালু গুলি করে তাহা বুঝিয়া যদি তাহাতে যদুর মৃত্যু হইলে কালু জ্ঞানকৃত বধের অপরাধী হয় তবে কালু এই প্রকরণমতে দণ্ড পাইতে পারে।

(খ) কালু ইস্প্রিং বন্দুকদ্বারা যদুকে মারিয়া ফেলিতে মনস্থ করিয়া তদ্রূপ এক বন্দুক ক্রয় করে। ইহাতে এই প্রকরণের লিখিত অপরাধ হয় না। পরে কালু সেই বন্দুক পুরিয়া যদু যে পথ দিয়া যাইবেক সেই পথে রাখিয়া চলিয়া যায়। তখন কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

(গ) কালু যদুকে বিষ খাওয়াইয়া মারিয়া ফেলিতে ইচ্ছা করিয়া ঐ বিষ খরীদ করিয়া আহারে মিশাইয়া

remains in A's keeping; A has not yet committed the offence in this Clause. A places the food on Z's table or delivers it to Z's servants to place it on Z's table A has committed the offence defined in this Clause.

[Attempt to commit culpable homicide.]

10. Whoever attempts to commit culpable homicide and does any act with such intention or knowledge and under such circumstances that if he by that act or omission caused death, he would be guilty of culpable homicide not amounting to murder, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or both; and if hurt is caused to any person by such act, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, or with fine, or both.

Illustrations.

(*a*) A on grave and sudden provocation, fires a pistol at Z, under such circumstances that if he thereby caused death he would be guilty of culpable homicide not amounting to murder. A has committed the offence defined in this Clause.

(*b*) A pursues a thief and fires at him under such circumstances that if he killed the thief he would commit culpable homicide in defence. A has committed the offence defined in this Clause.

[Attempt to commit suicide.]

11. Whoever attempts to commit suicide and does any act towards the commission of such offence shall be punished with simple imprisonment for a term which may extend to two years, and shall also be liable to fine.

[Thug.]

12. Whoever is habitually associated with any other or others for the purpose of committing robbery or child-stealing by means of or accompanied with murder, is a Thug.

[Punishment.]

13. Whoever is a Thug shall be punished with transportation for life, and shall also be liable to fine.

OF THE CAUSING OF MISCARRIAGE, OF INJURIES TO UNBORN CHILDREN, OF THE EXPOSURE OF INFANTS, AND OF THE CONCEALMENT OF BIRTHS.

[Causing miscarriage.]

14. Whoever voluntarily causes a woman with child to miscarry, shall, if such miscarriage be not caused in good faith for the purpose of saving the life of the woman, be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or both; and if the woman be quick with child, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

Explanation. A woman may be guilty of this offence by causing herself to miscarry.

কাছে রাখে। তাহা যত কাল কালুর নিকট থাকে তত কাল এই প্রকরণের লিখিত অপরাধ করে না। পরে কালু সেই অন্ন যদুর সম্মুখে রাখে, কিম্বা যদুর সম্মুখে রাখিবার জন্য তাহার চাকরের হাতে দেয়, তখন এই প্রকরণের লিখিত অপরাধ করে।

[দোষঘটিত হত্যা করিবার উদ্যোগের দণ্ড।]

১০। যে কেহ দোষঘটিত হত্যা করিতে উদ্যোগ করে ও সেই অভিপ্রায়ে কি জ্ঞানমতে কোন কার্য্য করে, আর যে গতিকে সেই কার্য্য করে তাহা বুঝিয়া যদি সেই কার্য্যেতে কি ত্রুটিতে মৃত্যু হইলে তাহার দোষঘটিত হত্যা হইত কিন্তু মানুষ বধের তুল্য নয়, তবে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক। ও যদি সেই কার্য্যেতে কোন লোকের আঘাত হয় তবে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

(ক) কালু হঠাৎ কোন গুরুতর কারণে রাগ করিয়া যদুর উপর পিস্তল ছুড়ে, কিন্তু যদি তাহাকে হত্যাও করে তথাপি গতিক বুঝিয়া কালুর দোষঘটিত হত্যা হইত, জ্ঞানকৃত বধ হইত না। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

(খ) কালু কোন চোরের পাছে দৌড়িয়া তাহার উপর গুলি করে কিন্তু যে গতিকে তাহা করে তাহা বুঝিয়া যদি চোরকে হত্যাও করিত তথাপি আত্মরক্ষার কার্য্যেতে দোষঘটিত হত্যা হয়। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

[আত্মঘাত করিবার উদ্যোগের দণ্ড।]

১১। যে কেহ আত্মঘাত করিবার উদ্যোগ করে ও সেই অপরাধ করিবার অভিপ্রায়ে কোন কার্য্য করে, সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক

[ঠগ।]

১২। যে কেহ বধ করণপূর্ব্বক কিম্বা বধ সংযোগে ডাকাইতী করিবার কি শিশু হরণ করিবার অভিপ্রায়ে কোন এক কি অধিক লোকের সঙ্গে নিয়ত সংযুক্ত থাকে সেই ঠগ।

[দণ্ড।]

১৩। যে কেহ ঠগ হয় তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

গর্ভপাত করণ ও অজাত অপত্যের হানি করণ ও শিশু ত্যাগ করণ ও জন্ম গুপ্ত রাখণের কথা।

[গর্ভপাত করণের দণ্ড।]

১৪। যদি কোন লোক ইচ্ছাপূর্ব্বক গর্ভিণী স্ত্রীর গর্ভপাত করায় ও প্রকৃতপ্রস্তাবে সেই স্ত্রীর প্রাণরক্ষার জন্য তাহা না করে, তবে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক। আর যদি তৎকালে গর্ভ সচেতন হয় তবে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

ব্যাখ্যা। স্ত্রী আপনার গর্ভপাত করাইলে এই অপরাধের দোষী হইতে পারে।

[Causing miscarriage without woman's consent.]

15. Whoever commits the offence defined in the last preceding Clause without the consent of the woman, whether the woman is quick with child or not, shall be punished with transportation for life or with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Consent given through fear of injury.]

A consent is not within the meaning of this Clause if it is given by a person under fear of injury or under a misconception of fact, and if the person committing the offence knows or has reason to believe that the consent was given in consequence of such fear or misconception.

[Death caused by an act done with intent to cause miscarriage. If act done without woman's consent.]

16. Whoever, with intent to cause the miscarriage of a woman with child, does any act which causes the death of such woman, shall be punished with imprisonment of either description for a term which may extend to ten years, and shall also be liable to fine; and if the act is done without the consent of the woman, shall be punished either with transportation for life or with the punishment above-mentioned.

Explanation. It is not essential to this offence that the offender should know that the act is likely to cause death.

[Act done with intent to prevent a child being born alive or to cause it to die after birth.]

17. Whoever before the birth of any child does any act with the intention of thereby preventing that child from being born alive or causing it to die after its birth, and does by such act prevent that child from being born alive or causes it to die after its birth, shall, if such act be not caused in good faith for the purpose of saving the life of the mother, be punished with imprisonment of either description for a term which may extend to ten years, or with fine, or both.

[Causing death of a quick unborn child by an act amounting to culpable homicide.]

18. Whoever does any act under such circumstances that if he thereby caused death he would be guilty of culpable homicide, and does by such act cause the death of a quick unborn child, shall be punished with imprisonment of either description for a term which may extend to ten years, and shall also be liable to fine.

Illustration.

A, knowing that he is likely to cause the death of a pregnant woman, does an act which, if it caused the death of the woman, would amount to culpable homicide. The woman is injured but does not die; but the death of an unborn quick child with which she is pregnant is thereby caused. A is guilty of the offence defined in this Clause.

[গবর্ণমেন্ট গেজেট । ১৮৫৭ । ৫ মে ।]

[স্ত্রীর অনুমতি বিনা গর্ভপাত করাওনের দণ্ড ।]

১৫ । যদি কোন লোক স্ত্রীর অনুমতি বিনা ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত অপরাধ করে, তবে তৎকালে অপত্য সচেতন কি অচেতন হউক, সেই লোকের যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক ।

[অপকারের ভয়ে অনুমতি দেওয়া গেলে ।]

যদি কোন স্ত্রী অপকার হইবার ভয়ে কিম্বা বিষয় না বুঝিয়া অনুমতি দেয় ও সেই ভয়প্রযুক্ত কিম্বা বিষয় না বুঝাপ্রযুক্ত ঐ অনুমতি দেওয়া গিয়াছে এই কথা যে জন গর্ভপাত করায় সে যদি জানে কি তাহার যদি এমত বোধ করিবার কারণ থাকে, তবে সেইরূপ যে অনুমতি দেওয়া যায় তাহা এই প্রকরণের লিখিতমতের অনুমতি নহে ।

[গর্ভপাত করাইবার অভিপ্রায়ে যে কার্য্য করা যায় তাহাতে স্ত্রীর মৃত্যু হইলে তাহার দণ্ড ও সেই কার্য্য স্ত্রীর অনুমতিবিনা করা গেলে তাহার দণ্ড ।]

১৬ । যে কেহ গর্ভিণী স্ত্রীর গর্ভপাত করাইবার অভিপ্রায়ে কোন কার্য্য করে সেই কার্য্যেতে যদি ঐ স্ত্রীর মৃত্যু হয়, তবে সেই লোক দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক । ও যদি সেই কার্য্য স্ত্রীর অনুমতিবিনা করা যায় তবে সেই লোকের যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড হইবেক কিম্বা উক্ত প্রকারের দণ্ড হইবেক

ব্যাখ্যা । ঐ কার্য্যেতে স্ত্রীর মৃত্যু হইতে পারে অপরাধী এই কথা না জানিলেও তাহার এই অপরাধ হইতে পারে ।

[অপত্য জীবৎ হইয়া না জন্মে কিম্বা ভূমিষ্ঠ হইলেই মরে এই অভিপ্রায়ে যে কার্য্য করা যায় তাহার দণ্ড ।]

১৭ । অপত্য জীবৎ হইয়া না জন্মে কি জন্মিলে পর মরে এই অভিপ্রায়ে যে কেহ কোন শিশুর ভূমিষ্ঠ হইবার পূর্ব্বে কোন কার্য্য করে, যদি সেই কার্য্যেতে শিশু জীবৎ হইয়া না জন্মে কি জন্মিবার পরে মরে, আর যদি সেই কার্য্য প্রকৃতপ্রস্তাবে মাতার প্রাণ রক্ষার নিমিত্তে না করা যায়, তবে সেই লোক দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক ।

[যে কার্য্যেতে দোষঘটিত হত্যার অপরাধ হয় এমত কার্য্য করিয়া সচেতন গর্ভ নষ্ট করণ ।]

১৮ । কোন লোক যে অবস্থায় কোন কার্য্য করে তাহা বুঝিয়া যদি সেই কার্য্যেতে কোন কাহার মৃত্যু হইলে সেই লোক দোষঘটিত হত্যার অপরাধী হয় ও সেই কার্য্যেতে যদি সচেতন গর্ভ নষ্ট হয়, তবে সেই লোক দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক ।

উদাহরণ ।

যে কার্য্যেতে গর্ভবতী স্ত্রীর মৃত্যু হইতে পারে এমত কর্ম্ম কালু জানিয়া করে । সেই কার্য্যেতে যদি স্ত্রীর মৃত্যু হইত তবে কালু দোষঘটিত হত্যার অপরাধী হইত । ঐ স্ত্রীর কিছু শারীরিক হানি হইলেও সে মরিল না, কিন্তু তাহার উদরস্থ সচেতন অপত্য মরে । কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে ।

[Exposure and abandonment of a child under five years by parent or person having care of it.]

19. Whoever being the father or mother of a child under the age of five years, or having the care of such child, shall expose or leave such child in any place with the intention of wholly abandoning such child, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, or with fine, or both.

Explanation. This Clause is not intended to prevent the trial of the offender for murder or culpable homicide as the case may be, if the child die in consequence of the exposure.

[Concealment of birth by secret disposal of dead body.]

20. Whoever by secretly burying or otherwise disposing of the dead body of a child, whether such child die before or after or during its birth, intentionally conceals or endeavours to conceal the birth of such child, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

OF HURT.

[Hurt.]

21. Whoever causes bodily pain, disease, or infirmity, is said to cause hurt.

[Grievous hurt.]

22. The following kinds of hurt only are designated as "grievous."

First. Emasculation.

Secondly. Permanent privation of the sight of either eye.

Thirdly. Permanent privation of the hearing of either ear.

Fourthly. Privation of any member or joint

Fifthly. Destruction or permanent impairing of the powers of any member, or joint

Sixthly. Permanent disfiguration of the head or face.

Seventhly. Fracture or dislocation of a bone or tooth.

Eighthly. Any hurt which endangers life or which causes the sufferer to be, during the space of twenty days, in severe bodily pain, or unable to follow his ordinary pursuits.

[To be continued.]

[পিতামাতা কি রক্ষক পাঁচ বৎসরের কম বয়সের শিশুকে বাহিরে ফেলিলে কি ত্যাগ করিলে।]

১৯। পাঁচ বৎসরের কম বয়সের শিশুর পিতা কি মাতা কি রক্ষক হইয়া যদি সেই শিশুকে সম্পূর্ণরূপে ত্যাগ করিবার অভিপ্রায়ে সেই শিশুকে কোন স্থানে বাহিরে ফেলে কি রাখিয়া যায়, তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক

ব্যাখ্যা। যদি সেই প্রকারে ত্যাগ হওয়াপ্রযুক্ত শিশু মরে তবে অপরাধির জ্ঞানকৃত বধ কি দোষঘটিত হত্যার জন্যে বিচার না হয় এই প্রকরণের এইমত অভিপ্রায় নহে।

[শিশুর লাশ কোন স্থানে গুপ্ত করণের দ্বারা জন্ম লুকাইয়া রাখণ।]

২০। শিশু ভূমিষ্ঠ হইবার পূর্ব্বে কি পরে কি ভূমিষ্ঠ হইবার কালেই মরুক যদি কেহ সেই শিশুর লাশ গুপ্তরূপে মাটিতে পুতিয়া কি অন্য প্রকারে স্থানান্তর করিয়া সেই শিশুর জন্ম হইবার কথা জানিয়াশুনিয়া গোপন করে কি গোপন করিতে উদ্যোগ করে, তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

আঘাতের কথা।

[আঘাত।]

২১। যে কেহ কোন শারীরিক বেদনা কি রোগ কি দুর্ব্বলতা জন্মায় সে আঘাত করে এমত বলা যায়।

[ভারি আঘাত।]

২২। কেবল নীচের লিখিত প্রকারের আঘাতকে ভারি" আঘাত বলা যায়।

প্রথম। মুষ্কচ্ছেদন।

দ্বিতীয়। কোন চক্ষুর দৃষ্টিশক্তি চিরকাল হরণ।

তৃতীয়। কোন কর্ণের শ্রবণশক্তি চিরকাল হরণ।

চতুর্থ। কোন অঙ্গ কি গাঁইট হরণ করণ।

পঞ্চম। কোন অঙ্গের কি গাঁইটের শক্তি নষ্ট করণ কি চিরকাল খাট করণ।

ষষ্ঠ। মস্তক কি মুখ চিরকাল বিকৃত করণ।

সপ্তম। কোন হাড় কি দাঁত ভঙ্গ কি স্থানান্তর করণ।

অষ্টম। যে কোন আঘাতে প্রাণের আশঙ্কা হয় কিম্বা যাহাতে ক্ষতিগ্রস্ত ব্যক্তি কুড়ি দিনপর্য্যন্ত অত্যন্ত শারীরিক ক্লেশ পায় কিম্বা আপনার নিয়ত কর্ম্ম চালাইতে অপারক হয়।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

রাজকর্ম্মে নিয়োগ।

---

৩৬৯ নম্বর।

বিজ্ঞাপন।

জুডিসিয়ল।

১৮৫৭ সাল ১ আপ্রিল।

১। ১৮৫৬ সালের ২০ আইনের ২ ধারামতে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে, কলিকাতা নগরের ইহার পরের লিখিত ও সংযুক্ত শহরতলীতে উক্ত আইন এই তারিখঅবধি চলিবেক।

[*Government Gazette*, *5th May*, 1857.]

২। আরো উক্ত আইনের ৩ ধারাক্রমে সম্বাদ দেওয়া যাইতেছে যে, * কলিকাতার শহরতলীর নীচের লিখিত সকল গ্রাম সেই আইনের কার্য্য হইবার নিমিত্তে সংযুক্ত করা গিয়াছে।

* পঞ্চান্ন গ্রাম নামক গবর্ণমেণ্টের মহালের মধ্যে যে সকল গ্রাম আছে ও অন্য কোন মহালের যে সকল ভূমি গবর্ণমেণ্টের উক্ত মহালের সাধারণ সীমার মধ্যে থাকে তাহা।

মুচিখোলা
রামনগর
সিজেরাটী
ইন্দ্রী
সোনাই
বড়বেড়িয়া
রাজারামপুর
ভুইগ্রাম
দক্ষিণ শেরপুর
খিদিরপুর
বৈকুণ্ঠপুর
আনন্দগঙ্গা চর
রামচন্দ্রপুর
একবালপুর
মমিনপুর
বলরামপুর
আলিপুর
জীরাট
রাধানগর
গোপালনগর
দুর্গাপুর
চেওরা
জারুল
দেউলপুর
সোনাডাঙ্গা
মাজুরাট
মায়াপুর
শরহরপুর
চান্দপুর

বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুমক্রমে

সি টি বকলাণ্ড।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

৩। ১৮৫৬ সালের ২০ আইনের ৪ ধারামতে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে, গবর্ণমেণ্টের রেবিনিউ সরবের যে ম্যাপ ১৮৫৬ সালের ১৯ মে তারিখে গ্রাহ্য হয় সেই ম্যাপেতে উক্ত শহরতলীর বাহিরের যে সীমা দেওয়া গিয়াছে ঐ সংযুক্ত গ্রামের সেই২ সীমা ধরা গিয়াছে সেই ম্যাপ বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট মঞ্জুর করিয়াছেন এবং গত জুন মাসের ১৮ তারিখের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয়। সেই ম্যাপ চব্বিশপরগনার কালেকটর সাহেবের দপ্তরখানায় রাখা গিয়াছে ও যিনি চাহেন তিনি তাহা দেখিতে পারিবেন।

৪। ১৮৫৬ সালের ২০ আইনের ১০ ধারামতে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে, উক্ত শহরতলীতে যে টেক্স বসান যাইবেক তাহা টেক্স দিবার যোগ্য লোকেরদের অবস্থা ও তাহারদের রক্ষা করিবার সম্পত্তি বুঝিয়া ধার্য্য হইবেক।

৯৮৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৩১ মার্চ।

শ্রীযুত এচ এল ডাম্পিয়র সাহেব (Mr. H. L Dampier,) ত্রিপুরার মাজিস্ট্রেট হইলেন। কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পাবনার জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেকটরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত জে জে গ্রে সাহেব (Mr. J. J. Grey,) হাবড়ার মাজিস্ট্রেট হইবেন।

শ্রীযুত এচ সি ওএক সাহেব (Mr. H. C Wake,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেকটর হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২০ মার্চ।

ঢাকার ও আরাকানের রাস্তার দ্বিতীয় থাকের আসিষ্টাণ্ট এবরসিয়র শ্রীযুত ডবলিউ আব্রু সাহেব (Mr. W. Abrey,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২১ মার্চ।

ঢাকার ডেপুটী কালেকটর শ্রীযুত ই ডিরোজারিও সাহেব (Mr. E. D'Rozario,) গত জানুআরি মাসের ২২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অভিষিক্ত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্তিহার।

নং ৩৮৭

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা বিজ্ঞাপন করা যাইতেছে যে সন ১৮৫৭ সালের আগামি মে মাহার ১ পহিলা তারিখে ও তাহার পরে সুদে বাঙ্গলার অন্তঃপাতি সরকারী গোলায় প্রত্যেক রকম নেমকের নিরিখ দর নীচের লিখিতমতে নির্দ্ধারিত হইবেক। আর প্রায় প্রত্যেক নেমকের তিন বৎসরের খরচার গড় হিসাব করিয়া যে পড়তা হয় তাহার উপর ফি শত

			ফি ১০০ মোন কোং টাকা
হিজলি	পাঙ্গা নেমক এজেন্সী ঘাট মোকামে		২৯৬/
তমলুক	ঐ	ঐ	৩০০/
২৪ পরগনা	ঐ	ঐ	৩১৫/
ঐ	ঐ	মোকাম শালিখায় এবালিসি এজেন্সীর নেমক	৩৪৫/
চট্টগ্রাম	ঐ	এজেন্সীর সদর ঘাট মোকামে	৩১২/
আরাকিন	ঐ	চট্টগ্রাম মোকামে	৩১৫/
কটক	ঐ	শালিখা মোকামে	৩২৯/
বালেশ্বর	ঐ	ঐ	৩০৯/
খোরদা এবং চিলকা	ঐ	ঐ	৩২৬/
মান্দ্রাজ করকচ অর্থাৎ সূর্য্যপক্ক লবণ		ঐ	৩১২/

ইহার পর নিরিখ দরের সাম্বৎসরিক পরিবর্ত্তন আগামি সন ১৮৫৮ সালের ১ মে তারিখে হইবেক ইতি।
বিশেষীয় হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম সন ১৮৫৭ সাল তারিখ ২৯ আপ্রিল।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৫ মে।]

[*Government Gazette*, 5th May, 1857.]

OPIUM.

আফিম।

আফিমের ইশ্তিহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৭ সাল তারিখ ১২ মে মঙ্গলবার পূর্ব্বাহ্ন দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৫। ৫৬ সালের পরদারাণী আফিমের পঞ্চম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩৬৫৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পরদারাণী আফিম	২৫৪০
বানারসের পরদারাণী আফিম	১১১৫
জুমলা সিন্দুক	৩৬৫৫

দফা। ইক্তে যে নীলামের ইশ্তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারা নুমর সন ১৮৫৬ সালের ২৭ নবেম্বর তারিখের লিখিত ইশ্তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

দফা। ডিপজিট অর্থাৎ আমানত টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়ারেন্স অর্থাৎ কিস্তি টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ ... ৮ এবং ২৭ মে এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামী খরিদারাণ যে সকল প্রমিসরী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করার্থে সব-ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরি রসীদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা। ১৮৫৭ সালের ১৮ মে সোমবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্তের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরির রসীদ সন ১৮৫৭ সালের ২৭ মে বুধবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর লওয়া যাইবেক না।

দফা। উপরের লিখিত নীলামের ইশ্তিহারের যেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদি কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

			বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ৮৫ সাল	জুন	বুধবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	১ জুলাই	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	১ আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	সেপ্টেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	৫ অক্টোবর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	১৭ নবেম্বর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	৪ ডিসেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৫৯	১১৪১	৩৭০০

১০

বিধোক্কীত হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৫৭ সাল তারিখ ২১ আপ্রিল।

ই লসিংটন। ছোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা রঙ্গপুর।

এস্তাহারনামা কাচারি কালেকটরী জেলা রঙ্গপুর।

সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৫ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা রঙ্গপুরের নীচের লিখিত মহাল সন ১৮৫৭ ইং ২৩ জানুআরি রোবকারির লিখিত এই মহালের জমীদারানের দেন বাঁটওয়ারার খরচা আদায় নিমিত্তক সন ১৮৫৭ ইং ১৪ মেই মোতাবেক ১২৬৪ সাল বাঙ্গলার ২ জ্যৈষ্ঠ রোজ বৃহস্পতিবার তারিখে এই জেলার কালেক্টরি কাচারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৭ ইং ১৮ আপ্রিল মোং সন ১২৬৪ সাল বাঙ্গলা তারিখ ৭ বৈশাখ।

যথা। ঈশ্বরচন্দ্র চৌধুরী দরখাস্তকারির দেন বাঁটওয়ারার আমীন ইত্যাদির বেতন মধ্যে ২৭৬৲ ও ঈশানচন্দ্র চৌধুরী ও হরদেব কুঙর ও কোকিলা দাস্যার নিস্পী ॥০ আনা অংশে ২৭৬৲ টাকা আদায় জন্য।

১৫৫ নম্বরের পরগনে উদাসীর তিঃ ॥০ আনা যাহার সদর জমা কোম্পানি ২৪৫১৬৫ পাই তাহাতে ঈশ্বরচন্দ্র চৌধুরী দরখাকারি ও ঈশানচন্দ্র চৌধুরী ও হরদেব কোঙর ও কোকিলা দাস্যার স্বত্ব ও সম্পর্ক।

A. G. Macdonald, *Collector.*

জিলা রঙ্গপুর।

এস্তাহারনামা কাচারী কালেকটরী জেলা রঙ্গপুর।

সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৫ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা রঙ্গপুরের নীচের লিখিত মহাল ঐ মহালের শরিক জমিদারাণের দেন তপশালের লিখিত জরীমানার টাকা আদায়নিমিত্তক সন ১৮৫৭ ইং ২১ মেই মোং সন ১২৬৪ সাল ৯ জ্যৈষ্ঠ রোজ বৃহস্পতিবার তারিখে এই জেলার কালেক্টরী কাচারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৭ সাল ইং ২৩ আপ্রিল মোং সন ১২৬৪ সাল তাং ১২ বৈশাখ।

যথা শ্রেণী। মৌজে নিজপাড়া ওগএরহ বাঁটওয়ারার বিষয় জরিপের প্রতিবন্ধক করা হেতু রুক্কীনে জরিমানা দাং ইত্তক সন ১৮৫৭ ইং ৪ মার্চ লাং ২২ আপ্রিল মোট ৫০০৲ টাকা এনায়তওল্লা ও জেযাওল্লা চৌধুরীর দেন আদায় জন্য।

৪০ নম্বরের মৌজে নিজপাড়া ওগএরহ যাহার সদর জমা ২০১১ ।./৮ পাই তদধীন মৌজে ছাতিমাই হিস্যে ।/৬ গণ্ডাতে সেখ এনাএতউল্লা ও জেয়াউল্লা চৌধুরির স্বত্ব ও সম্পর্ক।

A. G. Macdonald, *Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের সরাসরী নিষ্পত্তিসমূহ বর্ণমালানুযায়ী লিখিত ইং ১৮৩৪ লাং ১৮৫২ সাল।

এই গ্রন্থ ফিরিস্তিসমেত ৪২০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে উক্ত আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে তলব করিলে পাওয়া যাইবেক মুল্য ৫৲ টাকা মাত্র।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের ১৮৫৪ সালের নিষ্পত্তিসমূহের খোলাসা।

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাষায় না থাকাতে সে তাবতের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র হালদারকর্তৃক অনুবাদিত হইয়া ১৲ টাকা মুল্যে বিক্রয় হইতেছে সদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসর্স ব্রাউন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের নিকট উক্ত অনুবাদকর্তার নামোল্লেখে মুল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

আইন ও ব্যবস্থাসংগ্রহ অর্থাৎ আইন, শাস্ত্র, শরা ও নজিরাদির সারসংগ্রহ। ইহার প্রথম খণ্ড রেইলওয়ে লকোমোটিব মুৎ . . . ওল্ট সাহেবের আফিসে শ্রীনবীনচন্দ্র রায়ের নিকট ডাক মাসুল ।/০ আনা সহিত মুল্য ৪৲ টাকা প্রেরণ করিলে পাওয়া যায়।

বিজ্ঞাপন।

সহর শ্রীরামপুরনিবাসি শ্রীযুক্ত বাবু হরিশ্চন্দ্র দে চতুর্ধুরীণ মহোদয়ের সভাস্থ শ্রীযুক্ত শ্রীনারায়ণ চট্টরাজ গুণনিধি কর্তৃক "বিজ্ঞান মিহিরোদয়" নামক এক মাসিক পত্র সন ১২৬৪ সালের ২ বৈশাখঅবধি প্রকাশ আরম্ভ হইয়াছে উক্ত পত্রে সংস্কৃত ও ইংরাজী প্রসিদ্ধ পুস্তকহইতে অনুবাদিত হইয়া অধ্যাত্ম বিদ্যা, পদার্থবিদ্যা, নীতিবিদ্যা ভূগোল, খগোল, ভূতত্ত্ব, মনস্তত্ত্ব, জ্যোতিষ, চিকিৎসা বিদ্যাপ্রভৃতি ও সাময়িক সমাচার, পুরাবৃত্ত, কাব্য, নাটকপ্রভৃতি এবং শ্রীযুক্ত মলেন্স সাহেবাদি কর্তৃক বেদান্তাদি হিন্দু শাস্ত্রে যে সকল দোষাভাস প্রকাশ হইয়াছে তাহা খণ্ডনপ্রভৃতি সময়ে২ প্রকটিত হইবেক। পত্রের মুল্য অগ্রিম বার্ষিক ১৲ এক টাকা, মাসিক ৵০ আনামাত্র। যাঁহারা উক্ত পত্র গ্রহণেচ্ছা করিবেন তাঁহারা শ্রীরামপুরে উক্ত বাবুর নিকট পত্র লিখিলেই প্রাপ্ত হইবেন।

শ্রীকালীপদ চট্টোপাধ্যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৫ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

অতিরিক্ত

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, MAY 8, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ৮ মে।

DRAFT OF ACT.

A Bill for simplifying the Procedure of the Courts of Civil Judicature of the East India Company in Bengal.

[Continued from page 360.]

CHAPTER VIII.

OF PROCEEDINGS ON AGREEMENT OF PARTIES.

How Questions may be raised for the Decision of a Civil Court by any Persons interested.

[Questions of fact, or of law or equity may be raised by agreement for the decision of any Court having jurisdiction.]

1. Parties interested, or claiming to be interested in the decision of any question or questions of fact, or law or equity, may enter into an agreement which shall not be subject to any stamp duty, that upon the finding of a Judge, in the affirmative or negative of such question or questions of fact, or of law or equity, a sum of money fixed by the parties, or to be determined by the Judge, shall be paid by one of the parties; or that some property, moveable or immoveable, specified in the agreement, shall be delivered by one of the parties to the other of them; or that one or more of the parties shall do or perform some particular legal act or acts, or shall refrain from doing or performing some particular act or acts specified in the agreement. Where the agreement is for the delivery of some property, moveable or immoveable, or for the doing or performing, or the refraining to do or perform any particular act or acts, the estimated value of the property to be delivered, or to which the act or acts specified may have reference, shall be stated in the agreement.

আইনের মুসাবিদা

বাঙ্গলা দেশে দেওয়ানী মোকদ্দমার বিচারার্থে কোম্পানি বাহাদুরের আদালতের কার্য্য আরো সুগম করিবার আইনের মুসাবিদা।

[৩৬০ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

৮ অধ্যায়।

উভয় পক্ষের সম্মতিক্রমে মোকদ্দমার কার্য্য।

সম্পর্কযুক্ত কোন ব্যক্তিরা দেওয়ানী আদালতের নিষ্পত্তির নিমিত্তে যে প্রকারে বিষয় উত্থাপন করিতে পারিবেক তাহার কথা।

[বৃত্তান্তের কি আইনের কি এক্যুটির কোন বিষয় উপযুক্ত ক্ষমতার কোন আদালতের নিষ্পত্তির নিমিত্তে উভয় পক্ষের সম্মতিক্রমে উত্থাপন হইতে পারে।]

১। বৃত্তান্ত কি আইন কি এক্যুটির কোন এক কি অধিক বিষয়ের নিষ্পত্তিতে যাহারদের সম্পর্ক থাকে কি যাহারদের সম্পর্কের দাওয়া থাকে, তাহারা আপোসে এমত করার করিতে পারিবেক যে, বৃত্তান্তের কি আইনের কি এক্যুটির ঐ এক কি অধিক বিষয়ে বিচারকর্ত্তা যেমন কহিবেন, তদনুসারে উভয় পক্ষ আপোসে যত নির্দ্ধার্য্য করে, কিম্বা বিচারকর্ত্তা যত নির্ণয় করিবেন তত টাকা এক পক্ষ দিবেক, অথবা ঐ করারপত্রের নির্দ্দিষ্ট স্থাবর কি অস্থাবর কতক সম্পত্তি এক পক্ষ অন্য পক্ষকে দিবেক, অথবা ঐ করারপত্রের লিখনমতে উভয় পক্ষের এক কি অধিক ব্যক্তি আইনমতের কোন বিশেষ কার্য্য করিবেক কি সাধন করিবেক, কিম্বা কোন বিশেষ কার্য্য করিতে কি সাধন করিতে ক্ষান্ত হইবেক। ঐ করারপত্রের কোন ইষ্টাম্পের মাসুল লাগিবেক না। যদি স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তি দিবার জন্যে, কিম্বা কোন বিশেষ কার্য্য করিবার কি সাধন করিবার জন্যে, কিম্বা করিতে কি সাধন করিতে ক্ষান্ত হইবার জন্যে ঐ করারপত্র হয়, তবে যে সম্পত্তি দিতে হইবেক কিম্বা ঐ নির্দ্দিষ্ট কার্য্য যে সম্পত্তির সঙ্গে সম্পর্ক রাখে তাহার আনুমানিক মূল্য ঐ করারপত্রে লিখিতে হইবেক

[The agreement to be filed and numbered as a cause.]

[ঐ করারপত্র দাখিল করা যাইবেক ও মোকদ্দমার মতে তাহাতে নম্বর দেওয়া যাইবেক ।]

2. The agreement may be filed in any Court having jurisdiction in the matter, with the proper officer, and when so filed shall be numbered and registered as a cause between some or one of the parties interested, or claiming to the interested as plaintiffs or plaintiff, and the others or other of them as defendants or defendant; but it shall not be necessary to issue any process for summoning the defendant.

২। সেই বিষয়ে যে আদালতের এলাকা থাকে এমত কোন আদালতে উপযুক্ত কর্ম্মকারকের নিকটে ঐ করারপত্র দাখিল করা যাইতে পারিবেক। আর সেই প্রকারে দাখিল করা গেলে তাহার নম্বর দেওয়া যাইবেক, ও যাহারদের সম্পর্ক থাকে কি যাহারদের সম্পর্কের দাওয়া থাকে তাহারদের কএক কি এক ব্যক্তিকে ফরিয়াদী বলিয়া, ও অন্য কএক কি এক ব্যক্তিকে আসামী বলিয়া, তাহারদের মধ্যে মোকদ্দমার ন্যায় তাহা রেজিষ্টরী করা যাইবেক। কিন্তু আসামীকে সমন করিবার কোন পরওয়ানা জারী করিবার আবশ্যক হইবেক না।

[Parties to be subject to the Court's jurisdiction.]

[উভয় পক্ষ আদালতের এলাকার অধীন হইবেক ।]

3. After the agreement shall have been filed, all the parties thereto shall be subject to the jurisdiction of the Court, and shall be bound by the statements therein.

৩। সেই করারপত্র দাখিল করা গেলে পর, তৎসম্পর্কীয় সকল ব্যক্তি ঐ আদালতের এলাকার অধীন হইবেক, ও তাহার লিখিত সকল কথাতে বদ্ধ থাকিবেক।

[Hearing and disposal of the case.]

[ঐ বিষয়ের শুনানি ও নিষ্পত্তি হওন ।]

4. The case shall be set down for hearing as an ordinary suit; and if the Judge shall be satisfied, after an examination of the parties or their vakeels, or taking such evidence as he may deem proper, that the agreement was duly executed by the parties, and that they have a *bonâ fide* interest in the question or questions of fact or of law or equity stated therein, and that the same is or are fit to be tried or decided, he shall proceed to record and try, or hear the same, and deliver his finding or opinion thereon, in the same way as in an ordinary suit; and shall, upon his finding or deciding upon the question or questions of fact or of law or equity, give judgment for the sum fixed by the parties, or so ascertained as aforesaid, or otherwise, according to the terms of the agreement; and upon the judgment which shall be so given, decree shall follow, and may be executed in the same way as if the judgment had been pronounced in a contested suit.

৪। ঐ বিষয় রীতিমতের মোকদ্দমার ন্যায় শুনিবার জন্যে বহীতে লেখা যাইবেক। আর বিচারকর্ত্তা উভয় পক্ষের কি তাহারদের উকীলেরদের জোবানবন্দী, কিম্বা যে প্রমাণ লওয়া আবশ্যক বোধ করেন তাহা লইলে পর, যদি হুবোধমতে জানেন যে উভয় পক্ষ ঐ করারপত্র উপযুক্তমতে করিয়াছে, ও তাহার লিখিত বৃত্তান্তের কি আইনের কি একুটির বিষয়ে তাহারদের প্রকৃতপ্রস্তাবে সম্পর্ক আছে, ও সেই বিষয় বিচার কি নিষ্পত্তি হইবার উপযুক্ত বটে, তবে তিনি যেমন রীতিমতের মোকদ্দমায় করিয়া থাকেন, তেমনি সেই বিষয়ের রিকার্ড করিয়া বিচার করিতে কিম্বা তাহা শুনিতে ও তাহার উপর আপনার নিষ্পত্তি কি মত জানাইতে প্রবর্ত্ত হইবেন। ও বৃত্তান্তের কি আইনের কি একুটির বিষয়ে তাঁহার যে মত কি নিষ্পত্তি হয় তদনুসারে, উভয় পক্ষ আপোসে যত নির্দ্ধার্য্য করে, কিম্বা আপনি পূর্ব্বোক্তমতে যত টাকা নির্ণয় করেন, তত টাকা দিবার হুকুম করিবেন, কিম্বা প্রকারান্তরে করারপত্রের নিয়মানুসারে হুকুম করিবেন। তদ্রূপে যে হুকুম করেন তদনুসারে ডিক্রী দেওয়া যাইবেক, ও রীতিমতের তদবীর করা মোকদ্দমাতে ঐ ডিক্রী হইলে যেরূপে জারী হইত সেইরূপে জারী হইতে পারিবেক।

Of Special Cases for the Opinion of the Sudder Court.

সদর আদালতের মত জানিবার জন্যে বিশেষ কথা।

[Special case may be stated by any persons interested.]

[সম্পর্কযুক্ত কোন ব্যক্তিরা বিশেষ কথা অর্পণ করিতে পারিবেক]

5. Persons interested or claiming to be interested in any question as to the construction of any Act of Parliament, or any Regulation of the Bengal Code, or Act of the Council of India, will, deed, or other instrument in writing, or any article, clause, matter, or thing therein contained, or as to the title or evidence of title to any real or personal estate contracted to be sold or otherwise dealt with, or as to the parties to or the form of any deed or instrument for carrying any such contract into effect, or as to any other matter, or thing, may, with the consent of a Judge of the Sudder Court, concur in stating the same in the form of a special case for the opinion of the Court; and all executors, administrators, and trustees may concur in such case.

৫। কোন আক্‌ট পার্লিমেণ্টের কিম্বা বাঙ্গলা দেশের চলিত কোন আইনের কিম্বা ভারতবর্ষের কৌন্সেলের কোন আক্‌টের, কিম্বা কোন উইলের কি দলীলের কি অন্য লিপির, কিম্বা তাহার লিখিত কোন প্রকরণের কি পদের কি বিষয়ের কি কথার অর্থঘটিত, কিম্বা যে কোন স্থাবর কি অস্থাবর সম্পত্তি বিক্রয় করিবার কি তাহা লইয়া অন্য প্রকার কার্য্য করিবার করার হইয়াছে তাহাতে স্বত্ব কি স্বত্বের প্রমাণঘটিত, কিম্বা তদ্রূপ কোন করার অনুসারে কর্য্য সাধনের কোন দলীলের কি লিপির উভয় পক্ষ কি পাঠঘটিত, কিম্বা অন্য কোন বিষয় কি কথাঘটিত কোন জিজ্ঞাসাতে যাহারদের সম্পর্ক থাকে কি যাহারদের সম্পর্কের দাওয়া থাকে, তাহারা সদর আদালতের এক জন জজ সাহেবের সম্মতিক্রমে সকলে মিলিয়া আদালতের মত জানিবার জন্যে তাহা বিশেষ কথার মতে অর্পণ করিতে পারিবেক। আর সেই প্রকার বিষয় অছিরা ও আডমিনিষ্ট্রেটরেরা ও ট্রষ্টিরাও মিলিয়া অর্পণ করিতে পারিবেক।

[What it is to contain.]

6. Every such special case shall concisely state such facts and documents as may be necessary to enable the Court to decide the question raised thereby, and shall be signed by the parties or their vakeels.

[To be filed and numbered as a cause.]

7. The special case shall be filed with the proper officer of the Court, and shall be numbered and registered as a cause between some or one of the parties interested or claiming to be interested as plaintiffs or plaintiff, and the others or other of them as defendants or defendant; but it shall not be necessary to issue any process for summoning the defendants or defendant.

[Parties thereto to be subject to Court's jurisdiction.]

8. After the special case shall have been filed, all the parties thereto shall be subject to the jurisdiction of the Court, and such of the parties as are legally competent to bind themselves, shall, for the purposes of such special case, be bound by the statements therein; and the parties who are not legally competent to bind themselves shall also be bound by the statements therein, if the Court shall think proper so to direct, after taking such precautions as may be deemed necessary for protecting the rights of such parties.

[Hearing and disposal of the case.]

9. The special case shall be set down for hearing as an ordinary suit, and the Court, after hearing the parties or their vakeels, shall proceed to determine the questions raised therein, or any of them, and to declare its opinion thereon, and, so far as the case shall admit of the same, upon the right involved therein, without proceeding to administer any relief consequent upon such declaration; and every such declaration of the Court shall have the same force and effect as such declaration would have had, and shall be as binding to the same extent as such declaration would have been, if contained in a judgment pronounced in a contested suit. Provided that, if upon the hearing of such special case as aforesaid, the Court shall be of opinion that the questions raised thereby, or any of them, cannot properly be decided upon such case, the Court may refuse to decide the same.

[তাহাতে যাহা লিখিতে হইবেক ।]

৬। ঐ প্রকার বিষয়েতে যে প্রশ্ন উত্থাপন হয় তাহা সদর আদালত নিষ্পত্তি করিতে পারেন এই জন্যে যে সকল বৃত্তান্ত ও যে সকল দলীলের মর্ম্ম তাঁহারদের জ্ঞাত হওয়া আবশ্যক তাহা ঐ বিশেষ কথায় সংক্ষেপরূপে লিখিতে হইবেক, এবং তাহাতে উভয় পক্ষ কিম্বা তাহারদের উকীলেরা দস্তখৎ করিবেক ।

[তাহা মোকদ্দমার ন্যায় দাখিল করিতে ও তাহাতে নম্বর দিতে হইবেক ।]

৭। ঐ বিশেষ কথা আদালতের উপযুক্ত কর্ম্মকারকের নিকটে দাখিল করিতে হইবেক, ও তাহাতে নম্বর দেওয়া যাইবেক, ও যাহারদের সম্পর্ক থাকে কি যাহারদের সম্পর্কের দাওয়া থাকে তাহারদের কএক কি এক ব্যক্তিকে ফরিয়াদী বলিয়া, ও অন্য কএক কি এক ব্যক্তিকে আসামী বলিয়া, তাহারদের মধ্যে মোকদ্দমার ন্যায় তাহা রেজিষ্টরী করা যাইবেক। কিন্তু আসামীরদিগকে কি আসামীকে সমন করিবার কোন পরওয়ানা জারী করিবার আবশ্যক হইবেক না ।

[উভয় পক্ষ আদালতের এলাকার অধীন হইবেক ।]

৮। ঐ বিশেষ কথা দাখিল করা গেলে পর তৎসম্পর্কীয় সকল ব্যক্তি আদালতের এলাকার অধীন হইবেক, ও তাহারদের মধ্যে যাহারা নিজে আইনমতে বদ্ধ হইতে পারে তাহারা ঐ বিশেষ কথার সকল কার্য্যের নিমিত্তে তাহার লিখিত কথাতে বদ্ধ থাকিবেক । আর যদি আদালত এমত আজ্ঞা করা উচিত বোধ করেন তবে যাহারা নিজে আইনমতে বদ্ধ হইতে অপারক হয় তাহারাও, আপনারদের স্বত্ব রক্ষার জন্যে যে সকল কার্য্য করা আবশ্যক বোধ হয় তাহা করা গেলে পর, তাহার ব্যক্ত কথাতে বদ্ধ থাকিবেক ।

[ঐ কথার শুনানি ও নিষ্পত্তি ।]

৯। ঐ বিশেষ কথা রীতিমতের মোকদ্দমার ন্যায় শুনা যাইবার নিমিত্তে লেখা যাইবেক, ও আদালত উভয় পক্ষের কি তাহারদের উকীলেরদের কথা শুনিলে পর তাহাতে যে সকল জিজ্ঞাসা উৎপন্ন হয় সেই সকল জিজ্ঞাসা কি তাহার কোন জিজ্ঞাসা নিষ্পত্তি করিবেন ও তদ্বিষয়ে আপনার মত প্রকাশ করিবেন, ও বিষয় বুঝিয়া যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত তাহাতে যে স্বত্ব লিপ্ত থাকে সেই স্বত্বের বিষয়ে আপনার মত প্রকাশ করিবেন, কিন্তু সেই মত প্রকাশ করণের ফলস্বরূপে কোন উপকার করিবেন না । আর রীতিমতের তদবীরকরা মোকদ্দমার নিষ্পত্তিতে যদি সেই মত প্রকাশ হইত, তবে তাহার যেরূপ ফল ও যে বল হইত, ও তাহাতে উভয় পক্ষ যেপর্য্যন্ত বদ্ধ হইত, আদালতের সেই মতপ্রকাশের সেইরূপ বল ও ফল হইবেক ও তাহাতে উভয় পক্ষ সেইপর্য্যন্ত বদ্ধ থাকিবেক । পরন্তু যদি পূর্ব্বোক্ত প্রকারের বিশেষ কথা শুনিয়া আদালত বোধ করেন যে তাহাতে যে২ জিজ্ঞাসা উত্থাপন হয় তাহা সকল কি তাহার মধ্যে কোন জিজ্ঞাসা ঐ কথাক্রমে উপযুক্তমতে নিষ্পত্তি হইতে পারে না, তবে আদালত তাহা নিষ্পত্তি করিতে অস্বীকার করিতে পারিবেন ।

CHAPTER IX.
OF APPEALS.

Appeals from Final Decrees.

[In what cases appeals shall lie from decisions of Judges, Principal Sudder Ameens, and Moonsiffs.]

1. An appeal shall lie, as herein-after provided, from the decisions of the Judge, the Principal

৯ অধ্যায় ।
আপীল ।

চূড়ান্ত ডিক্রীর উপর আপীলের কথা ।

[জজ সাহেবেরদের ও প্রধান সদর আমীনেরদের ও মুনসেফেরদের হুকুমের উপর যে২ স্থলে আপীল হইতে পারে ।]

১। যে সকল মোকদ্দমাতে ভূমির কি অন্য স্থাবর সম্পত্তির স্বামিত্বের কি দখলের কি দখল করিবার স্বত্বের

Sudder Ameen, and of the Moonsiff, in all suits in which the property, or possession, or right of occupancy of land or other real property, or the right to receive rent or profit issuing out of land or other real property, or the right to hold land or other real property exempt from the payment of rent or revenue, or any thing in the nature thereof, or the right to hold land or other real property subject to the payment of a fixed annual sum on account of rent or revenue, or anything in the nature thereof, or the right to any benefits, liberties, or privileges derived out of or affecting any landed or other real property, or the right to receive or collect any customary or other payments or gratuities on any account whatsoever, or the title to any office, or to any trust or special privileges, or to any toll, fair, market, or franchise, or anything in the nature thereof respectively, shall be in question; and in all suits in which the right of inheritance from, or succession to, any person or the validity of any marriage, divorce, will, or authority to adopt, or of any decree, bequest, or limitation under any will or settlement, or the condition or status of any person, in respect of relationship, religion, caste, or otherwise, or the custody or guardianship of any person, may be disputed; and in all suits for any malicious prosecution, or for any libel or slander, or for criminal conversation, or for seduction, or for breach of promise of marriage.

বিবাদ হয়, কিম্বা ভূমি কি অন্য স্থাবর সম্পত্তিহইতে উৎপন্ন খাজানা কি লভ্য গ্রহণ করিবার স্বত্ত্বের বিবাদ হয়, কিম্বা খাজানা না দিয়া কি লাখেরাজরূপে ভূমির কি অন্য স্থাবর সম্পত্তির অধিকার করিবার স্বত্ত্বের কিম্বা সেই প্রকারের অন্য কোন বিষয়ের বিবাদ হয়, অথবা খাজানা কি রাজস্ব বলিয়া বৎসরে২ কোন নির্দ্ধারিত টাকা দিয়া ভূমির কি অন্য স্থাবর সম্পত্তির অধিকার করিবার স্বত্ত্বের কি সেই প্রকারের অন্য কোন বিষয়ের বিবাদ হয়, অথবা কোন ভূমি কি অন্য স্থাবর সম্পত্তিহইতে প্রাপ্ত কি তৎসম্পর্কীয় কোন উপকারের কি ক্ষমতার কি শক্তির স্বত্ত্বের বিবাদ হয়, অথবা যে কোন কারণে কোন রীতিমতের কি অন্য প্রকারের টাকা কি উপরি টাকা গ্রহণ করিবার কি আদায় করিবার স্বত্ত্বের বিবাদ হয়, অথবা কোন পদের কি ট্রুষ্টের কি বিশেষ ক্ষমতার কি কোন মাসুলের কি হাটের কি বাজারের কি কোন মাসুলহইতে ক্ষমা পাইবার স্বত্ত্বের কি সেই২ বিষয়ের তুল্য অন্য কোন বিষয়ের বিবাদ হয়, এবং সকল মোকদ্দমাতে কোন ব্যক্তিহইতে অধিকার পাইবার স্বত্ত্বের কি উত্তরাধিকারিত্ব স্বত্ত্বের বিবাদ হয়, অথবা কোন বিবাহের কি ত্যাগপত্রের কি উইলের কিম্বা পোষ্যপুত্র করিবার ক্ষমতার মাতবরীর বিবাদ হয়, অথবা কোন উইল কি দানপত্রক্রমে কোন নির্দ্ধারণের কি দানের কি সীমার মাতবরীর বিবাদ হয়, কিম্বা কুটুম্বতা কি ধর্ম্ম কি জাতিপ্রভৃতি সম্পর্কে কোন লোকের অবস্থার কি শ্রেণীর বিবাদ হয়, কিম্বা কোন লোকের রক্ষকতার কি সম্পত্তির রক্ষকতার বিষয়ের বিবাদ হয়, সেই সকল মোকদ্দমাতে, ও ঈর্ষাপূর্ব্বক কোন নালিশ করিবার কিম্বা কোন অপবাদের কি গ্লানির কিম্বা অপরাধঘটিত স্ত্রীসংসর্গের কিম্বা স্ত্রীকে কুকর্ম্মে লওয়াইবার কিম্বা বিবাহের প্রতিজ্ঞা লঙ্ঘনের সকল মোকদ্দমাতে, জজ সাহেব ও প্রধান সদর আমীন ও মুনসেফ যে নিষ্পত্তি করেন তাহার উপর আপীল ইহার পরের লিখিত বিধিমতে হইতে পারিবেক।

[When it shall not lie.]

2. An appeal shall also lie from all other decisions of the Judge, the Principal Sudder Ameen, and Moonsiff, except in suits in which the amount claimed does not exceed the sum of fifty Rupees.

[যেং স্থলে আপীল হইতে পারে না।]

২। জজ সাহেবের ও প্রধান সদর আমীনের ও মুনসেফের অন্য সকল নিষ্পত্তির উপর আপীল হইতে পারে, কিন্তু যে মোকদ্দমাতে পঞ্চাশ টাকার অধিকের দাওয়া না হয় তাহার উপর আপীল হইবেক না।

[When the appeal from the Principal Sudder Ameen and Moonsiff shall be to the Zillah Judge, and when to the Sudder Court.]

3. In suits in which the amount claimed or the value of the property claimed, does not exceed the sum of one thousand Rupees, the appeal from the decision of the Principal Sudder Ameen, or Moonsiff, as the case may be, shall be to the Zillah Judge; in suits above that sum, to the Sudder Court at Calcutta.

[প্রধান সদর আমীনের ও মুনসেফের হুকুমের উপর আপীল যেং স্থলে জজ সাহেবের নিকটে হইবেক ও যেং স্থলে সদর আদালতে হইবেক।]

৩। কোন মোকদ্দমাতে যে টাকার দাওয়া হয় তাহা, কিম্বা যে সম্পত্তির দাওয়া হয় তাহার মূল্য যদি এক হাজার টাকার অধিক না হয়, তবে সেই মোকদ্দমাতে প্রধান সদর আমীনের কিম্বা বিষয়বিশেষে মুনসেফের নিষ্পত্তির উপর আপীল জিলার জজ সাহেবের নিকটে হইবেক। তাহার উর্দ্ধ মূল্যের মোকদ্দমার আপীল কলিকাতার সদর আদালতে হইবেক।

[The decision of the Zillah Judge in appeal is final.]

4. The decision of the Judge in appeals from the decision of the Principal Sudder Ameen, or Moonsiff, shall be final; provided, however, that it shall be competent to the Judge, at the time of deciding an appeal from the judgment of a Principal Sudder Ameen or Moonsiff, to record his opinion, certifying in his judgment his reasons for the same, that the case is one for revision by the Sudder Court, and when he shall have so certified, the Sudder Court shall admit a special ap-

[আপীলী মোকদ্দমায় জিলার জজ সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক।]

৪। প্রধান সদর আমীনের কি মুনসেফের নিষ্পত্তির উপর যে আপীল জজ সাহেবের নিকটে হয় তাহাতে ঐ সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক। পরন্তু প্রধান সদর আমীনের কি মুনসেফের হুকুমের উপর আপীল নিষ্পত্তি করিবার সময়ে জজ সাহেব আপনার এই মত লিখিতে পারিবেন যে, ঐ মোকদ্দমা সদর আদালতের পুনর্ব্বিচারের উপযুক্ত, ও তাঁহার সেই মতের হেতু আপনার নিষ্পত্তিতে লিখিয়া দস্তখৎ করিবেন। আর যখন সেইরূপ সর্টিফিকট লিখিয়া দেন তখন ঐ মোকদ্দমার কোন পক্ষ খাস আপীলের দরখাস্ত করিলে সদর

peal from the decision of the Zillah Judge, in the event of either of the parties making application to that effect.

[In original suits the appeal from the Zillah Judge shall be to the Sudder Court.]

5. The appeal from the decisions of the Judge, in original suits, shall be to the Sudder Court.

How appeals are to be preferred.

[Appeal to be preferred by a memorandum to be filed within specified time.]

6. The appeal shall be made in the form of a memorandum as herein-after prescribed, which may be presented in the Appellate Court, or in the Court in which the decision objected to was passed for transmission to the Appellate Court. In either case, the memorandum must be presented within the times herein-after specified, unless the appellant shall, by a petition to the Appellate Court, show sufficient cause for not having presented it within such limited periods; that is to say, within thirty-one days if the appeal be to the Zillah Judge, or be to the Sudder Court from a decision of a Court of original jurisdiction constituted by one or more of its own Judges, and within ninety-one days if the appeal be to the Sudder Court from the decision of a Zillah Judge, Principal Sudder Ameen, or Moonsiff: the days to be reckoned in all the cases as immediately following and exclusive of the day on which judgment was pronounced.

[Time may be extended by an application.]

7. An application for an extension of the time for presenting a memorandum of appeal may be made directly to the Appellate Court, or through the intervention of the Lower Court, at the option of the applicant. If the application for extension of time be made to the Lower Court, that Court shall record the reasons assigned for the application, and shall transmit a copy of its proceedings to the Appellate Court.

[What the memorandum is to contain.]

8. Every memorandum of appeal shall set forth concisely, and under distinct heads, grounds of objection to the decision appealed against, without any argument or narrative, and such grounds shall be numbered consecutively. But the appellant shall not be tied down to the objections set forth by him in his memorandum of appeal.

[Form of memorandum.]

The memorandum of appeal shall be in the following form, or to the following effect :—

Memorandum of Appeal.

(*Name, &c. as in Register.*) Plaintiff.

(*Name, &c. as in Register.*) Defendant.

[*Name of Appellant*] Plaintiff [*or Defendant*]

[*Government Gazette*, 8*th May*, 1857.]

আদালত জিলার জজ সাহেবের নিষ্পত্তির উপর খাস আপীল গ্রাহ্য করিতে পারিবেন।

[প্রথমবার উপস্থিতহওয়া মোকদ্দমাতে জিলার জজ সাহেবের হুকুমের উপর আপীল সদর আদালতে হইবেক।]

৫। প্রথমবার উপস্থিতহওয়া মোকদ্দমাতে জজ সাহেবের যে নিষ্পত্তি হয় তাহার উপর আপীল সদর আদালতে হইবেক।

আপীল যে প্রকারে উপস্থিত করিতে হইবেক তাহার কথা।

[আবেদনপত্রের দ্বারা আপীল উপস্থিত করা যাইবেক। তাহা নিরূপিত সময়ের মধ্যে দাখিল করিতে হইবেক।]

৬। ইহার পরে যেমন নির্দ্দিষ্ট হইয়াছে তেমনি আপীল আবেদনপত্রের দ্বারা করিতে হইবেক। তাহা আপীল আদালতে উপস্থিত করা যাইতে পারিবেক, অথবা আপীল আদালতে পাঠান যাইবার জন্যে যে নিষ্পত্তির উপর আপত্তি হয় সেই নিষ্পত্তি যে আদালতে হইয়াছিল সেই আদালতে উপস্থিত করাণ যাইতে পারিবেক। ইহার মধ্যে যেরূপে হউক, ঐ আবেদনপত্র ইহার পরের লিখিত মিয়াদের মধ্যে উপস্থিত করিতে হইবেক, অর্থাৎ জিলার জজ সাহেবের নিকটে আপীল হইলে, অথবা সদর আদালতের এক কি অধিক জন জজ সাহেব লইয়া মোকদ্দমা প্রথমবার শুনিবার ক্ষমতাপন্ন যে আদালত সংস্থাপিত হয় সেই আদালতের নিষ্পত্তির উপর সদর আদালতে আপীল হইলে, একত্রিশ দিনের মধ্যে, ও জিলার জজ সাহেবের কি প্রধান সদর আমীনের কি মুনসেফের নিষ্পত্তির উপর সদর আদালতে আপীল হইলে, একানব্বই দিনের মধ্যে করিতে হইবেক। যে দিনে নিষ্পত্তি প্রকাশ হয় সেই দিনছাড়া, তাহার পর দিন-অবধি ঐ মিয়াদের হিসাব সর্ব্বদাই করিতে হইবেক। কিন্তু যদি আপেলান্ট আপীল আদালতে দরখাস্ত করিয়া ঐ২ মিয়াদের মধ্যে আপীল উপস্থিত না করিবার উপযুক্ত কারণ দর্শায় তবে মিয়াদ বৃদ্ধি হইতে পারিবেক।

[দরখাস্ত করিলে মিয়াদ বৃদ্ধি হইতে পারিবেক।]

৭। আপীলের আবেদনপত্র উপস্থিত করিবার মিয়াদ বৃদ্ধি হইবার দরখাস্ত, দরখাস্তকারির ইচ্ছামতে একেবারে আপীল আদালতে করা যাইতে পারিবেক অথবা অধস্থ আদালতের দ্বারা উপস্থিত করা যাইতে পারিবেক। যদি মিয়াদবৃদ্ধির দরখাস্ত অধস্থ আদালতে করা যায়, তবে ঐ আদালত ঐ দরখাস্ত করিবার যে হেতু প্রকাশ হয় তাহা লিখিয়া লইবেন ও আপন রুবকারীর এক কেতা নকল আপীল আদালতে পাঠাইবেন।

[আবেদনপত্রের মধ্যে যাহা লিখিতে হইবেক।]

৮। যে নিষ্পত্তির উপর আপীল হয় তদ্বিষয়ে আপত্তির সকল হেতু সংক্ষেপরূপে ও স্বতন্ত্র দফা২ করিয়া কোন তর্ক কি বৃত্তান্তবিনা আপীলের আবেদনপত্রে লেখা যাইবেক, ও সেই২ হেতুর একাদিক্রমে নম্বর দেওয়া যাইবেক। কিন্তু আপীলের আবেদনপত্রে আপেলান্ট যে সকল আপত্তি প্রকাশ করে তদ্ভিন্ন অন্য আপত্তি করিতে পারিবেক না এমত নহে।

[আবেদনপত্রের পাঠ।]

আপীলের আবেদনপত্র নীচের লিখিত পাঠে কিম্বা তাহার মর্ম্মানুসারে হইবেক।

আপীলের আবেদনপত্র।

(রেজিষ্টরের লিখনমতে নামপ্রভৃতি) ফরিয়াদী।

(রেজিষ্টরের লিখনমতে নামপ্রভৃতি) আসামী

উক্ত মোকদ্দমার মুনসেফ কি প্রধান সদর আমীন কি

above named appeals to the Sudder Court at Calcutta [*or* Zillah Court at *as the case may be*], against the decree of the Moonsiff, or Principal Sudder Ameen, of [or as the case may be], in the above cause, dated the day of ; for the following among other reasons.

[Memorandum to be forwarded to the Appellate Court.]

9. If the memorandum of appeal be presented in the Court in which the decree objected to was passed, such last-mentioned Court shall forthwith forward the same to the Appellate Court, with an endorsement thereon of the date on which it was presented.

[What proceedings to be forwarded to the Appellate Court, and when.]

10. Within one month from the date on which the memorandum of appeal shall be presented in the Lower Court, or one month from the date on which intimation shall be received by the Lower Court from the Appellate Court, that the memorandum of appeal has been presented in the Appellate Court, unless the Appellate Court shall think proper to enlarge the time, and then within such enlarged time, the Judge of the Lower Court shall, except as provided in the next succeeding Article, certify under his hand and the seal of his Court the record duly made up and authenticated, including authenticated copies of all his own material proceedings in the cause, and the original depositions, exhibits, and every original paper read in the cause, together with the written statements, if any, that may have been presented by the parties, or any of them, and received and recorded by the Judge, and shall transmit the record so made up to the Appellate Court. Previous to transmitting the above-mentioned papers to the Appellate Court the Judge of the Lower Court shall cause true and faithful copies of all the originals to be made out and authenticated by the proper officer of his Court, and deposited in the Court in lieu of the originals. The copies shall be records of the Court, and shall be received in evidence in any other Court in the same way as originals. In cases where any original deposition or other original proceedings or matter whatsoever shall have been previously entered in a book, which may likewise contain other proceedings in other distinct cases, or any other matter, so that such original papers cannot be transmitted to the Appellate Court without the other proceedings or matters, the Judge of the Lower Court, within the time and in the manner before directed, shall certify a true and authentic copy of such original papers, and that the original of each copy so transmitted is entered in such book. In cases where any original paper shall have been mislaid or lost, and a copy of it shall have been entered in any book or proceedings of the Court, the copy shall have the force and effect of the original, and

(বিষয়বিশেষে অন্য বিচারকর্ত্তা) অমুক সালের অমুক মাসের অমুক তারিখে যে ডিক্রী করেন তাহার উপরে উপরের উক্ত ফরিয়াদী (কি আসামী) শ্রী অমুক (আপেলাণ্টের নাম) কলিকাতার সদর আদালতে (কিম্বা বিষয়বিশেষে অমুক জিলার আদালতে) আপীল করে। সেই আপীল করিবার অন্যান্য হেতুর মধ্যে এই২ হেতু আছে।

[আবেদনপত্র আপীল আদালতে পাঠাইতে হইবেক।]

৯। যে আদালতের ডিক্রীর উপর আপত্তি হয় সেই আদালতে যদি আপীলের আবেদনপত্র উপস্থিত করা যায়, তবে ঐ আদালত যে তারিখে তাহা দাখিল হইয়াছিল সেই তারিখ তাহার পৃষ্ঠে লিখিয়া তাহা অবিলম্বে আপীল আদালতে পাঠাইবেন।

[যেং কাগজপত্র আপীল আদালতে পাঠাইতে হইবেক ও যে সময়ে পাঠাইতে হইবেক।]

১০। ইহার পরের প্রকরণে যে স্থলের বিধি হইয়াছে সেই স্থলছাড়া, অধস্থ আদালতের বিচারকর্ত্তা মোকদ্দমার সকল কাগজপত্র, অর্থাৎ মোকদ্দমাতে আপনার গুরুতর সকল রুবকারীর দস্তখৎকরা নকল, ও মোকদ্দমাতে যে সকল আসল জোবানবন্দী ও দলীলদস্তাবেজ ও যে সকল আসল কাগজপত্র পাঠ করা যায় তাহা, ও উভয় পক্ষ কি কোন পক্ষ যদি কোন লিখিত এজহার উপস্থিত করিয়া থাকে ও যদি বিচারকর্ত্তা তাহা গ্রাহ্য করিয়া রিকার্ড করিয়া থাকেন তবে সেই সকল এজহারসমেত, সকল কাগজপত্র উপযুক্তমতে প্রস্তুত করাইয়া ও তাহাতে সর্টিফিকট লিখিয়া দস্তখৎ করিয়া ও আপন আদালতের মোহর বসাইয়া, আপীলের আবেদনপত্র যে তারিখে অধস্থ আদালতে উপস্থিত করা যায় সেই তারিখঅবধি এক মাসের মধ্যে, কিম্বা আপীলের আবেদনপত্র আপীল আদালতে উপস্থিত করা গিয়াছে এই কথার সংবাদ যে তারিখে অধস্থ আদালত আপীল আদালতহইতে পান সেই তারিখঅবধি এক মাসের মধ্যে, উক্ত প্রকারের প্রস্তুতকরা কাগজপত্র আপীল আদালতে পাঠাইবেন। কিন্তু যদি আপীল আদালত ঐ মিয়াদ বৃদ্ধিকরা উচিত বোধ করেন তবে সেই বৃদ্ধিকরা মিয়াদের মধ্যে পাঠাইবেন। উপরের উক্ত কাগজপত্র আপীল আদালতে পাঠাইবার পূর্ব্বে, অধস্থ আদালতের বিচারকর্ত্তা আসল সকল কাগজপত্রের সত্য ও যথার্থ নকল প্রস্তুত করাইয়া তাহাতে আপন আদালতের উপযুক্ত কর্ম্মকারকের দস্তখৎ করাইবেন, ও সেই আসল কাগজপত্রের পরিবর্ত্তে সেই নকল আপনার আদালতে রাখিবেন। সেই নকল আদালতের রিকার্ডস্বরূপ হইবেক, ও অন্য কোন আদালতে আসল কাগজপত্রের ন্যায় প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবেক। যদি কোন আসল জোবানবন্দী কি অন্য আসল রুবকারী কি অন্য কোন বিষয় পূর্ব্বে কোন বহীতে লেখা গিয়া থাকে, ও যদি সেই বহীতে অন্য কোন স্বতন্ত্র মোকদ্দমার অন্য রুবকারী কি অন্য কোন বিষয় থাকে ও তৎপ্রযুক্ত যদি সেই অন্য রুবকারী কি বিষয়বিনা ঐ আসল কাগজপত্র আপীল আদালতে পাঠান যাইতে না পারে, তবে অধস্থ আদালতের বিচারকর্ত্তা উপরের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ও উপরের লিখিত প্রকারে এমত সর্টিফিকট লিখিয়া দিবেন যে, ঐ আসল কাগজপত্রের নকল সত্য ও যথার্থ আছে, ও যে কাগজপত্রের নকল সেই প্রকারে পাঠান যাইতেছে তাহার আসল ঐ বহীতে লেখা আছে। যদি কোন আসল কাগজপত্র কোন অপ্রকাশ স্থানে পড়িয়া থাকে কি হারাণ গিয়া থাকে, ও তাহার নকল আদালতের কোন বহীতে কি রুবকারীতে লেখা গিয়া থাকে, তবে ঐ নকল ঐ আসল পত্রের তুল্যরূপে বলবৎ ও ফলবৎ হইবেক, ও বিচারকর্ত্তা তাহার এক কেতা নকল আপীল আদালতে পাঠাইবেন, ও পূর্ব্বোক্ত-

the Judge shall transmit a copy of it to the Appellate Court, and shall in like manner certify that the original, after due search, cannot be found. A memorandum of all expenses which may be incurred in the preparation of copies of papers or otherwise, in or about the making up and transmitting the record, shall be forwarded therewith to the Appellate Court, and shall be considered costs in the cause.

মতে এই সর্টিফিকট লিখিবেন যে, উপযুক্তমতে খুজিলেও আসলপত্র পাওয়া যাইতে পারিল না। মোকদ্দমার রিকার্ড প্রস্তুত করিয়া পাঠাইবার কার্য্যেতে কি তৎসম্পর্কে কাগজপত্রের নকলপ্রভৃতি প্রস্তুত করণের যে সকল খরচ হয় তাহার এক স্মারক লিপি ঐ কাগজপত্রের সঙ্গে আপীল আদালতে পাঠান যাইবেক ও তাহা মোকদ্দমার খরচার মধ্যে জ্ঞান হইবেক।

[In certain appeals to the Sudder Court the proper officer to attend in the Appellate Court with the original record of the case.]

[সদর আদালতে কোন২ আপীলী মোকদ্দমায় উপযুক্ত কর্ম্মকারক মোকদ্দমার আসল রিকার্ড লইয়া আপনি আপীল আদালতে উপস্থিত হইবেন।]

11. In appeal from the Principal Sudder Ameen and Moonsiff to the Zillah Judge, the proper officer shall attend in the Appellate Court, from time to time, as may be required, with the original record of the proceedings in the cause.

১১। যখন প্রধান সদর আমীন ও মুনসেফের হুকুমের উপর জিলার জজ সাহেবের নিকটে আপীল হয়, তখন উপযুক্ত কর্ম্মকারক মোকদ্দমার সকল কাগজপত্রের আসল রিকার্ড লইয়া প্রয়োজনমতে সময়ে২ আপীল আদালতে উপস্থিত হইবেন।

Of staying and executing Decrees under Appeal.

আপীল হইলে ডিক্রী স্থগিত ও জারী করণের কথা।

[When and on what terms execution of decree may be stayed.]

[ডিক্রী জারী যে সময়ে ও যে নিয়মমতে স্থগিত হইতে পারিবেক।]

12. When any party or parties appealing is or are directed to pay any sum of money, or to perform any duty, or when the decree is for the possession of land or any other property, real or personal, the Court whose judgment is appealed from shall and is hereby empowered to award that its judgment shall be carried into execution, or that sufficient security shall be given for the performance of such judgment; provided always, that where the Court of original jurisdiction shall think fit to order the judgment to be executed, security shall be taken from the other party or parties for the due performance of such order or judgment as may be passed in the Court of Appeal. But this decision shall itself be subject to appeal.

১২। যে কোন ব্যক্তি কি ব্যক্তিরা আপীল করে তাহার কি তাহারদের যদি কোন টাকা দিবার, কিম্বা কোন কর্ত্তব্য কর্ম্ম করিবার আজ্ঞা হয়, অথবা যদি ভূমি কিম্বা স্থাবর কি অস্থাবর অন্য কোন সম্পত্তির দখীল দেওয়াইবার জন্যে ডিক্রী হয়, তবে যে আদালতের নিষ্পত্তির উপর আপীল হয় সেই আদালত এমত আজ্ঞা করিবেন যে ঐ ডিক্রী জারী করা যায় অথবা ঐ নিষ্পত্তিমতে কার্য্য হইবার উপযুক্ত জামিনী দেওয়া যায়। ও সেই প্রকার আজ্ঞা করিতে সেই আদালতের প্রতি ইহার দ্বারা ক্ষমতা দেওয়া গেল। পরন্তু ইহাতে সর্ব্বদাই প্রয়োজন যে, মোকদ্দমা যে আদালতে প্রথমে উপস্থিত করা গিয়াছিল সেই আদালত যদি ডিক্রী জারী করিবার হুকুম করা উচিত বোধ করেন, তবে আপীল আদালতে যে হুকুম কি নিষ্পত্তি হয় তদনুসারে কার্য্য করিবার জন্যে বিপক্ষ ব্যক্তির কি ব্যক্তিরদের স্থানে জামিনী লওয়া যাইবেক। কিন্তু এই হুকুমের উপরও আপীল হইতে পারিবেক।

Of Procedure in Appeals from final Decrees.

চূড়ান্ত ডিক্রীর উপর আপীল হইলে যেরূপে কার্য্য করিতে হইবেক।

[How the appeal is to be entered.]

[আপীল যে প্রকারে রেজিষ্টরী করিতে হইবেক।]

13. When a memorandum of appeal shall have been presented in or transmitted to an Appellate Court, the clerk (or proper officer) of the Appellate Court shall endorse thereon the date of presentment if it was presented in the Appellate Court, or the date of receipt if it was transmitted from the Lower Court, and shall register the appeal in a book to be kept for the purpose, and called the Register of Appeals.

১৩। আপীলের আবেদনপত্র যখন আপীল আদালতে উপস্থিত করা যায় কি পাঠান যায়, তখন তাহা প্রথমে আপীল আদালতেই উপস্থিত করা গেলে তাহার উপস্থিত হইবার তারিখ, কিম্বা অধস্থ আদালতহইতে পাঠান গেলে তাহা পাইবার তারিখ, আপীল আদালতের ক্লার্ক কিম্বা উপযুক্ত অন্য কর্ম্মকারক তাহার পৃষ্ঠে লিখিবেন, ও আপীলের রেজিষ্টর নামে আপীল রেজিষ্টরী করিবার জন্যে যে বহী রাখা যাইবেক সেই বহীতে ঐ আপীল রেজিষ্টরী করিবেন।

[Form of the register.]

[রেজিষ্টরের পাঠ।]

14. The Register shall be kept in the form contained in the Schedule (B.) hereunto annexed; and a certified copy of the Register, under the seal of the Court, shall be received in evidence in all Courts of Justice in India.

১৪। ঐ রেজিষ্টর এই আইনের শেষ ভাগের লিখিত (B) চিহ্নের তফসীলের পাঠানুসারে রাখিতে হইবেক। ও সেই রেজিষ্টরের নকলে সর্টিফিকট দেওয়া ও আদালতের মোহর করা গেলে সেই নকল ভারতবর্ষের সকল আদালতে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইবেক।

[Court of Appeal may, at its discretion, require security for costs from appellant.]

[আপীল আদালত আপনার বিবেচনামতে আপেলান্টের স্থানে খরচার জামিনী লইতে পারিবেন।]

15. It shall not be necessary in any Court of Appeal to take any security for costs, but it shall

১৫। খরচার জামিনী লওয়া কোন আপীল আদালতের আবশ্যক কর্ম্ম হইবেক না, কিন্তু আপীলের

be in the discretion of every such Court of Appeal to demand security for costs from the appellant or not, as it shall see fit, before the respondent is called upon to answer.

[Day to be fixed for hearing the appeal.]

16. A day shall be fixed by the Appellate Court for the hearing and disposal of the appeal; which day shall not be earlier, in cases in which a record of the suit shall be transmitted by the Lower Court, than forty-two days from the day on which the record may have been received in the Appellate Court, and shall not be earlier, in cases appealable to the Sudder Court, when the officer is required to attend the Appellate Court with the original record of the suit, than twenty-one days from the presentment of the memorandum of appeal, but shall otherwise be as early, in all cases, as can be conveniently fixed, with a due regard to the state of business in the Court; the days to be reckoned in all the cases as exclusive of the day of hearing, and of the day on which the record may have been received, or the memorandum of appeal presented in the Appellate Court. Notice of the day which has been fixed for the hearing of the appeal shall be sent by the proper officer of the Appellate Court to the proper officer of the Lower Court from the decree of which the appeal has been preferred, and shall be served on the appellant and respondent, in the same way as hereinbefore provided for in respect to the service of a summons. The notice to the appellant shall contain an additional intimation, that if he does not appear in the Appellate Court on the day so fixed for the hearing of the appeal, either in person or by an advocate, attorney, or vakeel of the Appellate Court, his appeal will be dismissed for want of prosecution. And the notice to the respondent shall contain an intimation, that if he does not appear in the Appellate Court on the day so fixed for the hearing of the appeal, the case will be heard and decided *ex-parte* in his absence.

[The parties to be in attendance on day so fixed.]

17. On the day in that behalf mentioned in the notices, and unless the Court shall otherwise direct, from day to day, until the cause is called on, the parties, appellant and respondent, shall be in attendance in the Appellate Court, in person or by an advocate, attorney, or vakeel of the Court, duly empowered in manner hereinbefore mentioned, to represent them in all matters relating to the prosecution or defence of the appeal.

[Consequences of non-appearance.]

18. If on the day fixed for the hearing of the appeal, or on any other day subsequent thereto on which the cause may be called on, the appellant shall not appear in person, or by an advocate, attorney, or vakeel of the Court, the appeal shall be dismissed for default. If the appellant appears in person, or by advocate, attorney, or

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫৭ । ৮ মে ।]

তক্রপ প্রত্যেক আদালত যদি উচিত বোধ করেন তবে রেস্পাণ্ডেণ্টের জওয়াব দিবার আজ্ঞা হইবার পূর্ব্বে আপেলাণ্টকে খরচার জামিনী দিতে আপনার বিবেচনামতে আজ্ঞা করিবেন কি না করিবেন।

[আপীল শুনিবার দিন নিরূপণ করিতে হইবেক।]

১৬। আপীল শুনিবার ও নিষ্পত্তি করিবার জন্যে আপীল আদালত দিন নিরূপণ করিবেন। যেং স্থলে মোকদ্দমার রিকার্ড অধস্থ আদালতহইতে পাঠান যায় সেইং স্থলে ঐ রিকার্ড যে দিনে আপীল আদালতে গ্রাহ্য হয় সেই দিনঅবধি বেয়াল্লিশ দিনের কম না হয়, ও যেং মোকদ্দমার সদর আদালতে আপীল হইতে পারে ও ঐ মোকদ্দমার আসল রিকার্ড লইয়া আদালতের কার্য্যকারকের নিজে আপীল আদালতে উপস্থিত হইতে হইবেক সেইং স্থলে, আপীলের আবেদনপত্র উপস্থিত করিবার তারিখঅবধি একুশ দিনের কম না হয়, কিন্তু অন্য সকল স্থলে আদালতে যে কার্য্য উপস্থিত আছে তাহার প্রতি উপযুক্ত মনোযোগ রাখিয়া প্রথম যে দিন অক্লেশে নির্দ্ধার্য্য হইতে পারে এমত দিন নিরূপণ হইবেক। আরো সর্ব্বদাই শুনিবার দিন ছাড়িয়া ও যে দিনে আপীল আদালতে রিকার্ড পঁহুছে কি আপীলের আবেদনপত্র উপস্থিত করা যায় সেই দিন ছাড়িয়া, ঐ সকল দিনের হিসাব করিতে হইবেক। আপীল শুনিবার যে দিন নিরূপণ হয় সেই দিনের এত্তেলা আপীল আদালতের উপযুক্ত কর্ম্মকারক অধস্থ যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায় সেই আদালতের উপযুক্ত কর্ম্মকারককে দিবেন, ও সমন জারী করিবার যে বিধি ইহার পূর্ব্বে করা গিয়াছে সেই বিধিমতে ঐ দিনের এত্তেলা আপেলাণ্টের ও রেস্পাণ্ডেণ্টের উপর জারী হইবেক। আপেলাণ্টের নামের এত্তেলাতে অধিক এই কথাও লেখা থাকিবেক যে, আপীল শুনিবার নিরূপিত ঐ দিবসে যদি আপেলাণ্ট আপনি কিম্বা আপীলী আদালতের কোন আডবোকেট কি টর্ণি কি উকীলের দ্বারা উপস্থিত না হন, তবে মোকদ্দমা চালাইবার লোক না থাকাপ্রযুক্ত তাহার আপীল ডিসমিস হইবেক। আর রেস্পাণ্ডেণ্টের নামের ঐ এত্তেলাতে এই কথা লেখা থাকিবেক যে, আপীল শুনিবার ঐ নিরূপিত দিবসে যদি রেস্পাণ্ডেণ্ট আপীল আদালতে উপস্থিত না হয়, তবে তাহার অনুপস্থানে মোকদ্দমার একতরফা শুনানি ও নিষ্পত্তি হইবেক।

[উভয় পক্ষ উক্ত প্রকারের নিরূপিত দিবসে হাজির হইবেক।]

১৭। ঐ এত্তেলানামার নির্দ্দিষ্ট দিবসে, ও যদি আদালত অন্য প্রকার হুকুম না করেন তবে মোকদ্দমা যাবৎ তলব না হয় তাবৎ দিনেং ঐ উভয় পক্ষ, অর্থাৎ আপেলাণ্ট ও রেস্পাণ্ডেণ্ট নিজে আপীল আদালতে উপস্থিত হইবেক, অথবা আপীল চালাইবার কি তাহার জওয়াব দিবার সকল কার্য্যেতে তাহারদের প্রতিনিধি হইবার জন্যে ইহার পূর্ব্বের লিখিত প্রকারে উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত আদালতের কোন আডবোকেট কি টর্ণি কি উকীলের দ্বারা উপস্থিত থাকিবেক।

[উপস্থিত না হইবার ফল।]

১৮। আপীল শুনিবার নিরূপিত দিবসে, কিম্বা তাহার পর মোকদ্দমা অন্য যে কোন দিনে তলব হয় সেই দিনে, যদি আপেলাণ্ট আপনি কিম্বা আদালতের কোন আডবোকেট কি টর্ণি কি উকীলের দ্বারা উপস্থিত না হয় তবে ত্রুটিপ্রযুক্ত আপীল ডিসমিস হইবেক। যদি আপেলাণ্ট নিজে কিম্বা আডবোকেট কি টর্ণি কি উকীলের দ্বারা উপস্থিত হয়, ও রেস্পাণ্ডেণ্ট আপনি কিম্বা

vakeel, and the respondent shall not appear in person, or by advocate, attorney, or vakeel, the appeal shall be heard *ex-parte* in his absence.

[When an appeal is dismissed, intimation to be sent to the Lower Court.]

19. Where an appeal is dismissed for default, an intimation of the dismissal shall be sent to the Court of original jurisdiction, and the costs of preparing copies of papers, and making up and transmitting the record, may be realized from the appellant, under an order of that Court, to be enforced in the same manner as a decree of Court.

[How an appeal dismissed for default may be restored.]

20. In all cases in which an appeal shall be dismissed for default of prosecution, it shall be competent to the appellant to apply within reasonable time to the Appellate Court, for the readmission of his appeal. The application shall be accompanied with a certificate from the Court of original jurisdiction, that the costs mentioned in the preceding Article, when ordered to be realized from the appellant, have been fully paid and satisfied; and if the Appellate Court shall think proper to grant such application, a day shall be thereupon fixed for the hearing of the appeal, and a fresh notice shall be issued to the respondent to be served in the same way as the first notice, and with the like additional intimation as is hereinbefore provided; but it shall not be necessary to issue or serve any notice on the appellant.

[The Appellate Court how to give judgment.]

21. The Appellate Court, after hearing the cause, shall proceed to give its judgment in the same manner as herein-before prescribed in regard to the judgment of Courts of original jurisdiction, for confirming, or reversing, or modifying and altering the decree of the Lower Court, as the Appellate Court shall think proper.

[No decision to be reversed for irregularity.]

22. No decision shall be reversed or altered, nor shall any case be referred back to the Court of original jurisdiction, on account of any error, defect, or irregularity not affecting the merits of the case.

[When a case may be remanded by Appellate Court.]

23. If the Court of original jurisdiction shall have disposed of the case upon any preliminary point so as to exclude any evidence of fact which shall appear to the Court of Appeal essential to the rights of the parties, and the decree of the Lower Court shall be reversed by the decree in appeal, the Appellate Court may, if it think right, remit the case to the Lower Court, and cause the papers in the suit, together with a copy of the decree in appeal, to be transmitted to such Lower Court, with directions to proceed in the investigation of the merits of the case, and pass a decree therein.

আডবোকেট কি টর্নি কি উকীলের দ্বারা উপস্থিত না হয় তবে তাহার অনুপস্থানে আপীলের এক তরফা শুননি হইবেক।

[যদি আপীল ডিসমিস হয় তবে তাহার সম্বাদ অধস্থ আদালতে পাঠাইতে হইবেক।]

১৯। যদি আপীল ত্রুটিপ্রযুক্ত ডিসমিস হয় তবে তাহা ডিসমিস হইবার সম্বাদ মোকদ্দমা যে আদালতে প্রথমে উপস্থিত করা গিয়াছিল সেই আদালতে পাঠান যাইবেক ও কাগজপত্রের নকল প্রস্তুত করিবার ও রিকর্ড প্রস্তুত করিয়া পাঠাইবার খরচা ঐ আদালতের হুকুমমতে আপেলাণ্টের স্থানে আদায় করা যাইতে পারিবেক ঐ হুকুম আদালতের ডিক্রীমতে জারী হইবেক।

[আপীল ত্রুটিপ্রযুক্ত ডিসমিস হইলে পর যে প্রকারে পুনরায় উপস্থিত করা যাইতে পারিবেক।]

২০। যে সকল স্থলে আপীল চালাইবার ত্রুটিপ্রযুক্ত ডিসমিস হয় সেই সকল স্থলে আপেলাণ্ট আপনার আপীল পুনর্গ্রাহ্য হইবার দরখাস্ত উপযুক্ত সময়ের মধ্যে আপীল আদালতে করিতে পারিবেক। মোকদ্দমা যে আদালতে প্রথমে উপস্থিত করা গিয়াছিল সেই আদালতহইতে এই মর্ম্মের এক সর্টিফিকট ঐ দরখাস্তের সঙ্গে দিতে হইবেক অর্থাৎ ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত খরচা আপেলাণ্টের স্থানে আদায় হইবার হুকুম হইলে তাহা সমুদয় দেওয়া গিয়াছিল ও পরিশোধ হইয়াছিল। আর যদি আপীল আদালত ঐ দরখাস্ত গ্রাহ্য করা উচিত বোধ করেন তবে আপীল শুনিবার এক দিন নিরূপণ করা যাইবেক ও তাহার নূতন এত্তেলা রেস্পাণ্ডেণ্টের নামে দেওয়া যাইবেক তাহা প্রথম এত্তেলার ন্যায় জারী হইবেক ও ইহার পূর্ব্বের লিখিতমতের অধিক কথাও তাহাতে লেখা যাইবেক কিন্তু আপেলাণ্টের নামে কোন এত্তেলা দিবার কি জারী করিবার আবশ্যক হইবেক না।

[আপীল আদালত যে প্রকারে নিষ্পত্তি জানাইবেন।]

২১। মোকদ্দমা যে আদালতে প্রথমে উপস্থিত হয় সেই আদালতের নিষ্পত্তি প্রকাশ করিবার বিষয়ে ইহার পূর্ব্বে যে বিধি করা গিয়াছে সেই বিধিমতে, আপীল আদালত মোকদ্দমা শুনিবার পরে যেমন উচিত বোধ করেন তেমনি অধস্থ আদালতের ডিক্রী বহাল রাখিবার কি অন্যথা করিবার কি পরিবর্ত্ত ও রূপান্তর করিবার বিষয়ে আপনার নিষ্পত্তি জানাইবেন।

[অনিয়মিত কর্ম্মপ্রযুক্ত নিষ্পত্তি অন্যথা হইবেক না।]

২২। যে কোন ভুল কি চুক কি অনিয়মিত কার্য্যেতে মোকদ্দমার দোষগুণের কিছু ক্ষতিবৃদ্ধি না হয়, তৎপ্রযুক্ত কোন নিষ্পত্তি অন্যথা কি রূপান্তর হইবেক না, ও কোন মোকদ্দমা যে আদালতে প্রথমে উপস্থিত করা গিয়াছিল সেই আদালতে ফিরিয়া পাঠান যাইবেক না।

[আপীল আদালত যে স্থলে মোকদ্দমা ফিরিয়া পাঠাইতে পারেন।]

২৩ মোকদ্দমা যে আদালতে প্রথমে উপস্থিত করা গিয়াছিল সেই আদালত যদি অগ্রের বিচার্য্য কোন বিষয়ের উপলক্ষে মোকদ্দমার এমত নিষ্পত্তি করিয়া থাকেন যে আপীল আদালত বৃত্তান্তঘটিত যে প্রমাণ উভয় পক্ষের স্বত্বের নিমিত্তে আবশ্যক বোধ করেন এমত কোন প্রমাণ ত্যাগ করা গিয়াছে ও যদি অধস্থ আদালতের ডিক্রী আপীল আদালতের ডিক্রীক্রমে অন্যথা করা যায় তবে আপীল আদালত উপযুক্ত বোধ করিলে সেই মোকদ্দমা অধস্থ আদালতে ফিরিয়া পাঠাইতে পারিবেন ও আপীল আদালতের যে ডিক্রী হয় তাহার নকলসমেত মোকদ্দমার সকল কাগজপত্র ঐ অধস্থ আদালতে পাঠাইতে পারিবেন ও মোকদ্দমার দোষগুণের তজবীজ করিয়া তাহাতে ডিক্রী করিতে পারিবেন।

[Power to remand limited as above.]

24. It shall not be competent to the Appellate Court to remand a case for a second decision by the Court of original jurisdiction, except as provided in the preceding Article.

[When the Appellate Court may dispose of a case, though the Lower Court has decided on other grounds.]

25. When there is sufficient evidence upon the record of the Lower Court to enable the Appellate Court to pronounce a satisfactory judgment, the Appellate Court shall finally determine the case, notwithstanding that the judgment of the Lower Court has proceeded wholly upon some other ground.

[When the Appellate Court may call for fresh evidence.]

26. It shall not be competent to the parties in an appeal to produce additional evidence, whether of exhibits or witnesses, but if it appears that the Lower Court refused to admit competent evidence, or if the Appellate Court itself requires the production of exhibits or witnesses, as necessary to enable it to pronounce a satisfactory judgment, or if any other substantial cause demands a deviation from the ordinary rule, the Court may allow additional exhibits to be received, and the same and other witnesses to be examined; provided that whenever this power is exercised, the reasons for exercising it be recorded on the proceedings by the Appellate Court.

[How additional evidence is to be taken.]

27. Whenever additional evidence is permitted to be received, it shall be competent to the Court of Appeal to take such evidence before itself, or to require the Lower, or any other Court, or to empower any person, to take such evidence; and it shall also be competent to the Court of Appeal to prescribe the mode by which such evidence shall be taken; and the Court of Appeal shall b at liberty to proceed by all or any of the modes aforesaid.

[Points to be defined.]

28. In all cases where additional evidence is permitted to be taken, the Court shall define the point or points to which the evidence is to be confined, and record the same in the minutes of the proceedings.

[Powers of Appellate Court.]

29. The Appellate Court shall have all the like powers in regard to the granting of time, adjourning the hearing of the cause, examining the parties or their vakeels, and awarding costs, or otherwise, as are hereinbefore contained in regard to Courts of original jurisdiction.

[How the judgment of the Appellate Court is to be delivered. In what language it is to be written.]

30. The judgment of the Appellate Court shall

[পূর্ব্বোক্তমতে না হইলে ফিরিয়া পাঠাইতে পারিবেন না।]

২৪। ইহার পূর্ব্বের প্রকরণের বিধিমতে না হইলে আপীল আদালত মোকদ্দমা যে আদালতে প্রথমে উপস্থিত হইয়াছিল সেই আদালতে দ্বিতীয়বার নিষ্পত্তি হইবার জন্যে ফিরিয়া পাঠাইতে পারিবেন না।

[যে স্থলে অধস্থ আদালতের নিষ্পত্তি হইলেও আপীল আদালত অন্য হেতুতে মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারেন।]

২৫। আপীল আদালত যাহাতে সন্তোষজনক নিষ্পত্তি করিতে পারেন এমত উপযুক্ত প্রমাণ যদি অধস্থ আদালতের রিকার্ড থাকে তবে অধস্থ আদালতের নিষ্পত্তি সম্পূর্ণরূপে অন্য হেতুমূলক হইলেও আপীল আদালত মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করিবেন।

[যে স্থলে আপীল আদালত অধিক প্রমাণ তলব করিতে পারিবেন।]

২৬। আপীলী মোকদ্দমার কোন পক্ষ দলীলদস্তাবেজের কি সাক্ষির কোন নূতন প্রমাণ উপস্থিত করিতে পারিবেক না। পরন্তু যদি দৃষ্ট হয় যে অধস্থ আদালত উপযুক্ত প্রমাণ গ্রাহ্য করিতে স্বীকার করেন নাই, অথবা যদি আপীল আদালত আপনি সন্তোষমতের নিষ্পত্তি করিবার জন্যে আবশ্যক বলিয়া কোন দলীলদস্তাবেজ কি সাক্ষিরদিগকে উপস্থিত করিতে আজ্ঞা করেন, অথবা যদি অন্য কোন গুরুতর হেতুতে চলিত বিধির ব্যতিক্রম হওয়া প্রয়োজন হয়, তবে ঐ আদালত অধিক দলীলদস্তাবেজ গ্রাহ্য হইবার এবং সেই সাক্ষিরদের ও অন্য সাক্ষিরদের জোবানবন্দী লইবার অনুমতি দিতে পারিবেন। পরন্তু যতবার এই ক্ষমতাক্রমে কার্য্য করা যায় ততবার সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবার হেতু আপীল আদালত আপনার রুবকারীতে লিখিবেন।

[অধিক প্রমাণ যে প্রকারে লওয়া যাইতে পারিবেক।]

২৭। যখন অধিক প্রমাণ লইবার অনুমতি হয়, তখন আপীল আদালত আপনি সেই প্রমাণ লইতে পারিবেন, কিম্বা সেই প্রমাণ লইতে অধস্থ কি অন্য কোন আদালতকে আজ্ঞা করিতে, কিম্বা কোন ব্যক্তিকে ক্ষমতা দিতে পারিবেন। আরো সেই প্রমাণ যেরূপে লইতে হইবেক তাহার বিধি করিতে ঐ আপীল আদালতের ক্ষমতা থাকিবেক। ও আপীল আদালতের পূর্ব্বোক্ত সকল কি কোন নিয়মমতে কার্য্য করিবার ক্ষমতা থাকিবেক

[বিষয় নির্দ্দিষ্ট করিতে হইবেক।]

২৮। যেং স্থলে অধিক প্রমাণ লইবার অনুমতি হয় সেই সকল স্থলে, যে এক কি অধিক বিষয় ভিন্ন অন্য বিষয়ের প্রমাণ লইতে হইবেক না সেইং বিষয় আদালত নির্দ্দিষ্ট করিবেন, ও আপনার কার্য্যের রোবকারীতে সেইং বিষয় রিকার্ড করিবেন।

[আপীল আদালতের ক্ষমতা।]

২৯। মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতের অধিক সময় দিবার ও মোকদ্দমা শুনানি স্থগিত করিয়া অন্য দিন নিরূপণ করিবার ও উভয় পক্ষের কি তাহারদের উকীলেরদের জোবানবন্দী লইবার ও খরচা প্রভৃতির হুকুম করিবার যেং ক্ষমতা ইহার পূর্ব্বে নির্দ্দিষ্ট হইয়াছে আপীল আদালতেরো সেইং বিষয়ে তুল্য ক্ষমতা থাকিবেক।

[আপীল আদালতের নিষ্পত্তি যে প্রকারে প্রকাশ হইবেক ও যে ভাষাতে লিখিতে হইবেক।]

৩০। আপীল আদালতের নিষ্পত্তি সর্ব্বদাই খোলা কাছারীতে প্রকাশ হইবেক ও লেখা গেলে পর তাহাতে

in all cases be pronounced in open Court, and, after being written out, shall be signed by the Judge or Judges. The judgment shall be written out in the English language; and where that language is not the language in ordinary proceedings before the Court, the judgment shall be translated into the language so being in such ordinary use, and the translation shall be signed by the Judge.

বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা দস্তখৎ করিবেন। ঐ নিষ্পত্তি ইঙ্গরেজী ভাষাতে লেখা যাইবেক; ও যদি আদালতের চলিত কার্য্যেতে ঐ ভাষা চলন না হয়, তবে নিষ্পত্তি এ চলিত ভাষাতে তরজমা করা যাইবেক ও তাহার তরজমাতে বিচারকর্ত্তা দস্তখৎ করিবেন।

[What the decree is to contain.]

31. The decree of the Appellate Court shall bear date the day on which the judgment was passed, and shall contain the number of the suit, the names and description of the parties appellant and respondent, the memorandum of appeal, a list of any additional exhibits that the Appellate Court may have allowed to be produced, and the names of witnesses that it may have allowed to be examined. It shall also contain an exact copy of the ordering part of the judgment, or a translation thereof in the language in ordinary use in proceedings before the Court. The decree shall be sealed with the seal of the Court, and signed by the Judge or Judges who passed it, and copies shall be furnished to the parties in the same manner as hereinbefore provided for in regard to the decrees of Courts of original jurisdiction.

[ডিক্রীনামায় যাহা লিখিতে হইবেক।]

৩১। নিষ্পত্তি যে তারিখে হয়, আপীল আদালতের ডিক্রীতে সেই তারিখ দেওয়া যাইবেক ও তাহাতে মোকদ্দমার নম্বর ও আপেলাণ্টের ও রেস্পাণ্ডেণ্টের নাম ও ব্যবসায়াদি ও আপীলের আবেদনপত্র ও আপীল আদালত অধিক যে কোন দলীলদস্তাবেজ উপস্থিত করিবার অনুমতি দিয়া থাকেন তাহার ফর্দ্দ ও যে কোন সাক্ষিরদের জোবানবন্দী লইবার অনুমতি দিয়া থাকেন তাঁহারদের নাম লেখা যাইবেক। আরো ডিক্রীনামার যে ভাগে হুকুম লেখা থাকে তাহার প্রকৃত নকল কিম্বা আদালতের কার্য্যেতে যে ভাষা চলন হয় সেই ভাষাতে ঐ হুকুমের তরজমা লেখা থাকিবেক। ঐ ডিক্রীনামায় আদালতের মোহর করা যাইবেক ও যে বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা ডিক্রী করিয়াছিলেন তিনি কি তাঁহারা তাহাতে দস্তখৎ করিবেন ও মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতের ডিক্রীর বিষয়ে ইহার পূর্ব্বে যে বিধি হইয়াছে সেই বিধিমতে উভয় পক্ষকে ঐ ডিক্রীর নকল দেওয়া যাইবেক।

[A certified copy of the decree to be transmitted to the Lower Court.]

32. A copy of the decree, certified by the clerk or proper officer of the Appellate Court, and sealed with the seal of the Court, shall be transmitted to the clerk or proper officer of the Court of original jurisdiction which passed the first decree in the suit appealed from, and shall by him be filed with the original proceedings in the cause; and an entry of the judgment of the Appellate Court shall be made in the original Register of the suit.

[ডিক্রীর সর্টিফিকটকরা নকল অধস্থ আদালতে পাঠান যাইবেক।]

৩২। ঐ ডিক্রীর এক কেতা নকলে আপীল আদালতের ক্লার্ক কি উপযুক্ত কর্ম্মকারক সর্টিফিকট লিখিবেন ও তাহাতে আদালতের মোহর করিবেন, ও প্রথম যে ডিক্রীর উপর আপীল হয়, তাহা মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন যে আদালত করিয়াছিলেন সেই আদালতের ক্লার্কের কি উপযুক্ত কর্ম্মকারকের নিকটে ঐ নকল পাঠান যাইবেক ও তিনি মোকদ্দমার আসল কাগজপত্রের সঙ্গে তাহা নথীর শামিল করিবেন ও আপীল আদালতের নিষ্পত্তির কথা মোকদ্দমার প্রথম রেজিস্টরে লেখা যাইবেক।

[How to be executed.]

33. Application for execution of the decree of an Appellate Court shall be made to the Court of original jurisdiction which passed the first decree or order appealed from, and shall be enforced and executed by the Court which passed the first decree or order appealed from, in the manner and according to the rules hereinbefore contained for the enforcement and execution of original decrees or orders made by such last-mentioned Court.

[ডিক্রী যে প্রকারে জারী করিতে হইবেক।]

৩৩। প্রথম যে ডিক্রী কি হুকুমের উপর আপীল হয় তাহা মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন যে আদালত করিয়াছিলেন সেই আদালতে আপীল আদালতের ডিক্রী জারী হইবার দরখাস্ত করা যাইবেক। ও যে প্রথম ডিক্রী কি হুকুমের উপর আপীল হয় তাহা যে আদালতে করা গিয়াছিল সেই আদালতের প্রথম ডিক্রী কি হুকুম প্রবল করিবার ও জারী করিবার যে নিয়ম ও বিধি ইহার পূর্ব্বে লেখা গিয়াছে সেই নিয়ম ও সেই বিধিমতে ঐ আদালত আপীল আদালতের ঐ ডিক্রী প্রবল করাইবেন ও জারী করাইবেন।

Appeals from Orders.

[From what orders appeals shall lie.]

34. Appeals shall lie from the orders of Civil Courts as follows:—

(1st.) In all cases whatsoever, where the order is for the punishment of a contempt committed in the presence of the Court.

(2nd.) In all other cases whatsoever, unless

হুকুমের উপর আপীল।

[যে হুকুমের উপর আপীল হইবেক।]

৩৪। দেওয়ানী আদালতের নীচের লিখিত হুকুমের উপর আপীল হইতে পারিবেক।

প্রথম। আদালতের সাক্ষাৎ অবজ্ঞা করিবার দণ্ডের হুকুম হইলে তাহার উপর।

দ্বিতীয়। মোকদ্দমাতে যে ডিক্রী হয় তাহার উপর যদি আপীল হইতে পারে তবে এমত অন্য যে সকল

otherwise specially provided for, if the decree in the suit be appealable.

স্থলে, অন্য প্রকারের বিশেষ বিধি না হইয়াছে সেই সকল স্থলে।

(3rd.) In all other cases, unless otherwise specially provided for, whether the decree in the suit be appealable or not, provided that the person against whom the order has been passed is not a party to the suit.

তৃতীয়। মোকদ্দমাতে যে ডিক্রী হয় তাহার উপর আপীল হইতে পারিলে কি না পারিলেও যে ব্যক্তির বিপরীতে হুকুম হইয়াছে সেই ব্যক্তি যদি মোকদ্দমার এক পক্ষ না হয় তবে এমত যে সকল স্থলে অন্য প্রকারের বিশেষ বিধি না হইয়াছে সেই সকল স্থলে।

[Court to which the appeal should be made.]

[যে আদালতে আপীল করিতে হইবেক।]

35. The appeal from an order shall always be made to the Court to which the decree in the suit in which the order may be passed is appealable. If the order be passed in a suit in which the decree is not appealable, or in a judicial proceeding which cannot properly be titled as of any suit, the appeal from the order of a Moonsiff, or Principal Sudder Ameen, shall be made to the Zillah Judge, and the appeal from the order of a Zillah Judge shall be made to the Sudder Court.

৩৫। যে মোকদ্দমাতে হুকুম হইয়াছে সেই মোকদ্দমাতে ডিক্রীর উপর যে আদালতে আপীল হইতে পারে ঐ হুকুমের উপর আপীল সর্ব্বদাই সেই আদালতে করিতে হইবেক। ঐ হুকুম যে মোকদ্দমাতে করা যায় তাহাতে যদি ডিক্রীর উপর আপীল হইতে না পারে, অথবা আদালতের যে কার্য্যকারীতে ঐ হুকুম হয় তাহা যদি উপযুক্তমতে মোকদ্দমার কার্য্যকারী বলিয়া কহা যাইতে না পারে, তবে মুনসেফের কি প্রধান সদর আমীনের সেইরূপ হুকুমের উপর জিলার জজ সাহেবের নিকটে, ও জিলার জজ সাহেবের হুকুমের উপর সদর আদালতে আপীল করিতে হইবেক।

[The appeal not to stay proceedings.]

[আপীলপ্রযুক্ত মোকদ্দমার কার্য্য স্থগিত হইবেক না।]

36. The appeal shall not in any case stop the proceedings in the Lower Court.

৩৬। আপীলপ্রযুক্ত অধঃস্থ আদালতে মোকদ্দমার কার্য্য কখন স্থগিত হইবেক না।

[To be continued.]

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৮ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 12, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১২ মে

DRAFT OF ACT.

THE INDIAN PENAL CODE.
CHAPTER. XVI.
OF OFFENCES AFFECTING THE HUMAN BODY.

OF HURT.

[Continued from page 373.]

[Voluntarily causing hurt.]

23. Whoever does any act with the intention of thereby causing hurt to any person, or with the knowledge that he is likely thereby to cause hurt to any person, and does thereby cause hurt to any person, is said "voluntarily to cause hurt."

[Voluntarily causing grievous hurt.]

24. Whoever voluntarily causes hurt, if the hurt which he intends to cause or knows himself to be likely to cause is grievous hurt, and if the hurt which he causes is grievous hurt, is said "voluntarily to cause grievous hurt."

Explanation. A person is not said voluntarily to cause grievous hurt except when he both causes grievous hurt, and intends or knows himself to be likely to cause grievous hurt. But he is said voluntarily to cause grievous hurt, if, intending or knowing himself to be likely to cause grievous hurt of one kind, he actually causes grievous hurt of another kind.

Illustration.

A, intending or knowing himself to be likely permanently to disfigure Z's face, gives Z a blow, which does not permanently disfigure Z's face, but which causes Z to suffer severe bodily pain for the space of twenty days. A has voluntarily caused grievous hurt.

[Punishment for voluntarily causing hurt.]

25. Whoever, except in the case mentioned in

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।
১৬ অধ্যায়।
মনুষ্যের শরীরসম্পর্কীয় অপরাধ।

আঘাতের কথা।

[৩৭৩ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[ইচ্ছাপূর্ব্বক আঘাত করণ।]

২৩ যে কেহ কোন লোককে আঘাত করিবার অভিপ্রায়ে, কিম্বা যাহাতে কোন লোকের আঘাত হইবার সম্ভাবনা জানে এমত কোন কর্ম্ম করে, ও তদ্দ্বারা কোন লোকের আঘাত করে, সে "ইচ্ছাপূর্ব্বক আঘাত করে" এমন কহা যায়।

[ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করণ।]

২৪। যদি কেহ ইচ্ছাপূর্ব্বক আঘাত করে, ও যে আঘাত করিতে চাহে কি আপনাহইতে যে আঘাত হইবার সম্ভাবনা জানে তাহা যদি ভারি আঘাত হয়, ও সে যে আঘাত করে তাহা যদি ভারি আঘাত হয়, তবে সে "ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করিয়াছে" এমত বলা যায়।

ব্যাখ্যা। কোন লোক ভারি আঘাত না করিলে, অথচ তাহার ভারি আঘাত করিবার অভিপ্রায় কি ভারি আঘাত করিবার সম্ভাবনার জ্ঞান না থাকিলে, সে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করিয়াছে এমত বলা যায় না। পরন্তু যদি এক প্রকারের ভারি আঘাত করিবার অভিপ্রায় থাকে কি করিবার সম্ভাবনার জ্ঞান হয় কিন্তু অন্য প্রকারের ভারি আঘাত নিতান্ত করে, তবে সে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করিয়াছে এমত বলা যায়।

উদাহরণ।

যদুর মুখ চিরকাল বিকৃত থাকে কালু এই মানস করিয়া কিম্বা বিকৃতি হইবার সম্ভাবনা জানিয়া, যদুর মুখে লাঠির এক ঘা মারে। তাহাতে যদুর মুখের বিকৃতি চিরকাল হইল না বটে কিন্তু সে কুড়ি দিনপর্য্যন্ত অত্যন্ত যাতনা পাইল। এই স্থলে কালু ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করিয়াছে।

[ইচ্ছাপূর্ব্বক আঘাত করিবার দণ্ড।]

২৫। ৩৬ প্রকরণের লিখিত স্থল ছাড়া, যে কেহ ইচ্ছা-

Clause 36, voluntarily causes hurt shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Voluntarily causing hurt by dangerous weapons or means.]

26. Whoever voluntarily causes hurt by means of any instrument for shooting, stabbing, or cutting, or any instrument, which, used as a weapon of offence, is likely to cause death, or by means of fire or any heated substance, or by means of any poison or any corrosive substance, or by means of any explosive substance, or by means of any substance which it is deleterious to the human body to inhale, to swallow, or to receive into the blood, or by means of any animal, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or both.

[Punishment for voluntarily causing grievous hurt.]

27. Whoever voluntarily causes grievous hurt shall be punished with imprisonment of either description for a term which may extend to ten years, and shall also be liable to fine.

[Voluntarily causing grievous hurt by dangerous weapons or means.]

28. Whoever voluntarily causes grievous hurt by means of any instrument for shooting, stabbing, or cutting, or any instrument which, used as a weapon of offence, is likely to cause death, or by means of fire or any heated substance, or by means of any poison or any corrosive substance, or by means of any explosive substance, or by means of any substance which it is deleterious to the human body to inhale, to swallow, or to receive into the blood, or by means of any animal, shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Voluntarily causing grievous hurt in committing dacoity or robbery.]

29. Whoever voluntarily causes grievous hurt in committing or attempting to commit dacoity or robbery, or in avoiding or attempting to avoid apprehension for such offence or attempt, shall be punished with transportation for life or with imprisonment of either description for a term which may extend to fourteen years, and which must not be less than seven years, and shall also be liable to fine.

[Voluntarily causing hurt to extort property or to constrain to an illegal act.]

30. Whoever voluntarily causes hurt for the purpose of extorting from the sufferer or from any person interested in the sufferer, any property or valuable security, or of constraining the

পূর্ব্বক আঘাত করে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সঙ্কটজনক অস্ত্র কি কোন উপায়ে ইচ্ছাপূর্ব্বক আঘাত করণের দণ্ড।]

২৬। গুলি করিবার কি খোঁচা মারিবার কি কাটিবার কোন অস্ত্র লইয়া, কিম্বা যে বস্তুদ্বারা আঘাত করিলে মরণ হইবার সম্ভাবনা হয় এমত কোন বস্তু লইয়া, কিম্বা অগ্নি কি তপ্তদ্রব্য কোন দ্রব্য লইয়া, কিম্বা কোন বিষ কি ক্ষয়কারক কোন দ্রব্য লইয়া, কিম্বা যে দ্রব্য শব্দ করিয়া হঠাৎ জ্বলিয়া উঠে এমত কোন দ্রব্য লইয়া, কিম্বা যে দ্রব্যের আঘ্রাণ লইলে কি সে দ্রব্য গিলিলে কি রক্তে মিশ্রিত হইলে শরীরের হানি হয় এমত কোন দ্রব্য লইয়া, কিম্বা কোন জীবজন্তুর দ্বারা যে কেহ ইচ্ছাপূর্ব্বক আঘাত করে, সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করিবার দণ্ড।]

২৭। যে কেহ ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করে সে দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[সঙ্কটজনক অস্ত্রদ্বারা কি কোন উপায়ে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করণ।]

২৮। গুলি করিবার কি খোঁচা মারিবার কি কাটিবার কোন অস্ত্র লইয়া, কিম্বা যে বস্তুদ্বারা আঘাত করিলে মরণ হইবার সম্ভাবনা হয় এমত কোন বস্তু লইয়া, কিম্বা অগ্নি কি তপ্তদ্রব্য কোন দ্রব্য লইয়া, কিম্বা কোন বিষ কি ক্ষয়কারক কোন দ্রব্য লইয়া, কিম্বা যে দ্রব্য শব্দ করিয়া হঠাৎ জ্বলিয়া উঠে এমত কোন দ্রব্য লইয়া, কিম্বা যে দ্রব্যের আঘ্রাণ লইলে কি সে দ্রব্য গিলিলে কি রক্তে মিশ্রিত হইলে শরীরের হানি হয় এমত কোন দ্রব্য লইয়া, কিম্বা কোন জীবজন্তুর দ্বারা যে কেহ ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করে সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ডাকাইতী কি লুঠ করণকালে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করণের দণ্ড।]

২৯। যে কেহ ডাকাইতী কি লুঠ করণ কি তাহা করিতে উদ্যোগ করণ কালে, কিম্বা সেইরূপ অপরাধ কি উদ্যোগের জন্যে গ্রেপ্তার না হয় এই নিমিত্তে কোন যত্ন করণ কি করিতে উদ্যোগ করণ কালে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করে, তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক, কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কিন্তু সাত বৎসরের কম নহে এমত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ভয় দেখাইয়া সম্পত্তি লইবার জন্যে কিম্বা বেআইনী কর্ম্ম করাইবার জন্যে ইচ্ছাপূর্ব্বক আঘাত করণের দণ্ড।]

৩০। যদি কেহ কোন লোককে ইচ্ছাপূর্ব্বক আঘাত করে ও তাহাতে তাহার এই অভিপ্রায় থাকে যে আঘাতি লোকের স্থানে কিম্বা তাহার সুখদুঃখে যাহার সম্পর্ক থাকে এমত কোন লোকের স্থানে কিছু সম্পত্তি কি

sufferer or any person interested in such sufferer to do any thing which is illegal or which may facilitate the commission of an offence, shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Voluntarily causing grievous hurt to extort property or to constrain to an illegal act.]

31. Whoever voluntarily causes grievous hurt for the purpose of extorting from the sufferer or from any person interested in the sufferer any property or valuable security, or of constraining the sufferer or any person interested in such sufferer to do any thing that is illegal or which may facilitate the commission of an offence, shall be punished with transportation for life or imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Voluntarily causing hurt to extort confession or to compel restoration of property.]

32. Whoever voluntarily causes hurt, or threatens to cause hurt, for the purpose of extorting from the sufferer or any person interested in the sufferer any confession or any information which may lead to the detection of an offence or misconduct, or for the purpose of constraining the sufferer or any person interested in the sufferer to restore or to cause the restoration of any property or valuable security or to satisfy any claim or demand, or to give information which may lead to the restoration of any property or valuable security, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

Illustrations.

(*a*) A, a police officer, tortures Z in order to induce Z to confess that he committed a crime. A is guilty of an offence under this Clause.

(*b*) A, a police officer, tortures B to induce him to point out where certain stolen property is deposited. A is guilty of an offence under this Clause.

(*c*) A, a Revenue officer, tortures Z in order to compel him to pay certain arrears of Revenue due from Z. A is guilty of an offence under this Clause.

(*d*) A, a zemindar, tortures a ryot in order to compel him to pay his rent. A is guilty of an offence under this Clause.

[Voluntarily causing grievous hurt to extort confession or to compel restoration of property.]

33. Whoever voluntarily causes grievous hurt for the purpose of extorting from the sufferer or any person interested in the sufferer any confession or any information which may lead to the detection of an offence or misconduct, or for the

মূল্যবান নিদর্শনপত্রাদি লয়, কিম্বা আঘাতি ব্যক্তিকে কিম্বা তাহার সুখদুঃখে যাহার সম্পর্ক থাকে এমত কোন ব্যক্তিকে বেআইনী কোন কর্ম্ম কিম্বা যে কর্ম্মেতে অপরাধ সহজে হইতে পারে এমত কোন কর্ম্ম করায়, তবে সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ভয় দেখাইয়া সম্পত্তি লইবার জন্যে কিম্বা বেআইনী কর্ম্ম করাইবার জন্যে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করণের দণ্ড।]

৩১। যদি কেহ কোন লোককে এই অভিপ্রায়ে ভারি আঘাত করে যে, ঐ আঘাতি লোকের স্থানে কিম্বা তাহার সুখদুঃখে যাহার সম্পর্ক থাকে এমত কোন লোকের স্থানে কিছু সম্পত্তি কি মূল্যবান নিদর্শনপত্রাদি লয় কিম্বা ঐ আঘাতি ব্যক্তিকে কিম্বা তাহার সুখদুঃখে যাহার সম্পর্ক থাকে এমত কোন ব্যক্তিকে বেআইনী কোন কর্ম্ম কিম্বা যে কর্ম্মেতে অপরাধ সহজে হইতে পারে এমত কর্ম্ম করায় তবে তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক, কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[দোষ স্বীকার করাইবার কিম্বা সম্পত্তি জোর করিয়া ফিরিয়া লইবার জন্যে ইচ্ছাপূর্ব্বক আঘাত করণের দণ্ড।]

৩২। যদি কেহ ইচ্ছাপূর্ব্বক আঘাত করে কি আঘাত করিবার ভয় দর্শায় ও ইহাতে তাহার এই অভিপ্রায় থাকে যে আঘাতি ব্যক্তিকে কিম্বা তাহার দুঃখসুখে যাহার সম্পর্ক থাকে এমত কোন ব্যক্তিকে কোন দোষ কি অপরাধ স্বীকার করায় কিম্বা অপরাধ কি দোষ যাহাতে ব্যক্ত হয় এমত কথা প্রকাশ করায় কিম্বা আঘাতি ব্যক্তির স্থানে কিম্বা তাহার দুঃখসুখে যাহার সম্পর্ক থাকে এমত কোন ব্যক্তির স্থানে কোন সম্পত্তি কি মূল্যবান নিদর্শনপত্রাদি বলপূর্ব্বক ফিরিয়া লয় কিম্বা বলপূর্ব্বক ফিরিয়া দেওয়ায় কিম্বা কোন দাওয়ার শোধ করায় কিম্বা কোন সম্পত্তি কি মূল্যবান নিদর্শনপত্রাদি যাহাতে ফিরিয়া পাওয়া যায় এমত সম্বাদ প্রকাশ করায় তবে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

উদাহরণ।

(ক) যদু কোন অপরাধ করিয়াছে তাহাকে এমত স্বীকার করাইবার জন্যে পোলীসের কোন আমলা যন্ত্রণা দেয়। সেই আমলা এই প্রকরণের লিখিত অপরাধের দোষী হয়।

(খ) কোন চোরা জিনিস যে স্থানে লুক্কায়িত আছে তাহা দেখাইবার জন্যে পোলীসের আমলা গোপালকে যন্ত্রণা দেয়। সেই আমলা এই প্রকরণের লিখিত অপরাধের দোষী হয়।

(গ) যদুর কিছু খাজানা বাকী পড়িয়াছে। রাজস্বের কোন আমলা সেই বাকী পাইবার জন্যে তাহাকে যন্ত্রণা দেয়। সেই আমলা এই প্রকরণের লিখিত অপরাধের দোষী হয়।

(ঘ) কোন জমীদার রাইয়তের স্থানে খাজানা লইবার জন্যে তাহাকে যন্ত্রণা দেয়। ঐ জমীদার এই প্রকরণের লিখিত অপরাধের দোষী হয়।

[দোষস্বীকার করাইবার কিম্বা সম্পত্তি জোর করিয়া ফিরিয়া লইবার জন্যে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাতকরণের দণ্ড।]

৩৩। যদি কেহ ইচ্ছাপূর্ব্বক এই অভিপ্রায়ে ভারি আঘাত করে যে, আঘাতি ব্যক্তিকে কিম্বা তাহার দুঃখসুখে যাহার সম্পর্ক থাকে এমত কোন ব্যক্তিকে কোন দোষ কি অপরাধ স্বীকার করায় কিম্বা অপরাধ কি দোষ

purpose of constraining the sufferer or any person interested in the sufferer to restore or to cause the restoration of any property or valuable security, or to satisfy any claim or demand or to give information which may lead to the restoration of any property or valuable security, shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

যাহাতে ব্যক্ত হয় এমত কথা প্রকাশ করায় কিম্বা আঘাতি ব্যক্তির স্থানে কি তাহার দুঃখসুখে যাহার সম্পর্ক থাকে এমত কোন ব্যক্তির স্থানে কোন সম্পত্তি কি মূল্যবান নিদর্শনপত্রাদি বলপূর্ব্বক ফিরিয়া লয় কিম্বা বলপূর্ব্বক ফিরিয়া দেওয়ায়, কিম্বা কোন দাওয়ার শোধ করায়, কিম্বা কোন সম্পত্তি কি মূল্যবান নিদর্শনপত্রাদি যাহাতে ফিরিয়া পাওয়া যায় এমত সম্বাদ প্রকাশ করায়, তবে সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[Voluntarily causing hurt to deter public servant from his duty.]

34. Whoever voluntarily causes hurt to any person being a public servant in the discharge of his duty as such public servant, or with intent to prevent or deter that person from discharging his duty as such public servant, or in consequence of any thing done or attempted to be done by that person in the lawful discharge of his duty as such public servant, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or with both.

[সরকারী কার্য্যকারকের কর্ত্তব্য কর্ম্ম করিবার বাধা দিবার জন্যে ইচ্ছাপূর্ব্বক আঘাত করণের দণ্ড।]

৩৪। সরকারী কোন কার্য্যকারক সরকারী কার্য্যকারকস্বরূপে আপনার কর্ম্ম নির্ব্বাহ করিতেছেন এমত সময়ে, কিম্বা সরকারী কার্য্যকারকস্বরূপে তাঁহার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিতে নিবারণ কি বাধা করিবার অভিপ্রায়ে কিম্বা তিনি সরকারী কার্য্যকারকস্বরূপে আপনার কর্ত্তব্য কার্য্য আইনসিদ্ধমতে নির্ব্বাহ করণ কালে যে কিছু কার্য্য করিয়াছেন কি করিতে উদ্যোগ করিয়াছেন তৎপ্রযুক্ত, যে কেহ তাঁহাকে ইচ্ছাপূর্ব্বক আঘাত করে, সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Voluntarily causing grievous hurt to deter public servant from his duty.]

35. Whoever voluntarily causes grievous hurt to any person being a public servant in the discharge of his duty as such public servant, or with intent to prevent or deter that person from discharging his duty as such public servant, or in consequence of any thing done or attempted to be done by that person in the lawful discharge of his duty as such public servant, shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[সরকারী কার্য্যকারকের কর্ত্তব্য কর্ম্ম করিবার বাধা দিবার জন্যে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করণের দণ্ড।]

৩৫। সরকারী কোন কার্য্যকারক, সরকারী কার্য্যকারকস্বরূপে আপনার কর্ম্ম নির্ব্বাহ করিতেছেন এমত সময়ে, কিম্বা সরকারী কার্য্যকারকস্বরূপে তাঁহার কর্ত্তব্য কর্ম্ম নির্ব্বাহ করিতে নিবারণ কি বাধা করিবার অভিপ্রায়ে, কিম্বা তিনি সরকারী কার্য্যকারকস্বরূপে আপনার কর্ত্তব্য কার্য্য আইনসিদ্ধমতে নির্ব্বাহ করণকালে যে কিছু করিয়াছেন কি করিতে উদ্যোগ করিয়াছেন তৎপ্রযুক্ত, যে কেহ তাঁহাকে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করে, সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[Voluntarily causing hurt on provocation.]

36. Whoever voluntarily causes hurt on grave and sudden provocation, if he neither intends nor knows himself to be likely to cause hurt to any person other than the person who gave the provocation, shall be punished with imprisonment of either description for a term which may extend to one month, or with fine which may extend to five hundred Rupees, or with both.

[যাহাতে রাগ জন্মে এমত কর্ম্ম হইলে ইচ্ছাপূর্ব্বক আঘাত করণের দণ্ড।]

৩৬। যাহাতে রাগ জন্মে এমত ভারি ও হঠাৎ কোন কার্য্যপ্রযুক্ত যদি কেহ অন্য লোককে ইচ্ছাপূর্ব্বক আঘাত করে, ও যে জন ঐ রাগ জন্মাইবার কার্য্য করিয়াছিল সেই জন ছাড়া যদি অন্য কোন ব্যক্তিকে আঘাত করিতে তাহার অভিপ্রায় না থাকে ও অন্য কোন ব্যক্তির আঘাত হইবার সম্ভাবনাও জানিত না, তবে সে এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Causing grievous hurt on provocation.]

37. Whoever causes grievous hurt on grave and sudden provocation, if he neither intends nor knows himself to be likely to cause grievous hurt to any person other than the person who gave the provocation, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years or with fine which may extend to two thousand Rupees, or with both.

[যাহাতে রাগ জন্মে এমত কর্ম্ম হইলে ভারি আঘাত করণের দণ্ড।]

৩৭। যাহাতে রাগ জন্মে এমত ভারি ও হঠাৎ কোন কার্য্যপ্রযুক্ত যদি কেহ ভারি আঘাত করে ও যে জন ঐ রাগ জন্মাইবার কর্ম্ম করিয়াছিল সেই জন ছাড়া যদি অন্য কোন ব্যক্তিকে আঘাত করিতে তাহার অভিপ্রায় না থাকে ও অন্য কোন ব্যক্তির আঘাত হইবার সম্ভাবনাও জানিত না, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার দুই হাজার টাকাপর্য্যন্ত জরীমানা, কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Causing grievous hurt by an act which indicates a want of due regard for the safety of others.]

38. Whoever causes grievous hurt to any per-

[যাহাতে লোকেরদের নির্ব্বিঘ্নরূপে থাকার বিষয়ে মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয় এমত কার্য্য করিয়া ভারি আঘাত করণের দণ্ড।]

৩৮। যাহাতে লোকেরদের নির্ব্বিঘ্নতার উপযুক্ত

son by any act which is so rash or negligent as to indicate a want of due regard for the safety of others, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Causing hurt by an act which indicates a want of due regard for human life.]

39. Whoever causes hurt to any person by any act so rash or negligent as to indicate a want of due regard for human life, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine which may extend to five hundred Rupees, or with both.

[Punishment for act which indicates a want of due regard for life or personal safety of others.]

10. Whoever does any act so rash or negligent as to indicate a want of due regard for human life or the personal safety of others, shall be punished with imprisonment of either description for a term which may extend to six months, or with fine which may extend to two hundred and fifty Rupees, or with both.

OF WRONGFUL RESTRAINT AND WRONGFUL CONFINEMENT.

[Wrongful restraint.]

41. Whoever voluntarily obstructs any person so as to prevent that person from proceeding in any direction in which that person has a right to proceed, is said wrongfully to restrain that person.

Exception. The obstruction of a private way over land or water which a person in good faith believes himself to have a lawful right to obstruct, is not an offence within the meaning of this Clause.

Illustrations.

(*a*) A builds a wall across a path along which Z has a right to pass, A not believing in good faith that he has a right to stop the path. Z is thereby prevented from passing. A wrongfully restrains Z.

(*b*) A illegally omits to take proper order with a furious buffalo which is in his possession, and thus voluntarily deters Z from passing a road along which Z has a right to pass. A wrongfully restrains Z.

(*c*) A threatens to set a savage dog at Z, if Z goes along a path along which Z has a right to go. Z is thus prevented from going along that path. A wrongfully restrains Z.

[Wrongful confinement.]

42. Whoever wrongfully restrains any person in such a manner as to prevent that person from proceeding beyond certain circumscribing limits, is said "wrongfully to confine" that person.

Illustrations.

(*a*) A causes Z to go within a walled space, and locks Z in. Z is thus prevented from proceeding

মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয় এমত দুঃসাহস কি অমনোযোগের কার্য্যদ্বারা যদি কেহ কোন লোককে ভারি আঘাত করে, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[যাহাতে প্রাণ রক্ষার বিষয়ে মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয় এমত কার্য্য করিয়া আঘাত করণের দণ্ড।]

৩৯। যাহাতে লোকেরদের প্রাণ রক্ষার উপযুক্ত মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয় এমত দুঃসাহস কি অমনোযোগের কার্য্যদ্বারা যদি কেহ কোন লোককে আঘাত করে, তবে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[যাহাতে লোকেরদের প্রাণ কি শরীরের নির্ব্বিঘ্নরূপে থাকার বিষয়ে মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয় এমত কার্য্যের দণ্ড।]

৪০। যাহাতে লোকেরদের প্রাণ কি শরীরের নির্ব্বিঘ্নতার উপযুক্ত মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয় এমত দুঃসাহস কি অমনোযোগের কার্য্য যে কেহ করে সে ছয় মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার আড়াই শত টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

অন্যায়মতে আটক ও অন্যায়মতে কয়েদ করিবার কথা।

[অন্যায়মতে আটক করণ।]

৪১। কোন ব্যক্তির যে দিগে যাইবার অধিকার থাকে সেই দিগে তাহার যাইবার বারণ যাহাতে হয় এমতে যে কেহ তাহাকে ইচ্ছাপূর্ব্বক বাধা দেয় সে তাহাকে অন্যায়মতে আটক করে এমত বলা যায়।

বর্জ্জিত কথা। যে কেহ প্রকৃতপ্রস্তাবে বিশ্বাস করে যে জলের কি স্থলের কোন বিশেষ পথ অবরোধ করিতে আমার আইনসিদ্ধ ক্ষমতা আছে, সেই ব্যক্তি সেই পথ অবরোধ করিলে এই প্রকরণের অর্থমতে তাহার অপরাধ হয় না।

উদাহরণ।

(ক) কোন এক পথ অবরোধ করিতে কালুর ক্ষমতা আছে ইহা প্রকৃতপ্রস্তাবে বিশ্বাস না করিয়া কালু ঐ পথের উপর দেয়াল গাঁথে। যদুর সেই পথে যাইবার অধিকার আছে কিন্তু সেই দেয়াল থাকাতে তাহার যাওয়া নিবারণ হয়। এই স্থলে কালু যদুকে অন্যায়মতে আটক করে।

(খ) কালুর নিকটে রাগাল মহিষ আছে ও সেই মহিষকে উপযুক্তমতে বাঁধিয়া না রাখাতে যদুর যে পথ দিয়া যাইবার অধিকার আছে সেই পথে যাইতে কালু তাহাকে ইচ্ছাপূর্ব্বক বাধা দেয়। এই স্থলে কালু যদুকে অন্যায়মতে আটক করে।

(গ) যদুর কোন এক পথে যাইবার অধিকার আছে কিন্তু কালু তাহাকে ভয় দেখাইয়া বলে যে তুমি যদি এই পথ দিয়া যাও তবে আমার রাগাল কুকুর তোমাকে লেলাইয়া দিব। ইহাতে যদুর সেই পথে যাইতে বারণ হয়। কালু যদুকে অন্যায়মতে আটক করে।

[অন্যায়মতে কয়েদ।]

৪২। যদি কেহ কোন লোককে এমন আটক করিয়া রাখে যে সে চতুর্দ্দিগের বিশেষ সীমার বাহিরে যাইতে না পারে তবে সে ঐ লোককে বেআইনীমতে কয়েদ করে।

উদাহরণ।

(ক) কালু দেয়ালে বেষ্টিত কোন স্থানে যদুকে প্রবেশ করাইয়া সেই স্থান চাবি দিয়া বন্ধ করে। এই প্রকারে

in any direction beyond the circumscribing line of wall. A wrongfully confines Z.

(*b*) In the last illustration, if there is in some nook of the walled space a door which is not secured, but which may easily escape observation, if A voluntarily cause it to appear to Z to be impossible to proceed beyond the line of wall, A has wrongfully confined Z.

(*c*) A places men with fire arms at the outlets of a building and tells Z that they will fire at Z, if Z attempts to leave the building. A wrongfully confines Z.

[Punishment for wrongful restraint.]

43. Whoever wrongfully restrains any person shall be punished with simple imprisonment for a term which may extend to one month, or with fine which may extend to five hundred Rupees, or with both.

[Punishment for wrongful confinement.]

44. Whoever wrongfully confines any person shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Wrongful confinement for three or more days.]

45. Whoever wrongfully confines any person for three days, or more, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

[Wrongful confinement for ten or more days.]

46. Whoever wrongfully confines any person for ten days, or more, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, either with or without the addition of a term not exceeding three days for every day of such wrongful confinement, and shall also be liable to fine.

[Wrongful confinement of person for whose liberation a writ has been issued.]

47. Whoever keeps any person in wrongful confinement, knowing that a writ for the liberation of that person has been duly issued, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years in addition to any term of imprisonment to which he may be liable under any other Clause of this Chapter.

[Unlawful confinement in secret.]

48. Whoever unlawfully confines any person in such manner as to indicate an intention that the confinement of such person may not be known to any person interested in the person so confined or to any public servant, or that the place of such confinement may not be known to or discovered by any such person or public servant as hereinbefore mentioned, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years in addition to any

যদু চতুর্দ্দিকস্থ বিশেষ দেয়ালের বাহিরে কোন দিগে যাইতে পারে না কালু অন্যায়মতে যদুকে কয়েদ করে।

(খ) উক্ত স্থলে যদিও ঐ দেয়ালের কোন এক অপ্রকাশ স্থানে একটি ক্ষুদ্র দ্বার থাকে তাহা ভালমতে বন্ধ হয় নাই কিন্তু অনায়াসে দেখাও যায় না। তথাপি যদু ঐ দেয়ালের বাহির হইতে পারিবেক না কালু যদি ইচ্ছাপূর্ব্বক তাহার এমত বোধ জন্মায়, তবে কালু অন্যায়মতে যদুকে কয়েদ করিয়াছে।

(গ) ঘরের যে সকল দ্বার দিয়া লোকেরা বাহির হইতে পারে সেই সকল দ্বারে কালু বন্দুকওয়ালা লোকদিগকে রাখিয়া যদুকে বলে যে তুমি যদি ঘরহইতে বাহির হইবার উদ্যোগ কর তবে এই লোকেরা তোমাকে গুলি করিয়া মারিবেক। কালু অন্যায়মতে যদুকে কয়েদ করিয়াছে।

[অন্যায়মতে আটক করিবার দণ্ড।]

৪৩। যে কেহ কোন লোককে অন্যায়মতে আটক করে সে এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

[অন্যায়মতে কয়েদ করিবার দণ্ড।]

৪৪। যে কেহ অন্যায়মতে কোন লোককে কয়েদ করে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

[তিন দিন কি তাহার অধিক কাল অন্যায়মতে কয়েদ করণের দণ্ড।]

৪৫। যে কেহ অন্যায়মতে তিন দিন কি তাহার অধিক কাল কোন লোককে কয়েদ করে, সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

[দশ দিন কি তাহার অধিক কাল অন্যায়মতে কয়েদ করণের দণ্ড।]

৪৬। যে কেহ অন্যায়মতে দশ দিন কি তাহার অধিক কাল কোন লোককে কয়েদ করে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক। তদ্ভিন্ন যত দিন সেই লোককে কয়েদ করিয়াছিল তাহার একং দিন প্রতি তিনং দিন কয়েদ হইতে পারিবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[যাহাকে মুক্ত করিবার জন্যে পরওয়ানা বাহির হইয়াছে তাহাকে অন্যায়মতে কয়েদ রাখিবার দণ্ড।]

৪৭। যাহাকে কয়েদ করা যায় তাহাকে মুক্ত করিবার পরওয়ানা উপযুক্তমতে বাহির হইয়াছে ইহা জানিয়াও যে কেহ সেই লোককে অন্যায়মতে কয়েদ রাখে সে এই অধ্যায়ের অন্য কোন প্রকরণমতে যে মিয়াদপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক তদতিরিক্ত তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক।

[বেআইনীমতে গোপনে কয়েদ করণের দণ্ড।]

৪৮। যদি কেহ কোন লোককে বেআইনীমতে কয়েদ করে ও যে প্রকারে কয়েদ করে তাহা বুঝিয়া যদি এ কয়েদকরা লোকের সম্পর্কীয় ব্যক্তিরদের নিকটে কি সরকারী কোন কার্য্যকারকের নিকটে তাহার কয়েদ হইবার কথা প্রকাশ না হয় এমত অভিপ্রায়, কিম্বা যে স্থানে সে কয়েদ হইয়াছে সেই স্থান পূর্ব্বোক্ত কোন ব্যক্তির কি সরকারী কার্য্যকারকের নিকটে প্রকাশ না হয় কি তাঁহারা তাহার সন্ধান না পান এমত অভিপ্রায় বোধ হয়, তবে সে অন্যায়মতে কয়েদ করিবার জন্যে অন্য যে কোন দণ্ড

other punishment to which he may be liable for such wrongful confinement.

[Wrongful confinement for the purpose of extorting property or constraining to an illegal act.]

49. Whoever wrongfully confines any person for the purpose of extorting from the person confined, or from any person interested in the person confined, any property or valuable security, or of constraining the person confined or any person interested in such person to do any thing illegal or to give any information which may facilitate the commission of an offence, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Wrongful confinement for the purpose of extorting confession or of compelling restoration of property.]

50. Whoever wrongfully confines any person for the purpose of extorting from the person confined or any person interested in the person confined any confession or any information which may lead to the detection of an offence or misconduct, or for the purpose of constraining the person confined or any person interested in the person confined to restore or to cause the restoration of any property or valuable security or to satisfy any claim or demand or to give information which may lead to the restoration of any property or valuable security, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Wrongful confinement and omission to furnish to person confined a certain thing necessary to prevent death or hurt.]

51. Whoever, while keeping any person in wrongful confinement, knowing a certain thing to be necessary to prevent the person confined from being in danger of death, or hurt, voluntarily omits to furnish that thing to the person confined, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or both.

Illustration.

Z's eyes are in such a state as to require constant medical care. A wrongfully confines Z, and knowing that without medical attendance Z is likely to lose his eye-sight, omits to procure such medical attendance. A has committed the offence defined in this Clause. If Z loses his eye sight, A has by an illegal omission voluntarily caused Z to lose his eye-sight, and has thus become liable to the punishment of having voluntarily caused grievous hurt to Z.

OF CRIMINAL FORCE AND ASSAULT.

[Force.]

52. A person is said to use force to another if he causes motion, change of motion, or cessation of motion to that other, or if he causes to any substance such motion, or change of motion, or

পাইতে পারিবেক, তদতিরিক্ত দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক।

[কোন বিষয় লইবার জন্যে কিম্বা কোন বেআইনী কর্ম্ম করাইবার জন্যে বেআইনীমতের কয়েদ।]

৪৯। যদি কেহ কোন ব্যক্তির স্থানে কিম্বা সেই ব্যক্তির সম্পর্কীয় কোন লোকের স্থানে কিছু সম্পত্তি কি মূল্যবান নিদর্শনপত্রাদি লইবার অভিপ্রায়ে তাহাকে কয়েদ করে, কিম্বা তাহাকে কি তাহার সম্পর্কীয় কোন লোককে কোন বেআইনী কর্ম্ম করাইবার অভিপ্রায়ে, কিম্বা যাহাতে কোন অপরাধ সহজরূপে করা যাইতে পারে এমত কিছু সন্ধান তাহার নিকটে পাইবার অভিপ্রায়ে তাহাকে কয়েদ করে, তবে সেই লোক তিন বৎসর পর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কোন দোষ স্বীকার করাইবার জন্যে কিম্বা সম্পত্তি ফিরিয়া লইবার জন্যে অন্যায়মতে কয়েদ।]

৫০। যদি কেহ কোন ব্যক্তিকে কিম্বা সেই ব্যক্তির সম্পর্কীয় কোন লোককে কোন দোষ স্বীকার করাইবার জন্যে, কিম্বা দোষ কি অপরাধ যাহাতে প্রকাশ হয় এমত কোন সন্ধান জানিবার অভিপ্রায়ে তাহাকে অন্যায়মতে কয়েদ করে, অথবা যদি কেহ কোন সম্পত্তি কি মূল্যবান নিদর্শনপত্রাদি ফিরিয়া লইবার কি আনাইয়া পাইবার জন্যে, কিম্বা কোন দাওয়া পরিশোধ করিবার জন্যে, কিম্বা কোন সম্পত্তি কি মূল্যবান নিদর্শনপত্রাদি যাহাতে ফিরিয়া পাওয়া যায় এমত কোন সন্ধান পাইবার জন্যে কোন ব্যক্তিকে কি তাহার সম্পর্কীয় অন্য লোককে কয়েদ করে তবে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[অন্যায়মতে কয়েদ ও কয়েদী ব্যক্তির মৃত্যু কি আঘাত নিবারণের জন্যে যাহা আবশ্যক এমত বিষয় না দেওনের দণ্ড।]

৫১। যদি কেহ অন্যায়মতে কোন ব্যক্তিকে কয়েদ করিয়া রাখে ও সেই কয়েদকরা ব্যক্তির প্রাণশঙ্কা কি আঘাত নিবারণের যাহা আবশ্যক জানে এমত কোন বিশেষ বিষয় তাহাকে দিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করে, তবে সেই লোক এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, অথবা তাহার জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ

যদুর চক্ষুর পীড়া আছে তাহাতে নিত্য কবিরাজের চক্ষু দেখান আবশ্যক। কালু যদুকে অন্যায়মতে কয়েদ করে ও কবিরাজ তাহাকে না দেখিলে যদুর চক্ষু নষ্ট হইবার সম্ভাবনা জানিয়াও কবিরাজকে আনায় না। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে। যদি যদুর চক্ষু নষ্ট হয় তবে কালু আপন কর্ত্তব্য কর্ম্ম করিতে বেআইনীমতে ত্রুটি করিয়া ইচ্ছাপূর্ব্বক যদুর চক্ষু নষ্ট করিয়াছে অতএব ইচ্ছাপূর্ব্বক যদুকে ভারি আঘাত করিবার দণ্ডের যোগ্য হয়।

অপরাধঘটিত বলপ্রকাশ ও আক্রমণের কথা।

[বলপ্রকাশ।]

৫২। যদি কোন লোক অন্য লোককে চালায় কি তাহার চলনের রূপান্তর করে কি রহিত করে কিম্বা যদি কোন লোক কোন বস্তু চালাইবাতে কি সেই বস্তুর চলনের রূপান্তর করাইবাতে কি চলন রহিত করাইবাতে এ

cessation of motion as brings that substance into contact with any part of that other's body, or with any thing which that other is wearing or carrying or with anything so situated that such contact affects that other's sense of feeling: provided that the person causing the motion, or change of motion, or cessation of motion, causes that motion, change of motion, or cessation of motion in one of the three ways hereinafter described.

First.—By his own bodily power.

Secondly.—By disposing any substance in such a manner that the motion or change or cessation of motion takes place without any further act on his part, or on the part of any other person.

Thirdly.—By inducing any animal to move, to change its motion, or to cease to move.

[Criminal force.]

53. Whoever intentionally uses force to any person, without that person's consent, in order to the committing of any offence, or intending by the use of such force to cause, or knowing it to be likely that by the use of such force he will cause injury, fear, or annoyance to the person to whom the force is used, is said to use criminal force to that other.

Illustrations.

(*a*) Z is sitting in a moored boat on a river. A unfastens the moorings, and thus intentionally causes the boat to drift down the stream. Here A intentionally causes motion to Z, and he does this by disposing substances in such a manner that the motion is produced without any other act on any person's part. A has therefore intentionally used force to Z; and if he has done so without Z's consent, in order to the committing of any offence, or intending or knowing it to be likely that this use of force may cause injury, fear, or annoyance to Z. A has used criminal force to Z.

(*b*) Z is riding in a chariot. A lashes Z's horses, and thereby causes them to quicken their pace. Here A has caused change of motion to Z by inducing animals to change their motion. A has therefore used force to Z, and if A has done this without Z's consent, intending or knowing it to be likely that he may thereby injure, frighten, or annoy Z, A has committed criminal force to Z.

(*c*) Z is riding in a palanquin. A, intending to rob Z, seizes the pole, and stops the palanquin. Here A has caused cessation of motion to Z, and he has done this by his own bodily power. A has therefore used force to Z; and as A has acted thus intentionally, without Z's consent, in order to the commission of an offence, A has used criminal force to Z.

(*d*) A intentionally pushes against Z in the street. Here A has by his own bodily power moved his own person so as to bring it into contact with Z: he has therefore intentionally used force to Z; and if he has done so without Z's consent, intending or knowing it to be likely that he

বস্তু অন্য লোকের শরীরের কোন ভাগে লাগায় কিম্বা সেই অন্য লোক যে কোন বস্ত্রাদি পরিয়াছে কি ধরিয়াছে তাহাতে লাগায়, কিম্বা কোন বস্তু যে স্থানে আছে সেই স্থান বুঝিয়া তদ্রূপ লাগাওনেতে ঐ অন্য ব্যক্তির যাহাতে চোটপ্রভৃতি হয় এমতে লাগায়, তবে সে লোক ঐ অন্য লোকের উপর বল প্রকাশ করে কহা যায়। পরন্তু ইহাতে প্রয়োজন যে, যে লোক ঐরূপ চলন করায় কি চলন রূপান্তর কি রহিত করায় সেই লোক ইহার পরের লিখিত তিন প্রকারের কোন এক প্রকারে তাহা করে। অর্থাৎ

প্রথম। আপন শারীরিক শক্তিক্রমে।

দ্বিতীয়। আপনি কিম্বা অন্য কোন ব্যক্তি অধিক কিছু না করিলেও যাহাতে ঐ চলন হয় কিম্বা ঐ চলনের রূপান্তর কি রাহিত্য হয় কোন বস্তুর এমন ভাব করণ দ্বারা।

তৃতীয়। কোন পশুকে চালাওন কি তাহার চলন রূপান্তর কি চলন রহিত করাওনের দ্বারা।

[অপরাধঘটিত বলপ্রকাশ।]

৫৩। যদি কেহ অন্য লোকের অনুমতি বিনা কোন অপরাধ করিবার জন্যে তাহার উপর বলপ্রকাশ করে, কিম্বা যাহার উপর বলপ্রকাশ হয় তাহার ক্ষতি কি ভয় কি ক্লেশ সেই বলপ্রকাশের দ্বারা জন্মাইবার অভিপ্রায়ে, কিম্বা সেই বলপ্রকাশ হইলে জন্মিবার সম্ভাবনা জানিয়া, সেই অন্য লোকের উপর বলপ্রকাশ করে, তবে সেই লোক ঐ অন্য লোকের উপর অপরাধঘটিত বলপ্রকাশ করে কহা যায়।

উদাহরণ।

(ক) নদীর ধারে একখান নৌকা বাঁধা আছে সেই নৌকাতে যদু বসিয়াছে। কালু আসিয়া ডাঙ্গায় দাঁড়াইয়া কাছি খুলিয়া দেয় তাহাতে জানিয়াশুনিয়া নৌকা ভাসাইয়া দেয়। এই স্থলে কালু জানিয়াশুনিয়া যদুকে চালায়। অর্থাৎ কোন ব্যক্তি অন্য কোন কর্ম্ম না করিলেও ঐ চলন যাহাতে হয় বস্তুর এমত ভাব করণের দ্বারা তাহাকে চালায়। অতএব কালু জানিয়াশুনিয়া তাহার উপর বল প্রকাশ করিয়াছে। যদি যদুর অনুমতি না পাইয়া কালু কোন অপরাধ করিবার জন্যে কিম্বা যদুর ক্ষতি কি ভয় কি ক্লেশ জন্মাইবার অভিপ্রায়ে কি হইবার সম্ভাবনা জানিয়া ঐরূপ বল প্রকাশ করিয়া থাকে, তবে যদুর উপর অপরাধঘটিত বল প্রকাশ করিয়াছে।

(খ) যদু গাড়িতে চড়িয়া যাইতেছে। কালু যদুর ঘোড়াকে মারিয়া অধিক বেগে দৌড়ায়। এই স্থলে কালু পশুদের চলন রূপান্তর করাইয়া যদুকে চালাইয়াছে। অতএব কালু যদুর উপর বল প্রকাশ করিয়াছে। যদি যদুর অনুমতি না পাইয়া কালু তাহার ক্ষতি কি ভয় কি ক্লেশ জন্মাইবার অভিপ্রায়ে কি হইবার সম্ভাবনা জানিয়া ঐ কার্য্য করিয়া থাকে, তবে যদুর উপর অপরাধঘটিত বল প্রকাশ করিয়াছে।

(গ) যদু পালকীতে চড়িয়া যাইতেছে। কালু তাহার কিছু টাকা লুঠ করিবার অভিপ্রায়ে পালকীর বাঁট ধরিয়া বেহারাদিগকে থামায়। এই স্থলে কালু যদুর চলন রহিত করিয়াছে। তাহা আপন শারীরিক শক্তিক্রমেও করিয়াছে। অতএব কালু যদুর উপর বল প্রকাশ করিয়াছে। ও যদুর অনুমতি বিনাও অপরাধ করিবার জন্যে ঐ কার্য্য জানিয়াশুনিয়া করিয়াছে অতএব কালু যদুর উপর অপরাধঘটিত বল প্রকাশ করিয়াছে।

(ঘ) যদু পথে যাইতেছে। কালু জানিয়াশুনিয়া তাহাকে ধাক্কা দেয়। এই স্থলে কালু আপন শরীরিক শক্তিক্রমে আপনার গাত্র চালাইয়া যদুর গায়ে লাগাইয়াছে। অতএব যদুর উপর জানিয়াশুনিয়া বল প্রকাশ করিয়াছে। ও যদি যদুর অনুমতি না পাইয়া তাহার ক্ষতি কি ভয় কি ক্লেশ জন্মাইবার অভিপ্রায়ে কি হইবার সম্ভাবনা জানিয়া

may thereby injure, frighten, or annoy Z, he has used criminal force to Z.

(*e*) A throws a stone intending or knowing it to be likely that the stone will be thus brought into contact with Z, or with Z's clothes, or with something carried by Z, or that it will strike water, and dash up the water against Z's clothes, or something carried by Z. Here, if the throwing of the stone produce the effect of causing any substance to come into contact with Z or Z's clothes, A has used force to Z; and if he did so without Z's consent, intending thereby to injure, frighten, or annoy Z, he has used criminal force to Z.

(*f*) A intentionally pulls up a woman's veil. Here A intentionally uses force to her; and if he does so without her consent, intending or knowing it to be likely that he may thereby injure, frighten, or annoy her, he has used criminal force to her.

(*g*) Z is bathing, A pours into the bath water which he knows to be boiling. Here A intentionally by his own bodily power causes such motion in the boiling water as brings that water into contact with Z, or with other water so situated that such contact must affect Z's sense of feeling: A has therefore intentionally used force to Z; and if he has done this without Z's consent, intending or knowing it to be likely that he may thereby cause injury, fear, or annoyance to Z, A has used criminal force.

(*h*) A incites a dog to spring upon Z, without Z's consent. Here, if A intends to cause injury, fear, or annoyance to Z, he uses criminal force to Z.

[Assault.]

54. Whoever makes any gesture, or any preparation, intending or knowing it to be likely that by such gesture or preparation he may cause any person present to apprehend that he who makes that gesture or preparation is about to use force to that other and thereby to affect that other's sense of feeling by bringing any substance into contact with any part of that other's body or any thing which that other is wearing, carrying, or using, is said to commit an assault.

Explanation. Mere words do not amount to an assault. But the words which a person uses may give to his gestures or preparations such a meaning as may make those gestures or preparations amount to an assault.

Illustrations.

(*a*) A shakes his fist at Z, intending or knowing it to be likely that he may thereby cause Z to believe that A is about to strike Z. A has committed an assault.

(*b*) A begins to unloose the muzzle of a ferocious dog, intending or knowing it to be likely that he may thereby cause Z to believe that he is about to cause the dog to attack Z. A has committed an assault upon Z.

ঐ কার্য্য করিয়া থাকে তবে অপরাধঘটিত বল প্রকাশ করিয়াছে।

(চ) কালু ইট ফেলে ও ইহাতে তাহার এই অভিপ্রায় যে সেই ইট যদুর গায়ে লাগে কি তাহার কাপড়ে কি যদুর হাতে যে বস্তু থাকে সে বস্তুতে লাগে, কিম্বা জলে পড়িলে জলের ছিটা যদুর বস্ত্রে লাগে কি যদুর হাতে যে বস্তু থাকে তাহাতে লাগে, কিম্বা তাহা লাগিতে পারে কালু ইহা জানে। এই স্থলে যদি সেই ইট ফেলাতে কোন দ্রব্য যদুর গায়ে কি যদুর কাপড়ে লাগে তবে কালু যদুর উপরে বল প্রকাশ করিয়াছে। আর যদি যদুর অনুমতি না পাইয়া তাহার ক্ষতি কি ভয় কি ক্লেশ জন্মাইবার অভিপ্রায়ে কালু সেই কর্ম্ম করে তবে যদুর উপর অপরাধ ঘটিত বল প্রকাশ করিয়াছে।

(ছ) কোন স্ত্রীর মুখে ঘোমটা রহিয়াছে কালু গিয়া তাহা তুলে। এই স্থলে কালু জানিয়াশুনিয়া তাহার প্রতি বল প্রকাশ করে, ও যদি স্ত্রীর অনুমতি না পাইয়া তাহার ক্ষতি কি ভয় কি ক্লেশ জন্মাইবার অভিপ্রায়ে কিম্বা ক্ষতি-প্রভৃতি হইতে পারে জানিয়া কালু সেই কর্ম্ম করে, তবে কালু তাহার উপর অপরাধঘটিত বল প্রকাশ করিয়াছে।

(জ) যদু যে জলে স্নান করিতেছে কালু সেই জলে কিছু গরম জল গরম জানিয়া ঢালে। এই স্থলে কালু জানিয়াশুনিয়া আপন শারীরিক শক্তিক্রমে ঐ গরম জল এমত চালায় যে তাহা যদুর গায়ে লাগে, কিম্বা যে জলেতে ঢালিলে যদুর গায়ে তাপ লাগে সে জলে তাহা ঢালে। কালু জানিয়াশুনিয়া যদুর উপর বল প্রকাশ করিয়াছে। আর যদি যদুর অনুমতি না পাইয়া তাহার ক্ষতি কি ভয় কি ক্লেশ জন্মাইবার অভিপ্রায়ে কি তাহার ক্ষতিপ্রভৃতি হইতে পারে জানিয়া কালু সেই কর্ম্ম করিয়া থাকে তবে কালু অপরাধঘটিত বল প্রকাশ করিয়াছে।

(ঝ) কালু যদুর অনুমতিবিনা তাহার উপর কুকুর লেলাইয়া দেয়। এই স্থলে যদি কালু যদুর ক্ষতি কি ভয় কি ক্লেশ জন্মাইবার অভিপ্রায়ে ঐ কার্য্য করে তবে যদুর উপরে অপরাধঘটিত বলপ্রকাশ করিয়াছে।

[আক্রমণ]

৫৪। যদি কেহ কোন অঙ্গভঙ্গী করে কি কোন উদ্যোগ করে, ও অন্য যে ব্যক্তি বর্ত্তমান থাকে তাহার উপর বল প্রকাশ করিতে উদ্যত আছে ও তদ্দ্বারা সে অন্য ব্যক্তির কোন অঙ্গে কি সে যাহা পরিয়াছে কি হাতে রাখিয়াছে কি ব্যবহার করিতেছে তাহাতে কোন দ্রব্য লাগাইবার দ্বারা সেই অন্য ব্যক্তিকে চোটপ্রভৃতি দিতে উদ্যত আছে তাহার এমত আশঙ্কা জন্মাইবার অভিপ্রায়ে কি জন্মিতে পারে ইহা জানিয়া যদি সেই লোক সেইরূপ অঙ্গভঙ্গী করে কি কোন উদ্যোগ করে তবে সে আক্রমণ করে বলা যায়।

ব্যাখ্যা। কেবল কথা কহাতে আক্রমণ হয় না। কিন্তু সে যে কথা কহে তাহাতে তাহার অঙ্গভঙ্গীর কি উদ্যোগের এমত ভাব প্রকাশ হইতে পারে যে সেই অঙ্গভঙ্গীতে কি উদ্যোগে আক্রমণ হয়।

উদাহরণ।

(ক) কালু যদুর মুখের উপর ঘুষি তোলে। আর তাহাকে মারিতে উদ্যত আছে যদুর এমত বিশ্বাস জন্মাইবার অভিপ্রায় থাকে কিম্বা তাহাতে তাহার এমত বিশ্বাস হইতে পারে কালু তাহা জানে। ইহাতে কালু আক্রমণ করিয়াছে।

(খ) কালু অতি রাগাল এক কুকুরের মুখোস খুলিয়া দিতেছে আর ঐ কুকুরকে যদুর উপরে লেলাইয়া দিবেক যদুর এমত বিশ্বাস জন্মাইতে কালুর অভিপ্রায় আছে কিম্বা এমত বিশ্বাস হইতে পারে কালু ইহা জানে। ইহাতে কালু যদুকে আক্রমণ করিয়াছে।

(*c*) A takes up a stick, saying to Z, "I will give you a beating." Here, though the words used by A could in no case amount to an assault, and though the mere gesture unaccompanied by any other circumstances might not amount to an assault, the gesture explained by the words may amount to an assault.

[Punishment for using criminal force otherwise than on grave provocation.]

55. Whoever uses criminal force to any person otherwise than on grave and sudden provocation given by that person, shall be punished with imprisonment of either description for a term which may extend to three months, or with fine which may extend to five hundred Rupees, or with both.

[Using criminal force to deter a public servant from discharge of his duty.]

56. Whoever uses criminal force to any person being a public servant in the execution of his duty as such public servant, or with intent to prevent or deter that person from discharging his duty as such public servant, or in consequence of any thing done or attempted to be done by such person in the lawful discharge of his duty as such public servant, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

[To be continued.]

(গ) কালু যষ্টি তুলিয়া যদুকে বলে "তোকে মারিব।" এই স্থলে কালুর কেবল সেই কথাতে কোন প্রকারে আক্রমণ হয় না। আর অন্য বিষয় না থাকিলে কেবল যষ্টি তোলাতে আক্রমণ হইতে পারে না। কিন্তু ঐ কথার দ্বারা যষ্টি তুলিবার যে ভাব প্রকাশ হইল তাহাতে আক্রমণ হয় বটে।

[রাগ জন্মাইবার ভারি বিষয় না হইলে অপরাধঘটিত বলপ্রকাশের দণ্ড।]

৫৫। কোন ব্যক্তিহইতে অন্য লোক হঠাৎ রাগ জন্মিবার কোন ভারি কারণ না পাইলেও যদি তাহার উপর আক্রমণ করে, তবে সে তিন মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সরকারী কার্য্যকারকের কর্ত্তব্য কর্ম্ম করিতে বাধা দিবার জন্যে অপরাধঘটিত বল প্রকাশ করণের দণ্ড।]

৫৬। সরকারী কার্য্যকারক আপনার কর্ত্তব্য কর্ম্ম সরকারী কার্য্যকারকস্বরূপে নির্ব্বাহ করিতেছেন এমত সময়ে যদি কেহ তাঁহার উপর অপরাধঘটিত বলপ্রকাশ করে, কিম্বা সরকারী কার্য্যকারকস্বরূপ তাঁহার কর্ত্তব্য কর্ম্ম করিতে তাঁহার বারণ করিবার কি বাধা দিবার অভিপ্রায়ে, কিম্বা তিনি সরকারী কার্য্যকারকস্বরূপে আপন কর্ত্তব্য কর্ম্ম আইনমতস্বরূপ করত যে কোন কার্য্য করিয়াছেন কি করিবার উদ্যোগ করিয়াছেন তৎপ্রযুক্ত যদি কেহ তাঁহার উপর অপরাধঘটিত বল প্রকাশ করে, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 28th April, 1857.

Baboo Kumlakanth Chuckerbutty to be Moonsiff of Putteeah, Zillah Chittagong, vice Syud Ahmud, demised.

LEAVES OF ABSENCE.

The 28th April 1857.

Baboo Gourchunder Mojoomdar, Moonsiff of Kaguzpookeriah, for one month, from 18th June to 17th July, 1857.

Baboo Omachurn Kastogeeree, Moonsiff of Rungunneah, Zillah Chittagong, for eight days.

A. W. RUSSELL, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৮ আপ্রিল।

সৈয়দ আহমদের মৃত্যু হওয়াতে তাঁহার পরিবর্ত্তে শ্রীযুত বাবু কমলাকান্ত চক্রবর্ত্তী জিলা চাটিগাঁয়ের পটীয়ার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২৮ আপ্রিল।

কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার ১৮৫৭ সালের ১৮ জুনঅবধি ১৭ জুলাইপর্য্যন্ত এক মাস ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁয়ের রাঙ্গুনীয়ার মুনসেফ শ্রীযুত বাবু উমাচরণ কাস্তগিরী আট দিনের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল রেজিষ্টর।

কলিকাতার উনিবর্সিটি।

১৮৫৭ সালের প্রথম স্কুলীন পরীক্ষা।

যাহারা পরীক্ষোত্তীর্ণ হইয়াছে তাহাদের নাম অকারাদি প্রকাশ।

প্রথম শ্রেণীর।

১। অমৃতলাল মিত্র (১১)
আনন্দকুমার সর্ব্বাধিকারী (১)
আবদুল জব্বর (১)
আব্দুল রাজাক (১)
আবদুল রহমান (১)
আরাটুন। জে এস ডবলিউ (০৬)
আহমদ (০)
ঈশ্বরচন্দ্র নাগ (৭)
ঈশ্বরচন্দ্র নন্দী হিন্দু চেরিটেবিল ইনষ্টিটুশনের শিক্ষক (০৫)
১০। ঈশানচন্দ্র মিত্র (০৫)
ঈশানচন্দ্র ঘোষ (০৫)

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১২ মে।]

উপেন্দ্রনাথ মিত্র (১২)
উমাচরণ আঢ্য (১২)
উমাচরণ দত্ত (১৭)
উমেশচন্দ্র সরকার (১৫)
এবান্স। আর ডবলিউ (১)
ওয়ালর। ই ডি (৬)
কালাচাঁদ হালদার (১)
কালীকৃষ্ণ ঘোষ (১৬)
২০। কালীচরণ ঘোষ (১)
কালীনাথ দে (৮)
কালীমোহন গুপ্ত (১)
কাশীনাথ মুখুয্যা (৮)
কৃষ্ণকমল ভট্টাচার্য্য (৩)
কৃষ্ণচন্দ্র রায় (১)
কৃষ্ণমোহন মুখুয্যা (১১)
ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য (৪)
ক্ষেত্রপাল দাস (১২)
গঙ্গাপ্রসাদ মুখুয্যা (১২)
৩০। গণেন্দ্রনাথ ঠাকুর (১১)
গিরীশচন্দ্র গুপ্ত (১২)
গুরুদয়াল সিংহ। সংস্কৃত কালেজের শিক্ষক
গৌরমোহন বসাক (৮)
গ্রে। এচ ডি (২)
চণ্ডীচরণ বসু (৮)
চণ্ডুলাল (১০)
চন্দ্রমাধব ঘোষ (.)
জানকীনাথ সেন (১১)
টাকলর। জে ডবলিউ (৬)
৪০। টুইডেল। এচ (৬)
ডিক্রুস। এচ জে (৬)
ডিক্রুস। এল ডবলিউ (৬)
ডিক্রুস। আর (৬)
ডিলরেরো। এচ (১)
ডান। ডবলিউ (১৩)
তারাচাঁদ (১০)
তারিণীপ্রসাদ রায় (৮)
দেবেন্দ্রনারায়ণ বসু (১)
দ্বারকানাথ দে। মুচীখোলাতে সাহায্যকৃত ইস্কুলের প্রধান শিক্ষক
৫০। দ্বারকানাথ বসাক (১১)
দ্বারকানাথ বাঁড়ুয্যা (১)
দ্বারকানাথ ভট্টাচার্য্য উত্তরপাড়ার স্কুলের শিক্ষক
দ্বারকানাথ রায় (৮)
নন্দকুমার ভট্টাচার্য্য (২২)
নবীনচন্দ্র দে (১২)
নিত্যানন্দ নন্দী (১৬)
নীলমণি বাঁড়ুয্যা (১)
নীলমাধব মিত্র (১৫)
পারট্রিজ। এস পি (২)
৬০। পার্ব্বতীকুমার মিত্র (১)
প্রতাপচন্দ্র চাটুয্যা (.)
প্রসন্নকুমার দাস (১৭)
প্রসন্নকুমার সেন (১৮)
প্রিয়নাথ দত্ত (১)
ফিলিপ্স। এ (১৪)
ফিলিপ্স। ডি এচ ( )
বঙ্কিমচন্দ্র চাটুয্যা (.)
বদরী দাস (১০)
বনমালী দত্ত (১২)
৭০। বসন্তকুমার ঘোষ (১৬)
বীরেশ্বর বসু (১)
বীরেশ্বর মিত্র (১১)
বৈকুণ্ঠনাথ দে (১)
বৈকুণ্ঠনাথ পাল (১১)
ব্রজমোহন রায় (৮)
ব্রজেন্দ্রকুমার বাঁড়ুয্যা (৭)
ভগবানচন্দ্র চক্রবর্ত্তী (৮)
ভৈরবচন্দ্র বসু (১২)
ভৈরবচন্দ্র বাঁড়ুয্যা (১১)
৮০। ভোলানাথ দত্ত (১১)
ভোলানাথ বাঁড়ুয্যা (৪)
মহম্মদ আলী (১)
মহেন্দ্রচন্দ্র দত্ত (১১)
মহেন্দ্রনাথ বসু (.)
মহেন্দ্রনাথ মিত্র (১১)
মোহিনীমোহন রায় (১)
যদুনাথ বসু (১)
যাদবচন্দ্র দাস (১২)
যোগেন্দ্রচন্দ্র ঘোষ (১১)
৯০। রজনীকুমার দত্ত (৮)
রমানাথ নন্দী (১২)
রহীম বকশ (১)
রাজেন্দ্রনাথ বসু (১)
রাজেন্দ্রনাথ রায় (১)
রাধাগোবিন্দ মৈত্র (.)
রাধানাথ বসাক (১৭)
রাধাবিনোদ দত্ত (২৫)
রামলাল বসু (১২)
রামলাল মিশ্রী (১৮)
১০০। লক্ষ্মীচন্দ্র দাস (১৭)
ললিতমোহন চাটুয্যা (৬)
লেথব্রিজ। ডবলিউ এম (২)
শরচ্চন্দ্র রায় (৩০
শারদাপ্রসাদ বাঁড়ুয্যা (২৩)
শিশিরকুমার ঘোষ (১২)
শ্যামলাল মিত্র (১১)
শ্রীশচন্দ্র ঘোষ (১)
ষ্টবমর। ই (৬)
ষ্টিফন। এ জে (৮)
১১০। ষ্টিফন। এম জে (৮)
সত্যেন্দ্রনাথ ঠাকুর (১১)
সাইক্স। পি এস (৬)
সোমনাথ মুখুয্যা (৩)
হীরালাল বাঁড়ুয্যা (১১)
হেমচন্দ্র বাঁড়ুয্যা (১২) ✓

দ্বিতীয় শ্রেণী।

১। অধরচন্দ্র দাস (১৬)
অমৃতলাল মুখুয্যা (১২)
আবদালাহ খাঁ (২)
উমাচরণ বাঁড়ুয্যা (১২)
উমেশচন্দ্র চাটুয্যা (১৫)
উমেশচন্দ্র রায় (১৫)
কালীবর মুখুয্যা (১১)
কালীপ্রসাদ (১৮)
কাশীনাথ ঘোষাল (২১)
১০। কেদারনাথ চাটুয্যা (১০)
গোপালচন্দ্র বসাক (১১)
গোপালচন্দ্র বিশ্বাস (১২)
জগবন্ধু রায় (৮)

তারিণীচরণ মুখুয্যা (২২)
তুলসীদাস দত্ত (১১)
দিননাথ বসু (১১)
দুকড়ী ঘোষ (১২)
দ্বারকানাথ মুখুয্যা (১২)
নন্দলাল ঘোষাল (১১)
নন্দলাল ঢোল (১০)
নবগোপাল মিত্র (১১)
নরেন্দ্রকুমার দাস (৩০)
পেয়ারীমোহন বসু (১৩)
ফকীরচাঁদ রায় (১২)
বসন্তচন্দ্র দাস (৮)
বামাচরণ বাঁড়ুয্যা (১১)
ভৈরবচন্দ্র আঢ্য (৬)
মধুসূদন ঘোষ (২২)
মহেন্দ্রনাথ ঘোষাল (২২)
৩০ মহেন্দ্রনাথ মিত্র (২২)
মহেন্দ্রলাল গুপ্ত (১২)
মোহিনীমোহন চক্রবর্ত্তী (২৯)
যদুনাথ ঘোষ (১২)
যদুনাথ মিত্র (১০)
রজীউল হুসেন (২)
রাজকৃষ্ণ মুখুয্যা (১২)
রামচন্দ্র গাঙ্গুলি (১১)
রামলাল বাঁড়ুয্যা (১১)
রামাক্ষয় চাটুয্যা (৩)
৪০ লক্ষ্মীনারায়ণ বসু (১১)
শশিভূষণ সরকার (১৫)
সারদাপ্রসাদ রায় (৮)
শিবচন্দ্র মজুমদার (১)
শ্যামাচরণ সেন (৮)
শ্রীনিবাস ঘোষ (১৪)
হরকান্ত বাগচি (৯)
৪৭। হুকুমৎ রায় (১০)

বৈসচান্সেলর সাহেবের হুকুমক্রমে:
ডবলিউ গ্রাপেল। রেজিষ্টার
কলিকাতা উনিবর্সিটি। ১৮৫৭ সাল ৪ মে।

পূর্ব্ব লিখিত পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিরদের নামের দক্ষিণ পার্শ্বে যেসকল অঙ্ক আছে তাহাতে তাঁহারা যে বিদ্যালয়ে বিদ্যাভ্যাস করিয়াছেন তাহা প্রকাশ হয়।

বিশেষতঃ।

১। প্রেসিডেন্সী কালেজ।
২। কলিকাতার মাদরসা।
৩। সংস্কৃত কালেজ।
৪। সিবিল ইঞ্জিনিয়রিং কালেজ।
৫। বিশপ কালেজ।
৬। ডবটন কালেজ।
৭। শ্রীরামপুর কালেজ।
৮। ঢাকা কালেজ।
৯। বহরমপুর কালেজ।
১০। দিল্লী কালেজ।
১১। হিন্দু কালেজ।
১২। কলুটোলার শাখা ইস্কুল।
১৩। সেণ্ট পাল ইস্কুল।
১৪। লা মারটিনিয়ের।
১৫। ফ্রি চর্চ ইনষ্টিটিউসান।
১৬। জেনরল আসেম্বলি ইনষ্টিটিউসান।
১৭। ওরিএন্টল সেমিনেরি।
১৮। লণ্ডন মিশনরি সোসাইটীর ইনষ্টিটিউসান ভবানীপুর।
১৯। উত্তরপাড়া ইস্কুল।
২০। বালী সাহায্যকৃত ইস্কুল।
২১। জনাই ইস্কুল।
২২। বারাসৎ ইস্কুল।
২৩। কাশীপুর সাহায্যকৃত ইস্কুল।
২৪। বাঁকুড়া ইস্কুল।
২৫। বর্দ্ধমানের মহারাজার ইস্কুল।
২৬। যশোহরের ইস্কুল।
২৭। চাটিগাঁয়ের ইস্কুল।
২৮। পাটনা হাই ইস্কুল।
২৯। মৌলীয়া ইস্কুল।
৩০। ঘরে শিক্ষিত।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১২ মে।]

কলিকাতা উনিবর্সিটি।

Bachelor of Arts এই উপাধি প্রাপণাকাঙ্ক্ষিরদের ১৮৫৮ ও ১৮৫৯ সালে যেং বিষয়ে পরীক্ষা দিতে হইবেক।

হিন্দী ও উর্দ্দূ।

হিন্দী।	উর্দ্দূ।
তুলসীকৃত রামায়ণ (বালককাণ্ড ও অযোধ্যা কাণ্ড)	বাগওবিহার।
প্রেমসাগর	দাবানী সৌদা।
সুভবিলাস	(কালীদাস)

বৈস চান্সেলর সাহেবের আজ্ঞাক্রমে।
ডবলিউ গ্রাপেল। রেজিষ্টার
কলিকাতা উনিবর্সিটি। ১৮৫৭। ৪ মে।

ফোর্ট উলিয়ম।

সিবিল ইঞ্জিনিয়রিং কালেজ।

বিজ্ঞাপন।

১। সিবিল ইঞ্জিনিয়রিং কালেজে যাঁহারা ভর্ত্তি হইতে চাহেন তাঁহারদের পরীক্ষা মে মাসের ২৭তারিখ বুধবারে ঐ কালেজে হইবেক ও সেই পরীক্ষা তাহার পর কতক দিনপর্য্যন্ত চলিবেক।

২। "প্রধান শ্রেণীর বৃত্তি ভোগার্থে বিদ্যা" বলিয়া গবর্ণমেণ্টের কালেজে ছাত্ত্রেরদের দ্বিতীয় বৎসরে যেং বিদ্যা শিক্ষা করিতে হয় সেইং বিদ্যা লইয়া ইঞ্জিনিয়রের ক্লাসের পরীক্ষা হইবেক। প্রিনসিপল সাহেবের নিকটে কেহ পত্র পাঠাইলে কি আপনি উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলে ঐ সকল পুস্তকাদির ফর্দ্দ পাইতে পারিবেন। গবর্ণমেণ্ট কালেজের তৃতীয় কি চতুর্থ বৎসরের ছাত্ত্রেরা যদি সেই কালেজে ভর্ত্তি হইতে চাহেন তবে তাঁহারদের পরীক্ষা দিতে হইবেক না কালেজহইতে প্রেরিত হওনমতে গ্রাহ্য হইবেন।

৩। অধস্থ শ্রেণীর ক্লাসে ভর্ত্তি হইবার জন্যে এইবার এইং বিষয়ের পরীক্ষা লওয়াযাইবেক। ইঙ্গরেজী ও বাঙ্গলা (কি উর্দ্দূ) অনায়াসে ও ঠিকরূপে পড়িতে লিখিতে হইবেক। অঙ্ক বিদ্যার সিম্পল ইকুেশনপর্য্যন্ত বীজগণিত বিদ্যা। ইউক্লিডের চারি খণ্ড। ও পরিমাপক বিদ্যার কিঞ্চিৎ।

৪। পরীক্ষা হইবার সময়ে জিজ্ঞাসার সকল উত্তর লিখিয়া দিতে হইবেক। কোন বিশেষ বিদ্যা সম্পর্কে যত চিহ্ন হইলে সম্পূর্ণ পটুতা হয় তাহার তিন অংশের এক অংশ না হইলে, ও যে সকল বিষয়ের পরীক্ষা হয় তাহার সমুদয়ের যত চিহ্ন হইলে সম্পূর্ণ পটুতা হয় সর্ব্বসুদ্ধ তাহার অর্দ্ধেক না হইলে, কেহ উত্তীর্ণ হইতে পারিবেন না।

৫। যাঁহারা উত্তীর্ণ হন তাঁহারদের ১৮৫৭ সালের ১ জুন তারিখঅবধি কালেজে যাইতে হইবেক।

৬। পবলিক ওর্কস অর্থাৎ সরকারী ইমারৎ আদি নির্ম্মাণার্থ ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ১৭ জুন তারিখের ১১৭ নম্বরের যে বিজ্ঞাপন প্রকাশ হয় তাহার লি-

খিত পরীক্ষাতে যেং ছাত্র উত্তীর্ণ হইতে পারেন তাঁহার- দিগকে ভারতবর্ষের গবর্ণমেণ্ট নীচের লিখিত সীমাপর্য্যন্ত বৎসরেং কর্ম্ম দিতে প্রস্তুত আছেন ও এইক্ষণে কর্ম্ম দিবার প্রতিজ্ঞা করেন। বিশেষতঃ

ইঞ্জিনিয়রের দফ্তরে (অচিহ্নিত ইউরোপীয় ২ জনকে ও এদেশীয় ৩ জনকে) ৫ পদ।

অধীন দফ্তরের উপরিস্থ শ্রেণীর (ঐ ঐ ৫ জনকে ঐ ৮ জনকে) ১৩ ঐ।

ঐ অধীন ঐ (ঐ ৩০ জনকে) ৩০ ঐ।

যাঁহারা উত্তীর্ণ হন তাঁহারদের সংখ্যা যদি ঐ নিরূপিত সংখ্যার অধিক হয় তবে যাঁহারা অতি সুখ্যাত্যাপন্ন তাঁহারদিগকে পুরস্কারস্বরূপে ঐ পদ দেওয়া যাইবেক। ঐ বিজ্ঞাপনের ৬১ ও ৬৯,৭০, ও ৭১ দফাতে যেমন নির্দ্দিষ্ট হইয়াছে তেমনি যাঁহারা কর্ম্ম পান তাঁহারদিগকে এক বৎসরপর্য্যন্ত পরীক্ষাভাবে রাখা যাইবেক। ও তাঁহারদিগকে গ্রাহ্য কি অগ্রাহ্য করা কর্ত্তারদের স্বেচ্ছাধীন হইবেক।

ই। সি। আই। উলিয়মস।
প্রিনসিপল।

সি ই, কালেজ।
ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১৫ আপ্রিল।

৮৩৩ নম্বর।
ফোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেণ্ট।
১৮৫৭ সাল ২৭ আপ্রিল।
বিজ্ঞাপন।

১৮৫৬ সালের ২৪ অকটোবর তারিখের বিজ্ঞাপনক্রমে প্রকাশ হইয়াছিল যে, এদেশীয় যে মজুরেরা মরিচ উপদ্বীপে গমন করে তাহারা সেই স্থানে পঁহুছিলে তাহারদের সুরক্ষার জন্যে উপযুক্তমতের উপায় করা যায় নাই এমত বিশ্বাস করিবার কারণ পাইয়া হজুর কৌন্সেলের ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর আজ্ঞা করিলেন যে সেই লোকেরদের ঐ দেশে গমন রহিত ও নিবারিত হয়। তৎপরে মরিচ উপদ্বীপের গবর্ণমেণ্ট-হইতে কএক পত্র পাওয়া গিয়াছে তদ্দ্বারা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হৃদ্বোধমতে জানিয়াছেন যে এইক্ষণে তাহারদের সুরক্ষার সদুপায় করা গিয়াছে। অতএব সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৭ সালের ২৭ আপ্রিল তারিখঅবধি ভারতবর্ষের লোকেরদের মরিচ উপদ্বীপে গমন করিবার অনুমতি হইয়াছে।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে।

সিসিল বীডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. / গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

LAND ADVERTISEMENTS. / ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা কটক।

এজলানামা কাছারি কালেক্‌টরী মধ্যম প্রদেশ জেলা কটক।

সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজী সন ১৮৪৫ সাল প্রথম আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মাহাল সকল লাগায়েত কিস্তী মাহ জানুআরি সন ১৮৫৭ সাল মোতাবেক সন ১২৬৪ সাল আটপণি বাকী সরকারের পাওনা আদায় কারণ সন ১৮৫৭ সাল মাহ মাহার ২৯ তারিখ মোতাবেক সন ১২৬৪ সাল জ্যৈষ্ঠ মাহার ১৮ তারিখ শুক্রবার দিবসে এজেলার কালেক্‌টরী কাছারিতে নীলামে বিক্রয় হইবেক ২৯ তারিখ মাহ আপরেল সন ১৮৫৭ সাল।

দ্বিতীয় শ্রেণী মিয়াদি বন্দোবস্ত জমা ধার্য্যহওয়া মহাল।

নং ১১৭৫ তৌজী হুজুরী মাহাল পং হরিহরপুর কিসমত তালুকে হরিহরপুর লিখিত মালিক অনন্ত দাস ও সেখ এমামবকশ পিতাউলি মাহাফেজ আবদুলরহেম ও অবুঅয়োর নাবালগান হিস্যা কিসমত ॥৵১৫ দশ আনা পনরো গণ্ডার শরিকদার সকল সমুদয় বাকী জের বাঁটওয়ারানুসারে দাখিল করাতে তাহাদিগের হিস্যা বাদে শম্ভুদাস ও রাজেন্দনার্দ্দন শেণ্ট নরিন্দ্র বাহাদুর সেবায়েত শ্রীকৃষ্ণবেহারি মহাপ্রভু ও শ্রীরাম সোম বাকীদার সকল আপনং হিস্যার বাকী দাখিল না করাতে তাহাদিগের হিস্যা কিঃ ।/৫ পাঞ্চ আনা পাঞ্চগণ্ডা নীলাম হইবেক কিন্তু দরোবস্ত মাহালের সদর জমা মঃ ৫৩৯/৩৮ কোম্পানি

নং ১২০২ তৌজী হুজুরী মাহাল পঃ হরিহরপুর মৌজে বালি আসামন ওগেরহ লিখিত মালিক বাউলদাস ও রাজেন্দনার্দ্দন শেণ্ট নরিন্দ্র বাহাদুর সেবায়েত শ্রীকৃষ্ণবেহারি মহাপ্রভু সদর জমা মঃ ৪১৩।৶৪ চারশত তের টাকা সাত আনা চারপাই কোম্পানি

তারিখ সন সদর ইতি।

R. N. SHORE, *Collector.*

জিলা বালেশ্বর।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা বালেশ্বরের নীচের লিখিত মাহালাত মালগুজারি বাকী বাবৎ ইংরাজি সন ১৮৫৭ সাল ২৮ মে মোতাবেক উড়িয়া সন ১২৬৪ সাল ১৭ জ্যৈষ্ঠ রোজ শুক্রবার ঐ জেলার কালেক্‌টরি কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক সন ১৮৫৭ সাল ৪ মে।

তৃতীয় শ্রেণী মেয়াদি বন্দোবস্তি মাহাল।

১১৩৮ নং মৌজে দনার্দ্দনপুর প্রগনে অহিয়ানা জমিদারি দনার্দ্দন বিশওয়াল ও চৌধুরী গজিন্দ্র মাহাপাত্র ও ঋষিবিশওয়াল ওগেরহ সদর জমা ৩৫৭৮৶৮ মাত্র এমাহাল বাঁটওয়ারাতে দায়ের থাকা হেতু উক্ত জমিদারি মধ্য হইতে দনার্দ্দন বিশওয়াল ও চৌধুরী গজিন্দ্র মাহাপাত্র ওগেরহর হিস্যা কিশমত ॥৵২॥২ ক্রান্ত নীলাম হইবেক।

চতুর্থ শ্রেণী অন্য মাহালের বাকী মালগুজারি বাবৎ যে মাহাল নীলাম হইবেক।

১২ নং লাট।

লাখরাজ বাহালি মাং ৩৬। ১৭।/ জমি প্রগনে কওরদাচোর লাখরাজদার শিবশতপস্তী ও নিলুশতপস্তী ও সিতারামজেনা ও লাখরাজ বাজয়াফ্তি মাং ১৭। ৬ জমি প্রগনে ঐ লাখরাজদার ঐ জমা ৩৮/৯

T. B. MACTIER, *Offg. Collector.*

[*Government Gazette, 12th May,* 1857.].

SALT.

মাসওয়ারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেন্ট গোলাঘাটি বাবৎ লাগাদ ৩০ আপ্রিল সন ১৮৫৭ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাচাতের মৌজুদ। নিমক।

এজেন্সীর নাম।	সন ১২৫৮ সাল মোতাবক ইংরাজী ১৮৫১ । ৫২ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২ । ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩ । ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪ । ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫ । ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬ । ৫৭ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলী।							
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর।	•	•	•	•	১,৪৬১/	১৭,৭০৫/	১৯,১৭০/
ঐ কৃষ্ণনগর।	•	•	•	•	৩.৩৬১॥৫	১০/	৩.৩৭১॥৫
ঐ রামনগর।	•	•	•	৫,০২৭/	১.৯৭৮।০	১১,০১৬/	১৯,০৯১।০
ঐ উত্তর কালীনগর।	•	•	•	•	১০০৩/	৩২,৮৮৫/	৩৩,৮৮৮/
ঐ পুরী ঘাট।	•	•	•	•	৪৬.৭৭৩/	৮,৬০৮/	৫৫,৩৮১/
একুন।	•	•	•	৫.০২৭/	৫৪,৬০০৸৫	৮১,২০৪/	১,৪০,৯০১৸৫
তমলুক।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।	•	•	•	•	৪,৮৯৯৸৮॥৶	২,১৩,১২৯/	২,১৮,০২৮৸৮॥৶
একুন।	•	•	•	•	৪,৮৯৯৸৮॥৶	২,১৩,১২৯/	২.১৮,০২৮৸৮॥৶
২৪ পরগনা।							
পাঙ্গা নেমক ঘাট ধাপা।	•	•	•	•	৩,৫৭৫।৫	•	৩,৫৭৫॥৫
ঐ বারুই।	•	•	•	•	৪,৮২৭/৯	•	৪৮২৭/৯
একুন।	•	•	•	•	৮,৪০২৸৪	•	৮.৪০২৸৪

এজেন্সীর নাম।	সন ১২৫৮ সাল মোতাবেক ইংরাজী ১৮৫১।৫২ সাল এবং পুর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবেক ইং ১৮৫২।৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবেক ইং ১৮৫৩।৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবেক ইং ১৮৫৪।৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবেক ইং ১৮৫৫।৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবেক ইং ১৮৫৬।৫৭ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক বাগওয়াড়ি ঘাট।	০	০	০	০	৬,০৩৮/১	০	৬,০৩৮/১
পাঙ্গা নেমক সদর ঘাট এজেন্সী।	০	০	০	০	৭,৪২২৸৫	০	৭,৪২২৸৫
ঐ আরাকিন।	০	০	০	০	০	৫৪,০৩১/৫	৫৪,০৩৫/৫
একুন।	০	০	০	০	১৩,৪৬০৸৬	৫৪,০৩১/৫	৬৭,৪৯৬/১
বালিশ্ব							
পাঙ্গা নেমক কটক।	০	০	০	০	৮২,১২২/	০	৮২,১৯২/
ঐ বালেশ্বর।	০	০	০	০	৬৪৮/	০	৬৫৮/
ঐ খোরদা।	০	০	০	২২১/	৪৪,২৩৭/	০	৪৪,৫২৮/
ঐ চিলকা।	০	০	০	৩,০২৮/	৭২,৭৭২/	০	৭৫,৮০০/
ঐ ২৪ পরগনা।	০	০	০	০	৪,৩২০/	০	৪,৩২০/
ঐ ঐ নারায়ণপুর।	২,০৩,৫৮৭৷০	০	০	০	০	০	২০,৩৫৮৭৷০
করকচ মান্দ্রাজ পরমিট।	০	০	০	২,৮৩,২৫৭/	৭,০৬,৪৮২/	০	৯,৮৯,৭০৪/
ঐ চিলকা।	০	০	৪৭,২১১/	১,৭৫,২৯৯/	৯০,২৩১/	০	৩,১০,০৪১/
পাঙ্গা নেমক পুরীঘাট।	০	০	০	৫২৩/	৪১৯/	০	৯৪২/
একুন।	১,০৩,৫৮৭৷০	০	৪৭,২১১/	৪,৬২,৩২৩/	১০,০১,৩১১/	০	১৭,১৪,৮০২৷০
আরাকি।							
পাঙ্গা নেমক ঘাট চৈতফু।	০	০	০	০	১৮,৪২৪৷২	১১,৯০৪/	৩৮,৩৫৮৷২
একুন।	০	০	০	০	১৮,৪২৪৷২	১১,৯৩৪/	৩৮,৩২৮৷২
মোট একুন।	২,০৩,৫৮৭৷০	০	৪৭,২১১/	৪,৬৭,৪৯০/	১১,০১,১০০/৫৷৴	০,৬৮,৩৭২/৫	২১,৮৮,০৬০৷০৷৴

হ টি টুইর। সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENT. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার

সুপ্রিম কোর্ট।
রিশিবর আফিস।
জমীদারিদিগর ইজারা।
ভোলানাথ কুণ্ডু চৌধুরীদিগর বাদী।
অন্নদাপ্রসাদ রায় শ্রীকৃষ্ণ সিংহদিগর প্রতিবাদী ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান মে মাহার ২৭ তারিখ বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিশিবর শ্রীযুত চারলস সুইণ্টন হাগ সাহেব তাঁহার আফিসে উপরোক্ত মোকদ্দমাহায় সংক্রান্ত নীচের লিখিত জমীদারীদিগরের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

মোতালকে জিলা ২৪ পরগনা।

লাট শালিখা।

নিজ শালিখা	১	রকম ।৵০ আনা
ঘুষড়ি	১	ঐ
		লাট ডোমজুড়
নিজ ডোমজুড়	১	ঐ
পায়রাটুঙ্গি	১	ঐ
বালি মায়বাজার	১	ঐ
	৫	

মোতালকে জিলা হুগলি

লাট গোবিন্দপুর।

নিজ গোবিন্দপুর	১	রকম ষোলআনা
দেরাড়া	১	ঐ
রামচন্দ্রপুর	১	ঐ
কিং মুন্সিপুর	১	রকম ।৵০ আনা
কিং বেণিপুর	১	ঐ
কিং আটীশাড়া	১	ঐ
কালীনগর	১	রকম ষোলআনা
কিং বালিআড়া	১	রকম ৷৷০ আনা
		লাট বিল জয়পুর।
নিজ বিল জয়পুর	১	রকম ।৵০ আনা
মনহরপুর	১	ঐ
মৃণালা মায় বড়কলা চিহ্নিত অংশ।	১	ঐ
জাঙ্গবগাছী	১	ঐ
দুলাইগাছী	১	ঐ
	১৮	

আরং বৃত্তান্ত রিশিবর আফিসে তল্লাস করিলে জানিতে পারিবেন ইতি
রিশিবর আফিস কোর্ট হৌস।
তারিখ ৭ মে ১৮৫৭ সাল।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৫৭। ১২ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

অতিরিক্ত
গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, MAY 15, 1857

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ১৫ মে।

DRAFTS OF ACTS.

A Bill for simplifying the Procedure of the Courts of Civil Judicature of the East India Company in Bengal.

[Concluded from page 388.]

CHAPTER IX.

Of Procedure in Appeals from Orders.

[Procedure, how it differs from the procedure in appeals from decrees.]

37. The procedure in appeals from orders shall be in all respects the same as in appeals from final decrees, except as hereinafter provided.

(1.) The Register shall be kept in in the form contained in the Schedule (C) hereunto annexed.

(2.) The memorandum of appeal shall in all cases be presented in the Court in which the order objected to was passed, within five days immediately following, and exclusive of the day on which the order was pronounced.

(3.) Where the appeal is from the order of a Zillah Judge, Principal Sudder Ameen, or Moonsiff, the memorandum of appeal shall be accompanied with a list of the papers or depositions of which the appellant desires that copies should be transmitted to the Appellate Court.

(4.) The memorandum of appeal shall be transmitted to the Appellate Court within eight days from the date of presentment; and where the appeal is from the order of a Zillah Judge, Principal Sudder Ameen, or Moonsiff, authenticated copies of the order appealed against, and of the papers and depositions mentioned in the list accompanying the memorandum, shall be transmitted to the Appellate Court with the memorandum of appeal.

আইনের মুসাবিদা

বাঙ্গলা দেশে দেওয়ানী মোকদ্দমার বিচারার্থে কো: ম্পানি বাহাদুরের আদালতের কার্য্য আরো সুগম করিবার আইনের মুসাবিদা।

[৩৮৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

৯ অধ্যায়।

হুকুমের উপর আপীল হইলে যেরূপে কার্য্য হইবেক তাহার কথা।

[ডিক্রীর উপর আপীলের কার্য্যেতে এই কার্য্যের যে২ স্থলে বিশেষ হয়।]

৩৭। চূড়ান্ত ডিক্রীর উপর আপীল হইলে যে প্রকারে কার্য্য হয় হুকুমের উপর আপীল হইলেও সর্ব্বপ্রকারে সেইরূপে কার্য্য হইবেক। কিন্তু ইহার পরের লিখিত বিষয় ছাড়া, অর্থাৎ

১। রেজিষ্টর এই আইনের শেষভাগের লিখিত C চিহ্নের তফসীলের পাঠে রাখিতে হইবেক।

২। যে হুকুমের বিষয়ে আপত্তি হয় তাহা যে আদালতে হইয়াছিল সেই আদালতে যে দিনে হুকুম হইয়াছিল তাহা ছাড়া তাহার পর পাঁচ দিনের মধ্যে আপীলের আবেদনপত্র উপস্থিত করিতে হইবেক।

৩। যদি জিলার জজ সাহেবের কি প্রধান সদর আমীনের কি মুনসেফের হুকুমের উপর ঐ আপীল হয়, তবে যে সকল কাগজপত্রের কি জোবানবন্দীর নকল আপীল আদালতে পাঠাইবার বিষয়ে আপেলাণ্টের ইচ্ছা থাকে, তাহার এক ফর্দ্দ আপীলের আবেদনপত্রের সঙ্গে পাঠাইতে হইবেক।

৪। আপীলের আবেদনপত্র যে তারিখে উপস্থিত করা যায় তাহার পর আট দিনের মধ্যে তাহা আপীল আদালতে পাঠাইতে হইবেক। আর যদি সেই আপীল জিলার জজ সাহেবের কি প্রধান সদর আমীনের কি মুনসেফের হুকুমের উপর হয়, তবে যে হুকুমের উপর আপীল হয় তাহার দস্তখৎকরা নকল, ও আবেদনপত্রের সঙ্গে যে ফর্দ্দ দেওয়া যায় সেই ফর্দ্দের লিখিত কাগজপত্রের ও জোবানবন্দীর নকল আপীলের আবেদনপত্রের সঙ্গে আপীল আদালতে পাঠাইতে হইবেক।

(5.) At the expiration of twenty days after the presentment of a memorandum of appeal in a case appealable to the Zillah Court, and thirty days after its presentment in a case appealable to the Sudder Court, from the order of a Zillah Judge, Principal Sudder Ameen, or Moonsiff, and ten days in a case appealable to the Sudder Court from an order of a Court of original jurisdiction constituted by one or more of its own Judges the case shall be set down for hearing in the Appellate Court, and if the appellant does not appear on any day thereafter that the case may be called on for hearing, it shall be struck out of the file; but the Appellate Court shall have power to restore the case to the file, if sufficient cause to its satisfaction for so doing be shown within a reasonable time.

৫। যে স্থলে জিলার আদালতে আপীল হইতে পারে সেই স্থলে আপীলের আবেদনপত্র উপস্থিত হইবার পর কুড়ি দিন গত হইলে, ও যে স্থলে জিলার জজ সাহেবের কি প্রধান সদর আমীনের কি মুনসেফের হুকুমের উপর সদর আদালতে আপীল হইতে পারে সেই স্থলে ঐ আবেদনপত্র উপস্থিত হইবার পর ত্রিশ দিন গত হইলে, ও যে স্থলে মোকদ্দমা প্রথমে শুনিবার জন্যে সদর আদালতের এক কি অধিক জন বিচারকর্ত্তা লইয়া সংস্থাপিত আদালতের হুকুমের উপর সদর আদালতে আপীল হইতে পারে সেই স্থলে দশ দিন গত হইলে, ঐ মোকদ্দমা আপীল আদালতে শুনিবার জন্যে লিখিয়া দেওয়া যাইবেক। ও তাহার পর মোকদ্দমা শুনিবার জন্যে যে কোন দিনে তলব হয় সেই দিনে যদি অপেলাণ্ট উপস্থিত না হয়, তবে মোকদ্দমা খারিজ হইবেক। কিন্তু যদি সেই মোকদ্দমা পুনরায় নথীর শামিল করিবার প্রচুর কারণ আপীল আদালতের হৃদ্বোধমতে উপযুক্ত সময়ের মধ্যে প্রকাশ করা যায় তবে আপীল আদালত তাহা পুনরায় নথীর শামিল করিতে পারিবেন।

(6.) It shall not be necessary for the Appellate Court to call for any further papers, unless it shall think proper.

৬। অতিরিক্ত কোন কাগজপত্র আপীল আদালতের তলব করিবার আবশ্যক হইবেক না। কিন্তু উচিত বোধ করিলে তলব করিতে পারিবেন।

(7.) It shall not be necessary to give any notice to the respondent.

৭। রেসপাণ্ডেণ্টকে কোন এত্তেলা দিবার আবশ্যক হইবেক না।

(8.) The judgment may be delivered orally, and reduced to writing in the language of the Court, by an officer of the Court, or otherwise as the Court may think proper in each particular case.

৮। নিষ্পত্তি জবানীতে প্রকাশ হইতে পারিবেক। ও আদালতের কোন কর্ম্মকারকের দ্বারা, কিম্বা প্রকারান্তরে আদালত যে মোকদ্দমায় যেমন উচিত বোধ করেন তেমনি ঐ নিষ্পত্তি আদালতের চলন ভাষায় লিখিয়া দেওয়া যাইতে পারিবেক।

CHAPTER X.
REVIEW OF JUDGMENT.

[*Cases in which a party may apply for a review of judgment. Within what time the application should be made. The order of the Court for granting or refusing the review is final.*]

১০ অধ্যায়।
নিষ্পত্তির পুনর্বিচার।

[*যে২ স্থলে কোন পক্ষ নিষ্পত্তির পুনর্বিচার হইবার দরখাস্ত করিতে পারে। যে কালের মধ্যে দরখাস্ত করিতে হইবেক। পুনর্বিচার হইবার অনুমতি দেওনের কি না দেওনের বিষয়ে আদালতের যে হুকুম হয় তাহা চূড়ান্ত হইবেক।*]

1. Any persons considering themselves aggrieved by a decree of any Court of original jurisdiction, from which no appeal shall have been preferred to a Superior Court—or by a decree of a Zillah Judge in appeal, from which no special appeal shall have been admitted by the Sudder Court—or by a decree of the Sudder Court from which either no appeal may have been preferred to Her Majesty in Council, or an appeal having been preferred, no proceedings in the suit have been transmitted to Her Majesty in Council—and who, from the discovery of new matter or evidence which was not within their knowledge, or could not be adduced by them at the time when the decree was passed, or from any other good and sufficient reason, may be desirous of obtaining a review of the judgment passed against them—may apply in person or by advocate, attorney, or vakeel, for a review of judgment by the Court which passed the decree. The application shall be made within three months from the date of the decree, but the Courts are nevertheless authorized to admit applications for a review after the period above-mentioned, provided that the parties pre-

১। মোকদ্দমা যে আদালতে প্রথমে উপস্থিত হইয়াছিল এমত কোন আদালতের ডিক্রীর দ্বারা যদি কোন ব্যক্তিরা আপনারদিগকে অন্যায়গ্রস্ত জ্ঞান করে, ও যদি সেই ডিক্রীর উপর কোন আপীল উপরিস্থ আদালতে করা না গিয়াছে, অথবা আপীলক্রমে জিলার জজ সাহেবের ডিক্রীর দ্বারা যদি কোন ব্যক্তি আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করে ও তাহার উপর কোন খাস আপীল সদর আদালতে গ্রাহ্য না হইয়াছে অথবা সদর আদালতের ডিক্রীর দ্বারা যদি কোন লোক আপনাকে অন্যায়গ্রস্ত জ্ঞান করে ও তাহার উপর কোন আপীল শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে করা না গিয়াছে কিম্বা আপীল করা গেলেও যদি মোকদ্দমার কোন কাগজপত্র শ্রীশ্রীমতী মহারাণীর হজুর কৌন্সেলে পাঠান না গিয়াছে, ও ডিক্রী যে সময়ে হইয়াছিল সেই সময়ে ঐ ব্যক্তিরা যাহা অবগত ছিল না কিম্বা যাহা উপস্থিত করিতে পারিল না এমত কোন নূতন বিষয়ের কি প্রমাণের সন্ধান পাওয়াপ্রযুক্ত অথবা অন্য কোন উত্তম ও যাতবর কারণে যদি ঐ ব্যক্তিরা আপনারদের বিরুদ্ধে যে নিষ্পত্তি হইয়াছে তাহার পুনর্বিচার হইবার বিষয়ে ইচ্ছা করে, তবে যে আদালত ডিক্রী করিয়াছিলেন সেই আদালতের দ্বারা নিষ্পত্তির পুনর্বিচার হইবার দরখাস্ত সেই ব্যক্তিরা নিজে কিম্বা আড্‌বোকেট কি টর্নি কি উকীলের দ্বারা করিতে পারিবেক। ঐ দরখাস্ত ডিক্রীর তারিখঅবধি তিন মাসের মধ্যে করিতে হইবেক। পরন্তু যে ব্যক্তিরা ঐ

ferring the same shall be able to show just and reasonable cause, to the satisfaction of the Court, for not having preferred such application within the limited period. If the Court to which an application for a review may be presented shall be of opinion that there are not any sufficient grounds for a review, it shall reject the application, but if on the contrary it shall be of opinion that the review desired is necessary to correct an evident error or omission, or is otherwise requisite for the ends of justice, the Court to which the application may have been presented shall grant the review, and its order in either case, whether for rejecting the application or granting the review, shall be final.

দরখাস্ত করে তাহারা যদি ঐ মিয়াদের মধ্যে ঐ দরখাস্ত না করিবার যথার্থ ও উপযুক্ত কারণ আদালতের সন্তোষমতে প্রকাশ করিতে পারে, তবে সকল আদালত ঐ মিয়াদের পরেও পুনর্ব্বিচারের দরখাস্ত গ্রাহ্য করিতে পারিবেন। যে আদালতের নিকটে পুনর্ব্বিচারের দরখাস্ত করা যায় সেই আদালত যদি বোধ করেন যে পুনর্ব্বিচার হইবার কোন উপযুক্ত কারণ নাই, তবে সেই দরখাস্ত অগ্রাহ্য করিবেন। পরন্তু যদি বোধ করেন যে স্পষ্ট কোন ভ্রম কি ত্রুটির সংশোধন করিবার জন্যে প্রার্থনামতে পুনর্ব্বিচার করা আবশ্যক, অথবা কারণান্তরে যথার্থ বিচারের জন্যে প্রয়োজন হয়, তবে যে আদালতে ঐ দরখাস্ত করা গিয়াছিল সেই আদালত পুনর্ব্বিচার হইবার অনুমতি দিবেন। ইহার মধ্যে কোন স্থলে অর্থাৎ ঐ দরখাস্ত অগ্রাহ্য করিবার কি পুনর্ব্বিচারের অনুমতি দিবার যে হুকুম করেন তাহা চূড়ান্ত হইবেক।

[Application for a review in the Sudder Court must be made to the Judge or Judges that passed the decree.]

[সদর আদালতে পুনর্ব্বিচারের দরখাস্ত করা গেলে তাহা যে বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা ডিক্রী করিয়াছিলেন তাঁহারদের নিকটে করিতে হইবেক।]

2. Provided that, if the Court to which the application for a review of its judgment has been presented be the Sudder Court, whenever the Judge or Judges who may have passed the decree, or if the decree have been passed by two or more Judges, when any of such Judges shall continue attached to the Court at the time when the application for a review is presented, and shall not be precluded by absence or other cause, for a period of six months after the application, from considering his order or opinion upon the same, it shall not be competent to any other Judge or Judges of the same Court to enter upon a consideration of the merits of the application, and record an order or opinion thereon.

২। পরন্তু যদি সদর আদালতের নিষ্পত্তির পুনর্ব্বিচারের প্রার্থনা হয় তবে যে বিচারকর্ত্তা কি বিচারকর্ত্তারা ঐ ডিক্রী করিয়াছিলেন তিনি কি তাঁহারা, অথবা সেই ডিক্রী যদি দুই কি ততোধিক জন বিচারকর্ত্তার দ্বারা হইয়া থাকে তবে তাঁহারদের মধ্যে কোন বিচারকর্ত্তারা যদি ঐ পুনর্ব্বিচারের দরখাস্ত হইবার সময়ে আদালতে নিযুক্ত থাকেন, ও সেই দরখাস্ত হইবার পর ছয় মাস পর্য্যন্ত যদি তাঁহারদের অনুপস্থিত থাকাপ্রযুক্ত কি অন্য কোন কারণে ঐ ডিক্রীতে আপনারদের হুকুমের কি মতের পুনর্ব্বিচার করিবার যদি বাধা না থাকে, তবে ঐ দরখাস্তের দোষগুণের বিবেচনা করিতে ও তদ্বিষয়ের হুকুম কি মত রিকার্ড করিতে ঐ আদালতের অন্য কোন বিচারকর্ত্তার কি বিচারকর্ত্তারদের ক্ষমতা থাকিবেক না।

[Whenever a review is granted, the parties are to be summoned.]

[যখন পুনর্ব্বিচারের অনুমতি হয় তখন উভয় পক্ষকে সমন করিতে হইবেক।]

3. In all cases in which an application for a review of judgment may be granted by any Court, the Court shall give such order, in regard to the summoning of the absent party or parties and hearing of the cause, as it may deem proper in the circumstances of the case.

৩। যে সকল স্থলে কোন আদালত নিষ্পত্তির পুনর্ব্বিচারের দরখাস্ত গ্রাহ্য করেন সেই সকল স্থলে ঐ আদালত মোকদ্দমার ভাবগতিক বুঝিয়া অনুপস্থিত এক পক্ষের কি উভয় পক্ষের সমন করিবার বিষয়ে ও মোকদ্দমা শুনিবার বিষয়ে যে হুকুম করা উচিত বোধ করেন সেই হুকুম করিবেন।

[Abstract statements of reviews admitted to be forwarded to Superior Courts.]

[পুনর্ব্বিচারের অনুমতি হইলে তাহার খোলাসা উপরিস্থ আদালতে পাঠাইতে হইবেক।]

4. The Principal Sudder Ameens and Moonsiffs shall at the close of each month send to the Judge of the Zillah a list of the cases in which they may have admitted a review of judgment, with a statement of the grounds on which the review has been admitted, and the Judge shall in like manner, at the close of each month, send to the Sudder Court a list of the cases in which he may have admitted a review of judgment, together with the grounds on which the review has been admitted, and shall at the same time transmit to the Sudder Court any lists which he may have received from the Principal Sudder Ameens and Moonsiffs of cases in which they may have admitted a review of judgment, together with such remarks as he may think proper thereon.

৪। প্রধান সদর আমীনেরা ও মুনসেফেরা যে সকল মোকদ্দমার নিষ্পত্তির পুনর্ব্বিচারের অনুমতি দেন সেই সকল মোকদ্দমার এক ফর্দ্দ ও যে হেতুতে পুনর্ব্বিচারের অনুমতি দিয়াছেন তাহার খোলাসা তাঁহারা প্রতিমাসের শেষে জিলার জজ সাহেবের নিকটে পাঠাইবেন। সেই প্রকারেও জজ সাহেব যে সকল মোকদ্দমার নিষ্পত্তির পুনর্ব্বিচারের অনুমতি দেন তাহার এক ফর্দ্দ ও যে হেতুতে পুনর্ব্বিচারের অনুমতি দিয়াছেন তাহা প্রতিমাসের শেষে সদর আদালতে পাঠাইবেন, ও প্রধান সদর আমীনেরা ও মুনসেফেরা যে সকল মোকদ্দমার নিষ্পত্তির পুনর্ব্বিচারের অনুমতি দিয়াছেন সেই সকল মোকদ্দমার যে কোন ফর্দ্দ তিনি তাঁহারদের স্থানে পাইয়া থাকিবেন তাহা ও তদ্বিষয়ে তিনি যে কোন মন্তব্য কথা লেখা উচিত বোধ করেন তাহাও তিনি সেই সময়েতে সদর আদালতে পাঠাইবেন।

SCHEDULE A. referred to in the foregoing scheme of Procedure.
COURT of the of holden at
REGISTER OF CIVIL SUITS in the year 18 .

Date of Application for Summons.	No. of Suit.	Plaintiff.			Defendant.			Claim.			Appearance.			Judgment.			Appeal		Execution.					Return of Execution.		
		Name.	Trade or Quality.	Residence.	Name.	Trade or Quality.	Residence.	Particulars.	Amount or Value.	When the Cause of Action accrued.	Day for Parties to appear.	Plaintiff.	Defendant.	Date.	For whom.	For what, or Amount.	Date of Appeal.	Judgment in Appeal.	Date of Application.	Date of Order.	Against whom.	For what, and Amount if Money.	Amount of Costs.	Amount paid into Court.	Arrested.	Minute of other Return than Payment or Arrest, and Date of every Return.

কার্য্য করিবার উপরের লিখিত মুসবিদাতে A চিহ্নের যে তফসীলের উল্লেখ হয়।
অমুক স্থানে অমুক বিচারকর্ত্তার আদালত
অমুক সালে দেওয়ানী মোকদ্দমার রেজিষ্টর।

সমন হইবার দরখাস্ত করিবার তারিখ।	মোকদ্দমার নম্বর।	ফরিয়াদী			আসামী			দাওয়া			উপস্থিত হওন			নিষ্পত্তি			আপীল		ডিক্রী জারী					জারী হওয়ার রিটর্ণ।		
		নাম	ব্যবসায়াদি	বাসস্থান	নাম	ব্যবসায়াদি	বাসস্থান	দাওয়ার বিশেষ	যত টাকার কি যে মূল্যের	নালিশের হেতু যে সময়ে উপস্থিত হইয়াছিল	উভয় পক্ষের উপস্থিত হইবার তারিখ	ফরিয়াদী	আসামী	তারিখ	যাহার পক্ষে	যে বিষয়ের কি যত টাকার	আপীলের তারিখ	আপীলের নিষ্পত্তি	দরখাস্তের তারিখ	হুকুমের তারিখ	যাহার বিপক্ষে	যে বিষয়ের ও টাকা হইলে যত টাকার	খরচ	টাকা আদালতে দাখিল হয়	গ্রেপ্তার	টাকা দেওন কি গ্রেপ্তার ভিন্ন অন্য যে রিটর্ণ হইয়াছে ও প্রত্যেক রিটর্ণের তারিখ

SCHEDULE B. to the foregoing scheme of Procedure.

SUDDER COURT at CALCUTTA [or Zillah Court at .]

REGISTER of APPEALS from FINAL DECREES in the year 18 .

Date of Memorandum, and where presented.	No. of Appeal.	Appellant.			Respondent.			Decree appealed from.				Appearance.			Judgment.		
		Name.	Trade or Quality.	Residence.	Name.	Trade or Quality.	Residence.	Of what Court.	No. of Original Suit.	Particulars.	Amount or Value.	Day for Parties to appear.	Appellant.	Respondent.	Date.	Confirmed, reversed, or altered.	For what, or Amount.

কার্য্য করিবার উপরের লিখিত মুসাবিদাতে B চিহ্নের তফসীল।

কলিকাতার সদর আদালত (কিম্বা অমুক জিলার আদালত।)

অমুক সালে চূড়ান্ত ডিক্রীর উপর আপীলের রেজিষ্টর।

আবেদনপত্রের তারিখ ও যে স্থানে উপস্থিত করা যায়	আপীলের নম্বর	আপেলাণ্ট			রেস্পাণ্ডেণ্ট			যে ডিক্রীর উপর আপীল হয়				উপস্থিত হওন			নিষ্পত্তি		
		নাম	ব্যবসায়াদি	বাসস্থান	নাম	ব্যবসায়াদি	বাসস্থান	যে আদালতের	প্রথম মোকদ্দমার নম্বর	বিশেষ কথা	যত টাকার কি যে মূল্যের	উভয় পক্ষের উপস্থিত হওনের তারিখ	আপেলাণ্ট	রেস্পাণ্ডেণ্ট	তারিখ	বহাল কি অন্যথা কি পরিবর্ত্তন	যে বিষয়ের কি যত টাকার।

SCHEDULE C. to the foregoing scheme of Procedure.
SUDDER COURT at CALCUTTA [or Zillah Court at .]
REGISTER OF APPEALS from ORDERS in the year 18 .

Date of Memorandum.	No. of Appeal.	Name of Appellant.	Name of Respondent.	Order appealed from.		Order in Appeal.	
				Of what Court.	Substance of Order.	Confirmed, reversed, or altered.	Date.

W. MORGAN, *Clerk of the Council.*

কার্য্য করিবার উপরের লিখিত মুসাবিদাতে C চিহ্নের তফসীল।
কলিকাতার সদর আদালত (কিম্বা অমুক জিলার আদালত।)
অমুক সালে হুকুমের উপর আপীলের রেজিষ্টর।

আবেদনপত্রের তারিখ	আপীলের নম্বর	আপেলাণ্টের নাম	রেস্পাণ্ডেণ্টের নাম	যে হুকুমের উপর আপীল হয়		আপীলের হুকুম	
				যে আদালতের	হুকুমের খোলাসা	বাহাল কি অন্যথা কি পরিবর্ত্তন	তারিখ

ডবলিউ মর্গান : কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator,*

LEGISLATIVE COUNCIL.

THE 7TH MARCH, 1857.

THE following Bill was read a second time in the Legislative Council on the 7th March 1857, and was referred to a Select Committee who are to report thereon after the 11th of May next :—

A Bill for extending the jurisdiction of the Courts of Criminal Judicature of the East India Company in Bengal, for simplifying the Procedure thereof, and for investing other Courts with Criminal jurisdiction.

[Preamble.]

WHEREAS it is expedient to extend the jurisdiction of the Courts of Criminal Judicature of the East India Company in Bengal, to simplify the Procedure thereof, and to invest other Courts with Criminal Jurisdiction in such parts of the territories under the Government of the Lieutenant-Governor of Bengal as are subject to the general Regulations of the Bengal Code: It is hereby enacted as follows:—

[Territorial scope of Act.]

1. This Act shall extend only to such parts of the territories under the Government of the Lieutenant-Governor of Bengal as are subject to the General Regulations of the Bengal Code, except so far as is hereinafter otherwise expressly provided.

CHAPTER I.

SUDDER COURT.

[Jurisdictions of the Sudder Court.]

1. The Sudder Court at Calcutta shall possess the appellate and other Criminal jurisdictions now exercised by it, except so far as the same are altered or modified by this Act.

CHAPTER II.

CRIMINAL COURTS OF ORIGINAL JURISDICTION.

[Criminal Courts other than the Sudder Court.]

1. The Courts for the trial of offences other than the Sudder Court shall be the following:—

COURTS OF SESSION;

COURTS OF THE MAGISTRATES;

SUBORDINATE COURTS; namely—

Subordinate Criminal Courts of the first Class.

Subordinate Criminal Courts of the second Class.

[Who are to be Judges of the Subordinate Criminal Courts.]

2. First Assistants to the Magistrate, and Principal Sudder Ameens, shall be Judges of Subordinate Criminal Courts of the first Class.

Second Assistants to the Magistrate, and Moonsiffs, shall be Judges of Subordinate Criminal Courts of the second Class.

[*Government Gazette*, 15*th May*, 1857.]

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ৭ মার্চ।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ৭ মার্চ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা যায় ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হয়। আগামি মে মাসের ১১ তারিখের পর তাঁহারদের সেই বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের এলাকা বৃদ্ধি করিবার ও তাহার কার্য্য আরো সহজরূপে করা যাইবার ও অন্যান্য আদালতকে ফৌজদারী এলাকা দিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের যে এলাকা আছে তাহা বৃদ্ধি করা ও তাহার কার্য্য আরো সহজরূপে চালাইবার বিধি করা ও বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কর্ত্তৃত্বাধীন দেশের যে২ স্থান বাঙ্গলা দেশের চলিত সাধারণ আইনের অধীন থাকে সেই২ স্থানে অন্যান্য আদালতকে ফৌজদারী এলাকা দেওয়া বিহিত, এই২ কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[আইন যেপর্য্যন্ত খাটিবেক।]

১। এই আইনের মধ্যে যে২ স্থলে অন্যরূপের বিশেষ বিধান হইয়াছে সেই২ স্থল ছাড়া, বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কর্ত্তৃত্বাধীন দেশের যে২ স্থানে বাঙ্গলা দেশের সাধারণ আইন চলে কেবল সেই২ স্থানে এই আইন খাটিবেক।

প্রথম অধ্যায়।

সদর আদালতের কথা।

[সদর আদালতের এলাকা।]

১। কলিকাতার সদর আদালতের আপীলী মোকদ্দমা শুনিবার যে ক্ষমতা আছে ও ফৌজদারী কর্ম্মের অন্য যে এলাকা এইক্ষণে আছে তাহা এই আইনেতে যেপর্য্যন্ত মতান্তর কি পরিবর্ত্তন না হয় সেইপর্য্যন্ত থাকিবেক।

দ্বিতীয় অধ্যায়।

ফৌজদারী মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতের কথা।

[সদর আদালত ভিন্ন ফৌজদারী আদালত।]

১। সদর আদালত ভিন্ন অপরাধের বিচারের জন্যে এই২ আদালত হইবেক।

সেশনের আদালত।

মাজিস্ট্রেট সাহেবেরদের আদালত।

অধস্থ আদালত, অর্থাৎ

প্রথম শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালত।

দ্বিতীয় শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালত।

[অধস্থ ফৌজদারী আদালতে যাঁহারা বিচারকর্ত্তা হইবেন।]

২। মাজিস্ট্রেট সাহেবেরদের প্রধান আসিষ্টাণ্টেরা ও প্রধান সদর আমীনেরা প্রথম শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের বিচারকর্ত্তা হইবেন।

মাজিস্ট্রেট সাহেবেরদের দ্বিতীয় আসিষ্টাণ্টেরা ও মুনসেফেরা দ্বিতীয় শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের বিচারকর্ত্তা হইবেন।

[Criminal Courts, how to be denominated.]

3. The Session Courts, the Courts of the Magistrates, and Subordinate Criminal Courts, shall be denominated after the zillah or city, or division in which they are respectively established.

[ফৌজদারী আদালতের যে নাম থাকিবেক।]

৩। সেশন আদালত ও মাজিষ্ট্রেট সাহেবেরদের আদালত ও অধস্থ ফৌজদারী আদালত যেং জিলাতে কি শহরে কি এলাকাখণ্ডে স্থাপিত হয় তদনুসারে তাহার খ্যাতি হইবেক।

[Appointment, suspension, and removal of Criminal Judges.]

4. The appointment, suspension, and removal of the Judges of the Session Courts, of the Magistrates, and of the Judges of the several Subordinate Criminal Courts, shall be regulated by such rules and orders as the Governor General in Council shall from time to time pass.

[ফৌজদারী বিচারকর্ত্তারদের নিযুক্ত ও মসপেণ্ড ও তগীর করণ।]

৪। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর সময়েং যেং হুকুম ও বিধি করেন সেইং হুকুম ও বিধিমতে সেশন আদালতের বিচারকর্ত্তারদিগকে ও মাজিষ্ট্রেট সাহেবদিগকে ও অধস্থ সকল ফৌজদারী আদালতের বিচারকর্ত্তারদিগকে নিযুক্ত করা যাইবেক ও সসপেণ্ড ও তগীর করা যাইবেক।

[Declaration on entering upon office.]

5. Each Criminal Court is to be presided over by one or more Judges; and every Judge, previous to entering upon the execution of the duties of his office, shall make and subscribe the following declaration before any authority or person commissioned by competent authority to receive it:

"I, *A. B.*, appointed of the Court of , do solemnly declare that I will faithfully perform the duties of my office to the best of my ability, knowledge, and judgment."

[কর্ম্মে প্রবর্ত্ত হইবার সময়ে যে প্রতিজ্ঞা করিবেন।]

৫। প্রত্যেক ফৌজদারী আদালতে এক কি তাহার অধিক জন বিচারকর্ত্তা কর্ত্তৃত্ব করিবেন। প্রত্যেক বিচারকর্ত্তা আপন পদের কর্ম্ম করিতে প্রবর্ত্ত হইবার আগে, তাঁহাকে যে কোন কর্ম্মকারক কি ব্যক্তি প্রতিজ্ঞা করাইতে উপযুক্ত ক্ষমতাক্রমে সনদ পান তাঁহার সম্মুখে, এই প্রতিজ্ঞা করিয়া স্বাক্ষর করিবেন।

আমি অমুক অমুক স্থানের আদালতের অমুক পদে নিযুক্ত হইয়া ধর্ম্মতঃ এই প্রতিজ্ঞা করিতেছি যে আমি আপন ক্ষমতা ও জ্ঞান ও বিবেচনার সাধ্যপর্য্যন্ত আপন পদের কর্ম্ম বিশ্বস্তরূপে নির্ব্বাহ করিব।

[Seal.]

6. Each Criminal Court is to use a seal, such as shall be prescribed by the Local Government.

[মোহর।]

৬। স্থানীয় গবর্ণমেণ্ট যে প্রকারের মোহর আজ্ঞা করেন সেই প্রকারের একং মোহর প্রত্যেক ফৌজদারী আদালত ব্যবহার করিবেন।

[Ministerial officers.]

7. It shall rest with the Governor General in Council, upon the report of the Sudder Court, made after such communication with the Session Judges and Magistrates and Judges of the Subordinate Criminal Courts as may be deemed requisite, to fix such establishment of ministerial officers as may be necessary for the due execution of all the duties committed to those several Courts, and to prescribe the number of offices, the number of officers, their respective salaries, the tenure by which they are to hold office, and such other particulars as the said Governor General in Council may deem proper. Upon the receipt of the instructions of the Governor General in Council, the Judges of the Criminal Courts shall make the appointments to the several offices of their respective establishments.

[আমলা।]

৭। সেশন জজ সাহেবেরদের ও মাজিষ্ট্রেট সাহেবেরদের ও অধস্থ ফৌজদারী আদালতের বিচারকর্ত্তারদের সঙ্গে যে লিখনপঠন আবশ্যক বোধ হয় তাহা করিলে পর সদর আদালত যে রিপোর্ট করিবেন, তদনুসারে ঐ নানা আদালতের প্রতি অর্পণকরা সকল কর্ম্ম উপযুক্তমতে নির্ব্বাহ হইবার জন্য আমলারদের যে সিরিশ্তার আবশ্যক হয় তাহা নির্ণয় করিবার ও যত পদ ও যত আমলা থাকিবেক, ও তাহারদের একং জনের যত বেতন হইবেক, ও তাহারা যে বিধিমতে পদস্থ থাকিবেক তাহা নির্দ্দিষ্ট করিবার ভার হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের প্রতি থাকিবেক, ও হজুর কৌন্সেলে উক্ত শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর অন্য যেং বিষয় উচিত বোধ করেন তাহাও নির্দ্দিষ্ট করিবেন। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের উপদেশ পাইলে পর, ফৌজদারী আদালতের বিচারকর্ত্তারা আপনং সিরিশ্তার মধ্যে নানা পদে লোকদিগকে নিযুক্ত করিবেন।

[No person excepted from jurisdiction by reason of place of birth or of descent.]

8. No person whatever shall, by reason of place of birth, or by reason of descent, be in any Criminal proceeding whatever excepted from the jurisdiction of any of the Criminal Courts.

[কোন ব্যক্তি জন্মস্থান কি বংশপ্রযুক্ত এলাকার বহির্ভূত হন না।]

৮। কোন ব্যক্তি জন্মস্থান কি বংশপ্রযুক্ত কোন ফৌজদারী কার্য্যসম্পর্কে ফৌজদারী কোন আদালতের এলাকার বহির্ভূত হইবেন না।

[Session Court to have jurisdiction over all offences, under the Penal Code or under any special or local law.]

9. The Session Court shall have jurisdiction in respect of all offences punishable under the Indian Penal Code, or under any special or local law.

[দণ্ডবিধির আইন কি কোন বিশেষ কি স্থান বিশেষের আইনঅনুসারে সকল অপরাধের বিষয়ে সেশন আদালতের এলাকা থাকিবেক।]

৯। দণ্ডবিধির আইন কি কোন বিশেষ কি স্থান বিশেষের আইনমতে যে সকল অপরাধের দণ্ড হইতে পারে তদ্বিষয়ে সেশন আদালতের এলাকা থাকিবেক।

[Exclusive jurisdiction as to certain offences.]

10. The Session Court exclusively shall have jurisdiction in respect of—

1st. Offences entered in Schedule A. of the Code of Procedure as triable by those Courts only.

2nd. The offences punishable under Chapter XVII. Clauses 2 and 32 of the Penal Code, when the value of the property which is the subject of the offence exceeds 500 Rupees.

3rd. Offences however punishable under any Clause of the Penal Code, charged against public servants of the first four classes described in Clause 17 Chapter II., whether as such public servants or otherwise.

4th. Offences however punishable under any Clause of the Penal Code, charged against the following public servants as such public servants.

Every head ministerial officer, every record-keeper, and every nazir of a Court of Justice, and every officer of a Court of Justice whose duty it is, or who is especially authorized as such officer, to investigate or report on any matter of law or fact;

Every head jailer;

Every daregha of police.

Every officer whose duty it is, as such officer, to take, receive, keep, or expend any property on behalf of the Government, or to make any survey, assessment, or contract, on behalf of the Government; or to investigate, or to report on any matter affecting the pecuniary interests of the Government; or to make, authenticate, or keep any document relating to the pecuniary interests of the Government.

5th. Offences however punishable under any Clause of the Penal Code, charged against the following public servants, as such public servants:

Every juryman;

Every arbitrator to whom any cause has been referred by a Court of Justice.

[Magistrates, their jurisdiction as to offences.]

11. Magistrates are empowered to try all offences not assigned to the exclusive jurisdiction of the Session Court.

[Subordinate Criminal Courts, their jurisdiction as to offences.]

12: Subordinate Criminal Courts of the first and second classes are empowered to try offences entered in Schedule A. of the Code of Procedure as triable by those Courts respectively.

[Session Court not to pass sentence in cases punishable with death.]

13. In cases tried by the Courts of Session in which the defendant is convicted of any offence which, by the Penal Code, is punishable with

[কোনং অপরাধের বিষয়ে কেবল সেশন আদালতের এলাকা।]

১০। নীচের লিখিত অপরাধের বিষয়ে কেবল সেশন আদালতের এলাকা থাকিবেক।

প্রথম। কেবল সেই আদালতের বিচার্য্য বলিয়া যে সকল অপরাধ কার্য্য চালাইবার এই আইনের A চিহ্নিত তফসীলে লেখা আছে তাহা।

দ্বিতীয়। যে বিষয় লইয়া অপরাধ হয় তাহার মূল্য ৫০০১ টাকার অধিক হইলে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২ ও ৩২ প্রকরণক্রমে যেং অপরাধের দণ্ড হইতে পারে তাহা।

তৃতীয়। দণ্ডবিধির আইনের ২ অধ্যায়ের ১৭ প্রকরণে যে সরকারী কার্য্যকারকেরা নির্দ্দিষ্ট হইয়াছেন তাঁহারদের প্রথম চারি শ্রেণীর কার্য্যকারকেরদের নামে তদ্রূপ কার্য্যকারক বলিয়া কি প্রকারান্তরে যেং অপরাধের নালিশ হয় তাহার জন্যে তাহার কোন প্রকরণে যে কোন দণ্ড নির্দ্দিষ্ট হউক সেইং অপরাধ।

চতুর্থ। সরকারী কার্য্যকারক বলিয়া নীচের লিখিত সরকারী কার্য্যকারকেরদের নামে যে অপরাধের নালিশ হয় তাহার জন্যে দণ্ডবিধির কোন প্রকরণে যে কোন দণ্ড নির্দ্দিষ্ট হউক সেইং অপরাধ। বিশেষতঃ

আদালতের প্রত্যেক প্রধান আমলা ও মহাফেজ ও নাজির ও আইন কি বৃত্তান্তঘটিত কোন বিষয়ের তদারক কি রিপোর্ট করা আদালতের যে কোন কার্য্যকারকের কর্ত্তব্য হয় কি তদ্রূপ কার্য্যকারক বলিয়া যাঁহার প্রতি উক্ত কর্ম্ম করিতে বিশেষমতে ক্ষমতার্পণ হয় তাঁহারদের নামে।

প্রত্যেক প্রধান জেলরক্ষকের নামে।

পোলীসের প্রত্যেক দারোগার নামে।

সরকারী কার্য্যকারকস্বরূপে গবর্ণমেণ্টের পক্ষে কোন সম্পত্তি লওয়া কি গ্রহণকরা কি রক্ষাকরা কি ব্যয়করা, কিম্বা গবর্ণমেণ্টের পক্ষে কোন জরিপ কি করধার্য্য কি বন্দোবস্তকরা, অথবা গবর্ণমেণ্টের ধনলাভ সম্পর্কীয় কোন বিষয়ের তদারক কি রিপোর্ট করা, কি গবর্ণমেণ্টের ধনলাভসম্পর্কীয় কোন দলীল করা কি দস্তখৎ করা কি রক্ষা করা যেং কার্য্যকারকের কর্ত্তব্য হয় সেইং কার্য্যকারকের নামে।

পঞ্চম। সরকারী কার্য্যকারক বলিয়া নীচের লিখিত সরকারী কার্য্যকারকেরদের নামে যে অপরাধের নালিশ হয় তাহার জন্যে দণ্ডবিধির আইনের কোন প্রকরণে যে কোন দণ্ড নির্দ্দিষ্ট হউক সেইং অপরাধ বিশেষতঃ

জুরির প্রত্যেক ব্যক্তির নামে।

যে কোন সালিসের প্রতি কোন মোকদ্দমা আদালত হইতে অর্পিত হয় এমত প্রত্যেক সালিসের নামে।

[অপরাধের বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবেরদের এলাকা।]

১১। কেবল সেশন আদালতে যেং অপরাধের বিচার হইতে পারে তাহাছাড়া, অন্য সকল অপরাধের বিচার করিতে মাজিষ্ট্রেট সাহেবেরদের ক্ষমতা আছে।

[অপরাধের বিষয়ে অধস্থ ফৌজদারী আদালতের এলাকা।]

১২। প্রথম ও দ্বিতীয় শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের বিচার্য্য বলিয়া যে সকল অপরাধ কার্য্য চালাইবার এই আইনের A চিহ্নের তফসীলে লেখা আছে তাহার বিচার করিতে ঐং আদালতের ক্ষমতা থাকিবেক।

[যে স্থলে প্রাণদণ্ড হইতে পারে সেই স্থলে সেশন আদালত দণ্ডাজ্ঞা করিবেন না।]

১৩। সেশন আদালতের বিচারকরা কোন মোকদ্দমাতে আসামীর যে অপরাধ সাব্যস্ত হয় তাহার নিমিত্তে যদি দণ্ডবিধির আইনমতে প্রাণদণ্ড হইতে পারে

death, the Court shall not pass judgment, but shall refer the case to the Sudder Court, which shall pass judgment thereon.

[Session Court may direct transfer of a criminal case.]

14. It shall be competent to a Session Judge, on cause shown, to direct the transfer of any criminal case from any Criminal Court to any other Criminal Court of equal or superior jurisdiction in his district.

[Magistrates, their penal jurisdiction.]

15. Magistrates are empowered to pass sentence in all cases tried by them, provided that they shall not, for any offence, sentence any person to imprisonment for a term exceeding two years, or to fine exceeding 1,000 Rupees; and they may inflict fine together with imprisonment in all cases in which both punishments are authorized by the Penal Code.

[Subordinate Criminal Courts, first class, their penal jurisdiction.]

16. Judges of the Subordinate Criminal Courts of the first Class are empowered to pass sentence in all cases tried by them, provided that they shall not, for any offence, sentence any person to imprisonment for a term exceeding one year, or to fine exceeding 200 Rupees; and they may inflict fine together with imprisonment in all cases in which both [illegible] by the Pe[illegible] punishments are authorized [illegible]al Code.

[Subordinate Criminal Courts, second class, their penal jurisdiction.]

17. Judges of the Subordinate Criminal Courts of the second Class are empowered to pass sentence in all cases tried by them, provided that they shall not, for any offence, sentence any person to imprisonment for a term exceeding three months, or to fine exceeding 50 Rupees; and they may inflict fine together with imprisonment in all cases in which both punishments are authorized by the Penal Code.

[Imprisonment in default of payment of fine.]

18. In every case punishable with imprisonment as well as fine, in which the offender is sentenced to a fine, whether with or without imprisonment, the Criminal Courts shall be guided by the provisions of Clauses 8 and 9 Chapter III. of the Penal Code, in awarding the period of imprisonment in default of payment of the fine; provided, however, that in such cases d[illegible]d by the Magistrate and Subordinate Criminal Courts, the period of imprisonment awarded in default of payment of the fine shall in no case exceed one-fourth of the period of imprisonment which such Magistrate or Subordinate Criminal Court is competent to inflict as punishment for the offence otherwise than as imprisonment in default of payment of the fine.

[Subordinate Criminal Co[illegible] may be empower-

তবে ঐ আদালত ঐ দণ্ডের আজ্ঞা না করিয়া সেই মোকদ্দমা সদর আদালতে অর্পণ করিবেন ও সদর আদালত দণ্ডের আজ্ঞা করিবেন।

[সেশন আদালত ফৌজদারী মোকদ্দমার খারিজদাখিলের আজ্ঞা করিতে পারিবেন।]

১৪। কারণ দর্শান গেলে সেশন জজ সাহেব কোন ফৌজদারী মোকদ্দমা কোন ফৌজদারী আদালতহইতে উঠাইয়া আপন জিলার মধ্যে সমান এলাকার কি উপরিস্থ এলাকার অন্য কোন ফৌজদারী আদালতে অর্পণ হইবার আজ্ঞা করিতে পারিবেন।

[মাজিষ্ট্রেট সাহেবেরদের দণ্ড করিবার ক্ষমতা।]

১৫। মাজিষ্ট্রেট সাহেবেরা যে সকল মোকদ্দমার বিচার করেন তাহাতে তাঁহারদের দণ্ডাজ্ঞাও করিবার ক্ষমতা আছে। পরন্তু তাঁহারা কোন অপরাধের নিমিত্তে কোন লোকের দুই বৎসরের অধিক কাল কয়েদ হইবার কিম্বা ১০০০৲ টাকার অধিক জরীমানা দিবার আজ্ঞা করিবেন না। ও দণ্ডবিধির আইনমতে যে২ স্থলে জরীমানা ও কয়েদ এই উভয় দণ্ডের অনুমতি আছে সেই২ স্থলে তাঁহারা ঐ উভয় দণ্ড করিতে পারিবেন।

[প্রথম শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের দণ্ড করিবার ক্ষমতা।]

১৬। প্রথম শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের বিচারকর্ত্তারা যে সকল মোকদ্দমার বিচার করেন তাহাতে তাঁহারদের দণ্ডাজ্ঞাও করিবার ক্ষমতা আছে। কিন্তু তাঁহারা কোন অপরাধের জন্যে কোন লোকের এক বৎসরের অধিক কাল কয়েদ হইবার কিম্বা ২০০৲ টাকার অধিক জরীমানা দিবার আজ্ঞা করিবেন না। দণ্ডবিধির আইনমতে যে২ স্থলে কয়েদ ও জরীমানা এই উভয় দণ্ডের অনুমতি আছে সেই২ স্থলে তাঁহারা ঐ উভয় দণ্ড করিতে পারিবেন।

[দ্বিতীয় শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের দণ্ড করিবার ক্ষমতা।]

১৭। দ্বিতীয় শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের বিচারকর্ত্তারা যে সকল মোকদ্দমার বিচার করেন তাহাতে তাঁহারদের দণ্ডাজ্ঞাও করিবার ক্ষমতা আছে। কিন্তু তাঁহারা কোন অপরাধের জন্যে কোন লোকের তিন মাসের অধিক কাল কয়েদ হইবার কিম্বা ৫০৲ টাকার অধিক জরীমানা দিবার আজ্ঞা করিবেন না। ও দণ্ডবিধির আইনমতে যে২ স্থলে জরীমানা ও কয়েদ এই উভয় দণ্ড হইবার অনুমতি আছে সেই২ স্থলে তাঁহারা ঐ উভয় দণ্ড করিতে পারিবেন।

[জরীমানার টাকা না দেওয়াপ্রযুক্ত কয়েদ।]

১৮। যে সকল মোকদ্দমাতে কয়েদ ও জরীমানা এই উভয় দণ্ড হইতে পারে সেই সকল মোকদ্দমায় যদি অপরাধির জরীমানা দিবার হুকুম হয় ও তাহার কয়েদ হইবার কি না হইবার হুকুম হয়, তবে জরীমানার টাকা না দেওয়াপ্রযুক্ত তাহার কয়েদ হইবার যে হুকুম হইতে পারে তাহার মিয়াদ নিরূপণেতে ফৌজদারী আদালত দণ্ডবিধির আইনের ৩ অধ্যায়ের ৮ ও ৯ প্রকরণের বিধিমতে কার্য্য করিবেন। পরন্তু সেই প্রকারের যে মোকদ্দমা মাজিষ্ট্রেট সাহেব ও অধস্থ ফৌজদারী আদালত নিষ্পত্তি করেন, সেই সকল মোকদ্দমায় জরীমানার টাকা না দেওয়াপ্রযুক্ত কয়েদের আজ্ঞা না হইয়া, ঐ অপরাধেরই নিমিত্তে ঐ মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অধস্থ ফৌজদারী আদালত যত কাল কয়েদ করিতে ক্ষমতাপন্ন হন, জরীমানার টাকা না দেওয়াপ্রযুক্ত কয়েদ হইবার মিয়াদ তাহার চারি অংশের এক অংশের অধিক হইবেক না।

[সেশন আদালতের সম্মুখে বিচার হইবার নিমিত্তে

ed to prepare cases for trial before the Session Court.]

19. It shall be competent to the Government to direct that any Subordinate Criminal Court shall be authorized to hold the preliminary inquiry into cases triable by the Session Courts, and to commit or hold to bail parties to take their trial before such Courts, and to exercise all the powers necessary for such purposes.

CHAPTER III.
PRELIMINARY RULES.

[Complainants and witnesses to be examined without oath, affirmation, or warning.]

1. All complainants and witnesses shall be examined without oath or affirmation or any warning as a necessary preliminary to their preferring complaints or giving evidence, and they shall, upon such examination, be bound to speak the truth as they would have been bound by an oath, or a sanction tantamount to an oath.

[No person excepted from Criminal Procedure by reason of place of birth or of descent.]

2. No person whatever shall, by reason of place of birth, or by reason of descent, be excepted from the rules of Criminal Procedure.

CHAPTER IV.
OBTAINING A SUMMONS OR WARRANT.

[Proceeding to compel appearance.]

1. Where an offence has been committed, or is suspected to have been committed, the proceeding, in order to compel the party known or suspected to have committed such offence to appear for the purpose of preliminary inquiry concerning the same, may be by summons or arrest.

[Summons.]

2. The proceeding by summons may be in the cases and shall be subject to the rules hereinafter contained.

[Arrest.]

3. The proceeding by arrest may be either—

(1.)—By warrant;

(2.)—Or by a private person without warrant;

(3.)—Or by an officer without warrant.

[Complaint.]

4. A summons, or a warrant of arrest, may be obtained on such complaint as is mentioned in the next succeeding Article.

[To be reduced into writing and signed.]

5. Every complaint made before a magistrate or darogha of police, in order to the issuing of a summons or a warrant against a person accused of any offence, either directly or on suspicion, if not written, shall be forthwith reduced into writing, and shall be signed by the complainant, and

মোকদ্দমা প্রস্তুত করিবার ক্ষমতা অধস্থ ফৌজদারী আদালতে দেওয়া যাইতে পারিবেক।]

১৯। সেশন আদালতে যেং মোকদ্দমা বিচার্য্য হয় তাহার প্রথম স্থলে তদারক করিতে ও সেই আদালতের সম্মুখে বিচারার্থে উপস্থিত হইবার জন্যে কোন পক্ষকে কয়েদ করিতে কি হাজির জামিনী লইতে, ও সেই কার্য্যের নিমিত্তে যে সকল ক্ষমতার আবশ্যক হয় সেই সকল ক্ষমতাক্রমে কার্য্য করিতে, অধস্থ কোন ফৌজদারী আদালতকে অনুমতি দেওয়া যায় গবর্ণমেণ্ট এমত আজ্ঞা করিতে পারিবেন।

৩ অধ্যায়।
প্রথম স্থলীয় বিধি।

[ফরিয়াদীরদের ও সাক্ষিরদের জোবানবন্দী শপথ কি প্রতিজ্ঞা কি পূর্ব্বে সতর্ক করণবিনা লওয়া যাইবেক।]

১। ফরিয়াদীরদের নালিশ করিবার ও সাক্ষিরদের সাক্ষ্য দিবার পূর্ব্বে আবশ্যক কর্ম্ম বলিয়া তাহারদের শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা না করাইয়া কি কোন প্রকারে সতর্ক না করিয়া তাহারদের জোবানবন্দী লওয়া যাইবেক, আর শপথক্রমে কিম্বা শপথের তুল্য প্রতিজ্ঞাক্রমে বদ্ধ হইলে তাহারদের যেরূপে সত্য কথা কহিতে হইত সেইরূপে ঐ জোবানবন্দী দিবার সময়ে তাহারা সত্য কথা কহিতে বদ্ধ থাকিবেক।

[কোন ব্যক্তি জন্মস্থান কি বংশপ্রযুক্ত এই ফৌজদারী আইনহইতে বর্জ্জিত নহে।]

২। কোন ব্যক্তি জন্মস্থানপ্রযুক্ত কিম্বা বংশপ্রযুক্ত ফৌজদারী কার্য্য চালাইবার এই আইনের বিধিহইতে বর্জ্জিত হইবেক না।

---

৪ অধ্যায়।
সমন কি ওয়ারণ্ট পাইবার কথা।

[লোককে উপস্থিত করাইবার জন্যে যাহা করিতে হয়।]

১। যদি কোন অপরাধ করা যায়, কি করা গিয়াছে এমত শোবে হয়, তবে যে ব্যক্তি ঐ অপরাধ করিয়াছে এমত জানা হয় কি যাহার উপর শোবে হয় তাহাকে ঐ অপরাধের প্রথম স্থলের তদারক হইবার জন্যে উপস্থিত করাইবার নিমিত্তে সমন জারী করিয়া কি গ্রেফ্তার করিয়া কার্য্য হইতে পারিবেক।

[সমন।]

২। ইহার পরে যেং গতিক ও যেং বিধি নির্দ্দিষ্ট হইয়াছে সেইং গতিকে ও সেইং বিধিমতে সমন জারী করিয়া কার্য্য হইতে পারিবেক।

[গ্রেফ্তার।]

৩। গ্রেফ্তার এইং প্রকারে হইতে পারিবেক।

(১।)—ওয়ারণ্টের দ্বারা।

(২।)—কিম্বা ওয়ারণ্ট বিনা বিশেষ ব্যক্তির দ্বারা।

(৩।)কিম্বা ওয়ারণ্ট বিনা কোন আমলার দ্বারা।

[নালিশ।]

৪। ইহার পরের প্রকরণেতে যেরূপ নালিশের কথা লেখা আছে সেইরূপ নালিশ হইলে সমন কি গ্রেফ্তারের ওয়ারণ্ট পাওয়া যাইতে পারিবেক।

[তাহা লিখিয়া লওয়া যাইবেক ও তাহাতে দস্তখৎ করা যাইবেক।]

৫। যাহার নামে কোন অপরাধ করিবার অভিযোগ স্পষ্টরূপে কি সন্দেহক্রমে করা যায় তাহার নামে সমন কি ওয়ারণ্ট বাহির করিবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পোলীসের দারোগার নিকটে যেং নালিশ করা যায় তাহা যদি লিখিয়া না দেওয়া যায় তবে তাহা তৎক্ষণাৎ লিখিয়া লওয়া যাইবেক ও তাহাতে ফরিয়াদী দস্তখৎ

also by the magistrate or darogha of police issuing the summons or warrant.

[Magistrate, how to proceed on complaint.]

6. Upon such complaint duly made before a magistrate, he shall, in case it appear to him that there is sufficient ground for proceeding, issue his summons or warrant for causing the person accused to appear before himself or some other magistrate or Court having jurisdiction; and if in the judgment of such magistrate there be no sufficient ground, he shall dismiss the complaint, whether it be direct or on suspicion only.

[Darogha of police, how to proceed on complaint.]

7. Upon such complaint duly made before a darogha of police, he shall, in case it appear to him that there is sufficient ground for proceeding, and that the immediate apprehension of the accused is necessary to the ends of justice, issue his summons or warrant for causing the person accused to appear before himself; and if in the judgment of such darogha there be no sufficient ground, or the immediate apprehension of the accused is not necessary to the ends of justice, he shall abstain from issuing any process, and shall submit the complaint for the orders of the magistrate.

[Summons, what it is to contain, and how to be directed.]

8. Every summons issued by a magistrate or darogha of police to a person so accused shall be in writing, under the hand and seal of the magistrate or darogha of police issuing it; shall show his office; that the summons is made on a complaint duly made of an offence committed or suspected to have been committed; shall be directed either to the person accused by such complaint, or some other person; if directed to the person accused it shall, if issued by the magistrate, direct him to appear before the magistrate issuing such summons, or some other magistrate or Court as aforesaid, at a time and place specified; and if issued by a darogha of police, to appear before such darogha at a time and place specified; and if directed to any other person, it shall require such other person to summon the person accused so to appear.

[Summons how to be served.]

9. If such summons be directed to the person accused, it may either be served on him personally or left with some adult member of his family.

[To be continued.]

করিবেক ও যে ম্যাজিষ্ট্রেট কি পোলীসের যে দারোগা সমন কি ওয়ারেণ্ট দেন তিনিও তাহাতে দস্তখৎ করিবেন।

[নালিশ হইলে ম্যাজিষ্ট্রেট সাহেব যেরূপে কার্য্য করিবেন।]

৬। সেই প্রকারের নালিশ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উচিতমতে করা গেলে, তিনি যদি বোধ করেন যে মোকদ্দমার কার্য্য করিবার উপযুক্ত হেতু আছে, তবে তিনি অভিযুক্ত ব্যক্তিকে আপনার কিম্বা অন্য কোন মাজিষ্ট্রেটের কিম্বা ক্ষমতাপন্ন আদালতের সম্মুখে উপস্থিত করাইবার জন্যে আপনার সমন কি ওয়ারেণ্ট দিবেন। আর যদি সেই মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনাতে উপযুক্ত কারণ না থাকে, তবে নালিশ স্পষ্টরূপে কি সন্দেহক্রমে, হইলেও তিনি তাহা ডিসমিস করিবেন।

[নালিশ হইলে পোলীসের দারোগা যেরূপে কার্য্য করিবেন।]

৭। পোলীসের দারোগার নিকটে সেই প্রকারের নালিশ উচিতমতে করা গেলে, তিনি যদি বোধ করেন যে মোকদ্দমার কার্য্য করিবার উপযুক্ত কারণ আছে ও যথার্থ বিচারের জন্যে অভিযুক্ত ব্যক্তিকে অগৌণে গ্রেপ্তার করা আবশ্যক, তবে তিনি আপনার সম্মুখে অভিযুক্ত ব্যক্তিকে উপস্থিত করাইবার জন্যে আপনার সমন কি ওয়ারেণ্ট দিবেন। আর যদি ঐ দারোগার বিবেচনাতে উপযুক্ত কারণ না থাকে কিম্বা যথার্থ বিচারের নিমিত্তে অভিযুক্ত ব্যক্তিকে অগৌণে গ্রেপ্তার করা আবশ্যক নহে, তবে তিনি কোন পরওয়ানা না দিয়া মাজিষ্ট্রেট সাহেবের হুকুম পাইবার জন্যে ঐ নালিশ তাঁহার নিকটে অর্পণ করিবেন।

[সমনে যাহা লিখিতে হইবেক ও যাহার নামে লিখিতে হইবেক।]

৮। মাজিষ্ট্রেট সাহেব কি পোলীসের দারোগা সেই প্রকারের অভিযুক্ত ব্যক্তির নামে যে২ সমন দেন তাহা লিখিয়া দেওয়া যাইবেক, ও যে মাজিষ্ট্রেট কি পোলীসের যে দারোগা তাহা দেন তাঁহার দস্তখৎ ও মোহর তাহাতে করা যাইবেক, ও তাঁহার পদের খ্যাতি প্রকাশ হইবেক, ও অপরাধ করা গিয়াছে কি করা যাইবার শোবে হইয়াছে এমত নালিশ উপযুক্তমতে হওয়াতে সমন দেওয়া গেল এই কথাও লিখিতে হইবেক। ঐ সমন যাহার নামে নালিশ হইয়াছে তাহার নামে কিম্বা অন্য কোন ব্যক্তিকে দেওয়া যাইবেক। যদি অভিযুক্ত ব্যক্তির নামে দেওয়া যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব তাহা দিলে, ঐ সমন যে মাজিষ্ট্রেট সাহেব দেন তাঁহার সম্মুখে কিম্বা পূর্ব্বোক্তমতে অন্য কোন মাজিষ্ট্রেট সাহেবের কি আদালতের সম্মুখে নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে তাহার হাজির হইবার হুকুম ঐ সমনে হইবেক, ও পোলীসের দারোগা দিলে, সেই দারোগার সম্মুখে নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে উপস্থিত হইবার হুকুম ঐ সমনে হইবেক। আর যদি অন্য কোন ব্যক্তিকে দেওয়া যায়, তবে তাহাতে সেই অন্য ব্যক্তির প্রতি এই হুকুম থাকিবেক যে, ঐ অভিযুক্ত ব্যক্তিকে সেইরূপে উপস্থিত হইবার সমন করে।

[সমন যে প্রকারে জারী হইবেক।]

৯। যদি সেই সমন অভিযুক্ত ব্যক্তির নামে দেওয়া যায়, তবে তাহাকেই দিয়া কিম্বা তাহার পরিবারের কোন বয়ঃপ্রাপ্ত লোকের হাতে রাখিয়া তাহা জারী হইতে পারিবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[সরকারী গেজেট। ১৮৫৭। ২৪ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে.সি. মার্সমান সাহেবকর্তৃক মুদ্রিত হইল

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 19, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১৯ মে

DRAFT OF ACT.

THE INDIAN PENAL CODE.

CHAPTER. XVI.

OF OFFENCES AFFECTING THE HUMAN BODY.

[Continued from page 398.]

[Using criminal force in attempt to murder.]

57. Whoever, in attempting to commit murder, uses criminal force to any person, shall be punished with transportation for life, or rigorous imprisonment for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Assault or use of criminal force to a woman with intent to outrage her modesty.]

58. Whoever assaults or uses criminal force to any woman, intending or knowing it to be likely that he will thereby outrage her modesty, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

[Assault or criminal force with intent to dishonor a person, otherwise than on grave provocation.]

59. Whoever assaults or uses criminal force to any person, intending thereby to dishonor that person, otherwise than on grave and sudden provocation given by that person, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

[Assault or criminal force in attempt to commit theft of property carried by a person.]

60. Whoever assaults or uses criminal force to

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।

১৬ অধ্যায়।

মনুষ্যের শরীরসম্পর্কীয় অপরাধ।

[৩৯৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[বধ করিবার উদ্যোগেতে অপরাধঘটিত বলপ্রকাশ করণের দণ্ড।]

৫৭। যদি কেহ বধ করিবার উদ্যোগেতে কোন ব্যক্তির উপর অপরাধঘটিত বল প্রকাশ করে, তবে তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক, কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কোন স্ত্রী লোকের লজ্জার ব্যাঘাত করিবার অভিপ্রায়ে তাহার প্রতি আক্রমণ করণের কি অপরাধঘটিত বল প্রকাশ করণের দণ্ড।]

৫৮। যদি কেহ কোন স্ত্রী লোকের লজ্জার ব্যাঘাত করিবার অভিপ্রায়ে কিম্বা করিবার সম্ভাবনা জানিয়া তাহার উপর আক্রমণ করে কি অপরাধঘটিত বল প্রকাশ করে, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[রাগ জন্মিবার কোন ভারি বিষয় না হইলেও কোন ব্যক্তিকে অপমান করিবার অভিপ্রায়ে তাহার উপর আক্রমণ কি অপরাধঘটিত বল প্রকাশ করণের দণ্ড।]

৫৯। কোন ব্যক্তিহইতে হঠাৎ রাগ জন্মিবার ভারি কারণ না হইলেও যদি কেহ তাহার অপমান করিবার অভিপ্রায়ে তাহার উপর আক্রমণ করে কি অপরাধঘটিত বল প্রকাশ করে, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[কোন লোক যে জিনিস লইয়া যাইতেছে তাহা চুরী করিবার উদ্যোগ করিয়া তাহার উপর আক্রমণ কি অপরাধঘটিত বল প্রকাশ করণের দণ্ড।]

৬০। কোন ব্যক্তি যে বস্ত্র গায়ে পরিয়াছে কি বহি-

any person, in attempting to commit theft on any property which that person is then wearing or carrying, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

[Assault or criminal force in attempt wrongfully to confine person.]

61. Whoever assaults or uses criminal force to any person, in attempting wrongfully to confine that person, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Using criminal force on grave provocation.]

62. Whoever uses criminal force to any person on grave and sudden provocation given by that person, shall be punished with simple imprisonment for a term which may extend to one month, or with fine which may extend to two hundred Rupees, or with both.

[Punishment for assault in cases not specially provided for, when the assault is not on grave provocation.]

63. Whoever, in any case not specially provided for, assaults any person except on grave and sudden provocation given by the person upon whom the assault is committed, shall be punished with simple imprisonment for a term which may extend to one month, or with fine which may extend to two hundred Rupees, or with both.

OF KIDNAPPING, FORCIBLE ABDUCTION, SLAVERY, AND FORCED LABOR.

[Kidnapping.]

64. Kidnapping is of two kinds: kidnapping from British India, and kidnapping from lawful guardianship.

[Kidnapping from British India.]

65. Whoever conveys or entices beyond the limits of British India, or takes or entices on board of any vessel with the intention of conveying or causing to be conveyed beyond such limits, any person without the consent of that person, or of some person legally authorized to consent on behalf of that person, is said to kidnap that person from British India.

[Kidnapping from lawful guardianship.]

66. Whoever takes or entices any minor under fourteen years of age, out of the keeping of the lawful guardian of such minor without the consent of such guardian, is said to kidnap that minor from lawful guardianship.

Exception. This Clause does not extend to the act of any person who in good faith believes himself to be the father of an illegitimate child, or who in good faith believes himself to be entitled

য়া লইতেছে তাহা চুরী করিবার উদ্যোগ করিয়া যদি কেহ তাহার উপর আক্রমণ করে কি অপরাধঘটিত বল প্রকাশ করে, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[কোন লোককে অন্যায়মতে কয়েদ করিবার উদ্যোগে তাহার উপর আক্রমণ কি অপরাধঘটিত বল প্রকাশ করণের দণ্ড।]

৬১। যদি কেহ কোন লোককে অন্যায়মতে কয়েদ করিবার উদ্যোগেতে তাহার উপর আক্রমণ করে কি অপরাধঘটিত বল প্রকাশ করে, তবে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কান এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[রাগ জন্মিবার ভারি কারণে অপরাধঘটিত বল প্রকাশ করণের দণ্ড।]

৬২। কোন লোকহইতে হটাৎ রাগ জন্মিবার ভারি কারণ হইলে যদি কেহ তাহার উপর অপরাধঘটিত বল প্রকাশ করে, তবে সে এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক।

[রাগ জন্মিবার ভারি কারণ না থাকিলেও আক্রমণ হইলে ও সেই আক্রমণের বিষয়ে বিশেষ বিধি না থাকিলে তাহার দণ্ড।]

৬৩। যাহার উপর আক্রমণ হয় তাহাহইতে হটাৎ রাগ জন্মিবার ভারি কারণ না হইলেও তাহার উপর যদি কোন লোক আক্রমণ করে ও যদি সেই আক্রমণের বিষয়ে কোন বিশেষ বিধি না হইয়াছে, তবে সেই লোক এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক, কিম্বা তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

মনুষ্য চুরী ও বলপূর্ব্বক হরণ করণের ও গোলামীর ও বলপূর্ব্বক পরিশ্রম করাইবার কথা।

[মনুষ্য চুরী।]

৬৪। মনুষ্য চুরী দুই প্রকারে হয়, অর্থাৎ ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষহইতে মনুষ্য চুরী করণ, ও আইনসিদ্ধ রক্ষণাবেক্ষণহইতে মনুষ্য চুরী করণ।

[ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষহইতে মনুষ্য চুরী করণ।]

৬৫। যদি কেহ কোন লোকের অনুমতি বিনা, কিম্বা সেই লোকের নিমিত্তে যাহার অনুমতি দিবার আইনসিদ্ধমতে ক্ষমতা থাকে তাহার অনুমতি বিনা, সেই লোককে ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের সীমার বাহিরে পাঠায় কিম্বা বাহিরে যাইতে লওয়ায়, কিম্বা সেই লোককে ঐ সীমার বাহিরে লইয়া যাইবার কি পাঠাইবার অভিপ্রায়ে তাহাকে কোন জাহাজে লইয়া যায় কি লওয়ায়, তবে সেই ব্যক্তি ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষহইতে সেই লোককে চুরী করে কহা যায়।

[আইনসিদ্ধ রক্ষণাবেক্ষণহইতে মনুষ্য চুরী।]

৬৬। যদি কেহ চৌদ্দ বৎসরের কম বয়সের কোন নাবালগকে তাহার আইনমতের রক্ষকের অনুমতি বিনা সেই রক্ষকের রক্ষণাবেক্ষণহইতে লয় কি লওয়ায়, তবে সে ঐ নাবালগকে আইনসিদ্ধ রক্ষণাবেক্ষণহইতে চুরী করে বলা যায়।

বর্জ্জিত কথা। যদি কোন লোক প্রকৃতপ্রস্তাবে এমত বিশ্বাস করে যে আমি অমুক জারজ অপত্যের জনক কিম্বা যদি প্রকৃতপ্রস্তাবে বিশ্বাস করে যে আইনমতে অমুক বালকের রক্ষক হইবার আমার স্বত্ব আছে তবে

to the lawful custody of such child, unless such act is committed for an immoral or unlawful purpose.

[Abduction.]

67. Whoever by the use of criminal force, compels, or by any deceitful means induces, any person to go from any place, is said to abduct that person.

[Punishment for kidnapping.]

68. Whoever kidnaps any person from British India or from lawful guardianship, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Kidnapping or abducting in order to murder.]

69. Whoever kidnaps or abducts any person in order that such person may be murdered, or may be so disposed of as to be put in danger of being murdered, shall be punished with transportation for life or rigorous imprisonment for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

Illustrations.

(*a*) A kidnaps Z from British India, intending or knowing it to be likely that Z may be sacrificed to an Idol. A has committed the offence defined in this Clause.

(*b*) A forcibly carries or entices B away from his home in order that B may be murdered. A has committed the offence defined in this Clause.

[Abduction with intent secretly and wrongfully to confine a person.]

70. Whoever abducts any person with intent to cause that person to be secretly and wrongfully confined, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Abducting or kidnapping a woman to compel her marriage or to cause her defilement.]

71. Whoever abducts or kidnaps any woman with intent that she may be compelled, or knowing it to be likely that she will be compelled to marry any person against her will, or in order that she may be defiled or forced or seduced to illicit intercourse, or knowing it to be likely that she will be defiled, or forced, or seduced, or enticed to illicit intercourse, shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Kidnapping in order to subject a person to grievous hurt, slavery, &c.]

72. Whoever kidnaps any person in order that such person may be subjected, or may be so disposed of as to be put in danger of being subjected

তাহার কার্য্যের উপর এই প্রকরণ খাটে না। কিন্তু যদি সেই কার্য্য কুনীতির কি বেআইনী কারণে করা যায় তবে এই প্রকরণ খাটিবেক।

[হরণ করণ।]

৬৭। যদি কেহ অপরাধঘটিত বলপূর্ব্বক কার্য্য করিয়া কোন লোককে কোন স্থানহইতে অন্যত্র পাঠায়, কিম্বা কোন প্রবঞ্চনার দ্বারা তাহাকে যাইতে লওয়ায়, তবে ঐ লোককে হরণ করে বলা যায়।

[মনুষ্য চুরী করিবার দণ্ড।]

৬৮। যদি কেহ ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষহইতে, কিম্বা আইনমতের রক্ষণাবেক্ষণহইতে কোন লোককে চুরী করিয়া লয়, তবে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[বধ করিবার জন্যে লোককে চুরী করিবার কি হরণ করিবার দণ্ড।]

৬৯। কোন লোককে বধ করা যায়, কিম্বা যাহাতে তাহার বধ হইবার আশঙ্কা হয় এমত অবস্থায় রাখা যায় এই অভিপ্রায়ে, যদি কেহ সেই লোককে চুরী করে কি হরণ করে, তবে তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক, কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

উদাহরণ।

(ক) যদুকে কোন দেবতার উদ্দেশে বলিরূপে বধ করা যায় এই অভিপ্রায়ে কিম্বা বধ করা যাইবেক এমত সম্ভাবনা জানিয়া, কালু সেই যদুকে ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষহইতে চুরী করে। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

(খ) গোপালকে বধ করা যায় এই কারণে কালু তাহাকে ঘরহইতে জোর করিয়া লইয়া যায় কি ফুসলাইয়া লয়। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

[কোন লোককে গোপনে ও অন্যায়মতে কয়েদ করিবার অভিপ্রায়ে তাহাকে হরণ করিবার দণ্ড।]

৭০। কোন লোককে গোপনে ও অন্যায়মতে কয়েদ করা যায় এই অভিপ্রায়ে যদি কেহ সেই লোককে হরণ করে, তবে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কোন স্ত্রীর জোর করিয়া বিবাহ দিবার কিম্বা তাহাকে ভ্রষ্টা করিবার জন্যে হরণ করিবার কি চুরী করিবার দণ্ড।]

৭১। কোন স্ত্রীর অনিচ্ছামতে জোর করিয়া কোন লোকের সঙ্গে বিবাহ দিবার অভিপ্রায়ে, কিম্বা বিবাহ দেওয়া যাইবার সম্ভাবনা জানিয়া, কিম্বা সেই স্ত্রীকে ভ্রষ্টা করিবার জন্যে, কিম্বা তাহাকে বলপূর্ব্বক কোন পুরুষের সঙ্গে অবিধিমতে সংসর্গ করাইবার কি সংসর্গ করিতে লওয়াইবার জন্যে, কিম্বা তাহাকে ভ্রষ্টা করা যাইবেক, কিম্বা বলপূর্ব্বক তাহার সঙ্গে অবিধিমতে সংসর্গ হইবেক কি সংসর্গ করিতে তাহাকে লওয়ান যাইবেক এমত সম্ভাবনা জানিয়া, যদি কেহ কোন স্ত্রীকে হরণ করে কি চুরী করে, তবে সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কোন ব্যক্তিকে ভারি আঘাত করিবার কি গোলামপ্রভৃতি করিবার জন্যে তাহাকে চুরী করিবার দণ্ড।]

৭২। কোন ব্যক্তিকে ভারি আঘাত করিবার কি গোলাম করিবার কিম্বা কোন লোকের অস্বাভাবিক কামাধীন করিবার জন্যে, কিম্বা যাহাতে তাহার ভারি

to grievous hurt, or slavery, or to the unnatural lust of any person, or knowing it to be likely that such person will be so subjected or disposed of, shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Concealing or keeping in confinement a kidnapped person.]

73. Whoever, knowing that any person has been kidnapped or abducted for an unlawful purpose, conceals such person, or keeps such person in confinement, shall be punished in the same manner as if the offender had kidnapped or abducted such person with the same intention or knowledge, or for the same purpose as that with or for which he conceals or detains such person in confinement.

[Buying or disposing of any person as a slave.]

74. Whoever imports, exports, removes, buys, sells, or disposes of, as a slave, or accepts, receives, or detains as a slave any person, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Habitual dealing in slaves.]

75. Whoever habitually imports, exports, removes, buys, sells, traffics, or deals in slaves, shall be punished with transportation for life, or with imprisonment of either description for a term not exceeding seven years, and shall also be liable to fine.

[Unlawful compulsory labor.]

76. Whoever unlawfully compels any person to labor against the will of that person, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, and shall also be liable to fine.

[Cumulative punishment.]

If, in committing an offence under this Clause, the offender is guilty of any other offence, the punishment shall be cumulative.

OF RAPE.

[Rape.]

77. A man is said to commit "rape," who, except in the case hereinafter excepted, has sexual intercourse with a woman under circumstances falling under any of the five following descriptions:

First. Against her will;

Secondly. Without her consent, while she is insensible;

Thirdly. With her consent, when her consent has been obtained by putting her in fear of death, or of hurt.

Fourthly. With her consent, when the man knows that he is not her husband, and that her consent is given because she believes that he is another man, to whom she is or believes herself to be lawfully married;

Fifthly. With or without her consent, when she is under nine years of age.

আঘাতপ্রভৃতি হয় তাহাকে এমত অবস্থায় রাখিবার জন্যে, কিম্বা তাহার সেই ভারি আঘাতপ্রভৃতি হইবেক কি তাহার সেই অবস্থা হইবেক এমত সম্ভাবনা জানিয়া, যদি কেহ তাহাকে চুরী করে, তবে সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[চুরীকরা লোককে গোপনে রাখিবার কি কয়েদ করিয়া রাখিবার দণ্ড।]

৭৩। কোন ব্যক্তিকে চুরী করা গিয়াছে কিম্বা বে-আইনী কার্য্যের নিমিত্তে হরণ করা গিয়াছে জানিয়া, যদি কেহ সেই ব্যক্তিকে গোপনে রাখে কিম্বা কয়েদ করিয়া রাখে, তবে সেই অপরাধী আপনি সেই অভিপ্রায়ে কি জ্ঞানমতে, কিম্বা যে অভিপ্রায়ে ঐ ব্যক্তিকে গোপন করে কি কয়েদ করিয়া রাখে সেই অভিপ্রায়ে সেই ব্যক্তিকে চুরী করিলে কি হরণ করিলে, তাহার যেরূপ দণ্ড হইত সেইরূপ দণ্ড হইবেক।

[কোন লোককে গোলামস্বরূপে বিক্রয় কি হস্তান্তর করিবার দণ্ড।]

৭৪। যে কেহ কোন লোককে গোলামস্বরূপে আমদানী কি রপ্তানী করে কি স্থানান্তর কি ক্রয় কি বিক্রয় কি হস্তান্তর করে, কিম্বা কোন ব্যক্তিকে গোলামস্বরূপে গ্রহণ করে কি লয় কি আটক রাখে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[গোলামদিগকে লইয়া নিত্য ব্যবসায় করিবার দণ্ড।]

৭৫। যে কেহ গোলামদিগকে নিয়ত আমদানী কি রপ্তানী কি স্থানান্তর কি ক্রয় কি বিক্রয় করে কি গোলামদিগকে লইয়া বাণিজ্য ব্যবসায় করে, তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক, কি সে সাত বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[বেআইনীমতে বলপূর্ব্বক পরিশ্রম করাইবার দণ্ড।]

৭৬। যে কেহ কোন ব্যক্তির ইচ্ছার বিরুদ্ধে তাহাকে বেআইনীমতে বলপূর্ব্বক পরিশ্রম করায়, সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[সংযুক্ত দণ্ড।]

যদি এই প্রকরণের অপরাধ করণেতে অপরাধী অন্য কোন অপরাধেরও দোষী হয় তবে সংযুক্ত দণ্ড হইবেক।

বলাৎকারের কথা।

[বলাৎকার।]

৭৭। ইহার পরে যে স্থল বর্জ্জিত হয় সেই স্থলছাড়া যদি কোন লোক নীচের লিখিত পাঁচ অবস্থার কোন অবস্থায় স্ত্রীসংসর্গ করে তবে সে বলাৎকার করে বলা যায় অর্থাৎ

প্রথম। স্ত্রীর অনিচ্ছাতে।

দ্বিতীয়। স্ত্রী অচেতন হওনকালে তাহার সম্মতি না পাইয়া।

তৃতীয়। স্ত্রীকে বধ কি আঘাত করিবার ভয় দেখাইয়া তাহাকে সম্মতা করাণ গেলে স্ত্রী সম্মতা হইলেও।

চতুর্থ। পুরুষ যদি জানে যে আমি অমুক স্ত্রীর স্বামী নই কি স্ত্রী তাহাকে চিনিতে না পারিয়া যাহার সঙ্গে আইনসিদ্ধমতে বিবাহ হইয়াছে তাহাকে এমত পুরুষ বোধ করিয়া সম্মতা হয় তবে স্ত্রী সম্মতা হইলেও।

পঞ্চম। স্ত্রীর নয় বৎসরের কম বয়স যদি হয় তবে সে সম্মতা হইলে কি না হইলেও।

Explanation. Penetration is sufficient to constitute the sexual intercourse necessary to the offence of rape.

Exception. Sexual intercourse by a man with his own wife, the wife not being under nine years of age, is not rape.

[Punishment for rape.]

78. Whoever commits rape shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

OF UNNATURAL OFFENCES.

[Unnatural offences.]

79. Whoever voluntarily has carnal intercourse against the order of nature with any man, woman, or animal, shall be punished with transportation for life, or with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

Explanation. Penetration is sufficient to constitute the carnal intercourse necessary to the offence described in this Clause.

CHAPTER XVII.
OF OFFENCES AGAINST PROPERTY.

OF THEFT.

[Theft.]

1. Whoever, intending to take fraudulently any moveable property out of the possession of any person without that person's consent, moves that property in order to such taking, is said to commit theft.

Explanation 1. A thing so long as it is attached to the earth, not being moveable property, is not the subject of theft; but it becomes capable of being the subject of theft as soon as it is severed from the earth.

Explanation 2. A thing, which is attached to the earth, becomes capable of being the subject of theft as soon as it is severed from the earth.

Explanation 3. A moving, effected by the same act which effects the severance, may be a theft.

Explanation 4. A person is said to cause a thing to move by removing an obstacle which prevented it from moving, or by separating it from any other thing, as well as by actually moving it.

Explanation 5. A person, who by any means causes an animal to move, is said to move that animal, and to move every thing which, in consequence of the motion so caused, is moved by that animal.

Explanation 6. The consent mentioned in the definition may be express, or implied, and may be given either by the person in possession, or by any person having for that purpose authority either express or implied.

Illustrations.

(*a*) A cuts down a tree on Z's ground, with the

ব্যাখ্যা। যে সংসর্গেতে বলাৎকার অপরাধ হয় তাহা পুরুষাঙ্গ প্রবিষ্ট হইলেই হয়।

বর্জিত কথা। পুরুষ নয় বৎসরের কমবয়স্কা আপন পত্নীর সঙ্গে সংসর্গ করিলে তাহা বলাৎকার হয় না।

[বলাৎকারের দণ্ড।]

৭৮। যে কেহ বলাৎকার করে সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

অস্বাভাবিক অপরাধের কথা।

[অস্বাভাবিক অপরাধের দণ্ড।]

৭৯। যদি কেহ স্বভাবের বিধির বিপরীতে কোন পুরুষ কি স্ত্রী কি পশুতে ইচ্ছাপূর্ব্বক উপগত হয় তবে তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

ব্যাখ্যা। যেরূপে উপগত হওয়াতে এই প্রকরণের লিখিত অপরাধ হয় তাহা পুরুষাঙ্গ প্রবিষ্ট হইলেই হয়।

---

১৭ অধ্যায়।
সম্পত্তির উপর অপরাধ।

চৌর্য্যের কথা।

[চৌর্য্য।]

১। যে কেহ কোন লোকের সম্মতি না পাইয়া তাহার অধিকারহইতে কোন অস্থাবর সম্পত্তি প্রতারণা করিয়া হরণ করিবার অভিপ্রায়ে, সেইরূপ হরণ করিবার জন্যে ঐ সম্পত্তি সরায় সে চুরী করে বলা যায়।

১ ব্যাখ্যা। অস্থাবর সম্পত্তি না হইয়া কোন বিষয় যত কাল মাটিতে সংলগ্ন থাকে তত কাল তাহা লইয়া চৌর্য্য হইতে পারে না। কিন্তু তাহা মাটিহইতে পৃথক্ করা গেলে চৌর্য্য হইতে পারে।

২ ব্যাখ্যা। মাটিতে যে দ্রব্য সংলগ্ন আছে তাহা মাটিহইতে পৃথক্ করা গেলেই তাহা লইয়া চৌর্য্য হইতে পারে।

৩ ব্যাখ্যা। যে কার্য্যেতে সেই বস্তু মাটিহইতে পৃথক্ করা যায় সেই কার্য্যেতে তাহা সরাণ গেলে সেই সরাণ চৌর্য্য হইতে পারে।

৪ ব্যাখ্যা। কোন লোক কোন বস্তু নিতান্ত সরাইলে সে তাহা সরায় ইহা যেমন বলা যায় তেমনিও যাহাতে সেই বস্তু সরিবার বাধা হয় তাহা স্থানান্তর করিলে কিম্বা সেই বস্তু অন্য বস্তুহইতে পৃথক্ করিলে তাহা হয়।

৫ ব্যাখ্যা। যদি কোন লোক কোন জন্তুকে চালায় তবে সে ঐ জন্তুকে সরায়, ও সেই জন্তুকে চালাইবাতে ঐ জন্তু যে সকল বিষয় সরায় তাহা সেই লোক সরায় এমত বলা যায়।

৬ ব্যাখ্যা। এই অপরাধ নির্দ্দিষ্ট করিবার প্রকরণেতে যে সম্মতির কথা আছে তাহা স্পষ্ট কি ভাবতঃ হইতে পারে। ও বস্তু যাহার অধিকারে থাকে সে ঐ সম্মতি জানাইতে পারে কিম্বা তজ্জন্যে যাহার স্পষ্ট কি ভাবতঃ ক্ষমতা থাকে এমত লোকও ঐ সম্মতি জানাইতে পারে।

উদাহরণ।

(ক) যদুর জমীতে গাছ আছে। কালু প্রতারণা

intention of fraudulently taking the tree out of Z's possession, without Z's consent. Here, as soon as A has severed the tree, in order to such taking, he has committed theft.

করিয়া সেই গাছ যদুর দখলহইতে হরণ করিবার অভিপ্রায়ে যদুর অনুমতি না পাইয়াও ঐ গাছ কাটিয়া ফেলে। এই স্থলে কালু ঐ গাছ হরণ করিবার জন্যে যে সময়ে গাছ পৃথক্ করে সেই সময়েতেই চুরী করিয়াছে।

(*b*) A puts a bait for dogs in his pocket, and thus induces Z's dog to follow it. Here, if A's intention be fraudulently to take the dog out of Z's possession without Z's consent, A has committed theft as soon as Z's dog has begun to follow A.

(খ) কালু কুকুরকে ভুলাইয়া লইবার জন্যে আপন কাপড়ে কিছু আহার বাঁধিয়া রাখে, এই প্রকারে যদুর কুকুরকে ভুলাইয়া লয়। এই স্থলে যদি কালু যদুর অনুমতি না পাইয়া প্রতারণা করিয়া যদুর কুকুরকে লইয়া যাইবার মনস্থ করিয়াছিল তবে যে সময়ে যদুর কুকুর কালুর পাছে২ চলিতে আরম্ভ করে সেই সময়েতেই কালু চুরী করিয়াছে।

(*c*) A drives Z's sheep before him, with the intention of fraudulently taking them out of Z's possession, without Z's consent. As soon as any sheep begins to move in the direction in which A intended that it should move, A has committed theft.

(গ) যদুর কএকটা মেষ আছে। কালু সেই মেষ যদুর স্থানে প্রতারণা করিয়া হরণ করিবার অভিপ্রায়ে যদুর অনুমতি না পাইয়াও সেই মেষকে তাড়ায়। কালু যে দিগে তাড়াইতে চাহে সেই দিগে কোন মেষ যে সময়ে যাইতে আরম্ভ করে সেই সময়েতেই কালু চুরী করিয়াছে।

(*d*) A meets a bullock carrying a box of treasure. He drives the bullock in a certain direction, in order that he may fraudulently take the treasure. As soon as the bullock begins to move, A has committed theft on the treasure.

(ঘ) বলদ পিঠে করিয়া মালের বাক্স বহিয়া লইয়া যাইতেছে। কালু সেই বলদকে দেখিয়া, প্রতারণা করিয়া ঐ মাল হরণ করিবার অভিপ্রায়ে বলদকে এক দিগে তাড়ায়। বলদ যে সময়ে সেই দিগে যাইতে লাগে সেই সময়েতেই কালু ঐ মাল চুরী করিয়াছে।

(*e*) A being Z's servant and intrusted by Z with the care of Z's plate, fraudulently runs away with the plate, without Z's consent. Here, the plate, till carried off by A, was still in Z's possession, though it was also in A's possession. A has therefore committed theft.

(চ) কালু যদুর চাকর হয় ও যদুর তাবৎ রূপার পাত্র তাহার জিম্মায় আছে। পরে কালু যদুর অনুমতি বিনা তাহার রূপার পাত্র লইয়া প্রতারণাপূর্ব্বক পলায়। এই স্থলে কালু যত কাল ঐ পাত্র না লইয়া গেল তত কাল কালুর জিম্মায় থাকিলেও তাহা যদুর দখলে ছিল। কালু তাহা লইয়া গেলে চুরী করে।

(*f*) Z, going on a journey, entrusts his plate to A, the keeper of a warehouse, till Z shall return. A carries the plate to a goldsmith and sells it. Here, the plate was not in Z's possession. It could not therefore be taken out of Z's possession, and A has not committed theft, though he may have committed criminal breach of trust.

(ছ) যদু কোন বিদেশে যাইতে উদ্যত হইয়া যাবৎ ফিরিয়া না আইসে তাবৎ আপনার রূপার পাত্র সকল কালু নামে এক আড়ৎদারের নিকটে রাখিয়া যায়। কালু সেই রূপার পাত্র এক জন স্বর্ণবণিকের কাছে লইয়া গিয়া বিক্রয় করে। এই স্থলে ঐ সকল পাত্র যদুর দখলে ছিল না অতএব যদুর নিকটহইতে তাহা হরণ করা যায় না, ইহাতে কালু চুরী করে নাই কিন্তু অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করিয়াছে।

(*g*) A finds a ring belonging to Z on a table in the house which Z occupies. Here, the ring is in Z's possession, and if A fraudulently removes it, A commits theft.

(জ) যদু যে ঘরে থাকে তাহার এক মেজের উপর কালু একটা আঙ্গটি পায়। সেই আঙ্গটি যদুর দখলে আছে অতএব কালু যদি প্রতারণা করিয়া তাহা লইয়া যায় তবে চুরী করে।

(*h*) A finds a ring lying on the high-road, not in the possession of any person. A by taking it commits no theft, though he may commit criminal misappropriation of property.

(ঝ) কালু পথে যাইতে একটা আঙ্গটি কুড়াইয়া পায়। তাহা কোন কাহার দখলে নাই অতএব তাহা লইলেও কালু চুরী করে না কিন্তু ইহাতে সম্পত্তি অপরাধঘটিতরূপে লইবার দোষ হইতে পারিবেক।

(*i*) A sees a ring belonging to Z lying on a table in Z's house. Not venturing to misappropriate the ring immediately for fear of search and detection, A hides the ring in a place where it is highly improbable that it will ever be found by Z, with the intention of taking the ring from the hiding place, and selling it when the loss is forgotten. Here A, at the time of first moving the ring, commits theft.

(ট) কালু যদুর ঘরে মেজের উপরে যদুর একটা আঙ্গটি দেখিতে পায়। কিন্তু তাহা তলাশ হইতে পারে ও প্রকাশ হইবেক এই ভয়ে কালু সেই সময়ে ঐ আঙ্গটি লইয়া যায় না কিন্তু যে স্থানে সন্ধান লইলেও যদুর তাহা পাওয়া অসম্ভব এমত কোন স্থানে তাহা লুকাইয়া রাখে। তাহার অভিপ্রায় এই যে কিছু দিন পরে ঐ আঙ্গটি হারাণ যাইবার কথা ভোলা গেলে সেই গুপ্ত স্থানহইতে তাহা লইয়া বিক্রয় করিব। এই স্থলে কালু যে সময়ে ঐ আঙ্গটি সরাইয়াছিল সেই সময়েই চুরী করিল।

(*j*) A delivers his watch to Z, a jeweller, to be regulated. Z carries it to his shop. A, not owing to the jeweller any debt for which the jeweller might lawfully detain the watch as a security, enters the shop openly, takes his watch by force out of Z's hand, and carries it away. Here

(ঠ) কালু আপনার ঘড়ি সারাইবার জন্যে যদুর হাতে দেয়। যদু তাহা আপন দোকানে লইয়া যায়। কালু ঐ ঘড়িওয়ালার নিকটে কর্জ্জদার নহে অতএব ঘড়িওয়ালা তাহা জামিনীস্বরূপ বলিয়া আইনসিদ্ধরূপে রাখিতে পারে না। কালু প্রকাশরূপে দোকানে গিয়া যদুর হাতহইতে ঐ ঘড়ি জোর করিয়া কাড়িয়া লইয়া

A, though he may have committed criminal trespass, and assault, has not committed theft, inasmuch as what he did was not done fraudulently.

(*k*) If A owes money to Z for repairing the watch, and if Z retains the watch lawfully as a security for the debt, and A takes the watch out of Z's possession, with the intention of keeping Z out of the money due to him, he commits theft, inasmuch as he takes it fraudulently.

(*l*) Again if A, having pawned his watch to Z, takes it out of Z's possession without Z's consent, not having paid what he had borrowed on the watch, he commits theft though the watch is his own property, inasmuch as he takes it fraudulently.

(*m*) A takes an article belonging to Z out of Z's possession, without Z's consent, with the intention of keeping it until he obtains money from Z as a reward for its restoration. Here, A takes fraudulently; A has therefore committed theft.

(*n*) A, being exasperated at a passage in a book which is lying on the counter of Z, a bookseller, snatches it up, and tears it to pieces. A has not committed theft, as he has not acted fraudulently, though he may have committed criminal trespass and mischief.

(*o*) A, being on friendly terms with Z, goes into Z's library in Z's absence, and takes away a book without Z's express consent for the purpose merely of reading it, and with the intention of returning it. Here, it is probable that A may have conceived that he had Z's implied consent to use Z's book. If this was A's impression, A has not committed theft.

(*p*) A asks charity from Z's wife. She gives A money, food, and clothes, which A knows to belong to Z her husband. Here, it is probable that A may conceive that Z's wife is authorized to give away alms. If this was A's impression, A has not committed theft.

(*q*) A is the paramour of Z's wife. She gives A valuable property which A knows to belong to her husband Z, and to be such property as she has not authority from Z to give. If A takes the property, he commits theft.

(*r*) A in good faith believing property belonging to Z to be A's own property, takes that property out of B's possession. Here, as A does not take fraudulently, he does not commit theft.

[Punishment for theft.]

2. Whoever commits theft shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or both.

[Theft by clerk or servant of property in possession of master.]

3. Whoever being a clerk or servant, or being employed in the capacity of a clerk or servant, commits theft in respect of any property in the possession of his master or employer, shall be pu-

চলিয়া যায়। এই স্থলে কালু অপরাধঘটিতরূপে প্রবেশ করিয়া থাকিবেক আক্রমণও করিয়া থাকিবেক কিন্তু চুরী করে নাই কেননা যাহা করিয়াছিল তাহা প্রতারণাপূর্ব্বক করে নাই।

(ড) যদি ঘড়ি সারাইবার জন্যে কালু যদুর নিকটে কর্জ্জদার হয় ও যদি যদু ঐ কর্জ্জের জামিনী বলিয়া ঐ ঘড়ি আইনসিদ্ধরূপে রাখে ও তাহার পাওনা টাকা না দিবার অভিপ্রায়ে যদি কালু যদুর নিকটহইতে ঐ ঘড়ি লয় তবে সে প্রতারণা করিয়া তাহা লওয়াতে চুরী করিয়াছে।

(ঢ) যদি কালু ঐ ঘড়ি যদুর নিকটে বন্ধক দিয়া থাকে ও সেই বন্ধকের উপর যে টাকা লইয়াছিল তাহা যদি শোধ না করিয়া যদুর অনুমতিবিনা ঐ ঘড়ি তাহার নিকটহইতে লইয়া যায় তবে ঘড়ি তাহার নিজের হইলেও সে প্রতারণাপূর্ব্বক তাহা লইয়াছে অতএব চুরী করে।

(ণ) কালু যদুর অনুমতি না লইয়া তাহার নিকটহইতে তাহার কোন দ্রব্য লয় ও যদু কিছু বকশীশ না দিলে সেই দ্রব্য ফিরিয়া দিবেক না তাহার এমন অভিপ্রায় আছে। এই স্থলে কালু প্রতারণাপূর্ব্বক হরণ করিয়াছে। অতএব চুরী করে।

(ত) যদুর কেতাবের এক দোকান আছে। কালু দোকানে গিয়া কোন এক পুস্তকের কিছু কথা পাঠ করে তাহাতে অত্যন্ত বিরক্ত হইয়া ঐ পুস্তক লইয়া ছিঁড়িয়া ফেলে। ইহাতে যদু প্রতারণাপূর্ব্বক কর্ম্ম করে নাই অতএব চুরী করে নাই কিন্তু অপরাধঘটিতরূপে প্রবেশ করিয়া হানি করিবার দোষী হইতে পারে।

(থ) যদুর সঙ্গে কালুর বন্ধুভাব আছে। তাহাতে যদুর পুস্তকালয়ে গিয়া যদু সেইখানে না থাকিতে ও তাহার স্পষ্ট অনুমতি না লইয়া একখান পুস্তক বাহির করিয়া লইয়া যায় ঐ পুস্তক পড়িয়া রাখিয়া দিবার মানস করে। এই স্থলে কালু এমত জানিয়া থাকিবেক যে যদুর পুস্তক লইয়া পাঠ করিলে যদু তাহাতে অসম্মত হইবেক না। যদি তাহার এইমত জ্ঞান থাকে তবে সে চুরী করে নাই।

(দ) কালু যদুর স্ত্রীর কাছে কিছু ভিক্ষা মাগে। ঐ স্ত্রী তাহাকে কিছু টাকা ও আহার ও বস্ত্র দেয় আর কালু জানে যে সেই বস্ত্র যদুর বস্ত্র বটে। কিন্তু সে এমত জানিয়া থাকিবেক যে এই সকল বিষয় দান করিতে স্ত্রীর ক্ষমতা আছে। যদি কালুর এইমত জ্ঞান থাকে বটে তবে সে চুরী করে নাই।

(ধ) কালু যদুর স্ত্রীর উপপতি। সেই স্ত্রী কালুকে কিছু বহুমূল্যের সম্পত্তি দেয় আর কালু জানে যে তাহা যদুর সম্পত্তি ও যদু আপন স্ত্রীকে তাহা কখন দান করিতে কহে নাই। এমন স্থলে যদি কালু তাহা লয় তবে সে চুরী করে।

(ন) কালু যদুর কোন দ্রব্য প্রকৃতপ্রস্তাবে আপনার দ্রব্য জানিয়া তাহা গোপালের নিকটহইতে লয় এই স্থলে কালু প্রতারণা করিয়া লয় না অতএব চুরী করে না।

[চুরী করিবার দণ্ড।]

২। যে কেহ চুরী করে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[কেরাণী কি চাকর আপন মনিবের নিকটে থাকা সম্পত্তি চুরী করিলে তাহার দণ্ড।]

৩। যদি কোন লোক কেরাণী কি চাকর হইয়া কিম্বা কেরাণীর কি চাকরের কর্ম্ম পাইয়া আপন কর্ত্তার কি মনিবের নিকটথাকা কিছু দ্রব্য চুরী করে, তবে সেই লোক পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক

nished with imprisonment of either description for a term which may extend to five years, or with fine, or both.

[Theft after preparation made for causing death or hurt in order to the committing of the theft.]

4. Whoever commits theft, having made preparation for causing death, or hurt, or restraint, or fear of death, or of hurt, or of restraint to any person, in order to the committing of such theft, or in order to the effecting of his escape after the committing of such theft, or in order to the retaining of property taken by such theft, shall be punished with rigorous imprisonment for a term which may extend to seven years, and shall also be liable to fine.

Illustrations.

(*a*) A commits theft on property in Z's possession; and, while committing this theft, he has a loaded pistol under his garment, having provided this pistol for the purpose of hurting or terrifying Z in case Z should resist. A has committed the offence defined in this Clause.

(*b*) A picks Z's pocket, having posted several of his companions near him, in order that they may restrain Z, if Z should perceive what is passing and should resist, or should attempt to apprehend A. A has committed the offence defined in this Clause.

OF EXTORTION.

[Extortion.]

5. Whoever intentionally puts any person in fear of any injury to that person, or to any other, and thereby fraudulently induces the person so put in fear to deliver to any person any property or valuable security or any thing signed or sealed which may be converted into a valuable security, commits "extortion."

Illustrations.

(*a*) A threatens to punish a defamatory libel concerning Z, unless Z gives him money. He thus induces Z to give him money. A has committed extortion.

(*b*) A threatens Z that he will keep Z's child in wrongful confinement, unless Z will sign and deliver to A a promissory note binding Z to pay certain monies to A. Z signs and delivers the note. A has committed extortion.

(*c*) A threatens to send club-men to plough up Z's field, unless Z will sign and deliver to B a bond binding Z under a penalty to deliver certain produce to B. Z signs and delivers the bond. A has committed extortion.

(*d*) A by putting Z in fear of grievous hurt fraudulently induces Z to sign or affix his seal to a blank paper and deliver it to A. Z signs and delivers the paper to A. Here, as the paper so signed may be converted into a valuable security, A has committed extortion.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৯ মে।]

প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

[চৌর্য্য করিবার জন্যে মারিয়া ফেলিবার কি আঘাত করিবার উদ্যোগ প্রথমে করিয়া চুরী করিলে তাহার দণ্ড।]

৪। যদি কোন লোক চুরী করিতে পারে, কি চুরী করিলে পর পলায়ন করিতে পারে, কি চুরী করিয়া যে দ্রব্য হরণ করে তাহা রাখিতে পারে এই অভিপ্রায়ে কোন লোককে মারিয়া ফেলিবার কি আঘাত করিবার কি আটকিয়া রাখিবার কিম্বা মৃত্যুর কি আঘাতের কি আটক করিবার ভয় জন্মাইবার উদ্যোগ প্রথমে করিয়া চুরী করে তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইবেক ও জরীমানারও যোগ্য হইবেক।

উদাহরণ।

(ক) যদুর নিকটথাকা কিছু সম্পত্তি কালু চুরী করে যে সময়ে চুরী করে সেই সময়ে আপনার বস্ত্রে বারুদপূরা পিস্তল থাকে, যদু তাহার বাধা দিতে গেলে সে যদুকে আঘাত করে কি তাহার ভয় জন্মায় এই জন্যে ঐ পিস্তল সঙ্গে লইয়াছিল। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

(খ) কালু যদুর জেবহইতে কিছু চুরী করিতে চাহে, কিন্তু যদু তাহা টের পাইয়া বাধা দিলে কি কালুকে ধরিতে উদ্যোগ করিলে যদুকে আটক করিবার জন্যে কালু আপনার সঙ্গি কএক জনকে নিকটে রাখিয়া ঐ কর্ম্ম করে। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করে।

ভয় জন্মাইয়া হরণের কথা।

[ভয় জন্মাইয়া হরণ।]

৫। যদি কেহ জানিয়াশুনিয়া কোন লোকের হিংসা করিবার কিম্বা অন্য ব্যক্তির কোন হিংসা হইবার ভয় জন্মায় ও তদ্দ্বারা যাহার ভয় জন্মে তাহাহইতে কিছু সম্পত্তি কি মূল্যবান নিদর্শন কিম্বা দস্তখৎকরা কি মোহরকরা যে কোন বস্তু লইয়া মূল্যবান নিদর্শন করা যাইতে পারে তাহা প্রতারণাক্রমে কোন ব্যক্তিকে দেওয়ায় তবে সেই লোক ভয় জন্মাইয়া হরণ করে।

উদাহরণ।

(ক) কালু যদুকে বলে যে, তুমি যদি আমাকে কিছু টাকা না দেও তবে আমি তোমার কোন অপবাদের কথা রাষ্ট্র করাইব। ইহা বলিয়া যদুর স্থানে টাকা লয়। কালু ভয় জন্মাইয়া ধন হরণ করিয়াছে।

(খ) কালু যদুকে বলে যে, তুমি আমাকে কতক টাকা দিবার এক করারপত্র লিখিয়া দস্তখৎ করিয়া না দিলে আমি তোমার বালককে অন্যায়রূপে কয়েদ করিয়া রাখিব। যদু সেই করারপত্র লিখিয়া দস্তখৎ করিয়া দেয়। কালু ভয় জন্মাইয়া ধন হরণ করিয়াছে।

(গ) কালু যদুকে বলে যে তুমি আপন ক্ষেতের উৎপন্ন শস্য গোপালকে দিব বলিয়া কতক টাকার তাইনে এক করারপত্র লিখিয়া দস্তখৎ করিয়া গোপালকে না দিলে আমি লাঠিয়ালকে পাঠাইয়া তোমার ক্ষেতে লাঙ্গল দিয়া শস্য নষ্ট করিব। যদু সেইরূপ করারপত্র দস্তখৎ করিয়া দেয়। কালু ভয় জন্মাইয়া হরণ করিয়াছে।

(ঘ) কালু যদুর ভারি আঘাত হইবার ভয় দেখাইয়া তাহাকে প্রতারণাক্রমে এক ফর্দ্দ শাদা কাগজে দস্তখৎ ও মোহর করাইয়া সেই কাগজ আপনাকে দিতে তাহাকে প্রবৃত্তি দেয়। যদু তাহাতে দস্তখৎ করিয়া কালুকে সেই কাগজ দেয়। এই স্থলে সেই কাগজ লইয়া মূল্যবান নিদর্শন করা যাইতে পারে। কালু ভয় জন্মাইয়া হরণ করিয়াছে।

[Punishment for extortion.]

6. Whoever commits extortion, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or both.

[Putting person in fear of injury in order to commit extortion.]

7. Whoever, in order to the committing of extortion, puts any person in fear, or attempts to put any person in fear of any injury, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

[Extortion by putting person in fear of death or grievous hurt.]

8. Whoever commits extortion by putting any person in fear of death or of grievous hurt to that person or to any other, shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years and shall not be less than five, and shall also be liable to fine.

[Putting person in fear of death or of grievous hurt in order to commit extortion.

9. Whoever, in order to the committing of extortion, puts or attempts to put any person in fear of death or of grievous hurt to that person or to any other, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years and shall not be less than three, and shall also be liable to fine.

(To be continued.)

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 10.

To the Magisterial Authorities in the Lower Provinces.

I am directed by the Court to circulate the accompanying form of "letter to Surgeon," for examination of wounded persons and dead bodies, to be used generally.

2. You are requested to indent on the Court for the number of forms required annually for the use of your office.

(Signed) A. W. Russell.
Register.

Fort William, the 13th April, 1857.

No.

From the Magistrate to the Civil Surgeon of

I have to request the favor of your examining sent to the Hospital on the Be so good as to fill up the columns on the reverse of this letter, and return it to me with such remarks as you may consider necessary to show clearly your opinion of the cause of

2. All that is at present known of the case is as follows:—

Magistrate.

Magistrate's Office, 185 .

[*Government Gazette*, 19*th May*, 1857.]

[ভয় জন্মাইয়া হরণ করিবার দণ্ড।]

৬। যে কেহ ভয় জন্মাইয়া কিছু হরণ করে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[হরণ করিবার জন্যে কোন লোকের হিংসার ভয় জন্মাইবার দণ্ড।]

৭। যদি কেহ কিছু হরণ করিবার অভিপ্রায়ে কোন লোকের হিংসার ভয় জন্মায় কি ভয় জন্মাইবার চেষ্টা করে তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[কোন লোকের প্রাণহরণের কি ভারি আঘাতের ভয় জন্মাইয়া হরণ করিবার দণ্ড।]

৮। যদি কেহ কোন লোককে মারিয়া ফেলিবার কি ভারি আঘাত করিবার কি অন্য ব্যক্তির প্রাণহরণের কি ভারি আঘাত হইবার ভয় জন্মাইয়া কিছু হরণ করে তবে সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কিন্তু পাঁচ বৎসরের কম না হয় কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[হরণ করিবার জন্যে কোন লোকের প্রাণহরণের কি ভারি আঘাত করিবার ভয় জন্মাইবার দণ্ড।]

৯। যদি কেহ কিছু হরণ করিবার জন্যে কোন লোককে মারিয়া ফেলিবার কি ভারি আঘাত করিবার কিম্বা অন্য ব্যক্তির প্রাণহরণের কি ভারি আঘাত হইবার ভয় জন্মায় কি জন্মাইবার চেষ্টা করে তবে সে সাত বৎসরপর্য্যন্ত ও তিন বৎসরের কম না হয় কোন মিয়াদে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের মাজিষ্ট্রেটের ক্ষমতাপন্ন কার্য্যকারক বরাবরেষু।

আঘাতি ব্যক্তিরদিগের ও লাশের পরীক্ষা করিবার বিষয়ের যে পত্র চিকিৎসক সাহেবের নিকটে পাঠাইতে হইবেক তাহার এক পাঠ সদর আদালতের আজ্ঞামতে পাঠাইতেছি। তাহার সাধারণমতে ব্যবহার করিতে হইবেক।

২। তোমার দফ্তরখানার জন্যে ঐ পাঠের যত কেতা বৎসরে২ আবশ্যক হয় তাহা তুমি আদালতের নিকটে পত্রদ্বারা চাহিবা।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১৩ আপ্রিল।

নম্বর।

অমুক স্থানের সিবিল চিকিৎসক সাহেবের নামে।

অমুক স্থানের মাজিষ্ট্রেট সাহেবের পত্র।

অমুক মাসের অমুক তারিখে আমি অমুককে হাসপিটালে পাঠাইয়াছিলাম। তুমি অনুগহ করিয়া তাহাকে দেখিয়া এই পত্রের অন্য পাতের সকল ঘরে উপযুক্ত কথা লিখিয়া তাহার (মৃত্যুপ্রভৃতির) কারণের তোমার যে মত হয় তাহা স্পষ্টরূপে জানাইবার নিমিত্তে যে কথা আবশ্যক বোধ কর তাহা লিখিয়া ফিরিয়া পাঠাও।

২। এ বিষয়ের এইপর্য্যন্ত সম্বাদ পাওয়া গিয়াছে। অর্থাৎ

মাজিষ্ট্রেট।

১৮৫। মাজিষ্ট্রেট সাহেবের কাছারী।

1	2	3	4	5	6
Nature of injury, *i. e.* whether a cut, a bruise, or a burn &c. &c.	Size of each injury in inches, *i. e.* length breadth and depth	On what part of the body inflicted.	Slight, severe, or dangerous.	By what kind of weapon inflicted.	REMARKS.
1	1	1	1	1	
2	2	2	2	2	
3	3	3	3	3	

HOSPITAL, }
The of 185 . }

Civil Surgeon.

১	২	৩	৪	৫	৬
যে প্রকারের আঘাত হয় অর্থাৎ কাটা ঘা কি নালিকা কি পোড়া ঘা প্রভৃতি।	ঘা যত ইঞ্চি বড় অর্থাৎ যত লম্বা ও চোড়া ও গভীর।	যে অঙ্গে আঘাত হয়	অত্যল্প কি ভারি কি প্রাণাশঙ্কাজনক।	যে প্রকারের অস্ত্রে করা যায়	মন্তব্য কথা।
১	১	১	১	১	
২	১	২	২	২	
৩	১	১	১	৩	

অমুক হাসপিটাল।

অমুক সাহেব। স্বাং।

দেওয়ানী চিকিৎসক।

No. 11.

To the Criminal Authorities in the Lower Provinces.

Pursuant to the orders of Government, I am directed by the Court to forward, for your information and guidance, the accompanying Extract paragraph 87, from a despatch from the Hon'ble the Court of Directors.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 14th April, 1857.

Extract paragraph 87 from a Despatch from the Hon'ble the Court of Directors

Both the gentlemen* referred to have retired from our Service, or we should have directed you to convey to them this expression of our opinion as to their proceedings in this matter. We desire, however, that you will make clearly understood by every member of our Service, that any failure, direct or indirect, in recording cases, however slight, of the infliction of torture, will be visited with our severest displeasure.

(True Extract.)
R. STUART,
Assistant Register.

* Mr. Robinson retired 1st January 1852 and is since dead. Mr. Timmins retired 13th November 1850, without an annuity.

১১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের এক আজ্ঞাপত্রহইতে গৃহীত ৮৭ দফার নীচের লিখিত কথা তোমাকে জানাইবার জন্যে ও তোমার উপদেশের নিমিত্তে গবর্ণমেণ্টের হুকুমক্রমে আদালতের আদেশমতে তোমার নিকটে পাঠাইতেছি।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১৪ আপ্রিল।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের পত্রহইতে গৃহীত ৮৭ দফা।

যে দুই জন * সাহেবের কথা হইয়াছে তাঁহারা আমারদের কর্ম্ম ত্যাগ করিয়াছেন। নতুবা এই ব্যাপারে তাঁহারা যেরূপে কার্য্য করিয়াছিলেন তদ্বিষয়ে আপনারদের এইমত তাঁহারদিগকে জানাইতে তোমাকে আদেশ করিতাম। পরন্তু যে কোন সময়ে কোন লোককে যন্ত্রণা দেওয়া যায় তাহা যত অল্প হউক যদি তাহার কথা জানাইতে স্পষ্টরূপে কি চক্রান্তে ত্রুটি হয় তবে আমরা তজ্জন্যে অতি শক্তরূপে আপনারদের অসন্তোষ প্রকাশ করিব এই কথা আমারদের কর্ম্মে নিযুক্ত প্রত্যেক কার্য্যকারককে তুমি স্পষ্টরূপে বুঝাইয়া দেও আমারদের এই বাঞ্ছা।

(যথার্থ নকল।)
আর ষ্টুআর্ট.
আসিষ্টাণ্ট রেজিষ্টর

* রাবিন্সন সাহেব ১৮৫২ সালের ১ জানুআরি তারিখে কর্ম্ম ত্যাগ করিয়াছিলেন পরে মরেন। টিমিন্স সাহেব ১৮৫০ সালের ১৩ নবেম্বর তারিখে কর্ম্ম ত্যাগ করিলেন। তিনি বৎসরের নিয়মিত বৃত্তি পান না।

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

No. 3.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of --------.

Dated Fort William, the 21st April, 1857.

I am directed by the Board of Revenue to request that the form of Nomination Roll hereto appended, may be adopted whenever nominations are made, whether to a Deputy Collectorship or to any other office.

(Signed) E. T. TREVOR,
Secretary

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৩ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যানর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২১ আপ্রিল।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে এই আদেশ করিতেছি। যখন ডেপুটী কালেক্টরের কর্ম্মে কিম্বা অন্য কোন পদে নিযুক্ত হইবার জন্যে কোন লোকের নাম লিখিবা তখন এই ফর্দ্দমতে তাহা লিখিয়া পাঠাও।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

Nomination Roll of A. B.

No.	Particulars
1	Office and monthly allowance.
2	How vacated.
3	Name of late incumbent.
4	Name and parentage of Nominee.
5	Place of birth, age, religion, caste, and period of residence in India.
6	Family residence, Village, Pergunnah, and Zillah.
7	Statement of past employ, whether in the service of Government or of individuals. If in the service of Government, by what officers originally appointed, and subsequently promoted, with mention of each Office held, and reason and date of removal.
8	Statement of landed and other property of Nominee, with its situation and supposed value.
9	Particulars of connection of Nominee with other Officers or Amlah in Government Offices, and with Landholders of the District or Division to which nominated.
10	Extent of scholastic acquirements and honorary school or college distinctions, also whether able to read, write, and speak the Vernacular of the District.
11	Proposed residence and jurisdiction.
12	Certificate that the Nominee is not disqualified under Regulation XXI. 1814, or Regulation VII. 1823, or other Regulations.
13	Remarks by Collector.
14	Remarks by Commissioner.

[সংবাদভাস্কর। (বৈশাখ। ১৮৫৭। ১৯ মে।]

পদ ও মাসিক বেতন।	১
পদ যে প্রকারে শূন্য হয়।	২
পূর্ব্বে যিনি ঐ পদে ছিলেন তাঁহার নাম।	৩
যাঁহার কথা এখন লেখা যাইতেছে তাঁহার নাম ও পিতার নাম।	৪
জন্মস্থান বয়স ধর্ম্ম জাতি ও যত দিন ভারতবর্ষে বাস করেন।	৫
পরিবারের বসতি। গ্রাম পরগনা জিলা।	৬
পূর্ব্বে সরকারের কি বিশেষ লোকের অধীনে যে সকল কর্ম্ম করেন। যদি গবর্ণমেণ্টের অধীন কর্ম্মে ছিলেন তবে যে কার্য্যকারকেরা তাঁহাকে প্রথমে নিযুক্ত করেন ও পরে উচ্চ২ পদ দেন ও এক২ পদের নাম ও অবসর হইবার কারণ ও তারিখ।	৭
যাঁহার নাম লেখা গেল তাঁহার ভূমি ও অন্য সম্পত্তির বিশেষ কথা ও তাহা যে স্থানে আছে ও তাহার আনুমানিক মূল্য।	৮
যাঁহার নাম লেখা যায় তাঁহার গবর্ণমেণ্টের দপ্তরখানার অন্য কার্য্যকারকেরদের সঙ্গে কি আমলারদের সঙ্গে ও যে জিলাতে নিযুক্ত হইবার কথা হয় সেই জিলার কি এলাকার জমীদারেরদের সঙ্গে তাঁহার যে সম্পর্ক আছে।	৯
বিদ্যালয়াদিতে যে২ বিদ্যাভ্যাস করেন ও ইস্কুলের কি কালেজের সম্মুখের যে২ চিহ্ন দি পাইয়া থাকেন তাহার কথা ও জিলার চলন ভাষা লিখিতে ও পড়িতে ও কহিতে পারেন কি না।	১০
যে স্থানে তাঁহার বাস করিবার ও এলাকা পাইবার প্রস্তাব হয়।	১১
যাঁহার নাম লেখা যায় তিনি ১৮১৪ সালের ২১ আইন কি ১৮২৩ সালের ৭ আইন কি অন্য কোন আইনমতে অক্ষম নহেন ইহার সর্টিফিকট।	১২
কালেক্টর সাহেবের মন্তব্য কথা।	১৩
কমিস্যনর সাহেবের মন্তব্য কথা।	১৪

No. 4.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of .

Dated Fort William, the 24th April, 1857.

I am directed by the Board of Revenue to request that the following alterations may be made in the Sale Series:—

RULE VII.—The last sentence, commencing with the words "persons who without special authority," to the end, to be erased.

RULE XXI.—To be erased altogether.

RULE XXXI.—Substitute the following for the Rule as it stands:

"In addition to those Quarterly Returns, Annual Returns are to be sent with the Annual Revenue Reports, only sales actually consummated being shown in A. and B. From these District Returns, Divisional Statements are to be prepared for transmission to the Board."

(Signed) E. T. TREVOR,
Secretary.

৪ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নামে বাঙ্গালাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২৪ আপ্রিল।

বোর্ড রেবিনিউর আজ্ঞামতে আদেশ করি যে নীলামের বিধিশ্রেণীর নীচের লিখিতমতে পরিবর্ত্তন হয়।

৭ বিধি। "যে ব্যক্তি বিশেষ অনুমতি" প্রভৃতি ঐ ৭ বিধির যে পদের আরম্ভে এই কথা থাকে সেই শেষ পদ একেবারে উঠাইয়া দেওয়া যায়।

২১ বিধি একেবারে উঠাইয়া দেওয়া যায়।

৩১ বিধিতে এইক্ষণে যে কথা আছে তাহার পরিবর্ত্তে এই কথা দেওয়া যায়।

ঐ তিন২ মাসের রিটর্ন ছাড়া, রাজস্বের বার্ষিক রিপোর্টের সঙ্গে বার্ষিক রিটর্নও পাঠাইতে হইবেক। যে নীলাম নিতান্ত হইয়াছে কেবল তাহা A ও B চিহ্নের কৈফিয়তে লিখিতে হইবেক। জিলার ঐ সকল রিটর্ন হইতে এলাকার কৈফিয়ৎ বোর্ডে পাঠাইবার জন্যে প্রস্তুত করা যাইবেক।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 11th May, 1857.

Baboo Kistobeharry Mookerjea, to officiate as Moonsiff of Kaguzpookeriah, Zillah Nuddeah.

The 13th May, 1857.

Baboo Hurnath Roy, to be additional Moonsiff for the Sudder Station and Moonsiffees of Pingna and Madargunj, in Zillah Mymensing.

LEAVES OF ABSENCE.

The 9th May, 1857.

Baboo Bidoobhoosun Banerjea, Moonsiff of Kytee, Zillah East Burdwan, from the 2nd to the 9th instant.

The 11th May, 1857.

Moulvie Seedik Ahmud, Moonsiff of Tirmohonee, Zillah Jessore, for one month, in extension, on Medical Certificate.

A. W. RUSSELL, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১১ মে।

শ্রীযুত বাবু কৃষ্ণবিহারী মুখুয্যা জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ১৩ মে।

শ্রীযুত বাবু হরনাথ রায় জিলা ময়মনসিংহের সদর মোকামে ও পিঙ্গনা ও মাদারগঞ্জ মুনসেফী এলাকার অতিরিক্ত মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৯ মে।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের কাইতীর মুনসেফ শ্রীযুত বাবু বিধুভূষণ বাঁড়ুয্যা বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি ৯ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১১ মে।

জিলা যশোহরের ত্রিমোহনীর মুনসেফ শ্রীযুত মৌলবী সীদিক আহমদ চিকিৎসকের সার্টিফিকটক্রমে অধিক এক মাসের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১১৪২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৩ মার্চ।

শ্রীযুত এল ডবলিউ হচিনসন সাহেব (Mr L. W. Hutchinson,) নদীয়ার সদর আমীনের ও সেই জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ২৬ মার্চ।

রঙ্গপুরে ১৮৩৩ সালের ৯ আইনমতের ডেপুটী কালেক্টর শ্রীযুত টি এ ডনো সাহেব (Mr. T. A. Dbnough,) ১৮৪৩ সালের ১৫ আইনমতের ডেপুটী ম্যাজিষ্ট্রেটও হইবেন ও সেই জিলাতে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে ম্যাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টান্টের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

১৮৫৭ সাল ৩০ মার্চ।

শ্রীযুত জে ডি ওয়ার্ড সাহেব (Mr. J. D. Ward) পাবনাতে সর্ব্ব সাধারণের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত টি পি লারকিন্স সাহেব (Mr. T. P. Larkins,) শ্রীহট্টে সর্ব্ব সাধারণের বিদ্যাধ্যাপনের কমিটির সেক্রেটারী হইবেন।

১৮৫৭ সাল ১ আপ্রিল।

শ্রীযুত এম সি এমসবরি সাহেব (M. S. C. Amesbury,) দিনাজপুরের দলীলরেজিষ্টরের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫৭ সাল ২ আপ্রিল।

মুরশিদাবাদের ফতওয়ানারক শ্রীযুত মৌলবী বলীরুদ্দীন মহম্মদ ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণমতে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের বিশেষ ক্ষমতা পাইয়াছেন।

১৮৫৭ সাল ৪ আপ্রিল।

শ্রীযুত ই লজ সাহেব (Mr. E. Lodge,) বাঙ্গলাপ্রভৃতি দেশে সর্ব্ব সাধারণের বিদ্যাধ্যাপনের ডিপার্টমেণ্টে ইন্‌স্পেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে গ্রেবস সাহেব (Mr. J. Graves, M. A.) কৃষ্ণনগরের কালেজের প্রিন্‌সিপলের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে এস টরেন্স সাহেব (Mr. J. S. Torrens,) সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের জজ হইবেন ও ১৮২৮ সালের ৩ আইনমতে খাস কমিস্যনরের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

শ্রীযুত ই লাটুর সাহেব (Mr. E. Lautour,) চব্বিশপরগনার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত টি সি ট্রটর সাহেব (Mr. T. S. Trotter,) বেহারের সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত আর জে স্কট সাহেব (Mr. R. J. Scott,) বেহারের ও পাটনার অতিরিক্ত জজ হইবেন।

শ্রীযুত ই এস পিয়র্সন সাহেব (Mr. E. S. Pearson,) কিঞ্চিৎকালের নিমিত্তে বাকরগঞ্জের ও ঢাকার অতিরিক্ত জজ হইবেন।

শ্রীযুত ই সাণ্ডিস সাহেব (Mr. E Sandys,) নওয়াখালীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ত্রিপুরার কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২৩ মার্চ।

নদীয়ার একটিং সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু বেণিমাধ বসু অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৩০ মার্চ।

নদীয়ার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু রামলোচন ঘোষ আপনার কাছারীর চলিত কর্ম্মের ভার একটিং সদর আমীনের প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

মুনশীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মুনশী নবীরুদ্দীন এলাকাখণ্ডের কর্ম্মের ভার ঢাকার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছে

১৮৫৭ সাল ১ আপ্রিল।

ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ বি সিমসন সাহেব (Mr. H. B. Simpson,) ছুটীর সংশোধিত বিধির ১৪ ধারার ১ প্রকরণমতে বর্ত্তমান মাসের ১০ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১ আপ্রিল।

গত মাসের ১৩ তারিখের যে হুকুমক্রমে শ্রীযুত মৌলবী মৌলা বক্‌সকে পাটনার সদর আমীনের কর্ম্মে নিযুক্ত করা যায় তাহা রহিত হইয়াছে।

১৮৫৭ সাল ৪ আপ্রিল।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত আর এফ হজসন সাহেব (Mr R. F. Hodgson,) গত মাসের ২৪ তারিখে আবা নামক কলের জাহাজে ভারতবর্ষহইতে গিয়াছেন এমত রিপোর্ট করেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

INSOLVENT COURT.

যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of WILLIAM FAIRLIE CLARK and others, Insolvents.

Notice is hereby given, that Saturday, the 6th day of June next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the first day of June, 1854, until the thirtieth day of April, 1857, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvents, will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Assignee's Office, 16th May, 1857.

কলিকাতায় যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন উলিয়ম ফ্যারলি ক্লার্ক সাহেব ও অন্যেরদের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি জুন মাসের ৬ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৪ সালের ১ জুন তারিখঅবধি ১৮৫৭ সালের আপ্রিল মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনেরদের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

আসৈনি সাহেবের দপ্তরখানা। ১৮৫৭ সাল ১৬ মে।

In the matter of ALEXANDER BARRETT BURGE, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 6th day of June next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 2nd day of June, 1854, until the 1st day of May instant, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person in-

terested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 15th May, 1857.

যোত্রহীন আলেকজাণ্ডর বা রেট বর্জ সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি জুন মাসের ৬ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৪ সালের ২ জুন তারিখঅবধি বর্ত্তমান মে মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানার তাহা দেখা যাইতে পারে যে কোন মহাজনকিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্বে তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৭ সাল ১৫ মে।

In the matter of EDWARD DAVEY FABIAN, an Insolvent.

On Saturday the second day of May instant, upon an application of the Assignee in this matter, It was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rupees 1,559-15-10 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. 30 per Cent (which will amount to the sum of Co.'s Rs. 1,320-4-3) upon the several claims admitted on the Schedule of the said Insolvent, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 15th May, 1857.

যোত্রহীন এড্বার্ড ডেবি ফেবিয়ান সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান মে মাসের ২ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার কাছে কোম্পানির যে ১,৫৫৯৸৶১০ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকাপ্রতি ৩০৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১,৩২০ ৩ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৭ সাল ১৫ মে।

The like notice in the matter of WILLIAM HICKIE, an Insolvent, (3rd Insolvency,) wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 1,425, a Dividend at 12 per Cent. (amounting to Co.'s Rs. 1,211-9) be paid.

তৃতীয়বার যোত্রহীন উলিয়ম হিকি সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া গেল। তাহাতে হুকুম হইল যে কোম্পানির যে ১,৪২৫৲ টাকা আছে তাহাহইতে শত টাকার প্রতি ১২৲ হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১,২১১৷৵ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of JOHN EMMANUEL DESILVA, an Insolvent, wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 11,574-15-4, a Dividend at 16 per Cent. (amounting to Co.'s Rs. 10,865-7-3,) be paid.

যোত্রহীন জান ইমানুএল ডিসিলবা সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া গেল। তাহাতে হুকুম হইল যে কোম্পানির যে ১১,৫৭৪৸৶৪ টাকা আছে তাহাহইতে শত টাকার প্রতি ১৬৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১০,৮৬৫ ৷৵৩ টাকা দেওয়া যায়।

The like notice in the matter of ALEXANDER GRANT GLASS (Glass and Co.,) an Insolvent, wherein it was ordered that out of the sum of Co.'s Rs 2,709-6-6, a Dividend at 1 per Cent. (amounting to Co.'s Rs. 2,199-1-9,) be paid.

যোত্রহীন আলেক্জাণ্ডর গ্রাণ্ট গ্লাস সাহেবের (গ্লাস কোম্পানির) বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া গেল। তাহাতে হুকুম হইল যে কোম্পানির যে ২,৭০৯ ।৶৬ টাকা আছে তাহাহইতে শত টাকার প্রতি ১৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ২,১৯৯/৯ টাকা দেওয়া যায়।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার

[*Government Gazette, 19th May, 1857.*]

সুপ্রিম কোর্ট।
রিসিবর অ্যাফিস।
জমিদারদিগর ইজারা।
ভোলানাথ কুণ্ডু চৌধুরীদিগর বাদী।
অন্নদাপ্রসাদ রায় শ্রীকৃষ্ণসিংহদিগর প্রতিবাদী ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান মে মাহার ২৭ তারিখ বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত চারলস সুইণ্টন হাগ সাহেব তাঁহার আফিসে উপরোক্ত মোকদ্দমাহার সংক্রান্ত নীচের লিখিত জমীদারীদিগরের ইজারার ডাক লইবেন যাহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

মোত্তালকে জিলা ২৪ পরগনা।
লাট শালিখা।

নিজ শালিখা	১	রকম ।৶০ আনা
ঘুষড়ি	১	ঐ
		লাট ডোমজুড়।
নিজ ডোমজুড়	১	ঐ
পায়রাটুঙ্গি	১	ঐ
বালি মায়বাজার	১	ঐ
	৫	

মোত্তালকে জেলা হুগলী।
লাট গোবিন্দপুর।

নিজ গোবিন্দপুর	১	রকম ষোলআনা
দেয়াড়া	১	ঐ
রামচন্দ্রপুর	১	ঐ
কিসমত মুন্তিপুর	১	রকম ।৶০ আনা
কিং বেণিপুর	১	ঐ
কিং আটীশাড়া	১	ঐ
কালীনগর	১	রকম ষোলআনা
কিং বালিআড়া	১	রকম ৷৷০ আনা
		লাট বিল জয়পুর।
নিজ বিল জয়পুর	১	রকম ।৶০ আনা
মমহরপুর	১	ঐ
মৃগালা মায় বড়জলা চিহ্নিত অংশ।	১	ঐ
ভাঙ্গরগাছি	১	ঐ
কুশাইগাছী	১	ঐ
	১৮	

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।
রিসিবর আফিস কোর্ট হৌস।
তারিখ ৭ মে ১৮৫৭ সাল।

সুপ্রিম কোর্টের বিজ্ঞাপন।
বিসিবর আফিস।

নবকৃষ্ণ মিত্রদিগর — বাদী।
হরিশ্চন্দ্র মিত্রদিগর — প্রতিবাদী ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান মে মাহার ৩০ তারিখ শনিবার বেলা দুইপ্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত চারলেশ সুইণ্টন হাগ সাহেব তাঁহার আফিসে শহর কলিকাতার চান্দনিচক বাজারের ইজারার ডাক লইবেন যাহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্বকরিলে জানিতে পারিবেন ইতি।
রিসিরব আফিস। কোর্টহৌস। তারিখ ১৩ মে ১৮৫৭ সাল।

"কৌরব বিয়োগ নাটক।"

রাজা দুর্য্যোধনের উরু ভঙ্গাবধি অন্ধ রাজাদির যজ্ঞানলে দগ্ধ হওয়াপর্য্যন্ত মহাভারতীয় অপূর্ব্ব বৃত্তান্ত সুমার্জ্জিত সাধু ভাষায় বহুলাংশ গদ্যে ও স্বল্পাংশ মাত্র অমিত্র পদ্যে নাটকের প্রণালীতে কালেজ ও স্কুল ও পাঠশালাদির ব্যবহারার্থ বাবু হরচন্দ্র ঘোষকর্ত্তৃক বিরচিত হইয়া উত্তম বিলাতী কাগজে ও সদক্ষরে ন্যূনাধিক ১৫০ (অকটেবো) পৃষ্ঠায় মুদ্রিত হইয়া সত্তরে প্রকাশিত হইবেক মূল্য ২৲ টাকা যাঁহার গ্রহণেচ্ছা হয় তিনি হুগলীর [কমিস্যনর সাহেবের আফিসের হেড কেরাণী] বাবু অমরচন্দ্র ঘোষের নিকট স্বীয় নাম ধাম প্রেরণ করিবেন। কিন্তু জানান যাইতেছে যে "বেরিং" পত্র প্রেরণ করিলে তাহা গ্রহণ করা যাইবেক না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৯ মে।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, MAY 26, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২৬ মে

No. 952.

FORT WILLIAM,

HOME DEPARTMENT,

The 16th May, 1857.

PROCLAMATION.

The Governor General of India in Council has warned the Army of Bengal, that the tales by which the men of certain Regiments have been led to suspect that offence to their Religion or injury to their Caste is meditated by the Government of India are malicious falsehoods.

The Governor General in Council has learnt that this suspicion continues to be propaga ted by designing and evil-minded men, not only in the Army, but amongst other classes of the people.

He knows that endeavors are made to persuade Hindoos and Mussulmans, Soldiers and Civil Subjects, that their religion is threatened secretly, as well as openly, by the acts of the Government, and that the Government is seeking in various ways to entrap them into a loss of Caste for purposes of its own.

Some have been already deceived and led astray by these tales.

Once more then the Governor General in Council warns all classes against the deceptions that are practised on them.

The Government of India has invariably treated the religious feelings of all its subjects with careful respect. The Governor General in Council has declared that it will never cease to do so. He now repeats that declaration, and he emphatically proclaims that the Government of India entertains no desire to interfere with their Religion or Caste, and that nothing has been, or will be

৯৫২ নম্বর।

ফোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেণ্ট।

১৮৫৭ সাল ১৬ মে।

বিজ্ঞাপন।

কএক পল্টনের লোকেরা কতক অমূলক কথা শুনিয়া এইমত সন্দেহ করিয়াছে যে ভারতবর্ষের গবর্ণমেণ্ট বাঙ্গলা দেশীয় সিপাহীরদের ধর্ম্মের প্রতি অত্যাচার ও জাতির হানি করিতে চাহেন। কিন্তু সে সকল কথা ঈর্ষামূলক ও মিথ্যা ইহা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর পল্টনের সকল সিপাহীকে জানাইয়াছেন।

তথাপি কুভাবের ও দুষ্টমনাঃ কোন২ লোক সিপাহীরদের ছাড়া অন্য২ শ্রেণীর লোকেরদের মনে কথায় বিশ্বাস জন্মাইবার চেষ্টা করিয়া থাকে, হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ইহা অবগত হইয়াছেন।

আরো গবর্ণমেণ্ট প্রকাশরূপে ও গোপনে নানা কার্য্যের দ্বারা হিন্দু ও মুসলমানেরদের ধর্ম্ম নষ্ট করিতে কল্প করিয়াছেন ও আপনারদের অভিপ্রায় সফল করিবার জন্যে কোন কৌশলে তাহারদের জাতি নষ্ট করিতে নানাপ্রকার উপায় করিতেছেন এইরূপ বিশ্বাস হিন্দু ও মুসলমান সিপাহীর ও অন্যান্য প্রজারদের মনে জন্মাইবার উদ্যোগ হইয়াছে শ্রীযুক্ত ইহা জানিতে পাইয়াছেন।

কোন২ লোক ঐ সকল অমূলক কথা সত্য জানিয়া ভ্রান্ত হইয়াছে।

অতএব লোকেরদের তদ্রূপ ভ্রান্তি জন্মাইবার যে সকল উপায় হইতেছে তাহা গ্রাহ্য না করে এই বিষয়ে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর পুনরায় সকল লোককে সতর্ক করিতেছেন।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট অতিসতর্ক হইয়া সর্ব্বদাই সকল প্রজার ধর্ম্মজ্ঞান মান্য করিয়া আসিতেছেন। তদ্রূপ করিতে কখনও ত্রুটি করিবেন না এই কথা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর পূর্ব্বে কহিয়াছেন এইক্ষণে পুনশ্চ কহেন। তিনি এই কথা স্পষ্টরূপে ঘোষণা করাইতেছেন। ভারতবর্ষের গবর্ণমেণ্ট প্রজারদের ধর্ম্ম কি জাতির বিষয়ে হস্তক্ষেপ করিতে

done by the Government to affect the free exercise of the observances of Religion or Caste by every class of the people.

The Government of India has never deceived its subjects, therefore the Governor General in Council now calls upon them to refuse their belief to seditious lies.

This notice is addressed to those who hitherto, by habitual loyalty and orderly conduct, have shown their attachment to the Government and a well founded faith in its protection and justice.

The Governor General in Council enjoins all such persons to pause before they listen to false Guides and Traitors who would lead them into danger and disgrace.

By Order of the Governor General of India in Council,

CECIL BEADON,
Secy. to the Govt. of India.

কিছুমাত্র মনস্থ করেন না, সকল জাতীয় লোক আপন২ ধর্ম্ম ও জাতি সম্পর্কীয় সকল কর্ম্ম অবাধিতরূপে করিতে পারেন। ইহার বাধা জন্মাইবার কোন কার্য্য গবর্ণমেণ্ট কখন করেন নাই করিবেনও না।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট কখনও প্রজারদের প্রতি শঠতা করেন নাই। অতএব হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সকলকে কহিতেছেন যে গবর্ণমেণ্টের প্রতি দ্বেষজনক ঐ সকল মিথ্যা কথায় বিশ্বাস করিও না।

যাঁহারা নিয়ত রাজভক্ত হইয়া ও সদ্ব্যবহার করিয়া গবর্ণমেণ্টের প্রতি আপনারদের অনুরাগ প্রকাশ করিয়াছেন, ও গবর্ণমেণ্ট অবশ্য সুরক্ষা ও সদ্বিচার করিবেন বলিয়া তাঁহারদের প্রতি সমূলক বিশ্বাস করিয়াছেন, তাঁহারদিগের নিকটে এই বিজ্ঞাপনপত্র প্রকাশ করা যাইতেছে।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর তদ্রূপ সকল লোককে সতর্ক করিতেছেন যে কপট উপদেশক ও বিশ্বাসঘাতক যে লোকেরা তোমারদিগকে আশঙ্কা ও অপমানের জালে ফেলিতে চাহে তাহারদের কথা বিনাবিচারে গ্রাহ্য করিও না।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে।

সিসিল বীডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

ACTS.

LEGISLATIVE COUNCIL.

THE 9TH MAY, 1857.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 1st May 1857, and is hereby promulgated for general information.—

ACT No. VI. OF 1857.

An Act for the acquisition of land for public purposes.

[Preamble.]

WHEREAS it is expedient to make better provision for the acquisition of land needed for public purposes within the territories in the possession and under the Government of the East India Company, and for the determination of the amount of compensation to be made for the same: It is enacted as follows:—

[Laws repealed.]

1. Sections 1. to VII. inclusive, Regulation I. 1824 of the Bengal Code; so much of Act XXVIII. of 1839 as is in force; Act I. of 1850; Act XVII. of 1850; Act XLII. of 1850; Act XX. of 1852; and Act I. of 1854—are hereby repealed, except so far as they repeal the whole or any part of any other Regulation or Act, and except as to suits or proceedings commenced, contracts made, acts done, and liabilities incurred before the passing of this Act.

[Land may be taken by Government under the

আইন।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ৯ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৭ সালের ১ মে তারিখে মঞ্জুর করেন। তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

এই দেশীয় পল্টনের নিমিত্তে যুদ্ধ বিষয়ের যে আইন আছে তাহা লঙ্ঘন করিবার অপরাধের বিচার ও দণ্ড আরো সহজরূপে করিবার নিয়ম করা বিহিত এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[এদেশীয় সিপাহীরদের জন্যে যুদ্ধসম্পর্কীয় আইনমতে বিচার্য্য লোকদিগের বিচার করিতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর জেনরল সাহেবদিগকে কি সিপাহীরদের অধ্যক্ষ অন্য সাহেবদিগকে জেনরল কি ডিসট্রিক্ট কি গারিসন কোর্ট মার্শ্যাল করিবার ক্ষমতা দিতে পারিবেন।]

১ ধারা। এদেশীয় সিপাহীরদের জন্যে যুদ্ধসম্পর্কীয় যে আইন হইয়াছে সেই আইনমতে বিচার্য্য ও ভারতবর্ষে জাত কিম্বা কোম্পানি বাহাদুরের চার্টরের নির্দ্দিষ্ট সীমার মধ্যে অন্য স্থানজাত ও ঐ কোম্পানির কর্ম্মে নিযুক্ত কোন হুদ্দাদারের কি সিপাহীর কি পল্টনের সঙ্গি লোকেরদের নামে যদি উক্ত যুদ্ধসম্পর্কীয় আইনমতে দণ্ডনীয় কোন অপরাধের নালিশ হয়, ও যদি জেনরল সাহেব কি অন্য সেনাপতি সাহেব বোধ করেন যে সেই অপরাধের দণ্ড অগৌণে করা উচিত, তবে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে হুকুম করিয়া শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদুরের কর্ম্মে নিযুক্ত সিপাহীরদের প্রত্যেক জেনরল সাহেবকে কি অন্য সেনাপতি সাহেবকে, কিম্বা তাঁহারদের মধ্যে কোন জেনরল সাহেবকে কি অন্য সেনাপতিদিগকে এমত ক্ষমতা দিতে পারিবেন যে, তাঁহারা ঐ হুদ্দাদারেরদের কি সিপাহীরদের কি পল্টনের সঙ্গি লোকেরদের বিচার করিবার জন্যে সাধারণ কি ডিসট্রিক্ট কি গারিসন কোর্ট মার্শ্যাল অর্থাৎ সৈন্যসম্পর্কীয় আদালত প্রয়োজনমতে নিযুক্ত করেন। আর ঐ কোর্ট মার্শ্যাল যে দণ্ডের আজ্ঞা করেন তাহা তৎক্ষণাৎ কিম্বা কালান্তরে স্থিরতর ও সফল করেন, কিম্বা তদ্রূপ কোন দণ্ডের পরিবর্ত্তে অন্য দণ্ড করেন কিম্বা সেই দণ্ড লঘু কি ক্ষমা করেন, কিম্বা যদি আবশ্যক বোধ করেন তবে সেই দণ্ডের বিষয়ে কমাণ্ডর ইন চীফ অর্থাৎ প্রধান সেনাপতি সাহেবের মত জানিবার জন্যে তাঁহার নিকটে জানান ইতি।

[প্রধান সেনাপতি হইয়া যিনি যে স্থানে থাকেন তিনি সেই স্থানে সাধারণ কোর্ট মার্শ্যাল নিযুক্ত করিতে পারেন। পাঁচ জনের কম লইয়া কোর্ট হইবেক না। ঐ

may direct that General Courts Martial shall consist wholly of European or of Native Commissioned Officers. Powers of General Courts Martial appointed under this Act.]

II. Any General Court Martial, which may be appointed under the authority of this Act, shall be appointed by the Senior Officer on the spot, and shall consist of not less than five Commissioned Officers, the number to be fixed by the General or other Officer appointing the Court Martial. The Order in Council may direct that a General Court Martial to be appointed under the provisions of this Act shall consist wholly of European Commissioned Officers or of Native Commissioned Officers; and in such case, the Officer appointing the Court Martial shall determine whether the same shall consist of European Officers or of Native Officers. Every General Court Martial appointed under the authority of this Act shall have all the powers of a General Court Martial specified in the 75th Article of War for the Native Army; and sentence of death, or other punishment to which the offender is liable by the said Articles of War, may be given by such Court Martial, if a majority of the Members present concur in the sentence.

[General Order of Governor General in Council, Military Department, No. 677 of 1857, confirmed.]

III. General Order No. 677 of 1857, made by the Governor General in Council in the Military Department, and bearing date the 14th of May 1857, is hereby confirmed; and the same shall have the force and effect of Law, and shall be deemed to have had such force and effect from the date thereof.

[The said General Order or any Order issued under this Act may be countermanded or altered.]

IV. It shall be lawful for the Governor General in Council to countermand or alter the said General Order, or any Order in Council which may be issued under the authority of this Act.

W. MORGAN,
Clerk of the Council.

কোর্ট মার্শ্যল কেবল ইউরোপীয় সেনাপতিদিগকে কি এদেশীয় ছুব্দাদারদিগকে লইয়া হইবেক ইহার আজ্ঞা ঐ আজ্ঞাপত্রে দেওয়া যাইতে পারিবেক। এই আইনমতে নিযুক্ত কোর্ট মার্শ্যলের ক্ষমতা।]

২ ধারা। এই আইনের শক্তিক্রমে যে কোন সাধারণ কোর্ট মার্শ্যল নিযুক্ত হন তাহা যে স্থানে হইবেন সেই স্থানের প্রধান সেনাপতি সাহেবকর্ত্তৃক নিযুক্ত হইবেন। সনদপ্রাপ্ত পাঁচ জনের কম সেনাপতি লইয়া ঐ কোর্ট হইবেন না। যে জেনরল সাহেব কি অন্য সেনাপতি সাহেব কোর্ট মার্শ্যল নিযুক্ত করেন তিনি সংখ্যাও নির্দ্ধার্য্য করিবেন। এই আইনের বিধানমতে যে সাধারণ কোর্ট মার্শ্যল নিযুক্ত হন তাহা কেবল ইউরোপীয় সনদপ্রাপ্ত সেনাপতি সাহেব লইয়া কি এদেশীয় সনদপ্রাপ্ত ছুব্দাদারদিগকে লইয়া হইবেন এইরূপ আদেশ হজুর কৌন্সেলের পূর্ব্বোক্ত হুকুমেতে নির্দ্দিষ্ট থাকিবেক। আর তদ্রূপ স্থলে ইউরোপীয় কি এদেশীয় সেনাপতি লইয়া ঐ কোর্ট হইবেন এই কথা যে সাহেব কোর্ট মার্শ্যল নিযুক্ত করেন তিনি নির্দ্ধার্য্য করিবেন। এই আইনের শক্তিক্রমে যে সাধারণ কোর্ট মার্শ্যল নিযুক্ত হন তাহা এইদেশীয় সিপাহীরদের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় আইনের ৭৫ প্রকরণের নির্দ্দিষ্ট সাধারণ কোর্ট মার্শ্যলের তুল্য ক্ষমতাপন্ন হইবেন। আর কোর্ট মার্শ্যলের অধিকাংশ সাহেবেরা যদি সম্মত হন, তবে তাঁহারা প্রাণদণ্ডের আজ্ঞা, কিম্বা উক্ত যুদ্ধসম্পর্কীয় আইনক্রমে অপরাধী অন্য যে কোন দণ্ডের যোগ্য হইতে পারে সেই দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[মিলিটারী ডিপার্টমেণ্টে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ১৮৫৭ সালের ৬৭৭ নম্বরের সাধারণ হুকুম বহাল রাখা গেল।]

৩ ধারা। মিলিটারী ডিপার্টমেণ্টে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ১৮৫৭ সালের ৬৭৭ নম্বরের ১৮৫৭ সালের ১৪ মে তারিখের যে সাধারণ হুকুম করেন তাহা বহাল রাখা গেল। ও তাহা আইনতুল্য ফলবৎ ও বলবৎ হইবেক, ও তাহার তারিখঅবধি তাহা তদ্রূপে বলবৎ ও ফলবৎ হয় এমত জ্ঞান হইবেক ইতি।

[উক্ত সাধারণ হুকুম কি আইনমতের জারীকরা কোন হুকুম রহিত কি পরিবর্ত্ত করা যাইতে পারিবেক।]

৪ ধারা। উক্ত সাধারণ হুকুম কিম্বা এই আইনের শক্তিক্রমে হজুর কৌন্সেলে যে কোন হুকুম করা যায় তাহা রহিত কি পরিবর্ত্তন করিতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ক্ষমতা থাকিবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator*

No. 2245.
NOTICE.

Whereas it is provided by Act No. XXVI. of 1850 that whenever any application shall be made to the Government for putting the said Act in force in any Town or Suburb, notice thereof shall be given in the *Government Gazette* of the Presidency or Place, and also by Proclamation within such Town or Suburb, setting forth the purposes of the application and giving reasonable time for all inhabitants of such Town or Suburb to declare themselves for or against the adoption of the said Act therein, for such purposes, or any one of them; and whereas an application has been

২১৪৫ নম্বর।
বিজ্ঞাপন।

১৮৫০ সালের ২৬ আইনেতে এই বিধান হইয়াছিল যে, উক্ত আইন কোন নগরে কি শহরতলীতে চালাইবার প্রার্থনা গবর্ণমেণ্টের নিকটে করা গেলে তাহার সম্বাদ রাজধানীর কি স্থানের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইবেক ও সেই নগরে কি শহরতলীতে তাহা ঘোষণা হইবেক। আর যে২ কার্য্য হইবার জন্যে ঐ দরখাস্ত করা যায় তাহা ঐ ঘোষণাপত্রে প্রকাশ হইবেক, ও সেই নগর কি শহরতলী নিবাসি লোকেরা সেই সকল কার্য্যের কিম্বা তাহার কোন কার্য্যের নিমিত্তে ঐ আইন প্রচলিত করিবার সপক্ষে কি বিপক্ষে আপনারদের মত জানান্ এই জন্যে উপযুক্ত সময় দেওয়া যাইবেক। সম্প্রতি নসীরাবাদ কি ময়মুনসিংহ নিবাসি

recently made to the Government of Bengal by several persons, inhabitants of the Town of Nusseerabad or Mymensing, praying that the said Act No. XXVI. of 1850 may be put in force within the Town of Nusseerabad or Mymensing for the purpose of making better provision for cleansing, repairing, lighting and watching the public streets, roads, drains and tanks, and for improving the said Town and preventing any nuisance arising therein: Notice of the application aforesaid is hereby given; and all inhabitants of the said Town are hereby informed that such of them as are minded to declare themselves for, or against, the adoption of Act No. XXVI. of 1850 in the Town of Nusseerabad or Mymensing for the purposes described in the application aforesaid, or any of them, may declare themselves accordingly before the Magistrate of the said Town at any time during the usual office hours till the first day of July next. Notice is also hereby given that the Magistrate of Mymensing has been directed, besides noting such declarations as may be made in the manner above mentioned, to keep a Book wherein every occupant of a House, or Shop, now paying Chowkeedarree assessment for the Town of Nusseerabad or Mymensing, may have himself inscribed as being in favor of, or against, the prayer of the application aforesaid, on applying to the Magistrate at any time within office hours before the first day of July next.

By order of the Lieutenant Governor of Bengal,

C. T. Buckland,
Junr. Secy. to the Govt. of Bengal.

Darjeeling, 7th May, 1857.

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 16th May, 1857.

Moulvie Musheeutollah, Officiating Moonsiff of Nattore, to be Moonsiff of Bhowanygunge.

Baboo Mohendernarain Chuckerbutty, Moonsiff of Chowgong, to be Moonsiff of Nattore, and Baboo Madhub Chunder Chowdry, Moonsiff of Nattore, to be Moonsiff of Chowgong, Zillah Rajshahye.

Baboo Ramdhun Mookerjea, to officiate as Moonsiff of Chowgong during the deputation of Madhub Chunder Chowdry, Officiating Sudder Ameen of Dinagepore, but to continue to officiate at Chowkee Paughatta, Zillah Nuddea, until further orders.

LEAVE OF ABSENCE.

The 16th May, 1857.

Baboo Bissessur Sein, Moonsiff of Madareepore, Zillah Backergunge, for two weeks, from the 27th instant.

A. W. Russell, *Register.*

বহুতর লোক বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের নিকটে এই প্রার্থনা করিয়াছেন যে, উক্ত নগরের সরকারী রাস্তা ও পথ ও নরদমা ও পুকুর পরিষ্কার ও মেরামৎ করিবার ও তাহাতে আলো ও চৌকী দিবার জন্যে ও সেই নগর আরো উত্তম করিবার জন্যে ও তাহার মধ্যে অনিষ্ট নিবারণের জন্যে উক্ত নসীরাবাদ কি ময়মনসিংহ নগরে ১৮৫০ সালের উক্ত ২৬ আইন চলন হয়। অতএব সেই দরখাস্ত হওয়ার সম্বাদ এইক্ষণে দেওয়া যাইতেছে। ও উক্ত নগরনিবাসি সকল লোককে সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত দরখাস্তের মধ্যে যে সকল কারণ প্রকাশ হইয়াছে তাহার সমুদয় কি তাহার কোন কার্য্যের নিমিত্তে ১৮৫০ সালের ২৬ আইন উক্ত নসীরাবাদ কি ময়মনসিংহ নগরে চলন হয় কি না হয় এই বিষয়ে যাঁহারা আপনারদের ইচ্ছা প্রকাশ করিতে চাহেন তাঁহারা আগামি জুলাই মাসের প্রথম দিবসপর্য্যন্ত কাছারী খোলা থাকিবার কোন সময়ে উক্ত নগরের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপনারদের মত জানাইতে পারিবেন। আরো এই সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্তমতে লোকেরদের মত গ্রহণ করিবার যে নিয়ম প্রকাশ হইয়াছে তদ্ভিন্ন উক্ত ময়মনসিংহের মাজিষ্ট্রেট সাহেবকে আদেশ করা গিয়াছে যে তিনি এক বহী রাখেন, ও যে সকল দোকানদার কি গৃহস্বামী নসীরাবাদ কি ময়মনসিংহ নগরের চৌকীদারী টাক্স দিয়া থাকেন তাঁহারা আগামি জুলাই মাসের প্রথম দিবসের পূর্ব্বে দপ্তরখানা খোলা থাকিবার কোন সময়ে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে অনুমতি চাহিয়া উক্ত দরখাস্তের সপক্ষে কি বিপক্ষে আপনার নাম সেই বহীতে লেখাইতে পারিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুমক্রমে।

সি টি বকলাণ্ড।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

দারজিলিঙ্গ। ১৮৫৭ সাল ৭ মে।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৬ মে।

নাটোরের একটিং মুনসেফ শ্রীযুত মৌলবী মশীয়ৎউল্লা ভবানীগঞ্জের মুনসেফ হইবেন।

জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী নাটোরের মুনসেফ হইবেন ও নাটোরের মুনসেফ শ্রীযুত বাবু মাধবচন্দ্র চৌধুরী চৌগাঁয়ের মুনসেফ হইবেন।

দিনাজপুরের একটিং সদর আমীন শ্রীযুত বাবু মাধবচন্দ্র চৌধুরী অন্য কর্ম্মে যত কাল নিযুক্ত থাকেন তত কাল শ্রীযুত বাবু রামধন মুখুয্যা চৌগাঁয়ের মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন কিন্তু যাবৎ অন্য হুকুম না হয় তাবৎ জিলা নদীয়ার চৌকী পাণঘাটায় কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৬ মে।

জিলা বাকরগঞ্জের মাদারীপুরের মুনসেফ শ্রীযুত বাবু বিশ্বেশ্বর সেন বর্ত্তমান মাসের ২৭ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর

রাজকর্ম্মে নিয়োগ।

১৩৮০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১২ ফেব্রুআরি।

নীচের লিখিত মহাশয়েরা যশোহরে দাতব্য ঔষধালয়ের ও হাসপিটালের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু আনন্দচন্দ্র বাঁড়ুয্যা।

শ্রীযুত মৌলবী আলি আহমদ।

শ্রীযুত মৌলবী মহম্মদ কাজিম।

১৮৫৭ সাল ২ আপ্রিল।

শ্রীযুত লেপ্টেনেণ্ট আর ষ্টুআর্ট সাহেব (Lieut. R. Stewart,) কিঞ্চিৎ কালের নিমিত্তে কাছাড়ের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ৪ আপ্রিল।

শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেব (Mr. C. J. Mackenzie,) কিঞ্চিৎ কালের নিমিত্তে নওয়াখালীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ৮ আপ্রিল।

শ্রীযুত ও সলিবান সাহেব (Mr. O'Sullivan,) ছুটী লইয়া যত কাল গরহাজির থাকেন তত কাল কিম্বা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ওয়াল্টর বুর্ণ সাহেব (Mr. Walter Bourne,) মানভূমে পুরুলিয়ার চিকিৎসকের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ৯ আপ্রিল।

শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব (Mr. W. V G. Taylor,) মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব (Mr. W. C. Taylor,) ছুটী লইয়া যত কাল গরহাজির থাকেন তত কাল কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত সাঁতাল পরগনায় সব-আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত এফ রজর্স সাহেব (Mr. F. Rogers,) আসিষ্টাণ্ট কমিস্যনরের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ৩১ মার্চ।

নওয়াখালীর সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত মৌলবী আনওয়ার আলী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২৬ তারিখঅবধি দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২ আপ্রিল।

চাটিগাঁয়ের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আশ্রফ আলী গত ডিসেম্বর মাসের ৩০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সক্রেটারী।

INSOLVENT COURT.

যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOSEPH HUGHESDON, and another, Insolvents.

On Saturday, the second day of May last, upon an application of the Assignee in this matter, It was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rupees 10,692-10 7 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. one and quarter per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 6,105-4-9) upon the several claims admitted on the Schedule of the said Insolvents, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 21st May, 1857.

JOHN COCHRANE, *Official Assignee.*

কলিকাতায় যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন যোসেফ হিউসডন সাহেব ও অন্যের বিষয়ে।

আসৈনি সাহেব গত মে মাসের ২ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ১০,৬৯২॥৴৭ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ১।০ এক টাকা চারি আনার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৬,১০৫।৯ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৫৭ সাল ২১ মে।

জান কক্রেন। সরকারী আসৈনি।

MISCELLANEOUS ADVERTISEMENTS.

সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

সুপ্রিম কোর্ট

রিসিবর আফিস।

জমিদারীদিগর ইজারা।

ভোলানাথ কুণ্ডু চৌধুরীদিগর বাদী।

অন্নদাপ্রসাদ রায় শ্রীকৃষ্ণসিংহদিগর প্রতিবাদী ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান মে মাহার ২৭ তারিখ বুধবার বেলা দুই প্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত চারলস মুইটম হগ সাহেব তাঁহার আফিসে উপরোক্ত মোকদ্দমাহার সংক্রান্ত নীচের লিখিত জমীদারীদিগরের ইজারার ডাক লইবেন যাহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

[*Government Gazette, 26th May, 1857.*]

মোতালকে জিলা ২৪ পরগনা।

লাট শালিখা।

নিজ শালিখা	১	রকম ৷৵০ আনা
ঘুষড়ি	১	ঐ

লাট ডোমজুড়।

নিজ ডোমজুড়	১	ঐ
পায়রাটুঙ্গি	১	ঐ
বালি মাজবাজার	১	ঐ

৫

মোতালকে জেলা হুগলী।

লাট গোবিন্দপুর।

নিজ গোবিন্দপুর	১	রকম সোলআনা
দেয়াড়া	১	ঐ
রামচন্দ্রপুর	১	ঐ
কিসমত মুক্তিপুর	১	রকম ৷৵০ আনা
কিং বেণিপুর	১	ঐ
কিং আটীশাড়া	১	ঐ
কালীনগর	১	রকম সোলআনা
কিং বালিআড়া	১	রকম ৷৷০ আনা

লাট বিল জয়পুর।

নিজ বিল জয়পুর	১	রকম ৷৵০ আনা
মনহরপুর	১	ঐ
মৃগালা সার বড়জলা চিহ্নিত অংশ।	১	ঐ
ভাঙ্গরগাছি	১	ঐ
কশাইগাছি	১	ঐ

১৮

আরং বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি

রিসিবর আফিস কোর্ট হৌস।

তারিখ ৭ মে ১৮৫৭ সাল।

সুপ্রিম কোর্টের বিজ্ঞাপন।

রিসিবর আফিস।

নবকৃষ্ণ মিত্রদিগর — বাদী।

হরিশ্চন্দ্র মিত্রদিগর — প্রতিবাদী ইত্যাদি।

সকলকে জ্ঞাত করা যাইতেছে যে বর্ত্তমান মে মাহার ৩০ তারিখ শনিবার বেলা দুইপ্রহর এক ঘণ্টার সময় সুপ্রিম কোর্টের রিসিবর শ্রীযুত চারলেশ মুইন্টন হাগ সাহেব তাঁহার আফিসে শহর কলিকাতার চান্দনিচক বাজারের ইজারার ডাক লইবেন যাঁহারা ইজারা লওনেচ্ছুক হয়েন উক্ত সময়ে উক্ত আফিসে উপস্থিত হইবেন ইতি।

আরং বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্বকরিলে জানিতে পারিবেন ইতি।

রিসিবর আফিস। কোর্টহৌস। তারিখ ১৩ মে ১৮৫৭ সাল।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের সরাসরী নিষ্পত্তিসমূহ বর্ণমালানুযায়ী লিখিত ইং ১৮৩৪ সাং ১৮৫৫ সাল।

এই গ্রন্থ জিরিস্থিসমেত ৪২০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে উক্ত আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে তত্ত্ব করিলে পাওয়া যাইবেক মূল্য ৫ টাকা মাত্র।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের ১৮৫৪ সালের নিষ্পত্তিসমূহের খোলাসা।

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাষায় না থাকাতে সে তাবতের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র হালদারকর্ত্তৃক অনুবাদিত হইয়া ১৲ টাকা মূল্যে বিক্রয় হইতেছে সদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসর্স ব্রাউন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুতবাবু পীতাম্বর সাইনের নিকট উক্ত অনুবাদকর্ত্তার নামোল্লেখে মূল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

"কৌরব বিয়োগ নাটক।"

রাজা দুর্য্যোধনের উরু ভাঙ্গাবধি অন্ধ রাজাদির বজ্রানলে দগ্ধ হওনাপর্য্যন্ত মহাভারতীয় অপূর্ব্ব বৃত্তান্ত সুমার্জ্জিত সাধুভাষায় বহুলাংশ গদ্যে ও স্বল্পাংশ মাত্র অমিত্র পদ্যে নাটকের প্রণালীতে কালেজ ও স্কুল ও পাঠশালাদির ব্যবহারার্থ বাবু হরচন্দ্র ঘোষকর্ত্তৃক বিরচিত হইয়া উত্তম বিলাতী কাগজে ও সদক্ষরে ন্যূনাধিক ১৫০ (অকটেবো) পৃষ্ঠায় মুদ্রিত হইয়া সত্বরে প্রকাশিত হইবেক মূল্য ২৲ টাকা যাঁহার গ্রহণেচ্ছা হয় তিনি হুগলীর কমিসানর সাহেবের আফিসের হেড কেরাণী বাবু অমরচন্দ্র ঘোষের নিকট স্বীয় নাম ধাম প্রেরণ করিবেন। কিন্তু জানান যাইতেছে যে "বেরিং" পত্র প্রেরণ করিলে তাহা গ্রহণ করা যাইবেক না ইতি

গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৬ মে।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

অতিরিক্ত

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, MAY 29, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ২৯ মে।

DRAFT OF ACT.

A Bill for extending the jurisdiction of the Courts of Criminal Judicature of the East India Company in Bengal, for simplifying the Procedure thereof, and for investing other Courts with Criminal jurisdiction.

CHAPTER IV.

OBTAINING A SUMMONS OR WARRANT.

[Continued from page 416.]

[Notwithstanding summons, warrant may issue in certain cases.]

10. A magistrate or darogha of police may, notwithstanding such summons either before the appearance of the person accused, as required by such summons, or after default made by him so to appear, issue a warrant of arrest against such person in all cases in which he might so have done had no such summons been issued.

[Warrant when grantable for an offence committed beyond local jurisdiction.]

11. A magistrate of one district or darogha of one division may grant a warrant for the apprehension of a suspected offender within that district or division, as the case may be, in respect of an offence of which the law takes cognisance, committed in a different district or division, or on the high seas, or in a foreign country.

[Where an offence may be investigated and tried in one of two or more jurisdictions.]

12. When a person or several persons shall be accused of the commission of any offence, by reason of any things which have been done, or by reason of any thing or things which have been done, and consequence or consequences which have occurred, every such offence may be inquired

আইনের মুসাবিদা।

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের এলাকা বৃদ্ধি করিবার ও তাহার কার্য্য আরো সহজরূপে করা যাইবার ও অন্যান্য আদালতকে ফৌজদারী এলাকা দিবার আইনের মুসাবিদা।

৪ অধ্যায়।

সমন কি ওয়ারণ্ট পাইবার কথা।

[৪১৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[সমন হইলেও কোন২ স্থলে পরওয়ানা দেওয়া যাইতে পারিবেক।]

১০। যে২ স্থলে সমন দেওয়া না গেলে অভিযুক্ত ব্যক্তির নামে গ্রেপ্তারের পরওয়ানা দেওয়া যাইতে পারিত, এমত সকল স্থলে সমন দেওয়া গেলেও ঐ সমনের আজ্ঞামতে ঐ অভিযুক্ত ব্যক্তির উপস্থিত হইবার আগে, কিম্বা সেইরূপে উপস্থিত হইবার ত্রুটি করিলে পর, মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পোলীসের দারোগা তাহার নামে গ্রেপ্তারের পরওয়ানা দিতে পারিবেন।

[এলাকার বাহিরে অপরাধ করা গেলে যে স্থলে পরওয়ানা দেওয়া যাইতে পারিবেক।]

১১। আইনমতে যে অপরাধ বিচার্য্য হয় তাহা, মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা দারোগার যে জিলা কি এলাকা থাকে তদ্ভিন্ন অন্য জিলাতে কি এলাকাতে কি মহাসমুদ্রে কি বিদেশে করা গেলেও সেই অপরাধসম্পর্কে কোন জিলার মাজিষ্ট্রেট সাহেব কি কোন এলাকার দারোগা বিষয়বিশেষে আপন জিলা কি এলাকার মধ্যে লোকের করা অপরাধিকে গ্রেপ্তার করিবার পরওয়ানা দিতে পারিবেন।

[যে স্থলে দুই কি ততোধিক এলাকার কোন এক এলাকার মধ্যে অপরাধের তদারক ও বিচার হইতে পারে।]

১২। যদি কোন কার্য্য হওয়াপ্রযুক্ত, কিম্বা কোন এক কি অধিক কার্য্য করা গেলে তাহার এক কি অধিক ফল হওয়াপ্রযুক্ত কোন অপরাধ করিবার নালিশ কোন এক কি অধিক ব্যক্তির নামে হয়, তবে যে কোন জিলার কি এলাকার মধ্যে তদ্রূপ কোন কার্য্য করা গিয়া থাকে, কি তদ্রূপ কোন ফল হইয়া থাকে সেই জিলা

of and determined, and every such offender prosecuted and punished, in any district or jurisdiction in which any such thing shall have been done, or any such consequence shall have occurred.

[Abetment.]

13. The abetment of an offence, wherever such abetment may have taken place, may be inquired of and determined in any place or district in which that offence may be inquired of and determined, and by any Court which has jurisdiction to try that offence, as though the abetment had been committed at the same place at which that offence was wholly or partly committed.

[Abetment.]

14. Provided that such abetment may be inquired of and determined in any district within which the abettor has done anything for abetting the commission of that offence.

[Offence committed on boundary.]

15. Where any offence shall be committed on the boundary or boundaries of two or more districts or divisions, whether within the same Presidency or under the same Lieutenant-Governor or not, or within the distance of 500 yards of any such boundary or boundaries, or shall be begun in one district or division and completed in another, every such offence may be inquired of and determined in any of the said districts or divisions in the same manner as if it had been actually and wholly committed therein.

[During journey, &c.]

16. Where any offence shall be committed on any person, or on or in respect of any property, in or upon any coach, cart, or other carriage or conveyance, or upon any beast of burden employed in any journey, or shall be committed on any person, or on or in respect of any property on board any vessel employed on any voyage or journey upon any navigable river, canal, or inland navigation, such offence may be inquired of and determined in any district or division through any part whereof such coach, cart, carriage, conveyance, beast of burden, or vessel shall have passed in the course of the journey or voyage during which such offence shall have been committed, in the same manner as if it had been actually committed in such district or division, and in all cases where the side, middle, or other part of any highway, or the side, bank, middle, or other part of any such river, canal, or navigation, shall constitute the boundary of any two districts or divisions, such offence may be inquired of and determined in either of the said districts or divisions through or adjoining to or by the boundary of any part whereof such coach, cart, carriage, conveyance, beast of burden, or vessel shall have passed in the course of the journey or voyage during which such offence shall have

কি এলাকার মধ্যে সেই প্রকারে প্রত্যেক অপরাধের তদারক ও নিষ্পত্তি হইতে পারিবেক, ও তদ্রূপ প্রত্যেক অপরাধির উপর মোকদ্দমা চলিতে পারিবেক ও তাহার দণ্ড হইতে পারিবেক।

[সহায়তা।]

১৩। অপরাধের এক অংশ কি সমুদয় যে স্থানে করা গিয়াছিল সেই স্থানেই সহায়তা হইলে ঐ সহায়তার যেরূপ তদারক ও নিষ্পত্তি হইতে পারিত, সেইরূপে ঐ সহায়তা যে কোন স্থানে করা যাউক, অপরাধের বিচার ও নিষ্পত্তি যে কোন স্থানে কি জিলাতে হইতে পারে ও সেই অপরাধের বিচার করিবার ক্ষমতা যে কোন আদালতের থাকে, সেই স্থানে কি জিলাতে, ও সেই আদালতের দ্বারা সেই সহায়তার বিচার ও নিষ্পত্তি হইতে পারিবেক।

[সহায়তা।]

১৪। পরন্তু সহায় ব্যক্তি যে কোন জিলার মধ্যে ঐ অপরাধের সহায়তা করিবার জন্যে কোন কার্য্য করিয়া থাকে, সেই জিলাতে ঐ সহায়তা কার্য্যের বিচার ও নিষ্পত্তি হইতে পারিবেক।

[সীমার স্থানে যে অপরাধ করা যায় তাহার বিচার।]

১৫। দুই কি ততোধিক জিলার কি এলাকার সীমানার স্থানে কিম্বা সেই স্থানহইতে ১০০০ হাতের মধ্যে যদি কোন অপরাধ করা যায়, কিম্বা যদি এক জিলাতে কি এলাকাতে আরম্ভ হইয়া অন্য জিলা কি এলাকার মধ্যে সমাপ্ত হয়, তবে সেই২ জিলা কি এলাকা একই রাজধানীর অন্তঃপাতি কিম্বা একই লেপ্টেনেন্ট গবরনর সাহেবের কর্তৃত্বের অধীন হউক কি না হউক, তদ্রূপ প্রত্যেক অপরাধ নিতান্ত ও সম্পূর্ণরূপে এক জিলাতে কি এলাকার মধ্যে করা গেলে তাহার যেপ্রকারে বিচার ও নিষ্পত্তি হইত সেই প্রকারে তাহার মধ্যে কোন এক জিলাতে কি এলাকাতে তাহার বিচার ও নিষ্পত্তি হইতে পারিবেক।

[পথে গমনকালে প্রভৃতি।]

১৬। কোন যাত্রার কালে ঘোড়ার কি বলদের কোন গাড়িতে কিম্বা অন্য যানবাহনে কিম্বা কোন বলদাদির পিঠে কোন লোক কিম্বা কিছু সম্পত্তি যাইতেছে এমন সময়ে যদি তাহার উপর কি তৎসম্পর্কে কোন অপরাধ করা যায়, কিম্বা নৌকার গমনীয় কোন নদী কি খাল কি নৌকার গমনীয় পথ দিয়া কোন স্থানে গমনশীল কোন নৌকাদিতে যে কোন ব্যক্তি যায় কি যে কোন সম্পত্তির চালান হয় তাহার উপর কি তৎসম্পর্কে যদি কোন অপরাধ করা যায়, তবে যে জিলাতে কি এলাকাতে ঐ অপরাধ নিতান্ত করা যায় সেই জিলার কি এলাকার যেমন তাহার বিচার হইতে পারিত, তেমনি যে যাত্রা কি গমনকালে ঐ অপরাধ করা গিয়াছে সেই যাত্রার কালে ঐ গাড়ি কি যানবাহন কি বলদ কি নৌকাদি যে কোন জিলা কি এলাকা দিয়া চলে তাহার কোন এক জিলার কি এলাকার ঐ অপরাধের বিচার ও নিষ্পত্তি হইতে পারিবেক। আর যদি সরকারী কোন রাস্তার পার্শ্ব কি মধ্য ভাগ কি অন্য ভাগ কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের কোন নদীর কি খালের কি নৌকার গমনীয় পথের পার্শ্বভাগ কি তীর কি মধ্যভাগ কি অন্য স্থান কোন দুই জিলার কি এলাকার সীমানার নিরূপিত স্থান হয়, তবে তাহার কোন এক জিলাতে কি এলাকাতে ঐ অপরাধ নিতান্ত করা গেলে তাহার মধ্যে যেমন ঐ অপরাধের বিচার হইতে পারিত, তেমনি যে যাত্রা কি গমনকালে ঐ অপরাধ করা গিয়াছে সেই যাত্রার কালে ঐ গাড়ি কি যানবাহন কি বলদ কি নৌকাদি যে কোন জিলার কি এলাকার মধ্য দিয়া কি নিকট হইয়া কি সীমানা দিয়া

been committed, in the same manner as if it had actually been committed in such district or division.

চলে তাহার কোন এক জিলার কি এলাকার ঐ অপরাধের বিচার ও নিষ্পত্তি হইতে পারিবেক।

[Receiving, &c. stolen property.]

17. Whosoever shall fraudulently receive, or fraudulently have in possession any stolen property, knowing the same to be stolen property, may be prosecuted and punished in any district or place in which he shall have or shall have had such stolen property in his possession, or in any district or place in which any person by whose offence that property came to be stolen property may be prosecuted and punished.

[চোরা জিনিস গ্রহণপ্রভৃতি করণ।]

১৭। যদি কোন ব্যক্তি কোন জিনিস চোরা জিনিস জানিয়া প্রতারণা করিয়া গ্রহণ করে কি প্রতারণা করিয়া আপন নিকটে রাখে, তবে যে কোন জিলাতে কি স্থানে ঐ চোরা জিনিস তাহার নিকটে থাকে কি ছিল, কিম্বা যাহার অপরাধে ঐ জিনিস চোরা জিনিস হইল সেই লোকের নামে নালিশ ও সেই লোকের দণ্ড যে কোন জিলাতে কি স্থানে হইতে পারে, সেই জিলাতে কি স্থানে ঐ চোরা জিনিস গ্রাহকের উপর মোকদ্দমা চলিতে পারিবেক ও তাহার দণ্ড হইতে পারিবেক।

[Unlawfully receiving property.]

18. Whosoever shall commit any offence by unlawfully receiving or having in possession any moveable property, knowing the same to have been unlawfully taken, obtained, or converted, may be prosecuted and punished in any district or place in which he shall have or shall have had such property in his possession, or in any district or place in which any person who unlawfully took, or obtained, or converted such property, may be prosecuted and punished for any offence committed thereby.

[বেআইনীমতে সম্পত্তি গ্রহণ করণ।]

১৮। কোন অস্থাবর সম্পত্তি বেআইনীমতে লওয়া গিয়াছে কি পাওয়া গিয়াছে কি বদল করা গিয়াছে জানিয়া, যদি কোন লোক সেই সম্পত্তি বেআইনীমতে গ্রহণ করিয়া কি নিকটে রাখিয়া অপরাধ করে, তবে যে কোন জিলাতে কি স্থানে সেই সম্পত্তি তাহার নিকটে থাকে কি ছিল সেই জিলাতে কি স্থানে তাহার উপর মোকদ্দমা চলিতে পারিবেক ও তাহার দণ্ড হইতে পারিবেক। অথবা যে লোক ঐ সম্পত্তি বেআইনীমতে লইয়াছিল কি পাইয়াছিল কি বদল করিয়াছিল সেই লোকের উপর ঐ কর্ম্ম করণের অপরাধের জন্যে যে কোন জিলাতে কি স্থানে মোকদ্দমা চলিতে পারে কি তাহার দণ্ড হইতে পারে সেই জিলাতে কি স্থানে ঐ গ্রাহকেরও উপর মোকদ্দমা চলিতে পারিবেক ও তাহার দণ্ড হইতে পারিবেক।

[Escape from lawful custody under sentence.]

19. Any offender who shall escape from any custody in which he is lawfully detained in pursuance of a sentence of a Court of Justice, or by virtue of a commutation of such sentence, may be prosecuted and punished either in the district where he shall be apprehended and re-taken, or in the district in which the said offence shall have been committed.

[দণ্ডাজ্ঞাক্রমে আইনমতে কয়েদ হইয়া পলায়ন করা।]

১৯। কোন অপরাধী আদালতের দণ্ডাজ্ঞাক্রমে, কিম্বা তদ্রূপ দণ্ডাজ্ঞার পরিবর্ত্তে অন্য আজ্ঞাক্রমে, আইনসিদ্ধমতে আটক করিয়া রাখা গেলে যদি পলায়ন করে, তবে যে কোন জিলাতে তাহাকে গ্রেপ্তার করিয়া পুনরায় ধরা যায়, কিম্বা যে জিলাতে ঐ অপরাধ করা গিয়াছে, সেই জিলাতে তাহার উপর মোকদ্দমা চলিতে পারিবেক ও তাহার দণ্ড হইতে পারিবেক।

[Returning from transportation or banishment.]

20. Any offender who shall return from transportation or banishment, the term of such transportation or banishment not having expired, and his punishment not having been remitted, may be prosecuted and punished either in the district or place where he shall be apprehended, or in that in which he was formerly tried.

[দ্বীপান্তরে প্রেরিত হইয়া কি দেশ বহিষ্কৃত হইয়া ফিরিয়া আইলে।]

২০। যদি কোন অপরাধির দ্বীপান্তর প্রেরণ দণ্ড কি দেশহইতে বহিষ্কৃত হওনের দণ্ড হয়, ও সেই দ্বীপান্তর প্রেরণের কি দেশহইতে বহিষ্কৃত হওনের মিয়াদ অতীত না হইলে ও তাহার দণ্ডের ক্ষমা না হইলে যদি সে ফিরিয়া আইসে, তবে যে জিলাতে কি স্থানে তাহাকে গ্রেপ্তার করা যায় তাহাতে কিম্বা যে স্থানে পূর্ব্বে তাহার বিচার হইয়াছিল সেই স্থানে তাহার উপর মোকদ্দমা চলিবেক ও তাহার দণ্ড হইবেক।

[Forgery.]

21. Any person who shall commit any offence by forgery, or by using as genuine any document which he knows to be forged or falsified by forgery, may be prosecuted and punished in any district or place in which he shall be apprehended or be in custody, as if his offence had been actually committed in that district or place.

[জাল করণ।]

২১। যে কোন ব্যক্তি জাল করিয়া, কিম্বা কোন দলীল জালকরা আছে কি জাল করণের দ্বারা মিথ্যা করা গিয়াছে জানিয়া তাহা প্রকৃত বলিয়া ব্যবহার করিয়া, কোন অপরাধ করে, সেই লোককে যে কোন জিলাতে কি স্থানে গ্রেপ্তার করা যায় কি আটক করিয়া রাখা যায় সেই জিলাতে কি স্থানেই তাহার অপরাধ হওনের মতে তাহার উপর মোকদ্দমা চলিবেক ও তাহার দণ্ড হইতে পারিবেক।

[Definition of certain terms.]

22. In the preceding Articles, and any other Article of this Act, wherever the district or other place or the Court in or before which any offence is to be inquired of and determined, or any of-

[কোন২ কথার অর্থ করণ।]

২২। ইহার পূর্ব্বের সকল প্রকরণের ও এই আইনের অন্য কোন প্রকরণের যে সকল স্থলে কোন জিলাতে কি অন্য স্থানে কিম্বা আদালতে কি তাঁহার সম্মুখে, কোন অপরাধের তদারক ও নিষ্পত্তি হইবার কিম্বা

fence is to be prosecuted and punished, is mentioned, the term "inquired of" shall be deemed to comprise every proceeding preliminary to trial; the term "determined," to comprise trial, and every subsequent proceeding, including the punishment of the offender; and the terms "prosecuted and punished," to comprise every proceeding, whether preliminary or subsequent to trial, or upon such trial; unless in any such case there be something in the subject or context repugnant thereto.

[What is a district, and what a division.]

23. The local jurisdiction of the magistrate of a zillah or district shall, for the purposes of this Act be deemed a district; and the local jurisdiction of a moonsiff or darogha of police be deemed a division; provided that nothing herein contained shall be held as authorizing a police officer, except under the special authority of the magistrate, to inquire into any of the offences described in the provisions of the Penal Code specified in Chapter IX. Article 1 of this Act.

CHAPTER V.

OF THE WARRANT AND ITS EXECUTION.

[Warrant to bear the name of grantor.]

1. The warrant shall be in the name of the officer who grants it.

[Form of warrant.]

2. Every such warrant shall be in writing; shall be directed to some person or persons by name or by official description (and in the latter case, either to some particular officer, or to all or some one or more of that class or description); shall specify the person to be arrested by name or by such other description as may be sufficient to distinguish him; shall order that such person be arrested; shall specify the authority before whom such person after arrest shall be taken; shall state, as the cause of arrest, some offence committed or suspected to have been committed in respect of which the magistrate or other officer has jurisdiction to issue such warrant; shall show the person who grants it to be a magistrate or other officer authorized to issue such warrant; shall state the time of making it, show the place where it is granted, either by statement in the body or in the margin of the warrant; and be signed and sealed by the magistrate or other officer who grants it.

[Warrant to several persons, jointly and severally.]

3. A warrant directed to several persons jointly and severally may be executed by any one of them.

কোন অপরাধের জন্যে কোন মোকদ্দমা চলিবার ও দণ্ড হইবার কথা লেখা আছে সেই২ স্থলে "তদারক" এই শব্দেতে বিচার হইবার পূর্ব্বের প্রত্যেক কার্য্য বুঝায়, ও "নিষ্পত্তি" এই শব্দেতে বিচার ও তৎপরে অপরাধির দণ্ড সমেত প্রত্যেক কার্য্য বুঝায়, ও "মোকদ্দমা চলিবেক ও দণ্ড হইবেক" এই২ কথাতে বিচারের পূর্ব্বের কি পরের কি বিচার কালীন প্রত্যেক কার্য্য বুঝায় এমত জ্ঞান হইবেক। পরন্তু ইহার মধ্যে কোন স্থলে যদি বিষয় বুঝিয়া কি পূর্ব্বাপরের কথা দৃষ্টে ঐ অর্থ অসঙ্গত হয় তবে সেই অর্থ বুঝাইবেক না।

[জিলা কি, এলাকা কি।]

২৩। এই আইনের সকল কার্য্যের নিমিত্তে কোন জিলার মাজিষ্ট্রেট সাহেবের এলাকা যেপর্য্যন্ত হয় তাহা জিলা জ্ঞান হইবেক, ও মুনসেফের কি পোলীসের দারোগার যেপর্য্যন্ত এলাকা হয় তাহা এলাকা জ্ঞান হইবেক। পরন্তু মাজিষ্ট্রেট সাহেবের বিশেষ অনুমতিক্রমে পাইলে দণ্ডবিধির আইনের যে২ বিধি এই আইনের ৯ অধ্যায়ের ১ প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার লিখিত কোন অপরাধের বিষয়ে পোলীসের কার্য্যকারকের প্রতি তদারক করিবার ক্ষমতা হইয়াছে এই প্রকরণের লিখিত কোন কথাতে এমত জ্ঞান করিতে হইবেক না।

---

৫ অধ্যায়।

পরওয়ানার ও তাহা জারী করিবার কথা।

[পরওয়ানা যে জন দেন তাঁহার নাম তাহাতে থাকিবেক।]

১। যে কার্য্যকারক পরওয়ানা দেন তাঁহার নাম সহী ঐ পরওয়ানাতে থাকিবেক।

[পরওয়ানার পাঠ।]

২। এমত প্রত্যেক পরওয়ানা লিখিয়া দেওয়া যাইবেক, ও কোন ব্যক্তির কি ব্যক্তিরদের নাম করিয়া কি পদের খ্যাতি লিখিয়া দেওয়া যাইবেক, (যদি পদের খ্যাতি লিখিয়া দেওয়া যায় তবে কোন বিশেষ কর্ম্মকারকের কিম্বা সেই শ্রেণীর কি প্রকারের সকল কি কোন এক কি অধিক লোকের খ্যাতি লিখিয়া দেওয়া যাইবেক,) ও যাহাকে গ্রেফ্তার করিতে হইবেক তাহার নাম ধরিয়া কিম্বা অন্য যে বর্ণনার দ্বারা তাহাকে চেনা যাইতে পারে তদ্দ্বারা তাহাকে নির্দ্দিষ্ট করা যাইবেক, ও তাহাতে সেই ব্যক্তিকে গ্রেফ্তার করিবার হুকুম দেওয়া যাইবেক, ও তাহাকে গ্রেফ্তার করিলে পর যে কার্য্যকারকের সম্মুখে উপস্থিত করিতে হইবেক তাহাও নির্দ্দিষ্ট থাকিবেক, ও যে অপরাধের উপলক্ষে মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কর্ম্মকারক ঐরূপ পরওয়ানা দিতে ক্ষমতাপন্ন হন এমত কোন অপরাধ করা গিয়াছে কি করা যাইবার শোবে হইয়াছে সেই গ্রেফ্তার করিবার হেতু বলিয়া এই কথা লেখা যাইবেক, আর যিনি ঐ পরওয়ানা দেন তিনি মাজিষ্ট্রেট সাহেব কিম্বা ঐরূপ পরওয়ানা দিবার ক্ষমতাপন্ন অন্য কর্ম্মকারক হন এই কথাও প্রকাশ থাকিবেক, ও সেই পরওয়ানা দিবার সময়ও নির্দ্দিষ্ট থাকিবেক, ও যে স্থানে তাহা দেওয়া যায় তাহা ঐ পরওয়ানার লিখিত কথার মধ্যে কিম্বা হাশিয়াতে লেখা যাইবেক, ও যে মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক তাহা দেন তাঁহার দস্তখৎ ও মোহর তাহাতে থাকিবেক।

[একত্র ও স্বতন্ত্রে বহু লোককে পরওয়ানা দেওয়া গেলে।]

৩। যদি কোন পরওয়ানা একত্র ও স্বতন্ত্রে বহু লোককে দেওয়া যায় তবে তাহারদের কোন এক জন তাহা জারী করিতে পারিবেক।

[To several persons jointly.]

4. A warrant directed to several persons jointly, without words excluding the execution by one or a part only of those mentioned, may be executed by any one or by a part only of them.

[To a darogha or nazir.]

5. A warrant directed to a darogha of police or to a nazir may be executed by any officer subordinate to such darogha or nazir respectively.

[Officers issuing a warrant may personally superintend its execution.]

6. A magistrate or other officer authorized to issue a warrant or other criminal process may attend personally for the purpose of seeing that the same be duly executed, and may adopt or direct any legal measures that may be necessary for the due execution thereof.

[Warrant directed to a person not an officer of police or nazir.]

7. A warrant directed to any other person than an officer of police or the nazir of a Court is to be executed by that person; provided, nevertheless, that any other person may, in the presence or out of the actual presence of one authorized to execute a warrant, aid him in executing the same, if the person so authorized be near at hand and acting in the execution of the warrant.

[All persons bound to assist in certain cases.]

8. Every person is bound to assist a magistrate or police officer demanding his aid in the taking of an offender, preventing a breach of the peace, the suppression of a riot, or the taking of the rioters.

[Where a warrant of a magistrate must be executed.]

9. A warrant issued by any magistrate must be executed (unless it be specially otherwise provided) within the jurisdiction of the magistrate from whom it issued, or of the magistrate by whom it has been duly endorsed for execution.

[Warrant endorsed in another jurisdiction.]

10. In case any person against whom a warrant shall be issued by any magistrate shall escape, go into, reside, or be, or be supposed to be, in any place out of the jurisdiction of the magistrate granting such warrant, the magistrate of the place into or in which such person shall escape, go, reside, be, or be supposed to be, whether such place be within the same Presidency, or under the same Lieutenant-Governor or not, shall endorse his name on such warrant, which shall be a sufficient authority to the person or persons bring-

[একত্র বহু লোককে দেওয়া গেলে।]

৪। যদি পরওয়ানা একত্র বহু লোককে দেওয়া যায়, ও তাহারদের কোন এক জন কিম্বা কএক জন জারী করিবেক এমত কথা যদি তাহাতে না লেখা থাকে, তবে তাহারদের কোন এক জন কি কেবল কএক জন তাহা জারী করিতে পারিবেক।

[দারোগাকে কি নাজিরকে দেওয়া গেলে।]

৫। যদি পরওয়ানা পোলীসের দারোগাকে কি নাজিরকে দেওয়া যায়, তবে সেই দারোগা কি নাজিরের অধীন কোন কর্ম্মকারকের দ্বারা তাহা জারী হইতে পারিবেক।

[যে কর্ম্মকারকেরা পরওয়ানা দেন তাঁহারা নিজে সেই পরওয়ানা জারী হওয়ার তত্ত্বাবধারণ করিতে পারিবেন।]

৬। যে কোন মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক কোন ওয়ারণ্ট কি অন্য ফৌজদারী পরওয়ানা দিতে ক্ষমতাপন্ন হন সেই পরওয়ানা উচিতমতে জারী হয় ইহা দেখিবার জন্যে তিনি আপনি উপস্থিত থাকিতে পারিবেন, ও তাহা উপযুক্তমতে জারী হয় এই নিমিত্তে আইনমতের যে কোন কার্য্য আবশ্যক হয় তাহা আপনি করিতে পারিবেন কিম্বা করিবার হুকুম দিতে পারিবেন।

[পরওয়ানা পোলীসের আমলা কি নাজির ভিন্ন অন্য ব্যক্তিকে দেওয়া গেলে।]

৭। যদি কোন পরওয়ানা পোলীসের আমলা কি আদালতের নাজির ভিন্ন অন্য কোন ব্যক্তিকে দেওয়া যায় তবে তাহা সেই ব্যক্তিরই জারী করিতে হইবেক, পরন্তু পরওয়ানা জারী করিবার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যদি নিকট থাকে ও পরওয়ানা জারী করিবার কার্য্যেতে প্রবর্ত্ত থাকে তবে পরওয়ানা জারী করিবার ক্ষমতাপ্রাপ্ত সেই ব্যক্তির সাক্ষাতে কি অগোচরেও অন্য কোন ব্যক্তি তাহা জারী করিবার কার্য্যে তাহার সাহায্য করিতে পারিবেক।

[কোন২ স্থলে সকল লোকই সাহায্য করিতে বদ্ধ আছে।]

৮। যদি মাজিষ্ট্রেট সাহেব কি পোলীসের কর্ম্মকারক কোন অপরাধিকে ধরিবার জন্যে, কিম্বা শান্তিভঙ্গ নিবারণের কি দাঙ্গা রহিত করণের জন্যে, কিম্বা দাঙ্গাকারিরদিগকে ধরিবার জন্যে কোন লোকের সাহায্য চাহেন, তবে তদ্রূপ প্রত্যেক লোক সাহায্য করিতে বদ্ধ আছে।

[মাজিষ্ট্রেট সাহেবের পরওয়ানা যে স্থানে জারী করিতে হইবেক।]

৯। যে স্থলে অন্য প্রকারের বিশেষ বিধি না হইয়াছে সেই স্থলছাড়া, যে কোন মাজিষ্ট্রেট সাহেব যে পরওয়ানা দেন তাহা তাঁহার এলাকার মধ্যে, কিম্বা জারী হইবার নিমিত্তে পরওয়ানার পৃষ্ঠে যে মাজিষ্ট্রেট সাহেব উপযুক্তমতে লিখিয়াছেন তাঁহার এলাকার মধ্যে জারী করিতে হইবেক।

[অন্য এলাকায় পরওয়ানার পৃষ্ঠে লিখন।]

১০। যাহার নামে কোন মাজিষ্ট্রেট সাহেব পরওয়ানা দেন এমত কোন ব্যক্তি যদি সেই মাজিষ্ট্রেট সাহেবের এলাকার বাহিরের কোন স্থানে পলায় কি যায় কি বাস করে কি থাকে, কিম্বা আছে এমত বোধ হয়, তবে যে স্থানে সেই ব্যক্তি পলাইয়াছে কি গিয়াছে কি বাস করিয়াছে কি রহিয়াছে কি আছে বোধ হয়, সেই স্থান একই রাজধানীর মধ্যে কিম্বা একই লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের অধীনে হউক কি না হউক, সেই স্থানের মাজিষ্ট্রেট সাহেব ঐ পরওয়ানার পৃষ্ঠে আপনার নাম লিখিবেন। তাহা হইলে যে ব্যক্তি কি ব্যক্তিরা ঐ পরওয়ানা আনিয়াছে, ও অন্য যে সকল ব্যক্তিকে

ing such warrant, and to all other persons to whom such warrant was originally directed, to execute such warrant within the jurisdiction of the magistrate who endorsed such warrant, and to apprehend and carry such person before the magistrate who endorsed such warrant, or before the magistrate of the district where the offence was committed. In case such person be carried before the magistrate who endorsed the warrant, and the offence with which he is charged is bailable in law, he shall be proceeded with in the manner hereinafter mentioned in Chapter XIII. Article 7 or Chapter XV. Article 7. If the offence be not bailable, he shall be forwarded to the magistrate of the district in which such offence was committed.

[Warrant to be endorsed may be sent by post.]

11. Provided that it shall be competent to a magistrate issuing a warrant for the arrest of a person out of his jurisdiction to direct the warrant to the magistrate of the district in which such person is, or is supposed to be, and to transmit the same by post. On the receipt of the warrant by the magistrate to whom it is directed, he shall endorse his name on such warrant, and enforce its execution in the same manner as if the warrant had originally issued from himself. On such person being apprehended, and carried before the magistrate who endorsed the warrant, he shall be dealt with as provided in the last preceding Article.

[Magistrate how to proceed on arrest under his own warrant for an offence committed out of his jurisdiction.]

12. If a person for whose apprehension a warrant has been granted by a magistrate under the provisions of Chapter IV. Article 11 is suspected of an offence committed in a different district, the magistrate granting the warrant shall, unless he is authorized by any law to complete the inquiry himself, send the person arrested to the magistrate of the district in which the offence was committed, or take bail for his appearance before such magistrate if the offence of which he is suspected is bailable in law; and in all other instances the magistrate shall report the case for the orders of the Sudder Court.

[Darogha how to proceed in such cases.]

13. If the warrant under Chapter IV. Article 11 shall have been granted by a darogha, the darogha shall send the person arrested to the magistrate, to whom such darogha is subordinate, unless the offence of which the person arrested is suspected shall have been committed in another division of the district in which the division of the darogha who granted the warrant is comprised;

ঐ পরওয়ানা প্রথমে দেওয়া গিয়াছিল সেই ব্যক্তি কি ব্যক্তিরা. ঐ পরওয়ানার পৃষ্ঠে যে মাজিষ্ট্রেট সাহেব নাম লিখিয়াছেন তাঁহার এলাকার মধ্যে ঐ পরওয়ানা জারী করিবার জন্যে ও যে মাজিষ্ট্রেট সাহেব ঐ পরওয়ানার পৃষ্ঠে নাম লিখিয়াছেন তাঁহার সম্মুখে, কিম্বা যে জিলাতে অপরাধ করা গিয়াছিল সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ঐ ব্যক্তিকে গ্রেফ্তার করিয়া লইবার জন্যে ঐ নাম লিখনই উপযুক্ত ক্ষমতা হইবেক। যে মাজিষ্ট্রেট সাহেব পরওয়ানার পৃষ্ঠে নাম লেখেন তাঁহার সম্মুখে যদি ঐ ব্যক্তিকে উপস্থিত করা যায় ও তাহার নামে যে অপরাধের নালিশ হয় তাহার জন্যে যদি আইনমতে হাজিরজামিনী লওয়া যাইতে পারে তবে ঐ অপরাধিকে লইয়া এই আইনের ১৩ অধ্যায়ের ৭ প্রকরণ কিম্বা ১৫ অধ্যায়ের ৭ প্রকরণমতে কার্য্য করা যাইবেক। যদি সেই অপরাধের নিমিত্তে হাজিরজামিনী লওয়া যাইতে না পারে তবে যে জিলার মধ্যে ঐ অপরাধ করা গিয়াছিল সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে তাহাকে চালান করা যাইবেক।

[যে পরওয়ানার পৃষ্ঠে নাম লিখিত হইবেক তাহা ডাকযোগে পাঠান যাইতে পারে।]

১১। পরন্তু মাজিষ্ট্রেট সাহেব আপনার এলাকার বাহিরের কোন লোককে গ্রেফ্তার করিবার ওয়ারণ্ট দিলে, ঐ লোক যে জিলাতে থাকে কিম্বা আছে বোধ হয় সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নামে শিরনামা ঐ ওয়ারণ্টে লিখিয়া তিনি তাহা ডাকযোগে পাঠাইতে পারিবেন। শিরনামায় যাঁহার নাম লেখা যায় সেই মাজিষ্ট্রেট সাহেব ঐ ওয়ারণ্ট পাইলে পর, তাহার পৃষ্ঠে আপনার নাম লিখিবেন, ও ঐ ওয়ারণ্ট প্রথমে আপনাহইতে বাহির হইলে যেমন করিতেন তেমনি জারী করিবেন। সেই লোক গ্রেফ্তার হইলে, ও যে মাজিষ্ট্রেট সাহেব ওয়ারণ্টের পৃষ্ঠে নাম লিখিয়াছিলেন তাঁহার নিকটে উপস্থিত করা গেলে, তাহাকে লইয়া ইহার পূর্ব্বের প্রকরণের বিধিমতে কার্য্য হইবেক।

[কোন মাজিষ্ট্রেট সাহেবের এলাকার বাহিরে যে অপরাধ করা যায় তাহার নিমিত্তে তাঁহার নিজ ওয়ারণ্টক্রমে লোক গ্রেফ্তার হইলে যাহা করিবেন।]

১২। কোন মাজিষ্ট্রেট সাহেবহইতে ৪ অধ্যায়ের ১১ প্রকরণের বিধানমতে লোকের গ্রেফ্তারের জন্যে ওয়ারণ্ট দেওয়া গেলে যদি সেই লোকের উপর ভিন্ন জিলাতে অপরাধ করিবার শোবে হয়, তবে যে মাজিষ্ট্রেট সাহেব ওয়ারণ্ট দেন তিনি আপনি কোন আইনক্রমে তদারক সমাপ্ত করিতে ক্ষমতাপন্ন না হইলে, যে জিলার মধ্যে অপরাধ করা গিয়াছিল তাহার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ গ্রেফ্তারকরা ব্যক্তিকে পাঠাইবেন, অথবা ঐ লোকের উপর যে অপরাধ করিবার শোবে হয় সেই অপরাধের জন্যে যদি হাজিরজামিনী লওয়া যাইতে পারে তবে সেই মাজিষ্ট্রেট সাহেবের নিকটে তাহার উপস্থিত হইবার হাজিরজামিনী লইবেন। অন্য সকল স্থলে মাজিষ্ট্রেট সাহেব সদর আদালতের হুকুম পাইবার জন্যে সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

[তদ্রূপ স্থলে দারোগার যে প্রকারে কার্য্য করিতে হইবেক।]

১৩। ৪ অধ্যায়ের ১১ প্রকরণমতে যে ওয়ারণ্ট দেওয়া যায় তাহা যদি দারোগা দিয়া থাকেন তবে ঐ দারোগা যে মাজিষ্ট্রেট সাহেবের অধীন হন তাঁহার নিকটে তিনি ঐ গ্রেফ্তারকরা লোককে পাঠাইবেন। কিন্তু ঐ লোকের উপর যে অপরাধ করিবার শোবে হইয়াছে সেই অপরাধ যে এলাকার দারোগা ঐ ওয়ারণ্ট দিয়াছিলেন তদ্ভিন্ন সেই জিলার অন্যএলাকায় যদি ঐ অপরাধ করা গিয়া থাকে, তবে যে দারোগা পর-

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫৭ । ২৯ মে।]

in such case the darogha who granted the warrant shall send the person arrested to the darogha of the division in which such offence was committed.

[Where a warrant of a police officer must be executed.]

14. A warrant issued by a police officer must be executed (unless it be otherwise specially provided) within the jurisdiction of the officer who issued it.

[When a warrant of arrest may be executed.]

15. An arrest on a warrant for any of the offences specified in Schedule A. of this Code of Procedure as not bailable offences may be made on any day, and at any time of the day or night. It shall be at the discretion of the magistrate to direct that an arrest on a warrant in any other case may be made on any day, and at any time of the day or night.

[Warrant, how to be executed.]

16. In making an arrest, the officer or other person executing the warrant shall actually touch or confine the body of the person to be arrested, unless there be a submission to the custody by words or actions.

[No unnecessary restraint.]

17. After arrest the prisoner shall not be subjected to any more restraint than such as may be necessary to prevent his escape.

[Notification of purpose to act under the warrant.]

18. One executing or attempting to execute a warrant of arrest is bound to notify to the person against whom such warrant is directed, that he purposes to act under the authority of that warrant.

[Notification of substance of warrant.]

19. An officer or other person executing a warrant of arrest must notify the substance of the warrant, and show the warrant, if sight of it be demanded.

[Taking and refusing to give up a warrant.]

20. If on a warrant being shown, any person take hold of it, and illegally refuse to give it up to the officer or other person authorized to execute it, such officer or other person may retake it by force, provided he use no greater degree of violence than is necessary for the purpose.

[Resisting an endeavor to arrest.]

21. If, after notice by one authorized by warrant to arrest another of his intention to arrest him, the person against whom such warrant is issued shall forcibly resist the endeavor to arrest him, the person so authorized is bound to use all such means as may be necessary to effect an arrest and prevent escape.

[Breaking of outer door or window.]

22. Any person authorized by a warrant to ar-

ওয়ানা দিয়াছিলেন তিনি ঐ অপরাধ যে এলাকায় করা গিয়াছিল সেই এলাকার দারোগার নিকটে গ্রেফ্তারকরা লোককে পাঠাইবেন।

[পোলীসের কর্ম্মকারকের ওয়ারণ্ট যে স্থানে জারী করিতে হইবেক।]

১৪। যদি অন্য প্রকারের বিশেষ বিধান না হয় তবে পোলীসের কর্ম্মকারক যে ওয়ারণ্ট দেন তাহা ঐ কর্ম্মকারকের এলাকার মধ্যে জারী করিতে হইবেক।

[গ্রেফ্তার করিবার ওয়ারণ্ট যে সময়ে জারী করিতে হইবেক।]

১৫। কার্য্য করিবার এই আইনের A চিহ্নিত তফসীলের মধ্যে যাহার জন্যে হাজিরজামিনী লওয়া যাইতে পারে না এমত যে সকল অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তাহার কোন অপরাধের জন্যে, ওয়ারণ্টক্রমে কোন লোককে যে কোন দিনে ও দিনের কি রাত্রির কোন সময়ে গ্রেফ্তার করা যাইতে পারে। অন্য কোন স্থলে কোন লোককে ওয়ারণ্টক্রমে কোন দিনে ও দিনের কি রাত্রির কোন সময়ে গ্রেফ্তার করা যাইতে পারে এমত হুকুম মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে করিতে পারিবেন।

[ওয়ারণ্ট যে প্রকারে জারী করিতে হইবেক।]

১৬। গ্রেফ্তার করিবার কালে, যে আমলা কিম্বা অন্য যে ব্যক্তি ওয়ারণ্ট জারী করে সে যাহাকে গ্রেফ্তার করিবেক ঐ লোক যদি কর্ম্মের দ্বারা কি কথার দ্বারা আটক থাকিতে স্বীকার না করে তবে তাহার গাত্র নিতান্ত স্পর্শ করিবেক অথবা তাহাকে আটক করিয়া রাখিবেক।

[অনাবশ্যকমতের আটক হইবেক না।]

১৭। আসামী গ্রেফ্তার হইলে পর যাহাতে পলাইতে না পারে এমত আবশ্যক কর্ম্মছাড়া তাহাকে অন্য কোন প্রকারে আটক করিতে হইবেক না।

[ওয়ারণ্টক্রমে কার্য্য করিবার মানস জানাইতে হইবেক।]

১৮। যে জন গ্রেফ্তারের পরওয়ানা জারী করে কি জারী করিবার চেষ্টা করে সেই জন ঐ পরওয়ানার শক্তিক্রমে কার্য্য করিবার মানস করে এই কথা যাহার নামে ঐ পরওয়ানা দেওয়া গেল তাহাকে প্রথমে অবশ্য জানাইবেক।

[ওয়ারণ্টের মর্ম্ম জানাইবেক।]

১৯। আমলা কি অন্য যে ব্যক্তি গ্রেফ্তারের পরওয়ানা জারী করে তাহার পরওয়ানার মর্ম্ম জানাইতে হইবেক, ও যদি পরওয়ানা দেখাইবার আদেশ হয় তবে দেখাইতে হইবেক।

[পরওয়ানা লইয়া ফিরিয়া না দিলে।]

২০। পরওয়ানা দেখান গেলে যদি কোন ব্যক্তি তাহা কাড়িয়া লয়, ও যে আমলা কিম্বা অন্য যে ব্যক্তি তাহা জারী করিতে ক্ষমতা পাইয়াছে তাহাকে ফিরিয়া দিতে বেআইনীমতে অস্বীকার করে, তবে সেই আমলা কিম্বা অন্য ব্যক্তি তাহা জোর করিয়া ফিরিয়া লইতে পারিবেক। পরন্তু ইহাতে প্রয়োজন যে ঐ কর্ম্মের নিমিত্তে যত জোরের আবশ্যক হয় তাহার অধিক জোর না করে।

[গ্রেফ্তার করিবার উদ্যোগের বাধা করিলে।]

২১। যে জন পরওয়ানাক্রমে অন্য ব্যক্তিকে গ্রেফ্তার করিবার ক্ষমতা পায় সে ঐ ব্যক্তিকে গ্রেফ্তার করিতে আপনার মানস জানাইলে পর, যাহার নামে ঐ ওয়ারণ্ট বাহির হয় সে জনকে গ্রেফ্তার করিবার উদ্যোগ হইলে যদি সে বাধা দেয়, তবে সে লোক যাহাতে গ্রেফ্তার হয় ও পলায়ন করিতে না পারে এমত আবশ্যক সকল কর্ম্ম ঐ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির করিতে হইবেক।

[বাহিরের দ্বার কি জানালা ভাঙ্গিবার কথা।]

২২। যে অপরাধের নালিশ হইলেই পরওয়ানা

rest any person accused of any offence for which a warrant may issue on complaint, may (in the presence of two respectable witnesses) break open any outer door or window of a dwelling-house, whether that of the person accused or of any other person, in order to execute such warrant, if, after notification of his authority and purpose, and demand of admittance duly made, he cannot otherwise obtain admittance.

[Officer, &c. breaking out to liberate himself.]

23. An officer or other person having lawfully entered a dwelling-house for the purpose of executing criminal process, or of arresting any person under any of these Articles, may lawfully break out of such house when it is necessary for his own liberation; and any officer may lawfully break any outer or inner door or window of a dwelling-house in order to liberate any officer or other person who, having entered for such purpose, is unlawfully detained within such dwelling-house.

[Breaking of inner door or window.]

24. Any person authorized by a warrant to arrest any person accused of any offence for which a warrant may issue on complaint, may (in the presence of two respectable witnesses) break open any inner door or window of a dwelling-house, whether that of the person accused or of any other person, in order to execute such warrant, if, after notification of his authority and purpose, and demand of admittance duly made, he cannot otherwise obtain admittance.

[Breaking open a *zenanah* or female apartment.]

25. If information be received that a person accused of any offence for which a warrant may issue on complaint, has concealed himself in a zenanah or female apartment in the actual occupancy of women, the officer or other person employed to execute the warrant shall take such precaution as may be necessary to prevent the escape of the accused, and shall endeavor to ascertain, by the means of two respectable women unconnected with the family or with each other, whether the person against whom the warrant has been issued be really concealed in the zenanah; in which case, and if such person shall not deliver himself up, the police officer or other person authorized to execute the warrant may, in the presence of two or more respectable residents of the place, break open the zenanah, and execute the process intrusted to him, giving notice at the same time to any women in the zenanah that they are at liberty to withdraw.

[Breaking of doors, &c. for offences not previously provided for.]

26. It shall be at the discretion of the magistrate to direct, in any particular case, that a war-

বাহির হইতে পারে, এমত কোন অপরাধের নালিশ যে কোন ব্যক্তির নামে হয় সেই ব্যক্তিকে গ্রেক্তার করিতে যে লোক পরওয়ানাক্রমে ক্ষমতা পায় সেই লোক আপনার ক্ষমতা ও মানস জানাইলে পর, ও ঘরে প্রবেশ করিবার অনুমতি উপযুক্তমতে চাহিলে পর, যদি প্রবেশ করিতে না পায়, তবে ঐ ওয়ারণ্ট জারী করিবার জন্যে সম্ভ্রান্ত দুই জন সাক্ষির গোচরে বসতবাটীর অর্থাৎ ঐ অভিযুক্ত ব্যক্তির কিম্বা অন্য কোন ব্যক্তির বসতবাটীর কোন বাহিরের দ্বার কি জানালা ভাঙ্গিয়া খুলিতে পারিবেক।

[আমলাপ্রভৃতি আপনার রক্ষার জন্যে দ্বার ভাঙ্গিয়া পল াইতে পারে।]

২৩। কোন আমলা কি অন্য ব্যক্তি ফৌজদারী কোন পরওয়ানা জারী করিবার জন্যে কিম্বা ইহার মধ্যের কোন প্রকরণক্রমে কোন ব্যক্তিকে গ্রেক্তার করিবার জন্যে আইনমতে বসতবাটীতে প্রবেশ করিলে পর আপনাকে মুক্ত করিবার জন্যে আবশ্যক হইলে ঐ ঘরহইতে আইনমতে জোর করিয়া বাহির হইতে পারিবেক, ও কোন আমলা কি অন্য ব্যক্তি সেই কার্য্যের নিমিত্তে প্রবেশ করিলে পর যদি তাহাকে বেআইনীমতে কোন বসতবাটীতে আটক করিয়া রাখা যায় তবে তাহাকে মুক্ত করিবার নিমিত্তে কোন আমলা সেই বসতবাটীর কোন বাহিরের কি ভিতরের দ্বার কি জানালা আইনমতে ভাঙ্গিয়া খুলিতে পারিবেক।

[ভিতরের দ্বার কি জানালা ভাঙ্গিবার কথা।]

২৪। যে অপরাধের নালিশ হইলে ওয়ারণ্ট বাহির হইতে পারে এমত কোন অপরাধের নালিশ যে কোন লোকের নামে হয় তাহাকে গ্রেক্তার করিতে যে কোন ব্যক্তি ওয়ারণ্টক্রমে ক্ষমতা পায় সেই ব্যক্তি আপনার ক্ষমতা ও মানস জানাইলে পর ও প্রবেশ করিবার অনুমতি উপযুক্তমতে চাহিলে পর, যদি প্রবেশ করিতে না পায়, তবে সেই ওয়ারণ্ট জারী করিবার নিমিত্তে সেই লোক সম্ভ্রান্ত দুই জন সাক্ষির গোচরে বসতবাটীর অর্থাৎ অভিযুক্ত ব্যক্তির কিম্বা অন্য কোন ব্যক্তির বসতবাটীর কোন ভিতরের দ্বার কি জানালা ভাঙ্গিয়া খুলিতে পারিবেক।

[অন্তঃপুর ভাঙ্গিয়া খুলিবার কথা।]

২৫। যে অপরাধের নালিশ হইলে ওয়ারণ্ট বাহির হইতে পারে এমত কোন অপরাধ করিবার নালিশ যে ব্যক্তির নামে হয়, সেই ব্যক্তি কোন অন্তঃপুরে কিম্বা যে মহলে স্ত্রীগণ নিতান্ত থাকে এমত অন্তর্মহলে লুকিয়া আছে এমত সম্বাদ পাওয়া গেলে, যে আমলা কিম্বা অন্য ব্যক্তি ঐ ওয়ারণ্ট জারী করিতে নিযুক্ত হয় সে ঐ অভিযুক্ত ব্যক্তি না পলাইতে পারে এমত আবশ্যক সকল কর্ম্ম করিবেক, ও যাহার নামে ওয়ারণ্ট বাহির হইয়াছে সে নিতান্ত ঐ অন্তঃপুরে লুকিয়া আছে কি না এই কথা, ঐ পরিবারের সঙ্গে কিম্বা পরস্পর যাহারদের সম্পর্ক নাই এমত দুই জন সম্ভ্রান্তা স্ত্রীর দ্বারা নিশ্চয়রূপে জানিতে চেষ্টা করিবেক। যদি সেই লোক নিতান্ত অন্তঃপুরে লুকিয়া আছে ও আপনি ধরা না দেয়, তবে পোলীসের আমলা কি ওয়ারণ্ট জারী করিবার ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি ঐ অন্তঃপুরস্থ কোন স্ত্রীলোক চলিয়া যাইতে পারে এমত সম্বাদ দিয়া সেই সময়ে ঐস্থানবাসি দুই কি অধিক জন সম্ভ্রান্ত লোকের সাক্ষাতে ঐ অন্তঃপুরের দ্বার ভাঙ্গিয়া তাহার হাতে যে পরওয়ানা আছে তাহা জারী করিতে পারিবেক।

[যে অপরাধের বিধি পূর্ব্বে না হইয়াছে তাহার নিমিত্তে দ্বারভাঙ্গাপ্রভৃতি।]

২৬। যে অপরাধের নালিশ হইলেই পরওয়ানা বাহির হইতে পারে তদ্ভিন্ন অন্য কোন অপরাধের নি-

rant of arrest shall be executed as provided in Articles 22, 24, and 25 of this Chapter, for any other offence than the offences for which a warrant may issue on complaint.

মিত্তে কোন বিশেষস্থলে এই অধ্যায়ের ২২ ও ২৪ ও ২৫ প্রকরণের বিধানমতে গ্রেফ্তারের পরওয়ানা জারী করিতে হইবেক এমত আজ্ঞা মাজিষ্ট্রেট সাহেব আপন বিবেচনামতে করিতে পারিবেন।

[Party arrested to be brought immediately to the authority mentioned in the warrant.]

[যাহাকে গ্রেফ্তার করা যায় তাহাকে অগৌণে পরওয়ানার লিখিত কার্য্যকারকের নিকটে আনিতে হইবেক।]

27. After arrest made, the officer or other person executing the warrant shall, without unnecessary delay, bring the person arrested to the magistrate or other authority mentioned in the warrant.

২৭। গ্রেফ্তার হইলে পর, যে আমলা কি অন্য ব্যক্তি ঐ ওয়ারণ্ট জারী করে সে ব্যক্তি অনাবশ্যক কিছু বিলম্ব না করিয়া গ্রেফ্তারকরা ব্যক্তিকে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পরওয়ানার লিখিত অন্য কার্য্যকারকের নিকটে আনিবেক।

[Or as soon as practicable.

[কিম্বা যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র আনিবেক।]

28. If, after arrest made, circumstances render it impracticable to bring the person arrested immediately before the magistrate, or other authority, the officer or other person executing the warrant shall detain the person arrested in custody in the meantime, and bring him before the magistrate or other authority as soon as his doing so shall become reasonably practicable.

২৮। যদি গ্রেফ্তার হইলে পর কোন কারণেতে গ্রেফ্তারকরা ব্যক্তিকে মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের সম্মুখে তৎক্ষণাৎ আনা যাইতে না পারে, তবে যে আমলা কি অন্য ব্যক্তি ওয়ারণ্ট জারী করে সে ঐ গ্রেফ্তারকরা লোককে আটক করিয়া রাখিবেক ও তাহাকে যুক্তিসিদ্ধমতে যত শীঘ্র মাজিষ্ট্রেট সাহেবের কি অন্য কার্য্যকারকের নিকটে আনা যাইতে পারে তত শীঘ্র আনিবেক।

[No threat, promise, or caution, as to disclosure by party arrested.]

[যাহাকে গ্রেফ্তার করা যায় তাহার দ্বারা কোন কথা প্রকাশ করাইবার জন্যে তাহাকে কোন ভয় দেখাইবেক না কি কোন অঙ্গীকার কি সতর্ক করিবেক না।]

29. No officer or other person, after the arrest of any suspected person, is to offer to him any inducement, by threat or promise or otherwise, to make any disclosure, but shall, when necessary, apprize him of the cause of arrest, and leave him free to speak or keep silence; and no such officer or other person shall after such arrest prevent the person arrested, by any caution or otherwise, from making any disclosure which he may be disposed to make of his own free will.

২৯। যাহার উপর কোন দোষে হয় তাহাকে গ্রেফ্তার করা গেলে পর, কোন আমলা কি অন্য ব্যক্তি তাহাকে কোন ভয় দেখাইয়া কি কিছু দিবার অঙ্গীকার করিয়া কি প্রকারান্তরে কোন কথা প্রকাশ করিবার প্রবৃত্তি দিবেক না, কেবল আবশ্যক হইলে তাহার গ্রেফ্তার হইবার কারণ তাহাকে জানাইবেক, ও সে কথা কহিতে চাহিলে কহুক কিম্বা চুপ করিয়া থাকুক। যদি আপনার ইচ্ছামতে কোন কথা প্রকাশ করে, তবে সেইরূপ কোন আমলা কি অন্য ব্যক্তি তাহাকে গ্রেফ্তার করিলে পর তাহাকে সতর্ক করিয়া কি প্রকারান্তরে নিষেধ করিবেক না।

CHAPTER VI.

OF ARREST WITHOUT WARRANT.

৬ অধ্যায়।

ওয়ারণ্টবিনা গ্রেফ্তারের কথা।

[Arrest on view.]

[অপরাধ করিতে দেখিলে গ্রেফ্তার করণ।]

1. A police officer or other person who sees any offence committed for which a warrant may issue on complaint, may, without warrant, arrest the offender.

১। যে অপরাধের নালিশ হইলে ওয়ারণ্ট বাহির হইতে পারে এমত কোন অপরাধ যদি পোলীসের কর্ম্মকারক কি অন্য ব্যক্তি কোন লোককে করিতে দেখে তবে সে ওয়ারণ্ট না পাইয়াও অপরাধিকে গ্রেফ্তার করিতে পারে।

[On complaint, or finding with stolen goods.]

[নালিশ হইলে কিম্বা চোরামাল ধরা গেলে।]

2. A police officer may, without warrant, arrest of his own authority a person against whom a reasonable complaint of an offence for which a warrant may issue on complaint is made, or who may be found with stolen goods in his possession.

২। যে অপরাধের নালিশ হইলে ওয়ারণ্ট বাহির হইতে পারে এমত কোন অপরাধের যুক্তিসিদ্ধ নালিশ যদি কোন লোকের নামে করা যায় কিম্বা যদি কোন লোকের নিকটে চোরা জিনিস পাওয়া যায় তবে পোলীসের আমলা ওয়ারণ্ট না পাইয়াও আপন ক্ষমতাক্রমে তাহাকে গ্রেফ্তার করিতে পারিবেক।

[A proclaimed offender: hue and cry]

[মশহুর অপরাধী। সোরসার।]

3. A police officer, or other person, may, without warrant, arrest a proclaimed offender, or a person against whom a hue and cry has been raised of his having been concerned in a recent offence.

৩। মশহুর অপরাধিকে কিম্বা সম্প্রতি কোন অপরাধে লিপ্ত হইয়াছে বলিয়া যাহার পিছে সোরসার করিয়া লোকে ধায় তাহাকে পোলীসের আমলা কি অন্য ব্যক্তি ওয়ারণ্ট না পাইয়াও গ্রেফ্তার করিতে পারিবেক।

[A party liable to arrest concealing himself.]

[গ্রেফ্তারের যোগ্য লোক লুকিয়া থাকিলে।]

4. If a person liable to arrest without warrant under the foregoing rules shall enter into and conceal himself in a dwelling-house, the person

৪। পূর্ব্বোক্ত বিধিমতে যাহাকে ওয়ারণ্টবিনা গ্রেফ্তার করা যাইতে পারে এমত কোন লোক যদি কোন বসতবাটীতে প্রবেশ করে ও লুকিয়া থাকে, তবে

who might otherwise have arrested shall take such precautions as may be necessary to prevent the escape of the accused, and send immediate information to the magistrate or darogah of police; but no house shall be broken into for the purpose of arresting any person without a warrant.

যে জন তাহাকে গ্রেপ্তার করিতে পারিত সেই জন তাহার পলায়ন নিবারণ করিবার আবশ্যক সকল কর্ম্ম করিবেক ও তৎক্ষণাৎ মাজিষ্ট্রেট সাহেবের কি পোলীসের দারোগার নিকটে সম্বাদ পাঠাইবেক। কিন্তু ওয়ারণ্ট না হইলে কোন লোককে গ্রেপ্তার করিবার জন্যে দ্বার ভাঙ্গিয়া কোন ঘরে প্রবেশ হইতে পারে না।

[Breach of the peace.]

5. A police officer may, of his own authority, interpose for the prevention of a breach of the peace committed or attempted to be committed in his view: and in the event of disobedience or resistance may, without warrant, arrest the offender.

[শান্তিভঙ্গ।]

৫। যদি পোলীসের কোন আমলার দৃষ্টিতে কোন শান্তিভঙ্গ হয় কি হইবার উদ্যোগ হয় তবে সেই আমলা তাহা নিবারণ করিবার জন্যে আপন ক্ষমতাক্রমে তাহার মধ্যে পড়িতে পারিবেক। আর যদি কেহ তাহার কথা না মানে কি তাহাকে বাধা দেয়, তবে সে ওয়ারণ্ট বিনাও অপরাধিকে গ্রেপ্তার করিতে পারিবেক।

[Obstruction of a police officer in his duty.]

6. A police officer may apprehend any person who obstructs him while in the execution of his duty, and carry him before the magistrate, or before the head officer of the police division.

[পোলীসের আমলার কর্ত্তব্য কর্ম্ম করণকালে তাহার বাধা দেওন।]

৬। পোলীসের আমলা আপন কর্ত্তব্য কর্ম্ম করিতেছে এমত সময়ে যে কেহ তাহাকে বাধা দেয় তাহাকে ঐ আমলা গ্রেপ্তার করিয়া মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পোলীস এলাকার প্রধান আমলার নিকটে আনিতে পারিবেক।

[When it is not necessary to notify cause of arrest.]

7. It is not necessary to notify the cause of arrest where the person is in the actual commission of any offence, or where fresh pursuit is made after any such person, who, being disturbed, makes his escape.

[যে স্থলে গ্রেপ্তার করিবার কারণ জানাইবার আবশ্যক হইবেক না।]

৭। যে ব্যক্তি নিতান্ত কোন অপরাধ করিতেছে তাহাকে, কিম্বা লোককে নিকটে আসিতে দেখিয়া যে ব্যক্তি পলাইলে তাহার পাছে পুনরায় দৌড়াদৌড়ি হয় তাহাকে গ্রেপ্তার করিবার কারণ জানাইবার আবশ্যক হইবেক না।

[Party arrested to be taken immediately before the proper authority.]

8. A police officer or other person, having arrested a person for an offence, is to take or send him before the magistrate or the head officer of the police division, without unnecessary delay.

[যাহাকে গ্রেপ্তার করা যায় তাহাকে অগৌণে উপযুক্ত কার্য্যকারকের নিকটে আনিতে হইবেক।]

৮। পোলীসের আমলা কি অন্য ব্যক্তি অপরাধের জন্যে কোন লোককে গ্রেপ্তার করিলে তাহাকে অনাবশ্যক কোন বিলম্ব না করিয়া মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পোলীস এলাকার প্রধান কর্ম্মকারকের নিকটে লইয়া যাইতে কি পাঠাইতে হইবেক।

[Arrest for an offence committed in the presence of a magistrate.]

9. Where any offence is committed in the presence of any magistrate, he may by word of mouth command any other person to arrest the offender, and may thereupon commit him, or, at his discretion, where the offence is bailable, may admit him to bail.

[মাজিষ্ট্রেট সাহেবের গোচরে যে অপরাধ করা যায় তাহার নিমিত্তে গ্রেপ্তার।]

৯। যদি কোন মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে কোন অপরাধ করা যায় তবে তিনি অপরাধিকে গ্রেপ্তার করিতে কোন লোককে আজ্ঞা করিতে পারিবেন ও তাহাকে গ্রেপ্তার করা গেলে আটক করিয়া রাখিতে পারিবেন কিম্বা যদি ঐ অপরাধের জন্যে হাজিরজামিনী লওয়া যাইতে পারে তবে তাহার স্থানে হাজিরজামিনী লইতে পারিবেন।

CHAPTER VII

OF ESCAPE AND RE-TAKING.

৭ অধ্যায়।

পলায়নের ও পুনরায় ধরিয়া লওনের কথা।

[Person arresting may re-take on escape, and deal with the party arrested as on original taking.]

1. If a person lawfully arrested on a criminal information shall escape or be rescued, it shall be lawful for the person from whose custody such prisoner so escaped or was rescued to make fresh pursuit, and re-take him in any place, either within or without the jurisdiction where he was so in custody, and on any day, and at any time of the

[কেহ গ্রেপ্তার হইয়া পলায়ন করিলে যে জন তাহাকে গ্রেপ্তার করিয়াছিল সে পুনরায় ধরিতে পারে ও প্রথমবার ধরিবার সময়ে তাহাকে লইয়া যে প্রকারে কার্য্য করিত সেই প্রকারে কার্য্য করিতে পারিবেক।]

১। কাহারো নামে অপরাধের সম্বাদ দেওয়া গেলে সে আইনমতে গ্রেপ্তার হইলে পর যদি পলায়ন করে কিম্বা যদি তাহাকে উদ্ধার করা যায়, তবে যাহার জিম্মা হইতে ঐ আসামী পলায়ন করিয়াছিল কি তাহাকে উদ্ধার করা গিয়াছিল সেই লোক পুনরায় তাহার পাছে ধাইতে পারে, ও যে এলাকায় তাহাকে আটক করা গিয়াছিল সেই এলাকার মধ্যে কি তাহার বাহিরের কোন স্থানে, কোন দিনে ও দিনের কি রাত্রির কোন

day or night, and to deal with him as he might have done on an original taking.

সময়ে, তাহাকে পুনশ্চ ধরিতে পারিবেক, ও প্রথমে ধরিবার সময়ে তাহাকে লইয়া যেরূপে কার্য্য করিতে পারিত সেইরূপে কার্য্য করিতে পারিবেক।

[May adopt the same measures as on original taking.]

2. In order to re-take any person, within the meaning of the last preceding Article, the person so making fresh pursuit as therein is mentioned may adopt the same measures as he might have done on the original taking.

[প্রথম লইবার সময়ে যেরূপ উদ্যোগ হয় সেইরূপ উদ্যোগ হইতে পারিবেক।]

২। ইহার পূর্ব্বের প্রকরণের অর্থের মতে কোন ব্যক্তিকে পুনরায় ধরিয়া লইবার জন্যে যে ব্যক্তি ঐ প্রকরণের লিখিতমতে তাহার পাছে পুনরায় ধায় সেই ব্যক্তি তাহাকে প্রথমবার ধরিবার জন্যে যে প্রকারের উদ্যোগ করিতে পারিত সেই প্রকারের উদ্যোগ করিতে পারিবেক।

CHAPTER VIII.

OF SEARCH WARRANT.

[When grantable by a magistrate.]

1. Whenever a magistrate, having jurisdiction in respect of a supposed offence, shall consider that the production of any thing or things will be essential to the conduct of an inquiry into such offence, he may grant his warrant to search for such thing or things, and it shall be lawful for the officer legally charged with the execution of such warrant to search for such thing or things in any dwelling or dwellings, place or places. In such case the magistrate shall, if he think right, specify in his warrant the dwelling or dwellings, place or places, or part or parts thereof, to which only the search shall extend.

৮ অধ্যায়।

তলাশীর পরওয়ানার কথা।

[মাজিষ্ট্রেট সাহেব যে স্থলে দিতে পারিবেন।]

১। যে অপরাধের দোষে হইয়াছে তদ্বিষয়ে যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকা থাকে, তিনি যদি বোধ করেন যে ঐ অপরাধের তজবীজ করিবার জন্যে কোন এক কি অনেক দ্রব্য উপস্থিত করাণ আবশ্যক তবে তিনি সেই দ্রব্যের কি সেই সকল দ্রব্যের তলাশ হইবার জন্যে আপন পরওয়ানা দিতে পারিবেন। ও সেই পরওয়ানা জারী করিবার ভার আইনমতে যে আমলাকে দেওয়া যায় সেই আমলা কোন এক কি অধিক ঘরে কিম্বা এক কি অধিক স্থানে ঐ দ্রব্যের কি ঐ সকল দ্রব্যের তলাশ করিতে পারিবেক। এমত স্থলে মাজিষ্ট্রেট সাহেব যদি উচিত বোধ করেন তবে যে২ ঘর কি যে২ স্থান কি তাহার যে২ অংশভিন্ন অন্য ঘরে কি অন্য স্থানে তলাশ করিতে হইবেক না এমত ঘরপ্রভৃতি আপন পরওয়ানার মধ্যে নির্দ্দিষ্ট করিয়া লিখিবেন।

[How to be directed.]

2. The magistrate shall direct his warrant to the police darogha within whose jurisdiction the dwelling or dwellings, place or places, required to be searched are situated, or to any other public and registered officer of police to whom the magistrate may think fit to commit the execution of that duty. A warrant directed to a darogha may, in the event of the darogha not being able to proceed in person, be executed by any officer subordinate to such darogha, above the rank of burkundaz.

[পরওয়ানা যাহাকে দিতে হইবেক।]

২। যে ঘরের কি স্থানের তলাশী করিতে হইবেক তাহা পোলীসের যে দারোগার এলাকার মধ্যে থাকে তাঁহাকে কিম্বা পোলীসের অন্য যে কোন সরকারী ও রেজিষ্টরীকরা আমলার প্রতি মাজিষ্ট্রেট সাহেব ঐ কর্ম্ম করিবার ভার অর্পণ করা উচিত বোধ করেন তাঁহাকে মাজিষ্ট্রেট সাহেব আপনার পরওয়ানা দিবেন। যদি দারোগাকে পরওয়ানা দেওয়া যায় ও তিনি আপনি যাইতে না পারেন, তবে ঐ দারোগার অধীন বরকন্দাজের উপরিস্থ কোন শ্রেণীর কোন আমলার দ্বারা ঐ পরওয়ানা জারী হইতে পারিবেক।

[When a magistrate may require a magistrate of another district to issue a search warrant.]

3. A magistrate may require the magistrate of another district to issue a search warrant in any case in which he may issue such warrant himself.

[যে স্থলে মাজিষ্ট্রেট সাহেব অন্য জিলার মাজিষ্ট্রেট সাহেবকে তলাশীর পরওয়ানা দিতে আজ্ঞা করিতে পারিবেন।]

৩। কোন মাজিষ্ট্রেট সাহেব আপনি যে স্থলে তলাশীর পরওয়ানা দিতে পারেন সেই স্থলে অন্য কোন জিলার মাজিষ্ট্রেট সাহেবকে তদ্রূপ পরওয়ানা দিতে আদেশ করিতে পারিবেন।

[When a magistrate may grant a search warrant out of his jurisdiction.]

4. In cases of emergency, a magistrate may grant his warrant for the search of any thing or things concealed, or supposed to be concealed, in a dwelling or dwellings place or places, out of his jurisdiction, the production of such thing or things being essential to the conduct of an inquiry into an offence committed within his jurisdiction. When a magistrate grants a warrant under this Article, he shall inform the magistrate of the district in which the dwelling or dwellings, place or places, to be searched, are situated.

[যে স্থলে মাজিষ্ট্রেট সাহেব আপন এলাকার বাহিরে তলাশ হইবার পরওয়ানা দিতে পারেন।]

৪। কোন মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে যে অপরাধ হইয়াছে তাহার তজবীজ হইবার নিমিত্তে তাঁহার এলাকার বাহিরে কোন ঘরে কি স্থানে যে দ্রব্য লুক্কায়িত থাকে কি লুক্কায়িত আছে বোধ হয় এমত দ্রব্য উপস্থিত করা অবশ্যক হইলে তিনি সেই দ্রব্যের নিমিত্তে আপন এলাকার বাহিরের ঘরে কি স্থানে তলাশী করিবার পরওয়ানা অত্যাবশ্যক স্থলে দিতে পারিবেন। যখন মাজিষ্ট্রেট সাহেব এই প্রকরণক্রমে পরওয়ানা দেন তখন যে ঘরের কি স্থানের তলাশ করিতে হইবেক তাহা যে জিলার মধ্যে থাকে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবকে তিনি সম্বাদ দিবেন।

[*Government Gazette*, 29th *May*, 1857.]

[Search warrant when grantable by a darogha.]

5. Whenever a darogha shall consider that the production of any thing or things will be essential to the conduct of an inquiry into any offence which he is authorized to inquire into, he may grant his warrant to search for such thing or things in any dwelling or dwellings, place or places, within his division, which shall be specified in his warrant; and it shall be lawful for the officer legally charged with the execution of such warrant to search for such thing or things in such dwelling or dwellings, place or places.

[How to be executed.]

6. The darogha shall, if practicable, conduct the search in person; but if unable to proceed in person, shall direct his warrant to any police officer of his division above the rank of burkundaz.

[When a darogha may require a darogha of another division to issue a search warrant.]

7. A darogha may require the darogha of another division, whether subject to the same magistrate as himself or to the magistrate of any other district, to issue a search warrant in any case in which he may issue such warrant himself.

[Representations regarding anything for which search is to be made to be sent to magistrate.]

8. The darogha, when not specially instructed by the magistrate, shall transmit all representations made to him regarding the receipt or concealment of any thing or things, the production of which is essential to the conduct of an inquiry into an offence, at or before the time when he proceeds to the search, for the information of the magistrate, and for any orders which he may deem it necessary to issue on the subject.

[When the search is to be made.]

9. The search shall be made in the day-time, except in cases of great emergency, and where the information is positive, and not on suspicion only, when it may be made either in the day-time, or in the night-time.

[Breaking of door.]

10. If the door be shut, the person charged with the execution of the warrant may proceed to break open the door, if, after notification of his authority and purpose, and demand of admittance duly made, he cannot otherwise obtain admittance.

[Breaking of a zenanah or female apartment.]

11. If the place ordered to be searched is a zenanah or female apartment in the actual occupancy of women, the officer charged with the execution of the warrant shall give notice to any women in the zenanah that they are at liberty to withdraw; and, after giving such notice, and allowing a reasonable time for the women to withdraw, such officer may enter the zenanah for the purpose of completing the search, using at the same time every precaution consistent with these provisions for preventing the clandestine removal of property.

[To be continued.]

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৭। ২৯ মে।]

[যেঁ স্থলে দারোগা তলাশীর পরওয়ানা দিতে পারেন।]

৫। দারোগা যে কোন অপরাধের তজবীজ করিতে ক্ষমতাপন্ন হন এমত কোন অপরাধের তদারক করিবার জন্যে তিনি যদি কোন দ্রব্য উপস্থিত করা আবশ্যক বোধ করেন তবে আপন এলাকার মধ্যে কোন ঘরে কি স্থানে সেই দ্রব্যের তলাশীর পরওয়ানা দিতে পারিবেন, ও সেই ঘর কি স্থান ঐ পরওয়ানাতে নির্দিষ্ট থাকিবেক, ও সেই পরওয়ানা জারী করিবার ভার যে আমলার প্রতি আইনমতে অর্পণ করা যায় সেই আমলা ঐ দ্রব্যের জন্যে সেই ঘরে কি স্থানে তলাশী করিতে পারিবেক।

[পরওয়ানা যেরূপে জারী করিতে হইবেক।]

৬। যদি হইতে পারে তবে তলাশ করিবার সময়ে দারোগা আপনি হাজির থাকিবেন। কিন্তু যদি আপনি যাইতে না পারেন, তবে আপন এলাকার বরকন্দাজের উপরিস্থ কোন শ্রেণীর পোলীসের আমলাকে ঐ পরওয়ানা দিবেন।

[দারোগা যে স্থলে অন্য এলাকার দারোগাকে তলাশের পরওয়ানা দিতে আদেশ করিতে পারিবেন।]

৭। কোন দারোগা আপনি যে স্থলে তলাশীর পরওয়ানা দিতে পারেন সেই স্থলে তিনি যে মাজিষ্ট্রেট সাহেবের অধীন থাকেন সেই মাজিষ্ট্রেট সাহেবের অধীন কিম্বা অন্য কোন জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন অন্য এলাকার দারোগাকে সেইরূপ পরওয়ানা দিতে আদেশ করিতে পারিবেন।

[যে দ্রব্যের তলাশী করিতে হইবেক তাহার এজহার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে হইবেক।]

৮। দারোগা যদি মাজিষ্ট্রেট সাহেবের স্থানে বিশেষমতে কোন উপদেশ না পাইয়া থাকেন, তবে কোন অপরাধের তদারক করিবার জন্যে যে কোন দ্রব্য উপস্থিত করা আবশ্যক বোধ হয় তাহা লইবার কি লুকাইবার বিষয়ে তাঁহার নিকটে যে সকল এজহার করা যায় তাহা তিনি তলাশ করিতে উদ্যত হইবার সময়ে কি তাহার আগে মাজিষ্ট্রেট সাহেবকে জানাইবার নিমিত্তে ও তিনি তদ্বিষয়ের যে কোন হুকুম করা আবশ্যক বোধ করেন তাহা পাইবার নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন।

[তলাশ যে সময়ে করিতে হইবেক।]

৯। তলাশ সর্ব্বদাই দিনমানে করিতে হইবেক। কিন্তু অতিআবশ্যক স্থলে ও যদি সম্বাদ সন্দেহমতে না দেওয়া যায় কিন্তু সপষ্টরূপে দেওয়া যায় তবে দিনমানেই হউক কি রাত্রিতেই হউক তলাশ হইতে পারিবেক।

[দ্বার ভাঙ্গিবার কথা।]

১০। যদি দ্বার বন্দ থাকে ও পরওয়ানা জারী করিবার ভার যাহার প্রতি অর্পিত হইয়াছে সেই জন আপন ক্ষমতার ও অভিপ্রায়ের সম্বাদ দিলে পর ও প্রবেশ করিবার অনুমতি উপযুক্তমতে চাহিলে পর যদি অন্য প্রকারে প্রবেশ করিতে না পারে তবে দ্বার ভাঙ্গিয়া খুলিতে পারিবেক।

[অন্তঃপুরের দ্বার ভাঙ্গিবার কথা।]

১১। যে স্থান তলাশ করিবার আজ্ঞা হয় তাহা যদি অন্তঃপুর হয় কিম্বা যদি সেই মহলে স্ত্রীলোকেরা নিতান্ত আছে, তবে ঐ পরওয়ানা জারী করিবার ভার যে আমলার প্রতি অর্পিত হয় সেই আমলা অন্তঃপুরের কোন স্ত্রীলোকদিগকে জানাইবেক যে তাহারা স্বচ্ছন্দে বাহির হইয়া যাইতে পারে। সেই কথা জানাইলে পর ও স্ত্রীলোকেরদের বাহির হইবার উপযুক্ত সময় দিলে পর, ঐ আমলা তলাশীর কার্য্য সমাপ্ত করিবার জন্যে অন্তঃপুরে প্রবেশ করিতে পারিবেক। কিন্তু ইহার মধ্যে ঐ দ্রব্য গুপ্তরূপে স্থানান্তর না করা যায় এমত সতর্কতার সকল কার্য্য করিবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্নমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 2, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২ জুন

DRAFT OF ACT.

THE INDIAN PENAL CODE.
CHAPTER XVII.
OF OFFENCES AGAINST PROPERTY.

OF EXTORTION.

[Continued from page 425.]

[Extortion by threat of accusation of an offence punishable with death or transportation, &c.]

10. Whoever commits extortion by putting any person in fear of an accusation, against that person or any other, of having committed or attempted to commit any offence punishable with death or transportation for life, or with imprisonment for a term which may extend to fourteen years and shall not be less than five, shall be punished with imprisonment of either description for a term which may extend to ten years, and shall also be liable to fine.

[Putting person in fear of accusation of offence in order to commit extortion.]

11. Whoever, in order to the committing of extortion, puts or attempts to put any person in fear of an accusation, against that person or any other, of having committed or attempted to commit an offence punishable with death or transportation for life, or with imprisonment for a term which may extend to fourteen years and shall not be less than three, shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, and shall also be liable to fine.

OF ROBBERY AND DACOITY.

[Robbery.]

12. In all robbery there is either theft or extortion.

[When theft is robbery.]

Theft is "robbery", if, in order to the commit-

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।
১৭ অধ্যায়।
সম্পত্তির উপর অপরাধ।

ভয় জন্মাইয়া হরণের কথা।

[৪২৫ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[যে অপরাধের প্রাণদণ্ড কি দ্বীপান্তর প্রেরণপ্রভৃতি দণ্ড হয় এমত অপরাধের অভিযোগ করিবার ভয় দেখাইয়া হরণ করিবার দণ্ড।]

১০। যাহাতে প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কিম্বা চৌদ্দ বৎসরের অনধিক ও পাঁচ বৎসরের অন্যূন মিয়াদে কয়েদ হওনের দণ্ড হয়, এমত অপরাধ করিবার কি করিতে উদ্যোগ করিবার অভিযোগ কোন ব্যক্তির নামে করিব বলিয়া, যদি কেহ তাহার কিম্বা অন্য কোন লোকের ভয় জন্মাইয়া কিছু হরণ করে, তবে সেই লোক দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[হরণ করিবার জন্যে কাহারো নামে অপরাধ করিবার অভিযোগ করণের ভয় জন্মাইবার দণ্ড।]

১১। যাহাতে প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কিম্বা চৌদ্দ বৎসরের অনধিক ও তিন বৎসরের অন্যূন মিয়াদে কয়েদ হওনের দণ্ড হয়, এমত অপরাধ করিবার কি করিতে উদ্যোগ করিবার অভিযোগ কোন কাহার নামে করিব বলিয়া, যদি কোন লোক কিছু হরণ করিবার জন্যে তাহার কিম্বা অন্য কোন ব্যক্তির ভয় জন্মায় কিম্বা জন্মাইবার উদ্যোগ করে, তবে সেই লোক পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

লুঠ ও ডাকাইতীর কথা।

[লুঠ।]

১২। লুঠের সকল কার্য্যেতে চুরী করার কিম্বা ভয় দেখাইয়া হরণ করার অপরাধ হয়।

[যে স্থলে চুরী করাতে লুঠ হয়।]

যদি চুরী করিবার জন্যে, কিম্বা যদি চুরী করণকালে,

ting of the theft, or in committing the theft, in carrying away or attempting to carry away property obtained by theft, the offender, for that end, voluntarily causes or attempts to cause to any person death or hurt or wrongful restraint or fear of instant death or of instant hurt, or of instant wrongful restraint.

[When extortion is robbery]

Extortion is "robbery", if the offender, at the time of committing the extortion, is in the presence of the person put in fear, and commits the extortion by putting that person in fear of instant death, of instant hurt, or of instant wrongful restraint to that person, or to some other person present at the time of committing the extortion, and, by so putting in fear, induces the person so put in fear then and there to deliver up any property.

Illustrations.

(*a*) A holds Z down, and fraudulently takes Z's money and jewels from Z's clothes, without Z's consent. Here, A has committed theft, and, in order to the committing of that theft, has voluntarily caused wrongful restraint to Z. A has therefore committed robbery.

(*b*) A meets Z on the high road, shews a pistol, and demands Z's purse. Z surrenders his purse. Here, A has extorted the purse from Z by putting him in fear of instant hurt, and being at the time of committing the extortion in his presence. A has therefore committed robbery.

(c) A meets Z, and Z's child, on the high road. A takes the child, and threatens to fling it down a precipice, unless Z delivers his purse. Z delivers his purse. Here A has extorted the purse from Z, by causing Z to be in fear of instant hurt to the child who is there present. A has therefore committed robbery on Z.

(*d*) A obtains property from Z by saying—"your child is in the hands of my gang, and will be put to death unless you send us ten thousand Rupees." This is extortion, and punishable as such; but it is not robbery.

[Dacoity.]

13. When five or more persons, conjointly, commit or attempt to commit a robbery, or where the whole number of persons conjointly committing or attempting to commit a robbery, and persons present and aiding such commission or attempt, amount to five or more, every person so committing, attempting, or aiding, is said to commit "Dacoity."

[Punishment for robbery.]

14. Whoever commits robbery shall be punished with rigorous imprisonment for a term

কি চৌর্য্যের দ্বারা প্রাপ্ত কোন বস্তু লইয়া যাওনেতে কি লইয়া যাইবার উদ্যোগ করণেতে অপরাধী সেই কার্য্য করিবার জন্যে ইচ্ছাপূর্ব্বক কোন ব্যক্তির মরণের কি আঘাত হওনের কি অন্যায়মতে আটক হওনের কারণ হয়, কিম্বা কোন কাহাকে মারিয়া ফেলিতে কি আঘাত-প্রভৃতি করিতে উদ্যোগ করে, কিম্বা সেই ব্যক্তির তৎক্ষণাৎ প্রাণনাশের কি তৎক্ষণাৎ আঘাতের কি তৎক্ষণাৎ অন্যায়মতে আটক হইবার ভয় জন্মায় কি ভয় জন্মাইবার উদ্যোগ করে, তবে এমত স্থলে ঐ চৌর্য্যই "লুঠ" হয়।

।যে স্থলে ভয় জন্মাইয়া হরণ করাই লুঠ হয়।।

ভয় জন্মাইয়া কিছু হরণ করিবার সময়ে, যদি অপরাধী যাহার ভয় জন্মায় তাহার সাক্ষাতে থাকে, ও সেই ব্যক্তির কিম্বা হরণ করিবার সময়ে উপস্থিত অন্য ব্যক্তির তৎক্ষণাৎ প্রাণনাশের কি তৎক্ষণাৎ আঘাতী হইবার কি তৎক্ষণাৎ অন্যায়মতে আটক হইবার ভয় জন্মাইয়া ঐ রূপ হরণ করে, ও সেই প্রকারে ভয় জন্মাইয়া যাহার ভয় জন্মিয়াছে তাহার নিকটে তৎকালে ও তৎস্থানে কিছু সম্পত্তি লয়, তবে এমত স্থলে সেইরূপ ভয় দেখাইয়া হরণ করাই "লুঠ" হয়।

উদাহরণ।

(ক) কালু যদুকে উবুড় করিয়া ফেলিয়া প্রতারণাপূর্ব্বক যদুর অনুমতি বিনা তাহার বস্ত্রহইতে টাকা ও গহনা লয়। এই স্থলে কালু চুরী করিয়াছে ও সেই চুরী করিবার জন্যে যদুকে ইচ্ছাপূর্ব্বক অন্যায়মতে আটক করিয়া রাখিয়াছে। অতএব কালু লুঠ করিয়াছে।

(খ) যদু সরকারী রাস্তা দিয়া যাইতেছে, কালু তাহার সম্মুখে আসিয়া তাহাকে পিস্তল দেখাইয়া কহে, যে তোমার নিকটে যত টাকা আছে তাহা আমাকে দেও। যদু ঐ টাকা দেয়। এই স্থলে কালু যদুর তৎক্ষণাৎ আঘাত হইবার ভয় জন্মাইয়া তাহার স্থানহইতে টাকা লইয়াছে ও সেইরূপে টাকা লইবার সময়ে তাহার সাক্ষাতে ছিল, অতএব কালু লুঠ করিয়াছে।

(গ) যদু আপনার বালককে লইয়া পাহাড়ের উপর দিয়া যায়। কালু তাহার সম্মুখে আসিয়া বালককে ধরিয়া যদুকে বলে, তুমি এইক্ষণে টাকা না দিলে আমি এই বালককে এই পাহাড়থেকে ফেলিয়া দিব। তাহাতে যদু আপনার টাকা দেয়। এই স্থলে যে বালক বর্ত্তমান ছিল তাহার তৎক্ষণাৎ আঘাত হইবার বিষয়ে যদুর ভয় জন্মাইয়া কালু যদুর স্থানহইতে টাকা লইয়াছে। অতএব কালু লুঠ করিয়াছে।

(ঘ) কালু যদুকে বলে যে তোমার বালক আমার দলের হাতে পড়িয়াছে ও তুমি আমারদিগকে দশ হাজার টাকা না দিলে তোমার ছেলেকে মারিয়া ফেলা যাইবেক, ইহা বলিয়া যদুর স্থানে টাকা পায়। ইহাই ভয় দেখাইয়া হরণ অপরাধ হয় ও তদনুসারে তাহার দণ্ড হইতে পারিবেক, কিন্তু তাহা লুঠ হয় না।

।ডাকাইতী।।

১৩। যখন পাঁচ কি তাহার অধিক জন একত্র হইয়া লুঠ করে কি করিবার উদ্যোগ করে, কিম্বা যাহারা একত্র হইয়া লুঠ করে কি করিবার উদ্যোগ করে ও যাহারা বর্ত্তমান হইয়া সেই অপরাধের কি উদ্যোগের সাহায্য করে তাহারদের সকলকে লইয়া যদি পাঁচ কি তাহার অধিক জন হয়, তবে যে প্রত্যেক জন সেইরূপ কার্য্য করে কি করিবার উদ্যোগ করে কি সাহায্য করে সে "ডাকাইতী" করে কহা যায়।

।লুঠ করিবার দণ্ড।।

১৪। যে কেহ লুঠ করে সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত

which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Attempt to commit robbery.]

15. Whoever attempts to commit robbery shall be punished with rigorous imprisonment for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Voluntarily causing hurt in committing robbery.]

16. If any person, in committing or in attempting to commit robbery voluntarily causes hurt, such person, and any other person jointly concerned in committing or attempting to commit such robbery, shall be punished with transportation for life, or with rigorous imprisonment for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Punishment dacoity.]

17. Whoever commits dacoity shall be punished with transportation for life, or with rigorous imprisonment for a term which may extend to fourteen years and shall not be less than seven years, and shall also be liable to fine.

[Dacoity with murder.]

18. If any one of five or more persons, who are conjointly committing dacoity, commits murder in so committing dacoity, every one of those persons shall be punished with death, or transportation for life, or rigorous imprisonment for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Robbery or dacoity with attempt to cause death or grievous hurt.]

19. If, at the time of committing robbery or dacoity, the offender uses any deadly weapon or causes grievous hurt to any person, or attempts to cause death or grievous hurt to any person, the imprisonment with which such offender shall be punished shall not be less than seven years.

[Attempt to commit robbery or dacoity when armed with deadly weapon.]

20. If, at the time of attempting to commit robbery or dacoity, the offender is armed with any deadly weapon, the imprisonment with which such offender shall be punished shall not be less than five years.

[Making preparation to commit dacoity.]

21. Whoever makes any preparation for committing dacoity, shall be punished with rigorous imprisonment for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Punishment for belonging to a gang of dacoits.]

22. Whoever belongs to a gang of persons associated for the purpose of habitually committing dacoities, shall be punished with transportation for life, or with rigorous imprisonment for a term which may extend to fourteen years and shall not be less than seven years, and shall also be liable to fine.

[*Government Gazette*, 2nd June, 1857.]

কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[লুঠ করিবার উদ্যোগের দণ্ড।]

১৫। যে কেহ লুঠ করিবার উদ্যোগ করে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[লুঠ করিবার সময়ে ইচ্ছাপূর্ব্বক আঘাত করিবার দণ্ড।]

১৬। যদি কোন ব্যক্তি লুঠ করিবার কি লুঠ করিতে উদ্যোগ করিবার কালে ইচ্ছাপূর্ব্বক আঘাত করে, তবে সেই লোক, ও তাহার সঙ্গে অন্য যে কোন লোক ঐ লুঠ করিবার কি লুঠ করিতে উদ্যোগ করিবার কার্য্যেতে লিপ্ত ছিল সেই লোক, যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ হইবেক কিম্বা চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ডাকাইতী করিবার দণ্ড।]

১৭ যে কেহ ডাকাইতী করে তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক, কিম্বা চৌদ্দ বৎসরপর্য্যন্ত কিন্তু সাত বৎসরের কম নহে এমত কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ডাকাইতী করণ সময়ে বধ করিবার দণ্ড।]

১৮। যে পাঁচ কি ততোধিক জন একত্র হইয়া ডাকাইতী করিতেছে তাহারদের মধ্যে যদি কোন এক জন সেইরূপ ডাকাইতী করিবার সময়ে বধ করে, তবে তাহারদের প্রত্যেক জনের প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড, কি চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইবার দণ্ড হইবেক, ও তাহারদের জরীমানাও হইতে পারিবেক।

[লুঠ কি ডাকাইতী করিবার কালে হত্যা কি ভারি আঘাত করিবার উদ্যোগের দণ্ড।]

১৯। যদি লুঠ কি ডাকাইতী করিবার সময়ে অপরাধী কোন সাংঘাতিক অস্ত্র চালায় কি কোন ব্যক্তির ভারি আঘাত জন্মায়, কিম্বা কোন ব্যক্তিকে হত্যা কি ভারি আঘাত করিবার উদ্যোগ করে, তবে সেই অপরাধির যে কয়েদ হইবেক তাহার মিয়াদ সাত বৎসরের কম হইবেক না।

[সাংঘাতিক অস্ত্র সঙ্গে থাকিলে লুঠ কি ডাকাইতী করিবার উদ্যোগের দণ্ড।]

২০। যদি লুঠ কি ডাকাইতী করিবার উদ্যোগ করণ সময়ে অপরাধির নিকটে কোন সাংঘাতিক অস্ত্র থাকে তবে সেই অপরাধির যে কয়েদ হইবেক তাহার মিয়াদ পাঁচ বৎসরের কম হইবেক না।

[ডাকাইতী করিবার উপায় করণের দণ্ড।]

২১। যে কেহ ডাকাইতী করিবার পূর্ব্বে কিছু উদ্যোগ করে সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ডাকাইতের দলভুক্ত হইবার দণ্ড।]

২২। যাহারা নিয়ত ডাকাইতী করিবার জন্যে দলভুক্ত হয় তাহারদের মধ্যে যে কেহ হয় তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কিন্তু সাত বৎসরের কম নহে এমত কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[Punishment for belonging to a wandering gang of thieves.]

23. Whoever belongs to any wandering or other gang of persons associated for the purpose of habitually committing theft or robbery and not being a gang of thugs or dacoits, shall be punished with rigorous imprisonment for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Assembling for purpose of committing dacoity.]

24. Whoever is one of five or more persons assembled for the purpose of committing dacoity, shall be punished with rigorous imprisonment for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Fraudulent misappropriation of property.]

25. Whoever fraudulently misappropriates or converts to his own use any moveable property, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

Illustrations.

(*a*) A takes property belonging to Z out of Z's possession, in good faith believing, at the time when he takes it, that the property belongs to himself. A is not guilty of theft; but if A, after discovering his mistake, fraudulently appropriates the property to his own use, he is guilty of an offence under this Clause.

(*b*) A, being on friendly terms with Z goes into Z's library in Z's absence, and takes away a book without Z's express consent. Here, if A was under the impression that he had Z's implied consent to take the book for the purpose of reading it, A has not committed theft. But if A afterwards sells the book for his own benefit, he is guilty of an offence under this Clause.

(*c*) A and B being joint owners of a horse, A takes the horse out of B's possession, intending to use it. Here, as A has a right to use the horse, he does not fraudulently misappropriate it. But if A sells the horse and appropriates the whole proceeds to his own use, he is guilty of an offence under this Clause.

Explanation 1. A fraudulent misappropriation for a time only is a misappropriation within the meaning of this Clause.

Illustration.

A finds a Government paper belonging to Z, bearing a blank endorsement. A, knowing that the paper belongs to Z, pledges it with a banker as a security for a loan, intending at a future time to restore it to Z. A has committed an offence under this Clause.

Explanation 2. A person who finds property not in the possession of any other person and takes such property for the purpose of protecting it for, or of restoring it to, the owner, does not take or misappropriate it fraudulently, and is not

[ভ্রমণকারি চোরেরদের দলভুক্ত হইবার দণ্ড ।]

২৩। ঠগের কি ডাকাইতের দল না হইয়া যে কেহ নিয়ত চুরী করিবার কি লুঠ করিবার জন্যে দলভুক্ত কোন ভ্রমণকারি কি অন্য দলের লোক হয় সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ডাকাইতী করিবার জন্যে যুটিবার দণ্ড ।]

২৪। যে পাঁচ কি তাহার অধিক জন ডাকাইতী করিবার জন্যে যুটিয়াছে তাহারদের মধ্যের লোক যে কেহ হয় সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[প্রতারণা করিয়া সম্পত্তি ব্যয় করণের দণ্ড ।]

২৫। যে কেহ কিছু অস্থাবর সম্পত্তি প্রতারণা করিয়া অনুপযুক্ত কার্য্যেতে ব্যয় করে কি আপনার কর্ম্মের নিমিত্তে লয় সে ব্যক্তি দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

(ক) যদুর নিকটে কিছু ধন থাকে, কালু প্রকৃতপ্রস্তাবে সেই ধন আপনার জানিয়া লয়। ইহাতে কালুর কিছু চৌর্য্য অপরাধ হয় নাই। পরে কালু তাহাতে ভ্রম হইয়াছে জানিতে পাইয়াও প্রতারণা করিয়া ঐ ধন আপনার কর্ম্মের নিমিত্তে লয়, তখন এই প্রকরণমতে অপরাধের দোষী হয়।

(খ) কালুর ও যদুর পরস্পর বন্ধুভাব আছে। যদু ঘরে না থাকিতে কালু তাহার পুস্তকালয়ে গিয়া তাহার স্পষ্ট অনুমতি না পাইয়াও একখান পুস্তক লইয়া যায়। কিন্তু ঐ পুস্তক পাঠ করিবার জন্যে লইয়া গেলেও তাহাতে যদুর কোন আপত্তি হইবেক না কালু যদি ইহা নিশ্চয়রূপে জানিত তবে কালুর চৌর্য্য অপরাধ হয় নাই। পরে যদি কালু আপনার উপকারের জন্যে সেই পুস্তক বিক্রয় করে তবে এই প্রকরণমতে তাহার অপরাধ হইয়াছে।

(গ) কালু ও গোপাল দুই জনের একটি ঘোড়া আছে। যদু সেই ঘোড়া চালাইবার জন্যে গোপালের স্থানে তাহা লয়, কিন্তু ঐ ঘোড়া চালাইতে কালুরও অধিকার আছে অতএব সে প্রতারণা করিয়া তাহা অনুপযুক্তমতে ব্যবহার করে নাই। পরে যদি কালু ঐ ঘোড়া বিক্রয় করিয়া সমুদয় মূল্যই আপনি লয়, তবে এই প্রকরণের লিখিত অপরাধের দোষী হয়।

১ ব্যাখ্যা। প্রতারণা করিয়া কিঞ্চিৎকালের নিমিত্তে কোন বিষয় অনুপযুক্ত ব্যবহার করিলে তাহা, এই প্রকরণের অর্থের মধ্যে অনুপযুক্তমতে ব্যয় করা হয়।

উদাহরণ।

যদুর এক কেতা কোম্পানির কাগজ কালু পাইয়াছে। তাহার পৃষ্ঠে যদুর নাম সহীও আছে। সেই কাগজ যদুর সম্পত্তি জানিয়া কালু তাহা কোন বণিকের নিকটে লইয়া গিয়া বন্ধক রাখিয়া কিছু টাকা কর্জ লয়, কিন্তু কিছু দিন পরে ঐ কাগজ যদুকে ফিরিয়া দিব এমত কল্পনা করে। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

২ ব্যাখ্যা। কোন লোক কোন দ্রব্য পাইয়াছে, তাহা কাহারো জিম্মায় ছিল না, অতএব ঐ দ্রব্য স্বামির নিকটে ফিরিয়া দিবার কিম্বা রক্ষা করিবার জন্যে আপনি রাখে, কিন্তু প্রতারণা করিয়া আপনি তাহা লয় না কি অনুপযুক্তমতে তাহা ব্যয় করে না। সেই লোকের কোন

guilty of an offence; but he is guilty of the offence above defined, if he appropriates it to his own use, when he knows or has the means of discovering the owner, or before he has used reasonable means to discover and give notice to the owner, and has kept the property a reasonable time to enable the owner to claim it.

What are reasonable means or what is a reasonable time in such a case is a question of fact.

It is not necessary that the finder should know who is the owner of the property, or that any particular person is the owner of it: it is sufficient if, at the time of appropriating it, he does not believe it to be his own property, or in good faith believes that the real owner cannot be found.

Illustrations.

(*a*) A finds a Rupee on the high road, not knowing to whom the Rupee belongs. A picks up the Rupee. Here A has not committed the offence defined in this Clause.

(*b*) A finds a letter on the road, containing a bank note. From the direction and contents of the letter he learns to whom the note belongs. He appropriates the note. He is guilty of an offence under this Clause.

(*c*) A finds a cheque payable to bearer. He can form no conjecture as to the person who has lost the cheque. But the name of the person, who has drawn the cheque, appears. A knows that this person can direct him to the person in whose favor the cheque was drawn. A appropriates the cheque without attempting to discover the owner. He is guilty of an offence under this Clause.

(*d*) A sees Z drop his purse with money in it. A picks up the purse with the intention of restoring it to Z, but afterwards appropriates it to his own use. A has committed an offence under this Clause.

(*e*) A finds a purse with money, not knowing to whom it belongs; he afterwards discovers that it belongs to Z, and appropriates it to his own use. A is guilty of an offence under this Clause.

(*f*) A finds a valuable ring, not knowing to whom it belongs. A sells it immediately without attempting to discover the owner. A is guilty of an offence under this Clause.

[Fraudulent misappropriation of property possessed by a deceased person at the time of his death.]

26. Whoever fraudulently misappropriates or converts to his own use property, knowing that such property was in the possession of a deceased person at the time of that person's decease, and has not since been in the possession of any person legally entitled to such possession, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[*Government Gazette*, 2nd *June*, 1857.]

অপরাধ হয় না। পরন্তু ঐ দ্রব্যের স্বামিকে যদি জানে কিম্বা যদি ঐ স্বামির পরিচয় পাইবার তাহার উপায় থাকে অথবা যদি স্বামির সন্ধান লইবার ও তাহাকে ঐ সম্পত্তির সম্বাদ দিবার উপযুক্তমতে উদ্যোগ করে নাই ও স্বামী যত কালের মধ্যে তাহার দাওয়া করিতে পারে এমত উপযুক্ত কাল তাহা রাখিয়া যদি আপনার কার্য্যেতে তাহা ব্যয় করে তবে এই অপরাধের দোষী হয়।

উপযুক্ত উদ্যোগ কি, ও কত কাল হইলে উপযুক্ত কাল হয়, এই দুই কথা বৃত্তান্তক্রমে নির্দ্ধারিত হইতে পারে।

যে ব্যক্তি ঐ ধন পায় সে যদি ঐ ধনের স্বামিকে নাও চিনে কিম্বা কোন বিশেষ ব্যক্তি ঐ ধনের স্বামী আছে ইহা যদি নাও জানে তথাপি যে সময়ে তাহা ব্যয় করিয়াছিল সেই সময়ে তাহার নিজ সম্পত্তি নহে জানিয়া কিম্বা তাহার প্রকৃত স্বামিকে পাওয়া যাইতে পারে না ইহা প্রকৃতপ্রস্তাবে না জানিয়াও যদি আপনি ব্যয় করে, তবে ঐ অপরাধের দোষী হয়।

[উদাহরণ।]

(ক) কালু সরকারী রাস্তায় এক টাকা কুড়িয়া পায় কিন্তু ঐ টাকা কাহার তাহা জানে না। এই স্থানে কালু এই প্রকরণের লিখিত অপরাধ করে নাই।

(খ) কালু রাস্তায় এক পত্র কুড়িয়া পায় তাহার মধ্যে এক কেতা ব্যাঙ্কনোট আছে। পত্রের শিরনামা দেখিয়া এবং তাহার লিখিত কথা পড়িয়া জানে যে এই নোট অমুকের, তথাপি তাহা আপনি লয়। এই স্থলে কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

(গ) কালু এক কেতা চ্যাক কুড়িয়া পায়, কিন্তু যে জন ঐ চ্যাকের টাকা পাইবেক এমত কোন বিশেষ ব্যক্তির নাম তাহাতে লেখা নাই, আর ঐ চ্যাক কে ফেলিয়াছে তাহারও কিছু সন্ধান পাইতে পারে না। কিন্তু যে ব্যক্তি ঐ চ্যাক দিয়াছে তাহার নাম তাহাতে অবশ্য লেখা আছে। কালু জানে যে ঐ ব্যক্তিকে জিজ্ঞাসা করিলে, যে ব্যক্তি চ্যাক ফেলিয়া গিয়াছে তাহার সন্ধান পাওয়া যাইতে পারে, তথাপি কালু স্বামির সন্ধান পাইবার কোন উদ্যোগ না করিয়া আপনি তাহা রাখে। কালু এই প্রকরণের লিখিত অপরাধের দোষী হয়।

(ঘ) পথে যাইতে২ যদুর টাকার গাঁজিয়া পড়িয়া গেল, তাহাতে টাকা আছে। কালু তাহা যদুকে ফিরিয়া দিবার নিমিত্তে কুড়িয়া লয়, কিন্তু পরে আপনিই তাহা খরচ করে। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

(চ) কালু টাকার গাঁজিয়া কুড়িয়া পায় কিন্তু কাহার জানে না। পরে তাহা যদুরই জানিতে পাইল। কিন্তু আপনিই ঐ টাকা খরচ করে। কালু এই প্রকরণমতে অপরাধী হয়।

(ছ) কালু বহুমূল্য এক আঙ্গটি কুড়িয়া পায়। কিন্তু কাহার তাহা না জানিয়া ও তাহার স্বামির সন্ধান লইবার কিছুমাত্র উদ্যোগ না করিয়া তাহা অগৌণেই বিক্রয় করে। কালু এই প্রকরণমতে অপরাধী হয়।

[মৃত্যুকালে কোন ব্যক্তির দখলে যে সম্পত্তি ছিল তাহা প্রতারণা করিয়া লইবার দণ্ড।]

২৬। কোন ব্যক্তির মরণকালে কিছু সম্পত্তি তাহার অধিকারে ছিল ও আইনমতে যাহার ঐ সম্পত্তি পাইবার স্বত্ব আছে এমত কোন ব্যক্তির হস্তগত হয় নাই জানিয়া, যদি কেহ প্রতারণা করিয়া সেইরূপ সম্পত্তি অনুপযুক্তমতে ব্যয় করে কি আপনার নিমিত্তে লয় তবে সে ব্যক্তি তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

Illustration.

Z dies in possession of furniture and money. His servant A, before the money comes into the possession of any person entitled to such possession, fraudulently misappropriates it. A has committed the offence defined in this Clause.

OF CRIMINAL BREACH OF TRUST.

[Criminal breach of trust.]

27. Whoever, being in any manner entrusted with property or with any dominion over property, fraudulently converts or appropriates that property to his own use, or knowingly and dishonestly uses or disposes of that property, in violation of any direction of law prescribing the mode in which such trust is to be discharged, or of any legal contract, express or implied, which he has made touching the discharge of such trust, or wilfully suffers any other person so to do, commits "criminal breach of trust."

Illustrations.

(*a*) A, being executor to the will of a deceased person, fraudulently disobeys the law which directs him to divide the effects according to the will, and appropriates them to his own use. A has committed criminal breach of trust.

(*b*) A is a warehouse keeper. Z going on a journey, entrusts his furniture to A, under a contract that it shall be returned on payment of a stipulated sum for warehouse room. A fraudulently sells the goods. A has committed criminal breach of trust.

(*c*) A, residing in Calcutta, is agent for Z, residing at Delhi. There is an express or implied contract between A and Z that all sums remitted by Z to A shall be invested by A according to Z's direction. Z remits a lac of Rupees to A, with directions to A to invest the same in Company's paper. A fraudulently disobeys the directions, and employs the money in his own business. A has committed criminal breach of trust.

(*d*) But if A, in the last illustration, not fraudulently, but in good faith, believing that it will be more for Z's advantage to hold shares in the Bank of Bengal, disobeys Z's directions, and buys shares in the Bank of Bengal for Z, instead of buying Company's paper, here, though Z should suffer loss, and should be entitled to bring a Civil action against A on account of that loss, yet A, not having acted fraudulently, has not committed criminal breach of trust.

(*e*) A, a revenue officer, is entrusted with public money, and is either directed by law, or bound by a contract, express or implied, with the Government, to pay into a certain treasury all the public money which he holds. A fraudulently appropriates the money. A has committed criminal breach of trust.

[গবর্নমেন্ট গেজেট। ১৮৫৭। ২ জুন।]

উদাহরণ।

যদু কিছু জিনিস ও টাকা রাখিয়া মরে, সেই সম্পত্তি, যাহার আইনমতে পাইবার স্বত্ব থাকে এমত ব্যক্তির হাতে ঐ সম্পত্তি না আসিতেই কালু নামে তাহার চাকর ঐ টাকা প্রতারণা করিয়া অনুপযুক্তমতে ব্যয় করে। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

অপরাধঘটিত বিশ্বাসঘাতকতার কথা।

[অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা।]

২৭। কাহারো জিম্মায় কিছু সম্পত্তি কোন প্রকারে থাকিলে কিম্বা ঐ সম্পত্তির উপর তাহার ক্ষমতা থাকিলে, যদি সেই ব্যক্তি প্রতারণা করিয়া ঐ সম্পত্তি আপনি লয় কি ব্যবহার করে, কিম্বা ঐ জিম্মাক্রমে কার্য্য যে প্রকারে করিতে হইবেক আইনের নির্দ্দিষ্ট এমত কোন বিধি লঙ্ঘন করিয়া, কিম্বা আপনি ঐ জিম্মাক্রমে কার্য্য করিবার বিষয়ে আইনমতের যে কোন করার স্পষ্টরূপে কি ভাবতঃ করিয়াছে তাহা লঙ্ঘন করিয়া, যদি জানিয়াশুনিয়া ও কুটিলতাক্রমে ঐ সম্পত্তি ব্যবহার কি হস্তান্তর করে, কিম্বা জানিয়াশুনিয়া অন্য কোন ব্যক্তিকে তদ্রূপ কার্য্য করিতে দেয়, তবে সে ব্যক্তি অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করিয়াছে।

উদাহরণ।

(ক) কালু কোন মৃত ব্যক্তির উইলের অছি হইয়াছে। আইনেতে তাহার ঐ উইলঅনুসারে সম্পত্তি বিভাগ করিবার আজ্ঞা আছে, কিন্তু কালু সেই আইন প্রতারণা করিযা অমান্য করে ও আপনি ঐ সম্পত্তি লয়। কালু অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করিয়াছে।

(খ) কালু আড়তদার আছে। যদু কোন বিদেশে যাইবার কালে কালুর হাতে আপনার তাবৎ দ্রব্য রাখিয়া তাহার সঙ্গে এই প্রকার বন্দোবস্ত করে যে, তোমার আড়তে আমার এই সকল দ্রব্য থাকিল আমি পরে জায়গার ভাড়া বলিযা এত টাকা তোমাকে দিয়া ঐ সকল দ্রব্য ফিরিয়া লইব। কালু প্রতারণা করিযা ঐ সকল দ্রব্য বিক্রয় করে। ইহাতে অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করিয়াছে।

(গ) যদু দিল্লীতে থাকে। কলিকাতায় কালু তাহার মোখ্তার। যদুর সঙ্গে কালুর স্পষ্টরূপে কি ভাবক্রমে এই বন্দোবস্ত হইয়াছে যে, যদু যত টাকা কালুর নিকটে পাঠায কালু সেই সকল টাকা যদুর আদেশমতে জমা করিবেক। যদু এক লক্ষ টাকা কালুর নিকটে পাঠাইয়া আদেশ করে যে ঐ টাকাতে কোম্পানির কাগজ ক্রয় করিবা। কিন্তু কালু প্রতারণা করিয়া ঐ আদেশ না মানিযা আপনার ব্যবসায়ে ঐ টাকা ব্যয় করে। কালু অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করিয়াছে।

(ঘ) কিন্তু উক্ত স্থলে যদি কালু প্রতারণা না করিয়া প্রকৃতপ্রস্তাবে বোধ করে যে, ঐ সকল টাকা লইয়া বাঙ্গালব্যাঙ্কের শ্যার কিনিলে যদুর অধিক লভ্য হইবেক, ও এমত জ্ঞানে যদি যদুর আদেশ অমান্য করিয়া কোম্পানির কাগজ না কিনিয়া যদুর নামে বাঙ্গালব্যাঙ্কের শ্যার লয়, তবে এমত স্থলে যদি পরে যদুর ক্ষতি হয় তবে সেই ক্ষতির বাবতে কালুর নামে দেওয়ানী আদালতে নালিশ করিতে পারিবেক, কিন্তু কালু প্রতারণা করিয়া কর্ম্ম করে নাই, অতএব অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করে নাই।

(চ) কালু রাজস্বসম্পর্কীয় এক জন আমলা। তাহার হাতে সরকারের টাকা থাকে। আইনমতে আদেশ হইয়াছে অথবা গবর্ণমেণ্টের সঙ্গে তাহার স্পষ্টরূপে কি ভাবক্রমে এমত করার আছে যে, সরকারের যত টাকা তাহার হাতে থাকে সে সকল টাকা কোন খাজানাখানাতে রাখিতে হইবেক। কালু প্রতারণা করিয়া আপনি ঐ টাকা লয়। অতএব অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করিয়াছে।

[Punishment for criminal breach of trust.]

28. Whoever commits criminal breach of trust shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or with both.

[Criminal breach of trust by a clerk or servant.]

29. Whoever, being a clerk or servant or employed as a clerk or servant and being in any manner entrusted in such capacity with property or with any dominion over property, commits criminal breach of trust in respect of that property, shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, and shall also be liable to fine.

[Criminal breach of trust by public servant, or by banker, merchant, or agent.]

30. Whoever, being in any manner entrusted with property, or with any dominion over property, in his capacity of a public servant or in the way of his business as a banker, merchant, broker, attorney, or agent, commits criminal breach of trust in respect of that property, shall be punished with transportation for life, or with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

OF THE RECEIVING OF STOLEN PROPERTY.

[Stolen property.]

31. Property the possession whereof has been transferred by theft, or by extortion, or by robbery, or by fraudulent misappropriation of property or by criminal breach of trust, is designated as "stolen property." But if such property subsequently comes into the possession of a person legally entitled to the possession thereof, it then ceases to be stolen property.

[Fraudulently receiving stolen property.]

32. Whoever fraudulently receives or retains any stolen property, knowing or having reason to believe the same to be stolen property, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, or with fine, or with both.

[Fraudulently receiving property stolen in the commission of a dacoity.]

33 Whoever fraudulently receives or retains any stolen property, the possession whereof he knows or has reason to believe to have been transferred by the commission of dacoity, or fraudulently receives from a person, whom he knows or has reason to believe to belong or to have belonged to a gang of dacoits, property which he knows or has reason to believe to have been stolen, shall be punished with transportation for life, or with rigorous imprisonment for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[*Government Gazette*, 2nd *June*, 1857.]

[অপরাধঘটিত বিশ্বাসঘাতকতার দণ্ড।]

২৮। যে কেহ অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[কেরাণী কি চাকর অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করিলে তাহার দণ্ড।]

২৯। যদি কোন লোক কেরাণী কি চাকর হয়, কিম্বা কেরাণীর কি চাকরের কর্ম্ম পায়, ও সেই কর্ম্মপ্রযুক্ত যদি কিছু সম্পত্তি কোন প্রকারে তাহার জিম্মায় রাখা যায়, কিম্বা কিছু সম্পত্তির উপর তাহাকে কোন প্রকারের ক্ষমতা দেওয়া যায়, তবে সেই সম্পত্তির বিষয়ে অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করিলে, সে পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[সরকারী কার্য্যকারক কিম্বা বণিক কি সওদাগর কি এজেণ্ট অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করিলে তাহার দণ্ড।]

৩০। সরকারী কার্য্যকারকের পদোপলক্ষে, কিম্বা বণিক কি সওদাগর কি দালাল কি টর্ণি কি এজেণ্ট বলিয়া কোন ব্যক্তির ব্যবসায়ের রীতিক্রমে, যে কিছু সম্পত্তি কোন প্রকারে তাহার জিম্মা করিয়া দেওয়া যায়, কিম্বা যে কিছু সম্পত্তির উপর তাহাকে কোন প্রকারে ক্ষমতা দেওয়া যায়, তাহা লইয়া যদি সে অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করে, তবে তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

চোরা জিনিস গ্রহণ করিবার কথা।

[চোরা জিনিস।]

৩১। চৌর্য্যক্রমে, কিম্বা ভয় দেখাইয়া হরণ করণক্রমে, কি লুঠ করণের দ্বারা, কিম্বা প্রতারণা করিয়া সম্পত্তি অনুপযুক্তমতে লওনের দ্বারা, কিম্বা অপরাধঘটিত বিশ্বাসঘাতকতাক্রমে যে সম্পত্তির দখল হস্তান্তর করা গিয়াছে, তাহা "চোরা জিনিস" বলা যায়। কিন্তু পরে যদি সেই সম্পত্তি যাহার দখল করিবার স্বত্ব আছে এমত ব্যক্তির দখলে আইসে তবে তাহা আর চোরা জিনিস হয় না।

[চোরা জিনিস প্রতারণা করিয়া গ্রহণ করিবার দণ্ড।]

৩২। কোন জিনিস চুরী করা গিয়াছে জানিয়া কিম্বা জানিবার কারণ পাইয়া, যদি কেহ সেই জিনিস প্রতারণা করিয়া গ্রহণ করে কি রাখে, তবে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[ডাকাইতী করিয়া যে জিনিস চুরী করা যায় তাহা প্রতারণা করিয়া গ্রহণ করিবার দণ্ড।]

৩৩। কিছু সম্পত্তির দখল ডাকাইতীক্রমে হস্তান্তর করা গিয়াছে জানিয়া কিম্বা জানিবার কারণ পাইয়া, যদি কেহ প্রতারণা করিয়া এমত চোরা জিনিস গ্রহণ করে কি রাখে, কিম্বা যে জন ডাকাইতেরদের দলের লোক আছে কি ছিল জানিয়া কিম্বা জানিবার কারণ পাইয়া তাহার স্থানে যদি কেহ কিছু জিনিস চোরা জানিয়া কি এমত বুঝিবার কারণ পাইয়া প্রতারণা করিয়া গ্রহণ করে, তবে তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড হইবেক [illegible] সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কঠিনরূপে [illegible] হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[Habitually dealing in stolen property.]

34. Whoever habitually receives or deals in property which he knows or has reason to believe to be stolen property, shall be punished with transportation for life, or with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[চোরা জিনিস লইয়া নিরত ব্যবসায় করণের দণ্ড।]

৩৪। যদি কেহ জিনিস চোরা জানিয়া কি বুঝিবার কারণ পাইয়া তাহা নিরত গ্রহণ করে কি তাহা লইয়া ব্যবসায় করে, তবে তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড হইবেক কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[Assisting in concealment of stolen property.]

35. Whoever voluntarily assists in concealing or disposing of or making away with property which he knows or has reason to believe to be stolen property, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or with both.

[চোরা জিনিস লুকাইবার সাহায্য করণের দণ্ড।]

৩৫। যে কেহ কিছু জিনিস চোরা জানিয়া কি এমত বুঝিবার কারণ পাইয়া তাহা লুকাইবার কি বিক্রয় করিবার কি হস্তান্তর করিবার কার্য্যেতে ইচ্ছাপূর্ব্বক সাহায্য করে, সে জন তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

OF CHEATING.

[Cheating.]

36. Whoever, by deceiving any person, fraudulently induces the person so deceived to deliver any property to any person, or to consent that any person shall retain any property, or to make, alter, or destroy the whole or any part of any document or any thing which is signed or sealed and which may be converted into a document, or by any false pretence unlawfully and intentionally induces the person deceived to do or omit to do anything which that person would not do or omit if he were not so deceived and which causes or is likely to cause damage or injury to that person, is said to "cheat."

Explanation. A person may deceive by a fraudulent concealment of facts.

Illustrations.

(*a*) A, by falsely pretending to be a Civil Servant of the East India Company, intentionally deceives Z, and thus fraudulently induces Z to let him have on credit goods for which he does not mean to pay. A cheats.

(*b*) A, by putting a counterfeit mark on an article, intentionally deceives Z into a belief that this article was made by a certain celebrated manufacturer, and thus fraudulently induces Z to buy and pay for the article. A cheats.

(*c*) A, by exhibiting to Z a false sample of an article, intentionally deceives Z into believing that the article corresponds with the sample, and thereby fraudulently induces Z to buy and pay for the article. A cheats.

(*d*) A, by tendering in payment for an article a bill on a house with which A keeps no money and by which A expects that the bill will be dishonored, intentionally deceives Z, and thereby fraudulently induces Z to deliver the article, intending not to pay for it. A cheats.

(*e*) A, by pledging as diamonds articles which

ঠকামীর কথা।

[ঠকামী।]

৩৬। যদি কেহ কোন লোককে প্রবঞ্চনা করিয়া তাহাকে কোন জিনিস অন্য ব্যক্তিকে দিতে প্রবৃত্তি দেয়, কিম্বা কোন লোকের নিকটে কোন সম্পত্তি রাখিবার অনুমতি দিতে, কিম্বা কোন দলীলের সমুদয় কি কোন অংশ করিতে কি নষ্ট কি পরিবর্ত্ত করিতে, কিম্বা দস্তখৎ ও মোহর করা যাওয়াতে যে কাগজ লইয়া কোন দলীল করা যাইতে পারে এমত কাগজ করিতে কি পরিবর্ত্ত কি নষ্ট করিতে প্রতারণাক্রমে প্রবৃত্তি দেয়, অথবা যে কর্ম্ম করিলে কি যে কর্ম্মের ত্রুটি হইলে কোন লোকের ক্ষতি কি নোকসান হয় কি হইবার সম্ভাবনা হয়, এমত কোন কর্ম্ম যদি সেই লোককে প্রবঞ্চনা না করা গেলে সে করিত না কি সেই কর্ম্মেতে ত্রুটি করিত না, কিন্তু কেহ কোন মিথ্যা ছলনাক্রমে তাহাকে বেআইনীমতে ও জানিয়াশুনিয়া তদ্রূপ কর্ম্ম করিতে কি তদ্রূপ কর্ম্মে ত্রুটি করিতে যদি প্রবৃত্তি দেয়, তবে সেই লোক ঠকামী করে বলা যায়।

ব্যাখ্যা। কোন লোক কিছু বৃত্তান্ত প্রতারণা করিয়া গোপনে রাখিলে প্রবঞ্চনা করিতে পারে।

উদাহরণ।

(ক) কালু ছলনা করিয়া আপনাকে কোম্পানি বাহাদুরের দেওয়ানী কার্য্যকারক জানাইয়া, জানিয়াশুনিয়া যদুকে প্রবঞ্চনা করে, ও যাহার মূল্য দিতে কিছু মনস্থ না করে এমত কিছু মাল প্রতারণা করিয়া যদুর কাছে ধার করিয়া লয়। কালু ঠকামী করে।

(খ) কালু কোন দ্রব্যেতে কোন জালকরা চিহ্ন বসাইয়া জানিয়াশুনিয়া প্রবঞ্চনাক্রমে যদুর এমত বিশ্বাস জন্মায় যে সেই দ্রব্য কোন প্রসিদ্ধ কর্ম্মকারকের প্রস্তুত করা এই প্রকারে যদুকে ঐ দ্রব্য ক্রয় করিতে ও তাহার মূল্য দিতে প্রতারণা করিয়া প্রবৃত্তি দেয়। কালু ঠকামী করে।

(গ) কালু কোন দ্রব্যের অপ্রকৃত নমুনা যদুকে দেখাইয়া, জানিয়াশুনিয়া প্রবঞ্চনাক্রমে যদুর এমত বিশ্বাস জন্মায় যে ঐ দ্রব্য নমুনার ঠিক সমান, এমতে যদুকে প্রতারণা করিয়া সেই দ্রব্য ক্রয় করিতে ও তাহার মূল্য দিতে প্রবৃত্তি দেয়। কালু ঠকামী করে।

(ঘ) কালু যদুর নিকটে কিছু দ্রব্য ক্রয় করিতে চাহে কিন্তু তাহার মূল্য দিতে কিছু মানস করে না। তথাপি যদুকে কোন কুঠীওয়ালার উপর টাকার হুণ্ডী দেয়, কিন্তু সে কুঠীওয়ালার কাছে কালুর কিছু টাকা নাই, সুতরাং কালু জানে যে যদু ঐ হুণ্ডী দিলে তাহা অগ্রাহ্য হইবেক, তবু যদুকে জানিয়াশুনিয়া প্রবঞ্চনা করে, ও যাহাতে যদু সেই দ্রব্য দেয় তাহার এমত প্রবৃত্তি প্রতারণাক্রমে জন্মায়। কালু ঠকামী করে।

(চ) কালু হীরা বলিয়া কএকটা পাতর বন্ধক রাখে।

he knows are not diamonds, intentionally deceives Z, and thereby fraudulently induces Z to lend money. A cheats.

(*f*) A intentionally deceives Z into a belief that A means to repay any money that Z may lend to him, and thereby fraudulently induces Z to lend him money, A not intending to repay it. A cheats.

(*g*) A intentionally deceives Z into a belief that A means to deliver to Z a certain quantity of indigo plant which he does not intend to deliver, and thereby fraudulently induces Z to advance money upon the faith of such delivery. A cheats; but if A, at the time of obtaining the money, intends to deliver the indigo plant, and afterwards breaks his contract and does not deliver it, he does not cheat, but is liable only to a civil action for breach of contract.

(*h*) A intentionally deceives Z into a belief that A has performed A's part of a contract made with Z, which he has not performed, and thereby fraudulently induces Z to pay money. A cheats.

(*i*) A sells and conveys an estate to B. A, knowing that in consequence of such sale he has no right to the property, sells or mortgages the same to Z without disclosing the fact of the previous sale and conveyance to B, and receives the purchase or mortgage money from Z. A cheats.

[Cheating by personation.]

37. A person is said to "cheat by personation," if he cheats by pretending to be some other person.

Illustrations.

(*a*) A cheats by pretending to be a certain rich banker of the same name. A cheats by personation.

(*b*) A cheats by pretending to be B, a person who is deceased. A cheats by personation.

[Punishment for cheating.]

38. Whoever cheats shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or with both.

[Cheating with knowledge that wrongful loss may be thereby caused to a person whose interest the offender is bound to protect.]

39. Whoever cheats with the knowledge that he is likely thereby to cause wrongful loss to a person whose interest in the transaction to which the cheating relates he was bound, either by law, or by a legal contract, to protect, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[Punishment for cheating by personation.]

40. Whoever cheats by personation shall be

কিন্তু সে হীরা নয়। কালু ইহা জানিয়া যদুকে ইচ্ছাপূর্ব্বক প্রবঞ্চনা করে ও যাহাতে যদু তাহাকে কর্জ দেয় তাহার এমত প্রবৃত্তি প্রতারণাক্রমে জন্মায়। যদু ঠকামী করে।

(ছ) কালু যদুর স্থানে কিছু কর্জ লইতে চাহিয়া সেই কর্জ্জা টাকা তাহাকে ফিরিয়া দিবেক যদুর এমত বিশ্বাস প্রবঞ্চনাপূর্ব্বক জন্মায়, যদু তাহাকে কর্জ দেয় তাহার এমত প্রবৃত্তি প্রতারণা করিয়া জন্মায়; যদুকে ঐ টাকা ফিরিয়া দিতে চাহে না। কালু ঠকা করে।

(জ) কালু যদুকে কতক নীলের গাছ দিবেক তাহার এমত বিশ্বাস প্রবঞ্চনাক্রমে জন্মায় ফলতঃ তাহার সেই অভিপ্রায় নয়। কিন্তু যদুর সেইরূপ বিশ্বাস জন্মাইয়া যাহাতে যদু তাহাকে টাকা দেয় কালু প্রতারণা করিয়া তাহার এমত প্রবৃত্তি জন্মায়। কালু ঠকামী করে। কিন্তু যদি কালু ঐ টাকা পাইবার সময়ে ঐ নীলের গাছ তাহাকে দিতে নিতান্ত মনস্থ করে কিন্তু পরে চুক্তিভঙ্গ করিয়া ঐ গাছ না দেয় তবে কালু ঠকামী করে নাই। কিন্তু চুক্তিভঙ্গের অপরাধে তাহার নামে দেওয়ানী আদালতে নালিশ হইতে পারে।

(ট) কালু যদুর সঙ্গে কোন করার করিয়াছে ও সেই করারমতে কার্য্য করিয়াছে যদুর এমত বিশ্বাস প্রবঞ্চনাক্রমে ইচ্ছাপূর্ব্বক জন্মায় বস্তুতঃ সেই করারমতে কার্য্য করে নাই। এই প্রকারে যাহাতে যদু তাহাকে টাকা দেয় তাহার এমত প্রবৃত্তি প্রতারণা করিয়া জন্মায়। কালু ঠকামী করে।

(ঠ) কালু গোপালের নিকটে এক খণ্ড জমী বিক্রয় করিয়া হস্তান্তর করিয়া দেয়। কালু জানে যে তাহা বিক্রয় করাতে ঐ জমীতে তাহার আর স্বত্ত্ব নাই তথাপি গোপালের নিকটে ঐ জমী বিক্রয়ের কিছু কথা যদুকে না কহিয়া কালু যদুর নিকট তাহা পুনরায় বিক্রয় করে কি বন্ধক দেয় ও যদুর কাছে ঐ খরীদের কি বন্ধকের টাকা লয়। কালু ঠকামী করে।

[ছদ্মবেশে ঠকামী।]

৩৭। যদি কেহ আপনাকে অন্য লোক জানাইয়া ঠকামী করে তবে সে ছদ্মবেশে ঠকামী করে বলা যায়।

উদাহরণ।

(ক) কালিদাস নামে এক জন ধনাঢ্য মহাজন থাকে সেই নামের অন্য সামান্য লোক আপনাকে সেই মহাজন বলিয়া জানায়। সে ছদ্মবেশে ঠকামী করে।

(খ) গোপাল মরিয়াছে। কালু আপনাকে গোপাল বলিয়া জানায়। কালু ছদ্মবেশে ঠকামী করে।

[ঠকামী করিবার দণ্ড।]

৩৮। যে কেহ ঠকায় সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[কোন লোক যাহার লাভ রক্ষা করিতে বদ্ধ আছে তাহার অন্যায়মতে ক্ষতি হইবেক জানিয়া ঠকামী করিলে তাহার দণ্ড।]

৩৯। কোন ব্যাপারেতে কোন লোকের লাভ রক্ষা করিতে যে জন আইনমতে কি আইনসিদ্ধ করারমতে বদ্ধ আছে সে যদি ঐ ব্যাপারে ঠকামী করিলে ঐ লোকের অন্যায়মতে ক্ষতি হইবেক জানিয়া ঠকামী করে তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[ছদ্মবেশে ঠকামী করিবার দণ্ড।]

৪০। যে কেহ ছদ্মবেশে ঠকামী করে সে দুই বৎ-

punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[Cheating and fraudulently inducing a delivery of property.]

41. Whoever cheats and thereby fraudulently induces the person deceived to deliver any property to any person, or to make, alter, or destroy the whole or any part of a valuable security or any thing which is signed or sealed and which may be converted into a valuable security, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

OF FRAUDULENT DEEDS AND DISPOSITIONS OF PROPERTY.

[Fraudulent removal or concealment of property to prevent distribution among creditors.]

42. Whoever fraudulently removes, conceals, or delivers to any person, or causes to be transferred to any person, without adequate consideration, any property, intending thereby to prevent, or knowing it to be likely that he will thereby prevent, the distribution of that property according to law among his creditors or the creditors of any other person, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years and shall also be liable to fine.

[Fraudulently preventing from being made available for his creditors a debt or demand due to the offender.]

43 Whoever fraudulently prevents any debt or demand due to himself or to any other person from being made available according to law for payment of his debts or the debts of such other person, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Fruduleutly preventing from being made available for creditors a debt due from the offender.]

44. Whoever, by any contrivance or misrepresentation, fraudulently prevents any debt or demand due from himself to any person, from being made available according to law for the payment of the debts of such person, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Fraudulent execution of deed of transfer containing a false statement of consideration.]

45. Whoever fraudulently signs, executes, or becomes a party to any deed or instrument which purports to transfer or subject to any charge, any property, or any interest therein, and which contains any false statement relating to the consideration for such transfer or charge or relating to the person or persons for whose use or benefit it is really intended to operate, shall be punished

সরপর্য্যন্ত কোন মিয়াদে কোন একপ্রকারে কয়েদ হই-বেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[ঠকামী করিবার ও প্রতারণা করিয়া সম্পত্তি দেওয়া-ইবার দণ্ড।]

৪১। যদি কেহ ঠকামী করে ও যাহাকে ঠকায় তা-হাকে প্রতারণা করিয়া কোন সম্পত্তি কোন ব্যক্তিকে দেওয়ায়, কিম্বা কোন মুল্যবান নিদর্শনপত্রের সমুদয় কি কোন অংশ, কিম্বা দস্তখৎ ও মোহর থাকাতে যে কোন কাগজ লইয়া মুল্যবান নিদর্শনপত্র করা যাইতে পারে এমত পত্র করিতে কি পরিবর্ত্তন কি নষ্ট করিতে প্রবৃত্তি দেয়, তবে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

প্রতারণা করিয়া দলীল করিবার ও সম্পত্তি হস্তান্তর করিবার কথা।

[মহাজনেরদের মধ্যে সম্পত্তির বিভাগ না হয় এই নিমিত্তে তাহা প্রতারণা করিয়া স্থানান্তর করিবার কি লুকাইবার দণ্ড।]

৪২। যদি কেহ আপনার কি অন্য কোন লোকের মহাজনেরদের মধ্যে কোন সম্পত্তির আইনমতে বিভাগ না হইবার অভিপ্রায়ে কিম্বা বিভাগ নিবারণ হওয়ার সম্ভাবনা জানিয়া সেই সম্পত্তি প্রতারণা করিয়া স্থানা-ন্তর করে কি লুকায় কিম্বা তাহার উপযুক্ত মুল্য না লইয়া কোন ব্যক্তিকে দেয় কি হস্তান্তর করিয়া দেয়, তবে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[যাহার কিছু টাকা পাওনা থাকে সে জন ঐ টাকা মহাজনেরা না পায় এমত কর্ম্ম প্রতারণা করিয়া করিলে তাহার দণ্ড।]

৪৩। যদি কোন লোক আপনার কি অন্য কোন লোকের কর্জ্জ আইনমতে শোধ না হইবার জন্যে প্রতা-রণা করিয়া আপনার কি সেই অন্য লোকের পাওনা কি দাওয়ার কোন টাকা আদায় হইবার বাধা করে, তবে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[যাহার কিছু টাকা দেনা হয় সেই জন মহাজনেরা ঐ টাকা না পায় এমত কর্ম্ম প্রতারণা করিয়া করিলে তাহার দণ্ড।]

৪৪। যদি কোন ব্যক্তির কর্জ্জ আইনমতে শোধ না হইবার জন্যে কোন লোক কোন কৌশলক্রমে কি অপ্র-কৃত কথাক্রমে প্রতারণা করিয়া সেই ব্যক্তিকে আপ-নার দেনা কিছু টাকা আদায় হইবার বাধা করে, তবে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[যাহাতে টাকার বিষয়ে মিথ্যা কথা থাকে এমত হস্তান্তরকরণপত্র প্রতারণা করিয়া করিবার দণ্ড।]

৪৫। কিছু সম্পত্তি কি তাহাতে কোন সম্পর্ক হস্তা-ন্তর করিবার কি তাহার উপর কিছু খরচ বসাইবার মর্ম্মের কোন দলীলে কি লিপিতে, যদি সেই হস্তান্তর করিবার জন্যে কি খরচের জন্যে টাকা দেওনবিষয়ের, কিম্বা যে ব্যক্তির কি ব্যক্তিরদের ব্যবহারের কি উপ-কারের জন্যে তাহা হইবার নিতান্ত অভিপ্রায় হয় এই বিষয়ের কিছু অসত্য কথা থাকে তবে যে কেহ তাহাতে প্রতারণা করিয়া দস্তখৎ করে কি তাহা করে কি তাহার

with imprisonment of either description for a term which may extend to two years, and shall also be liable to fine.

[Fraudulent removal or concealment of property.]

46. Whoever fraudulently conceals or removes any property of himself or any other person, or fraudulently assists in the concealment or removal thereof, or fraudulently releases any demand or claim to which he is entitled, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, and shall also be liable to fine.

[Fraudulent claim to property with the knowledge that in good faith the claimant has no right thereto.]

47. Whoever fraudulently claims any property or any interest therein, knowing that in good faith he has no right to the property or interest claimed, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, and shall also be liable to fine.

[To be continued.]

সম্পর্কীয় এক পক্ষ হয় সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[প্রতারণা করিয়া সম্পত্তি হস্তান্তর করিবার কি লুকাইবার দণ্ড।]

৪৬। যদি কেহ আপনার কি অন্য কোন ব্যক্তির কিছু সম্পত্তি প্রতারণা করিয়া লুকায় কি স্থানান্তর করে, কিম্বা তাহা লুকাইবার কি স্থানান্তর করিবার কার্য্যেতে প্রতারণা করিয়া সাহায্য করে, কিম্বা তাহার যে বিষয় পাইবার স্বত্ব আছে তাহার দাওয়া প্রতারণা করিয়া ত্যাগ করে তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কোন সম্পত্তিতে কোন লোকের দাওয়া না থাকিলেও প্রতারণা করিয়া তাহার দাওয়া করিবার দণ্ড।]

৪৭। কোন লোকের কোন সম্পত্তিতে কিম্বা সম্পত্তির কোন সম্পর্কে প্রকৃতপ্রস্তাবে কিছু স্বত্ব নাই জানিয়া যদি সে লোক প্রতারণা করিয়া ঐ সম্পত্তির কি তাহাতে সম্পর্কের দাওয়া করে তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 1st May, 1857.

I am directed by the Board of Revenue to forward herewith a revised form of Memo. No. V. at foot of Return No. 8 (Collector's Business) of the Periodical Returns Series, with revised Directions in substitution of paras. 37 and 38 of the Directions appended to the Series.

2. The following addition should be made by hand to para. 33 of the Directions :—

"When an Assistant has been employed in preparing cases for decision by the Collector, such cases should appear to credit of the deciding Officer, mention being made, in the explanation of work done by the Assistant, of the number of cases of different kinds which, though decided by the Collector, were prepared by the Assistant."

3. The reference to the Abatement Statement enjoined in para. 48 of the Directions being found very inconvenient, the Board desire that the para. in question may be expunged. Explanations should be given in all cases in the Remission Statement.

(Signed) E. T. TREVOR,
Secretary.

বোর্ড রেবিনিউর সরক্যুলর অর্ডর।

৫ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১ মে।

নিরূপিত সময়ের রিটর্ণের বিধির ৮ নম্বরের অর্থাৎ কালেক্টর সাহেবের কার্য্যের কৈফিয়তের তলভাগে ৫ নম্বরের যে স্মারক লিপি আছে তাহার সংশোধিত পাঠ, ও সেই বিধির শেষে যে উপদেশ আছে তাহার ৩৭ ও ৩৮ দফার পরিবর্ত্তে সংশোধিত দুই দফা বোর্ড রেবিনিউর সাহেবেরদের হুকুমমতে পাঠাইতেছি।

২। ঐ উপদেশের ৩৩ দফার শেষে এই কথা হাতে লিখিতে হইবেক।

"যখন আসিষ্টাণ্ট সাহেব কালেক্টর সাহেবের নিষ্পত্তির নিমিত্তে মোকদ্দমা প্রস্তুত করিবার কার্য্যে নিযুক্ত হইয়াছেন তখন সেই সকল মোকদ্দমা নিষ্পত্তি করণিয়া কার্য্যকারকের দ্বারা নিষ্পত্তি হইয়াছে বলিয়া লেখা যাইবেক। কিন্তু আসিষ্টাণ্ট সাহেব যে সকল কর্ম্ম করিয়াছেন তাহার ব্যাখ্যার মধ্যে নানাপ্রকারের যে সকল মোকদ্দমা কালেক্টর সাহেবের দ্বারা নিষ্পত্তি হইয়াছিল বটে কিন্তু আসিষ্টাণ্ট সাহেবের দ্বারা প্রস্তুত করা যায় তাহার সংখ্যা লিখিতে হইবেক।"

৩। উপদেশের ৪৮ দফাতে জমা কমী করণের রিটর্ণের কথার উল্লেখ করিবার যে আদেশ হইয়াছে তাহাতে অত্যন্ত ক্লেশ হয় এমত দৃষ্ট হওয়াতে বোর্ডের সাহেবেরা আজ্ঞা করেন যে সেই দফা উঠাইয়া দেওয়া যায়। ক্ষমা করণের রিটর্ণের মধ্যে ব্যাখ্যার কথা সর্ব্বদাই লেখা উচিত।

ই টি ট্রেবর। সেক্রেটারী।

V.—Memorandum of Settlements.

1	On file during the quarter.						8	9	10
	2	3	4	5	6	7			
Name of Settling Officer.	Brought over from last quarter.	New cases of this quarter.	Received by transfer from other Officers.	Total.	Deduct transferred to other Officers	Remaining.	Disposed of.	Pending at close of the quarter.	REMARKS.

নম্বর   দোষের কার্য্যের আরম্ভ লিপি

১							৮	৯	
	তিন মাসের মধ্যে নথীতে থাকে।								
	২	৩	৪	৫	৬	৭			
বন্দোবস্তকরণিয়া কার্য্যকারকের নাম।	গত তিন মাসের বাকী।	চলিত তিন মাসের নূতন মোকদ্দমা।	অন্যান্য কার্য্যকারকহইতে খারিজ দাখিলক্রমে পাওয়া যায়।	মোট।	অন্যান্য কার্য্যকারকের প্রতি দাখিল হওয়াতে বাদ দেওয়া যায়।	বাকী থাকে।	নিষ্পত্তি হয়।	তিন মাসের শেষে উপস্থিত থাকে।	মন্তব্য কথা।

DIRECTIONS.

37. Column 2 of the body of the Statement will of course agree with the same Column of the Memo., and Column 3 of the Statement will consist of Column 3 of the Memo. plus the difference between Columns 4 and 6.

38. Cases should be reckoned by Mehals, and in order that the same cases be not counted twice, a case reported for confirmation of superior authority is not to be classed as disposed of till the receipt of the confirming order. To shew the actual state of things however, the number of cases reported, and awaiting confirmation, may be mentioned in the Column of Remarks.

E. T. TREVOR,
Secretary Board of Revenue, L. P.

উপদেশ।

৩৭। কৈফিয়তের ২ ঘরের কথা ঐ স্মারক লিপির ২ ঘরের কথার সঙ্গে অবশ্য মিলিবেক। আর স্মারক লিপির ৩ ঘরের সংখ্যা এবং ৪ ও ৬ ঘরের সংখ্যার বিশেষ জমা দিয়া যত হয় তাহা কৈফিয়তের ৩ ঘরের সংখ্যা হইবেক।

৩৮। মোকদ্দমা মহাল বলিয়া গণ্য করিতে হয়। আর একি মোকদ্দমা দুইবার গণ্য না হয় এই নিমিত্তে উপরিস্থ কার্য্যকারকের দ্বারা বহাল হইবার জন্যে যে মোকদ্দমার রিপোর্ট হয় তাহা ঐ বহালের হুকুম যাবৎ না পাওয়া যায় তাবৎ নিষ্পত্তি হওয়া মোকদ্দমার মধ্যে লেখা যাইবেক না। পরন্তু কার্য্যের প্রকৃত অবস্থা জানা যাইবার জন্যে যত মোকদ্দমার রিপোর্ট হইয়াছে ও বহাল হইবার অপেক্ষা আছে তাহা মন্তব্য কথার ঘরে লিখিতে হইবেক।

ই টি ট্রেবর।
বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী।

No. 6.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 6th May, 1857

I am directed by the Board of Revenue to request that the following may be substituted for Rule 2 of the Civil Suit Series.—

RULE 2.—"If the Superintendent and Remembrancer of Legal Affairs shall concur in opinion with the Commissioner, that the case should not be defended, he shall communicate his concurrence to the Commissioner, and the matter shall be at once adjusted, if it be within the Commissioner's legal competence to grant the required redress; otherwise he shall report to the Board for orders."

2. The following new Rule is to be introduced between Articles XV. and XVI. of the new Rules of Practice promulgated with the Board's Memorandum of the 11th July 1855:—

RULE XV. A.—"The Board shall be competent to pass and adjust the price agreed upon for lands taken for public purposes, in all cases where the appropriation of the land has been previously sanctioned, when the price is below 1,000 Rupees. All proceedings under this Rule to be reported for the information of Government."

(Signed) E. T. TREVOR,
Secretary

৬ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ৬ মে।

বোর্ড রেবিনিউর আজ্ঞামতে আদেশ করিতেছি যে দেওয়ানী মোকদ্দমার বিধির ২ বিধানের পরিবর্ত্তে নীচের লিখিত বিধি দেওয়া যায়।

১ বিধি। মোকদ্দমার জওয়াব করা উচিত নহে, কমিস্যনর সাহেবের এই মতে যদি সরকারী মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট ও প্রয়োজক সাহেব সম্মত হন তবে তিনি আপনার সেই সম্মতি কমিস্যনর সাহেবকে জ্ঞাত করিবেন, আর যে প্রতিকার করিবার প্রয়োজন হয় তাহা করিতে যদি কমিস্যনর সাহেব আইনমতে ক্ষমতাপন্ন হন তবে ঐ বিষয় একেবারে রফা করিয়া দেওয়া যাইবেক। নতুবা তিনি হুকুমের জন্যে বোর্ডে রিপোর্ট করিবেন।

২। বোর্ডের সাহেবেরদের ১৮৫৫ সালের ১১ জুলাই তারিখের স্মারক লিপির সঙ্গে কার্য্যনির্ব্বাহের যে নূতন বিধান হয় তাহার ১৫ ও ১৬ প্রকরণের মধ্যস্থলে এই প্রকরণ দিতে হইবেক।

১৫ A বিধি। সরকারী কর্ম্মের নিমিত্তে ভূমি লইবার অনুমতি হইলে পর যদি তাহার মূল্য ১০০০৲ টাকার কম হয় তবে বোর্ডের সাহেবেরা তাহার যে মূল্য স্থির হইয়াছে তাহার অনুমতি দিয়া চুকিয়া দিতে পারিবেন। এই বিধিমতে যে সকল কার্য্য করা যায় তাহার রিপোর্ট গবর্ণমেণ্টকে জানাইবার নিমিত্তে করিতে হইবেক।

ই টি ট্রেবর।
বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

No. 2245.

NOTICE

WHEREAS it is provided by Act No. XXVI of 1850 that whenever any application shall be made to the Government for putting the said Act in force in any Town or Suburb, notice thereof shall be given in the *Government Gazette* of the Presidency or Place, and also by Proclamation within such Town or Suburb, setting forth the purposes of the application and giving reasonable

২২৪৫ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫০ সালের ২৬ আইনেতে এই বিধান হইয়াছিল যে, উক্ত আইন কোন নগরে কি শহরতলীতে চালাইবার প্রার্থনা গবর্ণমেণ্টের নিকটে করা গেলে তাহার সম্বাদ রাজধানীর কি স্থানের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হইবেক ও সেই নগরে কি শহরতলীতে তাহা ঘোষণা হইবেক। আর যে২ কার্য্য হইবার জন্যে ঐ দরখাস্ত করা যায় তাহা ঐ ঘোষণাপত্রে প্রকাশ হইবেক, ও সেই নগর কি শহরতলী নিবাসি লোকেরা সেই সকল

time for all inhabitants of such Town or Suburb to declare themselves for or against the adoption of the said Act therein, for such purposes, or any one of them; and whereas an application has been recently made to the Government of Bengal by several persons, inhabitants of the Town of Nusseerabad or Mymensing, praying that the said Act No. XXVI. of 1850 may be put in force within the Town of Nusseerabad or Mymensing for the purpose of making better provision for cleansing, repairing, lighting and watching the public streets, roads, drains and tanks, and for improving the said Town and preventing any nuisance arising therein: Notice of the application aforesaid is hereby given; and all inhabitants of the said Town are hereby informed that such of them as are minded to declare themselves for, or against, the adoption of Act No. XXVI. of 1850 in the Town of Nusseerabad or Mymensing for the purposes described in the application aforesaid, or any of them, may declare themselves accordingly before the Magistrate of the said Town at any time during the usual office hours till the first day of July next. Notice is also hereby given that the Magistrate of Mymensing has been directed, besides noting such declarations as may be made in the manner above mentioned, to keep a Book wherein every occupant of a House, or Shop, now paying Chowkeedarree assessment for the Town of Nusseerabad or Mymensing, may have himself inscribed as being in favor of, or against, the prayer of the application aforesaid, on applying to the Magistrate at any time within office hours before the first day of July next.

By order of the Lieutenant Governor of Bengal,

C. T. BUCKLAND,

Junr. Secy. to the Govt. of Bengal.

Darjeeling, 7th May, 1857.

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 28th May, 1857.

Baboo Bissumber Bidiabhoosun, Moonsiff of Kendraparah, Zillah Cuttack, for one week.

Baboo Gopaulchunder Ghose, Moonsiff of Mahomedpore, Zillah East Burdwan, for the 25th and 26th instant.

A. W. RUSSELL, *Register.*

রাজকর্ম্মে নিয়োগ।

১৩৮০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

ছুটী।

১৮৫৭ সাল ৪ আপ্রিল।

যশোহরের ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আলি আহমদ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

[*Government Gazette, 2nd June*, 1857.]

কার্য্যের কিম্বা তাহার কোন কার্য্যের নিমিত্তে ঐ আইন প্রচলিত করিবার সপক্ষে কি বিপক্ষে আপনারদের মত জানান্ এই জন্যে উপযুক্ত সময় দেওয়া যাইবেক। সম্প্রতি নসীরাবাদ কি ময়মুনসিংহ নিবাসি বহুতর লোক বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের নিকটে এই প্রার্থনা করিয়াছেন যে, উক্ত নগরের সরকারী রাস্তা ও পথ ও মরদমা ও পুকুর পরিষ্কার ও মেরামৎ করিবার ও তাহাতে আলো ও চৌকী দিবার জন্যে ও সেই নগর আরো উত্তম করিবার জন্যে ও তাহার মধ্যে অনিষ্ট নিবারণের জন্যে উক্ত নসীরাবাদ কি ময়মুনসিংহ নগরে ১৮৫০ সালের উক্ত ২৬ আইন চলন হয়। অতএব সেই দরখাস্ত হওয়ার সম্বাদ এইক্ষণে দেওয়া যাইতেছে। ও উক্ত নগরনিবাসি সকল লোককে সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত দরখাস্তের মধ্যে যে সকল কারণ প্রকাশ হইয়াছে তাহার সমুদয় কি তাহার কোন কার্য্যের নিমিত্তে ১৮৫০ সালের ২৬ আইন উক্ত নসীরাবাদ কি ময়মুনসিংহ নগরে চলন হয় কি না এই বিষয়ে যাঁহারা আপনারদের ইচ্ছা প্রকাশ করিতে চাহেন তাঁহারা আগামি জুলাই মাসের প্রথম দিবসপর্য্যন্ত কাছারী খোলা থাকিবার কোন সময়ে উক্ত নগরের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আপনারদের মত জানাইতে পারিবেন। আরো এই সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্তমতে লোকেরদের মত গ্রহণ করিবার যে নিয়ম প্রকাশ হইয়াছে তদ্ভিন্ন উক্ত ময়মুনসিংহের মাজিষ্ট্রেট সাহেবকে আদেশ করা গিয়াছে যে তিনি এক বহী রাখেন, ও যে সকল দোকানদার কি গৃহস্বামী নসীরাবাদ কি ময়মুনসিংহ নগরের চৌকীদারী টাক্স দিয়া থাকেন তাঁহারা আগামি জুলাই মাসের প্রথম দিবসের পূর্ব্বে দফ্তরখানা খোলা থাকিবার কোন সময়ে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে [illegible]তি চাহিলা উক্ত দরখাস্তের সপক্ষে কি বিপ[illegible]নার নাম সেই বহীতে লেখাইতে পারিবেন।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুমক্রমে।

সি টি বক্‌লাণ্ড।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

দারজিলিঙ্গ। ১৮৫৭ সাল ৭ মে।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৭ সাল ২৮ মে।

জিলা কটকের কেন্দ্রপাড়ার মুনসেফ শ্রীযুত বাবু বিশ্বম্বর বিদ্যাভূষণ এক সপ্তাহের ছুটী পান।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মহম্মদপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ বর্ত্তমান মাসের ২৫ ও ২৬ তারিখের ছুটী পান।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

১৮৫৭ সাল ৭ আপ্রিল।

সান্তাল পরগনার আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব (Mr. W. C. Taylor) গত ফেব্রুআরি মাসের ৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT.

OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৭ সাল তারিখ ১০ জুন বুধবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৫। ৫৬ সালের পয়দায়শী আফিমের ষষ্ঠ নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩৬৫৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২৫৪০
বানারসের পয়দায়শী আফিম	১১১৫
জুমলা সিন্দুক	৩৬৫৫

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫৬ সালের ২৭ নবেম্বর তারিখের নীলা ইশ র সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রেবিনি দফ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কি অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৭ ১৫ এবং ২৫ জুন এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিশরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজরি রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৭ সালের ১৫ জুন সোমবার বেলা দুই প্রহর ৪ র পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সবেব কিম্মতের পূরা টাকার দরুণ কোন ট্রেজরি রসিদ সন ১৮৫৭ সালের ২৫ জুন বৃহস্পতিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের যেকদার আফিম দেওয়ায় ইমসন নীচের লিখিত ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল ক হয় তবে স হব ন বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যক ত তারিখ বদল করিবেন ইতি।

				বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
১৮৫৭ সালের ১	জুলাই	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ১০	আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	সেপ্টেম্বর	ার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	অকটোবর	ার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ ১২	নবেম্বর	র	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
			অথবা ২ অগ্র		১১৪১	
				১৫ ৫৯	৬৭১৬	২১১৭

উ ১৮ তারিখ

ই লশিংটন। জোট সেক্রেটারী।

।গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২ জুন।।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মার্শমেন সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

Numb. 913

অতিরিক্ত

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, JUNE 5, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ৫ জুন।

DRAFT OF ACT.

A Bill for extending the jurisdiction of the Courts of Criminal Judicature of the East India Company in Bengal, for simplifying the Procedure thereof, and for investing other Courts with Criminal jurisdiction.

CHAPTER VIII.
OF SEARCH WARRANT.

[Continued from page 462.]

[Search to be made in the presence of witnesses. Occupant of the place searched may attend.]

12. The search is to be made in the presence of three or more respectable inhabitants of the place in which the dwelling or dwellings, place or places searched, may be situated, and such persons shall subscribe their names to the report made to the magistrate; and the occupant of the house, or owner of the house, or some person in his behalf, shall in every instance be permitted to attend during the search.

[Property, &c., to be sent to the magistrate.]

13. All property which is claimed as having been stolen, as well as all property suspected to have been stolen, found on persons accused of robbery or theft, or which is seized by police officers under suspicious circumstances, as also anything the production of which is essential to the conduct of an inquiry into an offence, shall be forwarded without delay, together with a despatch, to the magistrate. A copy of the despatch being registered, the original is to be given to the officer charged with the conveyance of the property, to be delivered to the nazir, or other proper officer, on his arrival at the station of the magistrate.

[*Government Gazette, 5th June, 1857.*]

আইনের মুসাবিদা।

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের এলাকা বৃদ্ধি করিবার ও তাহার কার্য্য আরো সহজরূপে করা যাইবার ও অন্যান্য আদালতকে ফৌজদারী এলাকা দিবার আইনের মুসাবিদা।

৮ অধ্যায়।
তলাশীর পরওয়ানার কথা।

[৪৬২ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[সাক্ষিরদের সাক্ষাতে তলাশ করিতে হইবেক। যে স্থানে তলাশী হয় তাহার বাশেন্দা হাজির থাকিতে পারিবেক।]

১২। যে ঘরে কি স্থানে তলাশ করিতে হয় তাহা যে স্থানে থাকে সেই স্থাননিবাসি তিন জন কি তাহার অধিক জন সম্ভ্রান্ত লোকের সাক্ষাতে ঐ তলাশ করিতে হইবেক, ও মাজিস্ট্রেট সাহেবের নিকটে যে রিপোর্ট করা যায় তাহাতে ঐ লোকেরা স্বাক্ষর করিবেক। ও সেই ঘরের বাশেন্দা, কিম্বা সেই ঘরের স্বামী, কিম্বা তাহার পক্ষের কোন লোক ঐ তলাশ হইবার সময়ে সর্ব্বদাই হাজির থাকিতে অনুমতি পাইবেক।

[সম্পত্তিপ্রভৃতি মাজিস্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে হইবেক।]

১৩। চোরা বলিয়া যে সকল দ্রব্যের দাওয়া হয় ও যাহা চুরী হইবার শোবে হয় এমত কোন দ্রব্য যাহারদের নামে লুঠ কি চুরী করিবার নালিশ হইয়াছে তাহারদের নিকটে পাওয়া গেলে, কিম্বা পোলীসের আমলারদের দ্বারা সন্দিগ্ধ অবস্থায় ধরা গেলে তাহা, ও অপরাধের তদারক হইবার জন্যে যে কোন দ্রব্য উপস্থিত করা আবশ্যক হয় সেই সকল দ্রব্য অগৌণে মাজিস্ট্রেট সাহেবের নিকটে চালানসমেত পাঠাইতে হইবেক। ঐ চালানের এক কেতা নকল রেজিষ্টরী করা গেলে, ঐ সম্পত্তি যে আমলার জিম্মায় দেওয়া যায় তাহাকে আসল চালান দেওয়া যাইবেক, ও সেই আমলা মাজিস্ট্রেট সাহেবের মোকামে পঁহুছিলে, ঐ চালান নাজিরকে কি উপযুক্ত অন্য কর্ম্মকারককে দিবেক।

CHAPTER IX.

PRELIMINARY INQUIRY BY THE POLICE.

[Offences into which the police officers may not inquire without special authority.]

1. A darogha of police shall not inquire into any of the following offences punishable under the Penal Code, unless specially authorized by the magistrate to do so, namely—

Offences under Chapter IX.; provided that it shall be competent to a darogha to apprehend and send to the magistrate any person who may be found in his division in the commission of the offence punishable under Clause 12 of the Chapter.

Offences under Chapter X., except the offences punishable under Clauses 13, 15, 18, and 24 of the Chapter, and under Clauses 32 and 34 of Chapter XI.; provided that it shall be competent to a darogha to inquire into any offence under Chapter X., committed in contempt of his own authority.

Offences under Chapter XI., except the offences punishable under Clauses 32, 36, and 37.

Offences under Chapter XIII.

Offences under Chapter XIV., except the offences punishable under Clauses 2, 3, 12, 14, 17, 18 and 21.

Offences under Chapter XV.

Offences under Chapter XVI., Clauses 15, 16, 17, 18, 19, 20, 21, 26, 37, 44, 45, 46, 47, 48, 49, 50, 51, 56, 57, 59, 60, 62, and 63.

Offences under Chapter XVII., Clauses 6, 7, 10, 11, 25, 26, 28, 38, 39, 40, 42, 43, 44, 45, 46, 47, 49, 50, 51, 52, and 69.

Offences under Chapter XVIII.

Offences under Chapter XIX.

Offences under Chapter XX.

Offences under Chapter XXI.

Offences under Chapter XXII.

Offences under Chapter XXIII.

[When the darogha may issue his warrant.]

2. Upon complaint duly made before a darogha of police having jurisdiction in the case, against any person for committing any offence, other than the offences described in the provisions of the Penal Code specified in the last preceding Article, and which offence is punishable under the Penal Code with imprisonment for a period exceeding six months, it shall be lawful for the darogha to issue his warrant to apprehend such person, and to cause him to be brought before such darogha.

[May issue summons instead of warrant.]

3. Provided that in all cases it shall be lawful for such darogha before whom such a complaint is made, instead of issuing his warrant in the first instance to apprehend the person so complained against, to issue his summons, recording his rea-

৯ অধ্যায়।

পোলীসের দ্বারা প্রথম স্থলের তজবীজ।

[বিশেষ অনুমতি না পাইলে পোলীসের আমলারা যেং অপরাধের তজবীজ করিতে পারিবেন না।]

১। পোলীসের দারোগা মাজিষ্ট্রেট সাহেবের স্থানে বিশেষমতে ক্ষমতা না পাইলে দণ্ডবিধির আইনমতে নীচের লিখিত যেং অপরাধের দণ্ড হইতে পারে তাহার তজবীজ করিবেন না বিশেষতঃ।

৯ অধ্যায়ের লিখিত অপরাধ। পরন্তু ঐ অধ্যায়ের ১২ প্রকরণমতে যে অপরাধের দণ্ড হইতে পারে তাহা যদি দারোগার এলাকার মধ্যে কোন ব্যক্তিকে করিতে দেখা যায় তবে দারোগা তাহাকে গ্রেপ্তার করিয়া মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে পারিবেন।

১০ অধ্যায়ের ১৩ ও ১৫ ও ১৮ ও ২৪ প্রকরণমতে ও ১১ অধ্যায়ের ৩২ ও ৩৪ প্রকরণমতে যেং অপরাধের দণ্ড হইতে পারে তাহাছাড়া ১০ অধ্যায়ের লিখিত অপরাধ। কিন্তু দারোগার ক্ষমতা অবজ্ঞা করিয়া যে কোন অপরাধ করা যায় তাহা দারোগা ১০ অধ্যায়অনুসারে তজবীজ করিতে পারিবেন।

১১ অধ্যায়ের ৩২ ও ৩৬ ও ৩৭ প্রকরণমতে যে অপরাধের দণ্ড হইতে পারে তাহাছাড়া ১১ অধ্যায়ের লিখিত অপরাধ।

১৩ অধ্যায়ের লিখিত অপরাধ।

১৪ অধ্যায়ের ২ ও ৩ ও ১২ ও ১৪ ও ১৭ ও ১৮ ও ২১ প্রকরণমতে যে অপরাধের দণ্ড হইতে পারে তাহাছাড়া ১৪ অধ্যায়ের লিখিত অপরাধ।

১৫ অধ্যায়ের লিখিত অপরাধ।

১৬ অধ্যায়ের ১৫। ১৬। ১৭। ১৮। ১৯। ২০। ২১। ২৬। ৩৭। ৪৪। ৪৫। ৪৬। ৪৭। ৪৮। ৪৯। ৫০। ৫১। ৫৬। ৫৭। ৫৯। ৬০। ৬২ ও ৬৩ প্রকরণের লিখিত অপরাধ।

১৭ অধ্যায়ের ৬। ৭। ১০। ১১। ২৫। ২৬। ২৮। ৩৮। ৩৯। ৪০। ৪২। ৪৩। ৪৪। ৪৫। ৪৬। ৪৭। ৪৯। ৫০। ৫১। ৫২ ও ৬৯ প্রকরণের লিখিত অপরাধ।

১৮ অধ্যায়ের লিখিত অপরাধ।

১৯ অধ্যায়ের লিখিত অপরাধ।

২০ অধ্যায়ের লিখিত অপরাধ।

২১ অধ্যায়ের লিখিত অপরাধ।

২২ অধ্যায়ের লিখিত অপরাধ।

২৩ অধ্যায়ের লিখিত অপরাধ।

[দারোগা যে স্থলে পরওয়ানা দিতে পারেন।]

২। দণ্ডবিধির আইনের বিধানের লিখিত যেং অপরাধ ইহার পূর্ব্বের প্রকরণেতে নির্দ্দিষ্ট হইয়াছে তদ্ভিন্ন, কোন অপরাধের বিষয়ে পোলীসের যে দারোগার এলাকা থাকে তাঁহার নিকটে ঐ অপরাধ করিবার নালিশ কোন ব্যক্তির নামে উপযুক্তমতে করা গেলে, যদি দণ্ডবিধির আইনমতে ঐ অপরাধের নিমিত্তে ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইতে পারে, তবে দারোগা সেই ব্যক্তিকে গ্রেপ্তার করিবার জন্যে ও তাহাকে সেই দারোগার সম্মুখে উপস্থিত করাইবার জন্যে আপনার ওয়ারণ্ট দিতে পারিবেন।

[ওয়ারণ্ট না দিয়া সমন দিতে পারিবেন।]

৩। পরন্তু যে দারোগার নিকটে নালিশ করা যায় তিনি, যাহার নামে নালিশ হইয়াছে তাহাকে গ্রেপ্তার করিবার ওয়ারণ্ট প্রথমে না দিয়া, সর্ব্বদাই সমন দিতে পারিবেন আর সেই সমন দিবার কারণ রিকার্ড করিবেন। সেই সমন ঐ ব্যক্তির নামে দেওয়া যাইবেক ও

son for so issuing his summons, directed to such person, requiring him to appear before such darogha.

[When darogha shall issue summons.]

4. Upon a complaint duly made before a darogha of police having jurisdiction in the case, against any person for committing any offence into which he is authorized to inquire, and which is punishable with imprisonment for a period not exceeding six months, the darogha shall issue his summons to such person, requiring him to appear before such darogha.

[When the darogha may stay issue of process.]

5. In the event of its appearing to the darogha, that for any special reason the issue of process for causing the attendance of the accused shall be stayed until the case be reported for the orders of the magistrate, such report shall be made without delay, and the issue of process against the accused in the meantime suspended. On the receipt of the darogha's report, it shall be at the discretion of the magistrate, if he is of opinion that there are grounds for proceeding with the case, to direct the darogha to proceed with it, or to proceed with it as if the complaint had been made before himself.

[Witnesses to be summoned.]

6. Upon the issue of process for causing the attendance of the accused, the darogha shall at the same time issue summonses for the attendance of any persons who appear from the statement of the person making the complaint to be acquainted with the facts and circumstances of the case.

[Darogha may proceed in person, or depute an officer to investigate.]

7. Nothing contained in the foregoing Articles shall be construed to prevent a darogha from proceeding in person, or deputing a fit person from among the officers acting under him, to ascertain on the spot the facts and circumstances of any case into which he is authorized to inquire.

[Police may pursue offenders into other jurisdictions.]

8. It shall be lawful for the darogha or other police officer to pursue persons accused of the offences referred to in Article 1 of this Chapter into the jurisdiction of other daroghas, whether subject to the same magistrate as himself or to the magistrate of any other district, whether such place be within the same Presidency or under the same Lieutenant Governor or not.

[Examination of witnesses.]

9. The examination of witnesses by the police shall be taken in the presence of the darogha, or, in the event of his absence, in the presence of any officer above the rank of burkundaz, and the substance of any material information obtained from them shall be reduced to writing, not in the form of question and answer, but in that of a brief nar-

সেই দারোগার সম্মুখে তাহার উপস্থিত হইবার আজ্ঞা তাহাতে লেখা থাকিবেক।

[যে স্থলে দারোগার সমন দিতে হইবেক।]

৪। দারোগা যে অপরাধের তজবীজ করিতে ক্ষমতাপন্ন হন এমত কোন অপরাধ করিবার নালিশ, পোলীসের যে দারোগার এলাকা থাকে তাঁহার নিকটে, কোন ব্যক্তির নামে উপযুক্তমতে করা গেলে, ও সেই অপরাধের জন্যে ছয় মাসপর্য্যন্ত কয়েদ হইবার দণ্ড হইতে পারিলে, দারোগা সেই ব্যক্তির নামে সমন দিয়া তাহাকে ঐ দারোগার সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা করিবেন।

[যে স্থলে দারোগা পরওয়ানা জারী স্থগিত করিতে পারেন।]

৫। যদি দারোগা বোধ করেন যে বিশেষ কোন কারণে যাবৎ মাজিষ্ট্রেট সাহেবের হুকুম পাইবার জন্যে রিপোর্ট না করা যায় তাবৎ অভিযুক্ত ব্যক্তিকে হাজির করাইবার পরওয়ানা দেওয়া স্থগিত করা উচিত, তবে সেই রিপোর্ট অগৌণে করা যাইবেক ও ইতিমধ্যে নালিশকরা ব্যক্তির নামে পরওয়ানা দেওয়া স্থগিত থাকিবেক। মাজিষ্ট্রেট সাহেব দারোগার ঐ রিপোর্ট পাইলে পর যদি বোধ করেন যে ঐ বিষয়ের তদারক করিবার হেতু আছে, তবে আপনার বিবেচনামতে দারোগাকে তাহার তদারক করিতে আজ্ঞা করিবেন, অথবা আপনার নিকটে ঐ নালিশ হইলে যেরূপে করিতেন সেইরূপে করিবেন।

[সাক্ষিরদিগকে সমন দিতে হইবেক।]

৬। অভিযুক্ত ব্যক্তিকে হাজির করাইবার পরওয়ানা বাহির হইবার সময়ে, যে লোক নালিশ করিয়াছিল তাহার কথাক্রমে যে কোন লোকেরা ঐ বিষয়ের বৃত্তান্ত ও পূর্ব্বাপরের ঘটনা অবগত আছে বোধ হয়, তাহারদের হাজির হইবার সমন দিবেন।

[দারোগা তজবীজ করিবার জন্যে আপনি যাইতে পারিবেন কিম্বা আমলাকে পাঠাইতে পারিবেন।]

৭। দারোগা যে কোন বিষয়ের তজবীজ করিতে ক্ষমতাপন্ন হন তাহার বৃত্তান্ত ও পূর্ব্বাপরের ঘটনা নিশ্চয়রূপে জানিবার নিমিত্তে তাঁহার নিজে সরেজমীনে যাইবার কিম্বা আপনার অধীন আমলারদের মধ্যে উপযুক্ত ব্যক্তিকে পাঠাইবার নিষেধ হইয়াছে ইহার পূর্ব্বের লিখিত কোন প্রকরণের কোন কথার এমত অর্থ করিতে হইবেক না।

[পোলীসের আমলা অন্য২ এলাকাতেও অপরাধিরদের পাছে২ যাইতে পারেন।]

৮। এই অধ্যায়ের ১ প্রকরণের লিখিত অপরাধের নালিশ যাহারদের নামে হয় তাহারা অন্য দারোগারদের এলাকায় প্রবেশ করিলে, সেই এলাকা একই মাজিষ্ট্রেট সাহেবের অধীন হউক কি অন্য কোন জিলার মাজিষ্ট্রেট সাহেবের অধীন হউক, ও সেই স্থান একই রাজধানীর মধ্যে কি একই লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অধীন হউক, কি না হউক দারোগা কি পোলীসের অন্য আমলা সেই এলাকাতেও আসামীর পিছে২ যাইতে পারেন।

[সাক্ষিরদের জোবানবন্দী লওন।]

৯। পোলীসের দ্বারা সাক্ষিরদের যে জোবানবন্দী লওয়া যায় তাহা দারোগার সাক্ষাতে লওয়া যাইবেক, অথবা তিনি উপস্থিত না থাকিলে বরকন্দাজের উচ্চ পদের কোন আমলার সাক্ষাতে লওয়া যাইবেক, ও তাহারদের স্থানে গুরুতর যে কোন সংবাদ পাওয়া যায় তাহা লিখিয়া লওয়া যাইবেক, অর্থাৎ জিজ্ঞাসা ও উত্তরভাবে নহে কিন্তু সংক্ষেপ বিবরণমতে লেখা

rative, which shall be signed by the person deposing, and transmitted to the magistrate, as hereinafter provided, under the signature of the police officer by whom the inquiry may have been made.

[Police officers not to examine the accused.]

10. It shall not be competent to a darogha or other police officer to examine a person accused of a criminal offence, or to reduce to writing any admission or confession of guilt which he may propose to make.

[Inquiry by the police.]

11. The darogha, or other police officer, shall complete the inquiry with as little delay as possible, and if the darogha himself have made the inquiry, he shall forward the accused to the magistrate, under the custody of one or more burkundazes, provided the evidence is such as to warrant that course, and the offence be not bailable and shall bind over the prosecutor and witnesses to appear on or before a fixed day before the magistrate of the district. If a subordinate police officer have made the inquiry, he shall submit his proceedings to the darogha, who shall then proceed as if he had made the inquiry himself.

[Accused not to be detained by the police beyond 48 hours, without special authority.]

12. Provided that it shall not be lawful for the darogha or other police officer to detain the accused in custody, without the special orders of the magistrate, for a longer period than forty-eight hours; and provided also, that it shall be competent for a darogha or other police officer, on his being satisfied that there are grounds for believing that the accusation is well founded, to forward the accused to the magistrate at any period of the inquiry before the expiration of forty-eight hours from the apprehension of the accused. The darogha shall forward with the accused a short despatch stating the offence for which the accused has been arrested.

[Darogha how to proceed in cases of deficient evidence.]

13. If it shall appear to the darogha that there is not sufficient evidence to warrant the transmission of the accused to the magistrate, he shall release the accused on bail, or on his own recognizance, to appear when required, and submit his proceedings for the orders of the magistrate.

[Proceedings of the darogha, of what to consist.]

14. In all cases, in submitting his proceedings to the magistrate, the darogha shall forward the statement of the person complaining and the depositions of the witnesses, with a brief report of the names of the parties, the nature of the complaint, and the names of the witnesses, without

যাইবেক, ও যে জন জোবানবন্দী দেয় সে তাহাতে দস্তখৎ করিবেক, ও পোলীসের যে আমলা তজবীজ করিয়াছেন তিনিও তাহাতে দস্তখৎ করিবেন, ও সেই জোবানবন্দী পশ্চাৎ লিখিত বিধিমতে মাজিস্ট্রেট সাহেবের নিকটে পাঠান যাইবেক।

[পোলীসের আমলারা অভিযুক্ত ব্যক্তির জোবানবন্দী লইবেন না।]

১০। যাহার নামে ফৌজদারী অপরাধ করিবার নালিশ হয় তাহার জোবানবন্দী লইতে, কিম্বা সে যে কিছু কথা কি দোষ স্বীকার করিতে চাহে তাহা লিখিয়া লইতে, দারোগার কি পোলীসের অন্য আমলার ক্ষমতা নাই।

[পোলীসের দ্বারা যে তজবীজ হয়।]

১১। দারোগা কিম্বা পোলীসের অন্য আমলা সাধ্যমতে বিলম্ব না করিয়া তজবীজ সমাপ্ত করিবেন। যদি দারোগা আপনি ঐ তজবীজ করেন তবে প্রমাণ বুঝিয়া যদি অভিযুক্ত ব্যক্তিকে মাজিস্ট্রেট সাহেবের নিকটে পাঠান যাইতে পারে ও সেই অপরাধের জন্যে হাজিরজামিনী লওয়া যাইতে না পারে, তবে তিনি ঐ ব্যক্তিকে এক কি অধিক জন বরকন্দাজের নেগাহবানীতে মাজিস্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন, ও ফরিয়াদীর ও সাক্ষিরদের স্থানে ঐ জিলার মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে নিরূপিত এক দিবসে কি তাহার পূর্ব্বে হাজির হইবার করার লইবেন। যদি পোলীসের দারোগার অধীন কোন আমলা ঐ তজবীজ করিয়া থাকে তবে সে আপনার রুবকারী দারোগাকে দেখাইবেক। পরে দারোগা আপনি সেই তজবীজ করিলে যে কার্য্য করিতেন সেই কার্য্য করিবেন।

[পোলীসের আমলারা বিশেষ ক্ষমতা না পাইলে অভিযুক্ত ব্যক্তিকে ৪৮ ঘণ্টার অধিক কাল আটক রাখিবেন না।]

১২। পরন্তু মাজিস্ট্রেট সাহেবের স্থানে বিশেষ হুকুম না পাইলে দারোগা কিম্বা পোলীসের অন্য আমলা অভিযুক্ত ব্যক্তিকে ৪৮ ঘণ্টার অধিক কাল হেফাজতে রাখিতে পারিবেন না। আরো নালিশ সমূলক বটে এমত বিশ্বাস করিবার কারণ হয়োধমতে জানিলে দারোগা কি পোলীসের অন্য আমলা তজবীজ করিবার কোন সময়ে অভিযুক্ত ব্যক্তিকে গ্রেস্তার করণঅবধি ৪৮ ঘণ্টার মধ্যে মাজিস্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে পারিবেন। অভিযুক্ত ব্যক্তির সঙ্গে দারোগা সংক্ষেপ চালান পাঠাইয়া তাহাতে অভিযুক্ত ব্যক্তিকে যে অপরাধের জন্যে গ্রেস্তার করা গিয়াছে তাহা লিখিবেন।

[প্রমাণ প্রচুর না হইলে দারোগার যাহা করিতে হইবেক।]

১৩। যদি দারোগা দেখিতে পান যে অভিযুক্ত ব্যক্তিকে মাজিস্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবার উপযুক্ত প্রমাণ নাই, তবে অভিযুক্ত ব্যক্তির হাজির হইবার হুকুম হইলে হাজির হইবেক এই মর্ম্মের হাজিরজামিন লইয়া কিম্বা হাজির হইবার করারপত্র লিখিয়া লইয়া তাহাকে খালাস করিবেন, ও মাজিস্ট্রেট সাহেবের হুকুম পাইবার জন্যে আপনার রুবকারী পাঠাইবেন।

[দারোগারদের রুবকারীতে যে কথা লিখিতে হইবেক।]

১৪। দারোগা যখন মাজিস্ট্রেট সাহেবের নিকটে আপনার রুবকারী পাঠান, তখন সর্ব্বদাই ফরিয়াদীর এজহার, ও সাক্ষিরদের জোবানবন্দী, ও উভয় পক্ষের নামের ও নালিশের ভাবের ও সাক্ষিরদের নামের সংক্ষেপ রিপোর্ট, ও মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে যে কোন অস্ত্র কি সম্পত্তি পাঠান আবশ্যক তাহাও পাঠা-

any recapitulation of evidence or expression of opinion as to the guilt of the accused, together with any weapon or property which it may be necessary to produce before the magistrate. The darogha shall further state whether he has forwarded the accused in custody, or released him on bail, or on his own recognizance.

[Bail.]

15. Persons accused of the commission of any of the offences entered in the third column of Schedule A. as not bailable, shall not be admitted to bail, provided that there appear reasonable grounds for believing that such persons have been guilty of the offence imputed to them; but in all cases of persons accused of any other offences, if sufficient bail be tendered for appearance before the magistrate, the darogha shall accept such bail, and immediately release the party apprehended.

[When security for keeping the peace to be required.]

16. In cases of manifest necessity, when the darogha may be apprehensive of danger to the public peace by the enlargement of a person arrested for rioting or other bailable offence, without security being taken for his peaceable conduct, the person so arrested shall be required, in addition to the bail for his appearance, to furnish security for keeping the peace; and the surety or sureties shall execute a recognizance in an amount to be regulated by the circumstances of the case and the condition of the person executing the same. In default of his furnishing the required security, the accused shall be forwarded under custody to the magistrate.

[Police to report all apprehensions.]

17. The officers of police shall report to the magistrate the cases of all persons apprehended within their respective jurisdictions, whether such persons may have been admitted to bail or otherwise; and no person who has been apprehended shall be discharged, except on bail, or on his own recognizance, or under the special order of the magistrate.

[Bail not to be excessive. Terms of security.]

18. The bail to be taken for appearance before the magistrate, in pursuance of Article 15 of this Chapter, shall not be excessive: and the surety or sureties shall bind himself or themselves under a specific penalty to produce the defendant before the magistrate on or before a fixed day, to answer the complaint.

[Prosecutors and witnesses to execute recognizance to appear before the magistrate.]

19. Prosecutors and witnesses, whose attendance may be necessary at the Criminal Courts, shall execute recognizances before the police of-

হবেন, কিন্তু সাক্ষ্যের কোন পুনরুক্তি কি অভিযুক্ত ব্যক্তির দোষাদোষের বিষয়ে আপনার মত তাহাতে লিখিবেন না। আরো অভিযুক্ত ব্যক্তিকে নেগাহবানীক্রমে পাঠাইয়াছেন কিম্বা হাজিরজামিনী লইয়া কি হাজির হইবার করারপত্র লিখিয়া লইয়া তাহাকে খালাস করিয়াছেন এই কথাও দারোগা লিখিবেন।

[হাজিরজামিন।]

১৫। A চিহ্নিত তফসীলের তৃতীয় ঘরে হাজিরজামিনী লওয়া যাইতে পারে না বলিয়া যে২ অপরাধ লেখা হইয়াছে, এমত কোন অপরাধ করিবার নালিশ কোন ব্যক্তির নামে হইলে, যদি সেই ব্যক্তি ঐ অপরাধের দোষী বটে এমত বিশ্বাস করিবার উপযুক্ত কারণ দৃষ্ট হয় তবে তাহার হাজিরজামিনী দিবার অনুমতি হইবেক না। পরন্তু অন্য কোন অপরাধ করিবার নালিশ কোন ব্যক্তির নামে হইলে, যদি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার হাজির হইবার উপযুক্ত জামিনী দিবার প্রস্তাব হয় তবে দারোগা সেই জামিনী লইয়া তৎক্ষণাৎ গ্রেফ্তারকরা ব্যক্তিকে খালাস করিবেন।

[যে স্থলে শান্তিরক্ষার জন্যে জামিনী দিবার আজ্ঞা হইতে পারে।]

১৬। সপষ্টরূপে আবশ্যক স্থলে, যদি দারোগা বোধ করেন যে দাঙ্গা করিবার নিমিত্তে কিম্বা যে অপরাধের নিমিত্তে হাজিরজামিনী লওয়া যাইতে পারে এমত অন্য কোন অপরাধের জন্যে যাহাকে গ্রেফ্তার করা গিয়াছে, তাহার স্থানে শান্তভাবে থাকিবার জামিনী না লইয়া তাহাকে ছাড়িয়া দিলে, সাধারণ লোকেরদের শান্তিভঙ্গের আশঙ্কা হয়, তবে তদ্রূপে গ্রেফ্তারকরা ব্যক্তিকে হাজিরজামিনীর অতিরিক্ত শান্তিরক্ষার জামিনী দিতে হুকুম হইবেক। ও তাহার জামিন কি জামিনেরা মুচলকা লিখিয়া দিবেক, আর যত টাকার তাইনে সেই মুচলকা লিখিয়া দিতে হইবেক তাহা বিষয়ের ভাবগতিক বুঝিয়া ও যে জন মুচলকা লিখিয়া দেয় তাহার অবস্থা বুঝিয়া নির্দ্ধার্য্য হইবেক। সে অভিযুক্ত ব্যক্তি হুকুমমতের জামিনী না দিলে তাহাকে নেগাহবানীক্রমে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠান যাইবেক

[পোলীসের আমলারা লোকেরদিগকে গ্রেফ্তার করিলে তাহার রিপোর্ট করিবেন।]

১৭। পোলীসের আমলারা আপনারদের এলাকার মধ্যে যে সকল লোককে গ্রেফ্তার করেন তাহারদিগকে হাজিরজামিন লইয়া খালাস করা গেলে কি না গেলেও, তাহারদের গ্রেফ্তার করিবার রিপোর্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকটে করিবেন। আর যে কোন ব্যক্তিকে গ্রেফ্তার করা যায় সে হাজিরজামিন না দিলে, কিম্বা হাজির হইবার করারপত্র লিখিয়া না দিলে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের বিশেষ হুকুম না হইলে, তাহাকে খালাস করা যাইবেক না।

[ক্ষমতার অতিরিক্ত জামিন লওয়া যাইবেক না। জামিনের নিয়ম।]

১৮। মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হইবার যে জামিন এই অধ্যায়ের ১৫ প্রকরণক্রমে লইতে হইবেক তাহা লোকের ক্ষমতার অতিরিক্ত হইবেক না। ও নালিশের জওয়াব দিবার জন্যে নিরূপিত কোন দিবসে কি তাহার আগে আসামীকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত করিবার নিমিত্তে জামিন কি জামিনেরা বিশেষ কতক টাকার তাইনে বদ্ধ থাকিবেক।

[ফরিয়াদীরা ও সাক্ষিরা মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হইবার করারপত্র লিখিয়া দিবেক।]

১৯। যে ফরিয়াদীরদের ও সাক্ষিরদের ফৌজদারী আদালতে উপস্থিত হইবার আবশ্যক তাহারা নিরূপিত কোন দিবসে, অর্থাৎ অভিযুক্ত ব্যক্তি যদি হাজির-

ficers, to appear before the magistrate on a specific day, which shall be the day whereon the accused may be bound to appear, if he shall have been admitted to bail, or on the day on which he may be expected to arrive at the magistrate's place of residence, if he is to be forwarded thither under custody. The police officer in whose presence the recognizance may be executed shall forward it with his report to the magistrate, and shall deliver to the prosecutor or witness a despatch, which the prosecutor or witness shall be required to deliver in person to the magistrate or the nazir of his Court, unaccompanied by any officer of police.

[Witnesses not to be subjected to restraint. Recusant witness may be forwarded in custody.]

20. The police officers shall not subject witnesses to any restraint or unnecessary inconvenience, nor require them to give any other security for their appearance than their own recognizances; but if any witness shall refuse to attend, or to execute the recognizance directed in the last preceding Article, it shall be competent to the darogha to forward such witness under custody to the magistrate.

[By whom the powers of the darogha may be exercised in his absence or illness.]

21. The powers to be exercised by the darogha under the foregoing rules shall be exercised, in the event of his absence or illness, by the head police officer present at the police station above the rank of burkundaz.

[Service of process issued by the police.]

22. All processes in criminal cases cognizable by the police officers shall be served by the burkundazes at the police station, without any charge to the parties or witnesses.

[Penalty for taking unauthorized cognizance of offences. Magistrate may direct investigation at his discretion.]

23. The police officers are strictly prohibited, on pain of dismissal from office, from taking cognizance of any of the offences described in the provisions of the Penal Code specified in Article 1 of this Chapter, except under the special orders of the magistrate. But it shall be at the discretion of the magistrate to issue such orders to the officers of police, in regard to the investigation of criminal cases, as he shall think proper, and such officer shall be bound to obey the orders of the magistrate.

[How darogha is to proceed in regard to cases triable by the Subordinate Criminal Courts.]

24. When a Subordinate Criminal Court has been authorized to receive cases coming within its jurisdiction on the report of a police officer, the darogha shall forward the accused and submit his proceedings to such court, and shall bind over the prosecutor and witnesses to appear before the same.

জামিন দিয়া খালাস পায় তবে তাহার যে দিনে হাজির হইতে হইবেক সেই দিনে, অথবা যদি তাহাকে নেগাহবানীক্রমে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে হয় তবে মাজিষ্ট্রেট সাহেবের বাসস্থানে তাহার যে দিনে পঁহুছিবার অপেক্ষা হইতে পারে সেই দিনে, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হইবার করারপত্র পোলীসের আমলারদের সাক্ষাতে লিখিয়া দিবেক। পোলীসের যে আমলার সাক্ষাতে ঐ করারপত্র লিখিয়া দেওয়া যায় তিনি ঐ পত্র আপনার রিপোর্টের সঙ্গে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন, ও ফরিয়াদীকে কি সাক্ষিকে এক কেতা চালান দিবেন, তাহা ঐ ফরিয়াদীর কি সাক্ষির নিজে মাজিষ্ট্রেট সাহেবকে কিম্বা তাঁহার আদালতের নাজিরকে দিতে হইবেক, ও তাহার সঙ্গে পোলীসের কোন আমলা যাইবেক না।

[সাক্ষিরদিগকে আটক করিয়া রাখা যাইবেক না। সাক্ষী স্বীকার না করিলে তাহাকে নেগাহবানীক্রমে পাঠান যাইতে পারিবেক।]

২০। পোলীসের আমলারা সাক্ষিরদিগকে কোন প্রকারে আটক করিবেন না কি অনাবশ্যকমতে ক্লেশ দিবেন না ও তাহারদের নিজের করারপত্র বিনা তাহারদের হাজির হইবার অন্য কোন জামিন দিতে হুকুম করিবেন না। কিন্তু যদি কোন সাক্ষী হাজির হইতে কিম্বা ইহার পূর্ব্বের প্রকরণের হুকুমমতে করারপত্র লিখিয়া দিতে স্বীকার না করে, তবে দারোগা ঐ সাক্ষিকে নেগাহবানীক্রমে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইতে পারিবেন।

[দারোগা উপস্থিত না থাকিলে কিম্বা তাঁহার পীড়া হইলে যে জন তাঁহার ক্ষমতামতে কার্য্য করিবেন।]

২১। যদি দারোগা উপস্থিত না থাকেন কি পীড়িত হন তবে পূর্ব্বোক্ত কতক বিধানমতে তিনি যে ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন, সেই ক্ষমতামতে বরকন্দাজের উচ্চ পদস্থ পোলীসের যে প্রধান কর্ম্মকারক পোলীসের থানায় বর্ত্তমান থাকেন তিনি কার্য্য করিবেন।

[পোলীসের দেওয়া পরওয়ানা জারী করণ।]

২২। পোলীসের আমলারদের বিচার্য্য ফৌজদারী মোকদ্দমার সকল পরওয়ানা পোলীসের থানার বরকন্দাজেরা জারী করিবেক, তাহাতে উভয় পক্ষের কি সাক্ষিরদের কিছু খরচ লাগিবেক না।

[যে অপরাধের বিচার করিবার ক্ষমতা নাই তাহার বিচার করিবার দণ্ড। মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে তজবীজের আজ্ঞা করিতে পারিবেন।]

২৩। দণ্ডবিধির আইনের বিধানে লিখিত যে সকল অপরাধ এই অধ্যায়ের ১ প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে তাহার কোন অপরাধের বিচার মাজিষ্ট্রেট সাহেবের বিশেষ হুকুম না পাইলে পোলীসের আমলারদের করিবার অতিদৃঢ় নিষেধ হইতেছে, করিলে তাঁহারা কর্ম্ম হইতে চ্যুত হইবেন। পরন্তু মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে ফৌজদারী মোকদ্দমার তজবীজের বিষয়ে পোলীসের আমলারদিগকে যে কোন হুকুম দেওয়া উচিত বোধ করেন তাহা দিতে পারিবেন, ও সেই আমলার মাজিষ্ট্রেট সাহেবের হুকুমমতে কর্ম্ম করিতেই হইবেক।

[অধস্থ ফৌজদারী আদালতের বিচার্য্য মোকদ্দমার বিষয়ে দারোগার যেরূপে কার্য্য করিতে হইবেক।]

২৪। অধস্থ ফৌজদারী আদালতের এলাকার মধ্যে যে মোকদ্দমা আইসে তাহা যদি ঐ আদালত পোলীসের আমলার রিপোর্টমতে গ্রহণ করিতে ক্ষমতা পান, তবে দারোগা অভিযুক্ত ব্যক্তিকে ঐ আদালতে চালান করিবেন ও আপনার রুবকারীও পাঠাইবেন, ও সেই আদালতে উপস্থিত হইবার করারপত্র ফরিয়াদী ও সাক্ষিরদের স্থানে লইবেন।

CHAPTER X.

OF CONTEMPTS AND DISOBEDIENCE OF ORDERS.

[Contempt of Court under Chapter XI. Clause 39 of the Penal Code.]

1. When any such offence as is described in Clause 39 of Chapter XI. of the Penal Code is committed in contempt of the lawful authority of a judge or court of justice, or of a magistrate, or any officer vested with the powers of a magistrate, acting as such in any stage of a judicial proceeding, it shall be competent to such judge, or court, or magistrate, to punish the same as for a contempt of court, and to judge the offender to punishment as authorized by the said Clause.

[Contempt of lawful authority under Chapter X. of the Penal Code.]

2. When any of the offences described in Chapter X. of the Penal Code is committed in contempt of the lawful authority of a judge or court of justice, or of a magistrate, or any officer vested with the powers of a magistrate, acting as such in any stage of a judicial proceeding, it shall be competent to such judge, or court, or magistrate, to punish the same as for a contempt of court, and to adjudge the offender to punishment as authorized by the Clause applicable thereto.

[Ordinary powers of punishment not to be exceeded. Punishment may be remitted on submission of the offender.]

3. Provided that no magistrate or judge of a Subordinate Criminal Court shall exceed his ordinary powers of punishment in fixing the measure of punishment for any of the offences referred to in the three last preceding Articles; and provided also, that where a person has been sentenced to punishment under the provisions of the last preceding Article, for refusing or omitting to do anything which he was required to do, it shall be competent to the judge, court of justice, or magistrate, to remit the punishment, on the submission of the offender to the order or requisition of such judge, court of justice, or magistrate.

১০ অধ্যায়।

অবজ্ঞা করিবার ও হুকুম অমান্য করিবার কথা।

[দণ্ডবিধির ১১ অধ্যায়ের ৩৯ প্রকরণমতে আদালতের অবজ্ঞা।]

১। দণ্ডবিধির ১১ আইনের ৩৯ প্রকরণে যে অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তদ্রূপের কোন অপরাধ যদি কোন বিচারকর্ত্তার কি আদালতের কি মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত যে কার্য্যকারক মোকদ্দমার বিচার করিবার কোন কালে মাজিষ্ট্রেটস্বরূপে কার্য্য করেন তাঁহার আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞা করিয়া করা যায়, তবে ঐ বিচারকর্ত্তা কি আদালত কি মাজিষ্ট্রেট সাহেব আদালতের অবজ্ঞার মতে ঐ অপরাধের দণ্ড করিতে পারিবেন, ও সেই প্রকরণে যেরূপ অনুমতি হইয়াছে সেইরূপে অপরাধির দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

[দণ্ডবিধির ১০ অধ্যায়ের লিখনমতে আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞা।]

২। দণ্ডবিধির ১০ অধ্যায়ে যে২ অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তাহার কোন অপরাধ যদি বিচারকর্ত্তার কি আদালতের কি মাজিষ্ট্রেট সাহেবের কি মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত যে কোন কার্য্যকারক মোকদ্দমার বিচার করিবার কোন কালে মাজিষ্ট্রেটস্বরূপে কর্ম্ম করেন তাঁহার আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞা করিয়া করা যায়, তবে ঐ বিচারকর্ত্তা কি আদালত কি মাজিষ্ট্রেট সাহেব আদালতের অবজ্ঞার মতে ঐ অপরাধের দণ্ড করিতে পারিবেন, ও সেই অপরাধের উপর যে প্রকরণ খাটে সেই প্রকরণে যেমন অনুমতি হইয়াছে তেমনি অপরাধির দণ্ডের হুকুম করিতে পারিবেন।

[দণ্ড করিবার যে সাধারণ ক্ষমতা আছে তদতিরিক্ত দণ্ড করিবেন না। অপরাধী স্বীকার করিলে দণ্ডের ক্ষমা হইতে পারিবেক।]

৩। পরন্তু ইহার পূর্ব্বের লিখিত তিন প্রকরণের মধ্যে যে কোন অপরাধের উল্লেখ হইয়াছে তাহার নিমিত্তে যত দণ্ড দিতে হইবেক ইহা নিরূপণ করণেতে, অধস্থ ফৌজদারী আদালতের কোন মাজিষ্ট্রেট কি বিচারকর্ত্তা দণ্ড করিবার আপনার সাধারণ ক্ষমতার অতিরিক্ত দণ্ড করিবেন না। আরো কোন ব্যক্তিকে যে কোন কর্ম্ম করিতে আজ্ঞা হইয়াছিল তাহা করিতে স্বীকার না করাপ্রযুক্ত কিম্বা সেই কর্ম্ম না করাপ্রযুক্ত যদি ইহার পূর্ব্বের প্রকরণের বিধানমতে তাহার দণ্ডের আজ্ঞা হইয়া থাকে, তবে সেই অপরাধী বিচারকর্ত্তার কি আদালতের কি মাজিষ্ট্রেটের আজ্ঞা কি আদেশমতে কর্ম্ম করিতে স্বীকার করিলে ঐ বিচারকর্ত্তা কি আদালত কি মাজিষ্ট্রেট তাহার দণ্ড ক্ষমা করিতে পারিবেন।

CHAPTER XI.

CRIMINAL CHARGES BY THE ADVOCATE GENERAL.

[Advocate General may file criminal charges.]

1. It shall be competent to the Advocate General, at his discretion, to file a criminal charge for any offence, in any criminal court; also to withdraw such charge, and to file another.

[To follow the rules relating to charges.]

2. The rules relating to the description of the offence in the case of charges by the Magistrate shall be applicable to criminal charges filed by the Advocate General.

[*Government Gazette, 5th June*, 1857.]

১১ অধ্যায়।

আডবোকেট জেনরল সাহেবহইতে ফৌজদারীর নালিশের কথা।

[আডবোকেট জেনরল সাহেব ফৌজদারীর নালিশ উপস্থিত করিতে পারেন।]

১। আডবোকেট জেনরল সাহেব আপনার বিবেচনামতে কোন ফৌজদারী আদালতে কোন অপরাধের ফৌজদারীর নালিশ উপস্থিত করিতে পারিবেন। আরো তিনি সেই নালিশ উঠাইয়া অন্য নালিশ উপস্থিত করিতে পারিবেন।

[খরচার বিধিমতে খরচা।]

২। মাজিষ্ট্রেট সাহেব নালিশ উপস্থিত করিলে অপরাধের ভাবঅনুসারে খরচার যে বিধি আছে, আডবোকেট জেনরল সাহেব ফৌজদারীর নালিশ উপস্থিত করিলে খরচার সেই বিধি খাটিবেক।

CHAPTER XII.

PROSECUTIONS IN CERTAIN CASES.

[Prosecutions for certain offences not to be instituted but under authority of Government or of a duly empowered officer.]

1. Charges of offences punishable under Chapters VI. and VII. of the Penal Code shall not be entertained by any Court, unless the prosecution be instituted by order of, or under authority from, the Governor General in Council, or by order of, or under authority from, a public officer empowered by the Governor General in Council to direct or authorize such prosecution, or unless instituted by the Advocate General.

[Prosecution for certain offences under Chap. X. of the Penal Code not to be instituted but with the sanction of the public servants concerned.]

2. In cases of contempt of the lawful authority of public servants, and other offences against public servants, as such, described in Chapter X. of the Penal Code, except the offence described in Clause 27 of the Chapter, prosecutions shall not be instituted in the Criminal Courts, but with the sanction of the public servants concerned, except when they are inferior ministerial servants, in which case the prosecution shall not be instituted but with the sanction of their official superiors.

[For certain offences under Chapter XI. of the Penal Code, but with the sanction of the authority before which the offence was committed.]

3. In cases of offences against public justice, described in Clauses 3, 4, 5, 6, 9, 16, 17, 20 and 39, of Chapter XI. of the Penal Code, prosecutions shall not be instituted in the Criminal Courts, but with the sanction of the court of justice, judge, or magistrate, before which or whom, or against which or whom, such offence was committed.

[Mode of proceeding in cases mentioned in the two last preceding Articles.]

4. When a court of justice, judge, or magistrate, is of opinion that there is sufficient ground for bringing any person to trial on a charge of any of the offences referred to in the last two preceding Articles, the court, or judge, or magistrate, after making such preliminary inquiry as may be necessary, may send the case for investigation to the magistrate, who shall proceed to inquire into the case, and pass such orders thereon as he may deem proper; provided that it shall be competent to a court of session to charge a person for any such offence committed before it, or under its own cognizance, and to try such person upon its own charge.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৫ জুন।]

১২ অধ্যায়।

কোন২ স্থলে নালিশ করিবার কথা।

[কোন২ অপরাধের নালিশ গবর্ণমেণ্টের কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকের অনুমতিবিনা উপস্থিত করা যাইবেক না।]

১। দণ্ডবিধির আইনের ৬ ও ৭ অধ্যায়মতে যেং অপরাধের দণ্ড হইতে পারে সেই২ অপরাধের নালিশ যদি হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে কিম্বা তাঁহার দত্ত অনুমতিক্রমে উপস্থিত না হয়, অথবা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর সরকারী যে কার্য্যকারককে এরূপ নালিশ উপস্থিত করিবার আজ্ঞা করিতে কি অনুমতি দিতে ক্ষমতা দেন তাঁহার আজ্ঞামতে কিম্বা তাঁহার দত্ত অনুমতিক্রমে যদি ঐ নালিশ উপস্থিত না হয়, কিম্বা যদি আডবোকেট জেনরল সাহেব সেই নালিশ উপস্থিত না করেন, তবে ঐ অপরাধের নালিশ কোন আদালতে গ্রাহ্য হইবেক না।

[দণ্ডবিধির আইনের ১০ অধ্যায়মতের কোন২ অপরাধের নালিশ, যে সরকারী কার্য্যকারকেরদের সম্পর্ক থাকে তাঁহারদের অনুমতিবিনা হইবেক না।]

২। সরকারী কার্য্যকারকস্বরূপে সরকারী কার্য্যকারকেরদের আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞা হইলে, ও দণ্ডবিধির আইনের ১০ অধ্যায়ের ২৭ প্রকরণের লিখিত অপরাধভিন্ন সরকারী কার্য্যকারকেরদের বিপরীতে অন্য২ যে অপরাধ ঐ অধ্যায়ে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা করা গেলে, সরকারী যে কার্য্যকারকের সম্পর্ক থাকে তাঁহার অনুমতিবিনা ঐ২ অপরাধের নালিশ উপস্থিত হইতে পারিবেক না। কিন্তু যদি অধীন আমলাগণের বিপরীত তদ্রূপ অপরাধ হইয়া থাকে, তবে তাহারদের উপরিস্থ কার্য্যকারকের অনুমতি না হইলে নালিশ উপস্থিত হইতে পারিবেক না।

[দণ্ডবিধির আইনের ১১ অধ্যায়ের কোন অপরাধ হইলে, যাঁহার সম্মুখে অপরাধ করা যায় তাঁহার অনুমতির প্রয়োজন।]

৩। যথার্থ বিচারের বাধাজনক যেং অপরাধ দণ্ডবিধির আইনের ১১ অধ্যায়ের ৩, ৪, ৫, ৬, ৯, ১৬, ১৭, ২০ ও ৩৯ প্রকরণে নির্দ্দিষ্ট হইয়াছে, যে আদালতের কি যে বিচারকর্ত্তার কি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে কি বিপরীতে ঐ অপরাধ করা যায় তাঁহার অনুমতি না হইলে, ঐ অপরাধের নালিশ ফৌজদারী আদালতে উপস্থিত হইবেক না।

[পূর্ব্বোক্ত দুই প্রকরণের নির্দ্দিষ্ট স্থলে যেরূপে কার্য্য করিতে হইবেক।]

৪। পূর্ব্বোক্ত দুই প্রকরণে যেং অপরাধের উল্লেখ হইয়াছে তাহার কোন অপরাধের নালিশমতে কোন ব্যক্তির বিচার করিবার উপযুক্ত কারণ আছে, যদি আদালত কি বিচারকর্ত্তা কি মাজিষ্ট্রেট সাহেব এই মত বোধ করেন তবে ঐ আদালত কি বিচারকর্ত্তা কি মাজিষ্ট্রেট সাহেব আবশ্যকমতে প্রথম স্থলের তজবীজ করিলে পর সেই বিষয় মাজিষ্ট্রেট সাহেবের নিকটে বিচারার্থে পাঠাইতে পারিবেন। তিনি ঐ বিষয়ের তজবীজ করিয়া যে হুকুম উচিত বোধ করেন তাহা করিবেন। পরন্তু সেশন আদালতের এই ক্ষমতা থাকিবেক যে আপনার সম্মুখে কিম্বা আপনার বিচার্য্য তদ্রূপ কোন অপরাধ করা গেলে ঐ আদালত অপরাধির নামে নালিশ উপস্থিত করিতে পারিবেন ও আপন নালিশমতে ঐ লোকের বিচার করিতে পারিবেন।

CHAPTER XIII.

OF PRELIMINARY INQUIRY BY THE MAGISTRATE IN CASES TRIABLE BY THE SESSION COURT.

Complaint and issuing of Process for causing the Attendance of the Accused.

[Magistrate may issue his warrant. May issue a summons instead of a warrant. In what cases he is to proceed as if the case had been triable by himself.]

1. In all cases where a complaint shall be made before a magistrate having jurisdiction that any person has committed, or is suspected to have committed, any of the offences specified in Schedule A. as triable exclusively by the Court of Session, or which in the opinion of the magistrate is one that ought to be tried by the Court of Session, it shall be lawful for such magistrate to issue his warrant to apprehend such person; provided always, that in all cases it shall be lawful for the magistrate to whom such complaint shall be made, if he shall so think fit, instead of issuing in the first instance his warrant to apprehend the person so complained against, to issue his summons requiring him to appear to answer to such complaint; provided also, that in any case which is triable exclusively by the Court of Session under the provisions of Chapter II. Article X. Clauses 3, 4, and 5 relating to the "Criminal Courts of original jurisdiction," the magistrate shall proceed in the same manner as if the case had been triable by himself.

[Postponement of issue of process. May dismiss the complaint.]

2. If the magistrate see cause to distrust the truth of the complaint, he may postpone the issuing of process for causing the attendance of the accused, and direct a previous inquiry to be made into the complaint, either by means of the local police officers, or in such other mode as he shall judge most proper, for the purpose of ascertaining the truth or falsehood of the complainant's allegations. If the result of the inquiry induces the magistrate to believe the charge well founded, and the offence be of the nature described in Article I. of this Chapter, he shall issue his warrant or summons as therein directed; provided that nothing herein contained shall prevent the magistrate from at once dismissing the complaint, if in his judgment there be no sufficient ground for proceeding with it.

[Magistrate may direct bail to be taken.]

3. It shall be at the discretion of the magistrate in issuing his warrant for the arrest of any party against whom a complaint has been made, to direct that if such party be willing and ready to give bail in a sum to be fixed by the magistrate for his appearance before the magistrate on a specified day to answer the complaint, the officer to whom the warrant is directed shall accept such

১৩ অধ্যায়।

সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমাতে মাজিষ্ট্রেট সাহেবের প্রথমে তদারক করিবার কথা।

নালিশ, ও অভিযুক্ত ব্যক্তিকে হাজির করাইবার জন্যে পরওয়ানা জারী করিবার কথা।

[মাজিষ্ট্রেট সাহেব আপন ওয়ারণ্ট জারী করিতে পারিবেন। ওয়ারণ্টের পরিবর্ত্তে সমন দিতে পারিবেন। আপনার বিচার্য্য মোকদ্দমাতে যেরূপে কার্য্য করেন সেইরূপে যে২ স্থলে কার্য্য করিতে পারিবেন।

১। যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকা থাকে তাঁহার নিকটে যদি এই প্রকার নালিশ করা যায় যে কেবল সেশন আদালতের বিচার্য্য বলিয়া A চিহ্নের তফসীলে যে অপরাধ নির্দ্দিষ্ট হয় এমত কোন অপরাধ কোন ব্যক্তি করিয়াছে কি করিয়া থাকিবেক এমত শোবে হয়, অথবা যদি মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনাতে ঐ অপরাধের বিচার সেশন আদালতে হওয়া উচিত, তবে সেই মাজিষ্ট্রেট সাহেব ঐ ব্যক্তিকে গ্রেফ্তার করিবার জন্যে আপনার ওয়ারণ্ট জারী করাইতে পারিবেন। পরন্তু যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সেই প্রকারের নালিশ করা যায় তিনি যদি বোধ করেন যে ঐ নালিশহওয়া ব্যক্তিকে গ্রেফ্তার করিবার জন্যে আপনার ওয়ারণ্ট প্রথমেই জারী না করাইয়া ঐ ব্যক্তিকে ঐ নালিশের জওয়াব দিবার জন্যে উপস্থিত করাইবার নিমিত্তে সমন জারী করাণ উচিত তবে তিনি তাহা সর্ব্বদাই করিতে পারিবেন। আরো "মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন ফৌজদারী আদালতের" বিষয়ে এই আইনের ২ অধ্যায়ের ১০ প্রকরণের ৩ ও ৪ ও ৫ দফার লিখিত বিধানমতে যে সকল মোকদ্দমা কেবল সেশন আদালতের বিচার্য্য হয়, এমত মোকদ্দমা মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য হইলে তিনি যে প্রকারে কার্য্য করিতেন, ঐ মোকদ্দমাতেও সেই প্রকারে কার্য্য করিবেন।

[পরওয়ানা জারী করিবার বিলম্ব করণ। নালিশ ডিসমিস করিতে পারেন।]

২। যদি মাজিষ্ট্রেট সাহেব নালিশের সত্যতার বিষয়ে সন্দেহ করিবার কারণ দেখেন, তবে তিনি নালিশহওয়া ব্যক্তিকে হাজির করাইবার পরওয়ানা জারী করা স্থগিত করিয়া, ফরিয়াদীর কথার সত্যাসত্যতার নিশ্চয় স্থানীয় পোলীসের আমলারদের দ্বারা জানিবার জন্যে, অথবা অন্য যে নিয়ম অতিউপযুক্ত বোধ করেন সেই নিয়মমতে, ঐ নালিশের প্রথমে তজবীজ হইবার আজ্ঞা করিবেন। সেই তজবীজ হইলে পর যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে ঐ নালিশ সমূলক বটে, ও অপরাধ এই অধ্যায়ের ১ প্রকরণের নির্দ্দিষ্ট প্রকারের অপরাধ, তবে তিনি ঐ প্রকরণের আজ্ঞামতে আপনার ওয়ারণ্ট কি সমন জারী করাইবেন। পরন্তু যদি মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনাতে ঐ নালিশের বিচার করিবার কোন উপযুক্ত কারণ না থাকে তবে ঐ নালিশ তাঁহার একেবারে ডিসমিস করিবার বাধা এই প্রকরণের কোন কথাতে হইবেক না।

[মাজিষ্ট্রেট সাহেব হাজিরজামিনী লইবার আজ্ঞা করিতে পারিবেন।]

৩। যে কোন ব্যক্তির নামে নালিশ করা যায় তাহাকে গ্রেফ্তার করিবার জন্যে আপনার ওয়ারণ্ট বাহির করিবার কালে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে এমত আজ্ঞা করিতে পারিবেন যে, ঐ ব্যক্তি নালিশের জওয়াব দিবার জন্যে নির্দ্দিষ্ট দিনে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হইবার নিমিত্তে যদি মাজিষ্ট্রেট সাহেব যত নির্দ্ধার্য্য করেন তত টাকা হাজিরজামিনীস্বরূপ দিতে ইচ্ছুক ও রাজী হয় তবে যে আমলার

bail, and shall release the party from custody. In the event of bail being given, the officer shall forward the recognizance to the magistrate.

হাতে ওয়ারণ্ট দেওয়া যায় সেই আমলা ঐ হাজিরজামিনী লইয়া সেই ব্যক্তিকে হেফাজতহইতে মুক্ত করে। যদি হাজিরজামিনী দেওয়া যায় তবে ঐ আমলা ঐ জামিনীপত্র মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেক।

[Magistrate may dispense with the personal attendance of the accused.]

[মাজিষ্ট্রেট সাহেব নালিশহওয়া ব্যক্তির নিজে হাজির হইবার ক্ষমা করিতে পারিবেন।]

4. The magistrate may, if he sees sufficient cause, dispense with the personal attendance of the party complained against, and permit him to appear by an agent duly authorized to act in his behalf. In such case, however, it shall be at the discretion of the magistrate, at any stage of the proceedings, to direct the personal attendance of such party.

৪। মাজিষ্ট্রেট সাহেব যদি উপযুক্ত কারণ বুঝেন তবে যাহার নামে নালিশ হইয়াছে তাহার নিজে হাজির হইবার ক্ষমা করিয়া, তাহার পক্ষে কার্য্য করিতে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত মোখ্তারের দ্বারা হাজির হইবার অনুমতি দিতে পারিবেন। পরন্তু এমত স্থলে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে মোকদ্দমা চলনের কোন সময়ে ঐ ব্যক্তিকে নিজে হাজির হইবার আজ্ঞা করিতে পারিবেন।

[Arrest on warrant endorsed by a magistrate of another district.]

[অন্য জিলার মাজিষ্ট্রেট সাহেবের দস্তখৎকরা ওয়ারণ্টক্রমে গ্রেফ্তার করণ।]

5. Where any such person as is mentioned in Chapter V. Article 10 or Article 11 shall be apprehended out of the jurisdiction of the magistrate granting the warrant against him, and carried before the magistrate who endorsed such warrant, the magistrate before whom such person shall be brought, in case the offence for which such person shall be apprehended shall be bailable in law, and such person shall be willing and ready to give bail for his appearance on a specified date before the magistrate granting the warrant, shall take bail of such person for his appearance before the magistrate granting the warrant, release the person from custody, and forward the recognizance to the magistrate granting the warrant.

৫। ৫ অধ্যায়ের ১০ কি ১১ প্রকরণে যে২ লোকের কথা লেখা আছে এমত কোন লোকের নামে যে মাজিষ্ট্রেট সাহেব ওয়ারণ্ট দেন তাঁহার এলাকার বাহিরে যদি তাহাকে গ্রেফ্তার করা যায়, ও যে মাজিষ্ট্রেট সাহেব ঐ ওয়ারণ্টের পৃষ্ঠে দস্তখৎ করেন তাঁহার সম্মুখে উপস্থিত করা যায়, তবে ঐ ব্যক্তিকে যে অপরাধের জন্যে গ্রেফ্তার করা যায় তাহার নিমিত্তে যদি আইনমতে হাজিরজামিন লওয়া যাইতে পারে, ও যে মাজিষ্ট্রেট সাহেব ওয়ারণ্ট দিয়াছিলেন তাঁহার সম্মুখে হাজির হইবার নিমিত্তে যদি সেই লোক হাজিরজামিন দিতে ইচ্ছুক ও রাজী হয়, তবে যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহাকে উপস্থিত করা যায় তিনি, যে মাজিষ্ট্রেট সাহেব ওয়ারণ্ট দিলেন তাঁহার সম্মুখে হাজির হইবার জামিন ঐ লোকের স্থানে লইয়া, ঐ লোককে হেফাজতহইতে খালাস করিবেন, ও যে মাজিষ্ট্রেট সাহেব ওয়ারণ্ট দিলেন তাঁহার নিকটে ঐ জামিনীপত্র পাঠাইবেন।

[Proclamation for an absconding party. Attachment of property. Property after six months to be at the disposal of Government.]

[রূপোশহওয়া ব্যক্তির নামের ঘোষণাপত্র। সম্পত্তি ক্রোক। ছয় মাসের পর ঐ সম্পত্তি লইয়া গবর্ণমেণ্ট স্বেচ্ছামতে কার্য্য করিতে পারিবেন।]

6. If any person accused of an offence absconds or conceals himself, so that upon a process issued against him by a magistrate he cannot be found, the magistrate shall, on proof thereof, cause a written proclamation requiring the absent party to appear to answer the complaint within a fixed period, not less than one month, to be publicly read and proclaimed by beat of drum, and shall cause such proclamation to be affixed in some conspicuous part of his Court, as well on the entrance door of the house in which the party has usually dwelt, or some conspicuous place in the town or village in which he has usually resided. In case the party does not appear, and deliver himself up within the period fixed, it shall be lawful for the magistrate, on receiving the return of the proper officer to this effect, and on proof of the publication of the proclamation in the manner above provided, to order the attachment of any moveable or immoveable property held within his jurisdiction by the party absconding or concealing himself. The attachment under this Article shall, if the property ordered to be attached be land paying revenue to Government, be made through the collector of the district in which the land is

৬। যাহার নামে অপরাধের নালিশ হয় এমত কোন ব্যক্তি যদি রূপোশ হয় কি এমন গোপনে থাকে যে তাহার নামে মাজিষ্ট্রেট সাহেবের পরওয়ানা বাহির হইলেও তাহাকে পাওয়া না যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব ইহার প্রমাণ পাইলে এক ঘোষণাপত্র লেখাইয়া এক মাসের কম না হয় এমত কোন নির্দ্ধারিত সময়ের মধ্যে ঐ রূপোশহওয়া ব্যক্তিকে নালিশের জওয়াব দিবার জন্যে হাজির হইতে আজ্ঞা করিবেন, ও সেই ঘোষণাপত্র প্রকাশরূপে পাঠ করাইবেন ও ঢোল পিটাইয়া প্রকাশ করাইবেন, ও সেই ঘোষণাপত্র আপনার কাছারীর কোন প্রকাশ স্থানে লটকাইবেন, ও সেই লোক সামান্যতঃ যে ঘরে বাস করিয়াছে সেই ঘরের বাহিরের দ্বারে, কিম্বা যে গ্রামে কি নগরে সামান্যতঃ বাস করিয়াছে তাহার কোন প্রকাশ স্থানে লটকাইবেন। যদি সেই ব্যক্তি নির্দ্ধারিত সময়ের মধ্যে উপস্থিত না হয় ও আপনাকে ধরা না দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত আমলার স্থানে সেই মর্ম্মের রিটর্ন পাইলে ও উপরের লিখিত বিধানমতে ঘোষণাপত্র প্রকাশ হইবার প্রমাণ পাইলে পর, ঐ রূপোশহওয়া কি লুকিয়া থাকা ব্যক্তির দখলকরা স্থাবর কি অস্থাবর যে কিছু সম্পত্তি তাঁহার এলাকার মধ্যে থাকে তাহা ক্রোক করিবার হুকুম করিবেন। যে সম্পত্তি ক্রোক হইবার হুকুম হয় তাহা যদি সদর মালগুজারীর জমী হয় তবে যে জিলার মধ্যে ঐ জমী থাকে সেই জিলার কালেক্টর সাহেবের দ্বারা এই প্রকরণমতের ক্রোক করাণ যাই-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৫ জুন।]

situate; and in all other cases, either by actual seizure by an officer of the magistrate's court, or by the appointment of a manager and receiver, or by an order prohibiting the payment of rents to the absent party, as the Magistrate shall deem proper under the circumstances of each case. If the absent party shall not appear within six months from the date of the publication of the proclamation, the property under attachment shall be at the disposal of the Government.

Summoning, &c. of Witnesses.

[Summons to a witness to attend and give evidence.]

7. The magistrate shall ascertain from the complainant, or otherwise, the names of any persons who may be acquainted with the facts and circumstances of the case, and are likely to give material evidence for the prosecution, and shall issue his summons to such persons, under his hand and seal, requiring them to appear at a time and place mentioned in the summons before the said magistrate, to testify what they know concerning the complaint made against the accused party.

[If he do not obey the summons, then warrant.]

8. If any person so summoned shall neglect or refuse to appear at the time and place appointed by the summons, and no just excuse shall be offered for such neglect or refusal, then upon proof of such summons having been served upon such person, either personally or by leaving the same for him with some adult member of his family, it shall be lawful for the magistrate to issue a warrant, under his hand and seal, to bring such person before him to testify as aforesaid; and, if necessary, such warrant may be backed by the magistrate of another district, in order to its being executed out of the jurisdiction of the magistrate who shall have issued the same.

[In what cases warrant in the first instance.]

9. If the magistrate shall be satisfied by evidence before him, that it is probable that such person will not attend to give evidence without being compelled so to do, then, instead of issuing such summons, it shall be lawful for him to issue his warrant in the first instance, which, if necessary, may be backed as aforesaid.

[Refusing to answer, may be committed to custody.]

10. If any person so summoned or brought before a magistrate shall refuse to answer such questions concerning the premises as shall then be put to him, without offering any just excuse for such refusal, the magistrate may, by warrant under his hand and seal, commit the person refusing to custody for any term not exceeding seven days, unless he shall in the meantime consent to be examined and to answer concerning the premises, after which, in the event of his persisting

বেক। অন্য সকল স্থলে বিষয়ের ভাবগতিক বুঝিয়া মাজিষ্ট্রেট সাহেব যেমন উচিত জ্ঞান করেন তেমনি মাজিষ্ট্রেট সাহেবের আদালতের কোন আমলার দ্বারা ঐ বিষয় নিতান্ত ক্রোক হইবেক, অথবা রক্ষক ও গ্রাহক লোক নিযুক্ত হইবেক, কিম্বা রুপোশহওয়া ব্যক্তিকে খাজানা দিবার নিষেধের হুকুম জারী হইবেক। যদি সেই রুপোশহওয়া ব্যক্তি ঐ ঘোষণাপত্র প্রকাশ হওনের তারিখঅবধি ছয় মাসের মধ্যে হাজির না হয় তবে ঐ ক্রোককরা সম্পত্তি লইয়া গবর্ণমেণ্ট স্বেচ্ছামতে কার্য্য করিবেন।

সাক্ষিদিগকে সমনপ্রভৃতি করিবার কথা।

[হাজির হইয়া সাক্ষ্য দিবার জন্যে সাক্ষির নামে সমন।]

৭। মোকদ্দমার বৃত্তান্ত ও পূর্ব্বাপরের ঘটনা যে কোন লোকেরা জানে ও ফরিয়াদীর পক্ষে গুরুতর প্রমাণ দিতে পারিবেক এমত কোন লোকেরদের নাম মাজিষ্ট্রেট সাহেব ফরিয়াদীর স্থানে কিম্বা প্রকারান্তরে নিশ্চয়রূপে জানিয়া তাহারদের নামে আপনার দস্তখৎ ও মোহর করা সমন দিবেন। তাহাতে তাহারদের প্রতি আজ্ঞা হইবেক যে, তাহারা ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হইয়া অভিযুক্ত ব্যক্তির নামে যে নালিশ হইয়াছে তদ্বিষয়ে যাহা জানে তাহার সাক্ষ্য দেয়।

[সমন না মানিলে ওয়ারণ্ট বাহির হইবেক।]

৮। সেই প্রকারের সমনহওয়া কোন ব্যক্তি যদি ঐ সমনের নির্দ্ধারিত সময়ে ও স্থানে হাজির না হয় কি হাজির হইতে অস্বীকার করে, ও সেইরূপ ত্রুটির কি অস্বীকার করিবার কোন প্রকৃত ওজর প্রকাশ না হয়, তবে ঐ সমন সেই ব্যক্তিরই উপর জারী হইয়াছে কিম্বা তাহার নিমিত্তে তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষের হাতে দেওয়া গিয়াছে ইহার প্রমাণ পাইলে পর, মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্তমতে সাক্ষ্য দিবার জন্যে সেই ব্যক্তিকে আপনার সম্মুখে আনাইবার নিমিত্তে আপনার দস্তখৎ ও মোহর করা ওয়ারণ্ট জারী করাইতে পারিবেন। আর যদি আবশ্যক হয় তবে যে মাজিষ্ট্রেট সাহেব ঐ ওয়ারণ্ট দেন তাঁহার এলাকার বাহিরে তাহা জারী হইবার নিমিত্তে অন্য জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ ওয়ারণ্টের পৃষ্ঠে দস্তখৎ করিতে পারিবেন।

[যেং স্থলে প্রথমেই ওয়ারণ্ট বাহির হইবেক।]

৯। মাজিষ্ট্রেট সাহেবের গোচরে যে প্রমাণ থাকে তাহাতে তিনি যদি হৃদ্বোধমতে জানিতে পান যে ঐ ব্যক্তিকে জোর করিয়া উপস্থিত না করা গেলে তাহার সাক্ষ্য দিবার জন্যে হাজির হইবার সম্ভাবনা নাই, তবে তিনি তদ্রূপ সমন জারী না করিয়া প্রথমেই আপনার ওয়ারণ্ট জারী করাইতে পারিবেন। যদি আবশ্যক হয় তবে তাহার পৃষ্ঠেও পূর্ব্বোক্তমতে অন্য মাজিষ্ট্রেট সাহেব দস্তখৎ করিতে পারিবেন।

[জওয়াব দিতে স্বীকার না করিলে সে কয়েদ হইতে পারিবেক।]

১০। কোন ব্যক্তিকে সেইরূপে সমন করা গেলে কি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত করা গেলে, তাহাকে ঐ নালিশের বিষয়ে যে কোন কথা জিজ্ঞাসা করা যায় তাহার উত্তর দিতে যদি সেই ব্যক্তি স্বীকার না করে, ও স্বীকার না করিবার কোন প্রকৃত ওজর না জানায়, তবে মাজিষ্ট্রেট সাহেব আপনার দস্তখৎ ও মোহর করা ওয়ারণ্টক্রমে তাহাকে সাত দিনের অধিক না হয় কোন কালপর্য্যন্ত হেফাজতে রাখিতে আজ্ঞা করিবেন, ইহার মধ্যে যদি সে জোবানবন্দী দিতে ও নালিশের বিষয়ে যে কথার জিজ্ঞাসা হয় তাহার উত্তর দিতে

in his refusal, he may be dealt with according to the provisions of Chapter X. Article 2 or Chapter XII. Article 4.

Examination of Parties and Evidence.

[Examination of the complainant and witnesses for the prosecution.]

11. When a case is brought before a magistrate in which a person is charged with an offence which is triable exclusively by the Court of Session, or which, in the opinion of the magistrate, is one that ought to be tried by the Court of Session, the magistrate shall take the evidence of the complainant, and of such persons as are stated to have any knowledge of the facts which form the subject matter of the accusation and the attendant circumstances; provided that nothing herein contained shall prevent the magistrate from examining the defendant at any stage of the inquiry, as provided in Article 16 of this Chapter.

[To be in the presence of the defendant, who may cross-examine.]

12. The complainant and the witnesses for the prosecution shall be examined in the presence of the defendant and the defendant shall be permitted to cross-examine them.

[How the evidence is to be recorded.]

13. The evidence of each witness shall be taken down in writing, by or in the presence and under the superintendence of the magistrate, not ordinarily in the form of question and answer, but in that of a narrative, and when completed shall be read over to the witness, and signed by him in the presence of the magistrate. In case the witness shall refuse to sign the deposition, the magistrate shall sign the same, and record the reason, if any, given by the witness for such refusal, together with such remarks thereon as the magistrate shall think fit to make. It shall be at the discretion of the magistrate to take down, or cause to be taken down, any particular question and answer, if there shall appear any special reason for doing so, or any person who is a prosecutor or defendant in the case shall require it. The magistrate shall also record such remarks as he may think material respecting the demeanor of any witness whilst under examination.

[To be continued.]

স্বীকার করে তবে তাহাকে খালাস করিবেন। কিন্তু তাহার পরও যদি সেই লোক জওয়াব দিতে অস্বীকার করিতে থাকে, তবে তাহাকে লইয়া ১০ অধ্যায়ের ২ প্রকরণ কিম্বা ১২ অধ্যায়ের ৪ প্রকরণের বিধানমতে কার্য্য হইতে পারিবেক।

উভয় পক্ষের জোবানবন্দীর ও সাক্ষ্যের কথা।

[ফরিয়াদীর ও তাহার পক্ষের সাক্ষিরদের জোবানবন্দী।]

১১। যে অপরাধ কেবল সেশন আদালতের বিচার্য্য হয়, অথবা মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে যে অপরাধের বিচার সেশন আদালতের করা উচিত, এমত কোন অপরাধের নালিশ কোন ব্যক্তির নামে হইয়া সেই বিষয় মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করা গেলে মাজিষ্ট্রেট সাহেব ফরিয়াদীর সাক্ষ্য লইবেন, ও সেই নালিশের কথার ও তাহার পূর্ব্বাপরের ঘটনার বৃত্তান্ত জানে এই কথা যাহারদের বিষয়ে কহা গিয়াছে তাহারদের সাক্ষ্য লইবেন। পরন্তু তজবীজ হইবার কোন সময়ে এই অধ্যায়ের ১৬ প্রকরণের বিধানমতে আসামীর জোবানবন্দী লইতে মাজিষ্ট্রেট সাহেবের কিছু বাধা এই প্রকরণের কোন কথাতে হইবেক না।

[আসামীর সাক্ষাতে লওয়া যাইবেক। আসামীও জিজ্ঞাসা করিতে পারিবেক।]

১২। ফরিয়াদীর ও তাহার তরফের সাক্ষিরদের জোবানবন্দী আসামীর সাক্ষাতে লওয়া যাইবেক। আসামীও জের সওয়াল করিতে পারিবেক।

[সাক্ষ্য যে প্রকারে লিখিতে হইবেক।]

১৩। প্রত্যেক সাক্ষির সাক্ষ্য মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কিম্বা তাঁহার সাক্ষাতে ও তদ্বাধীনে লিখিয়া লওয়া যাইবেক। তাহা সামান্যতঃ জিজ্ঞাসা ও উত্তরের মতে লেখা যাইবেক না কিন্তু বৃত্তান্তভাবে লেখা যাইবেক। সমাপ্ত হইলে পর তাহা সাক্ষির নিকটে পাঠ করা যাইবেক ও মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে সাক্ষী তাহাতে দস্তখৎ করিবেক। যদি সাক্ষী সেই জোবানবন্দীতে দস্তখৎ করিতে স্বীকার না করে তবে মাজিষ্ট্রেট সাহেব তাহাতে দস্তখৎ করিবেন, ও সাক্ষী যদি তাহাতে দস্তখৎ করিতে স্বীকার না করিবার কোন কারণ জানায় তবে মাজিষ্ট্রেট সাহেব সেই কারণ লিখিবেন, ও তদ্বিষয়ে যে কোন মন্তব্য কথা লেখা উচিত বোধ করেন তাহাও লিখিবেন। যদি কোন বিশেষ জিজ্ঞাসা ও উত্তর লিখিবার কোন বিশেষ কারণ দৃষ্ট হয়, অথবা ফরিয়াদী কি আসামী কোন ব্যক্তি যদি তাহা চাহে, তবে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে সেই জিজ্ঞাসা ও উত্তর লিখিতে কি লেখাইয়া লইতে পারিবেন। আর জোবানবন্দী দিবার সময়ে কোন সাক্ষির ভাব আচারের বিষয়ে মাজিষ্ট্রেট সাহেব যে কোন কথা গুরুতর জ্ঞান করেন তাহাও তিনি লিখিয়া রাখিতে পারিবেন।

ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৫ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 9, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ৯ জুন

ACTS.

LEGISLATIVE COUNCIL.

THE 23RD MAY, 1857.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 20th May, 1857, and is hereby promulgated for general information:—

ACT NO. IX. OF 1857.

An Act to repeal Act VI. of 1856.

[Preamble.]

WHEREAS the Court of Directors of the East India Company have, in pursuance of the power vested in them by law, disallowed Act VI. of 1856, and have signified to the Governor General of India in Council their disallowance thereof: It is enacted as follows:—

[Act repealed.]

1. Act VI. of 1856 is hereby repealed.

W. MORGAN,
Clerk of the Council.

LEGISLATIVE COUNCIL.

THE 23RD MAY, 1857.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 20th May 1857, and is hereby promulgated for general information:—

ACT NO. X. OF 1857.

An Act to amend Act XXXVII. of 1855.

[Preamble.]

WHEREAS by Act XXXVII. of 1855 certain Districts described in the Schedule to the said Act were removed from the operation of the General Regulations and Acts; and whereas it is

আইন।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২৩ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৭ সালের ২০ মে তারিখে মঞ্জুর করেন। তাহা সকল লোককে জানাইবার জন্যে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ৯ আইন।

১৮৫৬ সালের ৬ আইন রদ করিবার আইন।

[হেতুবাদ।]

কোম্পানি বাহাদুরের শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্টর্স্ সাহেবেরদের প্রতি যে ক্ষমতা আইনমতে অর্পিত হইয়াছে তৎক্রমে তাঁহারা ১৮৫৬ সালের ৬ আইন অস্বীকার করিয়াছেন। ও তাঁহারদের সেই আইন অস্বীকার করিবার কথা তাঁহারা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরকে জানাইয়াছেন। অতএব নীচের লিখিতমতে হুকুম হইল।

[আইন রদ হয়।]

১ ধারা। ১৮৫৬ সালের ৬ আইন রদ হইল ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২৩ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৭ সালের ২০ মে তারিখে মঞ্জুর করেন। তাহা সকল লোককে জানাইবার জন্যে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১০ আইন।

১৮৫৫ সালের ৩৭ আইন সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

১৮৫৫ সালের ৩৭ আইনের তফসীলে লেখা কএক জিলা ঐ আইনমতে সাধারণ আইন ও আক্টের আমলহইতে পৃথক্ করা গিয়াছিল। আর সেইরূপ

expedient to make certain alterations in respect to the Districts so removed: It is enacted as follows:—

[Districts removed from the operation of the General Regulations and Acts.]

I. So much of Act XXXVII. of 1855, as removes from the operation of the General Regulations of the Bengal Code, and Acts of the Government of India, the Districts described in the Schedule thereto, and the said Schedule, are hereby repealed, except as to any proceedings pending at the time of the passing of this Act, and all the provisions of the said Act, which are applicable to the Districts described in the said Schedule, shall, after the passing of this Act, be applicable only to the Districts described in the Schedule to this Act, in the same manner as if the Schedule to this Act had been the Schedule to Act XXXVII. of 1855.

পৃথক্‌করা জিলার বিষয়ে কিছু২ পরিবর্ত্তন করা বিহিত। এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[সাধারণ আইন ও আক্‌টের আমলহইতে পৃথক্ করা জিলা।]

১ ধারা। ১৮৫৫ সালের ৩৭ আইনের তফসীলে যে২ জিলা লেখা আছে তাহা বাঙ্গলা দেশের চলিত সাধারণ আইনের ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের আক্‌টের আমলহইতে ঐ আইনের যে কথামতে পৃথক্ করা যায় সেই কথা ও উক্ত তফসীল ইহার দ্বারা রদ করা গেল। কিন্তু এই আইন জারী হইবার সময়ে যে কোন মোকদ্দমা চলিতেছে তাহার সম্পর্কে রদ হইবেক না। আর উক্ত তফসীলের লেখা জিলার উপর উক্ত আইনের যে বিধান খাটে সেই সকল বিধান, ১৮৫৫ সালের ৩৭ আইনের তফসীল এই আইনের তফসীল হইবার মতে, এই আইন জারী হইলে পর কেবল এই আইনের তফসীলের লেখা জিলার উপর খাটিবেক ইতি।

SCHEDULE.

The Daman-i-Koh.

So much of Pergunnah Bhaugulpore and of Pergunnah Suttiaree as lies East of the Geroowa Nuddee and South of a line drawn Eastward from Humza Chuk to the village of Dighee.

তফসীল।

দামনীকো।

গেরুয়া নদীর পূর্ব্ব দিগে, ও হামজা চকহইতে দীঘীর গ্রামপর্য্যন্ত পূর্ব্ব দিগে এক রেখা টানা গেলে তাহার দক্ষিণে, ভাগলপুর পরগনার ও সতিয়ারি পরগনার যে অংশ থাকে তাহা।

ZILLAH BHAUGULPORE.

Pergunnah Teleeagurhee.
,, Jumoonee.
,, Cheetowleah.
,, Kankjole.
,, Bahadurpore.
,, Akbernugger.
,, Inayutnugger.
,, Mukraen.
,, Sooltangunge.

Except such parts of them as are now or may hereafter be situate on the left bank of the main stream of the Ganges, so that in any change in the course of the river the main stream shall be the boundary.

,, Umber.
,, Sooltanabad.
,, Godua.
,, Umloo Mooteah.
,, Pussye.
,, Hendwa.
Tuppeh Muneeharee.
,, Belputta.

ZILLAH BEERBHOOM.

Pergunnah Pubbia.
Tuppeh Saruth Doogpur.
,, Kundit Kuraveh.
,, Mohumdabad.
Such part of Pergunnah Dureen Mohesser as lies North of the Chilla or Chundun Ghat Nullah.

Except such detached villages as lie within the general boundaries of Pergunnahs not mentioned in this Schedule.

জিলা ভাগলপুর।

পরগনা তেলিয়াগড়ী
ঐ যমুনী।
ঐ চিতৌলিয়া।
ঐ কাঁকজোল।
ঐ বাহাদুরপুর।
ঐ আকবর নগর।
ঐ ইনায়ৎ নগর।
ঐ মকরাইন।
ঐ সুলতান গঞ্জ।

কিন্তু তাহার যে অংশ এইক্ষণে গঙ্গার প্রধান স্রোতের পশ্চিম তীরে থাকে কি ইহার পরে হয় সেই অংশ নয়। ঐ গঙ্গার স্রোত পরিবর্ত্তন হইলেও সেই স্রোতই সীমানা থাকিবেক।

ঐ আম্বর।
ঐ সুলতানাবাদ।
ঐ গদ্দা।
ঐ অমলু মুতিয়া।
ঐ পশাই।
ঐ হেন্দ্বা।
তপ্পে মণিহারী।
ঐ বেলপাতা।

জিলা বীরভূম।

পরগনা পুব্বীয়
তপ্পে সারথ দেওঘর
ঐ কণ্ডিত করায়ে।
ঐ মহম্মদাবাদ।
পরগনা দরীন মহীশ্বরের যে ভাগ চিল্লা কি চন্দনঘাট নালার উত্তরে আছে তাহা।

এই তফসীলে যে২ পরগনা লেখা যায় নাই তাহার সাধারণ সীমানার মধ্যে যে সকল পৃথক্২ গ্রাম থাকে তাহা নয়।

Such detached portions of other Pergunnahs and Tuppehs as lie within the general boundaries of any of the above-mentioned Pergunnahs and Tuppehs.

অন্যান্য পরগনার ও তপ্পের পৃথক্২ যে অংশ পূর্ব্বোক্ত পরগনার ও তপ্পের সাধারণ সীমানার মধ্যে থাকে তাহা।

Such portions of Pergunnahs belonging to Maldah and Purneah below the village of Khederpore in Pergunnah Teleeagurhee, as are now or

পরগনা তেলিয়াগড়ীর খেদেরপুর মৌজার পর, মালদহের ও পুরনিয়ার অন্তঃপাতি পরগনার যে সকল

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৯ জুন।]

may hereafter be situate on the right bank of the main stream of the Ganges.

W. MORGAN,
Clerk of the Council.

LEGISLATIVE COUNCIL.

THE 30TH MAY, 1857.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 30th May 1857, and is hereby promulgated for general information:—

ACT No. XI. OF 1857.

An Act for the prevention, trial, and punishment of offences against the State.

[Preamble.]

WHEREAS it is necessary to make due provision for the prevention, trial, and punishment of offences against the State; It is enacted as follows:—

[Punishment for rebellion, &c. Proviso.]

I. All persons owing allegiance to the British Government who, after the passing of this Act, shall rebel, or wage war against the Queen or the Government of the East India Company, or shall attempt to wage such war, or shall instigate or abet any such rebellion or the waging of such war, or shall conspire so to rebel or wage war, shall be liable, upon conviction, to the punishment of death, or to the punishment of transportation for life, or of imprisonment with hard labor for any term not exceeding fourteen years; and shall also forfeit all their property and effects of every description. Provided that nothing contained in this Section shall extend to any place subject to Regulation XIV. of 1827 of the Bombay Code.

[Punishment for harbouring or concealing rebels, &c.]

II. All persons who shall knowingly harbour or conceal any person who shall have been guilty of any of the offences mentioned in the preceding Section shall be liable to imprisonment, with or without hard labor, for any term not exceeding seven years, and shall also be liable to fine.

[Executive Government may issue a Commission for the trial of persons charged with certain offences in any District proclaimed to be in a state of rebellion.]

III. *Clause* 1.—Whenever the Executive Government of any Presidency or place within the said territories shall proclaim that any District subject to its Government is or has been in a state of rebellion, it shall be lawful for such Government to issue a Commission for the trial of all persons who shall be charged with having committed, within such District, after a day to be specified in the Commission, any of the crimes mentioned in the preceding Sections, or any other crime against the State, or murder, arson, rob-

অংশ এইক্ষণে গঙ্গার প্রধান স্রোতের উত্তর তীরে থাকে কি ইহার পরে হয় তাহা।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ৩০ মে।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৭ সালের ৩০ মে তারিখে মঞ্জুর করেন ও সেই আইন সকল লোককে জানাইবার নিমিত্তে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১১ আইন।

রাজ্যবিপরীত অপরাধ নিবারণ করিবার ও সেই অপরাধের বিচার ও দণ্ড করিবার আইন।

[হেতুবাদ।]

রাজ্যবিপরীত অপরাধ নিবারণ করিবার ও সেই অপরাধের বিচার ও দণ্ড করিবার জন্যে উপযুক্ত বিধান করা আবশ্যক। এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[রাজদ্রোহিতার দণ্ড। বর্জ্জিত কথা।]

১ ধারা। ব্রিটনীয় গবর্ণমেণ্টের নিকটে যাহারদের বাধ্য হওয়া উচিত, এমত যে সকল লোক এই আইন জারী হইবার পরে শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদুরের গবর্ণমেণ্টের বিপরীত আচার করে কি যুদ্ধ করে কিম্বা সেইপ্রকারের যুদ্ধ করিতে উদ্যোগ করে, কিম্বা তদ্রূপ রাজদ্রোহিতার কি যুদ্ধ করণের প্রবৃত্তি জন্মায় কি সহায়তা করে, অথবা তদ্রূপ রাজদ্রোহিতা করিতে কি যুদ্ধ করিতে ষড়যন্ত্র করে, তাহারদের দোষ সাব্যস্ত হইলে তাহারা প্রাণদণ্ডের কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ডের কিম্বা চৌদ্দ বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কয়েদ হইবার যোগ্য হইবেক। ও তাহারদের সর্ব্বপ্রকারের সকল সম্পত্তি ও জায়দাদ জব্দ হইবেক। পরন্তু এই ধারার লিখিত কোন কথা বোম্বাই দেশের চলিত ১৮২৭ সালের ১৪ আইনের অধীন কোন স্থানের উপর খাটিবেক না ইতি।

[রাজবিদ্রোহিপ্রভৃতিরদিগকে আশ্রয় দিবার কি লুকাইয়া রাখিবার দণ্ড।]

২ ধারা। ইহার পূর্ব্বের ধারাতে যে সকল অপরাধ ব্যক্ত হইয়াছে তাহার মধ্যে কোন অপরাধের দোষি ব্যক্তিকে যে কেহ জানিয়াশুনিয়া আশ্রয় দেয় কি লুকাইয়া রাখে সে সাত বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক ইতি।

[কোন জিলা রাজবিদ্রোহ অবস্থায় আছে এমত ঘোষণা হইলে সেই জিলার মধ্যে কোন২ অপরাধ করিবার নালিশ যাহারদের নামে হয় তাহারদের বিচার করিবার জন্যে কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট কমিসান দিতে পারিবেন।]

৩ধারা।—১ প্রকরণ। কোন রাজধানীর কিম্বা উক্ত দেশের অন্তঃপাতি স্থানের কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের অধীন কোন জিলা রাজবিপক্ষতা করণাবস্থায় আছে কি হইয়াছে, যখন সেই গবর্ণমেণ্ট এই কথা প্রচার করেন তখন কমিসানপত্রে যে দিবস নির্দ্দিষ্ট হয় তাহার পর যে সকল লোকের নামে উক্ত জিলার মধ্যে পূর্ব্বোক্ত ধারার লিখিত কোন অপরাধ করিবার, কিম্বা রাজ্যের বিপরীতে অন্য কোন অপরাধ করিবার, কি খুন কি গৃহদাহ কি লুট করিবার, কিম্বা ব্যক্তির কি সম্পত্তির উপর অন্য গুরুতর অপরাধ করিবার নালিশ

bery, or other heinous crime against person or property.

[Court may be held in any part of the District.]

Clause 2.—The Commissioner or Commissioners authorized by any such Commission may hold a Court in any part of the said District mentioned in the Commission, and may there try any person for any of the said crimes committed within any part thereof; it being the intention of this Act that the District mentioned in the Commission shall, for the purpose of trial and punishment of any of the said offences, be deemed one District.

[Government may vest certain powers in the Court.]

IV. It shall be lawful for the Executive Government, by such Commission, to direct that any Court held under the Commission shall have power, without the attendance or futwa of a Law Officer, or the assistance of Assessors, to pass upon every person convicted before the Court of any of the aforesaid crimes, any sentence warranted by law for such crime; and that the judgment of such Court shall be final and conclusive, and that the said Court shall not be subordinate to the Sudder Court.

[Magistrate may commit persons for trial before a Court held under this Act.]

V. If a Commission be issued under the authority of this Act, any Magistrate within the District which is described in the Commission may commit persons charged with any of the aforesaid crimes within such District for trial before a Court to be held under this Act.

[Act not to apply to British-born subjects or their children.]

VI. Nothing in this Act shall extend to the trial or punishment of any of her Majesty's natural born subjects born in Europe, or of the children of such subjects.

[Government may issue proclamation prohibiting the carrying or possession of arms in any District.]

VII. Whenever the Executive Government shall deem it necessary for the public safety, it shall be lawful for such Government to declare, by proclamation, that from and after a day to be named therein it shall not be lawful for any person, or for any specified class of persons, to carry or have in their possession any arms or instruments used for warlike purposes, or any specified description of arms or instruments aforesaid, within any District mentioned in the proclamation.

[Penalty for unlawful possession of arms, &c.]

VIII. After the day named in the proclamation, whoever shall carry, or have in his possession, any arms or other such instrument as afore-

হয়, সেই সকল লোকেরদের বিচার করিবার জন্যে ঐ গবর্ণমেণ্ট কমিস্যন দিতে পারিবেন।

[উক্ত জিলার কোন অংশে আদালত হইতে পারিবেক।]

২ প্রকরণ।—সেইরূপ কোন কমিস্যনক্রমে ক্ষমতাপ্রাপ্ত কমিস্যনর সাহেব কি কমিস্যনর সাহেবেরা ঐ কমিস্যনের লিখিত সেই জিলার কোন স্থানে আদালত করিতে পারিবেন, আর সেই জিলার কোন স্থানে উক্ত যে কোন অপরাধ করা গিয়াছে সেই অপরাধের জন্যে কোন ব্যক্তির বিচার তাঁহারা সেই আদালতে করিতে পারিবেন। যেহেতুক কমিস্যনপত্রে যে প্রদেশ লিখিত হয় তাহা উক্ত কোন অপরাধের বিচার ও দণ্ড করিবার নিমিত্তে একি জিলা জ্ঞান হয়, এই আইনের এই অভিপ্রায় ইতি।

[গবর্ণমেণ্ট ঐ আদালতে কোন২ ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।]

৪ ধারা। ঐ কমিস্যনক্রমে যে কোন আদালত স্থাপন হয়, সেই আদালতের সম্মুখে যে কোন ব্যক্তির পূর্ব্বোক্ত কোন অপরাধ করিবার দোষ সাব্যস্ত হয় তাহার সেই অপরাধপ্রযুক্ত ঐ আদালত, মৌলবীর অনুপস্থানে কি তাঁহার ফতওয়া বিনা, কিম্বা সহকারিরদের সহায়তা বিনা, আইনসিদ্ধ কোন দণ্ডের আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হন, আর সেই আদালতের বিচার চূড়ান্ত ও নিষ্পন্ন হয়, ও সেই আদালত সদর আদালতের অধীন না হন, উক্ত কমিস্যনক্রমে এই প্রকার আজ্ঞা করিতে কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের ক্ষমতা থাকিবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব এই আইনমতের স্থাপিত আদালতে বিচার হইবার নিমিত্তে লোকদিগকে সোপর্দ্দ করিতে পরিবেন।]

৫ ধারা। যদি এই আইনের শক্তিক্রমে কমিস্যন দেওয়া যায় তবে ঐ কমিস্যনে যে জিলা নির্দ্দিষ্ট থাকে সেই জিলার মধ্যের কোন মাজিষ্ট্রেট সাহেব, ঐ জিলার মধ্যে পূর্ব্বোক্ত কোন অপরাধ করিবার নালিশ যে লোকেরদের নামে হয় তাহারদিগকে এই আইনমতের স্থাপিত আদালতের সম্মুখে বিচার হইবার নিমিত্তে সোপর্দ্দ করিতে পারিবেন ইতি।

[এই আইন ব্রিটন জাত প্রজারদের কি তাঁহারদের সন্তানেরদের উপর খাটিবেক না।]

৬ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর ইউরোপে জাত কোন প্রজারদের কি সেই প্রজারদের সন্তানেরদের বিচার কি দণ্ডের উপর এই আইনের কোন কথা খাটিবেক না ইতি।

[গবর্ণমেণ্ট কোন জিলাতে অস্ত্র বহিয়া লইবার কি নিকটে রাখিবার নিষেধ করণের ঘোষণাপত্র প্রকাশ করিতে পারিবেন।]

৭ ধারা। কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যখন সাধারণ লোকেরদের নির্ব্বিঘ্নতার জন্যে আবশ্যক বোধ করেন, তখন ঐ গবর্ণমেণ্ট ঘোষণাপত্রের দ্বারা এই কথা প্রচার করিতে পারিবেন যে, ঐ ঘোষণাপত্রের লিখিত দিবসাবধি ও তাহার পর, কোন লোক কি নির্দ্দিষ্ট কোন শ্রেণীর লোকেরা যুদ্ধের কার্য্যের নিমিত্তে ব্যবহারকরা অস্ত্রশস্ত্র কি হাতিয়ার কিম্বা নির্দ্দিষ্ট কোন প্রকারের পূর্ব্বোক্ত কোন অস্ত্রশস্ত্র কিম্বা হাতিয়ার ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট কোন জিলার মধ্যে ধারণ করিতে কি নিকটে রাখিতে পারিবেক না ইতি।

[অস্ত্রপ্রভৃতি বেআইনীমতে নিকটে রাখিবার দণ্ড।]

৮ ধারা। ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট দিবসের পরে, যে কেহ ঐ ঘোষণাপত্রের অন্যথায় পূর্ব্বোক্ত প্রকারের কোন অস্ত্রশস্ত্র কি অন্য হাতিয়ার ধরে কি নিকটে রাখে

said contrary to the proclamation, shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding Fifty Rupees, or to imprisonment for a period not exceeding six months; and the arms or other such instrument as aforesaid shall be confiscated.

[Magistrate empowered to search houses, &c, and to seize arms.]

IX. It shall be lawful for a Magistrate, by warrant, to cause search to be made in any house or other place in which there may be reasonable grounds for suspecting that any arms or other such instrument as aforesaid, kept contrary to the proclamation, may be found; and any such arms or instrument may be seized and confiscated.

[Government may grant exemption to certain persons]

X. Nothing in Sections VII., VIII., and IX. of this Act shall extend to any person who may be exempted by the authority of the Executive Goverment from the prohibition contained in such proclamation.

[Interpretation.]

XI. The word "Magistrate" in this Act shall include any person lawfully exercising the powers of a Magistrate and any Assistant to a Magistrate or Deputy Magistrate specially authorized by the Executive Government to exercise the powers vested in a Magistrate by this Act.

W. MORGAN,
Clerk of the Council.

DRAFT OF ACT.

THE INDIAN PENAL CODE.

CHAPTER XVII.

OF OFFENCES AGAINST PROPERTY.

[Continued from page 473.

OF MISCHIEF.

[Mischief.]

48. Whoever, with intent to cause, or knowing that he is likely to cause, wrongful loss or damage to the public or to any person, causes the destruction or loss of any property, or any injury to any property, or any such change in any property, or in the situation thereof as destroys or diminishes its value or utility or affects it injuriously, commits "mischief."

Explanation 1. It is not essential to the offence of mischief that the offender should intend to cause loss or damage to the owner of the property injured or destroyed. It is sufficient if he intends to cause, or knows that he is likely to cause, wrongful loss or damage to any person by injuring any property, whether it belongs to that person or not.

Explanation 2. Mischief may be committed by an act affecting property belonging to the person

তাহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে, সেই লোক পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, কিম্বা ছয় মাসের অনধিক কাল কয়েদ হইবার যোগ্য হইবেক, আর ঐ অস্ত্রশস্ত্র কি সেইরূপ অন্য হাতিয়ার জব্দ হইবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব ঘরপ্রভৃতি তলাশ করিতে ও অস্ত্রপ্রভৃতি ক্রোক করিয়া লইতে পারিবেন।]

৯ ধারা। যে ঘরে কি অন্য স্থানে ঐ ঘোষণাপত্রের অন্যথায় রাখা কোন অস্ত্রশস্ত্র কি পূর্ব্বোক্ত প্রকারের অন্য হাতিয়ার পাওয়া যাইতে পারে এমত শোবে করিবার উপযুক্ত কারণ থাকে, সেইরূপ কোন ঘর কি অন্য স্থান মাজিষ্ট্রেট সাহেব পরওয়ানাক্রমে তলাশ করাইতে পারিবেন। আর সেই প্রকারের কোন অস্ত্রশস্ত্র কি হাতিয়ার ক্রোক হইয়া জব্দ হইতে পারিবেক ইতি।

[গবর্ণমেণ্ট কোন২ ব্যক্তিকে মুক্ত করিতে পারিবেন।]

১০ ধারা। কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের ক্ষমতাক্রমে যে কোন ব্যক্তিকে সেই ঘোষণাপত্রের লিখিত নিষেধহইতে মুক্ত করা যায়, তাহার উপর এই আইনের ৭, ৮, ও ৯ ধারার কোন কথা খাটিবেক না ইতি।

[অর্থ করণ]

১১ ধারা। এই আইনেতে "মাজিষ্ট্রেট" এই শব্দেতে যে কোন ব্যক্তি আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্য করেন তিনি, ও কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট মাজিষ্ট্রেট সাহেবের যে কোন আসিষ্টাণ্ট সাহেবকে কিম্বা যে কোন ডেপুটী মাজিষ্ট্রেটকে এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পিত ক্ষমতাক্রমে কার্য্য করিতে বিশেষমতে অনুমতি দেন, তিনিও গণ্য হইবেন ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।

১৭ অধ্যায়।

সম্পত্তির উপর অপরাধ।

[৪৭৩ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

অপকারের কথা।

[অপকার।]

৪৮। যদি কেহ সাধারণ লোকেরদের কি কোন ব্যক্তির অন্যায়মতের ক্ষতি কি হানি করিবার অভিপ্রায়ে কিম্বা করিবার সম্ভাবনা জানিয়া, কিছু সম্পত্তির নাশ কি ক্ষতি করায় কিম্বা কোন সম্পত্তির কিছু হানি করে, কিম্বা যাহাতে সম্পত্তির মুল্য কি কর্ম্মণ্যতা নষ্ট কি খাটো হয় কিম্বা সম্পত্তি কোন প্রকারে মন্দ হয়, এমতে সম্পত্তির কিম্বা তাহার স্থানের কিছু পরিবর্ত্তন করে সে "অপকার" করে।

১ ব্যাখ্যা। ক্ষতিকরা কি নষ্টকরা সম্পত্তির স্বামির কিছু ক্ষতি কি হানি করিতে অপরাধির কিছু অভিপ্রায় না থাকিলেও ঐ অপকারের দোষ হইতে পারে যদি কোন সম্পত্তির ক্ষতি করিয়া কোন লোকের অন্যায়মতে ক্ষতি কি হানি করিবার তাহার অভিপ্রায় কিম্বা করিবার সম্ভাবনার জ্ঞান থাকে, তবে সেই সম্পত্তি যাহার হউক ঐ লোকের এই দোষ হয়।

২ ব্যাখ্যা। কোন লোক আপনার সম্পত্তি লইয়া কিম্বা অন্য ব্যক্তির ও আপনার যে সাধারণ সম্পত্তি

who commits the act, or to that person and others jointly.

Illustrations.

(*a*) A voluntarily burns a valuable security belonging to Z, intending to cause wrongful loss to Z. A has committed mischief.

(*b*) A introduces water into an ice house belonging to Z, and thus causes the ice to melt, intending wrongful loss to Z. A has committed mischief.

(*c*) A voluntarily throws into a river a ring belonging to Z, with the intention of thereby causing wrongful loss to Z. A has committed mischief.

(*d*) A, knowing that his effects are about to be taken in execution in order to satisfy a debt due from him to Z, destroys those effects, with the intention of thereby preventing Z from obtaining satisfaction of the debt, and of thus causing wrongful loss to Z. A has committed mischief.

(*e*) A, having insured a ship, voluntarily causes the same to be cast away, with the intention of causing wrongful loss to the underwriters. A has committed mischief.

(*f*) A causes a ship to be cast away, intending thereby to cause wrongful loss to Z who has lent money on bottomry on the ship. A has committed mischief.

(*g*) A, having joint property with Z in a horse, shoots the horse, intending thereby to cause wrongful loss to Z. A has committed mischief.

(*h*) A causes cattle to enter upon a field belonging to Z, intending to cause, and knowing that he is likely to cause, damage to Z's crop. A has committed mischief.

[Punishment for committing mischief.]

49. Whoever commits mischief shall be punished with imprisonment of either description for a term which may extend to three months, or with fine, or with both.

[Committing mischief and thereby causing damage to the amount of 50 Rupees.]

50. Whoever commits mischief and thereby causes loss or damage to the amount of fifty Rupees or upwards, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[Mischief by killing or maiming any animal of the value of 10 Rupees.]

51. Whoever commits mischief by killing, poisoning, maiming or rendering useless, any animal or animals of the value of ten Rupees or upwards, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[Mischief by killing or maiming cattle, &c. or any animal of the value of 50 Rupees.]

52. Whoever commits mischief by killing,

তাহা লইয়া যে কার্য্য করে এমন কার্য্যেতেও সে অপকার করিতে পারে।

উদাহরণ

(ক) যদুর অন্যায়মতে ক্ষতি করিবার অভিপ্রায়ে কালু জানিয়াশুনিয়া তাহার এক মূল্যবান নিদর্শনপত্র পোড়ায়। কালু অপকার করে।

(খ) যদুর অন্যায়মতে ক্ষতি করিবার অভিপ্রায়ে তাহার যে এক বরফ ঘর থাকে সেই ঘরের মধ্যে কালু কোন প্রকারে জল প্রবেশ করাইলে বরফ গলিয়া যায়। কালু অপকার করে।

(গ) যদুর অন্যায়মতে ক্ষতি করিবার অভিপ্রায়ে কালু তাহার আঙ্গটি লইয়া নদীতে ফেলিয়া দেয়। কালু অপকার করে।

(ঘ) কালুর নামে যদু কর্জ্জের বাবৎ ডিক্রী পাইয়াছে। ঐ ডিক্রী জারী করিবার জন্যে তাহার সম্পত্তি ক্রোক হইবেক জানিয়া, ও যদু ঐ কর্জ্জা টাকা না পায় ও যদুর অন্যায়মতে ক্ষতি হয় এই নিমিত্তে, কালু আপনার সম্পত্তি নষ্ট করে। কালু অপকার করে।

(ঙ) জাহাজের মালিক জাহাজের বিমা করিয়া ঐ বিমা করণিয়ারদের অন্যায়মতে ক্ষতি করিবার অভিপ্রায়ে ঐ জাহাজ যাহাতে ভাঙ্গিয়া যায় এমত কর্ম্ম ইচ্ছাপূর্ব্বক করে। ঐ মালিক অপকার করে।

(চ) যদু জাহাজের মালের জামিনীতে টাকা কর্জ্জ দিয়াছে। কালু তাহার অন্যায়মতে ক্ষতি করাইবার অভিপ্রায়ে, ঐ জাহাজ যাহাতে ভাঙ্গা যায় এমত কর্ম্ম করে। কালু অপকার করে।

(ছ) কালু ও যদু এই দুই জনের এক ঘোড়া থাকে। যদুর অন্যায়মতে ক্ষতি হয় এই অভিপ্রায়ে কালু ঐ ঘোড়াকে গুলি করে। কালু অপকার করে।

(জ) যদুর ফসল নষ্ট করিবার অভিপ্রায়ে ও নষ্ট হইতে পারিবেক জানিয়া কালু তাহার ক্ষেতের মধ্যে গরুদিগকে তাড়াইয়া দেয়। কালু অপকার করে।

[অপকার করিবার দণ্ড।]

৪৯। যে কেহ অপকার করে সে তিন মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[অপকার করিয়া ৫০৲ টাকাপর্য্যন্ত নোকসান করিবার দণ্ড।]

৫০। যদি কেহ অপকার করিয়া তদ্দ্বারা ৫০৲ টাকার কি তাহার অধিকের ক্ষতি কি নোকসান করায় তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[১০৲ টাকা মূল্যের কোন জন্তুকে হত্যা করিয়া কি কোন অঙ্গ কাটিয়া অপকার করিবার দণ্ড।]

৫১। যদি কেহ দশ টাকা কি তাহার অধিক মূল্যের কোন জন্তুকে কি জন্তুদিগকে মারিয়া ফেলিয়া কি বিষ খাওয়াইয়া কি তাহারদের কোন অঙ্গহীন করিয়া কি তাহারদিগকে অকর্ম্মণ্য করিয়া অপকার করে, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[৫০৲ টাকা মূল্যের বলদাদিকে কি কোন জন্তুকে হত্যা করিবার কি কোন অঙ্গহীন করিবার দ্বারা অপকার করিবার দণ্ড।]

৫২। কোন হাতির কি উটের কি ঘোড়ার কি খচ-

poisoning, maiming, or rendering useless, any elephant, camel, horse, mule, buffalo, bull, cow, or ox, whatever may be the value thereof, or any other animal of the value of fifty Rupees or upwards, shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, or with fine, or with both.

[Mischief by injury to works of irrigation or by wrongfully diverting water.]

53. Whoever commits mischief by destroying or injuring any river or well or any natural or artificial channel or reservoir of water or any work for the purpose of irrigation, or by wrongfully drawing off or diverting water from such river, well, channel, reservoir, or work, intending thereby to cause a diminution of the supply of water for agricultural purposes, shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, or with fine, or with both.

[Mischief by injury to public road, bridge, or river.]

54. Whoever commits mischief by destroying or injuring any public road, bridge, navigable river, or navigable channel, natural or artificial, and thereby renders such road, bridge, river, or channel impassable or less safe for travelling or conveying property thereby, shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, or with fine, or with both.

[Mischief by causing inundation or obstruction to public drainage attended with damage to amount of 100 Rupees.]

55. Whoever commits mischief, and thereby causes an inundation or obstruction to any public drainage attended with injury or damage to the amount of one hundred Rupees or upwards, shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, or with fine, or both.

[Mischief by destroying or moving or rendering less useful a light-house or sea-mark, or by exhibiting false lights.]

56. Whoever commits mischief by destroying or moving any light-house or other light used as a sea-mark, or any sea-mark or buoy or other thing placed as a guide for navigators, or by any act which renders any such light-house, sea-mark, buoy, or other such thing as aforesaid less useful as a guide for navigators, or exhibits any false light-house, sea mark, or buoy, intending or knowing it to be likely that such false exhibition will mislead any navigator, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, or with fine, or with both.

[*Government Gazette*, 9th June, 1857.]

রের কি মহিষের কি ষাঁড়ের কি গরুর কি বলদের যে কোন মূল্য হউক যদি কেহ তাহাকে, কিম্বা পঞ্চাশ টাকা কি তাহার অধিক মূল্যের অন্য কোন জন্তুকে মারিয়া ফেলিয়া কি বিষ খাওয়াইয়া কি কোন অঙ্গহীন করিয়া কি অকর্ম্মণ্য করিয়া অপকার করে, তবে সে পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

[জল সেঁচিবার কোন কার্য্যের নোকসান করিয়া কি অন্যায়মতে জল অন্য দিগে চালাইয়া অপকার করিবার দণ্ড।]

৫৩। ক্ষেত্রের কার্য্যের নিমিত্তে জল কম হয় এই অভিপ্রায়ে যদি কেহ কোন নদী কি কূপ, কিম্বা স্বাভাবিক কি মনুষ্যের কাটা কোন জলপথ, কি জলাশয়, কিম্বা জল সেঁচিবার জন্যে কোন কার্য্য নষ্ট করিয়া কি নোকসান করিয়া, অথবা সেই নদী কি কূপ কি জলপথ কি জলাশয় কি কার্য্য হইতে জল অন্যায়মতে বাহির করিয়া কি অন্য দিগে বহাইয়া অপকার করে, তবে সে পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

[সরকারী রাস্তা কি সাঁকো কি নদী নোকসান করিয়া অপকার করিবার দণ্ড।]

৫৪। যদি কেহ কোন সরকারী রাস্তা কি সাঁকো, কিম্বা যে নদীতে কি স্বাভাবিক কি মনুষ্যের কাটা যে খালেতে নৌকার গমনাগমন হয় তাহা নষ্ট করিয়া কি নোকসান করিয়া অপকার করে ও তদ্দ্বারা সেই রাস্তা কি সাঁকো কি নদী কি খাল দিয়া গমনাগমন বন্দ করে, কিম্বা যাহাতে লোকেরদের গমনাগমন কি সম্পত্তি চালান পূর্ব্বমতে নির্বিঘ্নরূপে না হয় এমত করে, তবে সে পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

[১০০৲ টাকার নোকসানমতে বন্যার পথ করিয়া কি জল বহিবার সরকারী পথ বন্দ করাইয়া অপকার করিবার দণ্ড।]

৫৫। যদি কেহ অপকার করে ও তদ্দ্বারা এক শত টাকা কি তাহার অধিক ক্ষতি কি নোকসান যাহাতে হয় এমত কোন বন্যার পথ করে কি জল বহিবার সরকারী কোন পথ অবরোধ করে, তবে সে পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

[কান্দিলিয়া কি সমুদ্রে জলের নিশানী নষ্ট করিয়া কি সরাইয়া কি পূর্ব্বাপেক্ষা অল্প কর্ম্মণ্য করিয়া কিম্বা মিথ্যা দীপ দেখাইয়া অপকার করিবার দণ্ড।]

৫৬। যদি কেহ কোন কান্দিলিয়া অর্থাৎ দীপগৃহ কিম্বা সমুদ্রের নিশানীমতে ব্যবহার্য্য অন্য দীপ, কিম্বা নাবিকেরদের পথ দেখাইবার কোন জল নিশানী কি বয়া কি অন্য দ্রব্য নষ্ট করিয়া কি সরাইয়া, কিম্বা তদ্রূপ কোন কান্দিলিয়া কি জল নিশানী কি বয়া কি পূর্ব্বোক্ত প্রকারের অন্য দ্রব্য যাহাতে নাবিকেরদের পথ দেখাইবার জন্যে পূর্ব্বমতে উপযুক্ত না হয় এমত কোন কর্ম্ম করিয়া, কিম্বা কোন নাবিকের ভ্রান্তি জন্মাইবার অভিপ্রায়ে কি ভ্রান্তি জন্মিতে পারে জানিয়া কোন মিথ্যা কান্দিলিয়া কি জলের নিশানী কি বয়া প্রকাশ করিয়া অপকার করে, তবে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

[Mischief by destroying or moving, &c., a land-mark fixed by public authority.]

57. Whoever commits mischief by destroying or moving any land-mark fixed by the authority of a public servant, or by any act which renders such land-mark less useful as such, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or with both.

[Mischief by fire or explosive substance with intent to cause damage to amount of 100 Rupees.]

58. Whoever commits mischief by fire or any explosive substance, intending to cause, or knowing it to be likely that he will thereby cause, damage to any property to the amount of one hundred Rupees or upwards, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Mischief by fire or explosive substance with intent to destroy a house, &c.]

59. Whoever commits mischief by fire or any explosive substance, intending to cause, or knowing it to be likely that he will thereby cause, the destruction of any building which is ordinarily used as a human dwelling or as a place for the custody of property, shall be punished with transportation for life, or with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Mischief with intent to destroy or make unsafe a decked vessel or a vessel of 20 tons burden.]

60. Whoever commits mischief on any decked vessel or any vessel of a burden of twenty tons or upwards, intending to destroy or render unsafe, or knowing it to be likely that he will thereby destroy or render unsafe that vessel, shall be punished with imprisonment of either description for a term which may extend to ten years, and shall also be liable to fin

[Punishment for the mischief described in the last Clause when committed by fire or any explosive substance.]

61. Whoever commits or attempts to commit such mischief as is described in the last preceding Clause, by fire or any explosive substance, shall be punished with transportation for life, or with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Mischief committed after preparation made for causing death or hurt.]

62. Whoever commits mischief, having made preparation for causing to any person death, or hurt, or wrongful restraint, or fear of death, or of hurt, or of wrongful restraint, while committing or attempting to commit such mischief, or while escaping or endeavoring to escape after commit-

[সরকারী কার্য্যকারক জমীর চিহ্ন দিলে তাহা নষ্ট করিবার কি সরাইবার দণ্ড।]

৫৭। সরকারী কার্য্যকারকের আজ্ঞামতে ভুমির যে কোন চিহ্ন দেওয়া যায় তাহা যদি কেহ নষ্ট করিয়া কি সরাইয়া দিয়া, কিম্বা চিহ্ন বলিয়া জমীর চিহ্ন যাহাতে তাদৃশ কর্ম্মের না হয় এমত কোন কার্য্য করিয়া অপকার করে, তবে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[আগুনের দ্বারা কিম্বা যে দ্রব্য শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত দ্রব্য লইয়া ১০০৲ টাকাপর্য্যন্ত ক্ষতি করিবার অভিপ্রায়ে অপকার করিবার দণ্ড।]

৫৮। যদি কেহ এক শত টাকা কি তাহার অধিক মূল্যের কিছু সম্পত্তির ক্ষতি করিবার অভিপ্রায়ে কি ক্ষতি করিবার সম্ভাবনা জানিয়া, আগুন লইয়া কিম্বা যে দ্রব্য শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত দ্রব্য লইয়া অপকার করে, তবে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ঘরপ্রভৃতি নষ্ট করিবার অভিপ্রায়ে আগুনের দ্বারা কিম্বা যে দ্রব্য শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত দ্রব্য লইয়া অপকার করিবার দণ্ড।]

৫৯। যে ঘরে সাধারণমতে মনুষ্য বাস করে কি সম্পত্তি রাখা যায় এমত কোন ঘর নষ্ট করিবার অভিপ্রায়ে কিম্বা নষ্ট করিবার সম্ভাবনা জানিয়া যদি কেহ আগুন লইয়া কিম্বা যে দ্রব্য শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত দ্রব্য লইয়া অপকার করে, তবে সেই লোকের যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ভূতকযুক্ত কিম্বা ২০ টন বোঝাইবারি নৌকাদি নষ্ট করিবার কিম্বা তাহাতে সঙ্কট হয় এমত কার্য্য করিবার অভিপ্রায়ে অপকার করিবার দণ্ড।]

৬০। যে নৌকাদির ভূতক থাকে কিম্বা যে নৌকাদিতে বিশ টন কি তাহার অধিক বোঝাই ধরে এমত নৌকাদি নষ্ট করিবার অভিপ্রায়ে কিম্বা যাহাতে সঙ্কট হয় এমত কার্য্য করিবার অভিপ্রায়ে, কিম্বা সেই কার্য্যেতে তাহা নষ্ট হইতে পারে কিম্বা তাহাতে সঙ্কট জন্মিতে পারে জানিয়া, যদি কেহ ঐ নৌকাদিতে অপকার করে, তবে সে দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ঐ প্রকরণের লিখিত অপকার যদি আগুন লইয়া কিম্বা যে দ্রব্য শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত দ্রব্য লইয়া করা যায় তবে তাহার দণ্ড।]

৬১। ইহার পূর্ব্বের প্রকরণে যে অপকারের কথা লেখা আছে তাহা যদি কেহ আগুন লইয়া কিম্বা যে দ্রব্য শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত দ্রব্য লইয়া করে, কি করিবার উদ্যোগ করে, তবে সেই লোকের যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক, কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[প্রাণনাশের কি আঘাতের উদ্যোগ করিলে পর অপকার করিবার দণ্ড।]

৬২। অপকার করিবার কালে কিম্বা অপকার করিতে উদ্যত হওনকালে, কিম্বা অপকার করিয়া পলায়ন করিবার কি পলায়ন করিতে চেষ্টা করিবার কালে যাহাতে কোন লোকের মরণ হয় কি আঘাত কি অন্যায়মতে আটক হয়, কিম্বা মরণ কি আঘাত কি অন্যায়মতে আটক হইবার ভয় জন্মে এমত উদ্যোগ প্রথমে

ting it, shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, and shall also be liable to fine.

OF CRIMINAL TRESPASS.

[Criminal trespass.]

63. Whoever enters into or upon property in the possession of another with intent to commit an offence, or to intimidate, insult, or annoy any person in possession of such property; or having lawfully entered into or upon such property, unlawfully remains there with such intent—is said to commit "criminal trespass."

[House-trespass.]

64. Whoever commits criminal trespass by entering into or remaining in any building, tent, or vessel, used as a human dwelling, or any building used as a place for worship, or as a place for the custody of property, is said to commit "house-trespass."

Explanation 1. The introduction of any part of the criminal trespasser's body is entering sufficient to constitute house trespass.

Explanation 2. A person who enters, not as a house-trespasser, may remain as a house trespasser.

[Lurking house-trespass.]

65. Whoever commits house-trespass, taking precautions to conceal such house-trespass from some person who has a right to exclude or eject the trespasser from the building, tent, or vessel which is the subject of the trespass, is said to commit "lurking house-trespass."

Explanation. A person who enters, not as a lurking house-trespasser, may remain as a lurking house-trespasser.

[Lurking house-trespass by night.]

66 Whoever commits lurking house trespass after sun-set and before sun-rise, is said to commit "lurking house trespass by night."

Explanation. A person who enters, not by night, may remain as a lurking house-trespasser by night.

[House-breaking.]

67. A person is said to commit "house-breaking," who commits house-trespass if he effects his entrance into the house or any part of it in any of the six ways hereinafter described; or if, being in the house or any part of it for the purpose of committing an offence, or having committed an offence therein, he quits the house or any part of it in any of such six ways, that is to say:—

First. If he enters or quits through a passage made by himself, or by any abettor of the house-trespass, in order to the committing of the house-trespass.

Secondly. If he enters or quits through any passage not intended by any person, other than himself or an abettor of the offence, for human entrance; or through any passage to which he has

করিয়া যদি কেহ অপকার করে তবে সেই লোক পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবে।

অন্যায়মতে প্রবেশের কথা।

[অন্যায়মতে প্রবেশ।]

৬৩। যদি কেহ অপরাধ করিবার অভিপ্রায়ে কিম্বা কোন সম্পত্তি যে ব্যক্তির দখলে আছে তাহাকে ভয় দেখাইবার কি তাহার প্রতি অত্যাচার করিবার কি তাহাকে ক্লেশ দিবার অভিপ্রায়ে তাহার সম্পত্তিতে প্রবেশ করে, কিম্বা সেই সম্পত্তিতে আইনমতে প্রবেশ করিয়া তাহাতে উক্ত অভিপ্রায়ে বেআইনীমতে থাকে, তবে সে "অন্যায়মতে প্রবেশ" করে এমত বলা যায়।

[অন্যায়মতে গৃহপ্রবেশের কথা।]

৬৪। যে কোন ঘর কি তাম্বু কি নৌকাদি মনুষ্যের নিবাসের জন্যে কি ঈশ্বরের ভজনার নিমিত্তে কিম্বা সম্পত্তির রাখিবার জন্যে ব্যবহার হয়, তাহার মধ্যে গিয়া কি থাকিয়া যে কেহ অন্যায়মতে প্রবেশ করে সে "অন্যায়মতে গৃহপ্রবেশ" করে বলা যায়।

১ ব্যাখ্যা। যে জন অন্যায়মতে প্রবেশ করে তাহার শরীরের কোন অঙ্গ গৃহাদিতে প্রবিষ্ট হইলে অন্যায়মতের গৃহপ্রবেশ হয়।

২ ব্যাখ্যা। কোন লোক অন্যায়মতে গৃহপ্রবেশ না করিলেও অন্যায়মতে গৃহপ্রবেশকারির ন্যায় থাকিতে পারে।

[লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ।]

৬৫। যে ঘরে কি তাম্বুতে কি নৌকাদিতে প্রবেশ করা যায়, তাহাতে কোন কাহার প্রবেশ করিবার নিষেধ করিতে কিম্বা তাহাহইতে কোন কাহাকে বাহির করিতে যাহার ক্ষমতা থাকে, এমত লোকহইতে অন্যায়মতে গৃহপ্রবেশের কার্য্য লুকাইয়া যে কেহ অন্যায়মতে গৃহপ্রবেশ করে সে "লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ" করে এমত বলা যায়।

ব্যাখ্যা। কোন লোক "লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশকারির" ন্যায় প্রবেশ না করিলেও "লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশকারির" ন্যায় থাকিতে পারে।

[রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করণ।]

৬৬। সূর্য্য অস্ত হইবার পরে ও উদয় হইবার পূর্ব্বে যে কেহ লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে সে "রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে" বলা যায়।

ব্যাখ্যা। কোন লোক রাত্রিতে প্রবেশ না করিলেও রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশকারির ন্যায় থাকিতে পারে।

[সিঁধ মারা।]

৬৭। ইহার পরের লিখিত ছয় প্রকারের কোন এক প্রকারে যদি কেহ ঘরে কি তাহার কোন ভাগে গিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে, কিম্বা যদি সেই লোক কোন অপরাধ করিবার জন্যে ঘরে কি তাহার কোন ভাগে থাকিলে পর কিম্বা ঘরে কোন অপরাধ করিলে পর ঐ ছয় প্রকারের কোন এক প্রকারে ঘর কি তাহার কোন ভাগহইতে পলায়, তবে সে "সিঁধ মারে" বলা যায়। ঐ ছয় প্রকার এই২।

প্রথম। যদি সে অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার জন্যে আপনার, কিম্বা ঐ গৃহপ্রবেশ করণের সহায় কোন ব্যক্তির করা কোন পথ দিয়া প্রবেশ করে কি পলায়।

দ্বিতীয়। লোকের প্রবেশের জন্যে নয় এমত যে কোন পথ, ঐ অপরাধি কি তাহার সহায় ব্যক্তিভিন্ন, অন্য কেহ প্রবেশের পথ জ্ঞান না করে এমত পথদিয়া, কিম্বা কোন প্রাচীর কি ঘরাদি ডিঙ্গিয়া কি চড়িয়া যে পথদিয়া

obtained access by scaling or climbing over any wall or building.

প্রবেশ করিতে পায় এমত পথ দিয়া যদি কেহ প্রবেশ করে কি পলায়।

Thirdly. If he enters through any passage which he or any abettor of the house-trespass has opened in order to the committing of the house-trespass by any means by which that passage was not intended by the occupier of the house to be opened.

তৃতীয়। ঘরের বাশেন্দা যে উপায়ে পথ করিবার কল্প করে নাই এমত কোন উপায়ে অন্যায়মতে গৃহ-প্রবেশ করিবার জন্যে ঐ লোক কিম্বা গৃহপ্রবেশ করিবার সহায় ব্যক্তি যে পথ করিয়াছে এমত পথ দিয়া যদি সে প্রবেশ করে।

Fourthly. If he enters or quits by opening any lock in order to the committing of the house-trespass, or in order to the quitting of the house after a house-trespass.

চতুর্থ। যদি সে লোক অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার জন্যে কিম্বা অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার পরে পলাইবার জন্যে কোন তালা খুলিয়া প্রবেশ করে কি পলায়।

Fifthly. If he effects his entrance or departure by using criminal force or committing an assault, or by making shew of assault, or by threatening any person with assault.

পঞ্চম। যদি সে অপরাধভাবে বল প্রকাশ করিয়া কিম্বা আক্রমণ করিয়া কি আক্রমণের ভাব দর্শাইয়া কিম্বা কোন ব্যক্তিকে আক্রমণ করিবার ভয় দেখাইয়া প্রবেশ করে কি পলায়।

Sixthly. If he enters or quits by any passage which he knows to have been fastened against such entrance or departure and to have been unfastened by himself or by an abettor of the house-trespass.

ষষ্ঠ। কোন কাহার প্রবেশ না করিবার কি বাহিরে না যাইবার জন্যে যে পথ বন্দ করা গিয়াছে এমত কোন পথ যদি সেই লোক আপনি কিম্বা গৃহপ্রবেশকারির সহায় ব্যক্তি খুলিয়া তাহা দিয়া প্রবেশ করে কি পলায়।

Explanation. Any out house or building occupied with a house, and between which and such house there is an immediate communication, is part of the house within the meaning of this Clause.

ব্যাখ্যা। যে ইমারতের সঙ্গে কোন গুদামঘর কি অন্য ঘরের দখল হয় তাহার ও সেই ঘরের মধ্যে যদি যাইবার আসিবার পথ থাকে, তবে তাহা এই প্রকরণের অর্থের মধ্যে ঐ ঘরের এক ভাগ হয়।

Illustrations.

উদাহরণ।

(*a*) A commits house-trespass by making a hole through the wall of Z's house, and putting his hand through the aperture. This is house-breaking.

(ক) কালু যদুর ঘরের দেয়ালে ছিদ্র করিয়া ঐ ছিদ্রে হাত গলাইয়া দিয়া গৃহপ্রবেশ করে। এই সিঁদ মারা।

(*b*) A commits house-trespass by creeping into a ship at a port-hole between decks. This is house-breaking.

(খ) জাহাজের দুই তুতকের মধ্যে যে খিড়কী থাকে তাহাতে কালু হামাগুড়ি দিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে। এই সিঁধমারা।

(*c*) A commits house-trespass by entering Z's house through a window. This is house-breaking.

(গ) কালু খিড়কী দিয়া যদুর ঘরে গিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করণের দোষ করে। এই সিঁধমারা।

(*d*) A commits house-trespass by entering Z's house through the door, having opened the door with a false key. This is house-breaking.

(ঘ) কালু অন্য চাবি লইয়া যদুর দ্বার খুলিয়া দ্বার দিয়া প্রবেশ করিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে। এই সিঁধমারা।

(*e*) A commits house-trespass by entering Z's house through the door having lifted the latch by putting a wire through a hole in the door. This is house-breaking.

(ঙ) যদুর ঘরের দ্বারে ছিদ্র আছে সেই ছিদ্র দিয়া কালু কোন যষ্টিপ্রভৃতি দিয়া হুড়কা খুলিয়া ফেলিয়া ঐ দ্বার দিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে। এই সিঁধমারা।

(*f*) A finds the key of Z's house door, which Z had lost, and commits house-trespass by entering Z's house, having opened the door with that key. This is house-breaking.

(চ) যদু আপন ঘরের দ্বারের চাবি হারাইয়াছে, কালু সে চাবি কোন স্থানে পাইয়া তাহাতে দ্বার খুলিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে। এই সিঁধমারা।

(*g*) Z is standing in his door-way. A forces a passage by knocking Z down, and commits house-trespass by entering the house. This is house-breaking.

(ছ) যদু আপন দ্বারে দাঁড়াইয়া আছে। কালু তাহাকে ফেলিয়া দিয়া ঘরে ঢুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে। এই সিঁধমারা।

(*h*) Z, the porter of Y, is standing in Y's door-way. A commits house-trespass by entering the house, having deterred Z from opposing him by shaking a stick at Z. This is house-breaking.

(জ) যদু নামে রামের দরওয়ান রামের দ্বারে দাঁড়াইয়াছে। কালু সেই যদুর মুখের উপর যষ্টি তুলিয়া তাহার ভয় জন্মাইয়া ঘরে ঢুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে। এই সিঁধমারা।

[House-breaking by night.]

রাত্রিতে সিঁধমারা।

68. Whoever commits house-breaking after sun-set and before sun-rise, is said to commit "house-breaking by night."

৬৮। যদি কেহ সূর্য্য অস্ত হইবার পর ও উদয় হইবার পূর্ব্বে কোন কালে সিঁধ মারে তবে সে রাত্রিতে সিঁধমারে বলা যায়।

(গবর্নমেন্ট গেজেট। ১৮৫৭। ৯ জুন।)

[Punishment for criminal trespass.]

69. Whoever commits criminal trespass shall be punished with imprisonment of either description for a term which may extend to one month, or with fine which may extend to five hundred Rupees, or with both.

[Punishment for house-trespass.]

70. Whoever commits house-trespass, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine which may extend to one thousand Rupees, or with both.

[Cumulative punishment when house-trespass is committed with another offence.]

71. If any person commits house-trespass in order to the committing of any other offence, and actually commits that other offence, the punishment shall be cumulative.

[House-trespass accompanied by an act done towards the commission of an offence punishable with death.]

72. Whoever commits house-trespass in order to the committing of any offence punishable with death, and does any act towards the commission of that offence, shall, if that offence is not committed, be punished with transportation for life, or with rigorous imprisonment for a term not exceeding fourteen years and which must not be less than seven years, and shall also be liable to fine.

[House-trespass accompanied by an act done towards the commission of an offence punishable with transportation for life.]

73. Whoever commits house-trespass in order to the committing of any offence punishable with transportation for life, and does any act towards the commission of such offence, shall, if that offence is not committed, be punished with imprisonment of either description for a term not exceeding fourteen years and which must not be less than five years, and shall also be liable to fine.

[House-trespass accompanied by an act done towards the commission of an offence punishable with imprisonment.]

74. Whoever commits house-trespass in order to the committing of any offence punishable with imprisonment, and does any act towards the commission of such offence, shall, if that offence is not committed, be punished with imprisonment of either description for a term which may extend to one year, to which may be added a term not exceeding one-third of the longest time for which he would have been liable to be imprisoned if he had committed the offence in order to the committing of which he committed the house-trespass, and shall also be liable to fine.

[House-trespass after preparation made for causing hurt to any person.]

75. Whoever commits house-trespass having made preparation for causing hurt to any person, or for assaulting any person, or for wrongfully

[অন্যায়মতে প্রবেশ করিবার দণ্ড।]

৬৯। যদি কেহ অন্যায়মতে প্রবেশ করে তবে সে এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানা কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক।

[অন্যায়মতে গৃহপ্রবেশ।]

৭০। যে কেহ অন্যায়মতে গৃহপ্রবেশ করে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইতে পারিবেক।

[অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার সঙ্গে অন্য অপরাধ করা গেলে তাহার সংযুক্ত দণ্ড।]

৭১। যদি কোন লোক অন্য কোন অপরাধ করিবার জন্যে অন্যায়মতে গৃহপ্রবেশ করে ও সেই অন্য অপরাধ নিতান্ত করে, তবে তাহার সংযুক্ত দণ্ড হইবেক।

[অন্যায়মতে গৃহপ্রবেশ করিয়া প্রাণদণ্ডের অপরাধ করণসম্পর্কে কোন কার্য্য করিবার দণ্ড।]

৭২। যদি কোন লোক প্রাণদণ্ডের কোন অপরাধ করিবার জন্যে অন্যায়মতে গৃহপ্রবেশ করে ও সেই অপরাধ করিবার উপলক্ষে কোন কার্য্য করে, তবে সেই অপরাধ না করা গেলে তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক, কিম্বা সে চৌদ্দ বৎসরের অনধিক ও সাত বৎসরের কম না হয় এমত কোন মিয়াদে কঠিনরূপে কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[অন্যায়মতে গৃহপ্রবেশ করিয়া যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ডের অপরাধের উপলক্ষে কোন কার্য্য করিবার দণ্ড।]

৭৩। যে অপরাধের যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইতে পারে এমত অপরাধ করিবার জন্যে যদি কেহ অন্যায়মতে গৃহপ্রবেশ করে ও সেই অপরাধ করিবার উপলক্ষে কোন কার্য্য করে, তবে সেই অপরাধ না করা গেলে সেই লোক চৌদ্দ বৎসরের অনধিক ও পাঁচ বৎসরের কম না হয় এমত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[অন্যায়মতে গৃহপ্রবেশ করিয়া যে অপরাধের জন্যে কয়েদ হইতে পারে এমত অপরাধের উপলক্ষে কোন কার্য্য করিবার দণ্ড।]

৭৪। যে অপরাধের জন্যে কয়েদ হইতে পারে এমত অপরাধ করিবার নিমিত্তে যদি কেহ অন্যায়মতে গৃহপ্রবেশ করে ও সেই অপরাধ করিবার উপলক্ষে কোন কার্য্য করে, তবে সেই অপরাধ না করা গেলে সেই লোক এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক। তদ্ভিন্ন যে অপরাধ করিবার জন্যে অন্যায়মতে গৃহপ্রবেশ করিয়াছিল সেই অপরাধ করিলে সেই লোক অত্যধিক যত কাল কয়েদ হইবার যোগ্য হইত তাহার তিন ভাগের এক ভাগের অনধিক কোন কাল কয়েদ হইতে পারিবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কোন লোককে আঘাত করিবার উদ্যোগ করিলে পর অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার দণ্ড।]

৭৫। যদি কোন লোক অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার জন্যে কিম্বা অন্যায়মতে গৃহপ্রবেশ করিয়া থাকন কালে কোন কাহাকে আঘাত করিবার কিম্বা

restraining any person, or for putting any person in fear of hurt, or of assault, or of wrongful restraint in order to the committing of such house-trespass, or during the continuance of such house-trespass, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Punishment for lurking house-trespass or house-breaking.]

76. Whoever commits lurking house-trespass, or house-breaking, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Cumulative punishment when lurking house-trespass is committed with another offence.]

77. If any person commits lurking house-trespass, or house-breaking, in order to the committing of any other offence, and actually commits that other offence, the punishment shall be cumulative.

[Lurking house-trespass or house-breaking accompanied by an act done towards the commission of an offence punishable with imprisonment.]

78. Whoever commits lurking house-trespass, or house-breaking, in order to the committing of any offence punishable with imprisonment, and does any act towards the commission of that offence, shall, if that offence is not committed, be punished with imprisonment of either description for a term which may extend to two years, to which may be added a term which may extend to one-half of the longest time for which he would have been liable to be imprisoned if he had committed the offence in order to the committing of which he committed such lurking house-trespass or house-breaking, and shall also be liable to fine.

[Lurking house-trespass or house-breaking after preparation made for causing hurt to any person.]

79. Whoever commits lurking house-trespass, or house-breaking, having made preparation for causing hurt to any person, or for assaulting any person, or for wrongfully restraining any person, or for putting any person in fear of hurt or of assault or of wrongful restraint, in order to the committing of such lurking house-trespass, or house-breaking, or during the continuance of the house-trespass which has been begun by such lurking house-trespass, or house-breaking, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Punishment for lurking house-trespass or house-breaking by night.]

80. Whoever commits lurking house-trespass by night, or house-breaking by night, shall be punished with imprisonment of either description for

কোন কাহার উপর আক্রমণ করিবার কিম্বা কোন কাহাকে অন্যায়মতে আটক করিবার, কিম্বা কোন কাহার আঘাত হইবার কি কোন কাহার প্রতি আক্রমণ হইবার কিম্বা কোন কাহার অন্যায়মতে আটক হইবার ভয় জন্মাইবার উদ্যোগ করিলে পর, অন্যায়মতে গৃহপ্রবেশ করে তবে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার কি সিঁধ মারিবার দণ্ড।]

৭৬। যে কেহ লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার কি সিঁধ মারিবার অপরাধ করে, সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার অপরাধের সঙ্গে অন্য অপরাধও করা গেলে সংযুক্ত দণ্ড।]

৭৭। যদি কোন ব্যক্তি অন্য কোন অপরাধ করিবার জন্যে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে কি সিঁধ মারে ও সেই অন্য অপরাধ নিতান্ত করে তবে তাহার সংযুক্ত দণ্ড হইবেক।

[লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার কি সিঁধ মারিবার কালে যে অপরাধের জন্যে কয়েদ হয় তাহা করিবার উপলক্ষে কোন কার্য্য করা গেলে তাহার দণ্ড।]

৭৮। যে অপরাধের জন্যে কয়েদ হয় এমত কোন অপরাধ করিবার নিমিত্তে যদি কেহ লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে কি সিঁধ মারে, ও সেই অপরাধ করিবার উপলক্ষে কোন কার্য্য করে, তবে সেই অপরাধ না করা গেলে ঐ লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক। তদ্ভিন্ন, যে অপরাধ করিবার জন্যে সে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিয়াছিল কি সিঁধ মারিয়াছিল সেই অপরাধ করিলে সে অত্যধিক যত কাল কয়েদ হইবার যোগ্য হইত তাহার অর্দ্ধেক মিয়াদে কয়েদ হইতে পারিবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কোন লোককে আঘাত করিবার উদ্যোগ করিলে পর লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার কি সিঁধ মারিবার দণ্ড।]

৭৯। যদি কেহ লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার কি সিঁধ মারিবার জন্যে কিম্বা সেইরূপে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিয়া কি সিঁধ মারিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার যে অপরাধ আরম্ভ হইয়াছে তাহা করিতে থাকনকালে কোন লোককে আঘাত করিবার কিম্বা কোন লোকের প্রতি আক্রমণ করিবার কি কোন লোককে অন্যায়মতে আটক করিয়া রাখিবার, কিম্বা কোন লোকের আঘাত হইবার কি কোন লোকের প্রতি আক্রমণ হইবার কি তাহার অন্যায়মতে আটক হইবার ভয় জন্মাইবার উদ্যোগ প্রথমে করিয়া, লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে কি সিঁধ মারে, তবে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার কি সিঁধ মারিবার দণ্ড।]

৮০। যে কেহ রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে কি রাত্রিতে সিঁধ মারে সেই লোক তিন

a term which may extend to three years, and shall also be liable to fine.

[Cumulative punishment when lurking house-trespass or house-breaking by night is committed with another offence.]

81. If any person commits lurking house-trespass by night, or house-breaking by night in order to the committing of any other offence, and actually commits that other offence, the punishment shall be cumulative.

[To be continued.]

বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহাহার জরীমানাও হইতে পারিবেক।

[রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার কি সিঁধ মারিবার অপরাধের সঙ্গে অন্য অপরাধ করা গেলে তাহার সংযুক্ত দণ্ড।]

৮১। যদি কোন লোক অন্য কোন অপরাধ করিবার জন্যে রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে কি রাত্রিতে সিঁধ মারে ও সেই অন্য অপরাধ নিতান্ত করে তবে তাহার সংযুক্ত দণ্ড হইবেক।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 7.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 13th May, 1857.

It has been brought to the notice of the Board by the Remembrancer of Legal Affairs, that some Commissioners misapprehend the meaning of Clause 2 Rule 3 of the Civil Suit Series, and return Plaints to the Civil Courts, before the replies have been prepared, with the intimation of their intention to file them at some future time. The consequence of this is, that in any case, if the period usually allowed expires, as it generally must, before the reply has been filed, the Civil Courts are justified in deciding the case *ex parte*. I am therefore directed to inform you, that until the reply has been prepared by you in consultation with the Legal Remembrancer, no communication should be made to the Civil Court, but when it has been prepared, the same day on which it is forwarded to the Collector to be filed, the Petition of Plaint should be returned to the Civil Court, with the intimation of your intention to defend the Suit on the part of Government. You will be particular in requiring the Civil Courts invariably to send the original Petition of Plaint, not a Copy, as the Board believe is frequently done.

(Signed) E. T. TREVOR,
Secretary

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৭ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১৩ মে।

সরকারী মোকদ্দমার প্রয়োজক সাহেব বোর্ড রেবিনিউর সাহেবদিগকে অবগত করিয়াছেন যে, কোন২ কমিস্যনর সাহেব দেওয়ানী মোকদ্দমার বিধির ৩ ধারার ২ প্রকরণের অর্থ না বুঝিয়া, নালিশের আরজীর জওয়াব প্রস্তুত হইবার পূর্ব্বে. ও সেই জওয়াব পরে কোন সময়ে দাখিল করিবার মনস্থ আছে এই কথা জানাইয়া, ঐ নালিশের আরজী দেওয়ানী আদালতে ফিরিয়া পাঠান। ইহার ফল এই যে, জওয়াব দাখিল করিবার আগে নিয়মিত মিয়াদ প্রায় সর্ব্বদাই অতীত হয় তাহাতে দেওয়ানী আদালত মোকদ্দমার একতরফা নিষ্পত্তি করিয়া নির্দ্দোষী হন। অতএব তোমাকে আদেশমতে জানাইতেছি যে তুমি যাবৎ সরকারী মোকদ্দমার প্রয়োজক সাহেবের সঙ্গে পরামর্শ করিয়া জওয়াব প্রস্তুত না করিয়াছ তাবৎ দেওয়ানী আদালতে কিছু পত্রাদি পাঠাইতে হইবেক না। জওয়াব প্রস্তুত হইয়া দাখিল করিবার জন্যে যে দিনে কালেকটর সাহেবের নিকটে পাঠান যায় সেই দিনে তুমি নালিশের আরজী দেওয়ানী আদালতে ফিরিয়া পাঠাইবা, ও গবর্ণমেণ্টের পক্ষে মোকদ্দমার জওয়াব করিতে তোমার মনস্থ আছে এই কথা জানাইবা। বোর্ডের সাহেবেরা বোধ করেন যে অনেকবার নালিশের আসল আরজী না পাঠাইয়া তাহার নকল পাঠান গিয়া থাকে। কিন্তু তুমি দেওয়ানী আদালতে আদেশ করিবা যে তাহারা সর্ব্বদাই আসল আরজী পাঠান।

ই টি ট্রেবর। সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator*

NOTIFICATIONS

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT

The 30th May, 1857.

Moonshee Korbanoollah, to officiate as Moonsiff of Chowgong, Zillah Rajshahye.

LEAVE OF ABSENCE.

The 30th May, 1857.

Baboo Gopeemohun Roy, Moonsiff of Manickgunge, Zillah Dacca, for four months in extension, under Section VIII. of the Uncovenanted Absentee Rules.

A. W. RUSSELL, *Register.*

[*Government Gazette*, 9th June, 1857.]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৩০ মে।

শ্রীযুত মুনশী কোর্ব্বানুল্লা জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৩০ মে।

জিলা ঢাকার মাণিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গোপীমোহন রায় অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে অধিক চারি মাসের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্তিহার.

SALT. নিমক।

মানকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেন্ট গোলাশুক্তি বাবৎ লাগাদ ৩১ মে সন ১৮৫৭ সাল প্রত্যেক এজেন্সীর ও খালিখার গোলাজাতের মজুদ।

এজেন্সীর নাম।		সন ১২৫৮ সাল মোতাবক ইংরাজী ১৮৫১। ৫২ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬। ৫৭ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলি।								
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর।		০	০	০	০	৭৬৫/	৬১,০৩০/	৬১,৭৯৫/
ঐ কৃষ্ণনগর।		০	০	০	০	৩,৩৬১॥৫	৭৯,১৬৭/	৮২,৫২৮॥৫
ঐ রামনগর।		০	০	০	৫,০৯৭/	৩৭৫/	৫৬,৬১১/	৬২,০৮৩/
ঐ উত্তর কালীনগর।		০	০	০	০	১,০২৩/	৮৮১০০/	৮৯,২২৩/
ঐ পুরি ঘাটা।		০	০	০	০	৪২,৭৪২৸০	২৭,৭৬৮/	৭০,৫১০৸০
	একুন।	০	০	০	৫,০৯৭/	৪৮,২৬৭।৫	৩,১১,৭৭৬/	৩,৬৬,১৪০।৫
তমলুক।								
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।		০	০	০	০	৩,২০১/২৶	০	৩,২০১/২৶
	একুন।	০	০	০	০	৩,২০১/২৶	০	৩,২০১/২৶
২৪ পরগনা।								
পাঙ্গা নেমক ঘাট ধোসা।		০	০	০	০	৩.৫৭৫॥৫	০	৩.৫৭৫॥৫
ঐ বাগুণ্ডি।		০	০	০	০	৪,৮২৭/৯	০	৪,৮২৭/৯
	একুন।	০	০	০	০	৮.৪০২৸৪	০	৮,৪০২৸৪

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৫৭। ৯ জুন।]

এজেন্সীর নাম		সন ৫৮ সাল মোতাবক স্ত্রী ১৮৫১।৫২ সাল এবং পূর্ব্ব সনহ.য়ের	সন ১২৫৯ সাল মোতাবক ই ১৮৫২।৫৩ সাল	৬০ সাল মোত বক ইং ১৮৫৩।৫৪ সাল	সন১২ ৬১ সাল মোত ইং ১৮৫৪।৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫।৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬।৫৭ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম।								
পাঙ্গা নেমক সদর ঘাট এজেন্সী।		০	০	০	০	৪,৮৮৯৸২	০	৪,৮৮৯৸২
ঐ আরাকিন।		০	০	০	০	৭,০০৫।৫	০	৭,০০৫।৫
		০	০	০	০	০	৫৫,৯৩৫/৫	৫৫,৯৩৫/৫
	একুন।	০	০	০	০	১১,৮৯৫।৭	৫৫,৯৩৫/৫	৬৭,৮৩০৸২
শালিখা।								
পাঙ্গা নেমক কটক।		০	০	০	০	৮৫,০৭৫/	০	৮৫,০৭৫/
ঐ বালেশ্বর।		০	০	০	০	৫৫৭/	০	৫৫৭/
ঐ খোরদা।		০	০	০	২১১/	২,২৩৭/	০	২,৫২৮/
ঐ চিলকা।		০	০	০	৩,০২৮/	৪৫,১৮২/	০	৪৮,২১০/
ঐ ২৪ পরগনা।		০	০	০	০	৪,৩২০/	০	৪,৩২০/
ঐ ঐ নারায়ণপুর।		২,০৩,১৮৭৸০	০	০	০	০	০	২,০৩,১৮৭৸০
করকচ মান্দ্রাজ পরমিট।		০	০	০	২,৮২,০১২/	৭,০৬,৪৮২/	০	৯,৮৮,৪৯৪/
ঐ চিলকা।		০	০	১৫,৩১৪/	১,৭৫,২৯৯/	৯৪,৬০৬/	০	২,৮৫,২১৯/
		০	০	০	৫২৩/	৪১৯/	০	৯৪২/
	একুন।	২,০৩,১৮৭৸০	০	১৫,৩১৪/	৪,৬১,১৫৩/	৯,৩৮,৮৭৮/	০	১৬,১৮,৫০২৸০
আরাকিন।								
পাঙ্গা নেমক ঘাট কৈকফু।		০	০	০	০	১৩,৯২৪৸২	২৫,৮৮৪/	৩৯,৮০৮৸২
	একুন।	০	০	০	০	১৩,৯২৪৸২	২৫,৮৮৪/	৩৯,৮০৮৸২
	মোট একুন	২,০৩,১৮৭৸০		১৫,৩১৪/	৪,৬৬,২৫০/	৯,২৪,৫৬৯।	৩,৯৪,৫৯৫/৫	২১,০৩,৯১৫৸৫/

ই টি ট্রবর ক্রুট

[*Government Gazette, 9th June, 1857.*]

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

অতিরিক্ত

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, JUNE 12, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ১২ জুন

DRAFT OF ACT.

A Bill for extending the jurisdiction of the Courts of Criminal Judicature of the East India Company in Bengal, for simplifying the Procedure thereof, and for investing other Courts with Criminal jurisdiction.

CHAPTER XIII.

OF PRELIMINARY INQUIRY BY THE MAGISTRATE IN CASES TRIABLE BY THE SESSION COURT.

Examination of Parties and Evidence.

[Continued from page 490.]

[Magistrate not to receive any written admission or confession of guilt made to the police.]

14. It shall not be competent to the magistrate to receive in evidence against the defendant any written admission or confession of guilt or any statement made by him to the darogha, or other officer of police, and by him reduced into writing.

[But may receive evidence of a police officer as to unrecorded admission of guilt.]

15. Nothing contained in the last preceding Article shall prevent the magistrate from receiving the evidence of a police officer to any unrecorded admission or confession of guilt, or other statement made to him by the defendant.

[Examination of defendant.]

16. It shall be at the discretion of the magistrate to examine the defendant at any stage of the inquiry from the time of the defendant being first brought before him, and to put such questions to him from time to time as he may consider necessary, until the inquiry is completed, and the defendant either discharged, or committed or held

আইনের মুসাবিদা।

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের এলাকা বৃদ্ধি করিবার ও তাহার কার্য্য আরো সহজরূপে করা যাইবার ও অন্যান্য আদালতকে ফৌজদারী এলাকা দিবার আইনের মুসাবিদা।

১৩ অধ্যায়

সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমাতে মাজিষ্ট্রেট সাহেবের প্রথমে তদারক করিবার কথা।

উভয় পক্ষের জোবানবন্দীর ও সাক্ষ্যের কথা।

[৪৯০ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[কোন কথা কি দোষ স্বীকার করিয়া পোলীসকে লিখিয়া দেওয়া গেলে মাজিষ্ট্রেট সাহেব তাহা গ্রাহ্য করিবেন না।]

১৪। দারোগার কিম্বা পোলীসের অন্য আমলার নিকটে আসামী যে কোন কথা কি দোষ স্বীকার করিয়া লিখিয়া দিয়া থাকে, কিম্বা তাঁহার নিকটে যে কোন কথা কহিয়া থাকে ও তাঁহার দ্বারা লেখাইয়া লওয়া যায় এমত কোন কথা, মাজিষ্ট্রেট সাহেব আসামীর বিপরীত প্রমাণস্বরূপে গ্রাহ্য করিতে পারিবেন না।

[কিন্তু দোষ স্বীকার করিবার যে কথা লেখা না গিয়াছে তদ্বিষয়ে পোলীসের আমলার সাক্ষ্য গ্রাহ্য করিতে পারিবেন।]

১৫। পরন্তু যে কোন কথা কি দোষ স্বীকার হইলেও লেখা না গিয়াছে তদ্বিষয়ে কিম্বা আসামী পোলীসের আমলার নিকটে অন্য যে কোন কথা কহিয়া থাকে তদ্বিষয়ে ঐ আমলার সাক্ষ্য মাজিষ্ট্রেট সাহেবের লইবার বাধা ইহার পূর্ব্বের প্রকরণের কোন কথাতে হইবেক না।

[আসামীর জোবানবন্দী।]

১৬। আসামীকে যে সময়ে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করা যায় সেই সময়অবধি তজবীজ করিবার কোন কালে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে আসামীর জোবানবন্দী লইতে পারিবেন, ও যাবৎ তজবীজের কার্য্য সমাপ্ত না হয় ও আসামীকে খালাস না করা যায়, কি সেশন আদালতে বিচার হইবার নিমিত্তে সোপর্দ্দ না করা যায় কি তাহার স্থানে হা-

to bail to take his trial before the Court of Session.

[Magistrate how to proceed in case of confession.]

17. If the defendant shall of his own accord propose to confess the commission by him of the offence of which he supposes himself to be accused, the magistrate shall require him to give an account of the facts and circumstances in detail, and shall examine him thereupon to test the consistency of his relation, in the same manner as if he were a witness.

[No influence to be used to induce disclosures.]

18. No influence, by means of any promise or threat, shall be used to any defendant under examination to induce him to disclose or withhold any matter within his knowledge.

[Examination of the defendant how to be recorded. Examination to be admitted as evidence on the attestation of the magistrate.

19. The examination of the defendant, including every question put to him, and every answer given by him, shall be recorded in full, and shall be shown or read to him, and he shall be at liberty to explain or add to this answers; and when the whole is made conformable to what he declares is the truth, he shall be called upon to sign the examination; and so with the examination made on each day, if made on more days than one. If the defendant refuses to sign, his reason shall be stated in writing as he gives it, at the foot of the examination, and whether the defendant signs it or not, the examination shall be attested by the signature of the magistrate, who shall certify under his own hand that it was taken in his presence and in his hearing, and contains accurately the whole of the defendant's statement. No other attestation shall be necessary to render the examination available as evidence at the trial of the defendant, and such attestation shall be admitted without proof of the signature to it, unless the trying court shall see reason to doubt its genuineness.

[Defendant may be detained for any offence committed by him.]

20. The defendant, on examination, may be committed or held to bail by the magistrate for any offence which from the evidence he may appear to have committed.

[Any person attending may be detained for any offence committed by him.]

21. Any person attending, although otherwise than upon an arrest or summons on a charge made, may be detained by the magistrate for the purpose of examination, for any offence which from the evidence he may appear to have committed, and proceeded against as though he had been summoned on a charge made.

জিরজামিনী না লওয়া যায় এবং তিনি সময়ে২ যে কোন কথা জিজ্ঞাসা করা আবশ্যক জ্ঞান করেন তাহা করিতে পারিবেন।

[দোষ স্বীকার করা গেলে মাজিস্ট্রেট সাহেবের যাহা করিতে হইবেক।]

১৭। আসামীর বোধমতে আপন নামে যে অপরাধের নালিশ হইয়াছে তাহা যদি আপনার ইচ্ছামতে স্বীকার করিতে চাহে, তবে মাজিস্ট্রেট সাহেব তাহাকে তাবৎ বৃত্তান্ত ও পূর্ব্বাপরের ঘটনা বিস্তারিত করিয়া বলিতে আজ্ঞা করিবেন, ও সেই ব্যক্তি সাক্ষী হইলে তাহার কথার সংলগ্নতার পরীক্ষা যেমন করিতেন তেমনি করিবার জন্যে তাহার জোবানবন্দী লইবেন।

[কথা প্রকাশ করাইবার জন্যে কোন প্রবৃত্তি দিতে হইবেক না।]

১৮। কোন আসামীর জোবানবন্দী যে সময়ে লওয়া যায় সেই সময়ে তাহার জ্ঞাতসারে কোন কথা প্রকাশ করিতে কি গোপন রাখিতে, কিছু দিবার প্রতিজ্ঞা করিয়া কি ভয় দর্শাইয়া, কোন প্রবৃত্তি দেওয়া যাইবেক না।

[আসামীর জোবানবন্দী যে প্রকারে লিখিয়া লওয়া যাইবেক। মাজিস্ট্রেট সাহেবের দস্তখৎ হইলে ঐ জোবানবন্দী সাক্ষ্যস্বরূপে গ্রাহ্য হইবেক।]

১৯। আসামীর জোবানবন্দী ও তাহাকে যে প্রত্যেক কথা জিজ্ঞাসা করা যায় ও সে যেং উত্তর দেয় তাহা সম্পূর্ণরূপে লিখিয়া লওয়া যাইবেক, ও তাহাকে দেখান যাইবেক কিম্বা তাহার নিকটে পাঠ করা যাইবেক, ও সে আপনার উত্তরের অর্থ করিতে কিম্বা তাহার অধিক কোন কথা লেখাইতে পারিবেক, ও আসামী যাহা সত্য বলে তদনুসারে তাবৎ বিষয় লেখা গেলে পর তাহাকে সেই জোবানবন্দীতে দস্তখৎ করিতে আজ্ঞা হইবেক, আর যদি জোবানবন্দী লইতে একের অধিক দিন লাগে তবে প্রতিদিনই সেইরূপে করিতে হইবেক। যদি আসামী তাহাতে দস্তখৎ করিতে স্বীকার না করে তবে তাহা না করিবার যে কারণ কহে সেই কারণ জোবানবন্দীর নীচে লেখা যাইবেক, ও আসামী তাহাতে দস্তখৎ করুক কি না করুক মাজিস্ট্রেট সাহেবের দস্তখতে জোবানবন্দীর প্রমাণ হইবেক ও তিনি আপন হাতে এই মর্ম্মের সার্টিফিকট লিখিবেন যে এই জোবানবন্দী আমার সাক্ষাতে ও কর্ণগোচরে লওয়া গিয়াছে ও আসামীর সমুদয় কথা ইহাতে যথার্থই লেখা গিয়াছে। আসামীর বিচারকালে ঐ জোবানবন্দী সাক্ষ্যস্বরূপে গ্রাহ্য হইবার জন্যে অন্য কোন প্রমাণের আবশ্যক হইবেক না ও ঐ দস্তখতের কোন প্রমাণ না লইয়া ঐ প্রমাণ গ্রাহ্য হইবেক কিন্তু তাহা প্রকৃত নহে এমত সন্দেহ করিবার কারণ যদি বিচারকরণিয়া আদালত বুঝেন তবে প্রমাণ লইতে পারিবেন।

[আসামী যে কোন অপরাধ করিয়া থাকে তাহার জন্যে আটক করিয়া রাখা যাইতে পারিবেক।]

২০। প্রমাণক্রমে আসামীর যে কোন অপরাধ দৃষ্ট হয় তাহার নিমিত্তে জোবানবন্দী লওনকালে মাজিস্ট্রেট সাহেব তাহাকে সোপর্দ্দ করিতে পারিবেন কিম্বা তাহার স্থানে হাজিরজামিন লইতে পারিবেন।

[উপস্থিতথাকা কোন ব্যক্তি যে কোন অপরাধ করিয়া থাকিবেক তাহার নিমিত্তে আটক হইতে পারিবেক।]

২১। কোন ব্যক্তি নালিশমতে গ্রেপ্তার না হইয়াও কি সমনমতে উপস্থিত না হইয়াও যদি আপনি উপস্থিত হয় ও যদি প্রমাণক্রমে দৃষ্ট হয় যে সে কোন অপরাধ করিয়াছে তবে তাহার নিমিত্তে মাজিস্ট্রেট সাহেব তাহার জোবানবন্দী লইবার জন্যে তাহাকে আটক করিয়া রাখিতে পারিবেন, ও নালিশমতে সমন করা গেলে তাহাকে লইয়া যেরূপে কার্য্য হইত সেইরূপে কার্য্য হইবেক।

(গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১২ জুন।)

[Discretionary with the magistrate to take evidence for the defence.]

22. It shall be at the discretion of the magistrate to summon and examine any evidence that may be offered in behalf of the defendant to answer or disprove the evidence against him.

[Witnesses for the defence.]

23. The provisions of Articles 8, 9, 10, and 13 of this Chapter shall be applicable to witnesses named in support of the defence.

Conditional Pardon.

[Magistrate may tender a pardon in certain cases.]

24. In cases of murder, dacoity, robbery, thuggee, offences relating to coin, and forgery, as well as in cases of house-breaking and theft, attended with circumstances of aggravation, it shall be lawful for the magistrate, recording his reasons for the same, to tender a pardon to one or more persons supposed to have been directly or indirectly concerned in or privy to the offence on condition of their making a full, true, and fair disclosure of the whole of the circumstances within their knowledge relative to the crime committed, and the persons concerned in the perpetration thereof, or of their pointing out (in cases of robbery and theft) the mode in which the stolen property may have been disposed of.

[When Sudder Court or Session Court may direct the commitment of a person to whom a pardon may have been tendered.]

25. It shall be competent to the Session Court, or to the Sudder Court as a Court of reference, to direct the commitment of any person to whom a pardon may have been offered under the provisions of the last preceding Article, should it appear that such person has not conformed to the conditions under which the pardon was tendered, either by wilfully concealing anything essential, or by giving false evidence or information.

[When Sudder Court or Session Court may direct a tender of pardon.]

26. In like manner it shall be competent to a Session Court, at the time of trial, and also to the Sudder Court as a Court of reference, to instruct the magistrate to tender a pardon to one or more persons supposed to have been directly or indirectly concerned in or privy to the offence, with the view of obtaining his or their evidence on the trial.

[Sudder Court may revise proceedings when a pardon may have been tendered.]

27. It shall be competent to the Sudder Court to revise the proceedings of the magistrates, in any case in which a pardon may have been tendered to any person, and to annul the orders passed on such proceedings, should it appear to the Sudder Court that a pardon had been granted on insufficient grounds.

[মাজিষ্ট্রেট সাহেব স্বীয় বিবেচনামতে আসামীর তরফের প্রমাণ লইতে পারিবেন।]

২২। আসামীর বিরুদ্ধে যে প্রমাণ হইয়াছে তাহার জওয়াব দিবার কি তাহা খণ্ডাইবার জন্যে আসামীর তরফে যে কিছু প্রমাণ দিবার প্রস্তাব হয় তাহা মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে তলব করিয়া তাহার বিচার করিতে পারিবেন।

[আসামীর তরফের সাক্ষিরা।]

২৩। আসামীর তরফের যে সাক্ষিরদের নাম করা যায় তাহারদেরও উপর এই অধ্যায়ের ৮, ৯, ১০ ও ১৩ প্রকরণ খাটিবেক।

নিয়মাধীনে ক্ষমার কথা।

[মাজিষ্ট্রেট সাহেব কোন২ স্থলে ক্ষমা করিবার প্রস্তাব করিতে পারিবেন।]

২৪। হত্যা কি ডাকাইতী কি লুঠ কি ঠগী কি মুদ্রাসম্পর্কীয় অপরাধ কি জাল করণ অপরাধ হইলে কিম্বা সিঁধমারা ও চুরী করণ অপরাধের সহিত ঐ অপরাধবর্দ্ধক কোন কার্য্য হইলে, যাহারা স্পষ্টরূপে কি প্রকারান্তরে ঐ অপরাধে লিপ্ত ছিল কি তাহার তত্ত্ব অবগত ছিল বোধ হয়, এমত কোন এক কি অধিক লোক ঐ অপরাধের বিষয় ও সেই অপরাধ করণেতে যাহারা লিপ্ত ছিল তাহারদের বিষয় যেপর্য্যন্ত জানে তাহা সমুদয় সম্পূর্ণরূপে ও সত্য ও প্রকৃতরূপে প্রকাশ করিবেক, অথবা (লুঠ ও চুরী করণের অপরাধ হইলে) চোরা জিনিস লইয়া যাহা করা গিয়াছে তাহা প্রকাশ করিবেক এমত করার করিলে, মাজিষ্ট্রেট সাহেব সেই লোককে কি লোকেরদিগকে ক্ষমা করিবার প্রস্তাব করিতে পারিবেন। ও তাহা করিবার কারণ রিকার্ড করিবেন।

[ক্ষমা করিবার কথা হইলে আসামীকে সদর আদালত কি সেশন আদালত যে স্থলে সোপর্দ্দের আজ্ঞা করিতে পারিবেন।]

২৫। ইহার পূর্ব্বের প্রকরণমতে যাহাকে ক্ষমা করিবার প্রস্তাব হইয়াছে এমত কোন লোক গুরুতর কোন কথা জানিয়াশুনিয়া গোপন রাখিয়া কিম্বা মিথ্যা সাক্ষ্য কি সম্বাদ দিয়া ক্ষমার প্রস্তাবে যে নিয়মমতে হয় তাহা লঙ্ঘন করিয়াছে ইহা যদি দৃষ্ট হয়, তবে সেশন আদালত, কিম্বা যাঁহার প্রতি মোকদ্দমা অর্পণ হইতে পারে এমত আদালতস্বরূপে সদর আদালত, সেই লোকের সোপর্দ্দ হইবার আজ্ঞা করিতে পারিবেন।

[সদর কি সেশন আদালত যে স্থলে ক্ষমার প্রস্তাবের আজ্ঞা করিতে পারিবেন।]

২৬। তদ্রূপেও বিচার করিবার কালে সেশন আদালত, ও যাঁহার প্রতি মোকদ্দমা অর্পণ হইতে পারে এমত আদালতস্বরূপে সদর আদালত, মাজিষ্ট্রেট সাহেবকে এমত আজ্ঞা করিতে পারিবেন যে, অপরাধেতে যাহারা স্পষ্টরূপে কি প্রকারান্তরে লিপ্ত ছিল কি যাহারা তত্ত্ব জানিয়াছিল বোধ হয়, এমত কোন এক কি অধিক লোকের সাক্ষ্য পাইবার জন্যে তাহাকে কি তাহারদিগকে ক্ষমা করিবার প্রস্তাব করেন।

[ক্ষমার প্রস্তাব হইলে সদর আদালত রুবকারী সংশোধন করিতে পারিবেন।]

২৭। যে কোন মোকদ্দমায় কোন ব্যক্তিকে ক্ষমা করিবার প্রস্তাব হয় সেই মোকদ্দমাতে মাজিষ্ট্রেট সাহেবের রুবকারী সদর আদালতের সাহেবেরা দৃষ্টি করিতে পারিবেন আর সদর আদালত যদি বোধ করেন যে অনুপযুক্ত কারণে ক্ষমা হইয়াছে তবে সেই রুবকারীমতে যে হুকুম হয় তাহা বাতিল করিতে পারিবেন।

Bail.

[Bail not to be taken for certain offences if proof of guilt. When may be taken.]

28. Where any person shall appear or be brought before a magistrate accused of any of the offences entered as not bailable in Schedule A. of this Code of Procedure, such person shall not be admitted to bail, provided that there appear reasonable grounds for believing that he has been guilty of the crime imputed to him; but if the evidence given in support of the accusation shall, in the opinion of the magistrate, not be such as to raise a strong presumption of the guilt of the person accused and to require his committal, or such evidence shall be adduced on behalf of the person accused as shall, in the opinion of the magistrate, weaken the presumption of his guilt, but there shall appear to the magistrate in either of such cases to be sufficient ground for judicial inquiry into his guilt, the person accused shall be admitted to bail.

[When bail shall be taken.]

29. Where any person shall appear or be brought before a magistrate accused of any of the offences entered as bailable in Schedule A. of this Code of Procedure, he shall at once be admitted to bail.

[Recognizance of accused and sureties.]

30. Where a magistrate shall admit any person accused of any offence, or on suspicion thereof, to bail, a recognizance in such sum of money as the magistrate shall think sufficient is to be entered into by the person so accused, and one or more sureties, conditioned that such person shall attend during the preliminary inquiry, and, if required, shall appear at the then next session of the Session Court, to answer the charge.

[Insufficient bail.]

31. If through mistake or fraud, insufficient bail has been taken, or if the sureties become afterwards insufficient, the accused may be ordered by the magistrate to find sufficient sureties, and in default may be committed to prison.

[Bail may be taken any time before conviction.]

32. If the accused cannot presently find sureties, he shall be admitted to bail upon his doing so at any time afterwards before conviction.

[Discharge on bail.]

33. After the recognizances shall have been duly entered into, the magistrate, in case the ac-

হাজিরজামিন।

[কোনং অপরাধের প্রমাণ হইলে হাজিরজামিনী লওয়া যাইতে পারিবেক না। যেং স্থলে লওয়া যাইতে পারে।]

২৮। কার্য্য চালাইবার এই আইনের A চিহ্নের তফসীলে যাহার নিমিত্তে হাজিরজামিনী লওয়া যাইতে পারে না এমত যে সকল অপরাধ লেখা হইয়াছে, তাহার মধ্যে কোন অপরাধের নালিশ যাহার নামে হয় এমত কোন ব্যক্তি যদি মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হয় কি তাঁহার নিকটে আনা যায় তবে ঐ ব্যক্তির নামে যে অপরাধের অভিযোগ হইয়াছে সেই ব্যক্তি ঐ অপরাধের দোষী আছে বটে ইহা বিশ্বাস করিবার উপযুক্ত কারণ দৃষ্ট হইলে সেই ব্যক্তির হাজিরজামিনী দিবার অনুমতি হইবেক না। কিন্তু ঐ নালিশের পোষকতায় যে প্রমাণ দেওয়া যায় তাহা বুঝিয়া যদি মাজিস্ট্রেট সাহেবের বিবেচনাতে ঐ নালিশহওয়া ব্যক্তির দোষের দৃঢ় জ্ঞান না জন্মে ও তাহার সোপর্দ্দ হইবার আবশ্যক না হয়, অথবা নালিশহওয়া ব্যক্তির পক্ষে যে প্রমাণ উপস্থিত করা যায় তাহা বুঝিয়া যদি মাজিস্ট্রেট সাহেবের বিবেচনাতে তাহার দোষি হওয়ার সম্ভাবনা ন্যূন হয়, কিন্তু উভয় স্থলে যদি মাজিস্ট্রেট সাহেব বোধ করেন যে তাহার দোষের বিচার করিবার প্রচুর কারণ আছে, তবে অভিযুক্ত ব্যক্তির হাজিরজামিনী দিবার অনুমতি হইবেক।

[যে স্থলে হাজিরজামিনী লওয়া যাইবেক।]

২৯। কার্য্য চালাইবার এই আইনের A চিহ্নের তফসীলে যাহার নিমিত্তে হাজিরজামিনী লওয়া যাইতে পারে এমত যে সকল অপরাধ লেখা হইয়াছে তাহার মধ্যে কোন অপরাধের নালিশ যাহার নামে হয় এমত কোন ব্যক্তি যদি মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হয় কি তাঁহার নিকটে আনা যায়, তবে তাহার একেবারে হাজিরজামিনী দিবার অনুমতি হইবেক।

[অভিযুক্ত ব্যক্তির ও জামিনেরদের জামিনীপত্র।]

৩০। যাহার নামে কোন অপরাধ করিবার কি যাহার উপর শোবে হইবার নালিশ হয় এমত কোন ব্যক্তিকে মাজিস্ট্রেট সাহেব যদি হাজিরজামিন দিতে অনুমতি করেন তবে প্রথম স্থলের তদারক হইবার কালে ঐ ব্যক্তি হাজির থাকিবেক ও যদি প্রয়োজন হয় তবে তৎপরে সেশন আদালতের যে বৈঠক হয় সেই বৈঠকে ঐ নালিশের জওয়াব দিবার জন্যে হাজির হইবেক এই করারে মাজিস্ট্রেট সাহেব যত টাকা উচিত বোধ করেন তত টাকার তাইনে ঐ নালিশহওয়া ব্যক্তির হাজিরজামিনী লিখিয়া দিতে হইবেক ও তাহার এক কি অধিক জন জামিন দিতে হইবেক।

[অপ্রচুর জামিনী]

৩১। যদি ভুল কি প্রতারণাক্রমে অনুপযুক্ত জামিনী লওয়া গিয়া থাকে, অথবা যদি পরে জামিনেরা অপ্রচুর হয় তবে মাজিস্ট্রেট সাহেব নালিশহওয়া ব্যক্তিকে উপযুক্ত জামিন দিতে আজ্ঞা করিতে পারিবেন ও তাহা না দিলে তাহাকে কয়েদ করা যাইতে পারিবেক।

[দোষ সাব্যস্ত হইবার আগে কোন সময়ে জামিন লওয়া যাইতে পারিবেক।]

৩২। নালিশহওয়া ব্যক্তি যদি তৎকালে জামিন পাইতে না পারে তবে তৎপরে দোষ সাব্যস্ত হইবার আগে কোন কালে তাহাকে হাজিরজামিন দিবার অনুমতি হইবেক।

[জামিনীক্রমে খালাস করণ।]

৩৩। জামিনীপত্র উপযুক্তমতে করা গেলে পর ঐ নালিশহওয়া ব্যক্তি যদি স্বেচ্ছামতে উপস্থিত হইয়া

cused shall have appeared voluntarily, or shall be in the custody of some officer, shall thereupon discharge him; and in case he shall be in some prison or other place of confinement, shall issue a warrant of discharge to the gaoler or other person having him in his custody, who shall thereupon liberate him.

[How persons who have bailed may discharge themselves.]

34. Those who may have become bail for any person may discharge themselves by taking him and surrendering him before the Court by which he has been bailed, and he may thereupon be committed to prison by the said Court.

[New sureties.]

35. In such case it shall be competent to such defendant to find new sureties.

[Proceedings to compel payment of penalty by accused.]

36. Whenever by reason of default of appearance of the party executing the personal recognizance, the magistrate shall be of opinion that proceedings should be had to compel payment of the penalty mentioned in the recognizance, he shall proceed to enforce the penalty in the mode prescribed for the satisfaction of decrees of the Civil Court.

[Proceedings to compel payment of penalty by sureties.]

37. Whenever by reason of default of appearance by the party bailed, the magistrate shall be of opinion that proceedings should be had to compel payment of the penalty mentioned in the recognizance of the surety or sureties, he shall give notice to the surety or sureties to pay the same, or to show cause why it should not be paid; and, if no sufficient cause shall be shown, the magistrate shall proceed to recover the penalty from such surety or sureties by the attachment and sale of any of his or their property, in the mode prescribed for the attachment and sale of property in satisfaction of decrees of the Civil Court; and if the penalty be not paid and cannot be recovered by such attachment and sale, such surety or sureties shall be liable to confinement, by order of the magistrate, in the Civil gaol, during a period not exceeding six months.

Warrant of Commitment.

[Warrant of commitment, how to be directed, &c.]

38. Every warrant of commitment shall be directed to some gaoler, keeper, or other officer or person having authority to receive and keep prisoners, either by his name or official description, and shall command the person to whom it is so directed to receive the prisoner and keep him until he be discharged in due course of law.

[*Government Gazette*, 12*th June*, 1857.]

থাকে অথবা যদি কোন আমলার হেফাজতে থাকে তবে মাজিষ্ট্রেট সাহেব তৎক্ষণাৎ তাহাকে খালাস করিবেন। ও যদি সেই ব্যক্তি কোন জেলখানার কি কয়েদ হইবার অন্য স্থানে থাকে তবে মাজিষ্ট্রেট সাহেব জেলখানার দারোগার কিম্বা অন্য যে ব্যক্তির হেফাজতে সে থাকে তাহার নামে খালাস করিবার পরওয়ানা দিবেন, তাহাতে সেই লোক ঐ নালিশহওয়া ব্যক্তিকে তৎক্ষণাৎ খালাস করিবেন।

[জামিনেরা যে প্রকারে মুক্ত হইতে পারিবেক।]

৩৪। যাহারা কোন লোকের নিমিত্তে জামিন হইয়াছে তাহারা যে আদালতে তাহাকে হাজির করিবার নিমিত্তে জামিন হইয়াছিল সেই আদালতে তাহাকে লইয়া সমর্পণ করিয়া দিলে মুক্ত হইতে পারিবেক। তাহা হইলে সেই আদালত ঐ লোককে কয়েদ করিয়া রাখিতে পারিবেন।

[নূতন জামিন।]

৩৫। উক্ত স্থলে আসামী নূতন জামিন দিতে পারিবেক।

[নালিশহওয়া ব্যক্তির স্থানে জামিনের টাকা আদায় করিবার কার্য্য।]

৩৬। যে ব্যক্তি আপনি জামিনীপত্র লিখিয়া দিয়াছে তাহার হাজির হইবার ত্রুটি হইলে যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে ঐ লোক যত টাকার তাইনে জামিনীপত্র লিখিয়া দিয়াছিল সেই টাকা আদায় করিবার কার্য্য করা উচিত, তবে দেওয়ানী আদালতে ডিক্রীজারী করিবার যে নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে সেই নিয়মমতে ঐ টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন।

[জামিনেরদের স্থানে জামিনের টাকা আদায় করিবার কার্য্য।]

৩৭। যাহার স্থানে হাজিরজামিনী লওয়া গিয়াছে তাহার হাজির না হওয়াপ্রযুক্ত যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে জামিনের কি জামিনেরদের জামিনীপত্রে যত টাকা লেখা গিয়াছে তাহা আদায় করিবার কার্য্য করা উচিত, তবে তিনি সেই জামিনকে কি জামিনদিগকে সেই টাকা দিতে কিম্বা সেই টাকা না দিবার কারণ জানাইতে এত্তেলা দিবেন। আর যদি উপযুক্ত কারণ দর্শান না যায় তবে দেওয়ানী আদালতের ডিক্রী জারীক্রমে সম্পত্তি ক্রোক ও নীলাম করিবার যে নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে সেই নিয়মমতে তিনি ঐ জামিনের কি জামিনেরদের কোন সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া তাহার কি তাহারদের স্থানে ঐ টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন। আর যদি ঐ টাকা দেওয়া না যায় ও সেইরূপ ক্রোক ও নীলাম করিয়া আদায় হইতে না পারে, তবে মাজিষ্ট্রেট সাহেবের হুকুমমতে ঐ জামিন কি জামিনেরা ছয় মাসের অনধিক কালপর্য্যন্ত দেওয়ানী জেলখানায় কয়েদ হইতে পারিবেক।

কয়েদ করিবার পরওয়ানার কথা।

[কয়েদ করিবার পরওয়ানা যাহার নামে দিতে হইবেক ইত্যাদি।]

৩৮। কয়েদ করিবার প্রত্যেক পরওয়ানা কোন জেলদারোগার কি রক্ষকের কিম্বা আসামীদিগকে গ্রহণ করিয়া রাখিতে যাহার ক্ষমতা থাকে এমত অন্য আমলার কি ব্যক্তির নাম লিখিয়া কিম্বা তাহার পদের খ্যাতিক্রমে তাহাকে দেওয়া যাইবেক। ও যাহাকে দেওয়া যায় তাহার প্রতি এই হুকুম হইবেক যে সেই আসামীকে লয় ও যাবৎ আইনের নিয়মমতে তাহাকে খালাস না করা যায় তাবৎ তাহাকে রাখে।

[Warrant, what to contain.]

39. The warrant (which must be drawn up before the party is sent to prison) shall set forth the name of the defendant in full, if known; but if it be not known, then a description of his person, stating the refusal to tell his name; and shall state in substance the offence in respect of which the prisoner is charged, the authority of the committing officer, and the place of imprisonment.

[পরওয়ানাতে যাহা লিখিতে হইবেক।]

৩৯। আসামীকে জেলখানায় পাঠাইবার পূর্ব্বে ঐ পরওয়ানা লিখিতে হইবেক। তাহাতে আসামীর নাম জানা হইলে তাহা সম্পূর্ণরূপে লেখা থাকিবেক, কিন্তু যদি জানা না হয় তবে সে আপনার নাম জানাইতে চাহে না ইহা বলিয়া তাহার চেহারা লেখা থাকিবেক, ও আসামীর নামে যে অপরাধের নালিশ হইয়াছে তাহার মর্ম্ম ও যে কার্য্যকারক কয়েদ করান তাঁহার ক্ষমতা ও কয়েদ হইবার স্থান লিখিতে হইবেক।

[With whom to be lodged.]

40. The warrant of commitment shall be lodged with the gaoler, if he be in the gaol; and if he be not, with his deputy; and if he has no deputy, it may be lodged with any officer of the gaol then being in the gaol.

[পরওয়ানা যাহাকে দিতে হইবেক।]

৪০। জেলদারোগা যদি জেলখানায় থাকেন তবে ঐ কয়েদ করিবার পরওয়ানা তাঁহাকে দিতে হইবেক, না থাকিলে তাঁহার নায়েবকে দিতে হইবেক তাঁহার নায়েব না থাকিলে জেলখানার যে কোন আমলা তৎকালে জেলখানায় থাকে তাহাকে দিতে হইবেক।

Adjournment.

[When magistrate may adjourn the inquiry.]

41. If from the absence of witnesses or from any other reasonable cause, it shall become necessary or advisable to defer the examination or further examination, of witnesses for any time, it shall be lawful for the magistrate, by a written order, from time to time to adjourn the inquiry, and to remand the person accused for such time as shall be deemed reasonable, not exceeding fifteen days; provided that the magistrate may order such accused person to be brought before him at any time before the expiration of the time for which such accused person shall be so remanded, and the gaoler or other officer in whose custody he shall then be shall duly obey such order; provided also that, instead of detaining the accused person in custody during the period for which he shall be so remanded, the magistrate may discharge him, upon his entering into a recognizance, with or without a surety or sureties, at the discretion of such magistrate, conditioned for his appearance at the time and place appointed for the continuance of such examination.

তজবীজ করিবার অন্য সময় নিরূপণ করিবার কথা।

[যে স্থলে মাজিষ্ট্রেট সাহেব তজবীজ করিবার অন্য সময় নিরূপণ করিতে পারিবেন।]

৪১। যদি সাক্ষিরদের উপস্থিত না থাকাপ্রযুক্ত কিম্বা অন্য কোন উপযুক্ত কারণে সাক্ষিরদের জোবানবন্দী কি অধিক জোবানবন্দী লওয়া কতক কালের নিমিত্তে স্থগিত করা আবশ্যক কি বিহিত হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব হুকুমনামা লিখিয়া ঐ তদারক করিবার কার্য্য সময়ে২ অন্য কালপর্য্যন্ত স্থগিত রাখিতে পারিবেন ও পনের দিনের অধিক না হয় যত কাল উপযুক্ত জ্ঞান করেন তত কালের নিমিত্তে নালিশহওয়া ব্যক্তিকে ফিরিয়া পাঠাইতে পারিবেন। পরন্তু যত কালের নিমিত্তে ঐ নালিশহওয়া ব্যক্তিকে ফিরিয়া পাঠান যায় সেই কাল অতীত হইবার পূর্ব্বে কোন সময়ে মাজিষ্ট্রেট সাহেব ঐ নালিশহওয়া ব্যক্তিকে আপনার সম্মুখে আনাইতে হুকুম করিতে পারিবেন ও জেলদারোগার কিম্বা অন্য যে আমলার হেফাজতে ঐ লোক তৎকালে থাকে তাহার সেই হুকুম উচিতমতে মানিতে হইবেক। আর সেই লোক ঐ মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে জামিনকে কি জামিনদিগকে দিয়া কি না দিয়া ঐ তজবীজ চালাইবার নিরূপিত সময়ে ও স্থানে হাজির হইবার করারে জামিনীপত্র লিখিয়া দিলে যত কালের নিমিত্তে তাহাকে ফিরিয়া পাঠান যায় তত কাল মাজিষ্ট্রেট সাহেব তাহাকে কয়েদ না রাখিয়া খালাস করিতে পারিবেন।

Discharge of the Defendant.

[When defendant to be discharged.]

42. When a magistrate finds that there are not sufficient grounds for putting the defendant on his trial on a formal charge, or for remanding him, he shall discharge him.

আসামীকে মুক্ত করণ।

[যে স্থলে আসামীকে মুক্ত করা যায়।]

৪২। যদি মাজিষ্ট্রেট সাহেব দেখিতে পান যে ধারামতের নালিশক্রমে আসামীর বিচার হইবার কিম্বা তাহাকে ফিরিয়া পাঠাইবার উপযুক্ত কারণ না থাকে তবে তিনি তাহাকে মুক্ত করিবেন।

Commitment, &c. of the Defendant for Trial.

[When defendant to be committed for trial.]

43. The defendant shall be sent for trial by a magistrate of a zillah before the Session Court, when evidence has been given before the magistrate which appears to be sufficient to convict the defendant of an offence which is triable exclusively by the Court of Session, or which, in the opinion of the magistrate, is one that ought to be tried by the Court of Session.

আসামীকে বিচারার্থে সোপর্দ্দ করণপ্রভৃতির কথা।

[যে স্থলে আসামীকে বিচারার্থে সোপর্দ্দ করিতে হইবেক।]

৪৩। যে অপরাধ কেবল সেশন আদালতের বিচার্য্য হয় কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে যে অপরাধের বিচার সেশন আদালতে হওয়া উচিত আসামীর এমত কোন অপরাধ সাব্যস্ত করিবার জন্যে যে প্রমাণ প্রচুর বোধ হয় এমত প্রমাণ যদি মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে দেওয়া যায়, তবে জিলার মাজিষ্ট্রেট সাহেব আসামীকে বিচার হইবার জন্যে সেশন আদালতে পাঠাইবেন।

[Copy of charge to be furnished to defendant. Witnesses for the defence on the trial.]

44. As soon as the charge on which the defendant is to be tried has been prepared, it shall be read to the defendant, and a copy or translation of it shall be furnished to him. The defendant shall then be at liberty to give in, orally or in writing, a list of witnesses whom he may wish to be summoned, to give evidence on his trial before the Session Court. The magistrate shall receive the list, and summon the witnesses to appear before the Court before which the defendant is to be tried. This, however, shall not prevent a person committed from giving in a further list of witnesses, and having them summoned at any time between the commitment and the trial. The provisions of Article 8 and 9 of this Chapter, so far as they relate to the compulsory attendance of witnesses, shall be applicable to witnesses named by the defendant in the lists above mentioned.

[Copies of depositions to be furnished to defendant.]

45. When the preliminary inquiry is concluded, the defendant shall be entitled to copies of the depositions on the record of the same without delay, if he demands them at a reasonable time before the trial.

[Warrant of commitment.]

46. Upon the commitment of the defendant to take his trial before the Court of Session, the magistrate shall issue a warrant of commitment, stating the offence in the same form as the charge.

CHAPTER XIV.
ON THE CHARGE.

[What the charge is to contain.]

1. When the magistrate has resolved to send the defendant before the Court of Session for trial, or put him on his trial before himself for any offence punishable under the Penal Code with imprisonment for a period exceeding six months, he shall make a written instrument under his hand and seal, declaring with what offence the defendant is charged, and within the cognizance of what court the offence is, and shall direct that the defendant be tried by the said court on the said charge. In all cases sent for trial to the Court of Session, the magistrate shall send a copy of this instrument, with the proceedings, to the public prosecutor, where such officer has been appointed, otherwise to the court before which the defendant is to be tried.

[How the offence is to be described.]

2. The charge shall describe the imputed offence as nearly as possible in the language of the Clause of the Penal Code under which such offence is punishable, and shall refer to such Chap-

[নালিশপত্রের এক কেতা নকল আসামীকে দেওয়া যাইবেক। বিচারকালে আসামীর তরফের সাক্ষিরা।]

৪৪। যে নালিশমতে আসামীর বিচার করিতে হয় সেই নালিশপত্র প্রস্তুত হইলে পর আসামীর নিকটে পাঠ করা যাইবেক ও তাহার এক কেতা নকল কি তাহার তরজমা তাহাকে দেওয়া যাইবেক। পরে সেশন আদালতে তাহার বিচার হইবার সময়ে সাক্ষ্য দিবার জন্যে আসামী যে সাক্ষিরদিগকে তলব করাইতে চাহে তাহারদের নাম সে জোবানীতে জানাইতে কি লিখিয়া দিতে পারিবেক। মাজিষ্ট্রেট সাহেব ঐ ইসমনবিসী লইয়া যে আদালতে আসামীর বিচার হইবেক সেই আদালতে হাজির হইবার নিমিত্তে ঐ সাক্ষিরদিগকে সমন করিবেন। কিন্তু ইহাতে অধিক সাক্ষির ফর্দ্দ দিতে, ও সোপর্দ্দ ও বিচার হইবার মধ্য কোন কালে তাহারদিগকে সমন করাইতে সোপর্দ্দহওয়া ব্যক্তির বাধা হইবেক না। এই অধ্যায়ের ৮ ও ৯ প্রকরণের বিধানে সাক্ষিরদিগকে বলপূর্ব্বক উপস্থিত করাইবার যে সকল কথা আছে তাহা উপরের লিখিত ইসমনবিসীতে আসামীর নামকরা সাক্ষিরদের উপর খাটিবেক।

[জোবানবন্দীর নকল আসামীকে দেওয়া যাইবেক।]

৪৫। প্রথম স্থলের তজবীজ সমাপ্ত হইলে পর যদি আসামী বিচার হইবার পূর্ব্বে উপযুক্ত সময়ে ঐ জোবানবন্দীর নকল চাহে, তবে ঐ তজবীজের রিকার্ডে যে সকল জোবানবন্দী লেখা যায় তাহার নকল অবিলম্বে পাইতে পারিবেক।

[সোপর্দ্দ করিবার ওয়ারণ্ট।]

৪৬। আসামীকে সেশন আদালতের সম্মুখে বিচার হইবার নিমিত্তে সোপর্দ্দ করা গেলে মাজিষ্ট্রেট সাহেব সোপর্দ্দ করিবার ওয়ারণ্ট দিবেন। নালিশপত্রে তাহার অপরাধের কথা যেমন লেখা থাকে ঐ ওয়ারণ্টেও সেই কথা তেমনি লিখিতে হইবেক।

১৪ অধ্যায়।
নালিশপত্রের কথা।

[নালিশপত্রে যাহা লিখিতে হইবেক।]

১। যদি মাজিষ্ট্রেট সাহেব আসামীকে বিচার হইবার নিমিত্তে সেশন আদালতে পাঠাইতে স্থির করিয়াছেন, অথবা দণ্ডবিধির আইনমতে যে অপরাধের জন্যে ছয় মাসের অধিক কাল কয়েদ হইতে পারে এমত কোন অপরাধের নিমিত্তে যদি মাজিষ্ট্রেট সাহেব আপনি তাহার বিচার করিতে স্থির করিয়াছেন, তবে তিনি আপন দস্তখৎ ও মোহরক্রমে এক লিপি প্রস্তুত করিবেন, ও আসামীর নামে যে অপরাধের নালিশ হয় তাহা, ও সেই অপরাধ যে আদালতের বিচার্য্য হয় তাহা তাহাতে লিখিবেন, ও সেই নালিশমতে সেই আদালতে আসামীর বিচার হয় এমত হুকুম লিখিবেন। যদি সরকারের তরফে নালিশ করিবার জন্যে কোন কার্য্যকারককে নিযুক্ত করা যায় তবে যে সকল মোকদ্দমা বিচার হইবার জন্যে সেশন আদালতে পাঠান যায় সেই সকল মোকদ্দমাতে মাজিষ্ট্রেট সাহেব ঐ লিপির এক নকল রুবকারীসমেত তাঁহার নিকটে পাঠাইবেন, নতুবা যে আদালতে আসামীর বিচার হইবেক সেই আদালতে পাঠাইবেন।

[অপরাধের বর্ণনা যে প্রকারে করিতে হইবেক।]

২। দণ্ডবিধির আইনের যে প্রকরণমতে ঐ অপরাধের দণ্ড হইতে পারে সেই প্রকরণে যে কথার ব্যবহার হয় সাধ্যমতে সেই কথা লইয়া উল্লিখিত অপরাধ নালিশপত্রে ব্যক্ত করা যাইবেক, ও সেই অধ্যা-

ter and Clause by the number of the Clause and Chapter.

[Absence of General Exceptions under the Penal Code to be assumed.]

3. It shall not be necessary to allege in the charge any circumstances for the purpose of showing that the case does not come, nor shall it be necessary to allege that the case does not come, within any of the General Exceptions contained in the fourth Chapter of the Penal Code, but every charge shall be understood to assume the absence of all such circumstances.

[Evidence as to General Exceptions.]

4. It shall not be necessary at the trial, on the part of the prosecutor, to prove the absence of such circumstances in the first instance; but the defendant shall be entitled to give evidence of the existence of any such circumstances, and evidence in disproof thereof may be given on the part of the prosecutor.

[Clause of the Penal Code containing an exception, not a General Exception.]

5. Where the Chapter and Clause itself referred to in the charge contains an exception, not being one of such General Exceptions, the charge shall not be understood to assume the absence of circumstances constituting such exception so contained in the Chapter and Clause, without a distinct denial of the existence of such circumstances.

6. The charge may contain one or more heads.

Charges containing One Head.

[Heads of charge.]

7. Where a charge contains one head only, the form shall be as follows, or to the same effect:

Forms of Charge.

(*a*) I, A [*name and office of magistrate, &c.*], declare that there is hereby made against Z the Charge:

[On Clause 1 Chapter VI.]

(*b*) That he has waged war against the Government of a part of the territories of the East India Company, and has thereby committed an offence punishable under Clause 1 Chapter VI. of the Penal Code, (*c*) and within the cognizance of the [*style of the Court.*]

(*d*) And I hereby direct that Z be tried by the said Court on the said charge.

[*Signature and seal of the magistrate.*]

Where the magistrate tries the case, there must be substituted for (*c*):

within my cognizance; and the words "by the said Court" in (*d*) may be omitted.

To be substituted for (*b*).

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১২ জুন।]

রের ও প্রকরণের নম্বর লিখিয়া ঐ অধ্যায়ের ও প্রকরণের উল্লেখ করা যাইবেক।

[নালিশ দণ্ডবিধির আইনের বর্জ্জিত কথার মধ্যে আইসে না এমত আপনিই জ্ঞান হইবেক।]

৩। দণ্ডবিধির আইনের চতুর্থ অধ্যায়ে যে সকল বর্জ্জিত কথা ব্যক্ত হইয়াছে তাহার কোন কথার মধ্যে ঐ মোকদ্দমা আইসে না ইহা দেখাইবার নিমিত্তে নালিশপত্রের মধ্যে কোন গতিকাদি ব্যক্ত করিবার আবশ্যক হইবেক না, কিম্বা ঐরূপ বর্জ্জিত কথার মধ্যে মোকদ্দমা আইসে না ইহা লিখিবারও আবশ্যক হইবেক না। কিন্তু নালিশপত্র হইলেই তদ্রূপ কোন গতিক না থাকা আপনিই জ্ঞান হইবেক।

[সাধারণ বর্জ্জিত কথার প্রমাণ।]

৪। বিচার হইবার সময়ে প্রথম স্থলে সেইরূপ গতিক না থাকার প্রমাণ করা ফরিয়াদীর আবশ্যক হইবেক না, কিন্তু আসামী তদ্রূপ কোন গতিক থাকার সাক্ষ্য দিতে পারিবেক, ও তাহার বিপরীত প্রমাণ করিবার সাক্ষ্য ফরিয়াদীর তরফে দেওয়া যাইতে পারিবেক।

[দণ্ডবিধির আইনের কোন প্রকরণের মধ্যে বর্জ্জিত কথা থাকিলে তাহা সাধারণ বর্জ্জিত কথা জ্ঞান হইবেক না।]

৫। নালিশপত্রের মধ্যে যে অধ্যায়ের ও প্রকরণের উল্লেখ হয় তাহাতে যদি সাধারণ কোন বর্জ্জিত কথাভিন্ন অন্য বর্জ্জিত কথা থাকে, তবে ঐ অধ্যায়ের ও প্রকরণের লিখিত সেইরূপ বর্জ্জিত কথা যে সকল গতিকক্রমে হয় তাহা না থাকার স্পষ্ট কথা লেখা না গেলে তাহা থাকে না এমত জ্ঞান হইবেক না।

৬। নালিশের মধ্যে এক কি ততোধিক দফা থাকিতে পারিবেক।

যে নালিশের কেবল এক দফা থাকে তাহার কথা।

[নালিশের দফা।]

৭। যদি নালিশের কেবল এক দফা থাকে তবে নালিশপত্র এই পাঠে কি এই মর্ম্মমতে লিখিতে হইবেক।

নালিশপত্রের পাঠ।

(ক) আমি অমুক [মাজিস্ট্রেট সাহেবপ্রভৃতির নাম ও পদাদি] জানাইতেছি যে, ইহাতে যদুর নামে এই নালিশ হইয়াছে।

[৬ অধ্যায়ের ১ প্রকরণক্রমে।]

(খ) সে কোম্পানি বাহাদুরের দেশের কোন অংশের গবর্ণমেণ্টের বিরুদ্ধে যুদ্ধ করিয়াছে ইহাতে দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ১ প্রকরণমতে দণ্ডনীয় (গ) ও অমুক (আদালতের নাম) আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

(ঘ) ও আমি ইহাতে আদেশ করি যে উক্ত নালিশমতে উক্ত আদালতে যদুর বিচার হয়।

[মাজিস্ট্রেট সাহেবের দস্তখৎ ও মোহর।]

যদি মাজিস্ট্রেট সাহেব মোকদ্দমার বিচার করেন তবে (গ) এই অক্ষরের পর যে কথা আছে তাহার পরিবর্ত্তে "আমার বিচার্য্য" এই কথা লিখিতে হইবেক ও (ঘ) এই অক্ষরের পর যে কথা আছে তাহার মধ্যে "উক্ত আদালতে" এই কথা ত্যাগ করা যাইতে পারিবেক।

(খ) এই অক্ষরের পর যে কথা আছে তাহার পরিবর্ত্তে ইহার মধ্যে কোন কথা দেওয়া যাইতে পারিবেক।

[On Clause 4 Chap. VI. applied to Clauses 3 Chap. VI. and 28 Chap. XVI.]

(2). That he has, with the intention of inducing a member of the Council of India to refrain from exercising a lawful power of such member, assaulted such member, and, by so assaulting, has voluntarily caused grievous hurt, not on grave and sudden provocation, and has thereby committed an offence punishable under Clause 3 Chapter VI. of the Penal Code, and, by committing such offence, has also committed an offence punishable under Clause 28 Chapter XVI. of the Penal Code, both such offences being within the cognizance of the [*style of the Court*], and has, by reason of the premises, become liable to cumulative punishment under Clause 4 Chapter VI. of the Penal Code.

[On Clause 7 Chap. VIII.]

(3). That he has committed the offence of rioting, and has thereby committed an offence punishable under Clause 7 Chapter VIII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

[On Clause 1 Chap. IX.]

(4). That he has, being a public servant, directly accepted from a party, for another party, a gratification other than legal remuneration, as a motive for his, the said Z's forbearing to do an official act, and has thereby committed an offence punishable under Clause 1 Chapter IX of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*]

[On Clause 6 Chap. XVI.]

(5). That he has committed voluntary culpable homicide in defence, and has thereby committed an offence punishable under Clause 6 Chapter XVI. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

[On Clause 8 Chap. XVI.]

(6). That he has abetted the commission of suicide by a person in a state of intoxication, and has thereby committed an offence punishable under Clause 8 Chapter XVI. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

[On Clause 10 Chap. XVI.]

(7). That he has omitted what he was legally bound to do, with such knowledge and under such circumstances that, if he by that omission had caused death, he would have been guilty of murder, and has carried that omission to such a length as, at the time of carrying it to that length, he contemplated as sufficient to cause death, and has thereby committed an offence punishable under Clause 10 Chapter XVI. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

[On Clause 28 Chap. XVI.]

(8). That he has voluntarily caused grievous hurt, not on grave and sudden provocation, and has thereby committed an offence punishable un-

[৬ অধ্যায়ের ৩ প্রকরণ ও ১৬ অধ্যায়ের ২৮ প্রকরণের কথায় ৬ অধ্যায়ের ৪ প্রকরণে খাটাইয়া।]

(২) ভারতবর্ষের কৌন্সেলের কোন মেম্বর সাহেবকে আপনার আইনসিদ্ধ ক্ষমতামতে কার্য্য করিতে নিবারণ করিবার নিমিত্তে, আসামী হঠাৎ ভারি রাগ জন্মিবার কোন বিষয় না থাকিলেও সেই মেম্বর সাহেবের উপর আক্রমণ করিয়াছে ও তদ্রূপ আক্রমণ করাতে ইচ্ছাপূর্ব্বক তাঁহাকে ভারি আঘাত করিয়াছে। ইহাতে দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ৩ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধ করিয়াছে, আর সেই অপরাধ করাতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ২৮ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধও করিয়াছে। সেই দুই অপরাধ অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য, আর সেই২ অপরাধ করাপ্রযুক্ত দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ৪ প্রকরণমতে সংযুক্ত দণ্ডের যোগ্য হইয়াছে।

[৮ অধ্যায়ের ৭ প্রকরণক্রমে।]

(৩) আসামী দাঙ্গা করণ অপরাধ করিয়াছে ইহাতে দণ্ডবিধির আইনের ৮ অধ্যায়ের ৭ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[৯ অধ্যায়ের ১ প্রকরণক্রমে।]

(৪) আসামী সরকারী কার্য্যকারক হইয়া আপন পদের কোন কর্ম্ম করিতে ক্ষান্ত হইবার জন্যে আইনমতের প্রাপ্য টাকাভিন্ন কোন ব্যক্তির স্থানে অন্য লোককে দিবার জন্যে পারিতোষিক গ্রহণ করিয়াছে। ইহাতে দণ্ডবিধির আইনের ৯ অধ্যায়ের ১ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৬ অধ্যায়ের ৬ প্রকরণক্রমে।]

(৫) আসামী আত্মরক্ষাতে ইচ্ছাপূর্ব্বক দোষঘটিত নরহত্যা করিয়াছে। ইহাতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ৬ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৬ অধ্যায়ের ৮ প্রকরণক্রমে।]

(৬) আসামী উন্মত্ত ব্যক্তির আত্মহত্যা করিবার সহায়তা করিয়াছে। ইহাতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ৮ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[অধ্যায়ের ১০ প্রকরণক্রমে।]

(৭) আসামীর আইনমতে যাহা করিতে হয় তাহা করে নাই ও যে জ্ঞানমতে ও যে গতিকে তাহার সেই কার্য্যের ত্রুটি হইয়াছে তাহা বুঝিয়া যদি সেই ত্রুটিতে কাহারও মৃত্যু হইত তবে আসামী জ্ঞানকৃত বধের অপরাধী হইত আর আসামী কার্য্যের যেপর্য্যন্ত ত্রুটি করিয়াছে সেইপর্য্যন্ত ত্রুটি করণ সময়ে সে জানিয়াছিল যে এই কার্য্যের ত্রুটিতে কাহারও মৃত্যু হইলে হইতে পারে. ইহাতে আসামী দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ১০ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৬ অধ্যায়ের ২৮ প্রকরণক্রমে।]

(৮) আসামী হঠাৎ ও ভারি রাগ জন্মিবার বিষয় না থাকিলেও ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করিয়াছে ইহাতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ২৮ প্রকরণমতে দণ্ড-

der Clause 28 Chapter XVI. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

[On Clause 14 Chap. XVII.]

(9). That he has committed robbery, and has thereby committed an offence punishable under Clause 14 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

[On Clause 17 Chap. XVII.]

(10). That he has committed dacoity, and has thereby committed an offence punishable under Clause 17 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

(11). That he, being a public servant in the post office department, and being, as such, intrusted with the keeping of a packet, has committed criminal breach of trust by misappropriating a thing contained in such packet, and has thereby committed an offence punishable under and within the cognizance of the [*style of the Court*].

[On Clause 80 Chap. XVII.]

(12). That he has committed lurking house trespass by night, and has thereby committed an offence punishable under Clause 80 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

[On Clause 81 Chap. XVII. applied to Clauses 2 and 80 of the same Chapter.]

(13). That he has committed lurking house-trespass by night, being an offence punishable under Clause 80 Chapter XVII. of the Penal Code, in order to the committing of theft and has actually committed such theft, being an offence punishable under Clause 2 Chapter XVII. of the Penal Code, both such offences being within the cognizance of the [*style of the Court*], and has by reason of the premises become liable to cumulative punishment under Clause 81 Chapter XVII. of the Penal Code.

And the same form shall be followed, as nearly as may be, in charges with one head only, upon order Clauses of the Penal Code.

Charges containing two or more Heads.

[Charge in cases falling within two or more Clauses of the Penal Code.]

8. When it appears to the magistrate that the facts which can be established in evidence show a case falling within two or more Clauses of the Penal Code, the charge shall contain two or more heads, each of which shall be applicable to one of such Clauses.

[Two or more offences punishable under the same Clause.]

9. When it appears to the Magistrate that the facts which can be established in evidence show the commission of two or more offences punish-

নীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৭ অধ্যায়ের ১৪ প্রকরণক্রমে।]

(৯) আসামী লুঠ করিয়াছে, ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ১৪ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৭ অধ্যায়ের ১৭ প্রকরণক্রমে।]

(১০) আসামী ডাকাইতী করিয়াছে ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ১৭ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

(১১) আসামী ডাকঘরের সম্পর্কীয় কোন কর্ম্মে নিযুক্ত সরকারী কার্য্যকারক আছে, তাহার সেই পদপ্রযুক্ত তাহার জিম্মায় একটা পুলিন্দা দেওয়া গিয়াছিল, ও সেই পুলিন্দাহইতে আসামী কিছু বাহির করিয়া লইয়া অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করিয়াছে। ইহাতে অমুক প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৭ অধ্যায়ের ৮০ প্রকরণক্রমে।]

(১২) আসামী রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিয়াছে, ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ৮০ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৭ অধ্যায়ের ২ ও ৮০ প্রকরণে খাটিয়া ঐ অধ্যায়ের ৮১ প্রকরণক্রমে।]

(১৩) আসামী চুরী করিবার নিমিত্তে রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার অপরাধ করিয়াছে, সেই অপরাধের দণ্ড দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ৮০ প্রকরণমতে হইতে পারে, ও আসামী নিতান্ত চুরীও করিয়াছে, ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধ করিয়াছে। সেই দুই অপরাধ অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য ও সেই দুই অপরাধ এক সময়ে করাপ্রযুক্ত আসামী দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ৮১প্রকরণমতে সংযুক্ত দণ্ডের যোগ্য হইয়াছে।

দণ্ডবিধির আইনের অন্য২ প্রকরণক্রমে যে২ নালিশের কেবল এক২ দফা থাকে সেই নালিশপত্র যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত ঐ পাঠে লিখিতে হইবেক।

যে নালিশপত্রে দুই কি তাহার অধিক দফা থাকে তাহার কথা।

[যে২ স্থলে দণ্ডবিধির আইনের দুই কি তাহার অধিক প্রকরণক্রমে নালিশ হয় সেই২ স্থলের নালিশপত্র।]

৮। মাজিস্ট্রেট সাহেব যদি দেখিতে পান যে, প্রমাণক্রমে যে সকল বৃত্তান্ত সাব্যস্ত হয় তাহাতে দণ্ডবিধির আইনের দুই কি তাহার অধিক প্রকরণমতের মোকদ্দমা হয় তবে নালিশপত্রে দুই কি তাহার অধিক দফা লিখিতে হইবেক, অর্থাৎ এক২ দফার উপর এক২ প্রকরণ খাটাইয়া লিখিতে হইবেক।

[একি প্রকরণমতে দণ্ডনীয় দুই কি তাহার অধিক অপরাধ।]

৯। মাজিস্ট্রেট সাহেব যদি দেখিতে পান যে প্রমাণক্রমে যে সকল বৃত্তান্ত সাব্যস্ত হয় তাহাতে দণ্ডবিধির আইনের একি প্রকরণমতে দণ্ডনীয় দুই কি তা-

able under the same Clause of the Penal Code, the charge shall contain two or more heads charging such offences respectively.

[Cases of doubt as to the Clause which is applicable, or the offence which may be proved.]

10. When it appears to the magistrate that the fact which can be established in evidence show a case within some one of two or more Clauses of the Penal Code, but it is doubtful which of such Clauses will be applicable, or show the commission of one of two or more offences punishable under the same Clause of the Penal Code, but it is doubtful which of such offences will be proved to have been committed, the charge shall contain two or more heads, framed respectively on each of such Clauses, or charging respectively each of such offences, accordingly.

[Form of charge of more than one head.]

11. When a charge contains more heads than one, the form shall be as follows, or to the same effect:

Forms of Charge.

I, A [*name and office of magistrate, &c.*], declare that there is hereby made against Z the charge:

[On Clauses 13 and 14 Chap. XII.]

First: That he has, knowing a coin to be counterfeit, delivered the same to another person as genuine, and has thereby committed an offence punishable under Clause 13 Chapter XII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

Secondly: That he has, knowing a coin to be counterfeit, attempted to induce another person to receive it as genuine, and has thereby committed an offence punishable under Clause 13 Chapter XII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

Thirdly: That he has been in possession of counterfeit coin, having known at the time when he became possessed thereof that such coin was counterfeit, and intending that such counterfeit coin might pass as genuine, and has thereby committed an offence punishable under Clause 14 Chapter XII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

Fourthly: That he has been in possession of counterfeit coin, having known at the time when he became possessed thereof that such coin was counterfeit, and knowing it to be likely that such counterfeit coin might pass as genuine, and has thereby committed an offence punishable under Clause 14 Chapter XII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

And I hereby direct that Z be tried by the said Court on the said charge.

[*Signature and seal of the magistrate, &c.*]

[On Clauses 4 and 6 Chap. XVI.]

First: That he has committed murder, and has thereby committed an offence punishable under

হার অধিক অপরাধ প্রকাশ হয় তবে নালিশপত্রে একং অপরাধ একং দফা করিয়া লিখিতে হইবেক।

[কোন স্থলে যে প্রকরণ খাটে কি যে অপরাধের প্রমাণ হয় এই বিষয়ের সন্দেহ হইলে।]

১০। মাজিস্ট্রেট সাহেব যদি দেখিতে পান যে, প্রমাণক্রমে যে সকল বৃত্তান্ত সাব্যস্ত হয় তাহাতে দণ্ডবিধির আইনের দুই কি তাহার অধিক প্রকরণের কোন এক প্রকরণমতে দণ্ডনীয় অপরাধ প্রকাশ হয় কিন্তু তাহার মধ্যে কোন্ প্রকরণ ঐ অপরাধের উপর খাটে এই বিষয়ে সন্দেহ হয়, অথবা দণ্ডবিধির আইনের একি প্রকরণমতে দণ্ডনীয় দুই কি তাহার অধিক অপরাধ প্রকাশ হয় কিন্তু তাহার মধ্যে কোন্ অপরাধের প্রমাণ হইবেক এই বিষয়ের সন্দেহ হয়, তবে অপরাধের দুই কি তাহার অধিক দফা করিয়া ঐ প্রকরণের একং দফা খাটাইয়া লিখিতে হইবেক, অথবা ঐং প্রত্যেক অপরাধ লিখিতে হইবেক।

[নালিশের দুই কি ততোধিক দফা হইলে তাহার পাঠ।]

১১। যদি নালিশের দুই কি ততোধিক দফা থাকে তবে তাহার নীচের লিখিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবেক।

নালিশপত্রের পাঠ।

আমি অমুক [মাজিস্ট্রেটপ্রভৃতির নাম ও পদ] জানাইতেছি যে ইহাতে যদুর নামে এইং নালিশ হইয়াছে।

১২ অধ্যায়ের ১৩ ও ১৪ প্রকরণক্রমে।

প্রথম। আসামী কোন মুদ্রা কৃত্রিম জানিয়া অকৃত্রিম বলিয়া অন্য লোককে দিয়াছে, ইহাতে দণ্ডবিধির আইনের ১২ অধ্যায়ের ১৩ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

দ্বিতীয়। আসামী কোন মুদ্রা কৃত্রিম জানিয়া তাহা অকৃত্রিম বলিয়া অন্য লোকের গ্রহণ করিবার প্রবৃত্তি জন্মাইতে উদ্যত হইয়াছে, ইহাতে দণ্ডবিধির আইনের ১২ অধ্যায়ের ১৩ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

তৃতীয়। আসামীর নিকটে কৃত্রিম মুদ্রা ছিল ও যে সময়ে সেই মুদ্রা পাইয়াছিল সেই সময়ে তাহা কৃত্রিম জানিয়াছিল ও সেই কৃত্রিম মুদ্রা অকৃত্রিম মুদ্রার ন্যায় চলন হয় তাহার এমত মনস্থ ছিল, ইহাতে আসামী দণ্ডবিধির আইনের ১২ অধ্যায়ের ১৪ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

চতুর্থ। আসামীর নিকটে কৃত্রিম মুদ্রা ছিল ও যে সময়ে তাহা পাইয়াছিল সেই সময়ে তাহা কৃত্রিম জানিয়াছিল ও সেই কৃত্রিম মুদ্রা অকৃত্রিম মুদ্রার ন্যায় চলন হইতে পারে ইহা জানিয়াছিল, ইহাতে আসামী দণ্ডবিধির আইনের ১২ অধ্যায়ের ১৪ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

অতএব আদেশ করিতেছি যে উক্ত নালিশমতে উক্ত আদালতে যদুর বিচার হয়।

[মাজিস্ট্রেটপ্রভৃতির দস্তখৎ ও মোহর।]

[১৬ অধ্যায়ের ৪ ও ৬ প্রকরণক্রমে।]

প্রথম। আসামী জ্ঞানকৃত বধ করিয়াছে, ইহাতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ৪ প্রকরণমতে দণ্ড-

Clause 4 Chapter XVI. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

Secondly: That he has committed culpable homicide, and has thereby committed an offence punishable under Clause 6 Chapter XVI. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

[On Clauses 2 and 4 Chap. XVII.]

First: That he has committed theft, and has thereby committed an offence punishable under Clause 2 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

Secondly: That he has committed theft, having made preparation for causing death to a person in order to the committing of such theft, and has thereby committed an offence punishable under Clause 4 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

Thirdly: That he has committed theft, having made preparation for causing restraint to a person in order to retiring after the committing of such theft, and has thereby committed an offence punishable under Clause 4 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

Fourthly: That he has committed theft, having made preparation for causing fear of hurt to a person in order to the retaining of property taken by such theft, and has thereby committed an offence punishable under Clause 4 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

[On Clauses 2 and 28 Chap. XVII.]

Frist: That he has committed theft, and has thereby committed an offence punishable under Clause 2 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

Secondly: That he has committed criminal breach of trust, and has thereby committed an offence punishable under Clause 28 Chapter XVII. of the Penal Code, and within the cognizance of the [*style of the Court*].

And the same shall be followed, as nearly as may be, in charges with more heads than one, upon other Clauses of the Penal Code.

[Amendment of charge.]

12. It shall be competent to the court, at any stage of a trial, to amend or alter the charge against a defendant.

[To be continued.]

নীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

দ্বিতীয়। আসামী দোষঘটিত নরহত্যা করিয়াছে, ইহাতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ৬ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৭ অধ্যায়ের ২ ও ৪ প্রকরণক্রমে।]

প্রথম। আসামী চুরী করিয়াছে, ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

দ্বিতীয়। আসামী চুরী করিয়াছে ও সে চৌর্য্য অপরাধ করিবার জন্যে কোন লোকের প্রাণ নষ্ট করিবার উদ্যোগ করিয়াছিল, ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ৪ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

তৃতীয়। আসামী চুরী করিয়াছে, ও চুরী করিবার পর পলাইতে পারে এই নিমিত্তে কোন লোককে আটক করিয়া রাখিবার উদ্যোগ করিয়াছিল, ইহাতে আসামী দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ৪ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

চতুর্থ। আসামী চুরী করিয়াছে ও সেই চৌর্য্যের দ্বারা যে সম্পত্তি পায় তাহা রাখিতে পারে এই নিমিত্তে কোন লোকের আঘাত হইবার ভয় জন্মাইবার উদ্যোগ করিয়াছিল, ইহাতে আসামী দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ৪ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

[১৭ অধ্যায়ের ২ ও ২৮ প্রকরণক্রমে।]

প্রথম। আসামী চুরী করিয়াছে ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

দ্বিতীয়। আসামী অপরাধঘটিত বিশ্বাসঘাতকতা করিয়াছে ইহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২৮ প্রকরণমতে দণ্ডনীয় ও অমুক [আদালতের নাম] আদালতের বিচার্য্য অপরাধ করিয়াছে।

ও দণ্ডবিধির আইনের অন্যান্য প্রকরণক্রমে যে সকল নালিশের দুই কি ততোধিক দফা থাকে তাহা যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত এই প্রকারে লিখিতে হইবেক।

[নালিশপত্রের সংশোধন।]

১২। আসামীর নামে যে নালিশ হয় তাহা বিচার করিবার কোন সময়ে আদালত সংশোধন কি পরিবর্ত্তন করিতে পারিবেন।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১২ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গব জেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 16, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১৬ জুন

ACTS.

LEGISLATIVE COUNCIL.

THE 6TH JUNE, 1857.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General this day, and is hereby promulgated for general information :—

ACT No. XIV OF 1857.

An Act to make further provision for the trial and punishment of certain offences relating to the Army, and of offences against the State.

[Preamble.]

WHEREAS it is necessary to make further provision for the trial and punishment of persons who endeavour to excite mutiny and sedition among the Forces of the East India Company, and also for the trial of offences against the State : It is enacted as follows :—

[Punishment for exciting mutiny or sedition in the Army.]

1. Whoever intentionally seduces or endeavours to seduce any Officer or Soldier in the service or pay of the East India Company from his allegiance to the British Government or his duty to the East India Company, or intentionally excites or stirs up, or endeavours to excite or stir up, any such Officer or Soldier, or any Officer or Soldier serving in any part of the British Territories in India in aid of the Troops of the British Government, to commit any act of mutiny or sedition ; and whoever intentionally causes, or endeavours to cause, any other person to commit any such offence—shall be liable upon conviction to the punishment of death, or to the punishment of transportation for life, or of imprisonment with hard labor for any term not exceeding 14 years ;

আইন।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ৬ জুন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর অদ্য মঞ্জুর করিয়াছেন। তাহা সকল লোককে জানাইবার জন্যে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১৪ আইন।

পল্টনসম্পর্কীয় কতক অপরাধের ও রাজবিরুদ্ধ অপরাধের বিচার ও দণ্ড করিবার অধিক বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

কোম্পানি বাহাদুরের সৈন্যেরদের মধ্যে যাহারা রাজদ্রোহিতা ও রাজবিপক্ষে হঙ্গামা জমাইতে চেষ্টা করে তাহারদের বিচার ও দণ্ড করিবার, ও রাজবিরুদ্ধ অপরাধের বিচার করিবার অধিক বিধান করা আবশ্যক এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[পল্টনের মধ্যে রাজদ্রোহিতা কি রাজবিরুদ্ধে হঙ্গামা জমাইবার দণ্ড।]

১ ধারা। যে কোন হুদ্দাদার কি সিপাহী কোম্পানি বাহাদুরের তাবে কর্ম্ম করে কি কোম্পানি বাহাদুরহইতে বেতন পায় তাহাকে যদি কেহ ব্রিটনীয় গবর্ণমেণ্টের নিকটে বাধ্যতাহইতে কিম্বা কোম্পানি বাহাদুরের নিকটে কর্ত্তব্য কর্ম্মহইতে পরাঙ্মুখ করিতে জানিয়াশুনিয়া লওয়ায় কি লওয়াইতে চেষ্টা করে, কিম্বা তদ্রূপ কোন হুদ্দাদারকে কি সিপাহীকে অথবা ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত কোন স্থানে ব্রিটনীয় গবর্ণমেণ্টের সিপাহীরদের সহকারি কার্য্যকারক কোন হুদ্দাদারকে কি সিপাহীকে যদি কেহ রাজদ্রোহিতার কিম্বা রাজবিরুদ্ধে হঙ্গামার কোন কর্ম্ম করিতে জানিয়াশুনিয়া প্রবৃত্তি দেয় কি প্রবোধ দেয় কিম্বা প্রবৃত্তি দিতে কি প্রবোধ দিতে চেষ্টা করে, ও যদি কেহ অন্য কোন ব্যক্তিকে তদ্রূপ কোন অপরাধ জানিয়াশুনিয়া করায় কি করাইতে চেষ্টা করে,—তবে সেই লোকের দোষ সাব্যস্ত হইলে সে প্রাণদণ্ডের কিম্বা যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ-

and shall forfeit all his property and effects of every description.

[Punishment for harbouring or concealing offenders.]

II. Whoever shall knowingly harbour or conceal any person who shall have been guilty of any offence mentioned in the preceding Section, shall be liable to imprisonment, with or without hard labor for any term not exceeding seven years, and shall also be liable to fine.

[Governor General in Council may empower Officers to appoint Courts Martial for the trial of offences against this Act or Act XI. of 1857.]

III. It shall be lawful for the Governor General of India in Council, from time to time, by Order in Council, to empower every General or other Officer having the Command of Troops in the Service of Her Majesty or of the East India Company, or any of such General or other Officers, to appoint General Courts Martial for the trial of any person or persons charged with having committed an offence punishable by this Act or by Section I or Section II. of Act XI of 1857, and also to confirm and carry into effect any sentence of such Court Martial.

[Court Martial to be appointed by the Senior Officer. Of what Members to consist.]

IV. Any General Court Martial, which may be appointed under the authority of this Act, shall be appointed by the Senior Officer on the spot, and shall consist of not less than five Commissioned Officers, the number to be fixed by the General or other Officer appointing the Court Martial. The Order in Council may direct that a General Court Martial to be appointed under the provisions of this Act shall consist wholly of European Commissioned Officers or wholly of Native Commissioned Officers or partly of European Commissioned Officers and partly of Native Commissioned Officers; and in such case the Officer appointing the Court Martial shall determine whether the same shall consist wholly of European Officers or wholly of Native Officers, or partly of European Officers and partly of Native Officers.

[Majority of Members may sentence to death or other lawful punishment. Sentence may be confirmed and carried into effect immediately or otherwise.]

V. Sentence of death or other punishment, to which the offender is liable by law, may be given by such Court Martial, if a majority of the Members present concur in the sentence; and any such sentence may be confirmed by and carried into ef-

দণ্ডের, কিম্বা চৌদ্দ বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কয়েদ হইবার যোগ্য হইবেক ও তাহার সর্ব্ব প্রকারের সম্পত্তি ও জায়দাদ জব্দ হইবেক ইতি।

[অপরাধিদিগকে আশ্রয় দিবার কি লুকাইয়া রাখিবার দণ্ড।]

২ ধারা। ইহার পূর্ব্বের ধারাতে যেং অপরাধের কথা লেখা আছে তাহার কোন অপরাধের দোষি কোন ব্যক্তিকে যদি কেহ জানিয়াশুনিয়া আশ্রয় দেয় কি লুকাইয়া রাখে, তবে সে সাত বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক ইতি।

[এই আইনের কিম্বা ১৮৫৭ সালের ১১ আইনের বিরুদ্ধে যে অপরাধ করা যায় তাহার বিচার করিবার জন্যে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সেনাপতি সাহেবদিগকে কোর্ট মার্শ্যাল করিতে ক্ষমতা দিতে পারিবেন ইতি।]

৩ ধারা। এই আইনমতে কিম্বা ১৮৫৭ সালের ১১ আইনের ১ ধারা কি ২ ধারামতে যে অপরাধের দণ্ড হইতে পারে এমত অপরাধ করিবার নালিশ যে কোন ব্যক্তির কি ব্যক্তিরদের নামে হয়, তাহার কি তাহারদের বিচার হইবার জন্যে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সময়েং হজুর কৌন্সেলে হুকুম করিয়া শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদুরের তাবে কর্ম্মকারি সিপাহীরদের অধ্যক্ষ প্রত্যেক জেনরল সাহেবকে কি অন্য সেনাপতি সাহেবকে, কিম্বা তাঁহারদের মধ্যে কোন জেনরল সাহেবকে কি অন্য সেনাপতি সাহেবদিগকে সাধারণ কোর্ট মার্শ্যাল করিতে ক্ষমতা দিতে পারিবেন, ও সেই কোর্ট মার্শ্যালের কোন দণ্ড বহাল রাখিতে ও সফল করিতে ক্ষমতা দিতে পারিবেন ইতি।

[প্রধান সেনাপতি সাহেব কোর্ট মার্শ্যাল করিতে পারিবেন। যাঁহারদিগকে লইয়া কোর্ট হইবেক।]

৪ ধারা। এই আইনের শক্তিক্রমে যে কোন সাধারণ কোর্ট মার্শ্যাল করা যায় তাহা যে স্থানে হইবেক সেই স্থানে যিনি প্রধান সেনাপতি হন তিনি করিবেন। অন্যূন পাঁচ জন সনদপ্রাপ্ত সেনাপতিকে লইয়া ঐ কোর্ট মার্শ্যাল হইবেক কিন্তু কত জন লইয়া হইবেক তাহা যে জেনরল সাহেব কি অন্য সেনাপতি কোর্ট মার্শ্যাল নিযুক্ত করেন তিনি নির্দ্ধার্য্য করিবেন। হজুর কৌন্সেলহইতে যে আজ্ঞাপত্র হয় তাহাতে এই আইনের বিধানমতে করা সাধারণ কোর্ট মার্শ্যাল কেবল ইউরোপীয় সনদপ্রাপ্ত সেনাপতি সাহেবদিগকে লইয়া কি কেবল এদেশীয় সনদপ্রাপ্ত সুবাদারদিগকে লইয়া কি কয়েক জন ইউরোপীয় সনদপ্রাপ্ত সেনাপতি সাহেবকে ও কএক জন এদেশীয় সনদপ্রাপ্ত সুবাদারকে লইয়া হয় এমত আদেশ থাকিতে পারিবেক। তাহা হইলে ঐ কোর্ট মার্শ্যাল কেবল ইউরোপীয় সেনাপতিদিগকে কি কেবল এদেশীয় সুবাদারকে লইয়া, কি কএক জন ইউরোপীয় সেনাপতি ও কএক জন এদেশীয় সুবাদারকে লইয়া হইবেক এই বিষয় যে সেনাপতি সাহেব কোর্ট মার্শ্যাল করেন তিনি নির্দ্ধার্য্য করিবেন ইতি।

[যাঁহারা বৈঠক করেন তাঁহারদের অধিকাংশ জনের সম্মতিতে প্রাণদণ্ডের কি আইনসিদ্ধ অন্য দণ্ডের আজ্ঞা হইতে পারিবেক। ঐ দণ্ড মঞ্জুর হইয়া অব্যাজে কিম্বা বিলম্বে করা যাইতে পারিবেক।]

৫ ধারা। অপরাধী প্রাণদণ্ডের কিম্বা আইনমতে অন্য দণ্ডের যোগ্য হইলে, কোর্ট মার্শ্যালে যাঁহারা বর্ত্তমান থাকেন তাঁহারদের অধিকাংশ লোক যদি সেই দণ্ডের বিষয়ে সম্মত হন তবে কোর্ট মার্শ্যালহইতে সেই দণ্ডের আজ্ঞা হইতে পারিবেক, ও যে সেনাপতি

fect immediately or otherwise by order of the Officer by whom the Court Martial shall have been appointed, or, in case of his absence, by the Senior Officer on the spot.

[Order in Council may be revoked or countermanded.]

VI. It shall be lawful for the Governor General in Council to countermand or alter any Order in Council which may be issued under the authority of this Act.

[Governor General in Council or Executive Government, or any person authorized, may issue a Commission for the trial of offences against the State and of other offences.]

VII. It shall be lawful for the Governor General in Council, or for the Executive Government of any Presidency or place, or for any person or persons whom the Governor General in Council may authorize so to do, from time to time, to issue a Commission for the trial of all or any persons or person charged with having committed within any District described in the Commission, whether such District shall or shall not have been proclaimed to be in a state of rebellion, any offence punishable by Sections I. and II. of Act XI. of 1857, or by this Act, or any other crime against the State, or murder, arson, robbery, or other heinous crime against person or property.

[Court may be held in any part of the District.]

VIII. The Commissioner or Commissioners authorized by any such Commission, may hold a Court in any part of the District mentioned in the Commission, and may there try any person for any of the said crimes committed within any part thereof, it being the intention of this Act, that the District mentioned in the Commission shall, for the purpose of trial and punishment of any of the said offences, be deemed one District.

[Powers of the Court.]

IX. Any Court held under the Commission shall have power, without the attendance or futwa of a Law Officer, or the assistance of Assessors, to pass upon every person convicted before the Court of any of the aforesaid crimes any sentence warranted by law for such crime; and the judgment of such Court shall be final and conclusive; and the said Court shall not be subordinate to the Sudder or other Court.

[Magistrate, &c., may commit for trial.]

X. If a Commission be issued under the authority of this Act, any Magistrate or other Officer having power to commit for trial within the District described in the Commission may commit persons charged with any of the aforesaid

সাহেব ঐ কোর্ট মার্শ্যাল করিলেন তিনি, কিম্বা তিনি উপস্থিত না থাকিলে সেই স্থানে যিনি প্রধান সেনাপতি সাহেব হন তিনি ঐ দণ্ডাজ্ঞা মঞ্জুর করিতে পারিবেন ও তাঁহার হুকুমমতে ঐ দণ্ডাজ্ঞানুসারে অব্যাজে কি সময়ান্তরে কার্য্য হইতে পারিবেক ইতি।

[হুজুর কৌন্সেলের হুকুম অন্যথা কি রহিত হইতে পারিবেক।]

৬ ধারা। হুজুর কৌন্সেলের যে কোন হুকুম এই আইনের শক্তিক্রমে জারী হয় এমত কোন হুকুম হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর অন্যথা কি পরিবর্ত্ত করিতে পারিবেন ইতি।

[রাজ্যের বিপরীত অপরাধ ও অন্য২ অপরাধের বিচার করিবার জন্যে, হুজুর কৌন্সেলের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর, কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট, কিম্বা ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কমিস্যান দিতে পারিবেন ইতি।]

৭ ধারা। হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের, কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের, কিম্বা হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর যে কোন ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে কমিস্যান দিবার ক্ষমতা প্রদান করিয়া থাকেন তাঁহার এই ক্ষমতা থাকিবেক যে, কমিস্যানের লিখিত জিলা রাজবিদ্রোহিতা করণাবস্থায় আছে ইহা প্রকাশ হউক কি না হউক তদ্রূপ কোন জিলার মধ্যে ১৮৫৭ সালের ১১ আইনের ১ ও ২ ধারামতে কিম্বা এই আইনমতে দণ্ডনীয় কোন অপরাধ কিম্বা রাজ্যের বিপরীতে অন্য কোন অপরাধ কিম্বা খুন কিম্বা গৃহদাহ কি লুট অথবা ব্যক্তির কি সম্পত্তির উপর অন্য কোন গুরুতর অপরাধ করিয়াছে এমত নালিশ যে সকল কি যে কোন ব্যক্তির নামে হয় তাহারদের বিচার করিবার জন্যে সময়ে২ কমিস্যান জারী করেন ইতি।

[কোর্ট মার্শ্যাল জিলার যে কোন স্থানে বৈঠক করিতে পারিবেন।]

৮ ধারা। সেইরূপ কোন কমিস্যানক্রমে ক্ষমতাপ্রাপ্ত কমিস্যানর সাহেব কি কমিস্যানর সাহেবেরা ঐ কমিস্যানের লিখিত জিলার কোন স্থানে আদালত করিতে পারিবেন, আর সেই জিলার কোন স্থানে উক্ত যে কোন অপরাধ করা গিয়াছে সেই অপরাধের জন্যে কোন ব্যক্তির বিচার সেই আদালতে করিতে পারিবেন। যেহেতুক কমিস্যানপত্রে যে প্রদেশ লিখিত হয় তাহা উক্ত কোন অপরাধের বিচার ও দণ্ড করিবার নিমিত্তে একি জিলা জ্ঞান হয়, এই আইনের এই অভিপ্রায় ইতি।

[আদালতের ক্ষমতা।]

৯ ধারা। ঐ কমিস্যানক্রমে যে কোন আদালতের বৈঠক হয়, সেই আদালতের সম্মুখে যে কোন ব্যক্তির পূর্ব্বোক্ত কোন অপরাধ সাব্যস্ত হয় তাহার সেই অপরাধের নিমিত্তে ঐ আদালত মৌলবীর অনুপস্থানে কি তাঁহার ফতওয়া বিনা, কিম্বা সহকারিরদের সহায়তা বিনা, আইনসিদ্ধ কোন দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন, ও সেই আদালতের বিচার চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক, ও সেই আদালত সদর আদালতের কিম্বা অন্য আদালতের অধীন হইবেন না ইতি।

[মাজিস্ট্রেট সাহেবপ্রভৃতি বিচারার্থে সোপর্দ্দ করিতে পারিবেন।]

১০ ধারা। যদি এই আইনের শক্তিক্রমে কমিস্যান দেওয়া যায়, তবে কোন মাজিস্ট্রেট সাহেব, কিম্বা কমিস্যানে যে জিলা নির্দ্দিষ্ট হয় সেই জিলার মধ্যে আসামীর বিচারার্থে সোপর্দ্দ করিবার ক্ষমতা অন্য যে কার্য্যকারকের থাকে তিনি ঐ জিলার মধ্যে পূর্ব্বোক্ত কোন অপরাধ করিবার নালিশ যে লোকেরদের নামে

crimes within such District for trial before a Court to be held under this Act.

হয় তাহারদিগকে এই আইনমতের স্থাপিত আদালতের সম্মুখে বিচার হইবার নিমিত্তে সোপর্দ্দ করিতে পারিবেন ইতি।

[Act not to apply to British-born subjects or their children.]

XI. Nothing in this Act shall extend to the trial or punishment of any of Her Majesty's natural-born subjects born in Europe, or of the children of such subjects.

[এই আইন ব্রিটন জাত প্রজারদের কি তাঁহারদের সন্তানেরদের উপর খাটিবেক না।]

১১ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর ইউরোপে জাত কোন প্রজারদের কি সেই প্রজারদের সন্তানেরদের বিচার কি দণ্ডের উপর এই আইনের কোন কথা খাটিবেক না ইতি।

[Nor to offences cognizable by the Articles of War.]

XII. This Act shall not extend to the trial or punishment of any person for any offence for which he is liable to be tried by the Articles of War.

[যুদ্ধসম্পর্কীয় আইনের দ্বারা বিচার্য্য অপরাধের বিষয়ে খাটে না।]

১২ ধারা। যদি কোন লোক কোন অপরাধ করাতে যুদ্ধসম্পর্কীয় আইনের দ্বারা বিচার হইবার যোগ্য হয়, তবে তাহার বিচার কি দণ্ড বিষয়ে এই আইন খাটিবেক না ইতি।

[Interpretation.]

XIII. The word "Soldier" shall include every person subject to any Articles of War.

[অর্থকরণ।]

১৩ ধারা। "সিপাহী" এই শব্দেতে যুদ্ধসম্পর্কীয় কোন আইনের অধীন যে কেহ হয় তাহাকে বুঝায় ইতি।

[Duration of Act.]

XIV. This Act shall continue in force for one year.

[আইন চলিত থাকন কাল।]

১৪ ধারা। এই আইন এক বৎসরপর্য্যন্ত প্রবল হইয়া থাকিবেক ইতি।

W. MORGAN,
Clerk of the Council.

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON *Bengalee Translator*

DRAFT OF ACT.

আইনের মুসাবিদা।

THE INDIAN PENAL CODE.
CHAPTER XVII.
OF OFFENCES AGAINST PROPERTY.
OF CRIMINAL TRESPASS.

[Continued from page 503.]

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।
১৭ অধ্যায়।
সম্পত্তির উপর অপরাধ।
অন্যায়মতে গৃহপ্রবেশের কথা।

[৫০৩ পৃষ্ঠা হইতে চলিতেছে।]

[Lurking house-trespass or house-breaking by night accompanied by an act done towards the commission of an offence punishable with imprisonment.]

82. Whoever commits lurking house-trespass by night, or house-breaking by night, in order to the committing of any offence punishable with imprisonment, and does any act towards the commission of that offence, shall, if that offence is not committed, be punished with imprisonment of either description for a term which may extend to three years, added to a term which may extend to two-thirds of the longest time for which he would have been liable to be imprisoned if he had committed the offence in order to the committing of which he committed such lurking house-trespass by night, or house-breaking by night.

[রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার কি সিঁধ মারিবার কালে, যে অপরাধের কয়েদ হইবার দণ্ড হয় তাহাও করিবার উপলক্ষে কোন কার্য্য করা গেলে তাহার দণ্ড।]

৮২। যে অপরাধের কয়েদ হইবার দণ্ড হয় এমত কোন অপরাধ করিবার জন্যে, যদি কেহ রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে কি রাত্রিতে সিঁধ মারে, ও সেই অপরাধ করিবার উপলক্ষে কোন কার্য্য করে তবে সেই অপরাধ না করা গেলে, ঐ লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক। তদ্ভিন্ন যে অপরাধ করিবার জন্যে সে রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিল কি রাত্রিতে সিঁধ মারিল সেই অপরাধ করিলে সে অত্যধিক যত কাল কয়েদ হইবার যোগ্য হইত তাহার তিন অংশের দুই অংশপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হইবেক।

[Lurking house-trespass or house-breaking by night after preparation made for causing hurt to any person.]

83. Whoever commits lurking house-trespass by night, or house-breaking by night, having made preparation for causing hurt to any person, or for assaulting any person, or for wrongfully restraining any person, or for putting any person in fear of hurt, or of assault, or of wrongful restraint, in order to the committing of such house-trespass, or during the continuance of the house-

[কোন লোককে আঘাত করিবার উদ্যোগ প্রথমে করিয়া রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিলে কি সিঁধ মারিলে তাহার দণ্ড।]

৮৩। যদি কেহ রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার জন্যে, কিম্বা সেইরূপে রাত্রিতে লুকিয়া অন্যায়মতে প্রবেশ করাতে কি রাত্রিতে সিঁধ মারাতে অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার যে অপরাধ হইয়াছে সেই অপরাধ করিতে থাকনকালে কোন লোককে আঘাত করিবার, কিম্বা কোন লোকের প্রতি আক্রমণ করিবার, কি কোন লোককে অন্যায়মতে আটক করিয়া রাখিবার, কিম্বা কোন লোকের আঘাত কি তাহার

trespass which has been begun by such lurking house-trespass by night, or house-breaking by night, shall be punished with transportation for life or with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Grievous hurt caused whilst committing lurking house-trespass or house-breaking.]

84. Whoever, whilst committing lurking house-trespass or house-breaking, causes grievous hurt to any person or attempts to cause death or grievous hurt to any person, shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years, and which must not be less than seven years, and shall also be liable to fine.

[Fraudulently breaking open any closed receptable containing or supposed to contain property.]

85. Whoever fraudulently, or with intent to commit mischief, breaks open or unfastens any closed receptacle which contains or which he believes to contain property, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[Punishment for same offence when committed by person entrusted with custody.]

86. Whoever, being entrusted with any closed receptacle which contains or which he believes to contain property, without having authority to open the same, fraudulently, or with intent to commit mischief, breaks open or unfastens that receptacle, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, or with fine, or with both.

[Cumulative punishment.]

87. Whoever commits the offence defined in Clause 85 or 86, and also commits any offence in regard to any property contained in the receptacle, shall be liable to cumulative punishment.

CHAPTER XVIII.
OF OFFENCES RELATING TO DOCUMENTS AND TRADE OR PROPERTY-MARKS.

[Forgery.]

1. Whoever makes any false document or part of a document with intent to cause damage or injury to the public, or to any person, or to support any claim or title, or to cause any person to part with property, or to enter into any express or implied contract, commits forgery.

[Making a false document.]

2. A person is said to make a false document,

First.—Who makes, signs, seals, or executes a document or part of a document or makes any mark denoting the execution of a document with

প্রতি আক্রমণ কি তাহার অন্যায়মতে আটক হইবার ভয় জন্মাইবার উদ্যোগ প্রথমে করিয়া রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করে কি রাত্রিতে সিঁধ মারে, তবে সেই লোকের যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ-দণ্ড হইবেক, কিম্বা সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করিবার কি সিঁধ মারিবার অপরাধ করণ কালে ভারি আঘাত করিলে তাহার দণ্ড।।

৮৪। যদি কোন লোক লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করণকালে কি সিঁধ মারিবার কালে, কোন কাহাকে ভারি আঘাত করে কিম্বা কোন কাহার প্রাণনাশ কি ভারি আঘাত করিতে উদ্যত হয়, তবে সেই লোক চৌদ্দ বৎসরপর্য্যন্ত কিন্তু সাত বৎসরের কম নয় এমত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[বন্দকরা যে বাক্সপ্রভৃতিতে কিছু সম্পত্তি থাকে কি আছে বোধ হয় তাহা প্রতারণাপূর্ব্বক ভাঙ্গিয়া খুলিলে তাহার দণ্ড।।

৮৫। বন্দকরা যে কোন বাক্সপ্রভৃতিতে কিছু সম্পত্তি আছে কি থাকিতে পারে বোধ করিয়া যে কেহ প্রতারণা করিয়া কিম্বা অপকার করিবার অভিপ্রায়ে তাহা ভাঙ্গিয়া খোলে কি তাহা খুলিয়া দেয়, সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[যাহার জিম্মা করিয়া দেওয়া যায় এমন লোক ঐ দোষ করিলে তাহার দণ্ড।।

৮৬। যদি বন্দকরা কোন বাক্সপ্রভৃতি কোন কাহার জিম্মা করিয়া দেওয়া যায় ও তাহাতে সম্পত্তি আছে কিম্বা তাহাতে সম্পত্তি থাকিতে পারে বোধ করিয়া যদি সেই লোক তাহা খুলিবার ক্ষমতা না পাইয়া, প্রতারণা করিয়া কিম্বা অপকার করিবার অভিপ্রায়ে ঐ বাক্সপ্রভৃতি ভাঙ্গিয়া খোলে কিম্বা তাহা খুলিয়া দেয়, তবে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[সংযুক্ত দণ্ড।।

৮৭ যদি কেহ ৮৫ কি ৮৬ প্রকরণের লিখিত অপরাধ করিয়া ঐ বাক্সপ্রভৃতিতে থাকা কোন সম্পত্তির বিষয়ে কোন অপরাধও করে তবে তাহার সংযুক্ত দণ্ড হইতে পারিবেক।

১৮ অধ্যায়।
দলীলদস্তাবেজ ও বাণিজ্যের কি সম্পত্তির চিহ্ন-সম্পর্কীয় অপরাধ।

[জালকরা।।

১। যদি কোন লোক সাধারণ লোকেরদের কি কোন ব্যক্তির ক্ষতি কি হানি করিবার, কি কোন দাওয়ার কি স্বত্তের পোষকতা করিবার, কিম্বা কোন ব্যক্তিকে কোন সম্পত্তি ত্যাগ করাইবার, কিম্বা স্পষ্ট কি ভাবতঃ কোন চুক্তি করাইবার অভিপ্রায়ে কোন জাল খৎ কি খতের অংশ করে, তবে সে জাল করে।

[জালকরা দলীল করণ।।

২। যদি কোন লোক এই২ কর্ম্ম করে তবে জালকরা দলীল করে বলা যায়। অর্থাৎ

প্রথম। যাহার দ্বারা কি যাহার অনুমতিতে দলীল করা যায় নাই জানে কিম্বা যে সময়ে দলীল করা যায় নাই জানে এমত সময়ে এমত লোকের দ্বারা কি তাহার

the intention of causing it to be believed that such document or part of a document was made, signed, sealed, or executed by, or by the authority of a person by whom or by whose authority he knows that it was not made, or at a time at which he knows that it was not made; or

অনুমতিতে দলীল করা গিয়াছে কি তাহাতে সহী ও মোহর দেওয়া গিয়াছে কি দস্তখৎ করা গিয়াছে এমত বিশ্বাস জন্মাইবার অভিপ্রায়ে যদি কেহ ঐ দলীল কি দলীলের কোন অংশ করে কিঁ তাহাতে সহী করে কি মোহর করে কি দস্তখৎ করে কিম্বা দস্তখৎ হইবার কোন চিহ্ন করে। অথবা

Secondly.—Who, without lawful authority, by cancellation or otherwise, alters a document in any material part thereof after it has been executed either by himself or by any other person whether such person be living or dead at the time;

দ্বিতীয়। আপনি কোন দলীলে দস্তখৎ করিলে পর কিম্বা অন্য ব্যক্তি করিলে পরে তাহার জীবৎমানে কি মরণান্তে যদি কেহ আইনসিদ্ধ ক্ষমতা না পাইয়াও বাতিল করণের দ্বারা কি অন্য প্রকারের কার্য্য করিয়া ঐ দলীলের কোন গুরুতর অংশে তাহা পরিবর্ত্ত করে। অথবা

Thirdly.—Who voluntarily causes any person to sign, seal, execute, or alter a document knowing that such person by reason of unsoundness of mind or intoxication cannot, or that by reason of deception practised upon him, he does not know the contents of the document or the nature of the alteration.

তৃতীয়। মনের বিকারপ্রযুক্ত কি মদিরাদিতে উন্মত্ত হওয়াপ্রযুক্ত, কিম্বা তাহার প্রতি কোন প্রবঞ্চনার কার্য্য হওয়াপ্রযুক্ত যে জন দলীলের মর্ম্ম জানে না কি তাহা যেরূপে পরিবর্ত্ত হইয়াছে তাহা বুঝে না ইহা জানিয়া, যদি কেহ ঐ লোককে জানিয়াশুনিয়া কোন দলীলে সহী কি মোহর কি দস্তখৎ করায় কি তাহা বদল করায় তবে সে জাল করে।

Illustrations.

উদাহরণ।

(*a*) A has a letter of credit upon B for Rupees 10,000 written by Z. A in order to defraud B adds a cypher to the 10,000 and makes the sum 100,000 intending that it may be believed by B that Z so wrote the letter. A has committed forgery.

(ক) যদু গোপালের উপর ১০,০০০৲ টাকার এক হুণ্ডী কালুর নামে দেয়। কালু গোপালকে প্রতারণা করিবার জন্যে ঐ ১০,০০০ অঙ্কের পিঠে আর এক শূন্য দিয়া ১০০,০০০৲ টাকা করে আর যদু ১০০,০০০৲ টাকা লিখিয়াছিল গোপালের এমত বিশ্বাস জন্মান ঐ কালুর অভিপ্রায়, কালু জাল করে।

(*b*) A without Z's authority affixes Z's seal to a document purporting to be a conveyance of an estate from Z to A with the intention of selling the estate to B and thereby of obtaining from B the purchase money. A has committed forgery.

খ) কালুর নামে যদুর কোন এক মহালের হস্তান্তর করণপত্র বলিয়া কোন এক দলীলে, কালু যদুর অনুমতি না পাইয়াও যদুর মোহর বসায়। ইহাতে কালুর এই অভিপ্রায় যে, গোপালের নিকটে ঐ মহাল বিক্রয় করিয়া গোপালের স্থানে তাহার খরীদী টাকা লয়। কালু জাল করে।

(*c*) A picks up a cheque on a Banker signed by B payable to bearer, but without any sum having been inserted in the cheque. A fraudulently fills up the cheque by inserting the sum of ten thousand Rupees. A commits forgery.

(গ) গোপাল কোন মহাজনের উপর কোন চ্যাকেতে সহী করে কিন্তু তাহাতে টাকা নির্দ্দিষ্ট করিয়া লেখে নাই ও যাহাকে টাকা দিতে হইবেক এমত কোন ব্যক্তিকে নির্দ্দিষ্ট করে নাই কেবল যাহার হাতে চ্যাক থাকে তাহাকে টাকা দিতে হইবেক এই কথা লেখা আছে। কালু সেই চ্যাক কুড়িয়া পায় ও প্রতারণা করিয়া তাহাতে দশ হাজার টাকা লেখে। কালু জাল করে।

(*d*) A leaves with B, his agent, a cheque on a Banker signed by A without inserting the sum payable, and authorizes B to fill up the cheque by inserting a sum not exceeding ten thousand Rupees for the purpose of making certain payments. B fraudulently fills up the cheque by inserting the sum of twenty thousand Rupees. B commits forgery.

(ঘ গোপাল কালুর এজেন্ট হয়। কালু কোন ব্যাঙ্কের উপর একটা চ্যাক গোপালের নামে লিখিয়া দেয়। তাহাতে টাকা নির্দ্দিষ্ট করিয়া লেখে নাই কিন্তু গোপালকে বলে যে, অমুক২ লোকের পাওনা টাকা দিবার জন্যে দশ হাজার টাকাপর্য্যন্ত তোমার যত প্রয়োজন হয় তাহা চ্যাকে লিখিয়া ব্যাঙ্কহইতে লও। গোপাল প্রতারণা করিয়া তাহাতে ২০,০০০৲ টাকা লেখে। গোপাল জাল করে।

(*e*) A draws a Bill of Exchange on himself in the name of B without B's authority, intending to discount it as a genuine Bill with a Banker and intending to take up the Bill on its maturity. Here, as A draws the Bill with intent to deceive the Banker by leading him to suppose that he had the security of B and thereby to discount the Bill, A is guilty of forgery.

(ঙ) কালু গোপালের অনুমতি না পাইয়া গোপালের নামে আপনারি উপর একখান হুণ্ডী করে। ইহাতে তাহার এই অভিপ্রায় যে কোন মহাজনের কাছে ঐ হুণ্ডী প্রকৃত বলিয়া লইয়া গিয়া ধরাট দিয়া এইক্ষণে টাকা লই পরে হুণ্ডীর মিয়াদ খেলাফ হইলে ঐ টাকা দিব। এই স্থলে কালুর জন্যে গোপাল জামিন হইয়াছে অতএব ঐ হুণ্ডীর টাকা এইক্ষণে দেওয়া যাইতে পারে কালু মহাজনকে প্রবঞ্চনা করিয়া তাহার এমত বোধ জন্মাইবার জন্যে, ঐ হুণ্ডী করে। অতএব কালু জাল করণের অপরাধী হয়।

(*f*) Z's will contains these words—"I direct that all my remaining property be equally divided between A, B, and C." A scratches out B's name, intending that it may be believed that the whole

(চ) যদুর উইলের মধ্যে এই কথা আছে। "আমি আদেশ করি যে, আমার অবশিষ্ট সকল সম্পত্তি কালু ও গোপাল ও চাঁদের মধ্যে সমানরূপে বিভাগ করিয়া [illegible]ওয়া যায়। কালু গোপালের নাম উঠাইয়া ফেলে

was left to himself and C. A has committed forgery.

(*g*) A endorses a Government Promissory Note and makes it payable to Z or his order by writing on the Bill the words "pay to Z or his order" and signing the endorsement. B erases the words "Pay to Z, or his order" and thereby converts the special endorsement into a blank endorsement. B commits forgery.

(*h*) A sells and conveys an estate to Z. A afterwards, in order to defraud Z of his estate, executes a conveyance of the same estate to B dated six months earlier than the date of the conveyance to Z intending it to be believed that he had conveyed the estate to B before he conveyed it to Z. A has committed forgery.

(*i*) Z dictates his will to A. A intentionally writes down a different legatee from the legatee named by Z, and by representing to Z that he has prepared the will according to his instructions, induces Z to sign the will. A has committed forgery.

(*j*) A having engaged to write Z's will according to Z's direction, and being directed by Z to write that Z leaves the residuum of his property equally between I, K, and L, intentionally omits the name of K, and by inducing Z to believe that the will was drawn according to his instruction, causes Z to execute it, intending that it may be believed that the document is made according to Z's direction. A has committed forgery.

Explanation. A person may commit forgery by signing his own name to a document.

Illustrations.

(*a*) A signs his own name to a Bill of Exchange, intending that it may be believed that the Bill was drawn by another person of the same name. A has committed forgery under the first head of the definition.

(*b*) A writes the word "accepted" on a piece of paper and signs it with Z's name in order that B may afterwards write on the paper a Bill of Exchange drawn by B upon Z and negociate the Bill as though it had been accepted by Z. A is guilty of forgery; and if B draws the Bill upon the paper pursuant to A's intention, B is also guilty of forgery.

(*c*) A picks up a Bill of Exchange payable to the order of a different person of the same name. A endorses the Bill in his own name, intending to cause it to be believed that it was endorsed by the person to whose order it was payable: here A has committed forgery.

(*d*) A purchases an estate sold under execution of a decree against B. B after the seizure of the estate, in collusion with Z executes a lease of

তাহাতে অবশিষ্ট সকল সম্পত্তি তাহাকে ও চাঁদকে দেওয়া গিয়াছে এমত বিশ্বাস জন্মাইবার মনস্থ করে। কালু জাল করে।

(জ) কালু এককেতা কোম্পানির কাগজের পৃষ্ঠে এই কথা লেখে, "ইহার টাকা যদুকে কিম্বা তাহার আজ্ঞামতে দেও" ও তাহাতে দস্তখৎ করে। গোপাল ঐ কথা উঠাইয়া দেয় কেবল কালুর দস্তখৎ রাখে। তাহাতে ঐ টাকা যে জন পাইতে পারে এইমত কোন বিশেষ ব্যক্তির নাম নির্দ্দিষ্ট থাকিল না। গোপাল জাল করে।

(ঝ) কালু এক মহাল যদুকে বিক্রয় করিয়া হস্তান্তর করিয়া দিয়াছে। পরে সেই যদুকে ফাকি দিবার অভিপ্রায়ে কালু যে তারিখে সেই হস্তান্তর করণপত্র লিখিয়াছিল তাহার অগ্রের ছয় মাসের তারিখ দিয়া সেই মহালের অন্য হস্তান্তরপত্র লিখিয়া গোপালকে দেয়। ইহাতে তাহার এই অভিপ্রায় যে যদুকে ঐ মহাল বিক্রয় করিবার পূর্ব্বে তাহা গোপালকে হস্তান্তর করিয়া দেওয়া গিয়াছিল এমত বিশ্বাস জন্মায়। কালু জাল করে।

(ট) যদু আপনার উইল করিতে চাহিয়া কালুর দ্বারা সকল কথা লেখায়। যদু অমুক ব্যক্তিকে আপনার সম্পত্তি দিয়া যাইতে চাহে, কালু তাহার নাম উইলেতে না লিখিয়া অন্য ব্যক্তির নাম লেখে, কিন্তু যদুকে বলে যে তুমি যেমন কহিয়াছ তেমনি সকল লিখিয়াছি, তাহাতে যদু ঐ উইলেতে দস্তখৎ করে। কালু জাল করে।

(ঠ) কালু যদুর আদেশমতে যদুর উইল লিখিয়া দিবার প্রতিজ্ঞা করে। যদু তাহাকে বলে যে আমার অবশিষ্ট তাবৎ সম্পত্তি ঈশানচন্দ্র ও কৃষ্ণচন্দ্র ও লোলিতচন্দ্র এই তিন জনের মধ্যে সমানরূপে ভাগ করিয়া দিতে হইবেক। কালু জানিয়াশুনিয়া কৃষ্ণচন্দ্রের নাম ত্যাগ করিয়া যদুর এমত বিশ্বাস জন্মায় যে তোমার আদেশমতে সকল লেখা হইয়াছে, ইহাতে যদু তাহাতে দস্তখৎ করে। আর কালুর এই অভিপ্রায় যে ঐ উইল যদুর আদেশমতে করা গিয়াছিল এমত বিশ্বাস হয়। কালু জাল করে।

ব্যাখ্যা। কোন লোক কোন দলীলে নিজ নাম সহী করাতেও জাল করিতে পারে।

উদাহরণ।

(ক) কালিদাস নামে কোন ব্যক্তি হুণ্ডী দিয়াছে এমত বিশ্বাস জন্মাইবার জন্যে কালিদাস নামে অন্য এক জন ঐ হুণ্ডীতে স্বাক্ষর করে। কালিদাস এই প্রকরণের প্রথম দফামতে জাল করিয়াছে।

(খ) কালু এক ফর্দ্দ শাদা কাগজে "স্বীকার হইল" এই কথা লিখিয়া তাহাতে যাদবচন্দ্রের নাম সহী করে। ইহাতে তাহার এই অভিপ্রায় যে সেই কাগজে গোপাল এক কেতা হুণ্ডী যাদবচন্দ্রের নামে লিখিয়া দেয় ও যাদবচন্দ্র তাহা স্বীকার করিয়াছে বলিয়া ঐ হুণ্ডী চালান করে। কালু জাল করিয়াছে ও গোপাল যদি কালুর অভিপ্রায়মতে ঐ কাগজে হুণ্ডী লেখে তবে গোপালও জাল করে।

(গ) কালিদাস একখান হুণ্ডী কুড়িয়া পায় তাহা কালিদাস নামক অন্য ব্যক্তির নামে দেওয়া গিয়াছে। কিন্তু ঐ হুণ্ডীর টাকা প্রথম কালিদাসের নামে দেনা ছিল এইমত বিশ্বাস জন্মাইবার অভিপ্রায়ে অন্য কালিদাস হুণ্ডীর পৃষ্ঠে আপনার নাম লিখিয়া দেয়। সেই কালিদাস জাল করে।

(ঘ) গোপালের নামে এক ডিক্রী জারীক্রমে গোপালের এক মহালের নীলাম হয়। কালু সেই মহাল খরীদ করে। ঐ মহাল ক্রোক হইবার পরে গোপাল

the estate to Z at a nominal rent and for a long period and dates the lease six months prior to the seizure with intent to defraud A and to cause it to be believed that the lease was granted before the seizure. B, though he executes the lease in his own name, commits forgery, by antedating it.

যদুর সঙ্গে ষড়যন্ত্র করিয়া ঐ মহালের অল্প খাজানার ও বহু কাল মিয়াদের এক পাট্টা যদুর নামে করিয়া দেয় ও মহাল যে তারিখে ক্রোক হইয়াছিল তাহার পূর্ব্বের ছয় মাসের তারিখ ঐ পাট্টাতে লিখিয়া দেয় ইহাতে তাহার এই অভিপ্রায় যে কালুকে প্রতারণা করে ও সেই পাট্টা মহালের ক্রোক হইবার পূর্ব্বে দেওয়া গিয়াছিল এমত বিশ্বাস জন্মায়। গোপাল ঐ পাট্টা করিয়া আপনি সহী করিয়াছে বটে তথাপি অগ্রের তারিখ দেওয়াতে জাল করে।

(e) A, a trader in anticipation of insolvency, lodges effects with B for A's benefit and with intent to defraud his creditors, and in order to give a colour to the transaction, writes a Promissory Note binding himself to pay to B a sum for value received, and antedates the note, intending that it may be believed to have been made before A was on the point of insolvency. A has committed forgery under the first head of the definition.

(চ) কালু নামক এক জন ব্যবসায়ী। তাহার দেউলিয়া হইবার উপক্রম হইয়াছে জানিয়া সে আপন লভ্যের নিমিত্তে ও মহাজনেরদিগকে ফাকি দিবার জন্যে আপনার কোন দ্রব্য গোপালের নিকটে রাখে। আরো ঐ কার্য্যের সরলভাব দেখাইবার জন্যে সে গোপালের স্থানে যে টাকা পাইয়াছে তাহা ফিরিয়া দিতে এই মর্ম্মের এক খৎ লিখিয়া গোপালকে দেয়, কিন্তু সেই খৎ যে তারিখে লিখিয়া দিয়াছিল তাহার পূর্ব্বের কোন তারিখ তাহাতে দেয়। তাহার অভিপ্রায় এই যে, দেউলিয়া হইবার উপক্রম হওনের পূর্ব্বে ঐ খৎ লিখিয়া দেওয়া গিয়াছিল এমত বিশ্বাস জন্মায় কালু এই প্রকরণের প্রথম দফামতে জাল করে।

[Punishment for forgery.]

3. Whoever commits forgery shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[জাল করিবার দণ্ড।]

৩। যে কেহ জাল করে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

Explanation. A person may be guilty of forgery by making a false document in the name of a fictitious person intending it to be believed that the document was made by a real person.

ব্যাখ্যা। প্রকৃত ব্যক্তি কোন দলীল করিয়াছে এমত বিশ্বাস জন্মাইবার জন্যে যদি কোন লোক কল্পিত ব্যক্তির নামে মিথ্যা দলীল করে তবে সেই লোক জাল করিবার দোষী হয়।

Illustration.

A draws a Bill of Exchange upon a fictitious person and fraudulently accepts the Bill in the name of such fictitious person with intent to negociate it. A commits forgery.

উদাহরণ।

কালু কোন কল্পিত ব্যক্তির উপর হুণ্ডী দিয়া সেই হুণ্ডী চলে এই অভিপ্রায়ে আপনি সেই কল্পিত ব্যক্তির নাম লিখিয়া প্রতারণা করিয়া হুণ্ডী স্বীকার করে। কালু জাল করে।

[Forging or using a forged document with intent to injure or deceive.]

4. Whoever, with the intention of causing damage or injury to any person, or of practising any deception upon any person and by means of such deception causing such person to do any thing which he would not otherwise do, forges any document or uses as genuine any document which he knows to be forged, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both.

[হিংসা করিবার কি ফাকি দিবার অভিপ্রায়ে জাল করিবার কি জালকরা দলীল ব্যবহার করিবার দণ্ড।]

৪। যদি কেহ, কোন লোকের হানি কি হিংসা করিবার অভিপ্রায়ে, কিম্বা কোন লোককে কোন প্রকারে প্রবঞ্চনা করিবার অভিপ্রায়ে, ও সেই লোক যে কর্ম্ম করিত না তাহার তদ্রূপ প্রবঞ্চনার দ্বারা এমত কর্ম্ম করাইবার অভিপ্রায়ে, কোন দলীল জাল করে কিম্বা যাহা জাল করা জানে এমত কোন দলীল প্রকৃত বলিয়া ব্যবহার করে, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

Illustrations.

(a) A writes a letter and signs it with B's name without B's authority certifying that A is a man of good character and in distressed circumstances from unforeseen misfortune, intending by means of such letter to obtain alms from Z and other persons. Here, as A made a false document in order to induce Z to part with property, A has committed forgery.

(b) A without B's authority writes a letter and signs it with B's name certifying to A's character, intending thereby to obtain employment under

উদাহরণ।

(ক) যদুর ও অন্য২ লোকের স্থানে কালু ভিক্ষা মাগিয়া টাকাপ্রভৃতি পাইতে চাহে এই অভিপ্রায়ে গোপালের অনুমতি না পাইয়া গোপালের নাম করিয়া এই মর্ম্মের সর্টিফিকট লেখে যে, কালু সুচরিত্রের লোক কিন্তু দৈবঘটনাক্রমে তাহার সংসারের অত্যন্ত ক্লেশ হইয়াছে। এই স্থলে যদু আপনার কিছু সম্পত্তি তাহাকে দেয় এই জন্যে কালু মিথ্যা লিপি করিয়াছে তাহাতে জাল করে।

(খ) যদুর তাবে কালু কিছু কর্ম্ম পাইতে চাহে এই অভিপ্রায়ে আপনার সুচরিত্রের এক সোপারিশপত্র আপনি লিখিয়া গোপালের অনুমতি না পাইয়া গো-

Z. A has committed forgery, inasmuch as he intended to deceive Z by the forged certificate and thereby to induce Z to enter into an expressed or implied contract of service.

[Forgery of a record of a Court of Justice, or of a public Register of Births, &c.]

5. Whoever forges a document, purporting to be a record or proceeding of a Court of Justice, or a Register of Birth, Baptism, Marriage, or Burial, kept by a public servant, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Forgery of a valuable security or will.]

6. Whoever forges a document which purports to be a valuable security or a will, or which purports to give authority to any person to make or transfer any valuable security or to receive the principal, interest, or dividends thereon, or to receive any money, goods, or valuable security, shall be punished with transportation for life, or with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Forgery for the purpose of cheating.]

7. Whoever commits forgery, intending that the document forged shall be used for the purpose of cheating, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Forgery for the purpose of harming the reputation of any person.]

8. Whoever commits forgery, intending that the document forged shall harm the reputation of any party, or knowing that it is likely to be used for that purpose, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

["A forged document."]

9. A false document made wholly or in part by forgery is designated "a forged document."

[Uttering or using as genuine a forged document.]

10. Whoever utters or uses as genuine any document which he knows or has reason to believe to be a forged document, shall be punished in the same manner as if he had forged such document.

[Making or possessing a counterfeit seal, plate, &c., with intent to commit a forgery punishable under Clause 6.]

11. Whoever makes or counterfeits any seal, plate, or other instrument for making an impression, intending that the same shall be used for the purpose of committing any forgery which would be punishable under Clause 6 of this Chapter, or with such intent has in his possession any such seal, plate, or other instrument knowing the same to be counterfeit, shall be punished with

পালের নাম তাহাতে স্বাক্ষর করে। ঐ জালকর সর্টিফিকটের দ্বারা যদুকে প্রবঞ্চনা করে, ও তাহাতে যদুর তাবে তাহার কর্ম্ম করিবার স্পষ্ট কি ভাবতঃ চুক্তি হয় এই অভিপ্রায় থাকাতে কালু জাল করে।

[আদালতের কোন কাগজপত্রের কিম্বা জন্মপ্রভৃতির রেজিষ্টরের জাল করণের দণ্ড।]

৫। আদালতের কোন কাগজপত্র কি রুবকারী বলিয়া, কিম্বা সরকারী কার্য্যকারকের রাখা জন্মের কি অবগাহনের কি বিবাহের কি কবর দেওনের রেজিষ্টর বলিয়া কোন দলীল যদি কেহ জাল করে তবে সে সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[মুল্যবান নিদর্শনপত্র কি উইল জাল করিবার দণ্ড।]

৬। মুল্যবান নিদর্শনপত্র কিম্বা উইল বলিয়া কোন দলীল কিম্বা যাহাতে কোন ব্যক্তিকে কোন মুল্যবান নিদর্শনপত্র করিতে কি হস্তান্তর করিতে কিম্বা তাহার আসল টাকা কি তাহার উপর সুদ কি ডিবিডেণ্ড লইতে কিম্বা কোন টাকা কি মাল কি মুল্যবান নিদর্শন গ্রহণ করিতে ক্ষমতা দিবার ভাব দর্শায় এমত দলীল যদি কেহ জাল করে তবে তাহার যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড হইবেক কিম্বা সে চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[ঠকাইবার জন্যে জাল করিবার দণ্ড।]

৭। জালকরা দলীল লইয়া কোন কাহাকে ঠকান যায় এই অভিপ্রায়ে যদি কেহ জাল করে তবে সেই লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক

[কোন ব্যক্তির সুনামের হানি করিবার জন্যে জাল করিবার দণ্ড।]

৮। জালকরা দলীল লইয়া কোন ব্যক্তির সুনামের হানি করিবার অভিপ্রায়ে কিম্বা সেই দলীল লইয়া তাহার সুনামের হানি হইতে পারে জানিয়া যদি কেহ জাল করে তবে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[জালকরা দলীল।]

৯। যে কৃত্রিম দলীলের সমুদয় কি এক অংশ জাল করণের দ্বারা করা যায় তাহা "জালকরা দলীল" কহা যায়।

[জালকরা দলীল প্রকৃত দলীলের মতে চালাইবার কি ব্যবহার করিবার দণ্ড।]

১০। যদি কেহ কোন দলীল জালকরা জানিয়া কি এমত বুঝিবার কারণ জানিয়া সেই দলীল প্রকৃত বলিয়া চালায় কি ব্যবহার করে তবে আপনি সেই দলীল জাল করিলে তাহার যে দণ্ড হইত সেই দণ্ড হইবেক।

[৬ প্রকরণমতে দণ্ডনীয় জাল করিবার অপরাধ করণের অভিপ্রায়ে কৃত্রিম মোহর-পাত প্রভৃতি করিবার কি নিকটে রাখিবার দণ্ড।]

১১। এই অধ্যায়ের ৬ প্রকরণমতে যে জাল করণদায়ের দণ্ড হইতে পারে এমত কোন জাল করিবার জন্যে ব্যবহার হয় এই অভিপ্রায়ে যদি কেহ কোন মোহর কি পাত কি ছাপ দিবার অন্য দ্রব্য গড়ে কি কৃত্রিম করে কিম্বা সেই প্রকারের কোন মোহর কি পাত কি অন্য দ্রব্য কৃত্রিম জানিয়া সেই অভিপ্রায়ে আপনার নিকটে রাখে তবে সে লোক সাত বৎসরপর্য্যন্ত কোন

imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Making or possessing a counterfeit seal, plate, &c., with intent to commit a forgery punishable otherwise]

12. Whoever makes or counterfeits any seal, plate, or other instrument for making an impression, intending that the same shall be used for the purpose of committing any forgery which would be punishable under any Clause of this Chapter other than Clause 6, or with such intent has in his possession any such seal, plate, or other instrument knowing the same to be counterfeit, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Having possession of a valuable security or will known to be forged with intent to use it as genuine.]

13. Whoever has in his possession any document which he knows to be forged and which is or purports to be a valuable security or a will, or which gives or purports to give any such authority as is mentioned in Clause 6 of this Chapter, with intent that the same shall be used or uttered as genuine, shall be punished with imprisonment of either description for a term which may extend to ten years, and shall also be liable to fine.

[Counterfeiting a device or mark used for authenticating documents described in Clause 6 or possessing counterfeit marked material.]

14. Whoever counterfeits, upon or in the substance of any material, any device or mark used for the purpose of authenticating any document described in Clause 6 of this Chapter, intending that such device or mark shall be used for the purpose of giving the appearance of authenticity to any document then forged or thereafter to be forged on such material, or who with such intent has in his possession any material upon or in the substance of which any such device or mark has been counterfeited, shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Counterfeiting a device or mark used for authenticating documents other than those described in Clause 6, or possessing counterfeit marked material.]

15. Whoever counterfeits, upon or in the substance of any material, any device or mark used for the purpose of authenticating any document other than the documents described in Clause 6 of this Chapter, intending that such device or mark shall be used for the purpose of giving the appearance of authenticity to any document then forged or thereafter to be forged, or such material, or who with such intent has in his possession any material upon or in the substance of which any

মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[অন্য কোন প্রকরণমতে দণ্ডনীয় জাল করিবার অপরাধ করণের অভিপ্রায়ে কৃত্রিম মোহর পাতপ্রভৃতি করিবার কি নিকটে রাখিবার দণ্ড ।]

১২। এই অধ্যায়ের ৬ প্রকরণভিন্ন অন্য কোন প্রকরণমতে যে জাল করণ দোষের দণ্ড হইতে পারে এমত কোন জাল করিবার জন্যে ব্যবহার হয় এইঅভিপ্রায়ে যদি কেহ কোন মোহর কি পাত কি ছাপ দিবার অন্য দ্রব্য গড়ে কি কৃত্রিম করে, কিম্বা সেই প্রকারের কোন মোহর কি পাত কি অন্য দ্রব্য কৃত্রিম জানিয়া সেই অভিপ্রায়ে আপনার নিকটে রাখে তবে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[মূল্যবান নিদর্শনপত্র কি উইল জালকরা জানিয়া প্রকৃত বলিয়া ব্যবহার করিবার অভিপ্রায়ে নিকটে রাখিবার দণ্ড ।]

১৩। যে দলীল মূল্যবান নিদর্শনপত্র কি উইল আছে কি হইবার মতে দেখায়, অথবা এই অধ্যায়ের ৬ প্রকরণে যে ক্ষমতার কথা আছে এমত ক্ষমতা যে দলীলেতে দেওয়া যায় কি দিবার ভাব দর্শায় এমত কোন দলীল যদি কেহ জালকরা জানিয়া তাহা প্রকৃত বলিয়া ব্যবহার হয় কি চালান যায় এই অভিপ্রায়ে আপনার নিকটে রাখে, তবে সেই লোক দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[৬ প্রকরণের নির্দ্দিষ্ট দলীল সিদ্ধ করিবার জন্যে যে অঙ্কের কি চিহ্নের ব্যবহার হয় তাহা জাল করিবার কিম্বা যে দ্রব্যেতে ঐ জালকরা চিহ্ন থাকে তাহা নিকটে রাখিবার দণ্ড ।]

১৪। এই অধ্যায়ের ৬ প্রকরণের নির্দ্দিষ্ট কোন দলীল সিদ্ধ করিবার জন্যে যে কোন অঙ্কের কি চিহ্নের ব্যবহার হয় তাহা যদি কেহ কাগজাদি কোন দ্রব্যেতে কি তাহার মূলবস্তুতে জাল করে ও ইহাতে যদি তাহার এই অভিপ্রায় থাকে যে, সেই দ্রব্যের উপর যে দলীল জাল করা গিয়াছে কিম্বা পরে জাল করা যাইবেক তাহা প্রকৃত দেখাইবার জন্যে সেই অঙ্কের কি চিহ্নের ব্যবহার হয়, কিম্বা যে দ্রব্যেতে কি যে দ্রব্যের মূল বস্তুতে তদ্রূপ কোন অঙ্ক কি চিহ্ন জাল করা গিয়াছে এমত কোন দ্রব্য যদি কেহ সেই অভিপ্রায়ে আপনার নিকটে রাখে তবে সেই লোক চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[৬ প্রকরণের নির্দ্দিষ্ট দলীলভিন্ন অন্য দলীল সিদ্ধ করিবার জন্যে যে অঙ্কের কি চিহ্নের ব্যবহার হয়, তাহা জাল করিবার কিম্বা যে দ্রব্যেতে ঐ জালকরা চিহ্ন থাকে তাহা নিকটে রাখিবার দণ্ড ।]

১৫। এই অধ্যায়ের ৬ প্রকরণের নির্দ্দিষ্ট দলীলভিন্ন অন্য কোন দলীল সিদ্ধ করিবার জন্যে যে কোন অঙ্কের কি চিহ্নের ব্যবহার হয় তাহা যদি কেহ কাগজাদি কোন দ্রব্যেতে কি তাহার মূল বস্তুতে জাল করে, ও ইহাতে যদি তাহার এই অভিপ্রায় থাকে যে, সেই দ্রব্যের উপর যে দলীল জাল করা গিয়াছে কিম্বা পরে জাল করা যাইবেক তাহা প্রকৃত দেখাইবার জন্যে সেই অঙ্কের কি চিহ্নের ব্যবহার হয়, অথবা যদি কেহ সেই দ্রব্য জাল করে, কিম্বা যে দ্রব্যেতে কি যে দ্রব্যের মূল বস্তুতে তদ্রূপ কোন অঙ্ক কি চিহ্ন করা গিয়াছে এমত

such device or mark has been counterfeited, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, and shall also be liable to fine.

[Fraudulent cancellation, destruction, &c. of a will.]

16. Whoever fraudulently, or with intent to cause damage or injury to the public or to any person, cancels, destroys, or defaces, or attempts to cancel, destroy, or deface, or secretes or attempts to secrete any document which is or purports to be a will, or commits mischief in respect to such document, shall be punished with imprisonment of either description for a term which may extend to ten years, and shall also be liable to fine.

[Fraudulent cancellation, destruction, &c. of a valuable security.]

17. Whoever fraudulently, or with intent to cause damage or injury to the public or to any person, destroys or defaces, or attempts to destroy or deface, or secretes or attempts to secrete any document which purports to be a valuable security, or commits mischief in respect to such document, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

OF TRADE AND PROPERTY-MARKS.

[Trade-Mark.]

18. A mark used for denoting that goods have been made or manufactured by a particular person or at a particular time or place, or that they are of a particular quality, is called a trade-mark.

[Property-mark.]

19. A mark used for denoting that moveable property belongs to a particular person is called a property-mark.

[Using a false trade-mark.]

20. Whoever marks any goods or any case, package, or other receptacle containing goods, or uses any case, package, or other receptacle with any mark thereon, with the intention of causing it to be believed that the goods so marked, or any goods contained in any such case, package, or receptacle so marked, were made or manufactured by any person by whom they were not made or manufactured, or that they were made or manufactured at any time or place at which they were not made or manufactured, or that they are of a particular quality of which they are not, is said to use a false trade-mark.

[Using a false property-mark.]

21. Whoever marks any moveable property or goods, or any case, package, or other receptacle containing moveable property or goods, or uses any case, package, or other receptacle having any mark thereon, with the intention of causing it to be believed that the property or goods so marked or any property or goods contained in any case, package, or other receptacle so marked, belong

কোন দ্রব্য যদি কেহ সেই অভিপ্রায়ে আপনার নিকটে রাখে, তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[উইল প্রতারণা করিয়া বাতিল কি নষ্টপ্রভৃতি করণের দণ্ড।]

১৬। উইল কিম্বা উইলের ভাব দর্শায় এমত কোন দলীল যদি কোন লোক প্রতারণা করিয়া কিম্বা সর্ব্ব সাধারণের কি কোন ব্যক্তির হানি কি ক্ষতি করিবার অভিপ্রায়ে বাতিল করে কি নষ্ট কি বিকৃত করে কিম্বা বাতিল কি নষ্ট কি বিকৃত করিতে উদ্যোগ করে কিম্বা গোপন করে কি গোপন করিতে উদ্যোগ করে কিম্বা সেই দলীলের সম্পর্কে অপকার করে তবে সেই লোক দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[মুল্যবান নিদর্শনপত্র প্রতারণা করিয়া বাতিল কি নষ্টপ্রভৃতি করণের দণ্ড।]

১৭। মুল্যবান নিদর্শনপত্রের ভাব দর্শায় এমত কোন দলীল যদি কোন লোক প্রতারণা করিয়া কিম্বা সর্ব্ব সাধারণের কি কোন ব্যক্তির হানি কি ক্ষতি করিবার অভিপ্রায়ে নষ্ট কি বিকৃত করে কিম্বা নষ্ট কি বিকৃত করিতে উদ্যোগ করে কিম্বা গোপন রাখে কি গোপনে রাখিতে উদ্যোগ করে কিম্বা সেই দলীলের সম্পর্কে অপকার করে তবে সেই লোক তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

মহাজনী ও মালের চিহ্নের কথা।

[মহাজনী চিহ্ন।]

১৮। কোন বাণিজ্যবস্তু বিশেষ ব্যক্তির দ্বারা কিম্বা বিশেষ সময়ে কি স্থানে বানান গিয়াছে কিম্বা সেই বস্তুর বিশেষ গুণ আছে ইহা দেখাইবার জন্যে যে চিহ্ন দেওয়া যায় তাহা মহাজনী চিহ্ন বলে।

[মালের চিহ্ন।]

১৯। কোন অস্থাবর বস্তু কোন বিশেষ ব্যক্তির আছে ইহা দেখাইবার জন্যে যে চিহ্ন দেওয়া যায় তাহা মালের চিহ্ন বলে।

[মহাজনী কৃত্রিম চিহ্ন ব্যবহার করণ।]

২০। কোন দ্রব্য যাহার দ্বারা প্রস্তুত কি নির্ম্মিত হয় নাই এমত কোন ব্যক্তির দ্বারা প্রস্তুত কি নির্ম্মিত হইয়াছে অথবা যে স্থানে কি যে সময়ে নির্ম্মিত হয় নাই এমত সময়ে কি স্থানে প্রস্তুত কি নির্ম্মিত হইয়াছে কিম্বা ঐ দ্রব্যের যে বিশেষ গুণ না থাকে তাহার সেই বিশেষ গুণ আছে এমত বিশ্বাস জন্মাইবার অভিপ্রায়ে যদি কেহ কোন দ্রব্যের উপর চিহ্ন দেয় কিম্বা যে বাক্সেতে কি বস্তাতে কি অন্য আধারে ঐ দ্রব্য থাকে তাহার উপর কোন চিহ্ন দেয় কিম্বা যে বাক্সে কি বস্তাতে কি অন্য আধারে তদ্রূপ কোন চিহ্ন থাকে তাহা ব্যবহার করে তবে সেই জন মহাজনী কৃত্রিম চিহ্ন ব্যবহার করে বলা যায়।

[মালের কৃত্রিম চিহ্ন ব্যবহার করা।]

২১। কোন অস্থাবর বস্তু কি মাল যাহার নহে এমত কোন ব্যক্তির বস্তু কি মাল আছে এমত বিশ্বাস জন্মাইবার জন্যে, যদি কেহ ঐ অস্থাবর বস্তু কি মালের উপর কোন চিহ্ন দেয় কিম্বা ঐ অস্থাবর বস্তু কি মাল যে বাক্সে কি বস্তাতে কি অন্য আধারে থাকে তাহাতে কোন চিহ্ন দেয় কিম্বা যে কোন বাক্সে কি বস্তাতে কি অন্য আধারে কোন চিহ্ন থাকে এমত কোন বাক্সপ্রভৃ-

to a person to whom they do not belong, is said to use a false property-mark.

[Punishment for using a false trade or property-mark with intent to deceive or injure any person.]

22. Whoever uses any false trade-mark or any false property mark with intent to deceive or injure any person, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or with both.

[Counterfeiting a trade or property mark ordinarily used by another, with intent to cause damage or injury.]

23. Whoever, with intent to cause damage or injury to any person, knowingly counterfeits any trade or property-mark ordinarily used by any other person, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

[Counterfeiting a property-mark used by a public servant, or any mark used by him to denote the manufacture, quality, &c., of any property.]

24. Whoever, with intent to cause damage or injury to any person, knowingly counterfeits any property-mark ordinarily used by a public servant, or any mark ordinarily used by a public servant to denote that any property has been manufactured by a particular person or at a particular time or place, or that the same is of a particular quality or has passed through a particular office or that it is entitled to any exemption, or uses as genuine any such mark knowing the same to be counterfeit, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine.

[Fraudulent making or having possession of any die, plate, or other instrument for counterfeiting any public or private property or trade-mark.]

25. Whoever makes or has in his possession any die, plate, or other instrument for the purpose of making or counterfeiting any public or private property or trade-mark with intent to use the same for the purpose of counterfeiting such mark, or has in his possession any such property or trade-mark with intent that the same shall be used for the purpose of denoting that any goods or merchandize were made or manufactured by any particular person or firm by whom they were not made or at a time or place at which they were not made, or that they are of a particular quality of which they are not, or that they belong to a person to whom they do not belong, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

তি ব্যবহার করে তবে সেই জন মালের কৃত্রিম চিহ্ন ব্যবহার করে বলা যায়।

[কোন ব্যক্তিকে প্রবঞ্চনা করিবার কি তাহার হিংসা করিবার জন্যে মহাজনী কি মালের কৃত্রিম চিহ্ন ব্যবহার করিবার দণ্ড।]

২২। যদি কেহ কোন ব্যক্তিকে ভুলাইবার জন্যে কিম্বা হিংসা করিবার জন্যে কোন কৃত্রিম মহাজনী চিহ্ন কি মালের কোন কৃত্রিম চিহ্ন ব্যবহার করে তবে সে জন এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

[কোন ব্যক্তি যে মহাজনী কি মালের চিহ্ন সামান্যতঃ ব্যবহার করে তাহা অন্য ব্যক্তি হানি কি হিংসা করিবার অভিপ্রায়ে জাল করিলে তাহার দণ্ড।]

২৩। কোন ব্যক্তি কোন মহাজনী কি মালের যে চিহ্ন সামান্যতঃ ব্যবহার করে তাহা যদি অন্য লোক সেই ব্যক্তির হানি কি হিংসা জন্মাইবার অভিপ্রায়ে জানিয়াশুনিয়া জাল করে তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

[সরকারী কার্য্যকারক মালের যে চিহ্ন ব্যবহার করেন কিম্বা কোন দ্রব্য যেরূপে প্রস্তুত হইয়াছে কি তাহার যেরূপ গুণপ্রভৃতি আছে ইহা জানাইবার যে কোন চিহ্ন ব্যবহার করেন তাহা জাল করিবার দণ্ড।]

২৪। সরকারী কার্য্যকারক মালের যে কোন চিহ্ন সামান্যতঃ ব্যবহার করেন, কিম্বা কোন দ্রব্য বিশেষ ব্যক্তির দ্বারা কিম্বা বিশেষ সময়ে কি স্থানে প্রস্তুত করা গিয়াছে, কিম্বা সেই দ্রব্যের বিশেষ গুণ আছে, কিম্বা তাহা কোন বিশেষ সিরিশ্তায় মঞ্জুর হইয়াছে, কিম্বা কোন বিশেষ মাসুলাদিহইতে মুক্ত হইতে পারিবেক, ইহা দর্শাইবার জন্যে সরকারী কার্য্যকারক যে কোন চিহ্ন সামান্যতঃ ব্যবহার করেন, তাহা যদি কেহ কোন লোকের হানি কি হিংসা জন্মাইবার অভিপ্রায়ে জানিয়াশুনিয়া জাল করে, কিম্বা তদ্রূপ কোন চিহ্ন জাল হইয়াছে জানিয়া তাহা প্রকৃত বলিয়া ব্যবহার করে, তবে সে তিন বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কোন সরকারী কি বিশেষ ব্যক্তির মালের কি মহাজনী চিহ্ন জাল করিবার জন্যে কোন ছেনি কি পাত কি অন্য দ্রব্য প্রতারণা করিয়া প্রস্তুত করিবার কি নিকটে রাখিবার দণ্ড।

২৫। যদি কেহ কোন সরকারী কি বিশেষ ব্যক্তির মালের কি মহাজনী চিহ্ন জাল করিবার জন্যে ব্যবহার হইবার অভিপ্রায়ে এরূপ চিহ্ন প্রস্তুত করিবার কি জাল করিবার নিমিত্তে কোন ছেনি কি পাত কি অন্য দ্রব্য প্রস্তুত করে কি নিকটে রাখে, কিম্বা কোন মাল কি মহাজনী দ্রব্য যে ব্যক্তির কি যে কুঠীর দ্বারা প্রস্তুত করা যায় নাই এমত কোন বিশেষ ব্যক্তির কি কুঠীর দ্বারা নির্ম্মিত হইয়াছে কি প্রস্তুত হইয়াছে কিম্বা যে সময়ে কি স্থানে নির্ম্মিত হয় নাই এমত সময়ে কি স্থানে নির্ম্মিত হইয়াছে কিম্বা ঐ দ্রব্যের যে বিশেষ গুণ না থাকে তাহার সেই গুণ আছে কিম্বা যে ব্যক্তির ঐ দ্রব্য নহে তাহারি আছে ইহা দেখাইবার নিমিত্তে ব্যবহার হয় এই অভিপ্রায়ে যদি কেহ সেইরূপ কোন মালের কি মহাজনী চিহ্ন নিকটে রাখে তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Knowingly selling goods marked with a counterfeit property or trade-mark.]

26. Whoever sells any goods with a counterfeit property or trade-mark, whether public or private, affixed to or impressed upon the same or upon any case, wrapper, or receptacle in which such goods are packed or contained, knowing that such mark is forged or counterfeit, or that the same has been affixed to or impressed upon any goods or merchandize not manufactured or made by the person or at the time or place indicated by such mark, or that they are not of the quality indicated by such mark, or that they are entitled to any exemption, with intent to deceive or injure or damage any person, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or with both.

[যে দ্রব্যের উপর মালের কি মহাজনী জালকরা চিহ্ন থাকে তাহা জানিয়াশুনিয়া বিক্রয় করিবার দণ্ড।]

২৬। সরকারী কি বিশেষ ব্যক্তির মালের কি মহাজনী জালকরা চিহ্ন কোন দ্রব্যেতে দেওয়া গিয়াছে কি তাহার উপর বসান গিয়াছে কিম্বা ঐ দ্রব্য যে কোন বাক্সেতে কি বস্তাতে কি আধারে বাঁধা গিয়াছে কি রাখা গিয়াছে তাহার উপর ঐ জালকরা চিহ্ন দেওয়া গেল ও সেই চিহ্ন জালকরা কি কৃত্রিম আছে ইহা জানিয়া অথবা ঐ চিহ্নের দ্বারা কোন মাল কি মহাজনী দ্রব্য যাহার দ্বারা কি যে সময়ে কি স্থানে প্রস্তুত করা গেল কি নির্ম্মিত হইল বোধ হয় সেই ব্যক্তিভিন্ন অন্য ব্যক্তির প্রস্তুত কোন মাল কি মহাজনী দ্রব্যের উপর ঐ চিহ্ন দেওয়া গিয়াছে কি বসান গিয়াছে জানিয়া কিম্বা ঐ দ্রব্যের যে গুণ ঐ চিহ্নেতে বোধ হয় তাহার সেই গুণ নাই জানিয়া কিম্বা সেই চিহ্নের দ্বারা কোন মাসুলাদিহইতে মুক্ত হইতে পারিবেক জানিয়া কোন ব্যক্তিকে ভুলাইবার কিম্বা কোন ব্যক্তির হানি কি হিংসা করিবার অভিপ্রায়ে যদি কেহ এমত কোন দ্রব্য বিক্রয় করে তবে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Fraudulently making a false mark upon any package or receptacle containing goods.]

27. Whoever fraudulently makes any false mark upon any package or receptacle containing goods, with intent to cause any public servant or any other person to believe that such package or receptacle contains goods which it does not contain, or that it does not contain goods which it does contain, or that the goods contained in such package, case, or receptacle are of a nature different from the real nature thereof, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or with both.

[যে বস্তাতে কি আধারে দ্রব্য থাকে তাহাতে প্রতারণা করিয়া অপ্রকৃত চিহ্ন দিবার দণ্ড।]

২৭। কোন বস্তাতে কি আধারে যে দ্রব্য নাই এমত কোন দ্রব্য আছে, কিম্বা যে দ্রব্য আছে এমত দ্রব্য নাই, কিম্বা ঐ বস্তাতে কি বাক্সে কি আধারে নিতান্ত যে প্রকারের দ্রব্য আছে তদ্ভিন্ন অন্য প্রকারের দ্রব্য থাকে সরকারী কোন কার্য্যকারকের কিম্বা অন্য কোন ব্যক্তির এমত বিশ্বাস জন্মাইবার অভিপ্রায়ে যে কোন বস্তাতে কি আধারে দ্রব্য থাকে তাহাতে যদি কেহ প্রতারণা করিয়া কোন কৃত্রিম চিহ্ন দেয় তবে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Punishment for making use of any such false mark.]

28. Whoever fraudulently makes use of any such false mark with the intent last aforesaid, knowing such mark to be false, shall be punished in the manner mentioned in the last preceding Clause.

[তদ্রূপের কোন কৃত্রিম চিহ্ন ব্যবহার করিবার দণ্ড।]

২৮। যদি কেহ পূর্ব্বোক্ত প্রকারের চিহ্ন কৃত্রিম জানিয়া পূর্ব্বোক্ত অভিপ্রায়ে প্রতারণা করিয়া ব্যবহার করে তবে তাহার ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত প্রকারের দণ্ড হইবেক।

[Defacing any property-mark with intent to cause injury.]

29. Whoever removes, destroys, or defaces any property-mark intending or knowing it to be likely that he may thereby cause injury to any person, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or with both.

[হিংসা করিবার অভিপ্রায়ে কোন মালের চিহ্ন বিকৃত করিবার দণ্ড।]

২৯। যদি কেহ কোন লোকের হিংসা করিবার অভিপ্রায়ে কিম্বা তাহাতে কোন লোকের হিংসা করিবার সম্ভাবনা জানিয়া কোন মালের চিহ্ন উঠাইয়া দেয় কি নষ্ট করে কি বিকৃত করে তবে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন একপ্রকারে কয়েদ হইবেক কি তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[To be continued.]

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 5th June, 1857.

Baboo Gunga Kaunth Mookerjee, to be Additional Moonsiff for the Sudder Station and Moonsiffees of Pingna and Madargunge, in Zillah Mymensing.

[*Government Gazette*, *16th June*, 1857.]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৫ জুন।

বাবু গঙ্গাকান্ত মুখুয্যা জিলা ময়মনসিংহের সদর মোকামের ও পিঙ্গনার ও মাদারগঞ্জের মুনসেফী এলাকার অতিরিক্ত মুনসেফ হইবেন।

LEAVE OF ABSENCE.

The 5th June, 1857.

Baboo Juddoonath Mookerjea, Moonsiff of Lubshaw, Zillah 24-Pergunnahs, for eleven days.

A. W. RUSSELL, *Register.*

ছুটী।

১৮৫৭ সাল ৫ জুন।

জিলা চব্বিশপরগনার লবশার মুনসেফ শ্রীযুত বাবু যদুনাথ মুখুয্যা এগার দিনের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৩৮০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

১৮৫৭ সাল ৭ আপ্রিল।

বাঁকুড়ার একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ রোজ সাহেব (Mr. H. Rose,) খাজানাখানার ভার ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ ওয়াজীউল্লার প্রতি অর্পণ করিয়া চিকিৎসকের সর্টিফিকটক্রমে রাজধানীতে যাইবার নিমিত্তে সাত দিনের ছুটী পাইয়াছেন।

বাঙ্গলা দেশের দক্ষিণাংশের ইস্কুলের ইনস্পেক্টর শ্রীযুত এচ প্রাট সাহেব (Mr. H. Pratt,) নিয়মিত ছুটী লইয়া যাইবার আগে বর্ত্তমান মাসের ১ তারিখঅবধি ৯ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৮ আপ্রিল।

মঙ্গলদায়ে আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ ও এ বেকেট সাহেব (Mr. W. O. A. Beckett,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারামতে নয় দিনের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুরের ফতওয়াদায়ক শ্রীযুত মৌলবী জোয়াদ আলি গত ডিসেম্বর মাসের ২৩ তারিখের হুকুমমতে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ৮ আপ্রিল।

ছোট নাগপুরের ডেপুটী কমিস্যনর শ্রীযুত কাপ্তান ডবলিউ এচ ওক্স সাহেবকে (Captain W. H. Oakes,) গত নবেম্বর মাসের ২০ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

মেডিকাল কালেজে ব্যবচ্ছেদ বিদ্যার ও দ্রব্যতত্ত্ব বিদ্যার শিক্ষক শ্রীযুত এচ ওয়াকর সাহেবকে (Mr. H. Walker,) গত ফেব্রুআরি মাসের ১৯ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

মেডিকাল কালেজে অস্ত্রচিকিৎসার শিক্ষক শ্রীযুত আর ওশগনেসি সাহেবকে (Mr. R. O'Shaughnessy,) ঐ তারিখে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল অর্থাৎ মার্চমাসের ২৩ তারিখঅবধি আপ্রিল মাসের ৯ তারিখপর্য্যন্ত তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেকটর্স সাহেবেরদের ১৮৫৭ সালের ২৮ জানুআরি তারিখের ২০ নম্বরের পত্রহইতে গৃহীত নীচের লিখিত ৪ দফা সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ হইতেছে।

৪ দফা। বাঙ্গলা দেশের অচিহ্নিত কার্য্যকারক শ্রীযুত ডাক্তর জান এম মিলর সাহেবকে (Mr. John M. Miller, M. D.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে অধিক ছয় মাসের ছুটী দিয়াছি।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্নমেণ্টের সেক্রেটারী।

১৫০৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৩ আপ্রিল।

শ্রীযুত লেপ্টেনেন্ট জে পি মার্টিন সাহেব (Lieutenant J. P. Martin,) আসামের কমিস্যনর সাহেবের দ্বিতীয় আসিষ্টান্টের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ১৪ আপ্রিল।

শ্রীযুত পাদরি ই কে মাডক সাহেব (Rev. E. K Maddock,) সেন্ট জেম্স নামক ভজনালয়ের ধর্ম্মোপদেশক হইবেন।

শ্রীযুত পাদরি জি ই ইয়েট সাহেব (Rev. G. E Yate,) খিদিরপুরের ধর্ম্মোপদেশক হইবেন।

১৮৫৭ সাল ১৫ আপ্রিল।

শ্রীযুত ডাক্তর ই সি থর্প সাহেব (Dr. E C. Thorp.) হুগলীতে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

নীচের লিখিত যে ডেপুটী মাজিষ্ট্রেটেরা এলাকা খণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন তাঁহারা যে২ জিলাতে নিযুক্ত আছেন সেই২ জিলাতে ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরও হইবেন। বিশেষতঃ

বাড়ের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এফ এ বিনসেণ্ট সাহেব (Mr. F. A. Vincent,) পাটনায় ও মুঙ্গেরে।

বহেরার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এচ ডবটন সাহেব (Mr. H. Doveton,) ত্রিহুতে।

বুদবুদের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী গোলাম আশ্রফ বর্দ্ধমানে ও বাঁকুড়াতে।

বটীর ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত এ জি উইলসন সাহেব (Mr. A G. Wilson,) হাজারীবাগে।

জাহানাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী আবদুল লতীফ হুগলীতে ও বর্দ্ধমানে।

কৃষ্ণগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বি আর পেরি সাহেব (Mr. B. R. Perry,) পুরণিয়াতে।

কালারুয়ার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র বসু বারাসতে ও নদীয়াতে।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্নমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্নমেণ্টের ইশ্তিহার

আফিমের ইশ্তেহার।

ইশ্তেহার দেওয়া যাইতেছে যে বর্ত্তমান জুন মাহার ১০ তারিখ বুধবার আফিমের ষষ্ঠ নীলাম হইবার যে ইশ্তেহার দেওয়া গিয়াছিল এইক্ষণে সর্ব্বসাধারণের সুভিদার নিমিত্তে ঐ জুন মাহার ১৫ তারিখ সোমবার এক্সচেঞ্জ ঘরে সেই নীলাম হইবেক ইতি।

ব্রিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ।

কোর্ট উলিয়ম সন ১৮৫৭ সাল তারিখ ৬ জুন।

ই লসিংটন। ছোট সেক্রেটারী।

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৬ জুন।]

[Government Gazette, 16th June, 1857.]

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্তিহার।

এস্তাহারনামা কাছারি ডিপুটী কালেক্টরি মোকাম বারাশত

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৭ সালের ১৫ জুন মোতাবেক শন ১২৬৪ শালের ২ আষাঢ় তারিখে সোমবার দিবা দুই প্রহর এক ঘন্টার সময়ে মৃত কৃষ্ণদয়াল গোস্বামির নীচের লিখিত মুল্য-বানীয় জায়দাদ গবর্ণমেণ্টের হুকুমানুসারে অত্র কাছারিতে পবলিকরূপে নীলাম হইবেক যে ব্যক্তি উচ্চ মুল্য ডাকিবেক তাহাকে বিক্রয় করা যাইবেক ও তাহার উচিত হইবেক যে ফিঃ লাট ফিঃ শত ২৫ টাকার হিসাবে তৎক্ষণাৎ বাএনার স্বরূপ আমানৎ করিয়া ঐ তারিখহইতে ৮ দিবস মধ্যে বক্রী পণের টাকা দাখিল করিতে হইবেক তাহার অন্যথা হইলে বাএনার টাকা জব্দ হইয়া পুনরায় ঐ লাট অত্র বারাসতের ডিপুটী কালেক্টরির কাছারিতে রিশেল হইবেক।

তফশীল।

জায়দাদ।

নম্বর।	পরগনার নাম।	মৌজার নাম।	[illegible]	জমির বিবরণ।	সম্বৎসরের মুনফা।	কৈফিয়ত।
১	উখুড়া।	হাবড়া।	২/ বিঘা বাগান যাহাতে এক পুষ্করিণী ও এক পাকা শিব-মন্দির এবং নানা প্রকার ফল-বান ও অফলবান বৃক্ষ।	নিষ্কর দেবোত্তর।	১২ ॥০ *	এই বাগান যসর রোডের লক্ক যেস্থলে ডাকের আড্ডা এবং হাওড়ার নীলকুঠীর লক্ক।
২	ঐ	মাণিকতলা।	৩॥০/ বিঘা বাগান তম্মধ্যে এক পুষ্করিণী ও এক সাত চালা ঘর বাঙ্গলা ঘর ও গোয়াল ঘর আছে ও নানান রকম বৃক্ষ আছে।	ঐ	১৬ * *	এই ভূমি মাণিকতলা ডাক আড্ডার নিকট ও যসর রাস্তার লক্ক।

E. EDEN, *Offg. Deputy Collector.*

৪ জুন ১৮৫৭ সাল। বারাসত ডিপুটি কালেক্টরী কাছারি।

জিলা শ্রীহট্ট।

সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা শ্রীহট্টের নীচের লিখিত মাহালাত সন ১৮৫৭ সালের ১৮ আপরিলপর্য্যন্তের বাকি মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্য যে যে দাওয়া বাকি মালগুজারি ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৫৭ সালের জুন মাসের ১৫ তারিখে মোতাবেক সন ১২৬৪ সালের আষাঢ় মাসের ২২ তারিখে রোজ বৃহস্পতিবার ঐ জিলার কালেক্টরি কাছারিতে নিলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি।

১ শ্রেণি ইস্তুমেরারি জমা ধার্য্যহওয়া মাহাল।

পং জাদেশ্বর।
৩৩ তালুক মাং জমা রেজিষ্টরিহওয়া মালিক বৈদ্যনাথ মজুমদার সদর জমা … … ৪১৸/০

পং এগারসতি।
১৯। তালুক আবদুলগনি। রেজিষ্টরিহওয়া মালিক রামধন তহসীলদার সদর জমা … ১৸৶৯

পং চাপঘাট।
১০৩৮ নং ১১ নং ধর্ম্মউত্তর বৈং গণেশ্বর ভট্ট ১৫ নং মাং জুড়ি রেজিষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা … … … … … … … … … /১০

পং ঐ
২৭৭০ নং ১৪ নং নানকার বৈং আনন্দরাম পুং ৩ নং প্রাণকৃষ্ণ দেব রেজিষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা … … … … … … … … ৪৸৪

পং ঐ
২৫৭৫ নং ১ নং তোরখানা ১৯ নং ছবুক বিবি রেজিষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা … ০৭

পং ঐ মং ঐ
৪৮ নং নদু রেজিষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা … … … … … ৹৭

পং ঐ মং ঐ
৫০ নং ছবুক বিবি রেজিষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা … … … … … /৫

পং বাহাদুরপুর
৪১৮৪ নং ৩ নং ছেগা ফকিরচন্দ দাস ২ নং তোরাবকম রেজিষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা ৫।/৭

পং কৌড়িয়া
৩৪১ তালুক গোনাজঙ্গ রেজিষ্টরিহওয়া মালিক জামান মাং গএরহ সদর জমা … … ২৩॥৹১২

পং ঐ
১৮৮৯ নং ৪১ নং ধর্ম্মউত্তর ২০ নং রামশঙ্কর পং ১ নং দেবীপ্রসাদ শর্ম্মা রেজিষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা … … … … … … ১॥৹১১

পং হাউনি সুনৈতা ৯৬ তালুক নিধি দাস রেজিষ্টরিহওয়া মালিক গৌরকিশোর দেব সদর জমা … … … … … … … … ৫৸০

পং আগনা মং হানাবাদি
১ তালুক রাজকৃষ্ণ শর্ম্মা ও গণেশ্বর শর্ম্মা ও রাজগোবিন্দ দেব রেজিষ্টরিহওয়া মালিক কাশীনাথ দত্ত সদর জমা … … … … … … … … ৮৸৶৪

পং দিনার পুর
৪৬৮৪ নং ১ নং নানকার কানুনগো বৈং জীবনকৃষ্ণ মজুমদার ২ নং গোপালকৃষ্ণ রায় ও উমানন্দউল্লা রেজিষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা … … ১১॥ ৮

পং অনন্তপুর
৮০ তালুক তোতারাম রেজিষ্টরিহওয়া মালিক শ্যামচন্দ্র দাস সদর জমা … … ৭৷৮

পং ঐ
৯০ তালুক জয়গোবিন্দ রেজিষ্টরিহওয়া মালিক নিজ গএরহ সদর জমা … … …

পং বেতরিকুল
৩৬৪৬ নং ১ নং মুহম্মদ বৈং আবু মাং চং জাদউদ্দি ১ নং মাং মোরাদ রেজিষ্টরিহওয়া মালিক নিজ সদর জমা … … … … … … ৮৷।

পং সমসের নগর
২১০ তালুক সাক্ষি পং রেজিষ্টরিহওয়া মালিক গঙ্গাগোবিন্দ নাগ সদর জমা … ২৷।

পং উচাইল
১ তালুক সৈদ মহিউদ্দিন রেজিষ্টরিহওয়া মালিক রেয়াসুদ্দেমাগং সদর জমা … … ৭৭।

পং তরফ
১০২৬ তালুক রামকৃষ্ণ দেব রেজিষ্টরিহওয়া মালিক সেখ বন্দু সদর জমা … … ৬৷/১

R. O. Heywood, *Offg. Collector.*

গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৬ জুন॥

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

অতিরিক্ত
গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, JUNE 19, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ১৯ জুন

DRAFT OF ACT.

A Bill for extending the jurisdiction of the Courts of Criminal Judicature of the East India Company in Bengal, for simplifying the Procedure thereof, and for investing other Courts with Criminal jurisdiction.

CHAPTER XIV.
ON THE CHARGE.

Forms of Charge.

[Continued from page 518]

[When the trial may be immediately proceeded with after amendment.]

13 If the amendment or alteration is such that proceeding immediately with the trial is not likely, in the opinion of the court, to prejudice the defendant in his defence, it shall be at the discretion of the court, after making the amendment or alteration, to proceed with the trial as if the amended charge had been the original charge.

[When a new trial may be ordered, or trial suspended.]

14. If the amendment or alteration is such that proceeding immediately with the trial is likely, in the opinion of the court, to prejudice the defendant in his defence, the court may either direct a new trial, or suspend the trial for such period as may be necessary to enable the defendant to make his defence to the amended or altered charge; and after hearing his defence, may further adjourn the trial to admit of the appearance of any witnesses whose evidence the court may consider to be material to the case, or whom the defendant may wish to be summoned in his defence. If after the reading of the amended or altered charge to the defendant no postponement is desired by the defendant, or considered necessary

আইনের মুসাবিদা

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের এলাকা বৃদ্ধি করিবার ও তাহার কার্য্য আরো সহজরূপে করা যাইবার ও অন্যান্য আদালতকে ফৌজদারী এলাকা দিবার আইনের মুসাবিদা।

১৪ অধ্যায়।
নালিশপত্রের কথা।

[নালিশপত্রে যাহা লিখিতে হইবেক।]

[৫১৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[যে স্থলে সংশোধন হইলে পর বিচারের কার্য্য অব্যাজে চলিতে পারে।]

১৩। যে সংশোধন কি পরিবর্ত্তন হইয়াছে তাহা বুঝিয়া যদি আদালতের বিবেচনাতে মোকদ্দমার কার্য্য অব্যাজে চলিলে আসামীর জওয়াবের পক্ষে কোন ব্যাঘাতের সম্ভাবনা নাই, তবে আদালত সেই সংশোধন কি পরিবর্ত্তন করা গেলে পর আপনার বিবেচনানুসারে সেই সংশোধিত নালিশ প্রথম নালিশ হইবার মতে জ্ঞান করিয়া মোকদ্দমার বিচার করিতে থাকিবেন।

[যে স্থলে নূতন বিচারের হুকুম হইতে পারিবেক কিম্বা বিচার স্থগিত হইতে পারিবেক।]

১৪। যে সংশোধন কি পরিবর্ত্তন হইয়াছে তাহা বুঝিয়া যদি আদালতের বিবেচনাতে মোকদ্দমার কার্য্য অব্যাজে চলিলে আসামীর জওয়াবের পক্ষে ব্যাঘাত হইবার সম্ভাবনা হয় তবে আদালত নূতন বিচারের হুকুম করিতে পারিবেন, অথবা আসামী সংশোধিত কি পরিবর্ত্তিত নালিশের জওয়াব করিতে পারে এজন্যে যত কাল আবশ্যক হয় তত কালপর্য্যন্ত বিচার স্থগিত রাখিতে পারিবেন। ও তাহার জওয়াব শুনিলে পর আদালত যে কোন সাক্ষিরদের সাক্ষ্য মোকদ্দমার পক্ষে গুরুতর জ্ঞান করেন, কিম্বা আসামী যে কোন সাক্ষিরদিগকে আপনার জওয়াবের পক্ষে তলব করাইতে চাহে সেই সাক্ষিরা উপস্থিত হইতে পারে এইনিমিত্তে আদালত অন্য দিনপর্য্যন্ত মোকদ্দমার বিচার স্থগিত রাখিতে পারিবেন। সেই সংশোধন কি পরিবর্ত্তন করা নালিশপত্র আসামীর নিকটে পাঠ করা গেলে পর যদি আ-

by the court, the court may at once proceed with the trial.

সামী কিছু অবকাশ প্রার্থনা না করে, কিম্বা আদালত কিছু বিলম্ব করা আবশ্যক জ্ঞান না করেন, তবে আদালত একেবারে বিচারের কার্য্যে প্রবর্ত্ত হইতে পারিবেন।

[Defendant may recall and cross-examine witnesses for prosecution.]

15. In all cases of amendment or alteration of a charge, the defendant shall be allowed to recall and cross-examine any witness that may have been examined for the prosecution.

[ফরিয়াদীর পক্ষের সাক্ষিদিগকে আসামী পুনরায় ডাকিয়া জের সওয়াল করিতে পারিবেক।]

১৫। যে সকল স্থলে নালিশপত্রের সংশোধন কি পরিবর্ত্তন হইয়াছে সেই সকল স্থলে ফরিয়াদীর পক্ষে যে কোন সাক্ষির জোবানবন্দী লওয়া গিয়াছে তাহাকে আসামী পুনরায় ডাকিয়া জের সওয়াল করিতে অনুমতি পাইবেক।

CHAPTER XV.
OF OFFENCES TRIABLE BY THE MAGISTRATE.

১৫ অধ্যায়।
মাজিষ্ট্রেট সাহেবেরদের বিচার্য্য অপরাধ।

Cases in which a Warrant on Complaint may issue against the Defendant.

যে স্থলে নালিশ হইলেই আসামীর নামে ওয়ারণ্ট জারী হইতে পারিবেক তাহার কথা।

Complaint and issuing of Process for causing the Attendance of the Accused.

নালিশ ও অভিযুক্ত ব্যক্তির হাজির করাইবার পরওয়ানা জারী করিবার কথা।

[Cases in which magistrate may issue a warrant. Summons instead of warrant.]

1. In all cases where a complaint shall be made before a magistrate having jurisdiction in the case that any person has committed, or is suspected to have committed any offence triable by such magistrate, and which is punishable under the Penal Code with imprisonment for a period exceeding six months, it shall be lawful for such magistrate to issue his warrant to apprehend such person; provided always that in all cases it shall be lawful for the magistrate to whom such complaint shall be made, if he shall so think fit, instead of issuing in the first instance his warrant to apprehend the person so complained against, to issue his summons requiring him to appear to answer to such complaint.

[যে] স্থলে মাজিষ্ট্রেট সাহেব ওয়ারণ্ট জারী করিতে পারেন। ওয়ারণ্টের পরিবর্ত্তে সমন।]

১। মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য যে অপরাধের জন্যে দণ্ডবিধির আইনমতে ছয় মাসের অধিক কালপর্য্যন্ত কয়েদ হইতে পারে এমত কোন অপরাধ কোন ব্যক্তি করিয়াছে কিম্বা করিবার শোবে কোন ব্যক্তির উপর হইয়াছে, এই প্রকার নালিশ উপযুক্ত এলাকার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হইলে, তিনি সেই লোককে গ্রেপ্তার করিবার জন্যে আপনার ওয়ারণ্ট জারী করাইতে পারিবেন। পরন্তু সেই প্রকারের নালিশ যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে করা যায় তিনি যদি উচিত বোধ করেন তবে যে লোকের নামে নালিশ হইয়াছে তাহাকে গ্রেপ্তার করিবার জন্যে আপনার পরওয়ানা প্রথমে না দিয়া ঐ নালিশের জওয়াব দিবার জন্যে তাহাকে হাজির হইবার সমন জারী করিতে পারিবেন।

[Postponement of issue of process.]

2. If the magistrate see cause to distrust the truth of the complaint, he may postpone the issuing of process for causing the attendance of the accused, and direct a previous inquiry to be made into the complaint, either by means of the local police officers, or in such other mode as he shall judge most proper, for the purpose of ascertaining the truth or falsehood of the complainant's allegations. If the result of the inquiry induces the magistrate to believe the charge well founded, and the offence be of the nature described in Article 1 of this Chapter, he shall issue his warrant or summons as therein directed; provided that nothing herein contained shall prevent the magistrate from at once dismissing the complaint, if in his judgment there be no sufficient ground for proceeding with it.

[পরওয়ানা জারী স্থগিত করণ।]

২। মাজিষ্ট্রেট সাহেব যদি ঐ নালিশের সত্যতার সন্দেহ করিবার কারণ বুঝেন তবে তিনি অভিযুক্ত ব্যক্তিকে হাজির করাইবার পরওয়ানা জারী স্থগিত রাখিয়া স্থানীয় পোলীসের আমলারদের দ্বারা কিম্বা অন্য যে কোন মতে উচিত বোধ করেন সেইমতে ফরিয়াদীর কথার সত্যাসত্যতা নিশ্চয় করিবার জন্যে প্রথমে ঐ নালিশের তদারক হইবার আজ্ঞা করিবেন। সেই তদারকের ফলে যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে ঐ নালিশ সমূলক, ও সেই অপরাধ এই অধ্যায়ের ১ প্রকরণের লিখিত ভাবের বটে তবে তিনি সেই প্রকরণের বিধিমতে আপনার ওয়ারণ্ট কি সমন জারী করিবেন। পরন্তু যদি মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনাতে ঐ মোকদ্দমার বিচার করিতে থাকিবার কোন উপযুক্ত কারণ না থাকে তবে তাহার ঐ নালিশ একেবারে ডিসমিস করিতে এই ধারার কোন কথাতে বাধা হইবেক না।

[Magistrate may direct bail to be taken.]

3. It shall be at the discretion of the magistrate, in issuing his warrant for the arrest of any person against whom a complaint has been made, to direct that if such person be willing and ready

[মাজিষ্ট্রেট সাহেব জামিন লইবার হুকুম করিতে পারিবেন।]

৩। যাহার নামে নালিশ হয় এমত কোন ব্যক্তিকে গ্রেপ্তার করিবার জন্যে ওয়ারণ্ট জারী করণসময়ে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে আজ্ঞা

to give bail in a sum to be fixed by the magistrate for his appearance before the magistrate on a specified day to answer the complaint, the officer to whom the warrant is directed shall accept such bail, and shall release such person from custody. In the event of bail being given, the officer shall forward the recognizance to the magistrate.

[Magistrate may dispense with personal attendance of accused.]

4. The magistrate may, if he sees sufficient cause, dispense with the personal attendance of the party complained against, and permit him to appear by an agent duly authorized to act in his behalf. In such case, however, it shall be at the discretion of the magistrate, at any stage of the proceedings, to direct the personal attendance of such party.

[Arrest on warrant indorsed by a magistrate of another district.]

5. Where any such person as is mentioned in Chapter V. Article 10 or Article 11 shall be apprehended out of the jurisdiction of the magistrate granting the warrant against him, whether in a district within the same Presidency or under the same Lieutenant Governor or not, and carried before the magistrate who indorsed such warrant, the magistrate before whom such person shall be brought, in case the offence for which such person shall be apprehended shall be bailable in law, and such person shall be willing and ready to give bail for his appearance on a specified date before the magistrate granting the warrant, shall take bail of such person for his appearance before the magistrate granting the warrant, release the person from custody, and forward the recognizance to the magistrate granting the warrant.

[Proclamation for an absconding party. Attachment of property. Property after six months to be at the disposal of Government.]

6. If any person accused of an offence absconds or conceals himself, so that upon a process issued against him by a magistrate he cannot be found, the magistrate shall, on proof thereof, cause a written proclamation requiring the absent party to appear to answer the complaint within a fixed period, not less than one month, to be publicly read and proclaimed by beat of drum, and shall cause such proclamation to be affixed in some conspicuous part of his Court, as well on the entrance door of the house in which the party has usually dwelt, or some conspicuous place in the town or village in which he has usually resided. In case the party does not appear, and deliver himself up within the period fixed, it shall be lawful for the magistrate, on receiving the return of the proper officer to this effect, and on proof of the publication of the proclamation in the manner above provided, to order the attachment of any moveable or immoveable property held within his juris-

করিতে পারিবেন যে, ঐ লোক যদি নালিশের জওয়াব দিবার জন্যে নির্দ্দিষ্ট দিবসে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হইবার জামিনস্বরূপে মাজিষ্ট্রেট সাহেব যত টাকা নির্দ্ধার্য্য করেন তাহা দিতে ইচ্ছুক ও রাজী হয় তবে যে কার্য্যকারককে পরওয়ানা দেওয়া যায় তিনি ঐ জামিন লইয়া ঐ ব্যক্তিকে হেফাজতহইতে খালাস করেন। যদি জামিন দেওয়া যায় তবে ঐ কার্য্যকারক মাজিষ্ট্রেট সাহেবের নিকটে জামিনীপত্র পাঠাইবেন।

[মাজিষ্ট্রেট সাহেব নালিশহওয়া ব্যক্তির নিজের হাজির হইবার ক্ষমা করিতে পারিবেন।]

৪। মাজিষ্ট্রেট সাহেব যদি উপযুক্ত কারণ বুঝেন তবে যাহার নামে নালিশ হইয়াছে তাহার নিজে হাজির হইবার ক্ষমা করিয়া, তাহার পক্ষে কার্য্য করিতে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত মোখ্তারের দ্বারা হাজির হইবার অনুমতি দিতে পারিবেন। পরন্তু এমত স্থলে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে মোকদ্দমা চলনের কোন সময়ে ঐ ব্যক্তিকে নিজে হাজির হইবার আজ্ঞা করিতে পারিবেন।

[অন্য জিলার মাজিষ্ট্রেট সাহেবের দস্তখৎকরা ওয়ারণ্টক্রমে গ্রেফ্তার করণ।]

৫। ৫ অধ্যায়ের ১০ কি ১১ প্রকরণে যেং লোকের কথা লেখা আছে এমত কোন লোকের নামে যে মাজিষ্ট্রেট সাহেব ওয়ারণ্ট দেন তাঁহার এলাকার বাহিরে একি রাজধানীর কিম্বা একি লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অধীন জিলার মধ্যে হউক কি না হউক যদি তাহাকে গ্রেফ্তার করা যায়, ও যে মাজিষ্ট্রেট সাহেব ঐ ওয়ারণ্টের পৃষ্ঠে দস্তখৎ করেন তাঁহার সম্মুখে উপস্থিত করা যায়, তবে ঐ ব্যক্তিকে যে অপরাধের জন্যে গ্রেফ্তার করা যায় তাহার নিমিত্তে যদি আইনমতে হাজিরজামিন লওয়া যাইতে পারে, ও যে মাজিষ্ট্রেট সাহেব ওয়ারণ্ট দিয়াছিলেন তাঁহার সম্মুখে বিশেষ তারিখে হাজির হইবার নিমিত্তে যদি সেই লোক হাজিরজামিন দিতে ইচ্ছুক ও রাজী হয়, তবে যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহাকে উপস্থিত করা যায় তিনি যে মাজিষ্ট্রেট সাহেব ওয়ারণ্ট দিলেন তাঁহার সম্মুখে হাজির হইবার জামিন ঐ লোকের স্থানে লইয়া, ঐ লোককে হেফাজতহইতে খালাস করিবেন, ও যে মাজিষ্ট্রেট সাহেব ওয়ারণ্ট দিলেন তাঁহার নিকটে ঐ জামিনীপত্র পাঠাইবেন।

[রূপোশহওয়া ব্যক্তির নামের ঘোষণাপত্র। সম্পত্তি ক্রোক। ছয় মাসের পর ঐ সম্পত্তি লইয়া গবর্ণমেণ্ট স্বেচ্ছামতে কার্য্য করিতে পারিবেন।]

৬। যাহার নামে অপরাধের নালিশ হয় এমত কোন ব্যক্তি যদি রূপোশ হয় কি গোপনে থাকে তাহাতে তাহার নামে মাজিষ্ট্রেট সাহেবের পরওয়ানা বাহির হইলেও তাহাকে পাওয়া না যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব ইহার প্রমাণ পাইলে লিখিত এক ঘোষণাপত্রের দ্বারা এক মাসের কম না হয় এমত কোন নির্দ্ধারিত সময়ের মধ্যে ঐ রূপোশহওয়া ব্যক্তিকে নালিশের জওয়াব দিবার জন্যে হাজির হইতে আজ্ঞা করিবেন, ও সেই ঘোষণাপত্র প্রকাশরূপে পাঠ করাইবেন ও ঢোল পিটাইয়া প্রকাশ করাইবেন, ও সেই ঘোষণাপত্র আপনার কাছারীর কোন প্রকাশ স্থানে লট্কাইবেন, ও সেই লোক সামান্যতঃ যে ঘরে বাস করিয়াছে সেই ঘরের বাহিরের দ্বারে, কিম্বা যে গ্রামে কি নগরে সামান্যতঃ বাস করিয়াছে তাহার কোন প্রকাশ স্থানে লট্কাইবেন। যদি সেই ব্যক্তি নির্দ্ধারিত সময়ের মধ্যে উপস্থিত না হয় ও আপনাকে ধরা না দেয়, তবে মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত কার্য্যকারকের স্থানে সেই মর্ম্মের রিটর্ণ পাইলে ও উপরের লিখিত বিধানমতে ঘোষণাপত্র প্রকাশ হইবার প্রমাণ পাইলে পর, ঐ রূপোশহওয়া কি লুকিয়া থাকা ব্যক্তির দখলকরা স্থাবর কি

diction by the party absconding or concealing himself. The attachment under this Article shall, if the property ordered to be attached be land paying revenue to Government, be made through the collector of the district in which the land is situate; and in all other cases, either by actual seizure by an officer of the magistrate's court, or by the appointment of a manager and receiver, or by an order prohibiting the payment of rents to the absent party, as the magistrate shall deem proper under the circumstances of each case. If the absent party shall not appear within six months from the date of the publication of the proclamation, the property under attachment shall be at the disposal of the Government.

Summoning, &c., of Witnesses.

[Summons to a witness to attend and give evidence.]

7. The magistrate shall ascertain from the complainant, or otherwise, the names of any persons who may be acquainted with the facts and circumstances of the case, and are likely to give material evidence for the prosecution, and shall issue his summons to such persons under his hand and seal, requiring them to appear at the time and place mentioned in the summons before the said magistrate, to testify what they know concerning the complaint made against the accused party.

[If he do not obey the summons, then warrant.]

8. If any person so summoned shall neglect or refuse to appear at the time and place appointed by the summons, and no just excuse shall be offered for such neglect or refusal, then upon proof of such summons having been served upon such person either personally or by leaving the same for him with some adult member of his family, it shall be lawful for the magistrate to issue a warrant, under his hand and seal, to bring such person before him to testify as aforesaid; and, if necessary, such warrant may be backed by the magistrate of another district, in order to its being executed out of the jurisdiction of the magistrate who shall have issued the same.

[In what cases warrant in the first instance.]

9. If the magistrate shall be satisfied by evidence before him, that it is probable that such person will not attend to give evidence without being compelled so to do, then, instead of issuing such summons, it shall be lawful for him to issue his warrant in the first instance, which, if necessary, may be backed as aforesaid.

[Refusing to answer may be committed to custody.]

10. If any witness shall refuse to answer such questions concerning the premises as shall then be put to him, without offering any just excuse for such refusal, the magistrate may, by warrant

অস্থাবর যে কিছু সম্পত্তি তাঁহার এলাকার মধ্যে থাকে তাহা ক্রোক করিবার হুকুম করিবেন। যে সম্পত্তি ক্রোক হইবার হুকুম হয় তাহা যদি সদর মালগুজারীর জমী হয় তবে যে জিলার মধ্যে ঐ জমী থাকে সেই জিলার কালেক্‌টর সাহেবের দ্বারা এই প্রকরণমতের ক্রোক করাণ যাইবেক। অন্য সকল স্থলে বিষয়ের ভাবগতিক বুঝিয়া মাজিষ্ট্রেট সাহেব যেমন উচিত জ্ঞান করেন তেমনি মাজিষ্ট্রেট সাহেবের আদালতের কোন আমলার দ্বারা ঐ বিষয় নিতান্ত ক্রোক হইবেক, অথবা রক্ষক ও গ্রাহক লোক নিযুক্ত হইবেক, কিম্বা রুপোশহওয়া ব্যক্তিকে খাজানা দিবার নিষেধের হুকুম জারী হইবেক। যদি সেই রুপোশহওয়া ব্যক্তি ঐ ঘোষণাপত্র প্রকাশ হওনের তারিখঅবধি ছয় মাসের মধ্যে হাজির না হয় তবে ঐ ক্রোককরা সম্পত্তি লইয়া গবর্ণমেণ্ট স্বেচ্ছামতে কার্য্য করিবেন।

সাক্ষিদিগকে সমনপ্রভৃতি করিবার কথা।

[হাজির হইয়া সাক্ষ্য দিবার জন্যে সাক্ষির নামে সমন।]

৭। মোকদ্দমার বৃত্তান্ত ও পূর্ব্বাপরের ঘটনা যে কোন লোকেরা জানে ও ফরিয়াদীর পক্ষে গুরুতর প্রমাণ দিতে পারিবেক এমত কোন লোকেরদের নাম মাজিষ্ট্রেট সাহেব ফরিয়াদীর স্থানে কিম্বা প্রকারান্তরে নিশ্চয়রূপে জানিয়া তাহারদের নামে আপনার দস্তখৎ ও মোহরকরা সমন দিবেন। তাহাতে তাহারদের প্রতি আজ্ঞা হইবেক যে, তাহারা ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হইয়া অভিযুক্ত ব্যক্তির নামে যে নালিশ হইয়াছে তদ্বিষয়ে যাহা জানে তাহার সাক্ষ্য দেয়।

[সমন না মানিলে ওয়ারেণ্ট বাহির হইবেক।]

৮। সেই প্রকারের সমনহওয়া কোন ব্যক্তি যদি ঐ সমনের নির্দ্ধারিত সময়ে ও স্থানে হাজির না হয় কি হাজির হইতে অস্বীকার করে, ও সেইরূপ ত্রুটির কি অস্বীকার করিবার কোন প্রকৃত ওজর না জানায়, তবে ঐ সমন সেই ব্যক্তিরই উপর জারী হইয়াছে কিম্বা তাহার নিমিত্তে তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষের হাতে দেওয়া গিয়াছে ইহার প্রমাণ পাইলে পর, মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্তমতে সাক্ষ্য দিবার জন্যে সেই ব্যক্তিকে আপনার সম্মুখে আনাইবার নিমিত্তে আপনার দস্তখৎ ও মোহর করা ওয়ারেণ্ট জারী করাইতে পারিবেন। আর যদি আবশ্যক হয় তবে যে মাজিষ্ট্রেট সাহেব ঐ ওয়ারেণ্ট দেন তাঁহার এলাকার বাহিরে তাহা জারী হইবার নিমিত্তে অন্য জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ ওয়ারেণ্টের পৃষ্ঠে দস্তখৎ করিতে পারিবেন।

[যেং স্থলে প্রথমেই ওয়ারেণ্ট বাহির হইবেক।]

৯। মাজিষ্ট্রেট সাহেবের গোচরে যে প্রমাণ থাকে তাহাতে তিনি যদি স্ববোধমতে জানিতে পান যে ঐ ব্যক্তিকে জোর করিয়া উপস্থিত না করা গেলে তাহার সাক্ষ্য দিবার জন্যে হাজির হইবার সম্ভাবনা নাই, তবে তিনি তদ্রূপ সমন জারী না করিয়া প্রথমেই আপনার ওয়ারেণ্ট জারী করাইতে পারিবেন। যদি আবশ্যক হয় তবে তাহার পৃষ্ঠেও পূর্ব্বোক্তমতে অন্য মাজিষ্ট্রেট সাহেব দস্তখৎ করিতে পারিবেন।

[জওয়াব দিতে স্বীকার না করিলে সে কয়েদ হইতে পারিবেক।]

১০। কোন সাক্ষিকে ঐ নালিশের বিষয়ে যে কোন কথা জিজ্ঞাসা করা যায় তাহার উত্তর দিতে যদি সেই ব্যক্তি স্বীকার না করে, ও স্বীকার না করিবার কোন প্রকৃত ওজর না জানায়, তবে মাজিষ্ট্রেট সাহেব আপ-

under his hand and seal, commit such witness to custody for any term not exceeding seven days, unless he shall in the meantime consent to be examined and to answer concerning the premises, after which, in the event of his persisting in his refusal, he may be dealt with according to the provisions of Chapter X. Article 2 or Chapter XII. Article 4.

নার দস্তখৎ ও মোহরকরা ওয়ারণ্টক্রমে তাহাকে সাত দিনের অধিক না হয় কোন কালপর্য্যন্ত হেফাজতে রাখিতে আজ্ঞা করিবেন, ইহার মধ্যে যদি সে জোবানবন্দী দিতে ও নালিশের বিষয়ে যে কথার জিজ্ঞাসা হয় তাহার উত্তর দিতে স্বীকার করে তবে তাহাকে খালাস করিবেন। কিন্তু তাহার পরও যদি সেই লোক জওয়াব দিতে অস্বীকার করিতে থাকে, তবে তাহাকে লইয়া ১০ অধ্যায়ের ২ প্রকরণ কিম্বা ১২ অধ্যায়ের ৪ প্রকরণের বিধানমতে কার্য্য হইতে পারিবেক।

Examination of Parties and Evidence.

উভয় পক্ষের জোবানবন্দীর ও সাক্ষ্যের কথা।

[Examination of the complainant and witnesses for the prosecution.]

11. When any such case, as referred to in Article 1 of this Chapter, is brought before a magistrate, the magistrate shall take the evidence of the complainant, and of such persons as are stated to have any knowledge of the facts which form the subject matter of the accusation and the attendant circumstances; provided that nothing herein contained shall prevent the magistrate from examining the defendant at any stage of the proceedings, as provided in Article 17 of this Chapter.

[ফরিয়াদীর ও তাহার পক্ষের সাক্ষিরদের জোবানবন্দী।]

১১। এই অধ্যায়ের ১ প্রকরণে যে মোকদ্দমার উল্লেখ হইয়াছে এমত কোন মোকদ্দমা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করা গেলে মাজিষ্ট্রেট সাহেব ফরিয়াদীর সাক্ষ্য লইবেন, ও সেই নালিশের কথা ও তাহার পূর্ব্বাপরের ঘটনার বৃত্তান্ত যাহারা জানে কহা গিয়াছে তাহারদের সাক্ষ্য লইবেন। পরন্তু তজবীজ হইবার কোন সময়ে এই অধ্যায়ের ১৭ প্রকরণের বিধানমতে আসামীর জোবানবন্দী লইতে মাজিষ্ট্রেট সাহেবের কিছু বাধা এই প্রকরণের কোন কথাতে হইবেক না।

[To be in presence of the defendant, who may cross-examine.]

12. The complainant and the witnesses for the prosecution shall be examined in the presence of the defendant, and the defendant shall be permitted to cross-examine them.

[আসামীর সাক্ষাতে লওয়া যাইবেক। আসামীও জিজ্ঞাসা করিতে পারিবেক।]

১২। ফরিয়াদীর ও তাহার তরফের সাক্ষিরদের জোবানবন্দী আসামীর সাক্ষাতে লওয়া যাইবেক। আসামীও জেরে সওয়াল করিতে অনুমতি পাইবেক।

[How the evidence is to be recorded.]

13. The evidence of each witness shall be taken down in writing by, or in the presence and under the superintendence of the magistrate, not ordinarily in the form of question and answer, but in that of a narrative, and when completed shall be read over to the witness, and signed by him in the presence of the magistrate. In case the witness shall refuse to sign the deposition, the magistrate shall sign the same, and record the reason, if any, given by the witness for such refusal, together with such remarks thereon as the magistrate shall think fit to make. It shall be at the discretion of the magistrate to take down, or cause to be taken down, any particular question and answer, if there shall appear any special reason for doing so, or any person who is a prosecutor or defendant in the case shall require it. If any question put to a witness be objected to by any such person, and the magistrate shall allow the same to be put, the question and answer shall be taken down, and the objection, and the name of the person making it, shall be noticed in taking down the depositions, together with the decision of the magistrate upon the objection. The magistrate shall also record such remarks as he may think material respecting the demeanor of any witness whilst under examination.

[Government Gazette, 10th June, 1857.]

[সাক্ষ্য যে প্রকারে লিখিতে হইবেক।]

১৩। প্রত্যেক সাক্ষির সাক্ষ্য মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কিম্বা তাঁহার সাক্ষাতে ও তত্ত্বাধীনে লিখিয়া লওয়া যাইবেক। তাহা সামান্যতঃ জিজ্ঞাসা ও উত্তরের মতে লেখা যাইবেক না কিন্তু বৃত্তান্তভাবে লেখা যাইবেক। সমাপ্ত হইলে পর তাহা সাক্ষির নিকটে পাঠ করা যাইবেক ও মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে সাক্ষী তাহাতে দস্তখৎ করিবেক। যদি সাক্ষী সেই জোবানবন্দীতে দস্তখৎ করিতে স্বীকার না করে তবে মাজিষ্ট্রেট সাহেব তাহাতে দস্তখৎ করিবেন, ও সাক্ষী যদি তাহাতে দস্তখৎ করিতে স্বীকার না করিবার কোন কারণ জানায় তবে মাজিষ্ট্রেট সাহেব সেই কারণ লিখিবেন, ও তদ্বিষয়ে যে কোন মন্তব্য কথা লেখা উচিত বোধ করেন তাহাও লিখিবেন। যদি কোন বিশেষ জিজ্ঞাসা ও উত্তর লিখিবার কোন বিশেষ কারণ দৃষ্ট হয়, অথবা ফরিয়াদী কি আসামী কোন ব্যক্তি যদি তাহা চাহে, তবে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে সেই জিজ্ঞাসা ও উত্তর লিখিতে কি লেখাইয়া লইতে পারিবেন। কোন সাক্ষির নিকটে যে কথা জিজ্ঞাসা হয় তদ্বিষয়ে যদি উক্ত কোন ব্যক্তি আপত্তি করিলেও মাজিষ্ট্রেট সাহেব সেই কথা জিজ্ঞাসা করিতে দেন তবে ঐ জিজ্ঞাসা ও উত্তর লিখিয়া লওয়া যাইবেক ও জোবানবন্দী লইবার সময়ে সেই আপত্তির ও যে জন তাহার বিষয়ে আপত্তি করিয়াছিল তাহার নামের উল্লেখ হইবেক ও সেই আপত্তির উপর মাজিষ্ট্রেট সাহেবের যে নিষ্পত্তি তাহারও উল্লেখ হইবেক। আর জোবানবন্দী দিবার সময়ে কোন সাক্ষির ভাব আচারের বিষয়ে মাজিষ্ট্রেট সাহেব যে কোন কথা গুরুতর জ্ঞান করেন তাহাও তিনি লিখিয়া রাখিতে পারিবেন।

[Magistrate not to receive written confession of guilt made to the police.]

14. It shall not be competent to the magistrate to receive in evidence against the defendant any written admission or confession of guilt, or any statement made by him to the darogha, or other officer of police, and by him reduced into writing.

[But may, receive evidence of a police officer as to unrecorded admission of guilt.]

15. Nothing contained in the last preceding Article shall prevent the magistrate from receiving the evidence of a police officer to any unrecorded admission or confession of guilt, or other statement made to him by the defendant; provided, however, that such evidence shall not be sufficient to warrant a conviction without corroborative evidence.

[May summon necessary witnesses at any stage of the proceedings.]

16. It shall be at the discretion of the magistrate, at any stage of the proceedings, to summon and examine any witnesses whose evidence he may consider essential to the just decision of the case.

[Examination of defendant.]

17. It shall be at the discretion of the magistrate to examine the defendant at any stage of the proceedings, from the time of the defendant being first brought before him, and to put such questions to him from time to time as he may consider necessary, until the proceedings are completed and judgment pronounced.

[Magistrate how to proceed in case of confession.]

18. If the defendant shall of his own accord propose to confess the commission by him of the offence of which he supposes himself to be accused, the magistrate shall require him to give an account of the facts and circumstances in detail, and shall examine him thereupon to test the consistency of his relation, in the same manner as if he were a witness.

[No influence to be used to induce disclosures.]

19. No influence, by means of any promise or threat, shall be used to any defendant under examination, to induce him to disclose or withhold any matter within his knowledge.

[Examination of the defendant how to be recorded.]

20. The examination of the defendant, including every question put to him and every answer given by him shall be recorded in full, and shall be shown or read to him, and he shall be at liberty to explain or add to his answer; and when the whole is made conformable to what he declares is the truth, he shall be called upon to sign the examination, and so with the examination made on

[কোন কথা কি দোষ স্বীকার করিয়া পোলীসকে লিখিয়া দেওয়া গেলে মাজিষ্ট্রেট সাহেব তাহা গ্রাহ্য করিবেন না।]

১৪। দারোগার কিম্বা পোলীসের অন্য আমলার নিকটে আসামী যে কোন কথা কি দোষ স্বীকার করিয়া লিখিয়া দিয়া থাকে, কিম্বা তাঁহার নিকটে যে কোন কথা কহিয়া থাকে ও তাঁহার দ্বারা লেখাইয়া লওয়া যায় এমত কোন কথা, মাজিষ্ট্রেট সাহেব আসামীর বিপরীত প্রমাণস্বরূপে গ্রাহ্য করিতে পারিবেন না।

[কিন্তু দোষ স্বীকার করিবার যে কথা লেখা না গিয়াছে তদ্বিষয়ে পোলীসের আমলার সাক্ষ্য গ্রাহ্য করিতে পারিবেন।]

১৫। পরন্তু যে কোন কথা কি দোষ স্বীকার হইলেও লেখা না গিয়াছে তদ্বিষয়ে কিম্বা আসামী পোলীসের আমলার নিকটে অন্য যে কোন কথা কহিয়া থাকে তদ্বিষয়ে ঐ আমলার সাক্ষ্য মাজিষ্ট্রেট সাহেবের লইবার বাধা ইহার পূর্ব্বের প্রকরণের কোন কথাতে হইবেক না। তথাপি সেই কথা বলবৎ করিবার অন্য প্রমাণ না হইলে কেবল সেই প্রমাণই দোষ সাব্যস্ত করিবার জন্যে প্রচুর হইবেক না।

[বিচার করিবার কোন সময়ে আবশ্যক সাক্ষিরদিগকে সমন করিতে পারিবেন।]

১৬। মাজিষ্ট্রেট সাহেব মোকদ্দমার যথার্থ বিচারের নিমিত্তে যে কোন সাক্ষিরদের সাক্ষ্য লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহারদিগকে আপনার বিবেচনামতে মোকদ্দমার বিচার করিবার কোন সময়ে সমন করিয়া তাহারদের জোবানবন্দী লইতে পারিবেন।

[আসামীর জোবানবন্দী লওন।]

১৭। আসামীকে যে সময়ে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রথমে উপস্থিত করা যায় সেই সময়অবধি মোকদ্দমার বিচার করিবার কোন কালে মাজিষ্ট্রেট সাহেব আপন ইচ্ছামতে আসামীর জোবানবন্দী লইতে পারিবেন ও যেপর্য্যন্ত বিচার সমাপ্ত হইয়া নিষ্পত্তির হুকুম না দেওয়া যায় সেইপর্য্যন্ত সময়ে যে জিজ্ঞাসা আবশ্যক জ্ঞান করেন তাহা করিতে পারিবেন।

[দোষ স্বীকার করা গেলে মাজিষ্ট্রেট সাহেবের যাহা করিতে হইবেক।]

১৮। আসামীর বোধমতে আপন নামে যে অপরাধের নালিশ হইয়াছে তাহা যদি আপনার ইচ্ছামতে স্বীকার করিতে চাহে, তবে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে তাবৎ বৃত্তান্ত ও পূর্ব্বাপরের ঘটনা বিস্তারিত করিয়া বলিতে আজ্ঞা করিবেন, ও সেই ব্যক্তি সাক্ষী হইলে তাহার কথার সংলগ্নতার পরীক্ষা যেমন করিতেন তেমনি করিবার জন্যে তাহার জোবানবন্দী লইবেন।

[কথা প্রকাশ করাইবার জন্যে কোন প্রবৃত্তি দিতে হইবেক না।]

১৯। কোন আসামীর জোবানবন্দী যে সময়ে লওয়া যায় সেই সময়ে তাহার জ্ঞাতসার কোন কথা প্রকাশ করিতে কি গোপন রাখিতে, কিছু দিবার প্রতিজ্ঞা করিয়া কি ভয় দর্শাইয়া, কোন প্রবৃত্তি দেওয়া যাইবেক না।

[আসামীর জোবানবন্দী যে প্রকারে লিখিয়া লওয়া যাইবেক।]

২০। আসামীর জোবানবন্দী ও তাহাকে যে প্রত্যেক কথা জিজ্ঞাসা করা যায় ও সে যে২ উত্তর দেয় তাহা সম্পূর্ণরূপে লিখিয়া লওয়া যাইবেক, ও তাহাকে তাহা দেখান যাইবেক কিম্বা তাহার নিকটে পাঠ করা যাইবেক, ও সে আপনার উত্তরের অর্থ করিতে কিম্বা তাহার অধিক কোন কথা লেখাইতে পারিবেক, ও আসামী যাহা সত্য বলে তদনুসারে তাবৎ বিষয় লেখা গেলে পর তাহাকে সেই জোবানবন্দীতে দস্তখৎ করি-

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৭। ১৯ জুন।]

each day, if made on more days than one. If the defendant refuses to sign, his reason shall be stated in writing, as he gives it at the foot of the examination; and whether the defendant signs it or not, the examination shall be attested by the signature of the magistrate, who shall certify under his own hand that it was taken in his presence and in his hearing, and contains accurately the whole of the defendant's statement.

[Defendant may be detained for any offence committed by him.]

21. The defendant, on examination, may be committed or held to bail by the magistrate for any offence which from the evidence he may appear to have committed.

[Any person attending may be detained for any offence committed by him.]

22. Any person attending, although otherwise than upon an arrest or summons on a charge made, may be detained by the magistrate for the purpose of examination for any offence which from the evidence he may appear to have committed, and proceeded against as though he had been summoned on a charge made.

Bail and Warrant of Commitment.

[Application of previous rules.]

23. The provisions of Chapter XIII. Articles 28 to 40 inclusive shall be applicable to cases triable by the magistrate under the rules contained in this section.

Adjournment.

[Application of previous rules.]

24. The provisions of Chapter XIII. Article 41 shall be applicable to cases triable by the magistrate under the rules of this section.

Discharge of the Defendant.

[When defendant to be discharged.]

25. When a magistrate finds that there are not sufficient grounds for putting the defendant on his trial on a formal charge, or for remanding him, he shall discharge him.

Charge, Plea, and Defence.

[Charge.]

26. When the evidence of the complainant and of the witnesses for the prosecution, and such examination of the defendant as the magistrate may consider necessary, have been taken, the magistrate shall consider whether any and what offence is *primâ facie* proved against the defendant, and if he finds that an offence is apparently proved against the defendant which falls within the definition in a certain Chapter and Clause of the Penal Code, or within one or other of the definitions in several Chapters or Clauses of the Code,

তে আজ্ঞা হইবেক, আর যদি জোবানবন্দী লইতে একের অধিক দিন লাগে তবে প্রতিদিনই সেইরূপ করিতে হইবেক। যদি আসামী তাহাতে দস্তখৎ করিতে স্বীকার না করে তবে তাহা না করিবার যে কারণ কহে সেই কারণ জোবানবন্দীর নীচে লেখা যাইবেক, ও আসামী তাহাতে দস্তখৎ করুক কি না করুক মাজিষ্ট্রেট সাহেবের দস্তখতে জোবানবন্দীর প্রমাণ হইবেক ও তিনি আপন হাতে এই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন যে এই জোবানবন্দী আমার সাক্ষাতে ও কর্ণগোচরে লওয়া গিয়াছে ও আসামীর সমুদয় কথা ইহাতে যথার্থই লেখা গিয়াছে।

[আসামী যে কোন অপরাধ করিয়া থাকে তাহার জন্যে আটক করিয়া রাখা যাইতে পারিবেক।]

২১। প্রমাণক্রমে আসামীর যে কোন অপরাধ দৃষ্ট হয় তাহার নিমিত্তে জোবানবন্দী লওনকালে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে সোপর্দ্দ করিতে পারিবেন কিম্বা তাহার স্থানে হাজিরজামিন লইতে পারিবেন।

[উপস্থিতথাকা কোন ব্যক্তি যে কোন অপরাধ করিয়া থাকিবেক তাহার নিমিত্তে আটক হইতে পারিবেক।]

২২। কোন ব্যক্তি নালিশমতে গ্রেপ্তার না হইয়াও কি সমনমতে উপস্থিত না হইয়াও যদি আপনি উপস্থিত হয় ও যদি প্রমাণক্রমে দৃষ্ট হয় যে সে কোন অপরাধ করিয়াছে তবে তাহার নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেব তাহার জোবানবন্দী লইবার জন্যে তাহাকে আটক করিয়া রাখিতে পারিবেন, ও নালিশমতে সমন করা গেলে তাহাকে লইয়া যেরূপে কার্য্য হইত সেইরূপে কার্য্য হইবেক।

হাজিরজামিন ও কয়েদ করিবার পরওয়ানা।

[পূর্ব্বের বিধি খাটে।]

২৩। এই ধারার বিধিমতে মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য মোকদ্দমার উপরে ১৩ অধ্যায়ের ২৮ অবধি ৪০ পর্য্যন্ত সমস্ত প্রকরণের বিধি খাটে।

অন্য সময় নিরূপণের কথা।

[পূর্ব্বের বিধি খাটে।]

২৪। এই ধারার বিধানমতে মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য মোকদ্দমার উপরে ১৩ অধ্যায়ের ৪১ প্রকরণের বিধি খাটে।

আসামীকে মুক্ত করণ।

[যে স্থলে আসামীকে মুক্ত করা যায়।]

২৫। যদি মাজিষ্ট্রেট সাহেব দেখিতে পান যে ধারামতের নালিশক্রমে আসামীর বিচার হইবার কিম্বা তাহাকে ফিরিয়া পাঠাইবার উপযুক্ত কারণ না থাকে তবে তিনি তাহাকে মুক্ত করিবেন।

নালিশ ও উত্তর ও দোষ খণ্ডনের কথা।

[নালিশ।]

২৬। ফরিয়াদীর ও তাহার পক্ষের সাক্ষিরদের সাক্ষ্য ও মাজিষ্ট্রেট সাহেব আসামীর যে জোবানবন্দী লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহা যখন লওয়া গিয়াছে তখন আসামীর নামে আদিদৃষ্টে কোন অপরাধের প্রমাণ করা গিয়াছে কি না ও যে অপরাধের প্রমাণ করা গিয়াছে তাহার বিবেচনা করিবেন ও আসামীর নামে দৃষ্টতঃ কোন অপরাধের প্রমাণ হইয়াছে আর সেই অপরাধ দণ্ডবিধির আইনের অমুক অধ্যায়ের অমুক প্রকরণে ব্যক্ত হইয়াছে কিম্বা ঐ আইনের ভিন্ন ভিন্ন অধ্যায়ের কি প্রকরণের কথার মধ্যে ব্যক্ত হইয়াছে এমত যদি বুঝেন তবে এই আইনের ১৪ অ-

he shall prepare in writing a charge against the defendant in the manner prescribed in Chapter XIV. of this Code of Procedure.

ধ্যায়ে যেরূপ নির্দিষ্ট হইয়াছে সেইরূপে তিনি আসামীর নামে নালিশপত্র লিখিয়া প্রস্তুত করিবেন।

[Plea.]

27. The charge shall then be read to the defendant, and he shall be asked whether he be guilty or not guilty of the offence charged.

[জওয়াব।]

২৭। পরে ঐ নালিশপত্র আসামীর নিকটে পাঠ করা যাইবেক ও সে ঐ নালিশকরা অপরাধের দোষী কি না এই কথা তাহাকে জিজ্ঞাসা করা যাইবেক।

[Plea of "guilty."]

28. If the defendant plead "guilty," the magistrate shall explain to him the Clause or Clauses of the Code relating to the offence charged, and satisfy himself that the defendant comprehends the nature of the charge, and the effect of his plea. If the defendant then adhere to his plea of "guilty," the same shall be recorded, and the defendant convicted thereon.

[দোষ স্বীকার।]

২৮। যদি আসামী বলে দোষী আছি তবে মাজিস্ট্রেট সাহেব দণ্ডবিধির আইনের যে এক কি অধিক প্রকরণে ঐ নালিশকরা অপরাধ ব্যক্ত হয় তাহা আসামীর নিকটে ব্যাখ্যা করিবেন ও আসামী ঐ নালিশের ভাব ও আপনাকে যে দোষী স্বীকার করিয়াছে ইহার ফল বুঝিয়াছে কি না এই বিষয় স্ববোধমতে জানিবেন। তাহা করিলে পরও যদি আসামী দোষী আছি বলিয়া স্বীকার করিতে থাকে তবে তাহা রিকার্ড করা যাইবেক ও তদনুসারে আসামীর অপরাধ সাব্যস্ত হইবেক।

[Plea of "not guilty."]

29. If the defendant plead "not guilty" to the charge, he shall be called upon to enter upon his defence, and to produce his evidence, if in attendance, and shall be allowed to recal and cross-examine the witnesses for the prosecution.

[দোষ অস্বীকার করণ।]

২৯। যদি আসামী ঐ নালিশ শুনিয়া বলে যে আমি দোষী নহি তবে তাহাকে আপন নির্দোষিতার প্রমাণ করিতে ও প্রমাণ উপস্থিত থাকিলে তাহা দেখাইতে হুকুম হইবেক ও ফরিয়াদীর সাক্ষিরদিগকে পুনরায় ডাকিতে ও জের সওয়াল করিতে তাহাকে অনুমতি দেওয়া যাইবেক।

[Evidence for the defence.]

30. The magistrate shall summon any witness, and examine any evidence, that may be offered in behalf of the defendant, to answer or disprove the evidence against him, and may, for this purpose, at his discretion, adjourn the trial to such future time as may be necessary, and so from time to time.

[আসামীর পক্ষের সাক্ষ্য।]

৩০। আসামীর বিপক্ষে যে কোন প্রমাণ দেওয়া যায় তাহার উত্তর দিবার কি খণ্ডাইবার জন্যে আসামীর তরফের যে কোন সাক্ষির ও যে কোন প্রমাণের প্রস্তাব হয় মাজিস্ট্রেট সাহেব সেই সাক্ষিকে সমন করিবেন ও সেই প্রমাণের বিচার করিবেন ও সেই কারণে তিনি আপনার বিবেচনামতে যে দিন আবশ্যক হয় এমত অন্য দিনপর্য্যন্ত বিচারের কার্য্য স্থগিত রাখিতে পারিবেন ও সেই প্রকারে সময়ে২ করিতে পারিবেন।

[Witnesses for the defence.]

31. The provisions of Articles 8, 9, 10, and 13 of this Chapter shall be applicable to witnesses named in support of the defence.

[আসামীর তরফের সাক্ষিগণ।]

৩১। এই অধ্যায়ের ৮। ৯। ১০ ও ১৩ প্রকরণের বিধান আসামীর তরফের যে সাক্ষিরদের নাম দেওয়া যায় তাহারদের প্রতি খাটিবেক।

[Conviction.]

32. If the defendant is convicted, the magistrate shall pass sentence upon him according to law.

[দোষ সাব্যস্ত করণ।]

৩২। যদি আসামীর দোষ সাব্যস্ত হয় তবে মাজিস্ট্রেট সাহেব আইনমতে তাহার দণ্ডের আজ্ঞা করিবেন।

[How the magistrate is to proceed when after commencement of trial, he finds the case beyond his jurisdiction.]

33. In any trial before a magistrate, wherein it may appear, at any stage of the proceedings, that either from the value of the property exceeding the pecuniary limit assigned to the magistrate, or other cause, the case is one which the magistrate is not competent to try, the magistrate shall stop further proceedings under this Chapter, and shall proceed in accordance with the rules of Chapter XIII. for conducting preliminary investigations in cases triable by the Session Court; and if the accused have been called upon to plead to a charge or charges prepared by the magistrate, such charge or charges, and the proceedings consequent thereon, shall be held to be null and void.

[বিচারের কার্য্য আরম্ভ করিলে পর যদি মাজিস্ট্রেট সাহেব দেখেন যে মোকদ্দমা তাঁহার এলাকার বহির্ভূত তবে তাঁহার যাহা করিতে হইবেক।]

৩৩। মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে কোন বিচারের কার্য্য চলিবার কোন সময়ে যদি দৃষ্ট হয় যে মাজিস্ট্রেট সাহেব যত টাকার মোকদ্দমার বিচার করিতে পারেন সম্পত্তির মূল্য তাহার অধিক হওয়াপ্রযুক্ত কিম্বা অন্য কোন কারণে মাজিস্ট্রেট সাহেবের ঐ মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা নাই তবে মাজিস্ট্রেট সাহেব এই অধ্যায়মতের অধিক কার্য্য রহিত করিবেন ও সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমাতে প্রথম স্থলের তদারক করিবার যে বিধি ১৩ অধ্যায়ে লেখা আছে সেই বিধিমতে কার্য্য করিবেন। যদি আসামীকে মাজিস্ট্রেট সাহেবের প্রস্তুতকরা এক কি অধিক নালিশের জওয়াব করিতে আজ্ঞা হইয়া থাকে তবে ঐ নালিশ ও তৎপ্রযুক্ত যে সকল কার্য্য হইয়া থাকে তাহা অসিদ্ধ ও ব্যর্থ জ্ঞান হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৯ জুন।]

CHAPTER XVI.

OF OFFENCES TRIABLE BY THE MAGISTRATES.

Cases in which a Summons on Complaint shall issue to the Defendant.

Complaint and issuing of Process for causing the attendance of the Accused.

[Summons shall issue. When warrant may issue.]

1. In all cases where a complaint shall be made before a magistrate, having jurisdiction in the case, that any person has committed or is suspected to have committed any offence other than the offences provided for in Chapter XV. of this Code of Procedure, for which he is liable, upon a summary conviction for the same before a magistrate, to be imprisoned or fined, or otherwise punished, it shall be lawful for such magistrate to issue his summons directed to such person, stating shortly the matter of such complaint, and requiring him to appear at a certain time and place before such magistrate, to answer to the said complaint; provided that, if the magistrate shall be satisfied by evidence before him that the accused is about to abscond, then, instead of issuing such summons, it shall be lawful for him to issue his warrant in the first instance for the arrest of the accused.

[Service of summons.]

2. Every such summons shall be served upon the person to whom it is so directed, by delivering the same to such person, or by leaving the same with some adult member of his family; and the proper officer shall certify the service of the said summons.

[When magistrate may refuse summons.]

3. Provided that, before issuing the summons to the accused party, it shall be competent to the magistrate to examine the complainant as to the specific facts of the case, and if upon such examination it shall appear to the magistrate that there is no sufficient ground for summoning the accused, he may refuse the summons.

[If summons be not obeyed, warrant.]

4. If the person served with a summons as provided in Article 2 of this Chapter shall not be and appear before the magistrate at the time and place mentioned in such summons, and it shall be made to appear to the magistrate that such summons was so served in what shall be deemed by the magistrate to be a reasonable time before the time therein appointed for appearing to the same, then it shall be lawful for such magistrate, if he shall think fit, upon declaration being made before him substantiating the matter of such complaint to his satisfaction, to issue his warrant to apprehend the person so summoned, and to bring him before such magistrate to answer to the said complaint.

[*Government Gazette*, 19*th June*, 1857.]

১৬ অধ্যায়।

মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য মোকদ্দমা।

যে স্থলে নালিশ হইলে আসামীর নামে সমন জারী হইবেক।

নালিশ ও অভিযুক্ত ব্যক্তিকে হাজির করাইবার পরওয়ানা জারী করণের কথা।

[সমন জারী হইবেক। যে স্থলে ওয়ারণ্ট জারী হইতে পারিবেক।]

১। এই আইনের ১৫ অধ্যায়ে যেং অপরাধের জন্যে বিধান হইয়াছে তদ্ভিন্ন কোন অপরাধ কোন ব্যক্তি করিয়াছে কি কোন ব্যক্তির উপর করিবার শোঃব হইয়াছে এমত নালিশ যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকা থাকে তাঁহার সম্মুখে করা গেলে যদি মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দোষ সরাসরীমতে সাব্যস্ত হইলে আসামী কয়েদ হইবার কি জরীমানা দিবার কি অন্য কোন দণ্ডের যোগ্য হয় তবে সেই মাজিষ্ট্রেট সাহেব সেই ব্যক্তির নামে সমন লিখিয়া জারী করিতে পারিবেন তাহাতে ঐ নালিশের মর্ম্ম সংক্ষেপে লেখা থাকিবেক ও তাহাকে আজ্ঞা হইবেক যে ঐ নালিশের উত্তর দিবার জন্যে সেই মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে বিশেষ সময়ে ও স্থানে হাজির হয়। পরন্তু মাজিষ্ট্রেট সাহেবের নিকটে যে প্রমাণ দেওয়া যায় তাহাতে যদি তিনি হৃদ্বোধমতে জানেন যে অভিযুক্ত ব্যক্তি পলাইতে উদ্যত আছে তবে ঐ সমন জারী না করিয়া প্রথমেই অভিযুক্ত ব্যক্তিকে গ্রেপ্তার করিবার জন্যে আপনার ওয়ারণ্ট জারী করিতে পারিবেন।

[সমন জারী করণ।]

২। তদ্রূপে প্রত্যেক সমন যাহার নামে দেওয়া যায় তাহাকেই দিয়া কিম্বা তাহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষের হাতে রাখিয়া তাহার উপর জারী হইবেক ও উক্ত সমন জারী হইয়াছে ইহার সর্টিফিকট উপযুক্ত কার্য্যকারক দিবেন।

[যে স্থলে মাজিষ্ট্রেট সাহেব সমন দিতে অস্বীকার করিতে পারিবেন।]

৩। পরন্তু অভিযুক্ত ব্যক্তির নামে সমন দিবার আগে মাজিষ্ট্রেট সাহেব মোকদ্দমার বিশেষ বৃত্তান্তের বিষয়ে ফরিয়াদীর জোবানবন্দী লইতে পারিবেন ও সেই প্রকার জোবানবন্দী লইয়া যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে অভিযুক্ত ব্যক্তির নামে সমন দিবার উপযুক্ত কারণ নাই তবে তিনি সমন দিতে অস্বীকার করিতে পারিবেন।

[সমন না মানিলে ওয়ারণ্ট বাহির হইবেক।]

৪। এই অধ্যায়ের ২ প্রকরণমতে যে ব্যক্তির উপর সমন জারী হয় সে যদি ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে না থাকে ও হাজির না হয়, আর তাহার সেই সমনমতে হাজির হইবার যে সময় নির্দ্দিষ্ট হইয়াছিল তাহার পূর্ব্বে মাজিষ্ট্রেট সাহেব যাহা উপযুক্ত কাল জ্ঞান করেন এমত কাল থাকিতে ঐ সমন জারী হইয়াছিল ইহা যদি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে প্রকাশ করা যায়, তবে ঐ নালিশের বিষয় সাব্যস্ত করিবার এজহার তাঁহার হৃদ্বোধমতে তাঁহার নিকটে করা গেলে তিনি সেই সমনকরা ব্যক্তিকে গ্রেপ্তার করিবার জন্যে ও উক্ত নালিশের জওয়াব দিবার নিমিত্তে সেই মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আনাইবার জন্যে আপনার ওয়ারণ্ট জারী করিতে পারিবেন।

[Magistrate may dispense with personal attendance of accused.]

5. The magistrate may, if he sees sufficient cause, dispense with the personal attendance of the party complained against, and permit him to appear by an agent duly authorized to act in his behalf. In such case, however, it shall be at the discretion of the magistrate, at any stage of the proceedings, to direct the personal attendance of such party.

Summoning, &c. of Witnesses.

[Summons to witness to attend and give evidence.]

6. If it shall be made to appear to the magistrate that any person is likely to give material evidence in behalf of the complainant or defendant in any case which may be tried according to the rules of this Chapter, and will not voluntarily appear for the purpose of being examined as a witness at the time and place appointed for the hearing of such complaint, such magistrate shall issue his summons to such person under his hand and seal, requiring him to appear at a time and place mentioned in the summons, before the said magistrate, to testify what he knows concerning the matter of the said complaint.

[Diet money for witnesses.]

7. It shall be lawful for the magistrate to direct that, before any process is issued for the attendance of witnesses in cases under this Chapter, the person preferring the charge shall deposit in the hands of the proper officer a sufficient sum for the maintenance of the witnesses who may be summoned on his application, during their attendance at the magistrate's Court, and the magistrate shall regulate the amount of diet money so required, with reference to the probable period such witnesses may have to be in attendance, and in the event of the prolonged detention of witnesses, shall direct the deposit of any further sum which to the said magistrate may seem requisite.

[Magistrate may summon necessary evidence.]

8. It shall be at the discretion of the magistrate, at any stage of the trial, to summon and examine any witnesses whose evidence he may consider essential to the just decision of the case.

[Application of previous rules.]

9. The provisions of Chapter XV. Articles 8, 9, and 10 shall be applicable to witnesses summoned according to the provisions of Article 6 and 8 of this Chapter.

Bail.

[Defendant may be admitted to bail or to be at large upon personal-recognizance.]

10. If upon the day and at the place appointed the defendant shall attend voluntarily in obe-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৯ জুন।]

[মাজিষ্ট্রেট সাহেব নালিশহওয়া ব্যক্তির হাজির হইবার ক্ষমা করিতে পারিবেন।]

৫। মাজিষ্ট্রেট সাহেব যদি উপযুক্ত কারণ বুঝেন তবে যাহার নামে নালিশ হইয়াছে তাহার নিজে হাজির হইবার ক্ষমা করিয়া, তাহার পক্ষে কার্য্য করিতে উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা তাহার হাজির হইবার অনুমতি দিতে পারিবেন। পরন্তু এমত স্থলে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে মোকদ্দমা চলনের কোন সময়ে ঐ ব্যক্তিকে নিজে হাজির হইবার আজ্ঞা করিতে পারিবেন।

সাক্ষিরদিগকে সমনইত্যাদি করণের কথা।

[সাক্ষিরদিগকে হাজির হইয়া সাক্ষ্য দিবার সমন।]

৬। এই অধ্যায়ের বিধিমতে যে মোকদ্দমার বিচার হইতে পারে এমত কোন মোকদ্দমায় কোন ব্যক্তি আসামীর কি ফরিয়াদীর পক্ষে গুরুতর সাক্ষ্য দিতে পারে কিন্তু সেই নালিশ শুনিবার নিরূপিত সময়ে ও স্থানে সাক্ষিস্বরূপে জোবানবন্দী দিবার জন্যে সে আপন ইচ্ছামতে হাজির হইবেক না এই কথা যদি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে প্রকাশ করা যায়, তবে সেই মাজিষ্ট্রেট সাহেব সেই ব্যক্তির নামে আপনার দস্তখত ও মোহরক্রমে সমন জারী করিবেন তাহাতে তাহাকে আজ্ঞা হইবেক যে উক্ত নালিশের বিষয়ে যাহা জানে তাহার সাক্ষ্য দিবার জন্যে সমনের লিখিত সময়ে ও স্থানে উক্ত মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে হাজির হয়।

সাক্ষিরদের খোরাকী।

৭। এই অধ্যায়মতের স্থলে সাক্ষিরদের হাজির করাইবার কোন পরওয়ানা জারী হইবার আগে মাজিষ্ট্রেট সাহেব এমত আজ্ঞা করিতে পারিবেন যে, ঐ নালিশ যে ব্যক্তি উপস্থিত করিয়াছিল তাহার প্রার্থনামতে যে সকল সাক্ষিকে সমন করা যাইবেক তাহারা যত কাল মাজিষ্ট্রেট সাহেবের আদালতে হাজির থাকে তত কালপর্য্যন্ত তাহারদের প্রতিপালনের জন্যে ফরিয়াদী উপযুক্ত কতক টাকা উপযুক্ত কর্ম্মকারকের হাতে গচ্ছিত করে, ও সেই সাক্ষিরদের অনুমান যত কাল হাজির হইয়া থাকিতে হইবেক তাহা বুঝিয়া যত খোরাকী সেই প্রকারে দিতে হইবেক তাহা মাজিষ্ট্রেট সাহেব নির্ণয় করিবেন ও যদি সাক্ষিরদের তাহার অধিক কাল থাকিতে হয় তবে উক্ত মাজিষ্ট্রেট সাহেব অধিক যত টাকা আবশ্যক জ্ঞান করেন তত টাকা দাখিল করিতে আজ্ঞা করিবেন।

[মাজিষ্ট্রেট সাহেব আবশ্যক সকল সাক্ষিকে সমন করিতে পারিবেন।]

৮। মাজিষ্ট্রেট সাহেব মোকদ্দমার যথার্থ নিষ্পত্তি করিবার জন্যে যে কোন সাক্ষিরদের প্রমাণ আবশ্যক জ্ঞান করেন তাহারদিগকে মোকদ্দমার বিচার করিবার কোন সময়ে আপনার বিবেচনামতে সমন করিতে পারিবেন ও তাহারদের জোবানবন্দী লইতে পারিবেন।

[পূর্ব্বের বিধি খাটে।]

৯। এই অধ্যায়ের ৬ ও ৮ প্রকরণের বিধানমতে যে সকল সাক্ষিকে তলব করা যায় তাহারদের উপরে ১৫ অধ্যায়ের ৮ ও ৯ ও ১০ প্রকরণের বিধি খাটিবেক।

হাজিরজামিনের কথা।

[আসামীকে হাজিরজামিন দিবার অনুমতি হইতে পারিবেক অথবা নিজে জামিনীপত্রক্রমে মুক্ত থাকিতে পারিবেক।]

১০। আসামীর উপর যে সমন জারী হয় তাহা মানিয়া যদি আসামী স্বেচ্ছামতে নিরূপিত সময়ে ও

dience to the summons in that behalf served upon him, or shall be brought before the magistrate by virtue of any warrant, it shall be at the discretion of the magistrate to admit the defendant to bail, or allow him to be at large upon his personal recognizance. If he cannot give bail, when required to do so, he shall be committed to custody. In cases in which the order of the magistrate shall direct that the defendant be admitted to bail, the provisions of Chapter XIII. Articles 28 to 37 inclusive shall be applicable to cases tried according to the provisions of this Chapter.

Appearance, Examination of Parties, and Evidence.

[Non-appearance of complainant.]

11. If upon the day appointed for the appearance of the defendant, or any day subsequent thereto, on which the case may be called on, the complainant does not appear, the magistrate shall dismiss the complaint; unless for some reason he shall think proper to adjourn the hearing of the same unto some other day, upon such terms as he shall think fit.

[Admission by defendant of truth of complaint.]

12. On the appearance of both parties for the hearing of the case, the substance of the complaint shall be stated to the defendant, and he shall be asked if he have any cause to show why he should not be convicted; and if he thereupon admit the truth of such complaint, and show no cause, or no sufficient cause, why he should not be convicted, then the magistrate may convict him accordingly.

[Proceeding when no such admission is made.]

13. If the defendant do not admit the truth of the complaint, then the magistrate shall proceed to hear the complainant, and such witnesses as he may examine in support of his complaint, and also to hear the defendant and such witnesses as he may examine in his defence; and having heard the parties and their witnesses, shall consider the whole matter and determine the same, and shall convict the defendant or dismiss the complaint, as the case may be.

[How the evidence is to be recorded.]

14. The evidence of each witness shall be taken down in writing by, or in the presence and under the superintendence of the magistrate, not ordinarily in the form of question and answer, but in that of a narrative, and when completed shall be read over to the witness, and signed by him in the presence of the magistrate. In case the witness shall refuse to sign the deposition, the magistrate shall sign the same, and record the reason, if any, given by the witness for such refusal, together with such remarks thereon as the magistrate shall think fit to make. It shall be at the discretion of the magistrate to take down, or cause to be taken down, any particular question and answer, if there shall appear any special reason for doing so,

স্থানে হাজির হয়, অথবা যদি ওয়ারেণ্টের শক্তিক্রমে আসামীকে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনা যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে আসামীর স্থানে হাজিরজামিনী লইবার অনুমতি দিবেন অথবা জামিনীপত্র দিয়া তাহাকে মুক্ত থাকিবার অনুমতি দিবেন। যদি হাজির জামিনী দিবার আজ্ঞা হইলেও আসামী না দিতে পারে তবে তাহাকে হেফাজতে রাখা যাইবেক। যে২ স্থলে মাজিষ্ট্রেট সাহেবের হুকুমমতে আসামীকে হাজিরজামিনী দিবার অনুমতি হয় সেই২ স্থলে এই আইনের বিধানমতে বিচার্য্য মোকদ্দমার উপরে ১৩ অধ্যায়ের ২৮ অবধি ৩৭ পর্য্যন্ত সকল প্রকরণের বিধি খাটিবেক।

উপস্থিত হওনের ও উভয় পক্ষের জোবানবন্দী লওনের ও প্রমাণের কথা।

[ফরিয়াদী উপস্থিত না হইলে।]

১১। আসামীর হাজির হইবার নিরূপিত দিনে, কিম্বা তাহার পর যে কোন দিনে মোকদ্দমার তলব হয় সেই দিনে যদি ফরিয়াদী উপস্থিত না হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব নালিশ ডিসমিস করিবেন। কিন্তু যদি কোন কারণে তিনি উচিত বোধ করেন তবে যে নিয়ম উচিত জ্ঞান করেন সেই নিয়মমতে নালিশ শুনিবার কার্য্য অন্য দিনপর্য্যন্ত স্থগিত রাখিতে পারিবেন।

[আসামী নালিশ সত্য স্বীকার করিলে।]

১২। মোকদ্দমার শুননির জন্যে উভয় পক্ষ হাজির হইলে নালিশের মর্ম্ম আসামীর নিকটে কহা যাইবেক, ও তাহাকে জিজ্ঞাসা করা যাইবেক যে তোমাকে দোষি জ্ঞান না হয় এমত কোন কারণ আছে কি না। তাহাতে যদি আসামী ঐ নালিশ সত্য স্বীকার করে, ও তাহাকে দোষি জ্ঞান না হয় এমত কোন কারণ কি কোন উপযুক্ত কারণ না দর্শায়, তবে মাজিষ্ট্রেট সাহেব তদনুসারে তাহাকে দোষী স্থির করিবেন।

[যদি সেইরূপ স্বীকার না করে তবে যে প্রকারের কার্য্য করিতে হইবেক।]

১৩। যদি আসামী ঐ নালিশ সত্য স্বীকার না করে, তবে মাজিষ্ট্রেট সাহেব ফরিয়াদীর কথা, ও নালিশের পোষকতায় যে সকল সাক্ষির জোবানবন্দী লইতে পারেন তাহারদের কথা শুনিবেন, ও আসামীর কথা ও তাহার কথার পোষকতায় যে সকল সাক্ষির জোবানবন্দী লইতে পারেন তাহারদের কথা শুনিবেন, ও উভয় পক্ষের ও তাহারদের সাক্ষিরদের কথা শুনিলে পর তিনি সমুদয় বিষয় বিবেচনা করিয়া নিষ্পত্তি করিবেন ও বিষয়বিশেষে আসামীর দোষ নির্ণয় করিবেন কিম্বা নালিশ ডিসমিস করিবেন।

[সাক্ষ্য যে প্রকারে লিখিতে হইবেক।]

১৪। প্রত্যেক সাক্ষির সাক্ষ্য মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কিম্বা তাঁহার সাক্ষাতে ও তদধীনে লিখিয়া লওয়া যাইবেক। তাহা সামান্যতঃ জিজ্ঞাসা ও উত্তরের মতে লেখা যাইবেক না কিন্তু বৃত্তান্তভাবে লেখা যাইবেক। সমাপ্ত হইলে পর তাহা সাক্ষির নিকটে পাঠ করা যাইবেক ও মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে সাক্ষী তাহাতে দস্তখৎ করিবেক। যদি সাক্ষী সেই জোবানবন্দীতে দস্তখৎ করিতে স্বীকার না করে, তবে মাজিষ্ট্রেট সাহেব তাহাতে দস্তখৎ করিবেন, ও সাক্ষী যদি তাহাতে দস্তখৎ করিতে স্বীকার না করিবার কোন কারণ জানায়, তবে মাজিষ্ট্রেট সাহেব সেই কারণ লিখিবেন, ও তদ্বিষয়ে যে কোন মন্তব্য কথা লেখা উচিত বোধ করেন তাহাও লিখিবেন। যদি কোন বিশেষ জিজ্ঞাসা ও উত্তর লিখিবার কোন বিশেষ কারণ দৃষ্ট হয অথবা মোকদ্দমাতে ফরিয়াদী কি আসামী যে হয় সে যদি তাহা

or any person who is a prosecutor or defendant in the case shall require it. If any question put to a witness be objected to by any such person, and the magistrate shall allow the same to be put, the question and answer shall be taken down, and the objection, and the name of the person making it, shall be noticed in taking down the depositions, together with the decision of the magistrate upon the objection. The magistrate shall also record such remarks as he may think material respecting the demeanor of any witness whilst under examination.

চাহে, তবে ম্যাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে সেই জিজ্ঞাসা ও উত্তর লিখিবেন কিম্বা লেখাইয়া লইবেন। সাক্ষির নিকটে কোন কথার জিজ্ঞাসা হইলে যদি তাহাতে তদ্রূপ কোন ব্যক্তি কিছু আপত্তি করিলেও মাজিষ্ট্রেট সাহেব সেই জিজ্ঞাসা করিতে অনুমতি দেন, তবে সেই জিজ্ঞাসা ও উত্তর উভয় লেখা যাইবেক, ও জোবানবন্দী লিখিবার সময়ে ঐ আপত্তি ও যে ব্যক্তি তাহা করিয়াছিল তাহার নামের উল্লেখ ও সেই আপত্তির উপর মাজিষ্ট্রেট সাহেবের যে নিষ্পত্তি হয় তাহারও উল্লেখ হইবেক। আর জোবানবন্দী দিবার সময়ে কোন সাক্ষির ভাবাচারের বিষয়ে মাজিষ্ট্রেট সাহেব যে কোন কথা গুরুতর জ্ঞান করেন তাহাও লিখিয়া রাখিতে পারিবেন।

[Adjournment]

15. Before or during the hearing of any complaint, it shall be lawful for the magistrate to adjourn the hearing of the same to a future day, to be then appointed and stated in the presence and hearing of the party or parties; and if on the day to which such hearing or such further hearing shall be so adjourned, the defendant shall not appear, the magistrate may issue his warrant for the arrest of such defendant, and if the complainant shall not appear, the magistrate may dismiss such complaint.

[শুনিবার অন্য সময় নিরূপণ করণ।]

১৫। কোন নালিশ শুনিবার আগে কি শুনিবার কালে মাজিষ্ট্রেট সাহেব ঐ নালিশ শুনিবার কার্য্য স্থগিত করিয়া তাহার নিমিত্তে অন্য দিন নিরূপণ করিতে পারিবেন। সেই দিন এক পক্ষের কি উভয় পক্ষের সাক্ষাতে ও কর্ণগোচরে নিরূপণ হইবেক ও প্রকাশ করা যাইবেক। ও সেই শুননির কি অতিরিক্ত শুননির জন্যে অন্য যে দিন নিরূপণ হয় সেই দিনে যদি আসামী হাজির না হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ আসামীকে গ্রেফ্তার করিবার জন্যে আপনার ওয়ারণ্ট জারী করিতে পারিবেন। ও যদি ফরিয়াদী হাজির না হয় তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ নালিশ ডিসমিস করিতে পারিবেন।

[Formal charge may be prepared.]

16. It shall be at the discretion of the magistrate, in the trial of any case in which a summons on complaint shall issue to the defendant, to follow the rules of procedure prescribed in Chapter XIV. for the preferring of criminal charges, and in Chapter XV. Articles 25 to 31 inclusive, for the trial of such charges.

[নালিশপত্র নিয়মিতরূপে প্রস্তুত হইতে পারিবেক।]

১৬। যে মোকদ্দমাতে নালিশ হইলে আসামীর নামে সমন জারী হইবেক এমত কোন মোকদ্দমার বিচার কালে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে, ফৌজদারী নালিশ উপস্থিত করিবার নিমিত্তে ১৪ অধ্যায়ে কার্য্য করিবার যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে, ও সেই নালিশের বিচারার্থে ১৫ অধ্যায়ের ২৫ অবধি ৩১ পর্য্যন্ত সকল প্রকরণে যে বিধি আছে সেই বিধিমতে কার্য্য করিতে পারিবেন।

[Conviction.]

17. If the defendant is convicted, the magistrate shall pass sentence upon him according to law.

[দোষ সাব্যস্ত করণ।]

১৭। যদি আসামীর দোষ সাব্যস্ত হয় তবে মাজিষ্ট্রেট সাহেব, আইনানুসারে তাহার দণ্ডের আজ্ঞা করিবেন।

[To be continued.]

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১১ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 23, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২৩ জুন

ACTS.

LEGISLATIVE COUNCIL.

THE 6TH JUNE, 1857.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 6th June 1857, and is hereby promulgated for general information :—

ACT No. XIII. OF 1857.

An Act to consolidate and amend the law relating to the cultivation of the Poppy and the manufacture of Opium in the Presidency of Fort William in Bengal.

[Preamble]

WHEREAS the existing law relating to the cultivation of the Poppy and the manufacture of Opium on account of Government is in some respects inconsistent with the practice which now obtains under agreement between the Opium Agents and the cultivators, and it is expedient that such inconsistency should be removed; and whereas it is also expedient that certain obsolete Regulations relating to the provision of Opium should be formally repealed, and that the laws for preventing the illicit cultivation of the Poppy, and for regulating the cultivation of the Poppy and the manufacture of Opium on account of Government, should be consolidated and amended: It is enacted as follows :—

[Laws repealed.]

1. Regulation XXXII. 1793, Regulation XXXII. 1795, Regulation LIII. 1795, Sections I. to XL. of Regulation XIII. 1816, and Clauses 1 to 5 Section XVIII. and Sections XXIII. and XXIV. of Regulation VII. 1824, of the Bengal Code, are hereby repealed, except so far as they repeal the whole or part of any other Regula-

আইন।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ৬ জুন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৭ সালের ৬ জুন তারিখে মঞ্জুর করিয়াছেন। তাহা সকল লোককে জানাইবার জন্যে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১৩ আইন।

বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর মধ্যে পোস্তের চাস ও আফীন প্রস্তুত করিবার আইন সংগ্রহ ও সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

আফীনের এজেণ্ট সাহেবেরদের ও পোস্তের চাসিরদের মধ্যে বন্দোবস্তমতে যে ব্যবহার এক্ষণে চলন আছে তাহার সঙ্গে গবর্ণমেণ্টের নিমিত্তে পোস্তের চাস ও আফীন প্রস্তুত করিবার চলিত আইনের কোন২ বিষয়ে সঙ্গতি হয় না, আর সেই অসঙ্গতি নিবৃত্তি করা বিহিত। আরো আফীন যোগাওনের বিষয়ের যে কএক আইনের কার্য্য রহিত হইয়াছে তাহা ধারামতে রদ করা, আর বেআইনীমতে পোস্তের চাস নিবারণের ও গবর্ণমেণ্টের নিমিত্তে পোস্তের চাস করিবার ও আফীন প্রস্তুত করিবার বিধান করণের আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত, এই২ হেতুতে নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে২ আইন রদ হইল।]

১ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৭৯৩ সালের ৩২ আইন, ও ১৭৯৫ সালের ৩২ আইন, ও ১৭৯৫ সালের ৫৩ আইন, ও ১৮১৬ সালের ১৩ আইনের ১ অবধি ৪০ পর্য্যন্ত সকল ধারা, ও ১৮২৪ সালের ৭ আইনের ১৮ ধারার ১। ২। ৩। ৪। ৫ প্রকরণ ও ২৩ ও ২৪ ধারা ইহার দ্বারা রদ হইল। কিন্তু সেই২ আইনের যে কথাতে অন্য কোন আইনের সমুদয় কি কোন অংশ রদ হয়

tion, and except as to acts done, offences committed, and liabilities incurred, before the passing of this Act.

[Poppy cultivation and Opium manufacture, except for Government, prohibited.]

II. The cultivation of the Poppy and the manufacture of Opium within the territories under the Presidency of Fort William in Bengal, except on account of Government, are hereby prohibited.

[To what Agents the superintendence of the provision of Opium shall be intrusted.]

III. The superintendence of the provision of Opium for Government shall be intrusted to Agents, or other Officers, being covenanted servants of the Company, duly appointed by Government in that behalf, who shall perform the duties connected therewith under the control and direction of the Board of Revenue in Calcutta. The Agents, or other Officers as aforesaid, shall be assisted by Deputy Agents and Sub-deputy Agents, or such other Officers, covenanted or uncovenanted, as the Government may from time to time appoint for the purpose. The Collector of the District shall ordinarily, and unless Government shall otherwise direct, be *ex officio* Deputy Agent; and the relative duties and powers of the Deputy Agents and Sub-deputy Agents shall be from time to time regulated by the said Board with the sanction of Government.

[Opium Agents amenable to the Civil Courts. No suit to be brought unless application for redress first made to Agent.]

IV. The Opium Agents, and their subordinate Officers of every description, are declared amenable to the Civil Courts for all acts done by them in their official capacity, except as otherwise herein provided. But no suit shall be instituted against an Agent, or any subordinate Officer, for any act done in his official capacity, unless the person who shall consider himself aggrieved by the act of such Agent or Officer shall have first made application for redress to the Agent himself. In the event of such person not being satisfied with the order which the Agent may pass upon his application, it shall then be competent to him either to lay his case by petition before the Board of Revenue, or at once to seek redress in the Civil Court.

[Opium Agent not to sue without sanction of Board of Revenue.]

V. The Opium Agents shall not in their official capacity institute any suit in a Civil Court without the previous sanction of the Board of Revenue.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৩ জুন।]

সেই কথা রদ হইবেক না, ও এই আইন জারী হইবার পূর্ব্বে যে কোন কার্য্য করা গিয়াছে ও অপরাধ হইয়াছে ও দায় ঘটিয়াছে তাহার সম্পর্কে ঐ২ আইন রদ হইবেক না ইতি।

[গবর্ণমেণ্টের নিমিত্তে না হইলে পোস্তের চাস ও আফীন প্রস্তুতকরা নিষেধ হইল।]

২ ধারা। কেবল গবর্ণমেণ্টের নিমিত্তে না হইলে বাঙ্গলা দেশের ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের মধ্যে পোস্তের চাস করিবার ও আফীন প্রস্তুত করিবার নিষেধ ইহার দ্বারা করা গেল ইতি।

[আফীন যোগাওনের তত্ত্বাবধারণের ভার যে প্রকারের এজেণ্ট সাহেবেরদের প্রতি অর্পিত হইবেক।]

৩ ধারা। গবর্ণমেণ্টের নিমিত্তে আফীন যোগাইবার তত্ত্বাবধারণের ভার কোম্পানির চিহ্নিত কার্য্যকারক এজেণ্ট সাহেবদিগের কি অন্য কার্য্যকারক সাহেবেরদের প্রতি অর্পিত হইবেক। তাঁহারা সেই কর্ম্মেতে গবর্ণমেণ্টের দ্বারা উপযুক্তমতে নিযুক্ত হইবেন ও কলিকাতার বোর্ড রেবিনিউর সাহেবদিগের কর্ত্তৃত্ব ও আজ্ঞার অধীনে ঐ পদসম্পর্কীয় কার্য্য নির্ব্বাহ করিবেন। ডেপুটী এজেণ্ট সাহেবেরা ও সব-ডেপুটী এজেণ্টেরা কিম্বা চিহ্নিত কি অচিহ্নিত অন্য যে কার্য্যকারকদিগকে গবর্ণমেণ্ট সময়ে২ সেই কর্ম্মে নিযুক্ত করেন তাঁহারা ঐ এজেণ্ট সাহেবেরদের কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য কার্য্যকারক সাহেবেরদের সহকারিতা করিবেন। গবর্ণমেণ্ট অন্যরূপ আজ্ঞা না করিলে জিলার কালেক্টর সাহেব সামান্যতঃ স্বীয় পদোপলক্ষে ডেপুটী এজেণ্ট হইবেন। ও ডেপুটী এজেণ্ট সাহেবেরদের ও সব-ডেপুটী এজেণ্টেরদের পরস্পর যে২ কর্ত্তব্য কর্ম্ম ও ক্ষমতা থাকিবেক তাহার বিধান উক্ত বোর্ড রেবিনিউর সাহেবেরা গবর্ণমেণ্টের অনুমতিক্রমে সময়ে২ করিবেন ইতি।

[আফীনের এজেণ্ট সাহেবেরদের নামে দেওয়ানী আদালতে নালিশ হইতে পারিবেক। এজেণ্ট সাহেবের নিকটে প্রতিকারের দরখাস্ত প্রথমে না হইলে কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবেক না।]

৪ ধারা। এই আইনের মধ্যে যে২ স্থলে অন্যরূপ বিধান হইয়াছে সেই২ স্থলছাড়া, আফীনের এজেণ্ট সাহেবেরা ও তাঁহারদের অধীন সর্ব্ব প্রকারের কার্য্যকারক আপন২ পদোপলক্ষে যে সকল কার্য্য করেন তাহার জন্যে দেওয়ানী আদালতে বিচার্য্য হন এমত প্রকাশ করা গেল। কিন্তু সেইরূপ কোন এজেণ্ট সাহেবের কি কার্য্যকারকের কার্য্যের দ্বারা যে কোন ব্যক্তি অন্যায়গ্রস্ত হইয়াছে বোধ করে সে যদি প্রথমে ঐ এজেণ্ট সাহেবের নিকটে প্রতিকারের দরখাস্ত না করে, তবে সেই এজেণ্ট সাহেবের কিম্বা অধীন কোন কার্য্যকারকের পদোপলক্ষের কোন কর্ম্মের নিমিত্তে তাঁহার নামে কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবেক না। সেই ব্যক্তির ঐরূপ দরখাস্তমতে এজেণ্ট সাহেব যে হুকুম করেন তাহাতে যদি সে সন্তুষ্ট না হয় তবে বোর্ড রেবিনিউর সাহেবেরদের নিকটে দরখাস্ত করিয়া আপনার নালিশ জানাইতে পারিবেক, অথবা একেবারে দেওয়ানী আদালতে প্রতিকার চেষ্টা করিতে পারিবেক ইতি।

[বোর্ড রেবিনিউর সাহেবেরদের অনুমতিবিনা আফীনের এজেণ্ট সাহেব নালিশ করিবেন না।]

৫ ধারা। আফীনের এজেণ্ট সাহেবেরা বোর্ড রেবিনিউর সাহেবেরদের অনুমতি প্রথমে না পাইলে আপন২ পদের খ্যাতিক্রমে দেওয়ানী আদালতে কোন মোকদ্দমা উপস্থিত করিবেন না ইতি।

[Board of Revenue may in certain cases appoint an Officer to conduct or defend suits.]

VI. In cases in which the Board of Revenue may judge it expedient, or in which they may be so directed by Government, they may take upon themselves or entrust to an Officer specially appointed for the purpose, the superintendence of the prosecution or defence of any suit or appeal in which they, or an Agent, or any other Officer subordinate to them, may be engaged, instead of leaving such superintendence to the Agent or any other Officer.

[Board to fix limits of cultivation and price to be paid to cultivators.]

VII. The Board of Revenue, with the sanction of Government, shall from time to time fix the limits within which licenses may be given for the cultivation of the Poppy on account of Government. With the like sanction they shall from time to time fix the price to be paid to the cultivators for the Opium produced. The price shall be fixed at a certain sum per seer of eighty tolahs for Opium of a certain standard consistence, and shall be subject to a rateable reduction, according to a scale sanctioned by the Board of Revenue, for Opium of a consistence below the standard.

[Issue of licenses. What to be specified in license.]

VIII. The Sub-deputy Agents, or other Officers entrusted with the superintendence of the cultivation, shall, at the proper period of the year, issue licenses to the cultivators, who may choose to engage to cultivate the Poppy, and to deliver the produce to the Officers of Government at the established rates. Every license shall specify the number of beegahs which the party engages and is authorized to cultivate, and shall be in such form as the Agent, with the sanction of the Board of Revenue, may direct. A counterpart engagement, in conformity with the tenor of the license, shall be taken from the cultivator.

[Cultivator to have option whether to engage to cultivate or not. Officers compelling cultivator to enter into engagement liable to be dismissed. Sub-deput Agent may, subject to appeal, withhold license to cultivate.]

IX. It shall be at the option of every cultivator to enter into engagements for the cultivation of the Peppy or not as he may think fit; and any Sub-deputy Agent or other Officer as aforesaid, or any inferior Officer employed in the provision of Opium, who shall compel, or use any means to compel, any cultivator to enter into engagements, or to receive advances, for the cultivation of the Poppy, shall be liable to be dismissed from his situation. It shall be at the option of the Sub-deputy Agent, or other Officer as aforesaid, to withhold a license from any cultivator whenever he may think proper so to do. Any person to whom

[কোন২ স্থলে বোর্ড রেবিনিউর সাহেবেরা মোকদ্দমা চালাইবার কি জওয়াব দিবার জন্যে কার্য্যকারককে নি ুক্ত করিতে পারিবেন।]

৬ ধারা। বোর্ড রেবিনিউর সাহেবেরা কিম্বা কোন এজেণ্ট সাহেব কি তাঁহারদের অধীন অন্য কোন কার্য্যকারক যে কোন মোকদ্দমায় কি আপীলী মোকদ্দমায় লিপ্ত হন তাহা চালাইবার কি তাহাতে জওয়াব দিবার কার্য্যের তত্ত্বাবধারণের ভার বোর্ড রেবিনিউর সাহেবেরা ঐ এজেণ্ট সাহেবের কিম্বা অন্য কোন কার্য্যকারকের প্রতি না রাখিয়া, যদি বিহিত বোধ করেন কিম্বা যদি গবর্ণমেণ্ট তদ্রূপ আজ্ঞা করেন তবে আপনারাই সেই ভার লইতে পারিবেন কিম্বা সেই কর্ম্মের নিমিত্তে বিশেষমতে নিযুক্ত কোন কার্য্যকারকের প্রতি ঐ ভার অর্পণ করিতে পারিবেন ইতি।

[বোর্ডের সাহেবেরা চাস করিবার সীমা ও চাসিদিগকে যে মূল্য দিতে হইবেক তাহা নির্ণয় করিবেন।]

৭ ধারা। যে সীমার মধ্যে গবর্ণমেণ্টের নিমিত্তে পোস্তের চাস করিবার পাট্টা দেওয়া যাইতে পারিবেক সেই সীমা বোর্ড রেবিনিউর সাহেবেরা গবর্ণমেণ্টের অনুমতিক্রমে সময়ে২ নিরূপণ করিবেন। আরো যে আফীন উৎপন্ন হয় তাহার জন্যে চাসিদিগকে যে মূল্য দিতে হইবেক তাহাও ঐ সাহেবেরা ঐ প্রকারের অনুমতি লইয়া সময়ে২ নিরূপণ করিবেন। তাহার মূল্য এইরূপে নির্ণয় হইবেক, অর্থাৎ বিশেষ নিরূপণমতের গাঢ় আফীনের ৮০ তোলার শের প্রতি এত মূল্য, ও তাহাঅপেক্ষা কম গাঢ় আফীনের মূল্য বোর্ড রেবিনিউর সাহেবেরা যে নিয়মের হুকুম করেন সেই নিয়মানুসারে কম করা যাইবেক ইতি।

[পাট্টা দেওন। পাট্টাতে যাহা লেখা থাকিবেক।]

৮ ধারা। সব-ডেপুটী এজেণ্টেরা, কি অন্য যে কার্য্যকারকেরদের প্রতি পোস্তের চাসের তত্ত্বাবধারণের কার্য্য অর্পিত হয় তাঁহারা, বৎসরের উপযুক্ত সময়ে যাহারা পোস্তের চাস করিবার করার করিতে ইচ্ছুক হয় তাহারদিগকে ঐ চাস করিবার ও যে আফীন উৎপন্ন হয় তাহা নির্দ্ধারিত মূল্যে গবর্ণমেণ্টের কার্য্যকারকদিগকে দিবার পাট্টা দিবেন। যে ব্যক্তি যত বিঘা জমী চাস করিতে করার করে ও অনুমতি পায় তাহা ঐ পাট্টাতে লেখা থাকিবেক, আর বোর্ড রেবিনিউর সাহেবেরদের অনুমতিক্রমে এজেণ্ট সাহেব যে পাঠের আজ্ঞা করেন সেই পাঠে ঐ পাট্টা লেখা যাইবেক। ঐ পাট্টার মর্ম্মানুসারে এক কবুলিয়ৎ ঐ চাসির স্থানে লওয়া যাইবেক ইতি।

[চাসী স্বেচ্ছামতে পোস্তের চাস করিবার করার করিবেক কি না করিবেক। কার্য্যকারকেরা জোর করিয়া চাসিরদিগকে বন্দোবস্ত করাইলে তগীর হইতে পারিবেন। সব-ডেপুটী এজেণ্ট চাস করিবার পাট্টা দিতে অস্বীকার করিতে পারিবেন। তাহার উপর আপীল।]

৯ ধারা। প্রত্যেক চাসী যেমন উচিত বোধ করে তেমনি পোস্তের চাস করিবার করার করিতে পারিবেক, কি না চাহিলে করিবেক না। কোন সব-ডেপুটী এজেণ্ট কি পূর্ব্বোক্ত প্রকারের অন্য কার্য্যকারক, কি আফীন যোগাইবার কর্ম্মে নিযুক্ত তাবেদার কোন আমলা যদি কোন চাসিকে পোস্তের চাস করিতে বলপূর্ব্বক করার করান কি দাদনী দেন কিম্বা তদ্রূপ বলের কার্য্য করিবার কোন উপায় করেন, তবে সেই ব্যক্তি আপনার কর্ম্মহইতে তগীর হইবার যোগ্য হইবেন। সব-ডেপুটী এজেণ্ট কি পূর্ব্বোক্ত প্রকারের অন্য কার্য্যকারক যখন উচিত বোধ করেন তখন কোন চাসিকে পাট্টা দিতে না চাহিলে দিবেন না। তাহাতে যে কোন ব্যক্তি পাট্টা পাইতে পারিল না সে এজেণ্ট সাহেবের নিকটে

a license has been refused may appeal to the Agent, and the decision of the Agent shall be final.

[Penalty on cultivator who has received advances neglecting to cultivate the full quantity of land. Adjudication of penalty.]

X. If it shall be found that any cultivator, who has received advances from Government, has not cultivated the full quantity of land for which he received such advances, he shall be liable to a penalty of three times the amount of the advances received for the land which he has failed to cultivate; and the said penalty may be adjudged by the Deputy Agent or Collector, on the complaint of the Sub-deputy Agent or other Officer as aforesaid. Any person dissatisfied with the judgment of the Deputy Agent or Collector may appeal to the Agent, and the decision of the Agent shall be final.

[Delivery of the Opium produced. Such Opium not liable to distress or attachment. Value thereof may be attached.]

XI. All Opium the produce of land cultivated with Poppy on account of Government, shall be delivered by the cultivators to the Sub-deputy Agents or other District Officers, or shall be brought by them to the Sudder Factory, as the Agent may direct. And no such Opium shall be liable to be distrained or attached by a Zemindar or other proprietor, or a farmer of land, for the recovery of arrears of rent, or by any other creditor of a cultivator under any order or decree of Court, but the sum due to the cultivator on account of such Opium may be attached by order of Court in the hands of the Agent or of the District Officer under the rules in force for such attachments.

[Opium to be weighed and classified by Sub-deputy Agent. Proceeding where cultivator is dissatisfied with classification.]

XII. All Opium delivered by the cultivators to the Sub-deputy Agent or other District Officer, shall, before it is forwarded to the Sudder Factory, be weighed, examined, and classified according to its quality and consistence by that Officer, or his assistant if duly authorized by the Agent in that behalf, in the presence of the cultivators and in conformity with rules sanctioned by the Board of Revenue. Any cultivator, who may be dissatisfied with the classification of the District Officer, shall be at liberty either to take his Opium to the Sudder Factory, or to have it forwarded thither by such Officer separate from the Opium respecting which no dispute has arisen.

[Weighing and examination of Opium at the Sudder Factory.]

XIII. All Opium forwarded by the District Officers to the Sudder Factory, and all Opium delivered at the Sudder Factory by the cultivators, shall be there weighed and examined by the

আপীল করিতে পারিবেক ও এজেন্ট সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

[কোন চাসী দাদনী পাইয়া যত জমী চাস করিতে করার করিয়াছে তাহা সমুদয় না করিলে তাহার দণ্ড। দণ্ডের হুকুম করণ।]

১০ ধারা। যদি দৃষ্ট হয় যে, গবর্ণমেণ্টের স্থানে যে জন দাদনী পাইয়াছে এমত কোন চাসী যত জমীর জন্যে সেই দাদনী পাইয়াছে সেই তাবৎ জমীর চাস করে নাই, তবে যত জমীর চাস করিতে ত্রুটি করিয়াছে তাহার জন্যে যত টাকা দাদনী পাইয়াছে তাহার তিনগুণ টাকা দণ্ড দিবার যোগ্য হইবেক। আর সব-ডেপুটী এজেন্টের কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য কার্য্যকারকের নালিশমতে ডেপুটী এজেন্ট সাহেব কি কালেকটর সাহেব বিচারক্রমে সেই দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। যদি কোন ব্যক্তি ডেপুটী এজেন্ট সাহেবের কি কালেকটর সাহেবের বিচারেতে সন্তুষ্ট না হয় তবে সে এজেন্ট সাহেবের নিকটে আপীল করিতে পারিবেক, ও এজেন্ট সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ইতি।

[যে আফীন জন্মে তাহা দাখিল করণ। ঐ আফীন ক্রোক কি আটক হইতে পারিবেক না। তাহার মূল্য আটক হইতে পারে।]

১১ ধারা। গবর্ণমেণ্টের জন্যে পোস্তের চাসকরা জমীতে যে সকল আফীন জন্মে তাহা এজেন্ট সাহেব যেমন আজ্ঞা করেন তেমনি ঐ চাসিরা সব ডেপুটী এজেন্টদিগকে কিম্বা মফঃসলের অন্য কার্য্যকারকদিগকে দিবেক, কিম্বা সদর কুঠীতে আনিবেক। আর জমীদার কি অন্য ভূম্যধিকারী কি ভূমির ইজারদার খাজানার বাকীর জন্যে, কিম্বা চাসির অন্য কোন মহাজন আদালতের কোন হুকুম কি ডিক্রীমতে কার্য্য হইবার জন্যে, সেই প্রকারের কিছু আফীন ক্রোক কি আটক করিতে পারিবেক না। কিন্তু আদালতের আজ্ঞাক্রমে সেই আফীনের জন্যে চাসির পাওনা টাকা সেই প্রকারের আটক করিবার চলিত বিধিমতে, এজেন্ট সাহেবের কি মফঃসলের কার্য্যকারকের হস্তে আটক হইয়া থাকিতে পারিবেক ইতি।

[আফীনের সব-ডেপুটী এজেন্ট আফীন ওজন করিয়া শ্রেণীমতে রাখিবেন। তাহাতে চাসী সম্মত না হইলে যাহা কর্ত্তব্য।]

১২ ধারা। চাসিরা সব-ডেপুটী এজেন্টকে কি মফঃসলের অন্য কার্য্যকারককে যে সকল আফীন আনিয়া দেয় তাহা সদর কুঠীতে পাঠাইবার আগে ঐ কার্য্যকারক, অথবা যদি তাঁহার আসিষ্টাণ্ট ঐ কর্ম্ম করিবার জন্যে এজেন্ট সাহেবের স্থানে উপযুক্ত ক্ষমতা পান তবে সেই আসিষ্টাণ্ট, ঐ চাসিরদের গোচরে এবং বোর্ড রেবিনিউর সাহেবদিগের অনুমতিকরা বিধিঅনুসারে, ওজন ও পরখাই করিবেন, ও তাহার যেমন গুণ ও গাঢ়তা থাকে তদনুসারে শ্রেণী২ করিয়া রাখিবেন। মফঃসলের কার্য্যকারক যেরূপে ঐ আফীম শ্রেণী২ করিয়া রাখেন তাহাতে যদি কোন চাসী সম্মত না হয়, তবে সে আপনার আফীন সদর কুঠীতে লইয়া যাইতে পারিবেক, অথবা যে আফীনের বিষয়ে কিছু বিবাদ হয় নাই তাহাহইতে আলাহিদা রাখিয়া ঐ কার্য্যকারকের দ্বারা তথায় চালান করাইতে পারিবেক ইতি।

[সদর কুঠীতে আফীনের ওজন ও পরখাই করণ।]

১৩ ধারা। মফঃসলের কার্য্যকারকেরা যে সকল আফীন সদর কুঠীতে চালান করেন ও চাসিরা যে সকল আফীন সদর কুঠীতে আনিয়া দেয় তাহা আফীনের পরখাইকারক সাহেব কিম্বা সেই কর্ম্ম করিতে উচিত

Opium Examiner, or other Officer duly authorized in that behalf, agreeably to rules sanctioned by the Board of Revenue; and the quality and consistence of the Opium, and the deductions from, or additions (if any) to the standard price to be made in accordance with the said rules, shall be determined by the result of such examination. The decision of the Examiner, or of the Agent in cases in which a reference to the Agent may be prescribed by the said rules, shall be final and conclusive, and not open to question in any Court.

[Confiscation of adulterated Opium. Adjudication of confiscation.]

XIV. When Opium delivered by a cultivator either to a District Officer, or at the Sudder Factory, is suspected of being adulterated with any foreign substance, it shall be immediately sealed up pending examination by the Opium Examiner, and notice of such intended examination shall be given to the cultivator. If upon such examination the Opium shall be found to be so adulterated, the Agent on the report of the Examiner may order that it be confiscated; and the order of the Agent shall be final, and not open to question in any Court.

[Weights and scales.]

XV. The weights and scales made use of in the Sudder Factories, and at the District Kothees shall be provided by the Board of Revenue. Every District Officer shall annually, before beginning to weigh the Opium of the season, examine the weights and scales in use in his District, and shall report the result of such examination to the Agent. The Agent shall make a similar examination of the weights and scales of the Sudder Factory, and shall report the result to the Board. No weights or scales shall be made use of which on any such examination have not been found to be strictly accurate. It shall be the duty of all Officers who may superintend the weighing of Opium, to see that the Opium is weighed fairly with an even beam, and the practice of taking excess weight for the purpose of turning the scale, or as an allowance for dryage and wastage, is hereby prohibited.

[Adjustment of cultivator's accounts, and recovery of balance by distress. Proviso.]

XVI. The accounts of the cultivators shall be adjusted annually by the District Officers as soon after the conclusion of the weighing and examination as possible; and any balance that may remain due from any cultivator, or from any mahto or intermediate manager, may be recovered by the District Officer by distress and sale of the property of the defaulter or of his surety, in the same manner and under the same rules as the property of defaulting cultivators in estates held khas may be distrained and sold by the Collector for the recovery of an arrear of rent or Revenue. Provided that no warrant of distress and sale shall be

[*Government Gazette*, 23rd June, 1857.]

মত্তের ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক বোর্ড রেবিনিউর সাহেবেরদের অনুমতিক্রমে বিধিঅনুসারে তথায় ওজন ও পরখাই করিবেন। আফীনের গাঢ়তা ও তাহার গুণ, ও নির্দ্ধারিত মুল্যের যত উক্ত বিধিমতে বাদ দিতে হইবেক, কিম্বা কিছু অধিক দিতে হইলে যত অধিক দিতে হইবেক তাহা ঐ পরখাইর ফলানুসারে নির্দ্ধার্য্য হইবেক। পরখাইকারক সাহেবের নিষ্পত্তি, অথবা যে২ স্থলে উক্ত বিধিমতে ঐ কথা এজেন্ট সাহেবের প্রতি অর্পণ করা যায় সেই২ স্থলে এজেন্ট সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক, ও কোন আদালতে তদ্বিষয়ের আপত্তি গ্রাহ্য হইতে পারিবেক না ইতি।

[মিশাল আফীন জব্দ করণ। জব্দ করিবার হুকুম করণ]

১৪ ধারা। চাসী কিছু আফীন মফঃসলের কার্য্যকারক সাহেবকে কিম্বা সদর কুঠীতে আনিয়া দিলে, যদি তাহা অন্য দ্রব্যেতে মিশ্রিত হইল এমত সন্দেহ থাকে, তবে আফীনের পরখাইকারক সাহেবের পরখাই করিবার অপেক্ষাতে তাহাতে অগৌণে মোহর করা যাইবেক, ও সেইরূপ পরখাই হইবেক ইহার এত্তেলা চাসিকে দেওয়া যাইবেক। সেইরূপে পরখাই হইবার পরে যদি দেখা যায় যে আফীন সেই প্রকারে মিশ্রিত হইয়াছে, তবে পরখাইকারক সাহেবের রিপোর্টমতে এজেন্ট সাহেব তাহা জব্দ করিতে আজ্ঞা করিবেন, ও এজেন্ট সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক ও কোন আদালতে তদ্বিষয়ের আপত্তি গ্রাহ্য হইতে পারিবেক না ইতি।

[বাটখারা ও দাঁড়িপাল্লা।]

১৫ ধারা। সদর কুঠীতে ও মফঃসলের কুঠীতে যে সকল বাটখারা ও দাঁড়িপাল্লা লইয়া ওজন হইবেক তাহা বোর্ড রেবিনিউর সাহেবেরা দিবেন। মফঃসলের প্রত্যেক কার্য্যকারক সাহেব বৎসরে২ তৎকালের আফীন ওজন করিবার আগে, আপন এলাকার মধ্যে যে সকল বাটখারা ও দাঁড়িপাল্লা লইয়া ওজন হয় তাহা পরীক্ষা করিবেন, ও সেই পরীক্ষার ফল এজেন্ট সাহেবকে জানাইবেন। এজেন্ট সাহেবও সদর কুঠীর বাটখারা ও দাঁড়িপাল্লার সেইরূপ পরীক্ষা করিয়া তাহার ফল বোর্ড রেবিনিউতে জানাইবেন। সেই প্রকারের পরীক্ষা হইলে যে সকল বাটখারা ও দাঁড়িপাল্লা নিতান্ত প্রকৃত দেখা না যায় তাহা লইয়া ওজন হইবেক না। আফীন ওজন করিবার কার্য্য যে সকল কার্য্যকারকের তত্ত্বাবধারণে থাকে তাঁহারদের এই কর্ত্তব্য যে, আফীন সমান দাড়ি লইয়া ন্যায়মতে ওজন করা যায় এই বিষয় দেখেন, আর পাল্লা উচ্চ নীচ করিবার নিমিত্তে অথবা শুকতি ও ঝরতি বলিয়া, কিছু বাদ দিবার যে ব্যবহার চলে তাহার নিষেধ ইহার দ্বারা করা গেল ইতি।

[চাসিরদের হিসাব চুকিয়া দেওন ও ক্রোক করণের দ্বারা বাকী আদায় করণ। বর্জ্জিত কথা।]

১৬ ধারা। বৎসরে২ ওজন ও পরখাই হইবার পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র মফঃসলের কার্য্যকারকেরা চাসিরদের হিসাব চুকাইয়া দিবেন। আর যদি কোন চাসির স্থানে কিম্বা কোন মহতো কি মধ্যবর্ত্তি সরবরাহকারের স্থানে কিছু বাকী পাওনা থাকে, তবে যেমন ও যে বিধিমতে খাস মহালের বাকী মালগুজারী কি খাজানা আদায় করিবার জন্যে বাকীদার রাইয়তের সম্পত্তি কালেক্টর সাহেব ক্রোক করিয়া নীলাম করিতে পারেন, তেমনি ও সেই বিধিমতে মফঃসলের কার্য্যকারক ঐ বাকীদার চাসির কি তাহার জামিনের সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া ঐ বাকী আদায় করিতে পারিবেন। পরন্তু এজেন্ট সাহেবের অনুমতি প্রথমে না পাওয়া গেলে মফঃসলের কোন কার্য্যকারক

issued by any District Officer without the sanction of the Agent previously obtained.

[Penalty on Officer taking bribes.]

XVII. Any Officer of the Opium department who shall receive any fee, gratuity, perquisite, or allowance, either in money or effects, under any pretence whatsoever, from any cultivator, or from any other person employed or concerned in the provision of Opium, other than the authorized allowances of his situation, shall be dismissed from his office, and, on conviction before a Magistrate, shall be liable to a fine not exceeding five hundred Rupees.

[Sum illegally exacted by land-holder from ryot on account of rent of Poppy land, may be recovered, together with a penalty, in summary suit before Collector.]

XVIII. If any zemindar, or other proprietor of land, or any farmer of land, shall exact from any ryot on account of his Poppy land, any illegal cess or any higher rate of rent than he is lawfully entitled to demand, the ryot, or the Sub-deputy Agent or other District Officer on his behalf, may institute a suit before the Collector, and recover from such proprietor or farmer the sum exacted by him in excess of his lawful demand, together with a penalty of treble the amount of such excess; and such suit shall be tried according to the rules prescribed for suits instituted before a Collector relating to arrears or exactions of rent.

[Penalty for embezzlement of Opium by cultivator.]

XIX. Any cultivator entering into engagements for the cultivation of the Poppy on account of Government, who may embezzle, or otherwise illegally dispose of, any part of the Opium produced, shall be liable to a penalty not exceeding ten times the fixed price of the Opium which he may be proved to have so disposed of, or to a fine not exceeding five hundred Rupees, if the amount of the said penalty be less than that sum, and the Opium, if found, shall be liable to confiscation.

[Penalty for illegal purchase of Opium from cultivator.]

XX. Any person purchasing or receiving any Opium from a cultivator or other person who may have entered into engagements for the cultivation of the Poppy, or who may be employed in the provision of Opium on account of Government, or bargaining for the purchase of Opium with such cultivator or person, or in any way causing or encouraging such cultivator or person to embezzle or illegally dispose of any Opium, and any Officer of the Opium department conniving in any way at the embezzlement or illegal disposal of any Opium, shall be liable to a fine not exceeding one thousand Rupees, unless the Opium purchased, bargained for, or illegally disposed of, shall exceed the weight of thirty-one seers and a quarter, in which case the fine may be increased, at a rate not

সাহেব ক্রোক ও নীলামের কোন পরওয়ানা জারী করিবেন না ইতি।

[কার্য্যকারক ঘুষ লইলে তাঁহার দণ্ড।]

১৭ ধারা। আফীনের সিরিশ্তার কোন কার্য্যকারক আপনার কর্ম্মের যত বেতন পাইবার ক্ষমতা রাখেন তদ্ভিন্ন, যদি কোন চাসির স্থানে কিম্বা আফীন যোগাইবার কর্ম্মে নিযুক্ত কিম্বা তৎসংক্রান্ত অন্য কোন ব্যক্তির স্থানে কোন প্রকার ছলক্রমে, কিছু রসুম কি সেলামী কি দস্তুরী অথবা আর কিছু নগদে কি জিনিসে লন তবে তিনি কর্ম্ম হইতে তগীর হইবেন ও মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দোষ সাব্যস্ত হইলে পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

[জমীদার পোস্তের জমীর খাজানা বলিয়া যে কিছু টাকা অন্যায়মতে রাইয়তের স্থানে লন তাহা কালেক্টর সাহেবের সম্মুখে সরাসরী মোকদ্দমায় জরীমানা-সমেত ফিরিয়া পাওয়া যাইতে পারিবেক।]

১৮ ধারা। কোন জমীদার কি অন্য ভূম্যধিকারী কিম্বা জমীর কোন ইজারদার যদি রাইয়তের পোস্তের জমীর জন্যে কোন বেআইনী মাসুল কিম্বা আইনমতে যত খাজানা লইতে স্বত্ব রাখেন তাহার অধিক অন্যায়-মতে লন, তবে সেই রাইয়ত, কিম্বা তাহার পক্ষে সব-ডেপুটী এজেন্ট কি মফঃসলের অন্য কার্য্যকারক, কালেক্টর সাহেবের সম্মুখে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, ও সেই ভূম্যধিকারী কি ইজারদার আইন-মতে আপনার উপযুক্ত দাওয়ার অধিক যত লইয়াছেন তাহা, ও তদ্ভিন্ন সেই অতিরিক্ত টাকার তিনগুণ টাকা দণ্ডস্বরূপ তাঁহার স্থানে পাইতে পারিবেন। বাকী খাজানার ও খাজানা অন্যায়মতে লওনের বিষয়ে কালেক্টর সাহেবের সম্মুখে উপস্থিতকরা মোকদ্দমার যে২ বিধি নির্দ্দিষ্ট হইয়াছে সেই২ বিধিমতে ঐ মোকদ্দমার বিচার হইবেক ইতি।

[চাসী আফীন তসরূফ করিলে তাহার দণ্ড।]

১৯ ধারা। যদি কোন চাসী গবর্ণমেণ্টের জন্যে পোস্তের চাস করিবার করার করিয়া, উৎপন্ন আফীনের কোন অংশ তসরূফ করে কি প্রকারান্তরে বেআইনীমতে হস্তান্তর করে, তবে সে যত আফীন সেই প্রকারে হস্তান্তর করিয়াছে প্রমাণ হয় তাহার নির্দ্ধারিত মূল্যের দশগুণের অনধিক অর্থদণ্ডের যোগ্য হইবেক, কিম্বা যদি সেই অর্থদণ্ড পাঁচ শত টাকার কম হয় তবে পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানার যোগ্য হইবেক, আর সেই আফীন পাওয়া গেলে জব্দ হইতে পারিবেক ইতি।

[চাসির স্থানে আফীন বেআইনীমতে খরীদ করিবার দণ্ড।]

২০ ধারা। চাসির স্থানে, কিম্বা অন্য যে ব্যক্তি পোস্তের চাস করিবার করার করিয়াছে কিম্বা গবর্ণমেণ্টের জন্যে আফীন যোগাইবার কর্ম্মে নিযুক্ত আছে তাহার স্থানে, যদি কেহ কিছু আফীন খরীদ কি গ্রহণ করে, কিম্বা সেই চাসির কি ব্যক্তির সঙ্গে আফীন ক্রয় করিবার দর করে, কিম্বা সেই চাসির কি ব্যক্তির দ্বারা কোন প্রকারে কিছু আফীন তসরূফ করায়, কি বেআইনীমতে হস্তান্তর করায়, কি তাহা করিতে তাহাকে উৎসাহ দেয়, তবে তাহার ও আফীনের সিরিশ্তার যে কোন কার্য্যকারক কোন আফীনের তসরূফ হইবার কি বেআইনীমতে হস্তান্তর হইবার কথা জানিয়া কোন প্রকারে না জানিবার মত করেন, সেই কার্য্যকারকের এক হাজার টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক। কিন্তু যে আফীন খরীদ হইয়াছে কি যাহার দর করা গিয়াছে কি যে আফীন বেআইনীমতে হস্তান্তর হইয়াছে তাহা যদি ৩১৷ শের এক পোআর অধিক

exceeding thirty-two Rupees per seer for all such Opium in excess of that weight; and the Opium, if found, shall be liable to confiscation.

[Penalty for unlicensed cultivation.]

XXI. Any person who shall cultivate the Poppy without license from a Sub-deputy Agent or other Officer duly authorized in that behalf, and any person who shall in any way cause, encourage, or promote such illegal cultivation, shall be liable to a fine not exceeding five-hundred Rupees, unless the quantity of land so illegally cultivated shall exceed twenty beegahs, in which case the fine may be at the rate of twenty-five Rupees per beegah; and the Poppy plants shall be destroyed, or, if any Opium have been extracted from them, it shall be seized and confiscated. If the Opium shall have been extracted and shall not be seized, the offender shall be liable to a further fine not exceeding the rate of thirty-two Rupees per beegah of land illegally cultivated.

[Duty of land-holders and others to give information of illegal cultivation.]

XXII. All proprietors, farmers, tuhseeldars, gomashtahs, and other managers of land, shall give immediate information to the Police or Abkaree Darogahs, or Opium Gomashtahs, or to the Magistrates, Collectors, or Officers in charge of the Abkaree Mehal, or to the Agents, their Deputies, or Sub-deputies, of all Poppy which may be illegally cultivated within the estates or farms held or managed by them; and every proprietor, farmer, tuhseeldar, gomashtah, or other manager of land, who shall knowingly neglect to give such information, shall be liable to the penalties for illegal cultivation prescribed in the last preceding Section.

[Duty of Police and other Officers to give information of illegal cultivation.]

XXIII. All Police and Abkaree Darogahs, and Opium Gomashtahs, and all native Officers of Government of whatever description, and all Chowkeydars, Pykes, and other village Police Officers, shall give immediate information to the authority to which they are subordinate when it may come to their knowledge that any land has been illegally cultivated with Poppy; and such authority shall transmit the information to the Sub-deputy Agent, or other Officer superintending the cultivation of the Poppy, if in a District where the Poppy is cultivated on account of Government, or to the Collector or Officer in charge of the Abkaree Mehal, if in a District where the Poppy is not so cultivated. Every Police or Abkaree Darogah, Opium Gomashtah, Native Officer, Chowkeydar, or other Police Officer as aforesaid, who shall neglect to give such information, or shall in any respect connive at the illicit cultivation of the Poppy, shall be liable to a fine not

ওজনের হয়, তবে তাহার অধিক সকল আফীনের উপর শেরপ্রতি বত্রিশ টাকার অনধিকের হিসাবে ঐ জরীমানা বৃদ্ধি হইতে পারিবেক, ও সেই আফীন পাওয়া গেলে জব্দ হইতে পারিবেক ইতি।

[পাট্টা না পাইয়া চাস করিবার দণ্ড।]

২১ ধারা। যে কোন লোক সব-ডেপুটী এজেন্টের স্থানে কিম্বা পাট্টা দিবার উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারকের স্থানে পাট্টা না পাইয়া পোস্তের চাস করে, আর যে কোন লোক সেই বেআইনীমতের চাস কোন প্রকারে করায় কি তাহা করিতে উৎসাহ দেয় কি সাহায্য করে, সেই লোক পাঁচ শত টাকাপর্য্যন্ত জরীমানার যোগ্য হইবেক। কিন্তু যদি সেই প্রকারের বেআইনীমতে চাসকরা জমী কুড়ি বিঘার অধিক হয়, তবে বিঘাপ্রতি পঁচিশ টাকার হিসাবে জরীমানা হইতে পারিবেক। আর সেই পোস্তের গাছ নষ্ট করা যাইবেক, কিম্বা যদি তাহাহইতে কিছু আফীন বাহির করা গিয়া থাকে তবে তাহা ক্রোক হইয়া জব্দ হইবেক। যদি আফীন বাহির করা গিয়া থাকে ও জব্দ না হইয়া থাকে, তবে ঐ অপরাধী ঐ জরীমানার অতিরিক্ত বেআইনী মতে চাসকরা জমীর বিঘাপ্রতি বত্রিশ টাকার হিসাবে যত হয় তাহার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[বেআইনীমতে চাস হইবার সম্বাদ দেওয়া ভূম্যধিকারিরদের ও অন্যেরদের কর্ত্তব্য কর্ম্ম।]

২২ ধারা। যদি কোন ভূম্যধিকারির কি ইজারদারের কি তহসীলদারের কি গোমাশ্তার কি ভূমির অন্য সরবরাহকারের জমীদারীর মধ্যে কি তাঁহারদের ইজারাকরা কি সরবরাহকরা জমীর মধ্যে পোস্তের বেআইনীমতে চাস হয়, তবে তাঁহারা অগৌণে সেই সম্বাদ পোলীসের কি আবকারীর দারোগাদিগকে কি আফীনের গোমাশ্তারদিগকে, কি মাজিস্ট্রেট কি কালেক্টর সাহেবদিগকে, কিম্বা আবকারী মহালের ভারপ্রাপ্ত কার্য্যকারকদিগকে, কি এজেন্ট সাহেবদিগকে কি তাঁহারদের ডেপুটী কি সব-ডেপুটীদিগকে দিবেন। আর যদি কোন ভূম্যধিকারী কি ইজারদার কি তহসীলদার কি গোমাশ্তা কি ভূমির অন্য সরবরাহকার জানিয়াশুনিয়া সেই সম্বাদ দিতে শৈথিল্য করেন, তবে ২১ ধারাতে বেআইনীমতে চাস করিবার যে দণ্ড নিরূপণ হইয়াছে সেই দণ্ডের যোগ্য হইবেন ইতি।

[বেআইনীমতে চাস হইবার সম্বাদ দেওয়া পোলীসের ও অন্য আমলারদের কর্ত্তব্য।]

২৩ ধারা। পোলীসের ও আবকারীর সকল দারোগা ও আফীনের গোমাশ্তারা ও গবর্ণমেণ্টের এদেশীয় সর্ব্বপ্রকারের আমলাগণ ও সকল চৌকীদার ও পাইক ও পোলীসসংক্রান্ত গ্রাম্য অন্য আমলাগণ যখন জানিতে পায় যে, কোন জমীতে বেআইনীমতে পোস্তের চাস হইতেছে তখন তাহারা যে কার্য্যকারকের তাবে থাকে তাঁহাকে অগৌণে সম্বাদ দিবেক। আর যে স্থানে গবর্ণমেণ্টের নিমিত্তে পোস্তের চাস হয় সেই স্থান হইলে ঐ কার্য্যকারক সেই সম্বাদ সব-ডেপুটী এজেণ্টের কি পোস্তের চাসের তত্ত্বাবধারক অন্য কার্য্যকারকের নিকটে পাঠাইবেন। আর যে স্থানে সেই রূপে পোস্তের চাস না হয় সেই স্থান হইলে, সেই সম্বাদ কালেক্টর সাহেবের কিম্বা আবকারী মহালের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারকের নিকটে পাঠাইবেন। যদি পোলীসের কিম্বা আবকারীর দারোগা কি আফীনের গোমাশ্তা কি এদেশীয় আমলা কি চৌকীদার কি পোলীসসংক্রান্ত পূর্ব্বোক্ত প্রকারের অন্য আমলা সেই সম্বাদ দিতে শৈথিল্য করে, কিম্বা পোস্তের বেআইনীমতে চাস হইতেছে জানিয়া কোন প্রকারে না জানিবার মত থাকে, তবে সেই অপরাধী আফীনের

exceeding one thousand Rupees if the offender be an Officer of the Opium department, or in any other case to a fine not exceeding five hundred Rupees.

[Police or Abkaree Darogah how to proceed in case of illegal cultivation.]

XXIV. Whenever a Police or Abkaree Darogah or Opium Gomashtah shall receive intelligence of any land within his jurisdiction having been illegally cultivated with Poppy, he shall immediately proceed to the spot, and if the information be correct, shall attach the crop so illegally cultivated, and report the same without delay to the authority to which he may be subordinate. He shall at the same time take security from the cultivator of the said land for his appearance before the Magistrate; and in the event of such cultivator not giving the required security, he shall send him in custody to the Magistrate.

[Landholders, &c. may attach in cases of illegal cultivation.]

XXV. Proprietors, farmers, tuhseeldars, gomashtahs, and other managers of land, shall be at liberty to attach any Poppy grown in opposition to the provisions of this Act in any estate or farm held or managed by them, and shall immediately report such attachment to the nearest Police or Abkaree Darogah, or Opium Gomashtah, who shall thereupon proceed in conformity with the rules contained in the last preceding Section.

[Adjudication of penalties.]

XXVI. Except as otherwise herein provided, all fines, penalties, and confiscations prescribed by this Act shall be adjudged by the Magistrate on the information of the Deputy Agent or Sub-deputy Agent in Districts in which the Poppy is cultivated on account of Government, and in other Districts on the information of the Collector or Officer in charge of the Abkaree Mehal; provided that no information of an offence against this Act shall be admitted unless it be preferred within the period of one year after the commission of the offence to which the information refers.

[Imprisonment in default of payment of fines under this Act.]

XXVII. When any person is sentenced to pay any fine or penalty under this Act, such person, in default of payment of the same, may be imprisoned by order of the Magistrate for any time not exceeding six months, or until the fine is sooner paid.

[Punishment for repetition of offences.]

XXVIII. Whenever any person shall be convicted of an offence against this Act after having been previously convicted of a like offence, he shall be liable, in addition to the penalty attached to such offence, to imprisonment for a period not exceeding six months; and a like punishment of

সিরিশ্‌তার কার্য্যকারক হইলে তাহার এক হাজার টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক, কিম্বা অন্য কোন লোক হইলে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক ইতি।

[বেআইনীমতে চাস হইলে পোলীসের কি আবকারীর দারোগার যাহা কর্ত্তব্য।]

২৪ ধারা। পোলীসের কি আবকারীর কোন দারোগা কিম্বা আফীমের গোমাশ্‌তা যখন এই সম্বাদ পান যে, তাঁহার এলাকার মধ্যে কোন জমীতে পোস্তের বেআইনীমতে চাস হইতেছে, তখন তিনি তৎক্ষণাৎ সেই জমীতে যাইবেন। আর যদি ঐ সম্বাদ সত্য হয় তবে বেআইনীমতের তদ্রূপে চাসকরা ফসল আটক করিয়া রাখিবেন, ও আপনি যে কার্য্যকারকের অধীন থাকেন তাঁহার নিকটে অবিলম্বে সেই কথার রিপোর্ট করিবেন। আরও মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ঐ জমীর চাসী উপস্থিত হইবেক ইহার জামিন তিনি সেই সময়ে লইবেন। আর যে জামিন দিবার আজ্ঞা হয় তাহা যদি সেই চাসী না দেয় তবে তাহাকে হেফাজতে রাখিয়া ঐ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন ইতি।

[বেআইনীমতের চাস হইলে ভূম্যধিকারিপ্রভৃতি ক্রোক করিতে পারেন।]

২৫ ধারা। ভূম্যধিকারি কি ইজারদার কি তহসীলদার কি গোমাশ্‌তা কি জমীর অন্য সরবরাহকারেরদের কোন জমীদারীতে কি তাঁহারদের ইজারাকরা কি সরবরাহকরা কোন জমীতে এই আইনের বিরুদ্ধে যে কিছু পোস্তের চাস হয় তাহা তাঁহারা আটক করিতে পারিবেন, ও সেই আটক করিবার রিপোর্ট অগৌণে পোলীসের কি আবকারীর অতি নিকটবর্ত্তি দারোগার কিম্বা আফীমের গোমাশ্‌তার নিকটে করিবেন, তাহাতে ঐ দারোগা ২৪ ধারার লিখিত বিধিমতে কার্য্য করিবেন ইতি।

[জরীমানার হুকুম করণ।]

২৬ ধারা। যদি এই আইনেতে অন্যরূপ বিধান না হইয়া থাকে, তবে এই আইনেতে যে সকল জরীমানা ও অর্থদণ্ড ও জব্দ করিবার দণ্ড নিরূপণ হইয়াছে, সেই দণ্ডের আজ্ঞা, যে স্থলে গবর্ণমেণ্টের নিমিত্তে পোস্তের চাস হয় সেই স্থলে ডেপুটী এজেণ্ট সাহেবেরদের ও সব-ডেপুটী এজেণ্টেরদের সম্বাদমতে, ও অন্য২ স্থানে কালেক্টর সাহেবের কিম্বা আবকারী মহালের ভারপ্রাপ্ত কার্য্যকারকের সম্বাদক্রমে, মাজিষ্ট্রেট সাহেব করিবেন। পরন্তু এই আইন লঙ্ঘন করিয়া যে কোন অপরাধের সম্বাদ দেওয়া যায়, তাহা করিবার পর এক বৎসরের মধ্যে না দেওয়া গেলে গ্রাহ্য হইবেক না ইতি।

[এই আইনমতে জরীমানার টাকা না দেওয়া গেলে কয়েদ হইবেক।]

২৭ ধারা। যখন এই আইনমতে কোন ব্যক্তির কিছু অর্থদণ্ড কি জরীমানা দিবার হুকুম হয়, তখন সেই ব্যক্তি ঐ জরীমানার টাকা না দিলে, মাজিষ্ট্রেট সাহেবের হুকুমমতে ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত, কিম্বা তাহার মধ্যে যত দিন ঐ টাকা না দেওয়া যায় তত দিন কয়েদ হইবেক ইতি।

[অপরাধ বারম্বার করিবার দণ্ড।]

২৮ ধারা। কোন ব্যক্তি এই আইন লঙ্ঘন করিয়া কোন অপরাধ করিলে ও তাহা সাব্যস্ত হইলে পর, যদি তাহার সেইরূপ অপরাধ পুনশ্চ সাব্যস্ত হয়, তবে সেই অপরাধের যে দণ্ড নির্দ্দিষ্ট হয় তাহার অধিক সে ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ হইবার যোগ্য হইবেক। ও সেই দ্বিতীয় অপরাধের পর যতবার তাহার

imprisonment not exceeding six months shall be incurred, in addition to the punishment which may be inflicted for a first offence, upon every subsequent conviction after the second.

[Place of imprisonment under the last two preceding Sections.]

XXIX. Every person who shall be imprisoned under the last preceding Section, or on account of the non-payment of any fine or penalty prescribed by this Act, unless such person be an Officer of Government or a village Police Officer convicted of an offence under Sections XVII., XX., or XXIII., shall be imprisoned in the Civil Jail.

[Disposal of fines and forfeitures.]

XXX. One-half of all fines and penalties levied from persons convicted of offences under Sections XIX., XX., and XXI. of this Act, together with a reward of one Rupee eight annas for each seer of Opium confiscated and declared by the Civil Surgeon to be fit for use, shall upon adjudication of the case be awarded to the Officer or Officers who apprehended the offender, and the other half of such fines and forfeitures, together with a reward of one Rupee eight annas for each seer of Opium confiscated as aforesaid, shall be given to the informer. If in any case the fine or penalty is not realized the Board of Revenue may grant such reasonable reward, not exceeding the sum of two hundred Rupees, as may seem to them fit.

[Governor General in Council may allow free cultivation of Poppy and manufacture of Opium in any District.]

XXXI. The Governor General of India in Council may authorize, by an order of Government, the cultivation of the Poppy and the manufacture of Opium in any District or Districts without license from a Sub-deputy Opium Agent, or other Officer of Government; and when such order has been published, all the provisions of this Act shall cease to have effect in such District or Districts. Provided always, that the Government may prescribe rules for the delivery of the Opium so produced to Officers of Government appointed to receive it; and when such rules have been passed, any cultivator or other person engaged in the cultivation of the Poppy and manufacture of Opium who shall dispose of any Opium otherwise than is allowed by such rules, and any person who shall purchase or receive any such Opium in contravention of the said rules, shall be subject to the penalties prescribed in Section XIX. of this Act; and such penalties may be adjudged by a Magistrate on the information of any Officer of Government or of any other person.

W. MORGAN,
Clerk of the Council.

অপরাধ সাব্যস্ত হয়, ততবার তাহার প্রথম অপরাধের জন্যে যে দণ্ড হইতে পারে, তদতিরিক্ত ছয় মাসের অনধিক কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[পূর্ব্বলিখিত দুই ধারামতে কয়েদ যে স্থানে হইবেক।]

২৯ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে, কিম্বা এই আইনের নির্দ্ধারিত কোন জরীমানা কি অর্থদণ্ড না দেওয়াপ্রযুক্ত, যে কেহ কয়েদ হয় সে দেওয়ানী জেলখানায় কয়েদ হইবেক। কিন্তু যদি গবর্ণমেণ্টের কার্য্যকারক হইয়া কিম্বা পোলীসসংক্রান্ত গ্রাম্য আমলা হইয়া সেই ব্যক্তির ১৭ কি ২০ কি ২৩ ধারামতে অপরাধ সাব্যস্ত হয় তবে সেইরূপে কয়েদ হইবেক না ইতি।

[জরীমানার ও অর্থদণ্ডের টাকা লইয়া যাহা করিতে হইবেক।]

৩০ ধারা। যে সকল লোকের এই আইনের ১৯ ও ২০ ও ২১ ধারামতে অপরাধ সাব্যস্ত হয় তাহারদের স্থানে জরীমানার ও অর্থদণ্ডের যে সকল টাকা আদায় হয়, মোকদ্দমার নিষ্পত্তি করণ সময়ে, ঐ টাকার অর্দ্ধেক, ও যে সকল আফীন জব্দ হয় তাহা দেওয়ানীর চিকিৎসক সাহেব কর্ম্মের উপযুক্ত কহিলে তাহার শেরপ্রতি দেড় টাকা, যে কার্য্যকারক কি কার্য্যকারকেরা অপরাধিকে গ্রেস্তার করিয়াছিলেন তাঁহারদিগকে দিবার হুকুম হইবেক। ঐ জরীমানার ও অর্থদণ্ডের অন্য অর্দ্ধেক ও পূর্ব্বোক্তমতে জব্দকরা আফীনের শেরপ্রতি দেড় টাকা গোয়েন্দাকে দেওয়া যাইবেক। যদি কোন স্থলে সেই জরীমানার কি অর্থদণ্ডের টাকা আদায় না হয়, তবে বোর্ড রেবিনিউর সাহেবেরা দুই শত টাকার অনধিক যত পুরস্কার উচিত বোধ করেন এমত উপযুক্ত পুরস্কার দিবেন ইতি।

[হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর কোন জিলার মধ্যে অবাধিতরূপে পোস্তের চাস ও আফীন প্রস্তুত করিবার অনুমতি দিতে পারিবেন।]

৩১ ধারা। কোন এক কি অধিক জিলার মধ্যে আফীনের সব-ডেপুটী এজেণ্টের কিম্বা গবর্ণমেণ্টের অন্য কার্য্যকারকের পাট্টা বিনা পোস্তের চাস করিতে ও আফীন প্রস্তুত করিতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর গবর্ণমেণ্টের হুকুমের দ্বারা অনুমতি দিতে পারিবেন। আর সেইরূপ হুকুম প্রকাশ হইলে পর, এই আইনের সকল বিধান সেই কি সেই২ জিলাতে প্রবল হইবেক না। পরন্তু সেই প্রকারের উৎপন্ন আফীন গ্রহণ করিবার জন্যে গবর্ণমেণ্টের নিযুক্ত কার্য্যকারকের নিকটে যে প্রকারে আনিয়া দিতে হইবেক তাহার বিধি গবর্ণমেণ্ট করিতে পারিবেন। সেইরূপ বিধি জারী হইলে পর সেই বিধিমতে যে প্রকারে অনুমতি হয় তদ্ভিন্ন, সে কোন চাসী কিম্বা পোস্তের চাস কি আফীন প্রস্তুত করিবার কার্য্যে লিপ্ত অন্য ব্যক্তি অন্য প্রকারে কিছু আফীন হস্তান্তর করে, ও যে কেহ ঐ বিধি লঙ্ঘন করিয়া সেই প্রকারের কোন আফীন ক্রয় কি গ্রহণ করে সেই ব্যক্তি এই আইনের ১৯ ধারার লিখিত দণ্ডের যোগ্য হইবেক। মাজিষ্ট্রেট সাহেব গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের কিম্বা অন্য কোন ব্যক্তির স্থানে সম্বাদ পাইয়া ঐ দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

LEGISLATIVE COUNCIL.

THE 13TH JUNE, 1857.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General this day, and is hereby promulgated for general information :—

ACT NO. XV. OF 1857.

An Act to regulate the establishment of Printing Presses and to restrain in certain cases the circulation of printed books and papers.

[Preamble.]

WHEREAS it is expedient to prohibit the keeping or using of Printing Presses, types, or other materials for printing, in any part of the territories in the possession and under the Government of the East India Company, except with the previous sanction and license of Government, and under suitable provisions to guard against abuse; and whereas it may be deemed proper to prohibit the circulation, within the said territories, of newspapers, books, or other printed papers of a particular description : It is enacted as follows :—

[No Printing Press to be kept or used without the license of Government.]

I. No person shall keep or use any Printing Press, or types, or other materials or articles for printing, without having obtained the previous sanction and license for that purpose of the Governor General of India in Council, or of the Executive Government of the Presidency in which such Printing Press, types, or other materials or articles for printing are intended to be kept or used, or of such other person or persons as the Governor General of India in Council may authorize to grant such sanction or license ; and any person who shall keep or use any Printing Press, or types, or other materials or articles for printing, without having obtained such license, shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding five thousand Rupees, or to imprisonment not exceeding two years, or to both.

[Power to search for and seize unlicensed Printing Presses, &c.]

II. If any person shall keep or use any Printing Press, or types, or other materials or articles for printing, without such sanction or license as aforesaid, any Magistrate, within whose jurisdiction the same may be found, may seize the same, or cause them to be seized, together with any books or printed papers found on the premises ; and shall dispose of the same as the Governor General of India in Council, or the Executive Government of any Presidency, or such other person as the Governor General in Council shall authorize in that behalf, may direct ; and it shall be lawful for any Magistrate to issue a search-war-

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১৩ জুন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ জেনরল বাহাদুর অদ্য মঞ্জুর করিয়াছেন ও সকল লোককে জানাইবার জন্যে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১৫ আইন।

ছাপার যন্ত্র স্থাপন করিবার বিধি করণের ও কোন২ গতিকে ছাপাহওয়া পুস্তক ও কাগজ লোকেরদের মধ্যে চালাইবার নিষেধ করিবার আইন।

[হেতুবাদ।]

গবর্ণমেণ্টের অনুমতি ও অনুমতিপত্র প্রথমে না পাইয়া কোম্পানি বাহাদুরের শাসিত ও অধিকৃত দেশের কোন স্থানে ছাপার যন্ত্র কি হরফ কি ছাপাকর্ম্মের অন্য সরঞ্জাম রাখিতে কি ব্যবহার করিতে নিষেধ করা, ও সেই ছাপার যন্ত্রপ্রভৃতির দ্বারা অনুপযুক্ত কার্য্য না হয় ইহার নিমিত্তে উপযুক্ত বিধান করিয়া ঐ অনুমতি দেওয়া বিহিত, আর উক্ত দেশের মধ্যে বিশেষ প্রকারের সম্বাদপত্র কি পুস্তক কি ছাপাকরা অন্য কাগজ লোকেরদের মধ্যে চালাইবার নিষেধ করা উচিত জ্ঞান হইতে পারে, এই২ কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[গবর্ণমেণ্টের অনুমতিপত্র বিনা ছাপা করিবার কোন যন্ত্র রাখা যাইবেক না কিম্বা ব্যবহার হইবেক না।]

১ ধারা। ছাপার কোন যন্ত্র কিম্বা হরফ কিম্বা ছাপাকর্ম্মের অন্য সরঞ্জাম কি দ্রব্য রাখিবার কি ব্যবহার করিবার জন্যে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের, কিম্বা ঐ ছাপার যন্ত্র কি হরফ কিম্বা ছাপাকর্ম্মের অন্য সরঞ্জাম কি দ্রব্য যে রাজধানীর মধ্যে রাখিবার কি ব্যবহার করিবার অভিপ্রায় থাকে সেই রাজধানীর কর্ত্তৃত্বকার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের অনুমতি ও অনুমতিপত্র, কিম্বা অন্য যে ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর সেই প্রকারের অনুমতি কি অনুমতিপত্র দিবার ক্ষমতা দেন তাঁহার কি তাঁহারদের অনুমতি ও অনুমতিপত্র প্রথমে না পাইয়া, কোন ব্যক্তি ছাপার কোন যন্ত্রপ্রভৃতি রাখিবেন না কি ব্যবহার করিবেন না। আর যে কেহ সেইরূপ অনুমতিপত্র না পাইয়া ছাপার কোন যন্ত্র কি হরফ কি ছাপাকর্ম্মের অন্য সরঞ্জাম কি দ্রব্য রাখেন কি ব্যবহার করেন, তাঁহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে তাঁহার পাঁচ হাজার টাকার অনধিক জরীমানা, কিম্বা দুই বৎসরের অনধিক কালপর্য্যন্ত কয়েদ, কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক ইতি।

[বিনানুমতির ছাপার যন্ত্রপ্রভৃতি তলাশ ও ক্রোক করিবার ক্ষমতা।]

২ ধারা। যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত প্রকারের অনুমতি কি অনুমতিপত্র বিনা, ছাপার কোন যন্ত্র কি হরফ কি ছাপাকর্ম্মের অন্য সরঞ্জাম কি দ্রব্য রাখেন কি ব্যবহার করেন, তবে যে কোন মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে তাহা পাওয়া যায় সেই মাজিষ্ট্রেট সাহেব তাহা ক্রোক করিতে কি ক্রোক করাইতে পারিবেন, ও বাড়ীর মধ্যে যে কোন পুস্তক কি ছাপাকরা কাগজ পাওয়া যায় তাহাও ক্রোক করিতে কি ক্রোক করাইতে পারিবেন। ও হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর, কিম্বা কোন রাজধানীর কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট, কিম্বা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর অন্য যে কোন ব্যক্তিকে সেই কর্ম্মের নিমিত্তে ক্ষমতা দেন তিনি যেমন

rant for the entry and search of any house, building, or other place, in which he may have reason to believe that any such unlicensed Printing Press, types, or other materials or articles for printing are kept or used.

[Application for license to keep Printing Press.]

III. Whenever any person or persons shall be desirous of keeping or using any Printing Press, or types, or other materials or articles for printing, he or they shall apply by writing to the Magistrate within whose jurisdiction he proposes to keep or use such Printing Press or other such materials or articles as aforesaid, or to such other person as the Governor General in Council, or the Executive Government of the Presidency, or such other person as the Governor General in Council shall authorize in that behalf, may appoint for that purpose. The application shall specify the name, profession, and place of abode of the proprietor or proprietors of such Printing Press, types, or other materials or articles for printing, and of the person or persons who is or are intended to use the same, and the place where such Printing Press, types, or other materials or articles for printing are intended to be used; and such application shall be verified by the oath, affirmation, or solemn declaration of the proprietors and persons intending to keep or use such Printing Press, types, or other materials or articles for printing, or such of them as the Magistrate or other person to whom the application shall be made shall direct; and any person wilfully making a false oath, affirmation, or declaration shall be deemed guilty of perjury.

[Government may grant license subject to conditions, and may revoke the same.]

IV. The Magistrate shall forward a copy of such application to the Governor General in Council, or to the Executive Government of the Presidency, or to such other person as may be authorized to grant the license; and the said Governor General in Council, or such Executive Government, or other person as aforesaid, may at his or their discretion grant such license subject to such conditions (if any) as he or they may think fit, and may also at any time revoke the same.

[Penalty for using Press contrary to conditions, or after revocation of license.]

V. If any person or persons shall keep or use, or cause or allow to be kept or used, any such

আজ্ঞা করেন মাজিষ্ট্রেট সাহেব ছাপা করিবার ঐ যন্ত্রপ্রভৃতি লইয়া তেমনি কার্য্য করিবেন। আর কোন মাজিষ্ট্রেট সাহেব যদি কোন কারণে বোধ করেন যে কোন ঘরে কি ইমারতে কি অন্য স্থানে সেই প্রকারের বিনানুমতির কোন ছাপার যন্ত্র কি হরফ কিম্বা ছাপাকর্ম্মের অন্য সরঞ্জাম কি দ্রব্য রাখা যায় কি ব্যবহার হয়, তবে তিনি সেই ঘরপ্রভৃতিতে প্রবেশ করিবার ও তলাশ করিবার জন্যে তলাশী পরওয়ানা জারী করিতে পারিবেন ইতি।

[ছাপার যন্ত্র রাখিবার অনুমতিপত্র পাইবার দরখাস্ত।]

৩ ধারা। যদি কোন ব্যক্তি কি ব্যক্তিরা ছাপার কোন যন্ত্র কি হরফ কিম্বা ছাপাকর্ম্মের অন্য সরঞ্জাম কি দ্রব্য রাখিতে কি ব্যবহার করিতে চাহেন, তবে তিনি কি তাঁহারা যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে ঐ ছাপার যন্ত্র কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য সরঞ্জাম কি দ্রব্য রাখিতে কি ব্যবহার করিতে মানস রাখেন তাঁহার নিকটে, কিম্বা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা রাজধানীর কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট কিম্বা সেই কার্য্যের নিমিত্তে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরহইতে ক্ষমতাপ্রাপ্ত পূর্ব্বোক্ত প্রকারের ব্যক্তি অন্য যে ব্যক্তিকে সেই কার্য্যের নিমিত্তে নিযুক্ত করেন তাঁহার নিকটে, দরখাস্ত লিখিয়া দিবেন। ঐ দরখাস্তের মধ্যে এই২ কথা লিখিতে হইবেক, অর্থাৎ তদ্রূপ ছাপার যন্ত্রের কি হরফের কিম্বা ছাপাকর্ম্মের অন্য সরঞ্জামের কি দ্রব্যের স্বামির কি স্বামিরদের, ও যে ব্যক্তির কি ব্যক্তিরদের তাহা ব্যবহার করিবার অভিপ্রায় থাকে তাঁহার কি তাঁহারদের নাম ও ব্যবসায়াদি ও বাসস্থান, ও যে স্থানে সেই ছাপার যন্ত্র কি হরফ কিম্বা ছাপাকর্ম্মের অন্য সরঞ্জাম কি দ্রব্য ব্যবহার করিবার অভিপ্রায় থাকে সেই স্থানের নাম। আর সেই ছাপার যন্ত্র কি হরফ কি ছাপাকর্ম্মের অন্য সরঞ্জাম কি দ্রব্য যে স্বামিরা ও ব্যক্তিরা রাখিতে কি ব্যবহার করিতে মনস্থ করেন তাঁহারদের, কিম্বা তাঁহারদের মধ্যে যে কোন লোকেরদিগকে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অন্য যাঁহার নিকটে ঐ দরখাস্ত করা যায় তিনি আজ্ঞা করেন তাঁহারদের, শপথ কি প্রতিজ্ঞা কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে ঐ দরখাস্তের সত্যতা নির্দ্দিষ্ট হইবেক। ও যে কোন ব্যক্তি জানিয়াশুনিয়া মিথ্যা শপথ কি প্রতিজ্ঞা কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করেন তাঁহাকে মিথ্যা শপথের দোষি জ্ঞান হইবেক ইতি।

[গবর্ণমেণ্ট নিয়মক্রমে অনুমতিপত্র দিতে পারিবেন ও তাহা অন্যথা করিতে পারিবেন।]

৪ ধারা। মাজিষ্ট্রেট সাহেব হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের নিকটে, কিম্বা রাজধানীর কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের নিকটে, কিম্বা অন্য যে ব্যক্তিকে অনুমতিপত্র দিবার ক্ষমতা দেওয়া যায় তাঁহার নিকটে, ঐ দরখাস্তের এক কেতা নকল পাঠাইবেন। ও হজুর কৌন্সেলে উক্ত শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক উক্ত গবর্ণমেণ্ট কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য ব্যক্তি আপনার কি আপনারদের বিবেচনামতে ঐ অনুমতিপত্র দিতে পারিবেন ও যদি নিয়ম করিতে চাহেন তবে তিনি কি তাঁহারা যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মক্রমে ঐ অনুমতিপত্র দিবেন। আরো কোন সময়ে সেই অনুমতিপত্র অন্যথা করিতে পারিবেন ইতি।

[নিয়ম লঙ্ঘন করিয়া কিম্বা অনুমতিপত্র অন্যথা হইলে পর ছাপার যন্ত্র ব্যবহার করিবার দণ্ড।]

৫ ধারা। অনুমতিপত্র যে নিয়মক্রমে দেওয়া গিয়াছে সেই নিয়ম লঙ্ঘন করিয়া, কিম্বা ঐ অনুমতিপ-

Printing Press, types, or other materials or articles for printing, contrary to the conditions upon which the license may have been granted, or after notice of the revocation of such license shall have been given to or left for him or them at the place at which the Printing Press shall have been established, he or they shall be subject to the same penalties as if no such license had been granted; and such Printing Press, types, and other materials or articles for printing may be seized and disposed of in the manner prescribed in Section II. of this Act.

ত্রের অন্যথা হইবার এত্তেলা তাঁহাকে কি তাঁহারদিগকে দেওয়া গেলে পর, কিম্বা ছাপার যন্ত্র যে স্থানে স্থাপিত হইয়াছে সেই স্থানে তাঁহার কি তাঁহারদের নিমিত্তে ঐ এত্তেলা দেওয়া গেলে পর, যদি কোন ব্যক্তি কি ব্যক্তিরা তদ্রূপের কোন ছাপার যন্ত্র কি হরফ কি ছাপাকর্ম্মের অন্য সরঞ্জাম কি দ্রব্য রাখেন কি ব্যবহার করেন, কিম্বা অন্যের দ্বারা রাখান্ কি ব্যবহার করান্, কিম্বা অন্য ব্যক্তিকে রাখিতে কি ব্যবহার করিতে দেন, তবে তদ্রূপের কোন অনুমতিপত্র না দেওয়া গেলে তাঁহার কি তাঁহারদের যেরূপ দণ্ড হইতে পারিত সেইরূপ দণ্ড হইবেক। ও সেই ছাপার যন্ত্র ও হরফ ও ছাপাকর্ম্মের অন্য সরঞ্জাম কি দ্রব্য ক্রোক করা যাইতে পারিবেক, ও এই আইনের ২ ধারাতে যেমন নির্দ্দিষ্ট হইয়াছে তেমনি তাহা লইয়া করা যাইতে পারিবেক ইতি।

[Books, &c., to have the printer's and publisher's name printed on them, and copies to be forwarded to the Magistrate.]

VI. All books and other papers, printed at a Press licensed under this Act, shall have printed legibly on them the name of the printer and of the publisher, and the place of the printing and publication thereof; and a copy of every such book or printed paper shall be immediately forwarded to the Magistrate or to such other person as the Government or other person granting the license may direct; and every person who shall print or publish any book or paper otherwise than in conformity with this provision, or who shall neglect to forward a copy of such book or paper in manner hereinbefore directed, unless specially exempted therefrom by the Governor General in Council or other person granting the license, shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding one thousand Rupees, and in default of payment to imprisonment for a term not exceeding six calendar months.

[পুস্তকাদিতে প্রিণ্টরের ও প্রকাশকের নাম ছাপা থাকিবেক ও তাহার এক২ প্রস্থ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠান যাইবেক।]

৬ ধারা। এই আইনমতের অনুমতি দেওয়া ছাপার যন্ত্রেতে যে সকল পুস্তক ও অন্য কাগজ ছাপা হয় তাহাতে প্রিণ্টরের (অর্থাৎ ছাপার কার্য্যের কর্ত্তা ব্যক্তির) ও প্রকাশকের নাম ও তাহা ছাপাইবার ও প্রকাশ করিবার স্থানের নাম সুপাঠ্যরূপে ছাপা হইবেক। ও তদ্রূপ প্রত্যেক পুস্তকের কি ছাপাকরা কাগজের এক প্রস্থ অগৌণে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে, কিম্বা অন্য যে ব্যক্তির নিকটে গবর্ণমেণ্ট কিম্বা যিনি অনুমতিপত্র দেন তিনি পাঠাইতে আজ্ঞা করেন তাঁহার নিকটে, পাঠাইতে হইবেক। আর যে কোন ব্যক্তি এই বিধি না মানিয়া অন্য প্রকারে কোন পুস্তক কি কাগজ ছাপান কি প্রকাশ করেন, কিম্বা যে কোন ব্যক্তি তদ্রূপ পুস্তকের কি কাগজের এক প্রস্থ ইহার পূর্ব্বের আজ্ঞামতে পাঠাইতে ত্রুটি করেন, তাঁহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে তাঁহার এক হাজার টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক, ও সেই টাকা না দেওয়া গেলে তাঁহাকে ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ করা যাইতে পারিবেক। কিন্তু হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর কিম্বা অন্য যে ব্যক্তি ঐ অনুমতিপত্র দেন তিনি কোন কাহাকে এই বিধানহইতে বিশেষমতে মুক্ত করিলে তাঁহার ঐ দণ্ড হইবেক না ইতি।

[Government may prohibit circulation of particular books or newspapers.]

VII. The Governor General of India in Council, or the Executive Government of any Presidency, may, by Order to be published in the *Government Gazette*, prohibit the publication or circulation, within the said territories or the territories subject to the said Government, or within any particular part of the said territories, of any particular newspaper, book, or other printed paper, or any newspaper, book, or printed paper of any particular description, whether printed within the said territories or not; and whoever, after such prohibition, shall knowingly import, publish, or circulate, or cause to be imported, published, or circulated, any such book or paper, shall be liable for every such offence, on conviction before a Magistrate, to a fine not exceeding five thousand Rupees, or to imprisonment not exceeding two years, or to both; and every such book or paper shall be seized and forfeited.

[গবর্ণমেণ্ট বিশেষ২ পুস্তক কি সংবাদপত্র চালাইবার নিষেধ করিতে পারিবেন।]

৭ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর অথবা কোন রাজধানীর কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট, গবর্ণমেণ্ট গেজেটে হুকুম প্রকাশ করিয়া এমত নিষেধ করিতে পারিবেন যে, কোন বিশেষ সংবাদপত্র কি পুস্তক কিম্বা ছাপাকরা অন্য কাগজ, কিম্বা কোন বিশেষ প্রকারের কোন সংবাদপত্র কি পুস্তক কি ছাপাকরা কাগজ উক্ত দেশের মধ্যে ছাপা হউক কি না হউক, উক্ত দেশের কিম্বা উক্ত গবর্ণমেণ্টের অধীন দেশের কিম্বা উক্ত দেশের কোন বিশেষ স্থানের মধ্যে প্রকাশ না হয় কি চালান না যায়। তদ্রূপ নিষেধ হইলে পর যে কেহ তদ্রূপ কোন পুস্তক কি কাগজ জানিয়াশুনিয়া আমদানী করেন কি প্রকাশ করেন কি চালান, কিম্বা আমদানী করান কি প্রকাশ করান কি চলন করান, তাঁহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে পাঁচ হাজার টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক, কিম্বা দুই বৎসরের অনধিক কাল কয়েদ কিম্বা ঐ উভয় দণ্ড হইতে পারিবেক, ও তদ্রূপ প্রত্যেক পুস্তক কি কাগজ ক্রোক ও জব্দ হইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৩ জুন।]

[Interpretation.]

VIII. The word "printing" shall include lithographing. The word "Magistrate" shall include a person exercising the powers of a Magistrate, and also a Justice of the Peace; and every person hereby made punishable by a Justice of the Peace may be punished upon summary conviction.

[Act not to exempt compliance with Act XI. of 1835.]

IX. Nothing in this Act shall exempt any person from complying with the provisions of Act XI. of 1835.

[Prosecutions.]

X. No person shall be prosecuted for any offence against the provisions of this Act, within fourteen days after the passing of the Act, without an order of the Governor General in Council or the Executive Government of the Presidency in which the offence shall be committed, or the person authorized under the provisions of this Act to grant licences.

[Duration of Act.]

XI. This Act shall continue in force for one year.

W. MORGAN,
Clerk of the Council.

LEGISLATIVE COUNCIL.

THE 13TH JUNE, 1857.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General this day, and is hereby promulgated for general information:—

ACT NO. XVI. OF 1857.

An Act to make temporary provision for the trial and punishment of heinous offences in certain Districts.

[Preamble.]

WHEREAS it is expedient to make temporary provision for the trial and punishment of heinous offences in certain Districts: It is enacted as follows:—

[Punishment for any heinous offence in Districts or places subject to Martial Law or to which this Act is extended.]

I. Whoever shall commit or attempt to commit any heinous offence in any District or place in which Martial Law hath been or shall be established, or in any District or place to which this Act shall be extended by order of the Governor General of India in Council, shall be liable, on conviction, to the punishment of death, or to the punishment of transportation for life, or of imprisonment with hard labor for any term not exceeding fourteen years; and shall forfeit all his property and effects of every description.

[Interpretation of the words "heinous offence."]

II. The words "heinous offence" shall be deemed to include an attempt to murder, rape,

[অর্থ করণ।]

৮ ধারা। "ছাপা করণ" এই শব্দের মধ্যে পাতরে ছাপা করণও বুঝায়। মাজিষ্ট্রেট এই শব্দেতে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারক ব্যক্তিকে ও জুষ্টিস অফ দি পীসকেও বুঝায়। আর এই আইনমতে জুষ্টিস অফ দি পীসের দ্বারা যে কোন ব্যক্তির দণ্ড হইতে পারে তাঁহার দোষ সরাসরীমতে সাব্যস্ত হইলে তাঁহার দণ্ড হইতে পারিবেক ইতি।

[এই আইনেতে ১৮৩৫ সালের ১১ আইনানুসারে কার্য্য করণহইতে মুক্ত না হওয়ার কথা।]

৯ ধারা। এই আইনের কোন কথাতে কোন ব্যক্তি ১৮৩৫ সালের ১১ আইনের বিধানমতে কার্য্য করণ হইতে মুক্ত হইবেন না ইতি।

[নালিশ।]

১০ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হুকুম না হইলে, কিম্বা এই আইন লঙ্ঘন করিবার অপরাধ যে রাজধানীর মধ্যে করা যায় সেই রাজধানীর কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের, কিম্বা এই আইনের বিধানমতে অনুমতিপত্র দিবার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির হুকুম না হইলে, এই আইন জারী হইলে পর চৌদ্দ দিনের মধ্যে এই আইনের বিধান লঙ্ঘন করিয়া কোন অপরাধ করিবার জন্যে কোন ব্যক্তির নামে নালিশ হইবেক না ইতি।

[আইন যত দিন চলন থাকিবেক।]

১১ ধারা। এই আইন এক বৎসরপর্য্যন্ত প্রবল থাকিবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১৩ জুন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর অদ্য মঞ্জুর করিয়াছেন ও সকল লোককে জানাইবার নিমিত্তে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১৬ আইন।

কোন২ জিলাতে গুরুতর অপরাধের বিচার ও দণ্ড করিবার জন্যে কিঞ্চিৎ কালের নিমিত্তে বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

কোন২ জিলাতে গুরুতর অপরাধের বিচার ও দণ্ড করিবার জন্যে কিঞ্চিৎ কালের নিমিত্তে বিধানকরা বিহিত, এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে২ জিলাতে কি স্থানে মার্শ্যাল লা স্থাপিত হইয়াছে কিম্বা এই আইন খাটে তাহাতে গুরুতর কোন অপরাধের জন্যে দণ্ড।]

১ ধারা। যে কোন জিলাতে কি স্থানে মার্শ্যাল লা অর্থাৎ যুদ্ধসম্পর্কীয় আইন স্থাপিত হইয়াছে কি হইবেক, কিম্বা যে কোন জিলাতে কি স্থানে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হুকুমমতে এই আইন খাটান যায় সেই২ জিলাতে কি স্থানে যে কেহ কোন গুরুতর অপরাধ করে কি করিতে উদ্যোগ করে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার প্রাণ দণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হইবেক, কিম্বা সে চৌদ্দ বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কয়েদ হইবেক, ও তাহার সর্ব্ব প্রকারের সকল সম্পত্তি ও জায়দাদ জব্দ হইবেক ইতি।

[গুরুতর অপরাধ এই কথার অর্থ।]

২ ধারা। গুরুতর অপরাধ এই কথার মধ্যে এই২ অপরাধ গণ্য হয়, অর্থাৎ খুন করিবার উদ্যোগ, বলাৎ-

maiming, dacoity, robbery, burglary, knowingly receiving property obtained by dacoity, robbery, or burglary, breaking and entering a dwelling-house and stealing therein, intentionally setting fire to a village, house, or any public building, stealing or destroying any property provided for the conveyance or subsistence of Troops, and all crimes against person or property attended with great personal violence, and all crimes committed with the intention of assisting those who are waging war against the State or forwarding their designs.

[Offenders by whom to be tried.]

III. Every person who shall be guilty of murder or any of the offences above described, may be tried either by Court Martial appointed under Act XIV. of 1857, or by a Commissioner or Commissioners authorized by a Commission issued under the said Act, or by the ordinary Courts of Judicature.

[Act not to apply to British-born subjects or their children.]

IV. Nothing in this Act shall extend to the trial or punishment of any of Her Majesty's natural-born subjects born in Europe, or of the children of such subjects.

[Duration of Act.]

V. This Act shall continue in force for one year.

W. MORGAN,
Clerk of the Council.

কার, অঙ্গচ্ছেদ, ডাকাইতী, লুঠ, সিঁধমারা, ডাকাইতী কি লুঠ কি সিঁধ মারিবার দ্বারা যে সম্পত্তি হরণ হয় তাহা জানিয়াশুনিয়া গ্রহণকরা, বসতবাটীতে দ্বারপ্রভৃতি ভাঙ্গিয়া প্রবেশ করণ ও তাহাতে চুরী করণ, জানিয়াশুনিয়া কোন গ্রামে কি ঘরে কি কোন সরকারী ঘরে আগুন লাগান, সৈন্যেরদের কুচ হইবার কি তাহারদের আহারের জন্যে যে কোন বিষয় যোগান যায় তাহা চুরী করণ কি নষ্ট করণ, ও ব্যক্তির কি সম্পত্তির উপর যে সকল অপরাধের সঙ্গে ভারি ঘাইল হয় এমত সকল অপরাধ, ও যাহারা রাজ্যের বিপক্ষে যুদ্ধ করিতেছে তাহারদের সাহায্য করিবার কিম্বা তাহারদের অভিপ্রায় সিদ্ধ করিবার মানসে যে সকল অপরাধ করা যায় তাহা ইতি।

[অপরাধিরদের বিচার যাঁহার দ্বারা হইবেক।]

৩ ধারা। যে কোন ব্যক্তি খুন করিবার কিম্বা পূর্ব্বের লিখিত কোন অপরাধ করিবার দোষী হয় তাহার বিচার ১৮৫৭ সালের ১৪ আইনমতে নিযুক্ত কোর্ট মার্স্যালের দ্বারা হইবেক, কিম্বা ঐ আইনমতে জারীকরা কমিস্যানের দ্বারা যে এক কি অধিক জন কমিস্যানর সাহেব ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহারদের দ্বারা, অথবা সাধারণ বিচারআদালতের দ্বারা হইবেক ইতি।

[ব্রিটনজাত প্রজারদের কি তাঁহারদের সন্তানেরদের উপর এই আইন খাটিবেক না।]

৪ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর ইউরোপজাত কোন প্রজারদের কিম্বা সেই প্রজারদের কোন সন্তানেরদের বিচার কি দণ্ডের বিষয়ে এই আইনের কোন কথা খাটিবেক না ইতি।

[আইন যত দিন চলন থাকিবেক।]

৫ ধারা। এই আইন এক বৎসরপর্য্যন্ত প্রবল থাকিবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator*

১১১৪ নম্বর।
ফোর্ট উলিয়ম। দেশীয় ডিপার্টমেণ্ট।
১৮৫৭ সাল ১৫ জুন।
বিজ্ঞাপন।

"কোন২ জিলাতে গুরুতর অপরাধের বিচার ও দণ্ড করিবার জন্যে কিঞ্চিৎ কালের নিমিত্তে বিধান করিবার আইন" নামক ১৮৫৭ সালের ১৬ আইন হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর বাঙ্গলা রাজধানীর উত্তরপশ্চিম দেশের সমুদয় স্থানে ও পঞ্জাব ও অযোধ্যা দেশে খাটাইয়াছেন।

আরো হজুর কৌন্সেলে শ্রীলশ্রীযুক্ত উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবকে, ও উক্ত দেশের রাজস্বের ও দায়েরসায়েরীর প্রত্যেক কমিস্যানর সাহেবকে, ও পঞ্জাব ও অযোধ্যা দেশের প্রধান কমিস্যানর সাহেবদিগকে এই ক্ষমতা দিতেছেন যে, ঐ আইনেতে যে সকল অপরাধ লেখা হইয়াছে কিম্বা যে সকল অপরাধের দণ্ড ১৮৫৭ সালের ১১ আইনের ১ ও ২ ধারাক্রমে কিম্বা ১৮৫৭ সালের পূর্ব্বোক্ত ১৬ আইনক্রমে হইতে পারে, এমত কোন অপরাধ করিবার নালিশ যে কোন লোকেরদের নামে হয় তাহারদের বিচার করিবার জন্যে, তাঁহারা ১৮৫৭ সালের ১৪ আইনের ৭ ধারামতে এক কি অধিক কমিস্যান জারী করেন।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সিসিল বীডন
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATION.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 12th June, 1857.

Mr. W. Cardozo, to be Moonsiff of Bhutteeary, Zillah Chittagong, but to continue to officiate as Moonsiff of Raojan during the deputation of Mr. Finney, or until further orders.

A. W. RUSSELL, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১২ জুন।

শ্রীযুত ডবলিউ কার্ডোজো সাহেব জিলা চাটিগাঁয়ের ভটিয়ারীর মুনসেফ হইবেন। কিন্তু শ্রীযুত ফিনি সাহেব যত কাল অন্য স্থানের কর্ম্মে নিযুক্ত থাকেন তত কাল কিম্বা অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত কার্ডোজো সাহেব রাওজানের মুনসেফের কর্ম্ম করিবেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

[গবর্ণমেণ্ট গেজেট ১৮৫৭। ২৩ জুন।]

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম। সিবিল আডিটর সাহেবের দফ্তরখানা।

১৮৫৭ সাল ২৭ আপ্রিল।

ফিনান্সিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্ট গত মার্চ মাসের ২০ তারিখে এই বিধি করিয়াছেন যে, বন্দোবস্তের কার্য্যকারকেরা যখন ভ্রমণ করেন তখন তাঁহারদের কর্ম্ম কেবল এক জিলার কি অনেক জিলার মধ্যে হইলে তদনুসারে তাঁহারা যখন দুই সপ্তাহ কি এক মাস কোন স্থানে থাকেন, তখন তাঁহারদের যত পথখরচ লইবার অনুমতি আছে তাহার কেবল অর্দ্ধেক উক্তর কালে লইতে পারিবেন। সেই প্রকারের সকল কার্য্যকারক পথখরচের বিল যখন পাঠান তখন মাসের মধ্যে তাঁহারা যে২ স্থানে থাকিয়াছেন ও এক২ স্থানে যত কাল থাকেন তাহার কথাও তাঁহারদের লিখিতে হইবেক।

ডবলিউ পি পামর।
সিবিল আডিটর।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

LAND ADVERTISEMENTS. — ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা কটক।

এতলানামা কাছারি কালেকটরি জেলা কটক মধ্য প্রদেশ সর্ব্ব সাধারণ লোকদিগের জ্ঞাতার্থে সম্বাদ দেওয়া যাইতেছে যে সন ১৮৪৫ সাল প্রথম আইনের ৬ ধারানুসারে নীচের লিখিত কিসমত লাগাএত ১১ তারিখ জুন সন ১৮৫৭ সাল বাঁটওয়ারা আমীনের বাকী খরচা টাকা পাওনা নিমিত্ত সন ১৮৫৭ সাল জুলাই মাহার ৮ তারিখ মোতাবক সন ১২৬৪ সাল আষাঢ় মাহার ২৭ তারিখ বুধবার দিবসে উক্ত কালেক্টরি কাছারিতে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ১২ তারিখ জুন সন ১৮৫৭ সাল।

৬ ছয় শ্রেণী মিয়াদি বন্দোবস্ত জমা ধার্য্যহওয়া মহাল।

৪০ নম্বর তৌজী হজুরি মাহাল পঃ জামপুর কিসমৎ মৌজে বিদ্যাধরপুরওগয়রহ লিখিত মালিক গোপীনাথ পানি ও শ্রীরাম পানি ও বিষ্ণু পানি সরিকদারদিগের হিস্যা কিঃ ॥/৭॥ বাদ বাকী কিসমৎ ।/১১॥ বাকীদার মুলভ বিবি ও নন্দকুমার সেন ও কেশবানন্দ সেন ও চৈতন্যপ্রসাদ সেন ও মুসমাত কৃষ্ণমণি দাসী মাতা ও মহাফেজ পার্ব্বতীচরণ সেন নাবালগ ও মুসমাত দয়াময়ী দাসী মাতা ও মহাফেজ রামশঙ্কর সেন নাবালগ সেবাএত শ্যামরায় ঠাকুর ও শ্রীদুর্গা ঠাকুরাণী ও নিধিচরণ পৃশেঠি ও সনাতন পৃশেঠি নাবালগান ও চৌধুরী বৈরাগীচরণ পৃশেঠি ও চৌধুরী সাধুচরণ পৃশেঠি বাকীদার সকল আমীন খরচা মঃ ২ ।২ পাই আদায় না করাতে তাহাদিগের হিস্যা উক্ত কিসমত নীলাম হইবেক কিন্তু দরোবস্ত মাহালের সদর জমা মঃ ১৩৩/৪ পাই কোম্পানিমাত্র তারিখ সন সদর।

R. N. Shore, *Collector.*

জিলা পূরণিয়া।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা পূরণিয়ার নীচের লিখিত মহাল বাকী রাজস্বের জন্যে ১৮৫৭ সালের ৪ জুলাই তারিখ মোতাবেক ফসলী সন ১২৬৪ সালের ২৭ আষাঢ় শনিবারে ঐ জিলার কালেক্টরী কাছারীতে বিনা ওজরে নীলাম হইবেক।

প্রথম শ্রেণী। ১০০৲ টাকার অধিক জমার চিরকালীন বন্দোবস্তের মহাল।

৯৭ নম্বর। মৌজা খুস্কাহা পরগনা ধপর। লিখিত মালিক মসম্মৎ ধনবতীওগয়রহ। সদর জমা ১৮৭৸৮ টাকা।

দ্বিতীয় শ্রেণী। ১০০৲ টাকার অনধিক জমার চিরকালীন বন্দোবস্তের মহাল।

১৩৯ নম্বর। মৌজা ভগবন্তপুর জিলা নাথপুর পরগনা হরওয়াথ। লিখিত মালিক মসম্মৎ সুভদ্রা দাই। সদর জমা ৮৩॥৭ টাকা।

১৯৭ নম্বর। মৌজা হরেহী ধর্ম্মদহপ্রভৃতি জিলা ভবানীপুর পরগনা ধর্ম্মপুর। লিখিত মালিক গুরুদয়াল চৌধুরীওগয়রহ। সদর জমা ৩১॥/৪ টাকা।

২৬৪ নম্বর। মৌজা সহারা হিঙ্গুপ্রভৃতি জিলা গন্দওয়ারা পরগনা ধর্ম্মপুর। লিখিত মালিক জয়জয়মাতোওগয়রহ। সদর জমা ৩৬॥/৪ টাকা।

২৯৮ নম্বর। মৌজা দেরাখাওয়াসপুর জিলা গন্দওয়ারা পরগনা ধর্ম্মপুর। লিখিত মালিক মসম্মৎ লীলাবতী নীলামী খরীদার। সদর জমা ১৬৲৯ টাকা।

৩০০ নম্বর। মৌজা ঐ জিলা ঐ পরগনা ঐ। ঐ ঐ মসম্মৎ লীলাবতী নীলামী খরীদার সদর জমা। ৩৩।/৪ টাকা।

তৃতীয় শ্রেণী। কিঞ্চিৎকালের বন্দোবস্তের কি ইজারা দেওয়া মহাল।

৩২৫ নম্বর। মৌজা গমহারিয়া বিষ্ণুপুর জিলা বীরনগর পরগনা ধর্ম্মপুর। লিখিত মালিক গোলাব দোহাইওগয়রহ। সদর জমা ৯/ টাকা।

৪৪৫ নম্বর। মৌজা পরসাগঢ়ীওগয়রহ জিলা বীরনগর পরগনা ধর্ম্মপুর। লিখিত মালিক রাজকুমার মিশ্র। সদর জমা ৫/৯ টাকা।

R. Alexander, *Offg. Collector.*

RECEIVED

From the Collectorate of Bhaugulpore a Sale Notice, dated 15th June; the land in question is to be sold on the 7th July. It will appear next week.

[*Government Gazette*, 23rd *June*, 1857.]

INSOLVENT COURT. — যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ALEXANDER BARRETT BURGE, an Insolvent.

On Saturday, the 6th day of June Instant, upon an application of the Assignee in this matter, It was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rupees 3,557-10-3 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. 7 per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 3,278) upon the several claims admitted on the Schedule of the said Insolvents, so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 20th June, 1857.

কলিকাতায় যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন আলেকজাণ্ডর বারেট বর্জ সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান জুন মাসের ৬ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ৩৫৫৭৸৵৩ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ৭৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৩২৭৮৲ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৫৭ সাল ২০জুন।

In the matter of ANDREW HERVEY, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 4th day of July next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a Dividend, and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 1st day of June, 1856, until the 1st day of June instant, has been filed, and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 20th June, 1857.

যোত্রহীন আন্দ্রু হার্বি সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুনানির জন্যে আগামি জুলাই মাসের ৪ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৬ সালের ১ জুন তারিখঅবধি বর্ত্তমান জুন মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুনানির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৫৭ সাল ২০ জুন।

The like notice in the matter of MATHEW STEEL TEMPLETON, an Insolvent, wherein the account of the Assignee is filed from 3rd June, 1856, to the 1st day of June instant.

যোত্রহীন মাথিউ ষ্টিল টেম্পল্টন সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫৬ সালের ৩ জুনঅবধি বর্ত্তমান জুন মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of JOHN HAWKINS COCKBURN, an Insolvent, wherein the account of the Assignee is filed from 1st May, 1856, to the 1st June instant.

যোত্রহীন জান হকিন্স কোবর্ণ সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫৬ সালের ১ মেঅবধি বর্ত্তমান জুন মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

MISCELLANEOUS ADVERTISEMENT. — সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের সরালরী নিষ্পত্তিসমূহ বর্ণমালানুযায়ী লিখিত ইং ১৮৩৪ সাং ১৮৫৫ সাল।

এই গ্রন্থ ফিরিস্তিসমেত ৪২০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে উক্ত আদালতের উকীল মেং রবার্ট নরিসসাহেবের আফীসে তলব করিলে পাওয়া যাইবেক মূল্য ৫৲ টাকা মাত্র।

কলিকাতার সদর দেওয়ানী আদালতের ১৮৫৪ সালের নিষ্পত্তিসমূহের খোলাসা।

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাষায় না থাকাতে সে তাবতের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র হালদারকর্ত্তৃক অনুবাদিত হইয়া ১৲ টাকা মূল্যে বিক্রয় হইতেছে সদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসর্স ব্রাউন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের নিকট উক্ত অনুবাদকর্ত্তার নামোল্লেখে মূল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৩ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 919 ৯১৯] ৫৬৩

অতিরিক্ত

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, JUNE 26, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ২৬ জুন

ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 20TH JUNE, 1857.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General this day, and is hereby promulgated for general information:—

ACT No. XVII. OF 1857.

An Act to provide temporarily for the apprehension and trial of Native Officers and Soldiers for Mutiny and Desertion.

[Preamble.]

WHEREAS it is expedient to make temporary provision for the apprehension and trial of Mutineers and Deserters amenable to the Articles of War for the Native Troops of the East India Company; It is enacted as follows:—

[Trial by Sessions Judges and others of Mutineers and Deserters amenable to the Articles of War for the Native Troops. Punishment. Sentence to be final. Pardon, or commutation of sentence.]

I. It shall be lawful for every Sessions Judge, and for every person exercising the same powers as a Sessions Judge, and for any person or persons whom the Governor General of India in Council, or the Executive Government of any Presidency or place, or the Chief Commissioners of the Punjab and Oude respectively, or the Commissioner of Nagpore, may, from time to time, invest with such power, to try for Mutiny or Desertion, wheresoever the offence may have been committed, any person subject to the Articles of War for the Native Troops of the East India Company, who, in the judgment of such Officer or other per-

আইন।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২০ জুন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইন শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ জেনরল বাহাদুর অদ্য মঞ্জুর করিয়াছেন ও সকল লোককে জানাইবার জন্যে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১৭ আইন।

এদেশীয় হুদ্দাদারেরা ও সিপাহীরা রাজবিদ্রোহিতা করিলে ও পলায়ন করিলে তাহারদের গ্রেপ্তার ও বিচার করিবার জন্যে কিঞ্চিৎ কালের নিমিত্তে বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

কোম্পানি বাহাদুরের এদেশীয় সৈন্যেরদের জন্যে যুদ্ধসম্পর্কীয় যে আইন তাহার অধীন হইয়া যাহারা রাজবিদ্রোহী ও পলাতক হয় তাহারদের গ্রেপ্তার ও বিচার করিবার জন্যে কিঞ্চিৎ কালের নিমিত্তে বিধান করা বিহিত, এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[এদেশীয় সৈন্যেরদের জন্যে যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন যাহারা রাজবিদ্রোহী ও পলাতক হয় তাহারদের বিচার সেশন জজ সাহেবেরদের ও অন্য সাহেবেরদের দ্বারা হইবেক। দণ্ড। দণ্ডাজ্ঞা চূড়ান্ত হইবেক। ক্ষমা কি দণ্ডের পরিবর্ত্তন।]

১ ধারা। প্রত্যেক সেশন জজ সাহেবের, ও সেশন জজ সাহেবের সমান ক্ষমতামতে কার্য্যকারক প্রত্যেক ব্যক্তির, ও যে কোন ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর, কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্তৃত্বকার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট, কিম্বা পঞ্জাবের কি অযোধ্যা দেশের প্রধান কমিস্যনর সাহেব, অথবা নাগপুরের কমিস্যনর সাহেব সময়ে২ ক্ষমতা প্রদান করেন, তাঁহার কি তাঁহারদের এই ক্ষমতা থাকিবেক যে, কোম্পানি বাহাদুরের এদেশীয় সৈন্যেরদের জন্যে যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন কোন লোক যে কোন স্থানে রাজবিদ্রোহিতা করে কি পলায়ন করে, যদি সেই কার্য্যকারকের কি অন্য ব্যক্তির বিবেচনাতে তাহার অগোণে বিচার ও

son, ought to be tried and punished without delay; and such Officer or other person may, on conviction of the offender, sentence him to such of the following punishments as might by the said Articles of War be awarded against him by a General Court Martial—that is to say, if the offender be an Officer, to death or transportation for life; and, if a Soldier, to death, transportation for life, or imprisonment, with or without hard labor, for life or for any term of years. Such sentence shall be final and conclusive; and if a sentence of death be passed, the same may be carried into execution immediately or at such time as such Officer or other person shall direct. The Sessions Judge or other Officer by whom the sentence shall be passed may, if he think proper, report the case to the Governor General in Council or to the Executive Government of the Presidency, together with any remarks or recommendation which he may think fit to make thereon; and the Governor General in Council or the Executive Government of the Presidency may either pardon the offender or commute the sentence to any less punishment.

[Government may authorize the issue of a Commission for the trial of Mutineers and Deserters. Powers of Commission.]

II. It shall be lawful for the Governor General in Council, or the Executive Government of any Presidency or place, or any of the said Commissioners, to authorize any person or persons to issue a Commission for the trial of Mutiny and Desertion by any person or persons amenable to the said Articles of War; and every person authorized by such Commission shall have all the powers vested by this Act in a Sessions Judge.

[Apprehension of Mutineers and Deserters.]

III. It shall be lawful for any Police Officer or other person to apprehend without warrant any person upon reasonable suspicion that he is a Mutineer or Deserter and amenable to the Articles of War for the Native Troops of the East India Company.

[Procedure after apprehension.]

IV. Every person who shall be apprehended as a Mutineer or Deserter under the provisions of this Act shall be conveyed without delay before a Magistrate or an Officer exercising any of the powers of a Magistrate in or near to the place where such person shall have been so apprehended, and may in the meantime be detained in custody; and if the said Magistrate or other Officer shall be satisfied that such person is a Mutineer or Deserter and amenable to the Articles of War for the Native Troops, he shall cause him to be delivered, together with any depositions and papers relative to the case, to the Commanding Officer of some Military Station, in order that he may be dealt

দণ্ড করা উচিত, তবে সেই২ অপরাধের নিমিত্তে সেই লোকের বিচার করেন। ও সেই অপরাধির দোষ সাব্যস্ত হইলে, নীচের লিখিত যে কোন দণ্ড উক্ত যুদ্ধ-সম্পর্কীয় আইনমতে কোন সাধারণ কোর্ট মার্শ্যলের হুকুমক্রমে হইতে পারে, সেই কার্য্যকারক কি অন্য ব্যক্তি সেই অপরাধির সেই দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। অর্থাৎ অপরাধী যদি অুদ্দাদার হয় তবে তাহার প্রাণদণ্ডের কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ডের আজ্ঞা, ও যদি সিপাহী হয় তবে প্রাণদণ্ডের কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ডের কিম্বা যাবজ্জীবন কি কএক বৎসর মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহাবিনা কয়েদ হইবার আজ্ঞা করিতে পারিবেন। ঐ দণ্ডাজ্ঞা চূড়ান্ত ও নিষ্কান্ত হইবেক। যদি প্রাণদণ্ডের আজ্ঞা হয়, তবে ঐ আজ্ঞামতে অগৌণে কার্য্য হইতে পারিবেক, অথবা ঐ কার্য্যকারক কি অন্য ব্যক্তি যে সময়ে আজ্ঞা করেন সেই সময়ে হইতে পারিবেক। সেশন জজ সাহেব কি অন্য যে কার্য্যকারক ঐ দণ্ডের আজ্ঞা করেন তিনি যদি উচিত বোধ করেন, তবে সেই বিষয়ের রিপোর্ট হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের নিকটে কিম্বা রাজধানীর কর্ত্তৃত্বকার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের নিকটে করিবেন, ও তদ্বিষয়ে আপনি যে কিছু মন্তব্য কথা কি পরামর্শ লেখা উচিত বোধ করেন তাহাও রিপোর্টের সঙ্গে পাঠাইবেন। ও হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর কিম্বা রাজধানীর কর্ত্তৃত্বকার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট ঐ অপরাধিকে ক্ষমা করিতে পারিবেন, অথবা ঐ দণ্ডের পরিবর্ত্তে কোন লঘু দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[রাজবিদ্রোহিরদের ও পলাতকেরদের বিচারের জন্যে গবর্ণমেণ্ট কমিস্যন জারী করিবার ক্ষমতা দিতে পারিবেন। কমিস্যনের শক্তি।]

২ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর, কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্বকার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট, কিম্বা পূর্ব্বোক্ত কোন কমিস্যনর সাহেব, উক্ত যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন যে কোন ব্যক্তি কি ব্যক্তিরা রাজবিদ্রোহী ও পলাতক হয় তাহার কি তাহারদের বিচার করিবার কমিস্যন জারী করিতে কোন ব্যক্তিকে কি ব্যক্তিরদিগকে ক্ষমতা দিতে পারিবেন। আর যে কোন ব্যক্তি সেই কমিস্যনের দ্বারা ক্ষমতা পান তিনি এই আইনক্রমে সেশন জজ সাহেবের প্রতি অর্পিত সকল ক্ষমতা পাইবেন ইতি।

[রাজদ্রোহিরদের ও পলাতকেরদের গ্রেফ্তার করণ।]

৩ ধারা। যদি কোন ব্যক্তির উপর উচিতমতে এরূপ শোবে হয় যে সে রাজদ্রোহী কি পলাতক আছে ও কোম্পানি বাহাদুরের এদেশীয় সৈন্যেরদের জন্যে যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন আছে, তবে তাহাকে পোলীসের কোন আমলা কিম্বা অন্য ব্যক্তি পরওয়ানা না পাইয়াও গ্রেফ্তার করিতে পারিবেক ইতি।

[গ্রেফ্তার করিবার পরে যাহা করিতে হয়।]

৪ ধারা। এই আইনের বিধানমতে যে কোন লোককে রাজবিদ্রোহি কি পলাতক বলিয়া গ্রেফ্তার করা যায়, তাহাকে যে স্থানে গ্রেফ্তার করা যায় সেই স্থানের কি তাহার নিকট স্থানের মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কিম্বা মাজিষ্ট্রেটের কোন ক্ষমতামতে কর্ম্মকারি কোন কার্য্যকারকের নিকটে অগৌণে চালান করিতে হইবেক, ও ইতিমধ্যে তাহাকে হেফাজতে আটক করিয়া রাখা যাইতে পারিবেক। ও সেই লোক রাজবিদ্রোহী কি পলাতক বটে, ও এদেশীয় সৈন্যেরদের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন বটে, এই কথা যদি উক্ত মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অন্য কার্য্যকারক স্ববোধমতে জানিতে পান তবে সেই লোককে লইয়া আইনমতে কার্য্য হয় এই নিমিত্তে তিনি তাহাকে, সেই বিষয়সম্পর্কীয়

with according to law; or the Magistrate or other Officer may commit him for trial before any Officer or other person authorized by or under the provisions of this Act to try him for such offence, if the Magistrate or other Officer shall see good and sufficient reason for so doing; or if the Magistrate or other Officer shall be authorized under the provisions of this Act to try for Mutiny or Desertion, he may, if he think fit, proceed forthwith to try the offender.

কোন জোবানবন্দী ও কাগজপত্র সমেত, সৈন্যেরদের কোন ছাউনি স্থানের অধ্যক্ষ সেনাপতি সাহেবের নিকটে পাঠাইবেন। অথবা যদি সেই মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক উত্তম ও উপযুক্ত কারণ দেখেন তবে এই আইনের বিধানক্রমে কি তদনুসারে যে কোন কার্য্যকারক কি অন্য ব্যক্তি ঐ অপরাধের জন্যে তাহার বিচার করিতে পারেন তাঁহার সম্মুখে বিচার হইবার জন্যে ঐ লোককে সোপর্দ্দ করিতে পারিবেন। অথবা যদি সেই মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক এই আইনের বিধানমতে রাজবিদ্রোহিতা কি পলায়ন করণ অপরাধের বিচার করিতে ক্ষমতাপন্ন হন, তবে তিনি উচিত বোধ করিলে ঐ অপরাধির বিচার করিতে অযোগে প্রবর্ত্ত হইবেন ইতি।

[Sections V. and VI. Act XI. 1856 extended to Native Officers and Soldiers.]

V. The Provisions of Sections V. and VI. of Act XI. of 1856 are hereby extended to all Officers, Soldiers, and other persons amenable to the Articles of War for the Native Troops.

[১৮৫৬ সালের ১১ আইনের ৫ ও ৬ ধারা এদেশীয় ছুদ্দাদারেরদের ও সিপাহীরদের উপর খাটে।]

৫ ধারা। এই ধারাক্রমে ১৮৫৬ সালের ১১ আইনের ৫ ও ৬ ধারার বিধান সকল ছুদ্দাদারের ও সিপাহীর উপর ও এদেশীয় সৈন্যেরদের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় আইনের অধীন অন্য ব্যক্তিরদের উপর খাটান গিয়াছে ইতি।

[Liability of landholders to communicate early intelligence of the resort to their estates of Mutineers and Deserters. Proviso.]

VI. All Zemindars, Talookdars, and other persons who, by Regulation VI. 1810 of the Bengal Code, are declared to be accountable for the early communication of intelligence respecting the resort to their estates of the classes of offenders therein specified, are hereby declared to be accountable for the early communication of intelligence of the resort to any place within the limits of their estates of any person against whom there shall be reasonable suspicion of his having been guilty of Mutiny or Desertion; and all the provisions of the said Regulation shall have the same force and effect as if persons guilty of Mutiny and Desertion had been specially included in the classes of offenders specified in that Regulation. Provided that no proceeding shall be taken against any Zemindar, Talookdar, or other person by virtue of this Section for anything done or omitted to be done by him within fourteen days after the passing of this Act.

[রাজবিদ্রোহিরা ও পলাতকেরা কোন জমীদারীতে গেলে তাহার সংবাদ অতিশীঘ্র দিবার ভার জমীদারেরদের উপর থাকে। বর্জিত কথা।]

৬ ধারা। বাঙ্গলা দেশের চলিত ১৮১০ সালের ৬ আইনেতে বিধান হইল যে, কোন জমীদারের কি তালুকদারের কি অন্য ব্যক্তির জমীদারীপ্রভৃতিতে ঐ আইনের লিখিত প্রকারের অপরাধিরা গেলে তাহার সংবাদ অতিশীঘ্র জানাইবার ঝুঁকী ঐ জমীদারপ্রভৃতির উপর আছে। ইহাতে বিধান হইল যে রাজবিদ্রোহিতা করিবার কি পলাতক হইবার দোষের শোবে যাহার উপর উপযুক্তমতে হইতে পারে এমত কোন ব্যক্তি তাঁহারদের জমীদারীর সীমাসরহদ্দের মধ্যে কোন স্থানে গেলে তাহারও সংবাদ অতিশীঘ্র জানাইবার ঝুঁকী ঐ জমীদারপ্রভৃতির উপর আছে, ও সেই আইনেতে যে সকল প্রকারের অপরাধী নির্দ্দিষ্ট হইয়াছে তাহারদের মধ্যে রাজবিদ্রোহিতা করণ ও পলাতক হওনের দোষি ব্যক্তিরা বিশেষমতে নির্দ্দিষ্ট থাকিলে ঐ আইনের সকল বিধান যেরূপে বলবৎ ও ফলবৎ হইত সেইরূপে বলবৎ ও ফলবৎ হইবেক। পরন্তু এই আইন জারী হইবার পর চৌদ্দ দিনের মধ্যে কোন জমীদার কি তালুকদার কি অন্য ব্যক্তি যে কোন কার্য্য করিয়া থাকেন কিম্বা যে কোন কার্য্য করিতে ত্রুটি করিয়া থাকেন তাহার নিমিত্তে এই ধারার শক্তিক্রমে তাঁহার নামে আদালতে কোন কার্য্য হইবেক না ইতি।

[Interpretation of the word "Magistrate."]

VII. The word "Magistrate" shall include persons exercising the powers of a Magistrate, Police Magistrates, and Justices of the Peace.

["মাজিষ্ট্রেট" এই শব্দের অর্থ।]

৭ ধারা। "মাজিষ্ট্রেট" এই শব্দেতে যে২ ব্যক্তি মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করেন তাঁহারদিগকে ও পোলীসের মাজিষ্ট্রেট সাহেবদিগকে ও জুষ্টিস অফ দি পীসদিগকেও বুঝায় ইতি।

[Duration of Act.]

VIII. This Act shall continue in force for one year.

[আইন যত কাল চলন থাকিবেক।]

৮ ধারা। এই আইন এক বৎসরপর্য্যন্ত চলন থাকিবেক ইতি।

W. MORGAN,
Clerk of the Council.

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

A Bill for extending the jurisdiction of the Courts of Criminal Judicature of the East India Company in Bengal, for simplifying the Procedure thereof, and for investing other Courts with Criminal jurisdiction.

CHAPTER XVI.

OF OFFENCES TRIABLE BY THE MAGISTRATES.

CASES IN WHICH A SUMMONS ON COMPLAINT SHALL ISSUE TO THE DEFENDANT.

[Continued from page 516.]

Costs.

[Magistrate may award costs.]

18. In all cases of summary conviction under this Chapter, it shall be lawful for the magistrate making the same, in his discretion, to award that the defendant shall pay to the complainant such costs as to such magistrate shall seem just and reasonable; and in cases where such magistrate, instead of convicting as aforesaid, shall dismiss the complaint, it shall be lawful for him, in his discretion, in and by his order of dismissal, to award and order that the complainant shall pay to the defendant such costs as to such magistrate shall seem just and reasonable; and the sums so allowed for costs shall always be specified in such conviction, or order of dismissal aforesaid, and shall be recoverable by distress and sale of the goods and chattels of the party, and, in default of such distress, by imprisonment, without labor, in the gaol for the confinement of debtors, for any time not exceeding one calendar month, unless such costs shall be sooner paid.

আইনের মুসাবিদা

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের এলাকা বৃদ্ধি করিবার ও তাহার কার্য্য আরো সহজরূপে করা যাইবার ও অন্যান্য আদালতকে ফৌজদারী এলাকা দিবার আইনের মুসাবিদা।

১৬ অধ্যায়।

মাজিষ্ট্রেট সাহেবের বিচার্য্য মোকদ্দমা

[যে স্থলে নালিশ হইলে আসামীর নামে সমন জারী হইবেক।]

[৫৪৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

খরচা।

[মাজিষ্ট্রেট সাহেব খরচার হুকুম করিতে পারিবেন।]

১৮। এই অধ্যায়ক্রমে দোষ সরাসরীমতে সাব্যস্ত হইলে, যে মাজিষ্ট্রেট সাহেব দোষ নির্ণয় করেন তিনি আপনার বিবেচনামতে যত খরচা ন্যায্য ও উপযুক্ত জ্ঞান করেন, ফরিয়াদীকে আসামী তত খরচা দিবেক এমত আজ্ঞা করিতে পারিবেন। আর যে সকল স্থলে মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্তমতে দোষ সাব্যস্ত না করিয়া নালিশ ডিসমিস করেন, সেই২ স্থলে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে যত খরচা ন্যায্য ও উপযুক্ত জ্ঞান করেন আসামীকে ফরিয়াদী তত খরচা দিবেক আপনার ডিসমিস করিবার হুকুমেতে ও তৎক্রমে এমত আজ্ঞা করিবেন। আর খরচার নিমিত্তে তদ্রূপ যত টাকার আজ্ঞা হয় তাহা সর্ব্বদাই সেই দোষ সাব্যস্ত করণপত্রে কিম্বা পূর্ব্বোক্ত ডিসমিস করণের হুকুমেতে বিশেষ করিয়া লেখা যাইবেক, ও যে পক্ষের তাহা দিতে হয় তাহার মাল ও দ্রব্য ক্রোক ও বিক্রয় করিয়া ঐ খরচা আদায় হইতে পারিবেক, ও তদ্রূপ ক্রোক হইতে না পারিলে ঐ পক্ষকে কর্জ্জদারেরদের কয়েদ হইবার জেলখানায় এক মাসের অনধিক কোন কালপর্য্যন্ত বিনাপরিশ্রমে কয়েদ করা যাইবেক। কিন্তু তৎকালের মধ্যে টাকা দেওয়া গেলে তাহাকে খালাস করা যাইবেক।

CHAPTER XVII.

OF INQUIRIES AND TRIALS BEFORE THE SUBORDINATE CRIMINAL COURTS.

[How cases are to be brought before Subordinate Criminal Courts.]

1. Criminal cases shall be brought before the Subordinate Criminal Courts by reference by the magistrate. It shall, however, be at the discretion of the Government, respect being had to the public convenience, to authorize a Subordinate Criminal Court, also to receive such cases on complaint preferred directly to such Court, or on the report of a police officer.

[Cases how to be referred.]

2. Whenever a criminal case is referred by a magistrate to a Subordinate Criminal Court, the order of reference, if the case have been transmitted by a police officer, shall be recorded on such officer's report, and if the complaint have been preferred direct to the magistrate, the process for causing the attendance of the accused shall be

১৭ অধ্যায়।

অধস্থ ফৌজদারী আদালতের দ্বারা তদারক ও বিচার হইবার কথা।

[অধস্থ ফৌজদারী আদালতের নিকটে মোকদ্দমা যে প্রকারে উপস্থিত করিতে হইবেক।]

১। ফৌজদারী মোকদ্দমা মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অর্পণ করা গেলে অধস্থ ফৌজদারী আদলতে উপস্থিত করা যাইবেক। পরন্তু গবর্ণমেণ্ট সর্ব্ব সাধারণের ক্লেশ নিবারণ যাহাতে হয় এমত বিষয় বুঝিয়া আপনার বিবেচনামতে অধস্থ ফৌজদারী আদালতে এই ক্ষমতা দিতে পারিবেন যে সেই আদালতে একেবারে কিম্বা পোলীসের আমলার রিপোর্টক্রমে যে নালিশ উপস্থিত করা যায় তাহাও গ্রাহ্য করেন।

[মোকদ্দমা যে প্রকারে অর্পণ করিতে হইবেক।]

২। যখন মাজিষ্ট্রেট সাহেব কোন ফৌজদারী মোকদ্দমা অধস্থ ফৌজদারী আদালতে অর্পণ করেন, তখন সেই মোকদ্দমা পোলীসের আমলার দ্বারা পাঠান গেলে, তিনি ঐ আমলার রিপোর্টের উপর ঐ অর্পণ করিবার হুকুম লিখিবেন আর যদি নালিশ একেবারে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে করা যায় তবে যে আদালতে মোকদ্দমা অর্পিত হয় সেই আদালতে

made returnable to the Court to which the case is referred, and the witnesses shall be directed by the summons to attend at such Court.

[Subordinate Criminal Courts to follow the same rules of procedure as the magistrate.]

3. In the trial of criminal cases, whether brought before them on reference by the magistrate, or directly by complaint preferred to themselves, or by the report of a police officer, the Subordinate Criminal Courts shall be guided by the rules prescribed for the guidance of the magistrate in similar cases, and police officers and others shall be bound to obey all orders and processes issued in such cases by a Subordinate Criminal Court in like manner as if they had been issued by the magistrate.

[Mode of proceeding in cases beyond jurisdiction.]

4. In every case before a Subordinate Criminal Court, wherein the Court, at any stage of the proceedings, may be of opinion that the evidence is such as to warrant a presumption that the defendant has been guilty of an offence calling for a more severe punishment than the Court is authorized to adjudge, it shall stop further proceedings, and if the case have been brought before it by complaint directly preferred, shall leave the complainant to apply to the magistrate, and in all other cases shall submit its proceedings to the magistrate, who shall either try the case himself, or if the case have been submitted by a Subordinate Criminal Court of the second class, refer it, at his discretion, to a Subordinate Criminal Court of the first class. In either case, the Court which gives judgment in the trial shall examine the parties and the evidence, as if no proceedings had been held in any other Court.

[Foregoing rule not to interfere with the power of a Subordinate Criminal Court to commit for trial before the Session Court.]

5. Provided that nothing in the last preceding Article shall be held to interfere with the exercise of power specially conferred upon a judge of a Subordinate Criminal Court, in regard to committing or holding to bail persons charged with criminal offences to take their trial before the Session Courts.

CHAPTER XVIII.

PLACE WHERE PRELIMINARY INVESTIGATIONS AND TRIALS HELD, AN OPEN COURT.

[Place where investigation made, an open Court.]

The room or place in which the magistrate, or judge of a Subordinate Criminal Court, shall sit

অভিযুক্ত ব্যক্তিকে হাজির করাইবার পরওয়ানার রিটর্ণ হয় এমত হুকুম পরওয়ানাতে থাকিবেক, ও সমনেতে সাক্ষিরদিগকে সেই আদালতে হাজির হইবার আজ্ঞা হইবেক।

[মাজিষ্ট্রেটের কার্য্য করিবার যে বিধি আছে সেই বিধিমতে অধস্থ ফৌজদারী আদালত কার্য্য করিবেন।]

৩। কোন ফৌজদারী মোকদ্দমা অধস্থ ফৌজদারী আদালতে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অর্পণ করা গেলে, কিম্বা ঐ আদালতে একেবারেই নালিশ উপস্থিত করা গেলে, কিম্বা পোলীসের আমলার রিপোর্টক্রমে করা গেলে, তদ্রূপ মোকদ্দমায় মাজিষ্ট্রেট সাহেবেরদের কার্য্য করিবার যে বিধি নির্দ্দিষ্ট হইয়াছে সেই বিধিমতে ঐ আদালত কার্য্য করিবেন, ও মাজিষ্ট্রেট সাহেবহইতে হুকুমনামা ও পরওয়ানাপ্রভৃতি জারী হইলে পোলীসের আমলারদের ও অন্য লোকেরদের যে প্রকারে তাহা মানিতে হয়, সেই প্রকারেতে উক্ত সকল মোকদ্দমায় অধস্থ ফৌজদারী আদালতহইতে যে সকল হুকুমনামা ও পরওয়ানা বাহির হয় তাহাও তাহারদের মানিতে হইবেক।

[কোন মোকদ্দমা এলাকার বহির্ভূত হইলে যে প্রকারে কার্য্য করিতে হইবেক।]

৪। অধস্থ ফৌজদারী আদালতের সম্মুখে যে মোকদ্দমা উপস্থিত হয় তাহার বিচার করিবার কোন কালে, যদি ঐ আদালত বোধ করেন যে, সাক্ষ্যক্রমে আসামী যে অপরাধের দোষী হইয়াছে তাহা বুঝিয়া ঐ আদালত যেপর্য্যন্ত দণ্ড করিতে ক্ষমতাপন্ন হন তাহার অধিক দণ্ড দেওয়া উচিত, তবে ঐ আদালত অধিক কার্য্য স্থগিত করিবেন। ও যদি একেবারে ঐ আদালতে নালিশ করিয়া ঐ মোকদ্দমা আদালতের সম্মুখে উপস্থিত করা যায় তবে ফরিয়াদীকে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিতে অনুমতি হইবেক, অন্য সকল মোকদ্দমায় ঐ আদালত আপনার রুবকারী মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন, তাহাতে মাজিষ্ট্রেট সাহেব আপনি ঐ মোকদ্দমার বিচার করিবেন অথবা যদি সেই মোকদ্দমা দ্বিতীয় শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতহইতে পাঠান গিয়া থাকে তবে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে ঐ মোকদ্দমা প্রথম শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতে অর্পণ করিবেন। ইহার মধ্যে যে কোন প্রকারে কর্ম্ম করুন, যে আদালত ঐ মোকদ্দমার বিচার করিয়া নিষ্পত্তি করেন, সেই আদালত অন্য কোন আদালতে ঐ মোকদ্দমার রুবকারী না হইলে যেমন করিতেন, তেমনি উভয় পক্ষের জোবানবন্দী লইবেন ও প্রমাণের বিচার করিবেন।

[উক্ত বিধিপ্রযুক্ত সেশন আদালতে মোকদ্দমা বিচারার্থে সোপর্দ্দ করণের যে ক্ষমতা অধস্থ ফৌজদারী আদালতের থাকে তাহা খর্ব্ব হইবেক না।]

৫। পরন্তু যে ব্যক্তিরদের নামে ফৌজদারী অপরাধ করিবার নালিশ হয় তাহারদিগকে সেশন আদালতে বিচার হইবার জন্যে সোপর্দ্দ করণের, কিম্বা হাজিরজামিন লওনের বিষয়ে অধস্থ ফৌজদারী আদালতের বিচারকর্ত্তার প্রতি যে ক্ষমতা বিশেষমতে অর্পণ করা গেল তাঁহার সেই ক্ষমতামতে কার্য্য করিবার বাধা ইহার পূর্ব্বের প্রকরণের কোন কথাতে হইয়াছে এমত জ্ঞান করিতে হইবেক না।

১৮ অধ্যায়।

প্রথম স্থলের তজবীজ ও বিচার যে স্থলে হয় তাহা খোলা কাছারী হইবার কথা।

[যে স্থলে তজবীজ করা যায় তাহা খোলা কাছারী।]

যে ঘরে কি স্থানে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অধস্থ ফৌজদারী আদালতের বিচারকর্ত্তা আপনার বিচার্য্য

to hear and try any complaint triable by himself, or to conduct the preliminary investigation into any case triable by a Session Court, shall be deemed an open and public Court, to which the public generally may have access, so far as the same can conveniently contain them; but it shall be lawful for the magistrate or judge of a Subordinate Criminal Court, in his discretion, to order that during the investigation into any particular case triable by a Session Court, no person shall have access to, or be, or remain in such room or building without the consent or permission of such magistrate or judge, if it appears to him that the ends of justice will be best answered by so doing.

কোন নালিশ শুনিতে ও বিচার করিতে বসেন, কিম্বা সেশন আদালতের বিচার্য্য কোন মোকদ্দমার প্রথম স্থলের তজবীজের কার্য্য করিতে বসেন, সেই স্থান খোলা ও প্রকাশিত কাছারী জ্ঞান হইবেক। ও সর্ব্ব সাধারণ লোকের যত জন তাহাতে অনায়াসে ধরিতে পারে তত জন যাইতে পারিবেক। পরন্তু যদি সেই মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অধস্থ ফৌজদারী আদালতের বিচারকর্ত্তা সেশন আদালতের বিচার্য্য বিশেষ কোন মোকদ্দমার তজবীজ করিবার সময়ে বোধ করেন যে, সর্ব্ব সাধারণ লোকেরদিগকে যাইতে না দিলে যথার্থ বিচার আরো উত্তমরূপে হইতে পারিবেক, তবে সেই মোকদ্দমার তজবীজ করিবার কালে তিনি আপন বিবেচনামতে এমত আজ্ঞা করিতে পারিবেন যে, সেই মাজিষ্ট্রেট সাহেবের কি বিচারকর্ত্তার সম্মতি কি অনুমতি না হইলে কোন ব্যক্তি সেই ঘরে কি স্থানে যাইতে কি থাকিতে না পারে।

CHAPTER XIX.

OF RECOGNIZANCE AND SECURITY TO KEEP THE PEACE.

[Personal recognizance to keep the peace in cases of conviction.]

1. Whenever a person charged with rioting, assault, or other violent breach of the peace, or with abetting the same, or with assembling armed men or taking other unlawful measures with the evident intention of committing the same, shall be convicted of such charge before any Criminal Court by which the offence may be cognizable; and the Court by which a final sentence or order in the case may be passed, shall be of opinion that it is just and necessary to require a penal recognizance for keeping the peace, from the person so convicted; it shall be lawful to the Court passing the final sentence or order, to direct that the person so convicted be required to execute a formal engagement in a sum proportionate to such person's condition in life and the circumstances of the case, for keeping the peace during such period as it may appear proper to fix in each instance not exceeding one year from the time of the prisoner's discharge, if the sentence or order be passed by a magistrate or other officer exercising the powers of a magistrate, or three years if the sentence or final order be passed by the Sudder Court, or by a Session Court.

[Security to keep the peace.]

2. In cases wherein it may appear necessary to require security for keeping the peace in addition to the personal recognizance of the party, it shall also be lawful to the Court passing the final sentence or order, to direct the same, and to fix the amount of the security bond to be executed by the surety or sureties; with a provision that if the same be not given, the party required to find the security shall be kept in custody for any time not exceeding one year, if the order be passed by a magistrate, or other officer exercising the powers of a magistrate, or three years if the order be passed by the Sudder Court, or by a Session Court.

১৯ অধ্যায়।

শান্তিরক্ষা করিবার মুচলকা ও জামিনী।

[দোষ সাব্যস্ত হইলে শান্তিরক্ষা করিবার মুচলকা হইবার কথা।]

১। দাঙ্গা করিবার, কি আক্রমণ করিবার, কিম্বা অন্য ভারিরূপে শান্তিভঙ্গ করিবার, কিম্বা তাহাতে সাহায্য করিবার, কিম্বা সেই দোষ করিবার স্পষ্ট অভিপ্রায়ে অস্ত্রধারি লোককে জমা করিবার কিম্বা বেআইনী অন্য কার্য্য করিবার নালিশ কোন ব্যক্তির নামে হইলে, সেই অপরাধের বিচার যে আদালতে হইতে পারে এমত কোন ফৌজদারী আদালতে যদি সেই নালিশ সাব্যস্ত হয়, ও শেষ দণ্ডাজ্ঞা কি হুকুম যে আদালতের দ্বারা করা যায় সেই আদালত যদি বোধ করেন যে, তদ্রূপে যাহার দোষ সাব্যস্ত হইয়াছে তাহার স্থানে শান্তিরক্ষা করিবার মুচলকা লওয়া ন্যায্য ও আবশ্যক তবে যে আদালত ঐ শেষ দণ্ডাজ্ঞা কি হুকুম করিয়াছিলেন সেই আদালত এমত আজ্ঞা করিতে পারিবেন যে, তদ্রূপে যাহার দোষ সাব্যস্ত হইয়াছে, তাহার দণ্ডের আজ্ঞা কি হুকুম যদি মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি অন্য কার্য্যকারক করিয়া থাকেন তবে আসামীর মুক্ত হইবার কালঅবধি এক বৎসরের অনধিক মিয়াদপর্য্যন্ত, কিম্বা যদি ঐ দণ্ডাজ্ঞা কি চূড়ান্ত হুকুম সদর আদালত কিম্বা সেশন আদালত করিয়া থাকেন তবে তিন বৎসরের অনধিক মিয়াদপর্য্যন্ত, অর্থাৎ স্থলবিশেষে যে মিয়াদ উচিত বোধ করেন সেই মিয়াদপর্য্যন্ত, আসামীর শান্তিরক্ষা করিবার জন্যে তাহার সাংসারিক অবস্থা ও মোকদ্দমার ভাবগতিক বুঝিয়া যত টাকা উচিত হয় তত টাকার তাইনে নিয়মমতের এক একরার লিখিয়া লওয়া যায়।

[শান্তিরক্ষা করিবার জামিন।]

২। যদি কোন স্থলে আসামীর মুচলকার অতিরিক্ত শান্তিরক্ষা হইবার জামিন লওয়া আবশ্যক বোধ হয়, তবে যে আদালত চূড়ান্ত দণ্ডাজ্ঞা কি হুকুম করেন সেই আদালতের আরো এই ক্ষমতা থাকিবেক যে, জামিন লইবার হুকুম করেন, ও জামিনের কি জামিনেরদের যত টাকার তাইনে জামিনী পত্র লিখিয়া দিতে হইবেক তাহা নিশ্চয় করেন। আর তাহাতে এই নিয়ম হইবেক যে, সেই জামিন যদি না দেওয়া যায় তবে ঐ হুকুম মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি অন্য কার্য্যকারক করিলে, যাহাকে জামিন দিবার আজ্ঞা হইয়াছিল সেই লোককে এক বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত, কিম্বা সদর আদালত কি সেশন আদালত ঐ হুকুম করিলে তিন বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত হেফাজতে রাখা যাইবেক।

[Personal recognizance without conviction.]

3. It shall be lawful for the magistrates, or other officers exercising the powers of a magistrate, to take a recognizance from a party in all cases wherein it may appear just and necessary to require the same for the maintenance of the peace in their respective jurisdictions, although the party to be bound in such recognizance may not have been convicted of any specific offence.

[Security without conviction.]

4. In cases wherein it may appear necessary to require security for keeping the peace, in addition to the recognizance of the party, it shall be lawful for such magistrate, or other officer exercising the powers of a magistrate, to direct the same, although the party required to give such security may not have been convicted of any specific offence, and to fix a reasonable amount for the security bond to be executed by the surety or sureties.

[For one year.]

5. Whenever it shall appear to the magistrate or other officer as aforesaid that the period for which the party should be bound to keep the peace, with or without additional security, need not exceed one year, it shall be lawful for him, without reference to superior authority, to give directions accordingly, and in default of such recognizance or additional security, to commit the party to prison in the civil gaol until he shall do what has been required of him.

[For more than one year.]

6. Whenever it shall appear to the magistrate or other officer as aforesaid that the period for which the party should be bound to keep the peace, with or without additional security, ought to exceed the period of one year, the magistrate or other officer aforesaid shall record his opinion to that effect, with an order specifying the amount of recognizance and security, as well as the number of sureties which should in his judgment be required, and the period for which the recognizance and security should be required, which however shall in no case exceed three years. If the party shall not furnish the recognizances and security so required, the proceedings shall be laid, as soon as conveniently may be, before the Court of Session, which, after examining them and calling for any further information or evidence which it may think necessary, shall pass orders on the case confirming, modifying, or annulling the orders of the magistrate, and if the orders so passed by the Session Court confirm to any extent the requisition for recognizance or securities, the Session Court shall direct the magistrate to commit the party to prison in the civil gaol until he shall do what has been required of him.

[Imprisonment not to exceed period of recognizance and security.]

7. Provided always, that no party shall be kept in prison under the provisions of the foregoing

[দোষ সাব্যস্ত না হইলেও মুচলকা লওন।]

৩। কোন ব্যক্তির কোন বিশেষ দোষ সাব্যস্ত না হইলেও, যদি মাজিষ্ট্রেট সাহেবেরা, কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি অন্য কার্য্যকারকেরা বোধ করেন যে, আপন২ এলাকার মধ্যে শান্তিরক্ষা হইবার জন্যে সেই লোকের স্থানে মুচলকা লিখিয়া লওয়া ন্যায্য ও আবশ্যক তবে তাঁহারা এমত প্রত্যেক স্থলে মুচলকা লইতে পারিবেন।

[দোষ সাব্যস্ত না হইলেও জামিন লওন।]

৪। যদি কোন স্থলে আসামীর মুচলকার অতিরিক্ত শান্তিরক্ষা করিবার জন্যে জামিন লওয়া আবশ্যক বোধ হয় তবে যাহার জামিন দিবার আজ্ঞা হয় সেই লোকের কোন বিশেষ দোষ সাব্যস্ত না হইলেও, মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি অন্য কার্য্যকারক সেইরূপ জামিন দিবার আজ্ঞা করিবেন, ও জামিন কি জামিনেরা যত টাকার জামিনী পত্র লিখিয়া দিবেক উপযুক্ত তত টাকা নির্দ্ধার্য্য করিবেন।

[এক বৎসরের নিমিত্তে।]

৫। যদি মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য কার্য্যকারক বোধ করেন যে অতিরিক্ত জামিন লইয়া কি না লইয়া এ ব্যক্তিকে এক বৎসরের অধিক কাল শান্তিরক্ষা করিতে বদ্ধ করা প্রয়োজন নাই, তবে তিনি উপরিস্থ কার্য্যকারক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া তদনুসারে হুকুম দিতে পারিবেন। ও সেই মুচলকা কি অতিরিক্ত জামিন না দিলে আসামী যত কাল সেই হুকুমমতে কর্ম্ম না করে তত কালপর্য্যন্ত তাহাকে দেওয়ানী জেলখানায় কয়েদ করিতে পারিবেন।

[এক বৎসরের অধিক কাল।]

৬। যদি মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য কার্য্যকারক বোধ করেন যে, অতিরিক্ত জামিন লইয়া কি না লইয়া ঐ ব্যক্তিকে এক বৎসরের অধিক কাল শান্তিরক্ষা করিতে বদ্ধ করা উচিত, তবে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক সেই মর্ম্মানুসারে আপনার মত লিখিবেন, ও যত টাকার মুচলকা ও জামিন লইতে হইবেক ও তাঁহার বিবেচনামতে যত জন জামিন লইতে হইবেক ও যত কালের নিমিত্তে ঐ মুচলকা ও জামিন লইতে হইবেক ইহার বিশেষ কথা নির্দ্দিষ্ট করিয়া হুকুম লিখিবেন। কিন্তু কোন স্থলে তিন বৎসরের অধিক কালের জন্যে লইবেন না। যদি আসামী সেইরূপের হুকুমকরা মুচলকা ও জামিন না দেয় তবে সুবিধামতে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র রুবকারী সেশন আদালতের সম্মুখে অর্পিত হইবেক। ঐ আদালত তাহা দৃষ্টি করিলে পর ও অতিরিক্ত যে কিছু সম্বাদ কি প্রমাণ আবশ্যক জ্ঞান করেন তাহা তলব করিলে পর সেই বিষয়ের হুকুম করিয়া মাজিষ্ট্রেট সাহেবের হুকুম মঞ্জুর কি মতান্তর কি বাতিল করিতে পারিবেন। আর যদি সেশন আদালতের সেই হুকুমক্রমে মুচলকা কি জামিন দিবার হুকুমের অধিকাংশ মঞ্জুর হয় তবে সেশন আদালত মাজিষ্ট্রেট সাহেবকে হুকুম করিবেন যে আসামীকে যে হুকুম করা গিয়াছে সেই হুকুমমতে যাবৎ কর্ম্ম না করে তাবৎ তাহাকে দেওয়ানী জেলখানায় কয়েদ করেন।

[যত কালের নিমিত্তে মুচলকা ও জামিন লইবার আজ্ঞা হয় তাহার অধিক কাল কয়েদ হইবেক না।]

৭। পরন্তু সর্ব্বদাই জানিতে হইবেক যে, কোন ব্যক্তির যত কালের নিমিত্তে মুচলকা ও জামিন লই-

Articles for a longer period than that for which the recognizance and securities have been required from him.

বার আজ্ঞা হয় তাহার অধিক মিয়াদে সেই ব্যক্তিকে ইহার পূর্ব্বের প্রকরণের বিধানমতে কয়েদ রাখিতে হইবেক না।

[When magistrate may release persons under requisition of security.]

8 The magistrates are empowered, at all times, to exercise their discretion in releasing, without reference to any other authority, prisoners confined under requisition of security to keep the peace, whether by their own orders or by those of any other person exercising the powers of a magistrate; provided the magistrates shall, from whatever cause, be of opinion that such prisoners can be released without hazard to the community.

[জামিন দিবার আজ্ঞাপ্রযুক্ত যে লোকেরদিগকে কয়েদ করা যায় তাহারদিগকে মাজিষ্ট্রেট সাহেব যে স্থলে মুক্ত করিতে পারিবেন।]

৮। মাজিষ্ট্রেট সাহেবের নিজ হুকুমমতে কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি অন্য কোন ব্যক্তির হুকুমমতে যাহারা শান্তিরক্ষা করিবার জামিন দিবার হুকুমপ্রযুক্ত কয়েদ হয় তাহারদিগকে মাজিষ্ট্রেট সাহেবেরা অন্য কার্য্যকারক সাহেবকে জিজ্ঞাসা না করিয়া আপনারদের বিবেচনামতে মুক্ত করিতে সর্ব্বদাই ক্ষমতাপন্ন আছেন। পরন্তু ইহাতে প্রয়োজন যে তদ্রূপ কয়েদীরদিগকে মুক্ত করা গেলেও সাধারণ লোকেরদের সঙ্কট হইবেক না মাজিষ্ট্রেট সাহেব কোন কারণে এমত বোধ করেন।

[When he must report.]

9. In cases in which a magistrate may, for whatever reason, be of opinion that any prisoner confined under requisition of security to keep the peace, by order of the Session Court, can be safely released without such security, the magistrate shall make an immediate report of the case, with his opinion, for the orders of the Court which may have required the prisoner to furnish security previously to his release.

[যে স্থলে তাঁহার রিপোর্ট করিতে হইবেক।]

৯। সেশন আদালতের হুকুমমতে শান্তিরক্ষা করিবার জামিন দিবার আজ্ঞা হওয়াপ্রযুক্ত যে কোন ব্যক্তিকে কয়েদ করা যায় সেই ব্যক্তি তদ্রূপ জামিন না দিলেও তাহাকে নির্ব্বিঘ্নে মুক্ত করা যাইতে পারে মাজিষ্ট্রেট সাহেব যদি কোন কারণে এমত বোধ করেন তবে ঐ কয়েদীকে যে আদালত মুক্ত করিবার পূর্ব্বে, জামিন দিতে আজ্ঞা করিয়াছিলেন সেই আদালতের হুকুম পাইবার জন্যে মাজিষ্ট্রেট সাহেব অগৌণে সেই বিষয়ের রিপোর্ট করিবেন ও আপনার মত জানাইবেন।

[How persons who have become sureties may discharge themselves.]

10. Persons who may become sureties for the peaceable behaviour of parties may, at all times, obtain a discharge from their future responsibility, by delivering up or causing to be delivered up the parties for whom they may have become responsible, to the proper magistrate. In such case, it shall be competent to such parties to find new sureties.

[যে ব্যক্তিরা জামিন হইয়াছে তাহারা যে প্রকারে দায়হইতে মুক্ত হইতে পারে।]

১০। কোন লোকেরদের শান্তিভাবে আচরণ করিবার নিমিত্তে যাহারা জামিন হয় তাহারা যাহারদের নিমিত্তে দায়ী হইয়াছে তাহারদিগকে উপযুক্ত মাজিষ্ট্রেট সাহেবের নিকটে অর্পণ করিয়া কি অর্পণ করাইয়া তৎপরে দায়হইতে কোন সময়ে মুক্ত হইতে পারিবেক। তাহা হইলে আসামীরা নূতন জামিন দিতে পারিবেক।

[Proceeding to compel payment of penalty of personal recognizance.]

11. Whenever it may be proved before the magistrate, that any such recognizance of a party as aforesaid has been forfeited, he shall proceed to enforce the penalty of such recognizance in the mode prescribed for the satisfaction of decrees of the Civil Court.

[মুচলকার লিখিত জরীমানা দেওয়াইবার কার্য্য।]

১১। পূর্ব্বোক্ত প্রকারের কোন লোকের মুচলকা খেলাফ হইয়াছে এই কথা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে প্রমাণ করা গেলে, তিনি দেওয়ানী আদালতের ডিক্রী জারী করিবার নির্দ্দিষ্ট নিয়মমতে ঐ মুচলকার লিখিত জরীমানার টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন।

[Proceeding to compel payment of penalty by sureties.]

12. Whenever it may be proved before the magistrate, that any such recognizance has been forfeited, if a security bond shall have been taken and the magistrate shall think that proceedings should be had upon such bond, he shall give notice to the surety or sureties to pay the penalty, or to show cause why it should not be paid; and if no sufficient cause shall be shown, the magistrate shall proceed to levy the penalty from such surety or sureties by the attachment and sale of any of his or their property, in the mode prescribed for the attachment and sale of property in satisfaction of decrees of the Civil Court; and if the

[জামিনেরদের জরীমানার টাকা দেওয়াইবার কার্য্য।]

১২। উক্ত প্রকারের কোন মুচলকা খেলাফ হইয়াছে এই কথা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে প্রমাণ করা গেলে, যদি জামিনীপত্র লওয়া গিয়া থাকে ও মাজিষ্ট্রেট সাহেব যদি বোধ করেন যে সেই পত্রক্রমে কার্য্য করিতে হয় তবে তিনি জামিনকে কি জামিনদিগকে ঐ টাকা দিতে কিম্বা তাহা না দিবার কারণ দর্শাইতে এত্তেলা দিবেন। যদি কোন উপযুক্ত কারণ দর্শান না যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব, দেওয়ানী আদালতের ডিক্রী জারীক্রমে সম্পত্তি ক্রোক ও নীলাম করিবার নির্দ্দিষ্ট নিয়মানুসারে, ঐ জামিনের কি জামিনেরদের কোন সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া তাহার কি তাহারদের স্থানে জরীমানার টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন। আর যদি সেই জরীমানার টাকা না দে-

penalty be not paid and cannot be recovered by such attachment and sale, such surety or sureties shall be liable to confinement, by order of the magistrate, in the civil gaol of the station, during a period not exceeding six months.

CHAPTER XX.

SECURITY FOR GOOD BEHAVIOUR.

[When magistrate may require security for good behaviour for one year.]

1. Whenever it shall appear to a magistrate, from the evidence to general character adduced before him, that any person is by repute a robber, house-breaker, or thief, or a receiver of stolen property knowing the same to have been stolen, it shall be competent to the magistrate to require security for the good behaviour of such person for a definite period not exceeding one year.

[How to proceed in cases beyond one year.]

2. Whenever it shall appear to a magistrate, from the evidence to general character adduced before him, that any person is by habit a robber, house-breaker, or thief, or a receiver of stolen property knowing the same to have been stolen, of a character so desperate and dangerous as to render his release, without security, at the expiration of the limited period of one year, hazardous to the community, the magistrate shall record his opinion to this effect, with an order specifying the amount of security which should, in his judgment, be required from such person, as well as the number of sureties, and the period, not exceeding three years, for which the sureties should be responsible for such person's good behaviour.

[Case to be laid before the Session Court.]

3. If the person required to furnish security, as provided in the last preceding Article, shall not furnish the security so required, the proceedings shall be laid, as soon as conveniently may be, before the Sessions Court, which, after examining them, and requiring any further information or evidence which it may judge necessary, shall be competent to pass orders on the case, either confirming, modifying, or annulling the orders of the magistrate, as it may judge proper and equitable.

[Session Court may require security not exceeding three years.]

4. In all such cases, if the Session Court shall not think it safe to direct the immediate discharge of such person, it shall fix a limited period for his detention, not exceeding three years, in the event of his not giving the security required from him.

[What the order for security is to contain.]

5. In every instance in which security for good behaviour may be required, by the Session Court, or the magistrate, the amount of the security, the number of sureties, and the period of

ওয়া যায় ও সেইরূপ ক্রোক ও নীলাম করণের দ্বারা আদায় হইতে না পারে, তবে মাজিষ্ট্রেট সাহেবের হুকুমমতে ঐ জামিন কি জামিনেরা মোকামের দেওয়ানী জেলখানাতে ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ হইতে পারিবেক।

---

২০ অধ্যায়।

সদাচরণ করিবার জামিনী।

[যে স্থলে মাজিষ্ট্রেট সাহেব এক বৎসরপর্য্যন্ত সদাচরণ করিবার জামিনী লইতে পারিবেন।]

১। লোকেরদের সাধারণমতের আচার ব্যবহারের যে প্রমাণ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দেওয়া যায় তাহাতে তিনি যদি বোধ করেন যে, লোকেরদের কথনমতে কোন লোক ডাকাইত কি সিঁধাল চোর কি চোর কিম্বা চোরা জানিয়া চোরা জিনিসের খাপ্পিদার আছে, তবে মাজিষ্ট্রেট সাহেব এক বৎসরের অনধিক কোন নির্দ্ধারিত কালের নিমিত্তে তাহাকে সদাচরণ করিবার জামিনী দিতে আজ্ঞা করিতে পারিবেন।

[এক বৎসরের অধিক কালের নিমিত্তে যেরূপে কার্য্য হইবেক।]

২। লোকেরদের সাধারণমতের আচার ব্যবহারের যে প্রমাণ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে দেওয়া যায় তাহাতে তিনি যদি বোধ করেন যে কোন লোকের লুঠতরাজ করিবার কি সিঁধ মারিবার কি চুরী করিবার, কিম্বা চোরা জানিয়া চোরা জিনিস গ্রহণ করিবার ব্যবহার আছে, কিম্বা সেই লোক এমন দুঃসাহস ও ভয়ঙ্কর যে এক বৎসরের নির্দ্দিষ্ট মিয়াদ গত হইলে পর তাহার স্থানে জামিন না লইয়া তাহাকে ছাড়িয়া দিলে সাধারণ লোকেরদের আশঙ্কা হইতে পারে, তবে মাজিষ্ট্রেট সাহেব সেই মর্ম্মানুসারে আপনার মত লিখিয়া দিবেন ও তাঁহার বিবেচনামতে সেই লোকের স্থানে যত টাকার জামিন লইতে হয় তাহা ও যত জন জামিন লইতে হয় তাহা ও তিন বৎসরের অনধিক যত কালের নিমিত্তে সেই লোকের সদাচরণের জন্যে ঐ জামিনেরদিগকে দায়ী করিতে হয় সেই কাল নির্দ্দিষ্ট করিয়া হুকুম লিখিবেন।

[ঐ বিষয় সেশন আদালতের সম্মুখে অর্পণ করিতে হইবেক।]

৩। ইহার পূর্ব্বের প্রকরণের বিধানমতে যে লোককে জামিন দিবার আজ্ঞা হয় সে যদি সেই প্রকারের আজ্ঞাকরা জামিন না দেয় তবে সুবিধামতে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র রুবকারী সেশন আদালতের সম্মুখে অর্পণ করিতে হইবেক। ঐ আদালত তাহা দৃষ্টি করিলে পর ও অধিক যে সম্বাদ কি প্রমাণ আবশ্যক জ্ঞান করেন তাহা তলব করিলে পর ঐ বিষয়ের উপর হুকুম করিয়া যেমন উচিত ও ন্যায্য বোধ করেন তেমনি মাজিষ্ট্রেট সাহেবের হুকুম মঞ্জুর কি মতান্তর কি বাতিল করিতে পারিবেন।

[সেশন আদালত তিন বৎসরের অনধিক কালের নিমিত্তে জামিন লইতে পারিবেন।]

৪। তদ্রূপ সকল স্থলে যদি সেশন আদালত বোধ করেন যে ঐ লোককে অবিলম্বে মুক্ত করিলে আশঙ্কা হইতে পারে তবে তাহাকে যে জামিন দিবার আজ্ঞা হইল তাহা না দিলে তাহার তিন বৎসরের অনধিক কয়েদ হইবার কাল নির্দ্ধার্য্য করিবেন।

[জামিন দিবার হুকুমনামায় যাহা লিখিতে হইবেক।]

৫। সেশন আদালত কিম্বা মাজিষ্ট্রেট সাহেব যখন সদাচরণের জামিন দিবার আজ্ঞা করেন তখন যত টাকার ও যত জনকে জামিন দিতে হইবেক ও যাহাকে জামিন দিবার আজ্ঞা হয় তাহার সদাচরণের নিমিত্তে

time for which the sureties are to be responsible for the good conduct of the person required to furnish security, shall be stated.

[In default of security, party to be committed to prison.]

6. In the event of any person required to give security under the provisions of the foregoing Articles failing to furnish the security so required, he shall be committed to prison until he furnish the same, provided always that no party shall be kept in prison for a longer period than that for which the security has been required from him.

[When magistrate may release persons under requisition of security.]

7. The magistrates are empowered, at all times to exercise their discretion in releasing, without reference to any other authority, prisoners confined under requisition of security for good behaviour, whether by their own orders or by those of any other person discharging the functions of a magistrate; provided the magistrates shall, from whatever cause, be of opinion that such prisoners can be released without hazard to the community.

[When he must report.]

8. In cases in which a magistrate may, for whatever reason, be of opinion that any prisoner confined under requisition of security for good behaviour, by order of a Session Court, can be safely released without such security, the magistrate shall make an immediate report of the case, with his sentiments, for the orders of the Court which may have required the prisoner to furnish security previously to his release.

[How persons who have become sureties may discharge themselves.]

9. Persons who may become sureties for the good behaviour of parties may at all times obtain a discharge from their future responsibility, by delivering up or causing to be delivered up to the parties for whom they may have become responsible to the proper magistrate. In such case it shall be competent to such parties to find new sureties.

[Proceeding to compel payment of penalty by sureties.]

10. Whenever the magistrate shall be of opinion that, by reason of an offence proved to have been committed by the person for whose good behaviour security has been given, proceedings should be had upon the bond executed by the surety or sureties, he shall give notice to the surety or sureties to pay the penalty, or to show cause why it should not be paid; and if no sufficient cause shall be shown, the magistrate shall proceed to levy the penalty from such surety or sureties, by the attachment and sale of any of his or their property, in the mode prescribed for the attachment and sale of property in satisfaction of decrees of the Civil Court; and if the penalty be not paid, and cannot be recovered by such attachment and sale,

জামিনেরা যত কাল দায়ী থাকিবেক এই সকল কথা হুকুমনামায় লিখিতে হইবেক।

[জামিন না দেওয়া গেলে আসামীকে কয়েদ করা যাইবেক।]

৬। পূর্ব্বোক্ত প্রকরণের বিধানমতে যাহাকে জামিন দিবার আজ্ঞা হয় এমত কোন লোক যদি সেই হুকুমমতে জামিন না দেয় তবে যাবৎ না দেয় তাবৎ তাহাকে কয়েদ করা যাইবেক। পরন্তু যত কালের নিমিত্তে তাহার জামিন দিবার আজ্ঞা হয় তাহার অধিক কালপর্য্যন্ত তাহাকে কোনমতে কয়েদ রাখা যাইবেক না।

[যে স্থলে মাজিষ্ট্রেট সাহেব জামিন দিবার আজ্ঞাপ্রযুক্ত কয়েদকরা ব্যক্তিকে মুক্ত করিতে পারেন।]

৭। মাজিষ্ট্রেট সাহেবেরদের নিজ হুকুমমতে কিম্বা মাজিষ্ট্রেটের কার্য্যনির্ব্বাহক অন্য কোন ব্যক্তির হুকুমমতে যাহারদিগকে সদাচরণের জামিন দিবার হুকুম হওয়াপ্রযুক্ত কয়েদ করা যায় তাহারদিগকে মাজিষ্ট্রেট সাহেবেরা অন্য কোন কার্য্যকারককে জিজ্ঞাসা না করিয়া আপনারদের বিবেচনামতে কোন সময়ে খালাস করিতে পারিবেন। পরন্তু ইহাতে প্রয়োজন যে, কয়েদীরদিগকে মুক্ত করা গেলেও সাধারণ লোকেরদের সঙ্কট হইবেক না মাজিষ্ট্রেট সাহেব ইহা কোন কারণে বোধ করেন।

[যে স্থলে তাঁহার রিপোর্ট করিতে হইবেক।]

৮। সেশন আদালতের হুকুমক্রমে সদাচরণের জামিন দিবার আজ্ঞাপ্রযুক্ত যাহাকে কয়েদ করা যায় এমত কোন লোকের স্থানে জামিন না লইয়াও তাহাকে নির্ব্বিঘ্নে মুক্ত করা যাইতে পারে, মাজিষ্ট্রেট সাহেব যদি কোন কারণে এমত বোধ করেন, তবে যে আদালত আসামীকে মুক্ত করিবার আগে জামিন দিবার আজ্ঞা করিয়াছিলেন তাঁহার হুকুম জানিবার জন্যে মাজিষ্ট্রেট সাহেব ঐ বিষয়ের রিপোর্ট করিবেন ও তদ্বিষয়ে আপনার মত লিখিবেন।

[যাহারা জামিন হয় তাহারা যে প্রকারে দায়হইতে মুক্ত হইতে পারে।]

৯। যাহারা কোন লোকের সদাচরণের জামিন হয় তাহারা, যাহার নিমিত্তে দায়ী হইয়াছে তাহাকে উপযুক্ত মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সমর্পণ করিলে কি করাইলে, তৎপরের দায়হইতে কোন সময়ে মুক্ত হইতে পারিবেক। এমত স্থলে এ ব্যক্তিরা নূতন জামিন দিতে পারিবেক।

[জামিনেরদের জরীমানার টাকা দেওয়াইবার কার্য্য।]

১০। যাহার সদাচরণের জামিন লওয়া গিয়াছে সেই লোক কোন অপরাধ করিয়াছে ইহার প্রমাণ হওয়াতে যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে জামিনের কি জামিনেরদের জামিনীপত্রক্রমে কার্য্য করা উচিত, তবে তিনি ঐ জামিনকে কি জামিনদিগকে জরীমানার টাকা দিতে কিম্বা তাহা না দিবার কারণ দর্শাইতে এত্তেলা দিবেন। আর যদি কোন উপযুক্ত কারণ দর্শান না যায়, তবে দেওয়ানী আদালতের ডিক্রী জারীক্রমে সম্পত্তি ক্রোক ও নীলাম করিবার নির্দ্দিষ্ট নিয়মমতে মাজিষ্ট্রেট সাহেব ঐ জামিনের কি জামিনেরদের কোন সম্পত্তি ক্রোক ও নীলাম করিয়া তাহার কি তাহারদের স্থানে ঐ জরীমানার টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন। ও যদি সেই জরীমানার টাকা না দেওয়া যায় ও সেই ক্রোক ও নীলামের দ্বারা আদায় হইতে না পারে তবে ঐ জামিন কি জামিনেরা মাজিষ্ট্রেট সাহে-

such surety or sureties shall be liable to confinement, by order of the magistrate, in the civil gaol of the station, during a period not exceeding six months.

CHAPTER XXI.

JURIES AND ASSESSORS.

[Trials to be by jury.]

1. The Governor General in Council may order that the trial of all offences by the Session Court shall be by jury in such places as he may see fit to specify in such Order; and the said Governor General in Council may from time to time revoke or alter such Order.

[Trial by jury, before the Session Court, of registered persons. How the jury is to be constituted.]

2. Criminal trials before the Session Judge, in which a British subject, or an European, or an American, or an East Indian, or an Armenian, or a person of any other class to which the Governor General in Council may see fit to extend this rule, registered according to such rules as the Governor General in Council shall prescribe, is the defendant or one of the defendants, shall be by jury, of which at least one-half shall consist, if such defendant desire it, of persons so registered.

[Joinder of registered and non-registered persons.]

3. Criminal trials before the Session Judge, in which registered and non-registered persons are joined as defendants, shall be by jury, and such joinder shall not be a ground of severance at such trial.

[How the jury is to be constituted in such cases.]

4. In such cases, if the non-registered defendant desire it, at least one-half of the jury shall consist of non-registered persons, and if the registered defendant also desire to be tried by a jury of which one-half are registered persons, then the jury shall be composed of an even number, of which one-half shall be registered, and the remaining half non registered persons.

[Number of which the jury is to consist. Number of voices necessary to a verdict of guilty.]

5. In all trials, before the Session Judge, the jury shall consist of not less than three, nor more than nine persons, and unanimity, or a majority of not less than two-thirds with the concurrence of the judge, shall be necessary for a verdict of guilty; and in default of such unanimity, or of such majority with the concurrence of the judge, the defendant shall be acquitted.

[Jury not to consist of less than three.]

6. Provided that the jury shall, in all cases, consist of such number of persons, not less than three, as the Governor General in Council shall from time to time direct.

[*Government Gazette*, 26*th June*, 1867.]

বের হুকুমমতে ছয় মাসের অনধিক মিয়াদে মোকামের দেওয়ানী জেলখানায় কয়েদ হইতে পারিবেক।

২১ অধ্যায়।

জুরি ও আসেসর।

[জুরির দ্বারা বিচার হইবেক।]

১। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর হুকুম করিতে পারিবেন যে, সেই হুকুমনামাতে তিনি যে২ স্থান নির্ণয় করা উচিত বোধ করেন সেই২ স্থানে সেশন আদালতের দ্বারা যে সকল অপরাধের বিচার হয় তাহা জুরির সহকারে করা যায়। আর হজুর কৌন্সেলে উক্ত শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর সময়ে২ সেই হুকুম বাতিল কি পরিবর্ত্ত করিতে পারিবেন।

[সেশন আদালতে জুরির দ্বারা রেজিষ্টরীকরা লোকেরদের বিচার।]

২। ব্রিটনীয় প্রজা কি ইউরোপীয় কি আমেরিকা দেশীয় কি ইষ্ট ইণ্ডিয়ান কি আরমানী লোক কি হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর অন্য কোন শ্রেণীর যে লোকের উপর এই বিধি খাটান উচিত বোধ করেন এমত কোন লোক অর্থাৎ হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে বিধি নির্দ্দিষ্ট করেন সেই বিধিমতে রেজিষ্টরীকরা লোক, সেশন জজ সাহেবের সম্মুখে যে ফৌজদারী মোকদ্দমাতে আসামী হয় কি আসামীরদের মধ্যে এক জন হয় সেই মোকদ্দমার বিচার জুরির দ্বারা হইবেক। আসামী যদি চাহে তবে সেই জুরির অর্দ্ধেক অংশ লোক সেইরূপের রেজিষ্টরীকরা ব্যক্তি হইতে পারিবেক।

[রেজিষ্টরীহওয়া ও রেজিষ্টরী না হওয়া লোকেরদের সংযোগ।]

৩। সেশন জজ সাহেবের সম্মুখে যে ফৌজদারী মোকদ্দমাতে রেজিষ্টরীহওয়া ও রেজিষ্টরী না হওয়া ব্যক্তিরা আসামী বলিয়া সংযুক্ত হয় সেই মোকদ্দমার বিচার জুরির দ্বারা হইবেক ও বিচারের সময়ে তদ্রূপ লোকের সংযোগহওয়া পৃথক্ করিবার কারণ হইবেক না।

[তদ্রূপ স্থলে যে ব্যক্তিরদিগকে লইয়া জুরি হইবেক।]

৪। তদ্রূপ স্থলে যদি রেজিষ্টরী না হওয়া আসামীরা চাহে তবে যাঁহারা জুরি হন তাঁহারদের অর্দ্ধেকাংশ রেজিষ্টরী না হওয়া লোক হইবেন আর রেজিষ্টরীহওয়া আসামী যদি চাহে যে অর্দ্ধেকাংশ রেজিষ্টরীহওয়া ব্যক্তিরদের জুরির দ্বারা তাহার বিচার হয় তবে অর্দ্ধেক রেজিষ্টরীহওয়া ব্যক্তিকে ও অর্দ্ধেক রেজিষ্টরী না হওয়া ব্যক্তিকে লইয়া জুরি হইবেন।

[যত জন জুরি থাকিবেন। দোষ নির্ণয় করিবার জন্যে যত জনের সম্মতির প্রয়োজন।]

৫। সেশন জজ সাহেবের সম্মুখে সকল মোকদ্দমাতে জুরি তিন জনের ন্যূন ও নয় জনের অধিক হইবেন না। ও দোষী করিবার হুকুমের জন্যে সকলের সম্মতি হওয়া কিম্বা তিন অংশের দুই অংশের লোকের ঐক্য ও তাঁহারদের সঙ্গে জজ সাহেবের সম্মতি হওয়া আবশ্যক। আর যদি সেইরূপে সকলের সম্মতি না হয় কিম্বা তদ্রূপে অধিকাংশ লোকের ঐক্য ও তাঁহারদের সঙ্গে বিচারকর্ত্তার সম্মতি না থাকে তবে আসামীকে নির্দ্দোষ করা যাইবেক।

[তিন জনের কম লইয়া জুরি হইবেন না।]

৬। পরন্তু সর্ব্বদাই তিন জনের কম না হয় এমত যত ব্যক্তি হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর সময়ে২ আজ্ঞা করিয়া থাকেন তত ব্যক্তিকে লইয়া জুরি হইবেন।

[Trials before the Session Court with assessors.]

7. For all classes of the community not included in the number of those to whom the mode of trial by jury has by the above provisions been extended, trials before the Session Judge shall be conducted with the aid of two or more assessors as members of the Court, with a view to the advantages derivable from their observations particularly in the examination of witnesses. The opinion of such assessors shall be given separately and discussed; and if any of the assessors or the judge shall desire it, the opinion of the assessors shall be recorded in writing. But the decision is vested exclusively in the judge.

[Who are capable of serving as jurors and assessors.]

8. All persons resident within the limits of the general jurisdiction of the Sudder Court shall, according to such rules, and subject to such qualifications as shall be fixed in manner hereinafter mentioned, be deemed capable of serving as jurors and assessors, and shall be liable to be summoned accordingly.

[Sudder Court to make rules in regard to jurors and assessors.]

9. The Sudder Court shall have power, from time to time, to make and establish such rules with respect to the qualification, appointment, form of summoning, challenging, and service of such jurors and assessors, and such other regulations relating thereto, as it may deem expedient and proper; provided that such rules and regulations shall before they are issued have received the sanction of the Governor General of India in Council.

[To be continued.]

[সেশন আদালতের সম্মুখে আসেসরদিগকে লইয়া বিচার হওন।]

৭। পূর্ব্বোক্ত বিধানমতে জুরির দ্বারা বিচার হইবার নিয়ম যে লোকেরদের উপর খাটে তাহারদের মধ্যে যে সকল লোক গণ্য না হন, সেশন জজ সাহেবের সম্মুখে তাঁহারদের বিচার আদালতের মেম্বর বলিয়া দুই কি ততোধিক জন আসেসর অর্থাৎ সহকারিকে লইয়া হইবেক। অভিপ্রায় এই যে, তাঁহারদের মন্তব্য কথার দ্বারা বিশেষতঃ সাক্ষিরদের জোবানবন্দী লইবার কালে তাহারদের সেই কথার দ্বারা সাহায্য হয়। সেই আসেসরেরদের মত স্বতন্ত্র দেওয়া যাইবেক ও তাহার উপর তর্ক হইবেক। আর আসেসরেরদের মধ্যে কোন জন কিম্বা জজ সাহেব যদি চাহেন তবে আসেসরেরদের মত লিখিয়া দেওয়া যাইবেক। কিন্তু নিষ্পত্তি করিবার ভার কেবল জজ সাহেবের প্রতি থাকে।

[যাঁহারা জুরি ও আসেসর হইতে পারেন।]

৮। যে সকল লোক সদর আদালতের সাধারণ এলাকার সীমাসরহদ্দের মধ্যে বাস করেন তাঁহারা ইহার পরে যে বিধি নির্দ্দিষ্ট হয় ও তাঁহারদের যে যোগ্যতা নির্দ্ধার্য্য হয় সেই২ বিধি ও যোগ্যতাক্রমে তাঁহারা জুরি ও আসেসরস্বরূপে কর্ম্ম করিতে সক্ষম জ্ঞান হইবেন ও তদনুসারে তাঁহারদিগকে সমন করাণ যাইতে পারিবেক।

[জুরি ও আসেসরেরদের বিষয়ে সদর আদালত বিধি করিবেন।

৯। তদ্রূপ জুরি ও আসেসরেরদের যোগ্যতার বিষয়ে ও তাঁহারদের নিযুক্ত হইবার ও তাঁহারদিগকে সমন করিবার নিয়মের ও তাঁহারদের বিষয়ে আপত্তি করিবার ও তাঁহারদের কর্ম্মের বিষয়ে সদর আদালতের সাহেবেরা যে২ বিধিকরা ও তৎসম্পর্কীয় অন্য যে২ বিধান করা বিহিত ও উপযুক্ত জ্ঞান করেন তাহা ঐ সদর আদালতের সাহেবেরা সময়ে২ করিতে ও স্থাপন করিতে পারিবেন। পরন্তু ইহাতে প্রয়োজন যে সেই বিধি ও বিধান জারী হইবার পূর্ব্বে তাহাতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের সম্মতি হয়।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৬ জুন।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JUNE 30, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ৩০ জুন

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 28TH MARCH, 1857.

THE following Bill was read a second time in the Legislative Council on the 28th March, 1857, and was referred to a Select Committee, who are to report thereon after the 1st of June next:—

A Bill to make better provision for the order and good government of the Suburbs of Calcutta and of the Station of Howrah.

[Preamble.]

WHEREAS Acts have been passed for regulating the Police and for the Conservancy and improvement of the Town of Calcutta and of the other Presidency Towns; and whereas large portions of the Suburbs of the said Town of Calcutta and of the Station of Howrah are not less populous than parts of the said Town, and it will conduce to the order and good government of the said Suburbs and Station that some of the provisions of the said Acts, with certain necessary modifications, should be extended to the said Suburbs and Station: It is enacted as follows:—

[Cases under this Act by whom to be tried.]

I. Whoever is charged with having committed any of the offences mentioned in this Act within the limits of the said Suburbs or Station, as described in the Schedule hereunto annexed, may be tried for any such offence by the Magistrate within whose jurisdiction the offence is alleged to have been committed, and on conviction, may be sentenced by such Magistrate to the punishment hereinafter prescribed for the offence.

[Fraudulent possession of stolen property.]

II. *Clause* 1.—Whoever has in his possession,

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২৮ মার্চ।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ২৮ মার্চ তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি জুন মাসের ১ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

কলিকাতার শহরতলীর ও হাবড়া মোকামের সুধারা ও সুশাসন হইবার জন্যে আরো উত্তম বিধান করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

কলিকাতা নগরের ও অন্য২ রাজধানীর প্রধান নগরের পোলীসের বিধান করিবার ও সেই২ নগর পরিপাটীরূপে রাখিবার ও আরো উত্তম করিবার আইন জারী হইয়াছে, আর উক্ত কলিকাতা নগরের কোন২ স্থানে যত লোকের বসতি আছে ঐ নগরের শহরতলীর ও হাবড়া মোকামের অনেক অংশেতে তাহার কম লোকের বসতি নাই, আর উক্ত আইনের কতক বিধানের কোন২ কথা আবশ্যকমতে মতান্তর হইয়া উক্ত শহরতলীতে ও মোকামে ঐ বিধান খাটাইলে উক্ত শহরতলীর ও মোকামের সুধারা ও সুশাসন হয়। এই২ কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[এই আইনমতের মোকদ্দমার যাঁহার দ্বারা বিচার হইবেক।]

১ ধারা। এই আইনের শেষভাগের লিখিত তফসীলে উক্ত যে শহরতলী কি মোকাম লেখা আছে তাহার সীমার মধ্যে যে কোন ব্যক্তির নামে এই আইনের লিখিত কোন অপরাধ করিবার নালিশ হয় তাহার সেই অপরাধের বিচার, যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে অপরাধ করা গিয়াছে কথিত হয় তিনি করিতে পারিবেন, ও দোষ সাব্যস্ত হইলে, এই আইনেতে ঐ অপরাধের যে দণ্ড পশ্চাতে নির্দ্দিষ্ট হইয়াছে সেই দণ্ডের আজ্ঞা ঐ মাজিষ্ট্রেট সাহেব করিতে পারিবেন ইতি।

[চোরা জিনিস প্রবঞ্চনাপূর্ব্বক নিকটে রাখণ।]

২ ধারা। ১ প্রকরণ।—চুরী করা গিয়াছে কি প্রব-

or conveys in any manner, any thing which may be reasonably suspected of being stolen or fraudulently obtained, shall, if he fail to account satisfactorily how he came by the same, be liable to a penalty not exceeding one hundred Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding three months.

ঞ্চনাপূর্ব্বক পাওয়া গিয়াছে এমত সন্দেহ যে কোন দ্রব্যের বিষয়ে উচিতমতে হইতে পারে, তাহা যাহার দখলে থাকে, কিম্বা যে কেহ কোন প্রকারে তাহা লইয়া যায়, সেই ব্যক্তি ঐ দ্রব্য যে প্রকারে পাইয়াছিল ইহার বেওরা যদি হৃদ্বোধমতে কহিতে না পারে, তবে সে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, কিম্বা কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা তিন মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ হইবার যোগ্য হইবেক।

[Power to summon persons declared to have had possession of such property within the jurisdiction of the Magistrate. Penalty it such possession fraudulent.]

Clause 2.—If any person charged with having or conveying any thing stolen or fraudulently obtained, shall declare that he received the same from some other person, or that he was employed as a carrier, agent, or servant, to convey the same for some other person, the Magistrate may cause every such other person, and also, if necessary, every former or pretended purchaser or other person through whose possession the same shall have passed (provided that such other person shall be alleged to have had possession of the same within the jurisdiction of such Magistrate,) to be brought before him and examined, and shall examine witnesses touching the same; and if it appear to such Magistrate that any person so brought before him had possession of such thing, and had reasonable cause to believe the same to have been stolen or unlawfully obtained, such person shall be liable to a penalty not exceeding one hundred Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding three months.

[মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে যে ব্যক্তির দখলে ঐ সম্পত্তি থাকে কহা যায় তাহাকে সমন করিবার ক্ষমতা। যদি দখলে রাখা প্রবঞ্চনাপূর্ব্বক হয় তবে তাহার দণ্ড।]

২ প্রকরণ।—চোরা কি প্রবঞ্চনাপূর্ব্বক প্রাপ্ত কোন দ্রব্য নিকটে থাকার কি লইয়া যাইবার নালিশ যে কোন ব্যক্তির নামে হয় সে যদি কহে যে, আমি ঐ দ্রব্য অন্য লোকের স্থানে পাইয়াছি, কিম্বা অন্য লোকের নিমিত্তে ঐ দ্রব্য লইয়া যাইবার জন্যে আমাকে বাহক কি কর্ম্মকারক কি চাকর নিযুক্ত করা গিয়াছে, তবে মাজিষ্ট্রেট সাহেব সেই অন্য প্রত্যেক ব্যক্তিকে, আর আবশ্যক হইলে সেই দ্রব্যের পূর্ব্বকার সত্য কি কল্পিত খরীদারকে, কি যাহার নিকটে ঐ দ্রব্য ছিল এমত অন্য কোন ব্যক্তি যদি ঐ মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে ঐ দ্রব্য আপন দখলে রাখিয়াছিল এমত কহা যায় তবে সেই ব্যক্তিকে, আপনার সম্মুখে হাজির করাইয়া তাহার জোবানবন্দী লইতে পারিবেন আর তদ্বিষয়ের সাক্ষিরদের জোবানবন্দী লইবেন। আর সেই প্রকারে তাঁহার সম্মুখে হাজিরকরা কোন ব্যক্তির নিকটে সেই দ্রব্য ছিল ও তাহা চুরী করা গিয়াছে কি বেআইনীতে পাওয়া গিয়াছে ইহা জানিবার ঐ ব্যক্তির বিশিষ্ট কারণ ছিল, মাজিষ্ট্রেট সাহেব যদি ইহা বোধ করেন, তবে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, কিম্বা কঠিন পরিশ্রমসহিত তাহা বিনা তিন মাসপর্য্যন্ত কোন কাল কয়েদ থাকিবার যোগ্য হইবেক ইতি।

[Apprehension and punishment of reputed thieves, &c.]

III. Any person found between sun-set and sun-rise, armed with any dangerous or offensive instrument whatsoever, with intent to commit any offence against the person or property of another; any reputed thief found between sun-set and sun-rise, on board any vessel or boat, or lying or loitering in any bazar, street, road, yard, thoroughfare, or other place, who shall not give a satisfactory account of himself; any person found between sun-set and sun-rise, having his face covered, or otherwise disguised, with intent to commit any such offence as aforesaid; any person found between sun-set and sun-rise, in any dwelling house or other building whatsoever, without being able satisfactorily to account for his presence therein; and any person having in his possession, without lawful excuse (the proof of which excuse shall be on such person,) any implement of house-breaking, shall be liable to imprisonment, with or without hard labor, for a term not exceeding three months; and any such person

[প্রসিদ্ধ চোরপ্রভৃতির গ্রেপ্তার ও দণ্ড করণ।]

৩ ধারা। কোন ব্যক্তির কি কোন সম্পত্তির উপর অপরাধ করিবার অভিপ্রায়ে আশঙ্কা কি আঘাতজনক কোন অস্ত্রশস্ত্রেতে সজ্জিত যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হওনের মধ্য কালে পাওয়া যায়, ও প্রসিদ্ধ যে কোন চোরকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কালে কোন জাহাজে কি নৌকাতে পাওয়া যায়, কিম্বা কোন বাজারে কি রাস্তায় কি পথে কি প্রাঙ্গণে কি সকলের গমনীয় পথে কি অন্য স্থানে শুইয়া থাকিতে কি অকারণে বেড়াইতে দেখা যায়, ও সে আপনার বেওরা হৃদ্বোধমতে কহিতে না পারে সেই ব্যক্তি, ও পূর্ব্বোক্ত প্রকারের কোন অপরাধ করিবার অভিপ্রায়ে মুখ আচ্ছাদন করিয়া কি অন্য প্রকারে ছদ্মবেশী হইয়া রহিয়াছে, এমত যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কালে পাওয়া যায় সেই ব্যক্তি, ও যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কালে কোন বসতবাটীতে কিম্বা অন্য কোন প্রকারের ঘরে পাওয়া যায়, যদি সেই ব্যক্তি আপনার সেই ঘরে থাকিবার কারণ হৃদ্বোধমতে জানাইতে না পারে তবে সেই ব্যক্তি, ও যে কোন ব্যক্তির নিকটে ঘরে সিঁধ কাটিবার অস্ত্র পাওয়া যায় সে যদি তাহার আইনসিদ্ধ কারণ জানাইতে না পারে, (ও সেই কারণের প্রমাণ করিবার ভার সেই ব্যক্তির প্রতি থাকিবেক) তবে সেই ব্যক্তি, কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা তিন মাসের অনধিক কাল কয়েদ থাকিবার যোগ্য হইবেক, ও

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৩০ জুন।]

may be taken into custody by any Police Officer without a warrant.

[Penalty for carrying arms without authority.]

IV. Whoever, not being a soldier or sailor in the Army or Navy of the Queen or the East India Company, or a Police Officer, goes armed with any sword, spear, gun, or other offensive weapon, in any street, thoroughfare, or public place, unless by leave of the Magistrate, shall be liable to be disarmed by any Police Officer; and the weapon so seized shall be forfeited, to the Government, unless redeemed by payment of a fine, at the discretion of the Magistrate, not exceeding ten Rupees.

[Magistrate may make order for maintenance of wives or children.]

V. If any person having sufficient means, neglects or refuses to maintain his wife or any legitimate or illegitimate child unable to maintain himself, it shall be lawful for the Magistrate, upon due proof thereof, to order such person to make a monthly allowance for the maintenance of his wife or such child as aforesaid, at such rate, not exceeding fifty Rupees in the whole, as to the Magistrate shall seem reasonable; and if such person shall wilfully neglect to comply with the said order, the Magistrate may, by warrant, direct the amount due to be levied in the manner in which fines may be levied, or may order him to be imprisoned, with or without hard labor, for any term not exceeding one month. Provided always, that any such person shall be at liberty to apply to the Magistrate, from time to time, for a reduction of such monthly allowance, on proof of an alteration in the circumstances of himself, his wife, or child, justifying such reduction.

[Penalty for harbouring and concealing deserters from merchant vessels.]

VI. Whoever wilfully harbours or conceals any seaman or apprentice belonging to a merchant vessel, knowing, or having reason to believe, such seaman or apprentice to be a deserter, shall be liable to a fine not exceeding one hundred Rupees.

[Brothels.]

VII. On the complaint of three or more householders, that a house in their immediate neighbourhood is used as a common brothel, or lodging house for prostitutes, or disorderly persons of any description, to the annoyance of the respectable inhabitants of the vicinity, the Magistrate may summon the owner or tenant of the house to answer the complaint, and on being satisfied that the house is so used, and is therefore a source of annoyance and offence to the neighbours, may order the owner or tenant to discontinue such use of it, and if he shall fail to comply with such order

ঐরূপ কোন ব্যক্তিকে পোলীসের কোন আমলা পরওয়ানা না পাইয়াও হেফাজতে লইতে পারিবেক ইতি।

[অনুমতি না পাইয়া অস্ত্রাদি লইয়া যাইবার দণ্ড।]

৪ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদুরের সৈন্যদলের কি যুদ্ধজাহাজের সিপাহী কি নাবিক না হইয়া, কিম্বা পোলীসের আমলা না হইয়া, যে কোন ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি না পাইয়া কোন তলওয়ার কি বড়্শা কি বন্দুক কি আঘাত করিবার অন্য অস্ত্রেতে সজ্জিত হইয়া কোন রাস্তায় কি সকলের গমনীয় পথে, কি সরকারী কোন স্থানে যায়, সেই ব্যক্তির স্থানহইতে পোলীসের কোন আমলা ঐ অস্ত্রশস্ত্র লইতে পারিবেক। আর সেই প্রকারের লওয়া ঐ অস্ত্রাদি সরকারে জব্দ হইবেক। কিন্তু মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে ১০৲ টাকার অনধিক জরীমানা দিলে তাহা ফিরিয়া পাওয়া যাইতে পারিবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব স্ত্রীপুত্রাদির প্রতিপালনের হুকুম করিতে পারিবেন।]

৫ ধারা। কোন ব্যক্তির প্রচুর সঙ্গতি থাকিতেও যদি সে আপনার স্ত্রীর, কিম্বা বিবাহিতা কি অবিবাহিতা স্ত্রীর গর্ভে আপনার জাত যে সন্তান আপনার প্রতিপালন করিতে না পারে তাহার ভরণপোষণ না করে, কিম্বা করিতে অস্বীকার করে তবে, তাহার উপযুক্ত প্রমাণ হইলে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে আপন স্ত্রীর ও পূর্ব্বোক্ত প্রকারের সন্তানের ভরণপোষণের নিমিত্তে মোটে পঞ্চাশ টাকার অনধিক যত উচিত বোধ করেন তত মাসে২ দিতে আজ্ঞা করিতে পারিবেন। আর যদি সেই ব্যক্তি সেই হুকুমঅনুসারে কর্ম্ম করিতে জানিয়াশুনিয়া ত্রুটি করে, তবে মাজিষ্ট্রেট সাহেব পরওয়ানা জারী করিয়া জরীমানা যেরূপে আদায় হইতে পারে সেইরূপে ঐ পাওনা টাকা আদায় করিবার হুকুম করিতে পারিবেন, অথবা তাহার এক মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু সেইরূপ কোন ব্যক্তি মাসে২ দেনা ঐ টাকা কম করা যাইবার দরখাস্ত মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সময়ে২ করিতে পারিবেক। কিন্তু এরূপ কম করা যাহাতে ন্যায্য হয় আপনার কি আপন স্ত্রীর কি সন্তানের এমত অবস্থাবিশেষের প্রমাণ করিতে হইবেক ইতি।

[সওদাগরী জাহাজের পলাতক ব্যক্তিরদিগকে আশ্রয় দিবার ও লুকাইয়া রাখিবার দণ্ড।]

৬ ধারা। কোন সওদাগরী জাহাজসম্পর্কীয় কোন নাবিক কি আপ্রেণ্টিস জাহাজহইতে পলায়ন করিয়াছে জানিয়া কি তাহা জানিবার কারণ পাইয়া, যে কোন ব্যক্তি সেই নাবিককে কি আপ্রেণ্টিসকে ইচ্ছাপূর্ব্বক আশ্রয় দেয় কি লুকাইয়া রাখে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[বেশ্যালয়।]

৭ ধারা। তিন কি ততোধিক গৃহস্থ ব্যক্তি যদি এইরূপ নালিশ করে যে, আমারদের ঘরের অতিনিকট এক ঘর সামান্য বেশ্যালয়ের মতে কিম্বা বেশ্যারদের কিম্বা অনিয়মিতাচারি কোন প্রকার লোকেরদের বাসামতে ব্যবহার হয়, ও তাহাতে প্রতিবাসি সম্ভ্রান্ত লোকেরদের অত্যন্ত ক্লেশ হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ ঘরের স্বামিকে কি দখীলকারকে সেই নালিশের জওয়াব দিতে তলব করিতে পারিবেন। আর সেই ঘরের সেইপ্রকারে ব্যবহার হয়, ও তৎপ্রযুক্ত প্রতিবাসিরদের অত্যন্ত ক্লেশ ও অনিষ্টজনক হয়, ইহা স্ববোধমতে জানিলে, তিনি ঐ স্বামিকে কি দখলীকারকে ঐ ঘরের সেই প্রকারে ব্যবহার আর না হইতে দেয় এমত

within five days, may impose upon him a fine to the extent of twenty-five Rupees for every day thereafter that the house shall be so used.

[Licenses for retail sale of spirituous or fermented liquors to be granted with concurrence of Magistrate.]

VIII. Except as hereinafter provided, no license shall be granted by the Collector for the sale by retail of any spirituous or fermented liquors in any Hotel, Tavern, Punch-house, Ale-house, Arrack or Toddy Shop, or other place of public resort and entertainment, without the concurrence of the Magistrate. If a difference should arise between the Collector and the Magistrate respecting the grant of any such license, the case shall be reported to the Commissioner of Revenue and Circuit, and the decision of the Commissioner, subject to the orders and control of the Lieutenant Governor of Bengal, shall be final.

[Revocation of license.]

IX. Whenever any person, being the keeper of any such house or place of public resort and entertainment as aforesaid, is convicted of any of the offences specified in Section XLV. Act XXI. of 1856, the Magistrate may, if he think proper, apply to the Collector to revoke the license granted by him to such person, and upon such application the Collector shall forthwith revoke such license.

[Penalty for owning or keeping, or being employed in a gaming-house, &c.]

X. Whoever, being the owner or occupier, or having the use of any house, room, or place, keeps, or uses the same as a common gaming-house, and whoever, being the owner or occupier of any house or room, knowingly and wilfully permits the same to be kept or used by any other person as a common gaming-house; and whoever has the care or management of, or in any manner assists in conducting, the business of any house, room, or place so kept or used; and whoever advances or furnishes money for the purpose of gaming with persons frequenting such house, room, or place—shall be liable to a fine not exceeding two hundred Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding three months.

[Penalty for being found playing in a gaming-house.]

XI. Whoever is found in any such house, room, or place, playing or gaming with cards, dice, counters, money, or other instruments of gaming, or is found there present for the purpose of gaming, whether playing for any money, wager, stake, or otherwise, shall be liable to a fine not

আজ্ঞা করিতে পারিবেন, আর যদি সেই লোক পাঁচ দিনের মধ্যে সেই আজ্ঞামতে কার্য্য না করে তবে তাহার পর যত দিন ঐ ঘরের সেইরূপ ব্যবহার হইয়া থাকে, তাহার দিনপ্রতি তিনি পঁচিশ টাকাপর্য্যন্ত তাহার জরীমানা করিতে পারিবেন ইতি।

[গাঁজাধরা শরাবের খুজরা বিক্রয়ের পাট্টা মাজিষ্ট্রেট সাহেবের সম্মতিক্রমে দেওয়া যাইবেক।

৮ ধারা। ইহার পরে যেরূপ বিধান হইয়াছে তদ্ভিন্ন অন্য স্থলে কোন হোটেলে কি টাবর্ণে কি পঞ্চ ঘরে কি এলঘরে কিম্বা আরক কি তাড়ীর দোকানে কিম্বা সাধারণ লোকেরদের গমনাগমন ও আহারাদি করিবার অন্য স্থানে কোন মাদক কি গাঁজাধরা শরাবের খুজরা বিক্রয় করিবার পাট্টা মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি না পাইলে কালেক্টর সাহেব দিবেন না। যদি সেই প্রকারের কোন পাট্টা দিবার বিষয়ে কালেক্টর সাহেবের ও মাজিষ্ট্রেট সাহেবের কিছু অনৈক্য হয়, তবে সেই কথার রিপোর্ট রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনর সাহেবের নিকটে করা যাইবেক, ও বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম ও কর্তৃত্বের অধীনে কমিস্যনর সাহেব যে নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

[পাট্টা বাতিল করণ।]

৯ ধারা। সাধারণ লোকেরদের গমনাগমন ও আহারাদি করিবার পূর্ব্বোক্ত প্রকারের কোন ঘরের কি স্থানের রক্ষক কোন ব্যক্তির নামে যদি ১৮৫৬ সালের ২১ আইনের ৪৫ ধারার নির্দ্দিষ্ট কোন দোষ সাব্যস্ত হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত বোধ করিলে কালেক্টর সাহেবের নিকটে এমত দরখাস্ত করিতে পারিবেন যে ঐ ব্যক্তিকে যে পাট্টা দেওয়া গিয়াছে তাহা বাতিল করা যায়, আর তিনি সেইরূপে দরখাস্ত করিলে কালেক্টর সাহেব অগৌণে ঐ পাট্টা বাতিল করিবেন ইতি।

[জুয়াখেলাপ্রভৃতি করিবার ঘরের স্বামি হওনের কি ঐ ঘর রাখণের কিম্বা তাহাতে কর্ম্ম করণের দণ্ড।]

১০ ধারা। কোন ঘরের কি কুঠরীর কি স্থানের স্বামী কি দখীলকার হইয়া, কিম্বা তাহার ব্যবহার করিতে পাইয়া যে কোন ব্যক্তি সেই ঘরআদি জুয়াখেলার সাধারণ ঘরস্বরূপে রাখে কি ব্যবহার করে, আর কোন ঘরের কি কুঠরীর স্বামী কি দখীলকার হইয়া যে কোন ব্যক্তি পূর্ব্বোক্ত অভিপ্রায়ে তাহা অন্য কোন লোকের দ্বারা রাখিতে কি তাহার তদ্রূপ ব্যবহার হইতে জানিয়াশুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক অনুমতি দেয় সেই ব্যক্তি, আর যে কোন ঘর কি কুঠরী কি স্থান পূর্ব্বোক্ত অভিপ্রায়ে রাখা যায় কি যে কোন ঘরআদির তদ্রূপে ব্যবহার হয়, তাহার রক্ষা কি তত্ত্বাবধারণের কর্ম্ম যে ব্যক্তির থাকে কিম্বা যে ব্যক্তি তাহার কর্ম্ম চালাইবার কোন প্রকারে সাহায্য করে, ও সেই ঘরে কি কুঠরীতে কি স্থানে যে লোকেরা গিয়া থাকে তাহারদের সঙ্গে জুয়াখেলা করিবার নিমিত্তে যে কোন ব্যক্তি টাকা আগাম দেয় কি যোগায়, সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, অথবা তিন মাসের অনধিক কোন কাল কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[জুয়াখেলা করিবার ঘরে যাহাকে খেলিতে পাওয়া যায় তাহার দণ্ড।]

১১ ধারা। সেই প্রকারের কোন ঘরে কি কুঠরীতে কি স্থানে যে কোন ব্যক্তিকে তাস কি পাশা কি খুঁটি কি টাকা, কিম্বা জুয়াখেলা করিবার অন্য দ্রব্য লইয়া খেলা করিতে, কি জুয়াখেলা করিতে পাওয়া যায়, কিম্বা জুয়াখেলা করিবার অভিপ্রায়ে সেই স্থানে বর্ত্তমান পাওয়া যায়, সেই ব্যক্তি কোন টাকার জন্যে, কিম্বা পণকরা কি

exceeding one hundred Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding one month; and any person found in any common gaming-house during any gaming or playing therein, shall be presumed, until the contrary be proved, to have been there for the purpose of gaming.

কারিরাখা বিষয়ের জন্যে খেলা করুক কি না করুক, সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক কিম্বা এক মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক। আর সাধারণ জুয়াখেলা করিবার ঘরে যে সময়ে কোন জুয়াখেলা কি ক্রীড়া হইতেছে, সেই সময়ে যে কোন ব্যক্তিকে সেই ঘরে পাওয়া যায়, যাবৎ বিপরীত প্রমাণ না করা যায় তাবৎ সেই ব্যক্তি জুয়াখেলা করিবার জন্যে সেই ঘরে ছিল, এমত জ্ঞান হইবেক ইতি।

[Magistrate may grant warrants to Police Officers to enter a gaming-house for the purpose of search and seizure.]

XII. If the magistrate, upon information on oath, and after such enquiry as he may think necessary, has reason to believe that any house, room, or place is used as a common gaming-house, he may, by his warrant, give authority to any superior Officer of Police to enter, with such assistance as may be found necessary, by night or by day, and by force if necessary, any such house, room, or other place, and to take into custody all persons whom he finds therein, whether or not then actually gaming, and to seize all instruments of gaming and all monies, and securities for money, and articles of value, reasonably suspected to have been used or intended to be used for the purpose of gaming, which are found therein, and to search all parts of the house, room, or place which he shall have so entered, when he has reason to believe that any instruments of gaming are concealed therein, and also the persons of those whom he so takes into custody, and to seize and take possession of all instruments of gaming found upon such search.

[মাজিষ্ট্রেট সাহেব তলাশ ও গ্রেপ্তার করিবার জন্যে জুয়াখেলার ঘরে পোলীসের আমলারদিগকে প্রবেশ করিবার পরওয়ানা দিতে পারিবেন।]

১২ ধারা। সামান্য জুয়াখেলার ঘরের মতে কোন ঘরের কি কুঠরীর কি স্থানের ব্যবহার হইতেছে মাজিষ্ট্রেট সাহেব এই সম্বাদ শপথক্রমে পাইলে, ও যেরূপ তদারক করা আবশ্যক বোধ করেন তাহা করিলে পর যদি তাহা বিশ্বাস করেন, তবে তিনি আপন পরওয়ানা দিয়া পোলীসের কোন উপরিস্থ আমলাকে, তাহার সাহায্যের জন্যে যাহারদের আবশ্যক হয় তাহারদিগকে লইয়া সেইপ্রকারের কোন ঘরে কি কুঠরীতে কি অন্য স্থানে, রাত্রিতে কি দিনে ও আবশ্যক হইলে বলপূর্ব্বক প্রবেশ করিতে, ও সেই স্থানে যাহারদিগকে পায় তাহারা সেই সময়ে নিতান্ত খেলা করুক কি না করুক সেই সকল ব্যক্তিকে হেফাজতে লইতে, ও সেই স্থানে জুয়াখেলা করিবার যে সকল দ্রব্য পাওয়া যায়, তাহা, ও যে সকল টাকা ও টাকার নিদর্শন ও মূল্যবান দ্রব্য জুয়াখেলার জন্যে ব্যবহার হইয়াছে কিম্বা হইবার নিমিত্তে থাকে, এমত সন্দেহ উপযুক্তমতে হইতে পারে, তাহা ক্রোক করিতে, আর যে ঘরে কি কুঠরীতে কি স্থানে সেইপ্রকারে প্রবেশ করিয়াছে তাহাতে জুয়াখেলা করিবার কোন দ্রব্য লুকাইয়া রাখা গিয়াছে তাহার এমত বুঝিবার কারণ থাকিলে, তাহার সকল স্থানে তলাশ করিতে, আর সেইপ্রকারে যে ব্যক্তিরদিগকে হেফাজতে লয় তাহারদের গা তলাশী করিতে, আর সেইপ্রকারে তলাশ করিয়া জুয়াখেলা করিবার যে সকল দ্রব্য পায়, তাহা ক্রোক করিয়া লইতে ক্ষমতা দিতে পারিবেন ইতি।

[On conviction for keeping a gaming-house, instruments of gaming to be destroyed, &c.]

XIII. On conviction of any person for keeping any such common gaming-house, or being present therein for the purpose of gaming, all the instruments of gaming found therein shall be destroyed by order of the Magistrate, who may also order all or any of the securities for money, and other articles seized, not being instruments of gaming, to be sold and converted into money, and the proceeds thereof, with all monies seized therein, to be forfeited, or, in his discretion, may order any part thereof to be returned to the persons appearing to have been severally thereunto entitled.

[জুয়াখেলার ঘর রাখিবার দোষ সাব্যস্ত হইলে তাসআদি নষ্ট করা যাইবেক।]

১৩ ধারা। কোন ব্যক্তির সেই প্রকারের কোন সামান্য জুয়াখেলার ঘর রাখিবার, কিম্বা জুয়াখেলার নিমিত্তে সেই ঘরে উপস্থিত হইবার দোষ সাব্যস্ত হইলে, সেই ঘরের মধ্যে জুয়াখেলার যে সকল দ্রব্য পাওয়া যায় তাহা মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে নষ্ট করা যাইবেক। আরো তিনি জুয়াখেলার দ্রব্য না হইয়া টাকার যে নিদর্শন ও অন্য দ্রব্য ক্রোক করা গিয়াছে, তাহার সমুদয় কিম্বা তাহার মধ্যে কোন দ্রব্য বিক্রয় হইয়া, তাহার টাকা লইবার আজ্ঞা করিতে পারিবেন, ও তাহাতে যত টাকা পাওয়া যায় তত টাকা, ও সেই ঘরের মধ্যে যে সকল টাকা ক্রোক হয় তাহাও জব্দ হইবার, কিম্বা তাঁহার বিবেচনামতে যে২ ব্যক্তিরদের ঐ টাকা পাইবার স্বত্ব আছে বোধ হয় তাহারদিগকে তাহার কোন অংশ ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Portion of fine may be paid to informer.]

XIV. The Magistrate may direct any portion, not exceeding one-fourth of any fine which shall be levied under Sections X. and XI. of this Act, or any part of the monies, or proceeds of articles

[জরীমানার এক অংশ গোয়েন্দাকে দেওয়া যাইতে পারিবেক।]

১৪ ধারা। এই আইনের ১০ ও ১১ ধারামতে যে কিছু জরীমানা আদায় হয় তাহার চতুর্থাংশের অনধিক কোন অংশ, কিম্বা ১৩ ধারামতে যে কিছু টাকা কি দ্রব্য ক্রোক হইয়া জব্দ হইবার আজ্ঞা হয় সেই টা-

seized, and ordered to be forfeited under Section XIII., to be paid to an informer.

[Gambling in the streets.]

XV. A Police Officer may apprehend without warrant any person found gaming with cards, dice, counters, money, or other instruments of gaming, in any public street, place, or thoroughfare; and such person shall be liable to a fine not exceeding twenty Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding one month; and such instruments of gaming and money shall be forfeited.

[Pawn-brokers and money-changers to report stolen property under a penalty for neglect.]

XVI. If any property regarding which written or printed information shall be given by any Police Officer to any pawn-broker or dealer in second-hand property or money changer, as having been stolen, embezzled, or fraudulently obtained, shall then be or thereafter come into the possession of or be offered in pawn or for sale or change to such pawn-broker, dealer, or money-changer, he shall, without unnecessary delay, give information at the nearest Police Office, that certain property, answering the description of the said property, was offered to him, or is in his possession, and shall also state the name and address given by the party by whom the same was offered, or from whom the same was received, under a penalty not exceeding fifty Rupees for each and every such neglect or offence; provided always that, in the case of wearing apparel or other articles, which it may be difficult for such pawn-broker or dealer to trace out and identify, no fine shall be exigible in respect of not reporting such articles, unless it shall appear to the Magistrate that such articles had been knowingly concealed by such pawn-broker or dealer

[If stolen articles be altered or defaced by broker, after information of the theft, he shall be deemed a receiver of stolen goods.]

XVII. If any pawn-broker or dealer in second-hand goods, or worker in gold or silver, after receiving information of the theft, or the embezzling, or the fraudulent disposal of any metals, goods, or articles of whatsoever description, melts, alters, defaces, or puts away the same, or causes the same to be melted, altered, defaced, or put away, without having previously received the permission of the Magistrate, and it shall be found that such metals, goods, or articles were stolen, embezzled, or fraudulently disposed of by the person from whom such pawn-broker, dealer, or worker received the same, or by any other person, then and in such case it shall be held that such pawn-broker, dealer, or worker knew that such

কার কি সেই দ্রব্যের উৎপন্ন টাকার কোন অংশ গোয়েন্দাকে দেওয়া যায়, মাজিষ্ট্রেট সাহেব এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[রাস্তায় জুয়াখেলা করিবার দণ্ড।]

১৫ ধারা। সরকারী কোন রাস্তায় কি স্থানে কি সকল লোকের গমনীয় পথে, তাস কি পাশা কি ঘুঁটি কি টাকা কিম্বা জুয়াখেলার অন্য দ্রব্য লইয়া জুয়াখেলা করিতে কোন ব্যক্তিকে পাওয়া গেলে, তাহাকে পোলীসের আমলা পরওয়ানা বিনাও গ্রেফ্তার করিতে পারিবেক। আর সেই ব্যক্তি কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, কিম্বা এক মাসের অনধিক কোন কাল কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক ও জুয়াখেলার সেই দ্রব্য ও টাকা জব্দ হইবেক ইতি।

[বন্ধকী দ্রব্যের মহাজনেরা ও পোদ্দারেরা চোরা জিনিসের রিপোর্ট করিবেক। না করিবার দণ্ড।]

১৬ ধারা। চুরী করা গিয়াছে, কি তহবীল ভাঙ্গিয়া লওয়া গিয়াছে, কি প্রবঞ্চনাপূর্ব্বক পাওয়া গিয়াছে বলিয়া, যে কোন সম্পত্তির লিখিত কি ছাপাকরা সম্বাদ পোলীসের কোন আমলা কোন বন্ধকী দ্রব্যের মহাজনকে কিম্বা পুরাতন বস্তুর দালালকে কিম্বা পোদ্দারকে দেয়, এমত কোন সম্পত্তি যদি সেই সময়ে কি তাহার পরে সেই বন্ধকী দ্রব্যের মহাজনের কি দালালের কি পোদ্দারের দখলে আইসে, কিম্বা তাহাকে বন্ধকরূপে দিবার কি বিক্রয় করিবার কিম্বা অন্য বস্তুর পরিবর্ত্তে দিবার প্রস্তাব হয়, তবে সেই ব্যক্তি অনাবশ্যক কিছু বিলম্ব না করিয়া, পোলীসের অতিনিকট ঘরে এই সম্বাদ দিবেক যে, উক্ত দ্রব্যের আকার প্রকারের অনুরূপ কতক দ্রব্য আমার নিকটে দিবার প্রস্তাব হইয়াছে, কি আমার দখলে আছে। আর যে ব্যক্তি সেই দ্রব্য দিবার প্রস্তাব করিয়াছে, কিম্বা যাহার স্থানে তাহা পাওয়া গিয়াছে, সে আপনার যে নাম ও বাসস্থান জানাইয়াছে তাহা জ্ঞাত করাইবেক। আর যতবার তাহা না করে, কি যতবার সেই অপরাধ করে, ততবার তাহার পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইবেক। পরন্তু বস্ত্রের কিম্বা অন্য যে দ্রব্যের সন্ধান লইয়া নিশ্চিতমতে চেনা সেইপ্রকার দালালের কি বন্ধকী দ্রব্যের মহাজনের দুষ্কর হইতে পারে, এমত দ্রব্যের রিপোর্ট না করণপ্রযুক্ত কোন জরীমানা লওয়া যাইতে পারিবেক না। কিন্তু যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে, বন্ধকী দ্রব্যের ঐ মহাজন, কি দালাল সেইপ্রকারের দ্রব্য জানিয়াশুনিয়া লুকাইয়া রাখিয়াছে, তবে তাহার জরীমানা হইবেক ইতি।

[চুরী হইবার সম্বাদ পাইলে পর যদি দালাল চোরা দ্রব্য রূপান্তর কি বিকটাকার করে তবে সে চোরা জিনিসের গ্রাহক জ্ঞান হইবেক।]

১৭ ধারা। যদি বন্ধকী দ্রব্যের কোন মহাজন কি পুরাতন বস্তুর দালাল কি সোণারূপার বণিক কোন ধাতু কি মাল কি কোন প্রকারের দ্রব্য চুরী হওনের কি তহবীল ভাঙ্গিয়া লওয়া যাওনের কি প্রবঞ্চনাপূর্ব্বক হস্তান্তর হওনের সম্বাদ পাইলে পর, মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি প্রথমে না পাইয়া, আপনি কি অন্য লোকের দ্বারা তাহা গলাইয়া ফেলে, কি রূপান্তর করে, কি বিকটাকার করে, কি রাখিয়া দেয়, আর বন্ধকী দ্রব্যের ঐ মহাজন কি দালাল কি বণিক ঐ ধাতু কি মাল কি দ্রব্য যাহার স্থানে পাইয়াছিল, সেই লোক কি অন্য কোন লোক তাহা চুরী করিয়াছিল কি তহবীল ভাঙ্গিয়া লইয়াছিল কি প্রবঞ্চনাপূর্ব্বক হস্তান্তর করিয়াছিল ইহা যদি দৃষ্ট হয়, তবে ও সেইরূপ স্থলে ঐ ধাতু কি মাল কি দ্রব্য চুরী করা গিয়াছিল কি তহবীল ভাঙ্গিয়া লওয়া গিয়াছিল কি প্রবঞ্চনাপূর্ব্বক হস্তান্তর করা গিয়াছিল, এই

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৩০ জুন।]

metals, goods, or articles were stolen, embezzled, or fraudulently disposed of, and such pawn-broker, dealer, or worker shall be proceeded against according to law as a receiver of stolen goods, or as being a party to the fraud, and punished accordingly; and no other evidence of his guilt shall be necessary than evidence of such melting, altering, defacing, or putting away, after receiving information as aforesaid.

[Manufacture or possession of Gunpowder.]

XVIII. Whoever manufactures Gunpowder, or, without a license from the Magistrate, has in his possession, in any house, shop, warehouse, or other building, at any one time, a greater quantity of Gunpowder than ten pounds, shall be liable to a fine not exceeding two hundred Rupees, and also to forfeit such Gunpowder so manufactured or possessed together with the vessel or receptacle in which it may be contained.

[Licenses by Magistrate for sale and deposit of Gunpowder, &c.]

XIX. The Magistrate may grant to any person a license for the sale or keeping in deposit of any quantity of Gunpowder not exceeding fifty pounds, on such conditions, and for such term, not exceeding one year, as shall be specified in the license; and any person who shall be guilty of a breach of any such conditions, shall be liable to a fine, not exceeding one hundred Rupees, and to forfeit all Gunpowder so kept in deposit contrary thereto, and the vessels containing it, and also to forfeit his license.

[Penalty for drunkenness, or riotous or indecent behaviour in public.]

XX. Whoever is found drunk and incapable of taking care of himself, or is guilty of any riotous or indecent behaviour in any street or thoroughfare, or in any place of public amusement or resort, and whoever is guilty of violent behaviour in any Police Office, shall be liable to a fine not exceeding twenty Rupees, or to imprisonment, with or without hard labor, for a term not exceeding fourteen days.

[Penalty for committing a nuisance in streets.]

XXI. Whoever wilfully and indecently exposes his person, or commits a nuisance, by easing himself in or by the side of or near to any public street or thoroughfare or place, shall be liable to a fine not exceeding ten Rupees, or, in default thereof, to imprisonment, with or without hard labor, for a term not exceeding fourteen days.

[Beggars.]

XXII. Whoever in any public road, street, thoroughfare, or place, begs or applies for alms, or exposes or exhibits any sores, wounds, bodily ailment, or deformity, with the object of exciting charity or of obtaining alms; or whoever seeks

বস্তু বন্ধকী দ্রব্যের সেই মহাজন কি দালাল কি বণিক আনিয়াছিল, এমত জ্ঞান হইবেক, ও চোরা জিনিসের গ্রাহক বলিয়া, কিম্বা ঐ চাতুরীর কার্য্যের ভাগী বলিয়া, বন্ধকী দ্রব্যের ঐ মহাজনের কি দালালের কি বণিকের সঙ্গে আইনমতে কার্য্য হইবেক, ও তদনুসারে তাহার দণ্ড হইবেক। আর পূর্ব্বোক্ত প্রকারের সম্বাদ পাইলে পর, ঐ গলাইয়া ফেলিবার কি পরিবর্ত্তন করিবার কি বিকটাকার করিবার কি রাখিয়া দিবার প্রমাণ ভিন্ন, তাহার দোষের অন্য কোন প্রমাণের আবশ্যক হইবেক না ইতি।

[বারুদ প্রস্তুত করা কি নিকটে রাখা।]

১৮ ধারা। যে কোন ব্যক্তি বারুদ প্রস্তুত করে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের স্থানে পাট্টা না পাইয়া, আপনার নিকটে কোন ঘরে কি দোকানে কি গোলাতে কি অন্য ইমারতে, একি কালে দশ পৌণ্ড অর্থাৎ পাঁচ শেরের অধিক বারুদ রাখে সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, ও সেই প্রকারের প্রস্তুতকরা কি দখলে রাখা বারুদ ও তাহা যে পাত্রেতে কি আধারে থাকে তাহা, জব্দ হইবার যোগ্য হইবেক ইতি।

[বারুদপ্রভৃতি বিক্রয় ও জমা করিয়া রাখিবার নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেবের পাট্টা।]

১৯ ধারা। মাজিষ্ট্রেট সাহেব কোন ব্যক্তিকে পঞ্চাশ পৌণ্ডের অনধিক বারুদ বিক্রয় করিবার কি জমা করিয়া রাখিবার পাট্টা দিতে পারিবেন, ও সেই পাট্টাতে যে নিয়ম ও এক বৎসরের অনধিক কালের যে মিয়াদ লেখা থাকে সেই নিয়মানুসারে সেই কালপর্য্যন্ত ঐ পাট্টা দিবেন। আর যে কোন ব্যক্তি সেই প্রকারের কোন নিয়ম লঙ্ঘন করিবার দোষী হয়, সে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, ও সেই নিয়মবিরুদ্ধে যে সকল বারুদ সেই প্রকারে রাখা গিয়াছে তাহা, ও সেই বারুদ যেং পাত্রেতে রাখা যায় তাহা জব্দ হইতে পারিবেক, ও তাহার পাট্টাও জব্দ হইতে পারিবেক ইতি।

[প্রকাশ স্থানে মাতলামী কিম্বা গোলমাল কি নির্লজ্জার কর্ম্ম করিবার দণ্ড।]

২০ ধারা। যে কোন ব্যক্তিকে কোন রাস্তায় কি পথে, কি সাধারণ লোকেরদের আমোদের কি গমনাগমনের কোন স্থানে মাতাল ও আপনার খবরদারী করিবার অপারক দেখা যায়, কিম্বা কোন গোলমালের কি নির্লজ্জার কর্ম্ম করিবার দোষী হয়, ও যে কেহ কোন পোলীস ঘরে কোন জবরদস্তী করিবার দোষী হয়, সেই ব্যক্তি কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, অথবা চৌদ্দ দিনের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[রাস্তায় অনিষ্ট কার্য্য করিবার দণ্ড।]

১৪। আসামী যাহারদিগের নাম পূর্ব্বে ব্যক্ত করে নাই এমত কোন সাক্ষিরদিগকেও ডাকাইতে অনুমতি পাইবেক। কিন্তু যে মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক তাহাকে বিচারার্থে সোপর্দ্দ করিয়াছিলেন বা তাহার স্থানে জামিন লইয়াছিলেন তাঁহার নিকটে যে ইসমনবিসী দেওয়া গিয়াছিল তাহার লিখিত সাক্ষি ভিন্ন অন্য কোন লোককে সমন করাইতে পারিবেক না, কেবল ১৪ অধ্যায়ের ১৪ প্রকরণমতে পারিবেক।

[বিচার করিবার অন্য সময় নিরূপণ করণ।]

১৫। আদালত আপনার বিবেচনামতে যেমন আবশ্যক হয় তেমনি মোকদ্দমার বিচার স্থগিত করিয়া অন্য সময় নিরূপণ করিতে পারিবেন, সেই প্রকারে সময়ে২ করিতে পারিবেন।

[সময়ান্তরের বৈঠকে জুরি কি আসেসরেরা হাজির থাকিবেন।]

১৬। বিচার হইবার অন্য সময় নিরূপণ হইলে জুরির অথবা বিষয়বিশেষে আসেসরেরদের সেই সময়ান্তরের বৈঠকে, ও বিচারের কার্য্য যাবৎ সমাপ্ত না হয় তাবৎ তৎপরের প্রত্যেক বৈঠকে হাজির হইতে হইবেক।

[আসেসরেরদের মত জানান। জুরির বিচার।]

১৭। আসেসরেরদের সহকারে যে মোকদ্দমার বিচার হয় তাহাতে জজ সাহেব আপনার মত জানাইবার

call upon the assessors for their opinions. The opinion of each assessor shall be given separately and recorded. In cases tried by jury, the judge shall sum up the evidence on both sides, and the jury shall then deliver their finding upon the charge.

আগে আসেসরেরদিগকে তাঁহারদের মত জানাইতে কহিবেন। প্রত্যেক জন আসেসরের মত স্বতন্ত্র দেওয়া যাইবেক ও লেখা যাইবেক। যেং মোকদ্দমার বিচার জুরির দ্বারা হয়, তাহাতে জজ সাহেব উভয় পক্ষের দত্ত প্রমাণের সারাংশ জুরিকে জানাইবেন ও জুরি সেই নালিশের বিষয়ে আপনারদের বিচার ব্যক্ত করিবেন।

[Conviction.]

18. If the defendant is convicted, and the case is one which the Session Judge is competent to dispose of finally, he shall proceed to pass sentence upon the defendant according to law.

[দোষ সাব্যস্ত করণ।]

১৮। যদি আসামীর দোষ সাব্যস্ত হয়, ও মোকদ্দমা বুঝিয়া যদি সেশন জজ সাহেব তাহার চূড়ান্তরূপে নিস্পত্তি করিতে ক্ষমতাপন্ন হন, তবে তিনি আইনঅনুসারে আসামীর দণ্ডের আজ্ঞা করিতে প্রবর্ত্ত হইবেন।

[Reference to Sudder Court.]

19. If the case is one in which, if the defendant be convicted, it belongs to the Sudder Court to pass sentence, the Session Judge shall record the conviction, and refer the case to the Sudder Court, with a statement in writing of his opinion as to the sentence which should be passed upon the defendant; and in cases tried by jury, the Session Judge shall also transmit with the case a report of his direction to the jury.

[সদর আদালতের প্রতি সমর্পণ।]

১৯। আসামীর দোষ সাব্যস্ত হইলে, যদি মোকদ্দমা বুঝিয়া দণ্ডের আজ্ঞা করিবার ভার সদর আদালতের প্রতি থাকে, তবে যে দোষ সাব্যস্ত হইয়াছে তাহা সেশন জজ সাহেব লিখিয়া সদর আদালতে মোকদ্দমা অর্পণ করিবেন, ও আসামীর উপর যে দণ্ডের আজ্ঞা করা উচিত এই বিষয়ে আপনার মত কৈফিয়তে লিখিয়া পাঠাইবেন, আর যেং মোকদ্দমার বিচার জুরির দ্বারা হয় তাহাতে সেশন জজ সাহেব জুরিকে যে আদেশ করিয়াছিলেন তাহার রিপোর্ট মোকদ্দমার কাগজপত্রের সঙ্গে পাঠাইবেন।

[Transmission of monthly calendar of trials by Session Judge.]

20. The Session Judges shall transmit to the Sudder Court monthly statements or calendars in such form as the Sudder Court shall prescribe, of all trials held by them, exhibiting the sentence passed upon each defendant, together with an abstract of the evidence given at the trial.

[সেশন জজ সাহেব মাসেং বিচারকরা মোকদ্দমার কালেণ্ডর পাঠাইবেন।]

২০। সদর আদালতের সাহেবেরা যে নক্শা নির্দ্দিষ্ট করিবেন সেই নক্শামতে, সেশন জজ সাহেবেরা যে সকল মোকদ্দমার বিচার করেন তাহার এক কৈফিয়ৎ কি কালেণ্ডর মাসেং সদর আদালতে পাঠাইবেন। তাহাতে বিচারকালে যে সকল প্রমাণ দেওয়া গিয়াছিল তাহার খোলাসাসমেত প্রত্যেক আসামীর উপর যে দণ্ডের আজ্ঞা হইয়াছে তাহার কথা প্রকাশ হইবেক।

CHAPTER XXIII.
SUDDER COURT,
AS A COURT OF REFERENCE.

২৩ অধ্যায়।
যাহাতে মোকদ্দমা অর্পণ করা যায় এমত আদালতস্বরূপ সদর আদালত।

[Court for hearing of referred trials.]

1. A case referred by a Session Judge for the final judgment and sentence of the Sudder Court shall be heard by a Court constituted by three judges of the said Sudder Court, and the sentence shall be signed by not less than two of such judges.

[অর্পিত মোকদ্দমা শুনিবার আদালত।]

১। সেশন জজ সাহেব সদর আদালতের চূড়ান্ত নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞার জন্যে যে মোকদ্দমা অর্পণ করেন তাহা উক্ত সদর আদালতের তিন জন জজ সাহেবকে লইয়া সংস্থাপিত আদালতে শুনা যাইবেক, ও দণ্ডাজ্ঞাতে সেই জজ সাহেবেরদের অতিন্যূন দুই জন দস্তখৎ করিবেন।

[Hearing of case referred, tried with assessors.]

2. In cases referred for the final judgment and sentence of the Sudder Court, which have been tried with the aid of assessors, that Court shall revise the record of trial submitted by the Court of Session, and if it approves of the conviction of the defendant, it shall proceed to sentence him to punishment according to law.

[আসেসরেরদের সহকারে যে মোকদ্দমার বিচার হয় এমত অর্পণকরা মোকদ্দমার শুনানি।]

২। যে মোকদ্দমার বিচার আসেসরেরদের সহকারে হয় এমত মোকদ্দমা সদর আদালতের চূড়ান্ত নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞার নিমিত্তে অর্পণ করা গেলে, সেশন আদালত ঐ বিচার কার্য্যের যে সকল কাগজপ[illegible]টান্ তাহা ঐ আদালত দৃষ্টি করিবেন, ও [illegible]র দোষ সাব্যস্ত করণের কথায় যদি সম্মত হন তবে আইনঅনুসারে তাহার দণ্ডের আজ্ঞা করিতে প্রবর্ত্ত হইবেন।

[Acquittal.]

3. If the Sudder Court disapproves of the conviction of the defendant absolutely, it shall pass a judgment of acquittal.

[নির্দ্দোষ করণ।]

৩। আসামীর দোষ সাব্যস্ত করণের কথায় যদি সদর আদালত নিতান্ত অসম্মত হন তবে তাহার নির্দ্দোষিতার নিষ্পত্তি করিবেন।

[Difference of opinion between Sudder Court and Session Court as to offence proved.]

4. If the Sudder Court disapproves of the conviction of the defendant, on the ground that the

[যে অপরাধের প্রমাণ হইল তদ্বিষয়ে সদর আদালতের ও সেশন আদালতের মতের অনৈক্য হওন।]

৪। আসামীর যে অপরাধের প্রমাণ করা গেল তাহা আসামীর যে অপরাধ সাব্যস্ত হইয়াছে তাহার

offence proved does not answer to the legal definition of the offence of which he is convicted, it shall annul the conviction; but it shall be competent to the court to pass a judgment convicting the defendant of the offence which it deems to be proved by the evidence, and to sentence him to punishment according to law.

[Competence of Court to direct further inquiry, &c.]

5. In any case referred as above to the Sudder Court, it shall be open to the prosecutor or the defendant to move the Court for further inquiry upon any point bearing upon the guilt or innocence of the defendant; and it shall be competent to the Court, upon such application, or of its own accord, to direct such inquiry to be made, and additional evidence to be taken on any point, the further investigation of which is essential to the just decision of the case.

[Hearing of case referred, tried by jury.]

6. In cases referred for the sentence of the Sudder Court which have been tried by jury, the Court, on reviewing the depositions of the witnesses, the direction of the Judge, and the conviction, shall determine any point of law arising out of the case, and thereupon pass such judgment and sentence as to the Sudder Court shall seem right.

CHAPTER XXIV.

FINDING, JUDGMENT, AND SENTENCE.

[Form of verdict in jury trials.]

1. In any trial by Jury, when the Jury are unanimous in thinking the defendant guilty, the verdict shall be that the defendant is guilty of the offence specified in the charge, or of the offence specified in such a head of charge, when there are more heads than one. When the Jury are not unanimous, but two-thirds or more concur in thinking the defendant guilty, the verdict shall be that the defendant is found guilty of the offence specified in the charge, or in such a head of charge as above provided, by a majority consisting of six, seven, eight, as the case may be, of the Jurors. When any number of the Jurors exceeding one-third concur in thinking the defendant not guilty, the verdict shall be that the defendant is not guilty. When the Jury, or two-thirds or more of the Jurors, concur in thinking the defendant guilty of an offence, but are doubtful under which of two heads of charge the offence falls, the verdict shall be that the defendant is guilty either of the offence charged in such a head, or of the offence charged in such another head of charge.

[What the Judgment is to specify.]

2. When the trial in any Criminal Court is concluded, the Court, in passing judgment, if it convicts the defendant, shall distinctly specify the

আইনমতের ব্যাখ্যার সঙ্গে মিলে না বলিয়া যদি সদর আদালত আসামীর দোষ সাব্যস্ত করণের কথার সম্মত না হন, তবে সেই দোষ সাব্যস্ত করণ বাতিল করিবেন। কিন্তু ন্যায্যক্রমে আসামীর যে অপরাধের প্রমাণ হইল জ্ঞান করেন তাহার সেই অপরাধ সাব্যস্ত করণের নিষ্পত্তি করিতে, ও আইনঅনুসারে তাহার দণ্ডের আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হইবেন।

[অধিক তজবীজপ্রভৃতি করিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতা।]

৫। পূর্ব্বোক্ত প্রকারে যে কোন মোকদ্দমা সদর আদালতে অর্পণ করা যায় তাহাতে আসামীর দোষের কি নির্দ্দোষিতার সম্পর্কীয় কোন বিষয়ে অধিক তদারক করিবার দরখাস্ত ফরিয়াদী কি আসামী আদালতে করিতে পারিবেক। আর সদর আদালত সেইরূপ দরখাস্ত পাইলে, কিম্বা আপনার ইচ্ছামতে, এমত আজ্ঞা করিতে পারিবেন যে সেইরূপ তদারক করা যায়, ও মোকদ্দমার যথার্থ বিচার হইবার জন্যে যে কোন বিষয়ের অধিক তজবীজ করা আবশ্যক সেই বিষয়ের অধিক প্রমাণ লওয়া যায়।

[জুরির দ্বারা যে মোকদ্দমার বিচার হয় অর্পণকরা এমত মোকদ্দমার শুননি।]

৬। জুরির দ্বারা যে মোকদ্দমার বিচার হয় তাহা সদর আদালতহইতে দণ্ডাজ্ঞা হইবার জন্যে অর্পণ করা গেলে, ঐ আদালত সাক্ষিরদের জোবানবন্দী ও জজ সাহেবের আদেশ ও যে দোষ সাব্যস্ত হয় তাহা দৃষ্টি করিয়া, সেই মোকদ্দমাতে আইনঘটিত যে কোন কথার উদয় হয় তাহা নির্ণয় করিয়া, তদনুসারে যে নিষ্পত্তি ও দণ্ডের আজ্ঞা উচিত জ্ঞান করেন তাহা করিবেন।

---

২৪ অধ্যায়।

বিচার ও নিষ্পত্তি ও দণ্ডের আজ্ঞা।

[জুরির দ্বারা মোকদ্দমার বিচার হইলে তাঁহারদের বিচার যেরূপে ব্যক্ত হইবেক।]

১। জুরির দ্বারা যে কোন মোকদ্দমার বিচার হয় তাহাতে যদি আসামীর দোষি হওয়ার বিষয়ে জুরির সকল ব্যক্তি একমত হন, তবে নালিশপত্রে যে অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে তদ্বিষয়ে, কিম্বা যদি নালিশপত্রে দুই কি ততোধিক দফা থাকে তবে অমুক দফার নির্দ্দিষ্ট অপরাধের বিষয়ে, আসামী দোষী আছে এমত বিচার হইবেক। যদি জুরির সকল লোকের এক মত না হয় কিন্তু তিন অংশের দুই অংশ কি তাহার অধিক লোক আসামীকে দোষী জ্ঞান করেন, তবে এই বিচার হইবেক যে, জুরির অধিকাংশ ব্যক্তি, অর্থাৎ বিষয়বিশেষে ছয় কি সাত কি আট জন, আসামীকে নালিশপত্রের নির্দ্দিষ্ট অপরাধের কিম্বা পূর্ব্বলিখিত মতে নালিশপত্রের অমুক দফার লিখিত অপরাধের দোষী জ্ঞান করেন। যদি জুরির তিন অংশের এক অংশের অধিক লোক আসামীকে নির্দ্দোষী জ্ঞান করেন তবে এই বিচার হইবেক যে, আসামী নির্দ্দোষী আছে। যখন জুরির সকল লোক কিম্বা তাঁহারদের দুই অংশের তিন অংশ কি ততোধিক লোক একমত হইয়া জ্ঞান করেন যে আসামী অপরাধী বটে কিন্তু নালিশপত্রের যে দুই দফাতে অপরাধ লেখা থাকে তাহার কোন্ দফাক্রমে আসামী দোষী হয় এই বিষয়ের সন্দেহ থাকে, তবে এই বিচার হইবেক যে, আসামী নালিশপত্রের অমুক দফার লিখিত অপরাধের কিম্বা অন্য অমুক দফার লিখিত অপরাধের দোষী আছে।

[নিষ্পত্তিপত্রে যাহা নির্দ্দিষ্ট থাকিবেক।]

২। কোন ফৌজদারী আদালতে বিচারের কার্য্য সমাপ্ত হইলে পর, আদালত নিষ্পত্তি লিখিবার কালে যদি আসামীর দোষ সাব্যস্ত করেন, তবে তাহার যে

offence of which, and the Clause and Chapter of the Penal Code under which, it convicts him; or if it be doubtful under which of two Clauses the offence falls, shall distinctly express the same and pass judgment in the alternative, according to Clause 18 of Chapter III.

[Acquittal.]

3. If the defendant, after having been called upon for his defence, is acquitted, the acquittal shall be recorded so as to have a distinct reference to the charge to which the defendant was required to answer, in order to save him from any further prosecution upon the facts to which it related.

[Form of finding and sentence.]

4. The finding and sentence shall be recorded in the following form, or to the same effect:—

In trials by Jury:

When the Jury are unanimous:

The Jury find that Z is guilty of the offence specified in the charge, namely, that Z has waged war against the Government of a part of the territories of the East India Company, and has thereby committed an offence punishable under Clause 1 Chapter VI. of the Penal Code; and the Court directs that the said Z [*sentence*].

2nd. The Jury find that Z is not guilty of the offence specified in the charge, namely, that Z has waged war against the Government of a part of the territories of the East India Company, and has thereby committed an offence punishable under Clause 1 Chapter VI. of the Penal Code; and the Court directs that the said Z be discharged.

When the Jury are not unanimous, but two-thirds or more of the Jurors concur in thinking the defendant guilty:—

3rd. A majority of the Jurors, consisting of seven of their number, find that Z is guilty of the offence specified in the charge, namely, that Z has, with the intention of inducing a member of the Council of India to refrain from exercising a lawful power of such member, assaulted such member, and, by so assaulting, has voluntarily caused grievous hurt, not on grave and sudden provocation, and has thereby committed an offence punishable under Clause 3 Chapter VI. of the Penal Code, and by committing such offence, has also committed an offence punishable under Clause 28 Chapter XVI. of the Penal Code. The Court concurs in such finding, and, as Z has, by reason of the premises, become liable to cumulative punishment under Clause 4 Chapter VI. of the Penal Code, the Court directs that the said Z be [*sentence*].

4th. A minority of the Jury, consisting of two of their number, finds that Z is not guilty of the offence specified in the charge, namely, that Z has, with the intention of inducing a member of the Council of India to refrain from exercising a lawful power of such member, assaulted such member,

অপরাধ সাব্যস্ত করেন ও দণ্ডবিধির আইনের যে অধ্যায়ের যে প্রকরণক্রমে তাহার দোষ সাব্যস্ত করেন তাহা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট করিবেন। অথবা দুই প্রকরণের মধ্যে কোন্ প্রকরণের কথার মধ্যে ঐ অপরাধ আইসে এই বিষয়ে যদি সন্দেহ থাকে, তবে সেই সন্দেহ স্পষ্টরূপে লিখিবেন, ও ৩ অধ্যায়ের ১৮ প্রকরণানুসারে ঐ সন্দেহ স্থলের নিষ্পত্তি প্রকাশ করিবেন।

[নির্দ্দোষ করণ।]

৩। আসামীকে জওয়াব দিতে তলব হইলে পর যদি নির্দ্দোষী করা যায়, তবে তাহাকে যে নালিশের উত্তর দিতে আজ্ঞা হইয়াছিল সেই নালিশের সম্পর্কীয় বৃত্তান্তের উপর তাহার নামে অন্য কোন নালিশ উপস্থিত হইতে না পারে এই জন্যে ঐ নির্দ্দোষকরণের আজ্ঞাতে ঐ নালিশের স্পষ্টমতে উল্লেখ হইবেক।

[বিচার ও দণ্ডের আজ্ঞা যেরূপে লিখিতে হইবেক।]

৪। বিচার ও দণ্ডের আজ্ঞা নীচের লিখিতমতে কি তাহার মর্ম্মমতে লিখিতে হইবেক।

জুরির দ্বারা বিচার হইলে।

যদি জুরির সকল লোকের এক মত হয়।

প্রথম। জুরির এই বিচার যে, যদু নালিশপত্রের লিখিত অপরাধের দোষী। অর্থাৎ যদু কোম্পানি বাহাদুরের দেশের এক অংশের গবর্ণমেণ্টের বিরুদ্ধে যুদ্ধ করিয়াছে ও তাহাতে দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ১ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধ করিয়াছে, ও আদালত আজ্ঞা করেন যে উক্ত যদুর (দণ্ডাজ্ঞা)

দ্বিতীয়। জুরির এই বিচার যে, যদু নালিশপত্রের লিখিত অপরাধের দোষী নহে, অর্থাৎ কোম্পানি বাহাদুরের দেশের এক অংশের গবর্ণমেণ্টের বিরুদ্ধে যুদ্ধ করে নাই ও দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ১ প্রকরণক্রমে দণ্ডনীয় অপরাধ করে নাই। ও আদালত উক্ত যদুকে খালাস করিতে আজ্ঞা করেন।

যদি জুরির সকল লোকের এক মত না হয় কিন্তু তাঁহারদের তিন অংশের দুই অংশ কি তাহার অধিক লোক আসামীকে দোষি জ্ঞান করেন।

তৃতীয়। জুরির অধিকাংশ লোক অর্থাৎ তাঁহারদের সাত জনের এই বিচার যে, যদু নালিশপত্রের লিখিত অপরাধের দোষী আছে, অর্থাৎ ভারতবর্ষের কৌন্সেলের কোন মেম্বর সাহেবকে আপন আইনসিদ্ধ ক্ষমতাক্রমে কোন কার্য্য করিতে ক্ষান্ত করাইবার জন্যে ঐ যদু ঐ মেম্বর সাহেবের উপর আক্রমণ করিয়াছে, ও তদ্রূপ আক্রমণ করণেতে হঠাৎ ভারি রাগ জন্মাইবার কারণ না পাইয়াও জানিয়াশুনিয়া তাঁহাকে ভারি আঘাত করাইয়াছে ও ইহাতে দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ৩ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধ করিয়াছে, ও সেইরূপ অপরাধ করণেতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ২৮ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধ করিয়াছে। আদালত সেই বিচারে সম্মত [illegible] পূর্ব্ব কার্য্যপ্রযুক্ত দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ৪ প্রকরণমতে সংযুক্ত দণ্ডের যোগ্য হইয়াছে এই কারণে আদালত হুকুম করেন যে উক্ত যদুর (দণ্ডাজ্ঞা)

চতুর্থ। জুরির অল্পাংশ লোক অর্থাৎ তাঁহারদের দুই জনের এই বিচার যে, যদু নালিশপত্রের লিখিত অপরাধের দোষী নহে, অর্থাৎ যদু ভারতবর্ষের কৌন্সেলের এক জন, মেম্বর সাহেবকে আপন আইনসিদ্ধ ক্ষমতাক্রমে কোন কার্য্য করিতে ক্ষান্ত করাইবার জন্যে সেই মেম্বর সাহেবের উপর আক্রমণ করে নাই ও

and, by so assaulting has voluntarily caused grievous hurt, not on grave and sudden provocation, and has thereby committed an offence punishable under Clause 3 Chapter VI. of the Penal Code, and by committing such offence, has also committed an offence punishable under Clause 28 Chapter XVI. of the Penal Code, and has by reason of the premises become liable to cumulative punishment under Clause 4 Chapter VI. of the Penal Code. The Court concurs in such finding, and directs that the said Z be discharged.

5th. When the Jury are not unanimous, but any number of the Jurors exceeding one-third concur in thinking the defendant not guilty, the form No. 2 shall be followed.

When the Jury, or two-thirds or more of the Jurors, concur in thinking the defendant guilty of an offence, but are doubtful under which of two heads of a charge the offence falls:—

6th. The Jury (*or* the majority of the Jurors consisting of

of their number as the case may be,) find that Z is guilty either of the offence specified in the first head of charge, or of the offence specified in the second head of charge: namely, that Z has either committed theft, and has thereby committed an offence punishable under Clause 2 Chapter XVII. of the Penal Code, or that he has committed criminal breach of trust, and has thereby committed an offence punishable under Clause 28 of the same Chapter of the Penal Code. The Court directs (*or* the Court concurs in such finding and directs) that under the provisions of the above-mentioned Clauses, and the provisions of Clause 18 Chapter III. of the Penal Code, the said Z be [*sentence*].

In trials with Assessors:

7th. The Court, concurring with the Assessors, (*or* one or more of the Assessors,) finds that Z is guilty of the offence specified in the charge; namely, that Z has committed the offence of rioting, and has thereby committed an offence punishable under Clause 7 Chapter VIII. of the Penal Code; and the Court directs that the said Z be [*sentence*].

8th. The Court, differing from the Assessors finds that Z is not guilty of the offence specified in the charge, namely, that Z has committed the offence of rioting, and has thereby committed an offence punishable under Clause 7 Chapter VIII. of the Penal Code; and the Court directs that the said Z be discharged.

9th. The Court concurring with one of the Assessors, finds that Z is guilty either of the offence specified in the first head of charge, or of the offence specified in the second head of charge; namely, that Z has either committed theft, and has thereby committed an offence punishable under Clause 2 Chapter XVII. of the Penal Code, or that he has committed criminal breach of trust, and has thereby committed an offence punishable under Clause 28 of the same Chapter of the Penal

সেইরূপ আক্রমণেতে হঠাৎ ভারি রাগ জন্মাইবার কারণ না পাইয়াও জানিয়াশুনিয়া তাঁহাকে ভারি আঘাত করে নাই ও দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ৩ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধ করে নাই, ও সেই অপরাধকরণেতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ২৮ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধও করে নাই ও পূর্ব্ব কার্য্যপ্রযুক্ত দণ্ডবিধির আইনের ৬ অধ্যায়ের ৪ প্রকরণক্রমে সংযুক্ত দণ্ডের যোগ্য নহে। আদালত সেই বিচারেতে সম্মত হন ও উক্ত যদুকে খালাস করিবার আজ্ঞা করেন।

পঞ্চম। যদি জুরির সকল ব্যক্তির এক মত না হয় কিন্তু তাঁহারদের তিন অংশের একাংশ লোক আসামীকে নির্দ্দোষ জ্ঞান করেন, তবে দ্বিতীয় নম্বরের পাঠে বিচার লেখা যাইবেক।

যদি জুরির সমস্ত লোক কিম্বা তিন অংশের দুই অংশ কি তাহার অধিক লোক আসামীকে কোন অপরাধের দোষী জ্ঞান করেন কিন্তু নালিশের দুই দফার মধ্যে তাহার কোন্ দফার লিখিত অপরাধ হইয়াছে এই বিষয়ের সন্দেহ থাকে তবে।

ষষ্ঠ। জুরির সমস্ত ব্যক্তি (কিম্বা তাঁহারদের অধিকাংশ লোক অর্থাৎ এত জনের) এই বিচার হয় যে, যদু নালিশপত্রের প্রথম দফার নির্দ্দিষ্ট অথবা নালিশপত্রের দ্বিতীয় দফার নির্দ্দিষ্ট অপরাধের দোষী হইয়াছে। অর্থাৎ হয় যদু চুরী করিয়াছে ও দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২ প্রকরণের দণ্ডনীয় অপরাধ করিয়াছে, না হয় যদু অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করিয়াছে, ও তাহাতে দণ্ডবিধির আইনের সেই অধ্যায়ের ২৮ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধ করিয়াছে। আদালত হুকুম করেন (অথবা আদালত সেই বিচারে সম্মত হইয়া হুকুম করেন, যে) পূর্ব্বোক্ত প্রকরণের বিধানমতে ও দণ্ডবিধির আইনের ৩ অধ্যায়ের ১৮ প্রকরণের বিধানমতে উক্ত যদুর (দণ্ডাজ্ঞা)।

আসেসরেরদের সহকারে বিচার হইলে।

সপ্তম। আদালত আসেসরেরদের (কিম্বা আসেসরেরদের এক কি অধিক জনের) মতে সম্মত হইয়া এই বিচার করেন যে, যদু নালিশপত্রের নির্দ্দিষ্ট অপরাধের দোষী আছে, অর্থাৎ যদু দাঙ্গা করিয়াছে ও তাহাতে দণ্ডবিধির আইনের ৮ অধ্যায়ের ৭ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধ করিয়াছে, ও আদালত হুকুম করেন যে উক্ত যদুর (দণ্ডাজ্ঞা।)

অষ্টম। আদালত আসেসরেরদের মতে সম্মত না হইয়া এই বিচার করেন যে, যদু নালিশপত্রের লিখিত অপরাধের দোষী নহে অর্থাৎ দাঙ্গা করে নাই ও তাহাতে দণ্ডবিধির আইনের ৮ অধ্যায়ের ৭ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধ করে নাই আদালত উক্ত যদুকে খালাস করিতে হুকুম করেন।

নবম। আদালত আসেসরেরদের এক জনের মতে সম্মত হইয়া এই বিচার করেন যে যদু নালিশপত্রের প্রথম দফার লিখিত অপরাধের অথবা নালিশপত্রের দ্বিতীয় দফার লিখিত অপরাধের দোষী আছে অর্থাৎ যদু হয় চৌর্য্য করিয়াছে ও তাহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধ করিয়াছে, না হয় অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করিয়াছে ও তাহাতে দণ্ডবিধির আইনের সেই অধ্যায়ের ২৮ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধ করিয়াছে, ও আদালত হুকুম করেন যে পূর্ব্বোক্ত দুই প্রকরণের বিধানমতে ও দণ্ড-

Code; and the Court directs that under the provisions of the above-mentioned Clauses, and the provisions of Clause 18 Chapter III. of the Penal Code, the said Z be [*sentence*].

In trials upon a formal charge, without Jury or Assessors:

10*th*. The Court finds that Z is guilty of the offence specified in the charge, namely, that Z has committed theft, and has thereby committed an offence punishable under Clause 2 Chapter XVII. of the Penal Code; and the Court directs that the said Z be [*sentence*].

11*th*. The Court finds that Z is not guilty of the offence specified in the charge, namely, that Z has committed theft, and has thereby committed an offence punishable under Clause 2 Chapter XVII. of the Penal Code; and the Court directs that the said Z be discharged.

In trials in which no formal charge has been prepared;

12*th*. The Court finds that Z has used criminal force, and has thereby committed an offence punishable under Clause 56 Chapter XVI. of the Penal Code, and directs that the said Z be [*sentence*].

13*th*. The Court finds that the complaint of assault is not proved, acquits Z, and directs that he be discharged.

[Conviction of offences punishable cumulatively.]

5. Where a person shall be convicted of any two offences which are punishable cumulatively, it shall be lawful for the Court to sentence him for each of the two offences to the penalties prescribed by the Penal Code in respect of each of the two offences, provided that the punishment to which such person is sentenced for each of the two offences is within the ordinary penal jurisdiction of the Court; and it shall not be necessary for the Court, only by reason of the cumulative punishment being in excess of the punishment which it is competent to inflict on conviction of a single offence, to send the offender for trial before a higher Court.

[Conviction of several offences.]

6. Where a person shall be convicted of several offences at the same time, punishable under the same or different Clauses of the Penal Code, it shall be lawful for the Court to sentence him to the several penalties prescribed by the Code in respect of the several offences of which he shall have been so convicted, provided that the punishment to which such person is sentenced for each offence is within the ordinary penal jurisdiction of the Court, such penalties, when consisting of imprisonment, to commence the one after the expiration of the other; and it shall not be necessary for the Court only by reason of the aggregate punishment for the several offences being in excess of the punishment which the Court is competent to inflict on conviction of a single of-

বিধির আইনের ৩ অধ্যায়ের ১৮ প্রকরণের বিধানমতে উক্ত যদুর (দণ্ডাজ্ঞা।)

জুরি কি আসেসরেরদের সহকারিতাবিনা ধারামতের নালিশক্রমে বিচার হইলে।

দশম। আদালতের এই বিচার যে, যদু নালিশপত্রের লিখিত অপরাধের দোষী আছে, অর্থাৎ যদু চুরী করিয়াছে ও তাহাতে দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২ প্রকরণমতে দণ্ডনীয় অপরাধ করিয়াছে, ও আদালত হুকুম করেন যে উক্ত যদুর (দণ্ডাজ্ঞা।)

একাদশ। আদালতের এই বিচার যে যদু নালিশপত্রের লিখিত অপরাধের দোষী নহে অর্থাৎ চৌর্য্য করে নাই ও দণ্ডবিধির আইনের ১৭ অধ্যায়ের ২ প্রকরণমতে অপরাধ করে নাই ও আদালত উক্ত যদুকে খালাস করিতে হুকুম করেন।

যে স্থলে ধারামতের নালিশপত্র প্রস্তুত হয় নাই এমত স্থলের বিচার।

দ্বাদশ। আদালতের এই বিচার যে, যদু অপরাধ ভাবে বল প্রকাশ করিয়াছে, ও তাহাতে দণ্ডবিধির আইনের ১৬ অধ্যায়ের ৫৬ প্রকরণক্রমে দণ্ডনীয় অপরাধ করিয়াছে, ও আদালত হুকুম করেন যে যদুর (দণ্ডাজ্ঞা।)

ত্রয়োদশ। আদালতের এই বিচার যে, আক্রমণ করিবার নালিশের প্রমাণ হয় নাই, অতএব আদালত যদুকে নির্দ্দোষ করিয়া মুক্ত করিবার হুকুম করেন।

[যেং অপরাধের সংযুক্ত দণ্ড হইতে পারে সেইং অপরাধ সাব্যস্ত করণ।]

৫। যদি কোন লোকের দুই অপরাধ সাব্যস্ত হয় ও সেই দুই অপরাধের সংযুক্ত দণ্ড হইতে পারে, তবে দণ্ডবিধির আইনমতে সেই দুই অপরাধের যেং দণ্ড নির্দ্দিষ্ট হইয়াছে আদালত তাহার একং অপরাধের সেই দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু ইহাতে প্রয়োজন যে একং অপরাধের জন্যে ঐ ব্যক্তির যেং দণ্ডের আজ্ঞা হয় তাহা ঐ আদালতের দণ্ড করিবার সাধারণ ক্ষমতার মধ্যে পড়ে। ও একই অপরাধ সাব্যস্ত হইলে আদালতের যত দণ্ড করিবার ক্ষমতা থাকে, ঐ দুই অপরাধের সংযুক্ত দণ্ড তাহার অধিক হয় কেবল এই কারণে উপরিস্থ আদালতে বিচার হইবার জন্যে অপরাধিকে পাঠাওন আদালতের আবশ্যক হইবেক না।

[অনেক অপরাধ সাব্যস্ত করণ।]

৬। যদি কোন লোকের একই সময়ে অনেক অপরাধ সাব্যস্ত হয়, ও সেই সকল অপরাধের দণ্ড দণ্ডবিধির আইনের একই কি ভিন্নং প্রকরণমতে হইতে পারে, তবে যে সকল অপরাধ সাব্যস্ত হইয়াছে তাহার যেং দণ্ড দণ্ডবিধির আইনে নির্দ্দিষ্ট হইয়াছে আদালত সেইং দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন, পরন্তু ইহাতে প্রয়োজন যে ঐ ব্যক্তির একং অপরাধের যেং দণ্ডের আজ্ঞা হয় তাহা আদালতের দণ্ড করিবার সাধারণ ক্ষমতার মধ্যে পড়ে। আর সেইং দণ্ড যদি কয়েদ হইবার দণ্ড হয়, তবে এক অপরাধের নিমিত্তে কয়েদ হইবার মিয়াদ গত হইলে পর অন্য অপরাধের নিমিত্তে কয়েদ হইবার মিয়াদ আরম্ভ হইবেক। ও একই অপরাধ সাব্যস্ত হইলে আদালত যত দণ্ড করিবার ক্ষমতাপন্ন হন সেই সকল অপরাধের সংযুক্ত দণ্ড তাহার অধিক হয় কেবল এই কারণে উপরিস্থ আদাল-

fence, to send the offender for trial before a higher Court.

[Judgment on offender already imprisoned under sentence for another crime.]

7. Where sentence shall be passed on a person already under sentence of imprisonment for another offence, it shall be lawful for the Court to award imprisonment on the subsequent conviction to commence at the expiration of the imprisonment to which such offender shall have been previously sentenced; and if empowered to pass sentence of transportation or banishment, the Court may award such sentence on the subsequent conviction to commence immediately, or at the expiration of the imprisonment to which such person shall have been previously sentenced.

[Party tried upon formal charge not liable to renewed prosecution.]

8. A party who has once been tried upon a formal charge, prepared as directed in the rules of this Code of Procedure for preparing criminal charges, shall not be liable to a renewed prosecution.

[Execution of sentence of the Sudder Court in cases referred by the Session Judge.]

9. In cases referred by the Session Judge for the final sentence of the Sudder Court, the proper officer of the Court shall, within three days after passing of the sentence, or sooner if practicable, transmit a copy of it, under the seal of the Sudder Court, and attested with his official signature, to the Session Judge, who shall immediately issue a warrant to the magistrate to cause the sentence to be carried into execution. The magistrate, upon the receipt of the warrant, shall cause the sentence to be executed, and return the warrant to the Session Judge, with an endorsement attested by his official seal and signature, certifying the manner in which the sentence has been executed.

[Session Court to direct warrant to district magistrate.]

10. In cases tried by the Session Court, the Court shall forward a copy of its sentence, together with a warrant for the execution of the same, directed to the magistrate of the district in which the trial was held.

[Execution of sentence under two foregoing Articles.]

11. Upon the receipt of a warrant under either of the two last preceding Articles, the magistrate shall cause the sentence to be executed, and shall return the warrant when the sentence has been fully executed to the Court from whence it issued, with an endorsement under his official seal and signature, certifying the manner in which the sentence has been executed.

[Warrant of commitment in cases of imprisonment.]

12. In every case of imprisonment under the

তে বিচার হইবার নিমিত্তে অপরাধিকে পাঠান ঐ আদালতের আবশ্যক হইবেক না।

[কোন অপরাধের জন্যে যে জন কয়েদ আছে সেই অন্য দোষের অপরাধী হইলে তাহার দণ্ড।]

৭। যদি কোন লোক কোন অপরাধের নিমিত্তে কয়েদ হয় এমন সময়ে তাহার অন্য অপরাধের জন্যে দণ্ডের আজ্ঞা হয়, তবে প্রথম দণ্ডের আজ্ঞামতে ঐ লোকের কয়েদ হইবার মিয়াদ অতীত হইলে পর দ্বিতীয় যে দোষ সাব্যস্ত হইয়াছে তাহার জন্যে কয়েদের আরম্ভ হয় আদালত এমত হুকুম করিতে পারিবেন। আর যদি ঐ আদালত দ্বীপান্তর প্রেরণ কি দেশ বহিষ্কৃত করণ দণ্ডের আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হন, তবে ঐ আদালত এমত আজ্ঞা করিতে পারিবেন যে দ্বিতীয় দোষ সাব্যস্ত হওনমতে ঐ দণ্ড একেবারে আরম্ভ হয় কিম্বা পূর্ব্বের দণ্ডাজ্ঞামতে তাহার কয়েদ হইবার মিয়াদ গত হইলে ঐ দণ্ড আরম্ভ হয়।

[ধারামতের নালিশক্রমে যাহার বিচার হয়, তাহার নামে পুনশ্চ নালিশ হইতে পারে না।]

৮। ফৌজদারীর নালিশপত্র প্রস্তুত করিবার যে বিধি কার্য্য করিবার এই আইনে নির্দ্দিষ্ট হইয়াছে সেই বিধিমতে প্রস্তুতকরা ধারামতের নালিশক্রমে যে ব্যক্তির একবার বিচার হইয়াছে তাহার নামে পুনশ্চ সেই বিষয়ে নালিশ হইতে পারিবেক না।

[সেশন জজ সাহেব যে মোকদ্দমা অর্পণ করেন তাহাতে সদর আদালতের আজ্ঞামতে কার্য্য করণ।]

৯। সেশন জজ সাহেব যে সকল মোকদ্দমা সদর আদালতের চূড়ান্ত দণ্ডাজ্ঞার নিমিত্তে অর্পণ করেন সেই সকল মোকদ্দমায় আদালতের উপযুক্ত কর্ম্মকারক ঐ দণ্ডের আজ্ঞা হইবার পর তিন দিনের মধ্যে কিম্বা যদি হইতে পারে তবে আরো শীঘ্র করিয়া, সদর আদালতের মোহর ও আপন পদোপলক্ষের দস্তখৎক্রমে তাহার এক কেতা নকল সেশন জজ সাহেবের নিকটে পাঠাইবেন। তাহাতে সেশন জজ সাহেব ঐ হুকুমমতে কার্য্য হইবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের নামে অগৌণে পরওয়ানা জারী করিবেন। মাজিষ্ট্রেট সাহেব সেই পরওয়ানা পাইয়া সেই দণ্ডের আজ্ঞামতে কার্য্য করাইয়া, যে প্রকারে ঐ দণ্ডাজ্ঞামতে কার্য্য হইয়াছে তাহার সর্টিফিকট পরওয়ানার পৃষ্ঠে লিখিয়া ও তাহাতে আপন পদোপলক্ষের মোহর ও দস্তখৎ করিয়া, সেই পরওয়ানা সেশন জজ সাহেবের নিকটে ফিরিয়া পাঠাইবেন।

[সেশন আদালত জিলার মাজিষ্ট্রেট সাহেবের নামে পরওয়ানা দিবেন।]

১০। সেশন আদালতে যে২ মোকদ্দমার বিচার হয় তাহাতে ঐ আদালত যে দণ্ডের আজ্ঞা করেন তাহার এক কেতা নকল ও সেই দণ্ডাজ্ঞামতে কার্য্য করিবার এক পরওয়ানা, যে জিলাতে মোকদ্দমার বিচার হয় সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নামে পাঠাইবেন।

[পূর্ব্বের দুই প্রকরণক্রমে দণ্ডাজ্ঞামতে কার্য্য করণ।]

১১। ইহার পূর্ব্বের দুই প্রকরণের কোন প্রকরণক্রমে পরওয়ানা পাইলে পর, মাজিষ্ট্রেট সাহেব ঐ দণ্ডের আজ্ঞামতে কার্য্য করাইবেন। ও সেই দণ্ডাজ্ঞামতে কার্য্য সম্পূর্ণরূপে করা গেলে পর যেরূপে করা গিয়াছে তাহার সর্টিফিকট ঐ পরওয়ানার পৃষ্ঠে লিখিয়া তাহাতে আপন পদোপলক্ষের মোহর ও দস্তখৎ করিয়া, যে আদালতহইতে পরওয়ানা বাহির হইয়াছিল সেই আদালতে ফিরিয়া পাঠাইবেন।

[কয়েদ করিবার আজ্ঞা হইলে কয়েদ করিবার পরওয়ানা।]

১২। যাহাতে মোকদ্দমা সমর্পণ হয় এমত আদা-

sentence of the Sudder Court as a Court of reference, of the Session Court, or of the magistrate, the magistrate shall issue his warrant to the gaoler, stating the offence of which the defendant has been convicted, and the period during which he is to be imprisoned and the nature of the imprisonment. In like manner, in every case of imprisonment under the sentence of a Subordinate Criminal Court, the Court passing the sentence shall issue its warrant to the same effect.

CHAPTER XXV.
SUDDER COURT AS A COURT OF REVISION.

[Revision in cases of illegal sentence.]

1. The Sudder Court, in any case tried by the Session Court, in which, upon a review of the abstract statements or calendars of prisoners punished without reference, it shall appear to it that the sentence passed is one which cannot lawfully be passed on a person convicted of the offence as stated in the abstract statement or calendar, shall annul the sentence, and shall certify to the Session Court the sentence which may lawfully be passed for such offence; and thereupon the Session Court shall pass a new sentence according to law, and shall amend the record in accordance therewith.

[When the sentence is too severe.]

2. The Sudder Court, in any case tried by the Session Court, in which, upon a review of the abstract statements or calendars of prisoners punished without reference, it shall appear to it that the sentence passed upon any person convicted by the Session Court is too severe, may mitigate the sentence to such extent as to the said Sudder Court shall seem proper, and shall certify such mitigated sentence to the Session Court, which shall thereupon amend the record in accordance therewith, and proceed to give effect to the sentence of the Sudder Court.

[When in trials with assessors the judgment is not warranted by the evidence.]

3. The Sudder Court, in any case tried by the Session Court, except cases tried by Jury, in which, upon a review of the abstract statements of calendars of prisoners punished without reference, it shall appear to it that the judgment pronounced on any prisoner was not warranted by the evidence, may, if it thinks fit, require the Judge of the Court in which the conviction was had, to certify under his hand all or any part of the evidence taken in the case affecting such prisoner, with any observations which the Judge may be desirous of making in explanation of the judgment; and thereupon the Sudder Court may annul such judgment, if such judgment shall appear to it not warranted by the evidence, and shall certify its proceedings to the Court in which the conviction was had, which shall thereupon

মতস্বরূপে সদর আদালতের, কি সেশন আদালতের, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের দণ্ডাজ্ঞামতে যখন আসামীকে কয়েদ করিতে হয় তখন মাজিষ্ট্রেট সাহেব জেলরক্ষকের নামে পরওয়ানা দিবেন। আসামীর যে অপরাধ সাব্যস্ত হইয়াছে ও তাহাকে যত কালপর্য্যন্ত ও যে প্রকারে কয়েদ করিতে হইবেক এই সকল কথা ঐ পরওয়ানাতে লিখিবেন। সেই প্রকারেও যখন অধঃস্থ ফৌজদারী আদালতের দণ্ডাজ্ঞামতে কয়েদ করিতে হয়, তখন যে আদালত ঐ দণ্ডের আজ্ঞা করেন সেই আদালত সেই মর্ম্মমতে আপন পরওয়ানা দিবেন।

---

২৫ অধ্যায়।
পুনর্ব্বিচারের আদালতস্বরূপ সদর আদালত।

[বেআইনীমতে দণ্ডাজ্ঞা হইলে পুনর্ব্বিচার।]

১। সেশন আদালতে যে মোকদ্দমার বিচার হয় তাহার কোন মোকদ্দমাতে, কৈফিয়তের খোলাসা কিম্বা অর্পণ না হইয়া যে আসামীদিগের দণ্ড হইয়াছে তাহারদের কালেণ্ডর দেখিয়া, যদি সদর আদালত বোধ করেন যে, যে দণ্ডের আজ্ঞা হইয়াছে, ঐ কৈফিয়তের খোলাসার কি কালেণ্ডরের লিখিত অপরাধ যে লোকের সাব্যস্ত হয় তাহার সেই দণ্ড আইনমতে হইতে পারে না, তবে সদর আদালত ঐ দণ্ডাজ্ঞা বাতিল করিবেন, ও সেই অপরাধের নিমিত্তে যে দণ্ডের আজ্ঞা আইনমতে হইতে পারে তাহা সেশন আদালতকে জানাইবেন। তাহাতে সেশন আদালত আইনমতে নূতন দণ্ডের আজ্ঞা করিবেন ও তদনুসারে রিকার্ড পরিবর্ত্তন করিবেন।

[অতিভারি দণ্ডের আজ্ঞা হইলে।]

২। সেশন আদালতে যে মোকদ্দমার বিচার হয় তাহার কোন মোকদ্দমাতে কৈফিয়তের খোলাসা কিম্বা অর্পণ না হইয়া যে আসামীদিগের দণ্ড হইয়াছে তাহারদের কালেণ্ডর দেখিয়া, যদি সদর আদালত বোধ করেন যে, সেশন আদালত কোন লোকের দোষ সাব্যস্ত করিয়া যে দণ্ডের আজ্ঞা করিয়াছেন তাহা অতিভারী হইয়াছে তবে সদর আদালত যেপর্য্যন্ত উচিত বোধ করেন সেইপর্য্যন্ত ঐ দণ্ডের আজ্ঞা লঘু করিতে পারিবেন, ও সেই লঘুকরা দণ্ডাজ্ঞার কথা সেশন আদালতকে জ্ঞাত করাইবেন। তাহা হইলে ঐ আদালত তদনুসারে ঐ রিকার্ড সংশোধন করিবেন ও সদর আদালতের দণ্ডাজ্ঞামতে কার্য্য করিতে প্রবর্ত্ত হইবেন।

[আসেসরেরদের সহকারে যে বিচার হয় তাহাতে যদি প্রমাণঅনুসারে নিষ্পত্তি না হয়।]

৩। জুরির দ্বারা বিচারকরা মোকদ্দমাছাড়া, সেশন আদালতের দ্বারা যে কোন মোকদ্দমার বিচার হয় তাহাতে যদি কৈফিয়তের খোলাসা কি অর্পণ না হইয়া যে আসামীদিগের দণ্ড হইয়াছে তাহারদের কালেণ্ডর দেখিয়া যদি সদর আদালত বোধ করেন যে, কোন আসামীর উপর যে নিষ্পত্তি প্রকাশ হয় তাহা প্রমাণ অনুযায়ী হইল না, তবে সদর আদালত উচিত বোধ করিলে যে আদালতে, দোষ সাব্যস্ত হয় সেই আদালতের জজ সাহেবকে, ঐ আসামীসম্পর্কীয় যে সকল প্রমাণ লওয়া গিয়াছিল তাহার সমস্ত কি কোন অংশ লিখিয়া ও তাহাতে দস্তখৎ করিয়া ঐ নিষ্পত্তি ব্যাখ্যা করিবার জন্যে যে কোন মন্তব্য কথা জজ সাহেব লিখিতে চাহেন তাহা সমেত পাঠাইতে আজ্ঞা করিবেন। পরে সেই নিষ্পত্তি প্রমাণ অনুযায়ী হয় নাই সদর আদালত যদি এমত বোধ করেন তবে সেই নিষ্পত্তি বাতিল করিবেন, ও যে আদালতে দোষ সাব্যস্ত হইয়াছিল সেই আদালতকে আপনার কার্য্যের সর্টিফিকট

make such orders as are conformable to the decision of the Sudder Court, and if necessary, amend the record in accordance therewith.

[Revision in Jury trials.]

4. The Sudder Court, in any case tried by jury in the Session Court, in which, upon a review of the abstract statements or calendars of prisoners punished without reference, it shall appear to it that there has been error in the decision of the Session Court on a point or points of law, or that a point or points of law should be considered by the Sudder Court, may call for the record, together with a report of the Session Judge's direction to the jury, and upon reviewing the depositions of the witnesses, the direction of the Judge, and the conviction, may determine any point of law arising out of the case, and thereupon pass such judgment and sentence as to the Sudder Court shall seem right. The Sudder Court shall certify its proceedings to the Court in which the conviction was had, which shall thereupon make such orders as are conformable to the decision of the Sudder Court, and if necessary, amend the record in accordance therewith.

[In cases of sentence by Session Judge, which ought to have been referred.]

5. The Sudder Court, in any case tried in the Session Court, in which, upon a review of the abstract statements or calendars of prisoners punished without reference, it shall appear to it that the case is one which ought to have been referred for the judgment and sentence of the Sudder Court, may, if it think fit, annul the sentence passed by the Session Court, and require the Session Judge to refer the case, and thereupon the Sudder Court shall pass such judgment and sentence as to the said Sudder Court shall seem right.

[General power of revision by the Sudder Court.]

6. The Sudder Court may, whenever it thinks fit, call for the whole record of any criminal trial in any Criminal Court within its jurisdiction, and pass thereon such orders as it thinks fit, but not so as to enhance the punishment awarded, or punish any person acquitted in the Court which tried the case; provided that it shall not be competent to the Sudder Court to reverse the verdict of a jury on the facts of the case in a case tried by jury before the Session Court, but such verdict shall not prevent the Sudder Court from determining any point of law arising out of the case, or from altering the sentence passed in such case by the Session Court.

[*Government Gazette*, 3rd *July*, 1857.]

লিখিয়া জানাইবেন। তাহা হইলে ঐ আদালত সদর আদালতের নিষ্পত্তির অনুযায়ি হুকুম করিবেন ও আবশ্যক হইলে তদনুসারে রিকার্ড পরিবর্ত্তন করিবেন।

[জুরির দ্বারা বিচারকরা মোকদ্দমার পুনর্ব্বিচার।]

৪। সেশন আদালতে জুরির দ্বারা যে কোন মোকদ্দমার বিচার হয় তাহাতে কৈফিয়তের খোলাসা কিম্বা অর্পণ না হইয়া যে আসামীদিগের দণ্ড হয় তাহার কালেণ্ডর দেখিয়া যদি সদর আদালত বোধ করেন যে, সেশন আদালতের নিষ্পত্তিতে আইনঘটিত কোন এক কি অধিক বিষয়ে ভ্রম হইয়াছে, কিম্বা আইনঘটিত কোন এক কি অধিক বিষয় সদর আদালতের বিবেচনা করা উচিত, তবে সদর আদালত মোকদ্দমার কাগজপত্র ও সেশন জজ সাহেব জুরিকে যে আদেশ করিয়াছিলেন তাহার রিপোর্ট তলব করিতে পারিবেন। ও সাক্ষিরদের জোবানবন্দী ও জজ সাহেবের আদেশ ও যে দোষ সাব্যস্ত হয় তাহা দৃষ্টি করিয়া, মোকদ্দমাহইতে আইনঘটিত যে কোন বিষয় উদয় হয় তাহা নির্ণয় করিতে ও তদনুসারে সদর আদালত যে নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা যথার্থ বোধ করেন তাহা করিতে পারিবেন। যে আদালতে দোষ সাব্যস্ত হইয়াছিল সেই আদালতকে সদর আদালত আপনার কার্য্য জ্ঞাত করাইবেন, তাহাতে সেশন আদালত সদর আদালতের নিষ্পত্তির অনুযায়ি হুকুম করিবেন ও আবশ্যক হইলে তদনুসারে আপনার রিকার্ড পরিবর্ত্তন করিবেন।

[সেশন আদালতের যে দণ্ডাজ্ঞা অর্পণকরা উচিত ছিল এমত দণ্ডাজ্ঞা হইলে।]

৫। সেশন আদালতের বিচারকরা কোন মোকদ্দমাতে কৈফিয়তের খোলাসাও অর্পণ না হইয়া যে আসামীদিগের দণ্ড হইয়াছে তাহারদের কালেণ্ডর দেখিয়া যদি সদর আদালত বোধ করেন যে, সদর আদালতের নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞার নিমিত্তে সেই মোকদ্দমা অর্পণ করা উচিত ছিল, তবে ঐ আদালত উচিত বোধ করিলে সেশন আদালতের করা দণ্ডাজ্ঞা বাতিল করিতে পারিবেন ও সেশন জজ সাহেবকে সেই মোকদ্দমা অর্পণ করিতে আজ্ঞা করিবেন। তাহাতে সদর আদালত, যে নিষ্পত্তি ও দণ্ডাজ্ঞা উচিত বোধ করেন তাহা সদর আদালত করিবেন।

[সদর আদালতের পুনর্ব্বিচার করিবার সাধারণ ক্ষমতা।]

৬। সদর আদালত যখনই উচিত বোধ করেন তখন আপন অধীন কোন ফৌজদারী আদালতের কোন ফৌজদারী মোকদ্দমার সমুদয় কাগজপত্র তলব করিতে পারিবেন ও তাহার উপর যে হুকুম করা উচিত বোধ করেন তাহা করিতে পারিবেন। কিন্তু যে আদালত মোকদ্দমার বিচার করেন সেই আদালত যে দণ্ডের আজ্ঞা করিলেন তাহা বৃদ্ধি করিবেন না, কিম্বা সেই আদালত যে কোন লোককে নির্দ্দোষ করিয়াছেন তাহার দণ্ড করিবেন না। পরন্তু সেশন আদালতে জুরির দ্বারা যে মোকদ্দমার বিচার হইয়াছে সেই মোকদ্দমাতে জুরির যে নিষ্পত্তি হয় তাহা মোকদ্দমার বৃত্তান্তঘটিত বিষয়ের উপর সদর আদালত অন্যথা করিবেন না। তথাপি জুরির সেই নিষ্পত্তি হওয়াপ্রযুক্ত মোকদ্দমাহইতে উত্থাপিত আইনঘটিত কোন বিষয় নির্ণয় করিতে কিম্বা সেই মোকদ্দমায় সেশন আদালত যে দণ্ডাজ্ঞা করিয়াছিলেন তাহা পরিবর্ত্তন করিতে সদর আদালতের বাধা হইবেক না।

CHAPTER XXVI.

APPEALS.

[No appeal in cases of acquittal.]

1. There shall be no appeal from a judgment of acquittal passed by any Criminal Court.

[Appeal in cases of conviction.]

2. An appeal shall lie in all cases of conviction by the Magistrates in the Mofussil, and by the Judges of the Subordinate Criminal Courts, to the Session Judge; and in all cases of conviction by the Session Judges in the exercise of original jurisdiction, to the Sudder Court.

[Proceeding in appeals.]

3. Any person convicted by a judgment of any of the Criminal Courts of original jurisdiction mentioned in the last preceding Article, may present a petition of appeal to the Court of Appellate Jurisdiction, which may call for the record of conviction, and confirm, or amend, or reverse the finding and sentence of the Lower Court, but not so as to enhance the punishment awarded; provided that, if the party appealing be in gaol, he shall be at liberty to present his petition of appeal to the magistrate in charge of the same, who shall thereupon forward it to the proper appellate authority; provided also, that it shall not be competent to the Sudder Court to reverse the verdict of a jury on the facts of the case in a case tried by jury before the Session Court, but such verdict shall not prevent the Sudder Court from trying any point of law arising out of the case, or from altering the sentence passed in such case by the Session Court.

[Court of Appeal may direct further inquiry, &c.]

4. In any case appealed as above, except a case tried by jury, it shall be open to the appellant to move the Appellate Court for further inquiry; and it shall be competent to the Court upon such application, or of its own accord, to direct such inquiry to be made, and additional evidence to be taken on any point, the further investigation of which is essential to the just decision of the case. The Appellate Court shall at the same time direct whether the Lower Court shall pass a fresh sentence in the case, or certify the result of the further inquiry and the additional evidence to the Appellate Court.

[To be continued.]

২৬ অধ্যায়।

আপীল।

[যে মোকদ্দমায় আসামীকে নির্দ্দোষ করা যায় তাহার উপর আপীল নাই।]

১। কোন ফৌজদারী আদালত নির্দ্দোষ করণের যে নিষ্পত্তি করেন তাহার উপর আপীল হইবেক না।

[দোষ সাব্যস্ত করণের মোকদ্দমার উপর আপীল।]

২। যে কোন মোকদ্দমায় মফঃসলের মাজিষ্ট্রেট সাহেবেরা ও অধঃস্থ ফৌজদারী আদালতের বিচারকর্ত্তারা দোষ সাব্যস্ত করেন সেই সকল মোকদ্দমার উপর শেসন জজ সাহেবের নিকটে আপীল হইতে পারে। ও সেশন জজ সাহেবেরা মোকদ্দমা প্রথমে বিচার করিবার ক্ষমতামতে কার্য্য করিয়া যে সকল মোকদ্দমায় দোষ সাব্যস্ত করেন সেই সকল মোকদ্দমার উপর সদর আদালতে আপীল হইতে পারে।

[আপীলী মোকদ্দমায় যেরূপে কার্য্য করিতে হইবেক।]

৩। ইহার পূর্ব্বের প্রকরণে মোকদ্দমা প্রথমে বিচার করিবার ক্ষমতাপন্ন যে২ ফৌজদারী আদালত ব্যক্ত হইয়াছে তাহার কোন আদালতের নিষ্পত্তিমতে যে কোন ব্যক্তির দোষ সাব্যস্ত হয় সেই ব্যক্তি আপীলী মোকদ্দমা শুনিবার ক্ষমতাপন্ন আদালতে আপীলের দরখাস্ত দিতে পারিবেক। তাহাতে সেই আদালত দোষ সাব্যস্ত করণের কাগজপত্র তলব করিতে পারিবেন ও অধঃস্থ আদালতের বিচার ও দণ্ডাজ্ঞা বহাল রাখিতে কি সংশোধন কি অন্যথা করিতে পারিবেন। কিন্তু যে দণ্ডের আজ্ঞা হয় তাহা বৃদ্ধি করিতে পারিবেন না। পরন্তু যে জন আপীল করে সে যদি জেলখানায় বদ্ধ থাকে তবে যে মাজিষ্ট্রেট সাহেবের তাবে ঐ জেলখানা থাকে তাঁহার নিকটে সেই জন আপন আপীলের দরখাস্ত দাখিল করিতে পারিবেক ও মাজিষ্ট্রেট সাহেব তাহা আপীলের উপযুক্ত কার্য্যকারক সাহেবের নিকটে পাঠাইবেন। আরও সেশন আদালতে জুরির দ্বারা যে মোকদ্দমার বিচার হয় এমত মোকদ্দমায় সদর আদালত বৃত্তান্তঘটিত বিষয়ের উপর জুরির নিষ্পত্তি অন্যথা করিতে পারিবেন না কিন্তু মোকদ্দমাহইতে আইনঘটিত যে কোন বিষয় উদয় হয় তাহার বিচার করিতে কিম্বা সেশন আদালত সেই মোকদ্দমায় যে দণ্ডাজ্ঞা করেন তাহা পরিবর্ত্তন করিতে ঐ নিষ্পত্তি হওয়াপ্রযুক্ত সদর আদালতের কিছু বাধা হইবেক না।

[আপীল আদালত অধিক তজবীজপ্রভৃতি করিবার আজ্ঞা করিতে পারিবেন।]

৪। জুরির দ্বারা যে মোকদ্দমার বিচার হয় তাহা-ছাড়া পূর্ব্বোক্ত প্রকারের আপীলকরা কোন মোকদ্দমাতে আপেলাণ্ট অধিক তজবীজ হইবার জন্যে আপীল আদালতে দরখাস্ত করিতে পারিবেক। আর সদর আদালত সেই প্রকারের দরখাস্ত পাইলে পর অথবা আপনার ইচ্ছামতে ঐ তজবীজ হইবার আজ্ঞা করিতে পারিবেন, ও মোকদ্দমার যথার্থমতে নিষ্পত্তি হইবার জন্যে যে কোন বিষয়ের অধিক তদারক হওয়া আবশ্যক হয় সেই বিষয়ে অধিক প্রমাণ লইতে আজ্ঞা করিতে পারিবেন। আর অধঃস্থ আদালত সেই মোকদ্দমাতে নূতন দণ্ডাজ্ঞা করিবেন, কিম্বা অধিক তদারকের ফল ও অতিরিক্ত ঐ প্রমাণ আপীল আদালতে জানাইবেন, এই বিষয় আপীল আদালত সেই সময়ে আজ্ঞা করিবেন।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৩ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 7, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ৭ জুলাই

DRAFT OF ACT.

A Bill to make better provision for the order and good government of the Suburbs of Calcutta and of the Station of Howrah.

[Concluded from page 584.]

[Power to trim hedges and trees bordering roads.]

XXXI. The Magistrate may give notice to the owner or occupier of any land, to cut and trim any hedges and trees, overhanging any public road or street, so as to obstruct the passage or to cause damage thereto; and in the event of such notice not being complied with within eight days from the date thereof, the Magistrate may cause the said hedges and trees to be cut and trimmed in the manner required; and the expense incurred by the Magistrate in respect thereof shall be paid by the owners, and shall be recoverable as hereinafter provided.

[Houses in a ruinous and dangerous state.]

XXXII. If in any street, any house, building, or wall, or any thing affixed thereon, be deemed by the Magistrate to be in a ruinous state or likely to fall, or in any way dangerous to the inhabitants of such house or building, or to the neighbouring houses, or buildings, or the occupiers thereof, or to passengers, he may cause notice in writing to be given to the owner, if he be known and resident within the limits of his jurisdiction, and may also cause such notice to be put on the door or other conspicuous part of the said premises, or otherwise to be given to the occupier thereof (if any), requiring such owner or occupier forthwith to take down, secure, or repair such house, building, wall, or thing affixed thereon, as the case shall require; and if such owner or occupier do not begin to repair, take down, or secure the same

আইনের মুসাবিদা।

কলিকাতার শহরতলীর ও হাবড়া মোকামের সুধারা ও সুশাসন হইবার জন্যে আরো উত্তম বিধান করিবার আইনের মুসাবিদা।

[৫৮৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[রাস্তার ধারের গাছ ও রাঙ্গচিতাপ্রভৃতি ঝুড়িয়া দিবার শক্তি।]

৩১ ধারা। সরকারী কোন রাস্তার কি পথের উপর যে সকল গাছের কি বেড়ার ডাল ঝুলিয়া পড়াতে গমনাগমনের বাধা হয় কি রাস্তার ক্ষতি হয় তাহা কাটিতে ও ঝুড়িয়া দিতে, মাজিষ্ট্রেট সাহেব কোন জমীর স্বামিকে কি দখীলকারকে এত্তেলা দিতে পারিবেন। আর সেই এত্তেলার তারিখের পর আট দিনের মধ্যে যদি তাহার মতে কর্ম্ম না হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব প্রয়োজনমতে উক্ত রাঙ্গচিতাপ্রভৃতি ও গাছ কাটাইয়া ও ঝুড়াইয়া দিতে পারিবেন। আর তাহাতে মাজিষ্ট্রেট সাহেবের যে খরচ লাগে তাহা স্বামিরা দিবেক, ও তাহা এই আইনের পশ্চাৎ লিখিত বিধানমতে আদায় হইতে পারিবেক ইতি।

[যে ঘর পতনশীল ও আশঙ্কার অবস্থায় থাকে।]

৩২ ধারা। মাজিষ্ট্রেট সাহেব, যদি কোন রাস্তার কোন ঘর কি ইমারৎ কি দেওয়াল কি তাহাতে সংলগ্ন কোন বিষয় পতনশীল অবস্থায় আছে কি তাহা পড়িবার সম্ভাবনা জ্ঞান করেন, কিম্বা ঐ ঘর কি ইমারৎ নিবাসিরদের কিম্বা নিকটস্থ ঘরের কি ইমারতের কি তাহার দখীলকারেরদের কি পথিকেরদের কোন প্রকারে আশঙ্কাজনক জ্ঞান করেন, তবে তিনি ঐ ঘরের স্বামিকে জানিলে ও সে তাঁহার এলাকার মধ্যবাসী হইলে তিনি তাহাকে লিখিত এত্তেলা দেওয়াইতে, ও সেই এত্তেলা ঐ বাড়ির দ্বারের উপর কিম্বা অন্য প্রকাশ স্থানে লটকাইতে, অথবা যদি সেই ঘরে কেহ বাস করে তবে তাহাকে প্রকারান্তরে এত্তেলা দেওয়াইতে পারিবেন। ঐ এত্তেলাতে তিনি ঐ ঘরের স্বামি কি দখীলকারকে প্রয়োজনমতে ঐ ঘর কি ইমারৎ কি দেওয়াল কি তাহাতে সংলগ্ন অন্য বিষয় অবিলম্বে ভাঙ্গিয়া ফেলিতে কি সুরক্ষা করিতে কি মেরামৎ করিতে হুকুম করিবেন। আর যদি সেই স্বামী কি দখীলকার

within three days after such notice, and complete such work with due diligence, the Magistrate may cause all or so much of such house, building, wall, or thing, as he shall think necessary, to be taken down, repaired, or otherwise secured; and all the expenses shall be paid by the owner of the premises, and shall be recoverable from him as hereinafter provided.

[Sale of materials of ruinous houses.]

XXXIII. If any such house, building, or wall, or any part of the same, be pulled down by virtue of the powers aforesaid, the Magistrate may sell the materials thereof, or of so much of the same as shall be taken down, and apply the proceeds of such sale in payment of the expenses incurred, and shall restore any overplus arising from such sale to the owner of such house, building, or wall on demand. The Magistrate, although he sell such materials for the purposes aforesaid, shall have the same remedies for compelling the payment of so much of the said expenses as may remain due after the application of the proceeds of such sale, as by this Act are given to him for compelling the payment of the whole of the said expenses.

[Penalty on occupier of a house, not removing filth.]

XXXIV. Whoever, being the occupier of a house in or near any street, keeps or allows to be kept for more than twenty-four hours, or otherwise than in some proper receptacle, any dirt, dung, bones, ashes, night soil, filth, or any noxious or offensive matter, in or upon the roof of such house, or in any out-house, yard, or ground attached to and occupied with such house, or suffers such receptacle to be in a filthy or noxious state, or neglects to employ proper means to remove the filth therefrom, and to cleanse and purify the same, shall be liable to a fine not exceeding fifty Rupees.

[Filthy houses, &c.]

XXXV. Whoever, being the owner or occupier of any house, building, or land, in or near any street, whether tenantable or otherwise, suffers the same to be in a filthy and unwholesome state, or overgrown with rank and noisome vegetation, shall be liable to a fine not exceeding fifty Rupees, and to a fine not exceeding five Rupees for every day after conviction for such offence during which the offence is continued.

[Penalty for keeping sheep-pen, &c., in a filthy state.]

XXXVI. Whoever, being the owner or keeper of any Cattle, Sheep, or Pigs, suffers the stall, pen, or place in which they are kept, in or near any street, to be in a filthy or noxious state, or neglects to employ proper means to remove the

সেই এত্তেলা পাইবার পর তিন দিনের মধ্যে ঐ বিষয় মেরামৎ করিতে কি ভাঙ্গিয়া ফেলিতে কি সুরক্ষা করিতে আরম্ভ না করে, ও উপযুক্ত উদ্যোগপূর্ব্বক ঐ কার্য্য সম্পাদন না করে, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ ঘর কি ইমারৎ কি দেওয়াল কি অন্য বিষয়ের সমুদয়, কিম্বা তাহার যে অংশ আবশ্যক বোধ করেন সেই অংশ ভাঙ্গিয়া ফেলাইতে কি মেরামৎ করাইতে কি অন্য প্রকারে সুরক্ষা করাইতে পারিবেন। আর সমুদয় খরচ ঐ বাড়ির স্বামির দিতে হইবেক ও এই আইনের পশ্চাৎ লিখিত বিধানমতে সেই খরচ তাহার স্থানে আদায় হইতে পারিবেক ইতি।

[পতনশীল ঘরের সরঞ্জাম বিক্রয়।]

৩৩ ধারা। যদি পূর্ব্বোক্ত ক্ষমতাক্রমে সেইরূপ কোন ঘর কি ইমারৎ কি দেওয়াল কিম্বা তাহার কোন অংশ ভাঙ্গিয়া ফেলা যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব তাহার সরঞ্জাম, কি তাহার যে অংশ ভাঙ্গিয়া ফেলা যায় সেই অংশের সরঞ্জাম বিক্রয় করিতে পারিবেন, ও যে খরচ লাগে তাহা ঐ সরঞ্জাম বিক্রয় করিলে যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে কাটিয়া লইবেন, ও যে কিছু অবশিষ্ট থাকে তাহা ঐ ঘর কি ইমারৎ কি দেওয়ালের স্বামী দাওয়া করিলে তাহাকে দিবেন। পরন্তু মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্ত অভিপ্রায়ে সেই সরঞ্জাম বিক্রয় করিলেও তাহার উৎপন্ন টাকাহইতে খরচ লইলে পর যদি ঐ খরচের কিছু বাকী পাওনা থাকে, তবে ঐ সমুদয় খরচ আদায় করিবার নিমিত্তে এই আইনক্রমে তাঁহাকে যে উপায় দেওয়া গিয়াছে ঐ খরচের বাকী আদায় করিবার জন্যে তাঁহার সেই উপায় থাকিবেক ইতি।

[ঘরের দখীলকার গলিজ স্থানান্তর না করিলে তাহার দণ্ড।]

৩৪ ধারা। যদি কোন ব্যক্তি কোন রাস্তায় কি তাহার নিকট ঘরের দখীলকার হইয়া কোন জঞ্জাল কি গোবর কি হাড় কি ছাই কি বিষ্ঠা কি গলিজ কি কোন অস্বাস্থ্যজনক কি দুর্গন্ধ বিষয়, চব্বিশ ঘণ্টার অধিক কাল, কিম্বা কোন উপযুক্ত আধারভিন্ন অন্য স্থানে, ঐ ঘরে কি তাহার ছাতের উপর কিম্বা ঘর সংলগ্ন কোন গুদাম ঘরে কি বাগানে কি ঐ ঘর যে জমীর উপর আছে তাহাতে রাখে কি রাখিতে দেয়, অথবা সেই আধার গলিজ কি অস্বাস্থ্যজনক অবস্থায় থাকিতে দেয়, কিম্বা তাহাহইতে গলিজ স্থানান্তর করিবার ও তাহা সাফ ও পরিষ্কার করিবার উপযুক্ত উপায় না করে, তবে সে পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[ময়লা ঘরপ্রভৃতি।]

৩৫ ধারা। কোন রাস্তায় কি তাহার নিকট কোন ঘরে কি ইমারতে কি ভূমিতে, রাইয়ত থাকিতে পারুক কি না পারুক, এমত কোন ঘরপ্রভৃতির স্বামী কি দখীলকার হইয়া যদি কেহ তাহা ময়লা ও অস্বাস্থ্যজনক অবস্থায় থাকিতে দেয়, কিম্বা তাহাতে বড়২ ও অস্বাস্থ্যজনক জঙ্গল হইতে দেয়, তবে সে ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, আর সেই দোষ সাব্যস্ত হইলে পর যত দিনপর্য্যন্ত তাহা থাকে তাহার দিনপ্রতি পাঁচ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[মেষের খোঁয়াড়প্রভৃতি ময়লা দশায় রাখিবার দণ্ড।]

৩৬ ধারা। যদি কোন ব্যক্তি কোন গোমেষাদির কি শূকরের স্বামী কি রক্ষক হইয়া, কোন রাস্তায় কি তাহার নিকট যে গোয়ালঘরে কি খোঁয়াড়ীতে কি স্থানে ঐ গোমেষাদিকে রাখা যায় তাহা গলিজ কি অস্বাস্থ্যজনক দশায় থাকিতে দেয়, কিম্বা তাহার গলিজ স্থা-

filth therefrom, shall be liable to fine not exceeding twenty Rupees.

[Licensing of public necessaries.]

XXXVII. The magistrate may license such necessaries for public accommodation as he, from time to time, may think proper; and whoever keeps any public necessary without such license, or, having a license for a public necessary, suffers the same to be in a filthy or noxious state, or neglects to employ proper means for cleansing the same, shall be liable to a fine not exceeding fifty Rupees; and the license may be cancelled.

[Penalty for keeping private drain, &c., in improper state.]

XXXVIII. Whoever, being the owner of any private drain, privy, or cesspool, neglects or refuses, after warning from the Magistrate, to keep the same in a proper state, shall be liable to a fine not exceeding fifty Rupees.

[Fouling water by— Bathing. Washing. Throwing rubbish, &c. Allowing drains, &c., to flow.]

XXXIX. Whoever bathes in any public tank, the water of which shall have been declared by the Magistrate to be appropriated to the domestic use of the inhabitants; or washes, or causes to be washed therein, any horse, dog, or other animal, or any wool, cloth, or wearing apparel, or any utensils for cooking or other purposes, or leather, or the skin of any animal, or other foul or offensive thing; or throws, puts, or casts, or causes to enter therein, any animal, or any gravel, stone, dust, or rubbish, or any dirt, filth, or other noisome or offensive matter or thing; or, causes or suffers to run, drain, or be brought thereunto, the water of any sink, sewer, drain, engine, or boiler, or any other unwholesome or offensive liquid matter or thing belonging to him or flowing from any house or building or from any ground occupied by him; or does any thing whatsoever whereby any such water shall be in any degree fouled or corrupted—shall be liable to a fine not exceeding fifty Rupees.

[Power to fill up unwholesome tanks on private premises.]

XL. When any tank or other excavation containing waste or stagnant water, the same being within any private enclosure, appears to the Magistrate to be injurious to health or to be offensive to the neighbourhood, it shall be lawful for the Magistrate to require, by notice in writing, the owner of the premises to cleanse or fill up such tank or excavation, and if he do not begin to cleanse or fill up the same within one week after such notice and do not complete such work with due diligence, the Magistrate, his officers, and workmen, may enter into the said premises and do all necessary acts for the purpose aforesaid as he shall think fit; and the expense incurred thereby shall be paid by the owner of such premises, and shall be recoverable as hereinafter provided.

নান্তর করিবার উপযুক্ত উপায় না করে, তবে সেই ব্যক্তি কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[সাধারণ টাটি করিবার পাট্টা দেওন।]

৩৭ ধারা। মাজিষ্ট্রেট সাহেব সাধারণ লোকেরদের ব্যবহারের জন্যে যে প্রকার টাটি সময়ে২ উচিত বোধ করেন, তাহার পাট্টা দিতে পারিবেন। আর যে কেহ সেই প্রকার পাট্টা না পাইয়া কোন সাধারণ টাটি রাখে, কিম্বা টাটি করিবার পাট্টা পাইয়া তাহা গলিজ কি অস্বাস্থ্যজনক অবস্থায় থাকিতে দেয়, কিম্বা তাহা পরিষ্কার করিবার জন্যে উপযুক্ত উপায় না করে, সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। আর ঐ পাট্টা রদ হইতে পারিবেক ইতি।

[বিশেষ ব্যক্তির নরদমাপ্রভৃতি অনুচিতভাবে রাখিবার দণ্ড।]

৩৮ ধারা। যদি কোন ব্যক্তি কোন বিশেষ নরদমার কি টাটির কি ময়লার গর্ত্তের স্বামী হইয়া মাজিষ্ট্রেট সাহেবের স্থানে আদেশ পাইলে পর তাহা উচিতভাবে রাখিতে শৈথিল্য কি অস্বীকার করে, তবে সে পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[স্নান কি ধোওন কি ময়লাপ্রভৃতি ফেলন কি নরদমাপ্রভৃতির জল পড়িতে দেওনের দ্বারা জল ময়লা করণ।]

৩৯ ধারা। সরকারী যে পুকুরের জল মাজিষ্ট্রেট সাহেব নগরাদি নিবাসি লোকেরদের ঘরের ব্যবহারের নিমিত্তে আছে প্রকাশ করেন, এমত কোন পুকুরে যে কেহ স্নান করে কিম্বা তাহাতে কোন ঘোড়া কি কুকুর কি অন্য জন্তুকে, কি কোন পশম কি কাপড় কি বস্ত্র, কিম্বা পাক করিবার কি অন্য কার্য্যের কোন হাঁড়ি কলসিপ্রভৃতি, কি চামড়া কি কোন জন্তুর চর্ম্ম, কি অন্য ময়লা কি দুর্গন্ধ বিষয় ধোয় কি ধোয়ায়, কিম্বা কোন জন্তুকে কি কিছু কাঁকর কি পাতর কি ধুলা কি রাবিস কি কিছু জঞ্জাল কি গলিজ কিম্বা অস্বাস্থ্যজনক কি দুর্গন্ধ অন্য দ্রব্য কি বিষয় ফেলে কি রাখে কি নিক্ষেপ করে কি প্রবেশ করায়, অথবা যে কেহ কোন খানার কি নয়নজুলির কি নরদমার কি কলের কি কড়ার জল, কিম্বা আপনার কি আপন দখলকরা কোন ঘর কি ইমারৎ কি কোন জমীহইতে নির্গত অন্য কোন অস্বাস্থ্যজনক কি দুর্গন্ধ আর্দ্র দ্রব্য কি বিষয় তাহার মধ্যে পড়িবার কি চলিবার কি গড়াইবার উপায় করে, কি পড়িতে কি চলিতে কি গড়িয়া পড়িতে দেয়, অথবা ঐ প্রকারের জল যাহাতে কোন প্রকারে ময়লা কি নষ্ট হইতে পারে এমত কোন কার্য্য যে কেহ করে, সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[বিশেষ ব্যক্তিরদের বাড়িতে অস্বাস্থ্যজনক পুকুর বুজিয়া দিবার ক্ষমতা।]

৪০ ধারা। যদি কোন বিশেষ ব্যক্তির বেড়ার মধ্যে কোন পুকুর কিম্বা অকর্ম্মণ্য কি বদ্ধ জলের কোন ডোবা মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনায় অস্বাস্থ্যজনক কিম্বা প্রতিবাসিরদের অনিষ্টকর হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব লিখিত এত্তেলা দিয়া ঐ বাড়ির স্বামিকে ঐ পুকুর কি ডোবা পরিষ্কার করিতে কিম্বা বুজিয়া দিতে হুকুম করিতে পারিবেন। আর সেই এত্তেলা জারী হইলে পর এক সপ্তাহের মধ্যে যদি সেই ব্যক্তি ঐ পুকুর কি ডোবা পরিষ্কার করিতে কি বুজিয়া দিতে আরম্ভ না করে ও উপযুক্তমতে উদ্যোগ করিয়া ঐ কর্ম্ম সমাপ্ত না করে, তবে মাজিষ্ট্রেট সাহেব ও তাঁহার কার্য্যকারকেরা ও মজুরেরা ঐ বাড়ির মধ্যে প্রবেশ করিয়া পূর্ব্বোক্ত অভিপ্রায়ে আবশ্যক সকল কার্য্য যেমন উচিত বোধ করেন তেমনি করিতে পারিবেন। আর তাহাতে যে সকল খরচ লাগে তাহা ঐ বাড়ির স্বামির দিতে হইবেক, ও তাহা এই আইনের পশ্চাৎ লিখিত বিধানমতে আদায় হইতে পারিবেক ইতি।

[Power to drain off and cleanse stagnant pools in open places.]

XLI. The Magistrate may, from time to time as he shall see fit, drain off into any sewers and cleanse and fill up or otherwise abate, any stagnant pool, ditch, tank, pond, or other receptacle of water (the same not being within any private enclosure) which shall appear to him to be useless or unnecessary, or likely to prove injurious to the health of the inhabitants, whether the same be the private property of any person or otherwise.

[অনাবৃত স্থানে পুষ্করের বদ্ধ জল ছাড়িয়া দিবার ও তাহা পরিষ্কার করিবার ক্ষমতা।]

৪১ ধারা। মাজিষ্ট্রেট সাহেব সময়েং যেমন উচিত বোধ করেন তেমনি কোন বিশেষ ব্যক্তির বেড়ার মধ্যে না থাকা বদ্ধ জলের যে কোন জলাশয় কি খাইং কি পুষ্কর কি ডোবা কি অন্য স্থানের জল তাঁহার বিবেচনায় অকর্ম্মণ্য কি অনাবশ্যক হয়, কি নিবাসি লোকেরদের স্বাস্থ্যের বিঘ্নজনক হইবার সম্ভাবনা, তাহা কোন বিশেষ ব্যক্তির সম্পত্তি হউক বা না হউক, তাহাতে তিনি প্রণালী কাটিয়া তাহার জল কোন নয়নজুলিতে চালাইতে ও সেই পুষ্করপ্রভৃতি পরিষ্কার করিতে ও বুজিয়া দিতে পারিবেন, কিম্বা অন্যপ্রকারে রহিত করিতে পারিবেন ইতি।

[Penalty for not lighting deposits of building materials or excavations.]

XLII. No person intending to build, or take down, alter, or repair any building, shall deposit any building materials, or make a hole in any street, without the permission of the Magistrate; and when such permission is granted to any person, he shall, at his own expense, cause such materials or such hole to be sufficiently fenced and enclosed until the materials are removed, or the hole is filled up or otherwise made secure; and shall cause the same to be sufficiently lighted during the night; and whoever deposits materials or makes a hole without such permission, or fails to fence or enclose and light such materials or hole, or does not remove such materials or fill up such hole when the permission has been withdrawn, shall be liable to a fine not exceeding fifty Rupees, and a further fine not exceeding fifty Rupees for every day while the offence is continued after twenty-four hours' notice from the Magistrate.]

[গাঁথিবার সরঞ্জাম যেখানে ফেলা যায় কি যে গর্ত্ত করা যায় তাহাতে আলো না দিবার দণ্ড।]

৪২ ধারা। কোন ব্যক্তি কোন ঘর গাঁথিতে কি ভাঙ্গিয়া ফেলিতে কি পরিবর্ত্ত কি মেরামৎ করিতে মনস্থ করিলে মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি না পাইয়া কোন রাস্তায় গাঁথিবার কিছু সরঞ্জাম জমা করিয়া রাখিবেক না কি গর্ত্ত করিবেক না। আর যখন সেইরূপ অনুমতি কোন ব্যক্তিকে দেওয়া যায় তখন যত কাল সেই সরঞ্জাম স্থানান্তর না করা যায় কি সেই গর্ত্ত বুজিয়া না দেওয়া যায় কি অন্য প্রকারে তাহার সুরক্ষা না হয় তত কাল সেই ব্যক্তি আপনার খরচে সেই সরঞ্জামে কি সেই গর্ত্তে উপযুক্তমতে বেড়া দিবেক ও তাহা ঘেরিয়া রাখিবেক ও রাত্রিকালে তাহাতে উপযুক্তমতে আলো দেওয়াইবেক। আর যে কেহ সেইরূপ অনুমতি না পাইয়া সরঞ্জাম জমা করিয়া রাখে কি গর্ত্ত করে কিম্বা সেই সরঞ্জামে কি গর্ত্তে বেড়া দিতে কি তাহা ঘেরিয়া রাখিতে ও তাহাতে আলো দিতে ত্রুটি করে, কিম্বা সেইরূপ অনুমতি রহিত হইলে পর ঐ সরঞ্জাম স্থানান্তর না করে কি ঐ গর্ত্ত বুজিয়া না দেয়, সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, ও তদ্ভিন্ন মাজিষ্ট্রেট সাহেবের এত্তেলা পাইলে পর চব্বিশ ঘণ্টা অবধি যত দিন সেই অপরাধ হইতে থাকে তাহার দিনপ্রতি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[Dangerous places near streets to be repaired or enclosed.]

XLIII. If any building, tank, well, or hole, or other place, be, for want of sufficient repair, protection, or enclosure, dangerous to passengers, the Magistrate shall cause the same to be repaired, protected, or enclosed, so as to prevent danger therefrom; and the expenses of such repair, protection, or enclosure, shall be paid by the owner of the property so repaired, protected, or enclosed, and shall be recoverable as hereinafter provided.

[রাস্তার নিকট আশঙ্কাজনক স্থানের মেরামৎ করিতে হইবেক কি তাহা ঘেরিয়া রাখিতে হইবেক।]

৪৩ ধারা। যদি কোন ইমারতের কি পুষ্করের কি কূপের কি গর্ত্তের কি অন্য স্থানের উপযুক্তমতে মেরামৎ কি সুরক্ষা না হওয়া কি বেড়া না থাকাপ্রযুক্ত, তাহা পথিকেরদের আশঙ্কাজনক হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব আশঙ্কা যাহাতে নিবারণ হয় এমত ভাবে ঐ বিষয়ের মেরামৎ কি সুরক্ষা করাইবেন, কি তাহা ঘেরিয়া দেওয়াইবেন। আর ঐ মেরামৎ কি সুরক্ষা করাওনের কি বেড়া দেওনের খরচ সেই প্রকারের মেরামৎ কি সুরক্ষা করা কি ঘেরিয়া রাখা সম্পত্তির স্বামির দিতে হইবেক, ও সেই খরচ ইহার পরের লিখিত বিধানমতে আদায় হইতে পারিবেক ইতি।

[Penalty for establishing a slaughter-house without license, after passing of Act.]

XLIV. No place, which is not used as a slaughter-house at the time of the passing of this Act, shall be so used without a license in writing from the Magistrate; and whoever uses as a slaughter-house any place not so used at the time of the passing of this Act, without such license, shall be liable to a fine not exceeding one hundred Rupees, and a fine not exceeding fifty Rupees for

[এই আইন জারী হইবার পরে পাট্টা বিনা কশাইখানা করিবার দণ্ড।]

৪৪ ধারা। এই আইন জারী হইবার সময়ে যে কোন স্থানে কশাইখানা না থাকে এমত কোন স্থানে মাজিষ্ট্রেট সাহেবের লিখিত পাট্টা বিনা কশাইখানা করা যাইবেক না। আর এই আইন জারী হইবার সময়ে যে স্থানে কশাইখানা না থাকে এমত কোন স্থানে যে কেহ সেই প্রকারের পাট্টা না পাইয়া কশাইখানা করে সে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক আর সেই অপরাধ সাব্যস্ত হইলে পর যত

every day after the conviction for such offence during which the said offence is continued.

কাল হইয়া থাকে তত কাল দিনপ্রতি পঞ্চাশ২ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[Penalty for keeping slaughter-house in improper state.]

XLV. Every owner or occupier of any slaughter-house, or of any market or shop for the sale of butcher's meat, fish, or vegetables, shall keep the same in a cleanly and proper state, and shall admit at all reasonable hours any person authorized by the Magistrate to enter and inspect the same; and the owner or occupier of any such slaughter-house, market, or shop, which shall not be kept in a cleanly and proper state, shall be liable for every default to a fine not exceeding twenty Rupees.

[কশাইখানা অনুচিত অবস্থায় রাখিবার দণ্ড

৪৫ ধারা। কোন কশাইখানার কিম্বা কশাইয়েরদের বিক্রেয় মাংস কি মাচ কি শাকতরকারী বিক্রী করিবার কোন হাটের কি দোকানের স্বামী কি দখীলকার সেই দোকানপ্রভৃতি পরিষ্কার ও উপযুক্ত দশায় রাখিবেক, ও মাজিষ্ট্রেট সাহেব তাহাতে প্রবেশ করিয়া দেখিবার জন্যে যে কোন ব্যক্তিকে ক্ষমতা দেন তাহাকে উপযুক্ত সকল সময়ে প্রবেশ করিতে দিবেক। আর সেইপ্রকারের যে কোন কশাইখানা কি হাট কি দোকান পরিষ্কার ও উপযুক্ত দশায় না রাখা যায় তাহার স্বামী কি দখীলকার, যতবার সেই ত্রুটি হয় ততবার, কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[Penalty for establishing offensive and dangerous trades within certain limits.]

XLVI. Within the limits which shall be prescribed for the purposes of this Section by the Lieutenant Governor of Bengal, no place shall be newly used except under license from the Magistrate for any of the following purposes, namely, for melting tallow—or for boiling offal or blood—or as a soap house—oil-boiling house—dyeing house—tannery—brick, pottery, or lime kiln—sago manufactory—or other manufactory or place of business from which offensive or unwholesome smells arise—or as a yard or depôt for hay, straw, wood, or coal; and whoever, without a license, uses any such place for such purpose, shall be liable to a fine not exceeding two hundred Rupees, and a fine not exceeding fifty Rupees for every day after the conviction for such offence during which the said offence is continued.

[বিশেষ সীমার মধ্যে দুর্গন্ধ ও আশঙ্কাজনক ব্যবসা করিবার দণ্ড।]

৪৬ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব এই ধারার কার্য্যের নিমিত্তে যে২ সীমা নির্দ্দিষ্ট করেন তাহার মধ্যে এই২ কর্ম্মের অর্থাৎ চরবি গলাইবার, কিম্বা ত্যাজ্য মাংস কি রক্ত পাক করিবার কিম্বা সাবান প্রস্তুত করিবার কি তৈল পাক করিবার, কি কাপড়ে রঙ্গ দিবার, কি চর্ম্ম কশাইবার ঘর, কি ইটের পাজা কি কুম্ভকারের পোয়ান কি চূণের ভাটী, কি সাগুর কারখানা, কি অন্য যে কোন কারিগরি কি কার্য্যের স্থান হইতে দুর্গন্ধ কি অস্বাস্থ্যজনক গন্ধ বাহির হয় তাহা, কিম্বা শুকনা ঘাস কি খড় কি বিচালী কি কাষ্ঠ কি কয়লার গোলা কি গাদা মাজিষ্ট্রেট সাহেবের পাট্টা বিনা কোন স্থানে করা যাইবেক না। আর পাট্টা বিনা যে কেহ সেই কার্য্যের নিমিত্তে সেইরূপ কোন স্থান করে, সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, ও সেই অপরাধ সাব্যস্ত হইলে পর যত দিন হইয়া থাকে তাহার দিনপ্রতি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[No burial or burning place henceforth to be constructed without leave of Magistrate.]

XLVII. No burial or burning ground, whether public or private, shall be made or formed after the passing of this Act, otherwise than by or under the authority of the Lieutenant Governor of Bengal without a license from the Magistrate; and whoever shall bury or burn, or cause, permit, or suffer to be buried or burned, any corpse in any burial or burning ground, made or formed without such license, shall be liable to a fine not exceeding two hundred Rupees.

[মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি না হইলে কবর দিবার স্থান কি শ্মশান উত্তর কালে করা যাইবেক না।]

৪৭ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আজ্ঞার দ্বারা, কি আজ্ঞাক্রমে না হইলে মাজিষ্ট্রেট সাহেবের স্থানে প্রথমে পাট্টা না পাওয়া গেলে, এই আইন জারী হইবার পরে, সাধারণের কি বিশেষ ব্যক্তির হউক, কোন কবর স্থান কি শ্মশান করা যাইবেক না কি প্রস্তুত করা যাইবেক না। আর যে কোন ব্যক্তি সেই প্রকারের পাট্টা বিনা, করা কি প্রস্তুতকরা কবর স্থানে কি শ্মশানে কোন শব পোতে কি দাহ করে কি পোতায় কি দাহ করায় কি পুতিতে কি দাহ করিতে দেয় কি অনুমতি দেয়, সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[Magistrate may order certain burial or burning places to be closed. Penalty for burying or burning in such places.]

XLVIII. If, upon the evidence of competent persons, it shall appear to the Magistrate that any burial or burning ground is in such a state as to be dangerous to the health of persons living in the neighbourhood thereof and also that a convenient place for interment or burning, as the case may be, exists within a convenient distance and is available, the Magistrate, with the sanction of the Lieutenant Governor of Bengal previously ob-

[মাজিষ্ট্রেট সাহেব কতক কবর স্থান কি শ্মশান বন্দ করিবার আজ্ঞা করিতে পারিবেন। সেইরূপ স্থানে কবর দিবার কি দাহ করিবার দণ্ড।]

৪৮ ধারা। যদি উপযুক্ত ব্যক্তিরদের প্রমাণক্রমে মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে কোন কবর স্থানের কি শ্মশানের অবস্থা বুঝিয়া তাহার প্রতিবাসি লোকেরদের স্বাস্থ্যের বিঘ্নজনক হয়, আরো ঐ স্থানের অনতিদূরে কবর দিবার কিম্বা বিষয়বিশেষে দাহ করিবার উপযুক্ত স্থান আছে ও পাওয়া যাইতে পারে, তবে মাজিষ্ট্রেট সাহেব বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতি প্রথমে পাইয়া, ঐ জমীর কোন প্রকাশ স্থানে এক্তেলানামা লটকাইয়া ঐ কবর

tained, may by notification to be affixed on some conspicuous part of the ground, appoint a time, not being less than two months, for the closing of such burial or burning ground; and whoever, after the time so appointed, buries or burns, or causes or permits to be buried or burned, any corpse therein, shall be liable to a fine not exceeding one hundred Rupees.

স্থান কি শ্মশান বন্ধ করিবার জন্যে দুই মাসের কম না হয় এমত সময় নিরূপণ করিতে পারিবেন, আর সেইরূপ নিরূপিত সময়ের পর যে কোন ব্যক্তি ঐ জমীর মধ্যে কোন শব পোতে কি দাহ করে কি পোতায় কি দাহ করায় কি পোতা যাইতে কি দাহ হইতে দেয়, সে ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[Stray dogs to be killed at certain appointed periods.]

XLIX. It shall be lawful for the Magistrate, by order in writing to be affixed at the principal Police Stations, and also to be published in some public newspaper, to appoint from time to time certain periods within which any dogs found straying in the streets or beyond the enclosures of the houses of the owners of such dogs, may be destroyed.

[ভ্রমণকারি কুকুরদিগকে নিরূপিত বিশেষ কালে মারা যাইবেক।]

৪৯ ধারা। মাজিষ্ট্রেট সাহেব পোলীসের প্রধান২ থানায় লিখিত হুকুমনামা লটকাইয়া, ও সাধারণ কোন সম্বাদপত্রেতে প্রকাশ করিয়া, সময়ে২ কোন বিশেষ কাল নিরূপণ করিতে পারিবেন, সেই কালের মধ্যে যদি কোন কুকুরকে রাস্তায় কিম্বা সেই কুকুরের স্বামির ঘরের বেড়ার কি প্রাচীরের বাহিরে ভ্রমণ করিতে দেখা যায়, তবে কুকুরকে নষ্ট করা যাইবেক ইতি।

[Police Officer may arrest without warrant on view of offence.]

L. Any Police Officer may arrest without a warrant any person committing in his view any offence against this Act, if the name and address of such person be unknown to him.

[পোলীসের আমলা অপরাধ দেখিলে পরওয়ানা বিনা গ্রেফ্তার করিতে পারিবেক।]

৫০ ধারা। কোন ব্যক্তি পোলীসের কোন আমলার গোচরে এই আইনের বিপরীত কোন অপরাধ করিলে, যদি সেই ব্যক্তির নাম ও বাসস্থান আমলার জানা না হয় তবে সেই আমলা বিনাপরওয়ানায় তাহাকে গ্রেফ্তার করিতে পারিবেক ইতি।

[Police Officer may take into custody, without warrant, persons charged with aggravated assault recently committed.]

LI. Any Police Officer may take into custody, without a warrant, any person who is charged with committing an aggravated assault, in every case in which he shall have good reason to believe that such assault has been committed, although not in his view, and that, by reason of the recent commission of the offence, a warrant could not have been obtained for the apprehension of the offender.

[কোন ব্যক্তির নামে সম্প্রতি গুরুতররূপে চড়াউ করিবার নালিশ হইলে পোলীসের আমলা পরওয়ানাবিনা তাহাকে হেফাজতে লইতে পারিবেক।]

৫১ ধারা। কোন ব্যক্তির নামে ভারি চড়াউ করিবার নালিশ হইলে যদি পোলীসের আমলার দৃষ্টিগোচরে না হইলেও সেই চড়াউ হইবার বিষয়ে তাহার বিশ্বাস করিবার উপযুক্ত হেতু থাকে, ও সেই অপরাধ অল্প কাল পূর্ব্বে হওয়াপ্রযুক্ত অপরাধির গ্রেফ্তারের পরওয়ানা পাওয়া যাইতে না পারে, তবে পোলীসের কোন আমলা পরওয়ানাবিনা তাহাকে হেফাজতে লইতে পারিবেক ইতি।

[Persons taken into custody by a Police Officer without warrant may be detained in Police Office until brought before a Magistrate or bailed.]

LII. Every person taken into custody without a warrant by a Police Officer under this Act shall be taken to the nearest Police Office, in order that such person may be detained until he can be brought before the Magistrate, or until he shall enter into recognizances, with or without sureties, for his appearance before the Magistrate. Any person so detained and not entering into recognizances shall be carried before the Magistrate within twenty-four hours from the time of his being taken into custody.

[পোলীসের কোন আমলা যে লোকদিগকে বিনাপরওয়ানায় হেফাজতে লয় তাহারদিগকে যেপর্য্যন্ত মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত না করা যায় কি তাহারদের জন্যে জামিন না দেওয়া যায় সেইপর্য্যন্ত পোলীস ঘরে আটক করিয়া রাখা যাইতে পারিবেক।]

৫২ ধারা। এই আইনমতে পোলীসের আমলা পরওয়ানাবিনা যে কোন ব্যক্তিকে হেফাজতে লয় তাহাকে, যাবৎ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করা যাইতে না পারে, অথবা যাবৎ সেই লোক মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত হইবার একরারনামা জামিনক্রমে কি জামিনভিন্ন একরারনামা লিখিয়া না দেয়, তাবৎ তাহাকে আটক করিয়া রাখিবার জন্যে অতিনিকট পোলীস ঘরে আনা যাইবেক। যে কোন ব্যক্তি সেই প্রকারে আটক হইয়া হাজির হইবার একরারনামা লিখিয়া না দেয় সেই ব্যক্তিকে হেফাজতে লওয়া যাইবার কালঅবধি চব্বিশ ঘণ্টার মধ্যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করিতে হইবেক ইতি।

[Procedure on information or complaint laid before the Magistrate of an offence against this Act.]

LIII. Upon any information or complaint laid before the Magistrate of any offence committed against this Act, the Magistrate may summon the

[এই আইনের বিরুদ্ধে কোন অপরাধ হইবার সম্বাদ কি নালিশ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে করা গেলে যেরূপে কার্য্য করিতে হইবেক।]

৫৩ ধারা। এই আইনের বিরুদ্ধে কোন অপরাধের সম্বাদ কি নালিশ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে করা গেলে কি দেওয়া গেলে, মাজিষ্ট্রেট সাহেব নালিশহওয়া

person charged to appear at a time to be mentioned in the summons, or if he sees sufficient cause for so doing, may issue a warrant for his apprehension. The provisions of the general Regulations of the Bengal Code and Acts of the Government of India for the time being in force relative to the issue and service of summonses, and warrants, to the summons, attendance, and examination of witnesses, and generally to the trial of cases, to the recovery of fines and penalties, and to appeals against orders and sentences passed by a Magistrate, shall be applicable to all cases under this Act. Provided that, in all cases of offences, punishable with fine only, if after due service of summons the person charged shall not appear in pursuance thereof, the Magistrate, at his discretion, may hear and determine the case in his absence. Provided also, that no appeal shall lie from any order of a Magistrate passed with the sanction of the Lieutenant-Governor of Bengal, under Section XLVIII of this Act.

[Recovery of costs or expenses.]

LIV. In all cases where any costs or expenses are by this Act directed to be paid, the amount of the same shall be ascertained and determined by the Magistrate, and the Magistrate may, for that purpose, summon the parties and examine them and the witnesses on their behalf; and such amount, together with the costs of the enquiry, shall be recoverable in the same manner as fines may be recovered.

[Jurisdiction.]

LV. Any Joint Magistrate or Deputy Magistrate duly authorized to exercise the powers of a Magistrate, and any Assistant vested with special powers may, in cases referred to him by the Magistrate, exercise all the powers vested in a Magistrate by this Act.

[Application of fines.]

LVI. All fines imposed and levied under this Act shall be applied in aid of any fund applicable to Police and Conservancy purposes in the said Suburbs or Station, and all costs and expenses which the Magistrate is hereby authorized to incur, shall be paid from and repaid to such fund; or if there be no such fund, all such fines as aforesaid shall be applied by the Magistrate to the cleansing or otherwise improving of the said Suburbs or Station.

[Act to supersede the provisions of Act XXI. of 1841.]

LVII. With respect to all matters expressly provided for by this Act and within the limits subject to the same, the provisions of this Act shall be held to supersede the provisions of Act XXI. of 1841.

[*Government Gazette*, *7th July*, 1857.]

ব্যক্তির নামে সমন দিয়া তাহাকে সমনের লিখিত সময়ে হাজির হইতে তলব করিতে পারিবেন, কিম্বা যদি উপযুক্ত কারণ দেখেন তবে তাহাকে গ্রেফ্তার করিবার পরওয়ানা জারী করিতে পারিবেন। সমন ও পরওয়ানা বাহির করণ ও জারী করণের বিষয়ে ও সাক্ষিরদিগের নামে সমন দিবার ও তাহারদের হাজির হইবার ও জোবানবন্দী লইবার বিষয়ে ও সাধারণমতে মোকদ্দমার বিচার করিবার ও জরীমানা ও অর্থদণ্ড আদায় করিবার ও মাজিষ্ট্রেট সাহেবের করা হুকুম ও দণ্ডাজ্ঞার উপর আপীল হইবার বিষয়ে, বাঙ্গলা দেশের চলিত সাধারণ আইনের ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের আক্টের যে২ বিধান যে সময়ে প্রবল থাকে তাহা এই আইনমতের সকল মোকদ্দমার প্রতি খাটিবেক। পরন্তু যে সকল অপরাধির কেবল জরীমানার দণ্ড হইতে পারে, তাহার সকল মোকদ্দমাতে সমন উপযুক্তমতে জারী হইবার পরে যদি নালিশহওয়া ব্যক্তি তদনুসারে হাজির না হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে তাহার অনুপস্থানে মোকদ্দমা শুনিয়া নিষ্পত্তি করিতে পারিবেন। আরো এই আইনের ৪৮ ধারামতে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অনুমতিক্রমে মাজিষ্ট্রেট সাহেব যে কোন হুকুম করেন তাহার উপর কোন আপীল হইতে পারিবেক না ইতি।

[খরচখরচা আদায়-করণ।]

৫৪ ধারা। যে সকল স্থলে এই আইনমতে কোন খরচ কি খরচা দিবার আজ্ঞা হয় সেই সকল স্থলে যত খরচখরচা দিতে হইবেক তাহা মাজিষ্ট্রেট সাহেব নিরূপণ করিয়া স্থির করিবেন। আর তদভিপ্রায়ে মাজিষ্ট্রেট সাহেব উভয় পক্ষকে ও তাহারদের পক্ষের সাক্ষিরদিগকে তলব করিয়া তাহারদের জোবানবন্দী লইতে পারিবেন, আর জরীমানা যে প্রকারে আদায় হইতে পারে সেই প্রকারেতে ঐ টাকা ও তজবীজের খরচ আদায় হইতে পারিবেক ইতি।

[এলাকা।]

৫৫ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের শক্তিক্রমে কার্য্য করিতে উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত কোন জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কি ডেপুটী মাজিষ্ট্রেটের প্রতি ও বিশেষ ক্ষমতাপ্রাপ্ত আসিষ্টাণ্ট সাহেবের প্রতি মাজিষ্ট্রেট সাহেব যে২ মোকদ্দমা অর্পণ করেন তাহাতে তিনি এই আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পিত সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

[জরীমানার টাকা লইয়া যাহা করিতে হইবেক।]

৫৬ ধারা। এই আইনানুসারে যে সকল জরীমানা করা যায় ও আদায় হয় তাহা উক্ত শহরতলী কি মোকামের মধ্যে পোলীসের ও নগর পরিপাটীরূপে রাখিবার কার্য্যের কোন ফণ্ড বৃদ্ধি করণার্থে দেওয়া যাইবেক, আর মাজিষ্ট্রেট সাহেবকে এই আইনমতে যে সকল খরচখরচা করিবার ক্ষমতা দেওয়া গিয়াছে তাহা সেই তহবীলহইতে দেওয়া যাইবেক ও তাহাতে ফিরিয়া দেওয়া যাইবেক, অথবা যদি সেইরূপ কোন তহবীল না থাকে তবে মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্ত প্রকারের ঐ সকল জরীমানার টাকা লইয়া উক্ত শহরতলী কি মোকাম পরিষ্কার করিবার কি অন্য প্রকারে আরো উত্তম করিবার জন্যে খরচ করিবেন ইতি।

[এই আইনেতে ১৮৪১ সালের ২১ আইনের বিধান বাতিল হয়।]

৫৭ ধারা। এই আইনেতে যে সকল বিষয়ের বিধান স্পষ্টরূপে করা গিয়াছে তৎসম্পর্কে ও যে২ স্থানে এই আইন প্রচলিত হইবেক সেই২ স্থানের মধ্যে এই আইনের বিধানক্রমে ১৮৪১ সালের ২১ আইন বাতিল হইয়াছে জ্ঞান হইবেক ইতি।

[Interpretation.]

LVIII. In the construction of this Act, words importing the singular number shall include the plural number, and words importing the plural number, shall include the singular number; words importing the masculine gender shall include females.

[অর্থ করণ।]

৫৮ ধারা। এই আইনের অর্থ করণেতে এক বচনের শব্দেতে বহুবচনও ধরিতে হইবেক, ও বহু বচনের শব্দেতে এক বচনও ধরিতে হইবেক, ও পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীরদিগকেও ধরিতে হইবেক ইতি।

SCHEDULE

Of places included in the Suburbs of Calcutta and Station of Howrah.

কলিকাতার শহরতলী ও হাবড়া মোকামের মধ্যে যে২ স্থান ধরা গেল তাহার

তফসীল।

Suburbs of Calcutta.

The Villages composing the Government Estate of Punchanogram and all lands belonging to any other Estate which are situate within the general limits of the said Government Estate.

কলিকাতার শহরতলী।

গবর্ণমেণ্টের মহাল পঞ্চান্নগ্রামের সকল গ্রাম। ও উক্ত গবর্ণমেণ্টের মহালের সাধারণ সীমানার মধ্যে অন্য যে কোন মহাল থাকে তাহার সকল জমী।

Garden Reach or Moocheekhola.	মুচিখোলা
Ramnugger.	রামনগর
Singeratee.	সিঙ্গেরআটী
Indree.	ইন্দ্রি
Sonaie.	সোনাই
Borrberiah.	বড়বেড়িয়া
Rajahrampoor.	রাজারামপুর
Bhookylas.	ভূকৈলাস
Dukhin Sherepoor.	দক্ষিণ শেরপুর
Kidderpoor.	খিদিরপুর
Bykantpoor.	বৈকুণ্ঠপুর
Adee Gunga Chur.	আদি গঙ্গা চর
Ramchunderpoor.	রামচন্দ্রপুর
Ekbalpoor.	একবালপুর
Mominpoor.	মমিনপুর
Balrampoor.	বলরামপুর
Alleepoor.	আলীপুর
Jeeraut.	জিরাট
Radhanuggur.	রাধানগর
Gopalnuggur.	গোপাল নগর
Doorgapoor.	দুর্গাপুর
Chetlah.	চেতলা
Jarool.	জারুল
Dowlutpoor.	দৌলতপুর
Sonadanga.	সোণাডাঙ্গা
Manjrat.	মাজরাট
Moyapoor.	মায়াপুর
Shurhurpoor.	শরহরপুর

Station of Howrah.

হাবড়া মোকাম

Howrah, (including)	হাবড়া অর্থাৎ
Punchanuntolla.	পঞ্চাননতলা
Jolapara.	জলাপাড়া
Chandmarry (with Tandal Bagan.)	চাঁদমারি ও তাণ্ডালবাগান
North Bettra.	উত্তর বেত্রা
South Bettra.	দক্ষিণ বেত্রা
Iohapoor.	ইছাপুর
Saunpoor.	শানপুর
Gholadanga.	ঘোলাডাঙ্গা
Ramkistopoor.	রামকৃষ্ণপুর
Khoorut (with Kasondia.)	খুরুৎ ও কাসন্দীয়া
Chuckerbair.	চক্রবেড়
Santragatchee.	সাঁতরাগাছি

* [গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৭ জুলাই।]

Sathghurra.

Godar Hat (with Kinkur Chatterjea's Hat.)

Battore.

Seebpoor (with Baje Seebpoor, Majairhat, Bhurpara, Battatolla, Sreehurrynowpara, Bishop's College, and Company's Botanical Garden.)

Puddopookhur.

South Baxara.

North Baxara.

Sulkeah, including

Bandaghat (with Hurrogunge and Banerjea parah.)

Ghoosery (with Bhat Bagan.)

Mahpanchghura.

Barrackpoor.

Belloore.

Nukheah.

Chuckpara.

Nellooah.

Belgatchia (with Pakka Belgatchia.)

Bamungatchee.

Chowrasta (with Dhursatolla, Goghatta, and Bahoodanga.)

Golabarry (with Pheelkhana.)

W. MORGAN,
Clerk of the Council.

সাতঘরা

গদাড় হাট ও কিঙ্কর চাটুর্য্যার হাট

বাটোর

শিবপুর ও বাজেশিবপুর ও মাজের হাট ও ভরপাড়া ও বাটাতলা ও শ্রী হরিনবপাড়া ও বিশপ কালেজ ও কোম্পানির বাগান।

পদ্মপুকুর

দক্ষিণ বাকশাড়া

উত্তর বাকশাড়া

শালিকিয়া তাহার মধ্যে

বাঁধা ঘাট ও হরগঞ্জ ও বাড়ুর্য্যাপাড়া।

ঘুসুড়ি ও ভেটবাগান

মাহি পাঁচঘরা

বারাকপুর

বেলুড়

নকশা

চকপাড়া

নেলুয়া

বেলগাছিয়া ও পাকা বেলগাছিয়া

বামনগাছি

চৌরাস্তা ও ধর্ম্মতলা ও গোঘাটা ও বাহুডাঙ্গা

গোলাবাড়ি ও ফিলখানা

উইলিয়ম মরগন।
কৌন্সেলের ক্লার্ক।

LEGISLATIVE COUNCIL.

THE 23RD MAY, 1857.

The following Bill was read a second time in the Legislative Council on the 23rd May, 1857, and was referred to a Select Committee who are to report thereon after the 27th of August next:—

A Bill for the levy of Port-dues in the Ports of Moulmein, Rangoon, Dalhousie, Akyab, and Chittagong.

[Preamble.]

WHEREAS it is necessary to fix the amount of the Port-dues to be hereafter levied and taken in the Ports of Moulmein, Rangoon, Dalhousie, Akyab, and Chittagong, in accordance with the provisions of Act XXII. of 1855. It is enacted as follows:—

[Port-dues chargeable on sea-going vessels of ten tons and upwards entering any of the Ports.]

I. Port-dues at rates not exceeding the rates contained in the Schedule to this Act shall be chargeable in respect of every sea going vessel of the burthen of ten tons and upwards which shall enter any of the said Ports.

[Port-due in respect of vessels compelled by stress of weather to enter any of the said Ports.]

II. When any vessel enters any of the said Ports, being driven in by stress of weather, or in consequence of having sustained any damage, or for any other reason, but does not discharge or take in any cargo or passenger therein (with the

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২৩ মে।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ২৩ মে তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয় বার পাঠ হইয়া সিলেক্ট কমিটির প্রতি অর্পিত হয়। আগামি আগষ্ট মাসের ২৭ তারিখের পর তাঁহারদের উহার রিপোর্ট করিতে হইবেক।

মৌলমেন ও রাঙ্গুন ও ডালহৌসী ও আকিয়াব ও চাটিগাঁ বন্দরে বন্দরের মাসুল আদায় করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

১৮৫৫ সালের ২২ আইনের বিধানমতে মৌলমেন ও রাঙ্গুন ও ডালহৌসী ও আকিয়াব ও চাটিগাঁ বন্দরে বন্দরের যত মাসুল বসাইতে ও আদায় করিতে হইবেক তাহা নির্দ্ধার্য্য করা আবশ্যক। এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[সমুদ্রে গমনশীল ১০ টন ও তদোধিক বোঝাইধারি যে সকল জাহাজ উক্ত কোন বন্দরে যায় তাহার উপর বন্দরের মাসুল।]

১ ধারা। দশ টন ও তাহার অধিক বোঝাইধারি সমুদ্রে গমনশীল যে প্রত্যেক জাহাজ উক্ত কোন বন্দরে যায় তাহার উপর এই আইনের তফসীলের লিখিত হিসাবের অনধিক বন্দরের মাসুল লাগিবেক ইতি।

[ঝড়প্রযুক্তিপ্রযুক্ত কোন জাহাজের উক্ত বন্দরে যাইতে হইলে যত মাসুল লাগিবেক।]

২ ধারা। যদি কোন জাহাজ মহাতুফানপ্রযুক্ত কিম্বা জাহাজের কোন লোকসান হওয়াপ্রযুক্ত কিম্বা অন্য কোন দৈবঘটনায় অগত্যা উক্ত কোন বন্দরে যায় কিন্তু (মেরামতের জন্যে যে মাল তুলিয়া দেওয়া ও পুনরায় জাহাজে লওয়া আবশ্যক হয় তদ্ভিন্ন) কিছু মাল তুলিয়া

exception of such unshipment and re-shipment as may be necessary for the purpose of repair)—the Port-due chargeable in respect of such vessel shall be at a rate equal to one-half the rate chargeable in respect to other vessels.

না দেয় কিম্বা কিছু মাল কি কোন চড়নদারকে না লয়, তবে অন্যং জাহাজের যে হিসাবে বন্দরের মাসুল দিতে হয় ঐ জাহাজের তাহার অর্দ্ধেক দিতে হইবেক ইতি।

[No Port-due in respect of vessels compelled by stress of weather to re-enter any of the said Ports.]

[তুফানপ্রযুক্ত কোন জাহাজ উক্ত কোন বন্দরে ফিরিয়া গেলে তাহার কোন মাসুল লাগিবেক না।]

III. Provided that, when any vessel having left any of the said Ports is compelled to re-enter it by stress of weather or in consequence of having sustained any damage, no Port-due shall be chargeable in respect of such vessel.

৩ ধারা। পরন্তু উক্ত কোন বন্দরহইতে চলিয়া গেলে পর যদি তুফানপ্রযুক্ত কি কোন নোকসানহওয়াপ্রযুক্ত কোন জাহাজের সেই বন্দরে ফিরিয়া যাইতে হয় তবে তাহার বন্দরের মাসুল লাগিবেক না ইতি।

[No vessel to pay Port-due at same Port oftener than once in sixty days.]

[কোন জাহাজ একি বন্দরে ষাইট দিনের মধ্যে একবারের অধিক মাসুল দিবেক না।]

IV. No vessel shall be required to pay at the same Port any Port-due chargeable under this Act oftener than once in sixty days.

৪ ধারা। এই আইনমতে যে কোন মাসুল দিতে হয় তাহা কোন জাহাজ উক্ত কোন বন্দরে একবার দিলে পর ষাইট দিন গত না হইলে সেই বন্দরে সেই জাহাজের আর মাসুল দিতে হইবেক না ইতি।

SCHEDULE.

Port.	Maximum Rate.		
Moulmein ...	2 annas for every ton of burthen.		
Rangoon ...	6 annas	ditto	ditto
Dalhousie ...	6 annas	ditto	ditto
Akyab ...	2½ annas	ditto	ditto
Chittagong ...	4½ annas	ditto	ditto

W. MORGAN,
Clerk of the Council.

তফসীল।

বন্দর		যাহার অধিক মাসুল হইবেক না।	
মোলমেন	... ...	টনপ্রতি	৶
রাঙ্গুন	... ...	ঐ	৷৶
ডালহৌসী	... ...	ঐ	৷৶
আক্যাব	... ...	ঐ	৶১৹
চাটিগাঁ	... ...	ঐ	৷১৹

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

বিজ্ঞাপন।

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

APPOINTMENT.

নিয়োগ।

The 26th June, 1857.

As recommended by the Judge, the Court appoint Baboo Horopersad Sein, to officiate as Moonsiff of Beergunge, provided the leave applied for by the Sudder Ameen is granted by Government.

১৮৫৭ সাল ২৬ জুন।

বীরগঞ্জের সদর আমীন যে ছুটী প্রার্থনা করিয়াছেন তাহা যদি পান তবে জজ সাহেবের পরামর্শমতে সদর আদালত শ্রীযুত বাবু হরপ্রসাদ সেনকে বীরগঞ্জের মুনসেফের কর্ম্ম করিতে নিযুক্ত করেন।

LEAVES OF ABSENCE.

ছুটী।

The 26th June, 1857.

Baboo Gopeenath Moitre, Moonsiff of Rajapore, Zillah Hooghly, for three days.

১৮৫৭ সাল ২৬ জুন।

জিলা হুগলীর রাজাপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ মৈত্র তিন দিনের ছুটী পাইয়াছেন।

The 3d July, 1857.

Baboo Kumlah Kunth Chuckerbutty, Moonsiff of Putteeah, Zillah Chittagong, for the 11th instant.

১৮৫৭ সাল ৩ জুলাই।

জিলা চাটিগাঁয়ের পটিয়ার মুনসেফ শ্রীযুত বাবু কমলাকান্ত চক্রবর্ত্তী বর্ত্তমান মাসের ১১ তারিখের ছুটী পাইয়াছেন।

A. W. RUSSELL, *Register.*

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS.

OPIUM.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

আফিম।

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৭ সাল তারিখ ১০ জুলাই শুক্রবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৫। ৫৬ সালের পয়দারশী আফিমের সপ্তম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩৬৫৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২৫৪০
বানারসের পয়দায়শী আফিম	১১১৫
জুমলা সিন্দুক	৩৬৫৫

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫৬ সালের ২৭ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং ক্লিয়িরেন্স অর্থাৎ কিম্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৭ সালের ১৫ এবং ২৫ জুলাই এই দুই দিবস ক্রমান্বয়েঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিস্‌রি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাসাকরণার্থে সব-ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরি রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৭ সালের ১৫ জুলাই বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিম্মতের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৭ সালের ২৫ জুলাই শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম মেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

				বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৭ সালের	১০ আগষ্ট	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	৪ সেপ্টেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	৫ অক্টোবর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	১২ নবেম্বর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	৪ ডিসেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৫৯	১১৪১	৩৭০০
				১২৭১৯	৫৬০১	১৮৩২০

বিমোজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৫৭ সাল তারিখ ২৭ জুন।

ই লশিংটন। ছোট সেক্রেটারী।

জেল	শ্রম দ্বারায় যত টাকা লাভ হয় তাহার মোট	২৫৲ পঁচিশ টাকা শতকরা হিসাবে যত টাকা জেল দারোগার পাওনা হয় তাহার মোট	অবশিষ্ট ৭৫৲ টাকা শতকরা হিসাবে যত টাকা সাধারণের উপকারক কার্য্যের নিমিত্তে থাকে তাহার মোট
	পাং	পাং	পাং
ঢাকা … … … … …	৩,৮৬৪৸৵ ১১⅔	৯৬৬৶৫⅔	২,৮৯৮।৹৫⅔
দিনাজপুর… … … … …	৩,৯১১ ৴ ৬⅔	৯৮২৲৪⅔	২,৯৩৪ ।৵ ০২
ফরিদপুর … … … … …	৩৬২৸৶৫	৯০৸৶১০⅔	২৭২৶০৬⅔
হুগলী … … … … …	৫,৩৪৫৸০১	১,৩৩৬ ।৶⅜	৪,০০৯ ।৴⅔
হাওড়া … … … … …	২,৬৩১ ।৵১	৬৫৭৸৴৫⅜	১,৯৭৩।০৬⅔
যশোহর … … … … …	৬,৩২৫ ৷৵১১	১,৫৯৮৸৴৮⅔	৪,৭৯৬।৴২⅔
মালদহ … … … … …	৪৯০ ।৴ ১	১২২॥৴৩⅔	৩৬৭৸০৯⅔
মেদিনীপুর… … … … …	১৯৯৪৸৶৮	৪৯৮॥৶১১	১,৪৯৬৶৯
মুঙ্গের … … … … …	৩,৭৩৪॥৵১১	৯৩৩৲৵৯	২৮০১৲২
মুরশিদাবাদ … … … …	৩,০৩৮ ।২	৭৫৯।৴⅔	২,২৭৮॥৶১⅔
ময়মনসিংহ … … … … …	১৬৮১৴০	৪২০ ।০৩	১,২৬০৸০৯
নওয়াখালী … … … … …	৭৬৬॥৵৩	১৯১॥৵৬⅜	৫৭৪৸৶৮⅔

যত টাকা সদর ষ্টেশন এবং আউট ষ্টেশনের তহবিলে থাকে তাহার মোট।			
			পাং
ঢাকা	…	…	২,২৩৫৴০৪⅝
মুনশীগঞ্জ	…	…	২৯৮ ।৴৬
মাণিকগঞ্জ	…	…	৩৬৫৶৭
দিনাজপুর	…	…	২,৪৩৬৴০৩⅔
মালদহ	…	…	৫১২৶১০⅔
হুগলী	…	…	৩,১৯২॥৴০⅝
শ্রীরামপুর	…	…	২৯৬৸৶৯⅝
জাহানাবাদ	…	…	৫১৯।৶৭⅔
যশোহর	…	…	৩,০২৮॥৶১০⅝
খুলনা	…	…	৯৭৫৴৫
মাগুরা	…	…	৭৩৩।৶১
হাওড়া	…	…	৫৯৲১০
মেদিনীপুর	…	…	১,৪৫৩।৫
গরবেটা		…	২৴৯
নাগওয়ান	…	…	৩৮।৴২
তমলুক	…	…	২৲৫
মাদাপুর	…	…	২,২২৩৶৩⅔
আওরঙ্গাবাদ	…	…	৫৫ ।৶১০
কুরমপুর	…	…	
ময়মনসিংহ	…	…	১,১৮২ ।১০
জমালপুর	…	…	৭৮॥৶১১
নওয়াখালী	…	…	৪০৯৴১১⅝
দক্ষিণ মহারাজপুর		…	১৬৫৸৴৯

[*Government Gazette, 7th July, 1857.*]

জেল	শ্রম দ্বারার যত টাকা লাভ হয় তাহার মোট	২৫৲ পঁচিশ টাকা শতকরা হি-সাবে যত টাকা জেল দারোগার হিসাবে পাওনা হয় তাহার মোট	অবশিষ্ট ৭৫৲ টাকা শতকরা যত টাকা সাধারণের উপকারক কার্য্যের নিমিত্তে থাকে তাহার মোট	যত টাকা সদর ষ্টেশন এবং আউট ষ্টেশনের তহবিলে থাকে তাহার মোট।	
	পা৲	পা৲	পা৲		পা৲
নদীয়া	১,৭০৬৻২ৼ	৬৭৬॥৩ৼ	১,০২৯।৬ৼ	নদীয়া	১,৬৪৪।৴২ৼ
				শান্তিপুর	২১৩।৵৯
				করিমপুর	৬।১০ৼ
				কালা রোয়াহ	৭০॥/৭ৼ
				কটুয়া	৯৪৸০ৼ
পাটনা	১,২৫৬॥/৩	৩১৪৵৩ৼ	৯৪২।৵১১ৼ	পাটনা	৮২৪।০
				বাড়	৬৯॥৶২ৼ
				দানাপুর	৪৮।৵৯
পুরী	১১০৻৬	২৭॥১ৼ	৮২॥৪ৼ		
পাবনা	ক্ষতি।				
পুরণিয়া	১,৪৯৯৸/৪	৩৭৪৸৵৪	১,১২৪॥৶		
রাজশাহী	৬,১৪৩॥/৬	১,৫৩৫৸৵৪ৼ	৪,৬০৭॥৶১ৼ	রাজশাহী	৪,৪৬০।৶০
				নাটোর	১৪৭।/১ৼ
রঙ্গপুর	ক্ষতি।			রঙ্গপুর	লাস্
				সোকানী	
				বোগরা	
সারণ	১,১০১৸৶১১	২৭৫৷৶১১ৼ	৮২৬।৶১১ৼ	ছাপরা	৬৬৫৻৭ৼ
				সেওয়ান	১৬১।৪
শাহাবাদ	২,১৮৪ ১১	৫৪৬৻৫ৼ	১,৬৩৮/৫ৼ		
সিলহেট	৩,০২০৵২	৭৫৫৻৬ৼ	২,২৬৫/৭ৼ		
ত্রিপুরা	৩,৫২০।৮ৼ	৮৮০/২	২,৬৪০৶৬ৼ		
ত্রিহুত	৯৭৪॥৶৯	২৪৩॥৵১১ৼ	৭৩১৲৯ৼ	ত্রিহুত	৭২৫॥২ৼ
				বহেরা	৫১৭

[*Government Gazette*, *7th July*, 1857.]

জেল	শ্রম দ্বারায় যত টাকা লাভ হয় তাহার মোট	২৫৲ পঁচিশ টাকা শতকরা হিসাবে যত টাকা জেল দারোগার পাওনা হয় তাহার মোট	অবশিষ্ট ৭৫৲ টাকা শতকরা হিসাবে যত টাকা সাধারণের উপকারক কার্য্যের নিমিত্তে থাকে তাহার মোট	যত টাকা সদর ষ্টেশন এবং আউট ষ্টেশনের তহবিলে থাকে তাহার মোট	
	পাং	পাং	পাং		পাং
হাজারীবাগ	৩৮২ ।৩	৯৫।/০ৃ	২৮৬॥৶২ৄ	হাজারীবাগ	২৬৪৯৶৯ৄ
				বরহী	২১৯৫
তথাকার পেনিটেনশিয়েরী	ক্ষতি।				
লোহারডগা	ঐ				
মানভূম	ঐ				
সিংহভূম	ঐ				
সম্বলপুর	ঐ			তেজপুর	১৭৶৪ৄ
				মঙ্গলদই	৩৷৶৭
দররং	২৭॥৶১১	৬৸৶১১ৄ	২০৯১১ৄ		
গোআলপাড়া	২৩৪ ।৶২	৫৮॥/৯ৄ	১,১৭৫৯৮৪ৄ		
কামরূপ	৮৩৭৻৪	২০৯।০১	৬২৭৯৩		
লক্ষ্মীমপুর	৫১০৯৶১	১২৭॥৶৯ৄ	৩৮৩৶৩ৄ		
নওগাঙ্গ	১৫০৯/৬	৩৭॥৶৪ৄ	১১৩৶১ৄ		
শিবসাগর	২১৯৶৮	৫ ।৶৮	১৬ ।৶		
কাছার					
কাসিয়া হিল্স	৩৭৯৹৯	৯।৶২ৄ	২৮ ।/৬ৄ		
ডারজিলিঙ্গ					

SALT.

মাসকাবারী হিসাব মৌজুদ নমক মায় ৪ পরসেণ্ট গোলাশুক্তি বাবৎ লাগাদ ৩০ জুন সন ১৮৫৭ সাল প্রত্যেক এজেন্সীর ও খালিখার গোলাজাতের মজুদ।

এজেন্সীর নাম।		সন ১২৫৮ সাল মোতাবক ইংরাজী ১৮৫১। ৫২ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬। ৫৭ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলি।								
পাক্কা নেমক ঘাট রসুলপুর।		০	০	০	০	২৭৯/	১,০০,৯৯৩/	১,০১,২৭২/
ঐ কৃষ্ণনগর।		০	০	০	০	৩.৩৬১॥৫	১,৪৮,১০২/	১,৫১,৪৬৩॥৫
ঐ রামনগর।		০	০	০	৫.০৯০/	৩৫০৸০	১,২২,৭২৪/	১,২৮,১৭১৸০
ঐ উত্তর কালীনগর।		০	০	০	০	১,০২৪/	১,৫৩,৫৩৭/	১,৫৪,৫৬০/
ঐ পূরি ঘাটা।		০	০	০	০	৪০,০৮৪৸০	৭৩,০৭৬/	১,১৩,১৬০৸০
	একুন	০	০	০	৫,০৯৭/	৪৫,০৯৯/৫	৫,৯৮,৪৩২/	৬,৪৮,৬২৮/৫
তমলুক।								
পাক্কা নেমক ঘাট নারায়ণপুর।		০	০	০	০	১৬০৫৸১॥৶	১,১৩,০১২/	১,১৪,৬১৭৸৬॥
	একুন।	০	০	০	০	১,৬০৫৸৬॥৶	১,১৩,০১২/	১,১৪,৬১৭৸৬॥৶
২৪ পরগনা।								
পাক্কা নেমক ঘাট ধোলা।		০	০	০	০	২,৫৩৬।৫	০	২,৫৩৬।৫
ঐ বাগুণ্ডি।		০	০	০	০	৪,৮২৭/৯	০	৪,৮২৭/৯
	একুন।	০	০	০	০	৭,৩৬৩।৪	০	৭,৩৬৩।৪

[Government Gazette, 7th July, 1857.]

এজেন্সীর নাম।		সন১২৫৮সাল মোতাবক ইঙ্গরাজী ১৮৫১।৫২সাল এবং পূর্ব্ব সমহারের	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬। ৫৭ সাল	মৌজুদ সমষ্টের একুন
চট্টগ্রাম।								
পাঙ্গা নেমক বাগর্খালি ঘাট।		০	০	০	০	৪,৩৩৯॥২	০	৪,৩৩৯॥২
পাঙ্গা নেমক সদর ঘাট এজেন্সী।		০	০	০	০	৫,০৪১৸৫	০	৫,০৪১৸৫
ঐ আরাকিন।		০	০	০	০	০	৫৮,৪৫৮/৫	৫৮,৪৫৮/৫
	একুন।	০	০	০	০	৯,৬৮১।৭	৫৮,৪৫৮/৫	৬৮,১৩৯॥২
শালিখা।								
পাঙ্গা নেমক কটক।		০	০	০	০	১৫,০২৬/	০	১৫,০২৬/
ঐ বালেশ্বর।		০	০	০	০	৩২৯/	০	৩২৯/
ঐ খোরদা।		০	০	০	১২১/	২,২৩৭/	০	২,৫২৮/
ঐ চিলকা।		০	০	০	১,৭২৮/	২৬,৩৮৫/	০	২৮,১১৩/
ঐ ২৪ পরগনা।		০	০	০	০	৪,৩২৬/	০	৪,৩২০/
ঐ ঐ নারায়ণপুর।		২,০২,৩৮১॥০	০	০	০	০	০	২,০২৩,৮১॥০
কর্কচ মান্দ্রাজ পরমিট।		০	০	০	১,৮১,৮৬২/	৭,০৬,৪৮২/	০	৯,৮৮,৩৪৪/
ঐ চিলকা।		০	০	৩,১১৪/	১,৬৪,১২৯/	১৪,৬০৬/	০	২,৬১,৯১৯/
পাঙ্গা নেমক পুরী ঘাটা।		০	০	০	৫২৩/	৪১৯/	০	৯৪২/
	একুন।	২,০২,৩৮১॥০	০	৩,১১৪/	৪,৪৮,৬০৩/	৯,২৯,৮০৪/	০	১৫,৮৩,৯০২৷০
আরাকিন।								
পাঙ্গা নেমক ঘাট কৈকফূ।		০	০	০	০	১৩,৯২৪॥২	৪১,৮৬০/	৫৫,৭৮৪॥২
	একুন।	০	০	০	০	১৩,৯২৪॥২	৪১,৮৬০/	৫৫,৭৮৪॥২
	মোট একুন।	২,০২,৩৮১॥০	০	৩,১১৪/	৪,৫৩,৭০০/	১০,০৭,৪৭৮॥৪।৶	৮,১১,৭৬২/৫	২৪,৭৮,৪০৬/১

ই. টি. টুবর। সেক্রেটারী।

[এডবর্টেসমেন্ট গেজেট। ১৮৫৭। ৭ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মার্শমান সাহেব কর্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

অতিরিক্ত গবর্নমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, JULY 10, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ১০ জুলাই।

DRAFT OF ACT.

A Bill for extending the jurisdiction of the Courts of Criminal Judicature of the East India Company in Bengal, for simplifying the Procedure thereof, and for investing other Courts with Criminal jurisdiction.

[Continued from page 602.]

CHAPTER XXVI.

APPEALS.

[Court of Appeal, how to proceed in a case of conviction by an incompetent Court.]

5. When a Magistrate or Judge of a Subordinate Criminal Court has convicted a person of an offence not triable by such Magistrate or Judge, it shall be competent to the Court of Appellate Jurisdiction to annul the conviction and sentence of the Lower Court, and to direct the trial of the case by a Court of competent jurisdiction.

[Appeals from orders in proceedings other than trials.]

6. An appeal shall lie from all orders in proceedings other than criminal trials, passed by the Magistrates in the Mofussil and by the Judges of the Subordinate Criminal Courts, to the Session Court; and it shall be competent to the Courts of Appellate Jurisdiction to pass upon such appeals such orders as they shall deem just and proper.

[Period for presenting petition of appeal.]

7. The petition of appeal from a sentence of the Session Judge must be presented within nine-

আইনের মুসাবিদা

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের এলাকা বৃদ্ধি করিবার ও তাহার কার্য্য আরো সহজরূপে করা যাইবার ও অন্যান্য আদালতকে ফৌজদারী এলাকা দিবার আইনের মুসাবিদা।

[৬০২ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

২৬ অধ্যায়।

আপীল।

[অনুপযুক্ত আদালতে দোষ সাব্যস্ত হইলে আপীল আদালতের যেরূপে কার্য্য করিতে হইবেক।]

৫। যে অপরাধ কোন মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা অধঃস্থ ফৌজদারী আদালতের বিচারকর্ত্তার বিচার্য্য নহে, কোন লোকের এমত অপরাধ যদি সেই মাজিষ্ট্রেট সাহেব কি বিচারকর্ত্তা সাব্যস্ত করেন, তবে আপীলী মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন আদালত অধঃস্থ আদালতের ঐ দোষ সাব্যস্তকরণ ও ঐ দণ্ডাজ্ঞা বাতিল করিতে পারিবেন, ও উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতে ঐ মোকদ্দমার বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন।

[মোকদ্দমার বিচারছাড়া অন্য রুবকারীতে যে হুকুম হয় তাহার উপর আপীল।]

৬। ফৌজদারী মোকদ্দমার বিচারছাড়া অন্য রুবকারীতে মফঃসলের মাজিষ্ট্রেট সাহেবেরা ও অধঃস্থ ফৌজদারী আদালতের বিচারকর্ত্তারা যে সকল হুকুম করেন তাহার উপর সেশন আদালতে আপীল হইতে পারে। ও সেইরূপ আপীল হইলে আপীল আদালত যেং হুকুম ন্যায্য ও উচিত বোধ করেন তাহা করিতে পারিবেন।

[আপীলের দরখাস্ত দাখিল করিবার মিয়াদ।]

৭। সেশন জজ সাহেবের দণ্ডাজ্ঞার উপর আপীলের যে দরখাস্ত হয় তাহা, ঐ দণ্ডাজ্ঞা হইবার দিনছাড়া

ty days immediately following and exclusive of the day on which sentence was passed; and from the sentence or order of any other Court within thirty days, calculated in the same manner.

তাহার পর দিবসঅবধি নব্বই দিনের মধ্যে উপস্থিত করিতে হইবেক। ও অন্য কোন আদালতের দণ্ডাজ্ঞা কি হুকুমের উপর আপীল সেইরূপ হিসাব করিয়া ত্রিশ দিনের মধ্যে দাখিল করিতে হইবেক।

[Result when Appellate Court is equally divided.]

[যদি আপীল আদালতের সমান সংখ্যার বিচারকর্ত্তারদের ভিন্ন২ মত হয়।]

8. Where the Appellate Court consists of more than one Judge, if there should be a difference of opinion among the Judges, and the Court be equally divided, the Judgment of the Lower Court shall be affirmed.

৮। যদি একের অধিক জজ সাহেবকে লইয়া আপীল আদালত হয়, ও যদি ঐ জজ সাহেবেরদের মতের অনৈক্য হয়, ও যত জনের এক মত, তত জনের অন্য মত হয়, তবে অধঃস্থ আদালতের নিষ্পত্তি বহাল থাকিবেক।

[Finality of orders in appeal.]

[আপীল হইলে যে হুকুম হয় তাহা চূড়ান্ত হইবেক।]

9. Except as provided in Chapter XXV. Article 6, the sentences passed by the Appellate Court upon criminal appeals shall be final.

৯। ২৫ অধ্যায়ের ৬ প্রকরণে যেমন বিধান হইয়াছে তেমন স্থলছাড়া, ফৌজদারী মোকদ্দমার আপীলক্রমে আপীল আদালত যে২ দণ্ডাজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবেক।

[Powers of Session Judge and Magistrate to regulate the proceedings of subordinate Courts.]

[অধঃস্থ আদালতের কার্য্যের বিধান করিতে সেশন জজ সাহেবের ও মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা।]

10. It shall be at all times lawful for a Session Judge and for a Magistrate, or other officer exercising the powers of a Magistrate, to call for and examine the records of any Court immediately subordinate to their respective Courts, for the purpose of satisfying themselves as to the regularity of the proceedings of such subordinate Courts: but it shall not be lawful for any other Court than the Sudder Court to alter any sentence of any subordinate Court, except upon appeal by parties concerned duly made according to the fore-

১০। সেশন জজ সাহেবের ও মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কর্ম্মকারি অন্য কার্য্যকারকের সর্ব্বদাই এই ক্ষমতা থাকিবেক যে, আপনং নিজ অধীন আদালতের কার্য্য ধারামতে করা যাইতেছে ইহা সুবোধমতে জানিবার জন্যে, তদ্রূপ অধীন কোন আদালতের কাগজপত্র তলব করিয়া দৃষ্টি করেন। পরন্তু কোন মোকদ্দমাতে যে ব্যক্তিরদের সম্পর্ক থাকে তাহারা পূর্ব্বোক্ত বিধানমতে উপযুক্তরূপে আপীল না করিলে, সদর আদালত বিনা অন্য কোন আদালত অধঃস্থ কোন আদালতের কোন দণ্ডাজ্ঞা পরিবর্ত্তন করিতে পারিবেন না।

[Power of Session Court to direct bail.]

[হাজিরজামিন লইবার আজ্ঞা করিতে সেশন আদালতের ক্ষমতা।]

11. The Session Court shall have a discretionary power of directing that any defendant shall be admitted to bail before a Magistrate or Subordinate Criminal Court, or that the bail required by a Magistrate or Subordinate Criminal Court be reduced; and also of directing that a party not in custody be admitted to bail on his surrendering to a warrant.

১১। মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা অধঃস্থ ফৌজদারী আদালতের সম্মুখে কোন আসামীর স্থানে হাজিরজামিন লওয়া যায়, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব কি অধঃস্থ ফৌজদারী আদালত যত টাকার জামিন দিবার আজ্ঞা করিয়াছেন তাহা কম করা যায় এমত আজ্ঞা, এবং যে লোককে হেফাজতে রাখা না গিয়াছে এমত লোক পরওয়ানাক্রমে আপনাকে ধরা দিলে তাহার হাজির জামিন দিবার অনুমতি হয়, এমত আজ্ঞা সেশন আদালত স্বীয় বিবেচনামতে করিতে পারিবেন।

[Power of Sudder Court to direct bail.]

[হাজিরজামিন লইতে সদর আদালতের আজ্ঞা করিবার ক্ষমতা।]

12. The Sudder Court shall have the like discretionary power in regard to any defendant, or any party charged with an offence before any Criminal Court.

১২। কোন ফৌজদারী আদালতের সম্মুখে কোন আসামীর কিম্বা যাহার নামে অপরাধ করিবার নালিশ হয় এমত কোন লোকের বিষয়ে, সদর আদালতের স্বীয় বিবেচনামতে তদ্রূপ ক্ষমতা থাকিবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১০ জুলাই।]

SCHEDULE A.

Explanatory Notes.—1st.—The entries in the 2nd and 5th Columns of the Schedule, headed ' Offence" and " Penalty," are not intended as definitions of the offences and penalties described in the several corresponding clauses of the Chapters of the Penal Code, or even as abstracts of those clauses, but merely as references to the subject of the clause of the Chapter, the number of which is given in the 1st column.

2nd.—The term " Bailable or not," in Column 3, is to be taken in connexion with the provisions of Chapter XIII. Articles 28 and 29 of the Code of Criminal Procedure.

3rd.—No offence is triable by a Court inferior to the Court specifically mentioned in Column 4 as competent to try such offence; but offences are triable by Courts superior to the Court so mentioned.

4th.—The entries in the last Column show when any offence entered in Column 2 admits of cumulative punishment, and the number of the clause expressly providing for such punishment. The circumstances under which cumulative punishment may be inflicted will be ascertained on reference to the clauses themselves.

CHAPTER V.—OF PRINCIPALS AND ABETTORS.

1. Clause.	2. Offence.	3 Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
5	Abetment of any offence if the act abetted is committed in consequence, and where no express provision is made for its punishment.	According as the offence abetted is bailable or not.	By the Court by which the offence abetted is triable.	The punishment of the offence abetted.	
6	Abetment of any offence if the person abetted does the act with a different intention from that of the abettor.	Idem ...	... Idem	... Idem.	
7	When one act is abetted and a different act is done.	Idem ...	... Idem	... The punishment of the offence abetted.	Cumulative, Clause 8.
9	When an effect is caused by the act abetted different from that intended by the abettor.	Idem ...	Idem	... Idem	Cumulative, Clause 10.
11	When a person, in abetting an offence, commits also another offence.	Idem ...	... Idem	.. Idem	Cumulative.
12	Abetment of an offence punishable with death or transportation for life, if the offence be not committed in consequence of the abetment.	Not bailable,	... By the Session Court	.. Imprisonment of either description not exceeding 7 years, and fine.	
	If an act which causes harm be done in consequence of the abetment.	Idem ...	... Idem	... Imprisonment of either description not exceeding 14 years, and fine.	

CHAPTER V.—OF PRINCIPALS AND ABETTORS.—(Continued.)

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
13	Abetment of an offence punishable with imprisonment, if the offence be not committed in consequence of the abetment.	According as the offence abetted is bailable or not.	By the Court by which the offence abetted is triable.	Imprisonment of the description prescribed for the offence not exceeding ¼ of the longest term.	
	If the abettor or the person abetted be a public servant, whose duty it is to prevent the offence.	Idem	Idem, as limited by Chapter II, Article 10, Clauses 3, 4 and 5, relating to Criminal Courts of original jurisdiction.	Idem, not exceeding ½ of the longest term.	
14	Abetting the commission of an offence by the public, or by more than ten persons.	According as the offence abetted is bailable or not.	By the Court by which the offence abetted is triable.	Imprisonment of either description not exceeding 3 years, or fine, or both.	
15	Concealing a design to commit an offence punishable with death or transportation for life, if the offence be committed.	Not bailable ...	Idem	Idem, not exceeding 7 years, and fine.	
	If the offence be not committed.	Idem	Idem	Idem, not exceeding 3 years, and fine.	
16	A public servant concealing a design to commit an offence which it is his duty to prevent, if the offence be committed.	According as the offence abetted is bailable or not.	By the Court by which the offence abetted is triable, as limited by Chapter II., Article 10, Clauses 3, 4 and 5, relating to Criminal Courts of original jurisdiction.	Imprisonment of the description prescribed for the offence not exceeding ½ of the longest term or fine, or both.	
	If the offence be punishable with death or transportation.	Not bailable ...	By the Session Court ...	Imprisonment of either description not exceeding 10 years.	
	If the offence be not committed.	According as the offence abetted is bailable or not.	By the Court by which the offence abetted is triable.	Imprisonment of the description prescribed for the offence not exceeding ¼ of the longest term, or fine, or both.	
17	Concealing a design to commit an offence punishable with imprisonment, if the offence be committed.	Idem	Idem	Idem.	
	If not committed.	Idem	Idem	Imprisonment of either description prescribed for the offence not exceeding ⅛ of the longest term, or fine, or both.	

CHAPTER VI.—OFFENCES AGAINST THE STATE.

1	Waging or attempting to wage war, or abetting the waging of war against the Government.	Not bailable ...	... Session Court	... Death or transportation for life, or imprisonment of either description not exceeding 14 years, and forfeiture of all property.	
2	Concealing with intent to facilitate a design to wage war.	Idem	... Idem	... Imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.	
3	Assaulting Governor General, Governor, &c., with intent to compel or restrain the exercise of any lawful power.	Idem	... Idem	... Imprisonment of either description not exceeding 7 years, also liable to fine.	Cumulative, Clause 4.
5	Attempt to excite disaffection to the established Government.	Bailable ...	... Idem	... Banishment from British India for life, or for any term, to which fine may be added; or simple imprisonment not exceeding 3 years, to which fine may be added, or fine simply.	
6	Waging war against any Asiatic power in alliance or at peace with the East India Company or abetting the waging of such war.	Not bailable ...	... Idem	... Banishment for life or any term, to which fine may be added; or imprisonment of either description not exceeding 7 years, to which fine may be added, or fine simply.	
7	Committing depredation on the territories of any power in alliance or at peace with the East India Company.	Idem	.. Idem	... Imprisonment of either description not exceeding 7 years, also fine and forfeiture of specific property.	
8	Receiving property taken by war or depredation mentioned in Clauses 6 and 7.	Idem	.. Idem	.. Idem.	
9	Public servant voluntarily allowing prisoner of state or war in his custody to escape.	Idem	... Idem	... Transportation for life or imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.	
10	Public servant negligently suffering prisoner of state or war in his custody to escape.	Bailable ...	... Idem	... Simple imprisonment not exceeding 3 years, also liable to fine.	
11	Aiding escape of, rescuing, or harbouring such prisoner, or offering any resistance to the recapture of such prisoner.	Not bailable ...	.. Idem	.. Transportation for life or imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.	

CHAPTER VII.—OFFENCES RELATING TO THE ARMY AND NAVY.

1. Clause.	2. Offence.	3. Whether bailable are not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
1	Abetting mutiny or attempting to seduce an Officer, Soldier, or Sailor from allegiance or his duty.	Not bailable	Session Court	Imprisonment of either description not exceeding 7 years, also liable to fine.	
2	Abetment of mutiny if mutiny is committed in consequence thereof.	Idem	Idem	Transportation for life, or imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.	
3	Abetment of an assault by an Officer, Soldier, or Sailor, on his superior Officer, when in the execution of his office.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 3 years, also liable to fine.	
4	Abetment of such assault, if the assault is committed.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 7 years, also liable to fine.	
5	Abetment of the desertion of an Officer, Soldier, or Sailor.	Bailable	Idem	Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	
6	Harbouring such an Officer, Soldier, or Sailor, who has deserted. *Exception*—Not extended to harbour given by a wife to her husband.	Idem	Magistrate	Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	
7	Deserter concealed on board merchant vessel through negligence of master or person in charge thereof.	Idem	Idem	Fine not exceeding 500 Rupees.	
8	Abetment of an act of insubordination by an Officer, Soldier, or Sailor, if the offence be committed in consequence.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 6 months, or fine, or both.	
10	Wearing the dress or carrying any token used by a Soldier with intent that it may be believed that he is such a Soldier.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 3 months, or fine not exceeding 500 Rupees, or both.	

[*Government Gazette*, 10th July, 1857.]

CHAPTER VIII.—OFFENCES AGAINST THE PUBLIC TRANQUILLITY.

3	Being a member of an unlawful assembly ...	Bailable	Magistrate	Imprisonment of either description not exceeding 6 months or fine, or both.	Cumulative, Clause 9.
4	Joining an unlawful assembly armed with any deadly weapon.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	
5	Joining or continuing in an unlawful assembly knowing that it has been commanded to disperse.	Idem	Idem	Idem.	
7	Rioting	Idem	Idem	Idem	Idem.
8	Rioting armed with a deadly weapon	Idem	Session Court	Idem not exceeding 3 years, or fine, or both.	Idem.
10	If an offence be committed by any member of an unlawful assembly, every other member of such assembly shall be guilty of the offence.	According as the offence is bailable or not.	By the Court by which the offence is triable.	The punishment of the offence.	
11	Knowingly joining or continuing in any assembly of five or more persons after it has been commanded to disperse.	Bailable	Magistrate	Simple imprisonment not exceeding 6 months, or fine, or both.	
12	Assaulting or obstructing public servant when suppressing riot, &c.	Idem	Session Court	Imprisonment of either description not exceeding 3 years, or fine, or both.	
13	Wantonly giving provocation with intent to cause riot, if rioting be committed.	Idem	Magistrate	Imprisonment of either description not exceeding 1 year, or fine, or both.	
	If not committed	Idem	Idem	Idem not exceeding 6 months, or fine, or both.	
14	Owner or occupier of land not giving information of riot, &c.	Idem	Idem	Fine not exceeding 1,000 Rupees.	
15	Persons for whose benefit or on whose behalf a riot takes place not giving notice to the Police or not using means to prevent it, &c.	Idem	Idem	Fine.	
16	Hiring persons to take part in an unlawful assembly.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 6 months, or fine, or both.	
	Or to go armed	Idem	Idem	Idem not exceeding 2 years, or fine, or both.	
17	Being hired to take part in an unlawful assembly or riot.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 6 months, or fine, or both.	
	Or to go armed	Idem	Idem	Idem not exceeding 2 years, or fine, or both.	
19	Committing affray	Idem	Magistrate or Subordinate Criminal Courts, 1st class.	Idem not exceeding 1 month, or fine to 100 Rupees, or both.	

[To be continued.]

A চিহ্নের তফসীল।

ব্যাখ্যা করিবার কথা।—প্রথম "অপরাধ" ও "দণ্ড" এই দুই কথা যে ঘরের শিরোভাগে লেখা আছে, এই তফসীলের ২ ও ৫ ঘরের লিখিত সেই কথা দণ্ডবিধির আইনের নানা অধ্যায়ের যেং প্রকরণ তাহাতে মিলে সেইং প্রকরণের লিখিত অপরাধের ও দণ্ডের অর্থ করিবার কথা জ্ঞান হইবেক না। সেই প্রকরণের খোলাসাস্বরূপও জ্ঞান হইবেক না। কিন্তু অধ্যায়ের যে প্রকরণের নম্বর প্রথম ঘরে দেওয়া যায় সেই প্রকরণের কেবল মর্ম্ম থাকে।

দ্বিতীয়। ৩ ঘরেতে "হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না" এই কথা ফৌজদারী কার্য্য করিবার এই আইনের ১৩ অধ্যায়ের ২৮ ও ২৯ প্রকরণের বিধানসম্পর্কে বুঝিতে হইবেক।

তৃতীয়। ৪ ঘরে কোন অপরাধ বিচার করিবার উপযুক্ত ক্ষমতাপন্ন আদালত বলিয়া যে আদালত বিশেষমতে ব্যক্ত হয় তাহার অধীন আদালতে সেই অপরাধের বিচার হইতে পারিবেক না। কিন্তু তদ্রূপ আদালতের উপরিস্থ আদালতের দ্বারা সেইং অপরাধের বিচার হইতে পারিবেক।

চতুর্থ। ২ ঘরের লিখিত কোন অপরাধের সংযুক্ত দণ্ড হইতে পারিলে তাহার কথা, ও যে প্রকরণেতে ঐরূপ দণ্ডের স্পষ্ট বিধান হইয়াছে তাহার নম্বর, শেষ ঘরে লেখা থাকে। যেং গতিকে সংযুক্ত দণ্ড হইতে পারে তাহা ঐ সকল প্রকরণ দেখিয়া নিষ্কার্য্য হইবেক।

৫ অধ্যায়।—মুখ্য অপরাধী ও সহায়।

১	২	৩	৪	৫	৬
প্রকরণ	অপরাধ	হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	যে আদালতের বিচার্য্য	দণ্ড	যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
৫	কোন অপরাধের সহায়তা হইলে, যদি সেই সহায়তা প্রযুক্ত সেই অপরাধ করা যায় ও তাহার দণ্ডের জন্যে কোন স্পষ্ট বিধান হয় নাই তবে।	যে অপরাধের সহায়তা হয় তাহার হাজিরজামিন যেমন লওয়া যায় কি না তেমনি	যে অপরাধের সহায়তা হয় তাহার বিচার যে আদালতে হইতে পারে সেই আদালতের।	যে অপরাধের সহায়তা হয় তাহার দণ্ড।	
৬	কোন অপরাধের সহায়তা হইলে, যাহার সহায়তা করা যায় সেই সহায় ব্যক্তির অভিপ্রায়ভিন্ন অন্য অভিপ্রায়ে ঐ কার্য্য করিলে।	ঐ	ঐ	ঐ	
৭	এক কার্য্যের সহায়তা হইয়া অন্য কার্য্য করা গেলে।	ঐ	ঐ	অপরাধের যে দণ্ড সেই দণ্ড।	৮ প্রকরণমতে সংযুক্ত দণ্ড।
৯	যে কার্য্যের সহায়তা হয় তাহাতে সহায় ব্যক্তির মনস্থ করা ফলভিন্ন অন্য ফল হইলে।	ঐ	ঐ	ঐ	১০ প্রকরণমতে সংযুক্ত দণ্ড।
১১	যখন কেহ এক অপরাধের সহায়তা করিয়া অন্য অপরাধও করে তখন।	ঐ	ঐ	ঐ	সংযুক্ত দণ্ড।
১২	প্রাণদণ্ডের কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ডের অপরাধের সহায়তা হইলে যদি সেই সহায়তাপ্রযুক্ত অপরাধ না করা যায় তবে।	হাজিরজামিন লওয়া যায় না	সেশন আদালতের বিচার্য্য।	সাত বৎসরের অনধিক কাল কোন প্রকারে কয়েদ ও জরীমানা।	
	যে কার্য্যেতে ক্ষতি হয় তাহা যদি সেই সহায়তাপ্রযুক্ত করা যায় তবে।	ঐ	ঐ	১৪ বৎসরের অনধিক কাল কোন প্রকারে কয়েদ ও জরীমানা।	

১৩	যে অপরাধের জন্যে কয়েদ হইবার দণ্ড হয় তাহার সহায়তা হইলে যদি সেই সহায়তাপ্রযুক্ত অপরাধ না করা যায় তবে।	যে অপরাধের সহায়তা হয় তাহার জন্যে হাজিরজামিন যেমন লওয়া যায় কি না তেমনি ...	যে অপরাধের সহায়তা হয় তাহার বিচার যে আদালতে হইতে পারে।	অপরাধের জন্যে যত কাল যে প্রকারে কয়েদ হয় তাহার চতুর্থাংশ কাল সেই প্রকারে কয়েদ।
	যে সহায় করে কি যাহার সহায়তা হয় সে জন, ঐ অপরাধ নিবারণ করা যাহার কর্তব্য এমত সরকারী কার্য্যকারক হইলে।	ঐ	মোকদ্দমা প্রথমে শুনিবার ফৌজদারী আদালতসম্পর্কে ২ অধ্যায়ের ১০ প্রকরণের ৩, ৪, ও ৫ দফার সীমা দৃষ্টে ঐ।	ঐ অত্যধিক কালের অর্দ্ধেকের অধিক না হয় ঐ
১৪	সাধারণ লোকের দ্বারা কি দশ জনের অধিক লোকের দ্বারা কোন অপরাধ হইবার সহায়তা।	ঐ	যে অপরাধের সহায়তা হয় তাহা যে আদালতের বিচার্য্য।	৩ বৎসরের অনধিক কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।
১৫	প্রাণদণ্ডের কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ডের অপরাধ করিবার অভিপ্রায় গুপ্ত রাখিলে যদি সেই অপরাধ করা যায় তবে।	হাজিরজামিন লওয়া যাইতে পারে না	ঐ	৭ বৎসরের অনধিক কাল ঐ ও জরীমানা।
	যদি অপরাধ না করা যায় তবে।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক কাল ঐ ও জরীমানা।
১৬	সরকারী কার্য্যকারকের যে অপরাধ নিবারণ করিতে হয় তাহা করিবার অভিপ্রায় তিনি গুপ্ত রাখিলে, যদি সেই অপরাধ করা যায় তবে।	যে অপরাধের সহায়তা হয় তাহার হাজিরজামিন যেমন লওয়া যায় কি না তেমনি	মোকদ্দমা প্রথমে শুনিবার ফৌজদারী আদালতসম্পর্কে ২ অধ্যায়ের ১০ প্রকরণের ৩, ৪, ৫ দফার সীমা দৃষ্টে, যে অপরাধের সহায়তা হয় তাহার বিচার যে আদালতে হইতে পারে।	অপরাধের জন্যে যত কালের যেরূপ কয়েদ নির্দ্দিষ্ট হয় তাহার অর্দ্ধেক কালের অনধিক সেই প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।
	যদি সেই অপরাধের জন্যে প্রাণদণ্ড কি দ্বীপান্তর প্রেরণদণ্ড হয় তবে।	হাজিরজামিন লওয়া যাইতে পারে না .. —	সেশন আদালতের।	১০ বৎসরের অনধিক কোন প্রকারে কয়েদ।
	যদি সেই অপরাধ না করা যায়।	যে অপরাধের সহায়তা হয় তাহার হাজিরজামিন যেমন লওয়া যায় কি না তেমনি	যে অপরাধের সহায়তা হয় তাহার বিচার যে আদালতে হইতে পারে।	অপরাধের জন্যে যত কালের যে প্রকারের কয়েদ হইতে পারে তাহার চতুর্থাংশ কালের অনধিক সেই প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।
১৭	যে অপরাধের জন্যে কয়েদ হয় তাহা করিবার অভিপ্রায় গুপ্ত রাখিলে যদি সেই অপরাধ করা যায়।	ঐ	ঐ	ঐ
	যদি না করা যায়।	ঐ	ঐ	অপরাধের জন্যে যত কালের যে প্রকারের কয়েদ হইতে পারে তাহার আট অংশের একাংশের অনধিক সেই প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।

৬ অধ্যায়। রাজবিপরীত অপরাধ।

১ প্রকরণ	২ অপরাধ।	৩ হাজিরজামিন লওয়া যাই-তে পারে কি না	৪ যে আদালতের বিচার্য্য	৫ দণ্ড।	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
১	গবর্ণমেণ্টের বিরুদ্ধে যুদ্ধ কি যুদ্ধ করিবার উদ্যোগ কি সহায়তা।	হাজিরজামিন লওয়া যাই-তে পারে না	সেশন আদালতের।	প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড কিম্বা ১৪ বৎসরের অনধিক কোন এক প্রকারে কয়েদ ও তবৎ সম্পত্তি জব্দ।	
২	যুদ্ধ করিবার অভিপ্রায়ের সাহায্য করিবার জন্যে গুপ্ত রাখণ।	ঐ	ঐ	১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
৩	আইনসিদ্ধ ক্ষমতামতে কার্য্য করাইবার কিম্বা করিতে ক্ষান্ত করাইবার নিমিত্তে গবরনর্ জেনরল বাহাদুরের কি গবরনর্ সাহেবপ্রভৃতির উপর আক্রমণ।	ঐ	ঐ	৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	৪ প্রকরণমতে সংযুক্ত দণ্ড।
৫	গবর্ণমেণ্টের পক্ষে অশ্রদ্ধা জন্মাইবার উদ্যোগ।	হাজিরজামিন লওয়া যাই-তে পারে	ঐ	যাবজ্জীবন কিম্বা কতক কালের জন্যে ভারতবর্ষহইতে বহিস্কৃত হওন তদ্ভিন্ন জরীমানা হইতে পারে। কিম্বা ৩ বৎসরের অনধিককাল সামান্যরূপে কয়েদ ও তদ্ভিন্ন জরীমানা হইতে পারে কিম্বা কেবল জরীমানা।	
৬	কোম্পানি বাহাদুরের সঙ্গে সন্ধিবদ্ধ কিম্বা শান্তভাবে থাকা আসিয়া দেশীয় কোন রাজার সঙ্গে যুদ্ধ কিম্বা যুদ্ধের সহায়তা।	হাজিরজামিন লওয়া যাই-তে পারে না	ঐ	যাবজ্জীবন কিম্বা কোন মিয়াদে দেশবহিস্কৃত হওন তদ্ভিন্ন জরীমানাও হইতে পারে কিম্বা ৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ ও তদ্ভিন্ন জরীমানা হইতে পারে কিম্বা কেবল জরীমানা।	
৭	কোম্পানি বাহাদুরের সঙ্গে সন্ধিতে বদ্ধ কিম্বা শান্তভাবে থাকা কোন রাজার দেশে লুঠ তরাজ করণ।	ঐ	ঐ	৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ ও জরীমানা ও বিশেষ প্রকারের সম্পত্তি জব্দ।	
৮	৬ ও ৭ প্রকরণের লিখনমতে যুদ্ধ কি লুঠকরণের দ্বারা লওয়া সম্পত্তি গ্রহণ করা।	ঐ	ঐ	ঐ।	
৯	কয়েদী রাজাপ্রভৃতিকে কিম্বা যুদ্ধে ধরা লোককে সরকারী যে কার্য্যকারকের জিম্মায় দেওয়া যায় তাহাকে সেই কার্য্যকারক জানিয়াশুনিয়া পলাইতে দিলে।	ঐ	ঐ	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কিম্বা ১৪ বৎসরের অনধিক কোন এক প্রকারে কয়েদ। তদ্ভিন্ন জরীমানাও হইতে পারে।	
১০	কয়েদী রাজাপ্রভৃতিকে কিম্বা যুদ্ধে ধরা লোককে সরকারী যে কার্য্যকারকের জিম্মায় দেওয়া যায় তাহাকে সেই কার্য্যকারক অমনোযোগে পলাইতে দিলে।	হাজিরজামিন লওয়া যাই-তে পারে	ঐ	৩ বৎসরের অনধিক সামান্যরূপে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
১১	সেই প্রকারের কয়েদীর পলাইবার সাহায্য করা কি তাহাকে উদ্ধার করা কি আশ্রয় দেওয়া কিম্বা সেই কয়েদীর পুনরায় ধরা যাইবার কিছু বাধা করা।	হাজিরজামিন লওয়া যাই-তে পারে না	ঐ	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কিম্বা ১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও	

৭ অধ্যায়। পল্টন ও যুদ্ধ জাহাজসম্পর্কীয় অপরাধ।

১	রাজদ্রোহিতার সহায়তা করণ কিম্বা জুন্দাদার কি সিপাহী কি নাবিককে বাধ্যতাইইতে কি কর্ত্তব্য কর্ম্ম হইতে মন ফিরাইবার উদ্যোগ করণ।	হাজিরজামিন লওয়া যাইতে পারে না। ..	সেশন আদালতের	৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।
২	রাজবিদ্রোহিতার সহায়তার ফলে রাজবিদ্রোহিত হইলে সেই সহায়তা।	ঐ	ঐ	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কিম্বা ১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারের কয়েদ। জরীমানাও হইতে পারিবেক।
৩	উপরিস্থ কার্য্যকারক যে সময়ে আপন পদের কর্ম্ম করেন সেই সময়ে তাঁহার উপর জুন্দাদারের কি সিপাহীর কি নাবিকের আক্রমণ করিবার সহায়তা।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারের কয়েদ। জরীমানাও হইতে পারিবেক।
৪	সেইরূপ আক্রমণের সহায়তার ফলে আক্রমণ হইলে সেই সহায়তা।	ঐ	ঐ	৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারিবেক।
৫	জুন্দাদারের কি সিপাহীর কি নাবিকের পলাইবার সহায়তা।	হাজিরজামিন লওয়া যাইতে পারে।	ঐ	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।
৬	পলাতক জুন্দাদার কি সিপাহী কি নাবিককে আশ্রয় দেওন।	ঐ	মাজিষ্ট্রেট সাহেবের	১ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।
	বর্জ্জিত কথা। স্ত্রী আপন স্বামিকে আশ্রয় দিলে এই বিধি খাটে না।			
৭	সওদাগরী জাহাজের মালিকের কি ভিম্মাপ্রাপ্ত ব্যক্তির অমনোযোগে জাহাজে পলাতক আশ্রয় পাইলে।...	ঐ	ঐ	৫০০৲ টাকার অনধিক জরীমানা।
৮	জুন্দাদারের কি সিপাহীর কি নাবিকের অবাধ্যতাবের কার্য্য করিবার সহায়তার ফলে ঐ অপরাধ করা গেলে সেই সহায়তা।	ঐ	ঐ	৬ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।
১০	কোন লোক আপনাকে সিপাহী দেখাইবার জন্যে সিপাহীর পোশাক কিম্বা কোন নিশানী পরিলে। ..	ঐ	ঐ	৩ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি ৫০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।

১ প্রকরণ	২ অপরাধ	৩ হাজিরজামিন লওয়া যাই-তে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য	৫ দণ্ড	৬ যে স্থানে সংযুক্ত দণ্ড হইতে পারে
৩	বেআইনীমতের জমায়তের লোক হওয়া। ...	হাজিরজামিন লওয়া যাই-তে পারে। ...	মাজিষ্ট্রেট সাহেবের। ...	৬ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	৯ প্রকরণমতে। সংযুক্ত দণ্ড।
৪	সাংঘাতিক অস্ত্র লইয়া বেআইনীমতের জমায়তের সঙ্গে মিলিয়া যাওন। ...	ঐ ...	ঐ ...	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
৫	বেআইনীমতের জমায়তের ভঙ্গ হইবার আজ্ঞা হইল জানিয়া তাহারদের সঙ্গি হওন কি থাকন। ...	ঐ ...	ঐ ...	ঐ	
৭	দাঙ্গা করণ। ...	ঐ ...	ঐ ...	ঐ ...	ঐ
৮	সাংঘাতিক অস্ত্র লইয়া দাঙ্গা করণ। ...	ঐ ...	সেশন আদালতের। ...	৩ বৎসরের অনধিক ঐ কি জরীমানা কি উভয় দণ্ড।	ঐ
১০	বেআইনীমতের জমায়তের কোন লোক কোন অপরাধ করিলে ঐ জমায়তের সকল লোক ঐ অপরাধের দোষী হয়। ...	অপরাধের হাজিরজামিন যেমন লওয়া যায় কি না তেমনি। ...	অপরাধ যে আদালতের বিচার্য্য	অপরাধের যে দণ্ড।	
১১	পাঁচ কি অধিক জনের কোন জমায়তের ভঙ্গ হইবার আজ্ঞা হইলেও জানিয়াশুনিয়া তাহারদের সঙ্গি হওন কি থাকন। ...	হাজিরজামিন লওয়া যাই-তে পারে।	মাজিষ্ট্রেট সাহেবের। ...	৬ মাসের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
১২	সরকারী কার্য্যকারকের দাঙ্গা নিবারণ করণ কালে তাঁহার উপর আক্রমণ কি তাঁহার বাধা করিলে। ...	ঐ ...	সেশন আদালতের। ...	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
১৩	দাঙ্গা করাইবার মানসে রাগ জন্মিবার কার্য্য অকারণে করিলে যদি তাহাতে দাঙ্গা হয় তবে। ...	ঐ ...	মাজিষ্ট্রেটের। ...	১ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
	যদি দাঙ্গা না হয়। ...	ঐ ...		৬ মাসের অনধিক ঐ কি জরীমানা কি উভয় দণ্ড।	
১৪	জমির স্বামী কি দখীলকার দাঙ্গাপ্রভৃতির সম্বাদ না দিলে। ...	ঐ ...	ঐ ...	১০০০ টাকার অনধিক জরীমানা।	
১৫	যাহার উপকারের জন্যে কি যাহার পক্ষে দাঙ্গা হয় সেই লোক পোলীসে সম্বাদ না দিলে কিম্বা তাহার বারণ করিবার কার্য্য না করিলে। ...	ঐ ...	ঐ ...	জরীমানা।	
১৬	বেআইনীমতের জমায়তের লোক হইবার জন্যে কোন লোককে ভাড়া দিয়া রাখিলে। ...	ঐ ...	ঐ ...	৬ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
	কিম্বা অস্ত্র লইয়া বেড়াইবার জন্যে রাখিলে। ...	ঐ ...	ঐ ...	২ বৎসরের অনধিক ঐ কি জরীমানা কি উভয় দণ্ড।	
১৭	বেআইনীমতের জমায়তের লোক হইবার কি দাঙ্গা করিবার জন্যে ভাড়া লওন। ...	ঐ ...	ঐ ...	৬ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
	কিম্বা অস্ত্র লইয়া বেড়াইবার জন্যে। ...	ঐ ...	ঐ ...	২ বৎসরের অনধিক ঐ কি জরীমানা কি উভয় দণ্ড।	
১৯	হাঙ্গামা করণ। ...	ঐ ...	মাজিষ্ট্রেট সাহেব কিম্বা প্রথম শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের।	১ মাসের অনধিক ঐ কি ১০০ টাকা জরীমানা কি উভয় দণ্ড।	

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মর্দ্রে সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 14, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১৪ জুলাই।

DRAFT OF ACT.

THE INDIAN PENAL CODE.

CHAPTER XIX.

OF THE CRIMINAL BREACH OF CONTRACTS OF SERVICE.

[Concluded from page 531.]

[Breach of contract of service during a voyage or journey.]

1 Whoever, being bound by a lawful contract to render his personal service in conveying or conducting any person, or any property, from one place to another place, or to act as servant to any person during a voyage or journey, or to guard any person or property during a voyage or journey, voluntarily omits so to do, except in the case of ill-treatment, shall be punished with imprisonment of either description for a term which may extend to one month, or with fine which may extend to one hundred Rupees, or with both.

Illustrations.

(*a*) A, a palanquin bearer, being bound by legal contract to carry Z from one place to another, runs away in the middle of the stage. A has committed the offence defined in this Clause.

(*b*) A, a cooly, being bound by lawful contract to carry Z's baggage from one place to another, throws the baggage away. A has committed the offence defined in this Clause.

(*c*) A, a proprietor of bullocks, being bound by legal contract to convey goods on his bullocks from one place to another, illegally omits to do so. A has committed the offence defined in this Clause.

(*d*) A by lawful means compels B, a cooly, to carry his baggage. B in the course of the journey puts down the baggage and runs away. Here

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের দণ্ডবিধির আইন।

১৯ অধ্যায়।

অপরাধঘটিতরূপে চাকরী করিবার চুক্তিভঙ্গ।

[৫৩১ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[জলপথে কি স্থলপথে কোন স্থানে যাইবার কালে চাকরী করিবার চুক্তিভঙ্গ।]

১। যদি কেহ কোন ব্যক্তিকে কি কোন মাল এক স্থানহইতে অন্য স্থানে লইয়া যাইবার কি সঙ্গে যাইবার কর্ম্ম করিতে, কিম্বা জলপথে কি স্থলপথে যাইবার কালে কোন ব্যক্তির চাকরী করিতে, কিম্বা জলপথে কি স্থলপথে যাইবার সময়ে কোন ব্যক্তির কি মালের চৌকী দিতে আইনমতের চুক্তিক্রমে বদ্ধ হইয়া, প্রহারাদি কদাচারের কারণবিনা ইচ্ছাপূর্ব্বক সেই কর্ম্ম করিতে ত্রুটি করে, তবে সে এক মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা কি এ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

(ক) কালুনামে এক জন পালকীর বেহারা যদুকে এক স্থানহইতে অন্য স্থানে লইয়া যাইবার জন্যে আইনমতের চুক্তিক্রমে বদ্ধ হইয়া, পথের অৰ্দ্ধেকপৰ্য্যন্ত গিয়া পলায়। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করে।

(খ) কালুনামে এক জন মুটিয়া যদুর কোন মোট এক স্থানহইতে অন্য স্থানে লইয়া যাইবার জন্যে আইনমতের চুক্তিক্রমে বদ্ধ হইয়া সেই মোট ফেলিয়া দেয়। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করে।

(গ) কালু অনেক বলদ রাখে, ও আপন বলদের দ্বারা কিছু মাল এক স্থানহইতে অন্য স্থানে লইয়া যাইবার জন্যে আইনমতের চুক্তিক্রমে বদ্ধ হইয়া বেআইনী মতে সেই কর্ম্ম করিতে ত্রুটি করে। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করে।

(ঘ) কালু আইনসিদ্ধ উপায়েতে গোপালনামক মুটিয়ার ঘাড়ে জোর করিয়া আপনার মোট চাপায়। গোপাল পথে যাইতে২ মোট রাখিয়া পলায়। এই স্থলে

as B was not lawfully bound to carry the baggage, he has not committed any offence.

গোপাল ঐ মোট বহিতে আইনমতে বদ্ধ ছিল না, অতএব কোন অপরাধ করে নাই।

Explanation. It is not necessary to this offence that the contract should be made with the person for whom the service is to be performed. It is sufficient if the contract is legally made with any person, either expressly or impliedly, by the person who is to perform the service.

ব্যাখ্যা। যাহার নিমিত্তে কর্ম্ম করিতে হইবেক তাহারি সঙ্গে চুক্তি না হইলেও এই অপরাধ হইতে পারে। অর্থাৎ যে ব্যক্তি কর্ম্ম করিবেক সে যদি স্পষ্টরূপে কি ভাবক্রমে কোন ব্যক্তির সঙ্গে আইনমতের চুক্তি করে তবে তাহার ঐ অপরাধ হইতে পারে।

Illustration.

A contracts with a Dâk Company to drive his carriage for a month. B employs the Dâk Company to convey him on a journey, and during the month the Company supplies B with a carriage which is driven by A. A in the course of the journey voluntarily leaves the carriage. Here, although A did not contract with B, A is guilty of an offence under this Clause.

উদাহরণ।

কালু কোন ডাকগাড়ির কোম্পানির সঙ্গে এমত চুক্তি করে যে এক মাসপর্য্যন্ত গাড়ি চালাইব। গোপাল কোন স্থানে যাইবার জন্যে ঐ কোম্পানির ডাকগাড়ি ভাড়া করে, তাহাতে কালু যে গাড়ি চালায় সেই গাড়ি ঐ কোম্পানি মাসের মধ্যে গোপালকে দেয়। পথে যাইতে২ কালু ইচ্ছাপূর্ব্বক গাড়ি ছাড়িয়া যায়। এই স্থলে যদিও গোপালের সঙ্গে কালুর কোন চুক্তি হয় নাই তথাপি কালু এই প্রকরণের লিখিত অপরাধ করিয়াছে।

[Breach of contract made in India to serve on board of vessel.]

2. Whoever, being bound by a lawful contract entered into in British India to serve on board of any vessel, voluntarily leaves that vessel, or remains absent from that vessel, or refuses to perform his duty on board that vessel, except in the case of ill-treatment, shall be punished with imprisonment of either description for a term which may extend to three months, or with fine which may extend to one hundred Rupees, or with both.

[ভারতবর্ষের মধ্যে কোন জাহাজে কর্ম্ম করিতে যে চুক্তি করা যায় সেই চুক্তিভঙ্গের দণ্ড।]

২। যদি কেহ ব্রিটনীয়েরদের অধিকৃত ভারতবর্ষের মধ্যে আইনমতের চুক্তি করাতে কোন জাহাজে কর্ম্ম করিতে বদ্ধ হইয়া প্রহারাদি কদাচরণের কারণবিনা ইচ্ছাপূর্ব্বক সেই জাহাজ ছাড়িয়া যায়, কিম্বা সেই জাহাজহইতে গরহাজির থাকে, কিম্বা সেই জাহাজে আপনার কর্ত্তব্য কর্ম্ম করিতে অস্বীকার করে, তবে সেই লোক তিন মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার এক শত টাকাপর্য্যন্ত জরীমানা, কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Breach of contract to attend on and supply the wants of helpless persons.]

3. Whoever, being bound by a lawful contract to attend on any person who, by reason of youth, or of unsoundness of mind, or of a disease or bodily weakness, is helpless or incapable of providing for his own safety, or to supply the wants of any such person, voluntarily omits so to do, shall be punished with imprisonment of either description for a term which may extend to three months, or with fine which may extend to two hundred Rupees, or with both.

[দুর্ব্বল লোকের সেবা করিবার ও তাহার প্রয়োজনীয় বিষয় দিবার চুক্তিভঙ্গের দণ্ড।]

৩। অল্প বয়স্, কিম্বা বিকৃত মন, কি রোগ, কি শারীরিক দুর্ব্বলতাপ্রযুক্ত যে জন অশক্ত হয়, কি আপনার রক্ষা করিতে অক্ষম হয়, তাহার সেবা করিবার জন্যে, কিম্বা সেই প্রকার লোকের প্রয়োজনীয় বিষয় যোগাইবার জন্যে যে কেহ আইনমতে চুক্তিক্রমে বদ্ধ হইয়া, তাহা করিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করে, সে তিন মাসপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার দুই শত টাকাপর্য্যন্ত জরীমানা, কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Breach of a contract to serve at a distant place to which the servant is conveyed at the master's expense.]

4. Whoever, by lawful contract in writing, being bound to render personal service to another for a period not less than one year nor more than three years at a distant place to which by virtue of the contract he has been or is to be conveyed at the expense of such other, voluntarily deserts the service of that other during the continuance of his contract or refuses to perform the service which he has contracted to perform, shall be punished with imprisonment of either description for a term not exceeding six months, or with fine not exceeding treble the amount of such expense, or with both; unless it shall appear that the employer has ill-treated him or neglected to perform the contract on his part.

[মুনিবের খরচেতে চাকরকে অতিদূর স্থানে আনা গেলে যদি সেই স্থানে চাকরী করিতে চুক্তিভঙ্গ করে তবে তাহার দণ্ড।]

৪। যদি কোন লোক এক বৎসরের অন্যূন ও তিন বৎসরের অনধিক কালপর্য্যন্ত কোন দূর স্থানে চাকরী করিতে আইনমতে চুক্তি লিখিয়া দিয়া বদ্ধ হয়, ও সেই চুক্তিক্রমে যদি সেই অন্য ব্যক্তির খরচেতে সেই চাকরকে দূর দেশে পাঠান গিয়াছে কি পাঠান যাইবেক, পরে তাহার সেই চুক্তির মিয়াদ থাকিতেও যদি সে ইচ্ছাপূর্ব্বক চাকরী ত্যাগ করে, কিম্বা যে কর্ম্ম করিতে করার করিয়াছিল তাহা করিতে অস্বীকার করে, তবে সে ছয় মাসের অনধিক কোন মিয়াদপর্য্যন্ত কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা সেই খরচের তিনগুণের অনধিক তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক। কিন্তু যদি দৃষ্ট হয় যে মুনিব তাহার প্রতি কদাচার করিয়াছে কিম্বা ঐ চুক্তিতে মুনিবের যে কর্ম্ম কর্ত্তব্য ছিল তাহা করিতে মুনিবের ত্রুটি হইয়াছে তবে তাহার সেই দণ্ড হইবেক না।

CHAPTER XX.

OF OFFENCES RELATING TO MARRIAGE.

[Cohabitation caused by a man deceitfully inducing a belief of lawful marriage.]

1. Every man who by deceit causes any woman, who is not lawfully married to him, to believe that she is lawfully married to him and to cohabit or have sexual intercourse with him in that belief, shall be punished with imprisonment of either description for a term which may extend to fourteen years, and shall also be liable to fine.

[Cohabitation caused by a woman deceitfully inducing a belief of lawful marriage.]

2. Every woman who by deceit causes any man, who is not lawfully married to her, to believe that he is lawfully married to her and to cohabit with her in consequence of that belief, shall be punished with simple imprisonment for a term which may extend to one year, or with fine, or with both.

[Marrying again during the life time of a husband or wife.]

3. Whoever, having a husband or wife living, marries, in any case in which such marriage is void by reason of its taking place during the life of such husband or wife, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

Exception.—This Clause does not extend to any person whose marriage with such husband or wife has been declared void by a Court of competent jurisdiction, nor to any person who contracts a marriage during the life of a former husband or wife, if such husband or wife, at the time of the subsequent marriage, shall have been continually absent from such person for the space of seven years, and shall not have been heard of by such person as being alive within that time; provided the person contracting such subsequent marriage informs the person with whom such subsequent marriage is contracted, of the real state of facts so far as the same are within his or her knowledge.

[Same offence with concealment of the former marriage from the person with whom subsequent marriage is contracted.]

4. Whoever commits the offence defined in the last preceding Clause having concealed from the person with whom the subsequent marriage is contracted, the fact of the former marriage, shall be punished with imprisonment of either description for a term which may extend to ten years, and shall also be liable to fine.

[Marriage ceremony gone through with fraudulent intent to induce cohabitation without lawful marriage.]

5. Whoever, fraudulently or with intent to

২০ অধ্যায়।

বিবাহসম্পর্কীয় অপরাধের কথা।

[কোন পুরুষ আইনমতে বিবাহ হইয়াছে এমত বিশ্বাস প্রতারণা করিয়া জন্মাইয়া স্ত্রীতে উপগত হইবার দণ্ড।]

১। কোন স্ত্রীর সঙ্গে যে পুরুষের আইনমতে বিবাহ হয় নাই এমত পুরুষ যদি সেই স্ত্রীর সঙ্গে তাহার আইনমতে বিবাহ হইয়াছে স্ত্রীর এমত বিশ্বাস প্রতারণা করিয়া জন্মাইয়া ঐ স্ত্রীতে উপগত হয়, কিম্বা সেই বিশ্বাসেতে স্ত্রীর সঙ্গে সংসর্গ করিতে ঐ স্ত্রীর অনুমতি পায়, তবে সেই পুরুষ চৌদ্দ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[কোন স্ত্রী আইনমতের বিবাহ হইয়াছে এমত বিশ্বাস প্রতারণা করিয়া জন্মাইয়া সংসর্গ করাইলে তাহার দণ্ড।]

২। যদি কোন পুরুষের সঙ্গে কোন স্ত্রীর আইনমতের বিবাহ হয় নাই কিন্তু সেই স্ত্রীর ঐ পুরুষের সঙ্গে আইনমতের বিবাহ হইয়াছে পুরুষের এমত বিশ্বাস প্রতারণা করিয়া জন্মাইয়া সেই বিশ্বাসপ্রযুক্ত আপনার সঙ্গে পুরুষের সংসর্গ করায়, তবে সেই স্ত্রী এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[স্বামির কি ভার্য্যার জীবৎকালে পুনশ্চ বিবাহ করিবার দণ্ড।]

৩। যে স্থলে স্বামির কি ভার্য্যার জীবৎকালে পুনশ্চ বিবাহ হইলে সেই বিবাহ অসিদ্ধ হয়, এমত কোন স্থলে যাহার স্বামী কি ভার্য্যা জীবিত থাকে সে পুনশ্চ বিবাহ করিলে, সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[বর্জ্জিত কথা।]

কোন লোকের সঙ্গে কোন পুরুষের কি স্ত্রীর পূর্ব্ব বিবাহ উপযুক্ত ক্ষমতাপন্ন আদালত অসিদ্ধ প্রকাশ করিলে তাহার উপর এই প্রকরণ খাটে না। কিম্বা যদি কোন পুরুষ কি স্ত্রী ক্রমশঃ সাত বৎসরপর্য্যন্ত আপন স্ত্রী কি স্বামিহইতে পৃথক্ থাকে ও সেই কালপর্য্যন্ত সে জীবৎ আছে এমত কোন সম্বাদ না পায় তবে এমত স্থলে পূর্ব্ব স্বামী কি স্ত্রী জীবিত থাকিলেও বিবাহ করিলে এই বিধি খাটিবেক না, পরন্তু ইহাতে প্রয়োজন যে, ঐ দ্বিতীয় বিবাহ যে জন করিবেক সে যাহাকে বিবাহ করিতে চাহে তাহার নিকটে তাবৎ বৃত্তান্ত অর্থাৎ যেপর্য্যন্ত জানে সেইপর্য্যন্ত যথার্থমতে প্রকাশ করে।

[যাহার সঙ্গে দ্বিতীয় বিবাহ হয় তাহাহইতে পূর্ব্ব বিবাহের কথা গুপ্ত রাখিয়া বিবাহ করিলে তাহার দণ্ড।]

৪। যাহার সঙ্গে দ্বিতীয় বিবাহ হইবেক তাহাহইতে পূর্ব্ব বিবাহের কথা গোপন রাখিয়া যদি কেহ ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত অপরাধ করে, তবে সে দশ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[আইনমতের বিবাহ না হইয়াও প্রতারণাক্রমে সংসর্গ করিতে দিবার জন্যে বিবাহের ইতিকর্ত্তব্যতা করণ।]

৫। যদি কোন পুরুষ প্রতারণা করিয়া, কিম্বা আ-

cause a woman to cohabit or have sexual intercourse with him, goes through the ceremony of being married, knowing that he is not thereby lawfully married, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, and shall also be liable to fine.

[Adultery.]

6. Whoever has sexual intercourse with the wife of another man without the consent or connivance of that man, such sexual intercourse not amounting to the offence of rape, is guilty of the offence of adultery, and shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, or with fine, or with both.

[Enticing or taking away a married woman.]

7. Whoever entices or takes away a married woman living under the protection of her husband or of any person having the care of her on his behalf, or conceals or detains any married woman from her husband with intent that she may have illicit intercourse with any person, or knowing it to be likely that she will have such illicit intercourse with any person, or conceals or detains any married woman from her husband with such intent or knowledge, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or with both.

Explanation. No prosecution for the offences defined in Clauses 6 and 7 shall be instituted except by the husband of the woman.

CHAPTER XXI.
OF DEFAMATION.

[Defamation.]

1. Whoever by words either spoken or intended to be read, or by signs or by visible representations, makes or publishes any imputation concerning any person intending to harm or knowing or having reason to believe that such imputation will harm the reputation of such person, is said, except in the cases excepted in the ten Clauses next following, to defame that person.

Explanation 1. A person may be guilty of defamation by means of an imputation upon a deceased person, if the imputation would harm the reputation of that person if living, and is hurtful to the feelings of his family or other near relatives.

Explanation 2. A person may be guilty of defamation by means of an imputation concerning a company or an association or collection of persons as such.

Explanation 3. An imputation in the form of an alternative or expressed ironically may amount to defamation.

পনার সঙ্গে স্ত্রীকে সহবাস করাইবার জন্যে কি সংসর্গ করাইবার জন্যে বিবাহের ইতিকর্ত্তব্যতা করে, অথচ তাহাতে আইনমতের বিবাহ হয় না ইহা জানে, তবে সেই পুরুষ সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক ও তাহার জরীমানাও হইতে পারিবেক।

[পরদার গমনের দণ্ড।]

৬। যদি কোন পুরুষ অন্য পুরুষের অনুমতিবিনা কি তাহার অনুমতির ভাব প্রকাশবিনা তাহার স্ত্রীতে উপগত হয় ও সেই উপগতহওয়া বলাৎকারের তুল্য অপরাধ না হয়, তবে সেই পুরুষের পরদার গমনের অপরাধ হয়, ও সে পাঁচ বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন একপ্রকারে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[বিবাহিতা স্ত্রীকে ভুলাইয়া লওনের কি হরণ করণের দণ্ড।]

৭। কোন বিবাহিতা স্ত্রী স্বামির আশ্রয়ে থাকিলে কিম্বা স্বামির পক্ষে ঐ স্ত্রীর রক্ষক অন্য ব্যক্তির আশ্রয়ে থাকিলে, যদি কেহ ঐ স্ত্রীকে ভুলাইয়া লয় কি হরণ করে, কিম্বা কোন লোকের সঙ্গে সেই স্ত্রীর বেআইনীমতের সংসর্গ হয় এই অভিপ্রায়ে, কিম্বা কোন লোকের সঙ্গে তাহার বেআইনীমতে সংসর্গ হইতে পারে ইহা জানিয়া, যদি কেহ কোন বিবাহিতা স্ত্রীকে আপন স্বামিহইতে গোপন করে কি আটক রাখে, কিম্বা সেই অভিপ্রায়ে কি জ্ঞানে কোন বিবাহিতা স্ত্রীকে আপন স্বামিহইতে গোপন করে কি আটক রাখে, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

ব্যাখ্যা। স্ত্রীর স্বামিভিন্ন অন্য কেহ ৬ ও ৭ প্রকরণের লিখিত অপরাধের কোন নালিশ উপস্থিত করিতে পারিবেক না।

---

২১ অধ্যায়।
অপবাদের কথা।

[অপবাদ।]

১। যদি কেহ কোন লোকের সুনামের হানি করিবার অভিপ্রায়ে কিম্বা তাহার কোন দোষারোপ করিলে তাহার সুনামের হানি হইবেক জানিয়া কিম্বা জানিবার কারণ বুঝিয়া, মুখে কথা কহিয়া কিম্বা যে কথার পাঠ হইবার অভিপ্রায় থাকে এমত কথার দ্বারা কিম্বা ইশারার কিম্বা দৃশ্য আকৃতির দ্বারা তাহার উপর দোষারোপ করে কি তাহা প্রকাশ করে, তবে সে ঐ লোকের অপবাদ করে বলা যায়। কিন্তু ইহার পর দশ প্রকরণে যে২ স্থল বর্জ্জিত হইয়াছে সেই২ স্থলে অপবাদ বলা যায় না।

১ ব্যাখ্যা। কোন লোক মৃত ব্যক্তির নামে দোষারোপ করিলেও, কিন্তু সেই ব্যক্তি জীবৎ থাকিলে যদি সেই দোষারোপেতে তাহার সুনামের হানি হইত, ও যদি তাহাতে তাহার পরিবারের কি অন্য নিকট কুটুম্বের মনে দুঃখ লাগে, তবে সেই লোক ঐ দোষারোপ করণেতে অপবাদ করিবার দোষী হইতে পারে।

২ ব্যাখ্যা। কোন কোম্পানির কি সমাজের কি সংগৃহীত লোকের উপর দোষারোপ করণের দ্বারা কোন লোক অপবাদ করিবার দোষী হইতে পারে।

৩ ব্যাখ্যা। স্পষ্টরূপে কোন ব্যক্তির নির্ণয় না হইলেও, হয় এক না হয় অন্য ব্যক্তিকে যাহাতে দোষী করা যাইতে পারে, এমত কথার কি ব্যঙ্গোক্তির দ্বারা দোষারোপ হইলে অপবাদ করিবার তুল্য অপরাধ হইতে পারে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৪ জুলাই।]

Explanation 4. No imputation is said to harm a person's reputation unless that imputation directly or indirectly lowers the moral or intellectual character of that person, or lowers the character of that person in respect of his caste or of his calling, or lowers the credit of that person, or causes it to be believed that the body of that person is in a loathsome state or in a state generally considered as disgraceful.

Illustrations.

(*a*) A says—" Z is an honest man ; he never stole B's watch ;" intending to cause it to be believed that Z did steal B's watch. This is defamation, unless it fall within one of the exceptions.

(*b*) A is asked who stole B's watch. A points to Z, intending to cause it to be believed that Z stole B's watch. This is defamation, unless it fall within one of the exceptions.

(*c*) A draws a picture of Z running away with B's watch, intending it to be believed that Z stole B's watch. This is defamation, unless it fall within one of the exceptions.

[Imputation of any truth which the public good requires to be made or published.]

2. *First Exception.* It is not defamation to impute any thing which is true concerning any person if it be for the public good that the imputation should be made or published. Whether or not it is for the public good is a question of fact.

[Public conduct of public servants.]

3. *Second Exception.* It is not defamation to express in good faith any opinion whatever respecting the conduct of a public servant in the discharge of his public functions, or respecting his character so far as his character appears in that conduct, and no further.

[Conduct of any person touching any public question.]

4. *Third Exception.* It is not defamation to express in good faith any opinion whatever respecting the conduct of any person touching any public question, and respecting his character so far as his character appears in that conduct, and no further.

Illustrations.

It is not defamation in A to express in good faith any opinion whatever respecting Z's conduct in petitioning Government on a public question, in signing a requisition for a meeting on a public question, in presiding or attending at such a meeting, in forming or joining any society which invites the public support, in voting or canvassing for a particular candidate for any situation in the

৪ ব্যাখ্যা। যদি দোষারোপ করণেতে কোন ব্যক্তির সাক্ষাৎরূপে কি ভাবক্রমে সদাচারের কি বুদ্ধির কলঙ্ক না হয়, কিম্বা জাতি কি কর্ম্ম সম্পর্কে তাহার সুখ্যাতির কলঙ্ক না হয়, কি তাহার মান্যতার ন্যূনতা না হয়, কিম্বা সেই ব্যক্তির শরীর অতিঘৃণ্য অবস্থায় কিম্বা সাধারণমতে যাহা লজ্জাকর বোধ হয় এমত অবস্থায় থাকার বিশ্বাস না জন্মায়, তবে সেই দোষারোপ করণেতে তাহার সুনামের হানি হয় এমত বলা যায় না।

উদাহরণ।

(ক) কালু কহে যদু অতিসরল মানুষ সে কখন গোপালের ঘড়ি চুরী করে নাই, কিন্তু এই কথার ভাব এই, যদু গোপালের ঘড়ি চুরী করিয়াছে। অতএব এই কথা যদি বর্জ্জিত কথার মধ্যে না আইসে তবে অপবাদ করা হয়।

(খ) কেহ কালুকে জিজ্ঞাসা করে যে গোপালের ঘড়ি কে চুরী করিয়াছে। কালু যদুকে অঙ্গুলির দ্বারা দেখাইয়া দেয়। ইহাতে তাহার এই ভাব যে যদু গোপালের ঘড়ি চুরী করিয়াছে, এমত বিশ্বাস জন্মে। এই বিষয় যদি বর্জ্জিত কথার মধ্যে না পড়ে তবে তাহাতে অপবাদ করা হয়।

(গ) কালু এক ছবি করে তাহাতে যদু গোপালের ঘড়ি লইয়া পলাইতেছে দেখায়, তাহার অভিপ্রায় এই যে যদু গোপালের ঘড়ি চুরী করিয়াছে এমত বিশ্বাস জন্মে। এই কার্য্য যদি বর্জ্জিত কথার মধ্যে না আইসে তবে তাহা অপবাদ করা হয়।

[সাধারণ লোকেরদের মঙ্গলের জন্যে সত্য কথা কহিয়া যে দোষারোপ করা কি প্রকাশ করা আবশ্যক তাহা।]

২। প্রথম বর্জ্জিত কথা। যদি সাধারণ লোকেরদের মঙ্গলের জন্যে কোন লোকের কোন দোষ জানাইতে কি প্রকাশ করিতে হয় তবে সেই লোকের বিষয়ে সত্য যে দোষের কথা কহা যায় তাহা অপবাদ হয় না। কিন্তু তাহা সাধারণ লোকেরদের মঙ্গলের জন্যে হয় কি না হয় এই কথা বৃত্তান্তঘটিত জিজ্ঞাসা।

[সরকারী কার্য্যকারকেরদের সরকারী কর্ম্মোপলক্ষে আচার।]

৩। দ্বিতীয় বর্জ্জিত কথা। সরকারী কার্য্যকারকের সরকারী পদোপলক্ষে কর্ম্ম নির্ব্বাহ করণে তাহার আচারের বিষয়ে কিম্বা সেই কর্ম্মেতে তাহার দোষগুণ যেপর্য্যন্ত প্রকাশ হয় কেবল সেইপর্য্যন্ত তদ্বিষয়ে যে কোন মত প্রকৃতপ্রস্তাবে ব্যক্ত করা যায় তাহাতে অপবাদ করা হয় না।

[সাধারণ লোকেরদের ক্ষতিবৃদ্ধি যাহাতে হয় তৎসম্পর্কে কোন ব্যক্তির আচার।]

৪। তৃতীয় বর্জ্জিত কথা। সাধারণ লোকেরদের ক্ষতিবৃদ্ধির কোন কথার সম্পর্কে কোন লোকের কর্ম্ম বিষয়ে ও সেই কর্ম্মেতে তাহার দোষগুণ যেপর্য্যন্ত প্রকাশ হয় কেবল সেইপর্য্যন্ত তদ্বিষয়ে যে কোন মত প্রকৃতপ্রস্তাবে ব্যক্ত করা যায় তাহাতে অপবাদ করা হয় না।

উদাহরণ।

সাধারণ লোকেরদের ক্ষতিবৃদ্ধির বিষয়ে যদু গবর্ণমেণ্টে দরখাস্ত করে, কিম্বা সাধারণ লোকেরদের ক্ষতিবৃদ্ধির কোন কার্য্যের নিমিত্তে বৈঠক হইবার কোন আদেশপত্রে দস্তখৎ করে, কিম্বা সেই বৈঠকে সভাপতি হয় কি উপস্থিত থাকে, কিম্বা সাধারণ লোকেরদের প্রতিপাল্য কোন সভা করে কি সভ্যভুক্ত হয়, কিম্বা যে পদের কর্ম্ম উপযুক্তমতে নির্ব্বাহ করণ বিষয়ে সাধারণ লোকেরদের সম্পর্ক থাকে এমত কোন পদে বিশেষ ব্যক্তিকে নিযুক্ত করিবার বিষয়ে আপনার মত জানায়, যদুর এই সকল কর্ম্ম বিষয়ে কালু প্রকৃতপ্রস্তাবে

fficient discharge of the duties of which the public is interested.

[Publication of reports of proceedings of Courts of Justice.]

5. *Fourth Exception.* It is not defamation to publish a substantially true report of the proceedings of a Court of Justice or of the result of any such proceedings: but in any case in which the Court before which such proceedings is had shall by order have prohibited the publication of the proceedings, it may be defamation to publish such report before the prohibition has been withdrawn or the case has been finally disposed of by that Court, or in the case of proceedings preliminary to a trial in another Court, before the conclusion of the trial.

Explanation. A Justice of the Peace or other officer holding an enquiry in open Court preliminary to a trial in a Court of Justice is a Court within the meaning of the above Clause.

[Merits of a case decided in a Court of Justice; or conduct of witnesses and others concerned therein.]

6. *Fifth Exception.* It is not defamation to express in good faith any opinion whatever respecting the merits of any case, Civil or Criminal, which has been decided by a Court of Justice, or respecting the conduct of any person as a party witness, or agent, in any such case, or respecting the character of such person, as far as his character appears in that conduct, and no further.

Illustrations.

(*a*) A says—"I think Z's evidence on that trial is so contradictory that he must be stupid or dishonest." A is within this exception if he says this in good faith; inasmuch as the opinion which he expresses respects Z's character as it appears in Z's conduct as a witness, and no further.

(*b*) But if A says—"I do not believe what Z asserted at that trial, because I know him to be a man without veracity;"—A is not within this exception, inasmuch as the opinion which he expresses of Z's character is an opinion not founded on Z's conduct as a witness.

[Merits of a public performance.]

7. *Sixth Exception.* It is not defamation to express in good faith any opinion respecting the merits of any performance which its author has submitted to the judgment of the public, or respecting the character of the author so far as his character appears in such performance, and no further.

Explanation. A performance may be submitted to the judgment of the public expressly or by acts on the part of the author which imply such submission to the judgment of the public.

Illustrations.

(*a*) A person who publishes a book, submits that book to the judgment of the public.

যে কোন মত প্রকাশ করে তাহাতে অপবাদকারী হয় না।

[বিচারআদালতের কার্য্যের রিপোর্ট প্রকাশ করণ।]

৫। চতুর্থ বর্জ্জিত কথা। বিচারআদালতের কার্য্যের কিম্বা তদ্রূপ কোন কার্য্যের ফলের যে রিপোর্ট বস্তুতঃ সত্য হয় তাহা প্রকাশ করা অপবাদের কার্য্য হয় না, কিন্তু যে আদালতে ঐ কার্য্য হইয়াছে সেই আদালত যদি কোন স্থলে ঐ কার্য্য প্রকাশ করিবার নিষেধ করিয়াছেন, তবে ঐ নিষেধ রহিত হইবার আগে কিম্বা ঐ আদালতের দ্বারা মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি হইবার আগে, অথবা অন্য আদালতে বিচার হইবার পূর্ব্বে যে কার্য্য হয় এমত স্থলে সেই বিচার সমাপ্ত হইবার আগে, যদি ঐ কার্য্যের রিপোর্ট প্রকাশ করা যায় তবে অপবাদের দোষ হইতে পারে।

ব্যাখ্যা। বিচারআদালতে কোন মোকদ্দমার বিচার হইবার পূর্ব্বে যে জুষ্টিস অফ দি পীস কি অন্য কার্য্যকারক খোলা কাছারীতে তজবীজ করেন তিনি উক্ত প্রকরণের অর্থের মধ্যে আদালত হন।

[বিচারআদালতে নিষ্পত্তিকরা মোকদ্দমার দোষগুণ কিম্বা তাহাতে লিপ্ত সাক্ষিরদের ও অন্য ব্যক্তিরদের আচার।]

৬। পঞ্চম বর্জ্জিত কথা। দেওয়ানী কি ফৌজদারী যে কোন মোকদ্দমা বিচারআদালতে নিষ্পত্তি করা গিয়াছে তাহার দোষগুণের বিষয়ে, কিম্বা তদ্রূপ কোন মোকদ্দমাতে বাদী কি প্রতিবাদী কি সাক্ষী কি মোখ্তারস্বরূপে কোন ব্যক্তির কার্য্যের বিষয়ে, কিম্বা সেই কার্য্যেতে সেই ব্যক্তির দোষগুণ যেপর্য্যন্ত প্রকাশ হয় কেবল সেইপর্য্যন্ত তদ্বিষয়ে, যে কোন মত প্রকৃতপ্রস্তাবে ব্যক্ত করা যায় তাহাতে অপবাদের দোষ হয় না।

উদাহরণ।

(ক) কালু কহে, "ঐ মোকদ্দমার বিচার কালে যদু এমন বিপরীত ভাবের সাক্ষ্য দিয়াছিল যে সে অবশ্য মূর্খ কি কুটিল ব্যক্তি হইবেক।" এই কথা যদি কালু প্রকৃতপ্রস্তাবে কহিয়া থাকে, তবে এই বর্জ্জিত কথার মধ্যে আইসে, যেহেতুক সাক্ষিস্বরূপে যদুর যে কার্য্য দৃষ্ট হইল সেই কার্য্যেতে যদুর দোষগুণের বিষয়ে ঐ মত ব্যক্ত হইয়াছে, অন্য ভাবে নহে।

(খ) কিন্তু যদি কালু কহে, "যদু কখন সত্য কথা কহে না তাহা জানি, অতএব ঐ মোকদ্দমার বিচার কালে যাহা কহিয়াছে তাহার কোন কথা বিশ্বাস করি না," তবে কালু এই বর্জ্জিত কথার মধ্যে আইসে না। যেহেতুক যদুর দোষের বিষয়ে যে মত ব্যক্ত করে তাহা সাক্ষিস্বরূপে যদুর কার্য্যমূলক মত নহে।

[সাধারণমতের প্রকাশিত কর্ম্মের দোষগুণ।]

৭। ষষ্ঠ বর্জ্জিত কথা। যদি কোন ব্যক্তি কোন কর্ম্ম করিয়া সাধারণ লোকেরদের বিচারার্থে সমর্পণ করিয়াছে তবে তাহার গুণের বিষয়ে কিম্বা সেই কর্ম্মেতে ঐ কর্ত্তার দোষগুণ যেপর্য্যন্ত প্রকাশ হয়, কেবল সেইপর্য্যন্ত তদ্বিষয়ে যে কোন মত প্রকৃতপ্রস্তাবে ব্যক্ত করা যায় তাহাতে অপবাদের দোষ হয় না।

ব্যাখ্যা। কোন কর্ম্ম সাধারণ লোকেরদের বিচারার্থে স্পষ্টরূপে অর্পণ হইতে পারে, কিম্বা তাহা সাধারণ লোকেরদের বিচারার্থে সমর্পণ করিয়াছে ইহা ঐ কর্ত্তার কোন কার্য্যের দ্বারা ভাবেতে জানা যাইতে পারে।

উদাহরণ।

(ক) যে কোন ব্যক্তি পুস্তক প্রকাশ করেন তিনি সাধারণ লোকেরদের বিচারার্থে ঐ পুস্তক সমর্পণ করেন।

(*b*) A person who makes a speech in public, submits that speech to the judgment of the public.

(*c*) An actor or singer who appears on a public stage, submits his acting or singing to the judgment of the public.

(*d*) A says of a book published by Z. "Z's book is foolish, Z must be a weak man. Z's book is indecent, Z must be a man of impure mind." A is within this exception, if he says this in good faith, inasmuch as the opinion which he expresses of Z respects Z's character only so far as it appears in Z's book, and no further.

(*e*) But if A says—"I am not surprised that Z's book is foolish, and indecent, for he is a weak man, and a libertine." A is not within this exception, inasmuch as the opinion which he expresses of Z's character is an opinion not founded on Z's book.

[Censure passed in good faith by a person having lawful authority over another.]

8. *Seventh Exception.* It is not defamation in a person having over another any authority, either conferred by law, or arising out of a lawful contract made with that other, to pass in good faith any censure on the conduct of that other in matters to which such lawful authority relates.

Illustration.

A Judge censuring in good faith the conduct of a witness, or of an officer of the Court; a head of a department censuring in good faith those who are under his orders; a parent censuring in good faith a child in the presence of other children; a schoolmaster, whose authority is derived from a parent, censuring in good faith a pupil in the presence of other pupils; a master censuring a servant in good faith for remissness in service; a banker censuring in good faith the cashier of his Bank for the conduct of such cashier as such cashier—are within this exception.

[Accusation preferred in good faith to a duly authorized person.]

9. *Eighth Exception.* It is not defamation to prefer in good faith an accusation against any person to any of those who have lawful authority over that person with respect to the subject matter of accusation.

Illustration.

If A in good faith accuses Z before a Magistrate; if A in good faith complains of the conduct of Z, a servant, to Z's master; if A in good faith complains of the conduct of Z, a child, to Z's father; A is within this exception.

[*Government Gazette,* 14*th July,* 1857.]

(খ) যদি কোন ব্যক্তি প্রকাশরূপে বক্তৃতা করেন, তিনি সাধারণ লোকেরদের বিচারার্থে ঐ বক্তৃতা সমর্পণ করেন।

(গ) কোন নাটক কি গায়ক সাধারণ লোকেরদের সাক্ষাতে নাট্য ক্রিয়া কি গান করেন, তিনি সাধারণ লোকেরদের বিচারার্থে আপনার নাট্যক্রিয়া কি গান সমর্পণ করেন।

(ঘ) যদু কোন পুস্তক প্রকাশ করেন। কালু বলেন "যদুর সেই পুস্তকে অজ্ঞানতা প্রকাশ হয়, যদু অবশ্য নির্বোধ হইবেক। যদুর পুস্তকে অতি নির্লজ্জভাব প্রকাশ হয়, যদু অতি কুমতির লোক হইবেক।" কালু যদি এই কথা প্রকৃতপ্রস্তাবে বলে, তবে এই বর্জ্জিত কথার মধ্যে আইসে। যেহেতুক যদুর পুস্তকেতে তাহার যেপর্য্যন্ত দোষ প্রকাশ হয় কেবল সেইপর্য্যন্ত তাহার দোষের বিষয়ে আপনার মত প্রকাশ করিয়াছে অন্য ভাবে নহে।

(ঙ) কিন্তু যদি কালু কহে, "যদুর পুস্তকেতে অজ্ঞানের ও নির্লজ্জভাবের কথা প্রকাশ হয় ইহাতে আমার আশ্চর্য্য বোধ হয় না, যেহেতুক সে নির্বোধ ও লম্পট।" তবে কালু এই বর্জ্জিত কথার মধ্যে আইসে না, যেহেতুক যদুর দোষের যে কথা প্রকাশ করে, তাহা যদুর পুস্তকমূলক কথা নহে।

[অন্যের উপর আইনমতে যাঁহার কর্ত্তৃত্ব থাকে তাঁহার দ্বারা প্রকৃতপ্রস্তাবে অনুযোগ।]

৮। সপ্তম বর্জ্জিত কথা। যদি কোন ব্যক্তির অন্য লোকের উপর আইনমতের অর্পিত ক্ষমতা কিম্বা সেই অন্যের সঙ্গে আইনমতের যে চুক্তি করা যায় সেই চুক্তিঅনুযায়ি ক্ষমতা থাকে, তবে সেই আইনমতের ক্ষমতা যে২ কার্য্যেতে সম্পর্ক রাখে সেই২ কর্ম্মের বিষয়ে তিনি যদি সেই অন্য ব্যক্তির কর্ম্মের সম্পর্কে কোন অনুযোগ প্রকৃতপ্রস্তাবে করেন, তবে তাহাতে অপবাদের দোষ হয় না।

[উদাহরণ।]

বিচারকর্ত্তা সাক্ষির কিম্বা আদালতের কোন আমলার কর্ম্মের নিমিত্তে তাহারদিগকে প্রকৃতপ্রস্তাবে অনুযোগ করেন। দফ্তরখানার প্রধান কর্ম্মকারক আপনার অধীন লোকেরদিগকে প্রকৃতপ্রস্তাবে অনুযোগ করেন। পিতা কি মাতা অন্য বালকেরদের সাক্ষাতে প্রকৃতপ্রস্তাবে আপন বালককে অনুযোগ করেন। গুরুমহাশয় পিতামাতাহইতে ক্ষমতাপ্রাপ্ত হন, ও তিনি অন্য ছাত্রেরদের সাক্ষাতে প্রকৃতপ্রস্তাবে কোন এক ছাত্রকে অনুযোগ করেন। মুনিব চাকরের কর্ম্মের ত্রুটিপ্রযুক্ত প্রকৃতপ্রস্তাবে তাহাকে অনুযোগ করেন। ব্যাঙ্কের মুৎসুদ্দিস্বরূপে মুৎসুদ্দি যে কর্ম্ম করে এমত কর্ম্মপ্রযুক্ত ব্যাঙ্কের অধ্যক্ষ প্রকৃতপ্রস্তাবে তাহাকে অনুযোগ করেন। ইহাঁরা সকল বর্জ্জিত কথার মধ্যে আইসেন।

[উপযুক্ত ক্ষমতাপন্ন ব্যক্তির নিকটে প্রকৃতপ্রস্তাবে নালিশ।]

৯। অষ্টম বর্জ্জিত কথা। যাহার উপর কোন ব্যক্তির কোন বিষয়ে আইনমতের কর্ত্তৃত্ব থাকে তাহার নামে সেই বিষয় লইয়া সেই ব্যক্তির নিকটে প্রকৃতপ্রস্তাবে যে নালিশ হয় তাহাতে অপবাদের দোষ হয় না।

[উদাহরণ।]

কালু যদি প্রকৃতপ্রস্তাবে যদুর নামে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে নালিশ করে, কিম্বা কালু যদি প্রকৃতপ্রস্তাবে যদু নামক এক জন চাকরের কর্ম্মের বিষয়ে যদুর মুনিবের নিকটে নালিশ করে, অথবা কালু যদি প্রকৃতপ্রস্তাবে যদুনামক এক বালকের কোন কার্য্যের বিষয়ে যদুর পিতার নিকটে নালিশ করে, তবে কালু এই বর্জ্জিত কথার মধ্যে আইসে।

[Imputation made in good faith by a person for the protection of his interests in the management of his concerns.]

10. *Ninth Exception.* It is not defamation in a person giving directions for the management of his concerns to make an imputation on the character of another, provided that the imputation be made in good faith for the protection of the interests of the person making it.

[কোন লোক আপন কারবারের কর্ম্ম চালাওনেতে আপন লাভ রক্ষা করিবার জন্যে প্রকৃতপ্রস্তাবে যে দোষ আরোপ করে তাহা।]

১০। নবম বর্জ্জিত কথা। যদি কোন ব্যক্তি আপন কারবারের কর্ম্ম চালাইবার আজ্ঞা দিয়া আপন লাভ রক্ষার্থে প্রকৃতপ্রস্তাবে অন্য লোকের আচারের বিষয়ে দোষ আরোপ করে তবে তাহাতে অপবাদের দোষ হয় না।

Illustration.

A, a shopkeeper, says to B, who manages his business, "Sell nothing to Z unless he pays you ready money, for I have no opinion of his honesty." A is within the exception, if he has made this imputation on Z in good faith, for the protection of his own interests.

[উদাহরণ।]

কালু নামে এক জন দোকানদার, গোপাল তাহার প্রধান কর্ম্মকারক। কালু গোপালকে কহে, "যদু তোমাকে নগদ না দিলে তাহাকে কিছু বিক্রয় করিও না, কেননা সে টাকা দিবেক এমত বোধ হয় না।" কালু যদি আপন লাভ রক্ষার জন্যে যদুর উপর এইরূপ দোষারোপ করে তবে এই বর্জ্জিত কথার মধ্যে আইসে।

[Caution intended for the good of the person to whom it is conveyed.]

11. *Tenth Exception.*—It is not defamation to convey a caution, in good faith, to one person against another, provided that such caution be intended for the good of the person to whom it is conveyed or of some person in whom that person is interested.

[কোন লোকের মঙ্গলের নিমিত্তে তাহাকে সতর্ক করিবার কথা।]

১১। দশম বর্জ্জিত কথা। যদি কোন ব্যক্তি অন্য লোকের মঙ্গলের নিমিত্তে কিম্বা যে ব্যক্তির সঙ্গে সেই অন্য লোকের সম্পর্ক আছে তাহার মঙ্গলের নিমিত্তে, তাহাকে অন্য কোন ব্যক্তির বিপক্ষে প্রকৃতপ্রস্তাবে সতর্কতার কথা কহে, তবে তাহাতে অপবাদের দোষ হয় না।

[Punishment for defamation.]

12. Whoever defames another shall be punished with simple imprisonment for a term which may extend to two years, or with fine, or both.

[অপবাদের দণ্ড।]

১২। যদি কেহ অন্য লোকের অপবাদ করে তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Printing or engraving matter known to be defamatory.]

13. Whoever prints or engraves any matter, knowing or having good reason to believe that such matter is defamatory of any person, shall be punished with simple imprisonment for a term which may extend to two years, or with fine, or both.

[যাহা অপবাদজনক জানা যায় এমত কোন বিষয় ছাপাইবার কি খোদাইবার দণ্ড।]

১৩। যদি কেহ কোন বিষয় ছাপায় কি খোদায় অথচ সেই বিষয়েতে কোন লোকের অপবাদ হইবেক ইহা জানে, কিম্বা ইহা বিশ্বাস করিবার উপযুক্ত কারণ রাখে, তবে সেই ব্যক্তি দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[Sale of printed or engraved substance containing defamatory matter.]

14. Whoever sells or offers for sale any printed engraved substance containing defamatory matter, knowing that it contains such matter, shall be punished with simple imprisonment for a term which may extend to two years, or with fine, or both.

[যাহাতে অপবাদজনক বিষয় থাকে ছাপাকরা কি খোদা এমত বিষয় বিক্রয় করিবার দণ্ড।]

১৪। যাহাতে অপবাদজনক কোন বিষয় থাকে ইহা জানিয়া যদি কেহ ছাপাকরা কি খোদিত এমত কোন বস্তু বিক্রয় করে কি বিক্রয় করিতে প্রস্তাব করে, তবে সেই লোক দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে সামান্যরূপে কয়েদ হইবেক কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

CHAPTER XXII.

OF CRIMINAL INTIMIDATION, INSULT, AND ANNOYANCE.

২২ অধ্যায়।

অপরাধ ভাবে ভয় জন্মাইবার ও অত্যাচার করিবার ও ক্লেশ দিবার কথা।

[Criminal intimidation.]

1. Whoever threatens another with any injury to his person, reputation, or property, or to the person, reputation, or property of any one in whom that person is interested, with intent to cause alarm to that person, or to cause that person to do any act which he is not legally bound to do, or to omit to do any act which that person is legally entitled to do, as the means of avoiding the

[অপরাধ ভাবের ভয় জন্মাওন।]

১। কোন লোক কোন কর্ম্ম করিবার ভয় দর্শাইয়া সেই কর্ম্ম না করে এই জন্যে অন্য ব্যক্তির উদ্বেগ জন্মাইবার অভিপ্রায়ে, কিম্বা সেই ব্যক্তি যে কর্ম্ম করিতে আইনমতে বদ্ধ নহে তাহার দ্বারা এমত কর্ম্ম করাইবার অভিপ্রায়ে, কিম্বা সেই ব্যক্তি আইনমতে যে কর্ম্ম করিতে পারে এমত কোন কর্ম্ম না করে এই অভিপ্রায়ে, যদি সেই লোক ঐ ব্যক্তির কোন হিংসা করিবার কি তাহার সুখ্যাতির কি সম্পত্তির হানি করিবার ভয় দর্শায়, কিম্বা সেই ব্যক্তির সঙ্গে অন্য যে ব্যক্তির কিছু সম্পর্ক আছে তাহার কি তাহার সুখ্যাতির কি সম্প-

execution of such threat, commits criminal intimidation.

Explanation. A threat to injure the reputation of any deceased person in whom the person threatened is interested, is within this Clause.

Illustration.

A, for the purpose of inducing B to desist from prosecuting a civil suit, threatens to burn B's house. A is guilty of criminal intimidation.

[Punishment for criminal intimidation. If threat be to cause death or grievous hurt, &c.]

2. Whoever commits the offence of criminal intimidation shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, or with fine, or both; and if the threat be to cause death or grievous hurt, or to cause the destruction of any property by fire, or to cause an offence punishable with death or transportation, or with imprisonment for a term which may extend to seven years, or to impute unchastity to a woman, shall be punished with imprisonment of either description for a term which may extend to seven years, or with fine, or both.

[Criminal intimidation by anonymous communication.]

3. Whoever commits the offence of criminal intimidation by an anonymous communication, or having taken precaution to conceal the name or abode of the person from whom the threat comes, shall be punished with imprisonment of either description for a term which may extend to two years, in addition to the punishment provided for the offence by the last preceding Clause.

[Act caused by inducing a person to believe that he will be rendered an object of the divine displeasure.]

4. Whoever voluntarily causes or attempts to cause any person to do any thing which that person is not legally bound to do, or to omit to do any thing which he is legally entitled to do, by inducing or attempting to induce that person to believe that he or any person in whom he is interested will become or will be rendered by some act of the offender an object of divine displeasure if he does not do the thing which it is the object of the offender to cause him to do, or if he does the thing which it is the object of the offender to cause him to omit, shall be punished with imprisonment of either description for a term which may extend to one year, or with fine, or both.

Illustrations.

(*a*) A sits Dhurna at Z's door with the intention of causing it to be believed that by so sitting he renders Z an object of divine displeasure. A has committed the offence defined in this Clause.

(*b*) A threatens Z that, unless Z performs a

ত্তির হানি করিবার ভয় দর্শায়, তবে সেই লোক অপরাধঘটিত ভয় জন্মাইবার অপরাধ করে।

ব্যাখ্যা। মৃত যে ব্যক্তির সঙ্গে ঐ লোকের সম্পর্ক থাকে এমত কোন মৃত ব্যক্তির সুখ্যাতির হানি করিতে ভয় দর্শাইবার কথা এই প্রকরণের মধ্যে আইসে।

উদাহরণ।

গোপাল কালুর নামে দেওয়ানী মোকদ্দমা না করে এই কারণে কালু তাহাকে বলে, তুমি নালিশ করিলে আমি তোমার ঘরে আগুন লাগাইব। কালু অপরাধ ভাবে ভয় জন্মাইবার দোষী হয়।

[অপরাধ ভাবের ভয় দর্শাইবার দণ্ড। যদি প্রাণনাশ করিবার কি ভারি আঘাতপ্রভৃতি করিবার ভয় দর্শান যায়।]

২। যদি কোন ব্যক্তি অপরাধ ভাবে ভয় দর্শাইবার দোষ করে, তবে সে দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক। আর যাহাতে প্রাণনাশ কি ভারি আঘাত হয় এমত কোন কর্ম্ম করিতে, কিম্বা আগুনের দ্বারা কোন সম্পত্তি নষ্ট করিতে, কিম্বা যে অপরাধের প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড কি সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কয়েদ হওন দণ্ড হয় এমত অপরাধ করিবার, কিম্বা কোন স্ত্রীর সতীত্ব নষ্ট হইয়াছে এমত দোষারোপ করিবার ভয় দর্শায়, তবে সে লোক সাত বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[বেনামি পত্রাদির দ্বারা অপরাধ ভাবে ভয় জন্মাইবার দণ্ড।

৩। যদি কেহ কোন বেনামি পত্রাদির দ্বারা অপরাধ ভাবে ভয় দর্শাইবার অপরাধ করে, কিম্বা যে জন ভয় দর্শায় তাহার নাম কি বাসস্থান সতর্ক হইয়া গোপন রাখিয়া ঐ অপরাধ করে, তবে সেই লোক ইহার পূর্ব্বের প্রকরণের লিখিত অপরাধের নিমিত্তে যে দণ্ড নির্দ্দিষ্ট হইয়াছে তদতিরিক্ত দুই বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক।

[কোন ব্যক্তি ঈশ্বরের ক্রোধপাত্র হইবেক এমত বিশ্বাস জন্মাওনের দ্বারা যে কার্য্য করা যায় তাহার দণ্ড।]

৪। এক জন অন্য লোককে কোন কর্ম্ম করাইতে চাহিয়া কিম্বা কোন কর্ম্মে ক্ষান্ত করাইতে চাহিয়া যদি তাহার এইরূপ বিশ্বাস জন্মায় কি জন্মাইবার উদ্যোগ করে যে, অমুক কর্ম্ম না করিলে কিম্বা অমুক কর্ম্ম করিলে সে কি তাহার সম্পর্কীয় ব্যক্তি ঈশ্বরের কোপে পড়িবেক, কিম্বা যাহাতে ঈশ্বরের কোপে পড়ে সে জন আপনি এমত কোন কর্ম্ম করিবেক, ও তাহার এমত বিশ্বাস জন্মাইয়া কি জন্মাইবার উদ্যোগ করিয়া সেই লোক যে কর্ম্ম করিতে আইনমতে বদ্ধ নহে যদি তাহার দ্বারা এমত কর্ম্ম ইচ্ছাপূর্ব্বক করায় কি করাইবার উদ্যোগ করে, কিম্বা সেই লোক আইনমতে যে কর্ম্ম করিতে পারে এমত কর্ম্মেতে যদি তাহাকে ইচ্ছাপূর্ব্বক ক্ষান্ত করায় কি করাইবার উদ্যোগ করে, তবে সে এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

(ক) কালু যদুর ঘরে ধরণা দিলে যদু ঈশ্বরের কোপে পড়িবেক তাহার এমত বিশ্বাস জন্মাইবার অভিপ্রায়ে যদি কালু তাহার ঘরে ধরণা দেয় তবে সে এই প্রকরণের লিখিত অপরাধ করে।

(খ) কালু যদুকে ভয় দেখাইয়া কহে যে তুমি যদি

certain act, A will kill one of A's own children, under such circumstances that the killing would be believed to render Z an object of divine displeasure. A has committed the offence defined in this Clause.

[Word or gesture intended to insult the modesty of a woman.]

5. Whoever, intending to insult the modesty of any woman, utters any word, makes any sound or gesture, or exhibits any object, intending that such word or sound shall be heard, or that such gesture or object shall be seen by such woman, or intrudes upon the privacy of such woman, shall be punished with simple imprisonment for a term which may extend to one year, or with fine, or both.

[Misconduct in public by a drunken person.]

6. Whoever, in a state of intoxication, appears in any public place, or in any place which it is a trespass in him to enter, and there conducts himself in such a manner as to cause annoyance to any person, shall be punished with simple imprisonment for a term which may extend to twenty-four hours, or with fine which may extend to ten Rupees, or with both.

CHAPTER XXIII.

OF ATTEMPTS TO COMMIT OFFENCES.

[Punishment for attempting to commit offences punishable with imprisonment.]

Whoever attempts to commit an offence punishable by this Code with imprisonment and in such attempt does any act towards the commission of the offence but involuntarily fails or is intercepted or prevented from carrying his intention into execution, shall, where no express provision is made by this Code for the punishment of such attempt, be punished with imprisonment of any description provided for the offence for a term which may extend to one-half of the longest term provided for that offence, or with such fine as is provided for the offence, or with both.

Illustrations.

(a) A makes an attempt to steal some jewels by breaking open a box, and finds after so opening the box that there is no jewel in it. He has done an act towards the commission to theft, and therefore is guilty under this Clause.

(b) A makes an attempt to pick the pocket of Z by thrusting his hand into Z's pocket. A fails in the attempt in consequence of Z's having nothing in his pocket: A is guilty under this Clause.

W. MORGAN,
Clerk of the Council.

অমুক কর্ম্ম না কর তবে আমি আপনার কোন সন্তানকে এমন মারিয়া ফেলিব যে তৎপ্রযুক্ত তুমি ঈশ্বরের কোপে পড়িবা ও যদুর তদ্রূপ বিশ্বাস জন্মায়। কালু এই প্রকরণের লিখিত অপরাধ করে।

[স্ত্রী লোকের লজ্জার প্রতি অত্যাচার করিবার অভিপ্রায়ে কোন কথা কহিবার কি অঙ্গভঙ্গী করিবার দণ্ড।]

৫। যদি কেহ কোন স্ত্রীলোকের লজ্জার প্রতি অত্যাচার করিবার অভিপ্রায়ে ঐ স্ত্রীলোকের শুনিবার জন্যে কোন কথা কহে কি কোন শব্দ করে, কিম্বা ঐ স্ত্রীলোক দেখিতে পায় এই জন্যে কোন অঙ্গভঙ্গী করে, কি কোন বিষয় দেখায়, কিম্বা সেই স্ত্রীলোকের থাকিবার গুপ্ত স্থানে প্রবেশ করে, তবে সেই লোক এক বৎসরপর্য্যন্ত কোন মিয়াদে কোন এক প্রকারে কয়েদ হইবেক, কিম্বা তাহার জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

[মাতাল ব্যক্তি প্রকাশস্থানে অনুচিতমতে আচরণ করিলে তাহার দণ্ড।]

৬। যদি কোন লোক মদিরাদিতে উন্মত্ত হইয়া সাধারণ লোকেরদের গমনাগমনীয় কোন স্থানে যায়, কিম্বা যে স্থানে যাওয়াতে অন্যায়মতে প্রবেশ হয় এমত কোন স্থানে যায়, ও যাহাতে কোন লোকের ক্লেশ জন্মে এমত ভাবের কর্ম্ম করে, তবে সে চব্বিশ ঘণ্টাপর্য্যন্ত কোন কাল সাধারণমতে কয়েদ হইবেক, কিম্বা তাহার দশ টাকাপর্য্যন্ত জরীমানা কি ঐ উভয় দণ্ড হইবেক।

২৩ অধ্যায়।

অপরাধ করিবার উদ্যোগের কথা।

[যে অপরাধের নিমিত্তে কয়েদ হয় তাহা করিবার উদ্যোগের দণ্ড।]

যে অপরাধ করিলে এই আইনমতে কয়েদ হইবার দণ্ড হয় এমত কোন অপরাধ করিতে যদি কেহ উদ্যোগ করে, ও সেইরূপ উদ্যোগেতে ঐ অপরাধ করিবার উপলক্ষে কোন কর্ম্ম করে, কিন্তু আপনার অভিপ্রায় সফল করিতে আপনার অনিচ্ছামতে বঞ্চিত হয়, কিম্বা ধরা পড়ে, কিম্বা বাধা পায়, তবে এই আইনেতে ঐরূপ উদ্যোগের দণ্ডের কোন স্পষ্ট বিধান না থাকিলে, সেই অপরাধের জন্যে অত্যধিক যত কাল যেপ্রকারে কয়েদ হইবার বিধি আছে তাহার অর্দ্ধেক কালপর্য্যন্ত সেই প্রকারে কয়েদ হইবেক, কিম্বা ঐ অপরাধের জন্যে যত জরীমানার বিধান হইয়াছে তাহার তত জরীমানা হইবেক, কিম্বা ঐ উভয় দণ্ড হইবেক।

উদাহরণ।

(ক) কালু বাক্স ভাঙ্গিয়া গহনা চুরী করিতে উদ্যত হয়, কিন্তু সেই বাক্স খুলিলে পর দেখে কিছু গহনা নাই। কালু চুরী করিবার উপলক্ষে কর্ম্ম করিয়াছে অতএব এই প্রকরণমতে দোষী হয়।

(খ) কালু যদুর জেবে হাত দিয়া কিছু চুরী করিবার উদ্যোগ করে, কিন্তু যদুর জেবে কিছু না থাকাতে সেই উদ্যোগে বঞ্চিত হয়, কালু এই প্রকরণমতে দোষী হয়।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৭। ১৪ জুলাই।]

রাজকর্ম্মে নিয়োগ

২২৫৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৭ মে।

নীচের লিখিত মুনসেফেরা জিলা কটকে আপন২ এলাকার মধ্যে ১৮৫৭ সালের ৩ আইনের ১৪ ধারামতে নালিশ গ্রাহ্য করিয়া বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

দামনগরের মুনসেফ শ্রীযুত বাবু শিবপ্রসাদ সিংহ।

কেন্দ্রপাড়ার মুনসেফ শ্রীযুত বাবু বিশ্বম্ভর বিদ্যাভূষণ।

১৮৫৭ সাল ১১ মে।

শ্রীযুত আর পি হারিসন সাহেব (Mr. R. P. Harrison,) বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আক্কোণ্টেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ সি হালকেট সাহেব (Mr. H. C. Halkett,) হুগলীর সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

নদীয়ার মাজিষ্ট্রেট শ্রীযুত এ জে এলিয়ট সাহেব (Mr. A. J. Elliot,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ জিলার কালেক্টরেরও কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ১২ মে।

শ্রীযুত জান স্কট সাহেব (Mr. J. Scott,) সান্তাল পরগনাতে সব-আসিষ্টাণ্ট কমিস্যনর হইবেন।

নীচের লিখিত মহাশয়েরদের নামের পার্শ্বে যেং জিলার নাম লেখা আছে সেইং জিলাতে তাঁহারা সাধারণের বিদ্যাধ্যাপনের কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এচ এ হারিসন সাহেব (Mr. H. A. Harrison,) শ্রীযুত বাবু মহেশচন্দ্র রায়	কটক
শ্রীযুত ডবলিউ ব্রৌন সাহেব (Mr. W. Brown,) ও শ্রীযুত ডবলিউ ওয়াইট সাহেব (Mr. W. White,)	বালেশ্বর।
শ্রীযুত পণ্ডিত জয়প্রকাশ মিশ্র	মুঙ্গের

ছুটী।

১৮৫৭ সাল ১২ আপ্রিল।

বাকরগঞ্জের জজ শ্রীযুত এফ বি কেম্প সাহেব (Mr. F. B. Kemp,) আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্নের প্রতি অর্পণ করিয়া ছুটীর সংশোধিত বিধির ১২ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৪ মে।

যশোহরের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামনারায়ণ সমাদ্দার গত ফেব্রুআরি মাসের ১৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

নদীয়ার সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা গত নবেম্বর মাসের ৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১১ মে।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আক্কোণ্টেণ্ট শ্রীযুত জি জি মাকিণ্টশ সাহেব (Mr. G. G. Mackintosh,) ছুটীর সংশোধিত বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন ও তাহার পূর্ব্বে আগামি মাসের ১ তারিখঅবধি তিনি যে জাহাজে ইউরোপে গমন করিবেন সেই জাহাজ যে তারিখে সমুদ্রে পঁহুছে সেই তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১২ মে।

শিবসাগরের সব-আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত জে থর্ণটন সাহেব (Mr. J. Thornton,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপাললাল মিত্র গত নবেম্বর মাসের ৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৫ মে।

নওয়াখালীর এক্টিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson,) গত মাসের ৩০ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন অতএব ঐ মাসের ৮ তারিখে তাঁহাকে যে ছুটী দেওয়া যায় তাহার অবশিষ্ট কাল রহিত হইয়াছে।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২৩৮২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১২ মে।

শ্রীযুত জি ব্রাইট সাহেব (Mr. G. Bright,) চব্বিশপরগনার কালেক্টরের ও নিমকের এজেণ্টের ও কলিকাতার কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এস লশিংটন সাহেব (Mr. S. Lushington,) মেদিনীপুরের মাজিষ্ট্রেটের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ১৪ মে।

ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ আর ডেবিস সাহেব (Mr. W. R. Davies,) ত্রিহুতহইতে ভাগলপুরে নিযুক্ত হইয়াছেন।

ডেপুটী কালেক্টর শ্রীযুত পণ্ডিত রামনারায়ণ রায় বেহারহইতে মুঙ্গেরে নিযুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৭ সাল ৪ মে।

নওয়াখালীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেব (Mr. C. J. Mackenzie,) ছুটীর সংশোধিত বিধির ১২ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৭ মে।

মুঙ্গেরের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পিরন সাহেব (Mr. J. Piron,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৯ মে।

দ্বিতীয় অর্থাৎ দক্ষিণ অংশের রাজস্বসম্পর্কীয় জরিপী কার্য্যে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত জে আর বি রস সাহেব (Mr. J. R. B. Ross,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারামতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

ভাগলপুরের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে পণ্টেট সাহেব (Mr. J. Pontet,) গত ফেব্রুআরি মাসের ২৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১২ মে।

চব্বিশপরগনার কালেক্টর ও নিমকের এজেণ্ট ও

কলিকাতার কালেক্টর শ্রীযুত এফ এ লশিংটন সাহেব (Mr. F. A. Lushington,) ছুটীর সংশোধিত বিধির ৬ ধারাক্রমে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার সিবিল চিকিৎসক শ্রীযুত ডবলিউ এস ডিকিন সাহেব (Mr. W. S. Dicken,) সৈন্যসম্পর্কীয় কার্য্যকারকেরদের নিয়মিত ছুটীর নূতন বিধির ১৩ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৬ মে।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স্ সাহেবেরদের ১৮৫৭ সালের ১১ মার্চ তারিখের ৪২ নম্বরের পত্রহইতে গৃহীত ৪ দফা সকল লোকের জানিবার জন্যে প্রকাশ হইতেছে।

৪ দফা। বাঙ্গলা দেশের নীচের লিখিত অচিহ্নিত কার্য্যকারক সাহেবকে নির্দিষ্ট কালের নিমিত্তে অতিরিক্ত ছুটী দিয়াছি।

শ্রীযুত সি জে মলর সাহেব (Mr. C. J. Muller) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের জন্যে।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৯০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১২ মে।

নীচের লিখিত মুনসেফেরা আপনং এলাকার মধ্যে ১৮৫৭ সালের ৩ আইনের ১৪ ধারামতে নালিশ গ্রাহ্য করিয়া বিচার করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন

কৃষ্ণগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী লখাউদ্দীন মহম্মদ।	ভাগলপুরে
আমীরপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহীউদ্দীন।	

মুঙ্গেরের মুনসেফ শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন।

১৮৫৭ সাল ১৯ মে।

শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব (Mr. J. P. Grant,) যশোহরের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ডাক্তর জান এলিয়ট সাহেব (Dr. John Elliot,) যশোহরে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিস্ট্রার হইবেন।

১৮৫৭ সাল ২০ মে।

শ্রীযুত মেজর জে বটলর সাহেব (Major J. Butler,) আসামের ডেপুটী কমিসানর হইবেন

শ্রীযুত কাপ্তান সি হলরয়ড সাহেব (Capt. C. Holroyd.) আসামের কমিসানর সাহেবের প্রথম শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট টি লাম সাহেব (Lieut. T. Lamb,) আসামের কমিসানর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট জে পি মার্টিন সাহেব (Lieut. J. P. Martin,) আসামের কমিসানর সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত কাপ্তান এচ এস বৈবার সাহেব (Capt. H. S. Bivar,) আসামের কমিসানর সাহেবের প্রথম শ্রেণীর প্রধান আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট বি ডবলিউ ডি মর্টন সাহেব (Lieut. B. W. D. Morton,) আসামের কমিসানর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৪ জুলাই।]

শ্রীযুত এফ এ বি গ্লবর সাহেব (Mr. F. A. B. Glover,) রঙ্গপুরে অবৈতনিক হাসপিটালের কর্ম্ম নির্ব্বাহক কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৩ মে।

প্রথম অর্থাৎ উত্তরাংশের রাজস্বসম্পর্কীয় জরিপী কর্ম্মে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশানচন্দ্র দত্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৯ মে।

পাবনার ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত মুনশী ওয়াসিফুদ্দীন মহম্মদ চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২০ তারিখঅবধি বিশ দিনের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২৬৭৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৫ মে।

দিনাজপুরের প্রধান সদর আমীন শ্রীযুত জেম্স রাইলি সাহেব (Mr. James Reily,) প্রথম শ্রেণীর প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত জে এস বেল সাহেব (Mr. J. S. Bell) চাটিগাঁয়ের প্রধান সদর আমীন হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত চব্বিশপরগনার অতিরিক্ত প্রধান আমীনের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত আর ফিনি সাহেব (Mr. R. Finney,) পূর্ব্ব বর্দ্ধমানের সদর আমীন হইবেন কিন্তু যাবৎ অন্য হুকুম না হয় তাবৎ চাটিগাঁয়ের সদর আমীনের ও সেই জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিতে থাকিবেন।

মুরশিদাবাদে জঙ্গীপুরের মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণলাল বাঁড়ুয্যা মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

শ্রীযুত জে এস বেল সাহেব (Mr. J. S. Bell,) যত কাল অন্য স্থানে নিযুক্ত থাকেন কিম্বা যাবৎ অন্য হুকুম না হয় তাবৎ শ্রীযুত মৌলবী আমীরুদ্দীন মহম্মদ চাটিগাঁয়ের প্রধান সদর আমীনের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত মৌলবী আমীরুদ্দীন মহম্মদ যত কাল অন্য কর্ম্মে নিযুক্ত থাকেন কিম্বা যাবৎ অন্য হুকুম না হয় তাবৎ শ্রীযুত মৌলবী আলী নেওয়াজ চাটিগাঁয়ের অতিরিক্ত প্রধান সদর আমীনের কর্ম্ম করিতে থাকিবেন।

ছোট নাগপুরের কমিসানর সাহেবের নীচের লিখিত সব আসিষ্টাণ্টেরদের নামের পার্শ্বে যেং জিলা লেখা আছে সেইং জিলাতে তাঁহারা প্রধান সদর আমীনের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত আর সি পেরি সাহেব (Mr. R. C. Perry)	মানভূম।
শ্রীযুত বাবু লোকনাথ সহাই ...	লোহারডগা।
শ্রীযুত ডবলিউ ডিডবলিউ জর্জ সাহেব (Mr. W. DeW. George.)	হাজারীবাগ।

১৮৫৭ সাল ১৮ মে।

বেহারে গয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী ইশফাক হুসেন মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন

১৮৫৭ সাল ২০ মে।

শ্রীযুত পাদরি আর এ এচ নর্ম্মান সাহেব (Rev. R. A. H. Norman,) দমদমার ধর্ম্মোপদেশক হইবেন।

১৮৫৭ সাল ২১ মে।

শ্রীযুক্ত জে বি শাডওএল সাহেব (Mr. J. B. Shadwell,) আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন।

১৮৩৩ সালের ৯ আইনমতে মালদহের ডেপুটী কালেক্টর শ্রীযুত জে জনসন সাহেব (Mr. J. Johnson,) ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটও হইবেন ও সেই জিলাতে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

শ্রীযুত টি শেপর্ড সাহেব (Mr. T. Shepherd,) আক্যাবে আরাকাণের কমিস্যনর সাহেবের দ্বিতীয় প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৭ সাল ২৭ মে।

শ্রীযুত এচ বি সিমসন সাহেব (Mr. H. B. Simson) ভাগলপুরে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৫৭ সাল ৩০ মে।

শ্রীযুত কাপ্তান এচ সি জেম্‌স সাহেব (Capt. H. C. James,) বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিজ মোসাহেব হইবেন।

শ্রীযুত ই লজ সাহেব (Mr. E. Lodge.) ও শ্রীযুত ডাক্তর ই রোয়র সাহেব (Dr. E. Roer,) বাঙ্গলাপ্রভৃতি দেশে সাধারণের বিদ্যাধ্যাপনের ইনস্পেক্টর হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৬ মে।

পাটনার আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত আর কিং সাহেব (Mr. R. King.) আপন সিরিশ্তার চলিত কর্ম্মের ভার ডেপুটী এজেণ্ট সাহেবের প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৮ মে।

সেবানের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জে এফ লিঞ্চ সাহেব (Mr. J. F. Lynch,) আপন কর্ম্মের ভার সারণের মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৯ মে।

কটক এলাকার একটিং কমিস্যনর শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn,) গত মার্চ মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীর সংশোধিত বিধির ৯২ ধারামতে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২১ মে।

ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামনারায়ণ সমাদ্দার বর্ত্তমান মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৬ মে।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মুনশী ওয়াসিফুদ্দীন মহম্মদ বর্ত্তমান মাসের ১৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে দশ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ২৫ মে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব রাজধানীতে অবিলম্বে প্রত্যাগমন করিতে উদ্যত হইয়াছেন এই প্রযুক্ত আদেশ হইতেছে যে অন্য হুকুম যাবৎ না হয় তাবৎ বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের নামে সকল পত্র কলিকাতায় পাঠান যায়।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা ঢাকা।

১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারাক্রমে এহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা ঢাকার নীচের লিখিত মহাল ১৮৫৭ সনের ২৯ জুনপর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে চলিত আইন ও আক্টের দ্বারায় অন্য যে যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৫৭ সনের ২৮ জুলাই মোতাবেক ১২৬৪ সনের ১৪ শ্রাবণ ঐ জেলার কালেক্টরির কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৭ ইংরেজী তারিখ ৬ জুলাই।

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৬৪৫ নং জিলে বিক্রমপুর তাং জগন্নাথ ঘোষ মালিক গুরুচরণ ভট্টাচার্য্য ও তারিণীচরণ মজুমদার সদর জমা ৪২॥/৭॥

৯৮৯ নং জিলে তথা হাং রামকুমার শর্ম্মা মালিক রামকুমার শর্ম্মা সদর জমা ।/৪

১৪৮৬ নং মুং জিলে দৌলতপুর পং রশীদপুর তাং রূপরাম শর্ম্মা ও রামলোচন দাস মালিক রামকৃষ্ণ হোড় সদর জমা ১৬৷/৫

১৭৭৬ নং জিলে তথা পং দোহার তাং নন্দকিশোর গুণ মালিক নন্দকিশোর গুণ সদর জমা ২৸/৮।

২৩৭৩ নং জিলে তথা মুং খনকার ওয়াজিফ তাং রাঘব জগন্নাথ হিং রামমোহন দাস মালিক ভোলানাথ দত্ত সদর জমা ১॥৶

২৩৭৪ নং জিলে তথা মুং তথা তাং তথা হিং প্রাণকৃষ্ণ মালিক প্রাণকৃষ্ণ সদর জমা ১॥৶

২৩৭৫ নং জিলে তথা মুং খনকার ওয়াজিফ তাং তথা হিং বাণীরাম দাস মালিক কমলাকান্ত সমদ্দার সদর জমা ১॥৶

২৩৯৩ নং মুং নবসিংহ গঙ্গাধর তাং রাঘব জগন্নাথ হিং প্রাণকৃষ্ণ মালিক প্রাণকৃষ্ণ সদর জমা ।/৫

৩৭৫৭ নং মুং জিং জালালপুর পং জালালপুর তাং বিষ্ণুরাম দেব মালিক বিষ্ণুরাম দেব সদর জমা ৬৶৬

৩৮০৪ নং জিং তথা পং তথা তাং রামশঙ্কর চক্র মালিক রামশঙ্কর চক্র সদর জমা ৫৷৹

[*Government Gazette*, 14*th July*, 1857.]

৪১৭০ নং জিং তথা পং তথা তাং ফতেমামুদ দাউদ মালিক রামনারায়ণ শাহা সদর জমা ॥৬॥

৫১৮৪ নং জিং তথা পং তথা তাং রাজারামতৈ মালিক রামচন্দ্র বসু সদর জমা ২/১॥

৪৮৬৪ নং জিং নুরুল্লাপুর পং সাল্লাতপুর তাং রমাকান্ত সরখেল মালিক রমাকান্ত সরখেল সদর জমা ৮॥১১॥

৫০২৮ নং জিং তথা পং মামুদপুর হিং ॥/ আনী তাং মৌলবি গোলাম ছুরবর মালিক মৌলবি গোলাম সুরবর সদর জমা ২(৯॥

৫২৪৯ নং জিং তথা পং কাশীমপুর কম্যানষ্ট্রী তাং নাগর পাল মালিক নাগর পাল সদর জমা ৩/২॥

৫৫০৬ নং জিলে তথা তং অমুপুর তাং সেখ ধনাই ধনঞ্জয় মালিক রাজকুমার দাস ও ঈশ্বরচন্দ্র মজুমদার সদর জমা ১/১

৫৭৮১ নং জিং তথা তং সর্কিপুর খোর্দ্দ তাং রামনাথ চৌধুরী মালিক দিননাথ রায় সদর জমা ৫ I/৪

৬১৫২ নং জিং পায়ন্দাবেগ তং মিরকপুর তাং মামুদালী মালিক মামুদালী সদর জমা ৮।/৭

৬২৭৮ নং জিং তথা পং জাহাঙ্গিরনগর তাং ভিকম প্যাদা মালিক তারিণীচরণ গুহ সদর জমা I/৩

৬৫১৮ নং জিং তথা সাবেক তুমুরি তাং বনমালী বসু মালিক বনমালী বসু সদর জমা ৪॥/৮

৭১২৬ নং জিং রাজনগর চাকলে নুরপুর তাং শম্ভুনাথ মুখটী মুং রামশর্ম্মা মালিক শম্ভুনাথ মুখটী সদর জমা ২৶২

৮৩৬৫ নং লাখেরাজ কিং দেওনী মালিক কালিদাস সরকার সদর জমা ২১।৶।

৮৮৩০ নং তং বার্কাপুর কিং খরিয়াকান্দী দং ঈশানচন্দ্র রায় সদর জমা ৯৶২

৮৮৯৩ নং দোশরা কালীগঙ্গা দং মুনশী নেজামদ্দী সদর জমা ১॥৶১১

৮৮৯৪ নং দোশরা কালীগঙ্গা দং সদানন্দ মহেশচন্দ্র ও চন্দ্রকিশোর মজুমদার সদর জমা ১৸৫

৮৯১০ নং দোশরা কালীগঙ্গা দং মুনশী আপ্তাবদ্দীন সদর জমা ।১১

৮৯১৩ নং আএমা বেতলিয়া দং সদানন্দ ভট্টাচার্য্য ও ভবানন্দ ভট্টাচার্য্য সদর জমা ৬।৶

৯২০৮ নং তং খলশী কিং বাসুদেবপুর মালিক কৃষ্ণনারায়ণ চক্রবর্ত্তী সদর জমা ৪৯। ৯

৯২১৭ নং পং কাশীমনগর কিং ঠাকুরপুর মালিক কালীকান্ত তলাপাত্র সদর জমা ।৶৫

C. F. Carnac, *Offg. Collector.*

জিলা বর্দ্ধমান।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জিলা বর্দ্ধমান।

ইহার দ্বারায় সম্বাদ দেয়া যাইতেছে যে জিলা বর্দ্ধমানের নীচের লিখিত মহাল মালগুজারীর বাকীর কারণ সন ১৮৫৭ সালের ২৯ জুলাই মোতাবক সন ১২৬৪ সালের ১৫ শ্রাবণ বুধবার এই জিলার কালেক্টরী কাছারীতে নিলাম্ষর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৭ সাল তাং ৩ জুলাই।

১ শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

১৪৪২ নং মহাল আএমা মঙ্গল কোট পরগনে আজমতসাহি লিখিত মালিক গোলাম পঞ্জতন সদর জমা ১৭৸৶১০ টাকা ও মাফিনা মামুটা ।/৭ আনা একুনে ১৮।৫ টাকা

১৪৪৫ নং মহাল আএমা মঙ্গল কোট পরগনে আজমতসাহি লিখিত মালিক হরিশ্চন্দ্র রায় সদর জমা ১১।৶১ টাকা ও মাফিনা মামুটা ৶১০ আনা একুনে ১১৸১১ টাকা

৩০১৯ নং মহাল লক্ষ্মীগঞ্জ পরগনে মুজফরসাহি লিখিত মালিক ভৈরবনাথ দত্ত সদর জমা ৩৸৶৭ টাকা

২ শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল।

৩৭৩৬ নং মহাল ফরিদপুরদিগর পরগনে সেরগড় লিখিত মালিক অদ্বৈত তেওয়ারী ও অনন্তলাল দুবে ও রামধন বিশ্বাস ও হরিপ্রসাদ ঠাকুর ও রামচন্দ্র মাএক ও রাজচন্দ্র মাএক ও ক্ষীরোদমণি দেব্যা ও রাধালাল পাঁড়ে ও রামলাল চৌবে ও নবকিশোর চৌবে সদর জমা ২৫।৶৫ টাকা

১ শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য হওয়া মহাল।

৩৯৮৪ নং মহাল গোপালপুর পরগনে চম্পা নগরি লিখিত মালিক রামচাঁদ রায় সদর জমা ৫৸৶২ টাকা

৪৩৫৩ নং মহাল মাজিগ্রামদিগর পরগনে বেঞা লিখিত মালিক লক্ষ্মীনারায়ণ মল্লিক সদর জমা ৫৭।/৭ টাকা

৪৩৫৯ নং মহাল মাজিগ্রামদিগর পরগনে বেঞা লিখিত মালিক রামচরণ রায় সদর জমা ৮৸৮ টাকা

৪৩৬১ নং মহাল মাজিগ্রামদিগর পরগনে বেঞা লিখিত মালিক রামচরণ রায় সদর জমা ৮।৶১০ টাকা

২ শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল।

৫৭১১ নং মহাল মোনাডাঙ্গা ও রাউত গ্রাম পরগনে সাতসৈকা লিখিত মালিক মৃত গোবিন্দচন্দ্র বসুর ওয়ারিস পুত্র রামদয়াল বসু ও দিনদয়াল বসু ও শশিভূষণ বসু নাবালকগণের মাতা শ্রীমত্যা কৃপাময়ী দাস্যা সদর জমা ১২৸৪ টাকা

H. M. Reid, *Collector.*

জিলা ভাগলপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরী জিলা ভাগলপুর।

সম্বাদ দেওয়া যাইতেছে নীচের লিখিত মহালাত মোতালকে জিলা ভাগলপুর রাজস্ব বাকী আদায়ের নিমিত্তে সন ১৮৫৭ সনের ২৭ জুলাই মোতাবেক ১০ শ্রাবণ সন ১২৬৪ ফসলি রোজ সোমবার নীলামে ধরা যাইবেক।

দ্বিতীয় শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল।

তৌজী নং ৮৭ ঘাটসোমকাতপে সেলপাতা লিখিত মালিক গোবর্দ্ধন লাল ও জওয়াহের শাহু ও ছুহাএ রাম শাহু ও ছরওর সিংহ সদর জমা ৫১১।৶ টাকা

সন ১৮৫৭ তাং ৪ জুলাই মোতাবক ২৭ আষাঢ় সন ১২৬৪ ফসলি।

W. Ainslie, *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৪ জুলাই।]

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মাহাল সকল মুরশিদাবাদ জেলার ঐ জেলায় কালেক্টরের কাছারীতে বাকী মালগুজারির নিমিত্তে সন ১৮৫৭ সালের ২৭ জুলাই মোতাবক সন ১২৬৪ সালের ১৩ শ্রাবণ সোমবার সাধারণ নীলামে উপস্থিত হইবেক।

শ্রেণী ১ কাএমি বন্দোবস্তী মহাল।

১৬৬৫ নং কিসমত হাঁশোপুর পরিগনে একবরসাহী জমীদার ঘোশাল চক্রবর্ত্তী সদর জমা ১২৸০

১৮৭০ নং কিসমত শ্যামবাটী পরগনে সমসখালী জমীদার শ্যামচাঁদ ভাদুড়ি ও রামধন রায় সদর জমা ১।৴১

১৮৮৫ নং কিসমত সয়দাবাদ পরগনে চুনাখালি জমীদার দ্বারকানাথ ঘোষ সদর জমা ॥০

১৮৯৯ নং কিসমত সয়দাবাদ পরগনে চুনাখালি জমীদার দ্বারকানাথ ঘোষ সদর জমা ৸৶৩

২২৩৭ নং কিসমত তালেবপুর পরগনে ফতেসিংহ আয়মাদার সেখ দিয়ানওল্যা সদর জমা ৫৸৶২

২৬৫২ নং কিসমত জালানি পরগনে ফতেসিংহ আয়মাদার শ্রীকান্ত রায় সদর জমা ৭।৴১০

২৬৭৭ নং কিসমত পীলখণ্ডী পরগনে ফতেসিংহ আয়মাদার সেখ রহমত সদর জমা ৬৴৭

২৬৭৮ নং কিসমত পীলখণ্ডী পরগনে ফতেসিংহ আয়মাদার সেখ সনাউল্লা সদর জমা ৪।৶০

২৬৮৩ নং কিসমত পীলখণ্ডী পরগনে ফতেসিংহ আয়মাদার সেখ মুরাদ আলী সদর জমা ২।৶৫

J. Watson, *Offg. Collector.*

জিলা ময়মনসিংহ।

১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারাক্রমে।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলে ময়মনসিংহের নীচের লিখিত মহাল সকল ১২৬৪সনের লাগায়ত জ্যৈষ্ঠের বাকী হাল বকয়া মালগুজারী নিমিত্তে ১৮৫৭ সনের ২৭ জুলাই মোতাবেক ১২৬৪ সনের ১৩ শ্রাবণ সোমবার ঐ জিলার কালেক্টরীর কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৭ সন তারিখ ৩ জুলাই।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্যের মহাল।

৬৯৬ নং পং বরবাজ তৌজীর লিখিত মালিক নুর মামুদ সদর জমা ১১৴১ পাই তালুক নুর মামুদ

৯৭৮ নং পং তথা তৌজীর লিখিত মালিক অদ্বৈতচন্দ্র বিশ্বাস নীলাম খরীদদার সদর জমা ৭৶১ পাই তালুক হৃদয়রাম ঘোষ ।

১২৩০ নং পং তথা তৌজীর লিখিত মালিক তথা সদর জমা ৭॥৶৮ পাই তালুক সদারাম দাস ।

১৪২৭ নং পং কাগমারি তৌজীর লিখিত মালিক শম্ভুনাথ পণ্ডিত নীলাম খরীদদার সদর জমা ৬৫।৫ পাই তালুক কংসনারায়ণ ।

১৮৪৭ নং পং হোসেন শাহী তৌজীর লিখিত মালিক গুরুচরণ শাহা নীলাম খরীদদার সদর জমা ১২।৶৬ পাই তালুক প্রাণনাথ ।

২৭১৩ নং তপ্পে হাজরাদী তৌজীর লিখিত মালিক কৃষ্ণদেব শর্ম্মা নীলাম খরীদদার সদর জমা ৩।৶৫ পাই তালুক বাহারাম দরি ॥

B. Cooper, *Collector.*

জিলা মেদিনীপুর।

সন ১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সম্বাদ দেওয়া যাইতেছে যে জেলা মেদিনীপুরের নীচের লিখিত মহাল সন ১৮৫৭ সালের ২৯ জুনপর্য্যন্ত বাকী মালগুজারীর নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারায় অন্য যে দাওয়া বাকী মালগুজারীর ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৫৭ সালের ৩০ জুলাই অত্র জেলার কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধায় বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৭ সাল তারিখ ৮ জুলাই।

প্রথম শ্রেণী চিরবন্দবস্তী মহাল।

১৩৩২ নং মহাল পরাজ ভেট্যা পং রাজগড় মালিক রাধাকৃষ্ণ দাস ও ঘনশ্যাম চৌধুরী ও অভিরাম চৌধুরী ও গোবিন্দরাম চৌধুরী ও দয়ারাম চৌধুরী ও শ্রীমত্যা চন্দ্রমণি দেব্যা ও হরিহর ভট্টাচার্য্য ও পীতাম্বর বন্দোপাধ্যায় সদর জমা ২৩৫৲৭॥

১৭৯০ নং মহাল বহিতকুণ্ডা পং মাজনামুঠা মালিক আনন্দলাল রায় পেদর ও মহাফেজ মুকুন্দলাল রায় নাবালগ সদর জমা ১০০৸৶৪

দ্বিতীয় শ্রেণী চিরবন্দবস্ত না হওয়া মহাল।

২১৮৬ নং মহাল দুর্গাদামোদর চক ওগয়রহ পং নাড়ুয়া মুঠা মালিক দয়াময়ী ও জগদম্বা চৌধুরাণী সদর জমা ৮২৸১১৮

২৬১৯ নং মহাল শ্যামপুর পং কসবা হিজলি মালিক রামনারায়ণ ঘটক সদর জমা ৩৮॥৶৯॥

W. H. Brodhurst, *Collector.*

জিলা ভুলুয়া।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা ভুলুয়ার নীচের লিখিত মহাল বাকী মালগুজারী আদায়ের নিমিত্তে সন ১৮৫৭ সনের ২৭ জুলাই মোতাবেক বাঙ্গলা সন ১২৬৪ সনের ১৩ শ্রাবণ রোজ সোমবার ঐ জিলার কালেক্টরী কাছারিতে বিনা ওজর নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৭ তাং ৩ জুলাই।

প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৬০২ নং হুজুরি মহাল পং অমুরাবাদ হিঃ ॥৶১৩৴ ক্রান্তির খারিজা তালুক পূর্ব্ব সাদুল্যাপুর লিখিত মালিক মাহামুদ আকবর সদর জমা ২৮৲৮

F. B. Simson, *Offg. Deputy Collector.*

[*Government Gazette, 14th July,* 1857.]

জিলা পাবনা।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে নীচের লিখিত মহালাত মহকুমা পাবনার কালেকটরী আপীসে ১৮৫৭ সালের ২৮ জুলাই মোতাবেক সন ১২৬৪ সালের ১৪ শ্রাবণ মঙ্গলবার নীলামে ধরা যাইবেক ইতি সন ১৮৫৭। ২ জুলাই মোতাবেক সন ১২৬৪। ১৯ আষাঢ়।

২৫৩ নং ১ শ্রেণী মুদামী বন্দবস্তী মহাল।

কিং দাবিয়াপুর পং ইসীফ শাহী মালিক কৃষ্ণহরি দেব সদর জমা ৪৵৫

৩৩৫ নং ১ শ্রেণী মুদামী বন্দবস্তী মহাল।

কিং নাড়ুয়া পং আএজন মালিক গৌরী নন্দী রাধাকান্ত দেব সদর জমা ৩৵২

৩৫৪ নং ১ শ্রেণী মুদামী বন্দবস্তী মহাল।

কিং নাড়ুয়া পং আএজন মালিক রূপরাম নন্দী সদর জমা ৩৵১

৩ মহাল।

DEPUTY COLLECTOR OF PUBNAH.

জিলা বাকরগঞ্জ।

১৮৪৫ সনের ১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা বাকরগঞ্জের নীচের লিখিত মহালাত সন ১২৬৩ সনের লাং কিস্তি চৈত্রের বাকী মালগুজারীর নিমিত্তে এবং চলিত আইন ও আকটের দ্বারায় অন্য যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৫৭ ইংরেজীর ২৭ জুলাই মোতাবেক বাঙ্গলা ১২৬৪ সনের ১৩ শ্রাবণ রোজ সোমবার অত্র কালেকটরীর কাছারিতে নীলামে ধরা যাইবেক এবং বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৫৭ ইং তাং ৪ জুলাই।

প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

সাবেক নম্বর ২৯৩৭ হাল নম্বর ৩০০৩ খারিজা পরগনে উত্তর সাহাবাজপুর রামলোচন দাস তালুক লিখিত মালিক রামলোচন দাস সদর জমা ১২৸১০ পাই

C. LIMOND, *Offg. Collector.*

RECEIVED

From the Collectorate of Hooghly a Sale Notice, dated 9th July; the land in question is to be sold on the 31st July. And Collectorate of Purneah a Sale Notice, dated the 6th July; the land in question is to be sold on the 25th July. And also from Collectorate of Rajshahye a Sale Notice, dated 9th July; the land in question is to be sold on the 31st July. These will appear next week.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

চট্টগ্রামের এশিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত অভয়চন্দ্র দাসকর্ত্তৃক বাঙ্গলা মাজিষ্ট্রেটীয় উপদেশ বিক্রয়ার্থে কলিকাতা মোকামে শ্রীযুত থাকর স্পিঙ্ক কোম্পানির বাটীতে আছে। মূল্য ৪৲ চারি টাকা মাত্র।

বিজ্ঞাপন।

সকল লোককে জ্ঞাত করা যাইতেছে যে শ্রীলশ্রীযুক্ত মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের চরিত্র বর্ণন উত্তমাক্ষরে ও উত্তম কাগজে শ্রীরামরের যন্ত্রালয়ে দ্বিতীয়বার মুদ্রিত হইল। মূল্য ॥০ আট আনামাত্র

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের সরাসরী নিষ্পত্তিসমূহ বর্ণমালানুযায়ী লিখিত ইং ১৮৩৪ লাং ১৮৫৫ সাল।

এই গ্রন্থ ফিরিস্তিসমেত ৪২০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে উক্ত আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে তত্ত্ব করিলে পাওয়া যাইবেক মূল্য ৫৲ টাকা মাত্র।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের ১৮৫৪ সালের নিষ্পত্তিসমূহের খোলাসা।

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাষায় না থাকাতে সে তাবতের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র হালদারকর্ত্তৃক অনুবাদিত হইয়া ১৲ টাকা মূল্যে বিক্রয় হইতেছে সদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসর্স ব্রাউন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের নিকট উক্ত অনুবাদকর্ত্তার নামোল্লেখে মূল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

আইন ও ব্যবস্থাসংগ্রহ অর্থাৎ আইন, শাস্ত্র, শরা ও নজিরাদির সারসংগ্রহ। ইহার প্রথম খণ্ড রেইলওয়ে লকোমোটিব সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আফিসে শ্রীনবীনচন্দ্র রায়ের নিকট ডাক মাসুল ৵০ আনা সহিত মূল্য ৪৲ টাকা প্রেরণ করিলে পাওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৪ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

অতিরিক্ত গবর্নমেন্ট গেজেট

গবর্ণমেন্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, JULY 17, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ১৭ জুলাই।

DRAFT OF ACT.

A Bill for extending the jurisdiction of the Courts of Criminal Judicature of the East India Company in Bengal, for simplifying the Procedure thereof, and for investing other Courts with Criminal jurisdiction.

[Continued from page 627.]

CHAPTER IX.—OFFENCES BY OR RELATING TO PUBLIC SERVANTS.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty	6. When admitting of cumulative Punishment
1	Being or expecting to be a public servant and taking a gratification other than legal remuneration in respect of an official act.	Bailable ..	Magistrate, as limited by Chapter II., Article 10, Clauses 3, 4, and 5, relating to Criminal Courts of original jurisdiction.	Imprisonment of either description not exceeding 3 years, or fine, or both.	Cumulative, Clause 13.
2	Taking a gratification in order, by corrupt or illegal means, to influence a public servant.	Idem ..	Idem	Idem	Idem.
3	Taking a gratification for the exercise of personal influence with a public servant.	Idem ...	Session Court ...	Simple imprisonment not exceeding 1 year, or fine, or both.	Idem.
4	Abetment by public servant of the offences defined in the last two preceding Clauses with reference to himself.	Idem ...	Idem	Imprisonment of either description not exceeding 3 years, or fine, or both.	Idem.
5	Public servant obtaining any valuable thing, without consideration, from person concerned in any proceeding or business transacted by such public servant	Idem ...	Idem	Simple imprisonment not exceeding 2 years, or fine, or both.	Idem.
6	Public servant disobeying a direction of the law with intent to cause injury to any person.	Idem ...	Magistrate, as limited by Chapter II., Article 10, Clauses 3, 4, and 5, relating to Criminal Courts of original jurisdiction.	Idem not exceeding 1 year, or fine, or both.	Idem
7	Public servant framing an incorrect document with intent to cause injury.	Idem ..	Idem	Imprisonment of either description not exceeding 3 years, or fine, or both. ...	Idem.

CHAPTER IX.—OFFENCES BY OR RELATING TO PUBLIC SERVANTS.—(*Continued*)

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
8	Public servant unlawfully engaging in trade ...	Bailable	Magistrate, as limited by Chapter II., Article 10, Clauses 3 4 and 5, relating to Crimina Courts of original jurisdiction.	Simple imprisonment not exceeding 2 years, or fine, or both.	Cumulative, Clause 13.
9	Public servant unlawfully buying or bidding for property.	Idem	Idem	Idem	Idem.
10	Personating a public servant	Idem	Magistrate	Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	Cumulative, Clauses 11 and 13.
12	Wearing garb or carrying token used by public servant with fraudulent intent.	Idem	Idem	Idem not exceeding 3 months, or fine to Rupees 200, or both.	Cumulative, Clause 13.

CHAPTER X.—CONTEMPTS OF THE LAWFUL AUTHORITY OF PUBLIC SERVANTS.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
1	Absconding to avoid service of summons, or other proceeding from a public servant.	Bailable	Magistrate	Simple imprisonment not exceeding 1 month, or fine not exceeding Rupees 500, or both.	
	If summons or notice require attendance in person &c., in a Court of Justice.	Idem	Idem	Idem not exceeding 6 months, or fine not exceeding Rupees 1,000, or both.	
2	Preventing the service or the affixing of any summons, or notices, or the removal of it when it has been affixed; or preventing a proclamation	Idem	Idem	Idem not exceeding 1 month, or fine not exceeding Rupees 500, or both.	Cumulative, Clause 3.
	If summons, &c, require attendance in person, &c in a Court of Justice.	Idem	Idem	Idem not exceeding 6 months, or fine not exceeding Rupees 1,000, or both.	
	Not obeying a legal order to attend at a certain place in person or by agent, or departing therefrom without authority.	Idem	Idem	Simple imprisonment not exceeding 1 month, or fine not exceeding Rupees 500, or both.	
	If the order require personal attendance, &c., in a Court of Justice.	Idem	Idem	Imprisonment not exceeding 1 year, or fine, or both.	

5	Intentionally omitting to produce a document to a public servant by a person legally bound to produce or deliver such document.	Idem	...	... Idem	...	...	.. Simple imprisonment not exceeding 1 month, or fine not exceeding Rupees 500, or both.	
	If the document is required to be produced in or delivered to a Court of Justice.	Idem	...	.. Idem	...	...	.. Imprisonment not exceeding 1 year, or fine, or both.	
6	Intentionally omitting to give notice or information to a public servant by a person legally bound to give such notice or information.	Idem	...	.. Idem	...		... Simple imprisonment not exceeding 1 month, or fine not exceeding Rupees 500, or both.	
	If the notice or information required respects the commission of an offence, &c.	Idem	...	... Idem	...	...	... Idem not exceeding 6 months, or fine not exceeding Rupees 1,000, or both.	
7	Knowingly furnishing false information to a public servant.	Idem	...	.. Idem	...	...	... Imprisonment of either description not exceeding 6 months, or fine to Rupees 1,000, or both.	
	If the information required respects the commission of an offence, &c.	Idem	...	... Idem	...	...	... Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	
8	Refusing oath when duly required to take oath by a public servant.	Idem	...	.. Idem	...	...	... Simple imprisonment not exceeding 6 months, or fine, or both.	
9	Being legally bound to state the truth, refusing to answer questions.	Idem	...	.. Idem	...	...	.. Idem.	
10	Refusing to sign a statement made to a public servant when legally required to do so.	Idem	...	.. Idem	...	...	.. Simple imprisonment not exceeding 3 months, or fine not exceeding Rupees 1,000, or both.	
11	Knowingly stating to a public servant on oath as true that which is false.	Idem	...	.. Idem	...	...	... Imprisonment of either description not exceeding 3 years, also liable to fine.	
12	Giving false information to a public servant in order to cause him to use his lawful power to the injury or annoyance of any person.	Idem	...	.. Idem	...	...	... Imprisonment of either description not exceeding 6 months, or fine to Rupees 1,000, or both.	
13	Resistance to the taking of property by the lawful authority of a public servant.	Idem	...	.. Idem	...	...	... Imprisonment of either description not exceeding 6 months, or fine, or both.	Cumulative, Clause 1.
15	Obstructing sale of property offered for sale by authority of a public servant.	Idem	...	.. Idem	...	...	... Simple imprisonment not exceeding 1 month, or fine not exceeding Rupees 500, or both.	Cumulative, Clause 16.
17	Bidding for property at a lawfully authorized sale on account of a person under a legal incapacity to purchase it, or bidding without intending to perform the obligations incurred thereby.	Idem	...	... Idem	...	...	.. Imprisonment of either description not exceeding 1 month, or fine not exceeding Rupees 200 or both.	

CHAPTER X.—CONTEMPTS OF THE LAWFUL AUTHORITY OF PUBLIC SERVANTS.—(*Continued*)

1. Clause.	2. Offence.	3. Whether bailable are not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
18	Obstructing public servant in discharge of his public functions.	Bailable	Magistrate	Imprisonment of either description not exceeding 3 months, or fine not exceeding Rupees 500, or both.	Cumulative, Clause 19.
20	Omission to assist public servant, when bound by law to give such assistance.	Idem	Idem	Simple imprisonment not exceeding 1 month, or fine not exceeding Rupees 200, or both.	
21	Wilfully neglecting to aid a public servant, who demands aid in the execution of process, the prevention of offences, &c.	Idem	Idem	Simple imprisonment not exceeding 6 months, or fine not exceeding Rupees 500, or both.	
22	Wilful omission to aid such public servant ...	Idem	Idem	Idem.	
24	Disobedience to an order lawfully promulgated by a public servant if such disobedience causes obstruction or annoyance or injury to persons lawfully employed.	Idem	Idem	Simple imprisonment not exceeding 1 month, or fine not exceeding Rupees 200, or both.	
	If such disobedience causes danger to human life, health, or safety, &c.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 6 months, or fine, or both.	Cumulative, Clause 25.
26	Threatening a public servant with injury to him, or one in whom he is interested, to induce him to do or forbear to do any official act.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	
27	Threatening any person to induce him to refrain from making a legal application for protection from injury.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 1 year, or fine, or both.	

CHAPTER XI.—OFFENCES AGAINST PUBLIC JUSTICE.

3	Giving or fabricating false evidence in a judicial proceeding.	Bailable	Session Court	Imprisonment of either description not exceeding 7 years, also liable to fine.
	Giving or fabricating false evidence in any other case.	Idem	Idem	Idem not exceeding 3 years, also liable to fine.
4	Giving or fabricating false evidence, with intent to cause any person to be convicted of a capital offence.	Not bailable	Idem	Transportation for life, or rigorous imprisonment for 14 years, also liable to fine.
	If innocent person be thereby convicted and executed.	Idem	Idem	Death, or as above.
5	Giving or fabricating false evidence, with intent to procure conviction of an offence punishable with transportation, or imprisonment for more than seven years.	Idem	Idem	The punishment of that offence.
6	Using in a judicial proceeding evidence known to be false or fabricated.	According as the offence of giving such evidence is bailable or not.	Idem	Same as for giving such evidence.
7	Knowingly uttering or signing a false certificate relating to any fact of which such certificate is by law admissible in evidence.	Bailable	Idem	Idem.
8	Using as a true certificate one known to be false in a material point.	Idem	Idem	Idem.
9	False statement made in any declaration which is by law received as evidence.	Idem	Idem	As for giving false evidence.
10	Using as true any such declaration known to be false.	Idem	Idem	Idem.
11	Causing disappearance of evidence of an offence committed, or giving false information touching it to screen the offender, if a capital offence.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 7 years, and also liable to fine.
	If punishable with transportation, or imprisonment which may extend to fourteen years.	Idem	Idem	Idem not exceeding 3 years, also liable to fine.
	If punishable with less than 14 years' imprisonment.	Idem	By the Court by which the offence is triable.	Idem not exceeding ¼ longest term and fine, or both.

CHAPTER XI.—OFFENCES AGAINST PUBLIC JUSTICE.—(*Continued.*)

1. Clause.	2. Offence.	3 Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
12	Intentional omission to give information of an offence, by a person legally bound to inform.	Bailable	Magistrate	Imprisonment of either description to 6 months, or fine, or both.	
13	Giving false information respecting an offence committed.	Idem	Idem	Idem not exceeding 2 years, or fine, or both.	
14	Secreting or destroying any document to prevent its production as evidence.	Idem	Idem	Idem.	
15	False personation for the purpose of any act or proceeding in a suit or criminal prosecution, or for becoming bail or security.	Idem	Session Court	Idem not exceeding 3 years, or fine, or both.	
16	Fraudulent removal or concealment, &c., of property to prevent its seizure as a forfeiture, or in satisfaction of a fine under sentence, or in execution of a decree.	Idem	Magistrate	Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	
17	Claiming property without right, or practising deception touching any right to it, to prevent its being taken as a forfeiture, or in satisfaction of a fine under sentence, or in execution of a decree.	Idem	Idem	Idem.	
18	Fraudulently suffering a decree to pass for a sum not due, or suffering decree to be executed after it has been satisfied.	Idem	Idem	Idem.	
19	Fraudulently obtaining a decree for a sum not due, or causing a decree to be executed after it has been satisfied.	Idem	Idem	Idem.	
20	False charge of offence made with intent to injure.	Idem	Session Court	Idem not exceeding 2 years, also liable to fine.	
	If offence charged be capital or punishable with transportation for life, or imprisonment for 7 years, or upwards.	Idem	Idem	Idem not exceeding 7 years, also liable to fine.	

To be continued.

আইনের মুসাবিদা।

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের এলাকা বৃদ্ধি করিবার ও তাহার কার্য্য আরো সহজরূপে করা যাইবার ও অন্যান্য আদালতকে ফৌজদারী এলাকা দিবার আইনের মুসাবিদা।

[৬৩২ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

৯ অধ্যায়। সরকারী কার্য্যকারকেরদের করা কি তাঁহারদের সম্পর্কীয় অপরাধ।

১ প্রকরণ	২ অপরাধ	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে
১	সরকারী কার্য্যকারক হইয়া কি হইবার আশা করিয়া সরকারী কোন কার্য্যের নিমিত্তে আইনমতের বেতনছাড়া পারিতোষিক লইলে।	হাজিরজামিন লওয়া যাইতে পারে	ফৌজদারী মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতসম্পর্কে ২ অধ্যায়ের ১০ প্রকরণের ৩, ৪, ৫ দফার সীমাক্রমে মাজিষ্ট্রেট সাহেবের।	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারের কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	সংযুক্ত। ১৩ প্রকরণ
২	কুৎসিৎ কি বেআইনীমতের উপায়ে সরকারী কার্য্যকারককে লওয়াইবার জন্যে পারিতোষিক গ্রহণ করিলে।	ঐ	ঐ	ঐ	ঐ
৩	সরকারী কার্য্যকারকের সঙ্গে প্রণয় থাকাতে তদ্দ্বারা তাঁহাকে কোন কর্ম্ম করাইবার জন্যে পারিতোষিক গ্রহণ করিলে।	ঐ	সেশন কোর্টের	১ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	ঐ
৪	পূর্ব্বের দুই প্রকরণে সরকারী কার্য্যকারকসম্পর্কীয় অপরাধের সহায়তা তিনি করিলে।	ঐ	ঐ	১ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	ঐ
৫	সরকারী কার্য্যকারক যে কোন কর্ম্ম করিতেছেন তাহাতে লিপ্ত কোন ব্যক্তির স্থানে তিনি মূল্য না দিয়া মূল্যবান বস্তু গ্রহণ করিলে।	ঐ	ঐ	২ বৎসরের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	ঐ
৬	সরকারী কার্য্যকারক কোন লোকের হিংসা করিবার জন্যে আইনের কথা না মানিলে।	ঐ	ফৌজদারী মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতসম্পর্কে ২ অধ্যায়ের ১০ প্রকরণের ৩, ৪, ৫ দফার সীমাক্রমে মাজিষ্ট্রেট সাহেবের।	১ বৎসরের অনধিক ঐ কি জরীমানা কি উভয় দণ্ড।	ঐ
৭	সরকারী কার্য্যকারক হিংসা করিবার জন্যে অশুদ্ধ দলীল করিলে।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ [illegible]	ঐ

১ প্রকরণ	২ অপরাধ	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না	৪ যে আদালতের বিচার্য্য	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে
৮	সরকারী কার্য্যকারক বেআইনীমতে ব্যবসায় করিলে।	হাজিরজামিন লওয়া যাইতে পারে।	ফৌজদারী মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন আদালতসম্পর্কে ২ অধ্যায়ের ১০ প্রকরণের ৩, ৪, ৫ দফার সীমাক্রমে মাজিষ্ট্রেট সাহেবের।	২ বৎসরের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
৯	সরকারী কার্য্যকারক বেআইনীমতে সম্পত্তি খরীদ করিলে কি নীলামে ডাকিলে।	ঐ	ঐ	ঐ	
১০	সরকারী কার্য্যকারকের ছদ্মবেশ ধারণ।	ঐ ...	মাজিষ্ট্রেট সাহেবের ..	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারের কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	সংযুক্ত। ১১ ও ১৩ প্রকরণ।
১২	প্রতারণা করিবার জন্যে সরকারী কার্য্যকারকের পোশাক পরিলে কি অন্য চিহ্ন ধরিলে।	ঐ	ঐ	৩ মাসের অনধিক ঐ কি ২০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা কি উভয় দণ্ড।	সংযুক্ত। ১৩ প্রকরণ।

১০ অধ্যায়। সরকারী কার্য্যকারকেরদের আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞা।

১ প্রকরণ	২ অপরাধ	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না	৪ যে আদালতের বিচার্য্য	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে
১	সরকারী কার্য্যকারকের সমন কি অন্য পরওয়ানা জারী না হইবার জন্যে পলায়ন করণ।	হাজিরজামিন লওয়া যাইতে পারে	মাজিষ্ট্রেট সাহেবের ...	১ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি ৫০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	
	যদি সেই সমনে কি এত্তেলাতে আসামীপ্রভৃতির নিজে আদালতে হাজির হইবার আজ্ঞা হয়।	ঐ	ঐ	৬ মাসের অনধিক ঐ কি ১০০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	
২	সমন কি এত্তেলা জারী হইবার কি লটকাইবার বাধা করণ, কি লটকান গেলে তাহা তুলিয়া ফেলন। কি ঘোষণা নিবারণ।	ঐ	ঐ	১ মাসের অনধিক ঐ কি ৫০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	সংযুক্ত। ৩ প্রকরণ।
	যদি সেই সমনপ্রভৃতিতে আসামীপ্রভৃতির নিজে আদালতে হাজির হইবার আজ্ঞা হয়।	ঐ	ঐ	৬ মাসের অনধিক ঐ কি ১০০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	
	নিজে কি মোক্তারের দ্বারা বিশেষ স্থানে হাজির হইবার আইনসিদ্ধ হুকুম অমান্য করিলে কি অনুমতিবিনা সেই স্থানহইতে চলিয়া গেলে।	ঐ	ঐ	১ মাসের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কি ৫০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	
	যদি সেই হুকুমনামায় আদালতে স্বয়ং হাজির হইবার আজ্ঞা হয়।	ঐ	ঐ	১ বৎসরের অনধিক কাল কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	

৫	কোন লোক সরকারী কার্য্যকারকের নিকটে কোন দলীল উপস্থিত কি দাখিল করিতে আইনমতে বদ্ধ হইয়া তাহা জানিয়াশুনিয়া উপস্থিত না করিলে।	ঐ	ঐ	১ মাসের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কি ৫০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	
	যদি সেই দলীল আদালতে উপস্থিত কি দাখিল করিবার আজ্ঞা হয়।	ঐ	ঐ	১ বৎসরের অনধিক কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
৬	কোন লোক সরকারী কার্য্যকারককে এত্তেলা কি সম্বাদ দিতে আইনমতে বদ্ধ হইয়া তাহা জানিয়াশুনিয়া না দিলে।	ঐ	ঐ	১ মাসের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কি ৫০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	
	যে সম্বাদ দিতে হয় তাহা যদি অপরাধপ্রভৃতির সম্বাদ হয় তবে।	ঐ	ঐ	৬ মাসের অনধিক ঐ কি ১,০০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	
৭	জানিয়াশুনিয়া সরকারী কার্য্যকারককে মিথ্যা সম্বাদ দিলে।	ঐ	ঐ	৬ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা ১,০০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা কি উভয় দণ্ড।	
	যে সম্বাদ দিতে হয়, তাহা অপরাধপ্রভৃতির সম্বাদ হইলে।	ঐ	ঐ	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা জরীমানা কি ঐ উভয় দণ্ড।	
৮	সরকারী কার্য্যকারক উচিতমতে শপথ করিতে কহিলে যদি না করে তবে	ঐ	ঐ	৬ মাসের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
৯	সত্য কথা কহিতে আইনমতে বদ্ধ হইয়াও জিজ্ঞাসার উত্তর না দিলে।	ঐ	ঐ	ঐ	
১০	সরকারী কার্য্যকারকের নিকটে যাহা কহিয়াছে তাহাতে দস্তখৎ করিতে আইনমতে আজ্ঞা হইলে দস্তখৎ না করিলে।	ঐ	ঐ	৩ মাসের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কি ১,০০০৲ টাকার অনধিক জরীমানা কি ঐ উভয় দণ্ড।	
১১	সরকারী কার্য্যকারককে জানিয়াশুনিয়া মিথ্যা কথা শপথক্রমে সত্য বলিয়া কহিলে।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
১২	সরকারী কার্য্যকারক আপন আইনসিদ্ধ শক্তিক্রমে কোন ব্যক্তির হিংসা কি ক্লেশজনক কার্য্য করেন এই নিমিত্তে তাঁহাকে মিথ্যা সম্বাদ দিলে।	ঐ	ঐ	৬ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা ১,০০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা কি উভয় দণ্ড।	
১৩	সরকারী কার্য্যকারকের আইনসিদ্ধ ক্ষমতাক্রমে সম্পত্তি লইবার বাধা করিলে।	ঐ	ঐ	৬ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	সংযুক্ত। ১ প্রকরণ।
১৫	সরকারী কার্য্যকারকের আজ্ঞামতে সম্পত্তির নীলাম হইবার কালে তাহার বাধা করিলে।	ঐ	ঐ	১ মাসের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কি ৫০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	সংযুক্ত। ১৬ প্রকরণ।
১৭	আইনসিদ্ধ আজ্ঞামতে যে নীলাম হয় তাহাতে আইনমতে সম্পত্তি খরীদ করিবার অযোগ্য ব্যক্তির নিমিত্তে ডাকিলে, কিম্বা মূল্য ডাকপ্রযুক্ত যে কর্ম্ম করিতে হয় তাহা করিবার মানস না করিয়া ডাকিলে।	ঐ	ঐ	৩ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা ২০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	

১ প্রকরণ	২ অপরাধ।	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য	৫ দণ্ড।	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
১৮	সরকারী কার্য্যকারক স্বীয় পদের কর্ম্ম করেন এমন কালে তাঁহাকে বাধা দিলে।	হাজিরজামিন লওয়া যায়	মাজিষ্ট্রেট সাহেবের ...	৩ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা ৫০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	সংযুক্ত। ১৯ প্রকরণ।
২০	আইনমতে সরকারী কার্য্যকারকের সহায়তা করিতে বদ্ধ হইয়াও না করিলে।	ঐ	ঐ	১ মাসের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কি ২০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	
২১	সরকারী কার্য্যকারক পরওয়ানা জারী কি অপরাধ নিবারণপ্রভৃতি কার্য্যেতে সাহায্য চাহিলেও জানিয়াশুনিয়া তাঁহার সাহায্য করিতে ত্রুটি করিলে।	ঐ	ঐ	৬ মাসের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কি ৫০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	
২২	সেই সরকারী কার্য্যকারকের জানিয়াশুনিয়া সাহায্য না করিলে।	ঐ	ঐ	ঐ	
২৪	সরকারী কার্য্যকারকের আইনসিদ্ধমতে প্রকাশ করা আজ্ঞা না মানাতে যদি আইনসিদ্ধমতে কর্ম্মকারি লোকেরদের বাধা কি ক্লেশ কি ক্ষতি হয় তবে সেই আজ্ঞা অমান্য করিলে।	ঐ	ঐ	১ মাসের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কি ২০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	
	যদি সেইরূপে অমান্য করাতে লোকেরদের প্রাণ কি স্বাস্থ্য কি নিরাপদপ্রভৃতির সঙ্কট জন্মে তবে	ঐ	ঐ	৬ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	সংযুক্ত। ২৫ প্রকরণ।
২৬	সরকারী কার্য্যকারককে স্বীয় পদের কার্য্য করাইবার কি তাহাতে ক্ষান্ত করাইবার জন্যে তাঁহার কি তাঁহার সম্পর্কীয় লোকের ক্ষতি করিবার ভয় দর্শাইলে।	ঐ	ঐ	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
২৭	কোন লোক ক্ষতিহইতে রক্ষা পাইবার জন্যে আইনসিদ্ধমতে দরখাস্ত না করে এই জন্যে তাহাকে ভয় দর্শাইলে।	ঐ	ঐ	১ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	

৩	মোকদ্দমাতে মিথ্যা প্রমাণ দিলে কি সৃষ্টি করিলে।	হাজিরজামিন লওয়া যায়	সেশন আদালতের ...	৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারিবেক।
	অন্য কোন গতিকে মিথ্যা প্রমাণ দিলে কি সৃষ্টি করিলে।	ঐ	ঐ ...	৩ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারিবেক।
৪	কোন লোকের প্রাণদণ্ডের অপরাধ সাব্যস্ত হয় এই অভিপ্রায়ে মিথ্যা প্রমাণ দিলে কি সৃষ্টি করিলে	হাজিরজামিন লওয়া যায় না	ঐ ...	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কি ১৪ বৎসর কঠিনরূপে কয়েদ। জরীমানাও হইতে পারিবেক।
	যদি তাহাতে নির্দ্দোষি ব্যক্তিকে দোষী করা যায় ও তাহার প্রাণদণ্ড হয় তবে	ঐ	ঐ ...	প্রাণদণ্ড কি উপরের লিখিত দণ্ড।
৫	যাহাতে কোন লোকের যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড কি ৭ বৎসরের অধিক কাল কয়েদ হয় তাহার এমত অপরাধ সাব্যস্ত হইবার জন্যে মিথ্যা প্রমাণ দিলে কি সৃষ্টি করিলে।	ঐ	ঐ ...	ঐ অপরাধের যে দণ্ড সেই দণ্ড।
৬	প্রমাণ মিথ্যা কি সৃষ্টিকরা জানিয়া তাহা মোকদ্দমাতে উপস্থিত করিলে।	তদ্রূপ প্রমাণ দিবার অপরাধ হইলে যেমন হাজির জামিন লওয়া যায় কি না তেমনি	ঐ ...	ঐ প্রমাণ দিবার যে দণ্ড।
৭	যে ক্রিয়ার প্রমাণে আইনমতে সর্টিফিকট গ্রাহ্য হয় এমত কার্য্যের বিষয়ে মিথ্যা সর্টিফিকট জানিয়াশুনিয়া প্রচলিত করিলে কি তাহাতে স্বাক্ষর করিলে।	হাজিরজামিন লওয়া যায়।	ঐ ...	ঐ
৮	সর্টিফিকট গুরুতর বিষয়ে মিথ্যা জানিয়া তাহা সত্য বলিয়া ব্যবহার করণ।	ঐ	ঐ ...	ঐ
৯	যে এজহার আইনমতে প্রমাণস্বরূপে গ্রাহ্য হয় তাহাতে মিথ্যা কথা ব্যক্ত করিলে।	ঐ	ঐ ...	মিথ্যা প্রমাণ দিবার যে দণ্ড সেই দণ্ড।
১০	সেইরূপ এজহার মিথ্যা জানিয়া তাহা সত্য বলিয়া ব্যবহার করিলে।	ঐ	ঐ ...	ঐ
১১	প্রাণদণ্ডের অপরাধের প্রমাণ অদৃশ্য করিলে কিম্বা অপরাধিকে রক্ষা করিবার জন্যে তদ্বিষয়ের মিথ্যা কথা জানাইলে।	ঐ	ঐ ...	৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ, জরীমানাও হইতে পারিবেক।
	যদি সেই অপরাধের জন্যে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ দণ্ড হয় কিম্বা ১৪ বৎসরপর্য্যন্ত কয়েদ হয় তবে	ঐ	ঐ ...	৩ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারিবেক।
	যদি ১৪ বৎসরের কম মিয়াদে কয়েদ হয়।	ঐ	যে আদালতে অপরাধ বিচার্য্য হয় সেই আদালতের ...	কয়েদ হইবার মিয়াদের চতুর্থাংশের অনধিক কাল ঐ ও জরীমানা কি উভয় দণ্ড।

১ প্রকরণ।	২ অপরাধ	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য।	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে
১২	কোন লোক অপরাধের সম্বাদ দিতে আইনমতে বদ্ধ হইয়া জানিয়াশুনিয়া না দিলে।	হাজিরজামিন লওয়া যায় ...	মাজিষ্ট্রেট সাহেবের ...	৬ মাসপর্য্যন্ত কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
১৩	অপরাধের বিষয়ে মিথ্যা সম্বাদ দিলে।	ঐ	ঐ ...	ঐ	
১৪	কোন দলীল প্রমাণস্বরূপে উপস্থিত না করা যায় এই জন্যে তাহা লুকাইলে কি নষ্ট করিলে।	ঐ	ঐ	২ বৎসরের অনধিক ঐ কি জরীমানা কি উভয় দণ্ড।	
১৫	দেওয়ানী কি ফৌজদারী কোন মোকদ্দমার কি কুবকারীর কার্য্যের জন্যে কিম্বা হাজিরজামিন কি জামিন হইবার জন্যে আপনাকে অন্য ব্যক্তি বলিয়া জানাইলে।	ঐ	সেশন আদালতের ...	৩ বৎসরের অনধিক ঐ কি জরীমানা কি উভয় দণ্ড।	
১৬	সম্পত্তি জব্দ হইবার জন্যে কিম্বা দণ্ডাজ্ঞাক্রমে যে জরীমানা হয় তাহার টাকা উসুল হইবার জন্যে কি ডিক্রীজারীর নিমিত্তে ক্রোক না হয় এই নিমিত্তে ঐ সম্পত্তি প্রতারণা করিয়া স্থানান্তর করিলে কি লুকাইলে প্রভৃতি।	ঐ	মাজিষ্ট্রেট সাহেবের ...	২ বৎসরের অনধিক কোন এক প্রকারে কয়েদ কিম্বা জরীমানা কি উভয় দণ্ড।	
১৭	সম্পত্তি জব্দ হইবার জন্যে কিম্বা দণ্ডাজ্ঞাক্রমে যে জরীমানা হয় তাহার টাকা উসুল হইবার জন্যে কি ডিক্রীজারীর নিমিত্তে ক্রোক না হয় এই নিমিত্তে ঐ সম্পত্তির উপর স্বত্ব দিয়া দাওয়া করিলে কি তাহার উপর কোন স্বত্ব বিষয়ে প্রবঞ্চনা করিলে।	ঐ	ঐ	ঐ	
১৮	যে টাকা দেনা নহে তাহার নিমিত্তে প্রতারণা করিয়া ডিক্রী হইতে দিলে, কিম্বা ডিক্রীমতে কার্য্য হইলে পর তাহা প্রতারণা করিয়া জারী হইতে দিলে।	ঐ	ঐ	ঐ	
১৯	যে টাকা দেনা নহে তাহার নিমিত্তে প্রতারণা করিয়া ডিক্রী পাইলে কিম্বা ডিক্রীমতে কার্য্য হইলে পর তাহা প্রতারণা করিয়া জারী করাইলে।	ঐ	ঐ	ঐ	
	ক্ষতি করিবার অভিপ্রায়ে অপরাধের মিথ্যা নালিশ করিলে।	ঐ	সেশন আদালতের ...	২ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারিবেক।	
	যে অপরাধের নালিশ হয় তাহার জন্যে যদি প্রাণদণ্ড কি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড হয় কি ৭ বৎসর কি তাহার অধিক কাল কয়েদ হয় তবে।	ঐ	ঐ ...	৭ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারিবেক।	

ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৭ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মুরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 21, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২১ জুলাই

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 11TH JULY, 1857.

THE following Bill was read a first and second time in the Legislative Council on the 11th July 1857, and was referred to a Select Committee who are to report thereon (under a suspension of the Standing Orders) on the 18th Idem :—

A Bill to render Officers and Soldiers in the Native Army liable to forfeiture of property for mutiny, and to provide for the adjudication of forfeitures of property in cases in which offenders cannot be brought to trial.

[Preamble.]

WHEREAS it is expedient to render Officers and Soldiers in the Native Army who shall be convicted of mutiny subject to the forfeiture of all their property, and to provide for the adjudication of forfeitures in cases in which offenders liable to the forfeiture of property die before conviction, or escape, or keep out of the way to avoid trial; It is enacted as follows :—

[Forfeiture of property on conviction of mutiny.]

I. Every Officer and Soldier or other person subject to the Articles of War for the Native Army, who shall be convicted of mutiny, shall forfeit all his property of every description.

[Adjudication of forfeiture in case of death or escape of offender before conviction of an offence for which property is liable to be forfeited.]

II. If any person, who shall have committed any offence for which his property is liable to be

আইনের মুসাবিদা

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১১ জুলাই।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ১১ জুলাই তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে প্রথম ও দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। স্থিরতর বিধি স্থগিত হইয়া ঐ মাসের ১৮ তারিখে তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

এদেশীয় পল্টনের হুদ্দাদারেরা ও সিপাহীরা রাজবিদ্রোহী হইলে তাহারদের সম্পত্তি জব্দ হইবার যোগ্য করিবার, ও অপরাধিদিগকে বিচারার্থে উপস্থিত করা যাইতে না পারিলে তাহারদের সম্পত্তি জব্দ হইবার আজ্ঞা করিবার বিধান করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

এদেশীয় পল্টনের যে হুদ্দাদারেরদের ও সিপাহীরদের রাজবিদ্রোহিতা দোষ সাব্যস্ত হয় তাহারদের সকল সম্পত্তি জব্দ হইবার যোগ্য করা বিহিত, ও যে অপরাধিরদের সম্পত্তি জব্দ হইবার যোগ্য হয় তাহারদের দোষ সাব্যস্ত হইবার পূর্ব্বে তাহারা মরিলে কি পলায়ন করিলে কিম্বা তাহারদের বিচার না হয় এই নিমিত্তে রুপোশ হইলে তাহারদের সম্পত্তি জব্দ হইবার আজ্ঞা করিবার বিধান করা বিহিত। এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[রাজবিদ্রোহিতা দোষ সাব্যস্ত হইলে সম্পত্তি জব্দ হইবার কথা।]

১ ধারা। এদেশীয় পল্টনের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় যে আইন হইয়াছে তাহার অধীন যে কোন হুদ্দাদারের কি সিপাহীর কি অন্য ব্যক্তির রাজবিদ্রোহিতা দোষ সাব্যস্ত হয়, তাহার সর্ব্বপ্রকারের সকল সম্পত্তি জব্দ হইবেক ইতি।

[যে অপরাধ হইলে সম্পত্তি জব্দ হইবার যোগ্য হয় এমত অপরাধ সাব্যস্ত হইবার পূর্ব্বে অপরাধী মরিলে কি পলায়ন করিলে তাহার সম্পত্তি জব্দ হইবার আজ্ঞা করিবার কথা।]

২ ধারা। যে অপরাধ সাব্যস্ত হইলে কিম্বা না হইলেও সম্পত্তি জব্দ হইবার যোগ্য হয় এমত কোন

forfeited upon conviction or otherwise, shall have been killed or shall have died before he shall have been convicted of the offence, or shall escape out of the territories of the East India Company, or shall keep out of the way for the purpose of avoiding trial, any Court or other authority which might have tried such offender, if he could have been brought to trial, shall, upon the application of the Magistrate or other Officer authorized by Government to make such application, hold an inquiry; and on proof that the person charged with having committed the offence was guilty thereof, and that he is dead, or has escaped out of the territories of the East India Company, or cannot after diligent search be found, adjudge that all the property of such offender shall be forfeited to Government.

[Restoration of forfeited property upon proof that escape was not for the purpose of evading justice.]

III. In case any person whose property shall have been so adjudicated to be forfeited, shall afterwards surrender himself, and shall upon trial before a competent Court be acquitted of the offence, his property shall be restored upon proof, to the satisfaction of the Court, that he did not escape or keep out of the way for the purpose of evading justice.

[Forfeiture to relate to the time of commission of offence.]

IV. Every forfeiture shall have relation to the time of committing the offence.

W. MORGAN,
Clerk of the Council.

অপরাধ যদি কোন ব্যক্তি করিয়া থাকে, ও তাহার সেই অপরাধ সাব্যস্ত হইবার পূর্ব্বে যদি তাহাকে হত্যা করা যায়, কিম্বা যদি সে মরে কি কোম্পানি বাহাদুরের দেশহইতে পলায়ন করিয়া থাকে, কিম্বা তাহার বিচার না হয় এই নিমিত্তে রূপোশ হইয়া থাকে, তবে সেই ব্যক্তিকে বিচারার্থে উপস্থিত করা যাইতে পারিলে যে কোন আদালত কিম্বা অন্য কার্য্যকারক ঐ অপরাধির বিচার করিতে পারিতেন তিনি, মাজিষ্ট্রেট সাহেবহইতে দরখাস্ত পাইলে, কিম্বা সেই প্রকারের দরখাস্ত করিতে অন্য যে কার্য্যকারক গবর্ণমেণ্টহইতে ক্ষমতা পান তাঁহাহইতে দরখাস্ত পাইলে, ঐ বিষয়ের তজবীজ করিতে পারিবেন। ও যাহার নামে ঐ অপরাধ করিবার নালিশ হয় সেই জন দোষী বটে, ও সে মরিয়াছে, কিম্বা কোম্পানি বাহাদুরের দেশহইতে পলায়ন করিয়াছে, কিম্বা উদ্যোগক্রমে তাহার সন্ধান করা গেলেও তাহাকে পাওয়া যায় না, ইহার প্রমাণ হইলে, তিনি আজ্ঞা করিতে পারিবেন যে ঐ অপরাধির সকল সম্পত্তি গবর্ণমেণ্টে জব্দ হয় ইতি।

[বিচার হইবার ভয়ে সেই ব্যক্তি পলায়ন করে নাই এমত প্রমাণ হইলে জব্দকরা সম্পত্তি ফিরিয়া দিবার কথা।]

৩ ধারা। উক্ত প্রকারে যাহার সম্পত্তি জব্দ হইবার আজ্ঞা হয় এমত কোন ব্যক্তি যদি পরে আপনাকে ধরা দেয়, ও যদি উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের সম্মুখে বিচার হইয়া তাহাকে নির্দ্দোষী করা যায়, তবে সে বিচার হইবার ভয়ে পলায়ন করে নাই কি রূপোশ হয় নাই এই কথা আদালতের হৃদ্বোধমতে প্রমাণ হইলে, তাহার সম্পত্তি তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

[জব্দ করণ কার্য্য অপরাধ করিবার সময়ের সঙ্গে সম্পর্ক রাখে।]

৪ ধারা। অপরাধ যে সময়ে করা যায় সেই সময়ের সঙ্গে ঐ জব্দ করণের আজ্ঞার সম্পর্ক থাকিবেক ইতি।

ডব্লিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

No. 2899.
FORT WILLIAM,
FOREIGN DEPARTMENT,
The 9th July, 1857.
NOTIFICATION.

The Right Hon'ble the Governor General in Council is pleased to direct, and hereby notifies, that it shall not be competent to any Authority whatever, save only to the said Governor General of India in Council, to exercise the power of pardoning any Mutineer, or any Rebel who has opposed the Troops of the British Government by force, or who, in the course of recent events, has committed any heinous outrage; or any Public Officer, or State Stipendiary, or Native Chief, who has joined, or in any way whatever assisted, Mutineers or Rebels; or any person belonging to the family of any such Public Officer, State Stipendiary, or Native Chief.

G. F. EDMONSTONE,
Secy. to the Govt. of India.

১৮৯৯ নম্বর।
ফোর্ট উলিয়ম।
বিদেশীয় ডিপার্টমেণ্ট।
১৮৫৭ সাল ৯ জুলাই।
বিজ্ঞাপন।

হজুর কৌন্সেলে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর আজ্ঞা করিতেছেন ও এতদ্দ্বারা সম্বাদ দিতেছেন যে, কোন রাজবিদ্রোহিকে, কিম্বা রাজবিদ্রোহী হইয়া অন্য যে কোন লোক বলপ্রকাশ করিয়া ব্রিটিনীয় গবর্ণমেণ্টের সৈন্যেরদের সঙ্গে যুদ্ধ করিয়াছে তাহাকে, কিম্বা যে কোন লোক সম্প্রতিকার দুর্ঘটনা কালে কোন ভারি অত্যাচার করিয়াছে তাহাকে, কিম্বা যে কোন সরকারী কার্য্যকারক কি গবর্ণমেণ্টের মুশাহেরাদার কি এদেশীয় প্রধানেরা রাজবিদ্রোহিরদের সঙ্গে মিলিয়াছেন কিম্বা তাহারদের কোন প্রকারে সাহায্য করিয়াছেন তাঁহারদিগকে, কিম্বা তদ্রূপ কোন সরকারী কার্য্যকারকের কি গবর্ণমেণ্টের মুশাহেরাদারের কিম্বা এদেশীয় প্রধানেরদের পরিবারের কোন ব্যক্তিকে, হজুর কৌন্সেলে ভারতবর্ষের উক্ত শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ভিন্ন অন্য কোন কার্য্যকারক ক্ষমা করিতে ক্ষমতাপন্ন হইবেন না।

জি এফ এডমনষ্টন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২১ জুলাই।]

No. 1313.

FORT WILLIAM,

HOME DEPARTMENT,

The 10th July, 1857.

PROCLAMATION.

The Governor General in Council hereby offers, and authorises the payment of, the under-mentioned rewards by British Civil or Military Authorities in every part of India:—

1. For the apprehension of any Mutineer or Deserter from the Native Army, or of any person guilty of seducing or attempting to seduce any Officer or Soldier from his allegiance or duty, a reward of Fifty Rupees if the offender be apprehended with arms belonging to the State, or of Thirty Rupees if he be apprehended without such arms.

2. For information which shall lead to the apprehension of any such offender, a reward of Fifty Rupees if he be apprehended with arms belonging to the State, or of Thirty Rupees if he be apprehended without such arms.

The rewards will be paid on conviction of the offender.

Whoever delivers to any Civil or Military Authority any arms, horses, cattle, or other property belonging to the Government, which shall have been plundered, or carried off by force, or gives such information as shall lead to the recovery of any such property, shall be rewarded, due regard being had to the nature of the property, and to its value and condition at the time of delivery or recovery.

Every Pensioner of the Government, who conceals or harbours any person whom he knows, or has reason to believe to have been guilty of Mutiny or Desertion, or of waging war against the Government, or of seducing or attempting to seduce any Officer or Soldier from his allegiance or duty, or who fails to do his utmost to secure the apprehension and conviction of such offender, or who neglects to give immediate notice to the Civil or Military Authorities of any mutinous or rebellious designs of which he may become cognizant, will, in addition to the punishment to which he is liable by Law, forfeit his Pension.

By order of the Right Hon'ble the Governor General of India in Council,

CECIL BEADON,
Secy. to the Govt. of India.

[*Government Gazette*, 21*st July*, 1857.]

১৩১৩ নম্বর।

ফোর্ট উলিয়ম।

দেশীয় ডিপার্টমেণ্ট।

১৮৫৭ সাল ১০ জুলাই।

বিজ্ঞাপন।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর নীচের লিখিত পুরস্কার দিতে প্রস্তাব করেন ও ভারতবর্ষের সকল স্থানে ব্রিটনীয় দেওয়ানী কি সৈন্যসম্পর্কীয় সকল কার্য্যকারক সাহেবেরা সেই পুরস্কার দেন এই ক্ষমতা প্রদান করেন। অর্থাৎ

১। এদেশীয় পল্টনের যে কোন লোক রাজবিদ্রোহী হইয়াছে কি পল্টনহইতে পলায়ন করিয়াছে, কিম্বা যে কোন লোক কোন ছুদ্দাদারকে কি সিপাহীকে আপন বাধ্যতাহইতে কি কর্ত্তব্য কর্ম্মহইতে মন ফিরায় কি ফিরাইতে চেষ্টা করে, তাহার হাতে কোম্পানির অস্ত্র থাকিলেও যে কেহ তাহাকে ধরিয়া দেয় সেই লোককে পঞ্চাশ টাকা, কিম্বা অস্ত্র না থাকিলে ত্রিশ টাকা পুরস্কার দেওয়া যাইবেক।

২। তদ্রূপ কোন অপরাধিকে যাহাতে গ্রেপ্তার করা যায় এমত সম্বাদ যদি কেহ দিতে পারে, তবে সেই অপরাধির হাতে কোম্পানির অস্ত্র থাকিলেও তাহাকে ধরা গেলে সেই লোককে পঞ্চাশ টাকা, কিম্বা অস্ত্র না থাকিলে ত্রিশ টাকা পুরস্কার দেওয়া যাইবেক।

অপরাধির দোষ সাব্যস্ত হইলে ঐ পুরস্কার দেওয়া যাইবেক।

গবর্ণমেণ্টের যে কিছু অস্ত্রশস্ত্র কি ঘোড়া কি বলদাদি কি অন্য সম্পত্তি লুঠ করা গিয়াছে কি বলপূর্ব্বক হরণ করা গিয়াছে, তাহা যদি কোন লোক দেওয়ানী কি সৈন্যসম্পর্কীয় কোন কার্য্যকারক সাহেবের নিকটে আনিয়া দেয়, কিম্বা তদ্রূপ কোন সম্পত্তি যাহাতে ফিরিয়া পাওয়া যাইতে পারে এমত সম্বাদ দেয়, তবে সেই সম্পত্তির ভাব বুঝিয়া, ও তাহা আনিয়া দিবার কি ফিরিয়া পাইবার সময়ে তাহার মূল্য ও অবস্থা বুঝিয়া তাহাকে পুরস্কার দেওয়া যাইবেক।

কোন লোক রাজবিদ্রোহিতা করিবার কি পলায়ন করিবার, কিম্বা গবর্ণমেণ্টের সঙ্গে যুদ্ধ করিবার, কিম্বা কোন ছুদ্দাদারকে কি সিপাহীকে বাধ্যতাহইতে কি কর্ত্তব্য কর্ম্মহইতে মন ফিরাইবার, কিম্বা মন ফিরাইতে চেষ্টা করিবার অপরাধী আছে, ইহা জানিয়া কিম্বা বুঝিবার কারণ পাইয়া, যদি গবর্ণমেণ্টের পেনসানভোগি কোন ব্যক্তি সেই প্রকারের লোককে লুকাইয়া রাখে কি আশ্রয় দেয়, কিম্বা যদি সেই অপরাধিকে ধরাইয়া দিবার ও তাহার দোষ সাব্যস্ত হইবার জন্যে সাধ্যমতে উদ্যোগ না করে, কিম্বা রাজবিদ্রোহিতা করিবার কি রাজার বিপরীতে উঠিবার কোন কল্পনা জ্ঞাত হইয়াও দেওয়ানী কি সৈন্যসম্পর্কীয় কার্য্যকারক সাহেবেরদিগকে তৎক্ষণাৎ সম্বাদ না দেয়, তবে আইনমতে তাহার যে দণ্ড হইতে পারে, তদতিরিক্ত তাহার পেনস্যনও রহিত হইবেক।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সিসিল বীডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী

No. 25.

FORT WILLIAM, FINANCIAL DEPARTMENT,

The 27th June, 1857.

NOTIFICATION.

The following Extract from a Despatch from the Hon'ble the Court of Directors, addressed to the Government of India in the Financial Department, No. 28 of 1857, dated the 17th April, is published for general information :—

Letter from, dated 17th October 1856, *No.* 145.

[Submit copy of a letter from the Government of Bengal, referring for decision two questions connected with the Uncovenanted Service Absentee Rules.]

Para. 1.—We concur in your having ruled that leave on private affairs cannot be taken by Uncovenanted Servants in continuation of privilege leave.

2. With regard to the revision of Section 6, Chapter III. of the Rules, we do not object to allow the privilege leave of Uncovenanted Servants to accumulate up to three months as a maximum period. But if the leave of one month in the year be not taken in one period, we cannot permit it to be divided into more than two instalments. We append the Rule in the shape in which we are prepared to sanction it, *viz.:*

Section 6, *Clause* 1.—"Leave of absence may be granted for one month in each calendar year without deduction from salary, provided that the indulgence can be granted without injury to the Public Service, or additional expense to Government. Those servants who may not have occasion to apply for the whole month's leave at once, may divide it into two instalments. No second leave shall be granted under this Rule, until the completion of eleven months from the expiration of the last leave, if taken at one time, or from the date of return from any sick leave or leave on private affairs, or if the leave be taken in instalments, until the completion of six months from the expiration of the last instalment. Uncovenanted Servants not availing themselves of the indulgence in any one year, may, at the option of the Local Government, obtain, under the like conditions, leave of absence for two successive months, to commence at or after the expiration of twenty-two months from the termination of their former leave, and if two years elapse without enjoyment of the privilege, leave for three months may, in like manner, at the option of the Local Government, be granted at the expiration of thirty-three months from the termination of the last preceding leave; but no leave shall be granted under this Rule for any period exceeding three months. If a servant shall not return at the expiration of the period of leave granted him under this Rule, he shall forfeit all pay and allowances during the time of his remaining so absent without leave, and if he shall so

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭ : ২১ জুলাই।]

২৫ নম্বর।

ফোর্ট উলিয়ম। ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৫৭ সাল ২৭ জুন।

বিজ্ঞাপন।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে, শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৫৭ সালের ১৭ আপ্রিল তারিখের ২৮ নম্বরের পত্রহইতে গৃহীত নীচের লিখিত কথা সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

১৮৫৬ সালের ১৭ অকটোবরের ১৪৫ নম্বরের পত্র।

[অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধিসম্পর্কীয় দুই কথা নিষ্পত্তি হইবার জন্যে বাঙ্গলা দেশের গবর্ণ্মণ্ট যে পত্র পাঠান্ তাহার নকল অর্পণ করা যায়।]

১ দফা। অচিহ্নিত কার্য্যকারকেরা এক মাসের অনুগ্রহের ছুটী লইয়া তাহার অব্যবহিত পরে নিজ কর্ম্মের নিমিত্তে ছুটী লইতে পারিবেন না, তোমারদের এই বিধিতে আমরা সম্মত আছি।

২ দফা। ঐ বিধির ৩ অধ্যায়ের ৬ ধারা সংশোধনের বিষয়ে আমারদের এই বক্তব্য। অচিহ্নিত কার্য্যকারকেরা অনুগ্রহের ছুটী বৎসরে২ না লইয়া একেবারে তিন মাসের ছুটী লন ইহাতে আমারদের আপত্তি নাই, কিন্তু তিন মাসের অধিক কাল অনুগ্রহের ছুটী লওয়া যাইতে পারে না। যদি বৎসরে এক মাসের ছুটী একেবারে না লইয়া মাস ভাঙ্গিয়া লন, তবে তাহা দুই ভাগ করিয়া লওয়া যাইতে পারে তাহার অধিক নয়। ইহার যে বিধিতে আমরা সম্মত হইতে পারি সেই বিধি লিখিতেছি।

৬ ধারা। ১ প্রকরণ।—প্রতিবৎসরে এক মাস ছুটী লওয়া যাইতে পারে ও সেই মাসের কিছু বেতন কাটা যাইবেক না। কেবল ইহাতে প্রয়োজন যে সরকারী কর্ম্মের কিছু হানি না হইয়া কি সরকারের কিছু খরচ না লাগিয়া ঐ ছুটী দেওয়া যাইতে পারে। যাঁহারদের এক মাসের ছুটী একেবারে লইবার প্রয়োজন না থাকে তাঁহারা ঐ ছুটী দুই ভাগ করিয়া লইতে পারিবেন। সেই এক মাসের ছুটী যদি একি কালে লওয়া যায় তবে তাহার পর পূরা এগার মাস না গেলে, কিম্বা পীড়াপ্রযুক্ত কি নিজ কর্ম্মের নিমিত্তে ছুটী পাইয়া কর্ম্মে ফিরিয়া আসিবার তারিখঅবধি পূরা এগার মাস না গেলে, কিম্বা ছুটী যদি দুই ভাগ করিয়া লওয়া যায় তবে এক ভাগের পর পূরা ছয় মাস না গেলে এই বিধিমতে দ্বিতীয়বার ছুটী দেওয়া যাইতে পারিবেক না। যদি কোন অচিহ্নিত কার্য্যকারক কোন বৎসরে ঐ এক মাস ছুটী না লন, তবে তাহার পূর্ব্বে উক্তপ্রকারের যে ছুটী পাইযাছিলেন তাহার পর বাইশ মাস গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট চাহিলে তাঁহাকে সেই নিয়মমতে দুই মাসের ছুটী দিতে পারিবেন। আর যদি দুই বৎসরপর্য্যন্ত ঐ ছুটী না লওয়া যায় তবে তাহার পূর্ব্বে উক্ত প্রকারের যে ছুটী পাইয়াছিলেন তাহার পর তেত্রিশ মাস গেলে স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহাকে তিন মাসের ছুটী দিতে পারিবেন। কিন্তু এই বিধিমতে তিন মাসের অধিক কাল ছুটী দেওয়া যাইবেক না। এই বিধিমতে কোন কার্য্যকারক যে ছুটী পান সেই ছুটীর মিয়াদ গেলে যদি তিনি কর্ম্মে না আইসেন তবে ছুটী না পাইয়া যত কাল সেইরূপে গরহাজির থাকেন তত কালের নিমিত্তে তাঁহার বেতন ও উপরি টাকা সকল জব্দ হইবেক। আর সেই ছুটীর মিয়াদের পর যদি এক মাসের অধিক

continue absent for more than one month beyond the term granted, his office shall become vacant."

Clause 2.—"Officers of the Judicial Department taking leave during the authorized closing of the Civil Courts will be allowed to draw full salary during such leave, but will not be held entitled, in addition thereto, to privilege leave under the 1st Clause of this Rule."

By order of the Right Hon'ble the Governor General in Council,

C. HUGH LUSHINGTON,
Secy. to the Govt. of India.

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE.

No. 8.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 24th June 1857.

The Board of Revenue having noticed that some Commissioners submit applications for leave of absence through them, while others submit them direct to Government, I am directed, with the sanction of the Lieutenant-Governor, to inform you, that all applications of the nature referred to should be submitted through them, and not direct to Government.

(Signed) E. T. TREVOR,
Secretary.

No. 9.

From the Junior Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 3rd July, 1857.

I am directed by the Board of Revenue to state that the headings of columns 4 and 5 of the Memorandum of Abkarry Cases in Collectors' Business Statements should be altered by substituting in the former Section 66 Act XXI. of 1856, and in the latter Section 67 Act XXI. of 1856, for Sections 7 and 12 Act XXV. of 1840, which has been repealed

(Signed) E. H. LUSHINGTON,
Junior Secretary.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 9.

To the Judges and Magistrates in the Lower Provinces.

I am directed by the Court to forward, for your information and guidance, the accompanying Extract (paragraph 43) from a Despatch No. 9 of 1857, dated the 14th January, from the Hon'ble the Court of Directors, relating to the destruction

[*Government Gazette*, 21*st July*, 1857.]

কাল সেইরূপে গরহাজির থাকেন তবে তাঁহার কর্ম্ম খালী হইবেক।

২ প্রকরণ।—দেওয়ানী আদালতের নিয়মিতরূপে বন্দের কালে বিচারকর্ত্তারা যখন ছুটী লন তখন তাঁহারা সেই ছুটীর কালে পূরা বেতন পাইবেন। কিন্তু তাঁহারা সেই ছুটী ভিন্ন এই বিধির প্রথম প্রকরণমতে অনুগ্রহের ছুটীও পাইতে পারেন এমত জ্ঞান করিতে হইবেক না।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সি হিউ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

৮ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২৪ জুন।

বোর্ড রেবিনিউর সাহেবেরা দেখিয়াছেন যে কোন২ কমিস্যনর সাহেব ছুটী পাইবার দরখাস্ত বোর্ডের দ্বারা গবর্ণমেণ্টে পাঠাইয়া থাকেন, অন্য কএক জন কমিস্যনর সাহেব একেবারে গবর্ণমেণ্টের নিকটে দরখাস্ত করেন। অতএব শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অনুমতিক্রমে তোমাকে এই কথা জানাইতে আদেশ পাইয়াছি যে, ছুটী পাইবার সকল দরখাস্ত একেবারে গবর্ণমেণ্টের নিকটে না পাঠাইয়া বোর্ডের দ্বারা পাঠাইতে হইবেক।

ই টি ট্রেবর।
সেক্রেটারী।

৯ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত দ্বিতীয় সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ৩ জুলাই।

বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞাক্রমে জানাইতেছি যে, কালেক্টর সাহেবেরদের কার্য্যের কৈফিয়তে আবকারীর মোকদ্দমার স্মারক লিপির ৪ ও ৫ ঘরের শিরোভাগের কথা এইরূপে পরিবর্ত্তন করিতে হইবেক। ১৮৪০ সালের ২৫ আইন রদ হইয়াছে, অতএব ঐ দুই ঘরে ঐ আইনের ৭ ও ১২ ধারা না লিখিয়া উক্ত ৪ ঘরে ১৮৫৬ সালের ২১ আইনের ৬৬ ধারা ও ৫ ঘরে ১৮৫৬ সালের ২১ আইনের ৬৭ ধারা লেখ।

ই এচ লশিংটন।
দ্বিতীয় সেক্রেটারী।

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

৯ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জজ ও মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

নানা বিচারকর্ত্তারদের আদালতের অকর্ম্মণ্য কাগজপত্র নষ্ট করিবার বিষয়ে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৫৭ সালের ১৪ জানুআরি তারিখের ৯ নম্বরের পত্রহইতে গৃহীত নীচের লিখিত

of the useless records of the several Judges' Courts.

(Signed) A. W. Russell,
Register.

Fort William, the 16th May, 1857.

Extract from a Despatch from the Hon'ble the Court of Directors to the Government of India in the Judicial Department, No. 9 of 1857, dated the 14th January.

BURDWAN DIVISION.

[(49) Useless records of the several Judges' Courts to be made over to the Magistrates for the purpose of making paper.]

43. "This plan, which has been adopted in some Zillahs of the North-Western Provinces with success, is equally applicable in Bengal, care being taken that the records are thoroughly destroyed, before they reach the prisoners' hands."

(True Extract)

(Signed) C. T. Buckland,
Junior Secy. to the Govt. of Bengal

(True Extract)

R. Stuart,
Assistant Register.

No. 10.

To the Civil Authorities in the Lower and Extra Regulation Provinces.

The Court, having had under their consideration the causes which have retarded the preparation of the pending regular appeals for the years 1854 and 1855, and down to the close of April 1856, direct me, with a view to the speedy preparation of such cases, to communicate the following instructions.

2. The Court direct me to draw your attention and that of the Principal Sudder Ameen, to the necessity of suffering no unnecessary delay to occur in the performance of the duties assigned to you by Act XV. of 1853.

3. The Court also request that the *default* of appellants to carry out the provisions of Section III. of the Act within six weeks, be immediately reported for their orders. They are of opinion, that under Section IV. you are required of your own motion to copy, authenticate and deposit in your office, the exhibits filed in each case; and that Clause 2 of that Section sufficiently guards against the occurrence of delay in copying documents which the parties require to be deposited.

4. A Form of Registry of Appeals, approved of by the Court, is herewith forwarded for adoption in your office.

(Signed) A. W. Russell,
Register.

Fort William, the 16th May, 1857.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২১ জুলাই।]

৪৩ দফা সদর আদালতের হুকুমমতে তোমারদের বিজ্ঞাপন ও উপদেশের নিমিত্তে পাঠাইতেছি।

এ ডবলিউ রসেল।
রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১৬ মে।

জুডিসিয়ল ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডিরেক্টর্স সাহেবেরদের ১৮৫৭ সালের ১৪ জানুআরি তারিখের ৯ নম্বরের পত্রহইতে গৃহীত।

বর্দ্ধমান এলাকা।

[৪৯। নানা বিচারকর্ত্তারদের আদালতের অকর্ম্মণ্য কাগজপত্র কাগজ বানাইবার জন্যে মাজিষ্ট্রেট সাহেবেরদের নিকটে পাঠাইতে হইবেক।]

৪৩। উত্তরপশ্চিম দেশের কোন২ জিলাতে এই নিয়মে কর্ম্ম হইয়া কার্য্য সফল হইয়াছে, আর সেইরূপে বাঙ্গলা দেশেও কার্য্য হইতে পারিবেক। কেবল সেই কাগজপত্র আসামীরদের হাতে পঁহুছিবার আগে যেন সম্পূর্ণরূপে নষ্ট হয় এই বিষয়ে মনোযোগ করিতে হইবেক।

(যথার্থ নকল।)

সি টি বকলাণ্ড।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

(যথার্থ নকল।)

আর ষ্টুআর্ট।
আসিষ্টাণ্ট রেজিষ্টর।

১০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

১৮৫৪ ও ১৮৫৫ সালের ও ১৮৫৬ সালের আপ্রিল মাসের শেষ তারিখপর্য্যন্ত যে সকল রেগুলার আপীল উপস্থিত থাকে তাহা প্রস্তুত করিবার বিলম্ব যে২ কারণে হইয়াছে তাহা সদর আদালতের সাহেবেরা বিবেচনা করিয়া, সেই প্রকারের মোকদ্দমা অতিশীঘ্র প্রস্তুত হইবার অভিপ্রায়ে তোমার নিকটে নীচের লিখিত উপদেশ পাঠাইতে আমাকে আদেশ করিয়াছেন।

১। ১৮৫৩ সালের ১৫ আইনক্রমে তোমারদের প্রতি যে কার্য্য অর্পণ হইয়াছে তাহা করিতে অনাবশ্যক কিছু বিলম্ব হইতে না দেওয়া আবশ্যক, এই কথায় তোমাকে ও প্রধান সদর আমীনকে মনোযোগ করাইতে সদর আদালতের সাহেবেরা আমাকে আজ্ঞা করিয়াছেন।

৩। সদর আদালতের সাহেবেরা আরো আদেশ করেন যে, আপেলাণ্টেরা ছয় সপ্তাহের মধ্যে ঐ আইনের ৩ ধারার বিধানমতে কার্য্য করিতে ত্রুটি করিলে তাঁহারদের হুকুম পাইবার জন্যে সেই কথার রিপোর্ট তাঁহারদের নিকটে অগৌণে করা যায়। তাঁহারা বোধ করেন যে, এক২ মোকদ্দমায় যে সকল দস্তাবেজ দাখিল করা যায় তাহা তোমার আপনহইতে নকল ও দস্তখৎ করিতে ও আপন দফ্তরখানায় দাখিল করিতে ৪ ধারামতে আদেশ হইয়াছে। আর উভয় পক্ষ যে সকল দলীল দাখিল হইবার প্রার্থনা করে তাহার নকল করিবার বিলম্ব না হয় ইহার উপায় ঐ ধারার ২ প্রকরণে প্রচুরমতে হইয়াছে।

৪। আপীল রেজিষ্টরী করিবার যে পাঠের বিষয়ে সদর আদালতের সাহেবেরা সম্মত হইয়াছেন তাহা তোমার দফ্তরখানায় ব্যবহার হইবার জন্যে ইহার সঙ্গে পাঠান যাইতেছে।

এ ডবলিউ রসেল।
রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১৬ মে।

FORM of Registry of Appeals.

1	2	3	4	5	6	7	
Date on which appeal was filed.	Date of Proceeding under Section III. Act XV. 1853.	Date of Nazir's Return.	Latest date on which application may be made for copying and depositing any papers.	Date of order for copying, &c., if application be made.	Date on which copying is completed.	Date of transmission of records.	REMARKS.

[*Government Gazette*, 21st *July*, 1857.]

আপীলের রেজিষ্টরী ইংরাজির পাঠ।

১	২	৩	৪	৫	৬	৭	৮
আপীল যে তারিখে দাখিল হয়।	১৮৫৩ সালের ১৫ আইনের ৩ ধারামতে কার্য্য হইবার তারিখ।	নাজিরের রিটর্ণ যে তারিখে হয়।	কোন কাগজ নকল ও সিরিশ্‌তায় দাখিল করিবার দরখাস্ত যে তারিখের পর হইতে পারে না।	দরখাস্ত হইলে নকল-প্রভৃতি করিবার হুকুমের তারিখ।	নকল করা যে তারিখে সমাপ্ত হয়।	কাগজপত্র পাঠাইবার তারিখ।	মন্তব্য কথা।

No 11.

To the Judges in the Lower Provinces,

The Sudder Dewanny Adawlut, for the North-Western Provinces, having found from a return which had been prepared in their office from the Annual Civil Statements of the past year, that in the great majority of the Districts in those Provinces very few original suits had been decided in the course of the year by the Zillah Judges, have called their attention to Circular Order No. 100, dated the 14th September 1850, and repeated their desire that the Zillah Judges will, when the state of their civil business will admit of it, withdraw a certain number of original suits from the files of the subordinate courts and decide them in their courts. This Court deem it necessary, with reference to a similar return prepared by their direction, to call the attention of the Judges to the above Circular Order, and to direct that the Judges in the Lower Provinces shall always keep a certain number of original cases (or about 12) on their file for disposal, and as one or more are decided, shall call up fresh cases, always selecting four cases which have been instituted within two months previously.

2. The Court also direct that, in making such a selection, preference should generally be given to those suits in which the amount or value of the claim may exceed the sum of Rupees 5,000, and in giving effect to these instructions, due regard should be paid to the rules contained in paragraph 4 of the Court's Circular Order No. 54, dated the 18th October 1839, in respect to suits in which English documents form part of the evidence, and their decision appears likely to involve such complicated questions as would make a knowledge of English indispensable to a correct adjudication of the matter in dispute.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 21st May, 1857.

১১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

উত্তরপশ্চিম দেশের সদর দেওয়ানী আদালতের সাহেবেরদের দপ্তরখানায় গত বৎসরের দেওয়ানী বার্ষিক কৈফিয়ৎহইতে এক রিটর্ণ প্রস্তুত করা গিয়াছিল। তাহাতে ঐ সাহেবেরা দেখিতে পাইয়াছেন যে, ঐ দেশের অত্যধিক জিলার মধ্যে জিলার জজ সাহেবেরা প্রথমে উপস্থিতকরা অত্যল্প মোকদ্দমা বৎসরের মধ্যে নিষ্পত্তি করিয়াছেন। তাহাতে তাঁহারা ১৮৫০ সালের ১৪ সেপ্টেম্বর তারিখের ১০০ নম্বরের সরকুলর অর্ডরের কথায় ঐ জজ সাহেবদিগের মনোযোগ করাইয়াছেন। ও সেই জজ সাহেবেরদের হাতে যত দেওয়ানী কার্য্য আছে তাহা বুঝিয়া যখন পারেন তখন তাঁহারা প্রথমে উপস্থিতকরা কএক মোকদ্দমা অধঃস্থ আদালতের নথীহইতে উঠাইয়া আপনারদের আদালতে নিষ্পত্তি করেন, আপনারদের এই বাঞ্ছা জিলার জজ সাহেবদিগকে পুনরায় জানাইয়াছেন। এই সদর আদালতের সাহেবেরদের আজ্ঞামতেও সেইরূপের এক রিটর্ণ প্রস্তুত করা গিয়াছে, ও তাহাদৃষ্টে তাঁহারাও জজ সাহেবদিগকে উক্ত সরকুলর অর্ডরের প্রতি মনোযোগ করাণ আবশ্যক জ্ঞান করেন। ও এই আদেশ করিতেছেন যে, বাঙ্গলাপ্রভৃতি দেশের জজ সাহেবেরা নিষ্পত্তি করিবার জন্যে প্রথমে উপস্থিতকরা কএক (অর্থাৎ কমবেশ ১২) মোকদ্দমা আপনারদের নথীতে সর্ব্বদাই রাখেন, ও এক কি অধিক মোকদ্দমা যেমন নিষ্পত্তি করেন তেমনি নূতন কএক মোকদ্দমা তলব করেন। আর যে সকল মোকদ্দমা তলব করেন তাহার মধ্যে পূর্ব্বের দুই মাসে যাহা উপস্থিত করা গিয়াছে এমত চারি মোকদ্দমা সর্ব্বদা পসন্দ করিবেন।

২। সদর আদালতের সাহেবেরা আরো হুকুম করেন যে, সেইরূপ পসন্দ করণকালে তাঁহারা ৫০০০৲ টাকার অধিক টাকার কি অধিক মূল্যের সম্পত্তির দাওয়া যে মোকদ্দমাতে হয় এমত মোকদ্দমা বরং বাছিয়া লন। আরো এই উপদেশমতে যখন কর্ম্ম করেন তখন, যে মোকদ্দমার প্রমাণের মধ্যে ইঙ্গরেজী দলীলদস্তাবেজ থাকে, ও তাহার নিষ্পত্তি করণেতে এমত জড়াও নানা বিষয় থাকিতে পারে যে ইঙ্গরেজী ভাষা না জানিলে বিবাদি বিষয়ে যথার্থ নিষ্পত্তি করা অসাধ্য, এমত মোকদ্দমা সম্পর্কে তাঁহারা ১৮৩৯ সালের ১৮ অকটোবর তারিখের ৫৪ নম্বরের সরকুলর অর্ডরের ৪ দফার লিখিত বিধিতে উপযুক্ত মনোযোগ করেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২১ মে।

No. 13.

To the Civil and Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces.

I am directed by the Court to forward to you, for your information and for communication to the Uncovenanted Judicial Officers subordinate to you, the annexed Extract, para. 55, from a Despatch No. 18 of 1857, from the Hon'ble the Court of Directors, dated the 4th March last.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 24th June, 1857.

১৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স্ সাহেবেরদের গত মার্চ মাসের ৪ তারিখের ১৮৫৭ সালের ১৮ নম্বরের পত্রহইতে গৃহীত ৫৫ দফা, সদর আদালতের আজ্ঞামতে, তোমাকে জানাইবার নিমিত্তে ও তোমার অধীন অচিহ্নিত বিচারকর্ত্তারদিগকে জ্ঞাত করাইবার নিমিত্তে তোমার নিকটে পাঠাইতেছি।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২৪ জুন।

Extract from a Despatch from the Hon'ble the Court of Directors to the Government of India, in the Judicial Department, (Bengal,) No. 18, of 1857, dated the 4th March.

[*No.* 89.—Question as to whether the Notification issued by the Foreign Department, relative to the prohibition of the sale of property to Native Gentlemen, is to be held applicable to Officers serving under the Local Government.]

PARA. 55.—The correspondence originated in the sale of a * * * by Mr. * * * * * to Baboo * * * of Pergunnah * * * for Rupees * * * * which sale Mr. * * * reported to the Magistrate. The Lieutenant-Governor took occasion to refer to the Supreme Government the question how far the Notification in the Foreign Department, prohibiting such sales, was intended to apply to Officers employed in other Departments. The reply of the Government of India was that the order referred to was not intended to apply, in its full strictness, to any but Officers politically employed; but that pecuniary dealings, between public servants of any class and Natives within their jurisdiction, should be discouraged. We had hoped that so objectionable a practice as sales of this description had always been discouraged by our Governments, we now direct that between our public servants in India and Natives, whether within their jurisdiction or beyond, it must be strictly prohibited.

(Signed) C. T. BUCKLAND,
Junior Secretary to the Government of Bengal.
(True Extract)
J. R. FRASER,
2nd Assistant Register.

No. 14.

To the Civil Authorities in the Lower Provinces.

I am directed by the Court to notify, for your information, the following change in the list of holidays, which was circulated with the Court's Order, No. 32, of the 1st December 1856. Instead of

" Mohurrum and Dusserah Vacations, including Mahaloya, Dewalee, Bhydooz, Eclipse of the Sun, and Akhiri Chahar Sumbah	22nd August to 19th October 1857."

Read as follows :—

" Mohurrum	August 22nd to September 5th inclusive.
Dusserah, including Mahalova, Doorga Pooja, Luchmi and Kalee Poojahs, Bhydooz, &c.	September 15th to October 19th inclusive."

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 26th June, 1857.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২১ জুলাই।]

(বাঙ্গলা দেশের) জুডিসিয়াল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স্‌ সাহেবেরদের ১৮৫৭ সালের ৪ মার্চ তারিখের ১৮ নম্বরের পত্রহইতে গৃহীত।

।৮৯ নম্বর। এই দেশীয় মহাশয়েরদের নিকটে দ্রব্যাদি বিক্রয় করিবার নিষেধ করণের যে বিজ্ঞাপন বিদেশীয় ডিপার্টমেণ্টে প্রকাশ করা গিয়াছিল তাহা স্থানীয় গবর্ণমেণ্টের অধীন কার্য্যকারকেরদের উপর খাটে কি না এই বিষয়ের জিজ্ঞাসা।।

৫৫ দফা। এই লিখনপঠন হইবার কারণ এই। অমুক সাহেব অমুক পরগনানিবাসি অমুক বাবুর নিকটে অমুক দ্রব্য এত টাকাতে বিক্রয় করিয়াছিলেন। আর অমুক সাহেব সেই বিষয়ের রিপোর্ট মাজিষ্ট্রেট সাহেবের নিকটে করেন। তাহাতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সুপ্রিম গবর্ণমেণ্টের নিকটে এই জিজ্ঞাসা করিলেন যে, বিদেশীয় ডিপার্টমেণ্টে ঐ প্রকারের বিক্রয় নিষেধ করিবার ঐ বিজ্ঞাপন অন্যান্য ডিপার্টমেণ্টের নিযুক্ত কার্য্যকারকেরদের উপর কত দূর খাটাইবার অভিপ্রায় ছিল। তাহাতে ভারতবর্ষের গবর্ণমেণ্ট এই উত্তর করিলেন, যে কার্য্যকারক সাহেবেরা পলিটিকাল কর্ম্মে নিযুক্ত হন কেবল তাঁহারদের উপর ঐ বিধান অতি আঁটাআঁটিরূপে খাটাইবার অভিপ্রায় ছিল, অন্য কার্য্যকারকেরদের উপর নহে। পরন্তু এদেশীয় যে লোকেরা সরকারী কোন প্রকারের কার্য্যকারকের এলাকার মধ্যে থাকেন তাঁহারদের সঙ্গে ঐ কার্য্যকারকেরদের টাকার লেনাদেনা নিরস্ত করা উচিত। এই প্রকারের বিক্রয় করিবার রীতিতে অতিশয় আপত্তি হয়, অতএব আমারদের অধীন সকল গবর্ণমেণ্ট তাহা সর্ব্বদাই নিরস্ত করিতেন আমারদের এমন আশা ছিল, এক্ষণে আমারদের এই আজ্ঞা, এই দেশীয় লোকেরা ভারতবর্ষে আমারদের সরকারী কার্য্যকারকেরদের এলাকার মধ্যে থাকুন কি না থাকুন, তাঁহারদের সঙ্গে এ কার্য্যকারকেরদের কোন দ্রব্যাদি বিক্রয় করিবার ব্যাপার অতি দৃঢ়মতে নিষিদ্ধ করিতে হইবেক। সি টি বকলাণ্ড।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।
(যথার্থ নকল।)
জে আর ফ্রেজর।
দ্বিতীয় আসিষ্টাণ্ট রেজিষ্টর।

১৪ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের ১৮৫৬ সালের ১ ডিসেম্বর তারিখের ৩২ নম্বরের সরকুলর অর্ডরের সঙ্গে বন্দের দিনের যে ফর্দ্দ প্রকাশ হইয়াছিল সেই ফর্দ্দেতে নীচের লিখিত কথা পরিবর্ত্তন হইবার সম্বাদ তোমার বিজ্ঞাপনের জন্যে আদালতের সাহেবেরদের আজ্ঞামতে পাঠাইতেছি।

মহরম ও দশহরার বন্দ ও মহালয়া ও দেওয়ালী ও ভ্রাতৃদ্বিতীয়া ও সূর্য্যগ্রহণ ও আখেরী চহার শোম্বা	১৮৫৭। ২২ আগষ্টঅবধি ২৯ অক্টোবরপর্য্যন্ত।

এই কথার পরিবর্ত্তে এই কথা পড়।

মহরম	২২ আগষ্টঅবধি ৫ সেপ্টেম্বরপর্য্যন্ত।
দশহরা। তাহার মধ্যে মহালয়া ও দুর্গা পূজা ও লক্ষ্মী ও কালীপূজা ও ভ্রাতৃদ্বিতীয়াপ্রভৃতি	১৫ সেপ্টেম্বরঅবধি ১৯ অক্টোবরপর্য্যন্ত।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২৬ জুন।

No. 15.

To the Judges in the Lower Provinces.

In pursuance of the orders of Government, I am directed by the Court to communicate, for your information and guidance, that the Translators of your court should be employed, in the first place, and chiefly, on those duties for which their appointment was created; it being, however, open to you, discretionally, to employ them in other duties after their primary duties are performed, and according to the exigencies of your office.

2. The Court take this opportunity of recommending to you the revision of all translations from English into the Vernacular, which, at present, are frequently found to be objectionably performed, so as to be often unintelligible.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 26th June, 1857.

১৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত জজ সাহেব বরাবরেষু।

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে আমি সদর আদালতের হুকুমমতে তোমার বিজ্ঞাপন ও উপদেশের জন্যে এই কথা জানাইতেছি। তোমার আদালতের তরজমানবীসের পদ যে কর্ম্মের জন্যে করা গিয়াছিল সেই কর্ম্মেতে তাহারদিগকে প্রথম স্থলে ও প্রধানরূপে নিযুক্ত করা উচিত। পরন্তু তাঁহারদের সেই প্রধান কর্ম্ম সমাপ্ত হইলে পর তুমি আপন বিবেচনা মতে ও তোমার দফ্তরখানার প্রয়োজনীয় কর্ম্ম বুঝিয়া তাঁহারদের দ্বারা অন্য কর্ম্ম করাইতে পারিবা।

২। এই সুযোগে সদর আদালতের সাহেবেরা তোমাকে এই পরামর্শ দিতেছেন যে ইঙ্গরেজী ভাষাহইতে যে সকল কাগজ বাঙ্গলা ভাষাতে তরজমা হয় তাহা তুমি দেখিয়া সংশোধন কর। এইক্ষণে যেরূপে তরজমা হইতেছে তাহাতে অনেকবার আপত্তি হয় ও অনেকবার তাহার অর্থও বুঝা যাইতে পারে না।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২৬ জুন।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

রাজকর্ম্মে নিয়োগ।

৫৮৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১১ মে।

শ্রীযুত জে কোম সাহেব (Mr. J. Combe,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত শাহাবাদের কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ৩০ মে।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত অন্নদাচরণ কাষ্টগিরি আক্যাবের হাসপিটালের ও ঔষধালয়ের কর্ম্মের ভার পাইয়াছেন।

১৮৫৭ সাল ৩ জুন।

চতুর্থ অর্থাৎ পশ্চিমাংশের রাজস্বসম্পর্কীয় সরবেয়র শ্রীযুত কাপ্তান জে ই গাষ্ট্রেল সাহেব (Capt. J. E Gastrell,) জিলা যশোহর ও ফরিদপুর ও বাকরগঞ্জ ও পাবনা ও নদীয়া ও বারাসৎ ও চব্বিশপরগনাতে ১৮২২ সালের ৭ আইনমতের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৭ সাল ২৬ মে।

সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জি এন বারলো সাহেব (Mr. G. N. Barlow.) ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৯ মে।

শাহাবাদের কালেক্টর শ্রীযুত এ এ সুইণ্টন সাহেব (Mr. A. A. Swinton,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন।

মুরশিদাবাদের একটিং কালেক্টর শ্রীযুত সি এস বেলাই সাহেব (Mr. C. S. Belli,) গত মাসের ২৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আগামি মাসের ২ তারিখঅবধি আবানামক কলের জাহাজ যে তারিখে প্রস্থান করিবেক সেই তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৩ জুন।

ভাগলপুরের ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ আর ডেবিস সাহেব (Mr. W. R. Davies.) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ৩ জুন।

মেডিকেল কালেজের হাসপিটালে নিযুক্ত আসিষ্টাণ্ট আপথিকেরি শ্রীযুত এচ এ কিড সাহেব (Apothy. H. A Kidd.) আপনার প্রার্থনামতে ভারতবর্ষের গবর্ণমেণ্টের মিলিটারী ডিপার্টমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ৯ জুন।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অদ্য রাজধানীতে প্রত্যাগমন করিয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৬০৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৭ মে।

কলিকাতার ডেপুটী কালেক্টর ও চব্বিশপরগনার আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দত্ত ১৮৫৬ সালের ২১ আইনের ২ ধারার বিধানমতে কলিকাতায় আবকারীর রাজস্বের সুপরিণ্টেণ্ডেণ্টও হইবেন।

১৮৫৭ সাল ৮ জুন।

শ্রীযুত ডবলিউ ক্রোজিয়র সাহেব (Mr. W. Crozier,) মেডিকাল কালেজে ব্যবচ্ছেদ ও দ্রব্যতত্ত্ববিদ্যার ও মিলনার্থ ব্যবচ্ছেদবিদ্যা ও পশুবিদ্যার শিক্ষকের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ৯ জুন।

এনসাইন শ্রীযুত এচ স্কন্স সাহেব (Ensign. H. Sconce,) আসামের কমিস্যনর সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ১০ জুন।

শ্রীযুত সি জেনকিন্স সাহেব (Mr. C. Jenkins,) বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

ঢাকার এক্‌টিং কালেক্‌টর শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac.) যাবৎ অন্য হুকুম না পান তাবৎ ঐ জিলার মাজিষ্ট্রেটেরও কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৭ সাল ১১ জুন।

শ্রীযুত এ ডেবিডসন সাহেব (Mr. A. Davidson.) মেদিনীপুরে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

শ্রীযুত ই এচ লশিংটন সাহেব (Mr. E. H. Lushington,) অন্য হুকুম না হওনপর্য্যন্ত বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আসিষ্টাণ্ট সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ১২ জুন।

শ্রীযুত ডবলিউ ওয়াইট সাহেব (Mr. W. White.) মালদহের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২২ মে।

পুরণিয়ার ফতওয়ানামক শ্রীযুত সৈয়দ য়ার আলী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৭ মে।

কটক এলাকার এক্‌টিং কমিসানর শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn.) বর্ত্তমান মাসের ১৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীর সংশোধিত বিধির ১২ ধারামতে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

যশোহরের ডেপুটী কালেক্‌টর শ্রীযুত মৌলবী আলী অহমদ খাঁ গত মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে চল্লিশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৮ মে।

মাণিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গোপীমোহন রায় সদর আদালতহইতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে চারি মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৯ জুন।

বাঁকুড়ার এক্‌টিং জইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত এচ রোজ সাহেব (Mr H. Rose.) নিয়মিত ছুটী লইয়া যাইবার আগে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১১ জুন।

পাটনার ডেপুটী কালেক্‌টর শ্রীযুত বাবু নীলকমল শীল অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৫ মে।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এ জে হে সাহেব (Mr. A. J. Hay.) গত মাসের ২৪ তারিখে বাঙ্গাল নামক কলের জাহাজে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

সুন্দরবনের ৫৪ নম্বরের লাটে তামুলদহ ও আনিহাটের প্রদারা ১৮১৯ সালের ৬ আইনমতে সরকারী প্রদারা হইয়াছে এমত প্রকাশ করা গেল।

১৮৫৭ সাল ১০ জুন।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত জি জি মাকিণ্টশ সাহেব ও শ্রীযুত এ এ সুইণ্টন সাহেব ও শ্রীযুত এফ এ লশিংটন সাহেব (Messrs. G. G. Mackintosh, A. A. Swinton, and F. A. Lushington,) আবানামক কলের জাহাজে বর্ত্তমান মাসের ৭ তারিখে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৬৩৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১১ মে।

বেহার এলাকার আফীমের আসিষ্টাণ্ট সব ডেপুটী এজেণ্ট শ্রীযুত জে জি পিউ সাহেব (Mr. J. G. Pughe,) ঐ এজেন্সীতে আফীমের সব ডেপুটী এজেণ্ট হইবেন।

১৮৫৭ সাল ১৫ জুন।

শ্রীযুত টি বি মাকটিয়র সাহেব (Mr. T. B. Mactier.) বর্ত্তমান মাসের ৭ তারিখঅবধি বগুড়ার জইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর হইবেন কিন্তু বালেশ্বরের মাজিষ্ট্রেট ও কালেক্‌টর ও নিমকের এজেণ্টের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এফ আর কাক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) ফরিদপুরের জইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে এচ রেবন্‌শা সাহেব (Mr. J. H. Ravenshaw,) হুগলীর মাজিষ্ট্রেটের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ বেল সাহেব (Mr. H. Bell,) ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্‌টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত সি পি ওয়াইট সাহেব (Mr. C. P. White.) ১৮৪৩ সালের ১৫ আইনমতে বারাসতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর হইবেন ও ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইন ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাপ্রাপ্ত হইয়া কালীগঞ্জ এলাকাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইবেন।

শ্রীযুত মৌলবী ওয়াজুল্লা রাজশাহীর সদর আমীনের ও সেই জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ডেপুটী কালেক্‌টর শ্রীযুত বাবু রামনারায়ণ মজুমদার যশোহরহইতে বাঁকুড়াতে নিযুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৫ জুন।

রাজশাহীর সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত রায় গঙ্গাচরণ সোম অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে তিন সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা হুগলী।

১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা হুগলীর নীচের লিখিত মহাল সন ১৮৫৭ সালের জুন মাসের ২৯ তারিখপর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্‌টের দ্বারা অন্য যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৫৭ সালের জুলাই মাসের ২৮ তারিখে মোতাবক সন ১২৬৪ সালের শ্রাবণ মাসের ১৪ তারিখে ঐ জেলার কালেক্‌টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধাতে বিক্রয় হইবেক।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২১ জুলাই।]

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

১৬৭৬ নং পরগনা বালিয়া বৃন্দাবনপুরের শামিল তেছট্টি লিখিত মালিক শ্রীনাথ চৌধুরী সদর জমা ২/১

১৬১৫ নং পরগনা ঐ বামুণডাঙ্গা ও দশবাগাদিগর লিখিত মালিক শ্রীমতী জগদম্বা দেবী সদর জমা ৩৸৵৩

১৭২৫ নং পরগনা ভুরসিট্টু ঘোলপুড়া ও পুড়া লিখিত মালিক বাজীদ খাঁ সদর জমা ।৶৭

১৮৫৬ নং পরগনা ঐ রঘুপুরের শামিল নিনখে নিমডেঙ্গী লিখিত মালিক শ্রীনাথ মুখোপাধ্যায় সদর জমা ২৶

১৯৩৭ নং পরগনা পাউনান পাটনা লিখিত মালিক নবকুমার মিত্র সদর জমা ১৻২০

দ্বিতীয় শ্রেণী মেয়াদী বন্দবস্তহওয়া মহাল।

২০৪৭ নং পরগনা আরশা চর খামারপাড়া লিখিত মালিক রামদয়ালদাস মহন্ত সদর জমা ১৷৶৯

প্রথম শ্রেণী ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

২১১১ নং পরগনা ভুরসিট্টু সুলতানপুরের অন্তঃপাতি মৌজে রসুলপুরদিগর লিখিত মালিক নুরননেছা বিবি সদর জমা ৪৷/৩

২১১২ নং পরগনা ঐ মহাল ঐ লিখিত মালিক ঐ সদর জমা ।/৫

২২২৬ নং পরগনা ঐ বিবিচন্দ্রপুরদিগর লিখিত মালিক হরিনাথ মুখোপাধ্যায় সদর জমা ২।৶৫

২২৪৫ নং পরগনা ঐ মহাল ঐ লিখিত মালিক ঐ সদর জমা ৷/৮

২২৪৬ নং পরগনা ঐ মহাল ঐ লিখিত মালিক ঐ সদর জমা ৷/৮

২৩০৯ নং পরগনা জাহানাবাদ চণ্ডীনগর লিখিত মালিক কার্ত্তিকচরণ চট্টোপাধ্যায় সদর জমা ৸৶

২৩২০ নং পরগনা ঐ চণ্ডীনগরের অন্তঃপাতি ভবানীপুর লিখিত মালিক ঐ সদর জমা ৷০

২৪২৯ নং পরগনা বোর বালি লিখিত মালিক দুর্গাচরণ মুখোপাধ্যায় সদর জমা ৷/

২৫৬৩ নং পরগনা মণ্ডলঘাট গুজরাটের অন্তঃপাতি বেনাই লিখিত মালিক স্বরূপচন্দ্র চট্টোপাধ্যায় সদর জমা ১৸/৬

২৫৯৯ নং পরগনা ভুরসিট্টু দিঘাই লিখিত মালিক হরিনাথ মুখোপাধ্যায় সদর জমা ৸৬

২৬০০ নং পরগনা ঐ দিঘরুয়ের শামিল ঘোল দিঘরুই লিখিত মালিক শ্রীমতী মাজেদনেছা বিবি সদর জমা ২।৶৭

২৭১৬ নং পরগনা মণ্ডলঘাট মানকুর লিখিত মালিক ভজুরাম রায় সদর জমা ৷৵৩

২৭৩৪ নং পরগনা বায়ড়া থান্যার শামিল মণ্ডলঘাট পরগনার তাম্রপুর লিখিত মালিক শ্রীনাথ চৌধুরী সদর জমা ১৻৩

২৭৬৪ নং পরগনা মণ্ডলঘাট মেল্লক লিখিত মালিক রামকুমার মুখোপাধ্যায় সদর জমা ১৻৩

২৭৭৪ নং পরগনা জাহানাবাদ নন্দনপুর লিখিত মালিক তোফেল আহাম্মুদ সদর জমা ৯।৶

২৭৯৯ নং পরগনা চন্দ্রকোণা ভাণ্ডারগড়ের শামিল জলাকোট লিখিত মালিক কৃষ্ণকান্ত চট্টোপাধ্যায় ও ধর্ম্মদাস চট্টোপাধ্যায় সদর জমা ২৲

১৮৭৯ নং পরগনা বালিগড়ি জয়কৃষ্ণপুর লিখিত মালিক চারু কাগজী সদর জমা ১৸৵৯

দ্বিতীয় শ্রেণী মেয়াদী বন্দবস্তহওয়া মহাল।

৩০৫৫ নং পরগনা পাণ্ডুয়া পাণ্ডুয়া লিখিত মালিক শ্রীমতী জমি বিবি ও সুফী বিবি সদর জমা ৷৵১১

৩১৩৪ নং পরগনা ঐ মহাল ঐ লিখিত মালিক শ্রীমতী বাউড়ি বিবি সদর জমা ৻৭

৩১৮০ নং পরগনা ঐ মহাল ঐ লিখিত মালিক শ্রীমতী ছৈএদননেছা বিবি সদর জমা ১৸২

৩১৯৮ নং পরগনা ঐ মহাল ঐ লিখিত মালিক মনিরুদ্দীন সদর জমা ১/১০

৩১৭২ নং পরগনা ঐ মহাল ঐ লিখিত মালিক সেখ মহাম্মুদ বক্স সদর জমা ৶৬

চতুর্থ শ্রেণী অপর মহালের বাকীর জন্য ইষ্টেট যাহা বিক্রয় হইবেক।

অত্র জেলার ভুরসিট্টু পরগনার রসুলপুর গ্রামের উত্তর মাঠে পৈতৃক একহারি লাখেরাজ ১১।০ বিঘা মালিক সোমামিচরণ কোঙর।

ঐ গ্রামের দক্ষিণ পদুরা পুষ্করিণী মায় পাহাড় আন্দাজী ১২/ বিঘা মালিক ঐ।

W. B. BUCKLE, *Collector.*

জিলা যশোহর।

এস্তাহারনামা কাছারী লোকল এজেন্টী জেলা যশর।

যেহেতুক মুড়লী মোকামের রঘুনাথ বিগ্রহ ঠাকুরের তালুক পং ইসফপুরের তরফ ধনগ্রাম ৩১০৪৸১১ টাকা ও মৌজে খাটর মাগুরা ১৬২৬৷৵৮ টাকার দুই তালুক নওয়াপাড়া নিবাসি কালীকান্ত রায়প্রভৃতির সহিত ৬৫০৲ টাকা বার্ষিক মালগুজারিতে সন ১২৬৫ সালপর্য্যন্ত মেয়াদে ইজারা আছে ঐ তালুকদ্বয় ইজারায় জমা স্থিরতর প্রবলপ্রতাপ সদর বোর্ডের হাকিমানের মঞ্জুরীতে লোকল এজেণ্টগণের দ্বারা পত্তনী বন্দবস্ত হওনার্থে আগত ১ আগষ্ট মোতাবেক ১৮ শ্রাবণ দিবা অবধারিত হইল এমতে ঘোষণা করা যাইতেছে যে কেহ সমুদয় কি খণ্ডবিক্রী মতে উক্ত মহালাত পত্তনী গ্রহণাকাঙ্ক্ষী থাকেন তাঁহারদিগের কর্ত্তব্য যে নিয়মিত দিবসে অত্র জেলার কালেক্টরী কাছারীতে উপস্থিতহইবেন যাহার স্বীকৃত মূল্য উচ্চ ও সর্ব্বাপেক্ষা বেশী হইবেক তাঁহার সহিত নিয়মানুসারে পত্তনী বিক্রী হইবেক ইতি সন ১৮৫৭। ৯ জুলাই।

F. C. FOWLE, *Collector and ex-officio Local Agent.*

জিলা রাজশাহী।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা রাজশাহির মোতাল্লক নীচের লিখিত মহালাত সরকারি রাজস্ব আদায় জন্য ইংরেজি ১৮৫৭ সালের ৩১ জুলাই মোতাবেক বাঙ্গলা ১২৬৪ সালের ১৭ শ্রাবণ শুক্রবার এই জিলার কালেক্টরির কাছারিতে বিনা ওজরে নীলামে ধরা যাইবেক ও নিতান্তই বিক্রয় হইবেক সন ১৮৫৭ ইং তাং ৯ জুলাই।

[*Government Gazette*, 21st *July*, 1857.]

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

নং ১০০৪ কিসমত বাগহাট্টা পরগনে মাহামুদপুর জমীদার শিবচন্দ্র ঘোষ সদর জমা ৪৫।৩ পাই।

নং ১৫৬৬ চর বৈদ্যপুর চরবি জড়া চরতাগৌর পরগনে জিয়াশীয়েধু জমীদার তারাসুন্দরী চৌধরাণী মাদরে রামলাল চৌধুরী নাবালগ ও জগতচন্দ্র সরকার ও রূপমঞ্জরি চৌধুরাণী মাদরে উত্তি নবকুমার সরকার মৃত রামচন্দ্র সরকার নাবালগান সদর জমা ১৬৮৮১০ পাই।

W. T. TAYLOR, *Collector.*

জিলা চব্বিশপরগনা।

সন ১৮৪৫ সালের প্রথম আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবত ইংরাজি সন ১৮৫৭ সালের ২৯ জুলাই মোতাবেক বাঙ্গল সন ১২৬৪ সাল ১৫ শ্রাবণ রোজ বুধবার এ জেলার কালেক্টরী কাছারিতে বিনা ওজর নীলাম ধরা যাইবেক ইংরাজি সন ১৮৫৭ সাল তারিখ ১১ জুলাই মোতাবেক সন ১২৬৪ সাল তারিখ ২৮ আষাঢ়।

চতুর্থ শ্রেণী অন্য মহালের বাকী মালগুজারির বাবত যে২ মহাল নীলাম হইবেক।

১০২ নং হজুরি মহাল কিঃ পং মাগুরা কিঃ কাকুড্যাওং লিখিত মালিক সৌদামিনী দাসী সদর জমা কোং ৩৭২।৮১ টাকা

১৮১ নং ঐ কিঃ পং মেদনমল্ল কিং কন্দর্পপুরওং লিখিত মালিক ঐ সদর জমা কোং ৫২৭৮৶১১ টাকা

প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

৫১৪ নং হজুরি মহাল কিঃ পং বের কিং কামুন্দীয়া লিখিত মালিক গোপীকৃষ্ণ গোস্বামী সদর জমা কোং ১৮২।৪ টাকা

৬৯১ নং ঐ কিঃ পং হাবিলীশহর কিঃ ভাটপাড়া লিখিত মালিক অন্নপূর্ণা দেব্যা সদর জমা কোং ৩৫।০ টাকা

৭১১ নং ঐ পং ঐ কিঃ মৌজে গৌরীবাটী লিখিত মালিক নিমাইচরণ মল্লিক সদর জমা কোং ৩৪৶২ টাকা

৭৫৪ নং ঐ পং পাইকহাটীওং কিঃ পাইকহাটী ওং লিখিত মালিক রঘুরাম বসুওং সদর জমা কোং ২৫।/৬ টাকা

৭৬২ নং ঐ কিঃ পং ঐ কিঃ ঐ লিখিত মালিক নিমাইচরণ ঘোষওগয়রহ সদর জমা কোং ২৬।৬ টাকা

৭৬৯ নং ঐ পং ঐ কিঃ শাতরা লিখিত মালিক রাজমোহন রায় সদর জমা কোং ২।৶৯ টাকা

৮৬৬ নং ঐ পং ঐ কিঃ পাইকহাটী লিখিত মালিক উমাকান্ত ঘোষ সদর জমা কোং ১০৪ টাকা

৮২৯ নং ঐ কিঃ পং হাবিলীশহর কিঃ কেয়ারামপুর লিখিত মালিক কালীপ্রসাদ রায় সদর জমা কোং ৸/৮

৯১০ নং ঐ পং কাবুলিয়া কিঃ মাগুরাতি লিখিত মালিক কৃষ্ণমঙ্গল বসু সদর জমা কোং ৫৶৩ টাকা

১০৫৪ নং ঐ কিঃ পং পাইকহাটী কিঃ পাইকহাটী লিখিত মালিক মাহামুদ দাএমওং সদর জমা কোং ৩৮।৫ টাকা

দ্বিতীয় শ্রেণী গএর বন্দবস্তীহওয়া মহাল।

১১৫৭। ৩৬ নং ঐ বিলদক্ষীর ভরাটি লক্ষ মৌজে কৈজুড়ি লিখিত মালিক রায় মথুরানাথ চৌধুরীওং সদর জমা কোং ৩৬৪।৵৫ টাকা

১১৫৭। ৪১ নং ঐ ঐ মৌজে গোয়ালদহ লিখিত মালিক ঐ সদর জমা কোং ১৪২।১ টাকা

প্রথম শ্রেণী এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

১১৯৮ নং ঐ কিঃ পং হাবিলীশহর কিঃ সুরেশ্বর গড়ি লিখিত মালিক বিন্দুসুন্দরী দেবী ওং সদর জমা কোং ২।৶১১ টাকা

১১০৮ নং ঐ পং বারুদহাটী মৌজে ঈশ্বরীপুর লিখিত মালিক ঈশানচন্দ্র বন্দোপাধ্যায়ওং সদর জমা কোং ১৮।০ টাকা

১১৩২। ৫৪ নং ঐ পং কলিকাতা মৌজে টীটাগড়ী লিখিত মালিক গোবিন্দচন্দ্র মুখোপাধ্যায় সদর জমা কোং ৩।৶৩ টাকা

১৩৬২। ১ নং ঐ পং বাজিতপুর কশবা মৌতলার অন্তঃপাতি মৌং বিবিখালীওং লিখিত মালিক শ্যামাসুন্দরী দেব্যা সদর জমা কোং ৫।৶৯ টাকা

দ্বিতীয় শ্রেণী গএর বন্দবস্তীহওয়া মহাল।

১৩৬৭ নং ঐ বিল দাঁতভাঙ্গা লিখিত মালিক রায় মথুরানাথ চৌধুরীওং সদর জমা কোং ১১০।৶০ টাকা

G. BRIGHT, *Collector.*

জিলা নদীয়া।

১৮৪৫ সালের ১ আইনের ৬ ধারাক্রমে ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা নদীয়ার নীচের লিখিত মহাল সন ১৮৫৭ সালের ২৯ জুনপর্য্যন্ত বাকী মালগুজারীর নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্যান্য দাওয়া বাকী মালগুজারীর ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ১৮৫৭ সালের ৩১ জুলাই তারিখে ঐ জেলার কালেক্টরি কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইং সন ১৮৫৭ সাল তাং ১১ জুলাই মোং ১২৬৪ সাল তাং ২৮ আষাঢ়।

প্রথম শ্রেণী।

২১ নং মৌং আদহাটা পং উখড়া মালিক রাজীবলোচন ভট্টাচার্য্য সদর জমা ৮।/৭

৫২১ নং কিং সিদ্ধেশ্বরবাটী পং হালিবিশহর মালিক রামকানাই সিদ্ধান্ত সদর জমা ২২।১০

৬৪৬ নং মৌং ডুমরিয়া পং শাউজিমান মালিক বৈদ্যনাথ মুখোপাধ্যায় সদর জমা ৪/২

৯৯৩ নং মৌং মেহেরপুর পং রাজপুর মালিক চন্দ্রগোবিন্দ মুখোপাধ্যায় সদর জমা ।৶০

১২৫৪ মৌং ছিজলি তঃ মামযোয়ানি মালিক শিবচন্দ্র ভট্টাচার্য্য সদর জমা ১।/১০

১২৯১ নং মৌং মণ্ডলঘাট তঃ ঐ মালিক মথুরানাথ মুখোপাধ্যায় সদর জমা ১০।/০

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২১ জুলাই।]

১৩১৬ নং মৌং দিঘা পং বাগয়ান মালিক সীতানাথ সরকার সদর জমা ১॥/৪

১৪১৪ নং মৌং কুলপালা পং রাজপুর মালিক গোজোর শাহা ও মেরজান শাহা সদর জমা ১৭/৫

১৪৫৪ নং মৌং কাশীপুর পং শাউজিয়ান মালিক বৈদ্যনাথ মুখোপাধ্যায় সদর জমা ॥/৬

১৫৬৬ নং মৌং গাবরকুলি পং বাগয়ান মালিক মুক্তারাম বন্দোপাধ্যায় সদর জমা ৮৶৭

১৫৯৭ নং মৌং আশরফপুর পং রাজপুর মালিক রামকানাই রায় সদর জমা ৩৵৩

১৬৩১ নং মৌং নারায়ণপুর চাকলে মাটীয়ারি মালিক মধুসুদন দত্ত সদর জমা ৶৭

১৬৭৯ নং মৌজে পোলতা পং পাজনওর মালিক রামকুমার রায় সদর জমা ১৩॥৶৮

১৬৮০ নং মৌজে পোলতা পং পাজনওর মালিক কমলচাঁদ মাধবচাঁদ প্রসন্নচাঁদ রায় সদর জমা ৩।৶২

১৬৮৫ নং মৌজে পোলতা পং ঐ মালিক জামিএত খাঁ সদর জমা ৫।৶২

১৭১৫ নং মৌং মুনশিবপুর তঃ মুনশিবপুর মালিক ছকু বিশ্বাস সদর জমা ২৪৶৬

১৭৯১ নং মৌং জগন্নাথপুর পং ফয়জল্লাপুর মালিক জগৎচন্দ্র চট্টোপাধ্যায় সদর জমা ১৮৶৩

১৮৮৪ নং মৌং লাউপালা পং উখড়া মালিক ফকীরচাঁদ নন্দী সদর জমা ॥৶৫

১৯০১ নং মৌং কামারহাটী পং বাগয়ান মালিক গোপীনাথ বিদ্যারত্ন ভট্টাচার্য্য ও কৃষ্ণকুমার ও মহেশ-চন্দ্র ভট্টাচার্য্য সদর জমা ৪৩৶৮॥

১৯৪৩ নং মৌং লাউপালা পং উখড়া মালিক চন্দ্রমোহন রায় সদর জমা ১৪৮৮

২০১২ নং মৌং আদমপোতা পং বাগয়ান মালিক রাধাকিশোর মুখোপাধ্যায় সদর জমা ॥৶১

২০৫৬ নং মৌং বড়কুথা চাং কৃষ্ণনগর মালিক দীননাথ দত্ত পোদ্দার সদর জমা ১৲৩

২০৬৪ নং মৌং কাচকুলি পং বাগয়ান মালিক রামচাঁদ ভট্টাচার্য্য ও রামধন মুখোপাধ্যায় ও রামমোহন ভট্টাচার্য্য সদর জমা ॥৶১০

২১১৪ নং মৌং উলা তঃ মামজোয়ানি মালিক তারাসুন্দরী দেব্যা সদর জমা ১৲/১

২১৬৫ নং মৌং মহতপুর তঃ মহতপুর মালিক গদাধর মল্লিক সদর জমা ৮।৶৬

২২৫৮ নং মৌং থানসারা রঘুনাথপুর পং উখড়া মালিক মহেন্দ্রনাথ ও কেদারনাথ সিংহ সদর জমা ১০॥/৭

২৪৬১ নং মৌং মহিষউড়া চাং কৃষ্ণনগর মালিক পীতাম্বর নীলাম্বর ভট্টাচার্য্য সদর জমা ৯৻৬

২৫১৫ নং মৌং বিল বামুনদহ পং পাজনওর মালিক বঙ্কবেহারি বসু সদর জমা ।১

২৫২৮ নং মৌং বিল বামুনদহ পং ঐ মালিক মদনাথ ঘোস সদর জমা ১৲

২৬১৩ নং মৌং চকবালিয়া পং বেলশী মালিক রাজকিশোর রায় ও গিরিশচন্দ্র রায় ও গঙ্গামণি দেব্যা দয়াময়ী দেব্যা সদর জমা ১১৲৩

২৬২১ নং মৌং লক্ষ্মীগাছা পং বাগয়ান মালিক দ্বারকানাথ বিশ্বাস সদর জমা ॥৶৬

২৬৪৩ নং মৌং সুন্দলপুর পং গোওয়াস মালিক কালীকান্ত শর্ম্মা মৈত্র সদর জমা ৩০॥৶১

২৭১৬ নং মৌং তালসাহা পং উখড়া মালিক রামরত্ন হালদার সদর জমা ১৮১

২৭৬৪ নং মৌং রায়নগর চাং শ্রীনগর মালিক গৌরমোহন চট্টোপাধ্যায় সদর জমা ।৶১

২৭৬৬ নং মৌং রায়নগর চাং ঐ মালিক ঘনশ্যাম গঙ্গোপাধ্যায় সদর জমা ৩।/৪

তৃতীয় শ্রেণী।

২৯৬৭ নং মৌং মাকড়া পং পাজনওর মালিক গৌরীশঙ্কর ন্যায়বাগীশ ভট্টাচার্য্য সদর জমা ৭॥৶১০॥

প্রথম শ্রেণী।

২৯৭৩ নং মৌং মুড়াগাছা পং ঐ মালিক গৌরীশঙ্কর ভট্টাচার্য্য সদর জমা ৩৲৩॥

২৯৯৭ নং মৌং নলদহ ও খাঁপুর পং উখড়া মালিক মধুসূদন মৈত্র সদর জমা ৩৮৶৭

৩০৪৪ নং মৌং বুঐছা তরফ শান্তিপুর মালিক দুর্গাপ্রসাদ রায় ওরফে শাম্ব রায় সদর জমা ১৲/৮

৩০৫৩ নং মৌং জলকর দমদমা পং বাগয়ান মালিক ফকীরচাঁদ নন্দী সদর জমা ৷/১০

৩০৬৯ নং মৌং উলা তঃ মামজোয়ানি মালিক গঙ্গরাজ মুস্তফী সদর জমা ৶৫

৩০৮২ নং মৌং উলা তরফ মামজোয়ানি মালিক ঈশ্বরচন্দ্র মুখোপাধ্যায় সদর জমা ৷/৯

E. H. LUSHINGTON, *Collector.*

জিলা পূরণিয়া।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে মালগুজারীর বাকীর নিমিত্তে জিলা পূরণিয়ার নীচের লিখিত মহাল ১৮৫৭ সালের ২৫ জুলাই তারিখে মোতাবেক বাঙ্গলা ১২৬৪ সালের ২১ শ্রাবণ শনিবারে ঐ জিলার কালেক্টরী কাছারীতে বিনা ওজরে নীলাম হইবেক।

দ্বিতীয় শ্রেণী। ১০০৲ টাকার অনধিক জমার চিরকালীন বন্দোবস্ত হওয়া মহাল।

১৫৮। মৌজা বক্শীবাজার পরগনা হাবেলী। লিখিত মালিক জেন্দা ঠাকুরাণী। সদর জমা ১৪॥৯ পাই।

২৬৭। মৌজা ভুরভুরী বকস্তরি পরগনা ফতেপুর সিংহিয়া। লিখিত মালিক মসম্মাৎ ইন্দ্রাবতীপ্রভৃতি। সদর জমা ২০৮/৫ পাই।

৬৭৩। মৌজা বাগহরিয়া প্রসাদপুরপ্রভৃতি। পরগনা সুলতানপুর। লিখিত মালিক মসম্মাৎ রাহাতুন্নেসা বেগমপ্রভৃতি সদর জমা ৩৭৮/৩ পাই।

৮০৫। মৌজা ভুরকাইলি বেলবাড়ি। পরগনা সুলতানপুর। লিখিত মালিক মৃত রাজা বিজয়গোবিন্দ সিংহের পুত্র কুমার বিজয়গোপাল সিংহ। সদর জমা ২২।১১ পাই।

৯০৬। মৌজে ঘরগাঁও ও মহুয়া পরগনা শ্রীপুর। লিখিত মালিক নথু বিশ্বাস নীলাম খরীদার। সদর জমা ৫২৮৶২ পাই।

৯৭৫। মৌজে ভাকরীপুর পরগনা কুমারীপুর। লিখিত মালিক ভোলানাথ নীলাম খরীদার। সদর জমা ৩১৮৶২ পাই।

তৃতীয় শ্রেণী। কিঞ্চিৎ কালের বন্দোবস্তহওয়া কি ইজারা দেওয়া মহাল।

৯৯৬। মৌজা শুরগাঁও পরগনা সুলতানপুর। লিখিত মালিক রামানুগ্র লাল নীলাম খরীদার। সদর জমা ৮/ আনা।

[*Government Gazette*, 21*st July*, 1857.]

১০৩৯। মৌজা বসন্তপুর চিতৌরিয়া পরগনা কুমারীপুর। লিখিত মালিক জমিয়তুল্লা নীলাম খরীদার। সদর জমা ৪৸/ আনা।

দ্বিতীয় শ্রেণী। ১০০৲ টাকার অনধিক জমার চিরকালীন বন্দোবস্তহওয়া মহাল।

১১০৮। মৌজা ভট্টবাড়ি পরগনা শ্রীপুর। লিখিত মালিক মৃত রাজা বিজয়গোবিন্দ সিংহের পুত্র কুমার বিজয়গোপাল সিংহ। সদর জমা ৬৪৸/৩ পাই।

চতুর্থ শ্রেণী। অন্যান্য মহালের বাকীর বাবৎ যে মহাল নীলাম হইবেক।

১১৩২ বাদুর পরগনার লোখরা মৌজাতে মজিদুল্লার স্বত্ব ও সম্পর্ক। সম্পূর্ণ মহালের সদর জমা ২৪॥৶২ পাই।

দ্বিতীয় শ্রেণী। ১০০৲ টাকার অনধিক জমার চিরকালীন বন্দোবস্তহওয়া মহাল।

১১৬২। আরাজী মৌজা বসন্তপুর পরগনা হাবেলী। লিখিত মালিক বলভদ্র দাস। সদর জমা ১৶ আনা।

১১৬৪। ঐ ঐ পরগনা ঐ লিখিত মালিক প্রেম সিংহ পীতাম্বর সিংহপ্রভৃতি। সদর জমা ১৵ আনা।

R. ALEXANDER, *Offg. Collector.*

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ANDREW HERVEY, an Insolvent.

On Saturday, the 4th day of July instant, upon an application of the Assignee in this matter, It was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 10,363-2-5 in his hands, pay a Dividend at the rate of Co.'s Rs. 5 per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 9,797-11-9) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office.

Calcutta, 17th July, 1857.

যোত্রহীন আন্দ্রু হার্বি সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান জুলাই মাসের ৪ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ১০,৩৬৩৶৫ টাকা আছে তাহাহইতে তিনি এ প্রত্যেক দাওয়ার উপর শত টাকাপ্রতি ৫৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৯,৭৯৭৸৵৯ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৫৭ সাল ১৭ জুলাই।

The like notice in the matter of MATHEW STEEL TEMPLETON, an Insolvent, wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 1,380-13-10 a Dividend at the rate of 8 per Cent. (amounting to Co.'s Rs. 1,163 0 6) be paid.

যোত্রহীন মাথিউ ষ্টিল টেম্পলটন সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া গেল। তাহাতে হুকুম হইল যে কোম্পানির যে ১,৩৮০৸৶১০ টাকা আছে তাহাহইতে শত টাকার প্রতি ৮৲ হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১১৬৩৶৬ টাকা দওয়া যায়।

The like notice in the matter of JOHN HAWKINS COCKBURN, an Insolvent, wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 357-15-6 a Dividend at the rate of 16 per Cent. (amounting to Co.'s Rs. 168-13-9) be paid.

যোত্রহীন জান হাকিন্স কোবর্ণ সাহেবের বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া গেল। তাহাতে হুকুম হইল যে কোম্পানির যে ৩৫৭৸৶৬ টাকা আছে তাহাহইতে শত টাকার প্রতি ১৬৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধা ১৬৮৸৶৯ টাকা দেওয়া যায়।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২১ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

Numb. 927 ৯২৭)

৬৭৭

অতিরিক্ত

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, JULY 24, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ২৪ জুলাই।

DRAFT OF ACT.

A Bill for extending the jurisdiction of the Courts of Criminal Judicature of the East India Company in Bengal, for simplifying the Procedure thereof, and for investing other Courts with Criminal jurisdiction.

[Continued from page 654.]

CHAPTER XI.—OFFENCES AGAINST PUBLIC JUSTICE.—(*Continued.*)

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5 Penalty.	6 When admitting of cumulative Punishment.
21	Harbouring an offender if the offence be capital	Bailable ..	Session Court ...	Imprisonment of either description not exceeding 5 years, also liable to fine.	
	If punishable with transportation for life, or with imprisonment to 14 years.	Idem ..	Idem	Idem not exceeding 3 years, and also liable to fine.	
	If punishable with imprisonment to 1 year, and not to 14 years.	Idem ...	By the Court by which the offence is triable.	Imprisonment of either description provided for the offence, not exceeding one-fourth of the maximum term, or fine, or both.	
	Exception.—Not to extend to harbour given by the husband or wife of the offender.				
22	Taking gift, &c. to screen an offender from punishment, if the offence be capital.	Idem ...	Session Court ..	Imprisonment of either description not exceeding 7 years, and liable to fine.	
	If punishable with transportation for life, or with imprisonment to 14 years.	Idem ...	Idem	Idem not exceeding 3 years, also fine.	
	If with imprisonment less than 14 years.	Idem ...	By the Court by which the offence is triable.	Imprisonment of the description provided for the offence, not exceeding one-fourth of the maximum term, or fine, or both.	

CHAPTER XI.—OFFENCES AGAINST PUBLIC JUSTICE.—(*Continued*)

1. Clause.	2 Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6 When admitting of cumulative Punishment.
23	Gift made to cause restoration of property in consideration of screening offender, if the offence be capital.	Bailable	Session Court	Imprisonment of either description not exceeding 7 years, and liable to fine.	
	If punishable with transportation for life, or with imprisonment to 14 years.	Idem	Idem	Idem not exceeding 3 years, also fine.	
	If with imprisonment less than 14 years ...	Idem	By the Court by which the offence is triable.	Imprisonment of the description provided for the offence, not exceeding one-fourth of the maximum term, or fine, or both.	
24	Harbouring an offender who has escaped from custody, or whose apprehension has been ordered, if the offence be capital.	Idem	Session Court	Imprisonment of either description not exceeding 7 years, and also liable to fine.	
	If punishable with transportation for life, or with imprisonment to 14 years.	Idem	Idem	Idem not exceeding 3 years, with or without fine.	
	If with imprisonment to 1 year and not to 14 years	Idem	By the Court by which the offence is triable.	Imprisonment of the description provided for the offence, not exceeding one-fourth of the maximum term, or fine, or both.	
	Exception.—Not to extend to harbour or concealment by the husband or wife of the person to be apprehended.				
25	Public servant disobeying a direction of law with intent to save person from punishment, or property from forfeiture.	Idem	Magistrate as limited by Chapter II., Article 10, Clauses 3, 4, and 5, relating to Criminal Courts of original jurisdiction	Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	

26	Public servant framing an incorrect record or writing with intent to save person from punishment, or property from forfeiture.	Idem ...	.. Session Court ...	... Idem not exceeding 3 years, or fine, or both.
27	Public servant in a judicial proceeding making or pronouncing an order, report, verdict, or decision, which he knows to be contrary to law.	Not bailable...	... Idem	.. Imprisonment of either description not exceeding 7 years, or fine, or both.
28	Commitment for trial or confinement by a person having authority who knows that he is acting contrary to law.	Idem ...	... Idem	Idem.
29	Voluntary omission to apprehend on the part of a public servant bound by law to apprehend an offender, if the offence be capital.	Idem ...	.. Idem	... Imprisonment of either description not exceeding 7 years, with or without fine.
	If punishable with transportation for life or imprisonment to 14 years.	Bailable ...	Idem	... Idem not exceeding 3 years, with or without fine.
	If with imprisonment less than 14 years.	Idem ...	.. By the Court by which the offence is triable.	Idem not exceeding 2 years, with or without fine
30	Voluntary omission to apprehend on the part of a public servant bound by law to apprehend person under sentence of a Court of Justice, if under sentence of death.	Not bailable	... Session Court ..	... Transportation for life, or imprisonment of either description not exceeding 14 years, with or without fine.
	If under sentence of transportation for life, or imprisonment to 14 years.	Idem ...	... Idem	... Imprisonment of either description not exceeding 7 years, with or without fine.
	If under sentence of imprisonment for less than 14 years.	Bailable ...	... By the Court by which the offence is triable.	Idem not exceeding 3 years, or with fine, or with both.
31	Escape from confinement negligently suffered by a public servant.	Idem ...	.. Magistrate as limited by Chapter II., Article 10, Clauses 3, 4, and 5, relating to Criminal Courts of original jurisdiction.	Simple imprisonment not exceeding 2 years, or fine, or both.

CHAPTER XI.—OFFENCES AGAINST PUBLIC JUSTICE.—(*Continued.*)

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
32	Resistance or obstruction by a person to his lawful apprehension.	Bailable	Magistrate ...	... Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	Cumulative, Clause 33.
34	Resistance or obstruction to the lawful apprehension of another person, or rescuing him from lawful custody.	Idem	Idem	... Idem.	Cumulative, Clause 35.
	If charged with an offence punishable with transportation for life, or imprisonment to 14 years.	Not bailable ...	... Session Court ...	... Imprisonment of either description not exceeding 3 years, and also liable to fine.	
	If charged with a capital offence	Idem	Idem	... Idem not exceeding 7 years, also fine.	
	If the person is sentenced to transportation for life, or to transportation, penal servitude, or imprisonment for 14 years or upwards.	Idem ...	... Idem	... Idem not exceeding 7 years, also fine.	
	If under sentence of death	Idem ..	... Idem	.. Idem not exceeding 14 years, and also fine.	
36	Unlawful return from transportation	Idem ...	... Idem	... Transportation for life, also liable to fine and to rigorous imprisonment not exceeding 3 years before transportation.	
37	Unlawful return from banishment	Idem ...	Idem	... Transportation for life, or imprisonment of either description not exceeding 7 years, and also liable to fine. If sentenced to imprisonment liable to banishment for life after imprisonment.	
38	Violation of condition of remission of punishment	Idem	... Idem	... Punishment of original sentence, or if part of the punishment has been undergone, the residue.	
39	Intentional insult or interruption to a public servant sitting in any stage of a judicial proceeding.	Bailable	Magistrate ...	.. Imprisonment of either description not exceeding 6 months, or fine not exceeding Rupees 1,000, or both.	Cumulative, Clause 40.
41	Personation of a juror or assessor...	Idem	.. Idem	.. Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	

CHAPTER XII.—OFFENCES RELATING TO COIN AND GOVERNMENT STAMPS.

3	Counterfeiting or performing any part of the process of Counterfeiting Coin.	Not bailable	Session Court	Imprisonment of either description not exceeding 7 years, also liable to fine.
4	Counterfeiting or performing any part of the process of counterfeiting the Queen's or the Company's Coin.	Idem	Idem	Transportation for life, or imprisonment of either description not exceeding 10 years, also liable to fine.
5	Making, buying, or selling instrument for the purpose of counterfeiting Coin.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 3 years, also liable to fine.
6	Making, buying, or selling instrument for the purpose of counterfeiting Queen's or Company's Coin.	Idem	Idem	Idem not exceeding 7 years, also liable to fine.
7	Possession of instrument or material for the purpose of using the same for counterfeiting Coin.	Idem	Idem	Idem not exceeding 3 years, and liable to fine.
	If Queen's or Company's Coin	Idem	Idem	Idem not exceeding 7 years, also fine.
8	Abetting in India the counterfeiting out of India of Queen's or Company's Coin.	Idem	Idem	Imprisonment of either description not exceeding seven years, also liable to fine.
9	Import or export of counterfeit Coin knowing the same to be counterfeit.	Idem	Idem	Idem not exceeding 3 years, and liable to fine.
10	Import or export of counterfeits of the Queen's or Company's Coin, knowing the same to be counterfeit.	Idem	Idem	Idem not exceeding 7 years, also fine.
11	Having any counterfeit Coin known to be such when it came into possession, and delivering, &c. the same to any person.	Idem	Idem	Idem not exceeding 3 years, and fine.
	Delivering it as genuine	Idem	Idem	Idem not exceeding 5 years, and fine.
12	The same with respect to the Queen's or Company's Coin.	Idem	Idem	Idem not exceeding 5 years, and fine if the counterfeit Coin is delivered to another person. If delivered as genuine not exceeding 10 years, and fine.
13	Knowingly delivering to another any counterfeit Coin as genuine, which when first possessed the deliverer did not know to be counterfeit.	Idem	Magistrate	Imprisonment of either description not exceeding 2 years, or fine to ten times the value of the Coin counterfeited, or both.

[*Government Gazette, 24th July*, 1857.]

CHAPTER XII.—OFFENCES RELATING TO COIN AND GOVERNMENT STAMPS.—(*Continued.*)

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
14	Possession of counterfeit Coin by a person who knew it to be counterfeit when he became possessed thereof.	Not bailable	Session Court	Imprisonment of either description not exceeding 3 years, and liable to fine.	
15	Possession of Queen's or Company's Coin by a person who knew it to be counterfeit when he became possessed thereof.	Idem	Idem	Idem not exceeding 7 years, and liable to fine.	
16	Persons employed in a Mint causing Coin to be of a different weight or composition from that fixed by law.	Idem	Idem	Idem not exceeding 7 years, and liable to fine.	
17	Unlawfully taking from a Mint any Coining instrument.	Idem	Idem	Idem	
18	Fraudulently diminishing the weight or altering the composition of any Coin.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 3 years, also liable to fine.	
19	Fraudulently diminishing the weight or altering the composition of the Queen's or Company's Coin.	Idem	Idem	Idem not exceeding 7 years, also liable to fine.	
20	Altering appearance of any Coin with intent that it shall pass as a Coin of a different description.	Idem	Idem	Idem not exceeding 3 years, also liable to fine.	
21	Altering appearance of the Queen's or the Company's Coin with intent that it shall pass as a Coin of a different description.	Idem	Idem	Idem not exceeding 7 years, also fine.	
22	Delivery to another of Coin possessed with the knowledge that it is altered.	Idem	Idem	Idem not exceeding 3 years, also fine.	
	Delivering it as genuine or as a Coin of a different description.	Idem	Idem	Idem not exceeding 5 years, also fine.	

[To be continued.]

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের এলাকা বৃদ্ধি করিবার ও তাহার কার্য্য আরো সহজরূপে করা যাইবার ও অন্যান্য আদালতকে ফৌজদারী এলাকা দিবার আইনের মুসাবিদা।

[৬৬০ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

১১ অধ্যায়। সাধারণের যথার্থ বিচার হইবার বাধাজনক অপরাধ।

১ প্রকরণ	২ অপরাধ	৩ হাজিরজামিনি লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য।	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
২১	প্রাণদণ্ডের অপরাধ হইলে সেই অপরাধিকে আশ্রয় দিলে।	হাজিরজামিন লওয়া যায়	সেশন আদালতের ...	৫ বৎসরের অনধিক কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারিবেক।	
	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড কি ১৪ বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিলে ঐ।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারিবেক।	
	১৪ বৎসরপর্য্যন্ত না হইয়া ১ বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিলে ঐ। বর্জ্জিত কথা। অপরাধির স্ত্রী কি স্বামী আশ্রয় দিলে এই বিধি খাটে না।	ঐ	অপরাধ যে আদালতের বিচার্য্য সেই আদালতের	অপরাধের জন্যে যত কাল যে প্রকারে কয়েদ হয় তাহার চতুর্থাংশ কালের অনধিক সেই প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
২২	প্রাণদণ্ডের অপরাধ হইলে অপরাধিকে দণ্ডহইতে রক্ষা করিবার জন্যে টাকাপ্রভৃতি গ্রহণ করিলে।	ঐ	সেশন আদালতের	৭ বৎসরের অনধিক কোন এক প্রকারে কয়েদ জরীমানাও হইতে পারিবেক।	
	সেই অপরাধের জন্যে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড কিম্বা ১৪ বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিলে ঐ।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক ঐ। ও জরীমানা।	
	১৪ বৎসরের কম কয়েদ হইতে পারিলে ঐ।	ঐ	অপরাধ যে আদালতের বিচার্য্য সেই আদালতের	অপরাধের জন্যে যত কাল যে প্রকারে কয়েদ হয় তাহার চতুর্থাংশ কালের অনধিক সেই প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	

১ প্রকরণ	২ অপরাধ।	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য।	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
২৩	প্রাণদণ্ডের অপরাধ হইলে, অপরাধিকে রক্ষা করিবার করারে সম্পত্তি ফিরিয়া দেওয়াইবার জন্যে টাকাপ্রভৃতি দিলে।	হাজিরজামিন লওয়া যায়	সেশন আদালতের ...	... ৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ, জরীমানাও হইতে পারিবেক।	
	সেই অপরাধের জন্যে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড কিম্বা চৌদ্দ বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিলে।	ঐ	ঐ ...	... ৩ বৎসরের অনধিক ঐ। ও জরীমানা।	
	১৪ বৎসরের কম কয়েদ হইতে পারিলে।	ঐ	অপরাধ যে আদালতের বিচার্য্য সেই আদালতের	অপরাধের জন্যে যত কাল যে প্রকারে কয়েদ হয় তাহার চতুর্থাংশ কালের অনধিক সেই প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
২৪	প্রাণদণ্ডের অপরাধ হইলে অপরাধী হেফাজৎহইতে পলায়ন করিলে কিম্বা তাহার গ্রেস্তার করিবার হুকুম হইলে তাহাকে আশ্রয় দিলে।	ঐ	সেশন আদালতের	৭ বৎসরের অনধিক কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারিবেক।	
	সেই অপরাধের জন্যে যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড কিম্বা ১৪ বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিলে।	ঐ	ঐ ...	... জরীমানা সহিত কি জরীমানা বিনা ৩ বৎসরের অনধিক ঐ।	
	১৪ বৎসরপর্য্যন্ত না হইয়া ১ বৎসরপর্য্যন্ত কয়েদ হইতে পারিলে। বর্জ্জিত কথা। যাহাকে গ্রেস্তার করিতে হইবেক তাহার স্ত্রী কিম্বা স্ত্রী হইলে তাহার স্বামী তাহাকে আশ্রয় দিলে কি গোপনে রাখিলে এই বিধি খাটে না।	ঐ	অপরাধ যে আদালতের বিচার্য্য সেই আদালতের	অপরাধের নিমিত্তে যত কাল যে প্রকারে কয়েদ হয় তাহার চতুর্থাংশ কালের অনধিক সেই প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
২৫	কোন ব্যক্তির দণ্ড না হয় কি সম্পত্তি জব্দ না হয় এই অভিপ্রায়ে সরকারী কার্য্যকারক আইনের হুকুম অমান্য করিলে।	ঐ	মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন ফৌজদারী আদালতসম্পর্কে ২ অধ্যায়ের ১০ প্রকরণের ৩, ৪, ৫ দফার সীমামতে মাজিষ্ট্রেট সাহেবের	২ বৎসরের অনধিক কোন এক প্রকারে কয়েদ কিম্বা জরীমানা কি উভয় দণ্ড।	

২৬	কোন ব্যক্তির দণ্ড না হয় কি সম্পত্তি জব্দ না হয় এই অভিপ্রায়ে সরকারী কার্য্যকারক অশুদ্ধ রিকার্ড কি লিপি করিলে।	ঐ	সেশন আদালতের ...	৩ বৎসরের অনধিক ঐ কি জরীমানা কি উভয় দণ্ড।
২৭	সরকারী কার্য্যকারক যে হুকুম কি রিপোর্ট কি বিচার কি নিষ্পত্তি আইনের বিপরীত জানেন তাহা কোন মোকদ্দমাতে করিলে কি প্রকাশ করিলে।	হাজিরজামিন লওয়া যায় না	ঐ	৭ বৎসরের অনধিক কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।
২৮	কোন ব্যক্তিকে বিচার কি কয়েদ হইবার নিমিত্তে সোপর্দ্দকরা আইন বিপরীত কর্ম্ম জানিয়াও কোন ক্ষমতাপন্ন ব্যক্তি তাহাকে সেইরূপে সোপর্দ্দ করিলে।	ঐ	ঐ	ঐ
২৯	যে সরকারী কার্য্যকারক আইনমতে অপরাধিকে গ্রেস্তার করিতে বদ্ধ হন তিনি জানিয়াশুনিয়া তাহাকে গ্রেস্তার করিতে ত্রুটি করিলে, যদি প্রাণদণ্ডের অপরাধ হয় তবে।	ঐ	ঐ	জরীমানা সহিত কি তাহা বিনা ৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ।
	যদি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কি ১৪ বৎসরপর্য্যন্ত কয়েদ হইবার দণ্ড হইতে পারে।	হাজিরজামিন লওয়া যায়	ঐ	জরীমানা সহিত কি তাহা বিনা ৩ বৎসরের অনধিক কাল ঐ।
	যদি ১৪ বৎসরের ন্যূন কালপর্য্যন্ত কয়েদ হইতে পারে।	ঐ	অপরাধ যে আদালতের বিচার্য্য সেই আদালতের	জরীমানা সহিত কি তাহা বিনা ২ বৎসরের অনধিক কাল ঐ।
৩০	যাহার উপর আদালতের দণ্ডাজ্ঞা হইয়াছে এমত ব্যক্তিকে সরকারী যে কার্য্যকারক গ্রেস্তার করিতে আইনমতে বদ্ধ হন তিনি জানিয়াশুনিয়া গ্রেস্তার করিতে ত্রুটি করিলে, যদি প্রাণদণ্ডের আজ্ঞা হয় তবে।	হাজিরজামিন লওয়া যায় না	সেশন আদালতের	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কিম্বা জরীমানা সহিত কি তাহা বিনা ১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ।
	যদি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কি ১৪ বৎসরপর্য্যন্ত কয়েদ হইবার দণ্ডাজ্ঞা হয় তবে।	ঐ	ঐ	জরীমানা সহিত কি তাহা বিনা ৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ।
	যদি ১৪ বৎসরের কম কালপর্য্যন্ত কয়েদ হইবার আজ্ঞা হয় তবে।	হাজিরজামিন লওয়া যায়	অপরাধ যে আদালতের বিচার্য্য সেই আদালতের	৩ বৎসরের অনধিক কাল ঐ কি জরীমানা কি উভয় দণ্ড।
৩১	সরকারী কার্য্যকারক অমনোযোগেতে কয়েদহইতে পলায়ন করিতে দিলে।	ঐ	মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন ফৌজদারী আদালতসম্পর্কে ২ অধ্যায়ের ১০ প্রকরণের ৩, ৪, ৫, দফার সীমামতে মাজিষ্ট্রেট সাহেবের	২ বৎসরের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।

প্রকরণ	অপরাধ।	হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	যে আদালতের বিচার্য্য	দণ্ড	যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে
৩২	কোন লোক আপনার আইনমতে গ্রেপ্তার হওন বিষয়ে বলপূর্ব্বক কি অন্য প্রকারে বাধা দিলে।	হাজিরজামিন লওয়া যায়	মাজিষ্ট্রেট সাহেবের ...	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	সংযুক্ত। ৩৩ প্রকরণ।
৩৪	অন্য লোকের আইনমতে গ্রেপ্তার করণের বলপূর্ব্বক কি অন্য প্রকারে বাধা করিলে কিম্বা তাহাকে আইনমতের হফাজৎহইতে রক্ষা করিলে।	ঐ	ঐ	ঐ	সংযুক্ত। ৩৫ প্রকরণ।
	তাহার নামে যে অপরাধের নালিশ হয় তাহার জন্যে যদি যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের দণ্ড কিম্বা ১৪ বৎসর কয়েদ হইতে পারে।	হাজিরজামিন লওয়া যায় না	সেশন আদালতের	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
	যদি প্রাণদণ্ডের অপরাধের নালিশ হয় তবে।	ঐ	ঐ	৭ বৎসরের অনধিক ঐ ও জরীমানা।	
	যদি ঐ লোকের যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণের কিম্বা ১৪ বৎসরের কি তাহার অধিক কাল দ্বীপান্তর প্রেরণের কি খাটিবার কি কয়েদ হইবার দণ্ডাজ্ঞা হয় তবে।	ঐ	ঐ	৭ বৎসরের অনধিক ঐ ও জরীমানা।	
	যদি প্রাণদণ্ডের আজ্ঞা হয় তবে।	ঐ	ঐ	১৪ বৎসরের অনধিক ঐ ও জরীমানা।	
৩৬	দ্বীপান্তরহইতে বেআইনীমতে প্রত্যাগমন করিলে।	ঐ	ঐ . .	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ। জরীমানাও হইতে পারে ও দ্বীপান্তর প্রেরণের পূর্ব্বে ৩ বৎসরের অনধিক কাল কঠিনরূপে কয়েদ।	
৩৭	দেশ বহিস্কৃত হইয়া বেআইনীমতে প্রত্যাগমন করিলে	ঐ	ঐ	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কিম্বা ৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ জরীমানাও হইতে পারে। যদি কয়েদ হইবার আজ্ঞা হয় তবে তাহার পরে যাবজ্জীবন দেশবহিস্কৃত হইতে পারে।	
৩৮	দণ্ড ক্ষমা হইবার নিয়ম লঙ্ঘন করিলে।	ঐ	ঐ	প্রথম দণ্ডাজ্ঞামতে দণ্ড, কিম্বা যদি ঐ দণ্ডের এক অংশ ভোগ হইয়াছে তবে তাহার অবশিষ্ট কাল।	
৩৯	মোকদ্দমার বিচার হইবার কোন কালে উপবিষ্ট সরকারী কার্য্যকারকের অনাদর করিলে কি বাধা দিলে।	হাজিরজামিন লওয়া যায়।	মাজিষ্ট্রেট সাহেবের	৬ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা ১০০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	সংযুক্ত। ৪০ প্রকরণ।
৪১	জুরির কোন ব্যক্তির কি আসেসরের মত আপনাকে দেখাইলে।	ঐ	ঐ	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	

৩	মুদ্রা কৃত্রিম করিলে কি কৃত্রিম করিবার কোন কর্ম্ম করিলে।	হাজির জামিন লওয়া যায় না	সেশন আদালতের ...	... ৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।
৪	মহারাণীর কি কোম্পানির মুদ্রা কৃত্রিম করিলে কি কৃত্রিম করিবার কোন কর্ম্ম করিলে।	ঐ	ঐ ...	... যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কিম্বা ১০ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।
৫	মুদ্রা কৃত্রিম করিবার যন্ত্র গড়িলে কি ক্রয় কি বিক্রয় করিলে।	ঐ	ঐ ...	... ৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।
৬	মহারাণীর কি কোম্পানির মুদ্রা কৃত্রিম করিবার যন্ত্র গড়িলে কি ক্রয় কি বিক্রয় করিলে।	ঐ	ঐ .	... ৭ বৎসরের অনধিক কাল ঐ। জরীমানাও হইতে পারে।
৭	মুদ্রা কৃত্রিম করিবার যন্ত্র কি তাহা লইয়া কার্য্য করিবার সরঞ্জাম নিকটে থাকিলে।	ঐ	ঐ ...	.. ৩ বৎসরের অনধিক কাল ঐ। জরীমানাও হইতে পারে।
	সেই মুদ্রা মহারাণীর কি কোম্পানির হইলে।	ঐ	ঐ	.. ৭ বৎসরের অনধিক কাল ঐ ও জরীমানা।
৮	ভারতবর্ষের বাহিরে মহারাণীর কি কোম্পানির মুদ্রা কৃত্রিম করিবার সহায়তা ভারতবর্ষের মধ্যে করিলে।	ঐ	ঐ ...	... ৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।
৯	মুদ্রা কৃত্রিম জানিয়া তাহা আমদানী কি রপ্তানী করিলে	ঐ	ঐ ...	... ৩ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারে।
১০	মহারাণীর কি কোম্পানির মুদ্রা কৃত্রিম জানিয়া তাহা আমদানী কি রপ্তানী করিলে।	ঐ	ঐ ...	.. ৭ বৎসরের অনধিক ঐ। ও জরীমানা।
১১	মুদ্রা যে সময়ে পাওয়া যায় সেই সময়ে তাহা কৃত্রিম জানিয়া নিকটে রাখিলে ও কোন ব্যক্তিকে দিলে।	ঐ	ঐ ...	.. ৩ বৎসরের অনধিক ঐ। ও জরীমানা।
	তাহা অকৃত্রিম বলিয়া দিলে।	ঐ	ঐ ...	... ৫ বৎসরের অনধিক ঐ ও জরীমানা।
১২	মহারাণীর কি কোম্পানির মুদ্রা লইয়া ঐ।	ঐ	ঐ ..	... কৃত্রিম মুদ্রা অন্যকে দেওয়া গেলে ৫ বৎসরের অনধিক ঐ ও জরীমানা। অকৃত্রিম বলিয়া দেওয়া গেলে ১০ বৎসরের অনধিক ঐ ও জরীমানা।
১৩	কোন লোক যে সময়ে মুদ্রা পায় সেই সময়ে তাহা কৃত্রিম না জানিয়া পরে কৃত্রিম জানিয়া তাহা অকৃত্রিম বলিয়া অন্যকে জানিয়াশুনিয়া দিলে।	ঐ	মাজিষ্ট্রেট সাহেবের ...	... ২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা কৃত্রিমকরা মুদ্রার মূল্যের দশগুণ জরীমানা কি উভয় দণ্ড।

[*Government Gazette, 24th July,* 1857.]

১ প্রকরণ	২ অপরাধ	হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে
১৪	কোন লোক যে সময়ে মুদ্রা পায় সেই সময়ে তাহা কৃত্রিম জানিলেও ঐ কৃত্রিম মুদ্রা রাখিলে।	হাজিরজামিন লওয়া যায় না	সেশন আদালতের	৩ বৎসরের অনধিক কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারিবেক।	
১৫	কোন লোক মহারাণীর কি কোম্পানির মুদ্রা যে সময়ে পায় সেই সময়ে তাহা কৃত্রিম জানিয়াও কাছে রাখিলে।	ঐ	ঐ	৭ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারিবেক।	
১৬	টাকশালের কর্ম্মকারকেরা আইনমতে টাকার যে ওজন হইতে হয় ও যেং বিষয় দিয়া প্রস্তুত করিতে হয় তাহাছাড়া অন্যরূপে করিলে।	ঐ	ঐ	৭ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারে।	
১৭	মুদ্রা প্রস্তুত করিবার কোন যন্ত্র বেআইনীমতে টাকশাল হইতে লইলে।	ঐ	ঐ	ঐ	
১৮	প্রতারণা করিয়া কোন মুদ্রার ওজন কম করিলে কিম্বা যেং বিষয় দিয়া মুদ্রা করা যায় তাহা পরিবর্ত্তন করিলে।	ঐ ..	ঐ	৩ বৎসরের অনধিক কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
১৯	প্রতারণা করিয়া মহারাণীর কি কোম্পানির মুদ্রার ওজন কম করিলে কিম্বা যেং বিষয় দিয়া মুদ্রা প্রস্তুত হয় তাহা পরিবর্ত্তন করিলে।	ঐ	ঐ	৭ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারে।	
২০	কোন মুদ্রা অন্য প্রকারের মুদ্রা বলিয়া চলে এই নিমিত্তে মুদ্রার রূপ পরিবর্ত্তন করিলে।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারে।	
২১	মহারাণীর কি কোম্পানির কোন মুদ্রা অন্য প্রকারের মুদ্রা বলিয়া চলে এই নিমিত্তে মুদ্রার রূপ পরিবর্ত্তন করিলে।	ঐ	ঐ	৭ বৎসরের অনধিক ঐ ও জরীমান।	
২২	মুদ্রার রূপাদির পরিবর্ত্ত হইয়াছে এই জ্ঞানে সেই মুদ্রা পাইয়া অন্যকে দিলে।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক ঐ ও জরীমানা।	
	তাহা অকৃত্রিম বলিয়া কিম্বা অন্য প্রকারের মুদ্রা বলিয়া দিলে।	ঐ	ঐ	৫ বৎসরের অনধিক ঐ ও জরীমানা।	

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৪ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মার্শমেন সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 28, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২৮ জুলাই।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 18TH JULY, 1857.

THE following Bill was read a second time in the Legislative Council on the 18th July 1857, and was referred to a Select Committee who are to report thereon (under suspension of the Standing Orders) on the 25th Idem :—

A Bill to authorize the levy of Port-dues and Fees at the present rates for a further period of twelve months.

[Preamble.]

WHEREAS the period during which the dues and fees now usually collected at the several Ports within the territories in the possession and under the Government of the East India Company may be collected at such Ports respectively, as fixed by Act XVI. of 1856, will expire on the 13th of August 1857, and it is expedient to extend that period :—

[Continuance of existing Port-dues and fees for twelve months.]

It is hereby enacted that the dues and fees now usually collected at the several Ports within the said territories, may be collected at such Ports during the period of twelve months from the 13th of August 1857.

W. MORGAN,
Clerk of the Council.

আইনের মুসাবিদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১৮ জুলাই।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ১৮ জুলাই তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। স্থিরতর বিধি স্থগিত হইয়া তাঁহারদের সেই বিষয়ের রিপোর্ট ঐ মাসের ২৫ তারিখে করিতে হইবেক।

বন্দরের মাসুল ও রসুম এইক্ষণে যে হিসাবে লওয়া যাইতেছে সেই হিসাবে আর বারো মাসপর্য্যন্ত লইবার ক্ষমতা দিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

কোম্পানি বাহাদুরের অধিকৃত ও শাসিত দেশের নানা বন্দরে মাসুল ও রসুম এইক্ষণে যে হিসাবে আদায় হইয়া থাকে, তাহা সেই২ বন্দরে আদায় করিবার যে কাল ১৮৫৬ সালের ১৬ আইনমতে নির্দ্ধার্য্য হইয়াছিল সেই কাল ১৮৫৭ সালের ১৩ আগষ্ট তারিখে উত্তীর্ণ হইবেক, ও সেই কাল বৃদ্ধি করা বিহিত।

[এইক্ষণে বন্দরের যে মাসুল ও রসুম লওয়া যায় তাহা বারো মাসপর্য্যন্ত চলনের কথা।]

ইহাতে হুকুম হইল যে, উক্ত দেশের অন্তঃপাতি নানা বন্দরে যে২ মাসুল ও রসুম এইক্ষণে আদায় হইয়া থাকে তাহা ১৮৫৭ সালের ১৩ আগষ্ট তারিখঅবধি বারো মাসপর্য্যন্ত সেই২ বন্দরে আদায় হয় ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 12.

To the Magistrates in the Lower Provinces.

With a view to the more effectual enforcement of the provisions of Act XVI. of 1850, the Court, following the course which has recently been adopted in the North-Western Provinces, are pleased to direct that a Register, in the form appended to this Circular, be introduced and kept up in the offices of the Magistrates subordinate to them, in which all fines imposed under the enactment above cited will be entered as soon as the order imposing the fine is passed.

2nd. This Register will show the number of the case, the name and residence of the party fined, the amount of fine, the name and residence of the party for whose benefit the fine may have been imposed and the steps taken to recover the amount. When the whole amount of the fine has been recovered, or the case is struck off by reason of the death of the party fined, or because of its appearing that the fine is hopelessly irrecoverable, an entry to that effect in red ink will be made in the last column of the Register.

3rd. As it not unfrequently happens that the amount of the fine cannot be realized at the time of the sentence, it is considered that a Register of the description now ordered to be introduced will prevent the award of fine from being lost sight of, and ensure a continued search after the property of the party fined, which may eventually lead to the recovery of the entire sum.

4th. An Abstract of the Register showing the items still unrealized, with explanations of the causes of delay on recovering the amount, will be submitted to the Court, with the Magistrate's annual criminal report.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 29th April, 1857.

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

১২ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

১২ ধারা। যদি সেইরূপ কোন কোম্পানির ডৈরেক-টরেরা এই আইনের বিধান না মানিয়া, কিম্বা ঐ কো-ম্পানি আপনার কর্জ্জ শোধ করিতে অক্ষম ইহা জানিয়া, কোন ডিবিডেণ্ড প্রকাশ করেন ও দেন, কিম্বা যে ডিবিডেণ্ড দিলে ঐ কোম্পানি কর্জ্জ শোধ করিতে অক্ষম হইবেন ইহা জানিয়া তদ্রূপ কোন ডিবিডেণ্ড প্রকাশ করেন কি দেন, তবে তাঁহারা কোম্পানির তৎকালের সকল কর্জ্জের নিমিত্তে ও তাহার পর যত কর্জ্জ হয় তাহার নিমিত্তে তাঁহারা একত্রে ও স্বতন্ত্রে অর্থাৎ যিনি যত কাল পদস্থ থাকেন তিনি তত কাল দায়ী হইবেন। পরন্তু ঐরূপ ডিবিডেণ্ডের সর্ব্বসুদ্ধ যত টাকা হয় তাহার অধিক টাকার জন্যে তাঁহারা সকলে সেই প্রকারে দায়ী হইবেন না, আর সেই এক কি অনেক ডিবিডেণ্ড করি-বার সময়ে যদি ডৈরেক্টরেরদের কোন২ ব্যক্তি উপ-স্থিত ছিলেন না, কিম্বা যদি যদি উপস্থিত থাকিয়া ও

their objection in writing with the Clark of the Company and shall forthwith publish notice of such objection in the Official *Gazette* or in some Newspaper circulating in the place in which the registered Office of the Company is situate, they shall be exempted from the said liability.

[Issue of shares by Company.]

XIII. As soon as a certificate of incorporation has been granted by the Registrar of Joint-Stock Companies, the Company may issue certificates of shares to the subscribers to the Memorandum of Association, and to all other persons to whom shares may be allotted, of such number and amount as may be prescribed by the Memorandum of Association, but not of any greater number or amount: the shares so issued shall be personal estate, and shall not be of the nature of real estate, and each share shall be distinguished by its appropriate number.

Register of Shareholders.

[Register of shareholders.]

XIV. Every Company registered under this Act, hereinafter referred to as "the Company," shall cause to be kept in one or more books a Register of shareholders, and there shall be entered therein the following particulars:—

(1.) The names, addresses, and occupations, if any, of the shareholders in the Company, and the shares held by each of them, distinguishing each share by its number;

(2.) The amount paid on the shares of each shareholder;

(3.) The date at which the name of any person was entered in the Register as a shareholder;

(4.) The date at which any person ceased to be a shareholder in respect of any share.

[Annual list of shareholders on Register.]

XV. Once at the least in every year a list shall be made of all persons who, on the fourteenth day succeeding the day on which the ordinary general meeting of the Company, or, if there is more than one ordinary meeting in each year, the first of such ordinary general meetings is held, are holders of shares in the Company; and such list shall state the names, addresses, and occupations of all the persons therein mentioned, and the number of shares held by each of them, and shall contain a summary specifying the following particulars:—

(1.) The amount of the nominal Capital of the Company, and the number of shares into which it is divided;

(2.) The number of shares taken from the commencement of the Company up to the date of the summary;

(3.) The amount of calls made on each share;

(4.) The total amount of calls that have been received;

(5.) The total amount of calls unpaid;

[*Government Gazette, 4th August*, 1857.]

আপত্তি করিয়া আপনারদের আপত্তি লিখিয়া কোম্পানির ক্লার্কের নিকটে দাখিল করেন ও অগৌণে সেই আপত্তির সম্বাদ সরকারী গেজেটে, কিম্বা কোম্পানির রেজিষ্টরীকরা দপ্তরখানা যে স্থানে থাকে সেই স্থানের প্রচলিত কোন সম্বাদপত্রে প্রকাশ করেন, তবে সেই২ ব্যক্তি উক্ত দায়হইতে মুক্ত হইবেন ইতি।

[কোম্পানির শ্যার বাহির করণ।]

১৩ ধারা। আইনের উক্ত কোম্পানির রেজিষ্ট্রার কোন কোম্পানির চার্টরপ্রাপ্ত হইবার সর্টিফিকট দিলে পরেই, সামাজিক পত্রেতে যত টাকার যত শ্যার লেখা থাকে ঐ কোম্পানির তত টাকার তত শ্যারের সর্টিফিকট যাঁহারা ঐ সামাজিক পত্রেতে নাম সহী করিয়াছিলেন তাঁহারদিগকে ও অন্য যে সকল ব্যক্তিকে শ্যার দেওয়া যায় তাঁহারদিগকে দিবেন, কিন্তু তাহার অধিক সংখ্যার কি তাহার অধিক টাকার শ্যার বাহির করিবেন না। সেই প্রকারে যে সকল শ্যার বাহির হয় তাহা অস্থাবর সম্পত্তি হইবেক ও স্থাবর সম্পত্তির ন্যায় হইবেক না। এক২ শ্যারের বিশেষ এক২ নম্বর থাকিবেক ইতি।

অংশিরদিগকে রেজিষ্টরী করণ।

[অংশিরদিগকে রেজিষ্টরী করণ।]

১৪ ধারা। এই আইনমতে রেজিষ্টরীকরা ও পরে "ঐ কোম্পনি" বলিয়া উল্লেখকরা প্রত্যেক কোম্পানি অংশিরদের রেজিষ্টর এক কি অধিক বহী করিয়া রাখিবেন ও তাহাতে এই২ বিশেষ কথা লেখা থাকিবেক। অর্থাৎ

(১।) ঐ কোম্পানির অংশিরদের নাম ও খ্যাতিপ্রভৃতি ও তাঁহারদের কোন ব্যবসায় থাকিলে তাহা, ও প্রত্যেক জনের যত শ্যার আছে, তাহা। প্রত্যেক শ্যারের নম্বর লিখিয়া তাহা নির্দ্দিষ্ট করা যাইবেক।

(২।) প্রত্যেক অংশির যত শ্যার আছে তাহার উপর যত টাকা দেওয়া গিয়াছে।

(৩।) কোন ব্যক্তির নাম অংশী বলিয়া যে তারিখে রেজিষ্টরে লেখা যায়।

(৪।) কোন শ্যারসম্পর্কে কোন ব্যক্তির অংশি হওয়া যে তারিখে রহিত হইল।

[রেজিষ্টরে লেখা অংশিরদের বার্ষিক ফর্দ্দ।]

১৫ ধারা। ঐ কোম্পানির নিয়মিত সাধারণ বৈঠক যে দিনে হয় তাহার পর চৌদ্দ দিনের দিনে, কিম্বা যদি বৎসরে২ একের অধিক নিয়মিত বৈঠক হয় তবে ঐ প্রকার নিয়মিত সাধারণ বৈঠক প্রথমবার যে দিনে হয় তাহার পর চৌদ্দ দিনের দিনে, যে সকল লোক ঐ কোম্পানির অংশী হন তাঁহারদের নামের এক ফর্দ্দ প্রতিবৎসরে অতিন্যূন একবার করা যাইবেক। আর সেই ফর্দ্দের লিখিত সকল ব্যক্তির নাম ও খ্যাতি ও ব্যবসায়াদি ও প্রত্যেক জনের যত শ্যার আছে তাহা সেই ফর্দ্দে লেখা থাকিবেক। আর এই২ বেওরাঘটিত সার কথা তাহাতে থাকিবেক বিশেষতঃ

১। ঐ কোম্পানির যত মূলধন ব্যক্ত আছে ও তাহার যত শ্যার করা গিয়াছে তাহা।

২। ঐ কোম্পানির আরম্ভঅবধি ঐ সার কথা লিখিবার তারিখপর্য্যন্ত যত শ্যার লওয়া গিয়াছে তাহা।

৩। এক২ শ্যারের উপর যত টাকা দিবার আদেশ হইয়াছে তাহা।

৪। সেই রূপের আদেশকরা যত টাকা পাওয়া গিয়াছে তাহা।

৫। সেই রূপের আদেশকরা যত টাকা পাওয়া যায় নাই তাহা।

(6.) The total amount of shares forfeited.

The above list and summary shall be contained in a separate part of the Register, and shall be in the form marked E in the Schedule hereto, or as near thereto as circumstances admit; such list and summary shall be completed within seven days after such fourteenth day as is mentioned in this Section, and a copy thereof, authenticated by the Seal of the Company, shall forthwith be forwarded to the Registrar; and any person may inspect and take copies of the same, subject to the regulations under which a person is hereinafter declared to be entitled to inspect and take copies of any documents kept by the Registrar.

৬। যে সকল শ্যার রহিত হইয়াছে তাহার সর্ব্ব-সুদ্ধ যত টাকা হয়।

উক্ত ফর্দ্দ ও সার কথা রেজিষ্টরী বহীর স্বতন্ত্র ভাগে লেখা থাকিবেক। তাহা এই আইনের তফসীলের E চিহ্নের পাঠে কিম্বা বিষয় বুঝিয়া যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত তাহার মতে লেখা যাইবেক। এই ধারার মধ্যে যে চৌদ্দ দিনের দিন উল্লেখ হইয়াছে তাহার পর সাত দিনের মধ্যে ঐ ফর্দ্দ ও সার কথা লিখিয়া সাঙ্গ করিতে হইবেক, ও কোম্পানির মোহরে সাব্যস্ত-করা তাহার এক নকল অগৌণে রেজিষ্ট্রারের নিকটে পাঠান যাইবেক। আর পশ্চাৎ লিখিত যে বিধিতে কোন ব্যক্তিকে রেজিষ্ট্রারের নিকটে থাকা কোন দলীল দেখিতে ও তাহার নকল লইতে ক্ষমতাপন্ন প্রকাশ হইল সেই বিধানমতে কোন ব্যক্তি ঐ ফর্দ্দ ও সার কথা দেখিতে ও তাহার নকল লইতে পারিবেন ইতি।

[Penalty on Company not keeping a proper Register.]

XVI. If any Company registered under this Act makes default in keeping a Register of shareholders, or in sending a copy of such list and summary as aforesaid to the Registrar, in compliance with the foregoing rules, such Company shall incur a penalty not exceeding fifty Rupees for every day during which such default continues.

[কোম্পানি উপযুক্ত রেজিষ্টর না রাখিলে তাঁহার দণ্ড।]

১৬ ধারা। এই আইনমতে রেজিষ্টরীকরা কোন কোম্পানি যদি অংশিরদের রেজিষ্টরী বহী রাখিবার, কিম্বা পূর্ব্বোক্ত বিধির অনুসারে রেজিষ্ট্রারের নিকটে পূর্ব্বোক্ত প্রকারের ফর্দ্দ ও সার কথার নকল পাঠাইবার কার্য্যেতে ত্রুটি করেন, তবে যত দিনপর্য্যন্ত সেইরূপ ত্রুটি হইয়া থাকে তাহার প্রতিদিনের নিমিত্তে ঐ কোম্পানি ৫০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

[Restrictive definition of shareholder.]

XVII. No notice of any trust, express or implied or constructive, shall be entered on the Register or be receivable by the Company; and every person who has accepted any share in a Company registered under this Act, and whose name is entered in the Register of shareholders, and no other person (except a subscriber to the Memorandum of Association in respect of the shares subscribed for by him,) shall, for the purposes of this Act, be deemed to be a shareholder.

[অংশী এই শব্দের সীমা নির্দ্ধারিত অর্থ।]

১৭ ধারা। কোন ট্রুষ্ট সপষ্টরূপে কি ভাবে কি কথার অর্থক্রমে ব্যক্ত হউক তাহার কোন কথা কোন রেজিষ্টরী বহীতে লেখা যাইবেক না কিম্বা ঐ কোম্পানিতে গ্রাহ্য হইবেক না। আর (যে জন আপনার লওয়া যত শ্যারের নিমিত্তে সামাজিক পত্রেতে নাম লিখিয়া থাকেন তিনি ছাড়া) এই আইনমতে রেজিষ্টরীকরা কোন কোম্পানিতে যে কেহ কোন শ্যার লন ও অংশিরদের রেজিষ্টরে যাঁহার নাম লেখা গিয়াছে তিনি এই আইনের অভিপ্রায়ে অংশী জ্ঞান হইবেন, অন্য কেহ নহে।

[Transfer of shares.]

XVIII. The transfer of any share in the Company shall be in the form marked F in the Schedule hereto, or to the like effect, and shall be executed both by the transferror and transferree; the transferror shall be deemed to remain a holder of such share until the name of the transferree is entered in the Register-book in respect thereof.

[শ্যার হস্তান্তর করণ।]

১৮ ধারা। ঐ কোম্পানির কোন শ্যার হস্তান্তর করা গেলে তাহা এই আইনের তফসীলের F চিহ্নের পাঠে কি তাহার মর্ম্মমতে হইবেক। যিনি হস্তান্তর করেন ও যাঁহাকে হস্তান্তর করিয়া দেওয়া যায় সেই দুই জনের তাহাতে দস্তখৎ থাকিবেক। যাঁহাকে হস্তান্তর করিয়া দেওয়া যায় তাঁহার নাম সেই শ্যারের সম্পর্কে যেপর্য্যন্ত রেজিষ্টরী বহীতে না লেখা যায় সেইপর্য্যন্ত যে জন হস্তান্তর করেন তিনি ঐ শ্যারসম্পর্কে অংশী হইয়া আছেন এইমত জ্ঞান হইবেক ইতি।

[Certificate of shares.]

XIX. A certificate, under the common seal of the Company, specifying any share or shares held by any shareholder, shall be *primâ facie* evidence of the title of the shareholder to the share or shares therein specified.

[শ্যারের সর্টিফিকট।]

১৯ ধারা। কোম্পানির সাধারণ মোহরকরা যে সর্টিফিকটের মধ্যে কোন অংশির লওয়া কোন এক কি কতক শ্যার নির্দ্দিষ্ট থাকে, সেই সর্টিফিকট তাহার নির্দ্দিষ্ট এক কি কতক শ্যারের সম্পর্কে ঐ অংশির স্বত্বের আদিসৃষ্টে প্রমাণ হইবেক ইতি।

[Calls a debt to Company.]

XX. The amount of calls, for the time being unpaid on any share, shall be deemed to be a debt due from the holder of such share to the Company.

[যে টাকা দিবার আদেশ হইয়াছে তাহা কোম্পানির পাওনা।]

২০ ধারা। শ্যারের উপর টাকা দিবার আদেশ হইলে, কোন শ্যারের উপর ঐ আদেশকরা টাকা যত কাল না দেওয়া যায় তত কাল ঐ টাকা ঐ অংশির স্থানে কোম্পানির পাওনা জ্ঞান হইবেক ইতি।

[Inspection of Register and annual list of shareholders.]

XXI. The Register and annual list of shareholders commencing from the incorporation of the Company, shall be kept at the registered Office of the Company hereinafter mentioned; except when the Register is closed as hereinafter mentioned, such Register and annual list shall, during business hours, but subject to such reasonable restrictions as the Company in general meeting may impose, so that not less than two hours in each day be appointed for inspection, be opened to the inspection of any shareholder gratis, and to the inspection of any other person on the payment of one Rupee, or such less sum as the Company may prescribe for each inspection; and every such shareholder or other person may require a copy of such Register and annual list, or of any part thereof, on payment of two annas for every one hundred words required to be copied; if such inspection or copy is refused, the Company shall incur for each refusal a penalty not exceeding Fifty Rupees, and a further penalty not exceeding Twenty Rupees for every day during which such refusal continues.

[অংশিরদের রেজিষ্টর ও বার্ষিক ফর্দ দেখিয়া লইবার কথা।]

২১ ধারা। কোম্পানির চার্টরপ্রাপ্ত হইবার কাল-অবধি আরম্ভ করিয়া অংশিরদের রেজিষ্টর ও বার্ষিক ফর্দ ঐ কোম্পানির রেজিষ্টরীকরা যে দফ্তরখানা পরে ব্যক্ত হইবেক সেই দফ্তরখানায় রাখা যাইবেক। আর ইহার পরে যেরূপে লেখা হইয়াছে সেইরূপে ঐ রেজিষ্টর বন্দ না হইলে, কোন অংশী কর্ম্ম হইবার সকল সময়ে টাকা না দিয়া ঐ রেজিষ্টর ও বার্ষিক ফর্দ দেখিতে পারিবেন, আর অন্য কোন ব্যক্তি এক টাকা কিম্বা ঐ কোম্পানি রেজিষ্টরপ্রভৃতি এক২ বার দেখিবার জন্যে এক টাকার কম যত নির্দ্দিষ্ট করেন তত দিলে দেখিতে পারিবেন। কিন্তু ঐ কোম্পানি সাধারণ বৈঠকে উপযুক্ত যে কোন বিধি করিয়া থাকিবেন সেই বিধিমতে তাহা দেখিতে পারিবেন, কেবল দেখিবার জন্যে প্রতিদিন দুই ঘণ্টার কম নিরূপণ না হয়। আর সেই প্রকারের প্রত্যেক অংশী কিম্বা অন্য ব্যক্তি যদি কোন কথার নকল চাহেন তবে যত কথার নকল করিতে হইবেক তাহার এক২ শত কথার নিমিত্তে দুই আনা দিয়া ঐ রেজিষ্টরের ও বার্ষিক ফর্দ্দের কি তাহার কোন ভাগের নকল চাহিতে পারিবেন। যদি সেই প্রকারে দেখিবার কি নকল করিবার অনুমতি না দেওয়া যায় তবে সেই কোম্পানি যতবার অনুমতি না দেন ততবার পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন, ও যত দিন সেই প্রকারের অনুমতি না দিয়া থা'কেন তাহার দিনপ্রতি কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেন ইতি।

[Power to close Register.]

XXII. The Company may, upon giving notice by advertisement in some newspaper circulating in that part of the said territories in which the registered Office of the Company is situate, close the Register of shareholders for any time or times not exceeding on the whole twenty-one days in each year; and the period, during which the books are closed, shall not be reckoned as part of the time within which a transfer is to be registered.

[রেজিষ্টর বন্দ রাখিবার ক্ষমতা।]

২২ ধারা। ঐ কোম্পানির রেজিষ্টরীকরা দফ্তরখানা উক্ত দেশের যে স্থানে থাকে সেই স্থানে যে কোন সম্বাদপত্র চলে তাহাতে ঐ কোম্পানি ইশ্তিহার দিয়া কিছু কালের নিমিত্তে অংশিরদের রেজিষ্টর বন্দ রাখিতে পারিবেন, কিন্তু এক২ বৎসরে সর্ব্বসুদ্ধ একুশ দিনের অধিক কাল বন্দ রাখিবেন না। আর যত কাল ঐ রেজিষ্টরী বহী বন্দ থাকে তত কাল হস্তান্তরকরা শ্যার রেজিষ্টরী করিবার কালের মধ্যে গণ্য হইবেক না ইতি।

[Remedy for improper entry, or omission of entry in Register.]

XXIII. If the name of any person is without sufficient cause entered or omitted to be entered in the Register of shareholders of any Company, such person, or any shareholder of the Company, may, by petition to the principal Court of original Civil jurisdiction in the district or place in which the registered Office of the Company is situate, apply to such Court for an order that the Register may be rectified; and the Court may either refuse such application, with or without costs to be paid by the applicant, or it may, if satisfied of the justice of the case, make an order for the rectification of the Register, and may direct the Company to pay all the costs of such motion or petition, and any damages the party aggrieved may have sustained; and if the Company makes default or is guilty of unnecessary delay in registering any transfer of shares, they shall be responsible to any person injured by such default or delay for the amount of damage he may thereby have sustained.

[রেজিষ্টরী বহীতে অনুচিতমতে কথা লিখিবার কি উচিত কথা না লিখিবার প্রতিকার।]

২৩ ধারা। যদি উপযুক্ত কারণ না থাকিলেও কোন কোম্পানির অংশিরদের রেজিষ্টরী বহীতে কোন ব্যক্তির নাম লেখা গিয়া থাকে, কিম্বা লেখা না গিয়া থাকে, তবে সেই ব্যক্তি কি ঐ কোম্পানির কোন অংশী ঐ কোম্পানির রেজিষ্টরীকরা দফ্তরখানা যে জিলাতে কি স্থানে থাকে তাহাতে দেওয়ানী মোকদ্দমা প্রথমে শুনিবার যে প্রধান আদালত থাকে সেই আদালতে দরখাস্ত করিয়া প্রার্থনা করিতে পারিবেন যে ঐ রেজিষ্টর সংশোধন করিবার হুকুম হয়। আর সেই আদালত ঐ দরখাস্ত অগ্রাহ্য করিতে পারিবেন ও দরখাস্তকারির খরচ দিতে কি না দিতে আজ্ঞা করিতে পারিবেন. কিম্বা যদি আদালতের হৃদ্বোধমতে ঐ বিষয় ন্যায্য হয় তবে ঐ রেজিষ্টর শোধন করিবার হুকুম করিতে পারিবেন, ও সেই প্রার্থনার কি দরখাস্তের সকল খরচ আর অন্যায়গ্রস্ত ব্যক্তির যে কোন ক্ষতি হইয়া থাকে তাহা ঐ কোম্পানির দিতে আজ্ঞা করিতে পারিবেন। আর যদি ঐ কোম্পানি কোন শ্যারের হস্তান্তর হইবার কথা রেজিষ্টরী করিতে ত্রুটি করেন কিম্বা অনাবশ্যকমতে বিলম্ব করিবার দোষী হন, তবে সেই ত্রুটি কি বিলম্বেতে যে কোন ব্যক্তির ক্ষতি হয় তাঁহার যত টাকার ক্ষতি হইয়াছে তত টাকাপর্য্যন্ত ঐ কোম্পানি তাঁহার নিকটে দায়ী হইবেন ইতি

[*Government Gazette*, 4th *August*, 1857.]

[Register to be evidence.]

XXIV. The Register of shareholders shall be *primâ facie* evidence of any matters by this Act directed or authorized to be inserted therein.

[Copies of Memorandum and Articles of Association to be forwarded to shareholders.]

XXV. Copies of the Memorandum of Association and Articles of Association shall be forwarded by the Company to every shareholder, at his request, on payment of the sum of one Rupee for each copy, or such less sum as may be prescribed by the Company.

[To be continued.]

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 25TH JULY, 1857.

THE following Bill, as amended by the Select Committee, to whom it was referred, is hereby published for general information :—

A Bill to render Officers and Soldiers in the Native Army liable to forfeiture of property for mutiny, and to provide for the adjudication and recovery of forfeitures of property in certain cases.

[Preamble.]

WHEREAS it is expedient to render Officers and Soldiers in the Native Army, who shall be convicted of mutiny, subject to the forfeiture of all their property, and to provide for the adjudication and recovery of forfeitures in certain cases; It is enacted as follows :—

[Forfeiture of property on conviction of mutiny.]

I. Every Officer and Soldier or other person subject to the Articles of War for the Native Army, who shall be convicted of mutiny, shall forfeit all his property of every description.

[Adjudication of forfeiture in case of death or escape of offender before conviction of an offence for which property is liable to be forfeited.]

II. If any person who shall have committed treason or any offence for which, by this Act or Act XI. of 1857, or Act XIV. of 1857 or Act XVI. of 1857, his property is declared to be forfeited, shall have been killed, or shall have died, or shall have escaped out of the territories of the East India Company, before he shall have been convicted of the offence, or shall keep out of the way for the purpose of avoiding trial, any Court or other authority which might have tried such offender, if he could have been brought to trial, shall, upon the application of the Magistrate or other Officer authorised by Government to make such application, hold an enquiry; and on proof that the person charged with having committed the offence was guilty

[রেজিষ্টর প্রমাণস্বরূপ হইবেক ।]

২৪ ধারা । অংশিরদের রেজিষ্টরের মধ্যে এই আইনেতে যে কোন কথা লিখিবার আজ্ঞা কি অনুমতি হইয়াছে সেই রেজিষ্টর ঐ কথার আদিমূলে প্রমাণ হইবেক ইতি ।

[সামাজিক পত্রের ও সমাজের নিয়মপত্রের নকল অংশিরদের নিকটে পাঠাইতে হইবেক ।]

২৫ ধারা । কোন অংশী চাহিলে ঐ কোম্পানি সামাজিক পত্রের ও সমাজের নিয়মপত্রের নকল তাঁহার নিকটে পাঠাইবেন । এক২ কেতা নকলের নিমিত্তে ঐ অংশী এক টাকা দিবেন, কিম্বা কোম্পানি এক টাকার কম যত নির্দ্ধার্য্য করেন তাহা দিবেন ইতি ।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক ।]

আইনের মুসাবিদা ।

ব্যবস্থাপক কৌন্সেল ।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২৫ জুলাই ।

আইনের নীচের লিখিত মুসাবিদা বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়া, তাঁহারা যেমন সংশোধন করিয়াছেন তেমনি ইহাতে সকল লোককে জানাইবার জন্যে প্রকাশ হইতেছে ।

এদেশীয় পল্টনের জমাদারেরা ও সিপাহীরা রাজবিদ্রোহী হইলে তাহারদের সম্পত্তি জব্দ হইবার যোগ্য করিবার, ও কোন২ স্থলে তাহারদের সম্পত্তি জব্দ হইবার আজ্ঞা করিবার ও তাহা ফিরিয়া পাইবার বিধান করিবার আইনের মুসাবিদা ।

[হেতুবাদ ।]

এদেশীয় পল্টনের যে জমাদারেরদের ও সিপাহীরদের রাজবিদ্রোহিতা দোষ সাব্যস্ত হয় তাহারদের সকল সম্পত্তি জব্দ হইবার যোগ্য করা বিহিত, ও কোন২ স্থলে তাহারদের সম্পত্তি জব্দ হইবার আজ্ঞা করিবার ও তাহা ফিরিয়া পাইবার বিধান করা বিহিত । এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল ।

[রাজবিদ্রোহিতা দোষ সাব্যস্ত হইলে সম্পত্তি জব্দ হইবার কথা ।]

১ ধারা । এদেশীয় পল্টনের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় যে আইন হইয়াছে তাহার অধীন যে কোন জমাদারের কি সিপাহীর কি অন্য ব্যক্তির রাজবিদ্রোহিতা দোষ সাব্যস্ত হয়, তাহার সর্ব্বপ্রকারের সকল সম্পত্তি জব্দ হইবেক ইতি ।

[যে অপরাধ হইলে সম্পত্তি জব্দ হইবার যোগ্য হয় এমত অপরাধ সাব্যস্ত হইবার পূর্ব্বে অপরাধী মরিলে কি পলায়ন করিলে তাহার সম্পত্তি জব্দ হইবার আজ্ঞা করিবার কথা ।]

২ ধারা । যদি কোন ব্যক্তি রাজবিদ্রোহিতা করিয়া থাকে, কিম্বা যে কোন অপরাধপ্রযুক্ত এই আইন কি ১৮৫৭ সালের ১১ আইন কি ১৮৫৭ সালের ১৪ আইন কি ১৮৫৭ সালের ১৬ আইনমতে তাহার সম্পত্তি জব্দ হয় এমত কোন অপরাধ যদি কোন ব্যক্তি করিয়া থাকে, ও তাহার সেই অপরাধ সাব্যস্ত হইবার পূর্ব্বে যদি তাহাকে হত্যা করা যায়, কিম্বা যদি সে মরে কি কোম্পানি বাহাদুরের দেশহইতে পলায়ন করিয়া থাকে, কিম্বা তাহার বিচার না হয় এই নিমিত্তে গোপন হইয়া থাকে, তবে সেই ব্যক্তিকে বিচারার্থে উপস্থিত করা যাইতে পারিলে যে কোন আদালত কিম্বা অন্য কার্য্যকারক ঐ অপরাধির বিচার করিতে পারিতেন তিনি মাজিষ্ট্রেট সাহেবহইতে দরখাস্ত পাইলে, কিম্বা সেই প্রকারের দরখাস্ত করিতে অন্য যে কার্য্যকারক গবর্ণমেণ্টহইতে ক্ষমতা পান তাঁহাহইতে দরখাস্ত পা,

thereof, and that he is dead or has escaped out of the territories of the East India Company or cannot after diligent search be found, shall adjudge that all the property of such offender shall be forfeited to Government.

[Forfeiture to relate back to time of commission of the offence. Proviso.]

III. The forfeiture, whether upon conviction of an offence as aforesaid, or upon an adjudication of forfeiture under this Act, shall extend to all property and effects of or to which the offender shall have been possessed or entitled, either at the time of committing the offence, or at the time of the conviction or of the adjudication of forfeiture, or at any intermediate time; and no sale, alienation, or other disposition of such property, made subsequently to the commission of the offence or made at any time with the fraudulent intention of preventing a forfeiture, shall have any effect against the right of Government to the forfeiture. Provided that nothing in this Section contained shall affect any transferree of any negotiable security, who shall prove that he acquired the same in good faith and with due caution for valuable consideration.

[Forfeiture of land when an alienation has been made without a valuable consideration. Alienation made and registered three months before commission of offence.]

IV. All immoveable property of the offender, which shall be alienated after the passing of this Act and before the commission of any offence specified in Section II., shall be forfeited in the same manner as if no such alienation had been made, unless the alienation be made in good faith and for valuable consideration, or unless the same shall have been made and registered more than three months before the commission of the offence.

[Court to find date of offence committed.]

V. The Court or other authority by which the offender shall be convicted or the forfeiture shall be adjudged, may specify in the conviction or adjudication the day on which the offence was committed, if it can be ascertained.

[Conviction or adjudication to be proof of what matters.]

VI. In any proceeding concerning property alleged to have been forfeited, the conviction shall be conclusive evidence that the offense was committed, and (if the day be specified in such conviction) that the offence was committed on that day; if the day be not specified, the conviction shall be *primâ facie* evidence that the offence was committed on the day mentioned in the charge. In any such proceeding, an adjudication of forfeiture under this Act shall be *primâ facie* evidence

হইলে, ঐ বিষয়ের তজবীজ করিতে পারিবেন। ও যাঁহার নামে ঐ অপরাধ করিবার নালিশ হয় সেই জন দোষী বটে, ও সে মরিয়াছে, কিম্বা কোম্পানি বাহাদুরের দেশহইতে পলায়ন করিয়াছে, কিম্বা উদ্যোগক্রমে তাহার সন্ধান করা গেলেও তাহাকে পাওয়া যায় না, ইহার প্রমাণ হইলে, তিনি আজ্ঞা করিতে পারিবেন যে ঐ অপরাধির সকল সম্পত্তি গবর্ণমেণ্টে জব্দ হয় ইতি।

[অপরাধ করিবার সময়াবধি জব্দ হইবার বিধি খাটে। বর্জ্জিত কথা।]

৩ ধারা। পূর্ব্বোক্ত প্রকারে অপরাধ সাব্যস্ত হওনক্রমে কিম্বা এই আইনমতে জব্দ হওনের হুকুমক্রমে যে জব্দ করা যায় তাহা, ঐ অপরাধ করিবার কালে কিম্বা দোষ সাব্যস্ত করণের কি জব্দ করিবার হুকুম হওনের কিম্বা তাহার মধ্যে কোন সময়ে. অপরাধির দখলে যে সকল সম্পত্তি ও মাল থাকে কিম্বা যাহাতে তাহার স্বত্ব থাকে এমত সকল সম্পত্তির উপর খাটে। ও সেই অপরাধ হইবার পরে কিম্বা সম্পত্তি জব্দ না হয় এই প্রতারণার অভিপ্রায়ে কোন সময়ে ঐ সম্পত্তি বিক্রয় কি হস্তান্তর করা গেলেও কিম্বা তাহা লইয়া অন্য প্রকারের কার্য্য করা গেলেও, তৎপ্রযুক্ত জব্দ করিবার বিষয়ে গবর্ণমেণ্টের স্বত্বের বিপক্ষে ফল দর্শিবেক না পরন্তু যে কোন নিদর্শনপত্রের লেনাদেনা চলে তাহা যে কোন ব্যক্তিকে অর্পণ করা গিয়া থাকে তিনি যদি এমত প্রমাণ দিতে পারেন যে মূল্য দিয়া প্রকৃতপ্রস্তাবে ও উপযুক্ত সতর্কতাক্রমে ঐ নিদর্শন পাইয়াছেন, তবে এই ধারার লিখিত কোন কথাতে তাঁহার কোন ক্ষতি হইবেক না ইতি।

[যদি মূল্য বিনা জমী হস্তান্তর করা গিয়াছে তবে জমী বাজেয়াপ্ত হইবার কথা। অপরাধ হইবার তিন মাস পূর্ব্বে হস্তান্তর করা গেলে ও রেজিষ্টরী হইলে সে জমীর কথা।]

৪ ধারা। এই আইন জারী হইবার পরে ও ২ ধারার লিখিত কোন অপরাধ করা যাইবার পূর্ব্বে অপরাধির যে সকল স্থাবর সম্পত্তি হস্তান্তর করা গিয়া থাকে তাহাও সেই হস্তান্তর না হইবার মতে বাজেয়াপ্ত হইবেক। কিন্তু যদি সেই জমী প্রকৃতপ্রস্তাবে ও মূল্যের নিমিত্তে হস্তান্তর করা গিয়া থাকে, কিম্বা যদি অপরাধ হইবার পূর্ব্বে তিন মাসের অধিক কাল তাহা হস্তান্তর হইয়া রেজিষ্টরী করা গিয়া থাকে, তবে বাজেয়াপ্ত হইবেক না ইতি।

[অপরাধ যে তারিখে করা যায় তাহা আদালত নির্ণয় করিবেন।]

৫ ধারা। আদালত কিম্বা অন্য যে কার্য্যকারকের দ্বারা অপরাধির দোষ সাব্যস্ত হয় কি জব্দ করার হুকুম হয় তিনি, ঐ অপরাধ যে দিনে করা গিয়াছিল তাহা নিশ্চিতমতে জানা যাইতে পারিলে ঐ দোষ সাব্যস্ত করণের পত্রে কিম্বা ঐ হুকুমনামায় লিখিতে পারিবেন ইতি।

[দোষ সাব্যস্ত করণপত্র কি হুকুমনামা যেং বিষয়ের প্রমাণ হয় তাহার কথা।]

৬ ধারা। জব্দ হইয়াছে এই কথা যে সম্পত্তির বিষয়ে ব্যক্ত হয় এমত সম্পত্তিসম্পর্কীয় কোন বিচার কার্য্যেতে, ঐ অপরাধ যে করা গিয়াছে ও (যদি সেই দোষ সাব্যস্ত করণপত্রে দিন নিরূপণ হয় তবে) অপরাধ সেই দিনে করা গিয়াছে ঐ দোষ সাব্যস্ত করণপত্র ইহার সিদ্ধান্ত প্রমাণ হইবেক। যদি দিন নিরূপণ না হয়, তবে নালিশপত্রে যে দিন লেখা থাকে সেই দিনে অপরাধ যে করা গিয়াছিল, ঐ দোষ সাব্যস্ত করণপত্র ইহার আপাতদৃষ্টে প্রমাণ হইবেক। পূর্ব্বোক্ত প্রকারের কোন বিচার কার্য্যেতে, ঐ অপরাধ যে করা গিয়াছে ও (যদি

of the commission of the offence, and (if the day be specified in the adjudication) that the offence was committed on that day; if the day be not specified, the adjudication shall be *primâ facie* evidence that the offence was committed on the day mentioned in the charge. Any adjudication under this Act shall be filed with and may be proved in the same manner as the records of the Principal Court of Criminal jurisdiction of the District.

হুকুমনামাতে দিন নিরূপণ হয় তবে) অপরাধ সেই দিনে করা গিয়াছে, এই আইনমতে জব্দ হইবার হুকুমনামা ইহারআদি দৃষ্টে প্রমাণ হইবেক। যদি দিন নিরূপণ না হয় তবে নালিশপত্রে যে দিন লেখা হইয়াছে সেই দিনে ঐ অপরাধ করা গিয়াছে, ঐ হুকুমনামা ইহার আদিদৃষ্টে প্রমাণ হইবেক। এই আইনমতে যে কোন হুকুম হয় তাহা জিলার ফৌজদারী এলাকার প্রধান আদালতের কাগজপত্রের সঙ্গে নথীর শামিল করা যাইবেক, ও সেই কাগজপত্রের যেরূপে প্রমাণ করা যায় সেইরূপে তাহারও প্রমাণ করা যাইবেক ইতি।

[Procedure for the recovery of forfeited property.]

VII. After the conviction or adjudication, the Collector or other Chief Officer appointed by Government for the collection of Revenue, or any other Officer whom the Government may specially appoint, may seize and take possession of the forfeited property: if he require the assistance of a Court to enable him to obtain possession of any such property by reason of any dispute respecting the title to the same or for any other cause, the Principal Civil Court of original jurisdiction of the District in which the property is situate may, upon the production of a certified copy of the conviction or adjudication, hear and determine in a summary manner upon petition any matter in dispute relating to such property. Any order which may be passed by the Court shall not be subject to appeal; but the party against whom the same may be given, by any Court other than one of Her Majesty's Supreme Courts of Judicature, shall be at liberty to bring a suit to establish his right at any time within one year from the date of the order.

[জব্দকরা সম্পত্তি ফিরিয়া পাইবার জন্যে যাহা করিতে হইবেক তাহার কথা।]

৭ ধারা। দোষ সাব্যস্ত হইলে পর কি জব্দ হইবার হুকুম হইলে পর, কালেক্টর সাহেব, কিম্বা রাজস্ব আদায় করিবার জন্যে গবর্ণমেণ্টহইতে নিযুক্ত অন্য প্রধান কার্য্যকারক সাহেব, কিম্বা অন্য যে কোন কার্য্যকারককে গবর্ণমেণ্ট বিশেষমতে নিযুক্ত করেন তিনি ঐ জব্দ হইবার যোগ্য সম্পত্তি ক্রোক করিয়া দখল করিতে পারিবেন। সেই সম্পত্তির উপর স্বত্ত্বের বিষয়ে কোন বিবাদ থাকাপ্রযুক্ত কিম্বা অন্য কোন কারণে যদি তিনি তদ্রূপ কোন সম্পত্তির দখল পাইবার জন্যে আদালতের সাহায্যের প্রয়োজন রাখেন, তবে সম্পত্তি যে জিলাতে থাকে সেই জিলার মধ্যে মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাপন্ন প্রধান দেওয়ানী আদালতে দোষ সাব্যস্ত করণপত্রের কি হুকুমনামার সর্টিফিকট দেওয়া নকল উপস্থিত করা গেলে ঐ আদালত দরখাস্ত পাইলে সেই সম্পত্তিসম্পর্কীয় বিবাদের কোন কথা শুনিয়া তাহার সরাসরীমতে নিষ্পত্তি করিতে পারিবেন। ঐ আদালত যে কোন হুকুম করিয়া থাকিবেন তাহার উপর আপীল হইতে পারিবেক না। পরন্তু শ্রীশ্রীমতী মহারাণীর কোন সুপ্রিম কোর্টভিন্ন অন্য কোন আদালতহইতে ঐ হুকুম হইলে, যে লোকের বিপক্ষে ঐ হুকুম করা যায় সে ঐ হুকুমের তারিখঅবধি এক বৎসরের মধ্যে কোন সময়ে আপনার স্বত্ত্ব সাব্যস্ত করিবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক ইতি।

[Restoration of forfeited property upon proof that escape was not for the purpose of evading justice.]

VIII. In case any person whose property shall have been so adjudged to be forfeited shall afterwards surrender himself, and shall upon trial before a competent Court be acquitted of the offence, his property shall be restored upon proof, to the satisfaction of the Court, that he did not escape or keep out of the way for the purpose of evading justice.

[বিচার হইবার ভয়ে পলায়ন করা হয় নাই ইহার প্রমাণ হইলে জব্দকরা সম্পত্তি ফিরিয়া দিবার কথা।]

৮ ধারা। সেইরূপে যাহার সম্পত্তি জব্দ হইবার হুকুম হয় এমত কোন লোক যদি পরে আপনি আপনাকে ধরা দেয়, ও উপযুক্ত আদালতের সম্মুখে বিচার হইয়া যদি তাহাকে নির্দ্দোষ করা যায়, ও সেই লোক বিচার হইবার ভয়ে পলায়ন করে নাই কি রূপোশ হয় নাই ইহার প্রমাণ যদি আদালতের হৃদ্বোধমতে করিতে পারে, তবে তাহার সম্পত্তি তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

[Limitation of suits, &c.]

IX. No suit or other proceeding shall be had or taken on account of the seizure of any property seized in pursuance of this Act, or for the restoration or recovery of such property, unless the same be instituted within one year from the time of the seizure.

[মোকদ্দমা করিবার মিয়াদপ্রভৃতি।]

৯ ধারা। এই আইনঅনুসারে যে কিছু সম্পত্তি ক্রোক হয় তাহা ক্রোক হইবার বিষয়ে, কিম্বা সেই প্রকারের সম্পত্তি ফিরিয়া দিবার কি ফিরিয়া পাইবার জন্যে কোন মোকদ্দমা কি অন্য কার্য্য ঐ ক্রোক হইবার কালঅবধি এক বৎসরের মধ্যে উপস্থিত না করা গেলে গ্রাহ্য হইবেক না ইতি।

[Power to secure property before forfeiture in certain cases.]

X. In case it shall appear to a Magistrate that there is reasonable ground to suppose that any person is guilty of any offence specified in Section II. of this Act, and that any property liable to forfeiture for the offence is likely to be made away with, it shall be lawful for the Magistrate to

[কোন২ স্থলে জব্দ করিবার পূর্ব্বে সম্পত্তি সুরক্ষা করিবার কথা।]

১০ ধারা। যদি কোন মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করেন যে, কোন লোক এই আইনের ২ ধারার লিখিত কোন অপরাধের দোষী এমত বুঝিবার উপযুক্ত কারণ আছে, ও সেই অপরাধপ্রযুক্ত যে কিছু সম্পত্তি জব্দ হইবার যোগ্য হয় তাহা স্থানান্তর করা যাইবার সম্ভাবনা আছে তবে ঐ অপরাধির যত কাল বিচার, না

attach such property and secure the same until the trial of the offender or until an enquiry for the purpose of adjudication under this Act shall be had.

[Interpretation.]

XI. The word "Magistrate" in this Act shall include any Officer competent to commit for trial for any offence specified in Section II. of this Act.

W. MORGAN,
Clerk of the Council.

হয় কিম্বা এই আইনমতে হুকুম হইবার হুকুম হওনের জন্যে যত কাল তজবীজ না হয় তত কাল মাজিষ্ট্রেট সাহেব ঐ সম্পত্তি ক্রোক করিয়া রক্ষা করিতে পারিবেন ইতি।

[অর্থকরণ।]

১১ ধারা। এই আইনের মধ্যে "মাজিষ্ট্রেট সাহেব" এই শব্দেতে, এই আইনের ২ ধারার নির্দিষ্ট কোন অপরাধের বিচারার্থে সোপর্দ্দ করণের ক্ষমতাপন্ন কোন কার্য্যকারককে বুঝাইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 17.

To the Civil Authorities in the Lower Provinces.

The Court are pleased to direct that whenever the Civil Courts, in the Lower Provinces, may have occasion to sell in execution of a decree or other order, any house or other building, liable for the demand, situated within the limits of a Military Cantonment or Station, they shall, on confirming the sale, forward a copy of the Bill of Sale to the Commanding Officer of such Cantonment or Station for his information and for record in the Brigade or other proper office.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 30th June, 1857.

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর

১৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা এই আজ্ঞা করেন। যদি সৈন্যেরদের ছাউনির স্থানের কি মোকামের সীমার মধ্যে থাকা কোন ঘর কি অন্য ইমারতের উপর কোন দাওয়াপ্রযুক্ত দায় থাকে ও ডিক্রী কি অন্য হুকুম জারীক্রমে বাঙ্গলাপ্রভৃতি দেশের কোন দেওয়ানী আদালতের সেই ঘর কি ইমারৎ বিক্রয় করিবার প্রয়োজন হয় তবে ঐ নীলাম মঞ্জুর হইলে তাঁহারা কোবালার এক কেতা নকল ঐ ছাউনির স্থানের কি মোকামের অধ্যক্ষ সেনাপতি সাহেবকে জানাইবার নিমিত্তে ও ব্রিগেড আফিসে কিম্বা উপযুক্ত অন্য আফিসে রাখিবার জন্যে তাঁহার নিকটে পাঠাইবেন।

এ ডবলিউ রসেল।
রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ৩০ জুন।

CIRCULAR ORDER OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 16.

To the Sessions Judges in the Lower Provinces and the Authorities in the Extra Regulation Provinces.

The Court, having observed that the instructions contained in the latter part of Rule 1, of Circular Order No. 187, page 381, of the new edition, cited in the margin* for readier reference, are very generally neglected, direct me to call your attention to it; and to request that in *every* trial a mark to denote each witness, who may have been examined at the Sessions, be invariably placed opposite the name of such witness in the calendar.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 30th June, 1857.

* A copy of the English Calendar to be invariably placed with the *nuthee*, and a mark placed opposite the name of every witness included therein who may have been examined on the trial.

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

১৬ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা দেখিতে পাইয়াছেন যে, নূতন বহীর ৩৮১ পৃষ্ঠাতে ১৮৭ নম্বরের যে সরকুলর অর্ডর আছে তাহার ১ বিধির শেষ ভাগে যে উপদেশ আছে তাহা মানিতে সাধারণমতে ত্রুটি হয়, অতএব তাঁহারদের আজ্ঞামতে তোমাকে তাহাতে মনোযোগ করাই ও এই আদেশ করি। প্রত্যেক মোকদ্দমার বিচারে সেশন আদালতে যে২ সাক্ষির জোবানবন্দী লওয়া যায়, কালেণ্ডরে সেই সাক্ষির নামের পার্শ্বে সর্ব্বদাই চেরা দিবা। ঐ ১ বিধি এই স্থলে গ্রহণ করা গিয়াছে।*

এ ডবলিউ রসেল।
রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ৩০ জুন।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

* ইঙ্গরেজী কালেণ্ডরের এক কেতা নকল সর্ব্বদাই নথীর শামিল দিতে হইবেক, ও তাহাতে যে সাক্ষিরদের নাম লেখা থাকে তাহারদের যত জনের জোবানবন্দী বিচারকালে লওয়া গিয়াছে তাহারদের নামের পার্শ্বে চেরা দিতে হইবেক।

No. 990.

PROCLAMATION.

FORT WILLIAM,

The 30th July, 1857.

Under the provisions of Regulation X. of 1804 and Act XVI. of 1857, Martial Law is hereby declared to be established in the following Districts, constituting the Patna Division, viz.,—

Shahabad,
Patna,
Behar,
Sarun,
Chumparun,
Tirhoot.

2. In the aforesaid Districts the functions of the ordinary Criminal Courts of Judicature are suspended in respect of heinous offences.

By order of the Lieutenant Governor of Bengal,

A. R. YOUNG,
Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

No. 29.

FORT WILLIAM,

FINANCIAL DEPARTMENT,

The 4th July, 1857.

[*Letter from, dated* 10*th September* 1856, *No.* 133.]

[Report Proceedings of the Government of India in the Financial Department, for the 1st Quarter of 1856.]

[*Paras.* 277 *and* 278. Submit Proceedings with reference to an enquiry as to the rate of reduction to be made from the salaries of Civil Engineers and Overseers and of Uncovenanted Assistants to Civil Engineers during absence on leave.]

The following Extract from a Despatch from the Hon'ble the Court of Directors, No. 33 of 1857, dated the 6th May, is published for general information :—

Para. 61.—The classes of servants here referred to will of course be admitted to the benefits of the Absentee Rules lately laid down for the Uncovenanted Service.

By Order of the Right Hon'ble the Governor General in Council,

C. HUGH LUSHINGTON,
Secy. to the Govt. of India.

No. 31.

NOTIFICATION.

FINANCIAL DEPARTMENT,

The 27th July, 1857.

In continuation of the Notification, No. 27, issued from this Department on the 20th Instant, holders of 3½ and 4½ per Cent. Promissory Notes of this Government are hereby informed that, until further orders, Subscriptions to the open Five per Cent. Loan will be received from them partly in Cash and partly in the said Promissory Notes,

৯৯০ নম্বর।

বিজ্ঞাপন।

ফোর্ট উলিয়ম।

১৮৫৭ সাল ৩০ জুলাই।

১৮০৪ সালের ১০ আইন ও ১৮৫৭ সালের ১৬ আইনের বিধানমতে পাটনা এলাকার নীচের লিখিত জিলার মধ্যে মার্শ্যাল লা স্থাপিত হইয়াছে ইহা প্রকাশ করা গেল।

শাহাবাদ।
পাটনা।
বেহার।
সারণ।
চম্পারণ।
ত্রিহুৎ।

২। পূর্ব্বোক্ত জিলাতে ভারি২ অপরাধসম্পর্কে সাধারণ ফৌজদারী আদালতের কর্ম্ম স্থগিত থাকিবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুমক্রমে।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

২৯ নম্বর।

ফোর্ট উলিয়ম।

ফিনানসিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৫৭ সাল ৪ জুলাই।

[১৮৫৬ সালের ১০ সেপ্টেম্বর তারিখের ১৩৩ নম্বরের পত্র।]

[ফিনানসিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট ১৮৫৬ সালের প্রথম তিন মাসে যে কার্য্য করেন তাহার রিপোর্ট।]

[২৭৭ ও ২৭৮ দফাতে। সিবিল ইঞ্জিনিয়রেরা ও ওবরসিয়রেরা ও সিবিল ইঞ্জিনিয়রেরদের অচিক্তিত আসিষ্টাণ্টেরা যদি ছুটী লন তবে তাঁহারদের বেতন যে হিসাবে কাটা যাইবেক এই জিজ্ঞাসার উত্তরে যে কার্য্য করা যায় তাহার রিপোর্ট হয়।]

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৫৭ সালের ৬ মে তারিখের ৩৩ নম্বরের পত্রহইতে গৃহীত নীচের লিখিত কথা সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

৬১ দফা। এই স্থলে যে কার্য্যকারকেরদের কথা লেখা আছে তাঁহারা অচিক্তিত কার্য্যকারকেরদের ছুটীর যে বিধি সম্প্রতি করা গিয়াছে সেই বিধিমতে অবশ্য সাহায্য পাইবেন।

হুজুর কৌন্সেলে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সি হিউ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩১ নম্বর।

বিজ্ঞাপন।

ফিনানসিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৫৭ সাল ২৭ জুলাই।

বর্ত্তমান মাসের ২০ তারিখে ২৭ নম্বরের যে বিজ্ঞাপন এই ডিপার্টমেণ্টহইতে প্রকাশ হয় তদতিরিক্ত, এই গবর্ণমেণ্টের শতকরা ৩॥০ সাড়ে তিন টাকার ও শতকরা ৪॥০ সাড়ে চারি টাকার কোম্পানির কাগজ যাঁহারদের নিকটে থাকে তাঁহারদিগকে এই সম্বাদ দেওয়া যাইতেছে। যাবৎ অন্য হুকুম না করা যায় তাবৎ শতকরা পাঁচ টাকার সুদের যে কর্জ্জ খোলা আছে তাহার

in the following proportions, *viz.* :—Three and a half per Cent. Notes in the proportion of two Rupees in Notes to three Rupees in Cash; Four and a half per Cent. Notes in the proportion of two Rupees in Notes to one Rupee in Cash; provided, however, that the total sums subscribed in Notes and Cash are in even hundreds.

Thus a holder of a 3½ per Cent. Promissory Note for 10,000 Rs. will receive a Promissory Note at Five per. Cent. for 25,000 Rs., on delivery of his 3½ per Cent. Note and on making a payment of 15,000 Rs. in Cash; while a holder of a 4½ per Cent. Promissory Note for 10,000 Rs. will, in like manner, receive a Promissory Note at Five per Cent. for 15,000 Rs. on delivery of his 4½ per Cent. Note and on making a payment of Rs. 5,000 in Cash.

It is also hereby notified that the limit of 3 Crores, prescribed for the open 5 per Cent. Loan in the Notification, No. 5, issued from this Department on the 16th January 1857, is removed.

C. H. Lushington,
Secy. to the Govt. of India.

নিমিত্তে যাঁহারা টাকা দিতে চাহেন তাঁহারা অর্দ্ধেক নগদে ও অর্দ্ধেক ঐ কোম্পানির কাগজে এই হিসাবে দিতে পারিবেন। অর্থাৎ সাড়ে তিন টাকার সুদের কাগজ দিলে, কাগজে ২৲ টাকা ও নগদে ৩৲ টাকার হিসাবে দিতে পারিবেন। শতকরা সাড়ে চারি টাকার সুদের কাগজ দিলে, কাগজে ২৲ টাকা ও নগদে ১৲ টাকার হিসাবে দিতে পারিবেন। পরন্তু কাগজে ও নগদে যাহা দেওয়া যায় তাহাতে পূরা শত২ টাকা হওয়া প্রয়োজন।

ইহার উদাহরণ। শতকরা ৩৷৷৹ সাড়ে তিন টাকার সুদের ১০,০০০ টাকার কোম্পানির কাগজ যাঁহার নিকটে থাকে তিনি আপনার ঐ ৩৷৷৹ টাকার সুদের কাগজ ও ১৫,০০০ টাকা নগদ দিলে, শতকরা ৫৲ টাকার সুদের ২৫,০০০ টাকার কোম্পানির কাগজ পাইবেন। আর শতকরা ৪৷৷৹ টাকার সুদের ১০,০০০ টাকার কোম্পানির কাগজ যাঁহার নিকটে থাকে তিনি আপনার ঐ ৪৷৷৹ টাকার সুদের কাগজ ও ৫,০০০ টাকা নগদ দিলে শতকরা পাঁচ টাকার সুদের ১৫,০০০ টাকার কোম্পানির কাগজ পাইবেন।

আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে, ১৮৫৭ সালের ১৬ জানুআরি তারিখে এই ডিপার্টমেণ্টহইতে ৫ নম্বরের যে বিজ্ঞাপন বাহির হইয়াছিল তাহাতে লেখা ছিল শতকরা পাঁচ টাকার হিসাবে তিন কোটি টাকা-পর্য্যন্ত কর্জ লওয়া যাইবেক। এইক্ষণে সেই সীমা উঠান গিয়াছে।

সি এচ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

CALCUTTA UNIVERSITY.

The undermentioned Schools and Colleges have been affiliated to the Calcutta University.

1. Presidency College, General Department and Law Department.
2. Medical College, Calcutta.
3. Civil Engineering College, Calcutta.
4. Hooghly College.
5. Dacca College.
6. Kishnaghur College.
7. Berhampore College.
8. Doveton College.
9. St. Paul's School.
10. Free Church Institution.
11. La Martinere.
12. London Missionary's Institution, Bhobanipore.
13. Serampore College.

By order of the Vice Chancellor,

W. Grapel, M. A.,
Registrar.

Calcutta University, the 27th July, 1857.

কলিকাতার উনিবর্সিটি।

নীচের লিখিত ইস্কুল ও কালেজ কলিকাতার উনিবর্সিটিতে ভুক্ত হইয়াছে।

১। প্রেসিডেন্সি কালেজ। সাধারণ ডিপার্টমেণ্ট ও আইনের ডিপার্টমেণ্ট।
২। কলিকাতার মেডিকাল কালেজ।
৩। কলিকাতার সিবিল ইঞ্জিনিয়রিং কালেজ।
৪। হুগলী কালেজ।
৫। ঢাকা কালেজ।
৬। কৃষ্ণনগর কালেজ।
৭। বহরমপুর কালেজ।
৮। ডবটন কালেজ।
৯। সেণ্ট পাল ইস্কুল।
১০। ফ্রী চর্চ ইনষ্টিটুশ্যান।
১১। লা মার্টিনিয়র।
১২। ভবানীপুরে লণ্ডন মিসনরি ইনষ্টিটুশ্যান।

১৩। শ্রীরামপুর কালেজ।

শ্রীযুত বৈস চান্সেলর সাহেবের হুকুমক্রমে।
ডবলিউ গ্রাপেল। এম, এ।
রেজিষ্ট্রার।

কলিকাতা উনিবর্সিটি। ১৮৫৭ সাল ২৭ জুলাই।

১৪৫৬ নম্বর।
ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
১৮৫৭ সাল ২৯ জুলাই।
বিজ্ঞাপন।

ভারতবর্ষের মধ্যে যে কোন মোকামে ডাকঘর ডেপুটী পোষ্ট মাষ্টরের অধীন থাকে ও সে মোকামবাসি কোন পোষ্ট মাষ্টর যদি বিশেষমতে নিযুক্ত না থাকেন তবে যিনি যে সময়ে সেই স্থানের চিহ্নিত দেওয়ানী কি সৈন্যসম্পর্কীয় কার্য্যকারকেরদের মধ্যে প্রধান হন তিনি যাবৎ অন্য হুকুম না পান তাবৎ সেই মোকামের পোষ্ট মাষ্টরের কর্ম্ম গ্রহণ করিবেন কিম্বা ঐ মোকামের দেওয়ানীর কি সৈন্যসম্পর্কীয় অন্য কোন চিহ্নিত কার্য্যকারক সাহেবকে সেই কর্ম্ম অর্পণ করিবেন। ইহার মধ্যে যে নিয়ম করেন তাহার রিপোর্ট সর্ব্বদাই রাজধানীর পোষ্ট মাষ্টর জেনরল সাহেবের জানিবার জন্যে পাঠাইবেন।

এই হুকুমমতে ইন্‌স্পেক্‌টিং পোষ্ট মাষ্টর সাহেবেরদের কর্ম্মের কিছু ক্ষতিবৃদ্ধি হইবেক না।

যেং স্থানে দেওয়ানী কি সৈন্যসম্পর্কীয় চিহ্নিত কার্য্যকারক না থাকেন সেই মোকামের কি অন্য স্থানের ডাকঘর এক্ষণকারমতে ডেপুটী পোষ্ট মাষ্টরের অধীন থাকিবেক।

যে কোন স্থানে কোন দেওয়ানী কি সৈন্যসম্পর্কীয় কার্য্যকারক এই হুকুমঅনুসারে পোষ্ট মাষ্টরের কর্ম্ম লন কি পান সেই২ স্থানে ডেপুটী পোষ্ট মষ্টির ঐ পোষ্ট মাষ্টর সাহেবের আজ্ঞা মানিবেন ও ডাকঘর-সম্পর্কীয় যে কোন কর্ম্ম তাঁহাকে করিতে আজ্ঞা হয় সেই কর্ম্ম করিবেন।

সিসিল বীডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

PROOLAMATION.

FORT WILLIAM,
JUDICIAL DEPARTMENT,
The 16th July, 1857.

Whereas an application was made to the Government for putting in force Act XXVI. of 1850, into the Town of Nusseerabad or Mymensingh, and whereas it has been reported by the Magistrate of Mymensingh, that all the Inhabitants of the said Town, who appeared before him, under the notice published under date the 7th May last, have unanimously declared themselves in favour of the adoption of the said Act therein; It is hereby ordered and declared that the application aforesaid appears to the Lieutenant Governor of Bengal, to be wholly according to the wishes of the Inhabitants of the said Town, and that Act No. XXVI. of 1850, shall be henceforth in force in the said Town of Nusseerabad or Mymensingh, for all or any of the purposes set forth in Section II. of the said Act.

By order of the Lieutenant Governor of Bengal.

A. R. YOUNG,
Secy. to the Govt. of Bengal

ইশ্‌তিহার।

ফোর্ট উলিয়ম।
জুডিসিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৫৭ সাল ১৬ জুলাই।

নসীরাবাদ অর্থাৎ ময়মুনসিংহ নগরে ১৮৫০ সালের ২৬ আইন প্রচলিত করিবার এক দরখাস্ত গবর্ণমেণ্টে করা গিয়াছিল। তদনুসারে গত মে মাসের ৭ তারিখে ইশ্‌তিহারও প্রকাশ হইয়াছিল। সেই ইশ্‌তিহারমতে উক্ত নগরনিবাসি যে সকল লোক ময়মুনসিংহের মাজিস্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত হইয়াছিলেন তাঁহারা সেই নগরে ঐ আইন চলন হইবার বিষয়ে সম্মত আছেন এই কথা ঐ মাজিস্ট্রেট সাহেব জানাইয়াছেন। অতএব ইহাতে হুকুম করা গেল ও প্রকাশ হইতেছে যে, পূর্ব্বোক্ত দরখাস্তেতে উক্ত নগরনিবাসিরা সম্পূর্ণরূপে সম্মত আছেন বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব এমত বোধ করেন। ১৮৫০ সালের ২৬ আইনের ২ ধারাতে যে সকল অভিপ্রায় নির্দ্দিষ্ট হইয়াছে সেই সকল কি তাহার মধ্যের কোন অভিপ্রায়ে ঐ আইন উক্ত নসীরাবাদ কি ময়মুনসিংহ নগরে এই সময়অবধি প্রবল হইবেক।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুমক্রমে।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 25th July, 1857.

Baboo Ram Gobind Deb, to be Moonsiff of Cachar, from the date on which Kasheenath Dutt may retire on the pension.

LEAVES OF ABSENCE.

The 25th July, 1857.

Baboo Gourchunder Mojoomdar, Moonsiff of Kaguzpookeriah, Zillah Nuddea, for one week, in extension of that granted on the 28th April last.

The 31st July, 1857.

Baboo Bhyrub Chunder Mitter, Moonsiff of Madargunge, Zillah Mymensing, for fifteen days, from the 22nd instant.

A. W. RUSSELL, *Register*.

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৫ জুলাই।

শ্রীযুত কাশীনাথ দত্ত পেনস্যন লইয়া যে তারিখে কর্ম্ম ত্যাগ করেন সেই তারিখঅবধি শ্রীযুত বাবু রামগোবিন্দ দেব কাছাড়ের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২৫ জুলাই।

জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মজুমদার গত আপ্রিল মাসের ২৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৩১ জুলাই।

জিলা ময়মুনসিংহের মাদারগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র মিত্র বর্ত্তমান মাসের ২২ তারিখঅবধি পনেরো দিনের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

ERRATUM.

In the *Bengalee Government Gazette*, dated the 21st July, page 675, line 43, *for* " E. H. LUSHINGTON, *Collector*," *read* " A. J. ELLIOT, *Officiating Collector*."

[Government Gazette, 4th August, 1857.]

OPIUM. আফিম।

আফিং ইশ্‌তিহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৭ সাল তারিখ ১০ আগষ্ট সোমবার পূর্ব্বাহ্নে দিবা এগার ঘন্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৫। ৫৬ সালের পয়দায়শী আফিমের অষ্টম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩৬৫৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২৫৪০
বানারসের পয়দায়শী আফিম	১১১৫
জুমলা সিন্দুক	৩৬৫৫

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরস্ত সকল ধারানুসারে সন ১৮৫৬ সালের ২৭ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্তের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৭ সালের ১৫ এবং ২৫ আগষ্ট এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিশ্বরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ট্রেজরর সাহেবের দস্তখতী ট্রেজুরি রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৭ সালের ১৫ আগষ্ট শনিবার বেলা দুই প্রহর ৪ ঘন্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্তের পূরা টাকার দরুণ কোন ট্রেজুরি রসিদ সন ১৮৫৭ সালের ২৫ অগষ্ট মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম দেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

				বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৭ সালের	৪ সেপ্টেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	৫ অক্টোবর	সোমবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	১২ নবেম্বর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	৪ ডিসেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৫৯	১১৪১	৩৭০০
				১০১৭৯	৪৪৮৬	১৪৬৬৫

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৫৭ সাল তারিখ ২৩ জুলাই।

ই লশিংটন। ছোট সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

NOTICE is hereby given to the public, that a kubala or sale deed of the following description has been lost from the Kutcherry house, No. 119-1 of Raj Mohone Naug Chowdhoory and others, situated in Manicktollah Street, Simlah, Calcutta. Any person who may find and deliver it to the above Naug Baboo will be rewarded by him with the sum of Co.'s Rs. 16.

This kubala relates to certain buildings and a homestead situated on a rent free piece of land at Paneehattee and formerly belonging to Kalee Kisto Ghose of that Village; being an 8 Annas Shareholder with his brother Kylaschunder Ghose of an Ejmallee Estate. He (Kaleekisto) sold his own share, that is, the above buildings and homestead to Rajmohone Naug, on the 13th Falgoon, 1262, B. S., for the sum of 2,925 Rs. Rajmohone Naug, took the kubala in the name of his third son Kalleynauth Naug Chowdhoory and had it registered in the 24-Pergunnahs, on the 23rd May, 1856.

The public is hereby also cautioned that if any person, having got hold of the lost deed, draw up forged documents, and sell, mortgage or in any way transfer the property covered by it, that transfer will be null and void.

সর্ব্ব সাধারণের বিজ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

শহর কলিকাতার সীমুলিয়ার মাণিকতলা ইষ্ট্রীট ১১৯। ১নম্বরে টেক্সের যে বাটীতে রাজমোহন নাগচৌধুরীপ্রভৃতির জমিদারির সদর কাছারি হইয়া থাকে ঐ কাছারিহইতে উক্ত নাগচৌধুরীর খরীদা তস্য তৃতীয় পুত্র কালীনাথ নাগচৌধুরীর নামে বাঙ্গলা ১২৬২ সালের ২৩ ফাল্গুণ তারিখে কোং সিক্কা ২,৯২৫৲ দুই হাজার নয় শত পঁচিশ টাকা পণে খোষ কোবালায় খরীদ করিবার ঐ কোবালা ১৮৫৬ সালের ২৩ মে তারিখে জেলা চব্বিশ-পরগনায় রেজিষ্টরীহওয়া কোবালা যাহা পানীহাটীনিবাসি বাবু কালীকৃষ্ণ ঘোষের ও বাবু কৈলাসচন্দ্র ঘোষের ঐ গ্রামের নিষ্কর ভূমির মধ্যস্থিত উভয় সহোদরের এজমালির বসত বাটী যায় এমারতাদির অন্দরে উক্ত কালীকৃষ্ণ ঘোষের অর্দ্ধাংশের বাবৎ ছিল তাহা সম্প্রতি খোওয়া গিয়াছে যদি কেহ কোন প্রকারে ঐ কোবালা প্রাপ্ত হইয়া থাকেন তবে তাহা উক্ত নাগচৌধুরীকে দিলে তিনি তাঁহাকে ১৬৲ টাকা পুরস্কার দিবেন আরো জ্ঞাত করা যাইতেছে যদি কেহ ঐ দলীল প্রাপ্ত হইয়া তৎসূত্রে অন্য কোন কৃত্রিম দলীল প্রস্তুতপূর্ব্বক ঐ অর্দ্ধাংশের বসত বাটী কাহারো নিকট কোন রকমে হস্তান্তর করেন কিম্বা গিরবী রাখেন তাহা কোনমতে গ্রাহ্য হইবেক না ইতি।

শ্রী রাজমোহন নাগচৌধুরী সাং হাল শহর কলিকাতার সিমুলিয়া।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের সরাসরী নিষ্পত্তিসমুহ বর্ণমালানুযায়ী লিখিত ইং ১৮৩৪ লাং ১৮৫৫ সাল।

এই গ্রন্থ ফিরিস্তিসমেত ৪২০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে উক্ত আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে তত্ত্ব করিলে পাওয়া যাইবেক মুল্য ৫৲ টাকা মাত্র।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের ১৮৫৪ সালের নিষ্পত্তিসমুহের খোলাসা।

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাষায় না থাকাতে সে তাবতের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র হালদারকর্ত্তৃক অনুবাদিত হইয়া ১৲ টাকা মুল্যে বিক্রয় হইতেছে সদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসর্স ব্রাউন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের নিকট উক্ত অনুবাদকর্ত্তার নামোল্লেখে মুল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

বিজ্ঞাপন।

সকল লোককে জ্ঞাত করা যাইতেছে যে শ্রীলশ্রীযুক্ত মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের চরিত্র বর্ণন উত্তমাক্ষরে ও উত্তম কাগজে শ্রীরামপুরের যন্ত্রালয়ে দ্বিতীয়বার মুদ্রিত হইল। মুল্য ॥০ আট আনামাত্র

বিজ্ঞাপন।

অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর ও পেনসানের বিধির সংগ্রহ গবর্ণমেণ্টের বাঙ্গলা তরজমাকার শ্রীযুত জান রাবিনসন সাহেবকর্ত্তৃক উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রাঙ্কিত হইয়াছে মুল্য ৸০ বারো আনা শ্রীরামপুরে উক্ত সাহেবের নিকটে মুল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি।

আইন ও ব্যবস্থাসংগ্রহ অর্থাৎ আইন, শাস্ত্র, শরা ও নজিরাদির সারসংগ্রহ। ইহার প্রথম খণ্ড রেইলওয়ে লকোমোটিব সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আফিসে শ্রীনবীনচন্দ্র রায়ের নিকট ডাক মাসুল ৵০ আনা সহিত মুল্য ৪৲ টাকা প্রেরণ করিলে পাওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৪ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

অতিরিক্ত
গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, AUGUST 7, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ৭ আগষ্ট।

DRAFT OF ACT.

A Bill for extending the jurisdiction of the Courts of Criminal Judicature of the East India Company in Bengal, for simplifying the Procedure thereof, and for investing other Courts with Criminal jurisdiction.

[Continued from page 714.]

CHAPTER XVI.—OFFENCES AFFECTING THE HUMAN BODY.—(*Continued.*)

Of the causing of Miscarriage, of injuries to unborn Children, of the exposure of Infants, and of the concealment of Births.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5 Penalty.	6. When admitting of cumulative Punishment.
14	Causing miscarriage	Bailable ...	Session Court ...	Imprisonment of either description not exceeding 3 years, or fine, or both.	
	If the woman be quick with child ...	Idem ..	Idem	Imprisonment of either description not exceeding 7 years, also liable to fine.	
15	Causing miscarriage without woman's consent.	Not bailable	Idem	Transportation for life, or imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.	
16	Death caused by an act done with intent to cause miscarriage.	Idem ...	Idem	Imprisonment of either description not exceeding 10 years, also liable to fine.	
	If act done without woman's consent ..	Idem ...	Idem	Transportation for life, or the punishment above-mentioned.	
17	Act done with intent to prevent a child being born alive, or to cause it to die after its birth	Idem ...	Idem	Imprisonment of either description not exceeding 10 years, or fine, or both.	
18	Causing death of a quick unborn child by an act amounting to culpable homicide.	Idem ...	Idem	Idem not exceeding 10 years, and also liable to fine.	

CHAPTER XVI.—OFFENCES AFFECTING THE HUMAN BODY.—(*Continued*)

Of the causing of Miscarriage, of injuries to unborn Children, of the exposure of Infants, and of the concealment of Births.—(Continued.)

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
19	Exposure of a child under 5 years by parent or person having care of it, with intention of wholly abandoning it.	Not bailable ...	... Session Court	... Imprisonment of either description not exceeding 7 years, or fine, or both.	
20	Concealment of birth by secret disposal of dead body.	Idem ...	.. Idem	.. Idem not exceeding 2 years, or fine, or both.	

Of Hurt.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
25	Voluntarily causing hurt, except as in Clause 36	Bailable ...	... Magistrate or Subordinate Criminal Courts, 1st and 2nd classes.	Imprisonment of either description not exceeding 1 year, or fine not exceeding Rupees 1,000, or both.	
26	Voluntarily causing hurt by dangerous weapons, or by any corrosive or explosive substance, or by any substance deleterious to inhale or swallow, or by means of any animal.	Not bailable ...	... Session Court ...	... Imprisonment of either description not exceeding 3 years, or fine, or both.	
27	Voluntarily causing grievous hurt. ...	... Idem ...	... Idem	... Idem not exceeding 10 years, and also liable to fine.	
28	Voluntarily causing grievous hurt by dangerous weapons, or by any corrosive or explosive substance, or by any substance deleterious to inhale or swallow, or by means of any animal.	Idem ...	.. Idem	... Idem not exceeding 14 years, also liable to fine.	
29	Voluntarily causing grievous hurt in committing dacoity or robbery, or avoiding apprehension for such offence.	Idem ...	.. Idem	... Transportation for life, or imprisonment of either description not exceeding 14 years, and not less than 7, also liable to fine.	

30	Voluntarily causing hurt to extort property or a valuable security, or to constrain to do an illegal act which may facilitate the commission of an offence.	Idem ...	Idem ...	Imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.
31	Voluntarily causing grievous hurt to extort property or a valuable security, or to constrain to do an illegal act which may facilitate the commission of an offence.	Idem	Idem	Transportation for life, or imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.
32	Voluntarily causing hurt to extort confession or information, or to compel restoration of property, &c.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 7 years, also liable to fine.
33	Voluntarily causing grievous hurt to extort confession or information, or to compel restoration of property, &c.	Idem ...	Idem	Imprisonment of either description not exceeding 14 years, also fine.
34	Voluntarily causing hurt to deter public servant from his duty.	Idem ...	Idem	Imprisonment of either description not exceeding 3 years, or fine, or both.
35	Voluntarily causing grievous hurt to deter public servant from his duty.	Idem ...	Idem	Imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.
36	Voluntarily causing hurt on grave and sudden provocation, not intending to hurt any other but the person who gave the provocation.	Bailable ...	Magistrate or Subordinate Criminal Courts, 1st and 2nd classes.	Imprisonment of either description not exceeding 1 month or fine not exceeding Rupees 500, or both.
37	Causing grievous hurt on grave and sudden provocation, not intending to hurt any other but the person who gave the provocation.	Idem	Session Court ...	Imprisonment of either description not exceeding 2 years, or fine not exceeding Rupees, 2,000, or both.
38	Causing grievous hurt by an act which is so rash or negligent as to indicate a want of due regard for the safety of others.	Idem ...	Idem	Imprisonment of either description not exceeding 2 years, or fine not exceeding Rupees 1,000, or both.
39	Causing hurt by an act which is so rash or negligent as to indicate a want of due regard for human life.	Idem ...	Magistrate or subordinate Criminal Courts, 1st class.	Imprisonment of either description not exceeding 1 year, or fine not exceeding Rupees 500, or both.
40	Doing any act which is so rash or negligent as to indicate a want of due regard for life or the personal safety of others.	Idem ...	Idem	Imprisonment of either description not exceeding 6 months, or fine not exceeding Rupees 50, or both.

CHAPTER XVI.—OFFENCES AFFECTING THE HUMAN BODY.—(*Continued.*)

Of wrongful Restraint and wrongful Confinement.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
43	Wrongfully restraining any person	Bailable	Magistrate or subordinate Criminal Courts, 1st and 2nd classes.	Simple imprisonment not exceeding 1 month, or fine not exceeding Rupees 500, or both.	
44	Wrongfully confining any person	Idem	Magistrate or subordinate Criminal Courts, 1st class.	Imprisonment of either description not exceeding 1 year, or fine not exceeding Rupees 1,000, or both.	
45	Wrongfully confining for 3 or more days ...	Idem	Magistrate	Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	
46	Wrongfully confining for 10 or more days ...	Idem	Idem	Imprisonment of either description not exceeding 3 years, with or without addition of 3 days for every day of such wrongful confinement, also liable to fine.	
47	Keeping any person in wrongful confinement, knowing that a writ has been issued for his liberation.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 3 years, in addition to any term of imprisonment to which the offender may be liable under any other Clause of this Chapter.	
48	Unlawful confinement in secret	Idem	Idem	Imprisonment of either description not exceeding 2 years, in addition to any other punishment for the confinement.	
49	Wrongful confinement for the purpose of extorting property, or constraining to an illegal act, &c.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 3 years, also liable to fine.	
50	Wrongful confinement for the purpose of extorting confession or information, or of compelling restoration of property, &c.	Idem	Idem	Idem.	
51	While keeping a person in wrongful confinement, omitting to furnish him with any thing necessary to prevent danger of death or hurt.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 1 year, or fine, or both.	

55	Using criminal force otherwise than on grave provocation.	Bailable ...	... Magistrate or subordinate Criminal Courts, 1st and 2nd classes.	Imprisonment of either description not exceeding 8 months, or fine to Rupees 500, or both.
56	Using criminal force to deter a public servant from discharge of his duty.	Idem ...	... Magistrate	Idem not exceeding 2 years, or fine, or both.
57	Using criminal force in attempt to murder ...	Not bailable ...	... Session Court	Transportation for life, or rigorous imprisonment not exceeding 14 years, also fine.
58	Assault or use of criminal force to a woman with intent to outrage her modesty.	Bailable ...	... Magistrate	Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.
59	Assault or criminal force with intent to dishonor a person, otherwise than on grave and sudden provocation.	Idem	... Idem	Idem.
60	Assault or criminal force in attempt to commit theft of property worn or carried by a person.	Not bailable ...	... Idem	Idem.
61	Assault or criminal force in attempt wrongfully to confine any person.	Bailable ...	... Magistrate or subordinate Criminal Courts, 1st class.	Imprisonment of either description not exceeding 1 year, or fine not exceeding Rupees 1,000, or both.
62	Using criminal force on grave and sudden provocation.	Idem	.. Magistrate or subordinate Criminal Courts, 1st and 2nd classes.	Simple imprisonment not exceeding 1 month, or fine to Rupees 200, or both.
63	Assault in cases not specially provided for when the assault is not on grave and sudden provocation.	Idem ...	... Idem	Idem.

CHAPTER XVI.—OFFENCES AFFECTING THE HUMAN BODY.—(*Continued.*)

Of Kidnapping, Forcible Abduction, Slavery, and forced Labor.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
68	Kidnapping	Not bailable ...	... Session Court ...	... Imprisonment of either description not exceeding 7 years, also liable to fine.	
69	Kidnapping or abducting in order to murder ...	Idem	... Idem	... Transportation for life, or rigorous imprisonment not exceeding 14 years, also liable to fine.	
70	Abduction with intent secretly and wrongfully to confine a person.	Idem	... Idem	... Imprisonment of either description not exceeding 7 years, and fine.	
71	Abducting or kidnapping a woman to compel her marriage or to cause her defilement, &c.	Idem	.. Idem	.. Imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.	
72	Kidnapping in order to subject a person to grievous hurt, slavery, &c.	Idem	... Idem	... Idem.	
73	Concealing or keeping in confinement a kidnapped person.	Idem	... Idem	.. Punishment of kidnapping for such purpose.	
74	Buying or disposing of any person as a slave.	Bailable ...	... Idem	... Imprisonment of either description not exceeding 7years, also liable to fine.	
75	Habitual dealing in slaves.	Not bailable ...	... Idem	... Idem.	
76	Unlawful compulsory labor.	Bailable ...	... Magistrate or subordinate Criminal Courts, 1st class.	Idem not exceeding 1 year, also fine.	Cumulative.

Of Rape.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
78	Rape	Not bailable ...	.. Session Court	... Imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.	

[To be continued.]

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৫৭ । ৭ আগষ্ট ।]

আইনের মুসাবিদা।

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের এলাকা বৃদ্ধি করিবার ও তাহার কার্য্য আরো সহজরূপে করা যাইবার ও অন্যান্য আদালতকে ফৌজদারী এলাকা দিবার আইনের মুসাবিদা।

[৭২০ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

১৬ অধ্যায়। মনুষ্যের শরীরসম্পর্কীয় অপরাধ।

গর্ভপাত, ও ভূমিষ্ঠ হইবার পূর্ব্বে অপত্যের অপকার, ও শিশুত্যাগ ও জন্ম গুপ্ত রাখন অপরাধ।

১ প্রকরণ	২ অপরাধ	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
১৪	গর্ভপাত করাওন।	হাজিরজামিন লওয়া যায়	সেশন আদালতের ...	...৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
	যদি গর্ভ সচেতন হয়।	ঐ	ঐ ...	...৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
১৫	স্ত্রীর অসম্মতিতে গর্ভপাত করণ।	হাজিরজামিন লওয়া যায় না।	ঐ ...	...যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড, কিম্বা ১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
১৬	গর্ভপাত করিবার অভিপ্রায়ে যে কার্য্য হয় তদ্দ্বারা মৃত্যু হইলে।	ঐ	ঐ ...	..১০ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ জরীমানাও হইতে পারে।	
	যদি সেই কার্য্য স্ত্রীর অসম্মতিতে করা যায়।	ঐ	ঐ ...	...যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কি পূর্ব্বোক্ত দণ্ড।	
১৭	শিশু জীবৎ হইয়া ভূমিষ্ঠ না হয় কিম্বা জন্মের পরে মরে এই অভিপ্রায়ে যে কার্য্য করা যায়।	ঐ	ঐ ...	..১০ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
১৮	যে কার্য্য দোষঘটিত নরহত্যার তুল্য হয় এমত কার্য্যেতে সচেতন গর্ভের মৃত্যু ঘটাইলে।	ঐ	ঐ ...	...১০ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারে।	

[*Government Gazette*, 7*th August*, 1857.]

১৬ অধ্যায়। মনুষ্যের শরীরসম্পর্কীয় অপরাধ।

গর্ভপাত, ও ভূমিষ্ঠ হইবার পূর্ব্বে অপত্যের অপকার. ও শিশুত্যাগ ও জন্ম গুপ্ত রাখণ অপরাধ।

১ প্রকরণ	২ অপরাধ।	৩ হাজিরজামিন লওয়া যাই-তে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য।	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
১৯	৫ বৎসরের কম বয়সের শিশুর পিতা কি রক্ষক তাহাকে একেবারে ত্যাগ করিবার অভিপ্রায়ে বাহিরে ফেলিলে।	হাজিরজামিন লওয়া যায়।	সেশন আদালতের ...	... ৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
২০	শব গোপনে রাখিয়া জন্ম গুপ্ত রাখণ।	ঐ	ঐ	২ বৎসরের অনধিক ঐ কি জরীমানা কি উভয় দণ্ড।	

আঘাতের অপরাধ।

১	২	৩	৪	৫	৬
২৫	৩৩৪ প্রকরণের নির্দ্দিষ্ট মতে ইচ্ছাপূর্ব্বক আঘাত করণ।	হাজিরজামিন লওয়া যায়	মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা ১ও ২ শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের।	১ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা ১,০০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	
২৬	সাংঘাতিক অস্ত্রদ্বারা, কিম্বা ক্ষরকারক দ্রব্য, কি যে দ্রব্য শব্দ করিয়া জ্বলিয়া উঠে তাহা লইয়া, কিম্বা যাহার আঘ্রাণ লইলে কি যাহা গিলিলে রোগ হয় তদ্দ্বারা. কিম্বা কোন জীবজন্তুর দ্বারা ইচ্ছাপূর্ব্বক আঘাতকরাণ।	হাজিরজামিন লওয়া যায় না	সেশন আদালতের	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
২৭	ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করাণ।	ঐ	ঐ	১০ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারিবেক।	
২৮	সাংঘাতিক অস্ত্রদ্বারা. কিম্বা ক্ষরকারক দ্রব্য, কি যে দ্রব্য শব্দ করিয়া জ্বলিয়া উঠে তাহা লইয়া, কিম্বা যাহার আঘ্রাণ লইলে কি যাহা গিলিলে রোগ হয় তদ্দ্বারা. কিম্বা কোন জীবজন্তুর দ্বারা ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করাণ।	ঐ	ঐ	১৪ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারে।	
	ডাকাইতী কি লুঠ করণ কালে কিম্বা সেই অপরাধের নিমিত্তে ধরা না যাইবার উদ্যোগ করণ কালে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করাণ।	ঐ	ঐ	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কিম্বা ১৪ বৎসরের অনধিক ও ৭ বৎসরের অন্যূন কাল কোন এক প্রকারে কয়েদ জরীমানাও হইতে পারে।	

৩০	সম্পত্তি কি মুল্যবান নিদর্শন বলপূর্ব্বক লইবার জন্যে কিম্বা অপরাধ করিবার সাহায্য যাহাতে হয় এমত বেআইনী কার্য্য করাইবার জন্যে ইচ্ছাপূর্ব্বক আঘাত করাণ।	ঐ ...		ঐ .	... ১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ জরীমানাও হইতে পারে।
৩১	সম্পত্তি কি মুল্যবান নিদর্শন বলপূর্ব্বক লইবার জন্যে কিম্বা অপরাধ করিবার সাহায্য যাহাতে হয় এমত বেআইনী কার্য্য করাইবার জন্যে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করাণ।	ঐ		ঐ .	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড কিম্বা ১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।
৩২	দোষ স্বীকার করাইবার কিম্বা সম্বাদ জানিবার জন্যে কিম্বা সম্পত্তিপ্রভৃতি ফিরিয়া দেওয়াইবার জন্যে ইচ্ছাপূর্ব্বক আঘাত করাণ।	ঐ ..		ঐ ..	.. ৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ জরীমানাও হইতে পারিবেক।
৩৩	দোষ স্বীকার করাইবার কিম্বা সম্বাদ জানিবার জন্যে কিম্বা সম্পত্তিপ্রভৃতি ফিরিয়া দেওয়াইবার জন্যে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করাণ।	ঐ .		ঐ	১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ ও জরীমানা।
৩৪	সরকারী কার্য্যকারক আপনার কর্ত্তব্য কর্ম্ম না করেন এই নিমিত্তে ইচ্ছাপূর্ব্বক আঘাত করাণ।	ঐ ...		ঐ	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।
৩৫	সরকারী কার্য্যকারক আপনার কর্ত্তব্য কর্ম্ম না করেন এই নিমিত্তে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করাণ।	ঐ ...		ঐ ..	.. ১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ জরীমানাও হইতে পারে।
৩৬	হঠাৎ রাগ জন্মিবার ভারি বিষয় হইলে ইচ্ছাপূর্ব্বক আঘাত করণ। কিন্তু যাহার দ্বারা রাগ জন্মিয়াছে তদ্ভিন্ন অন্য কোন ব্যক্তিকে আঘাত করিবার অভিপ্রায় না থাকিলে।	হাজিরজামিন লওয়া যায়		মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা ১ ও ২ শ্রেণীর অধঃস্থ ফৌজদারী আদালতের।	১ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা ৫০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।
৩৭	হঠাৎ রাগ জন্মিবার ভারি বিষয় হইলে ইচ্ছাপূর্ব্বক ভারি আঘাত করণ কিন্তু যাহার দ্বারা রাগ জন্মিয়াছে তদ্ভিন্ন অন্য কোন ব্যক্তিকে আঘাত করিবার অভিপ্রায় না থাকিলে।	ঐ		.. সেশন আদালতের	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি ২,০০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।
৩৮	যে কার্য্যেতে অন্যেরদের নিরাপদের বিষয়ে উপযুক্ত মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয় এমত দুঃসাহস কি অমনোযোগের কার্য্যেতে ভারি আঘাত করণ।	ঐ ...		ঐ ...	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা ১,০০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।
৩৯	মনুষ্যের প্রাণরক্ষার বিষয়ে উপযুক্ত মনোযোগ না থাকার লক্ষণ যাহাতে দৃষ্ট হয় এমত দুঃসাহস কি অমনোযোগের কার্য্যেতে আঘাত করণ।	ঐ ..		. মাজিষ্ট্রেট সাহেবের কি প্রথম শ্রেণীর অধঃস্থ ফৌজদারী আদালতের	১ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা ৫০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।
৪০	অন্যেরদের প্রাণরক্ষার কি নিরাপদের বিষয়ে উপযুক্ত মনোযোগ না থাকার লক্ষণ যাহাতে দৃষ্ট হয় এমত দুঃসাহস কি অমনোযোগের কার্য্য করণ।	ঐ ...		ঐ	৬ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি ৫০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৫৭। ৭ আগষ্ট।]

অন্যায়মতে আটক রাখণ ও অন্যায়মতে কয়েদ করণ অপরাধ।

১ প্রকরণ।	২ অপরাধ।	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
৪৩	কোন ব্যক্তিকে অন্যায়মতে আটক রাখণ।	হাজিরজামিন লওয়া যায়	মাজিষ্ট্রেট সাহেবের কি ১ ও ২ শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের	১ মাসের অনধিককাল সামান্যরূপে কয়েদ কিম্বা ৫০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	
৪৪	কোন ব্যক্তিকে অন্যায়মতে কয়েদ করণ।	ঐ	মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা প্রথম শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের	১ বৎসরের অনধিককাল কোন এক প্রকারে কয়েদ কি ১,০০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	
৪৫	৩ তিন দিন কি অধিক কাল অন্যায়মতে কয়েদ করণ।	ঐ	মাজিষ্ট্রেট সাহেবের ...	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা জরীমানা কি উভয় দণ্ড।	
৪৬	১০ দিন কি অধিক কাল অন্যায়মতে কয়েদ করণ।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ তদ্ভিন্ন সেইরূপে অন্যায়মতে যত দিন কয়েদ করে তাহার প্রতিদিনের জন্যে ৩ দিন কয়েদ। জরীমানাও হইতে পারে।	
৪৭	কোন লোককে খালাস করিবার পরওয়ানা বাহির হইয়াছে জানিয়াও তাহাকে অন্যায়মতে কয়েদ রাখণ।	ঐ	ঐ	এই অধ্যায়ের অন্য কোন প্রকরণক্রমে অপরাধিকে যত কাল কয়েদ করা যাইতে পারে তদতিরিক্ত ৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ।	
৪৮	অন্যায়মতে গোপনে কয়েদ রাখণ।	ঐ	ঐ ...	কয়েদ করিবার জন্যে অন্য যে কোন দণ্ড হইতে পারে তদতিরিক্ত ২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ।	
৪৯	সম্পত্তি বলপূর্ব্বক লওনজন্যে কিম্বা বেআইনী কোন কর্ম্ম করাওণপ্রভৃতির জন্যে অন্যায়মতে কয়েদ করণ।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
৫০	দোষ স্বীকার করাওণ কি সম্বাদ জ্ঞাত হওন কি সম্পত্তি বলপূর্ব্বক ফিরাইয়া দেওয়ানপ্রভৃতির জন্যে অন্যায়মতে কয়েদ রাখণ।	ঐ	ঐ	ঐ	
৫১	কোন লোককে অন্যায়মতে কয়েদ রাখিবার কালে তাহার মৃত্যু কি আঘাত নিবারণের প্রয়োজনীয় কোন দ্রব্য তাহাকে দিতে ত্রুটি হইলে।	ঐ	ঐ ...	১ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	

অপরাধঘটিত বলপ্রকাশ ও আক্রমণের কথা।

৫৫	রাগ জন্মিবার ভারি বিষয় না হইলেও অপরাধঘটিতরূপে বলপ্রকাশ।	হাজিরজামিন লওয়া যায়	মাজিস্ট্রেট সাহেবের কি ১ ও ২ শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের	৩ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি ৫০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা কি উভয় দণ্ড।
৫৬	সরকারী কার্য্যকারক আপনার কর্ত্তব্য কর্ম্ম না করেন এই নিমিত্তে অপরাধঘটিতরূপে বলপ্রকাশ করণ।	ঐ	মাজিস্ট্রেট সাহেবের	২ বৎসরের অনধিক ঐ কি জরীমানা কি উভয় দণ্ড।
৫৭	বধ করিবার উদ্যোগে অপরাধঘটিতরূপে বলপ্রকাশ করণ।	হাজিরজামিন লওয়া যায় না	সেশন আদালতের	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কি ১৪ বৎসরের অনধিক কাল কঠিনরূপে কয়েদ ও জরীমানা।
৫৮	স্ত্রীর লজ্জার প্রতি অত্যাচার করিবার মানসে আক্রমণ কি অপরাধঘটিতরূপে বলপ্রকাশ করণ।	হাজিরজামিন লওয়া যায়	মাজিস্ট্রেট সাহেবের ...	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।
৫৯	রাগ জন্মিবার হঠাৎ ভারি বিষয় না হইলেও কোন লোকের অপমান করিবার মানসে আক্রমণ কি অপরাধঘটিতরূপে বলপ্রকাশ করণ।	ঐ	ঐ	ঐ
৬০	কোন লোকের গাত্রে যে সম্পত্তি থাকে কিম্বা কোন লোক যে দ্রব্য বহিয়া লয় তাহা চুরী করিবার মানসে আক্রমণ কি অপরাধঘটিতরূপে বলপ্রকাশ করণ।	হাজিরজামিন লওয়া যায় না	ঐ	ঐ
৬১	কোন লোককে অন্যায়মতে কয়েদ করিবার উদ্যোগে আক্রমণ কি অপরাধঘটিতরূপে বলপ্রকাশ করণ।	হাজিরজামিন লওয়া যায়	মাজিস্ট্রেট সাহেবের কি প্রথম শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের	১ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা ১,০০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।
৬২	রাগ জন্মিবার হঠাৎ ভারি বিষয় হইলে অপরাধঘটিতরূপে বলপ্রকাশ।	ঐ	মাজিস্ট্রেট সাহেবের কি ১ ও ২ শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের	এক মাসের অনধিক কাল সামান্যরূপে কয়েদ কিম্বা ২০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা কি উভয় দণ্ড।
৬৩	রাগ জন্মিবার হঠাৎ ভারি বিষয় না হইলেও যদি বিশেষ প্রকারের আক্রমণের দণ্ডের বিধি না হইয়াছে তবে।	ঐ	ঐ	ঐ

মনুষ্যচুরী ও বলপূর্ব্বক হরণ ও গোলামী ও বলপূর্ব্বক পরিশ্রম করাণ।

১ প্রকরণ	২ অপরাধ।	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য।	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
৬৮	মনুষ্য চুরী।	হাজিরজামিন লওয়া যায় না	সেশন আদালতের	.. ৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
৬৯	বধ করিবার জন্যে মনুষ্য চুরী কি হরণ করণ।	ঐ	ঐ ...	.. যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কি ১৪ বৎসরের অনধিক কাল কঠিনরূপে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
৭০	কোন লোককে গোপনে ও অন্যায়মতে কয়েদ করিবার জন্যে হরণ করণ।	ঐ	ঐ ...	.. ৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ ও জরীমানা।	
৭১	স্ত্রীকে বিবাহ দেওয়াইবার কি ভ্রষ্টাপ্রভৃতি করাইবার জন্যে হরণ কি চুরী করণ।	ঐ	ঐ ...	... ১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
৭২	ভারি আঘাত কি গোলামপ্রভৃতি করিবার জন্যে কোন লোককে চুরী করণ।	ঐ	ঐ ...	... ঐ	
৭৩	চুরীকরা লোককে গোপনে রাখন কি কয়েদ করণ।	ঐ	ঐ ...	... সেই অভিপ্রায়ে মনুষ্য চুরী করিবার যে দণ্ড সেই দণ্ড।	
৭৪	কোন লোককে গোলাম বলিয়া ক্রয় কি বিক্রয় করণ।	হাজিরজামিন লওয়া যায়।	ঐ ...	.. ৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
৭৫	গোলামকে লইয়া নিয়ত ব্যবসা করণ।	হাজিরজামিন লওয়া যায় না	ঐ ...	... ঐ	
৭৬	বেআইনীমতে জোর করিয়া পরিশ্রম করাণ।	হাজিরজামিন লওয়া যায়।	মাজিষ্ট্রেট সাহেবের কি প্রথম শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের ..	১ বৎসরের অনধিক ঐ ও জরীমানা।	সংযুক্ত দণ্ড।

বলাৎকার।

১	২	৩	৪	৫	৬
৭৮	বলাৎকার।	হাজিরজামিন লওয়া যায় না	সেশন আদালতের ...	.. ১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	

ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুক্ত জে সি মরে সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 11, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১১ আগষ্ট।

ACT.

ACT No. XIX. OF 1857.

An Act for the incorporation and regulation of Joint-Stock Companies and other Associations, either with or without limited liability of the members thereof.

[Continued from page 728.]

PART II.

MANAGEMENT AND ADMINISTRATION OF COMPANIES.

General.

[Registered Office of Company.]

XXVI. The Company shall have a registered Office to which all communications and notices may be addressed; if any Company registered under this Act carries on business without having such an Office, it shall incur a penalty not exceeding fifty Rupees for every day during which business is so carried on.

[Notice of situation of registered Office.]

XXVII. Notice of the situation of such registered Office, and of any change therein, shall be given to the Registrar of Joint-Stock Companies, and recorded by him; until such notice is given, the Company shall not be deemed to have complied with the provisions of this Act with respect to having a registered Office.

[Publication of name by a limited Company.]

XXVIII. Every limited Company registered under this Act shall paint or affix, and shall keep painted or affixed, its name on the outside of every Office or place in which the business of the Company is carried on, in a conspicuous position, in letters easily legible in the English language and also in the language required to be

আইন।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১৯ আইন।

জাইণ্ট ষ্টক কোম্পানির ও অন্যং সমাজের অন্তঃপাতি লোকেরদের দায় সীমাযুক্ত করিয়া কি না করিয়া ঐং কোম্পানিকে ও সমাজকে চার্টর দিবার ও তাঁহারদের বিধান করিবার আইন।

[৭২৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

২ খণ্ড।

কোম্পানিরদের কার্য্যের কর্তৃত্ব করণের ও চালাওনের বিধি।

সাধারণ।

[কোম্পানির রেজিষ্টরীকরা দফ্তরখানা।]

২৬ ধারা। ঐ কোম্পানির রেজিষ্টরীকরা এক দফ্তরখানা থাকিবেক তাহাতে ঐ কোম্পানির নামের সকল পত্র ও এত্তেলা পাঠান যাইবেক। এই আইনমতের রেজিষ্টরীকরা কোন কোম্পানি যদি সেইরূপ দফ্তরখানাবিনা কর্ম্ম চালান তবে যত দিনপর্য্যন্ত সেইরূপে কর্ম্ম চালান যায় তাহার প্রতিদিন ঐ কোম্পানির পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইবেক ইতি।

[রেজিষ্টরীকরা দফ্তরখানা যে স্থানে থাকে তাহার সম্বাদ।]

২৭ ধারা। ঐ রেজিষ্টরীকরা দফ্তরখানা যে স্থানে থাকে তাহার সম্বাদ ও যদি স্থানের কিছু পরিবর্ত্তন হয় তবে তাহার সম্বাদ জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রারকে দেওয়া যাইবেক ও তিনি তাহা রিকার্ড করিলেন। ঐ প্রকার সম্বাদ যত কাল না দেওয়া যায় তত কাল রেজিষ্টরীকরা দফ্তরখানা থাকার বিষয়ে ঐ কোম্পানি এই আইনের বিধানমতে কর্ম্ম করেন নাই জ্ঞান হইবেক ইতি।

[সীমাযুক্ত কোম্পানির নাম প্রকাশ করণ।]

২৮ ধারা। সীমাযুক্ত যেং কোম্পানি এই আইনমতে রেজিষ্টরী করা যায় তাঁহার কার্য্য যেং দফ্তরখানার কিম্বা স্থানে চালান যায় তাহার বহির্ভাগের অতিপ্রকাশ স্থানে তাঁহার নাম ইঙ্গরেজী ভাষার সুপাঠ্য অক্ষরে, ও সেই রেজিষ্টরীকরা দফ্তরখানা যে জিলাতে থাকে তাহার মধ্যে কোম্পানি বাহাদুরের আদালতের বিচারসম্পর্কীয় কার্য্যেতে যে ভাষা চলন হইবার আজ্ঞা

used in judicial proceedings in the Courts of the East India Company in the District in which the registered Office is situate, and shall have its name engraven in legible characters in such languages on its seal, and shall have its name mentioned in legible characters in such languages in all notices, advertisements, and other official publications of such Company, and in all Bills of Exchange, Hoondees, Promissory Notes, Endorsements, Cheques, and orders for money or goods, purporting to be signed by or on behalf of such Company, and in all Bills of parcels, invoices, receipts, and letters of credit of the Company.

[Penalties on non-publication of name.]

XXIX. If any limited Company registered under this Act does not paint or affix, and keep painted or affixed, its name in manner aforesaid, it shall be liable to a penalty not exceeding Fifty Rupees for not so painting or affixing its name, and for every day during which such name is not so kept painted or affixed; and if any Officer of such Company, or any person on its behalf, uses any seal purporting to be a seal of the Company whereon its name is not so engraven as aforesaid, or issues or authorizes the issue of any notice, advertisement, or other official publication of such Company, or signs or authorizes to be signed on behalf of such Company any Bill of Exchange, Hoondee, Promissory Note, Endorsement, Cheque, order for money or goods, or issues or authorizes to be issued any Bill of parcels, invoice, receipt, or letter of credit of the Company, wherein its name is not mentioned in manner aforesaid, he shall be liable to a penalty of Five hundred Rupees, and shall further be personally liable to the holder of any such Bill of Exchange, Hoondee, Promissory Note, Cheque, or order for money or goods, for the amount thereof, unless the same is duly paid by the Company.

[General meeting of Company.]

XXX. A general meeting of the Company shall be held once at the least in every year.

[What accounts to be kept.]

XXXI. The Directors shall cause true accounts to be kept—

Of the Stock-in-Trade of the Company;

Of the sums of money received and expended by the Company, and the matter in respect of which such receipt and expenditure takes place; and

Of the credits and liabilities of the Company.

[Balance-sheet to be made out annually and filed with the Registrar. Form of balance-sheet.]

XXXII. A balance-sheet shall be made out and filed with the Registrar of Joint-Stock Companies within twelve months after the incorporation of the Company, and once at least in every year afterwards within twelve months from the

আছে সেই ভাষার অক্ষরেও রঙ দিয়া লেখা যাইবেক কি লাগান যাইবেক ও রঙ দিয়া লিখিয়া কি লাগাইয়া রাখা যাইবেক। আর ঐ কোম্পানির মোহরে তাহার নাম ঐ২ ভাষার সুপাঠ্য অক্ষরে খোদা থাকিবেক। আর সেই কোম্পানির সকল এত্তেলানামায় ও ইশ্তিহারনামায় ও কর্ম্মসম্পর্কের অন্য সকল প্রকাশপত্রেতে ও যে সকল বিল অফ এক্সচেঞ্জ ও হুণ্ডী ও প্রমিসরি নোট ও এণ্ডার্সমেণ্ট ও চ্যাক ও টাকার কি মালের জন্যে যে সকল হুকুমনামায় ঐ কোম্পানির দ্বারা কি তাঁহার পক্ষে সহী হইবার ভাব দেখায় তাহাতে ও কোম্পানির সকল বিল অফ পারসেল ও ইনবাইস ও রসীদ ও বরাৎচিঠীতে ঐ কোম্পানির নাম সেই২ ভাষার সুপাঠ্য অক্ষরে প্রকাশ হইবেক ইতি।

[নাম প্রকাশ না করিবার দণ্ড।]

২৯ ধারা। এই আইনমতের রেজিষ্টরীকরা সীমাযুক্ত কোন কোম্পানি যদি পূর্ব্বোক্ত প্রকারে আপনার নাম রঙ দিয়া না লেখেন কি না লাগান ও রঙ দিয়া লিখিয়া না রাখেন কি লাগাইয়া না রাখেন তবে তাঁহার নাম রঙ দিয়া লেখেন কি লাগাইয়া দেন নাই এই কারণে ঐ কোম্পানির পঞ্চাশ টাকার অনধিক জরীমানা আর যত দিনপর্য্যন্ত তাঁহার নাম সেই প্রকারে রঙ দিয়া লিখিয়া কি লাগাইয়া না রাখা যায় তাহার প্রতিদিন তত টাকা জরীমানা হইতে পারিবেক। আর যাহাতে পূর্ব্বোক্তমতে ঐ কোম্পানির নাম খোদা না থাকে এমত মোহর ঐ কোম্পানির মোহর বলিয়া যদি ঐ কোম্পানির কোন কার্য্যকারক কি কোম্পানির পক্ষে কোন লোক বসান কিম্বা ঐ কোম্পানির কোন এত্তেলা কি ইশ্তিহার কি কর্ম্মসম্পর্কীয় অন্য প্রকাশপত্র জারী করেন কি জারী করিতে অনুমতি দেন কিম্বা সেই কোম্পানির তরফে কোন বিল অফ এক্সচেঞ্জ কি হুণ্ডী কি প্রমিসরি নোট কি ইণ্ডার্সমেণ্ট কি চ্যাক কিম্বা টাকা কি মালের জন্যে কোন হুকুমনামায় সহী করেন কি সহী করিতে অনুমতি দেন কিম্বা কোম্পানির কোন বিল অফ পারসেল কি ইনবাইস কি রসীদ কি বরাৎচিঠী জারী করেন কি জারী করিতে অনুমতি দেন ও তাহাতে কোম্পানির নাম পূর্ব্বোক্তমতে প্রকাশ না হইয়া থাকে তবে তিনি পাঁচ শত টাকা জরীমানার যোগ্য হইবেন। তদ্ভিন্ন যদি কোম্পানি ঐ বিল অফ এক্সচেঞ্জ কি হুণ্ডী কি প্রমিসরি নোট কি চ্যাক কিম্বা টাকার কি মালের হুকুমনামার টাকা না দেন তবে তাহা যে জন পান তাঁহার নিকটে ঐ কার্য্যকারক কি অন্য ব্যক্তি ঐ টাকার জন্যে দায়ী হইবেন ইতি।

[কোম্পানির সাধারণ বৈঠক।]

৩০ ধারা। প্রতিবৎসরে অতিকম একবার ঐ কোম্পানির সাধারণ বৈঠক হইবেক ইতি।

[যে২ খাতা রাখিতে হইবেক।]

৩১ ধারা। ডৈরেক্টরেরা এই২ হিসাবের যথার্থ খাতা রাখিবেন।

ঐ কোম্পানির যত ধন ব্যবসায়ে অর্পণ হইয়াছে তাহার খাতা।

ঐ কোম্পানির যত টাকা জমা ও খরচ হয় ও যে২ বিষয়ে সেই জমা ও খরচ হয় তাহার খাতা।

ও ঐ কোম্পানির পাওনা ও দায়ের খাতা ইতি।

[বাকীর ফর্দ্দ বৎসরে২ করা যাইবেক ও রেজিষ্ট্রারের নিকটে দাখিল হইবেক। বাকীর ফর্দ্দের পাঠ।]

৩২ ধারা। ঐ কোম্পানি চার্টর পাইলে পর বারো মাসের মধ্যে তাহার বাকীর এক ফর্দ্দ করা যাইবেক ও জাইণ্ট ষ্টক কোম্পানির রেজিষ্ট্রারের নিকটে দাখিল করা যাইবেক। আর তাহার পর বৎসরে২ অতিকম একবার অর্থাৎ বাকীর এক ফর্দ্দ দাখিল করিবার কাল-

filing of the balance-sheet immediately preceding. Such balance-sheet shall contain a summary of the property and liabilities of the Company arranged under the heads appearing in the form annexed to Table B in the Schedule hereto, or as near thereto as circumstances admit.

অবধি বারো মাসের মধ্যে অন্য এক ফর্দ দাখিল করিতে হইবেক। ঐ বাকীর ফর্দ্দেতে ঐ কোম্পানির যত সম্পত্তি আছে ও তাঁহার উপর যত দায় থাকে তাহার সার কথা লেখা থাকিবেক তাহা এই আইনের তফসীলের B চিহ্নের টেবিলে যে পাঠ দেওয়া গিয়াছে তাহার মতে কিম্বা বিষয় বুঝিয়া যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত তাহার মতে দফা২ করিয়া লিখিতে হইবেক ইতি।

[Balance sheet to be signed and certified by the Directors.]

XXXIII. The balance-sheet shall be signed by the Directors or any three or more of them, who shall certify at the foot thereof that the same, to the best of their belief, contains a true account of the capital and liabilities and of the property and assets of the Company.

[বাকীর ফর্দ্দেতে ডৈরেক্টরেরা সহী করিবেন ও সর্টিফিকট দিবেন।]

৩৩ ধারা। ঐ বাকীর ফর্দ্দেতে ডৈরেক্টরেরা কি তাঁহারদের তিন কি অধিক জন সহী করিবেন ও তাহার তলভাগে তাঁহারা এই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন যে তাঁহারদের বিশ্বাসমতে ঐ ফর্দ্দেতে কোম্পানির মূলধনের ও দায়ের ও সম্পত্তির ও জায়দাদের যথার্থ বিবরণ লেখা হইয়াছে ইতি।

[No dividend payable except out of profits.]

XXXIV. No dividend shall be payable except out of the profits arising from the business of the Company including interest on capital.

[লভ্যহইতে না হইলে ডিবিডেণ্ড দেওয়া যাইবেক না।]

৩৪ ধারা। ঐ কোম্পানির ব্যবসায়হইতে যে লভ্য হয় তাহাহইতে ও মূলধনের সুদের টাকাহইতে না হইলে কিছু ডিবিডেণ্ড দেওয়া যাইবেক না ইতি।

[Audit.]

XXXV. The accounts of the Company shall be examined, and the correctness of the balance-sheet ascertained, by one or more auditor or auditors who shall certify, at the foot of such balance-sheet, that the same, to the best of their belief, contains a true account of the capital and liabilities and of the property and assets of the Company, or make such special report thereon as they think necessary.

[আডিট।

৩৫ ধারা। ঐ কোম্পানির হিসাব সকল মোকাবিলা করা যাইবেক আর বাকীর ফর্দ্দ শুদ্ধ আছে এই কথা এক কি অধিক জন আডিটর নিশ্চিত করিবেন। আর তাঁহারা ঐ বাকীর ফর্দ্দের তলভাগে এই মর্ম্মের সর্টিফিকট লিখিবেন যে তাঁহারদের বিশ্বাসমতে ঐ বাকীর ফর্দ্দেতে ঐ কোম্পানির মূলধনের ও দায়ের ও সম্পত্তির ও জায়দাদের যথার্থ বিবরণ আছে। অথবা তাঁহারা তাহার উপর বিশেষ যে কথা লেখা আবশ্যক বোধ করেন তাহা লিখিবেন ইতি।

[Inspection of balance-sheet and of report of auditors thereon.]

XXXVI. A copy of every balance-sheet and of the report thereon by the auditors shall be kept at the registered Office of the Company, and shall be open to inspection in the same manner as the Register of shareholders kept at such Office.

[বাকীর ফর্দ্দ ও তাহার উপর আডিটরেরদের রিপোর্ট দৃষ্টি করণ।]

৩৬ ধারা। বাকীর এক২ ফর্দ্দের এক২ কেতা ও তাহার উপর আডিটরেরদের রিপোর্টের এক২ কেতা নকল ঐ কোম্পানির রেজিষ্টরীকরা দফ্তরখানাতে রাখা যাইবেক আর সেই দফ্তরখানাতে অংশিরদের যে রেজিষ্টর রাখা যায় তাহা যেমন দেখা যাইতে পারে তেমনি ঐ বাকীর ফর্দ্দ ও রিপোর্ট দেখা যাইতে পারিবেক ইতি।

[Appointment of auditors.]

XXXVII. Unless other provisions shall be contained in the regulations of the Company for the appointment of auditors, the auditors shall be appointed at the first general meeting of the Company in every year, and, in the case of any casual vacancy occurring in such Office, at an extraordinary general meeting called for the purpose of supplying the same. No Director or other Officer shall be eligible as an auditor.

[আডিটরদিগকে নিযুক্ত করণ।]

৩৭ ধারা। ঐ কোম্পানির বিধির মধ্যে যদি আডিটরদিগকে নিযুক্ত করিবার অন্য বিধি না থাকে তবে তাঁহারা এইরূপে নিযুক্ত হইবেন। অর্থাৎ প্রতিবৎসরে যখন ঐ কোম্পানির সাধারণ বৈঠক প্রথমবার হয় তখন আডিটরদিগকে নিযুক্ত করা যাইবেক। আর যদি দৈবাৎ কোন পদ খালী হয় তবে সেই পদে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিবার জন্যে অতিরিক্ত সাধারণ বৈঠক হইবেক। কোন ডৈরেক্টর কিম্বা অন্য কর্ম্মকারক আডিটরের কর্ম্মে মনোনীত হইতে পারিবেন না ইতি।

[Power of Company to alter regulations by special resolution.]

XXXVIII. Any Company registered under this Act may in general meeting, from time to time, by such special resolution as is hereinafter mentioned, alter and make new provisions in lieu of or in addition to any regulations of the Company contained in the Articles of Association or the Table marked B in the Schedule.

[ঐ কোম্পানি বিশেষ বিধি নির্দ্ধারণ করিয়া কোন বিধি পরিবর্ত্তন করিতে পারিবেন।]

৩৮ ধারা। এই আইনমতের রেজিষ্টরীকরা কোন কোম্পানি সাধারণ বৈঠক করিয়া ইহার পরে যেমন লেখা হইয়াছে তেমনি সময়ে২ বিশেষ বিধি নির্দ্ধার্য্য করিয়া সমাজের নিয়মপত্রের কিম্বা তফসীলে B চিহ্নের যে টেবিল আছে তাহার লেখা ঐ কোম্পানির কোন বিধির পরিবর্ত্তে অন্য বিধি কি তাহার অধিক নূতন বিধি করিতে পারিবেন ইতি।

[Definition of special resolution.]

XXXIX. A resolution shall be deemed to be

[বিশেষ বিধি নির্দ্ধার্য্য করণের অর্থ।]

৩৯ ধারা। কোন বিশেষ বিধি নির্দ্ধার্য্য হইবার

a special resolution of the Company whenever the same has been passed by three-fourths in number and value of such shareholders of the Company, for the time being entitled to vote, as may be present in person or by proxy (in cases where, by the regulations of the Company, proxies are allowed) at any meeting of which notice specifying the intention to propose such resolution has been duly given, and such resolution has been confirmed by a majority of such shareholders, for the time being entitled to vote, as may be present in person or by proxy at a subsequent meeting of which notice specifying the intention to propose such confirmation has been duly given, and held at an interval of not less than one month, nor more than three months, from the date of the meeting at which such special resolution was first passed: unless a poll is demanded by at least five shareholders, a declaration of the Chairman of any such meeting as is mentioned in this Section, that a special resolution has been carried or confirmed, shall be deemed conclusive evidence of the fact, without proof of the number or proportion of the votes recorded in favor of or against the same: notice of any meeting shall, for the purposes of this Section, be deemed to be duly given, and the meeting to be duly held, whenever such notice is given and meeting held in manner prescribed by the regulations of the Company.

[To be continued.]

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL.

THE 1ST AUGUST, 1857.

THE following Bill was read a second time in the Legislative Council on the 1st August, 1857, and was referred to a Select Committee who are to report thereon (under suspension of the Standing Orders) on the 8th idem:—

A Bill relating to the importation, manufacture, and sale of Arms and Ammunition, and for regulating the right to keep or use the same.

[Preamble.]

WHEREAS it is expedient to regulate the importation, manufacture, and sale of Arms and Ammunition, and the right to keep or use the same; It is enacted as follows:—

[Arms not to be carried or used without a license.]

I. No person shall carry or use or have in his custody or possession any Arms of the following description, (that is to say) any fire arms, bayonet, sword, spear, or spear-head, without a license for that purpose granted by such Officer as is hereinafter authorized to grant licenses; and if any person shall carry or use or have in his custody or possession any such Arms as aforesaid without such license, he shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceed-

প্রস্তাব হইবেক বলিয়া যদি কোন বৈঠক হইবার সম্বাদ উপযুক্তমতে দেওয়া যায়, আর সেই বৈঠকে তৎকালে স্বং মত জানাইবার ক্ষমতাপন্ন ঐ কোম্পানির যে সকল অংশী আপনারা কিম্বা (যদি ঐ কোম্পানির বিধিমতে অন্যের দ্বারা মত জানাইবার অনুমতি থাকে তবে) অন্যের দ্বারা উপস্থিত থাকেন তাঁহারদের শ্যারের সংখ্যা ও মূল্য বুঝিয়া চারি ভাগের তিন ভাগ লোক যদি সেই বিধি নির্দ্ধার্য্য করিতে সম্মত হন, আর সেই বিশেষ বিধি প্রথমে যে বৈঠকে নির্দ্ধার্য্য হইয়াছিল সেই বৈঠক হইবার তারিখের পর এক মাসের কম ও তিন মাসের অধিক না হয় এমন কোন সময়ে যদি সেই বিধি মঞ্জুর করিবার প্রস্তাব হইবেক বলিয়া অন্য বৈঠক হইবার সম্বাদ উপযুক্তমতে দেওয়া যায় আর সেই বৈঠকে তৎকালে স্বং মত জানাইবার ক্ষমতাপন্ন ঐ কোম্পানির যে সকল অংশী আপনারা কি অন্যেরদের দ্বারা উপস্থিত থাকেন তাঁহারদের অধিকাংশ লোক যদি সেই বিধি মঞ্জুর করেন, তবে তাহা ঐ কোম্পানির নির্দ্ধারিত বিশেষ বিধি জ্ঞান হইবেক। অতি কম পাঁচ জন অংশী যদি মত লইবার দাওয়া না করেন তবে এই ধারার লিখিত কোন বৈঠকে যিনি চেরমান অর্থাৎ সভাপতি হন তিনি যখন কহেন যে বিশেষ কোন বিধি নির্দ্ধার্য্য কি মঞ্জুর হইয়াছে তখন সেই বিধির সপক্ষে কি বিপক্ষে যে সকল মত হইয়াছিল তাহার সংখ্যার কি ন্যূনাধিক্যের প্রমাণ বিনা তাঁহার সেই কথা ঐ বিধি নির্দ্ধার্য্য হইবার সিদ্ধান্ত প্রমাণ জ্ঞান হইবেক। ঐ কোম্পানির বিধানের নির্দ্দিষ্টমতে যখন বৈঠক হইবার সম্বাদ দেওয়া গিয়াছে ও বৈঠক হইয়াছে তখন এই ধারার অভিপ্রায়মতে সেই বৈঠক হইবার সম্বাদ উপযুক্তমতে দেওয়া গিয়াছে ও সেই বৈঠক উপযুক্তমতে হইয়াছে জ্ঞান হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

আইনের মুসাবদা।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১ আগষ্ট।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ১ আগষ্ট তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। স্থিরতর বিধি স্থগিত হইবেক ও তাঁহারা বর্ত্তমান মাসের ৮ তারিখে তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

অস্ত্র শস্ত্র ও বারুদাদি আমদানী করিবার ও নির্ম্মাণ ও বিক্রয় করিবার বিষয়ি, ও তাহা রাখিবার কি ব্যবহার করিবার ক্ষমতার বিধান করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

অস্ত্র শস্ত্র ও বারুদাদি আমদানী করিবার ও নির্ম্মাণ ও বিক্রয় করিবার বিধান করা ও সেই অস্ত্রাদি রাখিবার কি ব্যবহার করিবার ক্ষমতার বিধান করা বিহিত। এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[অনুমতিপত্র না হইলে অস্ত্রাদি না বহিবার কি ব্যবহার না করিবার কথা।]

১ ধারা। ইহার পরে অনুমতিপত্র দিবার ক্ষমতা যে সাহেবকে দেওয়া যায় তাঁহার স্থানে অনুমতিপত্র না পাইলে, কোন কেহ কোন আগ্নেয় অস্ত্র কি সাঙ্গিন কি তলবার কি বড়শা কি বড়শার অগ্রভাগ বহিবেক না ও ব্যবহার করিবেক না কিম্বা আপনার জিম্মায় কি দখলে রাখিবেক না। আর যদি কোন লোক তদ্রূপ অনুমতিপত্র না পাইয়াও পূর্ব্বোক্ত প্রকারের কোন অস্ত্র শস্ত্র বহে কি ব্যবহার করে কি আপনার জিম্মায় কি দখলে রাখে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার সেই দোষ সাব্যস্ত হইলে সে প্রথমবার ঐ দোষের নিমিত্তে

ing one hundred Rupees for the first offence, and to a fine not exceeding two hundred Rupees for a second or subsequent offence; and the Arms shall be forfeited to Government upon conviction either of a first or subsequent offence, if the Magistrate or other Officer before whom the offender shall be convicted shall so adjudge.

[Form of license.]

II. The license shall be in the form in the Schedule to this Act annexed or to the like effect.

[Going armed in a public place without license. Arms may be seized. And persons refusing to give name &c. may be detained.]

III. If any person shall carry or use or have in his custody or possession in any public place any such Arms without such license as aforesaid, any Magistrate within whose jurisdiction the same may be found, or any European Commissioned Officer in the service of Her Majesty or of the East India Company on actual duty, or any Member of any Volunteer Corps enrolled by authority of Government whilst on actual duty, or any Police Officer, may seize and detain such Arms or cause the same to be seized and detained; and if such Arms be so carried or used or be found in the custody or possession of any person without such license as aforesaid between sun-set and sunrise, or if the person carrying or using the Arms shall neglect or refuse to give his name and address upon being requested so to do, or shall give a false name or address, the person so carrying or using such Arms or in whose custody or possession the same shall be found may be apprehended and detained without a warrant by any person hereinbefore authorized to seize the Arms.

[Renewal of lost license. False declaration.]

IV. If any such license be accidentally lost or destroyed, a new license may be granted upon application made by the person licensed upon his making a declaration to the effect that the license has been accidentally lost or destroyed. If any person shall make a false declaration in any case in which by this Act a declaration is required to be made, or shall wilfully give a false answer to any material question which may be put to him in reference to the granting or refusal of a license, he shall be deemed guilty of perjury and shall be liable to be proceeded against and punished accordingly.

[Exemptions from licensing provisions.]

V. The foregoing provisions respecting licenses shall not be applicable to —

1. European Commissioned Officers in the Military or Naval Service of Her Majesty or of the East India Company.

2. Police Officers and other persons in respect

১০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, কি দ্বীতীয়বার কিম্বা তাহার পর ঐ দোষ করিলে ২০০৲ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। আর মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অন্য যে কার্য্যকারকের সম্মুখে অপরাধির দোষ সাব্যস্ত হয় তিনি যদি হুকুম করেন তবে ঐ দোষ প্রথমবার কি তৎপরে যখন সাব্যস্ত হয় তখন ঐ অস্ত্র শস্ত্র গবর্ণমেণ্টে জব্দ হইবেক ইতি।

[অনুমতিপত্রের পাঠ।]

২ ধারা। এই আইনের শেষ ভাগে যে তফসীল দেওয়া যায় তাহার মতে কি তাহার মর্ম্মমতে অনুমতিপত্র হইবেক ইতি।

[অনুমতিপত্রবিনা অস্ত্র শস্ত্র লইয়া প্রকাশ স্থানে গেলে অস্ত্র কাড়িয়া লওয়া যাইবার, ও যাহারা নামাদি জানাইতে না চাহে তাহারদিগকে আটক করিয়া রাখিবার কথা।]

৩ ধারা। যদি কোন লোক পূর্ব্বোক্ত প্রকারের অনুমতিপত্র না পাইয়াও তদ্রূপ কোন অস্ত্র শস্ত্র কোন প্রকাশ স্থানে বহে কি ব্যবহার করে কি আপনার জিম্মায় কি দখলে রাখে, তবে যে কোন মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে তাহা পাওয়া যায় তিনি, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কি কোম্পানি বাহাদুরের ইউরোপীয় কোন সনদপ্রাপ্ত সেনাপতি সাহেব আপন পদের কর্ম্ম নির্ব্বাহ করিবার সময়ে, কিম্বা গবর্ণমেণ্টের অনুমতিক্রমে সংগৃহীত বলমটের কোরের কোন সাহেব যে সময়ে আপন পদের কর্ম্ম নির্ব্বাহ করেন সেই সময়ে তিনি, কিম্বা পোলীসের কোন কার্য্যকারক সেই অস্ত্র শস্ত্র ক্রোক করিয়া আটক রাখিতে পারিবেন কিম্বা ক্রোক ও আটক করাইতে পারিবেন। আর যদি কোন ব্যক্তি পূর্ব্বোক্ত প্রকারের অনুমতি না পাইয়াও সূর্য্যের অস্ত ও উদয় কালের মধ্যে কোন সময়ে সেই অস্ত্রাদি বহে কি ব্যবহার করে কিম্বা যদি তাহার জিম্মায় কি দখলে পাওয়া যায়, অথবা যে লোক ঐ অস্ত্রশস্ত্র বহে কি ব্যবহার করে তাহার নাম ও বাসস্থানাদি জানাইতে আদেশ হইলেও সে যদি তাহা না জানায় কি জানাইতে স্বীকার না করে কি মিথ্যা নাম বাসস্থানাদি জানায়, তবে যে জন ঐ অস্ত্র শস্ত্র সেইরূপে বহে কি ব্যবহার করে কিম্বা যাহার জিম্মায় কি দখলে তাহা পাওয়া যায় সেই জনকে, এ ধারার মধ্যে যাঁহারদিগকে অস্ত্রশস্ত্র ক্রোক করিবার ক্ষমতা দেওয়া গেল তাঁহারদের কোন কেহ পরওয়ানা বিনা ধরিয়া আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[অনুমতিপত্র হারাণ গেলে নূতন পত্র পাইবার কথা। মিথ্যা এজহার।]

৪ ধারা। সেই প্রকারের কোন অনুমতিপত্র যদি দৈবাৎ হারাণ যায় কি নষ্ট হয় তবে যে জন ঐ অনুমতিপত্র পাইয়াছিল সে ঐ পত্র দৈবাৎ হারাণ গিয়াছে কি নষ্ট হইয়াছে এই মর্ম্মের এজহার করিয়া দরখাস্ত করিলে নূতন অনুমতিপত্র পাইতে পারিবেক। এই আইনমতে যে২ স্থলে এজহার করিবার আজ্ঞা হয় এমত কোন স্থলে যদি কেহ মিথ্যা এজহার করে, কিম্বা অনুমতিপত্র দিবার কি না দিবার সম্পর্কীয় যে কোন গুরুতর কথা তাহাকে জিজ্ঞাসা করা যায় তাহার উত্তরে যদি সে মিথ্যা কথা কহে তবে সে মিথ্যাশপথের দোষী জ্ঞান হইবেক ও তদনুসারে তাহার নামে মোকদ্দমা ও তাহার দণ্ড হইতে পারিবেক ইতি।

[অনুমতিপত্রের বিধান যে স্থলে খাটিবেক না তাহার কথা।]

৫ ধারা। অনুমতিপত্রের পূর্ব্বোক্ত সকল বিধি ইহাঁরদের উপর খাটিবেক না।

১। শ্রীশ্রীমতী মহারাণীর কি কোম্পানি বাহাদুরের সৈন্যসম্পর্কীয় কি জাহাজীয় ইউরোপীয় সনদপ্রাপ্ত সেনাপতি সাহেবেরদের।

২। যাহারদের ব্যবহারের জন্যে গবর্ণমেণ্ট অস্ত্রশস্ত্র

of Arms the property of Government furnished by Government for their use.

3. Licensed manufacturers of or dealers in Arms.

4. Arms covered by a pass from a Collector of Customs in course of removal under such pass and according to the conditions therein specified.

5. Arms in the course of removal from a licensed dealer in Arms to a person authorized to keep or use the same; or Arms sent by a licensed person for repair to a person licensed to manufacture, sell, or repair Arms.

The 4th and 5th exceptions shall not prevent the seizure and detention of Arms found in any public place until the same are satisfactorily accounted for, unless the same be removed under a pass for that purpose by an Officer authorized to grant the same.

6. Members of the family or representatives of any licensed person deceased, for three weeks after the death of such person, in respect of Arms specified in any license to carry or use Arms granted to such deceased person. Provided such members of his family or representatives shall not within the said space of twenty-one days have been required by the Magistrate or officer authorized to grant licenses to deliver up the Arms.

[Governor General in Council may exempt persons or classes of persons.]

VI. It shall be competent to the Governor General in Council to exempt any persons or class or classes of persons whom he shall think fit from the operation of this Act.]

[Penalty for going armed in public and refusing to produce license &c.]

VII. Every person hereby prohibited from keeping or using Arms without a license, who shall be found in any public place with any such Arms as foresaid in his possession, shall, whenever required so to do by any Magistrate, Deputy Magistrate, or Assistant to a Magistrate, or by any European Commissioned Officer in the service of Her Majesty or of the East India Company, or any Member of a Volunteer Corps established by authority of Government whilst on duty, or by any Police Officer, produce the license authorizing him to carry or use such Arms, and shall also allow such Arms to be inspected, and shall state his name and place of residence; and in case any such person shall refuse or neglect so to do, or shall give a false name or place of residence, it shall be lawful for such Magistrate, Commissioned Officer, Member of a Volunteer Corps, or Police Officer, to apprehend or cause such person to be apprehended, and also to seize

দেন গবর্ণমেণ্টের সেই অস্ত্রশস্ত্র সম্পর্কে পোলীসের সেই র্য্যকারকেরদের ও অন্য ব্যক্তিরদের।

৩। যাহারা অনুমতিপত্র পাইয়া অস্ত্রশস্ত্র নির্ম্মাণ করে কি তাহা লইয়া ব্যবসায় করে তাহারদের।

৪। হাসিলের কালেক্টর সাহেব যে অস্ত্রশস্ত্র চালান করিবার পাস দেন তাহা সেই পাসমতে ও তাহার লিখিত নিয়মানুসারে চালান হইবার কালে সেই অস্ত্রশস্ত্রের।

৫। অস্ত্র লইয়া ব্যবসায় করিবার অনুমতি যে জন পাইয়াছে তাহার ঘরহইতে, সেই অস্ত্র রাখিতে কি ব্যবহার করিতে যে জন অনুমতি পাইয়াছে তাহার ঘরে চালান হইবার সময়ে সেই অস্ত্রশস্ত্রের। কিম্বা যে জন অস্ত্রশস্ত্র নির্ম্মাণ কি বিক্রয় কি মেরামৎ করিতে অনুমতি পাইয়াছে তাহার নিকটে অনুমতি পত্রপ্রাপ্ত ব্যক্তি অস্ত্র মেরামৎ হইবার জন্যে পাঠাইলে সেই অস্ত্রাদির।

কোন প্রকাশ স্থানে যে অস্ত্রশস্ত্র পাওয়া যায় তাহার বেওরা যাবৎ হুদ্বোধমতে না দেওয়া যায় তাবৎ তাহা ক্রোক করিয়া আটক করিবার বাধা উক্ত ৪ ও ৫ বর্জ্জিত বিধিতে হইবেক না। কিন্তু যে কার্য্যকারক সাহেবের পাস দিবার ক্ষমতা থাকে তিনি পাস দিয়া তাহা ছাড়াইতে পারিবেন।

৬। ঐ অনুমতিপত্রপ্রাপ্ত কোন ব্যক্তি মরিলে তাহাকে অস্ত্রশস্ত্র বহিবার কি ব্যবহার করিবার যে অনুমতিপত্র দেওয়া গিয়াছিল তাহার অস্ত্রশস্ত্র বিষয়ে তাহার মরণের পর তিন সপ্তাহপর্য্যন্ত তাহার পরিবারের লোক কি স্থলাভিষিক্ত লোকের। পরন্তু যদি মাজিস্ট্রেট সাহেব কিম্বা অনুমতিপত্র দিবার ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সাহেব ঐ একুশ দিনের মধ্যে তাহার পরিবারের লোকদিগকে কি স্থলাভিষিক্ত লোকদিগকে অস্ত্রশস্ত্র ত্যাগ করিতে আজ্ঞা দিয়া থাকেন তবে এই বর্জ্জিত বিধি খাটিবেক না ইতি।

[হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কোন লোকদিগকে কিম্বা কোন জাতীয় লোকদিগকে মুক্ত করিতে পারিবেন।]

৬ ধারা। যে কোন লোকদিগকে কিম্বা যে জাতির কি যে২ জাতির লোকদিগকে হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর এই আইনের আমলহইতে মুক্ত করা উচিত বোধ করেন তাহারদিগকে তিনি মুক্ত করিতে পারিবেন ইতি।

[অস্ত্রশস্ত্র লইয়া প্রকাশরূপে যাইবার ও অনুমতিপত্রপ্রভৃতি দেখাইতে অস্বীকার করিবার দণ্ড।]

৭ ধারা। এই আইনেতে যাহারদের অনুমতিপত্র বিনা অস্ত্রশস্ত্র রাখিবার কি ব্যবহার করিবার নিষেধ হইয়াছে, তাহারদের মধ্যে কোন লোককে অস্ত্রশস্ত্র লইয়া কোন প্রকাশ স্থানে যদি পাওয়া যায়, তবে কোন মাজিস্ট্রেট সাহেব কি ডেপুটী মাজিস্ট্রেট কি মাজিস্ট্রেট সাহেবের আসিষ্টাণ্ট, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কি কোম্পানি বাহাদুরের কোন ইউরোপীয় সনদপ্রাপ্ত সেনাপতি সাহেব, কিম্বা গবর্ণমেণ্টের অনুমতিক্রমে স্থাপিত বলম্‌টের কোরের কোন সাহেব ঐ পদের কর্ম্ম করণ কালে, কি পোলীসের কোন কর্ম্মকারক তাহাকে সেইরূপ অস্ত্রশস্ত্র বহিবার কি ব্যবহার করিবার অনুমতিপত্র দেখাইতে যখনই কহেন তখনই দেখাইবেক, ও সেই অস্ত্রশস্ত্রও দেখিয়া লইতে অনুমতি দিবেক, ও তাহার নাম ও বাসস্থান জানাইবেক। আর যদি ঐ লোক তাহা না করে কি করিতে অস্বীকার করে কিম্বা মিথ্যা নাম কি বাসস্থান জানায়, তবে সেই মাজিস্ট্রেট সাহেব কি সনদপ্রাপ্ত সেনাপতি সাহেব, কি বলম্‌টের কোরের সাহেব, কিম্বা পোলীসের কার্য্যকারক তাহাকে ধরিবেন কি ধরাইয়া লইবেন, ও তাহার নিকটে যে অস্ত্রশস্ত্র থাকে তাহাও ক্রোক করিবেন

the Arms in his possession or to cause such Arms to be seized; and the person so neglecting or refusing as aforesaid shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding one hundred Rupees; and the Arms seized shall be forfeited to Government, if the convicting Magistrate shall so adjudge.

[License for manufacture or sale of Arms.]

VIII. If any person shall manufacture, repair, sell, or keep or expose for sale any Arms, or shall manufacture, or sell, or keep or expose for sale percussion caps, gunpowder, or other Ammunition, without a license to deal in Arms or Ammunition, as the case may be, granted by the Governor General in Council or the Executive Government of the Presidency or place in which such Arms shall be manufactured, sold, or repaired, or by an Officer authorized by the Governor General in Council or by the Executive Government of the Presidency or place to grant such licenses, he shall, on conviction before a Magistrate, forfeit for every such offence the sum of five hundred Rupees.

[Dealers in Arms to enter purchaser's name &c. in a book. Inspection of book.]

IX. Any licensed person, who shall sell Arms or Ammunition, shall enter, in a book to be kept by him for that purpose, the name and address of the purchaser, and the nature, description, and quantity of the Arms or Ammunition sold. Such book shall be open at all times to inspection by the Magistrate or other duly authorized Officer; and copies may be taken of all entries therein contained. If any such person shall omit or fail duly to keep such a book, or if any person shall prevent or obstruct the inspection thereof, or shall make a false entry therein, he shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees; and his license may be revoked by the person or persons authorized to grant such licenses.

[Magistrate or other Officer may inspect dealers' premises.]

X. The Magistrate or other Officer authorized by Government may at any time enter the premises in which Arms or Ammunition shall be manufactured or kept by any licensed manufacturer of or dealer in Arms or Ammunition, in order to inspect the stock-in-trade of such manufacturer or dealer; and if any such manufacturer or dealer shall intentionally conceal from such Magistrate or other Officer as aforesaid any part of his stock-in-trade, or shall wilfully refuse to point out where the same is kept, he shall, on conviction before a Magistrate, forfeit a sum not exceeding two hundred Rupees; and any part of the stock-

কি করাইবেক। আর যে জন উক্তমতে আদেশ পাইয়া কর্ম্ম করিল না কি করিতে অস্বীকার করিল, তাহার ঐ দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে, সে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। ও যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি হুকুম করিলে, যে অস্ত্রশস্ত্র ক্রোক করা গেল তাহা গবর্ণমেণ্টে জব্দ হইবেক ইতি।

[অস্ত্রশস্ত্র নির্ম্মাণ কি বিক্রয় করিবার অনুমতিপত্র।]

৮ ধারা। হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের স্থানে অস্ত্রশস্ত্র কি বারুদাদি লইয়া ব্যবসায় করিবার অনুমতিপত্র না পাইয়া, কিম্বা যে রাজধানীতে কি স্থানে ঐ অস্ত্রশস্ত্র নির্ম্মাণ কি বিক্রয় কি মেরামৎ হইবেক সেই রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের স্থানে, কিম্বা হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কি ঐ রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যাঁহাকে তদ্রূপ অনুমতিপত্র দিবার ক্ষমতা দেন তাঁহার স্থানে ঐ অনুমতিপত্র না পাইয়া, যদি কোন লোক কোন অস্ত্রশস্ত্র নির্ম্মাণ কি মেরামৎ কি বিক্রয় করে কি রাখে কি বিক্রয় হইবার জন্যে দেখায়, কিম্বা গনকাপ অর্থাৎ বন্দুকের টুপি কি বারুদ গুলি ছিটাপ্রভৃতি নির্ম্মাণ কি বিক্রয় করে কি রাখে কি বিক্রয় হইবার জন্যে দেখায়, তবে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে ঐ দোষ সাব্যস্ত হইলে, তাহার তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকা জরীমানা হইবেক ইতি।

[যাহারা অস্ত্রশস্ত্র বিক্রয় করে তাহারা খরীদারেরদের নামাদি বহীতে লিখিবেক। বহী দেখিবার কথা।]

৯ ধারা। অনুমতিপ্রাপ্ত যে কোন ব্যক্তি অস্ত্রশস্ত্র কি বারুদাদি বিক্রয় করে তাহার খরীদারেরদের নামাদি লিখিবার জন্যে বহী রাখিতে হইবেক। সেই বহীতে খরীদারেরদের নাম ও বাসস্থানাদি ও যে প্রকারের ও যত অস্ত্রশস্ত্র বারুদাদি সে ক্রয় করে তাহা লিখিতে হইবেক। সেই বহী মাজিষ্ট্রেট সাহেব কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সর্ব্ব সময়ে দেখিতে পারিবেন, ও তাহাতে যাহা লেখা আছে তাহার কোন কথার নকল লওয়া যাইতে পারে। যদি সেই প্রকারের কোন লোক ঐ বহী না রাখে, কিম্বা উপযুক্তমতে রাখিতে ত্রুটি করে, কিম্বা যদি কোন লোক তাহা দৃষ্টি হইবার বারণ কি বাধা করে, কিম্বা তাহাতে অসত্য কথা লেখে, তবে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে তাহার দোষ সাব্যস্ত হইলে সে পাঁচ শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। ও অনুমতিপত্র দিবার যাঁহার বা যাঁহারদের ক্ষমতা থাকে তিনি কি তাঁহারা সেই লোকের ঐ অনুমতিপত্র বাতিল করিতে পারিবেন ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক ঐ ব্যবসায়িরদের বাড়ীতে গিয়া দেখিতে পারিবেন।]

১০ ধারা। অস্ত্রশস্ত্র কি বারুদপ্রভৃতি যাহারা নির্ম্মাণ করে কি তাহা লইয়া যাহারা ব্যবসায় করে এমত কোন লোক যে বাড়ীর মধ্যে অস্ত্রশস্ত্র কি বারুদপ্রভৃতি নির্ম্মাণ করে কি রাখে সেই বাড়ীর মধ্যে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা গবর্ণমেণ্টহইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক ঐ নির্ম্মাতার কি ব্যবসায়ির সঞ্চিত সকল অস্ত্রশস্ত্র বারুদাদি দেখিবার জন্যে কোন সময়ে প্রবেশ করিতে পারিবেন। আর যদি সেই প্রকারের কোন নির্ম্মাতা কি ব্যবসায়ী সেই মাজিষ্ট্রেট সাহেবহইতে কিম্বা উক্ত প্রকারের অন্য কার্য্যকারকহইতে আপনার সঞ্চিত অস্ত্রাদির কোন অংশ জানিয়াশুনিয়া লুকায়, কিম্বা তাহা যে স্থানে রাখা গিয়াছে সেই স্থান দেখাইয়া দিতে ইচ্ছাপূর্ব্বক অস্বীকার করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার দুই শত টাকার অনধিক জরীমানা হইবেক। ও ঐ দোষ সাব্যস্তকরণিয়া মাজিষ্ট্রেট সাহেব

in-trade so concealed shall be forfeited, if the convicting Magistrate shall so adjudge.

[Penalty for possession of Ammunition without license. Proviso.]

XI. If any person shall keep or have in his possession percussion caps, gun-powder, or other Ammunition without a license to keep or sell the same, he shall, on conviction before a Magistrate, forfeit the sum of one hundred Rupees for the first offence, and two hundred Rupees for a second or subsequent offence; and such gun-powder, percussion caps, or other Ammunition shall be forfeited, if the convicting Magistrate shall so adjudge. Provided that any person licensed to keep fire-arms, or not prohibited by law from keeping the same for private use, may without license have in his possession gun-powder, percussion caps, or other Ammunition in reasonable quantities for private use.

[Revocation of license.]

XII. Any license granted under the provisions of this Act may be revoked or suspended by the person or persons authorized to grant such licenses.

[Arms or Ammunition not to be imported without license.]

XIII. No Arms or Ammunition shall be imported without the license of the Governor General in Council or Executive Government, except Arms and Ammunition imported for private use by any person authorized or licensed to keep, or not prohibited by law from keeping, the same in his possession.

[Search by Magistrate or under his warrant.]

XIV. Any Magistrate, if he have reasonable cause for suspecting that Arms or Ammunition are kept in any house, building, or other place, or are therein in the possession of any person not licensed or authorized by law to possess the same, may, with such assistance as he shall think necessary, by night or by day, and by force if necessary, enter and search any such house or place; or may by his warrant cause the same to be entered and searched in manner aforesaid. All such Arms or Ammunition found therein may be seized and confiscated. Every person found in such house or place, who shall appear to have kept or been privy to the keeping or deposit therein of such Arms, may be taken into custody. It shall be competent to a Magistrate to delegate to any of his European Assistants the powers conferred on him by this Section.

[General search for Arms by order of Government.]

XV. The Governor General of India in Council, or the Executive Government of any Presi-

হুকুম করিলে সেই সজ্জিত অস্ত্রাদির যে কোন অংশ লুকান গিয়াছিল তাহা জব্দ হইবেক ইতি।

[অনুমতিপত্রবিনা বারুদপ্রভৃতি নিকটে রাখিবার দণ্ড। বর্জ্জিত বিধি।]

১১ ধারা। গন্‌কাপ কি বারুদগুলি ছিটাপ্রভৃতি রাখিবার কি বিক্রয় করিবার অনুমতিপত্র না পাইলেও যদি কোন লোক তাহা রাখে কিম্বা যদি তাহার নিকটে থাকে তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সেই দোষ সাব্যস্ত হইলে ঐ লোকের সেই অপরাধের জন্যে প্রথমবার এক শত টাকা জরীমানা হইবেক ও দ্বিতীয়বার কি তাহার পর যতবার ঐ দোষ করে ততবার দুই শত টাকা করিয়া জরীমানা হইবেক। ও সেই দোষ সাব্যস্তকরণিয়া মাজিষ্ট্রেট সাহেব হুকুম করিলে সেই বারুদ ও গন্‌কাপ ও গুলি ছিটাপ্রভৃতি জব্দ হইবেক। পরন্তু যদি কোন লোক আগ্নেয় অস্ত্র রাখিবার অনুমতি পাইয়া থাকে কিম্বা যদি আইনমতে তাহার ঐরূপ অস্ত্র নিজ কর্ম্মের নিমিত্তে রাখিবার কোন নিষেধ না থাকে তবে তাহার নিজ কর্ম্মের নিমিত্তে উপযুক্ত কতক বারুদ ও গন্‌কাপ ও ছিটা গুলিপ্রভৃতি সে বিনানুমতিতে রাখিতে পারিবেক ইতি।

[অনুমতিপত্র বাতিল করণ।]

১২ ধারা। যিনি কি যাঁহারা অনুমতিপত্র দিবার ক্ষমতা পাইয়াছেন তিনি কি তাঁহারা এই আইনের বিধানমতে যে কোন অনুমতিপত্র দিয়া থাকেন তাহা বাতিল কি স্থগিত করিতে পারিবেন ইতি।

[অনুমতিপত্র না হইলে কোন অস্ত্র বারুদাদি আমদানী হইবেক না।]

১৩ ধারা। যে কোন লোক আপন কর্ম্মের নিমিত্তে যে অস্ত্রশস্ত্র বারুদাদি রাখিবার ক্ষমতা কি অনুমতি পাইয়াছে কি যাহার আইনমতে নিকটে রাখিবার নিষেধ হয় নাই এমত লোকের নিজ কর্ম্মের নিমিত্তে যে অস্ত্রশস্ত্র বারুদাদির আমদানী হয়, তদ্ভিন্ন হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের অনুমতিপত্র বিনা কোন অস্ত্রশস্ত্র কি বারুদাদির আমদানী হইতে পারিবেক না ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা কিম্বা তাঁহার পরওয়ানাক্রমে তলাশী।]

১৪ ধারা। যদি কোন মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত কারণে এমত সন্দেহ করেন যে, কোন ঘরে কি ইমারতে কি অন্য স্থানে অস্ত্রশস্ত্র বারুদাদি রাখা গিয়াছে, কিম্বা যে লোক আইনমতে তাহা রাখিতে অনুমতি কি ক্ষমতা না পাইয়াছে, এমত লোকের দখলে সেই ঘরপ্রভৃতির মধ্যে আছে, তবে তিনি যে সাহায্য আবশ্যক জ্ঞান করেন তাহা লইয়া, দিবসে কি রাত্রিতে ও আবশ্যক হইলে বলক্রমে তদ্রূপ কোন ঘরে কি স্থানে প্রবেশ করিয়া তলাশ করিতে পারিবেন। কিম্বা সেইরূপে ঐ ঘরে প্রবেশ করিবার ও তলাশ করিবার জন্যে আপন পরওয়ানা দিতে পারিবেন। সেই ঘরে যে সকল অস্ত্রশস্ত্র বারুদাদি পাওয়া যায় তাহা ক্রোক ও জব্দ হইতে পারিবেক। সেই ঘরে কি স্থানে ঐ অস্ত্রশস্ত্র রাখিয়াছে কিম্বা রাখিবার কি আমানৎ করিবার বিষয় জানিয়াছে যাহার বিষয়ে এমত বোধ হয় ও এমত যে কোন লোককে সেই ঘরে কি স্থানে পাওয়া যায় তাহারদের প্রত্যেক জনকে হেফাজতে লওয়া যাইতে পারিবেক। এই ধারাক্রমে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি যে সকল ক্ষমতা দেওয়া গিয়াছে তাহা তিনি আপনার ইউরোপীয় কোন আসিষ্টাণ্ট সাহেবকে দিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্টের হুকুমমতে অস্ত্রশস্ত্রের জন্যে সাধারণ তলাশী।]

১৫ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর, কিম্বা কোন রাজধানীর কি স্থানের

dency or place, or the Chief Commissioners of the Punjab and Oude respectively, or the Commissioner of Nagpore, or any other persons authorized by Government, may order a general search for arms to be made, by any Officers or persons named in such order, in any City, Town, District, or place specified therein. The persons authorized by any such order, and all persons acting under their authority, shall have the like powers of entry, search, and seizure as are conferred on Magistrates by the last preceding Section.

[Government may order all persons to give notice of places where Arms are kept.]

XVI. The Governor General of India in Council or Executive Government, or other person authorized by the Governor General in Council, may issue notice requiring all manufacturers of or dealers in Arms or Ammunition, and all persons prohibited from keeping Arms without a license, to give notice of all places in which such Arms are kept within a time to be specified in the notice; and any manufacturer of or dealer in Arms or Ammunition, or other person, not giving notice within the time specified, shall, on conviction before a Magistrate, be liable to a penalty not exceeding five hundred Rupees; and the Arms or Ammunition may be confiscated, if the convicting Magistrate shall so adjudge.

[Mode of granting licenses.]

XVII. Licenses to keep, use, manufacture, or sell such Arms as aforesaid shall be granted as follows; (that is to say)—

In the Presidency Towns, and in the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca, by the Commissioner of Police.

In all other places, by the Magistrate, Joint Magistrate, or other person exercising the full powers of a Magistrate.

[Appeals against refusal of license.]

XVIII. In case any person, to whom a license under this Act to keep, use, manufacture, or sell such Arms as aforesaid shall be refused, shall consider himself aggrieved, he shall be at liberty, within two months after the refusal, to appeal against the same. Such appeal shall be preferred, in the Presidency Towns of Calcutta, Madras, and Bombay, and in the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca, to two Magistrates of Police; in other places to the Commissioner of the District: and in case it shall be determined upon such appeal that a license ought to be granted, the same shall be granted accordingly. Fourteen days' notice in writing of the intention to appeal shall be given to the Officer refusing the license.

[*Government Gazette*, 11th *August*, 1857.]

কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট কিম্বা পঞ্জাবের কি অযোধ্যার প্রধান কমিস্যনর সাহেব, কিম্বা নাগপুরের কমিস্যনর সাহেব, কিম্বা গবর্ণমেণ্টহইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন ব্যক্তি হুকুমনামা করিয়া, সেই হুকুমনামার নির্দ্দিষ্ট কোন শহর কি নগর কি পল্লী কি স্থানের মধ্যে ঐ হুকুমনামার লিখিত কোন ব্যক্তির কি ব্যক্তিরদের দ্বারা অস্ত্রশস্ত্রের নিমিত্তে সাধারণমতে তলাশ হয়, এমত হুকুম করিতে পারিবেন। সেই প্রকারের কোন হুকুমনামাতে যাঁহারা ক্ষমতা পান ও তাঁহারদের হুকুমমতে যাহারা কার্য্য করে তাহারা সকলই, ঘরে প্রবেশ করিতে ও তলাশ ও ক্রোক করিতে, যে শক্তি ইহার পূর্ব্বের ধারামতে মাজিষ্ট্রেট সাহেবেরদের প্রতি অর্পিত হইয়াছে, সেই শক্তি পাইবেন ইতি।

[অস্ত্রশস্ত্র যে স্থানে রাখা যায় সেই স্থানের সম্বাদ দিতে গবর্ণমেণ্ট সকল লোককে হুকুম করিতে পারিবেন।]

১৬ ধারা। হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর, কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট, কিম্বা হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরহইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য সাহেব অস্ত্রশস্ত্র বারুদাদি নির্ম্মাণকারি কি ব্যবসায়ি সকল লোকের ও যাহারদের অনুমতিপত্রবিনা অস্ত্রশস্ত্র রাখিবার নিষেধ আছে এমত সকল লোকের নামে এই মর্ম্মের এত্তেলা জারী করিতে পারিবেন যে, ঐরূপ অস্ত্রশস্ত্র যে২ স্থানে রাখা যায় সেই সকল স্থানের সম্বাদ ঐ এত্তেলার লিখিত মিয়াদের মধ্যে দেয়, ও অস্ত্রশস্ত্র কি বারুদাদি নির্ম্মাণকারি কি ব্যবসায়ি কোন লোক কি অন্য লোক যদি সেই মিয়াদের মধ্যে সম্বাদ না দেয় তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সেই দোষ সাব্যস্ত হইলে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক। আর যদি সেই দোষ সাব্যস্তকরণিয়া মাজিষ্ট্রেট সাহেব হুকুম করেন তবে ঐ অস্ত্রশস্ত্র কি বারুদাদি জব্দ হইতে পারিবেক ইতি।

[অনুমতিপত্র যাঁহারা দিবেন তাহার কথা।]

১৭ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের অস্ত্রশস্ত্র রাখিবার কি ব্যবহার কি নির্ম্মাণ কি বিক্রয় করিবার অনুমতিপত্র এইরূপে দেওয়া যাইবেক, অর্থাৎ

রাজধানী নগরে ও পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকা বসতি স্থানে পোলীসের কমিস্যনর সাহেব,

অন্য সকল স্থানে মাজিষ্ট্রেট সাহেব কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্যকারি অন্য ব্যক্তি তাহা দিবেন ইতি।

[অনুমতিপত্র দিতে না চাহিলে আপীল হইবার কথা।]

১৮ ধারা। ঐ অস্ত্রশস্ত্র রাখিবার, কি ব্যবহার কি নির্ম্মাণ কি বিক্রয় করিবার এই আইনমতের অনুমতিপত্র যদি কোন লোককে দিতে অস্বীকার হয়, তবে সেই লোক আপনি অন্যায়গ্রস্ত হইয়াছে জ্ঞান করিলে, ঐ অস্বীকার হইবার পরে দুই মাসের মধ্যে আপীল করিতে পারিবেক। কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই রাজধানী নগরে ও পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মলাকা বসতিতে ঐ আপীল পোলীসের দুই জন মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হইবেক, ও অন্য২ স্থানে জিলার কমিস্যনর সাহেবের নিকটে হইবেক। সেইরূপ আপীলক্রমে যদি এই নির্দ্ধার্য্য হয় যে, অনুমতিপত্র দেওয়া উচিত, তবে তদনুসারে অনুমতিপত্র দেওয়া যাইবেক। যে কার্য্যকারক সাহেব অনুমতিপত্র দিতে অস্বীকার করেন তাঁহার নিকটে আপীল করিবার মনস্থের সম্বাদ চৌদ্দ দিন থাকিতে লিখিয়া দিতে হইবেক ইতি।

[Penalty for using or keeping any cannon &c. without license.]

XIX. No person shall use or have in his custody or possession any cannon, howitzer, or mortar, without a license from the Governor General of India in Council or the Executive Government of any Presidency. If any person shall use or have in his custody or possession any cannon, howitzer, or mortar without such license, he shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding two thousand Rupees, and to imprisonment for a term not exceeding two years; and such Arms shall be forfeited to Government, if the Magistrate or other Officer before whom the offender shall be convicted shall so adjudge.

[অনুমতিবিনা কোন কামানপ্রভৃতি ব্যবহার করিবার কি রাখিবার দণ্ড ।]

১৯ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের কিম্বা কোন রাজধানীর কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের স্থানে অনুমতিপত্র না পাইয়া, কোন ব্যক্তি কোন কামান কিম্বা হোইৎসর অর্থাৎ বোম কিম্বা মর্টার ব্যবহার করিবেক না, কি আপনার জিম্মায় কি দখলে রাখিবেক না। যদি কোন লোক সেই প্রকারের অনুমতি না পাইয়াও কোন কামান কি হোইৎসর কি মর্টার ব্যবহার করে কি আপনার জিম্মায় কি দখলে রাখে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার দুই হাজার টাকার অনধিক জরীমানা ও দুই বৎসরের অনধিক মিয়াদে কয়েদ হইতে পারিবেক। আরো মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অন্য যে কার্য্যকারকের সম্মুখে অপরাধির দোষ সাব্যস্ত হইয়াছে তিনি যদি হুকুম করেন তবে সেই কামানপ্রভৃতি গবর্ণমেণ্টে জব্দ হইবেক ইতি।

[Rewards to informers.]

XX. Any fine or penalty levied from any person convicted of an offence under this Act, or any portion of such fine or penalty, may be awarded to the informer. A Magistrate may also, upon the adjudication of any case under this Act, authorize a sum not exceeding one-half of the value of any Arms or Ammunition confiscated to be given as a reward to the informer.

[গোয়েন্দারদের নিকটে পুরস্কারের কথা ।]

২০ ধারা। এই আইনমতে কোন ব্যক্তির অপরাধ সাব্যস্ত হইয়া তাহার স্থানে যে কিছু জরীমানা কি অর্থদণ্ড উসুল হয় তাহা কিম্বা তাহার কোন ভাগ গোয়েন্দাকে দেওয়া যাইতে পারিবেক। আরো এই আইনমতে কোন অস্ত্রশস্ত্র জব্দ হইবার হুকুম হইলে মাজিষ্ট্রেট সাহেব জব্দকরা কোন অস্ত্রশস্ত্রের কি বারুদাদির অর্দ্ধেক মূল্যের অনধিক টাকা গোয়েন্দাকে পুরস্কারস্বরূপ দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[Interpretation of the word "Magistrate."]

XXI. The word "Magistrate" shall include a person exercising the powers of a Magistrate, a Commissioner of Police, and a Justice of the Peace; and every person hereby made punishable by a Justice of the Peace may be punished upon summary conviction.

["মাজিষ্ট্রেট" এই শব্দের অর্থ ।]

"মাজিষ্ট্রেট সাহেব" এই শব্দেতে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্যকারি কোন ব্যক্তিকে ও পোলীসের কমিস্যনর সাহেবকে ও জুষ্টিস অফ দি পীসকে বুঝা যাইবেক। আরো এই আইনমতে জুষ্টিস অফ দি পীসের দ্বারা যাহারদের দণ্ড হইতে পারে তাহারদের দোষ সরাসরীমতে সাব্যস্ত হইলে দণ্ড হইতে পারিবেক ইতি।

[Operation of Act.]

XXII. This Act shall take effect in any District, City, Town, or place, to which the same shall be extended by order of the Governor General of India in Council or of the Executive Government of any Presidency or place; and shall take effect from the day named in such order.

[আইনের শক্তি ।]

২২ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের হুকুমমতে যে কোন জিলাতে কি শহরে কি নগরে কি স্থানে এই আইন প্রবল করা যায়, সেই২ জিলাপ্রভৃতিতে প্রচলিত হইবেক, ও সেই হুকুমে যে তারিখ নির্দ্দিষ্ট হয় সেই তারিখঅবধি প্রচলিত হইবেক ইতি।

[Parts of District may be withdrawn from the operation of the Act and again made subject to it.]

XXIII. It shall be lawful for the Governor General in Council or the Executive Government of any Presidency or place from time to time to withdraw from the operation of the provisions of this Act any part or parts of any District or place which he may previously have declared to be subject thereto; and in like manner, as occasion shall require, to subject the same again to the operation of such provisions.

[জিলার কোন২ ভাগ আইনের আমলহইতে পৃথক্ করা যাইতেপুনরায় তাহার অধীন করা যাইতে পারিবেক ।]

২৩ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যে জিলাতে কি স্থানে এই আইনের বিধান প্রচলিত করিয়াছেন এমত কোন জিলার কি স্থানের কোন এক কি অধিক অংশ তাহার এই আইনের আমলহইতে সময়ে২ পৃথক্ করিতে পারিবেন, ও সেই প্রকারে প্রয়োজনমতে সেই অংশে পুনরায় সেই২ বিধান প্রচলিত করাইতে পারিবেন ইতি।

[Duration of Act.]

XXIV. This Act shall continue in force for two years.

[আইন যত কাল প্রচলিত থাকিবেক ।]

২৪ ধারা। এই আইন দুই বৎসরপর্য্যন্ত প্রবল থাকিবেক ইতি।

SCHEDULE.

This is to certify that A. B. of [*here specify the place of abode, trade, business, or other*

তফসীল।

ইহাতে জানান যাইতেছে যে অমুক(যে জন অনুমতিপত্র লয় তাহার বাসস্থান, ব্যবসায়. কর্ম্ম কি অন্য

description of the person licensed] was this day licensed by me to keep and use [*here certify the place within which the Arms are kept or used or intended to be kept or used*] the following Arms, namely—

Guns.	Pistols.	Any other description of Arms to be specified.
Insert the number.	Insert the number	Insert the number and description.

W. MORGAN,
Clerk of the Council.

বেওরা এই স্থলে লিখিতে হইবেক) নীচের লিখিত অস্ত্রশস্ত্র (যে স্থানে ঐ অস্ত্রশস্ত্র রাখা যাইবেক কি ব্যবহার হইবেক কিম্বা রাখিবার কি ব্যবহার করিবার মনস্থ থাকে সেই স্থান নির্দ্দিষ্ট করিতে হইবেক) রাখিবার ও ব্যবহার করিবার অনুমতিপত্র আমার স্থানে পাইয়াছে। বিশেষতঃ

বন্দুক	পিস্তল	অন্য কোন প্রকারের অস্ত্রশস্ত্র নির্দ্দিষ্ট করিয়া লিখিতে হইবেক।
নম্বর লেখ	নম্বর লেখ	নম্বর ও বিশেষ কথা লেখ

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

রাজকর্ম্মে নিয়োগ।

৬১৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১০ জুন।

ডেপুটী কালেক্টর শ্রীযুত সি পি কাসপর্স সাহেব (Mr. C. P. Caspers,) নদীয়াহইতে ত্রিহুতে নিযুক্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ১৬ জুন।

চব্বিশপরগনার একটিং কালেক্টর শ্রীযুত জি ব্রাইট সাহেব (Mr. G. Bright.) রেল রোডের নিমিত্তে জমী লইবার জন্যে ১৮২৪ সালের ১ আইনের ৩ ধারার ২ প্রকরণের ও ১৮৫০ সালের ৪২ আইনের ২ ও তৎপরের সকল ধারার নির্দ্দিষ্ট ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ১৮ জুন।

শ্রীযুত বাবু দুর্গাধন দাস ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন। ও কটক জিলাতে ১৭১৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন ও সেই জিলাতে তিনি ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরও হইবেন।

১৮৫৭ সাল ১৯ জুন।

শ্রীযুত এল ক্লিণ্ট সাহেব (Mr. L. Clint.) কৃষ্ণনগরের কালেজের প্রিনসিপল হইবেন কিন্তু রাজধানীর কালেজের প্রিনসিপলের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ ব্রেনাণ্ড সাহেব (Mr. W. Brennand,) ঢাকার কালেজের প্রিনসিপল হইবেন।

নীচের লিখিত সাহেবেরা চাটিগাঁ নগর আরো উত্তম করিবার কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত আর আবরক্রম্বি সাহেব (Mr. R. Abercrombie.)

শ্রীযুত এস এফ ডেবিস সাহেব (Mr. S. F. Davie.)

শ্রীযুত জে ই ব্রুস সাহেব (Mr. J. E. Bruce.)

১৮৫৭ সাল ২০ জুন।

বেহারের একটিং কালেক্টর শ্রীযুত এ মনি সাহেব (Mr. A. Money,) যাবৎ অন্য হুকুম না পান তাবৎ ঐ জিলার মাজিষ্ট্রেটের কর্ম্মও করিবেন।

শ্রীযুত এ জে আর বেনব্রিজ সাহেব (Mr. A. J. R. Bainbridge,) ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন। ও সেই জিলার মধ্যে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতা, ও ১৮৫১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্টমতে আসিষ্টাণ্ট কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত এস এচ সি টেলর সাহেব (Mr. S. H. C. Tayler,) বেহারের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও সেই জিলার মধ্যে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত এ মানাক সাহেব (Mr. A. Magniac,) নাটোর এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৮ জুন।

দিনাজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু গোপাললাল মিত্র বর্ত্তমান মাসের ২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকেরকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৯ জুন।

হুগলীর ডেপুটী কালেক্টর শ্রীযুত আর ফিনি সাহেব (Mr. R. Finney,) গত আপ্রিল মাসের ২১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২০ জুন।

দ্বিতীয় অর্থাৎ দক্ষিণাংশের রাজস্ব সর্কারী সরবেয়র শ্রীযুত মেজর আর স্মিথ সাহেব (Major R. Smith,) ফিয়ানসিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের নির্দ্ধারণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২২ জুন।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব (Mr. W. V. G. Tayler,) ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৭৩০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৭ জুন।

কলিকাতার ডেপুটী কালেক্টর ও আবকারীর সুপ-

রিন্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু কৈলাশচন্দ্র দত্ত ১৮৫৬ সালের ১১ আইনমতে চব্বিশপরগনার আবকারী রেবিনিউর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ টেলর সাহেব ও শ্রীযুত জে এম লৌইস সাহেব (Messrs. W. Tayler, and J. M. Lowis,) ১৮৫৭ সালের ১৪ আইনমতে দণ্ডনীয় সকল অপরাধের ও দোষের বিচার করিবার জন্যে ঐ আইনের ৭ ধারামতে পাটনা জিলার মধ্যে কমিস্যনর হইবেন।

১৮৫৭ সাল ২৩ জুন।

অতিরিক্ত অশ্বারূঢ় সৈন্যেরদের ১২ পল্টনের অধ্যক্ষ শ্রীযুত মেজর জে জি হোমস সাহেব (Major J. G Holmes) ১৮৫৭ সালের ১৪ আইনের ৭ ধারামতে সারণ ও চম্পারণ ও ত্রিহুত জিলাতে কমিস্যনর হইবেন আর কোম্পানি বাহাদুরের এদেশীয় সৈন্যেরদের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় যে আইন হইয়াছে তাহার অধীন কোন লোক যে কোন স্থানে রাজবিদ্রোহিতা কি পলায়ন করিবার দোষ করে সেই লোকের বিচার করিবার জন্যে শ্রীযুত মেজর হোমস সাহেবকে ১৮৫৭ সালের ১৭ আইনের ১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা দেওয়া গিয়াছে।

শ্রীযুত লার্ড এচ ইউ ব্রৌন সাহেব (Lord H. U. Browne,) হুগলীর মাজিষ্ট্রেটের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ২৪ জুন।

দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব (Dr. A. Campbell,) সেশন জজের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ২৫ জুন।

শ্রীযুত ডাক্তর এচ এফ উলিয়মস সাহেব (Dr. H. F. Williams,) বর্দ্ধমানে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

শ্রীযুত এফ আর কাক্রেল সাহেব (Mr. F. R. Cockerell,) নদীয়ার মাজিষ্ট্রেট হইবেন।

শ্রীযুত এ জে এলিয়ট সাহেব (Mr. A. J. Elliot,) হুগলীর মাজিষ্ট্রেট হইবেন কিন্তু নদীয়ার কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২২ জুন।

নওয়াখালীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেব (Mr. C. J. Mackenzie,) গত মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৩ জুন।

চাটিগাঁয়ের কমিস্যনর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr. C. Steer,) আপনার সিরিশ্তার চলিত কর্ম্মের ভার শ্রীযুত এফ বি সিমসন সাহেবের (Mr. F. B. Simson,) প্রতি অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৫ জুন।

ডাকাইতী নিবারণের কমিস্যনর শ্রীযুত জে আর ওয়ার্ড সাহেব (Mr. J. R. Ward,) আপন কর্ম্মের ভার স্বহস্তে রাখিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ২০ তারিখঅবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১১ আগষ্ট।]

৭৫৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২০ জুন।

কোম্পানি বাহাদুরের এদেশীয় সৈন্যেরদের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় যে আইন হইয়াছে তাহার অধীন কোন লোক যে কোন স্থানে রাজবিদ্রোহিতা কর্ম্ম করে কি পলায়ন করে সেই অপরাধের বিচার করিবার জন্যে নীচের লিখিত কার্য্যকারক সাহেবেরা ১৮৫৭ সালের ১৭ আইনের ১ ধারার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। বিশেষতঃ

মুঙ্গের ও পুরী ও বালেশ্বরের মাজিষ্ট্রেট সাহেবেরা।

চম্পারণ ও মালদহ ও নওয়াখালী ও ফরিদপুর ও পাবনা ও বগুড়ার জাইন্ট মাজিষ্ট্রেট সাহেবেরা।

সাম্থাল পরগনার কমিস্যনর ও ডেপুটী কমিস্যনর সাহেব।

হাজারীবাগ ও মানভূম ও সম্বলপুর ও লোহারডগা ও সিংহভূম ও নৌগাঁ ও লক্ষ্মীপুর ও গোয়ালপাড়া ও কামরূপ ও কাশিয়া ও জৈন্তীয়া পর্ব্বতের ও উত্তর কাছাড়ের প্রধান আসিষ্টান্ট সাহেবেরা।

দারজীলিঙ্গের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব।

পাটনা ও ভাগলপুর ও রাজশাহী ও নদীয়া ও বর্দ্ধমান ও ঢাকা ও চাটিগাঁ ও কটক ও আসাম ও ছোট নাগপুরের কমিস্যনর সাহেবেরা।

১৮৫৭ সাল ২৫ জুন।

শ্রীযুত মৌলবী আবদুল মজীদ দিনাজপুরের সদর আমীনের ও সেই জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ২৬ জুন।

শ্রীযুত সি চাপমান সাহেব (Mr. C. Chapman,) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত চাটিগাঁ এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ২৭ জুন।

১৮৫৭ সালের ১৪ আইনমতে যে সকল অপরাধ ও দোষের দণ্ড হইতে পারে তাহার বিচার করিবার জন্যে নীচের লিখিত কার্য্যকারক সাহেবেরা ঐ আইনের ৭ ধারামতে নীচের লিখিত জিলাতে কমিস্যনর হইবেন।

ভাগলপুরের কমিস্যনর শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr. G. U. Yule,) ঐ জিলাতে।

ত্রিহুতের জজ শ্রীযুত অনরবিল আর ফর্বস সাহেব (Hon'ble R. Forbes) ঐ জিলাতে।

বেহারের জজ শ্রীযুত টি সি ট্রটর সাহেব (Mr. T. C. Trotter,) ঐ জিলাতে।

ভাগলপুরের জজ শ্রীযুত টি সাণ্ডিস সাহেব (Mr. T. Sandys,) ঐ জিলাতে।

পাটনার জজ শ্রীযুত আর এন ফারকরসন সাহেব (Mr. R. N. Farquharson,) ঐ জিলাতে।

সারণের একটিং জজ শ্রীযুত জি এল মার্টিন সাহেব (Mr. G. L. Martin,) ঐ জিলাতে।

শাহাবাদের একটিং জজ শ্রীযুত এ লিটলডেল সাহেব (Mr. A. Littledale,) ঐ জিলাতে।

ত্রিহুত ও সারণের একটিং অতিরিক্ত জজ শ্রীযুত ই জেনকিন্স সাহেব (Mr. E. Jenkins,) ঐ২ জিলাতে।

বেহার ও পাটনার অতিরিক্ত জজ শ্রীযুত আর জে স্কট সাহেব (Mr. R. J. Scott,) বেহার জিলাতে।

১৮৫৭ সাল ২৯ জুন।

দারজিলিঙ্গের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডাক্তর এ কাম্বেল সাহেব (Dr. A. Campbell,) ১৮৫৭ সালের ১৪ আইনমতে দণ্ডনীয় অপরাধ ও দোষের বিচার করিবার জন্যে ঐ আইনের ৭ ধারামতের কমিস্যনর হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২৫ জুন।

দিনাজপুরের একটিং সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু মাধবচন্দ্র চৌধুরী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সার্টিফিকটক্রমে বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৭৭১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৭ জুন।

শ্রীযুত এ গ্রোট সাহেবের (Mr. A. Grote,) অনুপস্থান কি অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত ই এচ লশিংটন সাহেব (Mr. E. H. Lushington,) নদীয়া এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের কর্ম্ম করিবেন।

জলপাইগোরী এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত শ্রীযুত জে ডি গর্ডন সাহেব (Mr. J. D. Gordon,) রঙ্গপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ২৯ জুন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি পি ওয়াইট সাহেব (Mr. C. P. White,) কালারুয়া এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন ও নদীয়া জিলাতে ১৭৯৩ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইন ও ১৮৪৪ সালের ১০ আইনের ১ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৭ সাল ৩০ জুন।

কোম্পানি বাহাদুরের এদেশীয় সৈন্যেরদের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় যে আইন আছে তাহার অধীন কোন ব্যক্তি যে কোন স্থানে রাজবিদ্রোহিতা করে কি পলায়ন করে তাহার বিচার করিবার জন্যে কাছাড়ের একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত লেপ্টেনেণ্ট আর ষ্টুয়ার্ট সাহেব (Lieutenant R. Stewart,) ১৮৫৭ সালের ১৭ আইনের ১ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ১

কোম্পানি বাহাদুরের এদেশীয় সৈন্যেরদের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় যে আইন আছে তাহার অধীন কোন ব্যক্তি যে কোন স্থানে রাজবিদ্রোহিতা করে কি পলায়ন করে তাহার বিচার করিবার জন্যে কোরুদহ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত ছোট নাগপুরের কমিস্যনর সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট সাহেব ১৮৫৭ সালের ১৭ আইনের ১ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ২ জুলাই।

শ্রীযুত জে ডি ওয়ার্ড সাহেব (Mr. J. D. Ward,) রাজশাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২৭ জুন।

চব্বিশপরগনাপ্রভৃতি জিলার অতিরিক্ত জজ শ্রীযুত টি সি লক সাহেব (Mr. T. C. Loch,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৭ ধারামতে চিকিৎসকের সার্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১১ জুন।

বিজ্ঞাপন।

সেণ্ট জান নামক ভজনালয়ের প্রধান ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এ হামিলটন সাহেব (Rev. A. Hamilton,) বর্ত্তমান মাসের ৬ তারিখে আপনার কর্ম্মে ফিরিয়া যান। তাহাতে তিনি গত ডিসেম্বর মাসের ২০ তারিখে যত দিনের ছুটী পাইয়াছিলেন তাহার অবশিষ্ট কাল সেই তারিখঅবধি রহিত হইল।

১৮৫৭ সাল ২৯ জুন।

যশোহরের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি বি স্কিনর সাহেব (Mr. C. B. Skinner,) বর্ত্তমান মাসের ১০ তারিখে আপনার কর্ম্মের ভার পুনরায় গ্রহণ করেন। তাহাতে তিনি গত আপ্রিল মাসের ২৮ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল সেই তারিখঅবধি রহিত হইল।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার।

LAND ADVERTISEMENTS.

ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা শ্রীহট্ট।

সন ১৮৪৫ সালের ১ প্রথম আইনের ৬ ধারামতে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা শ্রীহট্টের নীচের লিখিত মাহালাত সন ১৮৫৭ সালের ১৮ আপ্রিলপর্য্যন্তের বাকী মালগুজারী নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্য যে যে দাওয়া বাকী মালগুজারীর ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৫৭ সালের আগষ্ট মাসের ২১ তারিখে মোতাবেক সন ১২৬৪ সালের ভাদ্র মাসের ৬ তারিখে রোজ শুক্রবারে এ জিলার কালেক্টরী কাছারীতে নীলামে ধরা যাইবেক ও বিনা বাধাতে বিক্রয় হইবেক ইতি।

বাবতে ছানি নীলাম॥

১ শ্রেণী ইস্তমুরারী জমা ধার্য্য হওয়া মাহাল

পং বেজুরিয়া

৩৬৪৬ নং ১ নং মদমসাম বৈং আর মাং তাং চানউদ্দি

২ নং মাহামুদ মোরাদ রেজিষ্টরীহওয়া মালিক নিজ সদর জমা ৮৵৫

পং সমসের নগর

২১০ নং তালুক পঞ্চাপং রেজিষ্টরীহওয়া মালিক গঙ্গাগোবিন্দ নাগ সদর জমা ২৵৪

সন ১৮৫৭ ইঙ্গরেজী ২৮ জুলাই।

R. O. Heywood, *Offg. Collector.*

[*Government Gazette, 11th August,* 1857.]

SALT. নিমক

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেণ্ট গোলাঘাটি বাবৎ লাগাদ ৩১ জুলাই সন ১৮৫৭ সাল প্রত্যেক এজেন্সীর ও খালিখার গোলাজাতের মজুদ।

এজেন্সীর নাম		সন ১২৫৮ সাল মোতাবক ইংরাজী ১৮৫১। ৫২ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬। ৫৭ সাল	মৌজুদ নমকের একুন
হিজলি।								
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর।		০	০	০	০	২৭৯/	১,৩৯,৬৫১/	১,৩৯,৯৩০/
ঐ কৃষ্ণনগর।		০	০	০	০	৩,০৬১॥৫	২,০২,৮৪৯/	২,০৫,৯১০॥৫
ঐ রামনগর।		০	০	০	৫,০৯৭/	৩৪০৸০	১,৭৪,৭৫১/	১,৮০,১৮৮৸০
ঐ উত্তর কালীনগর।		০	০	০	০	৮৯১/	২,২০,০২৬/	২,২০,৯১৭/
ঐ পুরি ঘাটা।		০	০	০	০	৩৮,৬৫৬।০	১,০১.০৬৯/	১,৩৯,৭২৫।০
	একুন	০	০	০	৫,০৯৭/	৪৩,২২৮॥৫	৮,৩৮,৩৪৬/	৮,৮৬,৬৭১॥৫
তমলুক।								
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।		০	০	০	০	০	০	০
	একুন।	০	০	০	০	০	০	০
২৪ পরগনা।								
পাঙ্গা নেমক ঘাট খোলা		০	০	০	০	১,৪২৬/	০	১,৪২৬/
ঐ বাগুন্ডি।		০	০	০	০	৪,৮২৭/৯	০	৪,৮২৭/৯
	একুন।	০	০	০	০	৬,২৫৩/৯	০	৬,২৫৩/৯

এজেন্সীর নাম		সন১২৫৮সাল মোতাবক ইঙ্গরাজী ১৮৫১।৫২সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবক ই° ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ই° ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ই° ১৮৫৪। ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ই° ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ই° ১৮৫৬। ৫৭ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম।								
পাঙ্গা নেমক বাগখালি ঘাট।		০	০	০	০	৪,১৩৭ ।০	২৮,১৩৬৸০	৩২,২৭৪/
পাঙ্গা নেমক সদর ঘাট এজেন্সী।		০	০	০	০	৫,০৪১/	১,৭০,১৫০ ॥০	১,৭৫,৪৮১ ॥০
ঐ আরাকিন।		০	০	০	০	০	৫৮,৪৫৮/৫	৫৮,৪৫৮/৫
	একুন।	০	০	০	০	৯,৪৭৮ ।০	২,৫৬,৭৩৫ ।৫	২,৬৬,২১৩ ॥৫
শালিখা।								
পাঙ্গা নেমক কটক		০	০	০	০	৮৫,০৪৬/	০	৮৫,০৪৬/
ঐ বালেশ্বর।		০	০	০	০	৪৬৸৫	০	৪৬৸৫
ঐ খোরদা।		০	০	০	৫১/	৯৩৭/	০	৯৮৮/
ঐ চিলকা।		০	০	০	২৮/	৩০০/	০	৩২৮/
ঐ ২৪ পরগনা।		০	০	০	০	৪,৩২০/	০	৪,৩২০/
ঐ ঐ নারায়ণপুর।		২,০২,৩৮১॥০	০	০	০	০	০	২,০২,৩৮১॥০
করকচ মান্দ্রাজ পরমিট।		০	০	০	২,৬৫,২৬২/	৭,০৬,৪৮২/	০	৯,৭১,৭৪৪/
ঐ চিলকা।		০	০	১,৩৫৮/	১,৩৮,৪৭৯/	৯৪,৬০৬/	০	২,৩৪,৪৪৩/
পাঙ্গা নেমক পুরী ঘাটা।		০	০	০	২৩/	১৯/	০	৪২/
	একুন।	২,০২,৩৮১॥০	০	১,৩৫৮/	৪,০৩,৮৪৩/	৮,৯২,০৫৬৸৫	* ০	১৪,৯৯,৬৩৯ ।৫
আরাকিন।								
পাঙ্গা নেমক ঘাট কৈকফু।		০	০	০	০	১৩,৯২৪॥২	৪২,৯৩৪ ॥০	৫৬,৮৫৯/২
	একুন।	০	০	০	০	১৩,৯২৪॥২	৪২,৯৩৪ ॥০	৫৬,৮৫৯/২
	মোট একুন।	২,০২,৩৮১॥০	০	১,৩৫৮/	৪,০৮,৯৪০/	৯,৬৪'৯৪১॥১	১১,৩৮,০১৫৸৫	২৭,১৫,৬৩৬৸৬

* ১৮৫৬। ৫৭ সালের ৪১,৮৬০/
১৮৫৭। ৫৮ সালের ১,০৭৪॥০

ই টি ট্রেবর। সেক্রেটারী।

[*Government Gazette*, 11*th August*, 1857.]

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

NOTICE is hereby given to the public, that a kubala or sale deed of the following description has been lost from the Kutcherry house, No. 119-1 of Raj Mohone Naug Chowdhoory and others, situated in Manicktollah Street, Simlah, Calcutta. Any person who may find and deliver it to the above Naug Baboo will be rewarded by him with the sum of Co.'s Rs. 16.

This kubala relates to certain buildings and a homestead situated on a rent free piece of land at Paneehattee and formerly belonging to Kalee Kisto Ghose of that Village; being an 8 Annas Shareholder with his brother Kylaschunder Ghose of an Ejmallee Estate. He (Kaleekisto) sold his own share, that is, the above buildings and homestead to Rajmohone Naug, on the 23rd Falgoon, 1262, B. S, for the sum of 2,925 Rs. Rajmohone Naug, took the kubala in the name of his third son Kalleynauth Naug Chowdhoory and had it registered in the 24-Pergunnahs, on the 23rd May, 1856

The public is hereby also cautioned that if any person, having got hold of the lost deed, draw up forged documents, and sell, mortgage or in any way transfer the property covered by it, that transfer will be null and void.

সর্ব্ব সাধারণের বিজ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

শহর কলিকাতার সিমুলিয়ার মাণিকতলা ইষ্ট্রীট ১১৯। ১নম্বরে টেক্সের যে বাটীতে রাজমোহন নাগচৌধুরীপ্রভৃতির জমিদারির সদর কাছারি হইয়া থাকে ঐ কাছারিহইতে উক্ত নাগচৌধুরীর খরীদা তস্য তৃতীয় পুত্র কালীনাথ নাগচৌধুরীর নামে বাঙ্গলা ১২৬২ সালের ২৩ ফাল্গুণ তারিখে কোং সিক্কা ২,৯২৫৲ দুই হাজার নয় শত পঁচিশ টাকা পণে খোষ কোবালায় খরীদ করিবায় ঐ কোবালা ১৮৫৬ সালের ২৩ মে তারিখে জেলা চব্বিশপরগনায় রেজিষ্টরীহওয়া কোবালা যাহা পানীহাটীনিবাসি বাবু কালীকৃষ্ণ ঘোষের ও বাবু কৈলাসচন্দ্র ঘোষের ঐ গ্রামের নিষ্কর ভূমির মধ্যস্থিত উভয় সহোদরের এজমালির বসত বাটী যায় এমারতাদির অন্দরে উক্ত কালীকৃষ্ণ ঘোষের অর্দ্ধাংশের বাবৎ ছিল তাহা সম্প্রতি খোওয়া গিয়াছে যদি কেহ কোন প্রকারে ঐ কোবালা প্রাপ্ত হইয়া থাকেন তবে তাহা উক্ত নাগচৌধুরীকে দিলে তিনি তাঁহাকে ১৬৲ টাকা পুরস্কার দিবেন আরো জ্ঞাত করা যাইতেছে যদি কেহ ঐ দলীল প্রাপ্ত হইয়া তৎসূত্রে অন্য কোন কৃত্রিম দলীল প্রস্তুতপূর্ব্বক ঐ অর্দ্ধাংশের বসত বাটী কাহারো নিকট কোন রকমে হস্তান্তর করেন কিম্বা গিরবী রাখেন তাহা কোনমতে গ্রাহ্য হইবেক না ইতি।

শ্রী রাজমোহন নাগচৌধুরী সাং হাল শহর কলিকাতার সিমুলিয়া।

বিজ্ঞাপন।

সকল লোককে জ্ঞাত করা যাইতেছে যে শ্রীলশ্রীযুক্ত মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের চরিত্র বর্ণন উত্তমাক্ষরে ও উত্তম কাগজে শ্রীরামপুরের যন্ত্রালয়ে দ্বিতীয়বার মুদ্রিত হইল। মূল্য ॥০ আট আনামাত্র।

বিজ্ঞাপন।

অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর ও পেনস্যানের বিধির সংগ্রহ গবর্ণমেণ্টের বাঙ্গলা তরজমাকার শ্রীযুত জান রাবিনসন সাহেবকর্ত্তৃক উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রাঙ্কিত হইযাছে মূল্য ৸০ বারো আনা শ্রীরামপুরে উক্ত সাহেবের নিকটে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি।

বিজ্ঞাপন।

চট্টগ্রামের এশিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত অভয়চন্দ্র দাসকর্ত্তৃক বাঙ্গলা মাজিষ্ট্রেটীয় উপদেশ বিক্রয়ার্থে কলিকাতা মোকামে শ্রীযুত থাকর সিপিঙ্ক কোম্পানির বাটীতে আছে। মূল্য ৪৲ চারি টাকা মাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১১ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 933 ৯৩৩)

(৭৬৫)

অতিরিক্ত

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, AUGUST 14, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ১৪ আগষ্ট।

DRAFT OF ACT

A Bill for extending the jurisdiction of the Courts of Criminal Judicature of the East India Company in Bengal, for simplifying the Procedure thereof, and for investing other Courts with Criminal jurisdiction.

[Continued from page 742.]

CHAPTER XVI.—OFFENCES AFFECTING THE HUMAN BODY.—(*Continued.*)

Of Unnatural Offences.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
79	Unnatural offences	Not bailable	Session Court ..	Transportation for life, or imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.	

CHAPTER XVII.—OFFENCES AGAINST PROPERTY.

Of Theft.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
2	Theft	Not bailable	Session Court, when the value of the property which is the subject of the offence exceeds 500 Rupees. Magistrate, when not exceeding 500 Rupees. Subordinate Criminal Courts, 1st class, when not exceeding 100 Rupees. Subordinate Criminal Courts, 2nd class, when not exceeding 50 Rupees	Imprisonment of either description not exceeding 3 years, or fine, or both.	
3	Theft by Clerk or Servant of property in possession of Master or Employer.	Idem ...	Idem	Idem not exceeding 5 years, or fine, or both.	

CHAPTER XVII.—OFFENCES AGAINST PROPERTY.—(*Continued.*)

Of Theft.—(Continued)

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
4	Theft, preparation having been made for causing death, or hurt, or restraint, or fear of death, or of hurt, or of restraint, in order to the committing such theft, or to retiring after committing it, or to retaining property taken by it.	Not bailable	Session Court	... Rigorous imprisonment not exceeding 7 years, also liable to fine.	

Of Extortion.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
6	Extortion	Bailable	Magistrate, as limited by Chapter II., Article 10, Clauses 3, 4 and 5, relating to Criminal Courts of original Jurisdiction.	Imprisonment of either description not exceeding 3 years, or fine, or both.	
7	Putting or attempting to put in fear of injury in order to commit extortion.	Idem	Magistrate	Idem not exceeding 2 years, or fine, or both.	
8	Extortion by putting a person in fear, for himself or for another, of death or grievous hurt.	Not bailable	Session Court	Idem not exceeding 14 years, and not less than 5 years, also liable to fine.	
9	Putting or attempting to put a person in fear, for himself or for another, of death or grievous hurt, in order to extortion.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 7 years, and not less than 3 years, also liable to fine.	
10	Extortion by threat of accusation of an offence punishable with death, transportation for life, or imprisonment not exceeding 14 years and not less than 5 years.	Idem	Idem	Idem not exceeding 10 years, also liable to fine.	

11	Putting person in fear of accusation of offence punishable with death, transportation for life, or with imprisonment not exceeding 14 years and not less than 3 years, in order to commit extortion.	Not bailable ...	... Session Court	... Imprisonment of either description not exceeding 5 years, also liable to fine.
	Of Robbery and Dacoity.			
14	Robbery	Not bailable ...	... Session Court ...	... Rigorous imprisonment not exceeding 14 years, also liable to fine.
15	Attempt to commit robbery	Idem	... Idem...	... Idem not exceeding 7 years, also fine.
16	Voluntarily causing hurt in committing or attempting to commit robbery, or any other person generally concerned in such robbery.	Idem	... Idem	... Transportation for life, or rigorous imprisonment not exceeding 14 years, also liable to fine.
17	Dacoity	Idem ...	... Idem	... Transportation for life, or rigorous imprisonment not exceeding 14 years and not less than 7 years, also fine.
18	Murder in Dacoity	Idem ...	... Idem	... Death, or transportation for life, or rigorous imprisonment not exceeding 14 years, also fine.
19	Robbery or dacoity with attempt to cause death or grievous hurt.	Idem ...	... Idem	... Imprisonment not less than 7 years.
20	Attempt to commit robbery or dacoity when armed with deadly weapon.	Idem ...	... Idem	... Idem not less than 5 years.
21	Making preparation to commit dacoity	... Idem ...	... Idem	... Rigorous imprisonment not exceeding 14 years, also fine.
22	Belonging to a gang of persons associated for the purpose of habitually committing dacoities.	Idem	... Idem	... Transportation for life, or rigorous imprisonment not exceeding 14 years and not less than 7 years, also fine.
23	Belonging to a wandering gang of persons associated for the purpose of habitually committing thefts.	Idem ...	... Idem	... Rigorous imprisonment not exceeding 7 years, also fine.
24	Being one of 5 or more persons assembled for the purpose of committing dacoity.	Idem ...	... Idem	... Idem.

CHAPTER XVII.—OFFENCES AGAINST PROPERTY.—(*Continued.*)

Of Fraudulent Misappropriation of Property.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
25	Fraudulent misappropriation of property, or converting it to one's own use.	Bailable ...	... Magistrate, as limited by Chapter II., Article 10, Clauses 3, 4, and 5, relating to Criminal Courts of original jurisdiction.	Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	
26	Fraudulent misappropriation of property, knowing that it was in possession of a deceased person at his death, and that it has not since been in the possession of any person legally entitled to it.	Idem ...	.. Idem	... Idem not exceeding 3 years, also liable to fine.	

Of Criminal Breach of Trust.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
28	Criminal breach of trust	Bailable	.. Session Court ...	... Imprisonment of either description not exceeding 3 years, or fine, or both.	
29	Criminal breach of trust by a clerk or servant ...	Idem ...	.. Idem	.. Idem not exceeding 5 years, also liable to fine.	
30	Criminal breach of trust by public servant, or by banker, merchant, or agent, &c.	Idem ...	Idem	.. Transportation for life, or imprisonment of either description not exceeding 14 years, also fine.	

Of the Receiving of Stolen Property.

32	Fraudulently receiving stolen property, knowing it to be stolen.	Not bailable ...	... Session Court, when the value of the property which is the subject of the offence exceeds 500 Rupees Magistrate, when not exceeding 500 Rupees. Subordinate Criminal Courts, 1st class, when not exceeding 100 Rupees. Subordinate Criminal Courts, 2nd class, when not exceeding 50 Rupees.	Imprisonment of either description not exceeding 7 years, or fine, or both
33	Fraudulently receiving stolen property, knowing that it was obtained by dacoity.	Idem ...	... Session Court ...	... Transportation for life, or rigorous imprisonment not exceeding 14 years, also liable to fine.
34	Habitually dealing in stolen property	Idem ...	... Idem	... Idem.
35	Assisting in concealment or disposal of stolen property, knowing it to be stolen.	Idem ...	... Idem	... Imprisonment of either description not exceeding 3 years, or fine, or both.

Of Cheating.

38	Cheating	Bailable ...	... Magistrate or subordinate Criminal Courts, 1st class.	Imprisonment of either description not exceeding 1 year, or fine, or both.
39	Cheating a person whose interest the offender was bound, either by law or by legal contract, to protect.	Idem	... Magistrate	Idem not exceeding 2 years, or fine, or both.
40	Cheating by personation	Idem ...	... Idem	Idem.
41	Cheating and thereby fraudulently inducing delivery of property, or the altering or destroying of a valuable security.	Idem	. Idem	Idem not exceeding 3 years, and also fine.

CHAPTER XVII.—OFFENCES AGAINST PROPERTY.—(*Continued.*)

Of Fraudulent Deeds and Dispositions of Property.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
42	Fraudulent removal or concealment of property, &c., to prevent distribution among creditors.	Not bailable	Session Court	Imprisonment of either description not exceeding 3 years, also liable to fine.	
43	Fraudulently preventing from being made available for his creditors a debt or demand due to the offender.	Idem	Idem	Idem.	
44	Fraudulently preventing from being made available for creditors a debt due to himself or to any other person.	Idem	Idem	Idem.	
45	Fraudulent execution of deed of transfer containing a false statement of consideration.	Idem	Idem	Idem not exceeding 2 years, and fine.	
46	Fraudulent removal or concealment of property of himself or any other person, or assisting in the doing thereof, or fraudulently releasing any claim or demand to which he is entitled.	Idem	Idem	Idem.	
47	Fraudulent claim to property with the knowledge that in good faith the claimant has no right thereto.	Idem	Idem	Idem.	

[To be continued.]

আইনের মুসাবিদা।

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের এলাকা বৃদ্ধি করিবার ও তাহার কার্য্য আরো সহজরূপে করা যাইবার ও অন্যান্য আদালতকে ফৌজদারী এলাকা দিবার আইনের মুসাবিদা।

[৭৪৮ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

১৬ অধ্যায়। মনুষ্যের শরীরসম্পর্কীয় অপরাধ।

অস্বাভাবিক অপরাধ।

১ প্রকরণ	২ অপরাধ	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
৭১	অস্বাভাবিক অপরাধ।	হাজিরজামিন লওয়া যায় না।	সেশন আদালতের ...	... যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ, কি ১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	

১৭ অধ্যায়। সম্পত্তির উপর অপরাধ।

চৌর্য্য।

১ প্রকরণ	২ অপরাধ	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
২	চৌর্য্য।	হাজিরজামিন লওয়া যায় না।	ঐ সম্পত্তির মূল্য ৫০০৲ টাকার অধিক হইলে সেশন আদালতের। ৫০০৲ টাকার অনধিক হইলে মাজিষ্ট্রেট সাহেবের। ১০০৲ টাকার অনধিক হইলে প্রথম শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের। ৫০৲ টাকার অনধিক হইলে দ্বিতীয় শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের।	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
[Rights of contributories between themselves.]

LXV. For the purpose of ascertaining the liability of existing and former shareholders as between themselves, the following rule shall be adopted in the absence of any express contract to the contrary; (that is to say,)

(1.) In the case of a Company other than a limited Company, every transferree of shares shall, in a degree proportioned to the shares transferred, indemnify the transferror against all existing and future debts of the Company:

(2.) In the case of a limited Company, every transferree shall indemnify the transferror against all calls made or accrued due on the shares transferred subsequently to the transfer.

Winding up by Court.

[Circumstances under which Company may be wound-up by Court.]

LXVI. A Company may be wound-up by the Court under the following circumstances, (that is to say.)

(1.) Whenever the Company in general meeting has passed a special resolution requiring the Company to be wound-up by the Court;

(2.) Whenever the Company does not commence its business within a year from its incorporation, or suspends its business for the space of a whole year;

(3.) Whenever the shareholders are reduced in number to less than seven;

(4.) Whenever the Company is unable to pay its debts;

(5.) Whenever three-fourths of the capital of the Company have been lost or become unavailable.

[Company when deemed unable to pay its debts.]

LXVII. A Company shall be deemed to be unable to pay its debts.

(1.) Whenever a creditor, to whom the Company is indebted in a sum exceeding Five hundred Rupees then due, has served on the Company, by leaving or causing to be left at their registered Office, a demand under his hand requiring the Company to pay the sum so due, and the Company have, for the space of three weeks succeeding the service of such demand, neglected to pay such sum, or to secure or compound for the same to the satisfaction of the creditor;

(2.) Whenever satisfaction of a judgment, decree, or order of any Court in favor of any creditor in any suit or other legal proceeding cannot be obtained.

দাতা" বলা গিয়াছে। আর যদি কোন অংশদাতা মরেন তবে তিনি জীবৎ থাকিতে এই আইনমতে যত দূর দায়ী হইতেন তাঁহার স্থলাভিষিক্তেরা তত দূর তাঁহার সম্পত্তির কার্য্য নির্ব্বাহ করণের উপযুক্ত ধারাক্রমে দায়ী হইবেন ইতি।

[পরস্পরে অংশদাতারদের স্বত্ব।]

৬৫ ধারা। বর্ত্তমান ও সাবেক অংশিরদের আপোসে যে দায় আছে তাহা নির্ণয় করিবার জন্যে নীচের লিখিত বিধি করা গেল, ও তাহার বিপরীত কোন স্পষ্ট করার না থাকিলে সেই বিধিমতে কর্ম্ম হইবেক। অর্থাৎ

১। সীমাযুক্ত কোম্পানিভিন্ন অন্য কোম্পানি হইলে, যাঁহাকে শ্যার হস্তান্তর করিয়া দেওয়া যায় তিনি ঐ শ্যারের মূল্যপর্য্যন্ত কোম্পানির বর্ত্তমান ও উত্তর কালের সকল কর্জের বিষয়ে হস্তান্তরকরণিয়া ব্যক্তির ক্ষতি নিবারণ করিবেন।

২। সীমাযুক্ত কোম্পানি হইলে যাঁহাকে শ্যার হস্তান্তর করিয়া দেওয়া যায় তিনি ঐ হস্তান্তর করা গেলে পর ঐ হস্তান্তরকরা শ্যারের উপর যে সকল টাকা দিবার আদেশ হয় বা যে টাকা পাওনা হয় তাহার সম্পর্কে হস্তান্তরকরণিয়া ব্যক্তির ক্ষতি নিবারণ করিবেন ইতি।

আদালতের দ্বারা বন্দ করণ।

[যে২ অবস্থা হইলে আদালতের দ্বারা কোম্পানির কর্ম্ম বন্দ হইতে পারিবেক।]

৬৬ ধারা। নীচের লিখিত অবস্থা হইলে আদালতের দ্বারা কোম্পানির কার্য্য বন্দ হইতে পারিবেক অর্থাৎ।

১। যখন কোম্পানি সাধারণ বৈঠক করিয়া এই বিশেষ নির্দ্ধারণ করেন যে, কোম্পানির কার্য্য আদালতের দ্বারা বন্দ করিতে হইবেক তখন।

২। যখন কোম্পানি চার্টর পাইলে পর এক বৎসরের মধ্যে আপনার কর্ম্ম আরম্ভ না করেন, কিম্বা সম্পূর্ণ এক বৎসরপর্য্যন্ত আপনার কর্ম্ম স্থগিত রাখেন তখন।

৩। যখন অংশিরদের সংখ্যা হ্রাস হইয়া সাত জনের কম হয় তখন।

৪। যখন কোম্পানি আপনার কর্জ শোধ করিতে না পারেন তখন।

৫। যখন কোম্পানির মূলধনের চারি ভাগের তিন ভাগ হারাণ গিয়াছে কি পাওয়া যাইতে না পারে তখন ইতি।

[যে২ অবস্থা হইলে কোম্পানি কর্জ শোধ করিতে অপারক জ্ঞান হইবেন।]

৬৭ ধারা। কোম্পানি এই২ অবস্থায় কর্জ শোধ করিতে অপারক জ্ঞান হইবেন। অর্থাৎ

১। যখন ঐ কোম্পানির স্থানে কোন মহাজনের পাঁচ শত টাকার অধিক পাওনা থাকে, ও সেই টাকা দেনা হইলে ঐ মহাজন সেইরূপ দেনা টাকা পরিশোধ করিবার এক দাবীপত্রে আপনি স্বাক্ষর করিয়া ঐ দাবীপত্র কোম্পানির রেজিষ্টরীকরা দফ্তরখানায় রাখিয়া কি রাখাইয়া কোম্পানির উপর জারী করেন, কিন্তু সেই দাবীপত্র জারী হইবার পর তিন সপ্তাহপর্য্যন্ত ঐ কোম্পানি সেই টাকা দিতে ত্রুটি করেন, কিম্বা মহাজনের সন্তোষমতে তাহা দিবার জামিনী কি রফা করিয়া না দেন তখন।

২। যখন কোন মোকদ্দমাতে কি আইনঘটিত অন্য কার্য্যেতে কোন মহাজনের পক্ষে কোন আদালতের বিচার কি ডিক্রী কি হুকুম জারী করিয়া টাকা আদায় হইতে পারে না তখন ইতি।

[Application for winding-up to be by petition.]

LXVIII. Any application for the winding-up of a Company shall be by petition accompanied by a declaration signed by the petitioner stating that he verily believes the same to be true: such petition may, in cases where the Company is unable to pay its debts, be presented either by a creditor or a contributory; but where any other ground is alleged for winding-up the Company, a contributory alone is entitled to present the petition.

[Course to be pursued by Court on petition of a creditor.]

LXIX. Upon the hearing of any petition presented by a creditor, the Court may dismiss such petition with or without costs to be paid by the petitioner, or it may make an order directing the Company, by a day to be named in the order, to pay or secure payment to the creditor of all monies that may be proved due to him, together with such costs as the Court may direct; or the Court may, if it so thinks fit, on the hearing of such petition, make an order or decree for winding-up the Company in the first instance, or such other order as it deems just.

[Order for winding-up Company on creditor's petition.]

LXX. If, at the expiration of the time named in such order, such payment is not made, or security given, the Court may thereupon make an order or decree for winding-up the Company.

[Course to be pursued by Court on petition of contributory.]

LXXI. Upon the hearing of a petition presented by a contributory, the Court may dismiss such petition with or without costs to be paid by the petitioner, or it may make an order or decree directing the Company to be wound-up, or such other order or decree as it deems just.

[Effect of the order for winding-up Company.]

LXXII. After the date of such order or decree for winding-up the Company, all suits and actions against the Company shall, if the Court so orders, be stayed: no Director or other Officer of the Company shall, without the sanction of the Court, dispose of any of the property, effects, or things in action of the Company, and no transfer of any shares shall be valid without the sanction of the Court: a copy of such order or decree shall forthwith be reported by the Company to the Registrar of Joint-Stock Companies, who shall make a minute thereof in his books relating to the Company.

[Collection and application of assets.]

LXXIII. As soon as may be after making an order or decree for winding-up the Company, the Court shall cause the assets of the Company to

[কর্ম্ম বন্দ করিবার প্রার্থনা দরখাস্ত করিয়া হইবেক।]

৬৮ ধারা। কোম্পানির কার্য্য বন্দ করিবার কোন প্রার্থনা দরখাস্ত করিয়া করিতে হইবেক। তাহার সঙ্গে দরখাস্তকারির স্বাক্ষরকরা এক এজহার থাকিবেক সেই এজহারের কথা এই, যে তিনি ঐ দরখাস্ত নিতান্ত সত্য জ্ঞান করেন। যে স্থলে কোম্পানি আপনার কর্জ্জ শোধ করিতে অপারক হন, সেই স্থলে ঐরূপ দরখাস্ত মহাজন কিম্বা অংশদাতা দাখিল করিতে পারিবেন। কিন্তু যদি কোম্পানির কার্য্য বন্দ করিবার অন্য কোন কারণ প্রকাশ করা যায় তবে কেবল অংশদাতাছাড়া অন্য কেহ ঐ দরখাস্ত দিতে পারিবেন না ইতি।

[মহাজন দরখাস্ত করিলে আদালতের যাহা করিতে হইবেক।]

৬৯ ধারা। মহাজন কোন দরখাস্ত দিলে তাহা শুনা গেলে পর, আদালত খরচাসমেত কি তাহা বিনা ঐ দরখাস্ত ডিসমিস করিতে পারিবেন, খরচ দিবার আজ্ঞা হইলে দরখাস্তকারির তাহা দিতে হইবেক। অথবা ঐ আদালত এমত হুকুম করিতে পারিবেন যে ঐ মহাজনের নিকটে যে সকল টাকা দেনা প্রমাণ হয় তাহা ঐ কোম্পানি ঐ হুকুমের লিখিত দিবসে মহাজনকে দেন, কিম্বা দিবার জামিনী দেন, ও আদালত যে সকল খরচের হুকুম করেন তাহাও দেন। অথবা আদালত যদি উচিত বোধ করেন তবে দরখাস্ত শুনিলে পর, প্রথমেই ঐ কোম্পানির কর্ম্ম বন্দ করিবার হুকুম কি ডিক্রী করিতে পারিবেন, কিম্বা অন্য যে আজ্ঞা ন্যায্য বোধ করেন তাহা করিতে পারিবেন ইতি।

[মহাজনের দরখাস্তমতে কোম্পানির কর্ম্ম বন্দ করিবার হুকুম।]

৭০ ধারা। উক্ত হুকুমের লিখিত সময় অতীত হইলে পর, যদি সেই টাকা কি সেইরূপ জামিনী না দেওয়া যায়, তবে আদালত ঐ কোম্পানির কার্য্য বন্দ করিবার হুকুম কি ডিক্রী করিতে পারিবেন ইতি।

[অংশদাতা দরখাস্ত দিলে আদালতের যাহা করিতে হইবেক।]

৭১ ধারা। অংশদাতা দরখাস্ত দিলে, আদালত তাহা শুনিয়া খরচাসমেত কি তাহা বিনা ঐ দরখাস্ত ডিসমিস করিতে পারিবেন। খরচার আজ্ঞা হইলে দরখাস্তকারির তাহা দিতে হইবেক। অথবা আদালত ঐ কোম্পানির কার্য্য বন্দ করিবার হুকুম কি ডিক্রী করিতে পারিবেন কিম্বা অন্য যে হুকুম কি ডিক্রী ন্যায্য বোধ করেন তাহা করিতে পারিবেন ইতি।

[কোম্পানির কর্ম্ম বন্দ করিবার হুকুমের ফল।]

৭২ ধারা। কোম্পানির কর্ম্ম বন্দ করিবার সেইরূপ হুকুম কি ডিক্রী হইবার তারিখের পর, যদি আদালত আজ্ঞা করেন তবে ঐ কোম্পানির নামে সকল মোকদ্দমা ও দাওয়ার নালিশ স্থগিত থাকিবেক। ঐ আদালতের অনুমতি না হইলে ঐ কোম্পানির কোন ডৈরেক্টর কি অন্য কার্য্যকারক ঐ কোম্পানির কিছু সম্পত্তি কি মাল কি নালিশক্রমে দাবীর যোগ্য দ্রব্য হস্তান্তর করিতে পারিবেন না। আর আদালতের অনুমতি না হইলে, কোন শ্যারের হস্তান্তর করণ সিদ্ধ হইবেক না। সেই হুকুমের কি ডিক্রীর নকল ঐ কোম্পানি অবিলম্বে জাইন্ট ষ্টক কোম্পানির রেজিষ্টারের নিকটে পাঠাইবেন আর তিনি ঐ কথা ঐ কোম্পানির সম্পর্কীয় আপনার বহীতে টুকিয়া রাখিবেন ইতি।

[জায়দাদ সংগ্রহ করণ ও তাহা লইয়া যাহা করিতে হইবেক তাহার কথা।]

৭৩ ধারা। ঐ কোম্পানির কর্ম্ম বন্দ করিবার হুকুম কি ডিক্রী হইলে পর যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র আদালত ঐ কোম্পানির সকল জায়দাদ সংগ্রহ করাইবেন ও তৎসম্পর্কীয় কার্য্যনির্ব্বাহের নিয়মিত ধারাক্রমে

be collected, and applied in discharge of its liabilities, in a due course of administration.

[Fraudulent preference.]

LXXIV. Any conveyance, mortgage, delivery of goods, payment, or other act relating to property, if made, done, or suffered voluntarily by any Company registered under this Act whilst in insolvent circumstances, with a view to give any undue or fraudulent preference to any creditor of such Company, shall be void if made, done, or suffered within three months before the commencement of the winding-up of such Company.

[To be continued,]

ঐ জায়দাদ লইয়া কোম্পানির দেনা পরিশোধ করাইবেন ইতি।

[চাতুরীক্রমে অগ্রগণ্য করণ।]

৭৪ ধারা। এই আইনমতে রেজিষ্টরীকরা কোন কোম্পানি কর্জ্জশোধ করিবার অপারক অবস্থায় থাকিতে, যদি ঐ কোম্পানির কোন মহাজনকে অনুচিতমতে কি চাতুরীক্রমে অন্য ব্যক্তিহইতে কোন প্রকারে অগ্রগণ্য করিবার অভিপ্রায়ে, কিছু সম্পত্তিপ্রভৃতি হস্তান্তর করা যায় কি বন্ধক দেওয়া যায় কি মাল অর্পণ করা যায় কি টাকা দেওয়া যায় কি সম্পত্তিসম্পর্কীয় অন্য কর্ম্ম করা যায় কি হয় কি জানিয়াশুনিয়া হইতে দেওয়া যায়, তবে ঐ কোম্পানির কার্য্য বন্দ করিবার আরম্ভের পূর্ব্বে তিন মাসের মধ্যে সেই কর্ম্ম করা গেলে কি হইতে দিলে, তাহা ব্যর্থ হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 20.

To the Civil Authorities in the Lower and Extra Regulation Provinces.

The Court authorise the closing of the Civil Courts during the nine days September 6th to 14th inclusive which intervene between the Mohurrum and Dusserah vacations.

(Signed) A. W. Russell,
Register.

Fort William, the 11th August, 1857.

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর

২০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরা আজ্ঞা করেন যে, দশহরার ও মহরমের বন্দের মধ্যে সেপ্টেম্বর মাসের ৬ তারিখঅবধি ১৪ তারিখপর্য্যন্ত যে নয় দিন থাকে সেই নয় দিনও দেওয়ানী আদালত সকল বন্দ থাকে।

এ ডবলিউ রসেল।
রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১১ আগষ্ট।

John Robinson, *Bengalee Translator.*

No. 1213.

Orders by the Lieutenant-Governor of Bengal.

PROCLAMATION.

The 10th August, 1857.

Under the provisions of Regulation X. of 1804 and Act XVI. of 1857, Martial Law is hereby declared to be established in the following Districts, constituting the Chota Nagpore Division, *viz.* :—

Hazareebaugh,
Maunbhoom,
Sumbulpore,
Lohardugga,
Singbhoom.

2. In the aforesaid Districts the functions of the ordinary Criminal Courts of Judicature are suspended in respect of heinous offences.

A. R. Young,
Secy. to the Govt. of Bengal.

১২১৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

ঘোষণাপত্র।

১৮৫৭ সাল ১০ আগষ্ট।

১৮০৪ সালের ১০ আইন ও ১৮৫৭ সালের ১৬ আইনের বিধানমতে ছোট নাগপুর এলাকার নীচের লিখিত সকল জিলাতে মার্শাল ল জারী হইয়াছে এমত প্রকাশ করা গেল।

হাজারীবাগ
মানভূম।
সম্বলপুর।
লোহারডগা।
সিংহভূম।

২। পূর্ব্বোক্ত সকল জিলাতে ভারি২ অপরাধসম্পর্কে সাধারণ ফৌজদারী আদালতের কর্ম্ম স্থগিত থাকিবেক।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No. 33.

FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
The 31st July, 1857.

NOTIFICATION.

The following letter, from the Secretary to the Government of India in the Financial Department, to the Acting Chief Secretary to the Go-

৩৩ নম্বর।

ফোর্ট উলিয়ম।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৫৭ সাল ৩১ জুলাই।

বিজ্ঞাপন।

বোম্বাই গবর্ণমেণ্টের শ্রীযুত একটিং প্রধান সেক্রেটারী সাহেবের নামে, ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেব ১৮৫৭

vernment of Bombay, No. 3194, dated the 31st July 1857, is published for general information:—

No. 3194.

To

THE ACTING CHIEF SECRETARY TO THE GOVERNMENT OF BOMBAY.

FINANCIAL DEPARTMENT.

SIR,

I am directed to acknowledge the receipt of your letter, No 3225, dated the 7th instant, submitting for consideration a proposal from the Government of Bombay for extending to Uncovenanted Civil Servants that part of Section XII. of the Covenanted Service Rules which provides that, if Civil Servants, while absent on privilege leave, be granted extended leave under Medical certificate, they shall be considered liable to the Rules applicable to leave of absence, on Medical certificate, for the whole period of their absence.

2. In reply, I am desired to state that the Right Hon'ble the Governor General in Council sees no objection to the application of this Rule to Uncovenanted Servants as proposed by the Government of Bombay.

I have the honor to be, &c.,

(Signed) C. HUGH LUSHINGTON,

Secy. to the Govt. of India.

FORT WILLIAM,
The 31st July, 1857.

By Order of the Right Hon'ble the Governor General of India in Council,

C. HUGH LUSHINGTON,

Secy. to the Govt. of India.

No. 34.

FORT WILLIAM,

FINANCIAL DEPARTMENT,

The 7th August, 1857.

NOTIFICATION.

The following Despatches from the Honorable the Court of Directors, Nos. 13 and 41 of 1857, dated respectively the 4th February and 17th June, are published for general information:—

Financial Department,

No. 13 of 1857.

OUR GOVERNOR GENERAL OF INDIA IN COUNCIL.

We desire that in all cases in which leave of absence to Europe may be granted to Uncovenanted Servants, they may be furnished with a Certificate showing the period for which leave has been granted, the amount of their salaries, the proportion thereof to which they are entitled, under the Regulations, during absence, and whether it is to be drawn in India or otherwise. They are to be required to report their arrival in this Country, and to transmit the prescribed Certificate for our information.

We are, &c.,

(Signed) W. H. SYKES,

" R. D. MANGLES,

And other Directors.

LONDON,
The 4th February, 1857.

[*Government Gazette*, 18*th August*, 1857.]

সালের ৩১ জুলাই তারিখের ৩১৯৪ নম্বরের যে পত্র প্রেরণ করেন তাহা সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

৩১৯৪ নম্বর।

বোম্বাই গবর্ণমেণ্টের শ্রীযুত একটিং প্রধান সেক্রেটারী সাহেব বরাবরেষু।

আদেশমতে তোমাকে জানাইতেছি যে, তোমার বর্ত্তমান মাসের ৭ তারিখের ৩২২৫ নম্বরের পত্র পাওয়া গিয়াছে। চিহ্নিত কার্য্যকারক সাহেবেরদের ছুটীর বিধির ১২ ধারাতে এই নিয়ম হইয়াছে যে, দেওয়ানীর কার্য্যকারক সাহেবেরা অনুগ্রহের ছুটী লইয়া গরহাজির থাকিতে, যদি তদতিরিক্ত তাঁহারদিগকে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটী দেওয়া যায়, তবে যত কাল গরহাজির থাকেন সেই সমুদয় কালে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটীর যে বিধি আছে তাহা তাঁহারদের উপর খাটে এমত জ্ঞান হইবেক। সেই বিধি অচিহ্নিত দেওয়ানীর কার্য্যকারকেরদের উপর খাটাইবার প্রস্তাব বোম্বাই গবর্ণমেণ্টের ঐ পত্রেতে করা যায়।

২। তদুত্তরে আদেশমতে তোমাকে জানাইতেছি যে, বোম্বাইয়ের গবর্ণমেণ্টের প্রস্তাবমতে অচিহ্নিত কার্য্যকারকেরদের উপর ঐ বিধি খাটাইবার বিষয়ে হজুর কৌন্সেলে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ জেনরল বাহাদুর কিছু আপত্তি দেখেন না।

সি হিউ লশিংটন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ৩১ জুলাই।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সি হিউ লশিংটন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৩৪ নম্বর।

ফোর্ট উলিয়ম।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৫৭ সাল ৭ আগষ্ট।

বিজ্ঞাপন।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৫৭ সালের ৪ ফেব্রুআরি তারিখের ১৩ নম্বরের ও ১৭ জুন তারিখের ৪১ নম্বরের নীচের লিখিত পত্র সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১৮৫৭ সালের ১৩ নম্বর।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর বরাবরেষু।

যখন অচিহ্নিত কার্য্যকারকদিগকে ইউরোপে যাইবার ছুটী দেওয়া যায়, তখন যত কালের ছুটী দেওয়া গিয়াছে, ও তাঁহারদের বেতন, ও ছুটীর কালে তাঁহারদের যত বেতন বিধিমতে দিতে হইবেক তাহা, ও সেই বেতন তাঁহারা ভারতবর্ষে লইবেন কি অন্য প্রকারে পাইবেন, এই সকল কথার এক২ সর্টিফিকট তাঁহারদিগকে দেওয়া যায় আমারদের এই আজ্ঞা। এই দেশে পঁহুছিলেই তাঁহারা আপনারদের পঁহুছিবার কথা আমারদিগকে জানাইবেন ও আমারদের জ্ঞাপনার্থে ঐ নির্দ্দিষ্ট সর্টিফিকট পাঠাইবেন।

ডবলিউ এচ সাইক্স।

আর ডি মাঙ্গলস।

ও অন্য ডৈরেক্টরেরা।

লণ্ডন।

১৮৫৭ সাল ৪ ফেব্রুআরি।

Financial Department,
No. 41 of 1857.

OUR GOVERNOR GENERAL OF INDIA IN COUNCIL.

1. With reference to our Despatch in this Department, dated the 4th February 1857, No. 13, relative to the Certificates to be furnished to Uncovenanted Servants to whom leave of absence to Europe may be granted, we desire that the instructions therein contained may be considered applicable also to the cases of Covenanted Civil Servants to whom similar leave may be granted.

2. We desire your special attention to this instruction.

We are, &c.,
(Signed) R. D. MANGLES,
" F. CURRIE,
And other Directors.

LONDON,
The 17th June, 1857.

By Order of the Right Hon'ble the Governor General of India in Council,

C. HUGH LUSHINGTON,
Secy. to the Govt. of India

ফিনান্‌সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৫৭ সালের ৪১ নম্বর।

হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর বরাবরেষু।

১। অচিহ্নিত কার্য্যকারকদিগকে ইউরোপে যাইবার ছুটী দেওয়া গেলে তাঁহারদিগকে সর্টিফিকট দিবার কথা আমরা এই ডিপার্টমেণ্টের ১৮৫৭ সালের ৪ ফেব্রুআরির ১৩ নম্বরের পত্রেতে লিখিয়াছিলাম। এইক্ষণে আদেশ করিতেছি যে চিহ্নিত দেওয়ানীর কার্য্যকারক সাহেবদিগকে সেই প্রকারের ছুটী দেওয়া গেলে তাঁহারদের প্রতিও সেই বিধি খাটে এমত জ্ঞান করিতে হইবেক।

২। এই পত্রেতে তোমরা বিশেষমতে মনোযোগ কর আমারদের এই বাঞ্ছা।

আর ডি মাঙ্গলস।
এফ করি।
ও অন্য ডৈরেক্‌টরেরা।

লণ্ডন।
১৮৫৭ সাল ১৭ জুন।

হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সি হিউ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVES OF ABSENCE.

The 31st July, 1857.

Moulvie Mooteeoorruhman, Moonsiff of Hingajeeah, Zillah Sylhet, for ten days.

The 7th August, 1857.

Moulvie Mooteeoorruhman, Moonsiff of Hingajeeah, Zillah Sylhet, for two months, in extension on Medical Certificate.

The 14th August, 1857.

Baboo Goluck Chunder Goopt, Acting Moonsiff of Burrobaree, Zillah Rungpore, for fifteen days.

A. W. RUSSELL, *Register.*

বিজ্ঞাপন

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৭ সাল ৩১ জুলাই।

জিলা ছিলটের হিঙ্গাজিয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী মতি উররহমান দশ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৭ আগষ্ট।

জিলা ছিলটের হিঙ্গাজিয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী মতি উররহমান চিকিৎসকের সর্টিফিকটক্রমে অতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৪ আগষ্ট।

জিলা রঙ্গপুরের বড়বাড়ীর একটিং মুনসেফ শ্রীযুত বাবু গোলোকচন্দ্র গুপ্ত পনের দিনের ছুটী পাইয়াছেন

এ ডবলিউ রসেল। রেজিষ্টর

রাজকর্ম্মে নিয়োগ।

৮০৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১ জুলাই।

কোম্পানি বাহাদুরের এদেশীয় সৈন্যেরদের জন্যে যুদ্ধসম্পর্কীয় যে আইন হইয়াছে তাহার অধীন কোন ব্যক্তি যে কোন স্থানে রাজবিদ্রোহিতা করে কি পলায়ন করে তাহার বিচার করিবার জন্যে রাজমহলে সাঁওতাল পরগনার আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত বি উড সাহেব (Mr. B. Wood,) ১৮৫৭ সালের ১৭ আইনের ১ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রসিককৃষ্ণ মল্লিক বর্দ্ধমানহইতে চব্বিশপরগনায় নিযুক্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ৩ জুলাই।

কোম্পানি বাহাদুরের এদেশীয় সৈন্যেরদের জন্যে যুদ্ধসম্পর্কীয় যে আইন হইয়াছে তাহার অধীন কোন ব্যক্তি যে কোন স্থানে রাজবিদ্রোহিতা করে কি পলায়ন করে তাহার বিচার করিবার জন্যে ত্রিপুরার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত এচ এ কাক্রেল সাহেব (Mr. H. A. Cockerell,) ১৮৫৭ সালের ১৭ আইনের ১ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ৪ জুলাই।

কোম্পানি বাহাদুরের এদেশীয় সৈন্যেরদের জন্যে যুদ্ধসম্পর্কীয় যে আইন হইয়াছে তাহার অধীন কোন ব্যক্তি যে কোন স্থানে রাজবিদ্রোহিতা করে কি পলায়ন করে তাহার বিচার করিবার জন্যে বহরমপুরে ৬৩ পল্টনের অধ্যক্ষ শ্রীযুত লেপ্টেনেণ্ট কর্ণেল জে হানিংটন সাহেব (Lieut. Col. J. Hannyngton,) ১৮৫৭ সালের ১৭ আইনের ১ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ৬ জুলাই।

শ্রীযুত ডাক্তর সি পামর সাহেব (Dr. C. Palmer,) হাবড়ায় দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

শ্রীযুত অনরবিল এ ইডন সাহেব (Hon'ble A. Eden,) বারাসতে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৮ আগষ্ট।]

১৮৫৭ সাল ৭ জুলাই।

শ্রীযুত এম এ জি শা সাহেব (Mr. M. A. G. Shawe,) ছিলটের সিবিল ও সেশন জজ হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৯ মে।

পূরণিয়া এলাকার সরকারী ইমারৎ আদি নির্ম্মাণের কার্য্যের তত্ত্বাবধারক শ্রীযুত মধুসূদন মুখুয্যা চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৪ জুন।

গন্দক এলাকার বাঁধের কার্য্যেতে দ্বিতীয় শ্রেণীর সব ইঞ্জিনিয়র শ্রীযুত সি গিলবার্ট সাহেব (Mr. C. Gilbert,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৩ জুলাই।

মালদহের সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু জগবন্ধু বাঁড়ুয্যা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে মে মাসের ২৮ তারিখঅবধি গত মাসের ৩ তারিখপর্য্যন্ত এক সপ্তাহের ছুটী পান।

১৮৫৭ সাল ৪ জুলাই।

সান্তাল পরগনাতে আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব (Mr. W. C. Taylor,) গত আপ্রিল মাসের ৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ১ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৮৫৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১০ জুলাই।

যশোহরের একটিং জজ শ্রীযুত ডবলিউ এস সীটন কার সাহেব (Mr. W. S. Seton-Karr,) ১৮৫৭ সালের ১৪ আইনমতের দণ্ডনীয় সকল দোষ ও অপরাধের বিচার করিবার জন্যে ঐ আইনের ৭ ধারাক্রমে কমিস্যনর হইবেন।

আফীনের সব ডেপুটী এজেণ্ট শ্রীযুত ই মাকডনেল সাহেব (Mr. E. McDonell,) সারণে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটও হইবেন ও সেই জিলাতে ১৭৯৩ সালের ১১ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

১৮৫৭ সাল ১১ জুলাই।

কোম্পানি বাহাদুরের এদেশীয় পল্টনের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় যে আইন হইয়াছে তাহার অধীন যে কোন লোক যে কোন স্থানে রাজবিদ্রোহিতা করে কিম্বা পল্টন হইতে পলায়ন করে তাহার বিচার করিবার জন্যে নীচের লিখিত কার্য্যকারক সাহেবেরা ১৮৫৭ সালের ১৭ আইনের ১ ধারামতে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

দরঙ্গে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট।

শিবসাগরে আসামের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট।

শ্রীযুত এচ এ কাক্রেল সাহেব (Mr. H. A. Cockerell,) ত্রিপুরাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রারের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৩ জুলাই।

প্রথম অর্থাৎ উত্তরাংশের রাজস্বসম্পর্কীয় জরিপী কর্ম্মে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১ জুলাই।

যশোহরের নীচের লিখিত গুদারা ১৮১৯ সালের ৬ আইনমতে সরকারী গুদারা হইল এমত প্রকাশ হইয়াছে।

কুমার নদীতে গারা কোলার গুদারা।

নবগঙ্গা নদীতে ঝিনিদহের গুদারা।

কপদ্দক নদীতে চৌগাছার গুদারা।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৮৭৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৬ জুন।

পোলীসের নীচের লিখিত দারোগারা উক্ত পদ পাইয়াছেন।

সারণের শ্রীযুত ব্রজনাথ পণ্ডিত প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

সারণের শ্রীযুত ইনায়ৎ হুসেন দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

১৮৫৭ সাল ১৪ জুলাই।

আরাকানের একটিং কমিস্যনর শ্রীযুত মেজর জি বর্ণর সাহেব (Major G. Verner,) ১৮৫৭ সালের ১৪ আইনমতে দণ্ডনীয় সকল দোষ ও অপরাধের বিচার করিবার নিমিত্তে ঐ প্রদেশে ঐ আইনের ৭ ধারামতে কমিস্যনর হইবেন।

শ্রীযুত এচ সি রিচার্ডসন সাহেব (Mr. H. C. Richardson,) পাটনার মাজিষ্ট্রেট হইবেন।

ত্রিহুতের কালেক্টর শ্রীযুত ই এফ লাটুর সাহেব (Mr. E. F. Lautour,) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত ঐ জিলার মাজিষ্ট্রেটেরও কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেব (Mr. C. J. Mackenzie,) কালীগঞ্জ এলাকা খণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন ও বারাসৎ জিলাতে ১৮২১ সালের তিন আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের বিশেষ ক্ষমতা ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্টমতে আসিষ্টাণ্ট কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

চাটিগাঁয়ের একটিং অতিরিক্ত প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী আলী নেওয়াজ ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ১৫ জুলাই।

পাটনা এলাকার কমিস্যনর শ্রীযুত ডবলিউ টেলর সাহেব (Mr. W. Tayler,) ১৮৫৭ সালের ১৩ আইনমতে দণ্ডনীয় সকল দোষ ও অপরাধের বিচার করিবার নিমিত্তে ঐ এলাকার অন্তঃপাতি সকল জিলাতে ঐ আইনের ৭ ধারামতে কমিস্যনর হইবেন।

ভাগলপুর এলাকার কমিস্যনর শ্রীযুত জি ইউ ইউল সাহেব (Mr. G. U. Yule,) ১৮৫৭ সালের ১৪ আইনমতে দণ্ডনীয় সকল দোষ ও অপরাধের বিচার করিবার নিমিত্তে ঐ এলাকার অন্তঃপাতি সকল জিলার মধ্যে ঐ আইনের ৭ ধারামতে কমিস্যনর হইবেন।

[*Government Gazette, 18th August*, 1857.]

ছুটী।

১৮৫৭ সালের ১৩ জুলাই।

ভাগলপুরের প্রধান সদর আমীন শ্রীযুত সি মাকডনাল্ড সাহেব (Mr. C. Macdonald,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন। যাবৎ অন্য হুকুম না হয় তাবৎ সদর মোকামের মুনসেফ শ্রীযুত জে ডিকষ্টা সাহেব (Mr. J. D'Costa,) প্রধান সদর আমীনের কাছারীর কর্ম্ম চালাইবেন।

১৮৫৭ সাল ১৪ জুলাই।

চব্বিশপরগনার প্রধান সদর আমীন শ্রীযুত বাবু লোকনাথ বসু গত অক্টোবর মাসের ২৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৫ জুলাই।

নদীয়া এলাকার একটিং কমিস্যনর শ্রীযুত এচ ডি এচ ফরগসন সাহেব, (Mr. H. D. H. Fergusson,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

---

৮৯৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১০ জুলাই।

সারণের একটিং দারোগা শ্রীযুত লালা ঈশান দয়াল দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ১৬ জুলাই।

শ্রীযুত জে ডবলিউ গার্ষ্টিন সাহেব (Mr. J. W. Garstin,) ১৮৪৩ সালের ১৫ আইনমতে টকসালের ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন ও ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে শাহাবাদে চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৭ সাল ১৭ জুলাই।

ঢাকার ফওজদারীর মোহতমিম শ্রীযুত মৌলবী জহীরুদ্দীন মহম্মদ ঐ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু অভয়চরণ মল্লিক ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ১৮ জুলাই।

মুরশিদাবাদের পণ্ডিত শ্রীযুত শ্রীশচন্দ্র বিদ্যারত্ন ঐ জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ২০ জুলাই।

শ্রীযুত এচ বি সিমসন সাহেব (Mr. H. B. Simson,) মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও সেই জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের বিশেষ ক্ষমতা ও ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারার নির্দ্দিষ্টমতে আসিষ্টাণ্ট কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৮ জুলাই।

হুগলীর ডেপুটী কালেক্টর শ্রীযুত আর ফিনি সাহেব (Mr. R. Finny,) গত মাসের ১৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ২০ জুলাই।

সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত জি এন বারলো সাহেব (Mr. G. N. Barlow,) গত মে মাসের ২৬ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইয়াছে।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৮ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল

Numb. 935 ৯৩৫)

(১৯৩)

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

অতিরিক্ত গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, FRIDAY, AUGUST 21, 1857.

কলিকাতা শুক্রবার ১৮৫৭ সাল ২১ আগষ্ট।

DRAFT OF ACT.

A Bill for extending the jurisdiction of the Courts of Criminal Judicature of the East India Company in Bengal, for simplifying the Procedure thereof, and for investing other Courts with Criminal jurisdiction.

[Continued from page 770.]

CHAPTER XVII.—OFFENCES AGAINST PROPERTY.—(*Continued.*)

Of Mischief.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6 When admitting of cumulative Punishment.
49	Mischief	Bailable ...	Magistrate or subordinate Criminal Courts, 1st and 2nd classes.	Imprisonment of either description not exceeding 3 months, or fine, or both.	
50	Mischief, and thereby causing damage to the amount of 50 Rupees or upwards.	Idem ...	Magistrate ..	Idem not exceeding 2 years, or fine, or both.	
51	Mischief by killing, poisoning, maiming, or rendering useless any animal of the value of 10 Rupees or upwards.	Idem ..	Idem	Idem.	
52	Mischief by killing, poisoning, maiming, or rendering useless, any elephant, camel, horse, &c., or any other animal of the value of 50 Rupees or upwards.	Idem ...	Idem	Idem not exceeding 5 years or fine, or both.	
53	Mischief on any channel or reservoir of water, with intent, &c. to cause diminution of supply for agricultural purposes.	Idem ...	Idem	Idem.	
54	Mischief by injury to public road, bridge, river, or navigable channel, and rendering it impassable or less safe for travelling or conveying property.	Idem ..	Idem	Idem.	

CHAPTER XVII.—OFFENCES AGAINST PROPERTY —(*Continued.*)

Of Mischief.—(*Continued.*)

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not	4 By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
55	Mischief by causing inundation or obstruction to public drainage attended with damage to amount of Rupees 100 or upwards.	Bailable ...	... Magistrate	... Imprisonment of either description not exceeding 5 years, or fine, or both.	
56	Mischief by destroying or moving, or rendering less useful a light-house or sea-mark, or by exhibiting false lights.	Idem ...	... Idem	... Imprisonment of either description not exceeding 7 years, or fine, or both.	
57	Mischief by destroying or moving, &c. a land mark fixed by public authority.	Idem	. Idem	... Idem to 1 year, or fine, or both.	
58	Mischief by fire or explosive substance, with intent to cause damage to amount of Rupees 100 or upwards.	Not bailable ...	.. Session Court ...	... Idem to 7 years, also liable to fine.	
59	Mischief by fire or explosive substance, with intent to destroy a house, &c.	Idem ...	.. Idem	.. Transportation for life, or imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.	
60	Mischief with intent to destroy or make unsafe a decked vessel or a vessel of 20 tons burden.	Idem	.. Idem	... Imprisonment of either description not exceeding 10 years, also liable to fine.	
61	The mischief described in the last Clause when committed by fire or any explosive substance.	Idem	.. Idem	.. Idem not exceeding 14 years, also fine.	
62	Mischief committed after preparation made for causing death or hurt, &c.	Idem ...	... Idem	.. Idem not exceeding 5 years, also liable to fine.	

Of Criminal Trespass.

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not	4 By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
69	Criminal trespass	Bailable ...	Magistrate, or subordinate Criminal Courts, 1st and 2nd classes.	Imprisonment of either description not exceeding 1 month, or fine not exceeding Rupees 500, or both.	

70	House-trespass	Not bailable ...	... Magistrate ..	... Imprisonment of either description not exceeding 1 year, or fine to Rupees 1,000, or both.	Cumulative, Clause 71.
72	House-trespass in order to the commission of an offence punishable with death, and doing any act towards the commission of it, if that offence is not committed.	Idem ...	... Session Court ..	. Transportation for life or rigorous imprisonment not exceeding 14 years and not less than 7 years, also liable to fine.	
73	House-trespass in order to the commission of an offence punishable with transportation for life, and doing any act towards the commission of it, if that offence is not committed.	Idem ...	... Idem	... Imprisonment of either description not exceeding 14 years and not less than 5, also liable to fine	
74.	House-trespass in order to the commission of an offence punishable with imprisonment, and doing any act towards the commission of it, if that offence is not committed.	Idem ...	... Session Court if the offence intended is triable by it exclusively, otherwise by the Magistrate.	Imprisonment of either description not exceeding 1 year added to one-third of the longest term for the offence intended, and also fine.	
75	House-trespass, having made preparation for causing hurt, assault, &c.	Idem ...	... Magistrate ...	... Idem not exceeding 3 years, also liable to fine.	
76	Lurking house-trespass or house-breaking.	Idem ...	... Idem	Idem	Cumulative, Clause 77.
78	Lurking house-trespass or house-breaking, in order to the commission of an offence punishable with imprisonment.	Idem ...	... Session Court if the offence intended is triable by it exclusively, otherwise by the Magistrate.	Idem not exceeding 2 years added to one-half the longest term of imprisonment for the offence intended, also liable to fine.	
79	Lurking house-trespass or house-breaking after preparation made for causing hurt, assault, &c.	Idem ...	... Magistrate ...	... Idem not exceeding 3 years, also liable to fine.	
80	Lurking house-trespass or house-breaking by night.	Idem ...	.. Idem	... Imprisonment of either description not exceeding 3 years, and also fine.	Cumulative, Clause 81.
82	Lurking house-trespass or house-breaking by night in order to the commission of an offence punishable with imprisonment.	Idem ...	... Session Court if the offence intended is triable by it exclusively, otherwise by the Magistrate.	Imprisonment of either description not exceeding 3 years, added to two-thirds of the longest term of imprisonment for the offence intended.	

CHAPTER XVII.—OFFENCES AGAINST PROPERTY.—(*Continued.*)

Of Criminal Trespass.—(Continued.)

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
83	Lurking house-trespass or house-breaking by night after preparation made for causing hurt, &c.	Not bailable ...	Session Court ...	... Transportation for life, or imprisonment of either description not exceeding 7 years, also fine.	
84	Grievous hurt caused whilst committing lurking, house-trespass or house-breaking.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 14 years and not less than 7 years, also liable to a fine.	
85	Fraudulently breaking open or unfastening any closed receptacle containing or supposed to contain property.	Idem	Magistrate	... Idem not exceeding 2 years, or fine, or both.	Cumulative, Clause 87.
86	Being entrusted with any closed receptacle containing or supposed to contain any property, and fraudulently opening the same.	Idem ...	Idem	... Idem not exceeding 3 years, or fine, or both.	Idem.

CHAPTER XVIII.—OFFENCES RELATING TO DOCUMENTS AND TRADE OR PROPERTY-MARKS

1. Clause.	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
3	Forgery	Not bailable ...	... Session Court	Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both	
4	Forgery or using a forged document with intent to injure or deceive.	Idem ...	Idem	... Idem	
5	Forgery of a record of a Court of Justice or of a Register of Births, &c. kept by a public servant.	Idem ...	Idem	.. Idem not exceeding 7 years, and also fine	
6	Forgery of a valuable security, will, or authority to make or transfer any public security, or to receive any money, &c.	Idem ...	Idem	... Transportation for life or imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.	

7	Forgery for the purpose of cheating ...	Idem ...	Idem	Imprisonment of either description not exceeding 7 years, also liable to fine.
8	Forgery for the purpose of harming the reputation of any person or knowing that it is likely to be used for that purpose.	Idem ...	Idem	Imprisonment of either description not exceeding 3 years, also liable to fine.
10	Uttering or using as genuine a forged document which is known to be forged.	Idem ...	Idem	As for forgery.
11	Making or counterfeiting a seal, plate, &c., with intent to commit a forgery punishable under Clause 6, or possessing with like intent any such seal, plate, &c., knowing the same to be counterfeit.	Idem ...	Idem	Imprisonment of either description not exceeding 7 years, also liable to fine.
12	Making or counterfeiting a seal, plate, &c., with intent to commit a forgery punishable otherwise than under Clause 6, or possessing with like intent any such seal, &c.	Idem ...	Idem	Imprisonment of either description not exceeding 3 years, also liable to fine.
13	Having possession of a valuable security or will knowing it to be forged, with intent to use or utter it as genuine.	Idem	Idem	Idem not exceeding 10 years, also liable to fine.
14	Counterfeiting a device or mark used for authenticating documents described in Clause 6, or possessing counterfeit marked material.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 14 years, also liable to fine.
15	Counterfeiting a device or mark used for authenticating documents other than those described in Clause 6, or possessing counterfeit marked material.	Idem	Idem ...	Imprisonment of either description not exceeding 2 years, also liable to fine.
16	Fraudulently destroying or defacing, or attempting to destroy or deface, or secreting a will.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 10 years, also liable to fine.
17	Fraudulently destroying or defacing, or secreting a valuable security.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 3 years, also liable to fine.

CHAPTER XVIII.—OFFENCES RELATING TO DOCUMENTS AND TRADE OR PROPERTY-MARKS.—(*Continued.*)

Of Trade and Property-Marks.

1. Clause	2. Offence.	3. Whether bailable or not.	4. By what Court triable.	5. Penalty.	6. When admitting of cumulative Punishment.
22	Using a false trade or property-mark with intent to deceive or injure any person.	Bailable	Magistrate	Imprisonment of either description not exceeding 1 year, or fine, or both.	
23	Counterfeiting a trade or property-mark ordinarily used by another, with intent to cause damage or injury.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	
24	Counterfeiting a property-mark used by a public servant, or any mark used by him to denote the manufacture, quality, &c., of any property.	Idem	Session Court	Imprisonment of either description not exceeding 3 years, also fine.	
25	Fraudulent making or having possession of any die, plate, or other instrument for counterfeiting any public or private property or trade-mark.	Idem	Magistrate	Imprisonment of either description not exceeding 2 years, or fine, or both.	
26	Knowingly selling goods marked with a counterfeit property or trade-mark.	Idem	Idem	Imprisonment of either description not exceeding 1 year, or fine, or both.	
27	Fraudulently making a false mark upon any package or receptacle containing goods, with intent to cause it to be believed that it contains goods which it does not contain, &c.	Idem	Idem...	Idem.	
28	Making use of any such false mark	Idem	Idem	Idem.	
29	Removing, destroying, or defacing any property-mark, with intent to cause injury.	Idem	Idem	Idem.	

[To be continued.]

আইনের মুসাবিদা

বাঙ্গলা দেশে কোম্পানি বাহাদুরের ফৌজদারী আদালতের এলাকা বৃদ্ধি করিবার ও তাঁহার কার্য্য আরো সহজরূপে করা যাইবার ও অন্যান্য আদালতকে ফৌজদারী এলাকা দিবার আইনের মুসাবিদা।

(৭৭৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।)

১৭ অধ্যায়। সম্পত্তির উপর অপরাধ।

অপকারের কথা।

১ প্রকরণ	২ অপরাধ।	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য।	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে
৪৯	অপকার।	হাজিরজামিন লওয়া যায়	মাজিষ্ট্রেট সাহেবের, কি ১ ও ২ ও শ্রেণীর অধস্থ ফৌজদারী আদালতের	৩ মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
		ঐ	মাজিষ্ট্রেট সাহেবের, ...	২ বৎসরের অনধিক ঐ, কি জরীমানা কি উভয় দণ্ড।	
৫০	অপকার ও তাহাতে ৫০৲ টাকা কি তাহার অধিক পর্য্যন্ত ক্ষতি করণ।	ঐ	ঐ	ঐ	
৫১	১০৲ টাকার কি তাহার অধিক মূল্যের কোন পশুকে খুন করিয়া কি বিষ খাওয়াইয়া কি খোঁড়া কি অকর্ম্মণ্য করিয়া অপকার করিলে।	ঐ	ঐ	৫ বৎসরের অনধিক ঐ কি জরীমানা কি উভয় দণ্ড	
৫২	কোন হস্তী কি উট কি ঘোড়াপ্রভৃতি ৫০৲ টাকা কি তাহার অধিক মূল্যের অন্য কোন পশুকে খুন করিয়া কি বিষ খাওয়াইয়া কি খোঁড়া কি অকর্ম্মণ্য করিয়া অপকার করিলে।	ঐ	ঐ	ঐ	
৫৩	ক্ষেত্রের কার্য্যের নিমিত্তে জল কম হয় এই অভিপ্রায়ে কোন নালাতে কি জলাশয়ে অপকার।	ঐ	ঐ	ঐ	
৫৪	সরকারী রাস্তার কি সাঁকোর কি নদীর কি নৌকার গমনীয় পথের ক্ষতি করিয়া মনুষ্যেরদের যাইবার কি সম্পত্তি লইয়া যাইবার অনুপযুক্ত করিয়া কি পূর্ব্বাপেক্ষা আপদ্‌ঘটিত করিয়া অপকার করিলে।				

অপকার

১ প্রকরণ	২ অপরাধ।	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য।	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
৫৫	যাহাতে ১০০৲ টাকা কি তাহার অধিক নোকসান হয় সরকারী নরদমার জল এমত উথলিয়া পড়িতে কি বাধা পায় এমতের অপকার।	হাজিরজামিন লওয়া যায়	মাজিষ্ট্রেট সাহেবের।	৫ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
৫৬	কান্দিলিয়া কি সমুদ্রের নিশানী নষ্ট কি স্থানান্তর করিয়া কি পূর্ব্বাপেক্ষা ন্যূন কর্ম্মণ্য করিয়া কিম্বা মিথ্যা প্রদীপ দেখাইয়া অপকার করিলে।	ঐ	ঐ	৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
৫৭	সরকারী কার্য্যকারকের হুকুমমতে জমীর যে নিশানী দেওয়া যায় তাহা নষ্ট কি স্থানান্তর করিয়া অপকার করিলে।	ঐ	ঐ	১ বৎসরের অনধিক ঐ কি জরীমানা কি উভয় দণ্ড।	
৫৮	১০০৲ টাকা কি তাহার অধিক নোকসান করিবার জন্যে আগুন কিম্বা যে দ্রব্য শব্দ করিয়া হঠাৎ জ্বলিয়া উঠে তাহাতে অপকার করিলে।	হাজিরজামিন লওয়া যায় না।	সেশন আদালতের ...	৭ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারে।	
৫৯	ঘরপ্রভৃতি নষ্ট করিবার নিমিত্তে আগুনে কিম্বা যে দ্রব্য শব্দ করিয়া জ্বলিয়া উঠে এমত দ্রব্যেতে অপকার করিলে।	ঐ	ঐ	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কিম্বা ১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
৬০	তুতকযুক্ত নৌকাদি কি ২০ টনের অধিক বোঝাইধারী নৌকাদি নষ্ট হয় কি আপদ্‌ঘটিত করা যায় এই অভিপ্রায়ে অপকার।	ঐ	ঐ	১০ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ, জরীমানাও হইতে পারে।	
৬১	ঐ প্রকারের অপকার আগুনে কিম্বা যে দ্রব্য শব্দ করিয়া হঠাৎ জ্বলিয়া উঠে এমত দ্রব্যেতে করা গেলে।	ঐ	ঐ	১৪ বৎসরের অনধিক ঐ, ও জরীমানা।	
৬২	মারিয়া ফেলিবার কি আঘাতপ্রভৃতি করিবার উদ্যোগ করিলে পর অপকার।	ঐ	ঐ	৫ বৎসরের অনধিক ঐ, জরীমানাও হইতে পারে।	

অন্যায়মতে প্রবেশ।

১	২	৩	৪	৫	৬
৬৯	অন্যায়মতে প্রবেশ।	হাজিরজামিন লওয়া যায়	মাজিষ্ট্রেট সাহেবের কি ১ ও ২ ১ শ্রেণীর অধ্যক্ষ ফৌজদারী আদালতের।	মাসের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা ৫০০৲ টাকার অনধিক জরীমানা কি উভয় দণ্ড।	

৭০	অন্যায়মতে গৃহপ্রবেশ।	হাজিরজামিন লওয়া যায় না।	মাজিষ্ট্রেট সাহেবের	১ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কিম্বা ১০০০৲ টাকাপর্য্যন্ত জরীমানা কি উভয় দণ্ড।	সংযুক্ত। ৭১ প্রকরণ।
৭২	প্রাণদণ্ডের যোগ্য অপরাধ করিবার মানসে অন্যায়মতে গৃহপ্রবেশ ও যদিও সেই অপরাধ না করা যায় তথাপি তাহা করিবার উপলক্ষে কোন কার্য্য করা গেলে।	ঐ	সেশন আদালতের	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কি ১৪ বৎসরের অনধিক ও ৭ বৎসরের অন্যূন কাল কঠিনরূপে কয়েদ। জরীমানাও হইতে পারে।	
৭৩	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণদণ্ড যে অপরাধের জন্যে হয় এমত অপরাধ করিবার মানসে অন্যায়মতে গৃহপ্রবেশ ও যদিও সেই অপরাধ না করা যায় তথাপি তাহা করিবার উপলক্ষে কোন কার্য্য করা গেলে।	ঐ	ঐ	১৪ বৎসরের অনধিক ও ৫ বৎসরের অন্যূন কাল কোন এক প্রকারে কয়েদ, জরীমানাও হইতে পারে।	
৭৪	যে অপরাধ করা গেলে কয়েদ হয় এমত অপরাধ করিবার মানসে অন্যায়মতে গৃহপ্রবেশ ও যদিও সেই অপরাধ না করা যায় তথাপি তাহা করিবার উপলক্ষে কোন কার্য্য করা গেলে।	ঐ	যে অপরাধ করিবার মানস হয় তাহা যদি কেবল সেশন আদালতের বিচার্য্য তবে সেশন আদালতের, নতুবা মাজিষ্ট্রেট সাহেবের	যে অপরাধ করিবার মানস হয় তাহার জন্যে কয়েদ হইবার অত্যধিক মিয়াদের তৃতীয় ভাগ ও তদ্ভিন্ন ১ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ ও জরীমানা।	
৭৫	আঘাত আক্রমণাদির উদ্যোগ করিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ।	ঐ	মাজিষ্ট্রেট সাহেবের	৩ বৎসরের অনধিক ঐ, জরীমানাও হইতে পারে।	
৭৬	লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ কি সিঁধ কাটন।	ঐ	ঐ	ঐ	সংযুক্ত। ৭৭ প্রকরণ।
৭৮	যে অপরাধ করা গেলে কয়েদ হয় তাহা করিবার মানসে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ কি সিঁধ কাটা।	ঐ	যে অপরাধ করিবার মানস হয় তাহা যদি কেবল সেশন আদালতের বিচার্য্য তবে সেশন আদালতের, নতুবা মাজিষ্ট্রেট সাহেবের	যে অপরাধ করিবার মানস হয় তাহার জন্যে কয়েদ হইবার অত্যধিক মিয়াদের অর্দ্ধেক ও তদ্ভিন্ন ২ বৎসরের অনধিক ঐ। জরীমানাও হইতে পারে।	
৭৯	আঘাত আক্রমণাদি করিবার উদ্যোগ হইলে পর লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ কি সিঁধ কাটা।	ঐ	মাজিষ্ট্রেট সাহেবের	৩ বৎসরের অনধিক ঐ, জরীমানাও হইতে পারে।	
৮০	রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ কি সিঁধ কাটা।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ ও জরীমানা।	সংযুক্ত। ৮১ প্রকরণ।
৮২	যে অপরাধের জন্যে কয়েদ হয় তাহা করিবার মানসে রাত্রিতে লুকিয়া অন্যায়মতে গৃহপ্রবেশ করণ কি সিঁধ কাটা।	ঐ	যে অপরাধ করিবার মানস হয় তাহা যদি কেবল সেশন আদালতের বিচার্য্য তবে সেই আদালতের নতুবা মাজিষ্ট্রেট সাহেবের।	যে অপরাধ করিবার মানস ছিল তাহার জন্যে অত্যধিক যে মিয়াদে কয়েদ হয় তাহার তিন ভাগের দুই ভাগ ও তদ্ভিন্ন ৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ।	

অন্যায়মতে প্রবেশ।

১ প্রকরণ	২ অপরাধ।	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
৮৩	আঘাতপ্রভৃতি করিবার উদ্যোগ করা গেলে পর রাত্রিতে লুকিয়া গৃহপ্রবেশ কি সিঁধকাটা।	হাজিরজামিন লওয়া যায় না।	সেশন আদালতের।	যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কি ৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ ও জরীমানা।	
৮৪	লুকিয়া গৃহপ্রবেশ কি সিঁধকাটা দোষ করিবার সময়ে ভারি আঘাত।	ঐ ...	ঐ ...	...১৪ বৎসরের অনধিক ও ৭ বৎসরের অন্যূন কাল কোন এক প্রকারে কয়েদ. জরীমানাও হইতে পারে	
৮৫	যে বাক্সপ্রভৃতিতে সম্পত্তি থাকে কি আছে বোধ হয় তাহা প্রতারণা করিয়া ভাঙ্গিয়া খুলিয়া কি খুলিয়া দেওয়া।	ঐ ...	...মাজিষ্ট্রেট সাহেবের	২ বৎসরের অনধিক ঐ, কি জরীমানা কি উভয় দণ্ড।	সংযুক্ত ৮৭ প্রকরণ।
৮৬	যে বাঁধা বাক্সআদিতে কিছু সম্পত্তি থাকে কি আছে বোধ হয় তাহা যাহার জিম্মায় রাখা যায় সেই জন প্রতারণা করিয়া তাহা খুলিলে।	ঐ	ঐ ..	..৩ বৎসরের অনধিক ঐ, কি জরীমানা কি উভয় দণ্ড।	ঐ

১৮ অধ্যায়। দলীলদস্তাবেজ ও বাণিজ্যের কি সম্পত্তির চিহ্নসম্পর্কীয় অপরাধ।

১ প্রকরণ	২ অপরাধ।	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
৩	জালকরণ।	হাজিরজামিন লওয়া যায় না।	সেশন আদালতের ...	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
৪	জালকরণ কিম্বা ক্ষতি করিবার কি ভুলাইবার মানসে জালকরা দলীলের ব্যবহার করণ।	ঐ	ঐ	ঐ	
৫	আদালতের কোন কাগজপত্র কিম্বা সরকারী কার্য্যকারক জন্মপ্রভৃতির যে রেজিষ্টর রাখেন তাহা জাল করণ।	ঐ	ঐ ...	... ৭ বৎসরের অনধিক ঐ ও জরীমানা।	
৬	মূল্যবান নিদর্শনপত্র কি উইল, কিম্বা সরকারী কোন নিদর্শনপত্র করিবার কি হস্তান্তর, কি কিছু টাকাপ্রভৃতি গ্রহণ করিবার ক্ষমতাপত্র জাল করণ।	ঐ	ঐ ..	... যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরণ কিম্বা ১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।	

৭	ঠকাইবার মানসে জালকরণ।	ঐ	ঐ	৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।
৮	কোন লোকের বদনাম করিবার মানসে কিম্বা পত্রাদি লইয়া তাহার বদনাম হইতে পারে ইহা জানিয়া জালকরণ।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।
১০	জালকরা কোন দলীল জালকরা আছে জানিয়া তাহা প্রকৃত বলিয়া প্রচলিত কি ব্যবহার করণ।	ঐ	ঐ	জাল করিবার যে দণ্ড।
১১	জাল করিবার যে দোষের দণ্ড ৬ প্রকরণমতে হইতে পারে তাহা করিবার মানসে মোহর পাতপ্রভৃতি করিলে কি কৃত্রিম করিলে কিম্বা তদ্রূপ কোন মোহর পাতপ্রভৃতি কৃত্রিম জানিয়া সেই মানসে নিকটে রাখিলে।	ঐ	ঐ	৭ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।
১২	জাল করিবার যে দোষের দণ্ড ৬ প্রকরণভিন্ন অন্য প্রকরণমতে হইতে পারে তাহা করিবার মানসে মোহর পাতপ্রভৃতি করিলে কি কৃত্রিম করিলে কিম্বা তদ্রূপ কোন মোহরপ্রভৃতি সেই মানসে নিকটে রাখিলে।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।
১৩	মুল্যবান নিদর্শনপত্র কি উইল জাল হইয়াছে জানিয়া তাহা প্রকৃত বলিয়া ব্যবহার কি প্রচলিত করিবার মানসে নিকটে রাখিলে।	ঐ	ঐ	১০ বৎসরের অনধিক ঐ, জরীমানাও হইতে পারে।
১৪	৬ প্রকরণের লিখিত দলীলদস্তাবেজ সিদ্ধ করিবার জন্যে যে চিহ্ন কি দাগ ব্যবহার হয় তাহা জাল করিলে কিম্বা দাগকরা যে দ্রব্য জাল হইয়াছে তাহা নিকটে রাখিলে।	ঐ	ঐ	১৪ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।
১৫	৬ প্রকরণের লিখিত দলীলভিন্ন অন্য দলীল সিদ্ধ করিবার জন্যে যে চিহ্ন কি দাগ ব্যবহার হয় তাহা জাল করিলে কিম্বা দাগকরা যে দ্রব্য জাল হইয়াছে তাহা নিকটে রাখিলে।	ঐ	ঐ	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।
১৬	কোন উইল প্রতারণা করিয়া নষ্ট কি বিকৃত করিলে কি নষ্ট কি বিকৃত করিতে উদ্যোগ করিলে কি লুকাইয়া রাখিলে।	ঐ	ঐ	১০ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।
১৭	মুল্যবান নিদর্শন প্রতারণা করিয়া নষ্ট কি বিকৃত করিলে কি লুকাইয়া রাখিলে।	ঐ	ঐ	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ। জরীমানাও হইতে পারে।

বাণিজ্যের ও সম্পত্তির চিহ্ন।

১ প্রকরণ	২ অপরাধ	৩ হাজিরজামিন লওয়া যাইতে পারে কি না।	৪ যে আদালতের বিচার্য্য।	৫ দণ্ড	৬ যে স্থলে সংযুক্ত দণ্ড হইতে পারে।
২২	কোন লোককে ভুলাইবার কি তাহার ক্ষতি করিবার জন্যে বাণিজ্যের কি সম্পত্তির মিথ্যা চিহ্ন ব্যবহার করণ।	হাজিরজামিন লওয়া যায়	মাজিষ্ট্রেট সাহেবের	১ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
২৩	নোকসান কি হিংসা করিবার মানসে বাণিজ্যের কি সম্পত্তির যে চিহ্ন অন্য লোক সামান্যতঃ ব্যবহার করেন তাহা জাল করণ।	ঐ … …	ঐ … …	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
২৪	সরকারী কার্য্যকারক মালের যে চিহ্ন ব্যবহার করেন কিম্বা কোন সম্পত্তির গড়ন প্রণাদি চিনিবার জন্যে যে চিহ্ন ব্যবহার করেন তাহা জাল করণ।	ঐ … …	সেশন আদালতের	৩ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ ও জরীমানা।	
২৫	সরকারী কি বিশেষ ব্যক্তির মালের কি বাণিজ্যের চিহ্ন জাল করিবার জন্যে কোন ছেনি কি পাত কি অন্য যন্ত্র প্রতারণা করিয়া করিলে কি নিকটে রাখিলে।	ঐ … …	মাজিষ্ট্রেট সাহেবের	২ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
২৬	সম্পত্তির কি বাণিজ্যের জালক্রমে চিহ্নেতে চিহ্নিত মাল জানিয়াশুনিয়া বিক্রয় করিলে।	ঐ … …	ঐ … …	১ বৎসরের অনধিক কাল কোন এক প্রকারে কয়েদ কি জরীমানা কি উভয় দণ্ড।	
২৭	যে বস্তাতে কি বাক্সপ্রভৃতিতে যে দ্রব্য না থাকে সেই দ্রব্য আছে এমত বিশ্বাস জন্মাইবার মানসে তাহার উপর প্রতারণা করিয়া মিথ্যা চিহ্ন দেওয়া।	ঐ … …	ঐ … …	ঐ	
২৮	তদ্রূপ কোন মিথ্যা চিহ্ন ব্যবহার করণ।	ঐ … …	ঐ … …	ঐ	
২৯	হিংসা করিবার মানসে সম্পত্তির কোন চিহ্ন উঠাইয়া দেওন কি নষ্ট কি বিকৃত করণ।	ঐ … …	ঐ … …	ঐ	

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৯ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 25, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২৫ আগষ্ট।

ACT.

ACT No. XIX OF 1857.

An Act for the incorporation and regulation of Joint-Stock Companies and other Associations, either with or without limited liability of the members thereof.

PART III.

WINDING-UP.

Winding-up by Court.

[Continued from page 788.]

[Arms, Ammunition, and Sulphur, &c., not to be imported without license.]

XII. No Arms or Ammunition, and no Sulphur or Saltpetre, shall be imported either by sea or by land into any part of the territories in the possession and under the Government of the East India Company without the license of the Governor General in Council or of the Executive Government.

[Penalty for importation without license.]

XIII. If any person shall import or attempt to import without such license, either by sea or by land into any part of the said territories, any Arms or Ammunition, or any Sulphur or Saltpetre, or shall aid or assist in such importation or in such attempt to import; or shall knowingly conceal or assist in concealing any Arms or Ammunition, or any Sulphur or Saltpetre, imported without such license—he shall be liable, on conviction before a Magistrate, to imprisonment with or without hard labor for any term not exceeding two years, and also to a penalty not exceeding one thousand Rupees; and the articles so imported shall be confiscated, if the convicting Magistrate shall so adjudge.

[Importation of Arms and Ammunition for private use.]

XIV. The provisions of the two last preceding Sections shall not extend to Arms and Ammunition imported in reasonable quantities for private use; but the Collector of Customs may at any time detain any such articles, if he shall think it necessary, until he shall receive the orders of Government. Nothing in this Section shall exempt any person from the obligation of giving notice of Arms under the provisions of Section I.

[Government may prohibit transport of Arms, Ammunition, Military Stores, &c.]

XV. The Governor General in Council may

পোলীসের কমিসানর সাহেব কিম্বা গবর্ণমেণ্টহইতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সাহেব, ঐ নির্ম্মাণকারির কি ব্যবসায়ির যত অস্ত্রশস্ত্রপ্রভৃতি থাকে তাহা দেখিবার জন্যে কোন সময়ে প্রবেশ করিতে পারিবেন। আর যদি সেই নির্ম্মাণকারী কি ব্যবসায়ী জানিয়াশুনিয়া আপনার কারবারের ঐ অস্ত্রশস্ত্রপ্রভৃতির কোন ভাগ ঐ মাজিস্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য কার্য্যকারক সাহেবহইতে লুকায়, কিম্বা তাহা যে স্থানে রাখা আছে সেই স্থান দেখাইতে ইচ্ছাপূর্ব্বক অস্বীকার করে, তবে মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক। আর যে মাজিস্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি আজ্ঞা করিলে, ঐ লোকের কারবারের যত অস্ত্রশস্ত্রপ্রভৃতি থাকে তাহা সকলই ক্রোক ও জব্দ হইতে পারিবেক ইতি।

[অনুমতিপত্র বাতিল করিবার কথা।]

১১ ধারা। ৮ ধারার বিধানমতে যে কোন অনুমতিপত্র দেওয়া যায় তাহা যে২ নিয়ম আবশ্যক বোধ হয় সেই২ নিয়মক্রমে দেওয়া যাইতে পারিবেক। ও সেই অনুমতিপত্র দিতে যাঁহার কি যাঁহারদের ক্ষমতা থাকে তিনি কি তাঁহারা তাহা বাতিল কি স্থগিত করিতে পারিবেন ইতি।

[অনুমতিপত্র না হইলে অস্ত্রশস্ত্রের কি বারুদআদির কি গন্ধকপ্রভৃতির আমদানী না হইবার কথা।]

১২ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের অনুমতিপত্র না পাওয়া গেলে, কোন অস্ত্রশস্ত্র কি বারুদআদির ও কিছু গন্ধকের কি শোরার আমদানী সমুদ্রপথে কি স্থলপথে কোম্পানি বাহাদুরের অধিকৃত ও শাসিত দেশের কোন স্থানে করা যাইবেক না ইতি।

[অনুমতিপত্র বিনা আমদানী করিবার দণ্ড।]

১৩ ধারা। যদি কোন লোক সেই প্রকারের অনুমতিপত্র না পাইয়াও সমুদ্রপথে কি স্থলপথে কিছু অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি কিছু গন্ধক কি শোরা উক্ত দেশের কোন স্থানে আমদানী করে কি করিবার উদ্যোগ করে, কিম্বা সেইরূপ আমদানী করিবার কার্য্যেতে কি উদ্যোগে সাহায্য কি উপকার করে, কিম্বা সেই প্রকারের অনুমতিপত্র বিনা যে কিছু অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি কিছু গন্ধক কি শোরার আমদানী হয় তাহা যদি কেহ জানিয়াশুনিয়া লুকায় কি লুকাইবার সাহায্য করে, তবে মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে সেই লোক দুই বৎসরের অনধিক কোন মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক, ও তাহার এক হাজার টাকার অনধিক জরীমানাও হইতে পারিবেক। আর যে মাজিস্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি হুকুম করিলে সেই প্রকারের আমদানীকরা সকল দ্রব্য জব্দ হইবেক ইতি।

[কোন লোকের নিজ কর্ম্মের নিমিত্তে অস্ত্রশস্ত্র ও বারুদআদি আমদানী করিবার কথা।]

১৪ ধারা। কোন লোকের নিজ কর্ম্মের নিমিত্তে সম্ভবমতে কতক অস্ত্রশস্ত্র ও বারুদআদি আমদানী হইলে তাহার উপর ইহার পূর্ব্বের দুই ধারার বিধান খাটিবেক না। কিন্তু মাসিলের কালেক্টর সাহেব আবশ্যক বোধ করিলে, গবর্ণমেণ্টের হুকুম যাবৎ না পান তাবৎ সেই প্রকারের কোন দ্রব্য কোন সময়ে আটক করিয়া রাখিতে পারিবেন। পরন্তু ১ ধারার বিধানমতে অস্ত্রশস্ত্র থাকার যে সম্বাদ দিতেই হইবেক, তাহাহইতে এই ধারার কোন কথাক্রমে কোন লোকের ক্ষমা হইবেক না ইতি।

[গবর্ণমেণ্ট অস্ত্রশস্ত্র ও বারুদআদি ও যুদ্ধীয় সরঞ্জামপ্রভৃতি স্থানান্তরে চালান করিবার নিষেধ করিতে পারিবেন।]

১৫ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল

by order prohibit the transport of Arms, Ammunition, Military Stores, Sulphur, or Saltpetre, or any particular description of Arms, Ammunition, or Military Stores, from one part of India to another, or the transport thereof in any particular direction to be specified in the order, or prohibit the transport thereof except according to such rules and conditions as may be specified in the order; and the Executive Government of any Presidency or place shall have the like power within the territories under their Government.

[Penalty for prohibited transport.]

XVI. If any person shall transport or cause to be transported, or shall attempt to transport, or shall aid in transporting, any such Arms, Ammunition, or Military Stores as aforesaid, without such order or contrary to the rules and conditions specified therein, he shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees; and the articles transported or attempted to be transported shall be confiscated. If any person shall by concealment or other device transport or cause to be transported or attempt to transport such Arms or Ammunition as aforesaid, he shall, in addition to the penalty hereby provided, be liable upon such conviction to imprisonment with or without hard labor for a term not exceeding two years.

[Government may prohibit sale of Sulphur. Penalty.]

XVII. Whenever the Governor General in Council or the Executive Government shall consider it necessary so to do, they may by order prohibit the sale of Sulphur, and may require all persons having Sulphur in their possession to give notice thereof to Government or to such Officer as may be appointed by Government; and any person neglecting to give such notice shall be liable to a penalty not exceeding five hundred Rupees; and all Sulphur belonging to such person shall be confiscated, if the convicting Magistrate shall so adjudge.

[Seizure and detention of Sulphur.]

XVIII. The Governor General in Council or the Executive Government may also at any time seize all Sulphur in the possession of any person and detain the same for such time as they may deem necessary for the public safety, unless the owner shall consent to sell the same to Government at the fair market price thereof.

[Exception.]

XIX. Nothing in the two preceding Sections shall apply to Sulphur kept or sold for medicinal purposes.

[Government may exempt persons from the provisions of Sections XVII. and XVIII.]

XX. The Government may exempt any person from the provisions of Sections XVII. and XVIII. upon such conditions, if any, as such Government may consider necessary.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৮ সেপ্টেম্বর।]

বাহাদুর হুকুম জারী করিয়া, অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কি সোরা, কিম্বা কোন বিশেষ প্রকারের অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম ভারতবর্ষের এক স্থানহইতে অন্য স্থানে চালান করিতে, অথবা হুকুমেতে কোন বিশেষ দিগ নিরূপণ করিয়া সেই দিগের দেশে তাহা চালান করিতে, কিম্বা ঐ হুকুমেতে যে২ বিধি ও নিয়ম নির্দ্দিষ্ট থাকে তদ্ভিন্ন অন্য প্রকারে চালান না করিতে নিষেধ করিতে পারিবেন। ও কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের অধীন দেশে ঐ গবর্ণমেণ্টেরও সেই ক্ষমতা থাকিবেক ইতি।

[নিষেধ হইলেও চালান করিলে যে দণ্ড হইবেক তাহার কথা।]

১৬ ধারা। সেই প্রকারের হুকুম হইলেও কিম্বা সেইরূপ হুকুমের লিখিত বিধি ও নিয়ম না মানিয়া যদি কোন লোক পূর্ব্বোক্ত মতের কোন অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম চালান করে কি করায় কি চালান করিবার উদ্যোগ কি সাহায্য করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক। ও যে দ্রব্য চালান করা যায় কি চালান করিবার উদ্যোগ হয় তাহা জব্দ হইবেক। যদি কোন লোক সেই প্রকারের অস্ত্রশস্ত্র কি বারুদআদি লুকাইয়া কি অন্য কৌশলে চালান করে কি করায় কি করিবার উদ্যোগ করে, তবে এই ধারাতে তাহার যে দণ্ডের বিধান হইয়াছে তদতিরিক্ত তাহার দোষ সাব্যস্ত হইলে সে দুই বৎসরের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক ইতি।

[গবর্ণমেণ্ট গন্ধক বিক্রয় হওয়ার নিষেধ করিতে পারিবেন। দণ্ড।]

১৭ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যখন আবশ্যক বোধ করেন, তখন হুকুম জারী করিয়া গন্ধক বিক্রয় হওয়ার নিষেধ করিতে পারিবেন, ও যে২ লোকের নিকটে গন্ধক থাকে তাহারদের সকলকে আজ্ঞা করিতে পারিবেন যে, তাহারদের নিকটে গন্ধক থাকার সম্বাদ তাহারা গবর্ণমেণ্টকে কি গবর্ণমেণ্টের নিযুক্ত কার্য্যকারককে দেয়। ও যে কেহ সেইরূপ সম্বাদ দিতে ক্রটি করে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক, ও যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি আজ্ঞা করিলে ঐ লোকের সকল গন্ধক জব্দ হইবেক ইতি।

[গন্ধক ক্রোক ও আটক করিবার কথা।]

১৮ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট কোন লোকের নিকটে যে সকল গন্ধক থাকে তাহা কোন সময়ে ক্রোকও করিতে পারিবেন, ও সেই গন্ধকের স্বামী যদি সেই গন্ধক বাজারের ভাওমতে গবর্ণমেণ্টে বিক্রয় করিতে সম্মত না হয়, তবে সাধারণ লোকেরদের নিরাপদের জ[ন্য] যত দিন আবশ্যক বোধ করেন তত দিন তাহা আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[বর্জ্জিত কথা।]

১৯ ধারা। ঔষধের নিমিত্তে বলিয়া যে গন্ধক নিকটে রাখা যায় কি বিক্রয় হয় তাহার উপর ইহার পূর্ব্বের দুই ধারার কথা খাটিবেক না ইতি।

[গবর্ণমেণ্ট ১৭ ও ১৮ ধারার বিধানের কার্য্যহইতে লোকেরদিগকে ক্ষমা করিতে পারিবেন।]

২০ ধারা। গবর্ণমেণ্ট কোন লোককে ১৭ ও ১৮ ধারার বিধানের কার্য্যহইতে মুক্ত করিতে পারিবেন ও যদি কোন নিয়ম করিয়া মুক্ত করা আবশ্যক বোধ করেন, তবে সেই নিয়মমতে মুক্ত করিবেন ইতি।

[Power to enter and search houses.]

XXI. If any Magistrate or such Commissioner of Police as aforesaid have reasonable cause for suspecting that Arms, Ammunition, or Sulphur liable to confiscation are in any house, building, or other place, or that any Arms, Ammunition, or Sulphur are in any house, building, or other place in the possession of any person in whose possession they cannot be left with safety to the public peace, he may, with such assistance as he shall think necessary, by night or by day, and by force if necessary, enter and search any such house or place; or cause the same to be entered and searched. It shall be competent to a Magistrate to delegate to any of his European Assistants the powers conferred on him by this Section.

[General search for Arms, Ammunition, &c. by order of Government.]

XXII. The Governor General of India in Council, or the Executive Government of any Presidency or place, or the Chief Commissioners of the Punjab and Oude respectively, or the Commissioners of Nagpore and Scinde respectively, or any other persons authorized by Government, may order a general search for Arms, Ammunition, or Sulphur to be made, by any Officers or persons named in such order, in any District or place specified therein. The persons authorized by such order, and all persons acting under their authority, shall have the like powers of entry, search, and seizure as are conferred by the last preceding Section.

[Penalty for not producing or for concealing Arms, Ammunition, &c., when search made.]

XXIII. If, on any search being made, any person shall refuse to produce or point out to the persons making the search, or shall attempt to conceal, any Arms, Ammunition, or Sulphur, such person may be apprehended without warrant, and shall be liable, on conviction before a Magistrate, to imprisonment with or without hard labor for a term not exceeding two years in addition to any other penalty to which he may be subject under this Act.

[Penalty for making, using, or keeping cannon, &c., without license. Surrender of cannon, &c., by persons not willing to take out license for retaining possession thereof. Exception.]

XXIV. After such time as shall be mentioned in the order of Government extending the provisions of this Section to any District or place, or, if no time be mentioned, after one week from the publication of the order in the District or place, no person shall manufacture, use, or have in his possession any cannon, howitzer, or mortar, without a license from the Governor General of India in Council, or from the Executive Government of any Presidency or place. If any person shall ma-

[ঘরে প্রবেশ করিয়া তলাশ করিবার ক্ষমতার কথা।]

২১ ধারা। জব্দ হইবার যোগ্য অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি গন্ধক কোন ঘরে কি ইমারতে কি অন্য স্থানে আছে, কিম্বা সাধারণ লোকেরদের শান্তির পক্ষে যাহার নিকটে নিরাপদে ছাড়া যাইতে পারে না এমত কোন লোকের নিকটে, কোন ঘরে কি ইমারতে কি অন্য স্থানে কোন অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি গন্ধক আছে এইরূপ সন্দেহ করিবার উপযুক্ত কারণ যদি কোন মাজিস্ট্রেট সাহেবের কি পূর্ব্বোক্ত প্রকারের পোলীসের কমিস্যনর সাহেবের থাকে, তবে তিনি যে সাহায্য আবশ্যক জ্ঞান করেন তাহা লইয়া, রাত্রিতে কি দিনে, ও প্রয়োজন হইলে জোর করিয়া সেই ঘরে কি স্থানে প্রবেশ করিতে ও তলাশ করিতে পারিবেন, কিম্বা অন্য লোককে প্রবেশ করিয়া তলাশ করিতে হুকুম দিতে পারিবেন। এই ধারাক্রমে মাজিস্ট্রেট সাহেবকে যে ক্ষমতা দেওয়া গেল তাহা তিনি আপনার ইউরোপীয় কোন আসিস্টান্ট সাহেবের প্রতি অর্পণ করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্টের হুকুমমতে অস্ত্রশস্ত্র বারুদপ্রভৃতির জন্যে সাধারণমতে তলাশ হইবার কথা।]

২২ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর, কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট, কিম্বা পঞ্জাবের ও অযোধ্যার প্রধান কমিস্যনর সাহেবেরা, কিম্বা নাগপুরের ও সিন্ধু দেশের কমিস্যনর সাহেবেরা, কিম্বা গবর্ণমেণ্টহইতে অন্য যে লোকেরা ক্ষমতা পান তাঁহারা হুকুম জারী করিয়া, ঐ হুকুমনামার লিখিত কোন কার্য্যকারকেরদের কি ব্যক্তিরদের দ্বারা, ঐ হুকুমনামার লিখিত কোন জিলাতে কি স্থানে অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি গন্ধকের সাধারণমতে তলাশ হইবার হুকুম করিতে পারিবেন। ইহার পূর্ব্বের ধারাতে প্রবেশ ও তলাশ ও ক্রোক করিবার যে সকল শক্তি দেওয়া গিয়াছে, ঐ হুকুমক্রমে ক্ষমতাপন্ন লোকেরদের ও তাঁহারদের আজ্ঞামতে যে সকল লোক কার্য্য করেন তাঁহারদেরও সেই সকল শক্তি থাকিবেক ইতি।

[তলাশ হইবার কালে অস্ত্রশস্ত্র বারুদআদি বাহির না করিবার কি তাহা লুকাইয়া রাখিবার দণ্ডের কথা।]

২৩ ধারা। কোন তলাশ করিবার কালে, যে লোকেরা তলাশ করিতেছেন তাঁহারদিগকে যদি কেহ কোন অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি গন্ধক দেখাইতে, কিম্বা দেখাইয়া দিতে অস্বীকার করে, কিম্বা যদি কেহ তাহা লুকাইবার উদ্যোগ করে তবে তাহাকে ওয়ারণ্টবিনা গ্রেফ্তার করা যাইতে পারিবেক, ও মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে, এই আইনমতে তাহার অন্য যে কোন দণ্ড হইতে পারে তদতিরিক্ত সে দুই বৎসরের অনধিক কোন মিয়াদে কঠিন পরিশ্রম সহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক ইতি।

[অনুমতিপত্র না পাইয়া কামানপ্রভৃতি নির্ম্মাণ কি ব্যবহার করিবার কি রাখিবার দণ্ডের কথা। যাহারা কামানপ্রভৃতি নিকটে রাখিবার অনুমতিপত্র লইতে না চাহে তাহারদের তাহা সমর্পণ করিবার কথা। বর্জ্জিত কথা।]

২৪ ধারা। গবর্ণমেণ্টের যে হুকুমক্রমে এই ধারার বিধান কোন জিলাতে কি স্থানে প্রচলিত হয় সেই হুকুমেতে যে কাল নির্দ্দিষ্ট থাকে সেই কালের পরে, কিম্বা যদি কোন কাল নির্দ্দিষ্ট না থাকে তবে সেই হুকুম ঐ জিলাতে কি স্থানে প্রকাশহওনঅবধি এক সপ্তাহের পরে, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের স্থানে, কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের স্থানে অনুমতিপত্র না পাইলে, কোন ব্যক্তি কোন কামান কি হৌইৎসর কি মর্টর নির্ম্মাণ কি ব্যবহার করিবেক না, কি আপনার

nufacture, use, or have in his possession any cannon, howitzer, or mortar, without such license, he shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding two thousand Rupees, and to imprisonment for a term not exceeding two years; and such cannon, howitzer, or mortar may be seized and shall be forfeited to Government. Any person who has in his possession any cannon, howitzer, or mortar at the time when this Section takes effect in any District or place, and who shall be unwilling to apply for a license to retain possession thereof, may surrender the same to the Magistrate or Commissioner of Police within such period as aforesaid. The provisions of this Section shall not extend to any cannon, howitzer, or mortar forming part of the ordinary armament of any ship or vessel.

[Imprisonment if fine not paid.]

XXV. If any fine or penalty imposed by a Magistrate under the authority of this Act be not immediately paid, the Magistrate may commit the offender to jail, there to be imprisoned according to the discretion of the Magistrate for any term not exceeding six months where the amount of the fine or penalty shall not exceed five hundred Rupees, and for any term not exceeding twelve months in any other case; the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

[Rewards to informers.]

XXVI. Any fine or penalty levied from any person convicted of an offence under this Act, or any portion of such fine or penalty, may be awarded to the person on whose information the conviction shall take place.

[Interpretation of the word "Magistrate."]

XXVII. The word "Magistrate" shall include any person exercising the full powers of a Magistrate; and all powers of conviction and confiscation upon conviction given by this Act to a Magistrate, shall, within the Presidency Towns and in the Straits Settlement, be exercised by the Police Magistrates.

[Operation of Act.]

XXVIII. This Act, or any part or parts thereof, shall take effect in any District or place to which the same shall be extended by order of the Governor General of India in Council or of the Executive Government of any Presidency or place.

[Parts of District may be withdrawn from the operation of the Act and again made subject to it.]

XXIX. It shall be lawful for the Governor General in Council or the Executive Government of any Presidency or place from time to time to withdraw from the operation of all or any of the

দখলে রাখিবেক না। যদি কেহ সেইরূপ অনুমতিপত্র না পাইয়া, কোন কামান কি হোইৎসর কি মর্টর নির্ম্মাণ কি ব্যবহার করে কি আপনার দখলে রাখে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার দুই হাজার টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক, ও সে দুই বৎসরের অনধিক কোন মিয়াদে কয়েদ হইতে পারিবেক। ও সেই কামান কি হোইৎসর কি মর্টর ক্রোক হইতে পারিবেক ও গবর্ণমেণ্টে জব্দ হইতে পারিবেক। এই ধারা কোন জিলাতে কি স্থানে প্রচলিত হইবার কালে যদি কোন লোকের নিকটে কোন কামান কি হোইৎসর কি মর্টর থাকে, ও যদি সেই লোক তাহা নিকটে রাখিবার অনুমতিপত্র প্রার্থনা করিতে না চাহে, তবে সেই লোক ইহার পূর্ব্বের লিখিত কালের মধ্যে ঐ কামানপ্রভৃতি মাজিষ্ট্রেট সাহেবের কি পোলীসের কমিস্যনর সাহেবের নিকটে আনিয়া দিতে পারিবেক। কোন জাহাজের রীতিমতের অস্ত্রশস্ত্রের মধ্যে যে কোন কামান কি হোইৎসর কি মর্টর থাকে, তাহার উপর এই ধারার বিধান খাটিবেক না ইতি।

[জরীমানার টাকা না দেওয়া গেলে কয়েদ হইবার কথা।]

২৫ ধারা। এই আইনের শক্তিক্রমে মাজিষ্ট্রেট সাহেব যে কোন জরীমানার কি অর্থদণ্ডের হুকুম করেন তাহার টাকা যদি তৎক্ষণাৎ না দেওয়া যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ অপরাধিকে জেলখানায় পাঠাইতে পারিবেন, ও সেই জরীমানা কি অর্থদণ্ড যদি পাঁচ শত টাকার অধিক না হয় তবে অপরাধী ছয় মাসের অনধিক কোন মিয়াদে, ও অন্য কোন গতিকে বারো মাসের অনধিক কোন মিয়াদে, মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে তথায় কয়েদ থাকিবেক। পূর্ব্বোক্ত কোন স্থলে জরীমানার টাকা দেওয়া গেলেই অপরাধিকে খালাস করা যাইবেক ইতি।

[গোয়েন্দারদিগকে পুরস্কার দিবার কথা।]

২৬ ধারা। এই আইনমতে যাহার অপরাধ সাব্যস্ত হয় তাহার স্থানে যে কিছু জরীমানার কি অর্থদণ্ডের টাকা উসুল হয় তাহা কি তাহার কোন অংশ, যাহার সম্বাদমতে অপরাধ সাব্যস্ত হয় তাহাকে দেওয়া যাইতে পারিবেক ইতি।

["মাজিষ্ট্রেট" এই শব্দের অর্থ।]

২৭ ধারা। "মাজিষ্ট্রেট" এই শব্দের মধ্যে, যে কোন ব্যক্তি মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করেন তিনিও গণ্য হন। ও দোষ সাব্যস্ত করণের এবং দোষ সাব্যস্তক্রমে জব্দ করণের যে সকল ক্ষমতা এই আইনক্রমে মাজিষ্ট্রেট সাহেবকে দেওয়া যায়, রাজধানীনগরে ও সমুদ্রের মোহনার বসতি স্থানে পোলীসের মাজিষ্ট্রেট সাহেবেরাও সেই ক্ষমতামতে কার্য্য করিবেন ইতি।

[এই আইন প্রবল হওনের কথা।]

২৮ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের হুকুমক্রমে এই আইন কি তাহার কোন এক কি অধিক ভাগ যে কোন জিলাতে কি স্থানে প্রচলিত করা যায় সেই জিলাতে কি স্থানে প্রবল হইবেক ইতি।

[জিলার কোন২ স্থানে এই আইন প্রবল হওয়া রহিত হইতে পারিবেক ও পুনরায় তাহাতে প্রবল করা যাইতে পারিবেক।]

২৯ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুর কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যে জিলাতে কি স্থানে এই আইনের বিধান প্রচ[illegible]

provisions of this Act any part or parts of any District or place which he may previously have declared to be subject thereto; and in like manner, as occasion shall require, to subject the same again to the operation of all or any of the provisions of this Act.

[Duration of Act.]

XXX. This Act shall continue in force for two years.

[Indemnity to Government Officers for seizing or detaining Arms, Ammunition, &c., before passing of this Act.]

XXXI. Any Officer of Government, who, prior to the passing of this Act, may have seized, detained, or prevented the importation of any Arms, Ammunition, Military Stores, Sulphur, or Saltpetre, in pursuance of an order of Government, is hereby indemnified for so doing; and no action or other proceeding shall be commenced or prosecuted against him in respect of such seizure or detention.

W. MORGAN,
Clerk of the Council.

অধিক স্থানে এই আইনের সমুদয় কি কোন২ বিধান প্রচলিত হওয়া সময়ে২ রহিত করিতে পারিবেন। আরও সেই প্রকারে সেই২ স্থানে এই আইনের সমুদয় কি কোন২ বিধান প্রয়োজনমতে পুনরায় প্রচলিত করিতে পারিবেন ইতি।

[আইন যত দিন চলন থাকিবেক।]

৩০ ধারা। এই আইন দুই বৎসরপর্য্যন্ত প্রবল থাকিবেক ইতি।

[এই আইন জারী হইবার আগে গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা অস্ত্রশস্ত্র বারুদপ্রভৃতি ক্রোক ও আটক করিলেও তাঁহারদের নির্দ্দোষ হইবার কথা।]

৩১ ধারা। এই আইন জারী হইবার আগে গবর্ণমেণ্টের যে কোন কার্য্যকারক গবর্ণমেণ্টের হুকুমঅনুসারে কোন অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কি শোরা ক্রোক কি আটক করিয়াছেন কি তাহার আমদানী করা নিবারণ করিয়াছেন তাঁহাকে এতদ্দ্বারা নির্দ্দোষ করা গেল। ও সেই প্রকারে ক্রোক ও আটক করিবার জন্যে তাঁহার নামে কোন প্রকারে নালিশ কি মোকদ্দমা হইতে কি চলিতে পারিবেক না ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

ACT.

ACT No. XIX. OF 1857.

An Act for the incorporation and regulation of Joint-Stock Companies and other Associations, either with or without limited liability of the members thereof.

TABLE B.

REGULATIONS FOR MANAGEMENT OF THE COMPANY.

GENERAL MEETINGS.

[Continued from page 833.]

35. If there is no such Chairman, or if at any meeting he is not present at the time of holding the same, the shareholders present shall choose some one of their number to be Chairman of such meeting.

36. The Chairman may, with the consent of the meeting, adjourn any meeting from time to time and from place to place; but no business shall be transacted at any adjourned meeting other than the business left unfinished at the meeting from which the adjournment took place.

37. At any general meeting, unless a poll is demanded by at least five shareholders, a declaration by the Chairman that a resolution has been carried, and an entry to that effect in the book of proceedings of the Company, shall be sufficient evidence of the fact, without proof of the number or proportion of the votes recorded in favor of or against such resolution.

38. If a poll is demanded in manner aforesaid, the same shall be taken in such manner as the Chairman directs; and the result of such poll shall be deemed to be the resolution of the Company in general meeting.

আইন।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১৯ আইন।

জাইণ্ট ষ্টক কোম্পানির ও অন্যান্য সমাজের অন্তঃপাতি লোকেরদের দায় সীমাযুক্ত করিয়া কি না করিয়া ঐ২ কোম্পানিকে ও সমাজকে চার্টর দিবার ও তাঁহারদের বিধান করিবার আইন।

B চিহ্নের টেবিল।

কোম্পানির কার্য্য চালাইবার বিধান।

সাধারণ বৈঠক।

৮৩৩ পৃষ্ঠাহইতে চলিতেছে।

৩৫। যদি কোন চেরমান না থাকেন, কিম্বা যদি কোন বৈঠক হইবার সময়ে তিনি সেই বৈঠকে উপস্থিত না থাকেন, তবে যে অংশিরা উপস্থিত থাকেন তাঁহারা আপনারদের কোন এক জনকে সেই বৈঠকের চেরমান করিবেন।

৩৬। বৈঠকে যাঁহারা উপস্থিত থাকেন তাঁহারদের অনুমতি লইয়া, চেরমান তৎকালে বৈঠক ভঙ্গ করিয়া সময়ে২ স্থানে২ বৈঠক হইবার নিরূপণ করিতে পারিবেন। কিন্তু সেই প্রথম বৈঠক ভঙ্গ হইবার কালে যে কর্ম্ম সমাপ্ত না হইয়া রহিয়াছে তদ্ভিন্ন অন্য কোন কর্ম্ম সেইরূপ অন্য বৈঠকে করা যাইবেক না।

৩৭। কোন সাধারণ বৈঠকে অতিকম পাঁচ জন অংশী যদি মত লইবার দাওয়া না করেন, তবে বিশেষ কোন কথা নির্দ্ধার্য্য হইয়াছে. চেরমানের এই কথা প্রকাশ করণ ও কোম্পানির কার্য্যের বিবরণের বহীতে সেই মর্ম্মের কথা লেখা থাকা, ঐ কথার প্রচুর প্রমাণ হইবেক। আর সেই নির্দ্ধারণের সপক্ষে কি বিপক্ষে যে সকল মত হইয়াছিল তাহার সংখ্যার কি ন্যূনাধিক্যের প্রমাণ লওয়ার প্রয়োজন হইবেক না।

৩৮। যদি পূর্ব্বোক্তমতে অংশিরদের মত লইবার আদেশ হয়, তবে চেরমান তাহা লইবার যেরূপ আজ্ঞা করেন সেইরূপে লওয়া যাইবেক. ও ঐ মত লইয়া যে ফল হয় তাহা সাধারণ বৈঠকে কোম্পানির নির্দ্ধারণ জ্ঞান হইবেক।

VOTES OF SHAREHOLDERS.

39. Every shareholder shall have one vote for every share up to ten; he shall have an additional vote for every five shares beyond the first ten shares up to one hundred, and an additional vote for every ten shares held by him beyond the first hundred shares.

40. If any shareholder is a lunatic or idiot, he may vote by his Committee; and if any shareholder is a minor, he may vote by his guardian, or any one of his guardians if more than one.

41. If more persons than one are jointly entitled to a share or shares, the person whose name stands first in the Register of shareholders as one of the holders of such share or shares, and no other, shall be entitled to vote in respect of the same.

42. No shareholder shall be entitled to vote at any meeting, unless all calls due from him have been paid, nor until he shall have been possessed of his shares three calendar months, unless such shares shall have been acquired, or shall have come by bequest, or by marriage, or by succession to an intestate's estate, or by any deed of settlement, after the death of any person who shall have been entitled for life to the dividends of such shares.

43. Votes may be given either personally or by proxies: a proxy shall be appointed in writing under the hand of the appointor, or, if such appointor is a corporation, under their common seal.

44. No person shall be appointed a proxy who is not a shareholder, and the instrument appointing him shall be deposited at the registered Office of the Company not less than forty-eight hours before the time of holding the meeting at which he proposes to vote; but no instrument appointing a proxy shall be valid after the expiration of one month from the date of its execution.

DIRECTORS.

45. The number of the Directors, and the names of the first Directors, shall be determined by the subscribers of the Memorandum of Association.

46. Until Directors are appointed, the subscribers of the Memorandum of Association shall for all the purposes of this Act be deemed to be Directors.

POWERS OF DIRECTORS.

47. The business of the Company shall be managed by the Directors, who may exercise all

অংশিরদের মত প্রকাশ।

৩৯। প্রত্যেক অংশির দশ শ্যারপর্য্যন্ত যত শ্যার থাকে তত জনের মতের তুল্য তাঁহার মত হইবেক। দশ শ্যারের উপর এক শত শ্যারপর্য্যন্ত তাঁহার মত পাঁচ২ শ্যারপ্রতি এক২ জনের মতের তুল্য হইবেক, প্রথম এক শত শ্যারের উপর তাঁহার মত দশ২ শ্যার প্রতি এক২ জনের মতের তুল্য হইবেক।

৪০। যদি কোন অংশী উন্মাদ কি ক্ষিপ্ত হন, তবে তাঁহার মত তাঁহার কমিটির দ্বারা প্রকাশ হইতে পারিবেক। যদি কোন অংশী নাবালগ হন তবে তিনি আপন রক্ষকের দ্বারা, কিম্বা যদি একের অধিক রক্ষক থাকেন তবে তাঁহারদের কোন এক জনের দ্বারা, মত প্রকাশ করিতে পারিবেন।

৪১। যদি একের অধিক জন একত্র কোন এক কি অধিক শ্যারের অধিকারী হন, তবে অংশিরদের রেজিষ্টরী বহীতে তাঁহারদের মধ্যে যাঁহার নাম ঐ এক কি অধিক শ্যারের উপলক্ষে অংশী বলিয়া প্রথমে লেখা থাকে তিনি সেই২ শ্যারের উপলক্ষে মত প্রকাশ করিতে পারিবেন, অন্যেরা নয়।

৪২। কোন অংশির শ্যারের উপর যত টাকা দিবার আদেশ হইয়াছে সেই সকল টাকা যদি তিনি না দিয়া থাকেন, কিম্বা যদি সেই সকল শ্যার ইঙ্গরেজী হিসাবের তিন মাসপর্য্যন্ত তাঁহার হাতে না থাকে, তবে তিনি কোন বৈঠকে আপন মত জানাইতে পারিবেন না। কিন্তু যদি তিনি সেইরূপ শ্যার উইলক্রমে, কিম্বা বিবাহের দ্বারা, কিম্বা যে জন উইল না করিয়া মরেন তাঁহার উত্তরাধিকারিত্বক্রমে, কিম্বা ঐ শ্যারের ডিবিডেণ্ড যাবজ্জীবন পাইবার যাঁহার অধিকার ছিল এমত ব্যক্তির মরণোত্তর, কোন দানপত্রক্রমে ঐ শ্যার প্রাপ্ত হইয়া থাকেন, তবে তাঁহার উপর এই বিধি খাটিবেক না।

৪৩। কোন ব্যক্তি স্বয়ং উপস্থিত হইয়া কিম্বা অন্যের দ্বারা আপনার মত প্রকাশ করিতে পারিবেন। অন্যের দ্বারা মত প্রকাশ করা গেলে যিনি তাঁহাকে সেই কর্ম্মে নিযুক্ত করেন তাঁহার স্বাক্ষরকরা লিপির দ্বারা তাঁহাকে নিযুক্ত করা যাইবেক। কিম্বা যদি তাঁহাকে সামাজিক লোককর্ত্তৃক নিযুক্ত করা যায় তবে তাঁহারদের সাধারণ মোহরক্রমে তাঁহাকে নিযুক্ত করা যাইবেক।

৪৪। যে জন নিজে অংশী না হন তিনি অন্যের জন্যে মত প্রকাশ করিবার নিমিত্তে নিযুক্ত হইতে পারিবেন না। আর যে লিপিক্রমে তাঁহাকে নিযুক্ত করা যায় সেই লিপি, তিনি যে বৈঠকে মত জানাইবার মনস্থ করেন, সেই বৈঠক হইবার আগে অতিকম আটচল্লিশ ঘণ্টা থাকিতে, কোম্পানির রেজিষ্টরীকরা দপ্তরখানায় দাখিল করিতে হইবেক। কিন্তু মত প্রকাশ করিবার লোককে নিযুক্ত করণপত্র যে তারিখে করা গিয়াছিল তাহার পর এক মাস অতীত হইলে তাহা অসিদ্ধ হইবেক।

ডৈরেক্টরেরা।

৪৫। যত জন ডৈরেক্টর নিযুক্ত হইবেন, ও প্রথম যে ডৈরেক্টরেরদের নাম লেখা যাইবেক এই২ কথা যাঁহারা সামাজিক পত্রেতে স্বাক্ষর করেন তাঁহারা নির্দ্ধার্য্য করিবেন।

৪৬। ডৈরেক্টরেরদিগকে যেপর্য্যন্ত নিযুক্ত না করা যায় সেইপর্য্যন্ত সামাজিক পত্রেতে যাঁহারা স্বাক্ষর করেন তাঁহারা এই আইনের সকল কার্য্যের নিমিত্তে ডৈরেক্টর জ্ঞান হইবেন।

ডৈরেক্টরেরদের ক্ষমতা।

৪৭। ঐ কোম্পানির সকল কার্য্য ডৈরেক্টরেরা চালাইবেন। আর, ঐ কোম্পানির সাধারণ বৈঠকে

such powers of the Company as are not by this Act or by the Articles of Association, if any, declared to be exercisable by the Company in general meeting, subject nevertheless to any regulations of the Articles of Association, to the provisions of this Act, and to such regulations, not being inconsistent with the aforesaid regulations or provisions, as may be prescribed by the Company in general meeting; but no regulation made by the Company in general meeting shall invalidate any prior act of the Directors which would have been valid if such regulation had not been made.

DISQUALIFICATION OF DIRECTORS.

48. The office of Director shall be vacated-

If he holds any other office or place of profit under the Company;

If he becomes bankrupt or insolvent;

If he is concerned in or participates in the profits of any contract with the Company;

If he participates in the profits of any work done for the Company.

But the above rules shall be subject to the following exceptions:—that no Director shall vacate his office by reason of his being a shareholder in any incorporated Company which has entered into contracts with or done any work for the Company of which he is Director; nevertheless he shall not vote in respect of such contract or work; and if he does so vote, his vote shall not be counted, and he shall incur a penalty not exceeding Five hundred Rupees.

ROTATION OF DIRECTORS.

49. At the first ordinary meeting after the incorporation of the Company, the whole of the Directors shall retire from office; and at the first ordinary meeting in every subsequent year, one-third of the Directors for the time being, or if their number is not a multiple of three, then the number nearest to one-third, shall retire from office.

50. The one-third or other nearest number to retire during the first and second years ensuing the incorporation of the Company shall, unless the Directors agree among themselves, be determined by ballot: in every subsequent year the one-third or other nearest number who have been longest in office shall retire.

[To be continued]

No. 36.
FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
The 14th August, 1857.

NOTIFICATIONS.

The following Extract from a Despatch from

কোম্পানি কোন ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন, এমত আজ্ঞা এই আইনে কিম্বা সমাজের নিয়মপত্রেতে না থাকিলে ঐ ডৈরেক্টরেরা কোম্পানির সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন। পরন্তু সমাজের নিয়মপত্রের কোন বিধান, ও এই আইনের বিধান, ও উক্ত নিয়মপত্রের ও আইনের বিধানের অসঙ্গত না হয় এমত যে২ বিধি কোম্পানি সাধারণ বৈঠকে নির্দ্ধার্য্য করিয়া থাকিবেন সেই সকল বিধানের অধীনে, তাঁহারা সেই ক্ষমতামতে কার্য্য করিবেন। কিন্তু ঐ কোম্পানি সাধারণ বৈঠকে যে কোন বিধি করিয়া থাকেন, তাহা না করা গেলে যদি ডৈরেক্টরেরদের কোন কর্ম্ম সিদ্ধ হইত, তবে সেইরূপ বিধিতে তাঁহারদের পূর্ব্ব করা কোন কর্ম্ম অসিদ্ধ হইবেক না।

যাহা হইলে ডৈরেক্টরেরা কর্ম্ম করিতে অক্ষম হইবেন।

৪৮। ডৈরেক্টরের পদ এই২ গতিকে শূন্য হইবেক।

যদি তিনি ঐ কোম্পানির অধীনে অন্য কোন পদ কি লভ্যের কর্ম্ম পান তবে।

যদি তিনি দেউলিয়া হন কি আপনার কর্জ্জ শোধ করিতে অপারক হন তবে।

যদি কোম্পানির সঙ্গে কোন করারে লিপ্ত থাকেন কিম্বা তাহার লভ্যের ভাগী হন তবে।

যদি তিনি কোম্পানির নিমিত্তে করা কোন কর্ম্মের লভ্যের ভাগী হন তবে।

পরন্তু উক্ত বিধি এই২ স্থলে খাটিবেক না অর্থাৎ তিনি যে কোম্পানির ডৈরেক্টর হন তাঁহার সঙ্গে, চার্টর প্রাপ্ত অন্য যে কোম্পানির অংশী তিনি হন সেই কোম্পানি যদি করার করেন, কিম্বা ঐ কোম্পানির নিমিত্তে কোন কর্ম্ম করেন, তবে কোম্পানির সেইরূপে অংশী হওযাপ্রযুক্ত তাঁহার পদ শূন্য হইবেক না। তথাপি তিনি সেই করারের কি কর্ম্মের সম্পর্কে আপনার মত প্রকাশ করিবেন না। যদি সেইরূপে মত প্রকাশ করেন তবে তাঁহার সেই মত গ্রাহ্য হইবেক না ও তাঁহার পাঁচ শত টাকাপর্য্যন্ত অর্থদণ্ড হইতে পারিবেক।

ডৈরেক্টরদিগকে পরিবর্ত্তন করণ।

৪৯। চার্টরপ্রাপ্ত হইলে পর কোম্পানির নিয়মিত প্রথম বৈঠকে সকল ডৈরেক্টর পদহইতে অবসর হইবেন। তাহার পর প্রতিবৎসরে নিয়মিত যে প্রত্যেক বৈঠক হয় তাহাতে তৎকালের যে সকল ডৈরেক্টর থাকেন তাঁহারদের তিন অংশের এক অংশের লোক পদহইতে অবসর হইবেন। আর যদি তাঁহারদের সংখ্যা তিনেতে হরণ হইতে না পারে, তবে তিন অংশের এক অংশের অতি নিকট যে সংখ্যা হয় সেই সংখ্যার লোক অবসর হইবেন।

৫০। কোম্পানির চার্টর প্রাপ্ত হইবার পরে, প্রথম ও দ্বিতীয় বৎসরে ঐ তিন অংশের এক অংশের কি তাহার অতি নিকট সংখ্যার লোকেরদের অবসর হইতে হইবেক, এই নিয়মে কে২ অবসর হইবেন এই কথা ডৈরেক্টরেরা আপোসে স্থির করিবেন, নতুবা তাহা গুলিবাঁট করিয়া নির্ণয় হইবেক। তাহার পর প্রতিবৎসরে তিন অংশের এক অংশের কি তাহার অতি নিকট সংখ্যার যে সকল লোক অতি অধিক কালাবধি পদস্থ থাকেন, তাঁহারা অবসর হইবেন।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

৩৬ নম্বর।
ফোর্ট উলিয়ম। ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৫৭ সাল ১৪ আগষ্ট।

বিজ্ঞাপন।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের

the Hon'ble the Court of Directors, addressed to the Government of India, in the Financial Department, No. 43, of 1857, dated 24th June, is published for general information:—

Letter from, dated 19th December 1856, *No.* 181.

[Solicit the issue of general instructions for guidance in disposing of the applications which are submitted from time to time for the grant of gratuities to Uncovenanted Servants who have, from various causes, been thrown out of employment.]

Para 11.—You specify six descriptions of cases in which applications for gratuities are now frequently made to the Government by classes who are not entitled by the Rules to any fixed pensionary grant. They are as follows, *viz* :—

1*st*. Servants who have been thrown out of employment by the abolition of their Offices.

2*nd*. Servants in grades entitling them to pension who are disabled by sickness from completing the periods of service prescribed in the Rules.

3*rd*. Servants in grades entitling them to pension who have served a portion of their time only in such grades, the rest of their service having been spent in situations not cognizable under the Rules.

4*th*. Servants in grades not entitling them to pension under the Rules, but who have become unfit for further service from old age or sickness.

5*th*. Persons injured while in the execution of their public duty, and thereby disabled from earning their livelihood.

6*th*. The families of persons killed in the execution of public duty.

12. You suggest that you may be authorized to sanction, in all the above cases, the grant of gratuities, provided that the same shall in no case exceed six months' pay.

13. When the subject of the general grant of gratuities was brought before us in the year 1847, we objected to the proposition, because we preferred the plan of admitting to special pensions those servants who, though not entitled under the Rules, were nevertheless deemed deserving of consideration. The experience of the last ten years has, however, induced a modification of our sentiments, the special pension cases having proved more numerous than we anticipated, and the prospect for the future, in consequence of the rapidly increasing growth of the Uncovenanted Service, leading us to expect a still greater augmentation of similar applications which it might become very difficult to admit with due regard to financial considerations.

14. In now acceding to your recommendation with the modifications which follow, we rely upon your exercising due discrimination in granting the gratuities, remembering that they are not to be given as a matter of course, nor the maximum to be granted in every case in which a gratuity is considered to be deserved. We cannot consent

নামে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরা ১৮৫৭ সালের ২৪ জুন তারিখের ৪৩ নম্বরের যে পত্র পাঠান্ তাহাহইতে গৃহীত নীচের লিখিত কথা সকল লোকের জানিবার জন্যে প্রকাশ হইতেছে।

[১৮৫৬ সালের ১৯ ডিসেম্বর তারিখের ১৮১ নম্বরের পত্রে।

অচিহ্নিত যে কার্য্যকারকেরদের কর্ম্ম নানা কারণে যায় তাঁহারদিগকে পুরস্কার দিবার যে প্রার্থনা সময়ে২ করা যাইতেছে তাহা লইয়া যেরূপে কার্য্য করিতে হয় এই বিষয়ের সাধারণ উপদেশ প্রার্থনা হইতেছে।]

১১ দফা।—কোন নির্দ্ধারিত পেনস্যান বিধিমতে পাইতে না পারিয়া যাঁহারা এক্ষণে গবর্ণমেণ্টের স্থানে পুরস্কার পাইতে বারম্বার প্রার্থনা করেন এমত ছয় প্রকারের লোক তুমি বিশেষ করিয়া লিখিয়াছ। অর্থাৎ।

প্রথম। কর্ম্ম উঠিয়া যাওয়াতে যাঁহারদের কর্ম্ম যায় তাঁহারা।

দ্বিতীয়। যে পদে কর্ম্ম করিলে পেনস্যান পাওয়া যাইতে পারে সেই পদের কর্ম্ম করিয়াও বিধিমতে যত কাল কর্ম্ম করিতে হয় তত কাল যাঁহারা পীড়াপ্রযুক্ত কর্ম্ম করিতে না পারেন তাঁহারা।

তৃতীয়। যে পদে কর্ম্ম করিলে পেনস্যান পাওয়া যাইতে পারে এমত পদে যাঁহারা কর্ম্ম করিবার উপযুক্ত কালের কতক বৎসর কর্ম্ম করিয়াছেন কিন্তু অবশিষ্ট কাল বিধিমতে যে পদের পেনস্যান নাই এমত পদে কর্ম্ম করিয়াছেন তাঁহারা।

চতুর্থ। বিধিমতে যে পদের পেনস্যান নাই এমত পদে যাঁহারা কর্ম্ম করিতে২ অতি বৃদ্ধপ্রযুক্ত কি পীড়াপ্রযুক্ত আর কর্ম্ম করিতে না পারেন তাঁহারা।

পঞ্চম। যাঁহারা সরকারী কর্ম্ম করিবার সময়ে আঘাতী হইয়া আপনারদের জীবিকা চালাইবার কর্ম্ম করিতে না পারেন তাঁহারা।

ষষ্ঠ। যাঁহারা সরকারী কর্ম্ম করিবার কালে হত হন তাঁহারদের পরিবারেরা।

১২ দফা।—উক্ত সকল স্থলে ছয় মাসের বেতনের অধিক না হয় এমত পুরস্কার দিবার ক্ষমতা তোমাকে দেওয়া যায় এমত পরামর্শ দিয়াছ।

১৩ দফা।—সাধারণমতে পুরস্কার দিবার কথা আমারদের নিকটে ১৮৪৭ সালে উল্লেখ হইলে আমরা তাহাতে আপত্তি করিয়াছিলাম, ইহার কারণ এই, কোন কার্য্যকারক বিধিমতে পেনস্যান পাইবার যোগ্য না হইলেও যদি বিবেচনার যোগ্য বোধ হন তবে তাঁহারদিগকে পুরস্কার না দিয়া বিশেষ পেনস্যান দেওয়া আরো উত্তম বোধ করিয়াছিলাম। পরন্তু গত দশ বৎসরঅবধি যাহা দেখিতে পাইয়াছি তাহাতে অমারদের অন্য মত হইয়াছে বিশেষতঃ আমরা যত বোধ করিতাম তাহার অত্যধিক লোক বিশেষ পেনস্যান পাইতে লাগিয়াছেন, আর অচিহ্নিত কার্য্যকারকেরদের সংখ্যা অতিশীঘ্র বৃদ্ধি পাইতেছে সুতরাং তদ্রূপ পেনস্যান পাইবার আরো অধিক প্রার্থনাও হইবার সম্ভাবনা পরে, অর্থসঙ্গতির উপযুক্ত বিবেচনামতে সেই প্রকারের প্রার্থনা গ্রাহ্য করা সুকঠিন হইতে পারিবেক।

১৪ দফা। তোমারদের পরামর্শ নীচের লিখিতমতে কিঞ্চিৎ মতান্তর করিয়া তাহাতে সম্মত হইয়াছি। কিন্তু পুরস্কার দেওনেতে তোমরা উপযুক্তমতে বিবেচনা করিয়া কার্য্য করিবা এই বিষয়ে তোমারদের প্রতি আমারদের নির্ভর আছে। পুরস্কার অবশ্যই দিতে হইবেক এমত নহে, আর যে স্থলে কোন লোক পুরস্কারের যোগ্য হন এমত প্রত্যেক স্থলে যেপর্য্যন্ত পুরস্কার দিবার অনুমতি আছে সেইপর্য্যন্ত দিতে হইবেক এমত

that the maximum of six months' pay shall be granted in any case unless the individual has served with unblemished character for at least five years, and we desire that these gratuities may be in future invariably substituted for the special pensions to persons not entitled under the Rules which have been hitherto granted.

No. 37.

The 28th August, 1857.

The Right Hon'ble the Governor General in Council is pleased to pass the following Rules in respect of the payment of the Salaries of Officers and Establishments whose employment in the Civil Department has ceased in consequence of the Mutinies.

1. Covenanted Civil Officers will receive the full pay of the appointments they have vacated up to the end of September 1857. After that date, and until again provided with appointments, or until further orders, they will receive pay at the rates prescribed in Clause 3 Section VI. of the Civil Absentee Rules, for Civil Servants absent on Sick Certificate.

2. Uncovenanted Civil Officers (not being Ministeral Officers) will, in like manner, receive the full pay of the appointments they have vacated up to the end of September 1857. After that date, and until again provided with appointments, or until further orders, they will receive pay at the rates prescribed for Uncovenanted Civil Officers absent on Sick Certificate, in Clause 3 Section V. of the Uncovenanted Service Absentee Rules.

3. Military Officers will receive the full Consolidated Salaries, or the full Civil Staff Salaries of the appointments they have vacated up to the end of September 1857; and meanwhile their Services are placed at the disposal of His Excellency the Commander-in-Chief.

4. Establishments will receive their full pay to the end of October 1857, when their Salaries will cease.

By Order of the Right Hon'ble the Governor General of India in Council,

C. HUGH LUSHINGTON,
Secy. to the Govt. of India.

NOTIFICATION.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 28th August, 1857.

Baboo Eshan Chunder Dutt, Moonsiff of Burjorah, to be Moonsiff of Kotulpore, and Baboo Gopeekishen Banerjea, Moonsiff of Kotulpore, to be Moonsiff of Burjorah, Zillah West Burdwan.

A. W. RUSSELL, *Register.*

[*Government Gazette, 8th September*, 1857.]

নহে, ইহা মনে রাখিতে হইবেক। ফলতঃ কোন লোক অতিকম পাঁচ বৎসরপর্য্যন্ত নির্দ্দোষরূপে কর্ম্ম না করিলে তাঁহার ছয় মাসের বেতনের তুল্য পুরস্কার পাইবার বিষয়ে আমরা সম্মত হইতে পারি না। আরো বিধিমতে যাঁহারা পেনস্যান পাইতে না পারেন এমত লোকদিগকে ইহার পরে বিশেষ পেনস্যান না দিয়া তোমরা কেবল ঐ পুরস্কার দিবা।

৩৭ নম্বর।

১৮৫৭ সাল ২৮ আগষ্ট।

এইক্ষণে যে রাজবিদ্রোহব্যাপার হইতেছে তৎপ্রযুক্ত দেওয়ানী কর্ম্মে নিযুক্ত যে কার্য্যকারকেরদের ও সিরিশ্তার লোকেরদের কর্ম্ম রহিত হইয়াছে তাঁহারদের বেতন দিবার বিষয়ে হজুর কৌন্সেলে শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুর নীচের লিখিত বিধি করিয়াছেন।

১। চিহ্নিত দেওয়ানীর কার্য্যকারক সাহেবেরা যে২ পদ ত্যাগ করিয়াছেন সেই২ পদের সমুদয় বেতন তাঁহারা ১৮৫৭ সালের সেপ্টেম্বর মাসের শেষপর্য্যন্ত পাইবেন। তাহার পর ও যাবৎ তাঁহারদিগকে অন্য পদে নিযুক্ত না করা যায় কিম্বা যাবৎ অন্য হুকুম না হয় তাবৎ, চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে দেওয়ানীর কার্য্যকারক সাহেবেরা গরহাজির থাকেন তাঁহারদের নিমিত্তে দেওয়ানীর কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারার ৩ প্রকরণেতে বেতনের যে নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে সেই নিয়মমতে তাঁহারা বেতন পাইবেন।

২। সেইপ্রকারে (আমলাভিন্ন) অচিহ্নিত দেওয়ানীর কার্য্যকারকেরা যে২ পদ ত্যাগ করিয়াছেন সেই২ পদের সমুদয় বেতন তাঁহারা ১৮৫৭ সালের সেপ্টেম্বর মাসের শেষপর্য্যন্ত পাইবেন। তাহার পর, ও যাবৎ তাঁহারদিগকে অন্য পদে নিযুক্ত না করা যায়, কিম্বা যাবৎ অন্য হুকুম না হয়, তাবৎ, চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে অচিহ্নিত দেওয়ানীর কার্য্যকারকেরা গরহাজির থাকেন তাঁহারদের নিমিত্তে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ৩ প্রকরণেতে বেতনের যে নিয়ম নির্দ্দিষ্ট হইয়াছে সেই নিয়মমতে তাঁহারা বেতন পাইবেন।

৩। সৈন্যসম্পর্কীয় কার্য্যকারকেরা যে২ পদ ত্যাগ করিয়াছেন সেই২ পদের সম্পূর্ণ সংগৃহীত বেতন কিম্বা তাঁহারদের দেওয়ানী কর্ম্মের সমুদয় বেতন ১৮৫৭ সালের সেপ্টেম্বর মাসের শেষপর্য্যন্ত পাইবেন। ইতিমধ্যে তাঁহারদিগকে শ্রীযুক্ত প্রধান সেনাপতি সাহেবের আজ্ঞার অধীনে নিযুক্ত করা গিয়াছে।

৪। সিরিশ্তার আমলাপ্রভৃতি কার্য্যকারকেরা ১৮৫৭ সালের অক্টোবর মাসের শেষপর্য্যন্ত আপনারদের সমুদয় বেতন পাইবেন তৎপরে বেতন রহিত হইবেক।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সি হিউ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৮ আগষ্ট।

জিলা পশ্চিম বর্দ্ধমানের বড়যোড়ার মুনসেফ শ্রীযুত বাবু ঈশানচন্দ্র দত্ত কোতলপুরের মুনসেফ হইবেন ও কোতলপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীকৃষ্ণ বাঁড়ুয্যা বড়যোড়ার মুনসেফ হইবেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

SALT. নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক বাদ ৪ পরসেণ্ট গোলাস্ত্তকি বাবৎ লাগাদ ৩১ আগষ্ট সন ১৮৫৭ সাল প্রত্যেক এজেন্সীর ও শালিখার গোলাজাতের মজুদ নেমক।

এজেন্সীর নাম	সন ১২৫৮ সাল মোতাবক ইংরাজী ১৮৫১। ৫২ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬। ৫৭ সাল	মৌজুদ নমকের একুন
হিজলি।							
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর।	•	•	•	•	•	৫,১৫৯ ৷৷২	৫,১৫৯ ৷৷২
ঐ কৃষ্ণনগর।	•	•	•	•	৩,০৬১ ৷৷৫	২,৫৭,৩৮৬ ৷২	২,৬০,৪৪৭৸৭
ঐ রামনগর।	•	•	•	৫,০৯৭/	১১১ ৷৷৮	১,৮৯,৬৯২/	১,৯৪,৯০০ ৷৷৮
ঐ উত্তর কালীনগর।	•	•	•	•	•	১৩,৩৫১ ৷৷৪	১৩,৩৫১ ৷৷৪
ঐ পুরী ঘাট।	•	•	•	•	৩৬,৬১৩ ৷০	১,২৬,৯৭৭ ৷২	১,৬৩,৫৯০ ৷৷২
একুন	•	•	•	৫,০৯৭/	৩৯,৭৮৬ ৷৷৩	৫,৯২,৫৬৬৸০	৬,৩৮,২৫০ ৷৩
তমলুক।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।	•	•	•	•	•	৩৫,০৬২/৭৷৷	৩৫,০৬২/৭৷৷
একুন।	•	•	•	•	•	৩৫,০৬২/৭৷৷	৩৫,০৬২/৭৷৷
২৪ পরগনা।							
পাঙ্গা নেমক ঘাট ধোসা	•	•	•	•	১,৪২৬/	•	১,৪২৬/
ঐ বাগুণ্ডি।	•	•	•	•	৪,৮২৭/৯	•	৪,৮২৭/৯
	•	•	•	•	৬,২৫৩/৯	•	৬,২৫৩/৯

এজেন্সীর নাম		সন১২৫৮সাল মোতাবক ইঙ্গরাজী ১৮৫১।৫২সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬। ৫৭ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম।								
পাঙ্গা নেমক বাগখালি ঘাট।		০	০	০	০	১,৫০৭।০	৫৪,৫১৫॥০	৫৬,০৫২৸০
পাঙ্গা নেমক সদর ঘাট এজেন্সী।		০	০	০	০	৫,৩৪০/	৩,০২৮০৯॥০	৩০৮,১৪৯॥০
ঐ আরাকিন।		০	০	০	০	০	৫৮,৪৫৮/৫	৫৮,৪৫৮/৫
	একুন।	০	০	০	০	৬,৮৭৭।০	৪,১৫,৭৮৩/৫	৪,২২,৬৬০।৫
শালিখা।								
পাঙ্গা নেমক কটক		০	০	০	০	৬৫,০৩৬/	০	৬৫,০৩৬/
ঐ বালেশ্বর।		০	০	০	০	৪৬৮৫	০	৪৬৮৫
ঐ খোরদা।		০	০	০	৫১/	৩১১/	০	৩৬৪/
ঐ চিলকা।		০	০	০	২৮/	১৮১/	০	২০৯/
ঐ ২৪ পরগনা।		০	০	০	০	৪,৩২০/	৫,৮৪৬/	১০,১৬৬/
ঐ ঐ নারায়ণপুর।		২,০২,১১৭॥০	০	০	০	০	০	২,০২,১১৭॥০
করকচ মান্দ্রাজ পরমিট।		০	০	০	২,৬১,৩২৭৸০	৭,০৬,৪৮২/	০	৯,৬৭,৮০৯৸০
ঐ চিলকা।		০	০	১,৩৫৮/	১,২১,১৫৬॥০	৯৮,৬০৬/	০	২,১৭,১২০॥০
পাঙ্গা নেমক পুরী ঘাটা।		০	০	০	১৩/	১১/	০	৩৫/
	একুন।	২,০২,১১৭॥০	০	১,৩৫৮/	৩,৮২,৫৭৬॥০	৮,৯১,০০৩৸৫	* ৫,৮৪৬/	১৪,৬২,৯০১॥৫
আরাকিন।								
পাঙ্গা নেমক ঘাট কৈকফু।		০	০	০	০	১৩,৯২৪॥২	৪২,১৩৪॥০	৫৬,৮৫৯/২
	একুন।	০	০	০	০	১৩,৯২৪॥২	৪২,১৩৪॥০	৫৬,৮৫৯/২
	মোট একুন।	২,০২,১১৭॥০	০	১,৩৫৮/	৩,৮৭,৬৭৩।০	৯,৩১,৮৪৫।৯	১০,৯২,৯৯২॥২॥	২৬,২১,৯৮৬৸১॥

* ১৮৫৬। ৫৭ সালের — ৪১,৮৬০/

১৮৫৭। ৫৮ সালের — ১,০৭৪॥০

ই টি ট্রেবর। সেক্রেটারী

NOTICE.

It is hereby notified, that the following Government Promissory Notes stand in the Loan Registers in the name of DHOONDOO PUNTH NANA SAHIB, who has been guilty of waging War against the State, and all persons are hereby warned against taking or purchasing the same.

The Notes have been stopped in the Loan Office.

No.				
No. 22475	of 1842-43,	dated 1st February 1843,	for Co.'s Rs.	50 000
,, 22485	,,	,,	,,	50,000
,, 22486	,,	,,	,,	50 000
,, 22487	,,	,,	,,	50,000
,, 22488	,,	,,	,,	50,000
,, 22489	,,	,,	,,	10,000
,, 22491	,,	,,	,,	10,000
,, 22492	,,	,,	,,	10,000
,, 22493	,,	,,	,,	10,000
,, 22494	,,	,,	,,	10,300

EDMOND DRUMMOND, *Accountant General.*

Government Loan Office, 31st August, 1857.

বিজ্ঞাপন।

ইহাতে সম্বাদ দেওয়া গেল যে, কর্জের রেজিষ্টরী বহীতে নীচের লিখিত কোম্পানির কাগজ ঢুণ্ডু পন্থ নানা সাহেবের নামে আছে। সেই নানা সাহেব রাজ্যের বিপরীতে যুদ্ধ করিয়াছে। সকল লোককে সতর্ক করা যাইতেছে যে তাহার ঐ কোম্পানির কাগজ না লয় ও খরীদ না করে।

লোন আফিসে ঐ সকল কাগজের টাকা দেওয়া বন্দ হইয়াছে।

	৪৩ সালের	২২৪৭৫	নম্বরের	৫০,০০০৲
ঐ	ঐ	২২৪৮৫	ঐ	৫০,০০০৲
ঐ	ঐ	২২৪৮৬	ঐ	৫০,০০০৲
ঐ	ঐ	২২৪৮৭	ঐ	৫০,০০০৲
ঐ	ঐ	২২৪৮৮	ঐ	৫০,০০০৲
ঐ	ঐ	২২৪৮৯	ঐ	১০,০০০৲
ঐ	ঐ	২২৪৯১	ঐ	১০,০০০৲
ঐ	ঐ	২২৪৯২	ঐ	১০,০০০৲
ঐ	ঐ	২২৪৯৩	ঐ	১০ ০০০৲
ঐ	ঐ	২২৪৯৪	ঐ	১০,৩০০৲

এডমণ্ড ড্রুমণ্ড। আকৌণ্টেণ্ট জেনরল।

গবর্ণমেণ্ট লোন আফিস। ১৮৫৭ সাল ৩১ আগষ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

বিজ্ঞাপন।

সর্ব্ব সাধারণকে সতর্ক করা যাইতেছে যে আসাম গোয়ালপাড়া মোকামে আমার এক প্রাচীন ইষ্টক নির্ম্মিত বাটী ও তৎসংলিপ্ত যে ভূমি আছে তাহার এক খণ্ড ঐ মোকামের কালেক্টরী আফিসের হেডকেরাণী শ্রীমাধবচন্দ্র ঘোষকে স্বল্প মিয়াদী পাট্টা দ্বারা তৃণাচ্ছাদিত গৃহ নির্ম্মাণপূর্ব্বক বাস করণের জন্যে পত্তন করা গিয়াছিল এক্ষণে পাট্টার মিয়াদ অতীত হওযাতে উক্ত ঘোষের দত্ত কবুলিয়তের নিয়মানুসারে ঐ ভূমিহইতে তাহার নির্ম্মিত গৃহ স্থানান্তর করা উচিত, কিন্তু অবগতি হইল যে কথিত ঘোষ এক্ষণে তাঁহার তৃণ নির্ম্মিত গৃহসকল "রাইয়তী স্বত্ত্ব" নামক এক অমূলকস্বত্ত্বোল্লেখে বিক্রয়ের উদ্যত আছেন অতএব যদি কেহ ভ্রান্তিবশতঃ ও তথ্য না জানিয়া উক্ত বাসা ক্রয়ের ইচ্ছু কহন তবে তাঁহাকে সতর্ক করা যাইতেছে যে তিনি উক্ত বাসা ক্রয় করিলে তৃণ নির্ম্মিত গৃহসকল মাত্র পাইবেন, ঐ গৃহসকল যে,ভূমির উপর নির্ম্মিত হইয়াছে তাহাতে তাঁহার রাইয়তী বা অন্য কোন প্রকারের স্বত্ত্ব অর্শিবেক না, বরং ঘোষ মজকুরের দত্ত কবুলিয়তের নির্ব্বন্ধানুসারে এক্ষণে পাট্টার মিয়াদ অতীতহওয়া স্থলে ক্রেতা ব্যক্তির আত্মব্যয়ে ঐ গৃহসকল স্থানান্তর করিয়া ভূমি অবসর করিয়া দিতে হইবেক তাহাতে কোন সন্দেহ নাই ইতি সন ১৮৫৭। তাং ২৪ আগষ্ট।

শ্রী আনন্দরাম ঢেকিয়াল ফুকন।
মোং নগাঁও আসাম।

বিজ্ঞাপন।

চট্টগ্রামের এশিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত অভয়চন্দ্র দাসকর্ত্তৃক বাঙ্গলা মাজিষ্ট্রেটীর উপদেশ বিক্রয়ার্থে কলিকাতা মোকামে শ্রীযুত থাকর স্পিঙ্ক কোম্পানির বাটীতে আছে। মূল্য ৪৲ চারি টাকা মাত্র।

আইন ও ব্যবস্থাসংগ্রহ অর্থাৎ আইন, শাস্ত্র, শরা ও নজিরাদির সারসংগ্রহ। ইহার প্রথম খণ্ড রেইল ওয়ে লকোমোটিব সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আফিসে শ্রীনবীনচন্দ্র রায়ের নিকট ডাক মাসুল ৵০ আনা সহিত মূল্য ৪৲ টাকা প্রেরণ করিলে পাওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৭৫৭। ৮ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 15, 18

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১৫ সেপ্টেম্বর।

ACTS.

ACT No. XIX. OF 1857.

An Act for the incorporation and regulation of Joint Stock Companies and other Associations, either with or without limited liability of the members thereof.

TABLE B.

REGULATIONS FOR MANAGEMENT OF THE COMPANY.

ROTATION OF DIRECTORS.

[Concluded from page 855.]

51. A retiring Director shall be re eligible.

52. The Company at the general meeting at which any Directors retire in manner aforesaid shall fill up the vacated offices by electing a like number of persons.

53. If, at any meeting at which an election of Directors ought to take place, no such election is made, the Meeting shall stand adjourned till the next day at the same time and place; and if at such adjourned meeting no election takes place, the former Directors shall continue to act until new Directors are appointed at the first ordinary meeting of the following year.

54. The Company may from time to time, in general meeting, increase or reduce the number of Directors, and may also determine in what rotation such increased or reduced number is to go out of office.

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাষায় না থাকাতে সে তাবতের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র হালদারকর্তৃক অনুবাদিত হইয়া ১৲ টাকা মুল্যে বিক্রয় হইতেছে সুদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসর্স ব্রাডন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের নিকট উক্ত অনুবাদকর্ত্তার নামোল্লেখে মুল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

বিজ্ঞাপন।

সকল লোককে জ্ঞাত করা যাইতেছে যে শ্রীলশ্রীযুক্ত মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের চরিত্র বর্ণন উত্তমাক্ষরে ও উত্তম কাগজে শ্রীরামপুরের যন্ত্রালয়ে দ্বিতীয়বার মুদ্রিত হইল। মুল্য ॥৹ আট আনামাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৫ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 22, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২২ সেপ্টেম্বর।

ACT

LEGISLATIVE COUNCIL OF INDIA

THE 12TH SEPTEMBER, 1857

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 11th September 1857, and is hereby promulgated for general information —

ACT No. XXVIII OF 1857

An Act relating to the importation, manufacture, and sale of Arms and Ammunition, and for regulating the right to keep or use the same

[Preamble.]

WHEREAS it is expedient to regulate the importation, manufacture, and sale of Arms and Ammunition, and the right to keep or use the same, It is enacted as follows —

[In places to which this Section is extended, written notice of the possession of Arms shall be given to the Magistrate. What to be specified in the notice]

I. In any District or place to which the provisions of this Section shall be extended by order of the Governor General of India in Council or of the Executive Government of any Presidency or place, every person shall, within such time as shall be mentioned in the order, or, if no time be mentioned therein, within one week from the publication of the order in the District or place, give notice in writing to the Magistrate or other Officer specified by the Executive Government, of any fire-arms, bayonet, sword, spear, spear head, or other deadly weapon to be specified in such order, which shall be in his possession or shall be on his premises in the possession of any of his retainers or servants, and shall also give immediate notice

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১২ সেপ্টেম্বর।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের স্বীকৃত আইনের বিষয়ে শ্রীযুত রাইট অনরবিল গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৭ সালের ১১ সেপ্টেম্বর তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার জন্যে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২৮ আইন।

অস্ত্রশস্ত্র ও বারুদআদি আমদানী করিবার ও নির্ম্মাণ ও বিক্রয় করিবার বিষয়ে, ও তাহা রাখিবার কি ব্যবহার করিবার বিধান করিবার আইন।

হেতুবাদ।।

অস্ত্রশস্ত্র ও বারুদআদি আমদানী করিবার ও নির্ম্মাণ ও বিক্রয় করিবার বিধান করা, ও সেই অস্ত্রাদি রাখিবার কি ব্যবহার করিবার ক্ষমতার বিধান করা বিহিত। এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[এই ধারা যেং স্থানে প্রচলিত হয় সেইং স্থানে অস্ত্রশস্ত্র কোন কাহার নিকটে থাকিলে তাহার সম্বাদ মাজিষ্ট্রেট সাহেবকে দিতে হইবেক। ঐ সম্বাদে যাহা জানাইতে হইবেক।]

১ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের হুকুমমতে, যে কোন জিলাতে কি স্থানে এই ধারার বিধান প্রচলিত করা যাইবেক, সেই জিলার কি স্থানের কোন লোকের নিকটে, কিম্বা তাহার বাড়ীর মধ্যে আপনার বেতনভোগি লোকেরদের কি চাকরেরদের নিকটে যদি কোন আগ্নেয় অস্ত্র কি সঙ্গিন কি তলবার কি বড়শা কি বড়শার অগ্রভাগ কিম্বা সংহারক অন্য যে কোন অস্ত্র ঐ হুকুমেতে নির্দ্দিষ্ট হয় তাহা যদি থাকে, তবে সেই লোক ঐ হুকুমের নিরূপিত সময়ের মধ্যে সেই কথা লিখিয়া মাজিষ্ট্রেট সাহেবকে, কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টহইতে নির্দ্দিষ্ট অন্য কার্য্যকারককে জানাইবেক। যদি সেই হুকুমে কোন সময় নির্দ্ধার্য্য না থাকে, তবে ঐ জিলাতে কি স্থানে ঐ হুকুম প্রকাশ হওন

in writing of all other Arms of the like description which shall at any subsequent time come into his possession or into the possession of any of his retainers or servants as aforesaid. The notice shall specify the number and description of the Arms so possessed, and also, in the case of Arms so possessed by retainers or servants, the names of such retainers or servants and in what capacities they are respectively employed.

[Penalty for wilful neglect to give notice.]

II. Whoever wilfully neglects to give such notice as aforesaid, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees; and all Arms in the possession of such person may be seized and shall be confiscated if the convicting Magistrate shall so adjudge: and in case the Arms of which he shall so neglect to give notice shall exceed what may be considered reasonable for the private use of such person, he shall be liable to imprisonment with or without hard labor for a term not exceeding two years, and shall also be liable to a fine not exceeding five thousand Rupees; and all the Arms and any Ammunition or Military Stores in the possession of such person or on his premises shall be confiscated.

[Register to be prepared, and certificates to be granted on request.]

III. The Magistrate shall cause to be prepared from such notices a register of the names of persons having Arms in their possession, and the number and description of such Arms; and shall also, at the request of any person giving such notice as aforesaid, deliver to him a certificate specifying the date of the notice, and the number and description of Arms specified therein.

[Seizure and detention of Arms and Ammunition by the Magistrate.]

IV. If, in the judgment of the Government or of the Magistrate, any such Arms as aforesaid or any Ammunition in the possession of any person cannot be left in such possession without danger to the public peace, it shall be lawful for the Magistrate to cause such Arms or Ammunition to be seized and detained in safe custody for such time as may be deemed necessary.

[In places to which this Section is extended, persons going armed, without leave of Magistrate or other authorized Officer, may be disarmed in certain cases. What Officer &c. authorized to disarm. License to travellers to carry Arms.]

V. In any District or place to which the provisions of this Section shall be extended by order of the Governor General of India in Council or of the Executive Government of any Presidency or place, if any person goes armed with any such

অবধি এক সপ্তাহের মধ্যে সেই কথা জানাইবেক। আর যদি তৎপরে কোন সময়ে সেই প্রকারের অন্য কোন অস্ত্রশস্ত্র তাহার দখলে আইসে কিম্বা পূর্ব্বোক্তমতে তাহার বেতনভোগি লোকেরদের কি চাকরেরদের দখলে আইসে, তবে সেই সকল অস্ত্র থাকার কথাও অগৌণে লিখিয়া জানাইবেক। সেইরূপের যে সম্বাদ দেয় তাহাতে যত ও যে২ প্রকারের অস্ত্রশস্ত্র নিকটে থাকে তাহা বিশেষ করিয়া লিখিবেক, ও যদি বেতনভোগি লোকেরদের কি চাকরেরদের নিকটে ঐ অস্ত্রশস্ত্র থাকে তবে ঐ লোকেরদের কি চাকরেরদের নাম ও যাহার যে কর্ম্ম তাহাও জানাইবেক ইতি।

[ঐ সম্বাদ দিবার ইচ্ছাপূর্ব্বক ক্রুটির দণ্ডের কথা।]

২ ধারা। যদি কোন লোক সেই প্রকারের সম্বাদ দিতে ইচ্ছাপূর্ব্বক ক্রুটি করে, তবে মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে, তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক। আর যে মাজিস্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি হুকুম করিলে, ঐ লোকের নিকটে যে সকল অস্ত্রশস্ত্র থাকে তাহা ক্রোক ও জব্দ হইতে পারিবেক, আর যে অস্ত্রশস্ত্রের সম্বাদ দিতে ক্রুটি করে তাহা, সেই লোকের নিজ কর্ম্মের নিমিত্তে যত সম্ভব বোধ হয় তাহার অধিক হইলে, সেই লোক দুই বৎসরের অনধিক কোন মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক, আর তাহার পাঁচ হাজার টাকার অনধিক জরীমানাও হইতে পারিবেক, ও সেই লোকের নিকটে কিম্বা তাহার বাড়ীর মধ্যে যে সকল অস্ত্রশস্ত্র ও যে কিছু বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম থাকে তাহা জব্দ হইবেক ইতি।

[রেজিষ্টর প্রস্তুত হইবার ও দরখাস্ত হইলে সর্টিফিকট দেওয়া যাইবার কথা।]

৩ ধারা। সেই প্রকারের যে সকল সম্বাদ পাওয়া যায় তাহা লইয়া মাজিস্ট্রেট সাহেব, যে লোকেরদের নিকটে অস্ত্রশস্ত্র থাকে তাহারদের নামের, ও যত ও যে২ প্রকারের অস্ত্রশস্ত্র থাকে তাহার, এক রেজিষ্টর প্রস্তুত করাইবেন। ও সেই প্রকারের সম্বাদ যে লোক দেয় সে প্রার্থনা করিলে, তিনি তাহাকে এক সর্টিফিকটও দিবেন, তাহাতে ঐ সম্বাদ দিবার তারিখ ও যত ও যে২ প্রকারের অস্ত্রশস্ত্র তাহাতে লেখা থাকে তাহাও নির্দ্দিষ্ট থাকিবেক ইতি।

[মাজিস্ট্রেট সাহেবের দ্বারা অস্ত্রশস্ত্র ও বারুদআদি ক্রোক করিয়া আটক রাখিবার কথা।]

৪ ধারা। যদি গবর্ণমেণ্টের কিম্বা মাজিস্ট্রেট সাহেবের বিবেচনাতে, কোন লোকের নিকটে থাকা পূর্ব্বোক্ত প্রকারের কোন অস্ত্রশস্ত্র কি কিছু বারুদআদি তাহার হাতে থাকিতে দিলে, সাধারণ লোকেরদের শান্তির ব্যাঘাত হয়, তবে মাজিস্ট্রেট সাহেব সেই অস্ত্রশস্ত্র কি বারুদআদি ক্রোক করাইয়া লইতে পারিবেন, ও যত কাল আবশ্যক বোধ হয় তত কালপর্য্যন্ত তাহা ভালমতে বদ্ধ করিয়া রাখিতে পারিবেন ইতি।

[এই ধারার কথা যে২ স্থানে প্রবল হইবেক সেই২ স্থানে যাহারা মাজিস্ট্রেট সাহেবের কিম্বা ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক সাহেবের অনুমতি না লইয়া অস্ত্র ধরিয়া বেড়ায় তাহারদের স্থানহইতে কোন২ গতিকে সেই অস্ত্র লইবার কথা। যে কার্য্যকারকপ্রভৃতি অস্ত্র লইতে পারিবেন। যাত্রিরদের অস্ত্র ধরিয়া যাইবার অনুমতি।]

৫ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের, কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের হুকুমমতে যে কোন জিলাতে কি স্থানে এই ধারার বিধান প্রচলিত করা যাইবেক, এমত কোন জিলার কি স্থানের মধ্যে

Arms as aforesaid, and shall not produce a certificate, from a Magistrate or other Officer authorized by Government to grant licenses to go armed, that he has obtained such a license or that he is exempted by Government from the foregoing provisions, or give reasonable proof of his being otherwise exempted from the said provisions, he shall be liable to be disarmed by any Magistrate, Deputy Magistrate, or Assistant to a Magistrate, or by any European Commissioned Officer in the service of Her Majesty or of the East India Company, or by any Member of a Volunteer Corps enrolled by authority of Government whilst on duty, or by any Police Officer, if, in the judgment of such Magistrate or other person as aforesaid, it is dangerous to the public peace to allow such person to go armed. Provided always that, if any person shall have a license, from the Magistrate of the District or place at which he resides or may be, to carry on a journey such Arms as the Magistrate may consider reasonable for his private use, and shall obtain from such Magistrate a certificate stating the name and address of the licensee, the route by which he intends to proceed, the time which such journey is expected to occupy, and the Arms which he is permitted to carry, such certificate shall have the same force and effect according to its tenor in every District or place specified therein as if leave to go armed had been granted by the Magistrate of such District or place.

[Exemptions.]

VI. The foregoing provisions shall not apply to—

[Officers, Soldiers, and Sailors.]

1. Officers, Soldiers, and Sailors in the Military or Naval Service of Her Majesty or of the East India Company in respect of Arms and Ammunition kept by them for use in the public service.

[Volunteers.]

2. Members of Volunteer Corps in respect of such Arms and Ammunition.

[Police and Revenue Officers.]

3. Police and Revenue Officers and other persons in respect of Arms and Ammunition furnished by Government for use in the public service or provided by themselves with the sanction of Government for such use.

[Other persons.]

4. Such other persons as the Government may think fit to exempt from such provisions.

[Armament of ships exempt.]

Arms and Ammunition belonging to any ship or vessel, not exceeding the reasonable armament thereof, shall also be exempt from such provisions.

[*Government Gazette*, 22nd *September*, 1857.]

যদি কোন লোক পূর্ব্বোক্ত প্রকারের কোন অস্ত্র লইয়া বেড়ায়, ও অস্ত্র লইয়া বেড়াইবার অনুমতি পাইয়াছে, কিম্বা উক্ত বিধানহইতে গবর্ণমেণ্টের দ্বারা মুক্ত হইয়াছে, মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা অস্ত্র লইয়া বেড়াইবার অনুমতি দিতে অন্য যে কার্য্যকারক গবর্ণমেণ্টহইতে ক্ষমতা পান তাঁহার এই মর্ম্মের সর্টিফিকট যদি না দেখায়, কিম্বা উক্ত বিধানহইতে অন্য প্রকারে মুক্ত হইয়াছে ইহার উপযুক্ত প্রমাণ যদি না দেয়, তবে কোন মাজিষ্ট্রেট সাহেবের, কি ডেপুটী মাজিষ্ট্রেটের, কি মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের, কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর কি কোম্পানি বাহাদুরের ইউরোপীয় সনদপ্রাপ্ত কোন সেনাপতি সাহেবের, কিম্বা গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে বলমটের কোরের মধ্যে যাঁহারদের নাম লেখা হইয়াছে ঐ পদের কর্ম্ম করণ কালে এমত কোন সাহেবের, কিম্বা পোলীসের কোন কার্য্যকারকের বিবেচনামতে, যদি সেই লোককে অস্ত্র লইয়া বেড়াইতে দিলে সাধারণ লোকেরদের শান্তির ব্যাঘাত হয়, তবে সেই মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্ত প্রকারের অন্য ব্যক্তি তাহার অস্ত্র কাড়িয়া লইতে পারিবেন। পরন্তু যদি কোন লোক দেশের অন্য কোন স্থানে যাত্রা করিবার সময়ে তাহার নিজকর্ম্মের নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেব যে২ অস্ত্র উপযুক্ত বোধ করেন এমত অস্ত্র লইয়া যাইবার অনুমতিপত্র, যে জিলার কি স্থানের মধ্যে বাস করে কি থাকে সেই জিলার কি স্থানের মাজিষ্ট্রেট সাহেবহইতে পায়, ও আপনার নাম ও বাসস্থান ও যে পথ দিয়া যাইতে মনস্থ করে ও সেই যাত্রায় যত কাল লাগিতে পারে, ও যে অস্ত্রশস্ত্র লইবার অনুমতি পায়, এই সকল কথার এক সর্টিফিকট যদি সেই মাজিষ্ট্রেট সাহেবহইতে পায়, তবে তাহাতে যে২ জিলা কি স্থান লেখা আছে সেই২ জিলার কি স্থানের মাজিষ্ট্রেট সাহেব তাহাকে ঐ অস্ত্র লইয়া বেড়াইবার অনুমতি দিলে যেমন হইত, ঐ সর্টিফিকটের মর্ম্মানুসারে ঐ প্রত্যেক জিলাতে কি স্থানে ঐ সর্টিফিকট তেমনি বলবৎ ও ফলবৎ হইবেক ইতি।

[ঐ বিধি যাহারদের উপর খাটিবেক না।]

৬ ধারা। উপরের লিখিত বিধি এই২ স্থলে খাটিবেক না অর্থাৎ

[সেনাপতি ও সৈন্য ও নাবিক।]

১। শ্রীশ্রীমতী মহারাণীর কি কোম্পানি বাহাদুরের সৈন্য কি জাহাজসম্পর্কীয় হুদ্দাদার সাহেবেরা ও সৈন্যেরা ও নাবিকেরা সরকারী কার্য্যের নিমিত্তে যে অস্ত্রশস্ত্র কি বারুদআদি রাখেন তদ্বিষয়ে তাঁহারদের উপর।

[বলমটের।]

২। সেই প্রকারের অস্ত্রশস্ত্র ও বারুদআদির বিষয়ে বলমটের কোরের সাহেবেরদের উপর।

[পোলীসের ও রাজস্বের কার্য্যকারকেরা।]

৩। পোলীসের ও রাজস্বের কার্য্যকারকদিগকে ও অন্য ব্যক্তিরদিগকে সরকারী কার্য্যের নিমিত্তে যে অস্ত্রশস্ত্র ও বারুদআদি গবর্ণমেণ্টহইতে দেওয়া যায়, কি সেই কর্ম্মের জন্যে তাঁহারা গবর্ণমেণ্টের অনুমতিক্রমে যে অস্ত্রশস্ত্র ও বারুদআদি আপনারাই ক্রয়াদি করেন, তদ্বিষয়ে তাঁহারদের উপর।

[অন্য লোক।]

৪। অন্য যে লোকদিগকে গবর্ণমেণ্ট সেই বিধানহইতে মুক্ত করা উচিত বোধ করেন তাঁহারদের উপর ঐ বিধি খাটিবেক না।

[জাহাজের অস্ত্রাদি ছাড়া।]

কোন জাহাজে যত অস্ত্রশস্ত্র ও বারুদআদি সম্ভবমতে থাকিতে হয় তাহার অধিক না থাকিলে তদ্বিষয়ে ঐ বিধি খাটিবেক না ইতি।

[Penalty for manufacturing or dealing in Arms or Ammunition without license or contrary to the conditions therein contained.]

VII. If any person shall manufacture, repair, sell, or keep or expose for sale any Arms of the description hereinbefore mentioned, or shall manufacture, or sell, or keep or expose for sale percussion-caps, gun-powder, or other Ammunition, without a license to manufacture or deal in Arms or Ammunition, as the case may be, or contrary to any of the conditions contained in any such license, he shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees, in addition to double the value of any Arms or Ammunition sold; and all Arms and Ammunition belonging to the offender shall be forfeited if the convicting Magistrate shall so adjudge.

[অনুমতিপত্র না পাইয়া কিম্বা সেই পত্রে যে নিয়ম আছে তাহা অমান্য করিয়া অস্ত্রশস্ত্র কি বারুদআদি নির্ম্মাণ করিবার কি ক্রয়বিক্রয় করিবার দণ্ড।]

৭ ধারা। যদি কোন লোক অস্ত্রশস্ত্র কি বারুদআদি নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র না পাইয়া, ইহার পূর্ব্বের লিখিত প্রকারের কোন অস্ত্রশস্ত্র নির্ম্মাণ কি মেরামৎ কি বিক্রয় করে, কিম্বা বিক্রয় হইবার জন্যে রাখে কি দেখায়, কিম্বা গনকাপ অর্থাৎ বন্দুকের টুপি কি বারুদ ছিটা গুলিপ্রভৃতি নির্ম্মাণ কি বিক্রয় করে কি বিক্রয় হইবার জন্যে রাখে কি দেখায়, কিম্বা যদি তদ্রূপ কোন অনুমতিপত্রের লিখিত কোন নিয়ম লঙ্ঘন করিয়া নির্ম্মাণাদি করে, তবে মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে, তাহার যত অস্ত্রশস্ত্র কি বারুদআদি যে মূল্যেতে বিক্রয় হইয়াছে তাহার দ্বিগুণ মূল্যের অতিরিক্ত, তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানাও হইতে পারিবেক। আর যে মাজিস্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি হুকুম করিলে ঐ অপরাধির সকল অস্ত্রশস্ত্র ও বারুদআদি জব্দ হইবেক ইতি।

[Licenses by whom to be granted.]

VIII. Licenses to manufacture or deal in percussion-caps shall be granted by the Governor General in Council, or by the Executive Government, or by an Officer specially authorized by the Governor General in Council or by the Executive Government to grant such licenses. Licenses to manufacture or deal in Arms and Ammunition other than percussion-caps may be granted by a Magistrate or by an Officer authorized by the Governor General in Council or by the Executive Government to grant such licenses.

[অনুমতিপত্র যাঁহার দিতে হইবেক।]

৮ ধারা। গন্‌কাপ নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরহইতে কিম্বা কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টহইতে দেওয়া যাইবেক. কিম্বা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর কিম্বা কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যে কোন কার্য্যকারক সাহেবকে সেই প্রকারের অনুমতিপত্র দিতে বিশেষ ক্ষমতা দেন তিনি ঐরূপ অনুমতিপত্র দিতে পারিবেন। অস্ত্রশস্ত্র ও (গনকাপ ছাড়া) বারুদ ছিটা গুলিপ্রভৃতি নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র মাজিস্ট্রেট সাহেব দিতে পারিবেন, কিম্বা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কিম্বা কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যে কোন কার্য্যকারক সাহেবকে ঐরূপ অনুমতিপত্র দিতে ক্ষমতা দেন তিনি দিতে পারিবেন ইতি।

[Licensed manufacturers or dealers to enter in a book an account of stock in-trade, names of purchasers, &c. Inspection of book.]

IX. Every person licensed to manufacture or deal in Arms, percussion-caps, or other Ammunition, shall enter, in a book to be kept by him for that purpose, an account of all the stock-in-trade which he may from time to time have in his possession or under his control, and also the name and address of every purchaser of Arms or Ammunition sold by him, together with the nature, description, and quantity of such Arms or Ammunition. Such book shall be open at all times to inspection by the Magistrate or other duly authorized Officer, by whom copies may be taken of all entries therein contained. If any such person shall omit or fail duly to keep such a book, or to make therein all such entries as are hereby required, or if any person shall prevent or obstruct the inspection of such book or shall make a false entry therein, he shall be liable for every such offence, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees, in addition to double the value of any Arms or Ammunition sold of which he shall fail to make such

[যাহারা অস্ত্রশস্ত্রপ্রভৃতি নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র পায় তাহারদের নিকটে যত অস্ত্রশস্ত্রপ্রভৃতি থাকে তাহা ও তাহার খরীদারেরদের নামপ্রভৃতি বহীতে লিখিয়া রাখিবেক। সেই বহী দেখিবার কথা।]

৯ ধারা। অস্ত্রশস্ত্র কি গনকাপ কি বারুদআদি নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র যে কেহ পায় সেই জন একখান বহী রাখিবেক, ও অস্ত্রশস্ত্রপ্রভৃতি কারবারের যে সকল দ্রব্য সময়েং তাহার দখলে আইসে কি তাহার জিম্মায় থাকে তাহার হিসাব ঐ বহীতে লিখিবেক। ও যে সকল অস্ত্রশস্ত্র কি বারুদপ্রভৃতি বিক্রয় করে তাহার খরীদারেরদের নাম ধামাদি, ও তাহারা যে ভাবের ও যে প্রকারের ও যত অস্ত্রশস্ত্র কি বারুদআদি খরীদ করে তাহাও সেই বহীতে লিখিবেক। মাজিস্ট্রেট সাহেব কি উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সর্ব্বদাই সেই বহী অবাধে দেখিতে পারিবেন, ও তাহার লিখিত কোন কথার নকলও করিয়া লইতে পারিবেন। যদি সেই প্রকারের কোন লোক সেই প্রকারের বহী না রাখে, কিম্বা তাহা উপযুক্তমতে রাখিতে ত্রুটি করে, কিম্বা তাহাতে যেং কথা লিখিবার হুকুম ইহাতে হইয়াছে সেই সকল কথা লিখিতে ত্রুটি করে, অথবা যদি কোন লোক সেই বহী দেখিতে বারণ করে কি বাধা দেয়, কিম্বা সেই বহীতে কোন অসত্য কথা লেখে, তবে মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে, তাহার বিক্রয়করা যে কিছু অস্ত্রশস্ত্র কি বারুদপ্রভৃতির কথা লিখিবার ত্রুটি হইয়াছে, কি যে অস্ত্রশস্ত্রপ্রভৃতির অসত্য কথা লেখা হই-

entry or respecting which he shall make a false entry; and if the offender be licensed to manufacture or deal in Arms or Ammunition, he shall also forfeit his license if the convicting Magistrate shall so adjudge.

[Magistrate or other Officer may inspect dealers' premises.]

X. The Magistrate or other Officer authorized by Government may at any time enter the premises in which Arms or Ammunition shall be manufactured or kept by any licensed manufacturer of or dealer in Arms or Ammunition, in order to inspect the stock-in-trade of such manufacturer or dealer; and if any such manufacturer or dealer shall intentionally conceal from such Magistrate or other Officer as aforesaid any part of his stock-in-trade, or shall wilfully refuse to point out where the same is kept, he shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees; and all the stock-in-trade belonging to such person may be seized and shall be confiscated if the convicting Magistrate shall so adjudge.

[Revocation of license to manufacture or deal in Arms and Ammunition.]

XI. Any license granted under the provisions of Section VIII. may be granted, subject to such conditions as shall be thought necessary, and may be revoked or suspended by the person or persons authorized to grant such licenses.

[Arms, Ammunition, and Sulphur, &c., not to be imported without license.]

XII. No Arms or Ammunition, and no Sulphur or Saltpetre, shall be imported either by sea or by land into any part of the territories in the possession and under the Government of the East India Company, without the license of the Governor General in Council or of the Executive Government.

[Penalty for importation without license.]

XIII. If any person shall import or attempt to import without such license, either by sea or by land, into any part of the said territories, any Arms or Ammunition, or any Sulphur or Saltpetre; or shall aid or assist in such importation, or in such attempt to import; or shall knowingly conceal or assist in concealing any Arms or Ammunition, or any Sulphur or Saltpetre, imported without such license—he shall be liable, on conviction before a Magistrate, to imprisonment with or without hard labor for any term not exceeding two years, and also to a penalty not exceeding one thousand Rupees; and the articles so imported shall be confiscated if the convicting Magistrate shall so adjudge.

[*Government Gazette*, 22nd September, 1857.]

য়াছে তাহার দ্বিগুণ মূল্যের অতিরিক্ত, তাহার সেইরূপ প্রত্যেক অপরাধের জন্যে পাঁচ শত টাকার অনধিক জরীমানাও হইতে পারিবেক। আর ঐ অপরাধী যদি অস্ত্রশস্ত্র কি বারুদআদি নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র পাইয়া থাকে, তবে যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি হুকুম করিলে, তাহার সেই অনুমতিপত্রও বাতিল হইবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব কি অন্য কার্য্যকারক, ব্যবসায়িরদের বাটী দেখিতে পারিবেন।]

১০ ধারা। যে কোন লোক অস্ত্রশস্ত্র কি বারুদআদি নির্ম্মাণ করিতে কি ক্রয়বিক্রয় করিতে অনুমতিপত্র পায় ঐ অস্ত্রশস্ত্র কি বারুদআদি সে যে বাটীর মধ্যে নির্ম্মাণ করে কি রাখে, তাহাতে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা গবর্ণমেণ্টহইতে ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সাহেব, ঐ নির্ম্মাণকারির কি ব্যবসায়ির যত অস্ত্রশস্ত্রপ্রভৃতি থাকে তাহা দেখিবার জন্যে কোন সময়ে প্রবেশ করিতে পারিবেন। আর যদি সেই নির্ম্মাণকারী কি ব্যবসায়ী জানিয়াশুনিয়া আপনার কারবারের ঐ অস্ত্রশস্ত্রপ্রভৃতির কোন ভাগ ঐ মাজিষ্ট্রেট সাহেবহইতে কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক সাহেবহইতে লুকায়, কিম্বা তাহা যে স্থানে রাখা আছে সেই স্থান দেখাইতে ইচ্ছাপূর্ব্বক অস্বীকার করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক। আর যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি আজ্ঞা করিলে, ঐ লোকের কারবারের যত অস্ত্রশস্ত্রপ্রভৃতি থাকে তাহা সকলই ক্রোক ও জব্দ হইতে পারিবেক ইতি।

[অস্ত্রশস্ত্র ও বারুদআদি নির্ম্মাণ কি ক্রয়বিক্রয় করিবার অনুমতিপত্র বাতিল করিবার কথা।]

১১ ধারা। ৮ ধারার বিধানমতে যে কোন অনুমতিপত্র দেওয়া যায়, তাহা যেং নিয়ম আবশ্যক বোধ হয় সেইং নিয়মক্রমে দেওয়া যাইতে পারিবেক। ও সেই অনুমতিপত্র দিতে যাঁহার কি যাঁহারদের ক্ষমতা থাকে তিনি কি তাঁহারা তাহা বাতিল কি স্থগিত করিতে পারিবেন ইতি।

[অনুমতিপত্র না হইলে অস্ত্রশস্ত্রের কি বারুদআদির কি গন্ধকপ্রভৃতির আমদানী না হইবার কথা।]

১২ ধারা। হুজুর কৌন্সেলে শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের অনুমতিপত্র না পাওয়া গেলে, কোন অস্ত্রশস্ত্রের কি বারুদআদির কি কিছু গন্ধকের কি শোরার আমদানী সমুদ্রপথে কি স্থলপথে কোম্পানি বাহাদুরের অধিকৃত ও শাসিত দেশের কোন স্থানে হইবেক না ইতি।

[অনুমতিপত্র বিনা আমদানী করিবার দণ্ড।]

১৩ ধারা। যদি কোন লোক সেই প্রকারের অনুমতিপত্র না পাইয়াও সমুদ্রপথে কি স্থলপথে কিছু অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি কিছু গন্ধক কি শোরা উক্ত দেশের কোন স্থানে আমদানী করে কি করিবার উদ্যোগ করে, কিম্বা সেইরূপ আমদানী করিবার কার্য্যেতে কি উদ্যোগে সাহায্য কি উপকার করে, কিম্বা সেই প্রকারের অনুমতিপত্র বিনা যে কিছু অস্ত্রশস্ত্রের কি বারুদআদির কি কিছু গন্ধকের কি শোরার আমদানী হইয়াছে তাহা যদি কেহ জানিয়াশুনিয়া লুকায় কি লুকাইবার সাহায্য করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে সেই লোক দুই বৎসরের অনধিক কোন মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক, ও তাহার এক হাজার টাকার অনধিক জরীমানাও হইতে পারিবেক। আর যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি হুকুম করিলে, সেই প্রকারের আমদানীকরা সকল দ্রব্য জব্দ হইবেক ইতি।

[Importation of Arms and Ammunition for private use.]

XIV. The provisions of the two last preceding Sections shall not extend to Arms and Ammunition imported in reasonable quantities for private use; but the Collector of Customs may at any time detain any such articles, if he shall think it necessary, until he shall receive the orders of Government. Nothing in this Section shall exempt any person from the obligation of giving any notice required by this Act.

[Government may prohibit transport of Arms, Ammunition, Military Stores, &c.]

XV. The Governor General in Council may by order prohibit the transport of Arms, Ammunition, Military Stores, Sulphur, or Saltpetre, or any particular description of Arms, Ammunition, or Military Stores, from one part of India to another, or the transport thereof in any particular direction to be specified in the order, or prohibit the transport thereof, except according to such rules and conditions as may be specified in the order; and the Executive Government of any Presidency or place shall have the like power within the territories under their Government.

[Penalty for prohibited transport.]

XVI. If any person shall transport or cause to be transported, or shall attempt to transport or cause to be transported, or shall aid in transporting, any Arms, Ammunition, Military Stores, Sulphur, or Saltpetre, contrary to such order or to the rules and conditions specified therein, he shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees; and the articles transported or attempted to be transported shall be confiscated. If any person shall by concealment or other device transport or cause to be transported, or attempt to transport or cause to be transported, such Arms, Ammunition, Military Stores, Sulphur, or Saltpetre, he shall, in addition to the penalty hereby provided, be liable upon such conviction to imprisonment with or without hard labor for a term not exceeding two years.

[Persons carrying arms, &c., under suspicious circumstances may be apprehended without warrant. Procedure if apprehended by other than Magistrates, &c.]

XVII. If any person shall be found carrying or conveying Arms, Ammunition, Military Stores, Sulphur, or Saltpetre in such a manner or under such circumstances as to afford just grounds of suspicion that the same are being carried by such person with intent to use the same, or that the same may be used for any unlawful purpose dangerous to the public peace, it shall be lawful for any of the public Officers mentioned in Section V. of this Act, or for any other person, to apprehend without warrant the person so carrying or conveying such Arms, Ammunition, Military Stores,

[কোন লোকের নিজ কর্ম্মের নিমিত্তে অস্ত্রশস্ত্র ও বারুদআদি আমদানী করিবার কথা ।]

১৪ ধারা। কোন লোকের নিজ কর্ম্মের নিমিত্তে সম্ভবমতে কতক অস্ত্রশস্ত্র ও বারুদআদি আমদানী হইলে, তাহার উপর ইহার পূর্ব্বের দুই ধারার বিধান খাটিবেক না। কিন্তু হাসিলের কালেক্টর সাহেব আবশ্যক বোধ করিলে, গবর্ণমেণ্টের হুকুম যাবৎ না পান তাবৎ সেই প্রকারের কোন দ্রব্য কোন সময়ে আটক করিয়া রাখিতে পারিবেন। পরন্তু এই আইনমতে যে কোন সম্বাদ দিতেই হইবেক, তাহাহইতে এই ধারার কোন কথাক্রমে কোন লোকের ক্ষমা হইবেক না ইতি।

[গবর্ণমেণ্ট অস্ত্রশস্ত্র ও বারুদআদি ও যুদ্ধসরঞ্জামপ্রভৃতি স্থানান্তরে চালান করিবার নিষেধ করিতে পারিবেন।]

১৫ ধরা। হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর হুকুম জারী করিয়া, অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কি শোরা, কিম্বা কোন বিশেষ প্রকারের অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম ভারতবর্ষের এক স্থানহইতে অন্য স্থানে চালান করিতে, অথবা হুকুমেতে কোন বিশেষ দিগ নিরূপণ করিয়া সেই দিগের দেশে তাহা চালান করিতে, কিম্বা ঐ হুকুমেতে যে২ বিধি ও নিয়ম নির্দ্দিষ্ট থাকে তদ্ভিন্ন অন্য প্রকারে চালান না করিতে নিষেধ করিতে পারিবেন। ও কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের অধীন দেশে ঐ গবর্ণমেণ্টেরও সেই ক্ষমতা থাকিবেক ইতি।

[নিষেধ হইলেও চালান করিলে যে দণ্ড হইবেক।]

১৬ ধারা। সেই প্রকারের হুকুম কিম্বা সেইরূপ হুকুমের লিখিত বিধি ও নিয়ম না মানিয়া যদি কোন লোক কোন অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কি শোরা চালান করে কি করায় কি চালান করিবার কি করাইবার উদ্যোগ কি সাহায্য করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক। ও যে দ্রব্য চালান করা যায় কি চালান করিবার উদ্যোগ হয় তাহা জব্দ হইবেক। যদি কোন লোক সেই প্রকারের অস্ত্রশস্ত্র, কি বারুদ আদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কি শোরা লুকাইয়া, কি অন্য কৌশলে চালান করে কি করায় কি করিবার কি করাইবার উদ্যোগ করে, তবে এই ধারাতে তাহার যে দণ্ডের বিধান হইয়াছে তদতিরিক্ত, তাহার ঐ দোষ সাব্যস্ত হইলে, সে দুই বৎসরের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক ইতি।

[যাহাতে সন্দেহ জন্মিতে পারে এমন ভাবে যদি কোন লোক অস্ত্রশস্ত্রপ্রভৃতি লইয়া বেড়ায় তবে ওয়ারণ্ট বিনা সে গ্রেস্তার হইতে পারিবেক। মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতিছাড়া অন্য লোক তাহাকে ধরিলে যেরূপে কার্য্য হইবেক।]

১৭ ধারা। কোন লোক যেরূপে কি যে গতিকে অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কি শোরা লইয়া যাইতেছে কি চালান করিতেছে তাহা বুঝিলা, সেই লোক সাধারণ লোকেরদের শান্তির বিঘ্নজনক কোন বেআইনী কর্ম্মের নিমিত্তে তাহা ব্যবহার করিবার অভিপ্রায়ে লইয়া যাইতেছে, কিম্বা তাহা সেইরূপে ব্যবহার হইতে পারে, এমত সন্দেহ করিবার যদি উপযুক্ত কারণ থাকে, তবে এই আইনের ৫ ধারাতে যে সরকারী কার্য্যকারকেরা নির্দ্দিষ্ট হইয়াছেন তাঁহারদের কোন কেহ, কিম্বা অন্য কোন লোক, ওয়ারণ্ট না পাইয়াও, যে লোক ঐ অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কি শোরা লইয়া যায় কি চালান করে

Sulphur, or Saltpetre, and to detain such person in custody in order that he may be dealt with according to law. If any person be apprehended by a person not being a Magistrate, Deputy Magistrate, or Assistant to a Magistrate, or Police Officer, he shall be delivered over as soon as possible to a Police Officer; and all persons apprehended by or delivered to a Police Officer under the provisions of this Act shall be carried before a Magistrate or other Officer competent by law to punish him for the offence or to commit him for trial.

[Government may prohibit sale of Sulphur. Penalty.]

XVIII. Whenever the Governor General in Council or the Executive Government shall consider it necessary so to do, they may by order prohibit the sale of Sulphur; and any person selling Sulphur contrary to such order shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding five hundred Rupees; and all Sulphur belonging to such person shall be confiscated if the convicting Magistrate shall so adjudge.

[Seizure and detention of Sulphur by Government.]

XIX The Governor General in Council or the Executive Government may also at any time seize all Sulphur in the possession of any person, and detain the same for such time as they may deem necessary for the public safety.

[Exception.]

XX. Nothing in the two preceding Sections shall apply to Sulphur kept or sold in reasonable quantities for medicinal purposes.

[Government may exempt persons from the provisions of Sections XVIII. and XIX.]

XXI. The Government may exempt any person from the provisions of Sections XVIII. and XIX. upon such conditions, if any, as such Government may consider necessary.

[Penalty for wilful neglect to give notice of possession of Ammunition, &c., in certain cases.]

XXII. The Government may require all persons having in their possession Ammunition or other Military Stores or Sulphur, in any greater quantities than are considered reasonable for private use, to give notice thereof to the Magistrate or other Officer specified by Government; and any person who wilfully neglects to give such notice shall be liable, on conviction before a Magistrate, to imprisonment with or without hard labor for a term not exceeding two years, and shall also be liable to a fine not exceeding five thousand Rupees; and all Ammunition, Military Stores, or

তাহাকে গ্রেপ্তার করিতে পারিবেন, ও তাহাকে লইয়া আইনমতে কার্য্য হয় এই নিমিত্তে তাহাকে হেফাজতে রাখিতে পারিবেন। যদি মাজিষ্ট্রেট সাহেব কিম্বা ডেপুটী মাজিষ্ট্রেট কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টান্ট কি পোলীসের কার্য্যকারক ছাড়া অন্য কোন ব্যক্তির দ্বারা সেই প্রকারের কোন লোককে গ্রেপ্তার করা যায়, তবে যত শীঘ্র হইতে পারে তত শীঘ্র সেই লোককে পোলীসের কার্য্যকারকের হাতে অর্পণ করিয়া দিতে হইবেক। আর এই আইনের বিধানমতে যে সকল লোককে পোলীসের কার্য্যকারকের দ্বারা গ্রেপ্তার করা যায় কি সেই কার্য্যকারকের নিকটে অর্পণ করা যায়, সেই লোককে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে আনা যাইবেক, কিম্বা অন্য যে কার্য্যকারক তাহাকে সেই অপরাধের নিমিত্তে দণ্ড করিতে, কিম্বা বিচার হইবার জন্যে সোপর্দ্দ করিতে আইনমতে ক্ষমতাপন্ন হন, তাঁহার সম্মুখে আনা যাইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গন্ধক বিক্রয় হওয়ার নিষেধ করিতে পারিবেন। দণ্ড।]

১৮ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যখন আবশ্যক বোধ করেন, তখন হুকুম জারী করিয়া গন্ধক বিক্রয় হওয়ার নিষেধ করিতে পারিবেন, ও যে কেহ সেই হুকুম না মানিয়া গন্ধক বিক্রয় করে তাহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাবাস্ত হইলে তাহার পাঁচ শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক, ও যে মাজিষ্ট্রেট সাহেব দোষ সাব্যস্ত করেন তিনি আজ্ঞা করিলে ঐ লোকের সকল গন্ধক জব্দ হইবেক ইতি।

[গন্ধক ক্রোক ও আটক করিবার কথা।]

১৯ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর কিম্বা কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট কোন লোকের নিকটে যে সকল গন্ধক থাকে তাহা কোন সময়ে ক্রোকও করিতে পারিবেন, ও সাধারণ লোকেরদের নিরাপদের জন্যে যত দিন আবশ্যক বোধ করেন তত দিন তাহা আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

[বর্জ্জিত কথা।]

২০ ধারা। ঔষধের নিমিত্তে বলিয়া যত গন্ধক সম্ভবমতে নিকটে রাখা যাইতে কি বিক্রয় হইতে পারে তাহার উপর ইহার পূর্ব্বের দুই ধারার কথা খাটিবেক না ইতি।

[গবর্ণমেণ্ট ১৮ ও ১৯ ধারার বিধানের কার্য্যহইতে লোকেরদিগকে ক্ষমা করিতে পারিবেন।]

২১ ধারা। গবর্ণমেণ্ট কোন লোককে ১৮ ও ১৯ ধারার বিধানের কার্য্যহইতে মুক্ত করিতে পারিবেন ও যদি কোন নিয়ম করা আবশ্যক বোধ করেন তবে সেই নিয়ম করিয়া মুক্ত করিবেন ইতি।

[কোন২ স্থলে বারুদআদি নিকটে রাখিবার সম্বাদ দিতে ত্রুটি হইলে তাহার দণ্ড।]

২২ ধারা। গবর্ণমেণ্ট এমত আজ্ঞা করিতে পারিবেন যে, নিজকর্ম্মের জন্যে সম্ভবমতে যত রাখা যাইতে পারে তাহার অধিক বারুদআদি কি অন্য যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কোন লোকের নিকটে থাকিলে সেই লোক তাহা থাকার সম্বাদ মাজিষ্ট্রেট সাহেবকে কি গবর্ণমেণ্টের নির্দ্দিষ্ট অন্য কার্য্যকারককে দেয়, আর যে কেহ সেইরূপ সম্বাদ দিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করে তাহার দোষ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সাবাস্ত হইলে সে দুই বৎসরের অনধিক কোন মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক, ও তাহার পাঁচ হাজার টাকার অনধিক জরীমানাও হইতে পারিবেক। ও সেই ব্যক্তির নিকটে কি

Sulphur in the possession of such person or upon his premises shall be confiscated.

[Power to enter and search houses.]

XXIII. If any Magistrate have reasonable cause for suspecting that Arms, Ammunition, or Sulphur liable to confiscation are in any house, building, or other place, or that any Arms, Ammunition, or Sulphur are in any house, building, or other place in the possession of any person in whose possession they cannot be left with safety to the public peace, he may, with such assistance as he shall think necessary, by night or by day and by force if necessary, enter and search any such house or place, or cause the same to be entered and searched. It shall be competent to a Magistrate to delegate to any of his European Assistants the powers conferred on him by this Section.

[General search for Arms, Ammunition, &c., may be ordered in any District.]

XXIV. The Governor General of India in Council, or the Executive Government of any Presidency or place, or the Chief Commissioners of the Punjab and Oude respectively, or the Commissioners of Nagpore and Scinde respectively, or any other persons authorized by Government, may order a general search for Arms, Ammunition, or Sulphur to be made, by any Officers or persons named in such order, in any District or place specified therein. The persons authorized by such order, and all persons acting under their authority, shall have the like powers of entry, search, and seizure as are conferred by the last preceding Section.

[Penalty for not producing or for concealing Arms, Ammunition, &c., when search made.]

XXV. If, on any search being made, any person shall refuse to produce or point out to the persons making the search, or shall conceal or attempt to conceal, any Arms, Ammunition, or Sulphur, such person may be apprehended without warrant, and shall be liable, on conviction before a Magistrate, to imprisonment with or without hard labor for a term not exceeding two years, in addition to any other penalty to which he may be subject under this Act.

[Penalty for making, using, or keeping cannon &c. without license, in any District to which this Section is extended. Surrender of cannon, &c., by persons not willing to take out license for retaining possession thereof. Exception.]

XXVI. After such time as shall be mentioned in the order of Government extending the provisions of this Section to any District or place, or, if no time be mentioned, after one week from the publication of the order in the District or place, no person shall manufacture, use, or have in his possession any cannon, howitzer, or mortar, without a license from the Governor General of India in Council or from the Executive Government of

তাহার বাড়ীর মধ্যে যে কিছু বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক পাওয়া যায় তাহা জব্দ হইবেক ইতি।

[ঘরে প্রবেশ করিয়া তলাশ করিবার ক্ষমতার কথা।]

২৩ ধারা। জব্দ হইবার যোগ্য অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি গন্ধক কোন ঘরে কি ইমারতে কি অন্য স্থানে আছে, কিম্বা সাধারণ লোকেরদের শান্তির পক্ষে যাহার নিকটে নিরাপদে ছাড়া যাইতে পারে না এমত কোন লোকের নিকটে, কোন ঘরে কি ইমারতে কি অন্য স্থানে কোন অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি গন্ধক আছে, এইরূপ সন্দেহ করিবার উপযুক্ত কারণ যদি কোন মাজিষ্ট্রেট সাহেবের থাকে, তবে তিনি যে সাহায্য আবশ্যক জ্ঞান করেন তাহা লইয়া, রাত্রিতে কি দিনে, ও প্রয়োজন হইলে জোর করিয়া, সেই ঘরে কি স্থানে প্রবেশ করিতে ও তলাশ করিতে পারিবেন, কিম্বা অন্য লোককে প্রবেশ করিয়া তলাশ করিতে হুকুম দিতে পারিবেন। এই ধারাক্রমে মাজিষ্ট্রেট সাহেবকে যে ক্ষমতা দেওয়া গেল তাহা তিনি আপনার ইউরোপীয় কোন আসিষ্টাণ্ট সাহেবের প্রতি অর্পণ করিতে পারিবেন ইতি।

[কোন জিলাতে অস্ত্রশস্ত্র বারুদপ্রভৃতির জন্যে সাধারণমতে তলাশ হওবার হুকুম হইতে পারিবেক।]

২৪ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর, কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট, কিম্বা পঞ্জাবের কি অযোধ্যার প্রধান কমিস্যনর সাহেব, কিম্বা নাগপুরের কি সিন্ধু দেশের কমিস্যনর সাহেব, কিম্বা গবর্ণমেণ্টহইতে অন্য যে লোকেরা ক্ষমতা পান তাঁহারা হুকুম জারী করিয়া, ঐ হুকুমনামার লিখিত কোন কার্য্যকারকেরদের কি ব্যক্তিরদের দ্বারা, ঐ হুকুমনামার লিখিত কোন জিলাতে কি স্থানে অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি গন্ধক সকলের ঘরে তলাশ করবার হুকুম করিতে পারিবেন। ইহার পূর্ব্বের ধারাতে প্রবেশ ও তলাশ ও ক্রোক করিবার যে সকল শক্তি দেওয়া গিয়াছে, ঐ হুকুমক্রমে ক্ষমতাপন্ন লোকেরদের, ও তাঁহারদের আজ্ঞামতে যে সকল লোক কার্য্য করেন তাঁহারদেরও সেই সকল শক্তি থাকিবেক ইতি।

[তলাশ হইবার কালে অস্ত্রশস্ত্র বারুদআদি বাহির না করিবার কি লুকাইয়া রাখিবার দণ্ডের কথা।]

২৫ ধারা। কোন তলাশ করিবার কালে, যে লোকেরা তলাশ করিতেছেন তাঁহারদিগকে যদি কেহ কোন অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি গন্ধক দেখাইতে, কিম্বা দেখাইয়া দিতে অস্বীকার করে, কিম্বা লুকায় কি লুকাইবার উদ্যোগ করে, তবে তাহাকে ওয়ারণ্টবিনা গ্রেফ্তার করা যাইতে পারিবেক, ও মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে, এই আইনমতে তাহার অন্য যে কোন দণ্ড হইতে পারে তদতিরিক্ত সে দুই বৎসরের অনধিক কোন মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক ইতি।

[এই ধারা যে কোন জিলার মধ্যে প্রচলিত হয় সেই জিলাতে অনুমতিপত্র না পাইয়া কামানপ্রভৃতি নির্ম্মাণ কি ব্যবহার করিবার কি রাখিবার দণ্ডের কথা। যাহারা কামানপ্রভৃতি নিকটে রাখিবার অনুমতিপত্র লইতে না চাহে তাহারদের তাহা সমর্পণ করিবার কথা। বর্জ্জিত কথা।]

২৬ ধারা। গবর্ণমেণ্টের যে হুকুমক্রমে এই ধারার বিধান কোন জিলাতে কি স্থানে প্রচলিত হয় সেই হুকুমেতে যে কাল নির্দ্দিষ্ট থাকে সেই কালের পরে, কিম্বা যদি কোন কাল নির্দ্দিষ্ট না থাকে তবে সেই হুকুম ঐ জিলাতে কি স্থানে প্রকাশ হওনঅবধি এক সপ্তাহের পরে, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের স্থানে, কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের স্থানে অনুমতিপত্র না পাইলে, কোন ব্যক্তি কোন কামান কি হোইৎসর

any Presidency or place. If any person shall manufacture, use, or have in his possession any cannon, howitzer, or mortar, without such license, he shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding two thousand Rupees, and to imprisonment for a term not exceeding two years; and such cannon, howitzer, or mortar may be seized and shall be forfeited to Government. Any person who has in his possession any cannon, howitzer, or mortar at the time when this Section takes effect in any District or place, and who shall be unwilling to apply for a license to retain possession thereof, may surrender the same to the Magistrate within such period as aforesaid. The provisions of this Section shall not extend to any cannon, howitzer, or mortar forming part of the ordinary armament of any ship or vessel.

[Penalty for assaulting or resisting any person in the execution of any power vested in him by this Act.]

XXVII. Whoever assaults or resists, or aids or assists any person in assaulting or resisting any person in the execution of any power vested in him by this Act, shall be liable, on conviction before a Magistrate, to a fine not exceeding two hundred Rupees, or to imprisonment with or without hard labor for any term not exceeding six calendar months.

[Notice and limitation of suits.]

XXVIII. No suit, action, or other proceeding shall be commenced or prosecuted against any person for anything done in pursuance of this Act without giving to such person a month's previous notice in writing of the intended action and of the cause thereof, nor after tender of sufficient amends, nor after the expiration of three months from the accrual of the cause of action or other proceeding.

[Imprisonment if fine not paid.]

XXIX. If any fine or penalty imposed by a Magistrate under the authority of this Act be not immediately paid, the Magistrate may commit the offender to jail, there to be imprisoned according to the discretion of the Magistrate for any term not exceeding six months where the amount of the fine or penalty shall not exceed five hundred Rupees, and for any term not exceeding twelve months in any other case; the commitment to be determinable in each of the cases aforesaid on payment of the amount.

[Rewards to informers.]

XXX. Any fine or penalty levied from any person convicted of an offence under this Act, or any portion of such fine or penalty, may be

[*Government Gazette, 22nd September*, 1857.]

কি মর্টর নির্ম্মাণ কি ব্যবহার করিবেক না কি আপনার দখলে রাখিবেক না। যদি কেহ সেইরূপ অনুমতিপত্র না পাইয়া, কোন কামান কি হোইৎসর কি মর্টর নির্ম্মাণ কি ব্যবহার করে কি আপনার দখলে রাখে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার দুই হাজার টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক, ও সে দুই বৎসরের অনধিক কোন মিয়াদে কয়েদ হইতে পারিবেক। ও সেই কামান কি হোইৎসর কি মর্টর ক্রোক হইতে পারিবেক ও গবর্ণমেণ্টে জব্দ হইবেক। এই ধারা কোন জিলাতে কি স্থানে প্রচলিত হইবার কালে যাহার নিকটে কোন কামান কি হোইৎসর কি মর্টর থাকে, সেই লোক যদি তাহা নিকটে রাখিবার অনুমতিপত্র প্রার্থনা করিতে না চাহে, তবে ইহার পূর্ব্বের লিখিত কালের মধ্যে ঐ কামানপ্রভৃতি মাজিষ্ট্রেট সাহেবের নিকটে আনিয়া দিতে পারিবেক। কোন জাহাজের রীতিমতের অস্ত্রশস্ত্রের মধ্যে যে কামান কি হোইৎসর কি মর্টর থাকে, তাহার উপর এই ধারার বিধান খাটিবেক না ইতি।

[এই আইনমতে কোন লোককে যে ক্ষমতা দেওয়া যায় তাঁহার সেই ক্ষমতামতে কার্য্য করণ কালে তাঁহার প্রতি আক্রমণ করিবার কি তাঁহার বাধা করিবার দণ্ড।]

২৭ ধারা। এই আইনমতে কোন লোককে যে ক্ষমতা দেওয়া যায় তাঁহার সেই ক্ষমতামতে কার্য্য করণ কালে যদি কেহ তাঁহার প্রতি আক্রমণ করে কি তাঁহাকে বাধা দেয়, কিম্বা তাঁহার প্রতি আক্রমণ করিতে কি তাঁহার বাধা করিতে কোন লোকের সাহায্য কি উপকার করে, তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে তাহার দুই শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক, কিম্বা সে ইঙ্গরেজী হিসাবমতে ছয় মাসের অনধিক কোন মিয়াদে কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইতে পারিবেক ইতি।

[মোকদ্দমার এত্তেলা ও মিয়াদ।]

২৮ ধারা। এই আইনানুসারে কোন ব্যক্তি যে কোন কার্য্য করেন সেই কার্য্যপ্রযুক্ত তাঁহার নামে নালিশ হইবার মনস্থ হইলে, ঐ মনস্থ থাকার ও সেই নালিশ করিবার হেতুর সম্বাদ তাঁহাকে এক মাস থাকিতে লিখিয়া না দেওয়া গেলে, তাঁহার নামে কোন মোকদ্দমা কি নালিশ কি মোকদ্দমাঘটিত অন্য কার্য্য আরম্ভ হইবেক না কি চলিবেক না। কিম্বা তিনি উপযুক্তমতে প্রতিকার করিবার প্রস্তাব করিলে পর, কিম্বা নালিশের কি মোকদ্দমাঘটিত অন্য কার্য্যের হেতু হইয়া তিন মাস অতীত হইলে পর, তাঁহার নামে কোন মোকদ্দমাপ্রভৃতি হইবেক না ইতি।

[জরীমানার টাকা না দেওয়া গেলে কয়েদ হইবার কথা।]

২৯ ধারা। এই আইনের শক্তিক্রমে মাজিষ্ট্রেট সাহেব যে কোন জরীমানার কি অর্থদণ্ডের হুকুম করেন তাহার টাকা যদি তৎক্ষণাৎ না দেওয়া যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ অপরাধিকে জেলখানায় পাঠাইতে পারিবেন, ও সেই জরীমানা কি অর্থদণ্ড যদি পাঁচ শত টাকার অধিক না হয় তবে অপরাধী ছয় মাসের অনধিক কোন মিয়াদে, ও অন্য কোন গতিকে বারো মাসের অনধিক কোন মিয়াদে, মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে তথায় কয়েদ থাকিবেক। পূর্ব্বোক্ত কোন স্থলে জরীমানার টাকা দেওয়া গেলেই অপরাধিকে খালাস করা যাইবেক ইতি।

[গোয়েন্দারদিগকে পুরস্কার দিবার কথা।]

৩০ ধারা। এই আইনমতে যাহার অপরাধ সাব্যস্ত হয় তাহার স্থানে যে কিছু জরীমানার কি অর্থদণ্ডের টাকা উসুল হয় তাহা কি তাহার কোন অংশ, যাহার

awarded to the person on whose information the conviction shall take place.

[Interpretation of the word "Magistrate." Commissioners of Police in Presidency Towns &c. may exercise the powers hereby given, other than powers of conviction and confiscation.]

XXXI. The word "Magistrate" shall include any person exercising the full powers of a Magistrate: and within the Presidency Towns and in the Straits Settlement, all powers of conviction and confiscation upon conviction given by this Act to a Magistrate, shall be exercised by the Police Magistrates; and all other powers given by this Act to a Magistrate may be exercised by the Commissioner of Police, and all notices hereby required to be given to a Magistrate shall in any such Presidency Town or in the Straits Settlement be given to the Commissioner of Police.

[Persons having the immediate superintendence of the Police may be vested with the powers hereby given to a Magistrate, other than powers of conviction and confiscation.]

XXXII. Whenever in any Presidency or place the immediate control and superintendence of the Police is vested in any person other than the Magistrate or such Commissioner of Police as aforesaid, the Executive Government may order that all or any of the powers given by this Act to a Magistrate, other than powers of conviction and confiscation upon conviction, shall be exercised by such person, and that all notices hereby required to be given to a Magistrate shall be given to such person.

[Act or any part of it to take effect in any District to which it is extended by Government.]

XXXIII. This Act, or any part or parts thereof, shall take effect in any District or place to which the same shall be extended by order of the Governor General of India in Council or of the Executive Government of any Presidency or place.

[Parts of District may be withdrawn from the operation of the Act and again made subject to it.]

XXXIV. It shall be lawful for the Governor General in Council or the Executive Government of any Presidency or place from time to time to withdraw from the operation of all or any of the provisions of this Act any part or parts of any District or place which they may previously have declared to be subject thereto; and in like manner, as occasion shall require, to subject the same again to the operation of all or any of the provisions of this Act.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২২ সেপ্টেম্বর।]

সম্বাদমতে অপরাধ সাব্যস্ত হয় তাহাকে দেওয়া যাইতে পারিবেক ইতি।

[“মাজিষ্ট্রেট” এই শব্দের অর্থ। দোষ সাব্যস্ত করিবার ও জব্দ করিবার ক্ষমতাভিন্ন ইহাতে অন্য যে ক্ষমতা দেওয়া গেল সেই ক্ষমতামতে রাজধানী নগরপ্রভৃতিতে পোলীসের কমিস্যনর সাহেবেরা কার্য্য করিতে পারিবেন।]

৩১ ধারা। “মাজিষ্ট্রেট” এই শব্দেতে যে কোন ব্যক্তি মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করেন তিনিও গণ্য হন। ও দোষ সাব্যস্ত করণের এবং দোষ সাব্যস্ত করণক্রমে জব্দ করণের যে সকল ক্ষমতা এই আইনক্রমে মাজিষ্ট্রেট সাহেবকে দেওয়া যায়, রাজধানীনগরে ও সমুদ্রের মোহনার বসতি স্থানে পোলীসের মাজিষ্ট্রেট সাহেবেরাও সেই ক্ষমতামতে কার্য্য করিবেন। ও মাজিষ্ট্রেট সাহেবকে অন্য যে সকল ক্ষমতা এই আইনেতে দেওয়া গিয়াছে সেই সকল ক্ষমতামতে পোলীসের কমিস্যনর সাহেব কার্য্য করিতে পারিবেন। ও এই আইনেতে মাজিষ্ট্রেট সাহেবকে যে সকল সম্বাদ দিবার হুকুম হইয়াছে সেই সকল সম্বাদ তদ্রূপ কোন রাজধানীনগরে কিম্বা মোহনার বসতিস্থানে পোলীসের কমিস্যনর সাহেবকে দিতে হইবেক ইতি।

[দোষ সাব্যস্ত করণ ও জব্দ করণভিন্ন অন্য যে সকল ক্ষমতা এই আইনেতে মাজিষ্ট্রেট সাহেবকে দেওয়া যায় সেই সকল ক্ষমতা পোলীসের তত্ত্বাবধারণের ভার যাঁহারদের প্রতি আছে তাঁহারদিগকে দেওয়া যাইতে পারিবেক।]

৩২ ধারা। যদি কোন রাজধানীতে কি স্থানে পোলীসের কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধারণ করিবার ভার মাজিষ্ট্রেট সাহেবভিন্ন কিম্বা পোলীসের পূর্ব্বোক্ত প্রকারের কমিস্যনর সাহেবভিন্ন অন্য ব্যক্তির প্রতি থাকে, তবে কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট এমত হুকুম করিতে পারিবেন যে, দোষ সাব্যস্ত করণের ও দোষ সাব্যস্ত করণক্রমে জব্দ করণের ক্ষমতাভিন্ন অন্য যে ক্ষমতা এই আইনেতে মাজিষ্ট্রেট সাহেবকে দেওয়া যায়, তাহার সকল কি তাহার কোন ক্ষমতামতে সেই ব্যক্তি কার্য্য করিতে পারেন, ও এই আইনমতে যে সকল সম্বাদ মাজিষ্ট্রেট সাহেবকে দিতে হয় তাহা সেই লোককে দেওয়া যায় ইতি।

[এই আইন কি তাহার কোন অংশ যে কোন জিলাতে গবর্ণমেণ্টের আজ্ঞামতে প্রচলিত করা যায় সেই জিলাতে প্রবল হইবেক।]

৩৩ ধারা। হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টের হুকুমক্রমে, এই আইন কি তাহার কোন এক কি অধিক ভাগ যে কোন জিলাতে কি স্থানে প্রচলিত করা যায় সেই জিলাতে কি স্থানে প্রবল হইবেক ইতি।

[জিলার কোন২ স্থানে এই আইন প্রবল হওয়া রহিত হইতে পারিবেক ও পুনরায় তাহাতে প্রবল করা যাইতে পারিবেক।]

৩৪ ধারা। হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কিম্বা কোন রাজধানীর কি স্থানের কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট যে জিলাতে কি স্থানে এই আইনের বিধান প্রচলিত করিয়াছেন তাহার কোন এক কি অধিক স্থানে এই আইনের সমুদয় কি কোন২ বিধান প্রচলিতহওয়া সময়ে২ রহিত করিতে পারিবেন। আরও সেই প্রকারে সেই২ স্থানে এই আইনের সমুদয় কি কোন২ বিধান প্রয়োজনমতে পুনরায় প্রচলিত করিতে পারিবেন ইতি।

[Duration of Act.]

XXXV. This Act shall continue in force for two years.

[Indemnity to Government Officers for seizure or detention of Arms, Ammunition, &c., before passing this Act.]

XXXVI. Any Officer of Government, who, prior to the passing of this Act, may have seized or detained, or prevented the importation of any Arms, Ammunition, Military Stores, Sulphur, or Saltpetre, in pursuance of an order of Government, is hereby indemnified for so doing; and no action or other proceeding shall be commenced or prosecuted in respect of such seizure or detention.

W. Morgan,
Clerk of the Council.

[আইন যত দিন চলন থাকিবেক ।]

৩৫ ধারা । এই আইন দুই বৎসরপর্য্যন্ত প্রবল থাকিবেক ইতি ।

[এই আইন জারী হইবার আগে গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা অস্ত্রশস্ত্র বারুদপ্রভৃতি ক্রোক ও আটক করিলেও তাঁহারদের নির্দ্দোষ হইবার কথা ।]

৩৬ ধারা । এই আইন জারী হইবার আগে গবর্ণমেণ্টের যে কোন কার্য্যকারক গবর্ণমেণ্টের হুকুমঅনুসারে কোন অস্ত্রশস্ত্র কি বারুদআদি কি যুদ্ধসরঞ্জাম কি গন্ধক কি শোরা ক্রোক কি আটক করিয়াছেন কি তাহার আমদানী করা নিবারণ করিয়াছেন তাঁহাকে এতদ্দ্বারা নির্দ্দোষী করা গেল । ও সেই প্রকারে ক্রোক ও আটক করিবার জন্যে তাঁহার নামে কোন প্রকারে নালিশ কি মোকদ্দমাঘটিত অন্য কার্য্য আরম্ভ হইতে কি চলিতে পারিবেক না ইতি ।

ডবলিউ মর্গান ।
কৌন্সেলের ক্লার্ক ।

John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 10.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 21*st August*, 1857.

The Government having dispensed with the Return of Permanent Settlements annually submitted by the Board of Revenue, I am directed by the Board to inform you that the similar Quarterly Returns submitted by Commissioners may likewise be discontinued.

2. The Form No. 4 of the Periodical Returns Series is accordingly cancelled, and, in future, only one Statement, in the Form No. 3, will be submitted to the Board, showing both Temporary and Permanent Settlements. In the title of the Form the word "Temporary" should be erased.

(Signed) E. T. Trevor,
Secretary.

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর ।

১০ নম্বর ।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র । ফোর্ট উলিয়ম । ১৮৫৭ সাল ২১ আগষ্ট ।

বোর্ড রেবিনিউর সাহেবেরা চিরকালীন বন্দোবস্তের যে রিটর্ণ বৎসরে২ পাঠাইতেন তাহা গবর্ণমেণ্ট স্থগিত করিয়াছেন । অতএব বোর্ডের সাহেবেরদের আদেশমতে তোমারদিগকে জানাইতেছি যে কমিস্যনর সাহেবেরা সেই প্রকারের যে তিন২ মাসের রিটর্ণ পাঠাইতেন তাহাও রহিত হইতে পারিবেক ।

২ । অতএব নিরূপিত সময়ের রিটর্ণের বিধিমতে ৪ নম্বরের যে পাঠ, তাহা উঠাইয়া দেওয়া গেল । ৩ নম্বরের পাঠের কেবল এক কৈফিয়ৎ বোর্ডে পাঠাইতে হইবেক, তাহাতে মিয়াদী ও চিরকালীন উভয় প্রকারের বন্দোবস্ত লেখা থাকিবেক । ঐ পাঠের নামে "মিয়াদী" এই শব্দ উঠাইয়া দিতে হইবেক ।

ই টি ট্রেবর ।
সেক্রেটারী ।

John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY AND NIZAMUT ADAWLUT.

No. 21.

To the Civil and Criminal Authorities in the Lower Provinces.

In pursuance of the orders of Government, I am directed by the Court to forward, for your information and guidance, the accompanying Extract Para. 2, from a Despatch from the Hon'ble the Court of Directors, No. 27 of 1857, and to request the punctual submission of the Quarterly Civil and Criminal Statements of your Court.

(Signed) A. W. Russell,
Register.

Fort William, the 14th August, 1857.

[*Government Gazette, 22nd September*, 1857.]

সদর দেওয়ানী ও নিজামৎ আদালতের সরকুলর অর্ডর ।

২১ নম্বর ।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানী ও ফৌজদারীর কার্য্যকারক বরাবরেষু ।

গবর্ণমেণ্টের হুকুমঅনুসারে আমি তোমার জ্ঞাপনের ও উপদেশের জন্যে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের ১৮৫৭ সালের ২৭ নম্বরের পত্রহইতে গৃহীত ২ দফা সদর আদালতের আদেশমতে পাঠাইতেছি,ও তোমার আদালতের দেওয়ানী ও ফৌজদারী তিন২ মাসের কৈফিয়ৎ তুমি ঠিক সময়মতে পাঠাও এই আদেশ করিতেছি ।

এ ডবলিউ রসেল ।
রেজিষ্টর ।

ফোর্ট উলিয়ম । ১৮৫৭ সাল ১৪ আগষ্ট ।

Extract from a Despatch from the Hon'ble the Court of Directors to the Government of India, in the Judicial Department, No. 27 of 1857, dated 22nd April.

PARA. 2. These Statements* do not in themselves present any features for remark. They were, however, (partly owing to the intervention of the Dusserah and Mohurrum holidays,) submitted at a late date, more especially those from the Districts named in the margin.† As the object of the Statements is to put the Government in possession of the state of the judicial administration from quarter to quarter, we trust that they will be submitted with due punctuality in future.

(True Extract)

(Signed) E. H. LUSHINGTON,

Offg. Asst. Secy. to the Govt. of Bengal.

(True Copy.)

J. R. FRASER,

2d Assistant Register.

* Civil and Criminal Periodical Statements for the Regulation Provinces during the 3rd Quarter of 1855.

† Dinagepore. Moorshedabad. Rajshahye. Shahabad. Sylhet.

জুডিসিয়ল ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের নামে শ্রীযুত অনরবিল কোর্ট অব ডৈরেক্টর্স সাহেবেরা ১৮৫৭ সালের ২২ আপ্রিল তারিখের ২৭ নম্বরের যে পত্র পাঠান্ তাহাহইতে গৃহীত কথা।

২ দফা। এই সকল কৈফিয়তের * উপর আমারদের মন্তব্য কথা লিখিবার কোন বিষয় নাই। পরন্তু সেই সকল কৈফিয়ৎ, বিশেষতঃ নীচের লিখিত জিলাহইতে † ঐ কৈফিয়ৎ অতি বিলম্বে পাঠান গিয়াছিল। (দশহরার ও মহরমের বন্দ ঐ বিলম্বের এক কারণ ছিল বটে।) ঐ সকল কৈফিয়তের অভিপ্রায় এই যে, গবর্ণমেণ্ট তিন২ মাসে বিচার কার্য্যের অবস্থা অবগত হন। অতএব ইহার পরে তাহা ঠিক সময়মতে পাঠান যাইবেক আমারদের এই ভরসা হয়।

(যথার্থ গৃহীত কথা।)

ই এচ লশিংটন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটারী।

(যথার্থ নকল।)

জে আর ফ্রেজর।

দ্বিতীয় আসিষ্টাণ্ট রেজিষ্টর।

* আইনের অধীন প্রদেশের জন্যে ১৮৫৫ সালের তৃতীয় তিন মাসের দেওয়ানী ও ফৌজদারী কৈফিয়ৎ।

† দিনাজপুর ও মুরশিদাবাদ ও রাজশাহী ও শাহাবাদ ও ছিলট।

CIRCULAR ORDER OF THE NIZAMUT ADAWLUT.

No. 20.

To the Criminal Authorities in the Lower and Extra Regulation Provinces.

The Court, having had under consideration the rules in force relating to the destruction of Criminal Records, resolve, that the following rules on the subject, which, with some modifications, have been collected into one general instruction in lieu of those now scattered through several Circulars, be adopted by the Sessions Judges and Magistrates.

I. Records of sessions trials and heinous cases of Magistrates' Courts, generally, of above fifteen years' date, may unobjectionably be destroyed, a discretion being exercised, at the same time, by the Sessions Judges and Magistrates, of preserving individual cases or papers on any grounds appearing to them sufficient; cases in which sentences are not expired must invariably be preserved.

II. Provided that cases in which parties accused have hitherto eluded apprehension, shall always be preserved.

III. The above rules should be acted on from year to year, so that no accumulation may occur beyond a term of fifteen years in regard of the records of *heinous* cases.

IV. In regard to other records of the Magistrates' Court, the following may be destroyed yearly, if upwards of two years' old, excepting

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

২০ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইন বহির্ভূত প্রদেশের শ্রীযুত ফৌজদারীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

ফৌজদারী আদালতের কাগজপত্র নষ্ট করিবার যে বিধি চলন আছে তাহা বিবেচনা করিয়া, সদর আদালতের সাহেবেরা নির্দ্ধার্য্য করিয়াছেন যে সেশন জজ ও মাজিষ্ট্রেট সাহেবেরা তদ্বিষয়ের নীচের লিখিত বিধিমতে কার্য্য করেন। ভিন্ন২ সরক্যুলর পত্রের মধ্যে যে সকল উপদেশ এইক্ষণে আছে তাহার কএকটা মতান্তর করিয়া সমুদয় সংগৃহীত হইয়া এই পত্রে প্রকাশ হইয়াছে।

১ ধারা। সাধারণমতে সেশন আদালতের বিচার করা মোকদ্দমার ও মাজিষ্ট্রেট সাহেবেরদের আদালতের ভারি২ মোকদ্দমার যে সকল কাগজপত্র পনেরো বৎসরের অধিক কালের হয়, তাহা নষ্ট করিবার কোন আপত্তি নাই। কিন্তু সেশন জজ সাহেবেরা ও মাজিষ্ট্রেট সাহেবেরা যদি কোন কারণে উপযুক্ত বোধ করেন, তবে তাঁহারা আপনারদের বিবেচনামতে কোন২ মোকদ্দমার নথী কি কাগজপত্র রক্ষা করিতে পারিবেন। যে মোকদ্দমার দণ্ডাজ্ঞার মিয়াদ গত না হইয়াছে তাহার কাগজপত্র সর্ব্বদাই রক্ষা করিতে হইবেক।

২ ধারা। পরন্তু কোন মোকদ্দমাতে যে লোকেরদের নামে নালিশ হইয়াছে তাহারদিগকে যদি অদ্যাপি ধরা না গিয়াছে, তবে সেই মোকদ্দমার কাগজপত্র সর্ব্বদাই রক্ষা করিতে হইবেক।

৩ ধারা। পূর্ব্বের বিধিমতে বৎসরে২ কার্য্য করিতে হইবেক। তাহাতে ভারি২ মোকদ্দমার কাগজপত্র পনেরো বৎসরের অধিক কাল জমা না হইয়া থাকে।

৪ ধারা। মাজিষ্ট্রেট সাহেবেরদের আদালতের নীচের লিখিত কাগজপত্র দুই বৎসরের অধিক কালের হইলে বৎসরে২ নষ্ট করা যাইতে পারিবেক। [illegible]

those which the Magistrate may deem it prudent to preserve in consequence of the non-arrest of particular o

Security Cases, if expired.

Petty Trials.

Act IV. of 1840, Suits, excepting the decisions and documents, plaints and answers.

Miscellaneous Cases.

Thannah Diaries.

Police Reports, on which no further proceedings followed.

Miscellaneous Rubakaries.

Ditto Reports and Returns by the Nazir.

Copies of Perwannahs.

Ditto Ishtahars.

Despatch Books.

Receipt Books of the Record-room.

Rough Order Books.

Witnesses' Attendance Books.

Appeals.

Nazir's Records, excepting Lotbundees, Accounts of Money, and Ferry Ghaut Papers.

Miscellaneous Reports of the Jailor.

Miscellaneous Petitions.

Periodical Statements, except Annuals.

Register of Petty Cases.

Ditto Mooktearnamahs, excepting "General ones."

Ditto Miscellaneous Cases.

Ditto Petitions.

V. In regard to cases appealed to the Sessions Court, the Sessions Court record of such cases may be periodically destroyed after a term of five years. Thus, on the 1st January next, all appeal records of this nature may be destroyed appertaining to a date previous to 1st January 1853.

2. In carrying out the principle of these orders Sessions Judges will bear in mind, in respect to the mode of destruction of old papers, that the rule of Circular Order of 12th June last, in the Civil Department, is still in force.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 20th August, 1857.

No. 21.

To the Session Judges in the Lower Provinces.

The Court, having experienced much inconvenience by the rescission of Circular Order No. 110, of the 29th June 1832, which prescribed the submission, in appealed cases, of the extract copy of sessions statement No. 6, are pleased to revive it, and to request that the extract in question may in future be annexed to all proceedings in trials which may be appealed, or which, on revision of

[*Government Gazette, 22nd September, 1857.*]

বিশেষ২ অপরাধিরদের গ্রেপ্তার না হওয়াপ্রযুক্ত মাজিষ্ট্রেট সাহেব যেং কাগজপত্র রক্ষা করা উপযুক্ত বোধ করেন তাহা নষ্ট হইবেক না।

জামিনীপত্রের মোকদ্দমা অর্থাৎ তাহার মিয়াদ অতীত হইলে তাহা।

ক্ষুদ্র২ মোকদ্দমা।

১৮৪০ সালের ৪ আইনের মোকদ্দমা। কিন্তু নিষ্পত্তি ও দলীল ও নালিশপত্র ও জওয়াব নষ্ট করিতে হইবেক না।

মুৎফরক্কা মোকদ্দমা।

থানার রোজনামা।

পোলীসের যে রিপোর্টের উপর অন্য কোন কার্য্য হয় নাই।

মুৎফরক্কা রুবকারী।

নাজিরের মুৎফরক্কা রিপোর্ট ও রিটর্ন।

পরওয়ানার নকল।

ইশ্তিহারের নকল।

চালানের বহী।

মহাফেজখানার রসীদের বহী।

হুকুম লিখিবার সামান্য বহী।

সাক্ষিরদের হাজিরী বহী।

আপীল।

নাজিরের কাগজপত্র। কিন্তু লাটবন্দী ও টাকার হিসাব ও খেয়াঘাটের কাগজপত্র নষ্ট করিতে হইবেক না।

জেলদারোগার মুৎফরক্কা রিপোর্ট।

মুৎফরক্কা দরখাস্ত।

নিরূপিত সময়ের কৈফিয়ৎ। কিন্তু বার্ষিক কৈফিয়ৎ নষ্ট করিতে হইবেক না।

ক্ষুদ্র২ মোকদ্দমার রেজিষ্টর।

মোখ্তারনামার রেজিষ্টর। কিন্তু আম মোখ্তারনামার রেজিষ্টর নষ্ট করিতে হইবেক না।

মুৎফরক্কা মোকদ্দমার রেজিষ্টর।

দরখাস্তের রেজিষ্টর।

৫ ধারা। সেশন আদালতে যেং মোকদ্দমার আপীল হয় সেইং মোকদ্দমার সেশন আদালতের রিকার্ড পাঁচ২ বৎসর মিয়াদের পরে নষ্ট করা যাইতে পারিবেক। যথা এই প্রকারের যে সকল আপীলের রিকার্ড ১৮৫৩ সালের ১ জানুআরি তারিখের পূর্ব্বের হয় তাহা আগামি জানুআরি মাসের ১ তারিখে নষ্ট করা যাইতে পারিবেক।

২। এই হুকুমের ভাবানুসারে কার্য্য করণ কালে সেশন জজ সাহেবেরা এই কথা মনে রাখিবেন যে ঐ সকল কাগজপত্র যে প্রকারে নষ্ট করিতে হইবেক তদ্বিষয়ে দেওয়ানী ডিপার্টমেণ্টে গত জুন মাসের ১২ তারিখের সরকুলর অর্ডরের বিধি এখনও প্রবল আছে।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২০ আগষ্ট।

২১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব বরাবরেষু।

১৮৩২ সালের ২৯ জুনের ১১০ নম্বরের সরকুলর অর্ডরে হুকুম হইয়াছিল যে, মোকদ্দমার আপীল হইলে সেশন আদালতের ৬ নম্বরের কৈফিয়তের চুম্বকের নকল পাঠান যায়। কিন্তু সেই সরকুলর অর্ডর রদ হওয়াতে সদর আদালতের সাহেবেরদের অত্যন্ত ক্লেশ হইয়াছে। অতএব তাঁহারা সেই সরকুলর পুনরায় চলন করায়। আরও এই আদেশ করেন যে, ইহার পরে যখন মোকদ্দমার উপর আপীল হয় তখন ত

the jail delivery returns, may be called for by the Court. The subsequent Circular Orders, Nos. 13 and 8, dated, respectively, 12th January 1855 and 3rd November 1856, are accordingly hereby rescinded.

(Signed) A. W. RUSSELL,
Register.

Fort William, the 20th August, 1857.

হার সকল রুবকারীর সঙ্গে, কিম্বা জেলখানাহইতে খালাস হইবার রিটর্ন পুনর্ব্বিচি করিবার কালে সদর আদালত যে সকল রুবকারী তলব করেন তাহার সঙ্গে উক্ত চুম্বক পাঠান যায়। ইহাতে ১৮৫৫ সালের ১২ জানুআরি তারিখের ১৩ নম্বরের ও ১৮৫৬ সালের ৩ নবেম্বর তারিখের ৮ নম্বরের সরকুলর অর্ডর রদ করা গেল।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২০ আগষ্ট।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

No. 39.

FORT WILLIAM,
FINANCIAL DEPARTMENT,
The 11th September, 1857.

NOTIFICATION.

The Right Hon'ble the Governor General in Council is pleased to direct that, subject to the orders of the Hon'ble the Court of Directors, the present rates of Interest allowed to Depositors, in the several Government Savings Banks, *viz.*, 3 per Cent. per annum to Civil, and 3½ per Cent. to Military Depositors, be raised to 4 per Cent. per annum on sums lodged by all classes of Depositors. The alteration of rate to take effect retrospectively from the 1st instant.

By Order of the Right Hon'ble the Governor General of India in Council,

C. HUGH LUSHINGTON,
Secy. to the Govt. of India.

৩৯ নম্বর।

ফোর্ট উলিয়ম।
ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।
১৮৫৭ সাল ১১ সেপ্টেম্বর।

বিজ্ঞাপন।

হজুর কৌন্সেলে শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ জেনরল বাহাদুর আজ্ঞা করিয়াছেন যে, গবর্ণমেণ্টের নানা সেবিংব্যাঙ্কে যাঁহারা টাকা রাখিয়াছেন তাঁহারদিগকে যে হিসাবে সুদ দেওয়া যায়, অর্থাৎ দেওয়ানীর কর্ম্মকারকেরদের বৎসরে শতকরা ৩৲ টাকার ও সৈন্যসম্পর্কীয় লোকেরদের শতকরা ৩৸০ পৌনে চারি টাকার যে হিসাবে সুদ দেওয়া যায় তাহা বৃদ্ধি হইবেক অর্থাৎ সকলকে বৎসরে শতকরা ৪৲ টাকার হিসাবে সুদ দেওয়া যাইবেক। সুদের এই নূতন নিয়ম বর্ত্তমান মাসের ১ প্রথম তারিখঅবধি চলিবেক। পরন্তু এই হুকুমেরবিষয়ে শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেক্টর্স সাহেবেরদের আজ্ঞা পাইবার অপেক্ষা আছে।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ জেনরল বাহাদুরের হুকুমক্রমে।

সি হিউ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS.

গবর্ণমেণ্টের ইশ্তিহার

ইশ্তেহার।

পুরী এজেন্সীর মোতালক মোং চিলকা ও অস্তরঙ্গ আড়ঙ্গহইতে নেমক ঢোলাই করিয়া মোং শালিখার সরকারী গোলায় আনিবার জন্য আগামি অক্টোবর মাসের ৫ তারিখ বেলা দুই প্রহর দুই ঘণ্টাপর্য্যন্ত এই দফ্তরখানায় টেণ্ডরের দরখাস্ত লওয়া যাইবেক ঐ তারিখের পর এ প্রকার টেণ্ডরের দরখাস্ত আর লওয়া যাইবেক না।

২ উক্ত টেণ্ডরের দরখাস্ত ফারম অর্থাৎ ঢাঁচামত লিখিতে হইবেক সেই ফারম এই দফ্তরখানায় দরখাস্ত করিলে পাওয়া যাইবেক এবং ঐ ফারমের অন্যথা প্রকার লিখিলে তাহা গ্রাহ্য করা যাইবেক না।

৩ সন ১৮১৭। ৫৮ সালঅবধি তিন বৎসরের জন্য এই কানট্রাক্‌ট ধার্য্য করিতে হইবেক।

৪ কানট্রাক্‌টকারি ব্যক্তিরা যে নেমকের বাবৎ টেণ্ডরের দরখাস্ত দাখিল করিবেক ঐ বোঝাক নেমক ঢোলাই করিয়া আনিবার কারণ তাহারদিগের সরঞ্জাম অর্থাৎ সুলুপাদি আছে কি না তদ্বিষয়ে যাহাতে সাহেবান বোর্ডের ও জেলা কটকের মফঃসল হাকিমানের খাতিরজমা হয় তাহা করিতে হইবেক এবং তজ্জন্য যে সকল সুলুপ তাঁহারা নিযুক্ত করিবার মানস রাখেন তাহার তালিকা প্রত্যেক টেণ্ডরের দরখাস্তের সহিত দাখিল করিতে হইবেক।

৫ সন ১৮৫৭। ৫৮ সালে যে আন্দাজ নেমক ঢোলাই করিতে হইবেক তাহা এই দফ্তরখানায় দরখাস্ত দাখিল করিলে জানিতে পারিবেক যে নেমক ঢোলাই করিতে হইবেক তাহার সমুদয় অথবা তাহার কতক অংশ অর্থাৎ তাহার চারি অংশের এক অংশের কম না হয় এমত পরিমাণে টেণ্ডরের দরখাস্ত দাখিল করিতে হইবেক।

৬ কানট্রাক্‌টদারদিগকে যে নেমক ঢোলাই করিতে দেওয়া যাইবেক সেই নেমক অক্টোবর মাসের শেষ কট্যালঅবধি ফিব্রুআরি মাসের আখিরির মধ্যে তাহারদিগকে বোঝাই করিতে প্রবর্ত্ত হইতে হইবেক।

৭ যাহারদিগের টেণ্ডর মঞ্জুর হইবেক তাহারদিগকে কানট্রাক্‌টের সরবরাহের মাতবরির কারণ কোম্পানির কাগজ আমানৎ করিতে হইবেক অথবা অন্য কোন মাতবর জামিন দাখিল করিতে হইবেক।

৮ শ্রীযুত সাহেবান বোর্ডের এক্তিয়ার রহিল যে কারণ না দর্শাইয়া কোন টেণ্ডর নামঞ্জুর করিতে পারিবেন।

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৫৭ সাল তারিখ ১২ সেপ্টেম্বর।

হ টি টুবর। সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২২ সেপ্টেম্বর।]

OPIUM. আফিম।

আফিমের ইশ্‌তিহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৭ সাল তারিখ ৯ আকটোবর শুক্রবার পূর্ব্বাহ্ন দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৫৫। ৫৬ সালের পয়দায়শী আফিমের দশম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩৬৫৫ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের পয়দায়শী আফিম	২৫৪০
বানারসের পয়দায়শী আফিম	১১১৫
জুমলা সিন্দুক	৩৬৫৫

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল ধারানুসারে সন ১৮৫৬ সালের ২৭ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহারে সমুদয় বিবরণ প্রকাশ হইয়াছে এবং কলিকাতা ও এক্সচেঞ্জ গেজেট কাগজে ছাপা হইয়াছে তাহা দৃষ্টি করিলে অথবা রিবিনিউ বোর্ডের দফতরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানত পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্সঅর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৫৭ সালের ১৪ এবং ২৪ আকটোবর এই দুই দিবস ক্রমশঃ স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিষরি নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে সব-ত্রেজরর সাহেবের দস্তখতী ত্রেজুরি রসিদ অথবা কোম্পানির কাগজ কিম্বা কোন রকম সরকারী যাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৫৭ সালের ১৪ আকটোবর বুধবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসী সববে কিস্মতের পূরা টাকার দরুণ কোন ত্রেজুরি রসিদ সন ১৮৫৭ সালের ২৪ আকটোবর শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের মেকদার আফিম সেওয়ায় ইমসন নীচের লিখিত মেকদার বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের এক্তিয়ার থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন ইতি।

				বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৫৭ সালের	১২ নবেম্বর	বৃহস্পতিবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৪০	১১১৫	৩৬৫৫
ঐ	৪ ডিসেম্বর	শুক্রবার	অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	২৫৫৯	১১৪১	৩৭০০
				৫০৫৯	২২৫৬	৭৩১৫

বিমৌজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৫৭ সাল তারিখ ১৪ সেপ্টেম্বর।

ই টি টুবর। সেক্রেটারী।

[*Government Gazette, 22nd September, 1857.*]

ইশ্তেহার।

আফিমের খরিদারান লোক সরকারী গুদামে বিনামিরাসে আফিম রাখাতে অতিশয় গরঞ্জিতা হয় একারণ ইশ্তেহার দেওয়া যাইতেছে যে আএন্দা সরকারী নীলামের খরিদের তারিখ অবধি ১২ মাস পর্য্যন্ত খরিদারান লোক বিনাখরচায় সরকারী গুদামে তাহারদিগের আফিম রাখিতে পারিবেন তাহার পর ঐ গুদামে আফিম থাকিলে প্রথম ৩ মাস ফিসিন্দুক প্রতিমাসে ১৲ টাকার হিসাবে এবং উক্ত তিন মাসের পর প্রতিমাসে ফিসিন্দুক ২৲ টাকার হিসাবে গুদাম ভ ড়া লওয়া যাইবেক।

বিমোজিব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ। ফোর্ট উলিয়ম। সন ১৮৫৭ সাল তারিখ ১২ সেপ্টেম্বর।

ই টি ট্রবর। সেক্রেটারী।

NOTICE.

It is hereby notified, that the following Government Promissory Notes stand in the Loan Registers in the name of DHOONDOO PUNTH NANA SAHIB, who has been guilty of waging War against the State, and all persons are hereby warned against taking or purchasing the same.

The Notes have been stopped in the Loan Office.

No.				
No. 22475	of 1842-43,	dated 1st February 1843,	for Co.'s Rs.	50,000
,, 22485	,,	,,	,,	50,000
,, 22486	,,	,,	,,	50,000
,, 22487	,,	,,	,,	50,000
,, 22488	,,	,,	,,	50,000
,, 22489	,,	,,	,,	10,000
,, 22491	,,	,,	,,	10,000
,, 22492	,,	,,	,,	10,000
,, 22493	,,	,,	,,	10,000
,, 22494	,,	,,	,,	10,300

EDMOND DRUMMOND, *Accountant General.*

Government Loan Office, 31st August, 1857.

বিজ্ঞাপন।

ইহাতে সম্বাদ দেওয়া গেল যে, কর্জের রেজিষ্টরী বহীতে নীচের লিখিত কোম্পানির কাগজ ঢুণ্ডু পন্থ নানা সাহেবের নামে আছে। সেই নানা সাহেব রাজ্যের বিপরীতে যুদ্ধ করিয়াছে। সকল লোককে সতর্ক করা যাইতেছে যে তাহার ঐ কোম্পানির কাগজ না লয় ও খরীদ না করে।

লোন আফিসে ঐ সকল কাগজের টাকা দেওয়া বন্দ হইয়াছে।

১৮৪৩ সালের ১ ফেব্রুআরি তারিখের ১৮৪২।	৪৩ সালের	২২৪৭৫	নম্বরের	৫০,০০০৲
ঐ	ঐ	২২৪৮৫	ঐ	৫০,০০০৲
ঐ	ঐ	২২৪৮৬	ঐ	৫০,০০০৲
ঐ	ঐ	২২৪৮৭	ঐ	৫০,০০০৲
ঐ	ঐ	২২৪৮৮	ঐ	৫০,০০০৲
ঐ	ঐ	২২৪৮৯	ঐ	১০,০০০৲
ঐ	ঐ	২২৪৯১	ঐ	১০,০০০৲
ঐ	ঐ	২২৪৯২	ঐ	১০,০০০৲
ঐ	ঐ	২২৪৯৩	ঐ	১০,০০০৲
ঐ	ঐ	২২৪৯৪	ঐ	১০,৩০০৲

এডমণ্ড ড্রুমণ্ড। আকোণ্টেণ্ট জেনরল।

গবর্ণমেণ্ট লোন আফিস। ১৮৫৭ সাল ৩১ আগষ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর ও পেনসানের বিধির সংগ্রহ গবর্ণমেণ্টের বাঙ্গলা তরজমাকার শ্রীযুত জান রাবিনসন সাহেবকর্তৃক উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রাঙ্কিত হইয়াছে মূল্য ৸০ বারো আনা শ্রীরামপুরে উক্ত সাহেবের নিকটে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি।

বিজ্ঞাপন।

সকল লোককে জ্ঞাত করা যাইতেছে যে শ্রীলশ্রীযুক্ত মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের চরিত্র বর্ণন উত্তমাক্ষরে ও উত্তম কাগজে শ্রীরামপুরের যন্ত্রালয়ে দ্বিতীয়বার মুদ্রিত হইল। মূল্য ॥০ আট আনামাত্র।

বিজ্ঞাপন।

চট্টগ্রামের এশিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত অভয়চন্দ্র দাসকর্তৃক বাঙ্গলা মাজিষ্ট্রেটীর উপদেশ বিক্রয়ার্থে কলিকাতা দোকানে শ্রীযুত থাকর স্পিঙ্ক কোম্পানির বাটীতে আছে। মূল্য ৪৲ চারি টাকা মাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭।২২ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, SEPTEMBER 29, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২৯ সেপ্টেম্বর।

ACTS.

LEGISLATIVE COUNCIL.

THE 1ST AUGUST, 1857.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 31st July 1857, and is hereby promulgated for general information:—

ACT. No. XXIV. OF 1857.

An Act to authorize the levy of Port-dues and Fees at the present rates for a further period of six months.

[Preamble.]

WHEREAS the period during which the dues and fees now usually collected at the several Ports within the territories in the possession and under the Government of the East India Company may be collected at such Ports respectively, as fixed by Act XVI. of 1856, will expire on the 13th of August 1857; and it is expedient to extend that period:

[Continuance of existing Port-dues and fees for six months.]

It is hereby enacted that the dues and fees now usually collected at the several Ports within the said territories, may be collected at such Ports during the period of six months from the 13th of August 1857.

W. MORGAN,
Clerk of the Council.

আইন।

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১ আগষ্ট।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইনের বিষয়ে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৭ সালের ৩১ জুলাই তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করিয়াছেন। সেই আইন সকল লোককে জানাইবার নিমিত্তে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২৪ আইন।

বন্দরের মাসুল ও রসুম এইক্ষণে যে হিসাবে লওয়া যাইতেছে সেই হিসাবে আর ছয় মাসপর্য্যন্ত লইবার ক্ষমতা দিবার আইন।

[হেতুবাদ।]

কোম্পানি বাহাদুরের অধিকৃত ও শাসিত দেশের নানা বন্দরে যে মাসুল ও রসুম এইক্ষণে আদায় হইয়া থাকে, তাহা সেই২ বন্দরে আদায় হইবার যে কাল ১৮৫৬ সালের ১৬ আইনমতে নির্দ্ধার্য্য হইয়াছিল, সেই কাল ১৮৫৭ সালের ১৩ আগষ্ট তারিখে উত্তীর্ণ হইবেক, ও সেই কাল বৃদ্ধি করা বিহিত।

[এইক্ষণে বন্দরের যে মাসুল ও রসুম লওয়া যায় তাহা ছয় মাসপর্য্যন্ত চলনের কথা।]

ইহাতে হুকুম হইল যে, উক্ত দেশের অন্তঃপাতি নানা বন্দরে যে২ মাসুল ও রসুম এইক্ষণে আদায় হইয়া থাকে, তাহা ১৮৫৭ সালের ১৩ আগষ্ট অবধি ছয় মাসপর্য্যন্ত সেই২ বন্দরে আদায় হইতে পারিবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

LEGISLATIVE COUNCIL.

THE 11TH JULY, 1857.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 10th July 1857, and is hereby promulgated for general information :—

ACT No. XXI. OF 1857.

An Act to make better provision for the order and good government of the Suburbs of Calcutta and of the Station of Howrah.

[Preamble.]

WHEREAS Acts have been passed for regulating the Police and for the Conservancy and improvement of the Town of Calcutta and of the other Presidency Towns; and whereas large portions of the Suburbs of the said Town of Calcutta and of the Station of Howrah are not less populous than parts of the said Town, and it will conduce to the order and good government of the said Suburbs and Station that some of the provisions of the said Acts, with certain necessary modifications, should be extended to the said Suburbs and Station: It is enacted as follow :—

[Cases under this Act by whom to be tried.]

I. Whoever is charged with having committed any of the offences mentioned in this Act within the limits of the said Suburbs or Station, as described in the Schedule hereunto annexed, may be tried for any such offence by the Magistrate within whose jurisdiction the offence is alleged to have been committed; and, on conviction, may be sentenced by such Magistrate to the punishment hereinafter prescribed for the offence.

[Fraudulent possession of stolen property.]

II. *Clause* 1.—Whoever has in his possession, or conveys in any manner, any thing which may be reasonably suspected of being stolen or fraudulently obtained, shall, if he fail to account satisfactorily how he came by the same, be liable to a penalty not exceeding one hundred Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding three months.

[Power to summon persons declared to have had possession of such property within the jurisdiction of the Magistrate. Penalty if such possession fraudulent.]

Clause 2.—If any person, charged with having or conveying any thing stolen or fraudulently obtained, shall declare that he received the same from some other person, or that he was employed as a carrier, agent, or servant, to convey the same for some other person, the Magistrate may cause every such other person, and also, if necessary, every former or pretended purchaser or other person through whose possession the same shall have passed (provided that such other person

ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১১ জুলাই।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইনের বিষয়ে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৭ সালের ১০ জুলাই তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সর্ব্ব সাধারণ লোককে জানাইবার নিমিত্তে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২১ আইন।

কলিকাতার শহরতলীর ও হাবড় মোকামের সুধারা ও সুশাসন হইবার জন্যে আরো উত্তম বিধান করিবার আইন।

[হেতুবাদ।]

কলিকাতা নগরের ও অন্যং রাজধানীর প্রধান নগরের পোলীসের বধান করিবার ও সেইং নগর পরিপাটীরূপে রাখিবার ও আরো উত্তম করিবার আইন জারী হইয়াছে, আর উক্ত কলিকাতা নগরের কোনং স্থানে যত লোকের বসতি আছে ঐ নগরের শহরতলীর ও হবড়া মোকামের অনেক অংশেতে তাহার কম লোকের বসতি নাই, আর উক্ত আ[illegible]ক্তক বিধানের কোনং কথা আবশ্যকমতে মত[illegible]র করিয়া ঐ বিধান উক্ত শহরতলীতে ও মোকামে চলন করাইলে উক্ত শহরতলীর ও মোকামের সুধারা ও সুশাসন হয়। এইং কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[এই আইনমতের মোকদ্দমা যাঁহার বিচার করিতে হইবেক।]

১ ধারা। এই আইনের শেষভাগের লিখিত তফসীলে উক্ত শহরতলীর কি মোকামের যে সীমানা নির্দ্দিষ্ট হইয়াছে তাহার মধ্যে এই আইনের লিখিত কোন অপরাধ করিবার নালিশ যে কোন ব্যক্তির নামে হয়, তাহার অপরাধ যে মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে করা গিয়াছে কথিত হয় তিনি সেই অপরাধের বিচার করিতে পারিবেন, ও দোষ সাব্যস্ত হইলে, ঐ অপরাধের যে দণ্ড পশ্চাতে নির্দ্দিষ্ট হইয়াছে ঐ মাজিষ্ট্রেট সাহেব সেই দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[চোরা জিনিস প্রতারণা করিয়া নিকটে রাখণ।]

২ ধারা। ১ প্রকরণ।—চুরী করা গিয়াছে কি প্রতারণা করিয়া পাওয়া গিয়াছে এমত সন্দেহ যে কোন দ্রব্যের উপর উচিতমতে হইতে পারে, তাহা যাহার নিকটে থাকে, কিম্বা যে কেহ কোন প্রকারে তাহা লইয়া যাইতেছে, সেই ব্যক্তি ঐ দ্রব্য যে প্রকারে পাইয়াছে তাহার দেওয়া যদি হৃদ্বোধমতে কহিতে না পারে, তবে সে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, কিম্বা কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা তিন মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ হইবার যোগ্য হইবেক।

[মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে যে ব্যক্তির নিকটে ঐ সম্পত্তি ছিল কহা যায় তাহাকেও সমন করিবার ক্ষমতা। যদি নিকটে রাখা প্রতারণা করিয়া হয় তবে তাহার দণ্ড।]

২ প্রকরণ।—চোরা দ্রব্য কি প্রতারণা করিয়া যাহা পাওয়া গিয়াছে এমত কোন দ্রব্য নিকটে রাখিবার কি লইয়া যাইবার নালিশ যে কোন ব্যক্তির নামে হয়, সে যদি কহে যে, আমি ঐ দ্রব্য অন্য লোকের স্থানে পাইয়াছি, কিম্বা অন্য লোকের নিমিত্তে ঐ দ্রব্য লইয়া যাইবার জন্যে আমাকে বাহক কি কর্ম্মকারক কি চাকর রাখা গিয়াছে, তবে মাজিষ্ট্রেট সাহেব সেই অন্য প্রত্যেক ব্যক্তিকে, আর আবশ্যক হইলে সেই দ্রব্যের পূর্ব্বকার সত্য কি কল্পিত খরীদারকে আপনার সম্মুখে হাজির করাইতে পারিবেন, কিম্বা যাহার নিকটে ঐ দ্রব্য ছিল

shall be alleged to have had possession of the same within the jurisdiction of such Magistrate), to be brought before him and examined, and shall examine witnesses touching the same and if it appear to such Magistrate that any person so brought before him had possession of such thing, and had reasonable cause to believe the same to have been stolen or unlawfully obtained, such person shall be liable to a penalty not exceeding one hundred Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding three months.

[Apprehension and punishment of reputed thieves, &c.]

III. Any person found between sun-set and sun-rise, armed with any dangerous or offensive instrument whatsoever, with intent to commit any offence against the person or property of another; any reputed thief found between sun-set and sun-rise, on board any vessel or boat, or lying or loitering in any bazar, street, road, yard, thoroughfare, or other place, who shall not give a satisfactory account of himself; any person found between sun-set and sun-rise, having his face covered or otherwise disguised, with intent to commit any such offence as aforesaid; any person found between sun-set and sun-rise, in any dwelling-house or other building whatsoever, without being able satisfactorily to account for his presence therein; and any person having in his possession, without lawful excuse (the proof of which excuse shall be on such person), any implement of house-breaking, shall be liable to imprisonment, with or without hard labor, for a term not exceeding three months; and any such person may be taken into custody by any Police Officer without a warrant.

[Penalty for carrying arms without authority.]

IV. Whoever, not being a soldier or sailor, in the Army or Navy of the Queen or the East India Company, or a Police Officer, goes armed with any sword, spear, gun, or other offensive weapon, in any street, thoroughfare, or public place, unless by leave of the Magistrate, shall be liable to be disarmed by any Police Officer; and the weapon so seized shall be forfeited to the Government, unless redeemed by payment of a fine, at the discretion of the Magistrate, not exceeding ten Rupees.

[Magistrate may make order for maintenance of wives or children.]

V. If any person, having sufficient means, neglects or refuses to maintain his wife or any legitimate or illegitimate child unable to maintain himself, it shall be lawful for the Magistrate, upon

এমত অন্য কোন ব্যক্তিকেও আপনার সম্মুখে হাজির করাইতে পারিবেন (কিন্তু শেষ স্থলে প্রয়োজন যে ঐ মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যে থাকিতে, ঐ দ্রব্য ঐ অন্য লোকের নিকটে ছিল ইহা ব্যক্ত হয়) ও তাহার জোবানবন্দী লইতে পারিবেন, আর তদ্বিষয়ের সাক্ষিরদের জোবানবন্দী লইবেন। আর যাহারদিগকে তাঁহার সম্মুখে হাজির করা যায় তাহারদের কোন ব্যক্তির নিকটে সেই দ্রব্য ছিল, ও তাহা চুরী করা গিয়াছে কি বেআইনীমতে পাওয়া গিয়াছে ইহা জানিবার ঐ ব্যক্তির বিশিষ্ট কারণ ছিল, মাজিষ্ট্রেট সাহেব যদি ইহা বোধ করেন, তবে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক. কিম্বা কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা তিন মাসের অনধিক কোন কাল কয়েদ থাকিবার যোগ্য হইবেক ইতি।

[প্রসিদ্ধ চোরপ্রভৃতির গ্রেফ্তার ও দণ্ড করণ।]

৩ ধারা। কোন ব্যক্তির উপর কি অন্যের সম্পত্তির উপর অপরাধ করিবার অভিপ্রায়ে আশঙ্কা কি আঘাতজনক কোন অস্ত্রশস্ত্রেতে সজ্জিত যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কালে পাওয়া যায়,—ও প্রসিদ্ধ যে কোন চোরকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কালে কোন জাহাজে কি নৌকাতে পাওয়া যায়, কিম্বা কোন বাজারে কি রাস্তায় কি পথে কি প্রাঙ্গণে কি সকলের গমনীয় পথে কি অন্য স্থানে লুকাইয়া থাকিতে কি অকারণে বেড়াইতে দেখা যায়, যদি সে আপনার বেওরা সদ্বোধমতে কহিতে না পারে তবে সেই ব্যক্তি,—ও পূর্ব্বোক্ত প্রকারের কোন অপরাধ করিবার অভিপ্রায়ে মুখ আচ্ছাদন করিয়া কি অন্য প্রকারে ছদ্মবেশী হইয়া রহিয়াছে, এমত যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কালে পাওয়া যায় সেই ব্যক্তি—ও যে কোন ব্যক্তিকে সূর্য্যের অস্ত ও উদয় হইবার মধ্য কালে কোন বসতবাটীতে কিম্বা অন্য কোন প্রকারের ঘরে পাওয়া যায়, যদি সেই ব্যক্তি আপনার সেই ঘরে থাকিবার কারণ সদ্বোধমতে জানাইতে না পারে তবে সেই ব্যক্তি,—ও যে কোন ব্যক্তির নিকটে সিঁধ কাটিবার অস্ত্র পাওয়া যায় সে যদি ঐ অস্ত্র নিকটে রাখিবার আইনসিদ্ধ ওজর জানাইতে না পারে, (সেই ওজরের প্রমাণ করিবার ভার সেই ব্যক্তির প্রতি থাকিবেক) তবে সেই ব্যক্তি, কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা তিন মাসের অনধিক কাল কয়েদ থাকিবার যোগ্য হইবেক, ও তদ্রূপ কোন ব্যক্তিকে পোলীসের কোন আমলা ওয়ারণ্ট না পাইয়াও হেফাজতে লইতে পারিবেক ইতি।

[অনুমতি না পাইয়া অস্ত্রাদি লইয়া যাইবার দণ্ড।]

৪ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর কিম্বা কোম্পানি বাহাদুরের সৈন্যদলের কি যুদ্ধজাহাজের সিপাহী কি নাবিক না হইয়া, কিম্বা পোলীসের আমলা না হইয়া, যে কোন ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি না পাইয়া কোন তলওয়ার কি বড়শা কি বন্দুক কি আঘাত করিবার অন্য অস্ত্রেতে সজ্জিত হইয়া কোন রাস্তায় কি সকলের গমনীয় পথে, কি সরকারী কোন স্থানে বেড়ায়, সেই ব্যক্তিহইতে পোলীসের কোন আমলা ঐ অস্ত্রশস্ত্র লইতে পারিবেক। আর সেই প্রকারের লওয়া ঐ অস্ত্রাদি সরকারে জব্দ হইবেক। কিন্তু মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে ১০৲ টাকার অনধিক জরীমানা দিলে ঐ ব্যক্তি তাহা ফিরিয়া পাইতে পারিবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব স্ত্রীপুত্রাদির প্রতিপালনের হুকুম করিতে পারিবেন।]

৫ ধারা। কোন ব্যক্তির প্রচুর সঙ্গতি থাকিতেও যদি সে আপনার স্ত্রীর, কিম্বা বিবাহিতা কি অবিবাহিতা স্ত্রীর গর্ভে আপনার জাত যে সন্তান আপনাকে প্রতিপালন করিতে না পারে তাহার, ভরণপোষণ না করে

due proof thereof, to order such person to make a monthly allowance for the maintenance of his wife or such child as aforesaid, at such rate, not exceeding fifty Rupees in the whole, as to the Magistrate shall seem reasonable; and if such person shall wilfully neglect to comply with the said order, the Magistrate may, by warrant, direct the amount due to be levied in the manner in which fines may be levied, or may order him to be imprisoned, with or without hard labor, for any term not exceeding one month. Provided always that any such person shall be at liberty to apply to the Magistrate, from time to time, for a reduction of such monthly allowance, on proof of an alteration in the circumstances of himself, his wife, or child, justifying such reduction.

[Penalty for harbouring and concealing deserters from merchant vessels.]

VI. Whoever wilfully harbours or conceals any seaman or apprentice belonging to a merchant vessel, knowing, or having reason to believe, such seaman or apprentice to be a deserter, shall be liable to a fine not exceeding one hundred Rupees.

[Brothels.]

VII. On the complaint of three or more householders, that a house in their immediate neighbourhood is used as a common brothel, or lodging-house for prostitutes or disorderly persons of any description, to the annoyance of the respectable inhabitants of the vicinity, the Magistrate may summon the owner or tenant of the house to answer the complaint; and on being satisfied that the house is so used, and is therefore a source of annoyance and offence to the neighbours, may order the owner or tenant to discontinue such use of it: and if he shall fail to comply with such order within five days, may impose upon him a fine to the extent of twenty-five Rupees for every day thereafter that the house shall be so used.

[Licenses for retail sale of spirituous or fermented liquors to be granted with concurrence of Magistrate.]

VIII. Except as hereinafter provided, no license shall be granted by the Collector for the sale by retail of any spirituous or fermented liquors in any Hotel, Tavern, Punch house, Ale-house, Arrack or Toddy Shop, or other place of public resort and entertainment, without the concurrence of the Magistrate. If a difference should arise between the Collector and the Magistrate respecting the grant of any such license, the case shall be reported to the Commissioner of Revenue and Circuit; and the decision of the Commissioner, subject to the orders and control of the Lieutenant-Governor of Bengal, shall be final.

[Revocation of license.]

IX. Whenever any person, being the keeper

কিম্বা করিতে অস্বীকার করে, তবে তাহার উপযুক্ত প্রমাণ হইলে মাজিষ্ট্রেট সাহেব তাহাকে আপন স্ত্রীর ও পূর্ব্বোক্ত প্রকারের সন্তানের ভরণপোষণের নিমিত্তে মোটে পঞ্চাশ টাকার অনধিক যত উচিত বোধ করেন তত মাসে২ দিতে আজ্ঞা করিতে পারিবেন। আর যদি সেই ব্যক্তি সেই হুকুমমতে কর্ম্ম করিতে জানিয়াশুনিয়া ত্রুটি করে, তবে মাজিষ্ট্রেট সাহেব ওয়ারণ্ট জারী করিয়া জরীমানা যেরূপে আদায় হইতে পারে সেইরূপে ঐ পাওনা টাকা আদায় করিবার হুকুম করিতে পারিবেন, অথবা তাহার এক মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার আজ্ঞা করিতে পারিবেন। পরন্তু সেইরূপ কোন ব্যক্তি আপনার মাসে২ দেনা ঐ টাকা কম করা যায় এমত দরখাস্ত মাজিষ্ট্রেট সাহেবের নিকটে সময়েং করিতে পারিবেক। কিন্তু এরূপ কম করা যাহাতে ন্যায্য হয় তাহার নিজের কি আপন স্ত্রীর, কি সন্তানের এমত অবস্থাবিশেষের প্রমাণ করিতে হইবেক ইতি।

[সওদাগরী জাহাজের পলাতক ব্যক্তিরদিগকে আশ্রয় দিবার ও লুকাইয়া রাখিবার দণ্ড।]

৬ ধারা। কোন সওদাগরী জাহাজের কোন নাবিক কি আপ্রেন্টিস জাহাজহইতে পলাইয়াছে জানিয়া কি এমত জানিবার কারণ পাইয়া, যে কোন ব্যক্তি তাহাকে ইচ্ছাপূর্ব্বক আশ্রয় দেয় কি লুকাইয়া রাখে সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[বেশ্যালয়।]

৭ ধারা। তিন কি ততোধিক গৃহস্থ ব্যক্তি যদি এইরূপ নালিশ করে যে, আমারদের ঘরের অতিনিকট এক ঘর সামান্য বেশ্যালয় করিয়া, কিম্বা বেশ্যারদের কি অনিয়মিতাচারি কোন প্রকার লোকেরদের বাসা করিয়া রাখা যায়, ও তাহাতে প্রতিবাসি সদ্ভ্রান্ত লোকেরদের অত্যন্ত ক্লেশ হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ ঘরের স্বামিকে কি নিবাসিকে সেই নালিশের জওয়াব দিতে তলব করিতে পারিবেন। আর সেই ঘর সেইপ্রকারে রাখা যাইতেছে ও তৎপ্রযুক্ত প্রতিবাসিরদের অত্যন্ত ক্লেশ ও অনিষ্ট হয়, ইহা সন্তোষমতে জানিলে তিনি ঐ স্বামিকে কি নিবাসিকে আজ্ঞা করিতে পারিবেন যে, ঐ ঘর সেই কার্য্যের নিমিত্তে আর রাখিতে না দেয়। আর যদি সেই লোক পাঁচ দিনের মধ্যে সেই আজ্ঞামতে কার্য্য না করে, তবে তাহার পর যত দিন ঐ ঘর সেইরূপে রাখা যায়, তাহার দিনপ্রতি তিনি পঁচিশ টাকাপর্য্যন্ত তাহার জরীমানা করিতে পারিবেন ইতি।

[গাঁজাধরা শরাবের খুজরা বিক্রয়ের পাট্টা মাজিষ্ট্রেট সাহেবের সম্মতিক্রমে দেওয়া যাইবেক।]

৮ ধারা। ইহার পরে যে স্থলের বিধান হইয়াছে তদ্ভিন্ন অন্য স্থলে, কোন হোটেলে কি টাবর্ণে কি পঞ্চ ঘরে কি এলঘরে কিম্বা আরক কি তাড়ীর দোকানে কিম্বা সাধারণ লোকেরদের গমনাগমন ও আহারাদি করিবার অন্য স্থানে, কোন মাদক কি গাঁজাধরা শরাবের খুজরা বিক্রয় করিবার পাট্টা কালেক্টর সাহেব মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি না পাইলে দিবেন না। যদি সেই প্রকারের কোন পাট্টা দিবার বিষয়ে কালেক্টর সাহেবের ও মাজিষ্ট্রেট সাহেবের মধ্যে কিছু অনৈক্য হয়, তবে সেই কথার রিপোর্ট রাজস্বের ও দায়েরসায়েরীর কমিসানর সাহেবের নিকটে করা যাইবেক, ও বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম ও কর্তৃত্বের অধীনে কমিসানর সাহেব যে নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

[পাট্টা বাতিল করণ।]

৯ ধারা। সাধারণ লোকেরদের গমনাগমন ও আ-

of any such house or place of public resort and entertainment as aforesaid, is convicted of any of the offences specified in Section XLV. Act XXI. of 1856, the Magistrate may, if he think proper, apply to the Collector to revoke the license granted by him to such person; and upon such application the Collector shall forthwith revoke such license.

হারাদি করিবার পূর্ব্বোক্ত প্রকারের কোন ঘরের কি স্থানের রক্ষক কোন ব্যক্তির নামে যদি ১৮৫৬ সালের ২১ আইনের ৪৫ ধারার নির্দ্দিষ্ট কোন দোষ সাব্যস্ত হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব উপযুক্ত বোধ করিলে কালেক্টর সাহেবের নিকটে এমত দরখাস্ত করিতে পারিবেন যে ঐ ব্যক্তিকে যে পাট্টা দেওয়া গিয়াছিল তাহা বাতিল করা যায়, আর তিনি সেইরূপে দরখাস্ত করিলে কালেক্টর সাহেব অগোণে ঐ পাট্টা বাতিল করিবেন ইতি।

[Penalty for owning or keeping, or being employed in a gaming-house, &c.]

X. Whoever, being the owner or occupier, or having the use of any house, room, or place, keeps or uses the same as a common gaming-house; and whoever, being the owner or occupier of any house or room, knowingly and wilfully permits the same to be kept or used by any other person as a common gaming house; and whoever has the care or management of or in any manner assists in conducting the business of any house, room, or place so kept or used; and whoever advances or furnishes money for the purpose of gaming with persons frequenting such house, room, or place—shall be liable to a fine not exceeding two hundred Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding three months.

[জুয়াখেলাপ্রভৃতি করিবার ঘরের স্বামী হইবার কি ঐ ঘর রাখিবার কিম্বা তাহাতে কর্ম্ম করিবার দণ্ড।]

১০ ধারা। কোন ঘরের কি কুঠরীর কি স্থানের স্বামী কি বাশেন্দা হইয়া, কিম্বা তাহার ব্যবহার করিতে পাইয়া যে কোন ব্যক্তি সেই ঘরআদি জুয়াখেলার সাধারণ ঘর করিয়া রাখে কি ব্যবহার করে, ও কোন ঘরের কি কুঠরীর স্বামী কি বাশেন্দা হইয়া যে কোন ব্যক্তি সেই ঘর সাধারণ জুয়া খেলার ঘরের মত অন্য কোন লোকের দ্বারা রাখিতে কি তাহার তদ্রূপ ব্যবহার হইতে জানিয়াশুনিয়া ও ইচ্ছাপূর্ব্বক অনুমতি দেয় সেই ব্যক্তি, আর সেইরূপে যে কোন ঘর কি কুঠরী কি স্থান রাখা যায় কি যে কোন ঘরআদির তদ্রূপে ব্যবহার হয় তাহার রক্ষা কি তত্ত্বাবধারণের কর্ম্ম যে ব্যক্তির থাকে কিম্বা যে ব্যক্তি তাহার কর্ম্ম চালাইবার কোন প্রকারে সাহায্য করে, ও সেই ঘরে কি কুঠরীতে কি স্থানে যে লোকেরা গিয়া থাকে তাহারদের সঙ্গে জুয়াখেলা করিবার নিমিত্তে যে কোন ব্যক্তি টাকা আগাম দেয় কি যোগায়, সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, অথবা তিন মাসের অনধিক কোন কাল কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[Penalty for being found playing in a gaming-house.]

XI. Whoever is found in any such house, room, or place, playing or gaming with cards, dice, counters, money, or other instruments of gaming, or is found there present for the purpose of gaming, whether playing for any money, wager, stake, or otherwise, shall be liable to a fine not exceeding one hundred Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding one month; and any person found in any common gaming-house during any gaming or playing therein, shall be presumed, until the contrary be proved, to have been there for the purpose of gaming.

[জুয়াখেলা করিবার ঘরে যাহাকে খেলিতে দেখা যায় তাহার দণ্ড।]

১১ ধারা। সেই প্রকারের কোন ঘরে কি কুঠরীতে কি স্থানে যে কোন ব্যক্তিকে তাস কি পাশা কি ঘুঁটি কি টাকা, কিম্বা জুয়াখেলা করিবার অন্য দ্রব্য লইয়া খেলা করিতে কি জুয়াখেলা করিতে দেখা যায়, কিম্বা জুয়াখেলা করিবার অভিপ্রায়ে সেই স্থানে বর্ত্তমান দেখা যায়, সেই ব্যক্তি কোন টাকার জন্যে, কিম্বা পণকরা কি বাজিরাখা বিষয়ের জন্যে খেলা করুক কি না করুক, সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, কিম্বা এক মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক। আর সাধারণ জুয়াখেলার ঘরে যে সময়ে কোন জুয়াখেলা কি ক্রীড়া হইতেছে সেই সময়ে যে কোন ব্যক্তিকে সেই ঘরে দেখা যায়, যাবৎ বিপরীত প্রমাণ না করা যায় তাবৎ সেই ব্যক্তি জুয়াখেলা করিবার জন্যে সেই ঘরে ছিল, এমত জ্ঞান হইবেক ইতি।

[Magistrate may grant warrants to Police Officers to enter a gaming-house for the purpose of search and seizure.]

XII. If the Magistrate, upon information on oath, and after such enquiry as he may think necessary, has reason to believe that any house, room, or place is used as a common gaming-house, he may, by his warrant, give authority to any superior Officer of Police to enter with such assistance as may be found necessary, by night or by day, and by force if necessary, any such house, room, or other place; and to take into custody all persons whom he finds therein, whether or not

[মাজিষ্ট্রেট সাহেব তলাশ ও গ্রেপ্তার করিবার জন্যে পোলীসের আমলারদিগকে জুয়াখেলার ঘরে প্রবেশ করিবার ওয়ারেণ্ট দিতে পারিবেন।]

১২ ধারা। সামান্য জুয়াখেলার ঘর করিয়া কোন ঘর কি কুঠরী কি স্থান রাখা যাইতেছে, মাজিষ্ট্রেট সাহেব এই সম্বাদ শপথক্রমে পাইলে, ও যেরূপ সন্ধান লওয়া আবশ্যক বোধ করেন তাহা লইয়া যদি সেই কথা বিশ্বাস করেন, তবে তিনি আপন ওয়ারেণ্ট দিয়া পোলীসের কোন প্রধান আমলাকে এই ক্ষমতা দিতে পারিবেন যে, আপন সাহায্যের জন্যে যাহারদের আবশ্যক হয় তাহারদিগকে লইয়া সেই প্রকারের কোন ঘরে কি কুঠরীতে কি অন্য স্থানে, রাত্রিতে কি দিনে, ও আবশ্যক হইলে বলপূর্ব্বক

then actually gaming; and to seize all instruments of gaming and all monies, and securities for money, and articles of value, reasonably suspected to have been used or intended to be used for the pupose of gaming, which are found therein; and to search all parts of the house, room, or place which he shall have so entered, when he has reason to believe that any instruments of gaming are concealed therein, and also the persons of those whom he so takes into custody; and to seize and take possession of all instruments of gaming found upon such search.

[On conviction for keeping a gaming-house, instruments of gaming to be destroyed, &c.]

XIII. On conviction of any person for keeping any such common gaming-house, or being present therein for the purpose of gaming, all the instruments of gaming found therein shall be destroyed by order of the Magistrate, who may also order all or any of the securities for money, and other articles seized, not being instruments of gaming, to be sold and converted into money, and the proceeds thereof, with all monies seized therein, to be forfeited; or, in his discretion, may order any part thereof to be returned to the persons appearing to have been severally thereunto entitled.

[Portion of fine may be paid to informer.]

XIV. The Magistrate may direct any portion, not exceeding one-fourth, of any fine which shall be levied under Sections X. and XI. of this Act, or any part of the monies or proceeds of articles seized and ordered to be forfeited under Section XIII., to be paid to an informer.

[Gambling in the streets.]

XV. A Police Officer may apprehend without warrant any person found gaming with cards, dice, counters, money, or other instruments of gaming, in any public street, place, or thoroughfare; and such person shall be liable to a fine not exceeding twenty Rupees, or to imprisonment, with or without hard labor, for any term not exceeding one month; and such instruments of gaming and money shall be forfeited.

[Pawn-brokers and money-changers to report stolen property under a penalty for neglect.]

XVI. If any property regarding which written or printed information shall be given by any Police Officer to any pawn-broker or dealer in second-hand property or money-changer as having been stolen, embezzled, or fraudulently obtained, shall then be or thereafter come into the possession of or be offered in pawn or for sale or change

প্রবেশ করে, ও সেই স্থানে যাহারদিগকে পায় তাহারা সেই সময়ে নিতান্ত খেলা করুক কি না করুক সেই সকল ব্যক্তিকে হেফাজতে লয়, ও সেই স্থানে জুয়াখেলা করিবার যে সকল দ্রব্য পাওয়া যায়, তাহা, ও যে সকল টাকা ও টাকার নিদর্শন ও মুল্যবান দ্রব্য জুয়াখেলার জন্যে ব্যবহার হইয়াছে কিম্বা হইবার নিমিত্তে থাকে এমত সন্দেহ উপযুক্তমতে হইতে পারে, তাহা ক্রোক করে, আর যে ঘরে কি কুঠরীতে কি স্থানে সেইপ্রকারে প্রবেশ করিয়াছে তাহাতে জুয়াখেলা করিবার কোন দ্রব্য লুকাইয়া রাখা গিয়াছে এমত বুঝিবার কারণ থাকিলে, তাহার সকল স্থানে তলাশ করে, আর সেইপ্রকারে যে ব্যক্তিরদিগকে হেফাজতে লয় তাহারদের গা তলাশী করে, আর সেইপ্রকারে তলাশ করিয়া জুয়াখেলা করিবার যে সকল দ্রব্য পায়, তাহা ক্রোক করিয়া লয় ইতি।

[জুয়াখেলার ঘর রাখিবার দোষ সাব্যস্ত হইলে তাসআদি নষ্ট করা যাইবেক।]

১৩ ধারা। কোন ব্যক্তির সেই প্রকারের কোন সামান্য জুয়াখেলার ঘর রাখিবার, কিম্বা জুয়াখেলার নিমিত্তে সেই ঘরে উপস্থিত হইবার দোষ সাব্যস্ত হইলে সেই ঘরের মধ্যে জুয়াখেলার যে সকল দ্রব্য পাওয়া যায় তাহা মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে নষ্ট করা যাইবেক। আরো তিনি জুয়াখেলার দ্রব্য না হইয়া টাকার যে নিদর্শন ও অন্য দ্রব্য ক্রোক করা গিয়াছে, তাহার সমুদয় কিম্বা তাহার মধ্যে কোন দ্রব্য বিক্রয় হইয়া, তাহার টাকা লইবার আজ্ঞা করিতে পারিবেন, ও তাহাতে যত টাকা পাওয়া যায় তত টাকা ও সেই ঘরের মধ্যে যে সকল টাকা ক্রোক হয় তাহাও জব্দ হইবার, কিম্বা তাঁহার বিবেচনামতে যেং ব্যক্তিরদের ঐ টাকা পাইবার স্বত্ব থাকে বোধ হয় তাহারদিগকে তাহার কোন অংশ ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[জরীমানার এক অংশ গোয়েন্দাকে দেওয়া যাইতে পারিবেক।]

১৪ ধারা। এই আইনের ১০ ও ১১ ধারামতে যে কিছু জরীমানা আদায় হয় তাহার চতুর্থাংশের অনধিক কোন অংশ, কিম্বা ১৩ ধারামতে য কিছু টাকা কি দ্রব্য ক্রোক হইয়া জব্দ হইবার আজ্ঞা হয় সেই টাকার কি সেই দ্রব্যের উৎপন্ন টাকার কোন অংশ গোয়েন্দাকে দেওয়া যায়, মাজিষ্ট্রেট সাহেব এমত আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[রাস্তার জুয়াখেলা করিবার দণ্ড।]

১৫ ধারা। তাস কি পাশা কি ঘুঁটি কি টাকা কিম্বা জুয়াখেলার অন্য দ্রব্য লইয়া কোন ব্যক্তিকে সরকারী কোন রাস্তায় কি স্থানে কি সকল লোকের গমনীয় পথে, জুয়াখেলা করিতে পাওয়া গেলে, পোলীসের আমলা তাহাকে ওয়ারণ্ট বিনাও গ্রেপ্তার করিতে পারিবেক। আর সেই ব্যক্তি কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, কিম্বা এক মাসের অনধিক কোন কাল কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক, ও জুয়াখেলার সেই দ্রব্য ও টাকা জব্দ হইবেক ইতি।

[বন্ধকী দ্রব্যের মহাজনেরা ও পোদ্দারেরা চোরা জিনিসের রিপোর্ট করিবেক। না করিবার দণ্ড।]

১৬ ধারা। চুরী করা গিয়াছে, কি তহবীল ভাঙ্গিয়া কি প্রতারণা করিয়া লওয়া গিয়াছে বলিয়া কোন দ্রব্যের লেখা কি ছাপাকরা সম্বাদ পোলীসের কোন আমলা কোন বন্ধকী দ্রব্যের মহাজনকে কিম্বা পুরাতন বস্তুর পাইকারকে কিম্বা পোদ্দারকে দিলে পর, তাহার কোন দ্রব্য যদি সেই সময়ে কি তাহার পরে সেই বন্ধকী দ্রব্যের মহাজনের কি পাইকারের কি

to such pawn-broker, dealer, or money-changer, he shall, without unnecessary delay, give information at the nearest Police Office, that certain property, answering the description of the said property, was offered to him, or is in his possession, and shall also state the name and address given by the party by whom the same was offered, or from whom the same was received, under a penalty not exceeding fifty Rupees for each and every such neglect or offence ; provided always that, in the case of wearing apparel or other articles, which it may be difficult for such pawn-broker or dealer to trace out and identify, no fine shall be exigible in respect of not reporting such articles, unless it shall appear to the Magistrate that such articles had been knowingly concealed by such pawn-broker or dealer.

[If stolen articles be altered or defaced by broker, after information of the theft, he shall be deemed a receiver of stolen goods.]

XVII. If any pawn-broker or dealer in second-hand goods, or worker in gold or silver, after receiving information of the theft, or the embezzling, or the fraudulent disposal of any metals, goods, or articles of whatsoever description, melts, alters, defaces, or puts away the same, or causes the same to be melted, altered, defaced, or put away, without having previously received the permission of the Magistrate, and it shall be found that such metals, goods, or articles were stolen, embezzled, or fraudulently disposed of by the person from whom such pawn-broker, dealer, or worker received the same or by any other person, then and in such case it shall be held that such pawn-broker, dealer, or worker knew that such metals, goods, or articles were stolen, embezzled, or fraudulently disposed of ; and such pawn-broker, dealer, or worker shall be proceeded against according to law as a receiver of stolen goods, or, as being a party to the fraud, and punished accordingly ; and no other evidence of his guilt shall be necessary than evidence of such melting, altering, defacing, or putting away, after receiving information as aforesaid.

[Manufacture or possession of Gunpowder.]

XVIII. Whoever manufactures Gunpowder, or, without a license from the Magistrate, has in his possession, in any house, shop, warehouse, or other building, at any one time, a greater quantity of Gunpowder than ten pounds, shall be liable to a fine not exceeding two hundred Rupees, and also to forfeit such Gunpowder so manufactured or possessed, together with the vessel or receptacle in which it may be contained.

[Licenses by Magistrate for sale and deposit of Gunpowder, &c.]

XIX. The Magistrate may grant to any per-

পোদ্দারের দখলে আইসে, কিম্বা তাহাকে বন্ধকরূপে দিবার কি বিক্রয় করিবার কিম্বা অন্য বস্তুর পরিবর্ত্তে দিবার প্রস্তাব হয়, তবে সেই ব্যক্তি অনাবশ্যক কিছু বিলম্ব না করিয়া, পোলীসের অতিনিকট ঘরে এই সম্বাদ দিবেক যে, উক্ত দ্রব্যের আকার প্রকারের অনুরূপ কতক দ্রব্য আমার নিকটে দিবার প্রস্তাব হইয়াছে, কি আমার কাছে আছে। আর যে ব্যক্তি সেই দ্রব্য দিবার প্রস্তাব করিয়াছে, কিম্বা যাহার স্থানে তাহা পাওয়া গিয়াছে, সে আপনার যে নাম ও বাসস্থান জানাইয়াছে তাহা জ্ঞাত করাইবেক। আর যতবার তাহা না করে কি যতবার সেই অপরাধ করে, ততবার তাহার পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইবেক। পরন্তু যে বস্ত্রের কিম্বা অন্য যে দ্রব্যের সন্ধান লইয়া নিশ্চিতমতে চেনা সেই প্রকার পাইকারের কি বন্ধকী দ্রব্যের মহাজনের দুষ্কর হইতে পারে, সেই দ্রব্যের রিপোর্ট না করিলেও তৎপ্রযুক্ত কোন জরীমানা লওয়া যাইতে পারিবেক না। কিন্তু যদি মাজিষ্ট্রেট সাহেব বোধ করেন যে, বন্ধকী দ্রব্যের ঐ মহাজন, কি পাইকার সেই প্রকারের দ্রব্য জানিয়াশুনিয়া লুকাইয়া রাখিয়াছে, তবে তাহার জরীমানা হইবেক ইতি।

[চুরী হইবার সম্বাদ পাইলে পর যদি মহাজন চোরা দ্রব্য রূপান্তর কি বিকটাকার করে তবে সে চোরা জিনিসের গ্রাহক জ্ঞান হইবেক।]

১৭ ধারা। যদি বন্ধকী দ্রব্যের কোন মহাজন কি পুরাতন বস্ত্রর পাইকার কি সোনারূপার বণিক, কোন ধাতু কি মাল কি কোন প্রকারের দ্রব্য চুরী হইবার কি তহবীল ভাঙ্গিয়া লওয়া যাইবার কি প্রতারণা করিয়া হস্তান্তর করা যাইবার সম্বাদ পাইলে পর, মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি প্রথমে না পাইয়া, আপনি কি অন্য লোকের দ্বারা তাহা গলাইয়া ফেলে, কি রূপান্তর করে, কি বিকটাকার করে, কি রাখিয়া দেয়, আর বন্ধকী দ্রব্যের ঐ মহাজন কি পাইকার কি বণিক ঐ ধাতু কি মাল কি দ্রব্য যে লোকের স্থানে পাইয়াছিল, সেই লোক কি অন্য কোন লোক তাহা চুরী করিয়াছিল কি তহবীল ভাঙ্গিয়া লইয়াছিল কি প্রতারণা করিয়া হস্তান্তর করিয়াছিল ইহা যদি দৃষ্ট হয়, তবে ও সেইরূপ স্থলে বন্ধকী দ্রব্যের সেই মহাজনের কি পাইকারের কি বণিকের জ্ঞাতসারে ঐ ধাতু কি মাল কি দ্রব্য চুরী করা গিয়াছিল কি তহবীল ভাঙ্গিয়া লওয়া গিয়াছিল কি প্রবঞ্চনাপূর্ব্বক, হস্তান্তর করা গিয়াছিল, এমত জ্ঞান হইবেক, ও চোরা জিনিসের গ্রাহক বলিয়া, কিম্বা ঐ চাতুরীর কার্য্যের ভাগী বলিয়া, বন্ধকী দ্রব্যের ঐ মহাজন কি পাইকার কি বণিককে লইয়া আইনমতে কার্য্য হইবেক, ও তদনুসারে তাহার দণ্ড হইবেক। আর পূর্ব্বোক্ত প্রকারের সম্বাদ পাইলে পর ঐ গলাইয়া ফেলিবার কি পরিবর্ত্তন করিবার কি বিকটাকার করিবার কি রাখিয়া দিবার প্রমাণভিন্ন, তাহার দোষের অন্য কোন প্রমাণের আবশ্যক হইবেক না ইতি।

[বারুদ প্রস্তুত করিবার কি নিকটে রাখিবার কথা।]

১৮ ধারা। যে কোন ব্যক্তি বারুদ প্রস্তুত করে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের স্থানে পাট্টা না পাইয়া, আপনার কাছে কোন ঘরে কি দোকানে কি গোলাতে কি অন্য ইমারতে, একি কালে দশ পৌণ্ড অর্থাৎ পাঁচ শেরের অধিক বারুদ রাখে, সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, ও সেই প্রকারের প্রস্তুতকরা কি নিকটে রাখা বারুদ, ও তাহা যে পাত্রেতে কি আধারে থাকে তাহা, জব্দ হইতে পারিবেক ইতি।

[বারুদপ্রভৃতি বিক্রয় ও জমা করিয়া রাখিবার নিমিত্তে মাজিষ্ট্রেট সাহেবের পাট্টা।]

১৯ ধারা। মাজিষ্ট্রেট সাহেব কোন ব্যক্তিকে পঞ্চাশ

son a license for the sale or keeping in deposit of any quantity of Gunpowder not exceeding fifty pounds, on such conditions, and for such term, not exceeding one year, as shall be specified in the license; and any person who shall be guilty of a breach of any of such conditions, shall be liable to a fine not exceeding one hundred Rupees, and to forfeit all Gunpowder so kept in deposit contrary thereto, and the vessels containing it, and also to forfeit his license.

[Penalty for drunkenness, or riotous or indecent behaviour in public.]

XX. Whoever is found drunk and incapable of taking care of himself, or is guilty of any riotous or indecent behaviour in any street or thoroughfare, or in any place of public amusement or resort, and whoever is guilty of violent behaviour in any Police office, shall be liable to a fine not exceeding twenty Rupees, or to imprisonment, with or without hard labor, for a term not exceeding fourteen days.

[Penalty for committing a nuisance in streets.]

XXI. Whoever wilfully and indecently exposes his person, or commits a nuisance, by easing himself in or by the side of or near to any public street, or thoroughfare or place, shall be liable to a fine not exceeding ten Rupees, or, in default of payment thereof, to imprisonment, with or without hard labor, for a term not exceeding fourteen days.

[Beggars.]

XXII. Whoever in any public road, street, thoroughfare, or place, begs or applies for alms, or exposes or exhibits any sores, wounds, bodily ailment, or deformity, with the object of exciting charity or of obtaining alms; or whoever seeks for or obtains alms, by means of any false statement or pretences—shall be liable to imprisonment, with or without hard labor, for any term not exceeding one month.

[Penalty for the following offences in public streets, &c.]

XXIII. Whoever, in any public street, road, thoroughfare, or place of public resort, commits any of the following offences, shall be liable to a fine not exceeding twenty Rupees:—

[Furious or negligent driving or riding.]

1. Whoever drives or rides any animal, or drives any vehicle, in a manner so rash or negligent as to indicate a want of due regard for the safety of others.

[Letting loose horses, ferocious dogs, &c.]

2. Whoever negligently lets loose any horse, or suffers to be at large any ferocious dog without a muzzle, or sets on or urges any dog or other

পৌণ্ডের অনধিক বারুদ বিক্রয় করিবার কি জমা করিয়া রাখিবার পাট্টা দিতে পারিবেন, ও সেই পাট্টাতে যে নিয়ম ও এক বৎসরের অনধিক কাল যে মিয়াদ লেখা থাকে সেই নিয়মানুসারে সেই কালপর্য্যন্ত ঐ পাট্টা দিবেন। আর যে কোন ব্যক্তি সেই প্রকারের কোন নিয়ম লঙ্ঘন করিবার দোষী হয়, সে এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, ও সেই নিয়মবিরুদ্ধে যে সকল বারুদ সেই প্রকারে রাখা গিয়াছে তাহা, ও সেই বারুদ যে২ পাত্রেতে রাখা যায় তাহা জব্দ হইতে পারিবেক, ও তাহার পাট্টাও জব্দ হইতে পারিবেক ইতি।

[প্রকাশ স্থানে মাতলামী কিম্বা গোলমাল কি নির্লজ্জার কর্ম্ম করিবার দণ্ড।]

২০ ধারা। কোন রাস্তায কি পথে, কি সাধারণ লোকেরদের আমোদের কি গমনাগমনের কোন স্থানে যে কোন ব্যক্তিকে মাতাল ও আপনার খবরদারী করিতে অপারক দেখা যায়, কিম্বা যে ব্যক্তি কোন গোলমালের কি নির্লজ্জার কর্ম্ম করিবার দোষী হয়, ও যে কেহ কোন পোলীস ঘরে কোন জবরদস্তী করিবার দোষী হয়, সেই ব্যক্তি কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, অথবা চৌদ্দ দিনের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[যাহাতে ঘৃণা জন্মে এমত কার্য্য রাস্তায় করিবার দণ্ড।]

২১ ধারা। যে কেহ কোন সরকারী রাস্তায় কি সকলের যাইবার পথে কি স্থানে কি তাহার নিকটে কি ধারে ইচ্ছাপূর্ব্বক ও নির্লজ্জরূপে আপনার গাত্র প্রকাশ করে, কিম্বা মল ত্যাগ করিয়া ঘৃণা জন্মায়, সেই ব্যক্তি দশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, কিম্বা সেই জরীমানা না দিলে চৌদ্দ দিনের অনধিক কাল কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[ভিক্ষুক।]

২২ ধারা। যে কেহ কোন সরকারী রাস্তায় কি পথে কি সকলের যাইবার পথে কি স্থানে ভিক্ষা মাগে কি দান চাহে, কিম্বা দয়া জন্মাইবার কি দান পাইবার অভিপ্রায়ে কোন ঘা কি ক্ষত কি শারীরিক রোগ কি বিকৃত অঙ্গ প্রকাশ করে কি দেখায়, কিম্বা যে কেহ কোন মিথ্যা কথা কহিয়া কি ছল করিয়া দান চাহে কি পায়, সেই ব্যক্তি কঠিন পরিশ্রমসহিত কি তাহা বিনা এক মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কয়েদ হইবার যোগ্য হইবেক ইতি।

[সরকারী রাস্তাপ্রভৃতিতে নীচের লিখিত অপরাধ করিবার দণ্ড।]

২৩ ধারা। সরকারী কোন রাস্তায় কি পথে কি সকলের যাইবার পথে কিম্বা সাধারণ লোকেরদের গমনের স্থানে যে কোন লোক নীচের লিখিত কোন অপরাধ করে, সেই লোক কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক।

[অতিবেগে কি অমনোযোগে গাড়ি চালাওন কি ঘোড়ায় চড়িয়া যাওন।]

১ প্রকরণ।—যাহাতে অন্য লোকেরদের নিরাপদের উপযুক্ত মনোযোগ না থাকার লক্ষণ দৃষ্ট হয়, এমত দুঃসাহস কি অমনোযোগরূপে যে কেহ কোন পশুকে চালায়, কি তাহার উপর চড়িয়া যায়, কি কোন গাড়িপ্রভৃতি চালায় সেই ব্যক্তি।

[ঘোড়াকে কি রাগাল কুকুরপ্রভৃতিকে ছাড়িয়া দেওন।]

২ প্রকরণ।—যে কেহ অমনোযোগে কোন ঘোড়াকে ছাড়িয়া দেয়, কিম্বা রাগাল কোন কুকুরের মুখে মুখোস না দিয়া কুকুরকে আলগা হইয়া যাইতে দেয়, কিম্বা কোন

animal to attack, worry, or put in fear any person, horse, or other animal.

[Leaving cart, &c., without control.]

3. Whoever being in charge of a cart, carriage, or horse, leaves it at such a distance as not to have the same under due control.

[Obstruction to passengers by fastening animals.]

4. Whoever fastens any animal so as to cause obstruction or danger to passengers.

[Ill-treating animals.]

5. Whoever cruelly beats, abuses, or tortures any animal.

[Lighting fires and discharging guns, fire-works, &c.]

6. Whoever sets fire to or burns any straw or other matter, or lights any bon-fire, or wantonly discharges any fire-arm or air-gun, or lets off or throws any fire-work, or sends up any fire-balloon.

[Beating drums, tom-toms, &c.]

XXIV. Within such parts of the said Suburbs or Station as shall be from time to time defined by the Magistrate with the sanction of the Lieutenant-Governor of Bengal, whoever beats a drum or tom-tom, or blows a horn or trumpet, or beats or sounds any metal instrument or utensil, between the hours of ten at night and four in the morning, in any public street, road, or thoroughfare, so as to disturb the repose of the inhabitants, except when permitted by the Magistrate on occasions of festivals and ceremonies, shall be liable to a fine not exceeding twenty Rupees.

[Depositing dirt on street, &c.]

XXV. Whoever deposits, or permits his servants to deposit, any dust, dirt, dung, ashes, garden, kitchen, or stable refuse, or filth of any kind, or any animal matter, or any broken glass or earthen-ware, or other rubbish, in any street, or on any public quay, jetty, ghaut, or landing place, except in such places and in such manner, and at such hours, as shall be fixed by the Magistrate, or throws or puts, or permits his servants to throw or put, any such substances into any public sewer or drain, or into any drain communicating therewith, shall be liable to a fine not exceeding ten Rupees.

[Allowing sewerage to flow on streets.]

XXVI. Whoever causes or allows the water of any sink or sewer, or any other offensive liquid matter belonging to him or being on his land, to run, drain, or be thrown or put upon any street, or causes or allows any offensive matter from any sewer or privy to run, drain, or be thrown into a

ব্যক্তির কি ঘোড়ার কি অন্য পশুর উপর চড়াও করিতে কিম্বা তাহাকে কামড়াইতে কি তাহার ভয় জন্মাইতে কোন কুকুরকে কি অন্য পশুকে লেলিয়া দেয় কি চালায় সেই ব্যক্তি।

[তত্ত্ব বিনা বলদগাড়িপ্রভৃতি ছাড়িয়া যাওন।]

৩ প্রকরণ।—কোন বলদগাড়ি কি গাড়ি কি ঘোড়া যাহার জিম্মায় থাকে এমত যে কেহ তাহা ছাড়িয়া এমন দূরে যায় যে তাহার উপযুক্ত তত্ত্ব করিতে পারে না সেই ব্যক্তি।

[ঘোড়াপ্রভৃতি বাঁধিয়া লোকেরদের গমনের অবরোধ করণ।]

৪ প্রকরণ।—যে কেহ কোন ঘোড়াপ্রভৃতিকে এমত বাঁধে যে তাহাতে পথে গমনকারিরদের বাধা কি আশঙ্কা জন্মে সেই ব্যক্তি।

[পশুর প্রতি নির্দ্দয় ব্যবহার।]

৫ প্রকরণ।—যে কেহ কোন পশুকে নির্দ্দয়রূপে মারে কি তাহার প্রতি কুব্যবহার করে কি তাহাকে যন্ত্রণা দেয় সেই ব্যক্তি।

[আগুন জ্বালান ও বন্দুক আতশবাজীপ্রভৃতি ছুড়ন।]

৬ প্রকরণ।—যে কেহ কোন খড়ে কি অন্য বস্তুতে আগুন দেয় কিম্বা তাহা পোড়ায়, কিম্বা কোন বড় অগ্নি করে, কিম্বা কৌতুকে কোন আগ্নেয় অস্ত্র কি বায়ুসংযুক্ত বন্দুক ছুড়ে, কিম্বা কোন আতশবাজী ছুড়ে কি ফেলে কিম্বা আগুনের বেলুন উড়ায় সেই ব্যক্তি ইতি।

[ঢোল কি তবলাপ্রভৃতি পিটান।]

২৪ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অনুমতিক্রমে মাজিষ্ট্রেট সাহেব উক্ত শহরতলীর কি মোকামের যেং স্থান সময়েং নিরূপণ করেন সেইং স্থানে যে কেহ রাত্রির ১০ ঘণ্টাঅবধি ৪ ঘণ্টাপর্য্যন্ত কোন সময়ে সরকারী কোন রাস্তায় কি পথে কি সাধারণের যাইবার পথে ঢোল কি তবলা পিটাইয়া, কিম্বা শিঙ্গা কি তুরী বাজাইয়া, কিম্বা ধাতুর কোন যন্ত্র কি বস্তু পিটাইয়া কি বাজাইয়া লোকেরদের বিশ্রামের ব্যাঘাত করে, সেই ব্যক্তি বিশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। কিন্তু মাজিষ্ট্রেট সাহেব যাত্রা ও বিবাহাদির কালে অনুমতি দিলে ঐ দণ্ড হইবেক না ইতি।

[রাস্তাপ্রভৃতির উপর জঞ্জাল ফেলিবার কথা।]

২৫ ধারা। মাজিষ্ট্রেট সাহেব যেং স্থান ও যেং নিয়ম ও যেং সময় নিরূপণ করেন সেইং স্থান ও নিয়ম ও সময়ছাড়া, যে কোন ব্যক্তি কোন ধূলা কি জঞ্জাল কি গোবর কি ছাই কিম্বা বাগানের কি রন্ধনাগারের কি আস্তাবলের ঝাঁটনি কিম্বা কোন প্রকার গলিজ কিম্বা জীবজন্তুঘটিত কোন দ্রব্য কিম্বা কোন ভাঙ্গা গ্লাস কি মাটির পাত্র কি অন্য রাবিস, কোন রাস্তায় কিম্বা সরকারী কোন গুদিতে কি পোস্তায় কি ঘাটে কি উত্তরিবার স্থানে ফেলে কি আপনার চাকরদিগকে ফেলিতে দেয়, কিম্বা তদ্রূপ কোন বস্তু সরকারী কোন নয়নজুলিতে কি নরদমায় কি তাহার সঙ্গে অন্য যে নরদমা মিলে তাহাতে ফেলে কি রাখে বা আপন চাকরেরদিগকে ফেলিতে কি রাখিতে দেয়, সেই ব্যক্তি দশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[নয়নজুলির ময়লা জলাদি রাস্তার উপর পড়িতে দিবার কথা।]

২৬ ধারা। যে কোন ব্যক্তি আপনার, কি আপন জমীতে থাকা কোন জুলির কি নয়নজুলির ময়লা জল, কিম্বা অন্য কোন দুর্গন্ধ আর্দ্র দ্রব্য, কোন রাস্তার উপর বহিতে কি পড়িতে কি ফেলিতে কি রাখিতে দেয় কি অনুমতি দেয়, কিম্বা কোন নয়নজুলির কি সেতখানার কোন দুর্গন্ধ দ্রব্য কোন রাস্তার প্রকাশ পয়নালাতে বহিতে কি পড়িতে কি ফেলিতে দেয় কি অনুমতি দেয় সেই

surface drain in any street, shall be liable to a fine not exceeding ten Rupees.

ব্যক্তি দশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[Future obstructions in streets or roads. Power to remove.]

XXVII. Whoever builds any wall, or erects or sets up any fence, rail, post, or other obstruction or encroachment, in any public street or road, or in or over any open drain, sewer, or aqueduct along the side of any such street or road, after the passing of this Act, shall be liable to a fine not exceeding one hundred Rupees; and the Magistrate shall have power to remove any such obstruction or encroachment, and the expense of such removal shall be paid by the person erecting the same, and shall be recoverable as hereinafter provided.

[উত্তর কালে রাস্তা কি পথের অবরোধ। তাহা স্থানান্তর করণের ক্ষমতা।]

২৭ ধারা। এই আইন জারী হইবার পরে যে কোন ব্যক্তি সরকারী কোন রাস্তায় কি পথে কিম্বা সেইরূপ কোন রাস্তার কি পথের পার্শ্বের কোন খোলা পয়নালাতে কি নয়নজুলিতে কি জল প্রণালিতে কি তাহার উপরে কোন দেওয়াল গাঁথে, কিম্বা কোন বেড়া কি গরাদীয়া কি থাম কিম্বা অবরোধক কি স্থান যোড়াকারি অন্য কোন দ্রব্য বসায় কি স্থাপন করে, সেই ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। আর সেইরূপ অবরোধক কি স্থান যোড়াকারি কোন দ্রব্য স্থানান্তর করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা থাকিবেক। ও সেই দ্রব্য স্থানান্তর করিবার খরচ যে ব্যক্তি তাহা স্থাপন করিয়াছিল তাহার দিতে হইবেক, ও সেই খরচ এই আইনের পশ্চাৎ লিখিত বিধানমতে আদায় হইতে পারিবেক ইতি।

[Taking up pavements.]

XXVIII. Whoever displaces, takes up, or makes any alteration in the pavement or other materials, or in the fences or posts of any public street, without the consent in writing of the Magistrate, or without other lawful authority, shall be liable to a fine not exceeding fifty Rupees.

[শানপাতর আদি তুলিয়া লওনের কথা।]

২৮ ধারা। যে কোন ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবের লিখিত অনুমতি কিম্বা আইনসিদ্ধ অন্য ক্ষমতা না পাইয়া, সরকারী কোন রাস্তার শান কি অন্য সরঞ্জাম অথবা বেড়া কি থাম স্থানান্তর করে কি তুলিয়া ফেলে কি কিছুমাত্র পরিবর্ত্তন করে, সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[Future projections from houses to be removed.]

XXIX. The Magistrate may give notice in writing to the owner or occupier of any house or building to remove or alter any projection, encroachment, or obstruction, which, after the passing of this Act, shall be erected or placed against or in front of such house or building, if the same overhangs, or juts into, or in any way projects or encroaches upon, or is an obstruction to the safe and convenient passage along any public street, or obstructs or projects or encroaches into or upon any uncovered aqueduct, drain, or sewer in such street; and such owner or occupier shall, within fourteen days after the service of such notice upon him, remove such projection, encroachment, or obstruction, or alter the same in such manner as shall have been directed by the Magistrate; and in default thereof, shall be liable to a fine not exceeding two hundred Rupees; and the Magistrate in such case may remove such projection, encroachment, or obstruction; and the expense of such removal shall be paid by the owner or occupier so making default, and shall be recoverable as hereinafter provided.

[উত্তর কালে ঘরের কোন অংশ বাড়িয়া থাকিলে তাহা স্থানান্তর করিতে হইবেক।]

২৯ ধারা। এই আইন জারী হইবার পরে, যদি কোন ঘরের কি ইমারতের আড়ালে কি সম্মুখে কোন বাড়ান কি স্থান যোড়াকারি কি অবরোধক বিষয় নির্ম্মিত হয় কি লাগান যায়, আর যদি তাহা সরকারী কোন রাস্তার উপর ঝোঁকে কি রাস্তায় বাড়িয়া থাকে কি কোন রাস্তার উপর বাহির হয় কি স্থান যোড়া করে, কি সরকারী কোন রাস্তায় নির্ব্বিঘ্নে ও স্বচ্ছন্দরূপে গমনের বাধা জন্মায়, কি সেই রাস্তার কোন খোলা জলপ্রণালি কি পয়নালা কি নয়নজুলির বাধা করে, কি তাহার উপর বাড়িয়া পড়ে কি স্থান যোড়া করে, তবে মাজিষ্ট্রেট সাহেব সেই ঘর কি ইমারতের স্বামিকে কি নিবাসিকে সেই বিষয় উঠাইয়া দিতে কি পরিবর্ত্তন করিতে এত্তেলা লিখিয়া দিতে পারিবেন। আর সেই স্বামির কি নিবাসির উপর ঐ এত্তেলানামা জারী হইলে পর চৌদ্দ দিনের মধ্যে, ঐ স্বামী কি নিবাসী ঐ বাড়ান কি স্থান যোড়াকারি কি অবরোধক বিষয় স্থানান্তর করিবেক, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব যে প্রকারে আজ্ঞা করিয়া থাকিবেন সেই প্রকারে বদল করিবেক, আর যদি না করে তবে দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। আর এমত স্থলে মাজিষ্ট্রেট সাহেব সেই বাড়ান কি স্থান যোড়াকারি কি অবরোধক বিষয় স্থানান্তর করিতে পারিবেন, ও তাহা স্থানান্তর করিবার খরচ ঐ ত্রুটিকারি স্বামী কি নিবাসি দিবেক, আর তাহা এই আইনের পশ্চাৎ লিখিত বিধানমতে আদায় হইতে পারিবেক ইতি।

[Removal of existing projections from houses. Notice of removal. Compensation when to be made.]

XXX. The Magistrate may cause any such projection, encroachment, or obstruction erected or placed against or in front of any house or building, in any public street before the passing of this Act, to be removed or altered as he shall think fit; provided that he give notice of such intended re-

[যে বাড়ান বিষয় এখন আছে তাহা স্থানান্তর করিবার বিধি। স্থানান্তর করিবার এত্তেলা। মূল্য যখন দেওয়া যাইবেক।]

৩০ ধারা। যদি সেই প্রকারের কোন বাড়ান কি স্থান যোড়াকারি কি অবরোধক বিষয় এই আইন জারী হইবার পূর্ব্বে সরকারী কোন রাস্তায় কোন ঘর কি ইমারতের আড়ালে কি সম্মুখে নির্ম্মিত হইয়া থাকে কি দেওয়া গিয়া থাকে, তবে মাজিষ্ট্রেট সাহেব যেমন উচিত বোধ করেন তেমনি সেই বিষয় স্থানান্তর কি

moval or alteration to the occupier of the house or building against or in front of which such projection, encroachment, or obstruction shall be, thirty days before such alteration or removal is begun; and if such projection, encroachment, or obstruction shall hav been lawfully made, he shall make reasonable compensation to every person who suffers damage by such removal or alteration.

[Houses projecting beyond line of street when taken down to be set back.]

XXXI. When any house or building, any part of which projects beyond the regular line of a public street, or beyond the front of the house or building on either side thereof, has been taken down in order to be re-built or altered, the Magistrate may require the same to be set back to or towards the line of the street or the line of the adjoining houses or buildings, and shall make reasonable compensation to the owner of any such house or building for any damage he may thereby sustain. If any dispute shall arise touching the amount of compensation to be allowed under this or the preceding Section, the same shall be settled in the manner provided by the laws in force for the settlement of disputes respecting compensation for lands taken for public purposes.

[To be continued.]

পরিবর্ত্ত করাইতে পারিবেন। পরন্তু সেইরূপ স্থানান্তর কি পরিবর্ত্তন করিতে আরম্ভ করিবার পূর্ব্বে, তিনি ত্রিশ দিন থাকিতে, যে ঘরের আড়ালে কি সম্মুখে ঐ বাড়ান কি স্থান যোড়াকারি কি অবরোধক বিষয় থাকে সেই ঘরের কি ইমারতের নিবাসিকে ঐরূপ স্থানান্তর কি পরিবর্ত্ত করিবার মানসের এত্তেলা দিবেন। আর যদি সেই বাড়ান কি স্থান যোড়াকারি কি অবরোধক বিষয় আইনসিদ্ধমতে করা গিয়া থাকে, তবে ঐ স্থানান্তর কি পরিবর্ত্তন করণেতে যে প্রত্যেক ব্যক্তির ক্ষতি হয় তাহাকে তিনি উপযুক্তমতে ক্ষতিপূরণের টাকা দিবেন ইতি।

[রাস্তার সীমার বাহিরে ঘর থাকিলে যখন সেই ঘর ভাঙ্গা যায় তখন পিছিয়া করিতে হইবেক। বর্জ্জিত কথা।]

৩১ ধারা। যদি কোন ঘর কি ইমারতের কোন ভাগ সরকারী রাস্তার টানা রেখার বাহিরে বাড়িয়া থাকে, অথবা পার্শ্বের কোন ঘরের কি ইমারতের সম্মুখ ভাগঅপেক্ষা আগিয়া থাকে, তবে সেই ঘর কি ইমারৎ পুনরায় গাঁথিবার কি বদল করিবার নিমিত্তে ভাঙ্গিয়া ফেলা গেলে, মাজিস্ট্রেট সাহেব আজ্ঞা করিতে পারিবেন যে ঐ ঘর রাস্তার সীমার রেখাপর্য্যন্ত কি তাহার নিকটে, কিম্বা নিকটস্থ ঘর কি ইমারতের সমান রেখাপর্য্যন্ত কিছু পিছিয়া করা যায়। তাহা করাতে সেই ঘর কি ইমারতের স্বামির কোন ক্ষতি হইলে মাজিস্ট্রেট সাহেব তাহার সম্পূর্ণ প্রতিকার করিবেন. আর এই ধারার কি ইহার পূর্ব্বের ধারার বিধিমতে ঐ ক্ষতিপূরণার্থে যত টাকা দিতে হইবেক তদ্বিষয়ের যদি কোন বিবাদ হয়, তবে সরকারী কার্য্যের নিমিত্তে যে ভূমি লওয়া যায় তাহার মুল্য দেওনের বিবাদ নিষ্পত্তির জন্যে চলিত আইনে যে বিধান আছে সেই বিধানমতে ঐ বিবাদ নিষ্পত্তি হইবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

রাজকর্ম্মের নিয়োগ।

১১৯৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেফ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৩ জুন।

রাজশাহীতে নাটোরের মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইন ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতে মাজিস্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ১২ আগষ্ট।

নীচের লিখিত স্থানের মুনসেফেরা আপন২ এলাকার মধ্যে ১৮৫৭ সালের ৩ আইনের ১৪ ধারামতে নালিশ গ্রাহ্য ও বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

বাকরগঞ্জে।

বক্তফলের মুনসেফ।
মাদারীপুরের মুনসেফ।
নালচিটির মুনসেফ।

ঢাকাতে।

নারায়ণগঞ্জের মুনসেফ।
পলাশের মুনসেফ।
মোহেরাগঞ্জের মুনসেফ।
বঙ্গের মুনসেফ।
মকসুদপুরের মুনসেফ।

ময়মনসিংহে।

আতিয়ার মুনসেফ।
বাজীৎপুরের মুনসেফ।
ঘোষগাঁয়ের মুনসেফ।
মাদারগঞ্জের মুনসেফ।
নেত্রকণার মুনসেফ।
নিকলীর মুনসেফ।
পিঙ্গনার মুনসেফ।
শীরপুরের মুনসেফ।

ছিলটে

লাটুর মুনসেফ।
হিঙ্গাজিয়ার মুনসেফ।
সোণাউগঞ্জের মুনসেফ।
রসুলগঞ্জের মুনসেফ।
নবীগঞ্জের মুনসেফ।
আজমীরীগঞ্জের মুনসেফ।
সঙ্করপাসার মুনসেফ।
লসকরপুরের মুনসেফ।

১৮৫৭ সাল ১৩ আগষ্ট।

শ্রীযুত জে এচ ইয়ং সাহেব (Mr. J. H. Young,) কলিকাতার হাসিলের কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই এচ লশিংটন সাহেব (Mr. E H. Lushington.) আপনার বর্ত্তমান পদের কর্ম্মের ভার বোর্ড রেবিনিউর সেক্রেটারী সাহেবের প্রতি অর্পণ করিয়া বর্দ্ধমান এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনরের কর্ম্ম করিবেন।

রাজশাহীতে নাটোরের মুনসেফ শ্রীযুত বাবু মহেন্দ্রনারায়ণ চক্রবর্ত্তী মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

[*Government Gazette*, 29*th September*, 1857.]

বাকরগঞ্জের কৌশ্বালীর মনসেফ শ্রীযুত বাবু রামকুমার রায় মুনসেফেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৭ সাল ১১ আগষ্ট।

চাটিগাঁয়ের কমিস্যনর শ্রীযুত সি ষ্টিয়র সাহেব (Mr. C. Steer) বর্ত্তমান মাসের ১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার এক্‌টিং জজ শ্রীযুত ডি কনলিফ সাহেব (Mr. D. Cunliffe,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্র ম পনেরো মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

INSOLVENT COURT.

যোত্রহীনের আদালত

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of CHARLES CAMERON an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 10 h day of October next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 22nd day of April, 1853 until the 31st day of August last, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard; notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 21st September, 1857.

কলিকাতা যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন চার্লস কামিরণ সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে এ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি আক্‌টোবের মাসের ১০ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৩ সালের ২২ আপ্রিল তারিখ অবধি গত আগষ্ট মাসের ৩১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা ও খরচের বিস্তারিত হিসাব দাখিল করা গিয়াছে এবং প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় তাহা দেখা যাইতে পারে। যে কোন মহাজন কিম্বা এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইষ্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দপ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৫৭ সাল ২১ সেপ্টেম্বর।

In the matter of ROBERT BROWNE an Insolvent

On Saturday, the 5th day of September instant, upon an application of the Assignee in this matter, It was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 3,289 3-4 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. 5 per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 3,020-14-6.) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 21st September, 1857.

যোত্রহীন রাবর্ট ব্রোন সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান সেপ্টেম্বর মাসের ৫ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ৩,২৮৯৶৪ টাকা আছে তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ৫৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৩,০২০৸৶৬ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৫৭ সাল ২১ সেপ্টেম্বর।

The like notice in the matter of SYED DAMAD ALLY, an Insolvent. Wherein it was ordered that out of the sum of Co.'s Rs. 5,371-5-6 a Dividend at the rate of 1½ per Cent. (amounting to Rs. 4,963-15-2) be paid.

যোত্রহীন সৈয়দ দামাদ আলির বিষয়ে সেই প্রকার সম্বাদ দেওয়া গেল। তাহাতে হুকুম হইল যে কোম্পানির যে ৫,৩৭১৶৬ টাকা আছে তাহাহইতে শত টাকার প্রতি ১॥০ দেড় টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায় অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৪,৯৬৩৸৶২ টাকা দেওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৯ সেপ্টেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট্

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 6, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ৬ অক্টোবর।

ACT.

Act No. XXI. of 1857.

An Act to make better provision for the order and good government of the Suburbs of Calcutta and of the Station of Howrah.

[Concluded from page 903.]

[Power to trim hedges and trees bordering roads.]

XXXII. The Magistrate may give notice to the owner or occupier of any land, to cut and trim any hedges and trees overhanging any public road or street so as to obstruct the passage or to cause damage thereto; and in the event of such notice not being complied with within eight days from the date thereof, the Magistrate may cause the said hedges and trees to be cut and trimmed in the manner required; and the expense incurred by the Magistrate in respect thereof shall be paid by the owners, and shall be recoverable as hereinafter provided.

[Houses in a ruinous and dangerous state.]

XXXIII. If in any street, any house, building, or wall, or any thing affixed thereon, be deemed by the Magistrate to be in a ruinous state, or likely to fall, or in any way dangerous to the inhabitants of such house or building, or to the neighbouring houses or buildings, or the occupiers thereof, or to passengers, he may cause notice in writing to be given to the owner, if he be known and resident within the limits of his jurisdiction, and may also cause such notice to be put on the door or other conspicuous part of the said premises, or otherwise to be given to the occupier thereof (if any), requiring such owner or occupier forthwith to take down, secure, or repair such house, building, wall, or thing affixed thereon, as the case shall require; and if such owner or occupier do not begin to repair, take down, or se-

আইন।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২১ আইন।

কলিকাতার শহরতলীর ও হাবড়া মোকামের সুধারা ও সুশাসন হইবার জন্যে আরো উত্তম বিধান করিবার আইন।

[৯০৩ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[রাস্তার ধারের গাছ ও বেড়া ঝুড়িয়া দিবার শক্তি।]

৩২ ধারা। সরকারী কোন রাস্তার কি পথের উপর কোন জমীর গাছের কি বেড়ার ডাল ঝুলিয়া পড়াতে গমনাগমনের বাধা হইলে কি রাস্তার ক্ষতি হইলে মাজিস্ট্রেট সাহেব সেই জমীর স্বামিকে কি নিবাসিকে তাহা কাটিতে ও ঝুড়িয়া দিতে এত্তেলা দিতে পারিবেন। আর সেই এত্তেলার তারিখের পর আট দিনের মধ্যে যদি এত্তেলা মতে কর্ম্ম না হয়, তবে মাজিস্ট্রেট সাহেব প্রয়োজনমতে উক্ত বেড়া ও গাছ কাটাইয়া ও ঝুড়াইয়া দিতে পারিবেন। আর তাহাতে মাজিস্ট্রেট সাহেবের যে খরচ লাগে তাহা স্বামিরা দিবেক, ও তাহা এই আইনের পশ্চাৎ লিখিত বিধানমতে আদায় হইতে পারিবেক ইতি।

[যে ঘর ভগ্নদশায় ও আশঙ্কার অবস্থায় থাকে।]

৩৩ ধারা। মাজিস্ট্রেট সাহেব, যদি কোন রাস্তার কোন ঘর কি ইমারৎ কি দেওয়াল কি তাহাতে সংলগ্ন কোন বিষয় ভগ্নদশায় আছে কি পড়িতে পারে এমত জ্ঞান করেন, কিম্বা ঐ ঘর কি ইমারৎ নিবাসিরদের কিম্বা নিকটস্থ ঘরের কি ইমারতের কি তাহার নিবাসিরদের কি পথিকেরদের কোন প্রকারে আশঙ্কাজনক জ্ঞান করেন, তবে ঐ ঘরের স্বামিকে চিনিলে ও সে তাঁহার এলাকার মধ্যবাসী হইলে তিনি তাহাকে লিখিত এত্তেলা দেওয়াইতে পারিবেন, ও সেই এত্তেলা ঐ বাড়ির দ্বারের উপর কিম্বা অন্য প্রকাশ স্থানে লটকাইতে পারিবেন, অথবা যদি সেই ঘরে কেহ বাস করে তবে তাহাকে প্রকারান্তরে এত্তেলা দেওয়াইতে পারিবেন। ঐ এত্তেলাতে তিনি ঐ ঘরের স্বামি কি নিবাসিকে প্রয়োজনমতে ঐ ঘর কি ইমারৎ কি দেওয়াল কি তাহাতে সংলগ্ন অন্য বিষয় অবিলম্বে ভাঙ্গিয়া ফেলিতে কি সুরক্ষা করিতে কি মেরামৎ করিতে হুকুম করিবেন। আর যদি সেই স্বামী কি নিবাসী সেই এত্তেলা পাইবার

cure the same within three days after such notice, and complete such work with due diligence, the Magistrate may cause all or so much of such house, building, wall, or thing, as he shall think necessary, to be taken down, repaired, or otherwise secured; and all the expenses shall be paid by the owner of the premises, and shall be recoverable from him as hereinafter provided.

[Sale of materials of ruinous houses.]

XXXIV. If any such house, building, or wall, or any part of the same, be pulled down by virtue of the powers aforesaid, the Magistrate may sell the materials thereof, or of so much of the same as shall be taken down, and apply the proceeds of such sale in payment of the expenses incurred, and shall restore any overplus arising from such sale to the owner of such house, building, or wall on demand. The Magistrate, although he sell such materials for the purposes aforesaid, shall have the same remedies for compelling the payment of so much of the said expenses as may remain due after the application of the proceeds of such sale, as by this Act are given to him for compelling the payment of the whole of the said expenses.

[Penalty on occupier of a house not removing filth.]

XXXV. Whoever, being the occupier of a house in or near any street, keeps or allows to be kept for more than twenty-four hours, or otherwise than in some proper receptacle, any dirt, dung, bones, ashes, night-soil, filth, or any noxious or offensive matter, in or upon the roof of such house, or in any out-house, yard, or ground attached to and occupied with such house, or suffers such receptacle to be in a filthy or noxious state, or neglects to employ proper means to remove the filth therefrom, and to cleanse and purify the same, shall be liable to a fine not exceeding fifty Rupees.

[Filthy houses, &c.]

XXXVI. Whoever, being the owner or occupier of any house, building, or land, in or near any street, whether tenantable or otherwise, suffers the same to be in a filthy and unwholesome state, or overgrown with rank and noisome vegetation, shall be liable to a fine not exceeding fifty Rupees, and to a fine not exceeding five Rupees for every day after conviction for such offence during which the offence is continued.

[Penalty for keeping sheep-pen, &c., in a filthy state.]

XXXVII. Whoever, being the owner or keeper of any Cattle, Sheep, or Pigs, suffers the stall, pen, or place in which they are kept, in or near any street, to be in a filthy or noxious state, or neglects to employ proper means to remove the filth therefrom, shall be liable to a fine not exceeding twenty Rupees.

পর তিন দিনের মধ্যে ঐ বিষয় মেরামৎ করিতে কি ভাঙ্গিয়া ফেলিতে কি সুরক্ষা করিতে আরম্ভ না করে, ও উপযুক্তমতে যত্ন করিয়া ঐ কার্য্য সমাপ্ত না করে, তবে মাজিষ্ট্রেট সাহেব ঐ ঘর কি ইমারৎ কি দেওয়াল কি অন্য বিষয়ের সমুদয়, কিম্বা তাহার যে অংশ আবশ্যক বোধ করেন সেই অংশ ভাঙ্গিয়া ফেলাইতে কি মেরামৎ করাইতে কি অন্য প্রকারে সুরক্ষা করাইতে পারিবেন। আর সমুদয় খরচ ঐ বাড়ির স্বামির দিতে হইবেক ও এই আইনের পশ্চাৎ লিখিত বিধানমতে সেই খরচ তাহার স্থানে আদায় হইতে পারিবেক ইতি।

[জীর্ণদশার ঘরের সরঞ্জাম বিক্রয়।]

৩৪ ধারা। যদি পূর্ব্বোক্ত ক্ষমতাক্রমে সেইরূপ কোন ঘর কি ইমারৎ কি দেওয়াল কিম্বা তাহার কোন অংশ ভাঙ্গিয়া ফেলা যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব তাহার সরঞ্জাম কি তাহার যে অংশ ভাঙ্গিয়া ফেলা যায় সেই অংশের সরঞ্জাম বিক্রয় করিতে পারিবেন ও যত খরচ লাগিয়াছিল তাহা ঐ সরঞ্জাম বিক্রয় করিয়া যে টাকা পাওয়া যায় তাহাহইতে কাটিয়া লইবেন, ও যে কিছু অবশিষ্ট থাকে তাহা ঐ ঘর কি ইমারৎ কি দেওয়ালের স্বামী চাহিলে তাহাকে দিবেন। পরন্তু মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্ত অভিপ্রায়ে সেই সরঞ্জাম বিক্রয় করিলেও তাহার উৎপন্ন টাকাতে যদি ঐ খরচের সমুদয় না পাওয়া যায়, তবে ঐ সমুদয় খরচ আদায় করিবার নিমিত্তে এই আইনক্রমে তাঁহাকে যে উপায় দেওয়া গিয়াছে ঐ খরচের বাকী আদায় করিবার জন্যে তাঁহার সেই উপায় থাকিবেক ইতি।

[ঘরের নিবাসী গলিজ স্থানান্তর না করিলে তাহার দণ্ড।]

৩৫ ধারা। যদি কোন ব্যক্তি কোন রাস্তার ধারে কি নিকটে ঘর নিবাসী হইয়া কোন জঞ্জাল কি গোবর কি হাড় কি ছাই কি বিষ্ঠা কি গলিজ কি কোন অস্বাস্থ্যজনক কি দুর্গন্ধ দ্রব্য চব্বিশ ঘণ্টার অধিক কাল রাখে কি রাখিতে দেয়, কিম্বা কোন উপযুক্ত পাত্রভিন্ন অন্য আধারে, ঐ ঘরে কি তাহার ছাদের উপর কিম্বা ঘর সংলগ্ন কোন গুদাম ঘরে কি বাগানে কি ঐ ঘর যে জমীতে আছে তাহাতে রাখে কি রাখিতে দেয়, অথবা সেই পাত্র গলিজ কি অস্বাস্থ্যজনক অবস্থায় থাকিতে দেয়, কিম্বা তাহাহইতে গলিজ স্থানান্তর করিবার ও তাহা সাফ ও পরিষ্কার করিবার উপযুক্ত উপায় না করে, তবে সে পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[ময়লা ঘরপ্রভৃতি।]

৩৬ ধারা। কোন রাস্তার ধারে কি নিকটে কোন ঘরে কি ইমারতে কি ভূমিতে রাইয়ত থাকিতে পারুক কি না পারুক, এমত কোন ঘরপ্রভৃতির স্বামী কি নিবাসী হইয়া যদি কেহ তাহা ময়লা ও অস্বাস্থ্যজনক অবস্থায় থাকিতে দেয়, কিম্বা তাহাতে বড়২ ও অস্বাস্থ্যজনক জঙ্গল হইতে দেয়, তবে সে ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, আর সেই দোষ সাব্যস্ত হইলে পর যত দিনপর্য্যন্ত তাহা থাকে তাহার দিন প্রতি পাঁচ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[মেষের খোঁয়াড়প্রভৃতি ময়লা রাখিবার দণ্ড।]

৩৭ ধারা। যদি কোন ব্যক্তি কোন গোমেষাদির কি শূকরের স্বামী কি রক্ষক হইয়া, কোন রাস্তার ধারে কি নিকটে যে গোয়াল ঘরে কি খোঁয়াড়েতে কি স্থানে ঐ গোমেষাদিকে রাখা যায় তাহা গলিজ কি অস্বাস্থ্যজনক দশায় থাকিতে দেয়, কিম্বা তাহার গলিজ স্থানান্তর করিবার উপযুক্ত উপায় না করে, তবে সেই ব্যক্তি কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৬ অক্টোবর।]

[Licensing of public necessaries.]

XXXVIII. The Magistrate may license such necessaries for public accommodation as he, from time to time, may think proper; and whoever keeps any public necessary without such license, or, having a license for a public necessary, suffers the same to be in a filthy or noxious state, or neglects to employ proper means for cleansing the same, shall be liable to a fine not exceeding fifty Rupees; and the license may be cancelled.

[সাধারণ টাট্টি করিবার পাট্টা দেওন।]

৩৮ ধারা। মাজিষ্ট্রেট সাহেব সাধারণ লোকেরদের ব্যবহারের জন্যে যে প্রকার টাট্টি সময়েং উচিত বোধ করেন, তাহার পাট্টা দিতে পারিবেন। আর যে কেহ সেই প্রকার পাট্টা না পাইয়া কোন সাধারণ টাট্টি রাখে, কিম্বা টাট্টি করিবার পাট্টা পাইয়া তাহা গলিজ কি অস্বাস্থ্যজনক অবস্থায় থাকিতে দেয়, কিম্বা তাহা পরিষ্কার করিবার জন্যে উপযুক্ত উপায় না করে, সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। আর ঐ পাট্টা বাতিল হইতে পারিবেক ইতি।

[Penalty for keeping private drain, &c., in improper state.]

XXXIX. Whoever, being the owner of any private drain, privy, or cesspool, neglects or refuses, after warning from the Magistrate, to keep the same in a proper state, shall be liable to a fine not exceeding fifty Rupees.

[বিশেষ ব্যক্তির নরদমাপ্রভৃতি অনুচিতমতে রাখিলে তাহার দণ্ড।]

৩৯ ধারা। যদি কোন ব্যক্তি কোন বিশেষ নরদমার কি টাট্টির কি ময়লার খাতের স্বামী হইয়া মাজিষ্ট্রেট সাহেবের স্থানে আদেশ পাইলে পর তাহা উচিতমতে রাখিতে শৈথিল্য করে কি অস্বীকার করে, তবে সে পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[Fouling water by--Bathing. Washing. Throwing rubbish, &c. Allowing drain water to flow into a public tank.]

XL. Whoever bathes in any public tank, the water of which shall have been declared by the Magistrate to be appropriated to the domestic use of the inhabitants; or washes, or causes to be washed therein, any horse, dog, or other animal, or any wool, cloth, or wearing apparel, or any utensils for cooking or other purposes, or leather, or the skin of any animal, or other foul or offensive thing; or throws, puts, or casts, or causes to enter therein, any animal, or any gravel, stone, dust, or rubbish, or any dirt, filth, or other noisome or offensive matter or thing; or causes or suffers to run, drain, or be brought thereunto, the water of any sink, sewer, drain, engine, or boiler, or any other unwholesome or, offensive liquid matter or thing belonging to him or flowing from any house or building or from any ground occupied by him; or does any thing whatsoever whereby any such water shall be in any degree fouled or corrupted—shall be liable to a fine not exceeding fifty Rupees.

[স্নান কি ধোওন কি রাবিশপ্রভৃতি ফেলন কি নরদমাপ্রভৃতির জল পুকুরে পড়িতে দেওনের দ্বারা জল ময়লা করণ।]

৪০ ধারা। সরকারী যে পুকুরের জল মাজিষ্ট্রেট সাহেব নগরাদি নিবাসি লোকেরদের ঘরের কার্য্যের নিমিত্তে আছে প্রকাশ করেন, এমত কোন পুকুরে যে কেহ স্নান করে, কিম্বা তাহাতে যে কেহ কোন ঘোড়ার কি কুকুরের কি অন্য জন্তুর গা ধোয়ায়, কি কোন পসম কি কাপড় কি বস্ত্র কাচে, কিম্বা পাক করিবার কি অন্য কার্য্যের কোন হাঁড়ি কলসিপ্রভৃতি, কি চামড়া কি কোন জন্তুর চর্ম্ম, কি অন্য ময়লা কি দুর্গন্ধ বিষয় ধোয় কি ধোয়ায়, কিম্বা কোন জন্তুকে কি কিছু কাঁকর কি পাতর কি ধুলা কি রাবিশ কি কিছু জঞ্জাল কি গলিজ কিম্বা অস্বাস্থ্যজনক কি দুর্গন্ধ অন্য দ্রব্য কি বিষয় তাহাতে ফেলে কি রাখে কি নিক্ষেপ করে কি প্রবেশ করায়, অথবা যে কেহ কোন খানার কি নর্দ্দমজুলির কি নরদমার কি কলের কি কড়ার জল, কিম্বা আপনার কি আপন দখলকরা কোন ঘর কি ইমারত কি কোন জমীহইতে নির্গত অন্য কোন অস্বাস্থ্যজনক কি দুর্গন্ধ আর্দ্র দ্রব্য কি বিষয় তাহার মধ্যে পড়িবার কি চলিবার কি গড়াইবার উপায় করে, কি পড়িতে কি চলিতে কি গড়িয়া পড়িতে দেয়, অথবা ঐ প্রকারের জল যাহাতে কোন প্রকারে ময়লা কি নষ্ট হইতে পারে এমত কোন কার্য্য যে কেহ করে, সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[Power to fill up unwholesome tanks on private premises.]

XLI. When any tank or other excavation containing waste or stagnant water, the same being within any private enclosure, appears to the Magistrate to be injurious to health, or to be offensive to the neighbourhood, it shall be lawful for the Magistrate to require, by notice in writing, the owner of the premises to cleanse or fill up such tank or excavation; and if he do not begin to cleanse or fill up the same within one week after such notice and do not complete such work with due diligence, the Magistrate, his officers, and workmen, may enter into the said premises and do all necessary acts for the purpose aforesaid as he shall think fit; and the expense incurred thereby shall be paid by the owner of

[বিশেষ ব্যক্তিরদের বাড়িতে অস্বাস্থ্যজনক যে পুকুর থাকে তাহা বুজিয়া দিবার ক্ষমতা।]

৪১ ধারা। যদি কোন বিশেষ ব্যক্তির বেড়ার মধ্যে কোন পুকুর কিম্বা অকর্ম্মণ্য কি বদ্ধ জলের কোন ডোবা, মাজিষ্ট্রেট সাহেবের বিবেচনামতে অস্বাস্থ্যজনক কিম্বা প্রতিবাসিরদের অনিষ্টের হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব লিখিত এত্তেলা দিয়া ঐ বাড়ির স্বামিকে ঐ পুকুর কি ডোবা পরিষ্কার করিতে কিম্বা বুজিয়া দিতে হুকুম করিতে পারিবেন। আর সেই এত্তেলা জারী হইলে পর এক সপ্তাহের মধ্যে যদি সেই ব্যক্তি ঐ পুকুর কি ডোবা পরিষ্কার করিতে কি বুজিয়া ফেলিতে আরম্ভ না করে, উপযুক্তমতে যত্ন করিয়া ঐ কর্ম্ম সমাপ্ত না করে তবে মাজিষ্ট্রেট সাহেব ও তাঁহার কার্য্যকারকেরা মজুরেরা ঐ বাড়ির মধ্যে প্রবেশ করিয়া পূর্ব্বোক্ত অভিপ্রায়ে আবশ্যক সকল কার্য্য যেমন উচিত বোধ করে তেমনি করিতে পারিবেন। আর তাহাতে যে সব খরচ লাগে তাহা ঐ বাড়ির স্বামির দিতে হইবেক,

such premises, and shall be recoverable as hereinafter provided.

তাহা এই আইনের পশ্চাৎ লিখিত বিধানমতে আদায় হইতে পারিবেক ইতি।

[Power to drain off and cleanse stagnant pools in open places.]

XLII. The Magistrate may, from time to time as he shall see fit, drain off into any sewers, and cleanse and fill up or otherwise abate, any stagnant pool, ditch, tank, pond, or other receptacle of water (the same not being within any private enclosure) which shall appear to him to be useless or unnecessary, or likely to prove injurious to the health of the inhabitants, whether the same be the private property of any person or otherwise.

[অনাবৃত স্থানে যে পুকুর তাহার বদ্ধ জল ছাড়িয়া দিবার ও তাহা পরিষ্কার করিবার ক্ষমতা।]

৪২ ধারা। মাজিষ্ট্রেট সাহেব সময়ে২ যেমন উচিত বোধ করেন তেমনি কোন বিশেষ ব্যক্তির বেড়ার মধ্যে না থাকা বদ্ধ জলের যে কোন জলাশয় কি খাই কি পুকুর কি ডোবা কি অন্য স্থানের জল তাঁহার বিবেচনামতে অকর্ম্মণ্য কি অনাবশ্যক হয়, কি নিবাসি লোকেরদের স্বাস্থ্যের বিঘ্নজনক হইবার সম্ভাবনা, তাহা কোন বিশেষ ব্যক্তির সম্পত্তি হউক বা না হউক, তাহাতে তিনি প্রণালী কাটিয়া তাহার জল কোন নয়নজুলিতে চালাইতে ও সেই পুকুরপ্রভৃতি পরিষ্কার করিতে ও বুজিয়া ফেলিতে পারিবেন, কিম্বা অন্যপ্রকারে রহিত করিতে পারিবেন ইতি।

[Penalty for not lighting deposits of building materials or excavations.]

XLIII. No person intending to build, or take down, alter, or repair any building, shall deposit any building materials, or make a hole in any street, without the permission of the Magistrate; and when such permission is granted to any person, he shall, at his own expense, cause such materials or such hole to be sufficiently fenced and enclosed until the materials are removed, or the hole is filled up or otherwise made secure; and shall cause the same to be sufficiently lighted during the night; and whoever deposits materials or makes a hole without such permission, or fails to fence or enclose and light such materials or hole, or does not remove such materials or fill up such hole when the permission has been withdrawn, shall be liable to a fine not exceeding fifty Rupees, and a further fine not exceeding fifty Rupees for every day while the offence is continued after twenty-four hours' notice from the Magistrate.

[গাঁথিবার সরঞ্জাম যেখানে ফেলা যায় সেই স্থানে কি কোন গর্ত্তে আলো না দিবার দণ্ড।]

৪৩ ধারা। কোন ব্যক্তি কোন ঘর গাঁথিতে কি ভাঙ্গিয়া ফেলিতে কি পরিবর্ত্ত কি মেরামৎ করিতে মনস্থ করিলে মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি না পাইয়া গাঁথিবার কিছু সরঞ্জাম কোন রাস্তায় জমা করিয়া রাখিবেক না কি রাস্তায় গর্ত্ত করিবেক না। আর যখন সেইরূপ অনুমতি কোন ব্যক্তিকে দেওয়া যায় তখন যত কাল সেই সরঞ্জাম স্থানান্তরি না করা যায় কি সেই গর্ত্ত বুজিয়া না ফেলা যায় কি অন্য প্রকারে তাহার সুরক্ষা না হয়, তত কাল সেই ব্যক্তি আপনার খরচে সেই সরঞ্জামে কি সেই গর্ত্তে উপযুক্তমতে বেড়া দিবেক ও তাহা ঘেরিয়া রাখিবেক ও রাত্রিকালে তাহাতে উপযুক্তমতে আলো দেওয়াইবেক। আর যদি কেহ সেইরূপ অনুমতি না পাইয়া সরঞ্জাম জমা করিয়া রাখে কি গর্ত্ত করে, কিম্বা সেই সরঞ্জামে কি গর্ত্তে বেড়া দিতে কি তাহা ঘেরিয়া রাখিতে ও তাহাতে আলো দিতে ত্রুটি করে, কিম্বা সেইরূপ অনুমতি রহিত হইলে পর ঐ সরঞ্জাম স্থানান্তর না করে কি ঐ গর্ত্ত বুজিয়া না ফেলে, তবে সেই ব্যক্তি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, ও তদ্ভিন্ন মাজিষ্ট্রেট সাহেবের এত্তেলা পাইয়া চব্বিশ ঘণ্টার পর যত দিন সেই অপরাধ হইয়া থাকে তাহার দিনপ্রতি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[Dangerous places near streets to be repaired or enclosed.]

XLIV. If any building, tank, well, or hole, or other place, be, for want of sufficient repair, protection, or enclosure, dangerous to passengers, the Magistrate shall cause the same to be repaired, protected, or enclosed, so as to prevent danger therefrom; and the expenses of such repair, protection, or enclosure, shall be paid by the owner of the property so repaired, protected, or enclosed, and shall be recoverable as hereinafter provided.

[রাস্তার নিকট আশঙ্কাজনক স্থানের মেরামৎ করিতে হইবেক কি তাহা ঘেরিয়া রাখিতে হইবেক।]

৪৪ ধারা। যদি কোন ইমারৎ কি পুকুর কি কূপ কি গর্ত্ত কি অন্য স্থান উপযুক্তমতে মেরামৎ কি সুরক্ষা না হওয়াতে কি বেড়া না থাকাতে, পথিকেরদের আশঙ্কাজনক হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব আশঙ্কা যাহাতে নিবারণ হয় এমত ভাবে ঐ বিষয়ের মেরামৎ কি সুরক্ষা করাইবেন, কি তাহা ঘেরিয়া দেওয়াইবেন। আর সেই প্রকারের মেরামৎ কি সুরক্ষা করা কি ঘেরিয়া রাখা দ্রব্য যাহার হয় তাহার ঐ মেরামৎ কি সুরক্ষা করাওনের কি বেড়া দেওনের খরচ দিতে হইবেক, ও সেই খরচ ইহার পরের লিখিত বিধানমতে আদায় হইতে পারিবেক ইতি।

[Penalty for establishing a slaughter-house without license after passing of Act.]

XLV. No place, which is not used as a slaughter-house at the time of the passing of this Act, shall be so used without a license in writing from the Magistrate; and whoever uses as a slaughter-house any place not so used at the time of the passing of this Act, without such license, shall be liable to a fine not exceeding one hundred Rupees,

[এই আইন জারী হইবার পরে পাট্টাবিনা কশাইখানা করিবার দণ্ড।]

৪৫ ধারা। এই আইন জারী হইবার সময়ে যে স্থানে কশাইখানা না থাকে এমত কোন স্থানে মাজিষ্ট্রেট সাহেবের লিখিত পাট্টাবিনা কশাইখানা করা যাইবেক না। আর এই আইন জারী হইবার সময়ে যে স্থানে কশাইখানা না থাকে এমত কোন স্থানে যদি কেহ সেই প্রকারের পাট্টা না পাইয়া কশাইখানা করে, তবে সে এক শত টাকার অনধিক জরীমানার

and a fine not exceeding fifty Rupees for every day after the conviction for such offence during which the said offence is continued.

[Penalty for keeping slaughter-house in improper state.]

XLVI. Every owner or occupier of any slaughter-house, or of any market or shop for the sale of butcher's meat, fish, or vegetables, shall keep the same in a cleanly and proper state, and shall admit at all reasonable hours any person authorized by the Magistrate to enter and inspect the same; and the owner or occupier of any such slaughter-house, market, or shop, which shall not be kept in a cleanly and proper state, shall be liable for every default to a fine not exceeding twenty Rupees.

[Penalty for establishing offensive and dangerous trades within certain limits.]

XLVII. Within the limits which shall be prescribed for the purposes of this Section by the Lieutenant-Governor of Bengal, no place shall be newly used except under license from the Magistrate for any of the following purposes, namely, for melting tallow—or for boiling offal or blood—or as a soap house—oil-boiling house—dyeing house—tannery—brick, pottery, or lime kiln—sago manufactory—or other manufactory or place of business from which offensive or unwholesome smells arise—or as a yard or depôt for hay, straw, wood, or coal; and whoever, without a license, uses any such place for such purpose, shall be liable to a fine not exceeding two hundred Rupees and a fine not exceeding fifty Rupees for every day after the conviction for such offence during which the said offence is continued.

[No burial or burning place henceforth to be constructed without leave of Magistrate.]

XLVIII. No burial or burning ground, whether public or private, shall be made or formed, after the passing of this Act, otherwise than by or under the authority of the Lieutenant-Governor of Bengal without a license from the Magistrate; and whoever shall bury or burn, or cause, permit, or suffer to be buried or burned, any corpse in any burial or burning ground, made or formed without such license, shall be liable to a fine not exceeding two hundred Rupees.

[Magistrate may order certain burial or burning places to be closed. Penalty for burying or burning in such places.]

XLIX. If, upon the evidence of competent persons, it shall appear to the Magistrate that any burial or burning ground is in such a state as to be dangerous to the health of persons living in the neighbourhood thereof, and also that a convenient place for interment or burning, as the case may be, exists within a convenient distance and is available, the Magistrate, with the sanction of the Lieutenant-Governor of Bengal previously obtained, may, by notification to be affixed on

যোগ্য হইবেক, আর সেই অপরাধ সাব্যস্ত হইলে পর যত কাল অপরাধ হয় তত কাল দিনপ্রতি পঞ্চাশ২ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[কশাইখানা অনুচিত মতে রাখিবার দণ্ড।]

৪৬ ধারা। কোন কশাইখানার কিম্বা কশাইয়েরদের বিক্রেয় মাংস কি মাচ কি শাকতরকারী বিক্রয় করিবার কোন হাটের কি দোকানের স্বামী কি দখীলকার সেই দোকানপ্রভৃতি পরিষ্কার ও উপযুক্ত মতে রাখিবেক, ও মাজিষ্ট্রেট সাহেব তাহাতে প্রবেশ করিয়া দেখিবার জন্যে যে কোন ব্যক্তিকে ক্ষমতা দেন তাহাকে উপযুক্ত সকল সময়ে প্রবেশ করিতে দিবেক। আর সেইপ্রকারের যে কোন কশাইখানা কি হাট কি দোকান পরিষ্কার ও উপযুক্ত মতে না রাখা যায় তাহার স্বামী কি দখীলকার, যতবার সেই ত্রুটি করে ততবার, কুড়ি টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[যাহাতে দুর্গন্ধ হয় ও প্রাণহানির আশঙ্কা হয় এমত ব্যবসায় বিশেষ সীমানার মধ্যে করিবার দণ্ড।]

৪৭ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই ধারার কার্য্যের নিমিত্তে যে২ সীমা নির্দ্দিষ্ট করেন তাহার কোন স্থানে এই২ কর্ম্মের —অর্থাৎ চরবি গলাইবার, কিম্বা ত্যজ্য মাংস কি রক্ত পাক করিবার কিম্বা সাবান প্রস্তুত করিবার কি তৈল পাক করিবার, কি কাপড়ে রঙ্গ দিবার কি চর্ম্ম কশাইবার ঘর, কি ইটের পাঁজা কি কুম্ভকারের পোয়ান কি চূণের ভাটী, কি সাগুর কারখানা, কি অন্য যে কোন কারিগরি কি কার্য্যের স্থানহইতে দুর্গন্ধ কি অস্বাস্থ্যজনক গন্ধ বাহির হয় তাহা, কিম্বা শুকনা ঘাস কি খড় কি বিচালী কি কাষ্ঠ কি কয়লার গোলা কি গাদা মাজিষ্ট্রেট সাহেবের পাট্টা বিনা করা যাইবেক না। আর পাট্টা বিনা যে কেহ সেই কার্য্য সেইরূপ কোন স্থানে করে, সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক, ও সেই অপরাধ সাব্যস্ত হইলে পর যত দিন অপরাধ হয় তাহার দিনপ্রতি পঞ্চাশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের অনুমতি না হইলে কবর স্থান কি শ্মশান উত্তর কালে করা যাইবেক না।]

৪৮ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞার দ্বারা, কি আজ্ঞাক্রমে না হইলে মাজিষ্ট্রেট সাহেবের স্থানে প্রথমে পাট্টা না পাওয় গেলে, এই আইন জারী হইবার পরে, সাধারণে কি বিশেষ ব্যক্তির কোন কবর স্থান কি শ্মশান কর যাইবেক না, কি প্রস্তুত করা যাইবেক না। আর যে কো ব্যক্তি সেই প্রকারের পাট্টা বিনা, করা কি প্রস্তুতক কবর স্থানে কি শ্মশানে কোন শব পোতে কি দাহ কর কি পোতায় কি দাহ করায় কি পুতিতে কি দাহ করিতে দেয় কি অনুমতি দেয়, সেই ব্যক্তি দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেব কোন২ কবর স্থান কি শ্মশান ব করিবার আজ্ঞা করিতে পারিবেন। সেইরূপ স্থা কবর দিবার কি দাহ করিবার দণ্ড।]

৪৯ ধারা। যদি উপযুক্ত ব্যক্তিরদের প্রমাণক্রমে মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করেন যে, কোন কবর স্থা কি শ্মশানের অবস্থা বুঝিয়া তাহার প্রতিবাসি লোকে দের স্বাস্থ্যের বিঘ্নজনক হয়, আরো ঐ স্থানের অন দূরে কবর দিবার কিম্বা বিষয়বিশেষে দাহ করি উপযুক্ত স্থান আছে ও পাওয়া যাইতে পারে, মাজিষ্ট্রেট সাহেব বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টে গবরনর সাহেবের অনুমতি প্রথমে পাইয়া, ঐ কোন প্রকাশ স্থানে এত্তেলানামা লটকাইয়া ঐ স্থান কি শ্মশান বন্দ করিবার জন্যে দুই মাসের ক

some conspicuous part of the ground, appoint a time, not being less than two months, for the closing of such burial or burning ground; and whoever, after the time so appointed, buries or burns, or causes or permits to be buried or burned, any corpse therein, shall be liable to a fine not exceeding one hundred Rupees.

[Stray dogs to be killed at certain appointed periods.]

L. It shall be lawful for the Magistrate, by order in writing to be affixed at the principal Police Stations, and also to be published in some public newspaper, to appoint from time to time certain periods within which any dogs found straying in the streets or beyond the enclosures of the houses of the owners of such dogs, may be destroyed.

[Police Officer may arrest without warrant on view of offence.]

LI. Any Police Officer may arrest without a warrant any person committing in his view any offence against this Act, if the name and address of such person be unknown to him.

[Police Officer may take into custody, without warrant, persons charged with aggravated assault recently committed.]

LII. Any Police Officer may take into custody, without a warrant, any person who is charged with committing an aggravated assault, in every case in which he shall have good reason to believe that such assault has been committed, although not in his view, and that, by reason of the recent commission of the offence, a warrant could not have been obtained for the apprehension of the offender.

[Persons taken into custody by a Police Officer without warrant may be detained in Police Office until brought before a Magistrate or bailed.]

LIII. Every person taken into custody without a warrant by a Police Officer under this Act shall be taken to the nearest Police Office, in order that such person may be detained until he can be brought before the Magistrate, or until he shall enter into recognizances, with or without sureties, for his appearance before the Magistrate. Any person so detained and not entering into recognizances shall be carried before the Magistrate within twenty-four hours from the time of his being taken into custody.

[Procedure on information or complaint laid before the Magistrate of an offence against this Act.]

LIV. Upon any information or complaint laid before the Magistrate of any offence committed against this Act, the Magistrate may summon the person charged to appear at a time to be mentioned in the summons, or if he see sufficient

হয় এমত সময় নিরূপণ করিতে পারিবেন, আর সেই নিরূপিত সময়ের পরে যে কোন ব্যক্তি ঐ জমীর মধ্যে কোন শব পোতে কি দাহ করে কি পোতায় কি দাহ করায় কি পোতা যাইতে কি দাহ হইতে দেয়, সে ব্যক্তি এক শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[ভ্রমণকারি কুকুরদিগকে বিশেষ কোন২ কালে মারা যাইবেক।]

৫০ ধারা। মাজিষ্ট্রেট সাহেব পোলীসের প্রধান২ থানায় লিখিত হুকুমনামা লটকাইয়া, ও সাধারণ কোন সম্বাদপত্রেতে প্রকাশ করিয়া, সময়ে২ কোন বিশেষ কাল নিরূপণ করিতে পারিবেন. সেই কালের মধ্যে যদি কোন কুকুরকে রাস্তায় কিম্বা সেই কুকুর যাহার হয় তাহার ঘরের বেড়ার কি প্রাচীরের বাহিরে ভ্রমণ করিতে দেখা যায়, তবে কুকুরকে নষ্ট করা যাইবেক ইতি।

[পোলীসের আমলা অপরাধ দেখিলে পরওয়ানা বিনা গ্রেপ্তার করিতে পারিবেক।]

৫১ ধারা। কোন ব্যক্তি পোলীসের কোন আমলার গোচরে এই আইন না মানিয়া কোন অপরাধ করিলে. যদি সেই ব্যক্তির নাম ও বাসস্থান ঐ আমলা না জানে তবে পরওয়ানা না পাইয়াও তাহাকে গ্রেপ্তার করিতে পারিবেক ইতি।

[কোন ব্যক্তির নামে সম্প্রতি গুরুতররূপে চড়াউ করিবার নালিশ হইলে পোলীসের আমলা পরওয়ানা বিনাও তাহাকে হেফাজতে লইতে পারিবেক।]

৫ ধারা। কোন ব্যক্তির নামে ভারি চড়াউ করিবার নালিশ হইলে, যদি পোলীসের আমলার দৃষ্টিগোচরে না হইলেও সেই চড়াউ হইয়াছে তাহার এমত বিশ্বাস করিবার উপযুক্ত হেতু থাকে, ও সেই অপরাধ অল্প কাল পূর্ব্বে হওয়াপ্রযুক্ত যদি অপরাধির গ্রেপ্তারের পরওয়ানা পাওয়া যাইতে না পারে, তবে সেই আমলা পরওয়ানা না পাইয়াও তাহাকে হেফাজতে লইতে পারিবেক ইতি।

[পোলীসের কোন আমলা যে লোকদিগকে বিনাপরওয়ানায় হেফাজতে লয় তাহারদিগকে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে যেপর্য্যন্ত উপস্থিত না করা যায় কি তাহারদের জামিন না দেওয়া যায় সেইপর্য্যন্ত পোলীস ঘরে আটক করিয়া রাখা যাইতে পারিবেক।]

৫৩ ধারা। এই আইনমতে পোলীসের আমলা পরওয়ানা না পাইয়া যে কোন ব্যক্তিকে হেফাজতে লয় তাহাকে যাবৎ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করা যাইতে না পারে, অথবা যাবৎ সেই লোক জামিন দিয়া কিম্বা জামিনবিনা ঐ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত হইবার একরারনামা লিখিয়া না দেয়, তাবৎ তাহাকে আটক করিয়া রাখিবার জন্যে অতি নিকট পোলীস ঘরে আনা যাইবেক। যে কোন ব্যক্তি সেই প্রকারে আটক হইয়া হাজির হইবার একরারনামা লিখিয়া না দেয়, সেই ব্যক্তিকে হেফাজতে লওয়া যাইবার কালঅবধি চব্বিশ ঘণ্টার মধ্যে মাজিষ্ট্রেট সাহেবের নিকটে উপস্থিত করিতে হইবেক ইতি।

[এই আইন না মানিয়া যে অপরাধ করা যায় তাহার সম্বাদ কি নালিশ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে হইলে যরূপে কার্য্য করিতে হইবেক।]

৫৪ ধারা। এই আইন না মানিয়া যে অপরাধ করা যায় তাহার সম্বাদ কি নালিশ মাজিষ্ট্রেট সাহেবের নিকটে করা গেলে কি দেওয়া গেলে, মাজিষ্ট্রেট সাহেব নালিশহওয়া ব্যক্তির নামে সমন দিয়া তাহাকে সমনের লিখিত সময়ে হাজির হইতে তলব করিতে পারিবেন, কিম্বা

cause for so doing, may issue a warrant for his apprehension. The provisions of the general Regulations of the Bengal Code and Acts of the Government of India for the time being in force relative to the issue and service of summonses and warrants, to the summons, attendance, and examination of witnesses, and generally to the trial of cases, to the recovery of fines and penalties, and to appeals against orders and sentences passed by a Magistrate, shall be applicable to all cases under this Act. Provided that, in all cases of offences punishable with fine only, if after due service of summons the person charged shall not appear in pursuance thereof, the Magistrate, at his discretion, may hear and determine the case in his absence. Provided also, that no appeal shall lie from any order of a Magistrate passed, with the sanction of the Lieutenant-Governor of Bengal, under Section XLIX. of this Act.

[Recovery of costs or expenses.]

LV. In all cases where any costs or expenses are by this Act directed to be paid, the amount of the same shall be ascertained and determined by the Magistrate, and the Magistrate may, for that purpose, summon the parties and examine them and the witnesses on their behalf; and such amount, together with the costs of the enquiry, shall be recoverable in the same manner as fines may be recovered.

[Jurisdiction.]

LVI. Any Joint Magistrate or Deputy Magistrate duly authorized to exercise the powers of a Magistrate, and any Assistant vested with special powers, may, in cases referred to him by the Magistrate, exercise all the powers vested in a Magistrate by this Act.

[Application of fines.]

LVII. All fines imposed and levied under this Act shall be applied in aid of any fund applicable to Police and Conservancy purposes in the said Suburbs or Station; and all costs and expenses which the Magistrate is hereby authorized to incur, shall be paid from and [illegible] to such fund; or if there be no such fund all such fines as aforesaid shall be applied by the Magistrate to the cleansing or otherwise improving of the said Suburbs or Station.

[Act to supersede the provisions of Act XXI. of 1841.]

LVIII. With respect to all matters expressly provided for by this Act and within the limits subject to the same, the provisions of this Act shall be held to supersede the provisions of Act XXI. of 1841.

[*Government Gazette*, 6th October, 1867.]

যদি উপযুক্ত কারণ দেখেন তবে তাহাকে গ্রেফ্তার করিবার পরওয়ানা জারী করিতে পারিবেন। সমন ও পরওয়ানা বাহির করণ ও জারী করণের বিষয়ে, ও সাক্ষিরদিগের নামে সমন দিবার ও তাহারদের হাজির হইবার ও জোবানবন্দী লইবার বিষয়ে, ও সাধারণমতে মোকদ্দমার বিচার করিবার ও জরীমানা ও অর্থদণ্ড আদায় করিবার ও মাজিষ্ট্রেট সাহেবের করা হুকুম ও দণ্ডাজ্ঞার উপর আপীল হইবার বিষয়ে, বাঙ্গলা দেশের চলিত সাধারণ আইনের ও ভারতবর্ষের গবর্ণমেণ্টের আক্টের যেং বিধান যে সময়ে প্রবল থাকে তাহা এই আইনমতের সকল মোকদ্দমার প্রতি খাটিবেক। পরন্তু যে সকল অপরাধের কেবল জরীমানা দণ্ড হইতে পারে এমত সকল মোকদ্দমাতে যাহার নামে নালিশ হয় তাহার উপর সমন উপযুক্তমতে জারী হইলে পর যদি সে তদনুসারে হাজির না হয়, তবে মাজিষ্ট্রেট সাহেব আপনার বিবেচনামতে তাহার অনুপস্থানে মোকদ্দমা শুনিয়া নিষ্পত্তি করিতে পারিবেন। আরো এই আইনের ৪৯ ধারামতে বাঙ্গলা দেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের অনুমতিক্রমে মাজিষ্ট্রেট সাহেব যে কোন হুকুম করেন তাহার উপর কোন আপীল হইতে পারিবেক না ইতি।

[খরচখরচা আদায় করণ।]

৫৫ ধারা। যে সকল স্থলে এই আইনমতে কোন খরচ খরচা দিবার আজ্ঞা হন সেই সকল স্থলে যত দিতে হইবেক তাহা মাজিষ্ট্রেট সাহেব নিরূপণ করিয়া স্থির করিবেন। আর তদভিপ্রায়ে মাজিষ্ট্রেট সাহেব উভয় পক্ষকে ও তাহারদের পক্ষের সাক্ষিরদিগকে তলব করিয়া তাহারদের জোবানবন্দী লইতে পারিবেন, আর জরীমানা যে প্রকারে আদায় হইতে পারে সেই প্রকারেতে ঐ টাকা ও তদারকের খরচ আদায় হইতে পারিবেক ইতি।

[এলাকা।]

৫৬ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের শক্তিক্রমে কার্য্য করিতে উপযুক্তমতের ক্ষমতাপ্রাপ্ত কোন জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের কি ডেপুটী মাজিষ্ট্রেটের প্রতি ও বিশেষ ক্ষমতাপ্রাপ্ত আসিষ্টাণ্ট সাহেবের প্রতি মাজিষ্ট্রেট সাহেব যেং মোকদ্দমা অর্পণ করেন, তাহাতে তিনি এই আইনানুসারে মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পিত সকল ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন ইতি।

[জরীমানার টাকা লইয়া যাহা করিতে হইবেক।]

৫৭ ধারা। এই আইনানুসারে যে সকল জরীমানা করা যায় ও আদায় হয় তাহা উক্ত শহরতলী কি মোকামের মধ্যে পোলীসের কার্য্যের ও নগর পরিপাটীরূপে রাখিবার কার্য্যের কোন তহবীল বৃদ্ধি করণার্থে দেওয়া যাইবেক। আর মাজিষ্ট্রেট সাহেবকে এই আইনমতে যে সকল খরচখরচা করিবার ক্ষমতা দেওয়া গিয়াছে তাহা সেই তহবীলহইতে দেওয়া যাইবেক ও তাহাতে ফিরিয়া দেওয়া যাইবেক। অথবা যদি সেইরূপ কোন তহবীল না থাকে, তবে মাজিষ্ট্রেট সাহেব পূর্ব্বোক্ত প্রকারের ঐ সকল জরীমানার টাকা লইয়া উক্ত শহরতলী কি মোকাম পরিষ্কার করিবার কি অন্য প্রকারে আরো উত্তম করিবার জন্যে খরচ করিবেন ইতি।

[এই আইনেতে ১৮৪১ সালের ২১ আইনের বিধান বাতিল হয়।]

৫৮ ধারা। এই আইনেতে যে সকল বিষয়ের বিধান স্পষ্টরূপে করা গিয়াছে তৎসম্পর্কে ও যেং স্থানে এই আইন প্রচলিত হইবেক সেইং স্থানের মধ্যে, এই আইনের বিধানক্রমে ১৮৪১ সালের ২১ আইন বাতিল হইয়াছে জ্ঞান হইবেক ইতি।

[Interpretation.]

LIX. In the construction of this Act, words importing the singular number shall include the plural number, and words importing the plural number shall include the singular number; words importing the masculine gender shall include females.

SCHEDULE.

Of Places included in the Suburbs of Calcutta and Station of Howrah.

SUBURBS OF CALCUTTA.

The Villages composing the Government Estate of Punchanogram and all lands belonging to any other Estate which are situate within the general limits of the said Government Estate.

Garden Reach or Moocheekhola.
Ramnugger.
Singeratee.
Indree.
Sonaie.
Borrberiah.
Rajahrampoor.
Bhookylas.
Dukhin Sherepoor.
Kidderpoor.
Bykantpoor.
Adee Gunga Chur.
Ramchunderpoor.
Ekbalpoor.
Mominpoor.
Balrampoor.
Alleepoor.
Jeeraut.
Radhanuggur.
Gopalnuggur.
Doorgapoor.
Chetlah.
Jarool.
Dowlutpoor.
Sonadanga.
Manjrat.
Moyapoor.
Shurhurpoor.

STATION OF HOWRAH.

Howrah, (including)
Punchanuntolla.
Jolapara.
Chandmarry (with Tandal Bagan.)
North Bettra.
South Bettra.
Ichapoor.
Saumpoor.
Gholadanga.
Ramkistopoor.
Khoorut (with Kasondia.)
Chuckerbair.
Satragatchee.
Sathghurra.

[অর্থ করণ ।]

৫৯ ধারা। এই আইনের অর্থ করণেতে এক বচনের শব্দেতে বহুবচনও বুঝিতে হইবেক, ও বহু বচনের শব্দেতে এক বচনও বুঝিতে হইবেক, ও পুংলিঙ্গবোধক শব্দেতে স্ত্রীকেও বুঝিতে হইবেক ইতি।

কলিকাতার শহরতলী ও হাবড়া মোকামের মধ্যে যেং স্থান ধরা গেল তাহার

তফসীল।

কলিকাতার শহরতলী।

গবর্ণমেণ্টের মহাল পঞ্চান্নগ্রামের সকল গ্রাম। ও উক্ত গবর্ণমেণ্টের মহালের সাধারণ সীমানার মধ্যে অন্য যে কোন মহাল থাকে তাহার সকল জমী।

মুচিখোলা
রামনগর
সিঙ্গেরআটী
ইন্দ্রি
সোনাই
বড়বেড়িয়া
রাজারামপুর
ভূকৈলাস
দক্ষিণ শেরপুর
খিদিরপুর
বৈকুণ্ঠপুর
আদি গঙ্গা চর
রামচন্দ্রপুর
একবালপুর
মমিনপুর
বলরামপুর
আলীপুর
জিরাট
রাধানগর
গোপাল নগর
দুর্গাপুর
চেতলা
জারুল
দৌলতপুর
সোণাডাঙ্গা
মাজরাট
মায়াপুর
শরহরপুর

হাবড়া মোকাম।

হাবড়া অর্থাৎ
পঞ্চাননতলা
জলাপাড়া
চাঁদমারি ও তাণ্ডালবাগান
উত্তর বেটরা
দক্ষিণ বেটরা
ইচ্ছাপুর
শ্যামপুর
ঘোলাডাঙ্গা
রামকৃষ্ণপুর
খুরুত ও কাসন্দীয়া
চক্রবেড়
সাঁতরাগাছি
সাতঘরা

Godâr Hât (with Kinkur Chatterjea's Hât.)
Battore.
Seebpoor (with Baje Seebpoor, Majairhat, Bhurpara, Battatolla, Sreehurrynowpara, Bishop's College, and Company's Botanical Garden.)
Puddopookhur.
South Baxara.
North Baxara.
Sulkeah, including
Bandaghat (with Hurrogunge and Banerjeaparah.)
Ghoosory (with Bhat Bagan.)
Malipanchghura.
Barrackpoor.
Bellore.
Nukhsah.
Chuckpara.
Nellooah.
Belgatchia (with Paikan Belgatchia.)
Bamungatchee.
Chowrasta (with Dhurmtolla, Goghatta, and Baboodanga.)
Golabarry (with Pheelkhana.)

W. Morgan,
Clerk of the Council.

গদার হাট ও কিঙ্কর চাটুয্যার হাট
বাটোর
শিবপুর ও বাজে শিবপুর ও মাজের হাট ও ভড়পাড়া ও বাটাতলা ও শ্রীহরিনওপাড়া ও বিশপ কালেজ ও কোম্পানির বাগান।
পদ্মপুকুর
দক্ষিণ বাকশাড়া
উত্তর বাকশাড়া
শালকিয়া তাহার মধ্যে
বাঁধা ঘাট ও হরগঞ্জ ও বাঁড়ুয্যাপাড়া
ঘুসড়ি ও ভোটবাগান
মালি পাঁচঘরা
বারাকপুর
বেলুড়
নক্‌শা
চকপাড়া
নেলুয়া
বেলগাছিয়া ও পাইকান বেলগাছিয়া
বামনগাছি
চৌরাস্তা ও ধর্ম্মতলা ও গোঘাটা ও বাবুডাঙ্গা
গোলাবাড়ি ও ফিলখানা।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
John Robinson, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

The 19th September, 1857.

The following Bill was read a second time in the Legislative Council of India on the 19th September 1857, and was referred to a Select Committee who are to report thereon after the 23rd of November next:—

A Bill for the levy of Port-dues in certain Ports in the Province of Cuttack.

[Preamble.]

Whereas it is necessary to fix the amount of the Port-dues to be hereafter levied and taken in the Ports named in the Schedule to this Act, and in any other Port, situate between the North bank of the river Soobunreekha and the South bank of the river Dhamrah in the Province of Cuttack, which may hereafter be declared by the Lieutenant-Governor of Bengal to be subject to the Provisions of this Act; It is enacted as follows:—

[Port-due chargeable on sea-going vessels of three hundred maunds' burthen and upwards entering any of the Ports.]

I. A Port-due, at a rate not exceeding the rate of four annas for every one hundred maunds of burthen, shall be chargeable in respect of every sea-going vessel of the burthen of three hundred maunds and upwards which shall enter any of the said Ports.

[No Port-due on vessels compelled by stress of weather to put back.]

II. Provided that no such due shall be charge-

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

১৮৫৭ সাল ১৯ সেপ্টেম্বর।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ১৯ সেপ্টেম্বর তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি নবেম্বর মাসের ২৩ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

কটক প্রদেশের কোন২ বন্দরে মাসুল আদায় করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

এই আইনের শেষে যে তফসীল আছে তাহাতে যে সকল বন্দরের নাম দেওয়া গেল সেই সকল বন্দরে, ও কটক প্রদেশের সুবর্ণরেখার উত্তর তীরের ও ধামরা নদীর দক্ষিণ তীরের মধ্যে অন্য যে কোন বন্দর বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ইহার পর এই আইনের বিধানের অধীন প্রকাশ করেন সেই বন্দরেও, যে মাসুল ইহার পরে আদায় হইয়া লওয়া যাইবেক তাহা নির্দ্ধার্য্য করা আবশ্যক, এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[তিন শত মোনের ও তাহার অধিক বোঝাই ধারি সমুদ্রে গমনশীল যে জাহাজ কোন বন্দরে যায় তাহার উপর যত মাসুল লাগিবে তাহার কথা।]

১ ধারা। তিন শত মোন ও তাহার অধিক বোঝাই-ধারি সমুদ্রে গমনশীল যে প্রত্যেক জাহাজ উক্ত সকল বন্দরের কোন বন্দরে যায়, তাহার বোঝাইর এক২ শত মোনের উপর চারি আনার অনধিক হিসাবে বন্দরের মাসুল লাগিবেক ইতি।

[তুফান হওয়াতে কোন জাহাজের ফিরিয়া যাইতে হইলে তাহার মাসুল না লাগিবার কথা।]

২ ধারা। পরন্তু যদি উক্ত সকল বন্দরের কোন

able in respect of any vessel which, having left any of the said Ports, is compelled to re-enter such Port, or to enter any other of the said Ports, by stress of weather, or in consequence of having sustained any damage.

বন্দরহইতে চলিয়া গেলে পর ভারি তুফানপ্রযুক্ত কি কিছু নোকসান হওয়াপ্রযুক্ত কোন জাহাজের সেই বন্দরে ফিরিয়া যাইতে হয় কিম্বা সেই সকল বন্দরের অন্য কোন বন্দরে যাইতে হয়, তবে সেই জাহাজের উপর ঐ মাসুল লাগিবেক না ইতি।

[Port-dues may be compounded for.]

III. The owner or agent of any vessel belonging to any of the said Ports may compound for the dues chargeable in such Port, or in any other of the said Ports, in respect of such vessel by an annual payment equal to the amount of three times the rate fixed under Section I. of this Act.

[বন্দরের মাসুলের ফুরণ করা যাইতে পারিবার কথা।]

৩ ধারা। উক্ত কোন বন্দরের কোন জাহাজের স্বামী কি এজেণ্ট, ঐ বন্দরে কিম্বা উক্ত সকল বন্দরের কোন বন্দরে ঐ জাহাজের জন্যে যে মাসুল লাগিতে পারে তাহা না দিয়া, এই আইনের ১ ধারাতে যে হিসাব ধার্য্য হইয়াছে তাহার তিনগুণ টাকা বৎসরে২ দিবার ফুরণ করিতে পারিবেক।

[Commencement of Act.]

IV. This Act shall have effect from and after the first day of May 1858; and until this Act comes into effect, Port-dues may continue to be levied at the said Ports under the rules and at the rates now in force.

[এই আইনের প্রথম চলন হইবার কথা।]

৪ ধারা। এই আইন ১৮৫৮ সালের মে মাসের প্রথম দিনঅবধি চলন হইবেক। আর এই আইন যত কাল চলন না হয় তত কালপর্য্যন্ত উক্ত বন্দরে এইক্ষণে যে বিধি ও যে হিসাব চলন আছে সেই বিধিমতে ও সেই হিসাবে বন্দরের মাসুল আদায় হইতে থাকিবেক।

SCHEDULE.

Ports.

Balasore.
Chooramun.
Lychunpore.
Chanooa.
Sartha.
Soobunreekha.
Dhamrah.

W. MORGAN,
Clerk of the Council.

তফসীল।

বন্দর

বালেশ্বর।
চূড়ামন।
লৈচনপুর।
চানুয়া।
সারথা।
সুবর্ণরেখা।
ধামরা।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

No. 1942.

FORT WILLIAM,
HOME DEPARTMENT,
The 22nd September, 1857.

Under the provisions of Act No. XXI. of 1836, the Right Hon'ble the Governor General in Council is pleased to sanction the transfer of so much of Pergunnah Teleagherry, in the Sonthal Pergunnahs, as lies on the left bank of the Ganges, from Zillah Bhagulpore to Zillah Purneah; and of so much of Pergunnah Bahadoorpore as lies on the left bank of the Ganges, from Zillah Bhagulpore to the District of Malda; and of all the Villages on the right bank of the Ganges to the South East of the Sonthal Pergunnahs, from Zillah Bhagulpore to Zillah Moorshedabad.

CECIL BEADON,
Secy. to the Govt. of India.

১৯৪২ নম্বর।

ফোর্ট উলিয়ম।
দেশীয় ডিপার্টমেণ্ট।
১৮৫৭ সাল ২২ সেপ্টেম্বর।

১৮৩৬ সালের ২১ আইনের বিধানমতে হজুর কৌন্সেলে শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ জেনরল বাহাদুর অনুমতি করিয়াছেন যে, সান্থাল পরগনার অন্তঃপাতি তেলিয়াগড়ি পরগনার যে ভাগ গঙ্গার বামতীরে আছে তাহা জিলা ভাগলপুরহইতে খারিজ হইয়া জিলা পূরণিয়ার শামিল কর যায়। ও পরগনা বাহাদুরপুরের যে ভাগ গঙ্গার বামতীরে আছে তাহা ভাগলপুর জি 1 হইতে খারিজ হইয়া মালদহ জিলার শামিল করা যায়। ও সান্থাল পরগনার দক্ষিণ পূর্ব্ব দিগে গঙ্গার দক্ষিণ তীরে য সকল গ্রাম আছে তাহা ভাগলপুর জিলাহইতে খারিজ হইয়া মুরশিদাবাদ জিলার শামিল করা যায়।

সিসিল বীডন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

No. 39 A.

***Extract from** the Proceedings of the Right Hon'ble the **Governor** General of India in **Council**, in the **Financial Department**, under date the 11th September* 1857.

Read again Section X. Chap. 3 of the Rules for regulating Leave of Absence to Uncovenanted Civil Servants.

৩৯ A নম্বর।

ফিনানসিয়ল ডিপার্টমেণ্টে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবর্‌নর্ জেনরল বাহাদুরের ১৮৫৭ সালের ১১ সেপ্টেম্বর তারিখের কার্য্য বিবরণ হইতে গৃহীত কথা।

অচিহ্নিত দেওয়ানীর কার্য্যকারকদিগকে ছুটী দিবার বিধির ৩ অধ্যায়ের ১০ ধারা পাঠ করা গেল।

Read an endorsement from the Home Department, No. 1598, dated the 25th Ultimo, forwarding, for consideration and orders, a Letter, No. 1941, dated the 4th Idem, from the Secretary to the Government of Bombay, requesting to be furnished with precise information as to the nature of the Leave to which Section X. Chap. 3 of the Uncovenanted Service Absentee Rules refers.

Resolution.

[Section X. Parties who may desire to draw their Allowances while absent on Leave, will be required to give Security in such amount and form as may be fixed by Government, for the refund of any excess that may be drawn in case of their coming under retrenchment.]

The Right Hon'ble the Governor General in Council observes, in reference to the above enquiry, that Section X. of the Uncovenanted Service Absentee Rules applies only to Absentees on Sick Leave, who, while absent on Leave, may wish to draw their Allowances through their Agents; and he therefore directs that the above Section be transferred from the head "Rules for Leave on Private Affairs" to the head "Rules for Sick Leave," and that it be numbered as Section VI., the four subsequent Sections at present numbered VI., VII., VIII. and IX. being numbered VII., VIII., IX. and X.

[Order.]

Ordered, that a copy of the foregoing Resolution be sent to the Home Department for communication to the Government of Bombay, and that the original paper received therefrom be returned.

Ordered also, that a copy of the above Resolution be sent to the Departments, Governments and Officers noted in the margin,* for their information and guidance.

Ordered also, that a transcript of the above Resolution be published in the *Official Gazette* for general information.

(A true Extract.)

C. HUGH LUSHINGTON,
Secy. to the Govt. of India.

* Foreign Department.
Military Department.
Public Works Department.
Bengal Government.
Fort St. George.
N. W. Provinces.
Central Provinces.
Straits Settlements.
Punjaub Chief Commissioner.
Civil Auditor Fort William.

দেশীয় ডিপার্টমেণ্টের গত মাসের ২৫ তারিখের ১৫৯৮ নম্বরের পৃষ্ঠ লিখিত কথা পাঠ করা গেল। তাহার সঙ্গে বোম্বাই গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের গত মাসের ৪ তারিখের ১৯৪১ নম্বরের পত্র বিবেচনা হইবার জন্যে ও তাহার উপর হুকুম হইবার জন্যে দেওয়া গেল। সেই পত্রেতে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৩ অধ্যায়ের ১০ ধারাতে যে প্রকারের ছুটীর কথা আছে তাহা সপষ্টরূপে জ্ঞাত হইবার প্রার্থনা হইয়াছে।

নির্দ্ধারণ।

[১০ ধারা। কর্ম্মে উপস্থিত না থাকিবার কালে যে বেতন পাইবার অনুমতি আছে, তাহা যদি কেহ ছুটীর কালে লইতে চাহেন, তবে পরে কোন কারণে সেই বেতনের কিছু কর্ত্তন করিতে হইলে, অতিরিক্ত যে টাকা তদ্রূপে দেওয়া গেল তাহা গবর্ণমেণ্ট ফিরিয়া পাইতে পারেন এই নিমিত্তে গবর্ণমেণ্ট যত টাকার জামিনী ও যে জামিনীপত্র নির্দ্ধার্য্য করেন তাহা ঐ কার্য্যকারকের প্রথমে দিতে হইবেক।]

উপরের লিখিত প্রার্থনার উপলক্ষে হজুর কৌন্সেলে শ্রীযুত রাইট অনরবিল গবর্নর্ জেনরল বাহাদুর কহেন যে, পীড়াপ্রযুক্ত যাঁহারা ছুটী লইয়া কর্ম্মে উপস্থিত না থাকিবার কালে আপনারদের এজেণ্টেরদের দ্বারা আপনারদের প্রাপ্য বেতন লইতে চাহেন, কেবল তাঁহারদের উপর অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১০ ধারা খাটে। অতএব তিনি আজ্ঞা করিতেছেন যে ঐ ধারা "নিজ কর্ম্মের নিমিত্তে ছুটীর বিধি" হইতে উঠাইয়া দেওয়া যায় ও "পীড়াপ্রযুক্ত ছুটীর বিধির" মধ্যে লেখা যায়। আর ঐ ধারাকে ৬ ধারা বলিবা লেখা যায়। আর এইক্ষণে যে ৬, ৭, ৮, ৯ ধারা আছে তাহা ৭, ৮ ৯, ১০, ধারা বলিয়া লেখা যায়।

হুকুম।

হুকুম হইল যে উপরের লিখিত নির্দ্ধারণের কথা বোম্বাইয়ের গবর্ণমেণ্টকে জানাইবার নিমিত্তে দেশীয় ডিপার্টমেণ্টে পাঠান যায় ও সেই ডিপার্টমেণ্টহইতে যে আসল পত্র পাওয়া গিয়াছে তাহা ফিরিয়া পাঠান যায়।

হুকুম হইল যে উক্ত নির্দ্ধারণের কথার এক কেতা নকল নীচের লিখিত * ডিপার্টমেণ্টে ও গবর্ণমেণ্টকে ও কার্য্যকারকেরদিগকে জানাইবার জন্যে ও তাঁহারদের উপদেশের জন্যে তাঁহারদের নিকটে পাঠান যায়।

হুকুম হইল যে, উক্ত নির্দ্ধারণের কথা সর্ব্ব সাধারণের জানাইবার জন্যে সরকারী গেজেটে প্রকাশ করা যায়।

(যথার্থ নকল।)

সি হিউ লশিংটন।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

* বিদেশীয় ডিপার্টমেণ্ট ও মিলিটারী ডিপার্টমেণ্ট ও সরকারী ইমারৎআদি নির্ম্মাণের ডিপার্টমেণ্ট। ও বাঙ্গলা দেশের ও মান্দ্রাজের ও উত্তর পশ্চিম দেশের ও মধ্য প্রদেশের ও মোহনার বসতি স্থানের গবর্ণমেণ্ট। ও পঞ্জাবের প্রধান কমিস্যনর সাহেব ও ফোর্ট উলিয়মের সিবিল আডিটর সাহেব।

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 15th September, 1857.

Baboo Hurgorea Bose, Moonsiff of Russoolgunge, Zillah Sylhet, to be Moonsiff of Kuddumgatchee, Zillah 24-Pergunnahs.

LEAVE OF ABSENCE.

The 15th September, 1857.

Baboo Petumber Mookerjea, Moonsiff of Kishengunge, Zillah Rungpore, for one month, in excess of the Mohurrum and Dusserah Vacations, under Section VII. of the Uncovenanted Absentee Rules.

A. W. RUSSELL, *Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৫ সেপ্টেম্বর।

জিলা ছিলটের রসুলগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু হরগৌরী বসু জিলা ২৪পরগনার কদমগাছীর মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৫ সেপ্টেম্বর।

জিলা রঙ্গপুরের কৃষ্ণগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু পীতাম্বর মুখুয্যা দশহরা ও মহরমের বন্দের অতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

এ ডবলিউ রসেল। রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৩৫০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৫ আগষ্ট।

শ্রীযুত জি এফ কোবর্ণ সাহেব (Mr. G. F. Cockburn.) কটক এলাকার রাজস্বের ও দায়েরসায়েরীর কমিস্যনর ও পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত এস ওয়াকোপ সাহেব (Mr. S. Wauchope,) কলিকাতা নগরের পোলীসের কমিস্যনর হইবেন।

শ্রীযুত ডি কনলিফ সাহেব (Mr. D. Cunliffe,) চাটিগাঁয়ের কালেক্টর হইবেন।

শ্রীযুত এ মনি সাহেব (Mr. A. Money,) বেহারের কালেক্টর হইবেন, ও সেই জিলার মাজিষ্ট্রেটেরও কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি এফ কার্ণাক সাহেব (Mr. C. F. Carnac,) নওয়াখালির জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন কিন্তু যাবৎ অন্য হুকুম না পান তাবৎ ঢাকায় মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৫৭ সাল ১১ আগষ্ট।

শ্রীযুত বি উড সাহেব (Mr. B. Wood.) সাস্তাল পরগনার ডেপুটী কমিস্যনরের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ১৪ আগষ্ট।

শ্রীযুত জে ডি সাণ্ডফোর্ড সাহেব (Mr. J. D. Sandford,) ত্রিপুরার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৭ সাল ১৭ আগষ্ট।

শ্রীযুত এচ ডেবিস সাহেব (Mr. H. Davies,) ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন ও শেরঘাটী এলাকা খণ্ডের ভার পাইবেন ও বেহার ও হাজারীবাগ জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

শ্রীযুত ই বি বেকর সাহেব (Mr. E. B. Baker,) ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট হইবেন ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন ও শাসিরাম এলাকা খণ্ডের ভার পাইবেন ও শাহাবাদ জিলাতে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইন ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি কষ্টলি সাহেব (Mr. W. C. Costley,) শাহাবাদহইতে নদীয়াতে নিযুক্ত হইয়াছেন। সেই জিলাতে তিনি মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১২ আগষ্ট।

সাস্তাল পরগনার একটিং ডেপুটী কমিস্যনর শ্রীযুত ডবলিউ এল রাবিন্‌সন্ সাহেব (Mr. W. L. Robinson,) ছুটীর সংশোধিত নূতন বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

দিনাজপুরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এস সি এম্‌সবরি সাহেব (Mr. S. C. Amesbury,) ঐ মোকামের চিকিৎসকের কর্ম্মের ভার এদেশীয় ডাক্তরকে অর্পণ করিয়া ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৪ সালের ২১ অকটোবর তারিখের ও ১৮৫৬ সালের ২২ ফেব্রুয়ারি তারিখের বিধিমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৪ আগষ্ট।

মুরশিদাবাদে দাতব্য ঔষধালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু তারক চন্দ্র লাহিড়ী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারামতে আগামি মাসের ১৫ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৮ আগষ্ট।

সিবিল সম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত জি ডি উইলকিন্স সাহেব ও শ্রীযুত এচ ডি এচ ফরগসন সাহেব (Messrs. G. D. Wilkins, and H. D. H. Fergusson,) বেণ্টিঙ্ক নামক কলের জাহাজে বর্ত্তমান মাসের ১১ তারিখে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪০৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৫ আগষ্ট।

পাটনার কমিস্যনর শ্রীযুত ই এ সামুএলস্ সাহেব (Mr. E. A. Samuells,) ১৮৫৭ সালের ১৪ আইনমতে

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৬ অক্টোবর।]

দণ্ডনীয় সকল দোষ ও অপরাধের বিচার করিবার জন্যে আপন এলাকার অন্তঃপাতি সকল জিলাতে ঐ আইনের ৭ ধারামতে কমিস্যনর হইবেন।

নীচের লিখিত মুনসেফেরা ১৮৫৭ সালের ৩ আইনের ১৪ ধারামতে আপন২ এলাকায় মোকদ্দমা গ্রাহ্য করিয়া বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

বাঁকুড়াতে।

বাঁকুড়ার মুনসেফ।
উন্দার মুনসেফ।
সোণামুখির মুনসেফ।
কোতলপুরের মুনসেফ।
রাধানগরের মুনসেফ।
বড়যোড়ার মুনসেফ।
বিষ্ণুপুরের মুনসেফ।

বীরভূমে।

আমদহরার মুনসেফ।
কন্দেরার মুনসেফ।
দুবরাজপুরের মুনসেফ।
কাইথার মুনসেফ।
গোপালপুরের মুনসেফ।
উক্রার মুনসেফ।

হুগলীতে।

মহানাদের মুনসেফ।
দ্বারহাটার মুনসেফ।
উলুবেড়িয়ার মুনসেফ।

বর্দ্ধমানে।

খণ্ড ঘোষের মুনসেফ।
কাইতিয়ার মুনসেফ।
মেমারীর মুনসেফ।
কালনার মুনসেফ।
ভাতুড়িয়ার মুনসেফ।
মহম্মদপুরের মুনসেফ।
মঙ্গলকোটের মুনসেফ।
বামনাড়িয়ার মুনসেফ।
ইন্দাসের মুনসেফ।

মেদিনীপুরে।

মেদিনীপুরের মুনসেফ।
গরবেটার মুনসেফ।
পরবেরিয়ার মুনসেফ।
নিকাশীর মুনসেফ।
নগওয়ানের মুনসেফ।
নিমালের মুনসেফ।

১৮৫৭ সাল ১৮ আগষ্ট।

শ্রীযুত টি ই রেবনশা সাহেব (Mr. T. E. Ravenshaw,) পাবনাতে দলীলদস্তাবেজের রেজিষ্টর হইবেন।

১৮৫৭ সাল ২০ আগষ্ট।

শ্রীযুত ডবলিউ জে পামর সাহেব (Mr. W. J. Palmer,) বারাণসীর আফীমের এজেন্টীতে প্রথম আসিষ্টাণ্ট ও আফীমের পরীক্ষক হইবেন।

শ্রীযুত জে জে হল্‌স্‌ সাহেব (Mr. J. J. Halls.) নদীয়ার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

১৮৫৭ সাল ২১ আগষ্ট।

বাঙ্গলা দেশের গবর্নমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr. C. T. Buckland.) কিঞ্চিৎ কালের নিমিত্তে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের স্বকীয় সেক্রেটারীর কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৭ আগষ্ট।

রামরীতে আরাকানের কমিস্যনর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট শ্রীযুত কাপ্তান সি শার্প সাহেব (Capt. C. Sharp,) আপন কর্ম্মের ভার দ্বিতীয় আসিষ্টাণ্ট শ্রীযুত এচ ডবলিউ বেডি সাহেবের (Mr. H. W. Beddy,) প্রতি অর্পণ করিয়া ফিনানসিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুয়ারি তারিখের বিধিমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের দিন ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৮ আগষ্ট।

সাধারণের বিদ্যাধ্যাপনের ডৈরেকটর শ্রীযুত ডবলিউ জি ইয়ং সাহেব (Mr. W. G. Young,) আপনার সিরিশতার চলিত কর্ম্মের ভার ইস্কুলের প্রধান ইনস্পেকটর শ্রীযুত এচ উডরো সাহেবের (Mr. H. Woodrow,) প্রতি অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ১২ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানপর্য্যন্ত উডরো সাহেব তাঁহার কর্ম্ম চালাইবেন।

১৮৫৭ সাল ১৯ আগষ্ট।

সান্থাল পরগনার আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব (Mr. W. C. Taylor,) গত মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

বাগণ্ডির নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ সুইণ্ডন সাহেব (Mr. W. W. Swindon.) আপনার কর্ম্ম স্বহস্তে রাখিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে বর্ত্তমান মাসের ১৭ তারিখঅবধি চিকিৎসকের সর্টিফিকটক্রমে একসপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৫ আগষ্ট।

ডাইমণ্ড হারবর এলাকাখণ্ডে মনোহরগঞ্জের নালার উপর ষ্টিশ ও হাজিপুরের যে দুই গুদারা আছে তাহা ১৮১৯ সালের ৬ আইনমতে সরকারী গুদারা প্রকাশ হইল।

১৮৫৭ সাল ২০ আগষ্ট।

রায়ল ঐরিশ ফুসিলিয়রেরদের ৮৭ পল্টনের মেজর শ্রীযুত এল এচ হামিলটন সাহেব (Major L. H. Hamilton,) প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেবের আজ্ঞার অধীনে নিযুক্ত হইয়াছেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৩৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৭ আগষ্ট।

কটকের কমিস্যনর ও পেশকশী মহালের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত জি এফ কোবর্ন সাহেব (Mr. G. F. Cockburn,) ১৮৫৭ সালের ১৪ আইনমতে দণ্ডনীয় সকল দোষ ও অপরাধের বিচার করিবার জন্যে ঐ আইনের ৭ ধারামতে পেশকশী মহালে কমিস্যনর হইবেন।

১৮৫৭ সাল ২২ আগষ্ট।

ডাকাইতী নিবারণার্থ কমিস্যনর শ্রীযুত জে আর ওয়ার্ড সাহেব (Mr. J. R. Ward,) ১৮৫৭ সালের ১৪ আইনমতে দণ্ডনীয় সকল দোষ ও অপরাধের বিচার করিবার জন্যে ঐ আইনের ৭ ধারামতে কমিস্যনর হইবেন।

পূরণিয়ার একটিং কালেক্টর শ্রীযুত আর আলেকজাণ্ডর সাহেব (Mr. R. Alexander,) যাবৎ অন্য হুকুম না পান তাবৎ আপন কর্ম্মের অতিরিক্ত পূরণিয়ার জজ সাহেবের সিরিশতার চলিত কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

[*Government Gazette, 6th October,* 1857.]

ছুটী।

১৮৫৭ সাল ২২ আগষ্ট।

মেদিনীপুরের প্রধান সদর আমীন শ্রীযুত এ ডেবিড্‌সন সাহেব (Mr. A. Davidson,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৪৪০ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ২৫ আগষ্ট।

১৮৫৬ সালের ২০ আইনের ২ ধারামতে ইহাতে সম্বাদ দেওয়া গেল যে, অদ্যকার তারিখঅবধি এ আইন বারাসৎ নগরে ও শহরতলীতে প্রবল হইবেক।

২। আরো এ আইনের ৩ ধারামতে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে, এ আইনের কার্য্যের নিমিত্তে নীচের লিখিত * সকল গ্রাম ও মহল্লা সংযুক্ত হইবেক।

৩। ১৮৫৬ সালের ২০ আইনের ৪ ধারামতে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে, গবর্ণমেণ্টের রাজস্ব সম্পর্কীয় জরীপী কার্য্যের যে নকশা ১৮৫৬ সালের ১৯ যে তারিখে মঞ্জুর হয় সেই নকশাতে বারাসতের উক্ত এলাকার যে২ সীমা নির্দ্ধার্য্য হইয়াছিল উক্ত সংযুক্ত গ্রামাদির সেই২ সীমা ধরা গেল। সেই নকশাতে বাঙ্গলা দেশের গবর্ণমেণ্ট সম্মত হইয়াছেন এই কথা ১৮৫৬ সালের ১৮ জুন তারিখের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয়।

৪। ১৮৫৬ সালের ২০ আইনের ১০ ধারামতে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে, উক্ত বারাসৎ নগরে ও শহরতলীতে যে টাক্স আদায় হইবেক তাহা, যে লোকেরদের এ টাক্স দিতে হয় তাহারদের অবস্থা ও তাহারদের যে সম্পত্তি রক্ষা করিতে হইবেক সেই সম্পত্তি বুঝিয়া, তাহারদের উপর বসান যাইবেক।

---

* হরিহরপুর। বিদয়পুর। প্রসাদপুর। শ্রীধরপুর। নন্দনবাটী। আলুয়া। বনমালিপুর। রামকৃষ্ণপুর। সারাবেড়া। পদ্মপুকুরিয়া। উত্তরহাট। শির্ড়ী। দক্ষিণপাড়া। সজ্ঞমুড়া। ঘোলাহাট। হরিবেড়িয়া। কসবা। মশিদহাটী। নগরইশ্বরপুর। নলকুবাল। বামুণ্ডা। ঠাকুরহাট। উত্তরকটর। দক্ষিণহাটী। মৌখেসবাগ। মল্লাপাড়া। কুতুলসহী।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৪৮২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৫ আগষ্ট।

শ্রীযুত বাবু লোকনাথ বসু চাটিগাঁয়ের প্রধান সদর আমীন হইবেন ও সেই জিলাতে ১৮২১ সালের ৩ আইনের ১ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেট সাহেবের অসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত বাবু তারকনাথ সেন চব্বিশপরগনার প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত জে এস বেল সাহেব (Mr. J. S. Bell,) চব্বিশপরগনার অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট এচ এম বডাম সাহেব (Lieut. H. M. Boddam,) সাস্তাল পরগনার দুমকা ও দেওঘর প্রদেশে ডেপুটী কমিসানরের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত আর এল টটনহাম সাহেব (Mr. R. L. Tottenham,) চাটিগাঁয়ে সাধারণের বিদ্যাধ্যাপনের কমিটীর মেম্বর হইবেন।

১৮৫৭ সাল ২৬ আগষ্ট।

শ্রীযুত ডবলিউ ওয়াইট সাহেব (Mr. W. White,) রাজশাহীর সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত টি টুইডি সাহেব (Mr. T. Tweedie,) গরবেটা এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন ও বাঁকুড়া ও মেদিনীপুর জিলাতে মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বাঁড়ুয্যা মেদিনীপুরে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন ও সেই জিলার মধ্যে ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্টমতে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৭ সাল ২৭ আগষ্ট।

শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেব (Mr. C. J. Mackenzie,) বারাসতে ফেরিফণ্ড কমিটীর মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৭ আগষ্ট।

আরাকান এলাকায় সরকারী ইমারৎআদি নির্ম্মাণের সব-ইঞ্জিনিয়র শ্রীযুত জে ব্রুক সাহেব (Mr. J. Brooke,) আপন কর্ম্মের নিমিত্তে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৯ আগষ্ট।

সাস্তাল পরগনার একটিং ডেপুটী কমিসানর শ্রীযুত ডবলিউ এল রাবিনসন সাহেব (Mr. W. L. Robinson,) বর্ত্তমান মাসের ১২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৬ আগষ্ট।

গঙ্গকের বাঁধের কর্ম্মের ভারপ্রাপ্ত সব-ইঞ্জিনিয়র শ্রীযুত সি গিলবর্ট সাহেব (Mr. C. Gilbert) গত জুন মাসের ২৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৫২৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৬ আগষ্ট।

শ্রীযুত লেপ্টেনেণ্ট আর সি বর্চ সাহেব (Lieut. R. C. Birch,) ছোট নাগপুরের কমিসানর সাহেবের প্রধান আসিষ্টাণ্ট হইবেন ও সিংহভূম জিলার কর্ম্মের ভার পাইবেন।

১৮৫৭ সাল ২৮ আগষ্ট।

শ্রীযুত ডবলিউ এ মণ্ট্রিউ সাহেব (Mr. W. A. Montriou,) রাজধানীর কালেজে ব্যবস্থার ও ন্যায়বিদ্যার অধ্যাপক হইবেন।

পূরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি সি চাপমান সাহেব (Mr. G. C. Chapman,) ভাগলপুর জিলাতে নিযুক্ত হইয়াছেন। সেই জিলাতে তিনি মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করিবেন।

ভাগলপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ইরফান আলি পূরণিয়াতে নিযুক্ত হইয়াছেন। সেই জিলাতে তিনি ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণের নির্দ্দিষ্টমতে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৭ ২৯ আগষ্ট।

নিমক চৌকীর আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেন্ট শ্রীযুত ই জে শটলওর্থ সাহেব (Mr. E. J. Shuttleworth,) নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত এচ ডবলিউ জে বাম্বর সাহেব (Mr. H. W. J. Bamber,) নিমক চৌকীর আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২৬ আগষ্ট।

মুঙ্গেরের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব (Mr. W. V. G. Tayler,) গত জুন মাসের ২২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ ধারামতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ৩১ আগষ্ট।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত ডি কনলিফ সাহেব (Mr. D. Cunliffe,) বর্ত্তমান মাসের ২৫ তারিখে বাঙ্গাল নামক কলের জাহাজে ভারতবর্ষহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৫৬১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৯ আগষ্ট।

আসামের শ্রীযুত ডেপুটী কমিস্যনর সাহেব ১৮৫৭ সালের ১৪ আইনমতে দণ্ডনীয় সকল দোষ ও অপরাধের বিচার করিবার জন্যে ঐ আইনের ৭ ধারামতে কমিস্যনর হইবেন।

লক্ষীপুরের মুনসেফ শ্রীযুত বাবু হরীরাম মজুমদার ঐ জিলাতে ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

১৮৫৭ সাল ২ সেপ্টেম্বর।

শেরঘাটীতে এক্‌টিং একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত লেপ্টেনেণ্ট এফ এস ষ্টাণ্টন সাহেব (Lieut. F. S. Stanton,) বেহার ও শাহাবাদ জিলার মধ্যে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৫৭ সাল ৩১ আগষ্ট।

বাগণ্ডীর নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ ডবলিউ সুইণ্ডেন সাহেব (Mr. W. W. Swinden,) বর্ত্তমান মাসের ১৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

পাটনার সব আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত বাবু ব্রজনাথ কারফর্ম্মা ঐ মোকামের চিকিৎসকের কর্ম্মের ভার এদেশীয় ডাক্তর শ্রীযুত আমির খাঁর প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২প্রকরণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

কামরূপের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু দেববর বরদলৈ অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ৩১ তারিখঅবধি আগামি মাসের ২১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১ সেপ্টেম্বর।

সান্তাল পরগনার আসিষ্টান্ট কমিস্যনর শ্রীযুত জে এম জি চীক সাহেব (Mr. J. M. G. Cheek.) চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে গত মাসের ১৭ তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২ সেপ্টেম্বর।

নওয়াখালীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কৃষ্ণপ্রসাদ শর্ম্মা চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে গত মাসের ১৭ তারিখঅবধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

১৬০০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২১ আগষ্ট।

শ্রীযুত টি কাম্বেল সাহেব (Mr. T. Campbell.) বাঁকুড়া ও মানভূম ও হাজারীবাগ ও বেহার ও শাহাবাদ জিলাতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর হইবেন ও সেই২ জিলাতে মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের সম্পূর্ণ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৭ সাল ৩ সেপ্টেম্বর।

১৮৩৩ সালের ৯ আইনমতের এই২ ডেপুটী কালেক্টরেরা ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটও হইবেন ও আপন২ জিলার মধ্যে ১৭৯৭সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টান্টের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন। বিশেষতঃ

চব্বিশ পরগনার শ্রীযুত বাবু শিবচন্দ্র দেব।

ঐ শ্রীযুত বাবু রসিক কৃষ্ণ মল্লিক।

পাটনার শ্রীযুত বাবু নীলকমল শীল।

শাহাবাদের শ্রীযুত মৌলবী আজীমুদ্দীন হুসেন।

বাকরগঞ্জের শ্রীযুত ডবলিউ আর পগসেন সাহেব (Mr. W. R. Pogson.)

ঐ শ্রীযুত ডবলিউ সি গ্রাণ্ট সাহেব (Mr. W. C. Grant.)

ঢাকার শ্রীযুত বাবু হরিশ্চন্দ্র বসু।

বীরভূমের শ্রীযুত বাবু রাধানাথ গাঙ্গোলী।

ভাগলপুরের শ্রীযুত ডবলিউ আর ডেবিস সাহেব (Mr. W. R. Davies.)

চাটিগাঁয়ের শ্রীযুত বাবু গৌরচন্দ্র রায়।

ঐ শ্রীযুত ডবলিউ সারসন সাহেব (Mr. W. Sarson.)

মুঙ্গেরের শ্রীযুত বাবু রামনারায়ণ রায়।

সারণের শ্রীযুত জে সি মাকলৌড সাহেব (Mr. J. C. Macleod.)

ত্রিহুতের শ্রীযুত সি পি কাসপর্স সাহেব (Mr. C. P. Casperz.)

বেহারের শ্রীযুত মৌলবী সালামৎউল্লা খাঁ।

মুরশিদাবাদের শ্রীযুত বাবু গোবিন্দ প্রসাদ সেন।

রাজশাহীর শ্রীযুত বাবু মথুরানাথ বাঁড়ুয্যা।

পাবনার শ্রীযুত বাবু দ্বারকানাথ বাঁড়ুয্যা।

যশোহরের শ্রীযুত মৌলবী আলি আহম্মদ খাঁ।

ত্রিপুরার শ্রীযুত এম লিটল সাহেব (Mr. M. Little.)

পুরণিয়ার শ্রীযুত বাবু রাধানাথ বসু।

মানভূম ও হাজারিবাগের শ্রীযুত বাবু কালিদাস পালিত।

কটকের শ্রীযুত বাবু নরসিংহ চন্দ্র দাস।

বাঁকুড়ার শ্রীযুত বাবু রামনারায়ণ সমাদ্দার।

মেদিনীপুরের শ্রীযুত বাবু জয়নারায়ণ দাস।

ঐ শ্রীযুত মৌলবী আবদুল্লা খাঁ।

[*Government Gazette*, 6*th October*, 1857.]

হুগলীর শ্রীযুত জি বি হামটন সাহেব (Mr. G. B. Hampton.)

ঐ শ্রীযুত জে আর বি রস সাহেব (Mr. J. R. B. Ross.)

১৮৪৩ সালের ১৫ আইনমতের নীচের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেটেরা আপন২ জিলার মধ্যে ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরও হইবেন।

পাটনার শ্রীযুত মৌলবী মৌলা বক্স।

শাহাবাদের শ্রীযুত জে ডবলিউ গারষ্টিন সাহেব (Mr. J. W. Garstin.)

বৰ্দ্ধমানের শ্রীযুত বাবু যোগেশচন্দ্র ঘোষ।

পাবনার শ্রীযুত মুনশী ওয়াসিফুদ্দীন মহম্মদ।

১৮৫৭ সাল ৪ সেপ্টেম্বর।

নীচের লিখিত সাহেবেরা আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট হইবেন ও ভাগলপুর জিলার মধ্যে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইন ও ১৮৫৪ সালে ১০ আইনের ১ ধারামতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কাৰ্য্য করিবেন।

শ্রীযুত সি এচ বার্নস সাহেব (Mr. C. H. Barnes,)

শ্রীযুত ডবলিউ লাণ্ডেল সাহেব (Mr. W. Landale.)

শ্রীযুত সি বুলনয় সাহেব (Mr. C. Boulnois,) রাজধানীর কালেজে বাবস্থার আসিষ্টাণ্ট অধ্যাপক হইবেন।

১৮৫৭ সাল ৫ সেপ্টেম্বর।

নীচের লিখিত মহাশয়েরা বারাসতে দাতব্য ঔষধালয়ের কাৰ্য্য নির্ব্বাহার্থ কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত বাবু জয়গোপাল মুখুয্যা।

শ্রীযুত বাবু হরিপ্রসন্ন বসু।

শ্রীযুত বাবু রাজকৃষ্ণ মিত্র।

শ্রীযুত বাবু মহিমাচন্দ্র পাল।

শ্রীযুত টি আর কার সাহেব (Mr. T. R. Kerr,) ময়মনসিংহের ফেরিফণ্ডের কমিটির মেম্বর হইবেন।

১৮৫৭ সাল ৭ সেপ্টেম্বর।

শ্রীযুত এ মনি সাহেব (Mr. A. Money,) বেহারের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson,) ত্রিহুতের মাজিষ্ট্রেট হইবেন। কিন্তু অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত নওয়াখালীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কৰ্ম্ম করিতে থাকিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৭ সেপ্টেম্বর।

মেদিনীপুরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত এস লশিংটন সাহেব (Mr. S. Lushington,) আপন কৰ্ম্মের ভার শ্রীযুত কাপ্তান সি এচ কেলি সাহেবের প্রতি (Capt. C. H. Keighly,) অর্পণ করিয়া ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে বৰ্ত্তমান মাসের ১ তারিখ অবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু নীলকমল শীল গত জুন মাসের ১১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কাৰ্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ৬ অক্টোবর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, OCTOBER 13, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১৩ অক্টোবর

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 26TH SEPTEMBER, 1857.

THE following Bill, as settled in Committee of the whole Council, is published for general information:—

A Bill for the levy of Port-dues in the Ports of Moulmein, Rangoon, Kyouk Phyoo, Akyab, and Chittagong.

[Preamble.]

WHEREAS it is necessary to fix the amount of the Port-dues to be hereafter levied and taken in the Ports of Moulmein, Rangoon, Kyouk Phyoo, Akyab, and Chittagong in accordance with the provisions of Act XXII. of 1855; It is enacted as follows:—

[Port-dues chargeable on sea-going vessels of ten tons and upwards entering any of the Ports.]

I. Port-dues, at rates not exceeding the rates contained in the Schedule to this Act, shall be chargeable in respect of every sea going vessel of the burthen of ten tons and upwards which shall enter any of the said Ports.

[Rate of Port-due on vessels compelled by stress of weather to enter any of the Ports.]

II. When any vessel enters any of the said Ports, being driven in by stress of weather, or in consequence of having sustained any damage, or for any other reason, but does not discharge or take in any cargo or passenger therein (with the exception of such unshipment and re-shipment as may be necessary for the purpose of repair)—the Port-due chargeable in respect of such vessel shall be at a rate equal to one-half the rate chargeable in respect of other vessels.

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ২৬ সেপ্টেম্বর।

কৌন্সেলের সকল সাহেব কমিটি হইয়া আইনের নীচের লিখিত মুসাবিদা যেমন নির্দ্ধারিত করিলেন তৈ-মনি সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাই-তেছে।

মৌলমেন ও রাঙ্গুন ও কিউক ফিউ ও আক্যাব ও চাটিগাঁ বন্দরে বন্দরের মাসুল আদায় করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

১৮৫৫ সালের ২২ আইনের বিধানমতে মৌলমেন ও রাঙ্গুন ও কিউক ফিউ ও আক্যাব ও চাটিগাঁ বন্দরে বন্দরের যত মাসুল বসাইতে ও আদায় করিতে হই-বেক তাহা নির্দ্ধার্য্য করা আবশ্যক। এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[সমুদ্রে গমনশীল ১০ টন ও ততোধিক বোঝাই-ধারি জাহাজ উক্ত কোন বন্দরে গেলে তাহার উপর বন্দরের মাসুল]

১ ধারা। সমুদ্রে গমনশীল দশ টন ও তাহার অধিক বোঝাইধারি যে২ জাহাজ উক্ত কোন বন্দরে যায় তাহার উপর, এই আইনের শেষ ভাগে যে তফসীল আছে তাহাতে বন্দরের মাসুলের যে হিসাব ধরা গেল সেই হিসাবে বন্দরের মাসুল লাগিবেক, তাহার অধিক নয় ইতি।

[ঝড়প্রভৃতিপ্রযুক্ত কোন জাহাজের উক্ত বন্দরে যাই-তে হইলে যত মাসুল লাগিবেক।]

২ ধারা। যদি কোন জাহাজ মহাতুফানপ্রযুক্ত কিম্বা জাহাজের কোন নোকসান হওয়াপ্রযুক্ত কিম্বা অন্য কোন দৈবঘটনায় অগত্যা উক্ত কোন বন্দরে যায়, কিন্তু (মেরামতের জন্যে যে মাল তুলিয়া দেওয়া ও পুনরায় জাহাজে লওয়া আবশ্যক হয় তদ্ভিন্ন) কিছু মাল তুলিয়া না দেয়, কিম্বা কিছু মাল কি কোন চড়নদারকে না লয়, তবে অন্য২ জাহাজের যে হিসাবে বন্দরের মাসুল দিতে হয় ঐ জাহাজের তাহার অর্দ্ধেক দিতে হইবেক ইতি।

[No Port-due on vessels compelled by stress of weather to re-enter any of the Ports.]

III. Provided that, when any vessel having left any of the said Ports is compelled to re-enter it by stress of weather, or in consequence of having sustained any damage, no Port-due shall be chargeable in respect of such vessel.

[No vessel to pay Port-due at same Port oftener than once in sixty days.]

IV. No vessel shall be required to pay at the same Port any Port-due chargeable under this Act oftener than once in sixty days.

[Commencement of Act. Rates of Port-dues to be published. No other Port-dues to be levied.]

V. This Act shall commence and have effect from and after the first day of January 1858; and the local Government shall, on or before that date, pursuant to Section XLII. Act XXII. of 1855, declare, by notification to be published in the *Calcutta Gazette*, the rates at which Port-dues shall be levied in any of the said Ports subject to the provisions of and within the limits prescribed by this Act; and from and after the said date no Port-due shall be levied at any of the said Ports except under the authority of Act XXII. of 1855 and of this Act.

[Construction.]

VI. This Act shall be read with and taken as a part of Act XXII. of 1855.

SCHEDULE.

Port.	Maximum Rate.			
Moulmein, ...	4	annas for every ton of burthen.		
Rangoon, ...	6	annas	ditto	ditto.
Kyouk Phyoo,	4	annas	ditto	ditto.
Akyab, ...	4	annas	ditto	ditto.
Chittagong, ..	4½	annas	ditto	ditto.

W. Morgan,
Clerk of the Council.

CIRCULAR ORDERS OF THE ACCOUNTANT GENERAL.

No. 912.

To the Collector of

The Government of Bengal having in its Resolution dated the 12th instant, No. 1308, assigned to the Ferry Fund Committee of your District the sum of Rs.* for disbursement on public Works

* Tirhoot ...	...	...	35,000
Monghyr ...	...	...	20,000
Bhaugulpore	...	...	20,000
Purneah ...	...	...	10,000
Sarun. ...	...	...	30,000
Chumparun	...	...	25,000

[তুফানপ্রযুক্ত কোন জাহাজ উক্ত কোন বন্দরে ফিরিয়া গেলে তাহার কোন মাসুল লাগিবেক না ।]

৩ ধারা । পরন্তু উক্ত কোন বন্দরহইতে চলিয়া গেলে পর যদি তুফানপ্রযুক্ত কি কোন নোকসান হওয়াপ্রযুক্ত কোন জাহাজের সেই বন্দরে ফিরিয়া যাইতে হয় তবে তাহার উপর বন্দরের মাসুল লাগিবেক না ইতি ।

[কোন জাহাজ একি বন্দরে ষাইট দিনের মধ্যে একবারের অধিক মাসুল দিবেক না ।]

৪ ধারা । এই আইনমতে যে মাসুল দিতে হয় তাহা উক্ত কোন বন্দরে একবার দেওয়া গেলে পর ষাইট দিন গত না হইলে সেই বন্দরে সেই জাহাজের আর মাসুল দিতে হইবেক না ইতি ।

[আইন যেঅবধি চলন হইবেক । বন্দরের মাসুল যে হিসাবে লওযা যাইবেক তাহা প্রকাশ হইবেক । তদ্ভিন্ন বন্দরের অন্য মাসুল লওয়া যাইবেক না ।]

৫ ধারা । এই আইন ১৮৫৮ সালের জানুআরি মাসের প্রথম দিবসঅবধি চলন হইয়া প্রবল হইবেক । আর এই আইনের বিধানক্রমে, ও এই আইনেতে যে সীমানা নির্দ্দিষ্ট হইয়াছে সেই সীমানার অন্তঃপাতি উক্ত সকল বন্দরের কোন বন্দরে যে হিসাবে মাসুল আদায় হইবেক তাহা স্থানীয় গবর্ণমেণ্ট ১৮৫৫ সালের ২২ আইনের ৪২ ধারামতে সেই তারিখে কি তাহার পূর্ব্বে কলিকাতা গেজেটে ইশ্‌তিহার দিয়া প্রকাশ করিবেন । ও সেই তারিখঅবধি ও তাহার পরে ১৮৫৫ সালের ২২ আইন ও এই আইনের শক্তিক্রমে যে মাসুল আদায় হয় তদ্ভিন্ন বন্দরের কোন মাসুল উক্ত সকল বন্দরের কোন বন্দরে আদায হইবেক না ইতি ।

[অর্থ করণ ।]

৬ ধারা । এই আইন ১৮৫৫ সালের ২২ আইনের সঙ্গে পাঠ করিতে হইবেক ও তাহার এক অংশ জ্ঞান হইবেক ইতি ।

তফসীল ।

বন্দর	যাহার অধিক মাসুল লাগিবেক না ।			
মৌলমেন	...	...	টনপ্রতি	।০
রাঙ্গুন	...	...	ঐ	।৵০
কিউক ফিউ	...	...	ঐ	।০
আক্যাব	...	..	ঐ	।০
চাটিগাঁ	...	...	ঐ	।১০

ডবলিউ মর্গান ।
কৌন্সেলের ক্লার্ক ।
John Robinson, *Bengalee Translator.*

আকেৌণ্টেণ্ট জেনরল সাহেবের সরকুলর অর্ডর ।

৯১২ নম্বর ।

অমুক জিলার শ্রীযুত কালেক্টর সাহেব বরাবরেষু ।

৩৮১ নম্বর তরফ মাহামুদ কামিল মধ্যে রামজয় দে ও ফকিরচান্দ নন্দী ও মহেশচন্দ্র নন্দী ও আমীন রহমান ও মমতাজ বানু জানবক্স নুরন্নেছা ও মুতিমিয়া ও কলিমোল্লা ও নুর আলী ও ফতেআলী হাএদর আলী বদিয়জমা ইধাগাজী ও তাহের মাহামদ ও আজগর ও দেওয়ান বিবি ও আলেপ খাঁ ও আনআর আলী ও মুনাবিবি ও আবদুল আলী মবারক আলী ও শিবচরণ পাল ও বিদ্যা জিহা পঙ্গ ও বোচাগাজী ও বদিঅদ্দীন ও মাহাৎ কামিল ও রামচন্দ্র ও মাহাৎ তকি ও মাহাৎ আছাদ ও সদারাম জের বাটরা সুরত আদায় করাতে তারদিগের হিস্যা বাদে অবশিষ্ট মহাল নীলাম হইবেক মোছলম মহালের সদর জমা ৪১০৴

৪৫৬ নম্বর তরফ উদয়রুদ্র মালিক ফকিরচান্দ নন্দী ও বৃন্দাবন রাহা ও গোকুলচন্দ্র রাহা সদর জমা ৭৮০৶৯

৫৬৬ নম্বর তরফ সাদী কাছীম মালিক হারিমিয়া মদন মনুদুনু ও হাচন আলী ও মোছন আলী ও মাহামদ ওয়ালী ও সমসের আলী ও সাহাবর আলী ও দিলজান ও আমীরজান ও মেহেরজান প্রকাশবিআ বিবি সদর জমা ৬৬১৸৴৯

৬১৬ নম্বর তরফ আজিমর্দ্দিন মালিক আজগর আলী সদর জমা ১১১১৸৶৩

১৮০৮ নম্বর তর্ফর মির্জা বুডন মালিক মির্জা বুডন সদর জমা ৭॥৴০

২২৬৮ নম্বর তরফ অনন্ত মুরারি শম্ভু মধু মালিক রহিমল্লা সদর জমা ১১৸৶৩

৫৭৬৫ নম্বর তালুক মাহামদ নকী মালিক খোদ সদর জমা ৴৯

৬৮৩৬ নম্বর তালুক নীলমণি দত্ত মালিক আবুতালীপ সদর জমা ১৴

৮০৩৬ নম্বর তালুক রামদুলাল মালিক কুহিদাস সদর জমা ॥৬

১০৮৭৮ নং তালুক তপস্যারাম মালিক প্রাণকৃষ্ণ সদর জমা ।৶৯

১২২৪২ নং তালুক শাম চৌকীদার মালিক গোলোক সদর জমা ৶৩

১২২৫১ নং তালুক আকবর আলী মালিক খোদ সদর জমা ৩।৴০

২৯৫১৮ নং তালুক দেওয়ান আলী ও শ্যামতালী ও বোচন আলী ও মাহামদ কামীল ও আলী মাহামদ মালিক খোদ সদর জমা ২।৯

৩৫৫৪৮ নং তালুক মছন আলী ও মারিআ বিবি মালিক দুর্জটি রায় সদর জমা ৴৯

৪১০৬০ নং তালুক রামমণি গোকুলচন্দ্র শর্ম্মা মালিক খোদহায় সদর জমা ১।৶৬

৪১০৬১ নং তালুক রামমণি গোকুলচন্দ্র শর্ম্মা মালিক খোদহায় সদর জমা ১॥৴৯।

S. F. DAVIS, *Offg Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১০ নবেম্বর।]

ARMY AND GENERAL AGENCY.

The undersigned beg to announce that they have opened an Army and General Agency, with News and Subscribers' Rooms, at Allahabad and Cawnpore, with a view to meet the wants and requirements of Officers of Her Majesty's and the Honorable East India Company's Services, proceeding to, and on Service, in the North Western Provinces.

In addition to the ordinary business of a General Agency, the undersigned have opened a Banking Agency, and extensive warehouses, for receiving and storing property of every description.

Subscription Twenty-five Rupees per Annum.

Subscribers' names will be registered at the Offices, at Writers' Buildings, Calcutta, at Allahabad, and at Cawnpore, by

PALMER AND Co.

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের সরাসরী নিষ্পত্তিসমুহ বর্ণমালানুযায়ী লিখিত ইং ১৮৩৪ সাং ১৮৫৫ সাল।

এই গ্রন্থ ফিরিস্তিসমেত ৪১০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে উক্ত আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে তলব করিলে পাওয়া যাইবেক মুল্য ৫৲ টাকা মাত্র।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের ১৮৫৪ সালের নিষ্পত্তিসমুহের খোলাসা।

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাসায় না থাকাতে সে তাবতের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র হালদারকর্তৃক অনুবাদিত হইয়া ১৲ টাকা মুল্যে বিক্রয় হইতেছে সদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসস ব্রাউন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের নিকট উক্ত অনুবাদকর্ত্তার নামোল্লেখে মুল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

বি

অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর ও পেনস্যানের বিধির সংগ্রহ গবর্ণমেণ্টের বাঙ্গলা তরজমাকার শ্রীযুত জান রাবিনসন সাহেবকর্তৃক উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রাঙ্কিত হইযাছে মুল্য ৸৹ বারো আনা শ্রীরামপুরে উক্ত সাহেবের নিকটে মুল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি।

বিজ্ঞাপন।

সকল লোককে জ্ঞাত করা যাইতেছে যে শ্রীলশ্রীযুক্ত মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের চরিত্র বর্ণন উত্তমাক্ষরে ও উত্তম কাগজে শ্রীরামপুরের যন্ত্রালয়ে দ্বিতীয়বার মুদ্রিত হইল। মুল্য ৷৷৹ আট আনামাত্র।

বিজ্ঞাপন।

চট্টগ্রামের এসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত অভয়চন্দ্র দাসকর্তৃক বাঙ্গলা মাজিষ্ট্রেটীয় উপদেশ বিক্রয়ার্থে কলিকাতা মোকামে শ্রীযুত থাকর স্পিঙ্ক কোম্পানির বাটীতে আছে। মূল্য ৪৲ চারি টাকা মাত্র।

[*Government Gazette*, 10*th November*, 1857.]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত

CALCUTTA, TUESDAY, NOVEMBER 17, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১৭ নবেম্বর।

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE.

No. 13.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the

Dated Fort William, the 13th October 1857.

I am directed to inform you that the practice which now prevails of Superintendents submitting direct to the Board, propositions for the transfer of Villages or Estates from one District to another, entails unnecessary correspondence and delay; you are therefore requested to observe the following Rules in future.

2. Where the proposed transfer is from one District to another of the same Division, you will, after ascertaining the sentiments of the parties concerned, submit the statement to the Commissioner of the Division, who will forward the same to the Board after countersignature, with any remarks he may have to make.

3. Should the proposed transfer be from one Division to another, you will, after ascertaining the sentiments of the parties concerned, submit the statement to the Commissioner from whose Division the transfer is proposed to be made, and he, after countersignature and remarks, (if necessary) will forward it to the other Commissioner, who will submit it to the Board, having countersigned it, and made such remarks as are called for.

(Signed) E. T. Trevor,
Secretary.

বোর্ড রেবিনিউর সরকুলর অর্ডর।

১৩ নম্বর।

শ্রী অমুক প্রতি আগে
বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১৩ অক্টোবর।

১। কোন মৌজা কি মহাল এক জিলাহইতে খারিজ করিয়া অন্য জিলাতে ভর্ত্তি করিবার প্রস্তাব সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবেরা একেবারে বোর্ডের সাহেবেরদের নিকটে করিয়া থাকেন। আমি আদেশমতে তোমাকে জানাইতেছি যে, তাহাতে অনাবশ্যক অনেক পত্রাদির লিখনপঠন ও বিলম্ব হয়। অতএব ইহার পর তোমাকে এই বিধি মানিতে আদেশ হইতেছে।

২। যদি কোন মৌজা কি মহাল একি এলাকার এক জিলাহইতে অন্য জিলাতে খারিজদাখিল করিবার প্রস্তাব হয় তবে তাহাতে যে লোকেরদের সম্পর্ক থাকে তাহারদের অভিপ্রায় জানিয়া তুমি এলাকার কমিস্যনর সাহেবকে সেই কথার প্রস্তাব করিবা। পরে তিনি যে কিছু মন্তব্য কথা লিখিতে চাহেন তাহা লিখিয়া তোমার প্রস্তাবেতে দস্তখৎ করিয়া তাহা বোর্ডের সাহেবেরদের নিকটে পাঠাইবেন।

৩। যদি এক এলাকাহইতে অন্য এলাকায় খারিজদাখিল করিবার প্রস্তাব হয় তবে তাহাতে যে লোকেরদের সম্পর্ক থাকে তাহারদের অভিপ্রায় জানিয়া, যে কমিস্যনর সাহেবের এলাকাহইতে খারিজ করিবার প্রস্তাব হয় তাঁহাকে সেই কথার প্রস্তাব করিবা। তিনি তাহাতে দস্তখৎ করিয়া ও আবশ্যকমতে আপনার মন্তব্য কথা লিখিয়া সেই প্রস্তাব অন্য এলাকার কমিস্যনর সাহেবের নিকটে পাঠাইবেন। পরে সেই অন্য কমিস্যনর সাহেব তাহাতে দস্তখৎ করিয়া ও যে মন্তব্য কথার প্রয়োজন হয় তাহা লিখিয়া ঐ প্রস্তাব বোর্ডের সাহেবেরদের নিকটে পাঠাইবেন।

ই টি টুবর। সেক্রেটারী।

No. 14.

From the Secretary to the Board of Revenue, Lower Provinces, to the Commissioner of Revenue for the Division of

Dated Fort William, the 23rd October 1857.

I am directed by the Board of Revenue to request that the words "and the number of days for which it is due," may be added to the heading in Column 11, Form No. 6 of the Periodical Returns Series; and a new Direction introduced immediately after para. 28 of the Directions appended to the Series, to the following effect:—

"*Column* 14. When the amount fine levied, as shown in Column 13, is less than the amount calculated for the number of days given in Column 11, the reason should be stated."

(Signed) E. T. TREVOR,
Secretary.

১৪ নম্বর।

অমুক এলাকার রাজস্বের শ্রীযুত কমিসানর সাহেবের নামে বাঙ্গলাপ্রভৃতি দেশের বোর্ড রেবিনিউর শ্রীযুত সেক্রেটারী সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২৩ অক্টোবর।

১। বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞামতে তোমাকে এই আদেশ করিতেছি। নিরূপিত সময়ের রিটর্ণের ৬ নম্বরের পাঠের ১১ ঘরের শিরোভাগে অধিক এই কথা লেখাইবা "ও যত দিনের নিমিত্তে পাওনা হয় তাহা।" ও সেই বিবিশ্রেণীর শেষ ভাগে যে উপদেশ আছে তাহার ২৮ ধারার পরেই এক নূতন উপদেশ লেখাইবা।

"১৪ ঘর।—১১ ঘরে যত দিন লেখা হইয়াছে তাহা ধরিয়া জরীমানার যত টাকার হিসাব হইয়াছে তাহাহইতে, আদায়করা যে টাকা ১৩ ঘরে লেখা হইয়াছে তাহা যদি কম হয়, তবে তাহার কারণ লিখিতে হইবেক।"

ই টি ট্রেবর। সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 29th October, 1857.

Baboo Nuffer Chunder Samunt, to be Moonsiff of Dwarhatta, Zillah Hooghly

The 6th November, 1857.

Baboo Gooreenath Goopt, to be Moonsiff of Russoolgunge, Zillah Sylhet.

Syed Mahomed Hossein, to officiate as Moonsiff of Jungypore, Zillah Moorshedabad.

LEAVES OF ABSENCE.

The 6th November, 1857.

Moulvie Ateeoollah, Moonsiff of Nittrokonah, Zillah Mymensingh, for four months, on Medical Certificate.

Baboo Gour Chunder Mookerjea, Moonsiff of Kaguzpookeria, Zillah Nuddea, for ten days, on account of ill-health.

Baboo Gopal Chunder Ghose, Moonsiff of Mahomedpore, Zillah East Burdwan, for the 14th and 15th instant.

Baboo Gopeenath Roy, Moonsiff of Olipore, Zillah Rungpore, for two weeks, on Medical Certificate.

S. LUSHINGTON, *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৯ অক্টোবর।

শ্রীযুত বাবু নফরচন্দ্র সামন্ত জিলা হুগলীর দ্বারহাটার মুনসেফ হইবেন।

১৮৫৭ সাল ৬ নবেম্বর।

শ্রীযুত বাবু গৌরীনাথ গুপ্ত জিলা শ্রীহট্টের রসুলগঞ্জের মুনসেফ হইবেন।

শ্রীযুত সৈয়দ মহম্মদ হোসেন জিলা মুরশিদাবাদের জঙ্গীপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৬ নবেম্বর।

জিলা ময়মনসিংহের নেত্রকোণার মুনসেফ শ্রীযুত মৌলবী আতিউল্লা চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

জিলা নদীয়ার কাগজপুকুরিয়ার মুনসেফ শ্রীযুত বাবু গৌরচন্দ্র মুখুয্যা পীড়াপ্রযুক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মহম্মদপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ বর্ত্তমান মাসের ১৪ ও ১৫ তারিখের ছুটী পাইয়াছেন।

জিলা রঙ্গপুরের ওলিপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ রায় চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এস লশিংটন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৫৭১ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৫ নবেম্বর।

রঙ্গপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টান্ট শ্রীযুত এচ জি পেণ্টর সাহেব (Mr. H. G. Paynter,) ঐ জিলার মধ্যে ১৮২৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা পাইয়াছেন।

(গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৭ নবেম্বর।)

নওয়াদহের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জে টি ওর্সলি সাহেব (Mr. J. T. Worsley,) ১৮৫৭ সালের ১৪ আইনমতে দণ্ডনীয় দোষ ও অপরাধের বিচার করিবার জন্যে ঐ আইনের ৭ ধারামতে বেহার জিলাতে কমিসানর হইবেন।

শ্রীযুত পাদরি জি কেরি সাহেব (Reverend G. Kerry,) হাবড়াতে বিবাহের রেজিষ্ট্রারের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৭ সাল ৬ নবেম্বর।

পাটনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর

শ্রীযুত সৈয়দ আজিমদ্দীন হুসেন উক্ত জিলায় মাজিস্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৫৭ সাল ৭ নবেম্বর।

শ্রীযুত ডবলিউ উয়াইট সাহেব (Mr. W. White,) রাজশাহীর মিউনিসিপল কমিটির মেম্বর হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৬ নবেম্বর।

নদীয়ার সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা গত মে মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অতিচিকিৎস্তু কার্য্যকারকেরদের ছুটীর সংশোধিত বিধির ৯ ধারানুসারে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বালেশ্বরের একটিং মাজিস্ট্রেট ও কালেক্টর ও নিমকের এজেন্ট শ্রীযুত বি এচ শক সাহেব (Mr. V. H. Schalch,) আপনার কর্ম্মস্থানে পঁহুছিবার নিমিত্তে ছুটীর নূতন সংশোধিত বিধির ১৪ ধারার ২ প্রকরণানুসারে কুড়ি দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ৬ নবেম্বর।

পাটনার সিবিলসম্পর্কীয় চিকিৎসক শ্রীযুত ডবলিউ এস ডিকিন সাহেব (Mr. W. S. Dicken,) স্বীয় প্রার্থনামতে মিলিটারী ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের অধীনে কর্ম্ম করিবেন।

১৫৭৫ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১০ নবেম্বর।

১। ১৮৫৬ সালের ২০ আইনের ২ ধারামতে সম্বাদ দেওয়া যাইতেছে যে অদ্যকার তারিখঅবধি ঐ আইন গঞ্জ জঙ্গীপুরে ও রঘুনাথগঞ্জে চলন হইবেক ও উহার পরে যে২ গ্রাম নির্দ্দিষ্ট করা যায় ও যেই২ গঞ্জে সংযোগ করা যায় সেই২ গ্রামেও চলন হইবেক।

২। ঐ আইনের ৩ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে, উক্ত আইনের কার্য্যের নিমিত্তে নীচের লিখিত সকল গ্রাম কি মহল্লা পূর্ব্বোক্ত গঞ্জের সঙ্গে ধরা গিয়াছে।

গঞ্জ জঙ্গীপুর।
জঙ্গীপুর।
বড় কালিআই।
ছোট কালিআই।
রাধানগর।
ছোট কমাল।
অসমানপুর।
কাহিলপুর।
কাহিলপুর রঘুনাথপুর।
রঘুনাথপুর।
গারুডীপাড়া।
ফাজিলতলা।
বাহুরা।
সাহেবগঞ্জ।
পানানগর।
জনরামপুর।
শবানীপুর।
মুকুন্দপুর।

রঘুনাথগঞ্জ।
বালিঘাটা।
গুঞ্জারপুর।
খিদিরপুর।
সোনাটিকুরী।
কন্দুপুর।

৩। ১৮৫৬ সালের ২০ আইনের ৪ ধারামতে এই সম্বাদ দেওয়া যাইতেছে যে; গবর্ণমেন্টের রাজস্বসম্পর্কীয় সরবের যে ম্যাপ ১৮৫৬ সালের ১৯ মে তারিখে মঞ্জুর হয় সেই ম্যাপেতে ঐ সকল গ্রামের কি মহল্লার যে সীমানা ধরা আছে তাহা ঐ গ্রামসংযোগের সীমানা নিরূপিত হইয়াছে সেই ম্যাপেতে বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সম্মতি আছে এই সম্বাদ ১৮৫৬ সালের ১৮ জুন তারিখের গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ হয়।

৪। ১৮৫৬ সালের ২০ আইনের ১০ ধারামতে সম্বাদ দেওয়া যাইতেছে যে, গঞ্জ জঙ্গীপুরের ও রঘুনাথগঞ্জের সংযুক্ত সকল গ্রামে যে টাক্স বসান যাইবেক তাহা লোকেরদের অবস্থা বুঝিয়া ও যাহারদের উপর বসান যাইবেক তাহারদের যে সম্পত্তি রক্ষা করিতে হয় তাহা বুঝিয়া ধার্য্য হইবেক।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

[Government Gazette, 17th November, 1857.]

১৬১৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৭ অক্টোবর।

শাহাবাদের মাজিস্ট্রেট শ্রীযুত এচ সি ওএক সাহেব (Mr. H. C. Wake,) ১৮৫৭ সালের ১৪ আইনমতের দণ্ডনীয় সকল দোষ ও অপরাধের বিচার করিবার জন্যে ঐ জিলার মধ্যে ঐ আইনের ৭ ধারামতে কমিসানর হইবেন।

১৮৫৭ সাল ১০ নবেম্বর।

বর্দ্ধমানের একটিং কমিস্যনর শ্রীযুত ই এচ লশিংটন সাহেব (Mr. E. H. Lushington,) ১৮৫৭ সালের ১৪ আইনমতের দণ্ডনীয় সকল দোষ ও অপরাধের বিচার করিবার জন্যে ঐ আইনের ৭ ধারামতে মানভূম ও সিংহভূম জিলার মধ্যে কমিসানর হইবেন।

শ্রীযুত এ এন্ এম মাকগ্রেগর সাহেব (Mr. A. N. M. McGregor,) পোলীসের লেপ্টেনেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ কলিস সাহেব (Mr. W. Colles,) পাবনার চিকিৎসক হইবেন।

বারাসতের মুনসেফ শ্রীযুত বাবু হরগৌরী বসু ডেপুটী মাজিস্ট্রেটও হইবেন ও ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণমতে চিহ্নিত আসিষ্টাণ্টের বিশেষ ক্ষমতামতে কার্য্য করিবেন।

১৮৫৭ সাল ১১ নবেম্বর।

শ্রীযুত জে এচ রেবনসা সাহেব (Mr. J. H. Ravenshaw.) বেহারের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন ও সেই জিলাতে জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত এ স্মিথ সাহেব (Mr. A. Smith,) চম্পারণের জাইণ্ট মাজিস্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৭ নবেম্বর।

রঙ্গপুরের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্ট শ্রীযুত এচ জি পেণ্টর সাহেব (Mr. H. G. Paynter) চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী।

Mr. Thomas Klyu, lately residing at Barrackpore, or if dead, his heirs are requested to communicate with the Joint Magistrate of Baraset without delay.

বিজ্ঞাপন।

জেলা রাজশাহীর কালেক্টরির খাজাঞ্চিগিরি পদ শূন্য হইয়াছে, বেতন ১১০৲ জামিন কোম্পানির কাগজ অথবা নগদ ২৫.০০০৲ টাকা দাখিল করিতে হইবেক। প্রার্থিগণ আপন২ যোগ্যতার বৃত্তান্ত লিখিয়া প্রশংসা-পত্রসম্বলিতত্বরায় দরখাস্ত পাঠাইবেন। ইহাও জানান যাইতেছে যে যে ব্যক্তি ইংরাজী ও বাঙ্গলা জানেন তাঁহাকে অন্যাপেক্ষা মনোনীত করা যাইবেক।

W. T. TAYLOR, *Collector.*

জেলা রাজশাহীর কালেক্টরি কাছারি ৫ নবেম্বর ১৮৫৭।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

NOTICE.

ESTATE OF THE ASIATIC MARINE INSURANCE OFFICE.

The 3rd Dividend of 10 per Cent. on all admitted claims, is now payable from the office of the Official Assignee, on Tuesdays and Fridays.

N. B.—Policies must accompany the Receipts for Dividend.

13th November 1857.

বিজ্ঞাপন।

এসিয়াটিক মারিন্ ইনসুরান্স আফিস।

যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহার উপর শতকরা ১০৲ টাকার তৃতীয় ডিবিডেণ্ড প্রতিমঙ্গলবারে ও শুক্রবারে সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানায় দেওয়া যাইতেছে।

মন্তব্য। ডিবিডেণ্ডের টাকার রসীদের সঙ্গে বিমাপত্রও দেখাইতে হইবেক।

১৮৫৭ সাল ১৩ নবেম্বর।

ARMY AND GENERAL AGENCY.

The undersigned beg to announce that they have opened an Army and General Agency, with News and Subscribers' Rooms, at Allahabad and Cawnpore, with a view to meet the wants and requirements of Officers of Her Majesty's and the Honorable East India Company's Services, proceeding to, and on Service, in the North Western Provinces.

In addition to the ordinary business of a General Agency, the undersigned have opened a Banking Agency, and extensive warehouses, for receiving and storing property of every description.

Subscription Twenty-five Rupees per Annum.

Subscribers' names will be registered at the Offices, at Writers' Buildings, Calcutta, at Allahabad, and at Cawnpore, by

PALMER AND CO.

বিজ্ঞাপন।

অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর ও পেনস্যনের বিধির সংগ্রহ গবর্ণমেণ্টের বাঙ্গলা তরজমাকার শ্রীযুত জান রাবিনসন সাহেবকর্ত্তৃক উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রাঙ্কিত হইয়াছে মূল্য ৷৵০ বারো আনা শ্রীরামপুরে উক্ত সাহেবের নিকটে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি।

বিজ্ঞাপন।

সকল লোককে জ্ঞাত করা যাইতেছে যে শ্রীলশ্রীযুক্ত মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের চরিত্র বর্ণন উত্তমাক্ষরে ও উত্তম কাগজে শ্রীরামপুরের যন্ত্রালয়ে দ্বিতীয়বার মুদ্রিত হইল। মূল্য ॥০ আট আনামাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৭ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, NOVEMBER 24, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২৪ নবেম্বর।

DRAFTS OF ACTS.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE following Bill was read a first and second time in the Legislative Council on the 14th November 1857, and referred to a Select Committee, who will report thereon on the 21st November 1857:—

A Bill to amend the Articles of War for the Native Army.

WHEREAS it is expedient that, on every conviction of Mutiny or Desertion, Government should have power to order the offender to be marked; It is enacted as follows:—

[Marking of Mutineers and Deserters.]

I. Whenever any person subject to the Articles of War for the Native Army shall be convicted of Mutiny or Desertion, it shall be lawful for the Governor General in Council, or for the Executive Government of the Presidency in which the offender shall have been tried, to order him to be marked on the left side two inches below the armpit with the letter M in the case of a conviction of Mutiny, and with the letter D in the case of a conviction of Desertion, together with such other Mark as the Government may consider necessary for the purpose of identifying the offender at any future time, or of denoting the punishment to which he has been sentenced. The letter shall not be less than an inch long, and such letter and other mark shall be made upon the skin with some ink, gunpowder, or other preparation, so as to be visible and conspicuous and not liable to be obliterated.

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাক কৌন্সেল।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ১৪ নবেম্বর তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে প্রথম ও দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। ১৮৫৭ সালের ২১ নবেম্বর তারিখে তাঁহারা তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

এদেশীয় সিপাহীরদের জন্যে যুদ্ধের আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

কোন সিপাহীর রাজবিদ্রোহ হইবার কি পলাতক হইবার দোষ সাব্যস্ত হইলে অপরাধির গায়ে দাগ দিবার হুকুম করিবার ক্ষমতা গবর্ণমেণ্টের থাকা উচিত এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[রাজবিদ্রোহিরদের ও পলাতকেরদের গায়ে দাগ দিবার কথা।]

১ ধারা। এই দেশীয় পল্টনের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় যে আইন হইয়াছে তাহার অধীন কোন লোকের রাজবিদ্রোহ হইবার কি পলায়ন করিবার দোষ যখন সাব্যস্ত হয়, তখন হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কিম্বা যে রাজধানীর মধ্যে অপরাধির বিচার হয় সেই রাজধানীর কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্ট এমত হুকুম করিতে পারিবেন যে, ঐ অপরাধির রাজবিদ্রোহ হইবার দোষ সাব্যস্ত হইলে তাহার বাম পার্শ্বে বগলের নীচে দুই বুরুল স্থান রাখিয়া M এই অক্ষরের দাগ দেওয়া যায় ও তাহার পলাতক হইবার দোষ সাব্যস্ত হইলে D এই অক্ষরের দাগ দেওয়া যায়। ও তদ্ভিন্ন সেই অপরাধিকে অন্য কোন সময়ে চিনিবার জন্যে কিম্বা তাহার যে দণ্ডের আজ্ঞা হইয়াছে সেই দণ্ড জানা যাইবার জন্যে গবর্ণমেণ্ট অন্য যে কোন দাগ আবশ্যক জ্ঞান করেন সেই দাগ দেওয়া যায়। ঐ অক্ষর এক বুরুলের কম লম্বা হইবেক না ও সেই অক্ষর কি অন্য দাগ অপরাধির গায়ে কালি কি বারুদ দিয়া কি অন্য প্রকারের প্রস্তুত দ্রব্য দিয়া এমতে বসান যাইবেক যে তাহা দেখা যায় ও স্পষ্ট হয় ও কখন উঠাইয়া দেওয়া যাইতে না পারে ইতি।

[Past sentences and orders to be deemed valid.]

II. Any sentence or order, by which any person subject to the Articles of War for the Native Army may upon conviction of Mutiny or Desertion have been ordered to be marked, shall be deemed valid.

W. MORGAN,
Clerk of the Council.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE following Bill was read a second time in the Legislative Council on the 7th February 1857, and referred to a Select Committee who will report thereon after the 11th day of December 1857:—

A Bill for raising Funds for making and repairing roads in the Suburbs of Calcutta and the Station of Howrah.

[Preamble.]

WHEREAS considerable sums are expended annually by Government for making and repairing roads in the suburbs of Calcutta and the station of Howrah; and whereas it is just and expedient that such expenses should be defrayed by the inhabitants of the said suburbs and station in the same manner as the expense of making and repairing roads in the Town of Calcutta is defrayed by the inhabitants of the said Town; and whereas a tax has been imposed upon carriages and horses kept within the said Town; and it is expedient that a similar tax should be imposed upon carriages and horses kept within the said suburbs and station: It is enacted as follows:—

[Expense of making roads to be defrayed by inhabitants.]

I. The sums required for making and repairing roads within the limits of the said suburbs and station, except as hereinafter otherwise provided, shall be contributed by the inhabitants of the said suburbs and station and shall be recovered in the manner hereinafter provided.

[A tax to be imposed on carriages, horses, &c.]

II. A tax shall be imposed upon all carriages, horses, ponies, and mules kept within the limits of the said suburbs and station as those limits are defined in Act 1857, at the rates specified in the annexed Schedule, and shall be payable quarterly by the owners or persons having charge of the same.

[Exemptions.]

III. Provided that the carriages and animals hereinafter mentioned shall be exempt from the tax, namely,

Gun carriages, and ordnance carts and waggons.
Cavalry horses.

[পূর্ব্বে যে দণ্ডের আজ্ঞা ও হুকুম হইয়াছে তাহা দৃঢ় জ্ঞান হইবেক।]

২ ধারা। এদেশীয় পল্টনের জন্যে যুদ্ধের যে আইন হইয়াছে সেই আইনের অধীন কোন লোকের রাজবিদ্রোহ হইবার কি পলাতক হইবার দোষ সাব্যস্ত হওয়াতে যে কোন দণ্ডাজ্ঞামতে কি হুকুমমতে তাহার গায়ে দাগ দিবার হুকুম হইয়াছে তাহা দৃঢ় জ্ঞান হইবেক ইতি।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ৭ ফেব্রুআরি তারিখে ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গেল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল। আগামি ডিসেম্বর মাসের ১১ তারিখের পর তাঁহারদের সেই বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

কলিকাতার শহরতলীতে ও হাবড়া মোকামে রাস্তা করিবার ও মেরামৎ করিবার জন্যে তহবীল করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

কলিকাতার শহরতলীতে ও হাবড়া মোকামে রাস্তা করিবার ও মেরামৎ করিবার জন্যে গবর্ণমেণ্টের অনেক টাকা বৎসরে২ খরচ হয়। কিন্তু যেমন কলিকাতা নগরে রাস্তা করিবার ও মেরামৎ করিবার খরচ ঐ নগরনিবাসি লোকেরদেরহইতে দেওয়া যায় তেমনি উক্ত শহরতলী ও মোকামনিবাসি লোকেরদের সেইরূপ সকল খরচ দেওয়া ন্যায্য ও বিহিত। আরও কলিকাতা নগরে যে সকল গাড়ি ও ঘোড়া রাখা যায় তাহার উপর টাক্স বসান গিয়াছে ও উক্ত শহরতলীতে ও মোকামে যে সকল গাড়ি ও ঘোড়া রাখা যায় তাহার উপরও সেইরূপ টাক্স বসান উচিত। এই২ কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[রাস্তা করিবার খরচ নিবাসিরদের দিতে হইবেক।]

১ ধারা। উক্ত শহরতলীর ও মোকামের সীমানার মধ্যে রাস্তা করিবার ও মেরামৎ করিবার জন্যে যত টাকার প্রয়োজন হয় তাহা উক্ত শহরতলীর ও মোকামের নিবাসি লোকেরদের দিতে হইবেক ও সেই টাকা ইহার পরের লিখিত বিধানমতে আদায় করা যাইবেক। কিন্তু এই আইনে যে স্থলে অন্যরূপ বিধি হইয়াছে সেই স্থলে এই বিধি খাটিবেক না ইতি।

[গাড়ি ঘোড়াপ্রভৃতির উপর টাক্স বসান যাইবেক।]

২ ধারা। ১৮৫৭ সালের অমুক আইনে উক্ত শহরতলীর ও মোকামের যে২ সীমা নির্ণয় হইয়াছে তাহার মধ্যে যত গাড়ি ও ঘোড়া ও টাটু ও খচর রাখা যায় তাহার উপর এই আইনের তফসীলে যে হিসাব ধার্য্য হইয়াছে সেই হিসাবমতে টাক্স বসান যাইবেক। ঐ টাক্স ঐ গাড়িপ্রভৃতির স্বামিরদের কি তাহা যাহারদের জিম্মায় থাকে তাহারদের তিন২ মাসে দিতে হইবেক ইতি।

[বর্জ্জিত বিধি।]

৩ ধারা। পরন্তু যে গাড়ি ও পশু নীচে লেখা যাইতেছে তাহার টাক্স লাগিবেক না।

কামানের গাড়ি ও বারুদপ্রভৃতি বহিবার বলদ গাড়ি ও ওয়াগন।

ঘোড়সওয়ারেরদের ঘোড়া।

Horses belonging to Officers doing regimental duty at the Presidency or in the said suburbs or station, at the rate of one horse for each Officer.

Carriages and animals kept for sale and not used for any other purpose, if kept by *bonâ fide* dealers in such carriages or animals.

[Lieutenant-Governor may appoint Collector of tax.]

IV. The Lieutenant-Governor of Bengal may appoint such person as he shall deem fit to be Collector of the carriage and horse-tax in the said suburbs and in the said station.

[What will constitute liability to the tax for a whole quarter.]

V. Every person, who may have owned or had charge of any carriage or animal kept within the said suburbs or station for a period exceeding thirty days in any quarter, shall be liable to the whole tax for that quarter. If the period do not exceed thirty days, no tax shall be chargeable for that quarter. Provided that, when any person owning or having charge of any carriage or animal shall transfer the same to another person, he shall give notice thereof to the Collector within one week of the date of such transfer, or, if he fail to give such notice, shall be liable to the whole tax for the quarter, although the period during which he may have owned or had charge of such carriage or animal shall not have exceeded thirty days.

[Carriages under repair.]

VI. When a carriage shall have been under repair at a carriage-maker's for more than thirty days in any quarter, the Collector shall remit so much of the tax for that quarter as may be proportionate to the number of days the said carriage may have been under repair.

[Collector may compound with livery stable-keepers.]

VII. The Collector, at his discretion, may compound, for any period not exceeding one year, with livery stable-keepers and other persons keeping carriages and horses for hire, for a certain sum to be paid for the carriages and horses so kept by such persons in lieu of the rates specified in the Schedule.

[Carriages and horses let for hire to residents in the suburbs liable to the tax.]

VIII. Carriages and horses, let out for hire and kept for the time being in premises situated within the said suburbs or station, although owned by livery stable-keepers or others not residing within the limits of the said suburbs or station, shall be subject to the tax, and the sums to be charged for such carriages and horses shall be recoverable from the persons in whose premises they are for the time being kept.

[Registry and numbering of carriages for hire.]

IX. Every carriage of the description rated in

যে সেনাপতি সাহেবেরা রাজধানীতে কিম্বা উক্ত শহরতলীতে কি মোকামে পল্টনের কর্ম্ম করিতেছেন তাঁহারদের এক২ জন সাহেবের এক২ ঘোড়া।

যে গাড়ি ও ঘোড়াপ্রভৃতি কেবল বিক্রয় করিবার জন্যে রাখা যায় অন্য কর্ম্মের নিমিত্তে নহে ও গাড়ির ও পশুর নিতান্ত ব্যবসায়ী যাহারা তাহারদের নিকটে থাকে ইতি।

[শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব টাক্সের কালেক্টরকে নিযুক্ত করিতে পারিবেন।]

৪ ধারা। বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব যাঁহাকে উপযুক্ত বোধ করেন তাঁহাকে উক্ত শহরতলীতে ও উক্ত মোকামে গাড়ির ও ঘোড়ার টাক্সের কালেক্টর করিয়া নিযুক্ত করিবেন ইতি।

[যাহা হইলে সম্পূর্ণ তিন মাসের টাক্স দিতে হইবেক।]

৫ ধারা। উক্ত শহরতলীর কি মোকামের মধ্যে যে কোন গাড়ি কি ঘোড়াপ্রভৃতি রাখা যায় তাহা কোন তিন মাসের মধ্যে ত্রিশ দিনের অধিক কাল কোন কাহার হইয়া থাকিলে কি তাহার জিম্মায় থাকিলে সেই ব্যক্তি ঐ তিন মাসের সমুদয় টাক্সের দায়ী হইবেক। যদি ত্রিশ দিনের অধিক না হয় তবে সেই তিন মাসের কিছু টাক্স তাহার স্থানে লওয়া যাইবেক না। পরন্তু যাহার জিম্মাতে কিম্বা যাহার কোন ঘোড়া কি গাড়িপ্রভৃতি থাকে সেই লোক যখন সেই গাড়িপ্রভৃতি অন্য লোককে হস্তান্তর করিয়া দেয় তখন সেইরূপ দিবার তারিখঅবধি এক সপ্তাহের মধ্যে তাহার সম্বাদ কালেক্টরকে দিবেক। যদি না দেয় তবে যত কাল সেই গাড়ি কি ঘোড়াপ্রভৃতির স্বামী ছিল কি যত কাল সেই গাড়িপ্রভৃতি তাহার জিম্মায় ছিল তাহা ত্রিশ দিনের অধিক না হইলেও সেই ব্যক্তি ঐ তিন মাসের সমুদয় টাক্সের দায়ী হইবেক ইতি।

[গাড়ির মেরামৎ হইলে।]

৬ ধারা। যখন কোন গাড়ি কোন তিন মাসের মধ্যে ত্রিশ দিনের অধিক কাল মেরামৎ করিবার লোকের নিকটে মেরামৎ হইতেছে তখন ঐ গাড়ি যত দিন মেরামৎ হইতেছিল তাহার হিসাব ধরিয়া কালেক্টর ঐ তিন মাসের তত টাক্স ক্ষমা করিবেন ইতি।

[কালেক্টর আড়গড়াওয়ালারদের সঙ্গে চুক্তি করিতে পারিবেন।

৭ ধারা। কালেক্টর আপনার বিবেচনামতে আড়গড়াওয়ালারদের সঙ্গে ও অন্য যে২ লোক ভাড়া দিবার জন্যে গাড়ি ও ঘোড়া রাখে তাহারদের সঙ্গে এক বৎসরের অধিক না হয় এমত মিয়াদের এইরূপ চুক্তি করিতে পারিবেন যে তাহারা তদ্রূপে যে সকল গাড়ি ও ঘোড়া রাখে তাহার জন্যে তফসীলের লিখিত টাক্সের পরিবর্ত্তে মোটে এত টাকা দেয় ইতি।

[যাহারা শহরতলীতে বাস করে তাহারদিগকে গাড়ি ও ঘোড়া ভাড়া দেওয়া গেলে তাহার টাক্স লাগিবেক।]

৮ ধারা। যদি কোন গাড়ি ও ঘোড়া ভাড়া দেওয়া যায় ও তৎকালের নিমিত্তে উক্ত শহরতলীর কি মোকামের মধ্যে কোন বাড়িতে রাখা যায় তবে তাহা যে আড়গড়াওয়ালার কি অন্য ব্যক্তিরদের হয় তাহারা সেই শহরতলীর কি মোকামের সীমার মধ্যে বাস না করিলেও সেই গাড়ির ও ঘোড়ার উপর টাক্স লাগিবেক। আর ঐ গাড়ির ও ঘোড়ার উপর যত টাক্স লইতে হয় তাহা যাহার বাড়ীর মধ্যে ঐ গাড়ি ও ঘোড়া তৎকালে রাখা যায় তাহার স্থানে আদায় করা যাইবেক ইতি।

[ভাড়ার গাড়ির রেজিষ্টরী করণ ও নম্বর দেওন।]

৯ ধারা। তফসীলে যে গাড়ির ১॥০ দেড় টাকা টাক্স

the Schedule at one Rupee and eight annas, kept within the said suburbs or station and let out for hire, shall be registered in the Office of the Collector, and shall bear, in such manner as the Collector shall direct, the number of such registration. The registration shall be made and the number assigned annually upon such day in each year as the Collector shall appoint. Any person becoming possessed, within the year, of any such carriage which has not been registered, may obtain registration on application to the Collector at his Office. When any registered carriage is transferred within the year, it shall be registered anew in the name of the person to whom it has been transferred. A fee of four annas shall be paid for each registration.

[Penalty for not registering.]

X. Whoever keeps any such carriage, required to be registered by the provisions of the last preceding Section, without being so registered, shall, on conviction before a Magistrate, be liable to a fine not exceeding ten Rupees, and the Collector or any Officer duly authorized by him may seize or cause to be seized any such carriage (provided the same be not employed at the time of seizure in the conveyance of any passengers or goods) together with the horses or other animals drawing the same, and may deliver them over to the Police; and all Police Officers are hereby required, on the application of the Collector or his Officer as aforesaid, to seize and detain the same. If the carriage as aforesaid be not claimed, or if the fine be not paid within ten days, such carriage, together with the animals seized with it, may be sold by auction by order of the Magistrate, and the proceeds applied to the payment of the fine and all costs and charges incurred on account of the detention and sale, and the surplus (if any), if not claimed by the owner within a further period of twenty days, shall be paid to the Collector.

[List of persons liable to tax to be prepared.]

XI. The Collector shall from time to time cause to be prepared and entered in distinct columns in a book to be kept at his Office, and to be open to the inspection of any person interested therein, a list of the persons liable to the payment of the tax, a description of the carriages and animals in respect of which they are liable, and the amount of the tax assessed thereon.

[Returns may be required for purpose of making list.]

XII. In order to enable the Collector to make such list, the Collector or any Officer authorized by him may send to all persons supposed to be liable to the payment of the tax, a Schedule to be filled up with such information respecting the carriages and animals kept by them as the Collector may judge necessary for the assessment of the tax.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৪ নবেম্বর।]

ধার্য্য হইয়াছে এমত যে কোন গাড়ি উক্ত শহরতলীর কি মোকামের মধ্যে রাখা যায় ও ভাড়া দেওয়া যায় তাহা কালেক্টরের দফ্তরখানায় রেজিষ্টরী করা যাইবেক আর কালেক্টর যেমন আজ্ঞা করেন তেমনি ঐ রেজিষ্টরীকরা নম্বর তাহাতে দেওয়া যাইবেক। কালেক্টর প্রতিবৎসরের যে দিন নিরূপণ করেন সেই দিনে গাড়ি বৎসরে২ রেজিষ্টরী করা যাইবেক ও তাহার নম্বর দেওয়া যাইবেক। যদি কেহ সেই প্রকারের কোন গাড়ি বৎসরের মধ্যে পায়, ও তাহার রেজিষ্টরী না হইয়াছে তবে কালেক্টরের দফ্তরখানায় তাঁহার নিকটে দরখাস্ত করিলে সেই গাড়ির রেজিষ্টরী হইতে পারিবেক। রেজিষ্টরীকরা কোন গাড়ি যদি বৎসরের মধ্যে অন্য লোককে হস্তান্তর করিয়া দেওয়া যায় তবে যাহাকে দেওয়া গিয়াছে সেই লোকের নামে তাহা পুনরায় রেজিষ্টরী করা যাইবেক। একং বার রেজিষ্টরী করিবার জন্যে ।০ চারি আনা লাগিবেক ইতি।

।রেজিষ্টরী না করিবার দণ্ড।।

১০ ধারা। যে সকল গাড়ির ৯ ধারামতে রেজিষ্টরী করিতে হয় এমত কোন গাড়ি যদি কোন লোক রেজিষ্টরী না করাইয়া রাখে তবে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে সে দশ টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক। আর কালেক্টর কিম্বা তিনি যে কোন কার্য্যকারককে উপযুক্তমতে ক্ষমতা দেন সেই কার্য্যকারক সেইরূপ কোন গাড়ি ও তাহা যে ঘোড়া কি অন্য পশুতে টানে তাহা ধরিয়া কি ধরাইয়া পোলীসের নিকটে সমর্পণ করিয়া দিতে পারিবেন। পরন্তু ঐ গাড়িতে কোন লোক কি মাল যে সময়ে যায় সেই সময়ে না ধরে। পোলীসের সকল কর্ম্মকারককেও এই আজ্ঞা হইতেছে যে কালেক্টর কি তাঁহার পূর্ব্বোক্ত প্রকারের কর্ম্মকারক আদেশ করিলে তাহারা সেই গাড়ি ঘোড়াপ্রভৃতি ধরিয়া আটক করিয়া রাখে। দশ দিনের মধ্যে যদি কেহ উক্ত প্রকারের গাড়ির দাওয়া না করে কিম্বা যদি সেই জরীমানার টাকা না দেওয়া যায় তবে ঐ গাড়ি ও তাহার সঙ্গে যে ঘোড়াপ্রভৃতি ধরা গিয়াছিল তাহা মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞামতে নীলামে বিক্রয় হইবেক। তাহাতে যে টাকা পাওয়া যায় তাহা লইয়া ঐ জরীমানার টাকা ও সেই গাড়ি ঘোড়াপ্রভৃতি আটক করিয়া রাখিবার ও নীলাম করিবার যে সকল খরচ হয় তাহা দেওয়া যাইবেক। আর যদি কিছু অবশিষ্ট থাকে তবে স্বামী আর কুড়ি দিনের মধ্যে তাহার দাওয়া না করিলে সেই টাকা কালেক্টরকে দেওয়া যাইবেক ইতি।

।যাহারা টাক্স দিবার যোগ্য হয় তাহারদের নামাদির ফর্দ্দ করা যাইবেক।।

১১ ধারা। যে সকল লোক টাক্স দিবার যোগ্য হয় তাহারদের নামাদির ও যেরূপ গাড়ি ও পশুর নিমিত্তে তাহারদের টাক্স দিতে হয় তাহার ও যত টাক্স তাহার উপর বসান গিয়াছে তাহার এক ফর্দ্দ কালেক্টর সময়েং প্রস্তুত করাইবেন ও আপন দফ্তরখানায় একখান বহী রাখিয়া সেই সকল কথা সেই বহীর পৃথক্২ ঘরে লেখাইবেন। তাহাতে যে কোন ব্যক্তির সম্পর্ক থাকে সে ঐ বহী অবাধে দেখিতে পারিবেক ইতি।

।সেই ফর্দ্দ করিবার জন্যে রিটর্ণ করিবার আজ্ঞা হইতে পারিবেক।।

১২ ধারা। কালেক্টর সেইরূপ ফর্দ্দ করিতে পারেন এই নিমিত্তে যে সকল লোক ঐ টাক্স দিবার যোগ্য বোধ হয় তাহারদের নিকটে কালেক্টর কি তাঁহাহইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারক এক তফসীল পাঠাইতে পারিবেন ও টাক্স নির্দ্ধার্য্য করিবার জন্যে তাহারদের রাখা গাড়ির ও ঘোড়ার যে সকল কথা কালেক্টর আবশ্যক বোধ করেন তাহা তাহারা সেই

The Schedule shall be filled up in writing, and signed and dated, and returned to the Office of the Collector by every person to whom it is sent whether or not liable to the payment of the tax; and whoever refuses, neglects, or omits duly to fill up and return such Schedule within one week from the receipt thereof, or knowingly gives therein any incorrect or false return, shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding two hundred Rupees.

[Power to summon persons liable to tax.]

XIII. The Magistrate on the report of the Collector may, if he thinks proper, summon any person supposed to be liable to the payment of the tax, or any servant of such person, to appear before the Collector; and the Collector may examine such person or his servant as to the number and description of the carriages and horses in respect of which such person is liable to be assessed. If the person summoned shall, without lawful excuse, fail to appear in pursuance of the summons, or shall refuse to answer any lawful question of the Collector, or knowingly give an incorrect answer, he shall be liable, on conviction before a Magistrate, to a penalty not exceeding two hundred Rupees.

[Appeal against assessment may be made to Magistrate.]

XIV. Any person who may dispute his liability for any assessment made under the foregoing provisions of this Act or the amount of any such assessment, may appeal to the Magistrate. Provided that such appeal shall be commenced within ten days after the receipt by such person of a bill for the sum claimed from him in respect of such assessment.

[Magistrate's decision final.]

XV. The decision of the Magistrate upon every such appeal shall be final and conclusive; and no person shall be entitled to contest any assessment made under the foregoing provisions of this Act, in any other manner than by appeal to the Magistrate as hereinbefore provided.

[Bill to be presented.]

XVI. When any sum is due on account of the said tax, the Collector shall cause to be presented to the person liable to the payment thereof a bill for the amount, which shall also contain a statement of the period and a description of the carriages and animals for which the charge is made, together with a notice of the time within which an appeal may be preferred.

[Notice of demand.]

XVII. If the bill is not paid by the person liable to pay the same within five days from the presentation thereof, the Collector may cause to be served upon such person a notice of demand in

তফসীলে লিখিবেক। যাহারই নিকটে সেই তফসীল পাঠান যায় সে জন টাক্স দিবার যোগ্য হউক কি না হউক ঐ তফসীলে উপযুক্ত কথা লিখিয়া তাহাতে সহী করিয়া ও তারিখ দিয়া কালেক্টরের দফ্তরখানায় ফিরিয়া পাঠাইবেক। আর যদি কোন লোক ঐ তফসীল পাইলে পর এক সপ্তাহের মধ্যে তাহাতে উপযুক্ত কথা লিখিয়া ফিরিয়া পাঠাইতে অস্বীকার কি শৈথিল্য কি ত্রুটি করে, কিম্বা যদি সে জানিয়াশুনিয়া তাহাতে কোন অপ্রকৃত কি অসত্য কথা লেখে, তবে মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে তাহার দোষ সাব্যস্ত হইলে সে দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[টাক্স দিবার যোগ্য লোকদিগকে সমন করিবার ক্ষমতা।]

১৩ ধারা। কালেক্টর যদি রিপোর্ট করেন, তবে মাজিস্ট্রেট সাহেব উচিত বোধ করিলে যাহাকে টাক্স দিবার যোগ্য বোধ হয় এমত কোন লোককে কিম্বা তাহার কোন চাকরকে কালেক্টরের সম্মুখে হাজির হইবার জন্যে সমন করিতে পারিবেন। আর সেই লোক যত ও যে২ প্রকারের গাড়ি ও ঘোড়ার জন্যে টাক্স দিবার যোগ্য হয় সেই বিষয়ে কালেক্টর সেই লোকের কি তাহার চাকরের জোবানবন্দী লইতে পারিবেন। যে লোককে সমন করা যায় সে যদি আইনসিদ্ধ ওজর না থাকিতেও সমনমতে হাজির না হয় কিম্বা কালেক্টরের আইনমতে উচিত কোন প্রশ্নের উত্তর দিতে অস্বীকার করে, কিম্বা জানিয়াশুনিয়া অযথার্থ উত্তর দেয়, তবে তাহার দোষ মাজিস্ট্রেট সাহেবের সম্মুখে সাব্যস্ত হইলে সে দুই শত টাকার অনধিক জরীমানার যোগ্য হইবেক ইতি।

[যে টাক্স ধার্য্য হয় তাহার উপর মাজিস্ট্রেট সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক।]

১৪ ধারা। এই আইনের পূর্ব্ব লিখিত বিধানমতে যে কিছু টাক্স ধার্য্য হয় কিম্বা তদ্রূপ যত টাকার টাক্স ধার্য্য হয় তাহা দিবার যোগ্যতার বিষয়ে যদি কেহ আপত্তি করে তবে সে মাজিস্ট্রেট সাহেবের নিকটে আপীল করিতে পারিবেক। পরন্তু সেই টাক্স বলিয়া তাহার নিকটে যত টাকার দাওয়া হয় সেই টাকার বিল পাইলে পর দশ দিনের মধ্যে তাহার সেই আপীলের মোকদ্দমা আরম্ভ করিতে হইবেক ইতি।

[মাজিস্ট্রেট সাহেবের নিষ্পত্তি চূড়ান্ত হইবেক।]

১৫ ধারা। সেই প্রকার প্রত্যেক আপীলের উপর মাজিস্ট্রেট সাহেব যাহা নিষ্পত্তি করেন তাহা চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক। কোন ব্যক্তি পূর্ব্বোক্ত বিধানমতে মাজিস্ট্রেট সাহেবের নিকটে আপীল না করিয়া অন্য কোন প্রকারে এই আইনের পূর্ব্ব লিখিত বিধানমতের কোন টাক্সের বিষয়ে আপত্তি করিতে পারিবেক না ইতি।

[বিল দিতে হইবেক।]

১৬ ধারা। উক্ত টাক্সের বাবৎ কিছু টাকা পাওনা হইলে কালেক্টর ঐ টাক্স দিবার যোগ্য লোককে ঐ টাকার এক বিল দেওয়াইবেন। আরও যত কালের জন্যে ও যে২ প্রকারের গাড়ি ও ঘোড়াপ্রভৃতির নিমিত্তে ঐ টাকার দাওয়া হয় তাহা সেই বিলে লেখা থাকিবেক। ও যত দিনের মধ্যে আপীল করা যাইতে পারিবেক তাহার সম্বাদও সেই বিলে লেখা থাকিবেক ইতি।

[দাওয়ার এত্তেলা।]

১৭ ধারা। ঐ বিলের টাকা যাহার দেনা হয় সে লোক যদি ঐ বিল দিবার তারিখঅবধি পাঁচ দিনের মধ্যে টাকা না দেয় তবে কালেক্টর তাহার উপর দাওয়ার এক এত্তেলা জারী করাইতে পারিবেন। সেই

the form (A) contained in the Schedule to this Act, or to the like effect; and if such person shall not, within five days from the service of such notice of demand, pay the sum due or show sufficient cause for non-payment of the same to the satisfaction of the Collector, and if no appeal shall have been preferred, such sum with all costs may be levied by distress and sale of the goods and chattels of the defaulter under a warrant in the form (B) in the Schedule, or to the like effect, to be issued for that purpose by the Collector.

[Inventory and notice of sale.]

XVIII. The Officer charged with the execution of the warrant of distress shall make an inventory of the goods and chattels seized under any such warrant, and shall at the same time give a notice in writing in the form (C) contained in the Schedule annexed to this Act, to the person in possession thereof at the time of the seizure, that the said goods and chattels will be sold as therein mentioned.

[Sale. Fees.]

XIX. If the arrear is not paid with costs, or the warrant is not discharged or suspended by the Collector, the goods and chattels seized shall be sold under the orders of the Collector, who shall apply the proceeds or such part thereof as may be necessary in discharge of the said arrears and costs; and the surplus, if any, shall be returned on demand to the person in possession of the goods and chattels at the time of the seizure. The fees payable upon distraints under this Act shall be such as are set forth in the table of fees in the said Schedule.

[Collector may sue instead or on failure of distress.]

XX. Instead of proceeding by distress and sale, or in case of failure to realize by distress the whole or part of any sum due in respect of the tax, the Collector may sue the person liable for the same in any Court of competent jurisdiction.

[Estimate of probable expense of making and repairing roads, to be prepared annually, and published. If estimate of expense exceed estimated produce of carriage and horse tax, excess how to be made and recovered. Proviso.]

XXI. Previously to the first day of May of each year an estimate shall be prepared of the amount required during the year for the purpose of making and repairing roads in the said suburbs and in the said station; and such estimate, when sanctioned by the Lieutenant-Governor, shall be published in the *Official Gazette* for general information. If the said estimate shall exceed the sum which the carriage and horse-tax is estimated to produce, with the addition of such further sums as may be assigned by Government for the said purpose out of the Ferry Fund, or any other public fund, such excess shall be added to the

এত্তেলা এই আইনের তফসীলের A চিহ্নের পাঠে কি তাহার মর্ম্মমতে লেখা যাইবেক। সেই এত্তেলা জারী হইবার পর পাঁচ দিনের মধ্যে যদি সেই লোক ঐ দেনা টাকা না দেয় কিম্বা তাহা না দিবার উপযুক্ত কারণ কালেক্টরের হৃদ্বোধমতে না দেখায় আর যদি কোন আপীলও না করা যায়, তবে কালেক্টর তফসীলের B চিহ্নের পাঠে কি তাহার মর্ম্মমতে পরওয়ানা জারী করিয়া ঐ বাকীদারের মাল ও জিনিস ক্রোক ও নীলাম করিয়া খরচাসমেত ঐ টাকা আদায় করিতে পারিবেন ইতি।

[তালিকা ও নীলামের এত্তেলা।]

১৮ ধারা। ঐ ক্রোকী পরওয়ানা জারী হইবার নিমিত্তে যে কর্ম্মকারকের হাতে দেওয়া যায় সে কর্ম্মকারক তদ্রূপ কোন পরওয়ানামতে যত মাল ও জিনিস ক্রোক করা যায় তাহার এক তালিকা করিবেক আর সেই জিনিস ক্রোক হইবার সময়ে যাহার দখলে ছিল তাহাকে এই আইনের শেষভাগের তফসীলের C চিহ্নের পাঠে এক লিখিত এত্তেলা সেই সময়ে দিবেক। সেই এত্তেলার মর্ম্ম এই যে ঐ মাল ও জিনিস ঐ এত্তেলার লিখিত প্রকারে নীলাম করা যাইবেক ইতি।

[নীলাম। রসুম।]

১৯ ধারা। যদি সেই বাকী টাকা খরচাসমেত না দেওয়া যায় কিম্বা কালেক্টর যদি সেই পরওয়ানা রহিত কি স্থগিত না করেন তবে ক্রোককরা ঐ মাল ও জিনিস কালেক্টরের হুকুমমতে নীলাম করা যাইবেক। আর তাহাতে যে টাকা পাওয়া যায় তাহা লইয়া কি তাহার যত আবশ্যক হয় তাহা লইয়া কালেক্টর ঐ বাকী ও খরচা শোধ করিবেন। অবশিষ্ট কিছু থাকিলে ঐ মাল ও জিনিস ক্রোক হইবার সময়ে যাহার দখলে পাওয়া গিয়াছিল সে দাওয়া করিলে তাহাকে দেওয়া যাইবেক। এই আইনমতের ক্রোক হইলে যে রসুম দিতে হইবেক তাহা উক্ত তফসীলে রসুমের টেবিলে যে প্রকার প্রকাশ হইয়াছে সেই প্রকারের হইবেক ইতি।

[কালেক্টর ক্রোক না করিয়া কি ক্রোক করিবার উপযুক্ত জিনিস না পাইলে নালিশ করিতে পারিবেন।]

২০ ধারা। কালেক্টর ক্রোক ও নীলাম না করিয়া, কিম্বা টাক্স বলিয়া যে কিছু টাকা দেনা হয় তাহা সমুদয় কি তাহার কোন অংশ ক্রোক করণের দ্বারা আদায় করিতে না পারিলে সেই টাকার দায়ি ব্যক্তির নামে উপযুক্ত কোন আদালতে নালিশ করিতে পারিবেন ইতি।

[রাস্তা করিবার ও মেরামৎ করিবার খরচের ইষ্টিমেট বৎসরে২ করা যাইবেক ও প্রকাশ হইবেক। গাড়ি ও ঘোড়ার টাক্সহইতে যত টাকা পাইবার সম্ভাবনা ঐ ইষ্টিমেট তাহার অধিক হইলে ফাজিল টাকা যেপ্রকারে পাওয়া যায়। বর্জ্জিত কথা।]

২১ ধারা। উক্ত শহরতলীতে ও উক্ত মোকামে রাস্তা করিবার ও মেরামৎ করিবার জন্যে বৎসরের মধ্যে যত টাকার প্রয়োজন হইবেক তাহার এক ইষ্টিমেট প্রতিবৎসরে মে মাসের প্রথম দিনের আগে করিতে হইবেক। আর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহাতে সম্মত হইলে পর সেই ইষ্টিমেট সকল লোকের জানিবার নিমিত্তে সরকারী গেজেটে প্রকাশ হইবেক। গাড়ির ও ঘোড়ার টাক্সহইতে যত টাকা পাইবার সম্ভাবনা হয় তাহা ও গবর্ণমেণ্ট সেই কার্য্যের নিমিত্তে ফেরি ফণ্ডহইতে কি সরকারী অন্য কোন ফণ্ডহইতে অধিক যত টাকা দিয়া থাকিবেন সর্ব্বসুদ্ধ সেই টাকাহইতে যদি ঐ ইষ্টিমেটের টাকা অধিক হয়, তবে ১৮৫৬ সালের ২০ আইনমতে উক্ত শহরতলীতে ও মোকামে টাক্স কি রেট

amount of the assessment or rate to be levied in the said suburbs and station under Act XX. of 1856, and shall be made and recovered according to the provisions of that Act. Provided, however, that the limitation prescribed for an assessment or rate by Section XI. of the said Act shall not be applicable to any assessment or rate made under this Act.

[Collections and fines to be paid to suburban roads fund. Appropriation of fund.]

XXII. The proceeds of any assessment or rate made as aforesaid shall be kept distinct from the proceeds of the assessment or rate made for the purposes of the said Act XX. of 1856, and such proceeds, together with all sums received by the Collector of the carriage and horse-tax and all sums assigned by Government as above provided, and all fines and penalties levied under this Act, shall form a fund which shall be called in the suburbs of Calcutta "the suburban roads fund," and in the station of Howrah "the station roads fund." All expenses incurred for the purpose of this Act shall be defrayed from the said fund, and the residue shall be applied exclusively to making, repairing, and improving roads within the limits of the said suburbs and station. Provided that no payment shall be made from the said fund for the repair of such roads or parts of roads as are hereinafter described, namely, in the said suburbs

The Barrackpore road with the Lock-gate road.

The road from the Cossipore gun-foundry to Dum-Dum.

The Belgatchya or Dum-Dum road.

The Behalea or Diamond Harbour road from the cross road to Alipore and Tollygunge.

The Budge Budge road.

The Gurreahhath or Culpee road from the end of Old Ballygunge road.

The Canal roads, and the roads leading from the Canals and Salt-water lake into the Town, namely, the Balliaghutta, Narkooldangah, Maniektollah, Oohadunga, Gooroeparah, South Sealdah, Kooleah, Nimtollah, Jonmajoy Baboo's Khodagunge, and Khodghatta roads, and the Soorah road between the Balliaghatta and Narkooldanga roads.

In the said station

The Hooghly road from the part where it is crossed by the Old Benares road.

The Old Benares road from the same point—

or for making or maintaining any part of any other main road of communication between the Town of Calcutta and the interior of the country which may hereafter be constructed.

[Statement of expenses incurred, and of receipts and disbursements of fund, to be published annually.]

XXIII. The Lieutenant-Governor of Bengal shall cause Statements to be prepared annually of all expenses incurred on account of making, re-

বলিয়া যত টাকা আদায় করা যায় তাহার সঙ্গে ঐ অধিক টাকা লেখা যাইবেক ও সেই আইনের বিধানমতে তাহা আদায় করা যাইবেক। পরন্তু উক্ত আইনের ১১ ধারামতে টাক্সের কি রেটের যে সীমা ধরা গিয়াছে তাহা এই আইনমতের করা কোন টাক্সের কি রেটের উপর খাটিবেক না ইতি।

[আদায়করা টাকা ও জরীমানার টাকা শহরতলীর রাস্তার ফণ্ডে দেওয়া যাইবেক। সেই টাকার ব্যয়।]

২২ ধারা। উক্ত প্রকারে যে কিছু টাক্স কি রেট বসান যায় তাহার উৎপন্ন টাকা ১৮৫৬ সালের উক্ত ২০ আইনের কার্য্যের নিমিত্তে বসান টাক্সের কি রেটের উৎপন্ন টাকাহইতে পৃথক্ রাখিতে হইবেক। আর সেইরূপের উৎপন্ন টাকা ও গাড়ির ও ঘোড়ার টাক্সের কালেক্টর যে সকল টাকা আদায় করেন তাহা ও গবর্ণমেণ্ট পূর্ব্বের বিধানমতে যে সকল টাকা দেন তাহা ও এই আইনমতের আদায়করা সকল জরীমানার টাকা ও অর্থদণ্ড এই সকল টাকা লইয়া এক তহবীল হইবেক। কলিকাতার শহরতলীতে সেই তহবীল শহরতলীর রাস্তার তহবীল নামে বলা যাইবেক, ও হাবড়া মোকামে তাহা মোকামের রাস্তার তহবীল বলা যাইবেক। এই আইনের কার্য্যের নিমিত্তে যে সকল খরচ হয় তাহা উক্ত তহবীলহইতে দেওয়া যাইবেক। তাহার অবশিষ্ট টাকা ঐ শহরতলীর ও মোকামের সীমার মধ্যে কেবল রাস্তা করিতে ও মেরামৎ করিতে ও আরো উত্তম করিতে খরচ হইবেক। পরন্তু ইহার পর যে রাস্তা কি রাস্তার যে অংশ লেখা যাইতেছে তাহার মেরামতীর জন্যে ঐ তহবীলহইতে কিছু টাকা দেওয়া যাইবেক না বিশেষতঃ উক্ত শহরতলীতে।

চানকের রাস্তা ও বন্ধ হইবার ফাটকযুক্ত রাস্তা।

কাশীপুরের লোহের কারখানাহইতে দমদমাতে যাইবার রাস্তা।

বেলগাছিয়া কি দমদমার রাস্তা।

আলিপুরের ও টালিগঞ্জে যাইবার চৌমাথা রাস্তাহইতে বেহালিয়ার কি ডাইমণ্ড হারবরের রাস্তা।

বজবজের রাস্তা।

পুরাতন বালিগঞ্জের রাস্তার শেষ ভাগহইতে গড়িয়া হাট কি কালপীর রাস্তা।

খালের রাস্তা ও সেই খালহইতে ও লবণ জলের খালহইতে নগরে যাইবার সকল রাস্তা অর্থাৎ বালিয়া ঘাটার ও নারিকেল ডাঙ্গার ও মাণিকতলার ও উল্টাডাঙ্গার ও গুরীপাড়ার ও দক্ষিণ শিয়ালদহের ও খুলিয়ার ও নিমতলার ও জন্মেজয় বাবুর খোদাগঞ্জের ও খোদঘাটার রাস্তা এবং বালিয়া ঘাটা ও নারিকেল ডাঙ্গার রাস্তার মধ্যে শুঁড়ার রাস্তা।

উক্ত মোকামে।

হুগলীর রাস্তা যে স্থানে বারাণসের পুরাতন রাস্তা কাটে সেই স্থানঅবধি হুগলীর রাস্তা।

সেই স্থানঅবধি বারাণসের পুরাতন রাস্তা। আরও কলিকাতা নগরহইতে মফঃসলের কোন দেশে যাইবার অন্য যে কোন বড় রাস্তা ইহার পরে করা যায় তাহা কি তাহার কোন অংশ করিবার কি মেরামৎ করিবার জন্যে ঐ তহবীলের টাকা খরচ হইবেক না।

[যত খরচ হইয়াছে ও তহবীলের যত টাকার আয় ব্যয় হয় তাহার কৈফিয়ৎ বৎসরেং প্রকাশ হইবেক।]

২৩ ধারা। উক্ত শহরতলীর ও উক্ত মোকামের রাস্তা করিবার ও মেরামৎ করিবার ও আরো উত্তম করিবার জন্যে যে সকল টাকা খরচ হয় ও শহরতলীর রাস্তার

pairing, and improving the roads of the said suburbs, and of the said station, and of all sums credited to and disbursed from the suburban roads fund and the Howrah station roads fund, and the said Statements shall be published in the *Official Gazette* for general information.

SCHEDULE.

	Rupees per Quarter.		
For every 4-wheel carriage on springs, drawn by two horses, ...	4	8	0
For every 4-wheel carriage on springs, drawn by one horse, or pony, or a pair of ponies, under thirteen hands, ...	1	8	0
For every 4-wheel carriage, without springs, ...	1	8	0
For every 2-wheel carriage on springs,	2	4	0
For every 2 wheel carriage, without springs, drawn by a horse, pony, or mule, ...	0	12	0
For every horse,...	2	4	0
For every pony under thirteen hands, or mule, ...	0	12	0

Ponies under eleven hands, and children's carriages the wheels of which do not exceed twenty-four inches in diameter, exempt.

A.

Notice of demand.

Take notice that the Collector of the horse and carriage-tax for demands from you the sum of due from you for for the months of 185 ; and that if the sum due is not paid into the said Collector's office at , or if sufficient cause for the non-payment of the sum is not shown to the Collector within five days from the service of this notice, a warrant of distress will be issued for the recovery of the same with costs.

(*Signature of the Collector.*)

Date———

B.

Distress warrant.

To (*here insert the name of the officer charged with the execution of the warrant.*)

Whereas of has not paid or shown sufficient cause for the non-payment of the sum of Rupees due for the taxes mentioned in the margin for the months of 185 ; although the said sum has been duly demanded in writing from the said and five days have elapsed since the service of the notice of demand; This is to command you to distrain the goods and chattels of the said to the amount of the said sum of Rupees and such further sum as may be sufficient to defray the charges of taking, keep-

তহবীলের ও হাবড়া মোকামের রাস্তার তহবীলের খাতায় যে সকল টাকা জমা ও খরচ হয় তাহার কৈফিয়ৎ বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বৎসরে২ প্রস্তুত করাইবেন ও সেই কৈফিয়ৎ সকল লোকের জানিবার জন্যে সরকারী গেজেটে প্রকাশ হইবেক ইতি।

তফসীল।

	তিন২ মাসের টাকা
ইস্প্রিংওয়ালা চারি চাকার যে গাড়ি ২ ঘোড়ায় টানে তাহার টাক্স	৪ ॥০
ইস্প্রিংওয়ালা চারি চাকার যে গাড়ি ৫২ ইঞ্চির ছোট ১ ঘোড়া কি টাটু কি এক যোড়া টাটুতে টানে তাহার	১ ॥০
ইস্প্রিংবিনা চারি চাকার গাড়ির	১ ॥০
ইস্প্রিংওয়ালা দুই চাকার গাড়ির	২ ।০
ইস্প্রিংবিনা দুই চাকার যে গাড়ি ঘোড়া কি টাটু কি খচরে টানে তাহার	৸০
এক২ ঘোড়ার	২ ।০
৫২ ইঞ্চির ছোট এক২ টাটুর কি খচরের ...	৸০

৪৪ ইঞ্চির ছোট টাটু ও ছেলেপিলেদের যে গাড়ির চাকা আড়ে ২৪ ইঞ্চির অধিক না হয় তাহার কিছু টাক্স লাগিবেক না।

A.

দাওয়ার এত্তেলা।

সম্বাদ লও যে অমুক স্থানের ঘোড়া ও গাড়ির টাক্সের কালেকটর অমুক২ ঘোড়া গাড়ির জন্যে তোমার দেনা অমুক সালের অমুক২ মাসের এত টাকা দাওয়া করিতেছেন আর যদি সেই দেনা টাকা এই এত্তেলা জারী হওনের সময়াবধি পাঁচ দিনের মধ্যে অমুক স্থানে কালেকটরের দপ্তরখানায় না দেওয়া যায় কিম্বা তাহা না দিবার উপযুক্ত কারণ কালেকটরকে জানান না যায় তবে তাহা খরচাসমেত আদায় করিবার জন্যে ক্রোকী পরওয়ানা জারী হইবেক ইতি।

(কালেক্টরের দস্তখৎ।)

তাং

B.

ক্রোকী পরওয়ানা।

অমুক (এই স্থলে যে কর্ম্মকারকের প্রতি পরওয়ানা জারী করিবার ভার দেওয়া যায় তাহার নাম লেখ) প্রতি আগে।

অমুক স্থাননিবাসি অমুকের নিকটে পার্শ্বের লিখিত অমুক সালের অমুক২ মাসের টাক্সের বাবৎ যে এত টাকা পাওনা আছে তাহা উক্ত অমুকের স্থানে লিখনক্রমে উপযুক্তমতে দাওয়া হইলেও দেয় নাই ও তাহা না দিবার উপযুক্ত কারণ দেখায় নাই ও দাওয়ার এত্তেলা জারী হইবার পরে পাঁচ দিন অতীত হইয়াছে এইহেতুক এতদ্দ্বারা তোমাকে আজ্ঞা করা যাইতেছে যে তুমি উক্ত এত টাকাপর্য্যন্তের উক্ত অমুকের মাল ও দ্রব্য ক্রোক কর ও সেই ক্রোককরা দ্রব্য লইবার ও রাখিবার ও বিক্রয় করিবার খরচ পোষাইবার জন্যে যত টাকা লাগে তাহারও উপযুক্ত দ্রব্য ক্রোক কর। আর সেই ক্রোক হইবার পর পাঁচ দিনের মধ্যে যদি উক্ত পাওনা টাকা ও সেই ক্রোককরা দ্রব্য লইবার ও

ing, and selling such distress; and if, within five days next after such distress, the said sum shall not be paid, together with such further sum as may be sufficient to defray the charges of taking and keeping such distress, to sell the said goods and chattels; and having paid and deducted out of the proceeds of the sale the said sum of Rupees and the charges of taking, keeping, and selling such distress, to return the surplus, if any, on demand, to the person whom you shall find in possession of the said goods and chattels. If sufficient distress cannot be found of the goods and chattels of the said you are to certify the same to me together with this warrant.

(*Signature of the Collector.*)

রাখিবার খরচ পোষাইবার আর যত টাকা লাগে তাহা না দেওয়া যায় তবে উক্ত মাল ও দ্রব্য বিক্রয় কর। আর তাহা বিক্রয় করিলে যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে উক্ত এত টাকা ও ঐ ক্রোকী দ্রব্য লইবার ও রাখিবার ও বিক্রয় করিবার খরচ দিয়া ও কাটিয়া লইয়া যদি অবশিষ্ট কিছু থাকে তবে তাহার দাওয়া হইলে ঐ মাল ও দ্রব্য যাহার দখলে পাও তাহাকে ফিরিয়া দেও। যদি ঐ টাকা শোধ করিবার জন্যে উক্ত অমুকের ক্রোক করিবার উপযুক্ত মাল ও দ্রব্য পাওয়া না যায় তবে সেই কথার সর্টিফিকট লিখিয়া এই পরওয়ানার সঙ্গে আমার নিকটে পাঠাও ইতি।

কালেক্‌টরের দস্তখৎ।

C.

Form of inventory and notice.

(*State particulars of goods seized.*)

Take notice that I have this day seized the goods and chattels specified in the above inventory for the sum of Rupees due for the taxes mentioned in the margin for the months of 185 ; and that, unless you pay into the Office of the Collector of the horse and carriage-tax for the amount due, together with the costs of this distress, within five days from the day of the date of this notice, the goods and chattels will be sold.

(*Signature of the Collector.*)

Date——

W. Morgan,
Clerk of the Council.

C

তালিকার ও এত্তেলার পাঠ।

(যে সকল দ্রব্য ক্রোক করা গিয়াছে তাহার বেওরা লেখ।)

সম্বাদ লও যে আমি পার্শ্বের লিখিত অমুক সালের অমুক মাসের টাক্সের জন্যে পাওনা এত টাকার বাবৎ উপরের লিখিত তালিকার নির্দ্দিষ্ট মাল ও দ্রব্য অদ্য ক্রোক করিয়াছি। আর তুমি যদি এই এত্তেলার তারিখের পর পাঁচ দিনের মধ্যে উক্ত পাওনা টাকা এই ক্রোক করিবার খরচাসমেত অমুক স্থানের গাড়ির ও ঘোড়ার টাক্সের কালেক্‌টরের দফ্তরখানায় না দেও তবে ঐ মাল ও দ্রব্য বিক্রয় হইবেক ইতি।

(কালেক্‌টরের দস্তখৎ।)

তাং।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE ACCOUNTANT GENERAL.

No. 921.

To the Collectors of Land Revenue, Lower Provinces.

By direction of the Hon'ble the Lieutenant Governor of Bengal communicated in Mr. Secretary Young's letter No. 1958 dated the 29th April 1857, I have the honor to forward for your information and careful observance, a copy of a letter No. 1639 dated the 10th idem from the Secretary to the Government of India Public Works Department prescribing certain rules for the crediting of Tolls levied on Roads, Ferries and Bridges of Boats, throughout the Presidency.

(Signed) R. P. Harrison,
Offg. Acctt. to the Govt. of Bengal.

Fort William, Office of Accountant,
Government of Bengal,
The 6th June, 1857.

[*Government Gazette*, 24th November, 1857.]

আক্কোণ্টেণ্ট জেনরল সাহেবের সরক্যুলর অর্ডর।

৯২১ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ভূমির রাজস্বের শ্রীযুত কালেক্‌টর সাহেব বরাবরেষু।

সেক্রেটারী শ্রীযুত ইয়ং সাহেব ১৮৫৭ সালের ২৯ আপ্রিল তারিখের ১৯৫৮ নম্বরের পত্রেতে বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের যে আজ্ঞা জানাইয়াছেন, সেই আজ্ঞামতে আমি সরকারী ইমারৎপ্রভৃতি নির্ম্মাণের ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের শ্রীযুত সেক্রেটারী সাহেবের ঐ মাসের ১০ তারিখের ১৬৩৯ নম্বরের পত্র তোমার জ্ঞাত হইবার জন্যে ও মনোযোগ করিয়া তদনুসারে কার্য্য করিবার জন্যে পাঠাইতেছি। বাঙ্গলাপ্রভৃতি দেশের সকল স্থানে রাস্তার ও খেয়া ঘাটের ও নৌকার সাঁকোর যে মাসুল আদায় হয় তাহা খাতায় জমা করিবার কতক বিধি সেই পত্রেতে আছে।

আর পি হারিসন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের একটিং আক্কোণ্টেণ্ট।

ফোর্ট উলিয়ম।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের
আক্কোণ্টেণ্ট সাহেবের দফ্তরখানা।
১৮৫৭ সাল ৬ জুন।

No 1639.

From Colonel W. E. Baker, Secretary to the Govt. of India, to A. R. Young, Esquire, Secretary to the Govt. of Bengal.

Dated the 10th April, 1857.

It having been brought to the notice of the Governor General in Council that a practice existed in some Districts of carrying to the credit of the local Funds the entire income of Ferries and Boat Bridges which had been provided at a large expense from the public Revenues, the following rules are laid down for general guidance.

2d. The whole of the Tolls levied on Ferries and Bridges of Boats which have been constructed at the expense of the State or are maintained by Grants of public money shall be carried to the credit of the General Revenues.

3d. Where the Boats and Bridges have hitherto been kept in efficient order without assistance from Government the local Funds may still continue to receive the income but not otherwise.

4th. The maintenance of Bridges or Ferries of a mixed character that is, partly supported by Grants from Government and partly from the local Funds, is considered objectionable and the practice will henceforth be discontinued.

5th. On Imperial lines of road therefore where the local Funds are not in a position to undertake the entire management of the Bridges or Ferries, the duty will wholly devolve on the Government and the Tolls will be all credited to the Government Revenues.

6th. In furtherance of these views and at the same time to meet the circumstances of these lines of road on which the Collection of Tolls has been established a special Fund will be constituted for each principal line of Imperial road or for the several Sections of such roads which shall be called the Toll Fund of that Road.

7th. The whole of the Tolls collected on that road whether at Ferries, Bridges or Toll houses wherever they may be established shall be credited to the Toll Fund and all outlay for repairs, charges of collection, &c. will on the other hand be debited to it.

8th. The gross income of the Toll Funds will be added to the General Revenues and the gross expenditure in like manner will be a charge against the General Revenues the Fund being instituted for purposes of account only and not with the object of placing the surplus assets should there be any at the unrestricted disposal of the local administration as is now the case with the local Funds.

9th. The entire income will therefore be accounted for in the full receipts of these Funds and the entire outlay whether for the works on the road, the Bridges, the Boats, or the Toll houses as well as the whole charge for the Establishments for

১৬৩৯ নম্বর।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত এ আর ইয়ং সাহেবের নামে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত কর্ণেল ডবলিউ ই বেকর সাহেবের পত্র।

১৮৫৭ সাল ১০ আপ্রিল।

সরকারী রাজস্বের অনেক টাকা খরচ করিয়া যাহা প্রস্তুত হইয়াছে এমত খেয়া ঘাটা ও নৌকার সাঁকো হইতে যত টাকা পাওয়া যায় সেই সকল টাকা কোন২ জিলাতে কেবল সেই জিলার তহবীলের হিসাবে জমা হইয়া থাকে, এই কথা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের নিকটে জানান যাওয়াতে, সকল জিলাতে কার্য্য করিবার এই বিধি করা গিয়াছে।

১। যে সকল খেয়া ঘাটা ও নৌকার সাঁকো গবর্ণমেণ্টের খরচে প্রস্তুত হইয়াছে কিম্বা সরকারের দেওয়া টাকাতে রাখা যায় তাহাতে যত মাসুল আদায় হয় সে সমুদয় মাসুল সাধারণ রাজস্বের খাতায় জমা লিখিতে হইবেক।

৩। যদি সরকারহইতে কিছু উপকার না পাইয়া কোন স্থানে নৌকা ও সাঁকো উপযুক্ত ভাবে রাখা গিয়া থাকে তবে সেই স্থানে ঐ মাসুলের টাকা জিলার তহবীলে জমা হইতে পারে, নতুবা নয়।

৪। উভয়মতে অর্থাৎ গবর্ণমেণ্টের দেওয়া টাকাহইতে কিছু ও জিলার তহবীলহইতে কিছু টাকা দিয়া সাঁকো কি খেয়া ঘাট রক্ষা করিবার রীতিতে আপত্তি আছে, অতএব ইহার পর তাহা আর করিতে হইবেক না।

৫। সরকারের বড় রাস্তার পথে যে সাঁকো কি খেয়া ঘাট থাকে তাহার সমস্ত খরচ যদি স্থানীয় লোকেদের তহবীল হইতে দেওয়ান যাইতে না পারে, তবে সেই খরচ সম্পূর্ণরূপে গবর্ণমেণ্টের উপর পড়িবেক, ও মাসুলের সকল টাকা গবর্ণমেণ্টের রাজস্বের নামে জমা লিখিতে হইবেক।

৬। উক্ত অভিপ্রায় সফল হয়, ও যে২ রাস্তার উপর মাসুল আদায় করা আরম্ভ হইয়াছে সেই২ রাস্তার খরচ যোগায়, এই নিমিত্তে সরকারের বড় রাস্তার প্রধান২ পথের কিম্বা তাহার ভিন্ন২ অংশের নিমিত্তে বিশেষ২ তহবীল করা যাইবেক, তাহার নাম সেই রাস্তার মাসুলের তহবীল।

৭। ঐ রাস্তায় খেয়া ঘাটে কি সাঁকোতে কিম্বা যে২ স্থানে মাসুল আদায়ের ঘর হয় সেই স্থানে সেই ঘরে যে সকল মাসুল আদায় হয় তাহা মাসুলের তহবীলে জমা হইবেক আর মেরামতের ও মাসুল আদায় করণপ্রভৃতি কার্য্যের নিমিত্তে যে খরচ হয় তাহাও সেই হিসাবে খরচ লেখা যাইবেক।

৮। কোন জিলার তহবীলের টাকা যেমন সেই জিলার কমিটির সাহেবেরা লইয়া আপনারদের বিবেচনামতে খরচ করিতে পারেন, এ তহবীলের ফাজিল টাকা লইয়া সেইরূপে করিতে পারেন এ তহবীল করিবার এমত অভিপ্রায় নয়, কেবল হিসাবের কারণে করিবার আবেশ্যক হয়। অতএব মাসুলের যত টাকা আদায় হয় তাহা মোটে ধরিয়া সাধারণ রাজস্বের খাতায় লিখিতে হইবেক ও যত টাকা খরচ হয় তাহার টাকাও মোটে ধরিয়া সাধারণ রাজস্বের খাতায় খরচ লিখিতে হইবেক।

৯। ঐ তহবীলের জমার মধ্যে আদায়করা সমুদয় টাকার হিসাব থাকিবেক, ও রাস্তার কি সাঁকোর কি নৌকার কি মাসুল আদায় করিবার ঘরের মেরামৎপ্রভৃতি কোন কার্য্যের নিমিত্তে যত টাকা খরচ হয় তাহা ও তদারক করিবার ও টাকা আদায় করিবার আম-

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৪ নবেম্বর।]

supervision and collection will be set down in full and the expenditure will take place under the same rules and restrictions in every respect as are in force for all other Public Works expenditure. The practice of making the income from the Tolls directly available for alterations or additions to Toll houses or for increase to Establishments if it any where exists is to be entirely given up.

10th The Accounts of the several Toll Funds established under each local Administration will be submitted annually with a suitable report for the information of the Government of India in connection with the progress Reports of the Department of Public Works. These accounts will form a part of the returns of remunerative works already ordered to be prepared.

(Signed) W. F. BAKER, *Colonel.*
Secy. to the Govt. of India.

(True copy)

(Signed) A. R. YOUNG,
Secy. to the Govt. of Bengal.

লাপ্রভৃতির সমুদয় খরচ সম্পূর্ণরূপে লিখিতে হইবেক। ও সরকারের অন্যান্য সকল কার্য্যসম্পর্কে খরচের যে সকল অনুমতি ও নিষেধ প্রবল আছে তাহা মানিয়া ঐ খরচও করিতে হইবেক। ঐ মাসুলের যে টাকা আদায় হয় তাহা লইয়া মাসুলের ঘর পরিবর্ত্ত করিবার কি বড় করিবার জন্যে কিম্বা অধিক আমলা রাখিবার জন্যে খরচ করিবার রীতি যদি কোন স্থানে চলন থাকে তবে তাহা একেবারে রহিত করিতে হইবেক।

১০। মাসুলের যে সকল তহবীল স্থানের ২ কমিটির সাহেবেরদের তাবে রাখা যাইবেক তাহার হিসাব ও উপযুক্ত রিপোর্ট, সরকারী ইমারৎপ্রভৃতি নির্ম্মাণাদি করিবার ডিপার্টমেণ্টের কার্য্যের রিপোর্টের সঙ্গে ভারতবর্ষের গবর্ণমেণ্টকে জানাইবার জন্যে বৎসরেং দেওয়া যাইবেক। সরকারের যে কার্য্যহইতে কিছু লভ্য উৎপন্ন হয় তাহার যে রিপোর্ট প্রস্তুত হইবার আজ্ঞা হইয়াছে, ঐ সকল বিবরণ ঐ রিপোর্টের এক অংশ হইবেক।

ডবলিউ ই বেকর। কর্ণেল।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
(যথার্থ নকল।)
এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDER OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 25.

To the Civil Judges and the Commissioners of Revenue in the Lower Provinces; the Agent to the Governor General South Western Frontier; the Deputy Commissioners of Chota Nagpore and Assam, and the Commissioner of the Calcutta Police.

With reference to paras. 2 and 31 of the Circular Order No. 88, of the 19th April 1850, the Court hereby notify that examinations of Candidates for the Office of Pleader in the several Courts will be held at Calcutta, Patna, Dacca and Cuttack, on Monday, the 25th January next.

(Signed) S. LUSHINGTON,
Offg. Register.

Fort William, the 16th November, 1857.

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

২৫ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব ও রাজস্বের কমিস্যনর সাহেব, ও দক্ষিণ পশ্চিম অঞ্চলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের এজেণ্ট সাহেব ও ছোট নাগপুরের ও আসামের ডেপুটী কমিস্যনর সাহেব ও কলিকাতার পোলীসের কমিস্যনর সাহেব বরাবরেষু।

১৮৫০ সালের ১৯ আপ্রিল তারিখের ৮৮ নম্বরের সরকুলর অডরের ২ ও ৩১ দফার উপলক্ষে সদর আদালতের সাহেবেরা এই কথা জানাইতেছেন যাহারা নানা আদালতে ওকালতী কর্ম্ম করিতে চাহেন তাঁহারদের পরীক্ষা আগামি জানুআরি মাসের ২৫ তারিখ সোমবারে কলিকাতায় ও পাটনায় ও ঢাকায় ও কটকে হইবেক।

এস লশিংটন।
একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ১৬ নবেম্বর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

NOTIFICATION.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 17th November, 1857.

Baboo Russicklall Bose, Moonsiff of Bishenpore, Zillah 24-Pergunnahs, for two days, under Section VI of the Absentee Rules.

S. LUSHINGTON, *Offg. Register.*

[*Government Gazette, 24th November,* 1857.]

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৫৭ সাল ১৭ নবেম্বর।

জিলা চব্বিশপরগনার বিষ্ণুপুরের মুনসেফ শ্রীযুত বাবু রসিকলাল বসু ছুটীর বিধির ৬ ধারামতে দুই দিনের ছুটী পাইয়াছেন।

এস লশিংটন। একটিং রেজিষ্টর।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

Mr. Thomas Klyn, lately residing at Barrackpore, or if dead, his heirs are requested to communicate with the Joint Magistrate of Baraset without delay.

বিজ্ঞাপন।

জেলা রাজশাহীর কালেক্টরির খাজাঞ্চিগিরি পদ শূন্য হইয়াছে, বেতন ১১০৲ জামিন কোম্পানির কাগজ অথবা নগদ ২৫.০০০৲ টাকা দাখিল করিতে হইবেক। প্রার্থিগণ আপন২ যোগ্যতার বৃত্তান্ত লিখিয়া প্রশংসাপত্রসম্বলিত অরায় দরখাস্ত পাঠাইবেন। ইহাও জানান যাইতেছে যে যে ব্যক্তি ইংরাজী ও বাঙ্গলা জানেন তাঁহাকে অন্যাপেক্ষা মনোনীত করা যাইবেক।

W. T. Taylor, *Collector.*

জেলা রাজশাহীর কালেক্টরি কাছারি ৫ নবেম্বর ১৮৫৭।

MISCELLANEOUS ADVERTISEMENTS. — সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

NOTICE.
ESTATE OF THE ASIATIC MARINE INSURANCE OFFICE.

The 3rd Dividend of 10 per Cent. on all admitted claims, is now payable from the office of the Official Assignee, on Tuesdays and Fridays.

N. B.—Policies must accompany the Receipts for Dividend.

13th November 1857.

বিজ্ঞাপন।

এসিয়াটিক মারিন্‌ ইনসুরান্স আফিস।

যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহার উপর শতকরা ১০৲ টাকার তৃতীয় ডিবিডেণ্ড প্রতিমঙ্গলবারে ও শুক্রবারে সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানায় দেওয়া যাইতেছে।

মন্তব্য। ডিবিডেণ্ডের টাকার রসীদের সঙ্গে বিমাপত্রও দেখাইতে হইবেক।

১৮৫৭ সাল ১৩ নবেম্বর।

ARMY AND GENERAL AGENCY.

The undersigned beg to announce that they have opened an Army and General Agency, with News and Subscribers' Rooms, at Allahabad and Cawnpore, with a view to meet the wants and requirements of Officers of Her Majesty's and the Honorable East India Company's Services, proceeding to, and on Service, in the North Western Provinces.

In addition to the ordinary business of a General Agency, the undersigned have opened a Banking Agency, and extensive warehouses, for receiving and storing property of every description.

Subscription Twenty-five Rupees per Annum.

Subscribers' names will be registered at the Offices, at Writers' Buildings, Calcutta, at Allahabad, and at Cawnpore, by

Palmer and Co.

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের সরাসরী নিষ্পত্তিসমূহ বর্ণমালানুযায়ী লিখিত ইং ১৮৩৪ লাং ১৮৫৫ সাল।

এই গ্রন্থ ফিরিস্তিসমেত ৪২০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে উক্ত আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে তত্ত্ব করিলে পাওয়া যাইবেক মূল্য ৫৲ টাকা মাত্র।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের ১৮৫৪ সালের নিষ্পত্তিসমূহের খোলাসা।

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাষায় না থাকাতে সে তাবতের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র হালদারকর্ত্তৃক অনুবাদিত হইয়া ১৲ টাকা মূল্যে বিক্রয় হইতেছে সদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসর্স ব্রাউন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের নিকট উক্ত অনুবাদকর্ত্তার নামোল্লেখে মূল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

বিজ্ঞাপন।

শ্রীলশ্রীযুক্ত বাঙ্গলা দেশের অনরবিল ডেপুটী গবরনর সাহেবের সন ১৮৪৬ সালের ১৮ ফিব্রুআরি তারিখের ১৬ নম্বরী কার্য্যের চুম্বক, ও সদর বোর্ড রেবিনিউর ঐ সালের ১৬ মার্চ তারিখের ৭ নম্বরী, ও সদর দেওয়ানী আদালতের ঐ সালের ২৭ মার্চ তারিখের ৮ নম্বরী সরক্যুলর অর্ডরের আজ্ঞাপ্রমাণ সম্ভ্রমপ্রাপ্ত, মুরশিদাবাদের মহারাজা জগতীন্দ্র ৺ বনওয়ারীলাল বাহাদুরের, ভ্রাতুষ্পুত্র, ও ৺ রামতনু রায়ের জ্যেষ্ঠাত্মজ, এবং স্বর্গীয় মহারাজা রায় দানিষমন্দ নিত্যানন্দের ঘরাণা, জেলা হুগলির অন্তঃপাতি শহর চুঁচুড়া নিবাসি তুমি শ্রীসৃষ্টিধর রায়, তোমাকে বিশেষ পরীক্ষার দ্বারা আমার হৃদ্বোধ হইল, যে পারস্য, উর্দ্দু, ও বঙ্গ ভাষায়, তোমার অতি উত্তম জ্ঞান, বরং প্রথম শ্রেণীর বৃত্তিভোগির উপযুক্ত পাত্র, আর আরব্য, দেবনাগর, কোমল সংস্কৃত, ও ইংরাজী ভাষায়, সামান্য জ্ঞান, কিন্তু, অতি সদাচার, ও সচ্চরিত্র, এতদ্বিধায় তোমাকে এই যোগ্যতার প্রমাণপত্র দেওয়া গেল, ইতি দানিষান্দাঃ ১০৬ সাল, তারিখ ২ অগ্রহায়ণ, মোতাবেকে বাঙ্গলা সন ১২৬৪ সাল, তারিখ ২ অগ্রহায়ণ, মওয়াফেকে ইংরাজী সন ১৮৫৭ সাল, তারিখ ১৬ নবেম্বর।

মহারাজা আসমত দৌলা বনওয়ারীকিশোর বাহাদুর। সাকিম মদারুল হোশমত বনওয়ারী আবাদ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৪ নবেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 1, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১ ডিসেম্বর।

DRAFT OF ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA,

THE 14TH NOVEMBER, 1857.

THE following Bill was read a second time in the Legislative Council of India on the 31st October 1857, and referred to a Select Committee who are to report thereon after the 18th of January next:—

A Bill to amend the Law relating to the recovery of Rent in the Presidency of Fort William in Bengal.

[Preamble.]

WHEREAS it is expedient to re-enact with certain modifications the provisions of the existing law relative to the rights of ryots with respect to the delivery of pottahs and the occupancy of land, to the prevention of illegal exaction and extortion in connection with demands of rent, and to other questions connected with the same, to extend the jurisdiction of Collectors, and to prescribe rules for the trial of such questions, as well as of suits for the recovery of arrears of rent, and of suits arising out of the distraint of property for such arrears; and to amend the law relating to distraint: It is enacted as follows:—

[Laws repealed.]

1. The following Regulations and Acts, and portions of Regulations and Acts, are hereby repealed, except in so far as they repeal any other Regulation or Act, and except as to proceedings commenced before the date of this Act coming into force, namely,

Regulation XVII. 1793.

So much of Regulation IV. 1794 as is still in force.

আইনের মুসাবিদা।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ১৪ নবেম্বর।

আইনের নীচের লিখিত মুসাবিদা ইঙ্গরেজী ১৮৫৭ সালের ৩১ অক্টোবর তারিখে ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলে দ্বিতীয়বার পাঠ করা গিয়াছিল ও বিশেষ কমিটির প্রতি অর্পিত হইয়াছে। আগামি জানুআরি মাসের ১৮ তারিখের পর তাঁহারদের তদ্বিষয়ের রিপোর্ট করিতে হইবেক।

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশে জমা আদায় করিবার আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

পাট্টা পাইবার, ও ভূমি ভোগ দখল করিবার বিষয়ে, ও জমা অদায় করণসম্পর্কে জোর করিয়া ও ভয় দেখাইয়া বেআইনীমতে টাকা লওয়া নিবারণ করিবার বিষয়ে, ও সেই কার্য্যসম্পর্কে অন্য২ বিষয়ে রাইয়তেরদের স্বত্বের যে আইন এইক্ষণে চলন আছে তাহার বিধান কোন২ অংশে পরিবর্ত্ত করিয়া পুনরায় প্রবল করা বিহিত। ও কালেক্টর সাহেবেরদের এলাকা বৃদ্ধি করা, ও সেই২ কথার ও জমার বাকী আদায় করিবার মোকদ্দমার বিচার ও সেই প্রকারের বাকীর জন্যে সম্পত্তি ক্রোক হওয়াতে যে মোকদ্দমা হয় সেই মোকদ্দমার বিচার করিবার বিধি করা, ও ক্রোক করিবার আইন সংশোধন করা বিহিত। এই২ কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[যে২ আইন রদ হয় তাহা।]

১ ধারা। নীচের লিখিত আইন ও আক্ট, এবং আইনের ও আক্টের নীচের লিখিত অংশ রদ হইয়াছে। কিন্তু তাহার যে কোন ধারাতে অন্য কোন আইন কি আক্ট রদ হইয়াছে সেই২ ধারা রদ হইবেক না, ও এই আইন জারী হইবার তারিখের পুর্ব্বে যে কোন মোকদ্দমার আরম্ভ হইয়াছে তাহার সম্পর্কে এই২ আইন কি আক্ট রদ হইবেক না। বিশেষতঃ

১৭৯৩ সালের ১৭ আইন।

১৭৯৪ সালের ৪ আইনের যে ভাগ এখন প্রবল আছে তাহা।

Regulation XXXV. 1795.

Regulation XLV. 1795.

Sections IX. and X. Regulation LI. 1795.

Sections I. to XX. of Regulation VII. 1799.

Sections I. to XX. of Regulation V 1800.

Regulation XXVIII. 1803.

Sections IX. and X. Regulation XXX. 1803.

Section IV. of Regulation II. 1805.

Section XIX. of Regulation VIII. 1805.

Sections V. to XXIII. of Regulation V. 1812

Sections XV and XVI. of Regulation XIX. 1817.

Sections XVIII. and XIX. of Regulation VIII. 1819

Section IV. of Regulation II. 1821.

Section XXII. and so much of Section XX. and the following Sections of Regulation VII 1822 as apply to suits for rent, to complaints of excessive demand or undue exaction of rent or of the non-delivery of pottahs or receipts, to suits against agents for money or accounts, or to any other suits or complaints arising out of disputes between landholders or farmers and their under-tenants respecting the rent and occupancy of land.

Regulation XIV 1824.

Regulation VIII. 1831.

Act I. of 1839.

Act X. of 1846, and

Act VIII. of 1848.

Sections XIV. and XV Regulation IX. 1833, so far as the same are applicable to the Territories under the Government of the Deputy Governor of Bengal, are also repealed.

Such parts of Regulation VIII. 1793, and Regulation XXX. 1803, as relate to the adjudication of penalties for the refusal of pottahs and receipts for rent and for the exaction of any sums as abwab or in excess of the amount specified in any engagements for the payment of rent, are declared subject to the following modifications.

[Person liable to pay rent is entitled to a pottah.]

II. Every ryot and cultivator of land is entitled to receive from the person to whom the rent of the land held or cultivated by him is payable a pottah specifying the annual amount of such rent, and the instalments in which it is to be paid, or, in cases in which the rent is payable in kind, the proportion of the produce to be delivered.

[Pottahs of hereditary ryots and of other cultivators.]

III. Hereditary ryots holding lands at fixed rates of rent are entitled to receive pottahs at those rates. All other ryots and cultivators of

১৭৯৫ সালের ৩৫ আইন।

১৭৯৫ সালের ৪৫ আইন।

১৭৯৫ সালের ৫১ আইনের ৯ ও ১০ ধারা।

১৭৯৯ সালের ৭ আইনের ১ অবধি ২০ পর্য্যন্ত সকল ধারা।

১৮০০ সালের ৫ আইনের ১ অবধি ২০ পর্য্যন্ত সকল ধারা।

১৮০৩ সালের ২৮ আইন।

১৮০৩ সালের ৩০ আইনের ৯ ও ১০ ধারা।

১৮০৫ সালের ২ আইনের ৪ ধারা।

১৮০৫ সালের ৮ আইনের ১৯ ধারা।

১৮১২ সালের ৫ আইনের ৫ অবধি ২৩ পর্য্যন্ত সকল ধারা।

১৮১৭ সালের ১৯ আইনের ১৫ ও ১৬ ধারা।

১৮১৯ সালের ৮ আইনের ১৮ ও ১৯ ধারা।

১৮২১ সালের ২ আইনের ৪ ধারা।

১৮২২ সালের ৭ আইনের ২২ ধারা। খাজানার বাবৎ মোকদ্দমার উপর, ও অতিরিক্ত জমা দাওয়া করিবার কি অন্যায়মতে জোর করিয়া লইবার কি পাট্টা কি দাখিলা না দিবার নালিশের উপর, ও টাকার কি হিসাবের বাবৎ গোমাশ্তারদের নামে যে মোকদ্দমা করা যায় তাহার উপর, কিম্বা জমা ও ভূমির দখল লইয়া জমীদারেরদের কি ইজারদারেরদের ও তাহারদের কোর্পা প্রজারদের মধ্যে বিবাদ হইলে তাহাতে অন্য যে কোন মোকদ্দমা কি নালিশ হয় তাহার উপর, সেই ৭ আইনের ২০ ধারার ও তাহার পর যত ধারার যে সকল কথা খাটে, সেই সকল কথা রদ হইল।

১৮২৪ সালের ১৪ আইন।

১৮৩১ সালের ৮ আইন।

১৮৩৯ সালের ১ আক্ট।

১৮৪৬ সালের ১০ আইন। ও

১৮৪৮ সালের ৮ আইন রদ হইল।

১৮৩৩ সালের ৯ আইনের ১৪ ও ১৫ ধারা বাঙ্গলা দেশের শ্রীযুত ডেপুটী গবর্নর সাহেবের কর্তৃত্বের অধীন দেশের উপর যেপর্য্যন্ত খাটে সেইপর্য্যন্ত রদ হইল।

১৭৯৩ সালের ৮ আইনের ও ১৮০৩ সালের ৩০ আইনের যে সকল কথাতে পাট্টা ও জমার দাখিলা না দেওয়াতে, ও আবওয়াব বলিয়া, কিম্বা জমা দিবার কোন করারে যত টাকা নির্দ্ধার্য্য হয় তাহার অধিক কোন টাকা জোর করিয়া লওয়াতে জরীমানা করিবার হুকুমের সম্পর্ক থাকে, সেই সকল কথা নীচের লিখিতমতে মতান্তর হইতে পারিবেক ইতি।

[যে লোকের জমা দিতে হয় সে পাট্টা পাইতে পারিবেক।]

২ ধারা। কোন রাইয়ত কি চাষী যে ভূমি দখল করে কি চাষ করে তাহার জমা যাহাকে দিতে হয় তাহার স্থানে সেই রাইয়তের কি চাষির পাট্টা পাইবার স্বত্ব থাকে। তাহার সালিয়ানা যত জমা সেং কিস্তি করিয়া দিতে হইবেক, কিম্বা যদি জমার টাকা না দিয়া শস্য দিবার করার হয় তবে যে হার বুঝিয়া ঐ শস্য দিতে হইবেক এই সকল কথা বিশেষ করিয়া পাট্টাতে লেখা থাকিবেক ইতি।

[মৌরুসী জমার রাইয়তেরদের ও অন্য চাষিরদের পাট্টার কথা।]

৩ ধারা। মৌরুসী জমার যে রাইয়তেরা খাজানার নির্দ্ধারিত হারে ভূমি দখল করে তাহারদের সেই হার ধরিয়া পাট্টা পাইবার স্বত্ব থাকিবেক। অন্য সকল

land are entitled to receive pottahs according to the rates of rent for the time being established in the Pergunnah in which the land is situate, for land of the same description and quality, or if there be no known and recognized Pergunnah rates, according to the customary rates payable for land of a similar description in the places adjacent. The above rules are applicable not only to the first grant of pottahs, but also to the renewal (where right of renewal exists) of pottahs which may expire or which may become cancelled in consequence of the sale of the tenure or estate in which the land is situate for arrears of rent or revenue.

[Right of occupancy of resident ryot or cultivator.]

IV. Every resident ryot and cultivator has a right of occupancy in the land held or cultivated by him, whether it be held under pottah or not, so long as he pays the rent payable on account of the same; but this rule does not apply to khomar neejjote or seer land belonging to the proprietor of the estate or tenure and leased for a term or year by year to a resident cultivator, nor (as respects the actual cultivator) to land sublet to a resident cultivator by a ryot having a right of occupancy.

[Saving of terms of written contracts.]

V. Nothing contained in either of the two last preceding Sections shall be held to affect the terms of any written contract for the payment of specific rates of rent, nor of any contract entered into between a landholder and a resident ryot or cultivator for the clearing and cultivation of waste land, or for the cultivation of land not previously in the occupation of such ryot or cultivator, when by such contract conditions of occupancy have been agreed on between the parties, or a right of re-entry has been expressly reserved to the landholder. Resident ryots cultivating land not previously in their occupancy without a pottah or other instrument in writing from the proprietor of the estate or tenure in which the land is situate, shall not acquire a right of occupancy in such land until rent shall have been paid by them for the same to the said proprietor for a period of three years.

[Person granting pottah entitled to a counterpart engagement.]

VI. Every person who grants a pottah is entitled to receive from the person to whom the pottah is granted a kubooliyet or counterpart engagement in conformity with the terms of the pottah. The tender of a pottah to any ryot or cultivator at the rate of rent which such ryot or cultivator is liable to pay shall be held to entitle the person to whom the rent is payable to receive a kubooliyet from such ryot or cultivator.

রাইয়তের ও চাষিরদের ভূমি যে পরগনাতে থাকে সেই পরগনার মধ্যে যে প্রকার জমীর যে সময়ে যে হারে জমা ধরা আছে ঐ রাইয়তেরা ও চাষিরা সেই প্রকারের জমীর সেই হারে জমা ধরিয়া পাট্টা লইতে পারিবেক। কিম্বা যদি পরগনার কোন হার জানা ও ধরা না থাকে তবে চারি দিগের সেই প্রকারের জমীর যত খাজানা দস্তুরমতে দেওয়া যায় তত খাজানার হারে তাহারা পাট্টা পাইতে পারিবেক। ঐ বিধি প্রথমবার যে পাট্টা দেওয়া যায় তাহার উপর যেমন খাটে তেমনি (পাট্টা নূতন করিয়া লইবার স্বত্ব যে স্থলে থাকে সেই স্থলে) যে পাট্টার মিয়াদ ফুরাইয়াছে, কিম্বা ঐ জমী যে ভূমির কি মহালের মধ্যে থাকে তাহা খাজানার কি মালগুজারীর বাকীর জন্যে নীলাম হওয়াতে যে পাট্টা বাতিল হয়, এমত পাট্টা নূতন করিয়া লইবার উপরও খাটিবেক ইতি।

[খোদকস্তা রাইয়তের কি চাষির দখল করিবার স্বত্বের কথা।]

৪ ধারা। কোন খোদকস্তা রাইয়ত কি চাষী যে জমী ভোগ করে কি চাষ করে, সেই জমীর পাট্টা পাইলে কি না পাইলেও তাহার যত খাজানা দিতে হয় তাহা যত কাল দেয় তত কাল তাহার ঐ জমী দখল করিবার স্বত্ব থাকে। কিন্তু জমীদারের কি তালুকদারের খামার নিজযোত কি সেরা জমী মিয়াদী পাট্টা করিয়া কিম্বা সালিয়ানা করারে খোদকস্তা রাইয়তকে দেওয়া গেলে তাহার উপর ঐ বিধি খাটিবেক না, কিম্বা দখল করিবার স্বত্ব যে রাইয়তের থাকে সেই যদি ঐ জমী খোদকস্তা চাষিকে পাট্টা করিয়া দেয় তবে সেই প্রকৃত চাষির তাহাতে যেপর্য্যন্ত সম্পর্ক থাকে সেইপর্য্যন্ত ঐ জমীর উপর ঐ বিধি খাটিবেক না ইতি।

[করার লিখিয়া দেওয়া গেলে তাহার নিয়ম রক্ষা করণের কথা।]

৫ ধারা। যদি বিশেষ হারমতে জমা দিবার পাট্টা লেখা থাকে, কিম্বা যদি গরআবাদী জমী পরিষ্কার ও চাষ করিবার জন্যে কিম্বা যে জমী আগে সেই রাইয়তের কি চাষির দখলে ছিল না এমত জমী চাষ করিবার জন্যে জমীদারের ও খোদকস্তা রাইয়তের কি চাষির মধ্যে কোন প্রকারের করার করা যায়, ও যদি সেই করারমতে ভূমি দখল করিবার নিয়ম উভয় পক্ষের মধ্যে হইয়া থাকে, কিম্বা জমীদারের স্পষ্ট অনুমতি না হইলে রাইয়ত পুনরায় সেই জমীর দখল পাইতে পারিবেক না এমত নিয়ম যদি থাকে, তবে ইহার পূর্ব্বের দুই ধারার লিখিত কোন কথাতে সেই করারের কিছু হানি হইবেক না। খোদকস্তা রাইয়তের দখলে যে ভূমি আগে ছিল না এমত ভূমি যে জমীদারীর কি তালুকের মধ্যে থাকে তাহার মালিকের স্থানে যদি ঐ খোদকস্তা রাইয়ত কোন পাট্টা কি অন্য লিপি না পাইয়া চাষ করে, তবে তিন বৎসরপর্য্যন্ত ঐ জমীদারকে কি তালুকদারকে খাজানা দিলে পর তাহার সেই জমীর ভোগদখল করিবার স্বত্ব থাকিবেক, নতুবা নয় ইতি।

[যাহারা পাট্টা দেয় তাহারা কবুলিয়ৎ লইতে পারে।]

৬ ধারা। যে জন যাহাকে পাট্টা দেয় সেই জন তাহার স্থানে পাট্টার নিয়মানুসারে কবুলিয়ৎ লইতে পারিবেক। কোন রাইয়তের কি চাষির যে হারে জমা দিতে হয় তাহার পাট্টা তাহাকে দিবার প্রস্তাব হইলে, যে জন জমার টাকা পাইবেক সেই জন ঐ রাইয়তের কি চাষির স্থানে অবশ্য কবুলিয়ৎ লইতে পারিবেক ইতি।

[*Government Gazette*, 1st December, 1857.]

[Exactions in excess of rent or receipt withheld. Form of receipt.]

VII. Every under-tenant, ryot or cultivator, from whom any sum is exacted in excess of the rent specified in his pottah, whether as abwab or under any other pretext, and every under-tenant, ryot, or cultivator from whom a receipt is withheld for any sum of money paid by him as rent, shall be entitled to recover from the person receiving such rent double the amount so exacted, or paid. Receipts for rent shall specify the periods on account of which the rent is acknowledged to have been paid: and any refusal to make such specification shall be held to be a withholding of a receipt.

[Landholder not to compel the attendance of tenant for adjustment of rent or for any other purpose. Payment of rent to be enforced under this Act. Right to measure land reserved.]

VIII. The power heretofore vested in Zemindars and other landholders of compelling the attendance of their tenants for the adjustment of their rents or for any other purpose is withdrawn, and all such persons are prohibited from adopting any measures for enforcing payment of the rents due to them other than are authorized by the provisions of this Act. But nothing in this Act shall be held to restrict the right of landholders to measure any land in respect of which rent is paid to them, provided that such measurement is not at variance with the conditions under which the land is held by the persons by whom such rent is paid.

[Damages for extorting payment of rent by duress.]

IX. If payment of rent, whether the same be legally due or not, is extorted from any under-tenant, ryot, or cultivator, by illegal confinement or other duress, such under-tenant, ryot, or cultivator shall be entitled to recover three times the amount so extorted, in addition to any penalty to which the person practising such extortion may be subject by law.

[Enhancement of rent of cultivator, &c., holding without or after expiry, &c., of written engagement.]

X. No under-tenant, ryot, or cultivator who holds or cultivates land without any written engagement, or under a written engagement not specifying the period of such engagement, or whose engagement has expired, or has become cancelled in consequence of the sale for arrears of rent or revenue of the tenure or estate in which the land held or cultivated by him is situate, and has not been renewed, shall be liable to pay any higher rent for such land than the rent payable for the previous year, unless a written notice shall have been served on such under-tenant, ryot, or cultivator in or before the month of Jeyte, specifying the rent to which he will be subject for the ensuing Fusly or for the current Bengal year. Such notice shall be served by order of the Collector on

[জমার অধিক টাকা লইবার কি দাখিলা না দিবার কথা। দাখিলাতে যাহা লিখিতে হইবেক তাহার কথা।]

৭ ধারা। কোন কোর্ফা প্রজার কি রাইয়তের কি চাষির পাট্টাতে যে জমা লেখা আছে তাহার অধিক কিছু টাকা যদি আবওয়াব বলিয়া কিম্বা অন্য কোন ছলে জোর করিয়া লওয়া যায়, কিম্বা কোর্ফা প্রজা কি কি রাইয়ত কি চাষী জমা বলিয়া যে টাকা দিয়াছে তাহার দাখিলা যদি তাহাকে না দেওয়া যায়, তবে যত টাকা জোর করিয়া লওয়া গিয়াছে কিম্বা যত টাকার জমা দেওয়া গিয়াছে তাহার দ্বিগুণ টাকা যে জন সেই জমা লইয়াছে তাহার স্থানে সেই প্রজাপ্রভৃতি ফিরিয়া পাইতে পারিবেক। যত কালের জমা দেওয়া যায় তাহা বিশেষ করিয়া ঐ দাখিলাতে লেখা থাকিবেক। তাহা স্পষ্ট করিয়া লিখিতে যদি অস্বীকার হয় তবে দাখিলা না দেওয়ার তুল্য জ্ঞান হইবেক ইতি।

[জমীদার জমার নিকাশ দিবার জন্যে কিম্বা অন্য কোন কারণে প্রজাকে হাজির করাইতে পারিবেক না। এই আইনমতে জমা আদায় করা যাইবেক। জমী মাপ করিবার ক্ষমতা রক্ষা হইবার কথা।]

৮ ধারা। জমার নিকাশ দিবার জন্যে কিম্বা অন্য কোন কার্য্যের নিমিত্তে প্রজারদিগকে জোর করিয়া হাজির করাইবার যে ক্ষমতা জমীদারেরদের ও অন্য ভূম্যধিকারিরদের এত কাল ছিল তাহা রহিত হইল, ও তাহারদিগকে নিষেধ করা যাইতেছে যে, এই আইনেতে জমা উসুল করিবার যে বিধি হইয়াছে তদ্ভিন্ন তাহারা অন্য কোন উপায়ে জমা উসুল না করে। পরন্তু জমীদারদিগকে যে ভূমির জমা দেওয়া যাইতেছে এমত কোন ভূমি মাপিতে তাহারদের ক্ষমতা খাট হইয়াছে এই আইনের কোন কথাতে এমত জ্ঞান করিতে হইবেক না। কিন্তু যাহারা ঐ জমা দেয় তাহারা যে নিয়মমতে ঐ জমী দখল করে সেই নিয়মের ব্যতিক্রম করিয়া ঐ মাপ না হয় ইতি।

[প্রজাকে আটক করিয়া জমা লইলে জরীমানার কথা।]

৯ ধারা। জমা আইনমতে দেনা হইলে কি না হইলে যদি কোর্ফা প্রজাকে কি রাইয়তকে কি চাষিকে বেআইনীমতে কয়েদ করিয়া কি অন্য কোন প্রকারে আটক রাখিয়া সেই জমা তাহার স্থানে আদায় করা যায় তবে যে লোক এরূপে ভয় জন্মাইয়া টাকা লয় তাহার অন্য যে কোন দণ্ড আইনমতে হইতে পারে তাহা ছাড়া ঐ কোর্ফা প্রজা কি রাইয়ত কি চাষী তাহার স্থানে ঐ টাকার তিনগুণ ফিরিয়া পাইতে পারিবেক ইতি।

[পাট্টা না লইয়া, কিম্বা পাট্টার মিয়াদ অতীত হইলে, রাইয়তপ্রভৃতির দখলে ভূমি থাকিলে, জমা বাড়াইবার কথা।]

১০ ধারা। যদি কোন কোর্ফা প্রজা কি রাইয়ত কি চাষী কোন পাট্টা না লইয়া, কিম্বা বেমিয়াদী পাট্টা লইয়া জমী দখল করে কি চাষ করে, কিম্বা যদি তাহার মিয়াদ ফুরাইয়াছে, কিম্বা তাহার দখলকরা কি চাষকরা জমী যে তালুকে কি জমীদারীতে থাকে তাহা বাকী জমার কি মালগুজারীর নিমিত্তে নীলাম হওয়াতে যদি পাট্টা বাতিল হয় ও নূতন পাট্টা দেওয়া যায় নাই, তবে তৎপরের ফসলী সালে কি চলিত বাঙ্গলা সালে তাহার যত জমা দিতে হইবেক এই কথার এক লিখিত এত্তেলা জ্যৈষ্ঠ মাসের মধ্যে কি তাহার আগে ঐ কোর্ফা প্রজাকে কি রাইয়তকে কি চাষিকে না দেওয়া গেলে, সেই জমীর নিমিত্তে তাহার পূর্ব্ব সালে যত জমা দিতে হইয়াছিল তাহার অধিক জমা দিতে হইবেক না। যে জনের নিকটে জমা দেনা হয় সেই জন কালেক্টর সাহেবকে দরখাস্ত দিলে (সেই দরখাস্ত সাদা কাগজে লেখা যাইতে পারে।) ঐ

the application (which may be on plain paper) of the person to whom the rent is payable, and shall, if practicable, be served personally on the under-tenant, ryot, or cultivator; but if he shall abscond or conceal himself, so that it cannot be served personally upon him, it shall be affixed at his usual place of residence, or if he have no such place of residence in the District in which the land is situate, the mode of service of such notice shall be by affixing it at the Mal Cutcherry of such land or other conspicuous place thereon, or at the Village Chowree or Chowpal or some other conspicuous place in the village.

[Mode of contesting enhancement of rent.]

XI. Any under-tenant, ryot, or cultivator, on whom such notice as aforesaid has been served, may contest his liability to pay the enhanced rent demanded of him, either by complaint of excessive demand of rent as hereinafter provided, or in answer to any suit preferred against him for recovery of arrears of the enhanced rent. No ryot or cultivator shall, under any circumstances, be liable to any enhancement of rent in excess of the rates specified in Section III. of this Act.

[Relinquishment of land by ryot or cultivator after notice given.]

XII. Any ryot or cultivator, who desires to relinquish the lands held or cultivated by him, shall be at liberty to do so, provided he gives notice of his intention in writing to the person entitled to the rent of the lands in or before the month of Jeyte of the Bengal year in which, or of the Fusly year preceding which, the relinquishment is to have effect. If he fail to give such notice, and the lands are not let to any other person, he shall continue liable for the rent of the lands. If the person entitled to the rent of the land refuse to receive any such notice and to sign a receipt for the same, it shall be served upon him by the Collector on application for such service being made by the ryot or cultivator within the time above-mentioned.

[What to be deemed an arrear of rent under this Act.]

XIII. Any instalment of rent, which is not paid on or before the day when the same is payable according to the pottah or engagement, or, if there be no written specification of the time of payment, at or before the time when such instalment is payable according to established usage, shall be held to be an arrear of rent under this Act.

[Liability of ryot or cultivator to be ejected for arrear due.]

XIV. When an arrear of rent remains due from any ryot or cultivator of land at the end of the Bengal or Fusly year as the case may be,

এত্তেলা কালেক্টর সাহেবের হুকুমমতে জারী হই-বেক, ও যদি হইতে পারে তবে কোর্পা প্রজার কি রাই-য়তের কি চাষির উপর এত্তেলা জারী হইবেক, কিম্বা যদি সে পলায় কি লুকিয়া থাকে ও তাহাতে তাহার উপর এত্তেলা জারী হইতে না পারে তবে সে নিত্ত যে স্থানে বাস করে সেই স্থানে এত্তেলা লটকাইয়া দেওয়া যাইবেক কিম্বা জমী যে জিলাতে থাকে সেই জিলার মধ্যে তাহার সেই প্রকারের বাসস্থান না থাকিলে সেই এত্তেলা ঐ জমীর মাল কাছারীতে কিম্বা তাহার অন্য প্রকাশ স্থানে কিম্বা গ্রামের চৌরীতে কি চৌপালে কি গ্রামের অন্য কোন প্রকাশ স্থানে লটকাইয়া জারী হইবেক ইতি।

[জমা বৃদ্ধি হইলে তাহার উপর আপত্তি করিবার নিয়মের কথা।]

১১ ধারা। যে কোন কোর্পা প্রজার কি রাইয়তের কি চাষির উপর সেই প্রকারের এত্তেলা জারী হয়, তাহার স্থানে যে অধিক জমার দাওয়া হয় তাহা তাহার দিতে হইবেক কি না এই কথা সেই প্রজাপ্রভৃতি এই প্রকারে আদালতে নিষ্পত্তি করাইতে পারিবেক, অর্থাৎ অতিরিক্ত জমার দাওয়া হইয়াছে বলিয়া ইহার পরের লিখিত বিধানমতে নালিশ করিয়া, অথবা ঐ অধিক জমার বাকীর বাবৎ তাহার নামে কোন মোকদ্দমা হইলে সেই মোকদ্দমাতে জওয়াব করিয়া, ঐ কথা নিষ্পত্তি করাইতে পারিবেক। জমা বৃদ্ধি হইলেও এই আইনের ৩ ধারাতে জমার যে হার নির্দ্ধার্য্য হইয়াছে কোন রাই-য়ত কি চাষী তাহার অধিকের দায়ী কোনক্রমে হইবেক না ইতি।

[রাইয়ত কি চাষী এত্তেলা দিয়া জমী ছাড়িয়া দিবার কথা।]

১২ ধারা। কোন রাইয়ত কি চাষী যে জমী দখল করে কি চাষ করে তাহা যদি ছাড়িয়া দিতে চাহে, তবে বাঙ্গলা যে সালে ঐ জমী ছাড়িয়া দিবেক সেই সালের কিম্বা ফসলী যে সালে ছাড়িয়া দিবেক সেই সালের পূর্ব্বের জ্যৈষ্ঠ মাসে কি তাহার আগে আপনার মনস্থের এত্তেলা ঐ ভূমির জমা লইবার অধিকার যাহার থাকে তাহার নিকটে লিখিয়া দিলে ছাড়িয়া দিতে পারি-বেক। যদি সেই প্রকারের এত্তেলা না দেয়, ও সেই জমী যদি অন্য কোন লোককে না দেওয়া যায় তবে সেই রাইয়ত কি চাষী ঐ ভূমির জমার দায়ী থাকিবেক। ঐ ভূমির জমা লইবার অধিকার যাহার থাকে সেই জন যদি সেই প্রকারের কোন এত্তেলা গ্রাহ্য না করে ও তাহা পাইয়াছে বলিয়া রসীদ না দেয়, তবে সেই রাইয়ত কি চাষী তাহার উপর ঐ এত্তেলা জারী হইবার দর-খাস্ত পূর্ব্ব লিখিত সময়ের মধ্যে কালেক্টর সাহে-বের নিকটে করিলে ঐ সাহেব তাহা জারী করিবেন ইতি।

[এই আইনমতে যাহা বাকী জমা জ্ঞান হইবেক তাহার কথা।]

১৩ ধারা। জমার কোন কিস্তি পাট্টামতে যে দিনে দিতে হয় সেই দিনে কি তাহার আগে না দেওয়া গেলে এই আইনমতে বাকী জ্ঞান হইবেক। যদি কিস্তির টাকা দিবার কোন সময় লেখা না থাকে তবে সেই কি-স্তির টাকা দস্তুরমতে যে সময়ে দিতে হয় সেই সময়ে কি তাহার আগে না দেওয়া গেলে এই আইনমতে বাকী জ্ঞান হইবেক ইতি।

[বাকীর নিমিত্তে রাইয়তকে কি চাষিকে বেদখল করা যাইতে পারিবার কথা।]

১৪ ধারা। বাঙ্গলা অথবা ফসলী সনের অর্থাৎ যে স্থানে যে সন চলন থাকে সেই স্থানে সেই সনের শেষে যদি কোন রাইয়তের কিম্বা চাষির স্থানে জমা পাওনা

such ryot or cultivator shall be liable to be ejected from the land in respect of which the arrear is due; and the person to whom the rent is payable shall be at liberty to make such new arrangement as he may judge proper for the management of the land in question.

[Liability of farmer to have his lease cancelled for arrear adjudged due.]

XV. When an arrear of rent shall be adjudged to be due from any farmer or other leaseholder, not being an actual cultivator, nor having a right of occupancy or a transferable interest in the land, the lease held by such farmer or leaseholder shall be liable to be cancelled.

[No ryot or cultivator to be ejected, and no lease to be cancelled, unless in execution of decree under this Act.]

XVI. Provided always, that no ryot or cultivator shall be ejected from the land held or cultivated by him on account of an arrear of rent remaining due at the end of the year, and no lease shall be cancelled on account of an arrear of rent, otherwise than in execution of a decree or order under the provisions of this Act.

[Cognizance of suits under this Act.]

XVII. 1.—All suits for the delivery of pottahs or kubooliyets, or for the determination of the rates of rent at which such pottahs or kubooliyets are to be delivered;

2.—All suits for damages on account of the illegal exaction of rent, or of any unauthorized cess or impost, or on account of the refusal of receipts for rent paid, or on account of the extortion of rent by confinement or other duress;

3.—All complaints of excessive demand of rent, and all claims to remission of rent on account of alluvion or other cause;

4.—All suits for arrears of rent due, whether on account of land either kherajee or lakheraj, or of any rights of pasturage, forest-rights, fisheries, or the like;

5.—All suits to eject any ryot or cultivator, or to cancel any lease on account of the non-payment of arrears of rent, or on account of a breach of the conditions of any contract by which a ryot or cultivator may be liable to ejectment or a lease may be liable to cancelled;

6.—All suits to recover the occupancy or possession of any land, farm, or tenure, from which a ryot or cultivator, farmer or tenant, has been illegally ejected by the person entitled to receive rent for the same;

7.—All suits arising out of the exercise of the power of distraint conferred on Zemindars and others by Sections XCVII. and C. of this Act, or out of any acts done under color of the exercise of the said power, as hereinafter particularly provided;

থাকে, তবে যে জুমির জমা বাকী হইয়াছে সেই জুমি-হইতে ঐ রাইয়তকে কি চাষিকে উঠাইয়া দেওয়া যাই-তে পারিবেক। ও সেই জমা পাইবার অধিকার যাহার থাকে সেই জন ঐ জমীর চাসবাস করিবার জন্যে নূতন যে নিয়ম করিতে চাহে তাহা করিতে পারিবেক ইতি।

[ইজারদারের টাকা আদালতের হুকুমে বাকী প্র-কাশ হইলে তাহার ইজারা বাতিল হইতে পারিবার কথা।]

১৫ ধারা। কোন ইজারদারের স্থানে, কিম্বা নিতান্ত চাষী নয় যে, কি জমী দখল করিবার স্বত্ব যাহার না থাকে কিম্বা যাহা হস্তান্তর করা যায় জমীতে এমত সম্পর্ক যাহার না থাকে এমত অন্য পাট্টাদারের স্থানে জমা পাওনা আছে আদালতে এইরূপ নিষ্পত্তি হইলে সেই ইজারদারের কি পাট্টাদারের পাট্টা বাতিল হইতে পারিবেক ইতি।

[এই আইনমতে ডিক্রী না হইলে কোন রাইয়তকে কি চাষিকে উঠাইয়া দেওয়া যাইবেক না ও কোন পাট্টা বাতিল হইবেক না।]

১৬ ধারা। পরন্তু এই আইনের বিধানমতের ডিক্রী কি হুকুম জারীক্রমে না হইলে, বৎসরের শেষে বাকী জমার নিমিত্তে বলিয়া কোন রাইয়তকে কি চাষিকে তা-হার দখলকরা কি চাষকরা জমীহইতে উঠাইয়া দেওয়া যাইবেক না ও বাকী জমার নিমিত্তে কোন পাট্টাও বা-তিল হইবেক না ইতি।

[এই আইনমতে যে আদালতে যে মোকদ্দমার বি-চার হইবেক তাহার কথা।]

১৭ ধারা।—১ প্রকরণ। পাট্টা কি কবুলিয়ৎ পাই-বার জন্যে সকল মোকদ্দমার, ও জমার যে হিসাব ধরি-য়া পাট্টা কি কবুলিয়ৎ করিতে হইবেক তাহা নির্দ্ধার্য্য করিবার সকল মোকদ্দমার,

২ প্রকরণ। জমা কিম্বা যাহা লইবার অনুমতি নাই এমত কোন কর কি মাসুল বেআইনীমতে জোর করিয়া লওয়া যায় বলিয়া, কিম্বা যে জমা দেওয়া গেল তাহার দাখিলা দেওয়া যায় না বলিয়া, কিম্বা কয়েদ করিয়া কি অন্য প্রকারে আটক করিয়া ভয় দেখাইয়া জমা লওয়া যায় বলিয়া, ক্ষতিপূরণের সকল মোকদ্দমার,

৩ প্রকরণ।—অতিরিক্ত জমার দাওয়া হইল বলিয়া সকল নালিশের। ও জমীর সিকস্তী কি অন্য কারণে জমা মাফ হইবার সকল দাবীর।

৪ প্রকরণ।—খেরাজী কি লাখেরাজ জমীর কিম্বা চরাণী জমীর কোন স্বত্ব কি বনকর কি জলকরপ্রভৃতির যে জমা বাকী হয় তাহার নিমিত্তে সকল মোকদ্দমার।

৫ প্রকরণ। বাকী জমা দেওয়া যায় নাই বলিয়া কিম্বা করারের কোন নিয়ম লঙ্ঘন হওয়াতে রাইয়তকে কি চাষিকে উঠাইয়া দেওয়া যাইতে পারে কি পাট্টা বাতিল হইতে পারে বলিয়া কোন রাইয়তকে কি চাষি-কে উঠাইয়া দিবার কিম্বা পাট্টা বাতিল করিবার সকল মোকদ্দমার,

৬ প্রকরণ।—কোন জমীর কি ইজারার কি তালুকের জমা পাইবার স্বত্ব যাহার থাকে সেই জন সেই জমী-প্রভৃতিহইতে কোন রাইয়তকে কি চাষিকে কি ইজার-দারকে কি প্রজাকে বেআইনীমতে উঠাইয়া দিলে ঐ রাইয়তপ্রভৃতির সেই জমীর কি ইজারার কি তালুকের ভোগ কি দখল ফিরিয়া পাইবার সকল মোকদ্দমার,

৭ প্রকরণ।—ক্রোক করিবার যে ক্ষমতা এই আই-নের ৯৭ ও ১০০ ধারাক্রমে জমীদারদিগকে ও অন্য লোকদিগকে দেওয়া গেল সেই ক্ষমতামতে কিম্বা ইহার পরে যেমন বিশেষমতে বিধান হইল তেমনি সেই ক্ষম-তামতে কার্য্য করিবার ছলে তাহারা যে কোন কার্য্য করে, সেই কার্য্যপ্রযুক্ত সকল মোকদ্দমার,

* গবর্ণমেণ্ট গেজেট। ১৮[illegible]। ১ ডিসেম্বর।

shall be cognizable by the Collectors of land revenue, and shall be instituted and tried under the provisions of this Act, and shall not be cognizable in any other Court, or by any other Officer, or in any other manner.

বিচার ভূমির রাজস্বের কালেক্টর সাহেব করিবেন। সেই সকল মোকদ্দমা এই আইনের বিধানমতে উপস্থিত করা যাইবেক ও তাহার বিচার হইবেক। অন্য কোন আদালতে কি অন্য কোন কার্য্যকারকের দ্বারা কি অন্য কোন প্রকারে বিচার হইবেক না ইতি।

[Suits by Zemindars against their agents for money or accounts.]

XVIII. Suits by Zemindars and others in receipt of the rent of land, against any agents employed by them in the management of land or collection of rents, for money received or accounts kept by such agents, or for papers in their possession, shall be cognizable by the Collectors, and shall be instituted and tried under the provisions of this Act.

[টাকার কি হিসাবের জন্যে গোমাশ্তারদের নামে জমীদারেরদের মোকদ্দমা।]

১৮ ধারা। জমীদারপ্রভৃতি যে লোকেরা ভূমির জমা পায় তাহারা জমীর সরবরাহ করিবার কিম্বা জমা আদায় করিবার কার্য্যেতে যে গোমাশ্তারদিগকে নিযুক্ত করে সেই গোমাশ্তারা যে টাকা পায় কি যে হিসাব রাখে কিম্বা তাহারদের নিকটে যে কাগজপত্র থাকে তাহা লইয়া জমীদারপ্রভৃতি তাহারদের নামে যে সকল মোকদ্দমা করে তাহার বিচার কালেক্টর সাহেবেরা করিবেন, এই আইনের বিধানমতে তাহা উপস্থিত করা যাইবেক ও তাহার বিচার হইবেক ইতি।

[Ejectment of cultivators, farmers, &c., by Zemindars.]

XIX. If any Zemindar or other person in receipt of the rent of land requires assistance to eject any cultivator not having a right of occupancy, or to eject any farmer or other tenant holding only for a limited period after the determination of his lease or tenancy, or any agent after the determination of his agency, or to enforce any attachment or ejectment expressly authorized by any Regulation or Act, he shall make application to the Collector, and the Collector shall proceed thereupon to enquire into the case and pass orders in the manner provided for suits under this Act. Provided that no such application for the ejectment of a farmer on the determination of a lease shall be received if the lease be of the kind denominated ticca zur-i-peshgee or the like, in which an advance has been made by the leaseholder, and the proprietor's right of re-entry at the end of the term is contingent on the re-payment of such advance either in money or by the usufruct of the land. In all such cases the parties must proceed by suit in the Civil Court.

[রাইয়ত ইজারদারপ্রভৃতিদিগকে জমীদারেরদের উঠাইয়া দিবার কথা।]

১৯ ধারা। যে রাইয়তের দখল করিবার স্বত্ব নাই তাহাকে উঠাইয়া দিবার জন্যে, কিম্বা যে ইজারদার কি অন্য প্রজা কেবল নিয়মিত কালের নিমিত্তে জমী ভোগ করে তাহার ইজারার কি পাট্টার মিয়াদ ফুরাইলে পর তাহাকে উঠাইয়া দিবার জন্যে, কিম্বা কোন গোমাশ্তার কর্ম্মের মিয়াদ ফুরাইলে তাহাকে বাহির করিবার জন্যে, কিম্বা কোন আইনেতে যে ক্রোক কি বেদখল করিবার অনুমতি স্পষ্টরূপে থাকে তাহা করিবার জন্যে জমীদারের কিম্বা অন্য যে লোক জমীর খাজানা পায় তাহার যদি সাহায্যের প্রয়োজন থাকে, তবে সে কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিবেক। তাহা করিলে কালেক্টর সাহেব সেই কথার তদারক করিবেন ও এই আইনেতে মোকদ্দমার নিমিত্তে যে বিধান হইয়াছে সেই বিধানমতে হুকুম করিবেন। পরন্তু টিকা জরী পেশগী বলিয়া কিম্বা তাহার মত যে পাট্টাক্রমে পাট্টাদার আগাম জমা দেয় ও মিয়াদ ফুরাইলে যদি পুনরায় নগদ কিম্বা ভূমির উৎপন্ন ফসল দিয়া জমা আগাম দেয় তবে জমীদার সেই ভূমি ফিরিয়া লইতে পারে না, এমত পাট্টার মিয়াদ ফুরাইলে ইজারদারকে বাহির করিবার জন্যে, সেই প্রকারের কোন দরখাস্ত গ্রাহ্য হইবেক না। সেই স্থলে দেওয়ানী আদালতে মোকদ্দমা করিতে হইবেক ইতি।

[Measurement of lands.]

XX. If the proprietor of an estate or tenure intending to measure any lands which he has a right to measure is opposed in making such measurement by the occupant of the land, or if any ryot or cultivator, having received notice of the intended measurement of land held or cultivated by him which is liable to such measurement, refuses to attend and point out such land, the proprietor of the estate or tenure may make application to the Collector, and the Collector shall thereupon proceed to enquire into the case in the manner provided for suits under this Act, and shall pass an order either allowing or disallowing the measurement, and if the case so require, enjoining or excusing the attendance of any such ryot or cultivator.

[জমী মাপ করিবার কথা।]

২০ ধারা। কোন জমীদারের কি তালুকদারের যে জমী মাপ করিবার অধিকার থাকে সে ঐ জমী মাপ করিতে গেলে যদি ঐ জমীর বাশেন্দা তাহার মাপ হইবার বাধা করে, কিম্বা কোন রাইয়তের কি চাষির দখলকরা কি চাষকরা যে জমী মাপ করা যাইতে পারে তাহার মাপ হইবার মনস্থের সম্বাদ পাইয়াও যদি সেই রাইয়ত কি চাষী হাজির থাকিয়া সেই জমী দেখাইতে স্বীকার না করে, তবে সেই জমীদার কি তালুকদার কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিতে পারিবেক। তাহা করিলে এই আইনেতে মোকদ্দমার জন্যে যে বিধান হইয়াছে সেই বিধানমতে কালেক্টর সাহেব সেই বিষয়ের তদারক করিবেন ও সেই মাপ করিবার অনুমতির কি নিষেধের হুকুম করিবেন। আর বিষয় বুঝিয়া যদি প্রয়োজন হয় তবে সেই রাইয়তকে কিম্বা চাষিকে হাজির হইতে হুকুম করিবেন কি গরহাজির থাকিতে দিবেন ইতি।

[*Government Gazette*, 1st *December*, 1857.]

[Applications to dispossess grantees of land exempt from revenue.]

XXI. So much of Section X. Regulation XIX. 1793, as authorizes and requires proprietors and farmers of estates and dependent talooks, in cases in which grants for holding land exempt from the payment of revenue have been made subsequent to the 1st December 1790, of their own authority to dispossess the grantees of the proprietary right in such land, and to re-annex it to the estate or talook in which it may be situate, is repealed; and any proprietor or farmer who may desire to dispossess any such grantee shall make application to the Collector, and the Collector shall proceed thereupon to enquire into the case and pass orders in the manner provided for suits under this Act. But nothing contained in this Act relative to the limitation of suits shall be held applicable to such applications.

[Time for commencement of suits generally.]

XXII. Except as otherwise herein provided, all suits instituted under this Act shall be commenced within the period of one year from the date of the accruing of the cause of action.

[Time for commencement of suits for grant of pottahs, &c.]

XXIII. Suits for the delivery of pottahs or kubooliyets and for the determination of the rates of rent at which such pottahs or kubooliyets are to be delivered, may be instituted at any time during the tenancy. But no ryot or cultivator shall be entitled to claim an abatement of the rent previously paid by him, although such rent may be in excess of the rate to which he would be liable under Section III. of this Act, if he have paid such rent for three years previous to the institution of the suit.

[Time for the commencement of suits for arrears of rent.]

XXIV. Suits for the recovery of arrears of rent shall be instituted within three years from the last day of the Bengal or Fusly year in which the arrear claimed shall have become due. For arrears of rent due at the passing of this Act, suit shall be brought within three years after the passing of this Act; but nothing in this Section shall be held to enlarge the period now allowed by law for the institution of any such suit.

[Time for the commencement of suits against agents for money, papers, or accounts.]

XXV. Suits for the recovery of money in the hands of an agent or for the delivery of accounts or papers by an agent, may be brought at any time during the agency, or within one year after the determination of the agency of such agent, or in the case of claims now existing within one year after the passing of this Act; but nothing in this Section shall be held to enlarge the period now

[যাহারদিগকে নিষ্করুরূপে ভূমি দেওয়া গিয়াছে তাহারদিগকে বেদখল করিবার দরখাস্তের কথা।]

২১ ধারা। ১৭৯০ সালের ১ ডিসেম্বরের পরে কোন জমী নিষ্করুরূপে ভোগদখল করিবার জন্যে দেওয়া গেলে জমীদারেরা ও মহালের ও মফঃসল তালুকের ইজারদারেরা নিজ শক্তিক্রমে "সেই ভূমির গ্রহীতাদিগকে সেই ভূমির অধিকারিত্ব স্বত্বহইতে বেদখল করিয়া সেই ভূমি যে অধিকারভূমিতে কিম্বা মফঃসলী তালুকের মধ্যে থাকে তাহার শামিল করায়" ১৭৯৩ সালের ১৯ আইনের ১০ ধারার যে কথাতে এই অনুমতি ও আজ্ঞা হইয়াছে সেই কথা রদ হইল। ও যদি কোন জমীদার কি ইজারদার সেই প্রকারের ভূমির কোন গ্রহীতাকে বেদখল করিতে চাহে তবে কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিবেক। তাহা করিলে এই আইনেতে মোকদ্দমার যে বিধান হইয়াছে সেই বিধানমতে কালেক্টর সাহেব সেই বিষয়ের তদারক করিয়া হুকুম করিবেন। পরন্তু এই আইনেতে মোকদ্দমার মিয়াদের যে কথা আছে তাহার কোন কথা ঐ দরখাস্তের উপর খাটে এমত জ্ঞান করিতে হইবেক না ইতি।

[মোকদ্দমা আরম্ভ করিবার মিয়াদের সাধারণ কথা।]

২২ ধারা। এই আইনেতে যে স্থলের অন্য বিধি না হইয়াছে সেই স্থলে, মোকদ্দমার হেতু যে তারিখে হয় সেই তারিখঅবধি এক বৎসরের মধ্যে এই আইনমতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক ইতি।

[পাট্টাপ্রভৃতির জন্যে মোকদ্দমা আরম্ভ করিবার মিয়াদের কথা।]

২৩ ধারা। পাট্টা কি কবুলিয়ৎ পাইবার জন্যে, ও জমার যে হারে ঐ পাট্টা কি কবুলিয়ৎ দিতে হইবেক তাহা নির্দ্ধার্য্য করিবার জন্যে যে মোকদ্দমা হয় সেই মোকদ্দমা জমী দখলে থাকিবার কোন সময়ে উপস্থিত হইতে পারিবেক। কিন্তু কোন রাইয়ত কি চাষী মোকদ্দমা উপস্থিত করিবার আগে যদি তিন বৎসরপর্য্যন্ত কোন জমা দিয়া থাকে তবে যে জমা দিয়াছে তাহা এই আইনের ৩ ধারাতে যে হার ধরা গেল তাহার অধিক হইলেও, সে ঐ জমার কিছু কম করিবার দাওয়া রাখিতে পারিবেক না ইতি।

[জমার বাকীর নিমিত্তে মোকদ্দমা আরম্ভ করিবার মিয়াদের কথা।]

২৪ ধারা। বাঙ্গলা কি ফসলী যে সনের জমা বাকী বলিয়া দাওয়া হয় সেই সনের শেষ দিনঅবধি তিন বৎসরের মধ্যে সেই বাকী আদায় হইবার মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক। এই আইন জারী হইবার সময়ে যে জমা বাকী থাকে তাহার মোকদ্দমা এই আইন জারী হইবার কালঅবধি তিন বৎসরের মধ্যে করিতে হইবেক. কিন্তু সেই প্রকারের কোন মোকদ্দমা উপস্থিত করিবার যে মিয়াদ এইক্ষণে আইনমতে আছে তাহা এই ধারার কোন কথাতে বৃদ্ধি হইল এমত বুঝিতে হইবেক না ইতি।

[টাকার কি কাগজপত্রের কি হিসাবের নিমিত্তে গোমাশ্তারদের নামে মোকদ্দমা আরম্ভ করিবার সময়ের কথা।]

২৫ ধারা। গোমাশ্তার হাতে যে টাকা থাকে তাহা পাইবার কিম্বা তাহার কোন কাগজপত্র কি হিসাব দেওয়াইবার মোকদ্দমা তাহার কর্ম্ম বহাল থাকিবার কোন সময়ে করা যাইতে পারে, কিম্বা তাহার কর্ম্ম গেলে পর এক বৎসরের মধ্যে করা যাইতে পারে। আর এইক্ষণে যে দাওয়া থাকে তাহার মোকদ্দমা এই আইন জারী হইবার কালাবধি এক বৎসরের মধ্যে করা যাইতে পারে। কিন্তু সেই প্রকারের কোন মো-

allowed by law for the institution of any such suit.

[Mode of instituting suits. Form of plaint or statement of claim.]

XXVI. Suits under this Act shall be instituted by presenting to the Collector a plaint or statement of claim which shall contain the name, description, and place of abode of the plaintiff; the name, description, and place of abode of the defendant, so far as they can be ascertained; the substance of the claim, and the date of the cause of action.

[Statement of claim to be written on stamped paper except when plaintiff is unable to pay for a stamp. No other stamp duty to be required in suits under this Act.]

XXVII. The statement of claim shall be written on paper bearing a stamp of the value of eight annas; but if the Collector be satisfied of the inability of the plaintiff to pay for a stamp, he may receive such statement on plain paper. No stamp shall be required in respect of any petition or other proceeding connected with the suit or with the execution of any order or judgment passed thereon, or for copies of any papers.

[Documentary evidence to be produced by plaintiff.]

XXVIII. If the plaintiff rely in support of his claim on any document in his possession, he shall deliver the same to the Collector at the time of presenting his statement of claim. Unless such document be delivered in, or its non-production be sufficiently excused, or unless the Collector see fit to extend the time for producing the same, it shall not afterwards be admitted.

[Form of plaint in suits for arrears of rent. Documentary evidence to be produced by plaintiff in such cases.]

XXIX. If the suit be for the recovery of an arrear of rent, the statement shall specify the name of the village, and of the Pergunnah or other local division, in which the land is situate, the yearly rent of the land, the amount (if any) received on account of the year for which the claim is made, the amount in arrear, and the time in respect of which it is alleged to be due. If the suit be for an arrear alleged to be due from any ryot or cultivator, the plaintiff, in addition to any other documents upon which he may rely in support of his claim, shall produce the jumma wasilbakee account of the village or tenure, for the year preceding that for which the arrear is claimed if the same be not already filed in the Collector's Office; but this last rule shall not be held applicable to the case of an auction-purchaser or other person who, by reason of his having recently acquired possession of the village or tenure, or for any other cause, may, in the judgment of the Collector, be unable to produce the said account.

মকদ্দমা উপস্থিত করিবার যে মিয়াদ এইক্ষণে আইনেতে আছে তাহা এই ধারার কোন কথাতে বৃদ্ধি হইল এমত বুঝিতে হইবেক না ইতি।

[মোকদ্দমা উপস্থিত করিবার নিয়ম। নালিশপত্রের কি দাওয়ার আরজীর ধারা।]

২৬ ধারা। এই আইনমতে মোকদ্দমা এই প্রকারে উপস্থিত করিতে হইবেক। নালিশের পত্র কিম্বা দাওয়ার আরজী লিখিয়া কালেক্টর সাহেবকে দিতে হইবেক। তাহাতে এই২ কথা থাকিবেক। ফরিয়াদীর নাম ও পেশা ও বাসস্থান। ও আসামীর নাম ও পেশা ও বাসস্থান যেপর্য্যন্ত জানা যাইতে পারে সেইপর্য্যন্ত। ও দাওয়ার মর্ম্ম ও নালিশের হেতু যে তারিখে হয় সেই তারিখ ইতি।

[ফরিয়াদী যদি ইষ্টাম্প কাগজের মুল্য দিতে পারে তবে দাওয়ার আরজী ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। এই আইনমতের মোকদ্দমাতে অন্য কোন ইষ্টাম্প লাগিবেক না।]

২৭ ধারা। দাওয়ার আরজী আট আনা মুল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। কিন্তু ফরিয়াদী ইষ্টাম্পের মুল্য দিতে পারে না এই কথা যদি কালেক্টর সাহেব হৃদ্বোধমতে জানেন তবে তিনি শাদা কাগজে সেই আরজী গ্রাহ্য করিতে পারিবেন। সেই মোকদ্দমা-সম্পর্কীয় কিম্বা মোকদ্দমাতে যে কোন হুকুম কি ডিক্রী হয় তাহার সম্পর্কীয় কোন দরখাস্তের কি অন্য কার্য্যের নিমিত্তে, কিম্বা কোন কাগজপত্রের নকলের নিমিত্তে ইষ্টাম্পের প্রয়োজন হইবেক না ইতি।

[ফরিয়াদীর দলীল উপস্থিত করিতে হইবেক।]

২৮ ধারা। ফরিয়াদী যদি আপনার নিকট কোন দলীলের দ্বারা আপনার দাওয়া সাবুদ করিতে চাহে তবে সেই দাওয়ার আরজী দিবার সময়ে সেই দলীলও কালেক্টর সাহেবকে দিবেক। যদি সেই সময়ে ঐ দলীল না দেওয়া যায়, কিম্বা সেই দলীল উপস্থিত না করিবার উপযুক্ত ওজর না জানান যায়, কিম্বা যদি কালেক্টর সাহেব সেই দলীল উপস্থিত করিবার জন্যে অধিক সময় দিতে উচিত বোধ না করেন, তবে তাহা পরে গ্রাহ্য হইবেক না ইতি।

[জমার বাকীর মোকদ্দমায় নালিশ লিখিবার ধারা। এমত মোকদ্দমায় ফরিয়াদীর যে২ দলীল উপস্থিত করিতে হইবেক তাহার কথা।]

২৯ ধারা। যদি জমার বাকী পাইবার জন্যে মোকদ্দমা হয়, তবে যে মৌজাতে ও পরগনায় ও কিসমৎপ্রভৃতিতে জমী থাকে তাহার নাম, ও জমীর সালিয়ানা জমা, ও যে বৎসরের বাকীর দাওয়া হয় সেই বৎসরের কোন কিস্তির টাকা যদি পাওয়া গিয়াছে তবে যত পাওয়া গেল, ও যত বাকী থাকে ও যত কালের বাকী বলা গেল এই সকল কথা ঐ দাওয়ার আরজীতে লেখা থাকিবেক। যদি কোন রাইয়তের কি চাষির বাকী জমার নিমিত্তে মোকদ্দমা হয়, তবে ফরিয়াদী যে২ দলীলের দ্বারা আপনার দাওয়া সাবুদ করিতে চাহে তাহা দাখিল করিবেক, ও যে বৎসরের বাকীর দাওয়া হয় ঐ গ্রামের কি তালুকের তাহার পূর্ব্ব বৎসরের জমাওয়াসিল বাকীর খাতা যদি আগে কালেক্টর সাহেবের কাছারীতে দাখিল না হইয়া থাকে তবে তাহাও দাখিল করিবেক। কিন্তু নীলামের খরীদার কি অন্য যে ব্যক্তি অল্প কাল ঐ গ্রামের কি তালুকের দখল পাইয়াছে ও সেই কারণে কিম্বা অন্য কোন কারণে কালেক্টর সাহেবের বিবেচনামতে ঐ প্রকারের হিসাব দেখাইতে না পারে তাহার উপর এই বিধি খাটিবেক না ইতি।

[Form of plaint in suits for ejectment of ryot, &c., or for recovery of occupancy or possession of land, &c.]

XXX. If the suit be for the ejectment of any ryot or cultivator, farmer or tenant, from any land, farm, or tenure, or for the recovery of the occupancy or possession of any land, farm, or tenure, the statement shall describe (as circumstances may require) the extent, situation, and designation of the same; and if necessary for the identification of the land, shall set forth the boundaries of such land.

[Warrant of arrest in what cases to be issued.]

XXXI. When in any suit against an under-tenant or cultivator for the recovery of an arrear of rent, or against an agent for the recovery of any money, papers, or accounts, the plaintiff desires a warrant of arrest to be issued against the defendant, he shall present with his statement of claim an application for the issue of such warrant. When such application is presented, the Collector shall examine the plaintiff or his agent and inspect the documents adduced by him in support of his claim, and if there be *primâ facie* grounds for believing the claim to be well-founded, and that if a summons be issued the defendant will abscond instead of appearing to answer the claim, provided also the defendant be resident in the District in which the suit is instituted, the Collector may issue a warrant for the arrest of the defendant. The warrant shall be in the form A contained in the Schedule to this Act, or to the like effect, and shall be accompanied by a notice addressed to the defendant, enjoining him, if he contest the claim, to bring with him any document upon which he may intend to rely in support of his defence. But no such warrant shall be issued in a suit for arrears of rent due in respect of a dependent talook or other transferable tenure, which, as hereinafter provided, is liable to sale in execution of any decree which may be passed in the case.

[Procedure after arrest of defendant.]

XXXII. If a defendant be arrested under the warrant of arrest, he shall be brought with all convenient speed before the Collector, unless he forthwith deposit with the Officer entrusted with the execution of the warrant such sum as may be specified therein.

[Procedure when defendant is brought before the Collector under warrant.]

XXXIII. When a defendant is brought before the Collector under warrant, the Collector shall, with all convenient speed, proceed to try the case in the manner hereinafter provided when a defendant appears on summons; and if the suit cannot be at once adjudicated, the Collector may, if he

[রাইয়তপ্রভৃতিকে উঠাইয়া দিবার কিম্বা ভূমিপ্রভৃতির দখল কি অধিকার ফিরিয়া পাইবার মোকদ্দমায় নালিশ লিখিবার ধারা।]

৩০ ধারা। যদি কোন রাইয়তকে কি চাষিকে কি ইজারদারকে কি প্রজাকে কোন ভূমি কি ইজারা কি তালুক হইতে উঠাইয়া দিবার জন্যে, অথবা যদি কোন জমীর কি ইজারার কি তালুকের দখল কি অধিকার পাইবার জন্যে মোকদ্দমা হয়, তবে দাওয়ার আরজীতে প্রয়োজনমতে এই কথা লিখিতে হইবেক অর্থাৎ সেই জমীপ্রভৃতির পরিমাণ ও যে স্থানে থাকে তাহা ও তাহার নাম, ও সেই জমী চিনিবার জন্যে যদি আবশ্যক হয় তবে সেই জমীর চতুঃসীমাও লিখিতে হইবেক ইতি।

[যে স্থলে গ্রেফ্তারের পরওয়ানা বহির হইবেক তাহার কথা।]

৩১ ধারা। যদি জমার বাকী পাইবার জন্যে কোন কোর্পা প্রজার কি চাষির নামে, কিম্বা টাকা কি কাগজপত্র কি হিসাব পাইবার জন্যে গোমাশ্তার নামে ফরিয়াদী মোকদ্দমা করিয়া আসামীর নামে গ্রেফ্তারের পরওয়ানা বাহির হইবার ইচ্ছা করে, তবে আপন দাওয়ার আরজীর সঙ্গে সেই পরওয়ানা বাহির হইবার দরখাস্তও দিবেক। সেই দরখাস্ত দেওয়া গেলে কালেক্টর সাহেব ফরিয়াদীর কি তাহার গোমাশ্তার জোবানবন্দী লইবেন, ও ফরিয়াদী আপন দাওয়া সাবুদ করিবার জন্যে যে সকল দলীল দিয়াছে তাহাতে দৃষ্টি করিবেন। ও আদিদৃষ্টে সেই দাওয়া সমূলক বটে ও সমন বাহির হইলে আসামী ঐ দাওয়ার জওয়াব করিতে হাজির না হইয়া পলাইবেক এমত বোধ করিবার কারণ যদি থাকে, আর মোকদ্দমা যে জিলাতে করা যায় যদি আসামীও সেই জিলাতে বাস করে, তবে কালেক্টর সাহেব আসামীকে গ্রেফ্তার করিবার পরওয়ানা জারী করিবেন। ঐ পরওয়ানা এই আইনের শেষভাগে যে তফসীল আছে তাহার A চিহ্নের পাঠের লিখনমতে কি তাহার মর্ম্মমতে হইবেক। পরওয়ানার সঙ্গে আসামীর নামে এই এত্তেলাও দিতে হইবেক যে, আসামী যদি দাওয়ার আপত্তি করিতে চাহে তবে যে দলীলের দ্বারা আপন জওয়াব সাবুদ করিতে মানস করে তাহা সঙ্গে করিয়া আনে। পরন্তু মফঃসল তালুকের কি অন্য যে ভূমি হস্তান্তর করা যাইতে পারে তাহার বাকী খাজানার মোকদ্দমা হইলে সেই প্রকারের পরওয়ানা বাহির হইবেক না। যেহেতুক এই আইনে ইহার পরে এই বিধান হইল যে সেইরূপ মোকদ্দমায় যে ডিক্রী হয় সেই ডিক্রী জারীক্রমে ঐ প্রকারের তালুকপ্রভৃতির নীলাম হইতে পারিবেক ইতি।

[আসামীকে গ্রেফ্তার করিলে পর যাহা করিতে হইবেক তাহার কথা।]

৩২ ধারা। যখন গ্রেফ্তারের পরওয়ানাক্রমে আসামীকে গ্রেফ্তার করা যায়, তখন ঐ পরওয়ানা জারী করিতে যে আমলাকে দেওয়া যায় তাহার হাতে আসামী ঐ পরওয়ানার লিখিত টাকা না দিলে তাহাকে সাধ্যমতে শীঘ্র করিয়া কালেক্টর সাহেবের নিকটে আনা যাইবেক ইতি।

[ওয়ারণ্টক্রমে আসামীকে কালেক্টর সাহেবের নিকটে আনা গেলে পর যাহা করিতে হইবেক তাহার কথা।]

৩৩ ধারা। আসামী সমনমতে উপস্থিত হইলে মোকদ্দমার বিচার করিবার যে বিধান পরে নির্দ্দিষ্ট হইয়াছে সেই বিধানমতে, আসামীকে পরওয়ানাক্রমে কালেক্টর সাহেবের নিকটে আনা গেলে, তিনি উপযুক্তমতে শীঘ্র করিয়া মোকদ্দমার বিচার করিবেন। আর যদি মোকদ্দমা একেবারে নিষ্পত্তি করা যাইতে

think fit, take security from the defendant for his appearance whenever the same may be required at any time whilst the suit is depending or before the final decree which may be passed thereon shall be fully executed, and may commit the defendant to the Civil jail, to be there detained until he shall furnish such security or deposit such sum as the Collector shall order.

[Procedure if warrant of arrest cannot be served upon the defendant.]

XXXIV. If the warrant of arrest cannot be served upon the defendant, the Collector, on the application of the plaintiff, shall either postpone the case for such period as he may think proper, in order that the plaintiff may apply within the said period for another warrant to be issued for the arrest of the defendant, or shall forthwith issue a proclamation to be affixed in his own Office and at the residence of the defendant fixing a day for the hearing of the case, which shall not be less than ten days from the date of the publication of notice at the residence of the defendant. If the defendant shall appear in pursuance of the proclamation, he shall be dealt with as provided in the last preceding Section.

[In all other cases, summons to issue and personal attendance of defendant may be required.]

XXXV. In all other cases, the Collector shall direct the issue of a summons to the defendant, and if the plaintiff require the personal attendance of the defendant, and satisfy the Collector that such personal attendance is necessary, or the Collector of his own accord require such personal attendance, the summons shall contain an order for the defendant to appear personally on a day to be specified in the summons, otherwise the summons shall order the defendant to appear personally or by an agent duly authorized on his behalf who has personal knowledge of the subject, or who shall be accompanied by a witness who has such personal knowledge.

[The day to be specified in the summons how to be fixed. Defendant to be ordered to produce necessary documents and to bring witnesses willing to attend without process]

XXXVI. The day to be specified in the summons shall be fixed with reference to the state of the file and the distance that the defendant may be, or be supposed to be, at the time, from the place where the Court is held, and the summons shall order the defendant to produce any document which he may have in his possession, of which the plaintiff demands inspection, or upon which the defendant may intend to rely in support of his defence. It shall also enjoin him to bring with him his witnesses if they are willing to attend without issue of process; and shall be in

না পারে, তবে ঐ মোকদ্দমা যত কাল উপস্থিত থাকে, কিম্বা মোকদ্দমাতে যে চূড়ান্ত ডিক্রী হয় তাহা সম্পূর্ণমতে জারী না হওয়াপর্য্যন্ত কোন কালে, আসামীর যখন হাজির হইবার প্রয়োজন হয় তখন সে হাজির হইবেক ইহার জামিন কালেক্টর সাহেব উচিত বোধ করিলে তাহার স্থানে লইবেন, আর আসামী যাবৎ সেই জামিন না দেয়, কিম্বা কালেক্টর সাহেব তাহাকে যত টাকা আমানৎ করিতে হুকুম দেন তত টাকা যাবৎ আমানৎ না করে, তাবৎ কয়েদ হইবার জন্যে কালেক্টর সাহেব আসামীকে দেওয়ানী জেলখানায় রাখিবেন ইতি।

[গ্রেপ্তারের পরওয়ানা আসামীর উপর জারী হইতে না পারিলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

৩৪ ধারা। যদি গ্রেপ্তারের পরওয়ানা আসামীর উপর জারী হইতে না পারে, তবে ফরিয়াদী আসামীর গ্রেপ্তারের অন্য পরওয়ানা জারী হইবার দরখাস্ত করে এই নিমিত্তে কালেক্টর সাহেব ফরিয়াদীর দরখাস্তমতে যত কাল উচিত বোধ করেন তত কাল মোকদ্দমার শুনানি স্থগিত রাখিবেন, অথবা মোকদ্দমা শুনিবার জন্যে এক দিন নিরূপণ করিয়া তাহার ইশ্‌তিহার আপনার কাছারীতে ও আসামীর বাসস্থানে লটকাইবার জন্যে অগৌণে জারী করিবেন। যদি দিন নিরূপণ করেন, তবে সেই দিন আসামীর বাসস্থানে ইশ্‌তিহার প্রকাশ হইবার তারিখঅবধি দশ দিনের কম হইবেক না। আসামী যদি সেই ইশ্‌তিহারমতে হাজির হয় তবে ইহার পূর্ব্ব ধারাতে যে বিধান হইয়াছে সেই বিধানমতে তাহাকে লইয়া কার্য্য হইবেক ইতি।

[অন্য সকল স্থলে সমন বাহির হইবেক ও আসামীর নিজে হাজির হইবার হুকুম হইতে পারিবেক।]

৩৫ ধারা। অন্য সকল স্থলে কালেক্টর সাহেব আসামীর নামে সমন বাহির হইবার হুকুম করিবেন, আর আসামী আপনি হাজির হয় ফরিয়াদী যদি ইহা ইচ্ছা করে ও তাহার হাজির হওয়া আবশ্যক এই কথা কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে জানায়, কিম্বা কালেক্টর সাহেব যদি আপন ইচ্ছামতে তাহার নিজে হাজির হইবার হুকুম করেন, তবে সমনের নিরূপিত দিনে আসামীর নিজে হাজির হইবার হুকুম সমনে থাকিবেক। যদি তাহার স্বয়ং হাজির হইবার আবশ্যক না থাকে তবে সমনে এই হুকুম হইবেক যে, আসামী আপনি হাজির হয়, কিম্বা মোকদ্দমার বিষয়ের যাহার নিজের জ্ঞান থাকে এমত লোককে আপনার তরফে হাজির হইতে উপযুক্তমতে ক্ষমতা দিয়া কিম্বা যাহার নিজের সেই বিষয়ের জ্ঞান থাকে এমত সাক্ষিকে সঙ্গে লইয়া তাহার দ্বারা হাজির হয় ইতি।

[সমনে যে দিন নির্দ্দিষ্ট হয় তাহা যে প্রকারে নিরূপণ হইবেক তাহার কথা। আসামীকে আবশ্যক সকল দলীল উপস্থিত করিতে ও যে সাক্ষিরা বিনা পরওয়ানাতে হাজির হইতে চাহে তাহারদিগকে সঙ্গে আনিতে হুকুম হইবেক।]

৩৬ ধারা। যে সকল মোকদ্দমা উপস্থিত থাকে তাহা বুঝিয়া ও কাছারী ঘরহইতে আসামী তৎকালে যত দূর থাকে কি অনুভবমতে হইয়া থাকিবেক তাহা বিবেচনা করিয়া সমনের নির্দ্দিষ্ট দিন নির্দ্ধার্য্য হইবেক। আর ফরিয়াদী যাহা দেখিতে চাহে এমত যে কোন দলীল আসামীর কাছে থাকে তাহা, ও আসামী যে দলীলের দ্বারা আপনার জওয়াব সাবুদ করিতে চাহে তাহা সঙ্গে করিয়া আনিবার হুকুম ঐ সমনে থাকিবেক। আরো সেই সমনে তাহাকে এই আদেশ হইবেক যে, তাহার তরফের যে সাক্ষিরা বিনা পরওয়ানাতে হাজির হইতে চাহে তাহারদিগকে সঙ্গে করিয়া আনে। সেই সমন এই আইনের শেষভাগে যে তফসীল আছে সেই তফ-

the form C contained in the Schedule to this Act, or to the like effect.

[A copy of the plaint to be sent with the summons. Summons how to be served.]

XXXVII. A copy of the statement of claim shall be sent with the summons, and the summons shall be served by delivering a copy of the summons and of the statement to the defendant personally when practicable; or if the summons cannot be served on the defendant personally, by affixing a copy of the summons and a copy of the statement to some conspicuous part of his usual place of abode and also by affixing copies of the same in the Collector's Office.

[Endorsement by Nazir if summons has been personally served or not.]

XXXVIII. If the summons be served personally, the Nazir shall endorse on the summons the fact of such service. If personal service be not effected, the Nazir shall endorse on the summons the reason of not serving it personally and how it has been served.

[Execution of process in another District.]

XXXIX. If the usual place of abode of the defendant be in another District, the summons, together with the cost of the service thereof, shall be sent by dâk to the Collector of such District, who shall issue the summons, and return the same, after service, with the prescribed endorsement, to the Officer by whom it was transmitted to him.

[Cost of serving summons or warrant to be deposited in Court.]

XL. The amount of the cost of serving the summons, or if a warrant be applied for of serving the warrant, shall in all cases be deposited in Court upon the same day or the day next following that on which the plaint or statement of claim is presented to the Collector, and if the said amount be not so deposited (except in cases in which the Collector may allow the issue of summons free of cost under the discretion reserved to him in Section CXXXI.) the case shall not be brought on the file of suits; but the plaintiff may present another plaint at any time within the period allowed by the rules for the limitation of actions.

[On appearance of parties, defence to be made, after which the parties may be examined by the Collector or cross-examine each other.]

XLI. Upon the appearance of the parties on the day named in the summons, or upon any subsequent day to which the hearing of the case may be adjourned, for sufficient reason to be recorded by the Collector, the Collector shall call upon the defendant or his agent to make his defence. The defence shall be made either in writing in the official language of the District or verbally, and if made verbally shall be reduced into writing in the presence and under the personal superintendence of the Collector; after which the Collector shall

শীলের C. চিহ্নিত পাঠের লিখনমতে কিম্বা তাহার মর্ম্মমতে হইবেক ইতি।

[সমনের সঙ্গে নালিশের আরজীর এক কেতা নকল দেওয়া যাইবার ও সমন যে প্রকারে জারী হইবেক তাহার কথা।]

৩৭ ধারা। দাওয়ার আরজীর এক কেতা নকল সমনের সঙ্গে দিতে হইবেক। সমন এই প্রকারে জারী হইবেক। যদি হইতে পারে তবে সমনের ও দাওয়ার আরজীর এক কেতা নকল আসামীকেই দেওয়া যাইবেক। যদি নিজ আসামীকেই সমন দেওয়া যাইতে না পারে তবে ঐ সমনের এক কেতা ও দাওয়ার আরজীর এক কেতা নকল তাহার নিয়ত বাসস্থানে কোন প্রকাশস্থলে লট্‌কাইয়া ও তাহার এক২ কেতা নকল কালেক্টর সাহেবের কাছারী ঘরে লট্‌কাইয়া জারী হইবেক ইতি।

[সমন আসামীকেই দেওয়া গেল কি না এই কথা নাজির সমনের পিঠে লিখিবেক।]

৩৮ ধারা। যদি সমন নিজ আসামীর উপর জারী হয় তবে সেইরূপ জারী হইবার কথা নাজির সমনের পৃষ্ঠে লিখিবেক। যদি আসামীরই উপর জারী না হয় তবে যে কারণে হইল না ও সমন যে প্রকারে জারী হইয়াছে তাহার কথা নাজির সমনের পৃষ্ঠে লিখিবেক ইতি।

[ভিন্ন জিলাতে পরওয়ানা জারী হইবার কথা।]

৩৯ ধারা। যদি আসামীর নিয়ত বাসস্থান ভিন্ন জিলাতে থাকে তবে সমন ও তাহা জারী করিবার খরচ ঐ জিলার কালেক্টর সাহেবের নিকটে ডাকযোগে পাঠাইতে হইবেক, তাহাতে ঐ কালেক্টর সাহেব ঐ সমন জারী করিবেন ও জারী হইলে পর ও তাহার পৃষ্ঠে নির্দ্দিষ্ট কথা লেখা গেলে পর যে সাহেব ঐ সমন তাঁহার নিকটে পাঠাইয়াছিলেন তাঁহার নিকটে ফিরিয়া পাঠাইবেন ইতি।

[সমন কি ওয়ারেণ্ট জারী করিবার খরচ আদালতে আমানৎ করিতে হইবেক।]

৪০ ধারা। নালিশের কি দাওয়ার আরজী যে দিনে কালেক্টর সাহেবকে দেওয়া যায় সেই দিনে কি তাহার পর দিনে সমন জারী করিবার খরচ, কি ওয়ারেণ্ট বাহির হইবার প্রার্থনা হইলে সেই ওয়ারেণ্ট জারী করিবার খরচ আদালতে আমানৎ করিতে হইবেক। ১৩১ ধারাতে কালেক্টর সাহেবকে ক্ষমতা দেওয়া গেল যে কোন২ স্থলে আপনার বিবেচনামতে বিনাখরচে সমন বাহির হইতে দেন, সেই স্থল ছাড়া, যদি সেই টাকা আমানৎ না করা যায় তবে মোকদ্দমা নথীর শামিল করা যাইবেক না। কিন্তু নালিশ করিবার মিয়াদের বিধিতে যে কাল দেওয়া গিয়াছে সেই কালের মধ্যে কোন সময়ে ফরিয়াদী নালিশের অন্য আরজী উপস্থিত করিতে পারিবেক ইতি।

[উভয় পক্ষ হাজির হইলে জওয়াব করা যাইবেক। তাহার পর কালেক্টর সাহেব উভয়ের জোবানবন্দী লইতে পারিবেন কিম্বা তাহারা আপোসে জেরসওয়াল করিতে পারিবেক।]

৪১ ধারা। সমনের লিখিত দিনে উভয় পক্ষ হাজির হইলে, কিম্বা যদি মোকদ্দমা শুনিবার জন্যে উপযুক্ত কারণে তাহার পর কোন দিন নিরূপণ হয় তবে কালেক্টর সাহেব সেই কারণ রিকার্ড করিবেন ও সেই দিনে আসামীকে কি তাহার মোখ্তারকে জওয়াব করিতে আজ্ঞা করিবেন। ঐ জওয়াব জিলার চলন ভাষাতে লিখিয়া করা যাইবেক কিম্বা জোবানীতে করা যাইবেক। যদি জোবানীতে করা যায় তবে কালেক্টর সাহেবের সাক্ষাতে ও তাঁহার নিজ তত্ত্বের অধীনে তাহা লিখিয়া লওয়া যাইবেক। তাহার পর উভয় পক্ষের যে লোক হাজির হয় কালেক্টর সাহেব তাহারদের জোবানবন্দী

proceed to examine such of the parties as may be present, and either party or his agent may cross-examine the other. If either of the parties be not bound to attend personally, any agent by whom he shall appear, or any witness who shall accompany such agent, shall be examined and cross-examined in like manner as the party himself would have been if he had attended personally.

[Witnesses to be examined.]

XLII. If either of the parties shall bring forward a witness on such day, the Collector shall take the evidence of such witness.

[To be continued.]

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 23.

To the Civil Authorities in the Lower and Extra-Regulation Provinces.

An instance having been brought to the notice of Government, where a party was put to unnecessary expense to recover interest on a Government Promissory Note, by the authority of a Certificate, granted under Act XX. of 1841, not bearing the signature of the Judge *in full*, I am directed by the Court, in pursuance of the Orders of Government, to request that you will pay every attention to Form in the verification of legal documents which may be susceptible of use as evidence beyond the limit of your own jurisdiction.

(Signed) S. Lushington,
Offg. Register.

Fort William, the 30th October, 1857.

No. 27.

To the Civil Judges and the Commissioners of Revenue in the Lower Provinces; the Agent to the Governor General South Western Frontier, the Deputy Commissioners of Chota Nagpore and Assam, and the Commissioner of the Calcutta Police.

In continuation of their Circular Order No. 25 dated the 16th instant, I am directed by the Court to inform you that it has been determined that there shall be no examination at *Calcutta* of Candidates for the Office of Pleader in the several Courts, on the 25th January next.

(Signed) S. Lushington,
Offg. Register.

Fort William, the 21st November, 1857.

NOTIFICATION.

ORDER BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 20th November, 1857.

Guzzuffer Allee, to be Moonsiff of Khurruckdeah, Zillah Hazareebaugh.

S. Lushington, *Offg. Register.*

[*Government Gazette*, 1st *December*, 1857.]

লইবেন, আর কোন এক পক্ষ কিম্বা তাহার মোখ্তার অন্য পক্ষকে কি তাহার মোখ্তারকে জের সওয়াল করিতে পারিবেক। উভয় পক্ষের মধ্যে কোন পক্ষ যদি আপনি হাজির হইতে না পারে তবে আপনি হাজির হইলে তাহার যে প্রকারে জোবানবন্দী লওয়া যাইতে ও সওয়ালজওয়াব হইতে পারিত, যে মোখ্তারের দ্বারা হাজির হয় তাহার কিম্বা সেই মোখ্তারের সঙ্গে যে সাক্ষী আইসে তাহারও সেই প্রকারে জোবানবন্দী লওয়া যাইতে ও জের সওয়াল হইতে পারিবেক ইতি।

[সাক্ষিরদের জোবানবন্দী লইবার কথা।]

৪২ ধারা। সেই দিনে যদি কোন পক্ষ সাক্ষিকে হাজির করায় তবে কালেক্টর সাহেব ঐ সাক্ষির প্রমাণ লইবেন ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইন বহির্ভূত প্রদেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক সাহেব বরাবরেষু।

কোন লোক ১৮৪১ সালের ২০ আইনমতের এক সর্টিফিকটক্রমে কোম্পানির কাগজের সুদ লইতে চাহিলেন কিন্তু সেই সর্টিফিকটে জজ সাহেব আপনার সম্পূর্ণ নাম না লিখিয়া দস্তখৎ করাতে সেই লোকের অনাবশ্যক খরচ হইয়াছিল। সেই কথা গবর্ণমেণ্টকে জানান গিয়াছে অতএব গবর্ণমেণ্টের হুকুমঅনুসারে আমি সদর আদালতের সাহেবেরদের আজ্ঞামতে তোমাকে এই আদেশ করিতেছি। আইনসিদ্ধ যে কোন দলীল তোমার নিজ এলাকার সীমার বাহিরে প্রমাণস্বরূপ হইতে পারে এমত দলীলে যখন দস্তখৎ কর তখন ধারামতে যাহা করিতে হয় তাহার প্রতি উপযুক্তমতে মনোযোগ কর।

এস লশিংটন।
একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ৩০ অক্টোবর।

২৭ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর জজ সাহেব ও রাজস্বের শ্রীযুত কমিস্যনর সাহেব, ও দক্ষিণপশ্চিম অঞ্চলের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের শ্রীযুত এজেণ্ট সাহেব, ও ছোট নাগপুরের ও আসামের শ্রীযুত ডেপুটী কমিস্যনর সাহেব ও কলিকাতার পোলীসের শ্রীযুত কমিস্যনর সাহেব বরাবরেষু।

সদর আদালতের বর্ত্তমান মাসের ১৬ তারিখের ২৫ নম্বরের সরক্যুলর অর্ডরের অতিরিক্ত সদর আদালতের সাহেবেরদের আজ্ঞামতে তোমাকে জানাইতেছি যে নানা দেওয়ানী আদালতে যাঁহারা ওকালতী কর্ম্ম পাইতে চাহেন এমত লোকেরদের ইমতিহান আগামি জানুআরি মাসের ২৫ তারিখে কলিকাতায় হইবেক না।

এস লশিংটন। একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২১ নবেম্বর।

John Robinson, *Bengalee Translator.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২০ নবেম্বর।

শ্রীযুত গজফর আলী জিলা হাজারীবাগের খড়কদিয়ার মুনসেফ হইবেন।

এস লশিংটন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

১৬৫৭ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১১ নবেম্বর।

আরার মুনসেফ শ্রীযুত এস ডাকষ্টা সাহেব (Mr. S. DaCosta.) ত্রিহুতের সদর আমীনের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৭ সাল ১৩ নবেম্বর।

শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell.) ময়মুনসিংহের কালেকটরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৭ সাল ১৪ নবেম্বর।

শ্রীযুত বি এচ শক সাহেব (Mr. V. H. Schalch,) ময়মুনসিংহের কালেকটর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত বালেশ্বরের কালেকটর ও মাজিষ্ট্রেট ও নিমকের এজেন্টের কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত ডবলিউ গ্রে সাহেব (Mr. W. Grey.) বর্দ্ধমানের কালেক্টর হইবেন কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত বোর্ড রেবিনির ছোট সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিতে থাকিবেন।

শ্রীযুত সি পি হবহৌস সাহেব (Mr. C. P. Hobhouse,) বর্দ্ধমানের কালেক্টরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১১ নবেম্বর।

ত্রিহুতের সদর আমীন ও ফতওয়াদায়ক শ্রীযুত মুফ্তী ইরাদত আলী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর সংশোধিত বিধির ৮ ধারানুসারে চারি মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৮ নবেম্বর।

শ্রীযুত অনরবিল কোর্ট অফ ডৈরেকটর্স সাহেবেরদের ১৮৫৭ সালের সেপ্টেম্বর মাসের ১৩ তারিখের ১৩০ নম্বরের পত্রহইতে গৃহীত নীচের লিখিত কথা সকল লোকের জানিবার জন্যে প্রকাশ করা যাইতেছে।

হুগলীর কালেজের সাবেক প্রিনসিপল শ্রীযুত জে কার সাহেবকে (Mr. J. Kerr,) আমরা চিকিৎসকের সর্টিফিকটক্রমে ১৮৫৭ সালের ১২ সেপ্টেম্বর তারিখঅবধি ছয় মাসের অতিরিক্ত ছুটী দিয়াছি।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেন্টের সেক্রেটারী

২৬৮৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৪ নবেম্বর।

নিম্নের লিখিত সাহেবেরা পাবনাতে আসিষ্টান্ট মাজিষ্ট্রেট হইয়া ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইন ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারানুসারে উক্ত জিলায় মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টান্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত ডি ষ্টর্ম সাহেব (Mr. D. Storm,)

শ্রীযুত এ বাটর্সবি সাহেব (Mr. A. Battersby,)

ছুটী।

১৮৫৭ সাল ১৭ নবেম্বর।

পাটনার ডেপুটী কালেক্টর শ্রীযুত সি জে মলর সাহেব (Mr. C. J. Muller,) ফিনান্সিয়ল ডিপার্টমেন্টের ১৮৫৭ সালের অক্টোবর মাসের ১৪ তারিখের বিধিমতে আপনার কর্ম্মস্থানে গমনার্থ বর্ত্তমান মাসের ৩ তারিখঅবধি ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৪৩৪ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৯ নবেম্বর।

১৮৫১ সালের নবেম্বর মাসের ২১ তারিখে সরকারী হুকুমক্রমে যে পরীক্ষা নির্দ্দিষ্ট হয় তাহাতে নিম্নের লিখিত আসিষ্টান্ট সাহেবেরা ও ডেপুটী মাজিষ্ট্রেট সাহেব উত্তীর্ণ হইয়াছেন পরীক্ষক বোর্ডের সাহেবেরা এমত রিপোর্ট করেন।

প্রথম শ্রেণীর পরীক্ষাতে।

শ্রীযুত এ সি বার্ণার্ড সাহেব (Mr. A. C. Barnard.)

শ্রীযুত এচ এ মাঙ্গলস সাহেব (Mr. H. A. Mangles.)

শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেব (Mr. C. J. Mackenzie.)

শ্রীযুত জে পি এচ ওয়ার্ড সাহেব (Mr. J. P. H. Ward.)

শ্রীযুত আর বি কক্রেল সাহেব (Mr. R. V. Cockerell.)

দ্বিতীয় শ্রেণীর পরীক্ষাতে।

শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেব (Mr. J. A. Crawford.)

শ্রীযুত আর এল মাঙ্গলস সাহেব Mr. R. L. Mangles.)

শ্রীযুত ই ওয়াটরফীল্ড সাহেব (Mr. E. Waterfield.)

শ্রীযুত এচ এ হারিসন সাহেব (Mr. H. A. Harrison.)

শ্রীযুত জে সি কলবিন সাহেব (Mr. J. C. Colvin.)

শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেব (Mr. H. T. Prinsep.)

শ্রীযুত এস সি বেলি সাহেব (Mr. S. C. Bayley.)

শ্রীযুত এল আর টটনহাম সাহেব (Mr. L. R. Tottenham.)

শ্রীযুত এচ ডবলিউ আলেকজাণ্ডর সাহেব (Mr. H. W. Alexander.)

শ্রীযুত ডবলিউ বটলের সাহেব (Mr. W. Butler.)

শ্রীযুত ই এম রাইলি সাহেব (Mr. E. M. Reily.)

নিয়োগ।

১৮৫৭ সাল ১৯ নবেম্বর।

১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিষ্টান্ট মাজিষ্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারায় আসিষ্টান্ট কালেক্টর সাহেবের যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে সেইই ক্ষমতা নিম্নের লিখিত আসিষ্টান্ট সাহেবেরদের নামের পার্শ্বের লিখিত জিলায় তাঁহারদিগকে দেওয়া গেল।

শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেব (Mr. J. A. Crawford,) ... ... হুগলীতে

শ্রীযুত আর এল মাঙ্গলস সাহেব (Mr. R. L. Mangles,) ... ... পাটনায়

শ্রীযুত ই ওয়াটরফীল্ড সাহেব (Mr. E. Waterfield,) ... ... বালেশ্বরে

শ্রীযুত এচ এ হারিসন সাহেব (Mr. H. A. Harrison,) ... ... কটকে

শ্রীযুত জে সি কলবিন সাহেব (Mr. J. C. Colvin,) ... ... শাহাবাদে

শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেব (Mr. H. T. Prinsep,) ... ... মেদিনীপুরে

শ্রীযুত এস সি বেলি সাহেব (Mr. S. C. Bayley, ... বেহারে

শ্রীযুত এল আর টটনহাম সাহেব (Mr. L. R. Tottenham,) ... ... চাটিগাঁয়

শ্রীযুত এচ ডবলিউ আলেকজাণ্ডর সাহেব (Mr. H. W. Alexander,) ... ... হাবড়ায়
শ্রীযুত ডবলিউ বটলর সাহেব (Mr. W. Butler,) ... ... বেহারে

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ই এম রাইলি সাহেব (Mr. E. M. Reily,) ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে সেই ক্ষমতা উক্ত জিলায় পাইয়াছেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২৭৪৫ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৮ নবেম্বর।

নিম্নের লিখিত মুনসেফেরা ১৮৫৭ সালের ৩ আইনের ১৪ ধারানুসারে আপন২ এলাকার মধ্যে নালিশ গ্রাহ্য ও বিচার করিতে ক্ষমতাপ্রাপ্ত হইবেন।

মুরশিদাবাদে।

মুরশিদাবাদের সদর আমীন ও সদর মুনসেফ।

জঙ্গীপুরের ... মুনসেফ।
গওয়াসের ... ঐ
হরির পাড়ার ... ঐ
খাম্বির ... ঐ

চব্বিশপরগনায়।

চব্বিশপরগনার সদর আমীন ও সদর মুনসেফ।

বিষ্ণুপুরের ... মুনসেফ।
নৈহাটির ... ঐ
মাণিকতলার ... ঐ
পাতরঘাটার ... ঐ
বসিরহাটের ... ঐ
বারাসাতের ... ঐ

নদীয়াতে।

সুখসাগরের ... মুনসেফ
মেহেরপুরের ... ঐ
দৌলৎগঞ্জের ... ঐ
কামখালির ... ঐ
কাগজপুকুরিয়ার ... ঐ
পানিঘাটার ... ঐ

যশোহরে।

যশোহরের সদর আমীন ও সদর মুনসেফ।

সিংহিয়ার ... মুনসেফ
নওয়াবাদের ... ঐ
লোহাগড়ার ... ঐ
টালার ... ঐ
ত্রিমোহনীর ... ঐ
ধর্ম্মপুরের ... ঐ
কুমারখালির ... ঐ
কালুপুরের ... ঐ
ঝিনিদহের ... ঐ
শাজকিয়ার ঐ

১৮৫৭ সাল ২০ নবেম্বর।

শ্রীযুত জে এ ক্রাফর্ড সাহেব (Mr. J. A. Crawford,) শ্রীরামপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইবেন।

শ্রীযুত কে এচ ষ্টিফেন সাহেব (Mr. K. H. Stephen,) চব্বিশপরগনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইয়া উক্ত জিলায় মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত এস এচ সি টেলর সাহেব (Mr. S. H. C. Tayler,) হুগলীর মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া উক্ত জিলায় জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫৭ সাল ২৪ নবেম্বর।

বিশেষ কার্য্যোপলক্ষে শ্রীযুত ডাক্তর মৌয়াট সাহেবের (Dr. Mouat,) অনুপস্থানপর্য্যন্ত বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত সি টি বকলাণ্ড সাহেব (Mr. C. T. Buckland,) জেলখানার ইনস্পেক্টরের কর্ম্মও নির্ব্বাহ করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২০ নবেম্বর।

সাস্তাল পরগনার একটিং আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত এফ রাজর্স সাহেব (Mr. F. Rogers,) গত আগষ্ট মাসের ২৩ তারিখঅবধি অচিকিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন এবং আপন কর্ম্মস্থানে প্রত্যাগমনার্থে তদতিরিক্ত বর্ত্তমান মাসের ২৩ তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২১ নবেম্বর।

বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত আর বি কাক্রেল সাহেব (Mr. R. V. Cockerell,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছে।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ২১ নবেম্বর।

জেলখানার ইনস্পেক্টর শ্রীযুত ডাক্তর এফ জে মৌয়াট সাহেব (Mr. F. J. Mouat,) কিঞ্চিৎ কালের নিমিত্তে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২৮০২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২১ নবেম্বর।

শ্রীযুত সি এফ উইণ্টেল সাহেব (Mr. C. F. Wintle,) ফতেপুরে আফীমের সবডেপুটী এজেণ্ট হইবেন।

১৮৫৭ সাল ২৪ নবেম্বর।

শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell,) যাবৎ না পঁহুছেন তাবৎ ময়মনসিংহের মাজিষ্ট্রেট শ্রীযুত সি ই লান্স সাহেব (Mr. C. E. Lance,) উক্ত জিলার কালেক্টরের কর্ম্মও করিবেন।

শ্রীযুত ই গ্রে সাহেব (Mr. E. Grey,) বেহারের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন। এবং উক্ত জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত এ সি বার্নার্ড সাহেব (Mr. A. C. Barnard,) গোবিন্দপুর এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে মাজিষ্ট্রেট সাহেবের আসিষ্টাণ্টের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারায় আসিষ্টাণ্ট কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে মানভূম জিলাতে কার্য্য করিবেন।

শ্রীযুত জে এচ রেবনশা সাহেব (Mr. J. H. Ravenshaw,) চাম্পারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া উক্ত জিলাতে জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫৭ সাল ২৫ নবেম্বর।

শ্রীযুত এচ আর মাডক্স সাহেব (Mr. H. R. Madocks, শাহাবাদের কালেক্টরের কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত আর পি জেনকিন্স সাহেব (Mr. R. P. Jen-

kins,) দিনাজপুরের মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এন জে গ্রাণ্ট সাহেব (Mr. N. J. Grant.) ত্রিপুরার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২৪ নবেম্বর।

বালেশ্বরের বাঁধের একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত সি মেন সাহেব (Mr. C. Mayne,) একটিং প্রধান ইঞ্জিনিয়র সাহেবের স্থানে যে এক মাসের অনুগ্রহের ছুটী পান তদতিরিক্ত ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের গত জানুআরি মাসের ২৩ তারিখের নির্দ্ধারণমতে নয় দিনের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of the ASIATIC MARINE INSURANCE OFFICE, an Insolvent.

On Saturday, the 7th day of November 1857, upon an application of the Assignee in this matter, It was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 1,24,785 and Co.'s Paper for Rs. 61,500 in his hands, pay a dividend at the rate of Co.'s Rs. Ten per Cent. (which will amount to the sum of Co.'s Rs. 1,04,200,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta. 26th November, 1857.

কলিকাতা যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন আসিএটিক মারিন ইনসুরান্স আফিসের বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান নবেম্বর মাসের ৭ তারিখ শনিবারে প্রার্থনা করিলে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনের তফসীলে যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ১,২৪,৭৮৫৲ ও কোম্পানির কাগজ ৬১,৫০০৲ টাকা আছে,তাহাহইতে তিনি ঐ প্রত্যেক দাওয়ার উপর শত টাকার প্রতি ১০৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ১,০৪,২০০৲ কোম্পানির টাকা দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানা। কলিকাতা ১৮৫৭ সাল ২৬ নবেম্বর।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

NOTICE.

ESTATE OF THE ASIATIC MARINE INSURANCE OFFICE.

The 3rd Dividend of 10 per Cent. on all admitted claims, is now payable from the office of the Official Assignee, on Tuesdays and Fridays.

N. B.—Policies must accompany the Receipts for Dividend.

18th November 1857.

বিজ্ঞাপন।

এসিয়াটিক মারিন্ ইনসুরান্স আফিস।

যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহার উপর শতকরা ১০৲ টাকার তৃতীয় ডিবিডেণ্ড প্রতিমঙ্গলবারে ও শুক্রবারে সরকারী আসৈনি সাহেবের দপ্তরখানার দেওয়া যাইতেছে।

মন্তব্য। ডিবিডেণ্ডের টাকার রসীদের সঙ্গে বিমাপত্রও দেখাইতে হইবেক।

১৮৫৭ সাল ১৩ নবেম্বর।

ARMY AND GENERAL AGENCY.

The undersigned beg to announce that they have opened an Army and General Agency, with News and Subscribers' Rooms, at Allahabad and Cawnpore, with a view to meet the wants and requirements of Officers of Her Majesty's and the Honorable East India Company's Services, proceeding to, and on Service, in the North Western Provinces.

In addition to the ordinary business of a General Agency, the undersigned have opened a Banking Agency, and extensive warehouses, for receiving and storing property of every description.

Subscription Twenty-five Rupees per Annum.

Subscribers' names will be registered at the Offices; at Writers' Buildings, Calcutta, at Allahabad, and at Cawnpore, by

PALMER AND CO.

আইন ও ব্যবস্থাসংগ্রহ অর্থাৎ আইন, শাস্ত্র, শরা ও নজিরাদির সারসংগ্রহ। ইহার প্রথম খণ্ড রেইলরোড লকোমোটিব সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আফিসে শ্রীনবীনচন্দ্র রায়ের নিকট ডাক মাসুল ৶০ আনা সহিত মূল্য ৪৲ টাকা প্রেরণ করিলে পাওয়া যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মর্ষ্মে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্নমেন্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 8, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ৮ ডিসেম্বর।

DRAFT OF ACT.

A Bill to amend the Law relating to the recovery of Rent in the Presidency of Fort William in Bengal.

[Continued from page 1011.]

[Documentary evidence to be produced by defendant.]

XLIII. If the defendant rely on any document in support of his defence, he shall deliver the same into Court at the time of making his defence; and unless such document be so delivered in, or its non-production be sufficiently excused, or unless the Collector see fit to extend the time for producing the same, it shall not afterwards be admitted.

[After examination, Collector may make his decree if no further evidence is required.]

XLIV. If after the examination required by Section XLI., and also the examination of any witness who may attend to give evidence on behalf of either of the parties, and after a consideration of the documentary evidence adduced, a decree can be properly made without further evidence, the Collector shall make his decree accordingly.

[Consequence of inability of agent to answer.]

XLV. If on such examination as aforesaid, the agent of either party be unable to answer any material question relating to the case which the Collector is of opinion that the party whom he represents ought to answer, and is likely to be able to answer if interrogated in person, the Collector may postpone the hearing of the case to a future day, and direct that the party whose agent may have been unable to answer as aforesaid shall attend in person on such day; and if the party so directed to attend shall fail to appear in person

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশে জমা আদায় করিবার আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[১০১১ পৃষ্ঠা হইতে চলিতেছে।]

[আসামীর দলীল আনিবার কথা।]

৪৩ ধারা। আসামী যদি কোন দলীলের দ্বারা আপনার জওয়াব সাব্যস্ত করিতে চাহে, তবে জওয়াব করিবার সময়ে সেই দলীল আদালতে দাখিল করিবেক। যদি ঐ দলীল সেই সময়ে দাখিল না করা যায় কিম্বা তাহা না দেখাইবার উপযুক্ত কারণ ব্যক্ত না করা যায় তবে, কিম্বা কালেক্টর সাহেব ঐ দলীল আনিবার মিয়াদ বৃদ্ধি করা উচিত জ্ঞান না করিলে, ঐ দলীল তাহার পরে গ্রাহ্য হইবেক না ইতি।

[জোবানবন্দী লইলে পর যদি অধিক প্রমাণের আবশ্যক না থাকে তবে কালেক্টর সাহেব ডিক্রী করিতে পারিবেন।]

৪৪ ধারা। ৪১ ধারাতে যে জোবানবন্দী লইবার আজ্ঞা আছে তাহা লইলে পর, ও কোন পক্ষের তরফে প্রমাণ দিবার জন্যে যে কোন সাক্ষী হাজির থাকে তাহারও জোবানবন্দী লইলে পর, ও যে দলীল উপস্থিত করা যায় তাহা বিবেচনা করিলে পর, যদি অধিক প্রমাণ না লইয়া ডিক্রী উপযুক্তমতে করা যাইতে পারে, তবে কালেক্টর সাহেব তদনুসারে ডিক্রী করিবেন ইতি।

[মোখ্তার জওয়াব করিতে না পারিলে তাহার ফল।]

৪৫ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের জোবানবন্দী লইবার সময়ে যদি কোন পক্ষের মোখ্তার মোকদ্দমাসম্পর্কীয় কোন গুরুতর জিজ্ঞাসার উত্তর করিতে না পারে, ও কালেক্টর সাহেব যদি বোধ করেন যে সেই জন যে পক্ষের মোখ্তার হয় সেই পক্ষের সেই জিজ্ঞাসার উত্তর দিতে হয় ও আপনি হাজির থাকিলে দিতে পারিত, তবে কালেক্টর সাহেব ঐ মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ করিয়া আজ্ঞা করিতে পারিবেন যে, যাহার মোখ্তার পূর্ব্বোক্তমতে উত্তর করিতে পারিল না সেই পক্ষ আপনি সেই অন্যদিনে হাজির হয়। আর যে পক্ষের সেই প্রকারে আসিবার হুকুম হয় সে যদি ঐ নিরূপিত

on the day appointed, the Collector may pass judgment as in case of default, or make such other order as he may deem proper in the circumstances of the case.

[Collector to record issue and to fix a day for hearing further evidence.]

XLVI. If on such examination as aforesaid it appear that the parties are at issue on any question of fact upon which it is necessary to hear further evidence, the Collector shall declare and record such issue, and shall fix a convenient day for the examination of witnesses and the trial of the suit, and the trial shall take place on that day, unless there be sufficient reason for adjourning it, which reason shall be recorded by the Collector.

[Parties shall produce their witnesses on the day of trial; or Collector, on application of either party, shall issue summons for the attendance of a witness.]

XLVII. The parties shall bring forward their witnesses on the day of trial, and if either party require assistance to procure the attendance of a witness on such day, either to give evidence or to produce a document, he shall apply to the Collector in sufficient time before the day fixed for the trial, to enable the witness to be summoned to attend on that day; and the Collector shall issue a summons requiring such witness to attend.

[Rules regarding attendance, examination, &c., of witnesses.]

XLVIII. The provisions of the Regulations and Acts, and all other rules for the time being in force relating to the evidence of witnesses, for procuring the attendance of witnesses and the production of documents, and for the examination, remuneration, and punishment of witnesses, whether parties to the case or not, in cases before the Civil Courts of the Presidency of Bengal, shall, except so far as the same may be inconsistent with the provisions of this Act, apply to and be of equal force and effect in suits under this Act.

[Employment of authorized agents.]

XLIX. Any party to a suit may employ an authorized agent to conduct the case on his behalf, but the appointment of such agent shall not excuse the personal attendance of the plaintiff or defendant in cases where his personal attendance is required by the summons or any order of the Court, and no fee for any agent shall be charged as part of the costs of suit in any case under this Act.

[In what cases defendant shall not be heard by an agent.]

L. If a defendant, summoned to attend personally, shall not attend in person in pursuance of the summons, he shall not be heard by an agent,

দিনে আপনি না আইসে তবে কালেক্টর সাহেব তাহার ক্রটি হইবার মতে ডিক্রী করিতে পারিবেন, কিম্বা বিষয় সকল বুঝিয়া অন্য যে আজ্ঞা উচিত জ্ঞান করেন তাহা করিতে পারিবেন ইতি।

[কালেক্টর সাহেব ইসু রিকার্ড করিবেন ও অধিক প্রমাণ লইবার দিন নিরূপণ করিবেন।]

৪৬ ধারা। পূর্ব্বোক্ত প্রকারের জোবানবন্দী লইবার সময়ে যদি দৃষ্ট হয় যে, উভয় পক্ষের মধ্যে বৃত্তান্ত-ঘটিত কোন কথা লইয়া বিবাদ হইতেছে ও তাহার অধিক প্রমাণ লওয়া আবশ্যক, তবে কালেক্টর সাহেব সেই ইসু অর্থাৎ বিবাদের কথা প্রকাশ করিয়া লিখিয়া দিবেন ও সাক্ষিরদের জোবানবন্দী লইবার ও মোকদ্দমার বিচার করিবার উপযুক্ত দিন নিরূপণ করিবেন, ও সেই দিনে বিচার হইবেক। কিন্তু যদি পরে ঐ মোকদ্দমার বিচার করিবার অন্য দিন নিরূপণ করিবার উপযুক্ত কারণ থাকে তবে কালেক্টর সাহেব সেই কারণ রিকার্ড করিবেন ও সেই অন্য দিনে বিচার হইবেক ইতি।

[বিচারের দিনে উভয় পক্ষ আপন২ সাক্ষিরদিগকে উপস্থিত করিবেক কিম্বা কোন পক্ষ দরখাস্ত করিলে কালেক্টর সাহেব সাক্ষির উপস্থিত হইবার জন্যে সমন জারী করিবেন।]

৪৭ ধারা। বিচারের দিনে উভয় পক্ষ আপন২ সাক্ষিদিগকে আনিবেক। আর যদি সেই দিনে প্রমাণ দিবার কিম্বা দলীল দেখাইবার জন্যে কোন সাক্ষিকে উপস্থিত করাইবার নিমিত্তে কোন পক্ষ আদালতের সাহায্য চাহে তবে বিচার হইবার যে দিন নিরূপণ হইল সেই দিনে হাজির হয় এই মর্ম্মের সমন ঐ সাক্ষির নামে হইতে পারে এই কারণে ঐ দিনের পূর্ব্বে উপযুক্ত সময় থাকিতে সেই পক্ষ কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত করিবেক। ও সেই সাহেব সমন জারী করিয়া সাক্ষিকে হাজির হইতে হুকুম করিবেন ইতি।

[সাক্ষিরদের হাজির হইবার ও জোবানবন্দীপ্রভৃতি লইবার বিধি।]

৪৮ ধারা। বাঙ্গলা দেশের দেওয়ানী আদালতে যে সকল মোকদ্দমা হয় তাহাতে, সাক্ষিরা মোকদ্দমার এক পক্ষ হউক কি না হউক, তাহারদের প্রমাণ লইবার ও সাক্ষিরদিগকে হাজির করাইবার ও দলীল দেখাইবার ও তাহারদের জোবানবন্দী লইবার ও তাহারদের মেহনতানার ও দণ্ডের বিষয়ে আইনের ও আক্টের যে সকল বিধান ও অন্য যে সকল বিধি যে সময়ে চলন থাকে তাহা এই আইনের সকল মোকদ্দমায় খাটিবেক ও তাহাতে তত্তুল্যরূপে প্রবল ও ফলবৎ হইবেক। কেবল যদি সেই বিধি এই আইনের বিধানের সঙ্গত না হয় তবে খাটিবেক না ইতি।

[উপযুক্ত ক্ষমতার মোক্তারদিগকে নিযুক্ত করিবার কথা।]

৪৯ ধারা। মোকদ্দমার কোন পক্ষ আপনার তরফে মোকদ্দমা চালাইবার জন্যে উপযুক্ত ক্ষমতাপন্ন কোন মোক্তারকে নিযুক্ত করিতে পারিবেক। কিন্তু যে স্থলে সমনক্রমে কিম্বা আদালতের কোন হুকুমমতে আসামীর কি ফরিয়াদীর নিজের হাজির হইবার হুকুম সেই স্থলে সেই প্রকারের মোক্তারকে নিযুক্ত করাপ্রযুক্ত তাহার নিজের হাজির না হইবার কোন ওজর হইবেক না। আর এই আইনমতের কোন মোকদ্দমাতে কোন মোক্তারের রসুম মোকদ্দমার খরচার মধ্যে ধরিতে হইবেক না ইতি।

[যে স্থলে মোক্তারের দ্বারা আসামীর কথা শুনা যাইবেক না তাহার কথা।]

৫০ ধারা। আসামীর নিজে হাজির হইবার সমন হইলে যদি সে সমনমতে নিজে হাজির না হয়, তবে তাহার হাজির না হইবার উপযুক্ত কারণ আছে এই কথা

unless the Collector be satisfied that there is a reasonable excuse for his non-attendance. A defendant who has evaded a warrant of arrest and has not afterwards attended in person within the term of the proclamation prescribed in Section XXXIV., shall not be heard by an agent.

[Collector may grant time or adjourn hearing.]

LI. The Collector may in any case grant time to the plaintiff or defendant to proceed in the prosecution or defence of a suit, and may also from time to time, in order to the production of further proof or for other sufficient reason to be recorded by the Collector, adjourn the hearing or further hearing of any case in such manner as to him may seem fit.

[Collector may cause local enquiry to be made.]

LII. The Collector may at any stage of a case cause a local enquiry and report respecting the matter in dispute to be made by any Officer subordinate to him, or by any other Officer of Government with the consent of the authority to whom such Officer is subordinate, or may himself proceed to the spot and make such local enquiry in person. The provisions of the laws in force relative to local enquiries by Ameens or Commissioners under orders of the Civil Courts shall apply to any local enquiry made by any Officer under this Section, and, so far as they are applicable, to enquiries made by the Collector in person. In the latter case the Collector, after completing the enquiry, shall record on the proceedings such observations as appear to him appropriate, and the observation so recorded shall be received as evidence in the suit.

[Consequence of neither party appearing on the day of trial.]

LIII. If on the day fixed by the summons or proclamation for the appearance of the defendant, or on any subsequent day to which the hearing of the case may be adjourned prior to the recording of an issue for trial under Section XLVI., neither of the parties appear, the case shall be struck off, with liberty to the plaintiff to bring a fresh suit, unless precluded by the rules for the limitation of actions.

[If defendant only appear to dispute the demand, Collector shall dismiss the case; but if defendant admit the claim, Collector shall decree upon such admission. Proviso.]

LIV. If on any such day the defendant only appear, the Collector shall dismiss the case with costs, unless the defendant admit the cause of action, or any part of it; in which case the Collector shall proceed to give judgment for the plaintiff upon such admission without costs. Provided that such judgment, if there be several de-

কালেক্টর সাহেব স্ববোধমতে না জানিলে তাহার কথা মোখ্তারের দ্বারা শুনা যাইবেক না। যদি আসামী গ্রেপ্তারের পরওয়ানা এড়ায়, ও ৩৪ ধারাতে যে ইশ্‌তিহারের হুকুম হইয়াছে তাহার লিখিত মিয়াদের মধ্যে যদি আপনি পরে হাজির না হয়, তবে মোখ্তারের দ্বারা তাহার কথা শুনা যাইবেক না ইতি।

[কালেক্টর সাহেব সময় দিতে পারিবেন কিম্বা মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ করিতে পারিবেন।]

৫১ ধারা। কালেক্টর সাহেব কোন মোকদ্দমার ফরিয়াদীকে কি আসামীকে মোকদ্দমা চালাইবার কি তাহাতে জওয়াব করিবার জন্যে সময় দিতে পারিবেন। আর অধিক প্রমাণ আনিবার জন্যে কিম্বা অন্য কোন উপযুক্ত কারণে কালেক্টর সাহেব যমন উচিত বোধ করেন তেমনি সময়ে২ কোন মোকদ্দমা শুনিবার কিম্বা পুনশ্চ শুনিবার অন্য দিন নিরূপণ করিতে পারিবেন, কিন্তু যে কারণে তাহা করেন সেই কারণ রিকার্ড করিবেন ইতি।

[কালেক্টর সাহেব সরেজমীনে তদারক করাইতে পারিবেন।]

৫২ ধারা। কালেক্টর সাহেব মোকদ্দমা উপস্থিত থাকিবার কোন সময়ে আপনার অধীন কোন আমলার দ্বারা বিবাদের বিষয়ের সরেজমীনে তদারক ও রিপোর্ট করাইতে পারিবেন, কিম্বা গবর্ণমেণ্টের অন্য কোন আমলা যে কার্য্যকারক সাহেবের অধীন থাকে তাঁহার অনুমতি লইয়া ঐ আমলার দ্বারা সেই তদারক ও রিপোর্ট করাইতে পারিবেন, কিম্বা আপনি সেই স্থানে গিয়া তদারক করিতে পারিবেন। দেওয়ানী আদালতের হুকুমমতে আমীনেরদের দ্বারা সরেজমীনে তদারক হইবার যে২ আইন প্রবল আছে তাহার বিধান, এই ধারামতে কোন আমলার দ্বারা সরেজমীনে কোন তদারক হইলে তাহার উপরও খাটিবেক, ও কালেক্টর সাহেবের নিজের করা তদারকের উপর যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটিবেক। কালেক্টর সাহেব যখন আপনি তদারক করিতে যান তখন তদারক করিলে পর তিনি যে সকল কথা উপযুক্ত বোধ করেন তাহা মোকদ্দমার রোয়দাদে লিখিবেন ও তাঁহার লেখা সেই সকল কথা মোকদ্দমায় প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবেক ইতি।

[বিচারের দিনে উভয় পক্ষ হাজির না হইলে তাহার ফলের কথা।]

৫৩ ধারা। আসামীর হাজির হইবার জন্যে সমনেতে কিম্বা ইশ্‌তিহারে যে দিন নিরূপণ হইল সেই দিনে, কিম্বা ৪৬ ধারামতে বিচার হইবার নিমিত্তে ইসু রিকার্ড হইবার পূর্ব্বে মোকদ্দমা শুনিবার জন্যে অন্য যে কোন দিন নিরূপণ হয় সেই দিনে, যদি উভয় পক্ষ হাজির না থাকে তবে মোকদ্দমা উঠাইয়া ফেলা যাইবেক। কিন্তু নালিশ করিবার মিয়াদের বিধিমতে বাধা না হইলে ফরিয়াদী ঐ মোকদ্দমা নূতনরূপে উপস্থিত করিতে পারিবেক ইতি।

[দাওয়ার আপত্তি করিবার জন্যে কেবল আসামী হাজির হইলে কালেক্টর সাহেব মোকদ্দমা ডিসমিস করিবেন, কিন্তু আসামী ঐ দাওয়া কবুল করিলে তিনি সেই কবুলমতে ডিক্রী করিবেন। বর্জ্জিত বিধি।]

৫৪ ধারা। সেইরূপ কোন দিনে যদি কেবল আসামী হাজির হয়, তবে কালেক্টর সাহেব খরচা সমেত মোকদ্দমা ডিসমিস করিবেন। কিন্তু যদি আসামী নালিশের হেতুর কথা কিম্বা তাহার কোন অংশ কবুল করে তবে সেই কবুলমতে কালেক্টর সাহেব ফরিয়াদীর পক্ষে খরচা বিনা ডিক্রী করিবেন। পরন্তু যদি অনেক আসামী থাকে তবে তাহারদের মধ্যে যে জন ঐ

fendants, shall be only against the defendant who makes the admission.

[If plaintiff only appear, Collector may proceed *ex parte.*]

LV. If on any such day the plaintiff only appear, the Collector, upon proof that the summons or proclamation has been duly served according to the provisions of this Act, shall proceed to examine the plaintiff or his agent, and after considering the allegations of the plaintiff and any documentary or oral evidence adduced by him, may either dismiss the case or postpone the hearing of it to a future day for the attendance of any witness the plaintiff may wish to call, or may make an *ex parte* decree against the defendant.

[If defendant appear on a day to which the case is postponed, Collector may allow him to be heard in answer to the suit.]

LVI. If the defendant shall appear on any subsequent day to which the hearing of the suit may be postponed under the last preceding Section, the Collector may, upon such conditions, if any, as to costs or otherwise as he may think proper, allow the defendant to be heard in answer to the suit as if he had appeared on the day fixed for his attendance.

[Consequence of neither party appearing on the day fixed for the trial of any issue.]

LVII. If on the day fixed for the trial of any issue under Section XLVI., neither of the parties appear, the case shall be struck off under the conditions provided in Section LIII. If on any such day one only of the parties appear, the issue shall be tried and determined *ex parte.*

[Revival, reversal, and alteration of *ex parte* decrees under certain rules and conditions.]

LVIII. If a decree be made *ex parte*, and the party against whom such decree shall have been made appear, either in person or by agent, if a plaintiff within fifteen days from the date of the Collector's order, and if a defendant within such time as the Collector shall deem reasonable under all the circumstances of the case, but before the decree shall have been finally executed, and shall show good and sufficient cause for his previous non-appearance, and shall satisfy the Collector that there has been a failure of justice, the Collector may, upon such terms and conditions as to costs or otherwise as he may think proper, revive the suit and alter or rescind the decree, according to the justice of the case. But no decree shall be reversed or altered without previously summoning the adverse party to appear and be heard in support of it.

[Defendant may pay money into Court in satisfaction of the demand. If plaintiff elect to proceed and ultimately recover no further sum than

দাওয়া কবুল করে কেবল তাহার বিপক্ষে ডিক্রী হইবেক ইতি।

[কেবল ফরিয়াদী হাজির হইলে কালেক্টর সাহেব একতরফা বিচার করিবেন।]

৫৫ ধারা। সেইরূপ কোন দিনে যদি কেবল ফরিয়াদী হাজির হয়, তবে সমন কিম্বা ইশ্‌তিহার এই আইনের বিধানমতে উপযুক্তরূপে জারী হইয়াছে ইহার প্রমাণ হইলে কালেক্টর সাহেব ফরিয়াদীর কিম্বা তাহার মোখ্তারের জোবানবন্দী লইতে প্রবর্ত্ত হইবেন। ও ফরিয়াদীর কথা ও সে যে কোন দলীল কি সাক্ষিকে উপস্থিত করে তাহার প্রমাণ বিবেচনা করিয়া, হয় মোকদ্দমা ডিসমিস করিতে পারিবেন, না হয় ফরিয়াদী যে কোন সাক্ষিকে ডাকিতে চাহে তাহার হাজির হইবার জন্যে মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ করিতে পারিবেন, অথবা আসামীর বিপক্ষে একতরফা ডিক্রী করিতে পারিবেন ইতি।

[মোকদ্দমা শুনিবার অন্য যে দিন নিরূপণ হয় সেই দিনে আসামী হাজির হইলে কালেক্টর সাহেব তাহাকে জওয়াব করিতে অনুমতি দিতে পারিবেন।]

৫৬ ধারা। ইহার পূর্ব্বের ধারামতে মোকদ্দমা শুনিবার জন্যে অন্য যে দিন নিরূপণ হইয়া থাকে সেই দিনে যদি আসামী হাজির হয়, তবে কালেক্টর সাহেব খরচাপ্রভৃতির কোন নিয়ম করিতে চাহিলে আপনার বিবেচনামতে এমত উপযুক্ত নিয়ম করিয়া, আসামীর উপস্থিত হইবার যে দিন নিরূপণ হইয়াছিল সেই দিনে হাজির হইলে ঐ মোকদ্দমাতে তাহার জওয়াব যে প্রকারে শুনা যাইত, সেই প্রকারে শুনা যাইবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[কোন ইসুর বিচার হইবার নিরূপিত দিনে উভয় পক্ষ হাজির না হইলে তাহার ফলের কথা।]

৫৭ ধারা। ৪৬ ধারামতে যে ইসু নির্ণয় হয় তাহার বিচার হইবার নিরূপিত দিনে যদি উভয় পক্ষ হাজির না থাকে, তবে ৫৩ ধারার লিখিত নিয়মমতে মোকদ্দমা উঠাইয়া ফেলা যাইবেক। সেই দিনে যদি কেবল এক পক্ষ হাজির হয়, তবে ইসুর একতরফা বিচার হইয়া নিষ্পত্তি হইবেক ইতি।

[কোন২ বিধি ও নিয়মমতে একতরফা মোকদ্দমার পুনরায় উত্থাপন করার ও ডিক্রীর অন্যথা ও পরিবর্ত্ত করার কথা।]

৫৮ ধারা। যদি একতরফা ডিক্রী হয়, ও যাহার বিপক্ষে ডিক্রী হইল সে যদি আপনি কি মোখ্তারের দ্বারা আইসে, অর্থাৎ ফরিয়াদী হইলে সে যদি কালেক্টর সাহেবের হুকুমের তারিখঅবধি পনের দিনের মধ্যে আইসে, কিম্বা আসামী হইলে কালেক্টর সাহেব সকল ভাবগতিক বুঝিয়া যত কাল উচিত জ্ঞান করেন সেই কালের মধ্যে কিন্তু ডিক্রী চূড়ান্তরূপে জারী হইবার আগে যদি আইসে, ও পূর্ব্বে না আসিবার উপযুক্ত ও উত্তম কারণ জানায়, ও যথার্থ বিচারের ত্রুটি হইয়াছে ইহা কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে প্রকাশ করে, তবে কালেক্টর সাহেব খরচাপ্রভৃতির যে বিধি ও নিয়ম করা উচিত বোধ করেন তাহা করিয়া মোকদ্দমা পুনরায় উত্থাপন করিতে পারিবেন ও বিষয়ের যথার্থ বিচারক্রমে ডিক্রী বদল কি বাতিল করিতে পারিবেন। কিন্তু ঐ ডিক্রী বহাল রাখিবার জন্যে অন্য পক্ষের কথা শুনিবার নিমিত্তে তাহাকে আগে সমন না করা গেলে কোন ডিক্রী বাতিল কি বদল হইবেক না ইতি।

[আসামী দাওয়ার পরিশোধে আদালতে টাকা দিতে পারিবেক। তাহা দিলেও যদি ফরিয়াদী মোক-

that paid into Court, he shall be liable to the subsequent costs.]

LIX. The defendant in any action under this Act may pay into Court such sum of money as he shall think a full satisfaction for the demand of the plaintiff, together with the costs incurred by the plaintiff up to the time of such payment, and such sum shall be paid to the plaintiff. If the defendant deposit less than the sum claimed and the plaintiff elect to proceed in the case, and ultimately recover no further sum than shall have been paid into Court, the plaintiff shall be charged with any costs incurred by the defendant in the suit after such payment.

[No interest on deposits.]

LX. No interest shall be allowed to a plaintiff on any sum paid by the defendant into Court from the date of such payment, whether such sum be in full of the plaintiff's claim or fall short thereof.

[If on trial of suit for delivery of pottah parties do not agree as to the time for which the pottah is granted, Collector to fix the time. Proviso.]

LXI. If on the trial of a suit for the delivery of a pottah instituted by a ryot or cultivator having a right of occupancy on payment of rent at pergunnah-rates as explained in Section III., the parties do not agree as to the term for which the pottah is to be granted, the Collector shall fix such term as under the circumstances of the case he may think just and proper. Provided that in permanently settled estates the term shall not be longer than ten years, and in estates not permanently settled shall not extend beyond the period for which the proprietor of the estate has engaged with Government. Provided also, that if the defendant be a farmer or other person having only a temporary interest in the land, the term of the pottah shall not extend beyond the period of the continuance of such interest. For cultivators not having a right of occupancy, the term of pottah shall be exclusively in the discretion of the person entitled to the rent of the land.

[If in actions for arrears of rent, a third claimant appear, he is to be made a party to the suit. Proviso.]

LXII. If in an action for the recovery of arrears of rent, the right to receive the rent of the land or tenure involved in the action is claimed by any third person as being in actual possession of the same, such third person shall be made a party to the suit and the question of possession shall be put in issue, and the right of the plaintiff or of such third person to recover the rent of the land or tenure shall be determined according to the fact of possession. Provided always, that the decision of the Collector shall not affect the right of either party, who may have a legal title to the rent of such land or tenure, to establish his title

মমা চালাইয়া অধিক টাকার ডিক্রী না পায় তবে খরচা তাহার শিরে পড়িবেক।]

৫৯ ধারা। এই আইনমতে কোন দাওয়ার নালিশ হইলে, আসামীর বিবেচনামতে যত টাকা হইলে ফরিয়াদীর দাওয়ার পরিশোধ হয় তত টাকা আসামী আদালতে দিতে পারিবেক, ও সেই টাকা না দেওয়াপর্য্যন্ত ফরিয়াদীর যত খরচা হইয়াছে তাহার টাকাও তাহার সঙ্গে দিবেক। সেই সকল টাকা ফরিয়াদীকে দেওয়া যাইবেক। আসামী যদি দাওয়ার টাকার কম আমানৎ করে ও ফরিয়াদী মোকদ্দমা চালাইতে চাহে, তবে আসামী যত টাকা দিল তাহার অধিক ফরিয়াদী শেষে পাইতে না পারিলে, সেই টাকা আমানৎ করিবার পরে আসামীর যত খরচা হইয়াছে তাহা ফরিয়াদীর শিরে পড়িবেক ইতি।

আমানৎকরা টাকার উপর সুদ চলিবেক না।]

৬০ ধারা। আসামী যে টাকা আদালতে আমানৎ করে, তাহা ফরিয়াদীর দাওয়ার পুরা টাকা হউক কি কম হউক, সেই টাকা আমানৎ করিবার তারিখঅবধি তাহার উপর কিছু সুদ ফরিয়াদীকে দেওয়া যাইবেক না ইতি।

[পাট্টা পাইবার মোকদ্দমার বিচার কালে সেই পাট্টার মিয়াদের বিষয়ে উভয় পক্ষ সম্মত না হইলে কালেক্টর সাহেব মিয়াদ ধার্য্য করিবেন। বর্জ্জিত কথা।]

৬১ ধারা। ৩ ধারাতে পরগনার যে হার ব্যক্ত হইয়াছে সেই হারে জমা দিয়া যাহার দখল করিবার স্বত্ব হইয়াছে এমত কোন রাইয়ত কি চাষী পাট্টা পাইবার জন্যে মোকদ্দমা করিলে, যদি সে মোকদ্দমার বিচার কালে, যে মিয়াদ ধরিয়া পাট্টা দিতে হইবেক এই বিষয়ে উভয় পক্ষের সম্মতি না হয়, তবে কালেক্টর সাহেব বিষয় বুঝিয়া যে মিয়াদ ন্যায্য ও উচিত জ্ঞান করেন সেই মিয়াদ ধার্য্য করিবেন। পরন্তু চিরকালীন বন্দোবস্তের মহালে দশ বৎসরের অধিক মিয়াদ ধরিবেন না, ও মিয়াদী বন্দোবস্তের মহাল হইলে ঐ মহালের মালিক গবর্ণমেণ্টের সঙ্গে যে মিয়াদের করার করিয়াছে তাহার অধিক মিয়াদ ধরিবেন না। আর জমীতে যাহার অল্প কালমাত্র সম্পর্ক থাকে এমত ইজারদার কি অন্য লোক আসামী হইলে সেই সম্পর্ক যত কাল থাকিবেক তাহার অধিক মিয়াদের পাট্টা হইবেক না। দখলের স্বত্ব যাহার না থাকে এমত চাষিরদের পাট্টার মিয়াদ, ভূমির জমা পাইবার যাহার অধিকার থাকে কেবল তাহার বিবেচনামতে ধার্য্য হইবেক ইতি।

[জমার বাকী পাইবার নালিশে যদি তৃতীয় ব্যক্তি দাওয়াদার হইয়া উপস্থিত হয়, তবে তাহাকে মোকদ্দমার এক পক্ষ করিতে হইবেক। বর্জ্জিত কথা।]

৬২ ধারা। জমার বাকী পাইবার মোকদ্দমা হইলে, যে জমী কি তালুক ধরিয়া নালিশ হয় তাহার নিতান্ত দখীলকার আছে বলিয়া যদি ফরিয়াদী ও আসামী ছাড়া অন্য ব্যক্তি সেই জমা পাইবার স্বত্বের দাওয়া করে, তবে সেই অন্য ব্যক্তিকে মোকদ্দমার এক পক্ষ করা যাইবেক, ও জমী কাহার দখলে আছে এই কথার বিচার হইবেক। ও যাহার দখল থাকে তদনুসারে সেই ফরিয়াদীর কিম্বা সেই অন্য ব্যক্তির ঐ জমীর কি তালুকের বাকী জমা পাইবার স্বত্ব নির্দ্ধার্য্য হইবেক। পরন্তু কালেক্টর সাহেবের সেই নিষ্পত্তি হইলেও সেই জমীর কি তালুকের জমা পাইবার আইনসিদ্ধ অধিকার যে পক্ষের থাকে সেই পক্ষের দেওয়ানী আদালতে মোকদ্দমা করিয়া আপনার অধিকার সাব্যস্ত করিবার স্বত্বের কিছু হানি হইবেক না। কেবল ঐ নিষ্পত্তির তারিখঅবধি এক

by suit in the Civil Court if instituted within one year from the date of the decision.

[Suits for ejectment or cancelment of lease.]

LXIII. Any person desiring to eject a ryot or cultivator or to cancel a lease on account of non-payment of arrears of rent, may sue for such ejectment or cancelment and for recovery of the arrear in the same action, or may adduce any unexecuted decree for arrears of rent as evidence of the existence of such arrear in a suit for such ejectment or cancelment. In all cases of suits for the ejectment of a ryot or cultivator or the cancelment of a lease the decree shall specify the amount of the arrear, and the ryot or cultivator or the lease-holder may, at any time before the execution of the decree, stay the execution by paying such amount into Court, together with costs of suit.

[Judgment how to be pronounced.]

LXIV. The Collector shall pronounce judgment in open Court, and the provisions of Act XXXIII. of 1854 shall be applicable thereto.

[If person required by the decree refuse to grant pottah, Collector may do so.]

LXV. When a decree is given for the delivery of a pottah, if the person required by the decree to grant such pottah refuse or delay to grant the same, the Collector may grant a pottah in conformity with the terms of the decree under his own hand and seal, and such pottah shall be of the same force and effect as if granted by the person aforesaid.

[Refusal of person to execute kubooliyet as required by the decree.]

LXVI. When a decree is given for the delivery of a kubooliyet, if the person required by the decree to execute such kubooliyet shall refuse to execute the same, the decree shall be evidence of the amount of rent claimable from such person, and a copy of the decree under the hand and seal of the Collector shall be of the same force and effect as a kubooliyet executed by the said person.

[Mode of executing decree for ejectment or reinstatement of ryot or cultivator. Punishment for obstructing execution.]

LXVII. If the decree be for the ejectment of any ryot or cultivator from land occupied by him, or for the re-instatement of any ryot or cultivator in the occupancy of land from which he has been ejected, the decree shall be executed by an order issued to the Nazir to give the possession or occupancy of the land to the person entitled by the decree to such possession or occupancy; and if any opposition is made to the execution of such order, the Magistrate, on the application of the Collector, shall give effect to the same.

[Mode of executing decree for cancelment of a

বৎসরের মধ্যে তাহার সেই মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক ইতি।

[উঠাইয়া দিবার কিম্বা পাট্টা বাতিল করিবার মোকদ্দমার কথা।]

৬৩ ধারা। রাইয়ত কি চাষী বাকী জমা দেয় না বলিয়া যদি কোন ব্যক্তি সেই রাইয়তকে কি চাষিকে উঠাইয়া দিতে কি তাহার পাট্টা বাতিল করিতে চাহে, তবে একি নালিশ করিয়া তাহাকে উঠাইয়া দিবার কি পাট্টা রদ করিবার এবং বাকী আদায় করিবার মোকদ্দমা করিতে পারিবেক, কিম্বা সেই প্রকারে উঠাইয়া দিবার কি পাট্টা রদ করিবার মোকদ্দমাতে জমার বাকীর প্রমাণস্বরূপে ঐ বাকীর নিমিত্তে জারী না হওয়া কোন ডিক্রীর উল্লেখ করিতে পারিবেক। রাইয়তকে কি চাষিকে উঠাইয়া দিবার কিম্বা পাট্টা বাতিল করিবার সকল মোকদ্দমার ডিক্রীনামার যত বাকী হইয়াছে তাহা স্পষ্ট করিয়া লিখিতে হইবেক। আর সেই ডিক্রী জারী হইবার আগে কোন সময়ে রাইয়ত কি চাষী কিম্বা পাট্টাদার ঐ টাকা ও মোকদ্দমার খরচা আদালতে দাখিল করিয়া ডিক্রী জারী স্থগিত করিতে পারিবেক ইতি।

[হুকুম যে প্রকারে প্রকাশ হইবেক তাহার কথা।]

৬৪ ধারা। কালেক্টর সাহেব খোলা কাছারীতে হুকুম প্রকাশ করিবেন ও তাহার উপর ১৮৫৪ সালের ৩৩ আইনের বিধান খাটিবেক ইতি।

[ডিক্রীমতে যাহার প্রতি হুকুম হয় সে পাট্টা দিতে না চাহিলে কালেক্টর সাহেব তাহা দিতে পারিবেন।]

৬৫ ধারা। যদি পাট্টা দিবার ডিক্রী হয়, তবে ডিক্রীমতে ঐ পাট্টা দিতে যাহার প্রতি হুকুম হয় সেই লোক সেই পাট্টা দিতে না চাহিলে কি বিলম্ব করিলে, কালেক্টর সাহেব ঐ ডিক্রীর মর্ম্মমতে আপনার দস্তখৎ ও মোহরক্রমে পাট্টা দিতে পারিবেন, আর ঐ লোক সেই পাট্টা দিলে তাহার যে বল ও ফল হইত কালেক্টর সাহেবের পাট্টারও সেইরূপ বল ও ফল হইবেক ইতি।

[ডিক্রীমতে কোন লোকের কবুলিয়ৎ দিতে অস্বীকার করিবার কথা।]

৬৬ ধারা। কবুলিয়ৎ দিবার ডিক্রী হইলে, ঐ ডিক্রীমতে ঐ কবুলিয়ৎ লিখিয়া দিতে যাহার প্রতি হুকুম হয় সে যদি ঐ কবুলিয়ৎ লিখিয়া দিতে অস্বীকার করে, তবে সেই লোকের স্থানে যত জমার দাওয়া হইতে পারে তাহার প্রমাণ ঐ ডিক্রী হইবেক, ও সেই লোকের করা কবুলিয়তের যেরূপ বল ও ফল হইত কালেক্টর সাহেবের দস্তখৎ ও মোহরযুক্ত ঐ ডিক্রীর নকলেরও সেইরূপ বল ও ফল হইবেক ইতি।

[রাইয়তকে কি চাষিকে উঠাইয়া দিবার কি পুনরায় দখল দেওয়াইবার ডিক্রী যে রূপে জারী হইবেক তাহার কথা। ডিক্রী জারী করিবার বাধা করিলে তাহার দণ্ড।]

৬৭ ধারা। কোন রাইয়ত কি চাষী যে ভূমিতে থাকে তাহাহইতে তাহাকে উঠাইয়া দিবার ডিক্রী হইলে, কিম্বা কোন রাইয়তকে কি চাষিকে যে জমীহইতে উঠাইয়া দেওয়া গিয়াছে সে জমী পুনরায় তাহার দখলে দেওয়াইবার ডিক্রী হইলে ঐ ডিক্রী জারী হইবার নিয়ম এই। ঐ ডিক্রীমতে যাহার ঐ জমীর দখল পাইবার কি ঐ জমীতে থাকিবার স্বত্ব হয় তাহাকে দখল দেওয়াইতে নাজিরের নামে হুকুম জারী হইবেক। আর যদি সেই হুকুমমত কার্য্য হইবার কোন বাধা করা যায় তবে কালেক্টর সাহেব মাজিষ্ট্রেট সাহেবের নিকটে দরখাস্ত করিলে তিনি সেই হুকুম প্রবল করিবেন ইতি।

[পাট্টা বাতিল করিবার কিম্বা ইজারদারকে কি তালুকদারকে বেদখল করিবার কি পুনরায় দখল

lease or for ejectment or re-instatement of a farmer or tenant.]

LXVIII. If the decree be for the cancelment of any lease or the ejectment of any farmer or other person (not being an actual cultivator) or for the re-instatement of such farmer or person in the possession of a farm or tenure from which he has been ejected, the decree shall be executed by erecting a pole upon some place within or adjacent to the farm or tenure, and proclaiming to the cultivators or other occupants at some convenient place or places the substance of the decree in regard to the farm or tenure.

[Decree to contain order for immediate execution. In what case a judgment-debtor may be detained or imprisoned without issue of process of execution.]

LXIX. Every decree for the payment of money or costs shall contain an order for immediate execution; and if the decree be for arrears of rent or for money, papers, or accounts, and the defendant have been committed to jail or appear pursuant to the conditions of the security given under Section XXXIII. he may, without the issue of any process of execution, be detained in or committed to the Civil Jail, unless he immediately pay into Court the amount of the decree with costs, or otherwise comply with the terms of the decree.

[Liability of surety on failure to deliver judgment-debtor into custody.]

LXX. If the judgment-debtor have given security for his appearance and be not present when judgment is pronounced, and the surety shall fail to deliver him into custody when required so to do, process of execution may be taken out against the surety in the same manner as if a decree for the amount due by the debtor had been passed against the surety.

[Issue of process of execution.]

LXXI. Process of execution may be issued against either the person or the property of a judgment-debtor; but process shall not be issued simultaneously against both person and property. Process of execution against the person or moveable property of a debtor shall be in the form D or E contained in the Schedule to this Act, or to the like effect.

[Application for execution against moveable property.]

LXXII. Any moveable property required to be seized under an execution shall, if practicable, be described in a list to be furnished by the judgment-creditor, but if the creditor is unable to furnish such list he may apply for a general attachment of the debtor's effects to the amount of the judgment and costs. In either case the property to be seized shall be pointed out by the creditor or his agent.

দেওয়াইবার ডিক্রী যেরূপে জারী হইবেক তাহার কথা।]

৬৮ ধারা। যদি কোন পাট্টা বাতিল করিবার, কিম্বা ইজারদারকে কিম্বা নিতান্ত চাষী না হয় এমত অন্য ব্যক্তিকে বেদখল করিবার, অথবা বেদখল করা গেলে পর সেই ইজারা কি তালুক পুনরায় তাহার দখল দেওয়াইবার ডিক্রী হয়, তবে সেই ডিক্রী জারী করিবার নিয়ম এই। ঐ ইজারার কি তালুকের মধ্যে কি তাহার নিকট কোন স্থানে বাঁশ গাড়া যাইবেক, ও সেই ইজারার কি তালুকের বিষয়ে যে ডিক্রী হইয়াছে তাহার মর্ম্ম উপযুক্ত কোন এক কি অধিক স্থানের চাষিদিগকে কি অন্য বাশেন্দাদিগকে ঘোষণা করা যাইবেক ইতি।

[ডিক্রীনামায় অগৌণে ঐ ডিক্রী জারী হইবার হুকুম থাকিবেক। পরওয়ানা জারী না হইয়া ডিক্রীমতের খাতককে যে স্থলে আটক কি কয়েদ করা যাইতে পারে তাহার কথা।]

৬৯ ধারা। টাকা কি খরচা দিবার ডিক্রীনামাতে ঐ ডিক্রী অগৌণে জারী হইবার হুকুমও সর্ব্বদাই থাকিবেক। সেই ডিক্রী যদি বাকী জমার নিমিত্তে কিম্বা টাকার কি কাগজপত্রের কি হিসাবের নিমিত্তে হয় ও ৩৩ ধারামতে যে জামিনী দেওয়া যায় তাহার নিয়মমতে যদি আসামীকে জেলখানায় রাখা গিয়াছিল কিম্বা যদি সে হাজির থাকে, তবে আসামী খরচা সমেত ডিক্রীর টাকা আদালতে অগৌণে না দিলে কিম্বা অন্য প্রকারে ডিক্রীর মর্ম্মমতে কর্ম্ম না করিলে, ঐ ডিক্রী জারীর কোন পরওয়ানা বাহির না হইয়াও তাহাকে দেওয়ানীর জেলখানায় রাখা যাইবেক কিম্বা তাহাকে কয়েদ করা যাইবেক ইতি।

[যে জন জামিন হয় সে ডিক্রীমতের খাতককে হেফাজতে সমর্পণ না করিলে তাহার দায়ের কথা।]

৭০ ধারা। ডিক্রীমতে যে জন খাতক হয় সে যদি হাজির হইবার জামিন দিয়া থাকে, ও হুকুম প্রকাশ হইবার কালে যদি হাজির না থাকে, ও তাহাকে হেফাজতে সমর্পণ করিবার হুকুম জামিনের নিকটে হইলেও যদি জামিন তাহা না করে, তবে খাতকের স্থানে যত টাকা পাওনা হয় তত টাকার ডিক্রী জামিনের বিপক্ষে হইলে তাহার উপর ডিক্রী জারীমতে যেমন পরওয়ানা বাহির হইতে পারিত তেমনি জামিনের নামে পরওয়ানা বাহির হইতে পারিবেক ইতি।

[ডিক্রীজারীর পরওয়ানা বাহির হইবার কথা।]

৭১ ধারা। ডিক্রীজারীর পরওয়ানা খাতকের কিম্বা তাহার সম্পত্তির উপর জারী হইতে পারিবেক, কিন্তু উভয়ের উপর একি কালে জারী হইবেক না। খাতকের কিম্বা তাহার অস্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারীর যে পরওয়ানা হয় তাহা এই আইনের শেষ ভাগে যে তফসীল আছে তাহার D. কিম্বা E. চিহ্নের পাঠের লিখনমতে কিম্বা তাহার মর্ম্মমতে হইবেক ইতি।

[অস্থাবর সম্পত্তির উপর ডিক্রী জারী হইবার দরখাস্ত।]

৭২ ধারা। ডিক্রী জারীক্রমে যে কিছু অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার হুকুম হয়, ডিক্রীমতের মহাজন যদি পারে তবে সেই সম্পত্তির এক ফর্দ্দ লিখিয়া দাখিল করিবেক, যদি না পারে তবে যত টাকার ও খরচার ডিক্রী হইয়াছে খাতকের তাহার সমান মূল্যের দ্রব্য ক্রোক হইবার সাধারণ এক দরখাস্ত দিতে পারিবেক। ইহার মধ্যে যে রূপে করুক কিন্তু ক্রোক হইবার সম্পত্তি মহাজন কিম্বা তাহার মোক্তার দেখাইয়া দিবেক ইতি।

[How long warrant shall continue in force.]

LXXIII. Process of execution shall bear date on the day on which it is signed by the Court, and no warrant shall continue in force for a longer period than sixty days calculated from such date.

[Second and successive warrants.]

LXXIV. Second and successive warrants of execution may be issued by order of the Collector on the application of the judgment-creditor after the expiration of the period above fixed for the continuance in force of a previous warrant. No such warrant shall continue in force for a longer period than sixty days.

[Time for issue of warrant.]

LXXV. Process of execution shall not be issued upon any judgment without previous notice to the party against whom execution is applied for, if when application for the issue of the process is made a period of more than one year shall have elapsed from the date of the judgment or from the date of the last previous application for execution.]

[Execution not to issue against heir or representative of a deceased party without notice.]

LXXVI. Execution on a judgment shall not issue against the heir or other representative of a deceased party without notice to such heir or other representative to appear and be heard.

[No process of execution to be issued three years after date of judgment.]

LXXVII. No process of execution of any description whatsoever, shall be issued on a judgment under this Act after the elapse of three years from the date of such judgment.

[Warrant against the person.]

LXXVIII. If a warrant issue for taking in execution the body of any person, the Nazir of the Court shall cause him to be seized, and unless such person shall immediately deposit with the Officer entrusted with the service of the warrant the full amount specified therein the Nazir shall bring him before the Collector. If such person shall not then deposit in Court the full amount specified in the warrant, or make such arrangement for the payment of the same as shall be satisfactory to the judgment-creditor, the Collector shall send him to the Civil Jail there to remain for such time as shall be directed by the warrant unless he shall in the mean time pay the full amount specified therein. *Provided* that the time for which a debtor may be confined in execution of a decree under this Act shall not exceed three calendar months when the amount decreed exclusive of costs does not exceed fifty Rupees, or six calendar months in any other case.

[No person to be imprisoned a second time under same judgment, but his property to be liable to attachment.]

LXXIX. Any person once discharged from jail shall not be imprisoned a second time under

[পরওয়ানা যত দিন প্রবল থাকিবেক তাহার কথা।]

৭৩ ধারা। কালেক্টর সাহেব যে তারিখে পরওয়ানাতে দস্তখৎ করেন পরওয়ানার সেই তারিখ হইবেক। আর সেই তারিখ অবধি গণিয়া ষাইট দিনের অধিক কাল কোন পরওয়ানা প্রবল থাকিবেক না ইতি।

[অন্য পরওয়ানা ক্রমশঃ জারী হইতে পারিবার কথা।]

৭৪ ধারা। কোন পরওয়ানা প্রবল থাকিবার যে মিয়াদ উপরে নির্দ্দিষ্ট হইয়াছে সেই মিয়াদ ফুরাইলে পর ডিক্রীমতের মহাজন দরখাস্ত করিলে কালেক্টর সাহেবের হুকুমমতে সেই পরওয়ানা পুনরায় ও তাহার পর ক্রমশঃ পুনঃ২ বাহির হইতে পারিবেক। সেই প্রকারের কোন এক পরওয়ানা ষাইট দিনের অধিক কাল প্রবল থাকিবেক না ইতি।

[পরওয়ানা বাহির হইবার মিয়াদের কথা।]

৭৫ ধারা। ডিক্রীজারীর কোন পরওয়ানা বাহির হইবার দরখাস্ত হইলে, যদি ডিক্রী হইবার তারিখঅবধি কিম্বা ডিক্রী জারী করিবার দরখাস্ত শেষ যে তারিখে করা যায় সেই তারিখঅবধি এক বৎসরের অধিক কাল অতীত হয়, তবে যাহার উপর ডিক্রী জারী করিবার দরখাস্ত হয় তাহাকে প্রথমে সম্বাদ না দিলে ডিক্রী জারীর পরওয়ানা বাহির হইবেক না ইতি।

[মৃত লোকের উত্তরাধিকারিকে কি স্থলাভিষিক্তকে সম্বাদ না দিলে তাহার নামে ডিক্রী জারী হইবেক না।]

৭৬ ধারা। মৃত লোকের উত্তরাধিকারিকে কিম্বা স্থলাভিষিক্ত অন্য লোককে হাজির হইবার ও আপত্তি জানাইবার এত্তেলা না দেওয়া গেলে তাহার উপর ডিক্রী জারীর পরওয়ানা বাহির হইবেক না ইতি।

[ডিক্রীর তারিখঅবধি তিন বৎসরের পরে ডিক্রী জারীর পরওয়ানা বাহির হইবেক না।]

৭৭ ধারা। এই আইনমতে যে ডিক্রী হয় তাহার তারিখঅবধি তিন বৎসর গত হইলে পর সেই ডিক্রী জারীর কোন প্রকারের পরওয়ানা বাহির হইবেক না ইতি।

[গ্রেফ্তারের পরওয়ানার কথা।]

৭৮ ধারা। ডিক্রী জারীমতে যদি কোন লোককে গ্রেফ্তার করিবার জন্যে পরওয়ানা বাহির হয়, তবে আদালতের নাজির তাহাকে ধরাইয়া লইবেক। আর পরওয়ানা জারী করিতে যে আমলাকে দেওয়া যায় সেই আমলার হাতে যদি সেই লোক ঐ পরওয়ানার লিখিত সমুদয় টাকা না দেয় তবে নাজির তাহাকে কালেক্টর সাহেবের নিকটে আনিবেক। সেই সময়েতেও যদি সেই লোক ঐ পরওয়ানার লিখিত সমুদয় টাকা আদালতে দাখিল না করে, কিম্বা ডিক্রীমতের মহাজন যাহাতে সন্তুষ্ট হয় ঐ টাকা দিবার এমত অন্য কোন বন্দোবস্ত না করে, তবে কালেক্টর সাহেব তাহাকে দেওয়ানীর জেলখানায় পাঠাইবেন, ও পরওয়ানার লিখিত সমুদয় টাকা যদি মধ্যে না দেয় তবে পরওয়ানাতে যত কাল নির্দ্দিষ্ট আছে তত কালপর্য্যন্ত সে কয়েদ থাকিবেক। পরন্তু এই আইনমতের ডিক্রীতে যদি খরচা ছাড়া পঞ্চাশ টাকার অধিক ডিক্রী না হয় তবে সেই ডিক্রী জারীমতে খাতক তিন মাসের অধিক কাল কয়েদ থাকিবেক না কিম্বা পঞ্চাশ টাকার অধিক হইলে ছয় মাসের অধিক কাল কয়েদ থাকিবেক না ইতি।

[একি ডিক্রীমতে কোন লোক দ্বিতীয়বার কয়েদ হইবেক না কিন্তু তাহার সম্পত্তি ক্রোক হইতে পারিবেক।]

৭৯ ধারা। কোন ব্যক্তি একবার কয়েদ হইয়া খালাস হইলে সেই ডিক্রীমতে দ্বিতীয়বার কয়েদ হইবেক

the same judgment, but such discharge shall not extinguish the liability of such person under the decree, or exempt any property belonging to such person from attachment in execution of the same.

[Diet-money to be deposited at the time of issue of warrant.]

LXXX. Any person applying for a warrant of arrest under Section XXXI. or suing out process of execution against the body of any person shall deposit with the Nazir of the Court, at the time of the issue of the warrant, diet-money for one month of thirty days at such rate as the Collector may direct, not exceeding two annas per diem, unless the Collector for any special reason direct that deposit be made at a higher rate, which shall not exceed four annas per diem.

[Payment of diet-money in advance during imprisonment.]

LXXXI. Payment of diet-money at the same rate shall be made previous to the commencement of each succeeding month of the imprisonment, in failure of which the party confined shall be discharged.

[Diet-money to be costs in suit.]

LXXXII. All diet-money spent in providing subsistence for any prisoner shall be added to the costs in the suit, and any diet money not so spent shall be returned to the person who deposited the same.

[List of property to be prepared by the Nazir, and proclamation of sale to be published, &c.]

LXXXIII. In executing a writ of execution against the moveable property of a debtor liable under this Act, the Nazir shall prepare a list of the property pointed out by the judgment-creditor, and shall publish a proclamation specifying the day upon which the sale is intended to be held together with a copy of the said list at the intended place of sale and at the residence of the debtor. A copy of the said proclamation and list shall be transmitted to the Collector and shall be affixed in his Office.

[Custody and sale of moveable property taken in execution.]

LXXXIV. No sale of any moveable property taken in execution shall be made until after the end of ten days next following the day on which such property may have been so taken. Until such sale the property shall be deposited by the Nazir in some fit place or it may remain in custody of some fit person approved by the Nazir. The provisions of Sections CXIV. to CXVIII., so far as the same are applicable, shall be applied to sales under this Section.

[Collector to stay sale of moveable property seized if a third party claim any interest therein.]

LXXXV. If before the day fixed for the sale a third party appear before the Collector and by petition supported by his oath or affirmation claim a right or interest in any of the moveable

না। কিন্তু খালাস হইলেও সেই ডিক্রীমতে তাহার দায় লোপ হইবেক না ও সেই ডিক্রীজারীক্রমে তাহার সম্পত্তি ক্রোক হইতে না পারে এমতে রক্ষা হইবেক না ইতি।

[পরওয়ানা বাহির হইবার কালে খোরাকী আমানৎ করিবার কথা।]

৮০ ধারা। কোন লোক ৩১ ধারামতে গ্রেফ্তারের পরওয়ানা বাহির হইবার দরখাস্ত করিলে কিম্বা কোন ব্যক্তির উপর ডিক্রী জারীর পরওয়ানা বাহির হইবার প্রার্থনা করিলে, কালেক্টর সাহেব দিনপ্রতি দুই আনার অধিক না হয় এমত হিসাবে ত্রিশ দিনের এক মাসের যত খোরাকী হুকুম করেন সেই লোক তত খোরাকী পরওয়ানা বাহির হইবার সময়ে আদালতের নাজিরের নিকটে দাখিল করিবেক। কিন্তু যদি বিশেষ কারণে কালেক্টর সাহেব তাহার অধিকের হিসাবে খোরাকী দিতে আজ্ঞা করেন তবে দিনপ্রতি চারি আনার অধিকের হিসাবে হইবেক না ইতি।

[কয়েদ থাকিবার সময়ে খোরাকী আগাম দিবার কথা।]

৮১ ধারা। তাহার পর কয়েদ থাকিবার প্রতিমাসের আরম্ভের আগে খোরাকী সেই হিসাবে দিতে হইবেক। না দিলে কয়েদীকে খালাস করা যাইবেক ইতি।

[খোরাকী মোকদ্দমার খরচার মধ্যে হইবার কথা।]

৮২ ধারা। কোন কয়েদীর আহারের নিমিত্তে যত খোরাকী খরচ হয় তাহা মোকদ্দমার খরচার সঙ্গে ধরা যাইবেক ও সেইরূপে যে খোরাকীর খরচ না হয় তাহা যে লোক আমানৎ করিয়াছিল তাহাকে ফিরিয়া দেওয়া যাইবেক ইতি।

[নাজির সম্পত্তির এক ফর্দ প্রস্তুত করিবেক ও নীলামের ইশ্তিহার প্রকাশ হইবেকপ্রভৃতির কথা।]

৮৩ ধারা। এই আইনমতে যে খাতকের উপর দায় থাকে তাহার অস্থাবর সম্পত্তির উপর ডিক্রী জারীর পরওয়ানা জারী করিতে হইলে, ডিক্রীমতের মহাজন যে সম্পত্তি দেখাইয়া দেয় তাহার এক ফর্দ নাজির প্রস্তুত করিবেক ও যে দিনে নীলাম হইবার মানস আছে সেই দিনের এক ইশ্তিহার ও সেই ফর্দের এক কেতা নকল নীলাম হইবার লক্ষিত স্থানে ও খাতকের বাসস্থানে প্রকাশ করিবেক। ঐ ইশ্তিহারের ও ফর্দের এক২ কেতা নকল কালেক্টর সাহেবের নিকটে পাঠান যাইবেক ও তাঁহার কাছারী ঘরে লটকান যাইবেক ইতি।

[ডিক্রীজারীমতে যে অস্থাবর সম্পত্তি লওয়া যায় তাহা রক্ষা করিবার ও নীলাম করিবার কথা।]

৮৪ ধারা। ডিক্রীজারীমতে অস্থাবর কিছু সম্পত্তি যে দিনে লওয়া যায় তাহার পর দিনঅবধি দশ দিন গত না হইলে তাহার নীলাম হইবেক না। সেই নীলাম যত দিন না হয় তত দিন নাজির কোন উপযুক্ত স্থানে সেই সম্পত্তি রাখিবেক কিম্বা নাজির যাহাকে বিশ্বাস করে এমত কোন উপযুক্ত লোকের নিকটে থাকিতে পারিবেক। এই ধারামতের নীলামের উপর ১১৪ অবধি ১১৮ পর্য্যন্ত সকল ধারার কথা যেপর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত খাটিবেক ইতি।

[যে অস্থাবর সম্পত্তি ক্রোক হয় তাহাতে যদি অন্য কোন ব্যক্তি সম্পর্কের দাওয়া করে তবে কালেক্টর সাহেব নীলাম স্থগিত করিবেন।]

৮৫ ধারা। নীলাম হইবার যে দিন নিরূপণ হইল সেই দিনের আগে যদি খাতক ছাড়া অন্য ব্যক্তি কালেক্টর সাহেবের নিকটে আইসে ও শপথ কিম্বা ধর্ম্মতঃ প্রতিজ্ঞাক্রমে আপন দরখাস্তের কথা দৃঢ় করিয়া ডিক্রীজারী-

property taken in execution, the Collector may stay the sale of such property.

[Collector to adjudicate such claims.]

LXXXVI. The Collector shall adjudicate upon such claim and make such order between the claimant and the plaintiff and defendant in the original suit as shall seem fit. In trying such claim the Collector shall be guided by the rules contained in this Act so far as they may be applicable.

[Claimant failing to establish his right, liable to pay compensation to judgment creditor.]

LXXXVII. If the claimant shall fail to establish his right to the property taken in execution, the Collector at the time of disposing of the case may award to the judgment-creditor against such claimant as part of the costs such sum as he may consider sufficient to cover any loss of interest or damage which the judgment-creditor may have sustained by reason of the postponement of the sale of the property.

[No appeal from order of Collector under the two last preceding Sections. Proviso.]

LXXXVIII. No appeal shall lie from any order passed by the Collector under the two last preceding Sections. But the party against whom the same may be given shall be at liberty to bring a suit in the Civil Court to establish his right at any time within one year from the date of the order; provided that, if the order be for the sale of the property, the suit shall be for damages against the judgment creditor by whom the property was brought to sale.

[Sale not vitiated by irregularity in publishing or conducting the same. Proviso.]

LXXXIX. No irregularity in publishing or conducting a sale of moveable property under an execution shall vitiate such sale; but this rule shall not be held to deprive any person who may sustain damage by reason of such irregularity from recovering such damage by action in the Civil Court; Provided such action be brought within one year from the date of sale.

[Sale of transferable tenures in execution of decrees for arrears of rent.]

XC. If the decree be for an arrear of rent due in respect of an under-tenure which by the title-deeds or the custom of the country is transferable by sale, the judgment-creditor may make application for the sale of the tenure, and the tenure may thereupon be brought to sale in execution of the decree, according to the rules for the sale of under-tenures for the recovery of arrears of rent due in respect thereof contained in Act   of   . But no such application shall be received when a warrant of execution has been previously issued against the person or moveable property of the

মতে যে অস্থাবর সম্পত্তি ক্রোক হইয়াছে তাহার কিছু সম্পত্তিতে স্বত্বের কি সম্পর্কের দাওয়া করে, তবে কালেক্টর সাহেব সেই সম্পত্তির নীলাম স্থগিত করিতে পারিবেন ইতি।

[কালেক্টর সাহেব সেই দাওয়ার নিষ্পত্তি করিবেন।]

৮৬ ধারা। কালেক্টর সাহেব সেই দাওয়ার বিচার করিবেন এবং দাওয়াদারের ও আসল মোকদ্দমার ফরিয়াদীর ও আসামীর পক্ষে যে হুকুম করা উচিত বোধ করেন তাহা করিবেন। সেই প্রকারের দাওয়ার বিচার করিতে হইলে এই আইনের লিখিত বিধি যে-পর্য্যন্ত খাটিতে পারে সেইপর্য্যন্ত সেই২ বিধিমতে কালেক্টর সাহেব কার্য্য করিবেন ইতি।

[দাওয়াদার আপনার স্বত্ব সাব্যস্ত করিতে না পারিলে ডিক্রীমতের মহাজনের ক্ষতিপূরণ করিবেক।]

৮৭ ধারা। ডিক্রীজারীমতে যে সম্পত্তি লওয়া গিয়াছে তাহার উপর যদি সেই দাওয়াদার আপনার স্বত্ব সাব্যস্ত করিতে না পারে, তবে সেই সম্পত্তির নীলামের বিলম্ব হওয়াতে ডিক্রীমতের মহাজনের সুদের যে কিছু ক্ষতি কি যে কিছু হানি হইয়া থাকে সেই ক্ষতিপূরণের জন্যে কালেক্টর সাহেব যত টাকা উপযুক্ত বোধ করেন ডিক্রীমতের মহাজন খরচার এক অংশ বলিয়া তত টাকা ঐ দাওয়াদারের স্থানে পাইবেক কালেক্টর সাহেব সেই বিষয় নিষ্পত্তি করিবার কালে এমত হুকুম করিতে পারিবেন ইতি।

[পূর্ব্বের দুই ধারামতে কালেক্টর সাহেবের যে হুকুম হয় তাহার উপর আপীল নাই। বর্জ্জিত কথা।]

৮৮ ধারা। ইহার পূর্ব্বের দুই ধারামতে কালেক্টর সাহেব যে হুকুম করেন তাহার উপর কোন আপীল হইবেক না। কিন্তু যাহার বিপক্ষে সেই হুকুম হয় সেই জন আপনার স্বত্ব সাব্যস্ত করিবার জন্যে ঐ হুকুমের তারিখঅবধি এক বৎসরের মধ্যে কোন সময়ে দেওয়ানী আদালতে মোকদ্দমা করিতে পারিবেক। কিন্তু যদি সম্পত্তি নীলাম করিবার সেই হুকুম হয় তবে ডিক্রীমতের যে মহাজন ঐ সম্পত্তি নীলাম করাইয়াছিল তাহার বিপক্ষে ক্ষতিপূরণের মোকদ্দমা করিতে হইবেক ইতি।

[নীলামের ইশ্‌তিহার কি নীলাম করণেতে ধারার ব্যতিক্রম হইলেও নীলাম ব্যর্থ হইবেক না। বর্জ্জিত বিধি।]

৮৯ ধারা। ডিক্রীজারীমতে অস্থাবর সম্পত্তির নীলামের ইশ্‌তিহারেতে কিম্বা নীলামের কার্য্য করিবাতে ধারার ব্যতিক্রম হইলেও ঐ নীলাম তাহাতে বাতিল হইবেক না। কিন্তু সেই প্রকারের ব্যতিক্রম হওয়াতে যাহার কোন ক্ষতি হয় তাহার দেওয়ানী আদালতে নালিশ করিয়া ক্ষতিপূরণ পাইবার বাধা এই বিধিতে হইবেক না, কেবল নীলামের তারিখঅবধি এক বৎসরের মধ্যে ঐ নালিশ করিতে হইবেক ইতি।

[যাহা হস্তান্তর করা যাইতে পারে এমত তালুকের বাকী জমার বাবৎ ডিক্রীজারীক্রমে নীলামের কথা।]

৯০ ধারা। স্বত্বের দলীলক্রমে কিম্বা দেশের চলন রীতিমতে যে পেটাও তালুক বিক্রয় হইয়া হস্তান্তর করা যাইতে পারে এমত তালুকের বাকী জমার নিমিত্তে যদি ডিক্রী হয় তবে ডিক্রীমতের মহাজন ঐ তালুকের নীলাম হইবার দরখাস্ত করিতে পারিবেক। তাহা করিলে পেটাও তালুকের বাকী জমা আদায় করিবার জন্যে ঐ তালুকের নীলামের যে বিধি অমুক সালের অমুক আইনে আছে সেই বিধিমতে ঐ তালুক ডিক্রীজারীক্রমে নীলাম করা যাইতে পারিবেক। কিন্তু যদি পূর্ব্বে ঐ ডিক্রীমতের খাতকের কিম্বা তাহার অস্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারীর পরওয়ানা জারির হইয়া থাকে তবে সেই পরওয়ানা যত কাল বলবৎ থাকে

judgment-debtor, so long as such warrant remains in force. If after sale of an under-tenure any portion of the amount decreed remains due, process may be applied for against any other property, moveable or immoveable, belonging to the debtor.

[If third party claim to be the proprietor and lawful possessor of such under-tenure, Collector to stay the sale and to enquire into and adjudicate upon the claim.]

XCI. If before the day fixed for the sale of any such under-tenure as aforesaid in execution of a decree for arrears of rent due in respect of such under-tenure, a third party appear before the Collector and on oath or affirmation allege that such third party and not the person against whom the decree has been obtained is the proprietor of such under-tenure and was in lawful possession of the same at the time when such decree was obtained, and shall deposit in Court the amount of the decree or give sufficient security for the same, the Collector shall stay the sale and proceed to enquire into and adjudicate upon the claim.

[Mode of adjudicating such claims.]

XCII. In trying such claim the Collector shall be guided by the rules contained in this Act, so far as the same may be applicable, and the judgment passed by the Collector on such claim shall be subject to the same rules in respect of appeal as a judgment in a suit instituted under this Act.

[Execution of decrees given in favor of sharers in undivided estates or tenures.]

XCIII. If a decree is given in favor of a sharer in a joint undivided estate, dependent talook, or other similar tenure for money due to him on account of his share of the rent of an under-tenure situate in such undivided estate or talook or tenure, application for the sale of such under-tenure shall not be received unless execution shall have been first taken out against any moveable property which the judgment debtor may possess within the District in which the suit was instituted and the sale of such property, if any, shall have proved insufficient to satisfy the judgment. In such case such under-tenure, if of the nature described in Section XC., may be brought to sale in execution of the decree in the same manner as any other immoveable property may be sold in execution of a decree for money under the provisions of the two next following Sections.

[In all cases of decrees for money, if judgment cannot be satisfied by sale of debtor's moveable property, execution may be had against his immoveable property.]

XCIV. In the execution of any decree for the payment of money under this Act not being money due as arrears of rent of a saleable under-tenure, if satisfaction of the judgment cannot be obtained by execution against the person or move-

তত কাল সেই প্রকারের কোন দরখাস্ত গ্রাহ্য হইবেক না। পেটাও তালুকের নীলাম হইলে পর যদি ডিক্রী করা কিছু টাকা পাওনা থাকে তবে খাতকের স্থাবর কি অস্থাবর অন্য কোন সম্পত্তির উপর পরওয়ানা জারী হইবার দরখাস্ত হইতে পারিবেক ইতি।

[অন্য ব্যক্তি যদি সেই পেটাও তালুকের মালিক ও আইনমতের দখীলকার বলিয়া দাওয়া করে তবে কালেক্টর সাহেব নীলাম স্থগিত করিয়া দাওয়ার তদারক ও নিষ্পত্তি করিবেন ।।

৯১ ধারা। সেই প্রকারের পেটাও তালুকের বাকী জমার জন্যে যে ডিক্রী হয়, সে ডিক্রীজারীক্রমে সেই পেটাও তালুকের নীলাম হইবার নিরূপিত দিনের আগে, যদি অন্য কোন লোক কালেক্টর সাহেবের নিকটে গিয়া, যাহার বিপক্ষে ডিক্রী হইয়াছিল সেই জন ঐ পেটাও তালুকের স্বামী নয় আপনি স্বামী আছি ও ডিক্রী যে সময়ে হইয়াছিল সেই সময়ে আপনার দখলে আইনমতে ছিল এই কথা শপথ কি ধর্ম্মতঃপ্রতিজ্ঞাক্রমে জানায়, ও ডিক্রীর টাকা আদালতে আমানৎ করে কিম্বা তাহার উপযুক্ত জামিন দেয়, তবে কালেক্টর সাহেব নীলাম স্থগিত করিয়া ঐ দাওয়ার তদারক ও নিষ্পত্তি করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

[সেই প্রকারের দাওয়ার নিষ্পত্তি যে রূপে হইবেক তাহার কথা ।।

৯২ ধারা। ঐ দাওয়ার বিচার করিতে গেলে এই আইনের লিখিত বিধি যেপর্য্যন্ত খাটিতে পারে সেই পর্য্যন্ত সেই বিধিমতে কালেক্টর সাহেব কার্য্য করিবেন আর এই আইনমতে যে মোকদ্দমা করা যায় তাহাতে কালেক্টর সাহেবের নিষ্পত্তির উপর যে বিধিমতে আপীল হইতে পারে সেই বিধিমতে ঐ দাওয়াতে তাঁহার যে নিষ্পত্তি হয় তাহার উপরও আপীল হইতে পারিবেক ইতি।

[অবিভক্ত মহালের কি তালুকের অংশিরদের পক্ষে যে ডিক্রী হয় তাহা জারী হইবার কথা ।।

৯৩ ধারা। এজমালী অবিভক্ত মহালের কি মফঃসল তালুকের কি সেই প্রকারের অন্য জমীর অন্তর্গত পেটাও তালুকের জমার হিস্যা বলিয়া ঐ মহালের কি তালুকের কি জমীর কোন অংশির যে টাকা পাওনা হয় তাহার নিমিত্তে যদি সেই অংশির পক্ষে ডিক্রী হয় তবে মোকদ্দমা যে জিলার মধ্যে উপস্থিত করা গিয়াছিল সেই জিলাতে ডিক্রীমতের খাতকের কোন অস্থাবর সম্পত্তির উপর যদি ডিক্রী জারীর পরওয়ানা বাহির না হয় ও সেইরূপ সম্পত্তি থাকিলে তাহার নীলাম হইয়া যদি ঐ ডিক্রীর টাকা পরিশোধ করিতে না কুলায় তবে ঐ পেটাও তালুক নীলাম করিবার দরখাস্ত গ্রাহ্য হইবেক নতুবা নয়। যদি গ্রাহ্য হয় তবে সেই পেটাও তালুক ৯০ ধারার লিখিত প্রকারের তালুক হইলে, ইহার পরের লিখিত দুই ধারার বিধানমতে টাকার বাবৎ ডিক্রী জারী করিয়া অন্য স্থাবর সম্পত্তির যেমন নীলাম হইতে পারে তেমনি সেই পেটাও তালুকও ডিক্রীজারীক্রমে নীলাম হইতে পারিবেক ইতি।

[টাকার জন্যে ডিক্রী হইলে যদি খাতকের অস্থাবর সম্পত্তি নীলাম করিয়া ডিক্রীর টাকা আদায় হইতে না পারে তবে তাহার স্থাবর সম্পত্তির উপর ডিক্রী জারী হইতে পারিবেক ।।

৯৪ ধারা। যে পেটাও তালুকের নীলাম হইতে পারে তাহার জমার বাকী বলিয়া যে টাকা পাওনা হয় সেই প্রকারের টাকা না হইয়া এই আইনমতে অন্য টাকা দিবার কোন ডিক্রী জারী করিতে হইলে, খাতকের উপর কিম্বা মোকদ্দমা যে জিলাতে উপ-

able property of the debtor within the District in which the suit was instituted, the judgment creditor may apply for execution against any immoveable property belonging to such debtor.

[Mode of executing process if immoveable property be a house, shop, or other building. If it be a saleable under-tenure. If it be an estate or a share of an estate.]

XCV. If the immoveable property against which execution is applied for, be a house, shop, or other building, process shall be issued in the same manner as for the attachment and sale of moveable property, and the provisions of Section LXXXIV. shall be applicable to the execution of such process. If the property be a saleable under-tenure it shall be sold under the provisions of Act of applicable to the sale of such under-tenures for demands other than those of arrears of rent due in respect thereof. If the property be an estate or a share of an estate, it shall be sold under the rules in force for the sale of such property for the recovery of demands recoverable by the same process as arrears of land revenue.

[Consequence of objection being offered before the sale of any immoveable property.]

XCVI. If before the day fixed for the sale of any immoveable property as aforesaid, objection shall be offered to the sale on the ground of such property not belonging to the judgment debtor, and consequently not being liable to be sold in execution of a decree against him, the Collector, if satisfied that there is sufficient ground for so doing, shall stay the sale and proceed to enquire into and adjudicate upon the objection, in the same manner, and subject to the same right of appeal as is provided in Section XCII.

[To be continued.]

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 23.

To the Magisterial Authorities in the Lower and Extra-Regulation Provinces.

The Court have from time to time observed the great doubt that attaches to the identification of prisoners, tried on charges of Affray or Riot, in consequence of the careless mode in which they are designated and described in the original information and depositions upon which their arrest is founded. Ordinarily, the Court read merely a string of names which may be taken eventually to apply to any number of men, and little care is taken to extract from the persons examined, either full or exact knowledge of the parties deposed to as being concerned in the offence under

শ্চিত করা গিয়াছিল সেই জিলার মধ্যে তাহার যে অস্থাবর সম্পত্তি থাকে তাহার উপর ডিক্রী জারী হইয়া যদি ডিক্রীর সমুদয় টাকা আদায় হইতে না পারে, তবে সেই খাতকের কোন স্থাবর সম্পত্তির উপর ডিক্রীজারী হয় ডিক্রীমতের মহাজন এমত দরখাস্ত করিতে পারিবেক ইতি।

[সেই স্থাবর সম্পত্তি যদি ঘর কি দোকান কি অন্য ইমারৎ হয় কিম্বা যাহা নীলাম হইতে পারে এমত পেটাও তালুক হয় কিম্বা যদি মহাল কি মহালের এক অংশ হয় তবে পরওয়ানা যেরূপে জারী হইবেক তাহার কথা।]

৯৫ ধারা। স্থাবর যে সম্পত্তির উপর ডিক্রীজারী হইবার প্রার্থনা হয় সেই সম্পত্তি যদি ঘর কি দোকান কি অন্য ইমারৎ হয়, তবে অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করিবার জন্যে পরওয়ানা যে প্রকারে বাহির হয় সেই প্রকারে বাহির হইবেক, ও সেই পরওয়ানা জারীর উপর ৮৪ ধারার বিধান খাটিবেক। যাহার নীলাম হইতে পারে এমত পেটাও তালুক হইলে, সেই তালুকের বাকী জমা ভিন্ন অন্য দাওয়ার নিমিত্তে ঐ পেটাও তালুকের নীলামের উপর অমুক সালের অমুক আইনের যে বিধান খাটে সেই বিধানমতে ঐ তালুকের নীলাম হইবেক। সেই সম্পত্তি যদি মহাল হয় কি মহালের এক অংশ হয়, তবে ভূমির বাকী মালগুজারী আদায় করিবার নিয়মমতে যে দাওয়ার টাকা আদায় হইতে পারে তাহা আদায়ের জন্যে সেই প্রকারের সম্পত্তি নীলাম করিবার যে বিধি প্রবল থাকে সেই বিধিমতে ঐ সম্পত্তির নীলাম হইবেক ইতি।

[স্থাবর কোন সম্পত্তির নীলাম হইবার আগে আপত্তি করা গেলে তাহার ফলের কথা।]

৯৬ ধারা। সেই প্রকারের কোন স্থাবর সম্পত্তির নীলাম হইবার যে দিন নিরূপণ হয় তাহার আগে যদি ঐ নীলাম হওনের এই আপত্তি করা যায় যে, ঐ সম্পত্তি ডিক্রীমতের খাতকের নহে অতএব তাহার বিপক্ষে ডিক্রী জারীমতে নীলাম হইবার যোগ্য নয়, তবে কালেক্টর সাহেব নীলাম স্থগিত করিবার উপযুক্ত কারণ স্ববোধমতে জানিলে সেই নীলাম স্থগিত করিবেন, ও ৯২ ধারাতে যেমত করিবার বিধি আছে সেই প্রকারে ঐ আপত্তির বিচার ও নিষ্পত্তি করিবেন, ও সেই ধারামতে যেমন আপীল হইতে পারে তেমনি তাঁহার হুকুমের উপর আপীলও হইতে পারিবেক ইতি।

[ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।]

সদর নিজামৎ আদালতের সরকুলর অর্ডর।

২৩ নম্বর।

বাঙ্গলাপ্রভৃতি দেশের ও আইনবহির্ভূত প্রদেশের শ্রীযুত মাজিষ্ট্রেট সাহেব বরাবরেষু।

দাঙ্গাহাঙ্গামার প্রথম যে নালিশ ও যে জোবানবন্দী হইলে আসামীরদিগকে গ্রেফতার করিবার হুকুম বাহির হয় তাহাতে তাহারদের নাম ও বর্ণনা মনোযোগরূপে লেখা না থাকাতে, সেই অপরাধের জন্যে যাহারদের বিচার হয় তাহারদের নিশ্চিতমতে পরিচয় হইল কি না এই বিষয়ে অত্যন্ত সন্দেহ হয়, সদর আদালতের সাহেবেরা ইহা সময়ে২ দেখিতে পাইয়াছেন। সাধারণমতে বহু লোকের নামমাত্র সদর আদালতে পাঠ করা যায়, কিন্তু সেই নাম আর কত জনের উপর খাটিতে না পারে। ফলতঃ যাহারদের জোবানবন্দী লওয়া যায় তাহারা অপরাধী বলিয়া যাহারদের নাম করে তাহারদের সম্পূর্ণ কি প্রকৃত পরিচয় পাইবার অল্প মনো-

investigation. The indication of offenders is too much left to chance; too frequently, care is not taken to exhaust the knowledge of prosecutors and witnesses, or to correct exaggeration as to number, or to check that loose manner of speaking by which, under an *et cetera*, witnesses reserve details which they should at once disclose. And what is equally objectionable, in most cases the Court find no precise orders recorded by the Magistrates during the course of their first investigation as to the parties whom it is their purpose to prosecute, and so chance also, rather than well-considered intention, seems to regulate arrests. Once the proceedings have come before the Magistrate, it is obviously proper that on consideration of the nature of the case and of the evidence, his order should be explicitly issued to the Police, naming those only whom he wished to arrest.

2. Under these circumstances, the Court deem it necessary to issue the following instructions for the guidance of the Magisterial Authorities:—

First.—That in all complaints and depositions recorded by the Magistrates, they shall be careful to ascertain such particulars of the parties accused as shall unmistakeably indicate the persons spoken of, giving the names of their fathers and of their place of residence; or failing these, some other particulars which should as far as possible, fix the identity of each individual.

Secondly.—That Magistrates shall invariably record in one, or in successive proceedings, if necessary, the names and description of those, whom, not being already arrested, it is their purpose to prosecute for the offence in question.

Thirdly.—Magistrates shall direct their Police Officers to record the same particulars in all complaints and informations taken by them.

3. The Court direct me to add, that though the evils arising from an imperfect record of accusation are most observable in those cases in which many persons are accused, and in which, some being arrested earlier, some later, the final termination of the prosecution is much delayed, nevertheless the same instructions are generally applicable in the investigation of all offences.

(Signed) S. Lushington,
Offg. Register.

Fort William, the 29th October, 1857.

[*Government Gazette, 8th December*, 1857.]

যোগ থাকে। ইহাতে অপরাধিরদিগকে চিনিয়া লওয়া প্রায় দৈবাৎ হয়। ফরিয়াদীরদের ও সাক্ষিরদের স্থানে সমুদয় কথা জ্ঞাত হওয়ার, কিম্বা অপরাধিরদের সংখ্যা অতিরিক্ত করিয়া বলিতে নিষেধ করিবার, কিম্বা যে সকল বেওয়া সাক্ষিরদের একেবারে প্রকাশ করা উচিত তাহা "ইত্যাদি" বলিয়া গোপন করিয়া যে আলগা ভাবে কথা কহে তাহা বারণ করিবার বিষয়ে অনেকবার মনোযোগ হয় না। আরো আদালতের সাহেবেরা দেখিতে পাইয়াছেন যে মাজিস্ট্রেট সাহেবেরা পরওয়ানা যাহারদের নামে বাহির করিবেন তাহারদের বিষয়ে নিশ্চিত হুকুম প্রথম তজবীজ করিবার কালে প্রায়ই লেখেন না। তাহাতে পূর্ব্ব বিবেচনা করিয়া লোকেরদের গ্রেফ্তার না হইয়া বরং দৈবাৎ তাহারদের গ্রেফ্তার হইয়া থাকে। এই কার্য্যও পূর্ব্ব লিখিত কার্য্যের মত দূষণীয়। মাজিস্ট্রেট সাহেবেরদের নিকটে কোন বিষয় উপস্থিত হইলে, মোকদ্দমার ভাব ও প্রমাণ বিবেচনা করিয়া পোলীসের আমলারদের নামে যে হুকুম দেন তাহা স্পষ্ট করিয়া লিখিয়া, যাহারদিগকে গ্রেফ্তার করাইতে চাহেন কেবল তাহারদের নাম করা তাঁহারদের স্পষ্টই কর্ত্তব্য কর্ম্ম।

২। এই সকল বিষয় বুঝিয়া সদর আদালতের সাহেবেরা মাজিস্ট্রেট সাহেবেরদের কর্ম্ম করিবার এই উপদেশ প্রকাশ করা আবশ্যক জ্ঞান করেন।

প্রথম। মাজিস্ট্রেট সাহেবেরা যে সকল নালিশ ও জোবানবন্দী লেখাইয়া লন তাহাতে যাহারদের নামে নালিশ হয় তাহারদিগকে ভুল না করিয়া চেনা যায় এমত বিস্তারিত কথা জানিতে তাঁহারদের মনোযোগ করিতে হইবেক। ও তাহারদের পিতারদের নাম ও তাহারদের বাসস্থান লিখিতে হইবেক। তাহা যদি জানিতে না পারেন তবে প্রকৃত ব্যক্তিরদিগকে যাহাতে নিশ্চয়মতে জানা যায় এমত অন্য বিশেষ কথা সাধ্যমতে লিখিবেন।

দ্বিতীয়। যাহারদিগকে গ্রেফ্তার করা যায় নাই কিন্তু উল্লিখিত অপরাধের জন্যে তাহারদের নামে পরওয়ানা বাহির করিতে অভিপ্রায় থাকে, এমত লোকেরদের নাম ও বর্ণনা মাজিস্ট্রেট সাহেবেরা সর্ব্বদাই তৎপরের এক কিম্বা আবশ্যক হইলে অনেক রুবকারীতে ক্রমশঃ লিখিবেন।

তৃতীয়। পোলীসের কার্য্যকারকেরা যে সকল নালিশ ও এত্তেলা গ্রাহ্য করে তাহাতে তাহারাও সেই সকল বিশেষ কথা লেখে, মাজিস্ট্রেট সাহেবেরা তাহারদিগকে এমত হুকুম করিবেন।

৩। সদর আদালতের সাহেবেরা আরো এই কথা লিখিতে আমাকে আদেশ করেন। যে২ মোকদ্দমাতে অনেক লোকের নামে নালিশ হয় ও যে২ মোকদ্দমাতে সেই অনেক লোকেরদের মধ্যে কএক জন শীঘ্র করিয়া ও কএক জন বিলম্বে গ্রেফ্তার হইলে মোকদ্দমার নিষ্পত্তির বিলম্ব হয়, সেই২ মোকদ্দমাতে নালিশ অসম্পূর্ণমতে লিখিবার দোষ যদিও অতি স্পষ্টরূপে দৃষ্ট হয় বটে, তথাপি সকল প্রকারের অপরাধের তজবীজের উপর এ উপদেশ সাধারণমতে খাটিতে পারে।

এস লশিংটন।
একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ২৯ অক্টোবর।

John Robinson, *Bengalee Translator.*

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENTS.

The 27th November, 1857.

Moulvie Abdool Jubbur, late Moonsiff of Hathazaree, Zillah Chittagong, to be Moonsiff of Chowgong, Zillah Rajshahye.

Baboo Nobeenchunder Ghose, to be Moonsiff of Maniekgunge, Zillah Dacca.

Baboo Greesh Chunder Roy, to officiate as Moonsiff of Nittrokonah, Zillah Mymensing.

Moulvie Zubeeroodden Ahmed, to officiate as Moonsiff of Lushkerpore, Zillah Sylhet.

Baboo Juggonath Prosad Banerjea, Moonsiff of Busheerhaut, Zillah 24-Pergunnahs, to be Moonsiff of Sulkea, Jessore.

Baboo Prossonocoomar Mookerjea, Moonsiff of Sulkea, Jessore, to be Moonsiff of Busheerhaut, Zillah 24-Pergunnahs.

The 30th November, 1857.

Baboo Takoordoss Mookerjea, to be Moonsiff of Dwarhatta, Zillah Hooghly.

LEAVES OF ABSENCE.

The 27th November, 1857.

The remaining portion of the leave of absence which was granted to the Moonsiff of Noabad, Zillah Jessore, on the 13th August, 1856, has been cancelled from the 2nd instant.

The 30th November, 1857.

Moulvie Abdool Jubbur, Moonsiff of Chowgong, Zillah Rajshahye, for a fortnight, on Medical Certificate.

S. Lushington, *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৭ নবেম্বর।

জিলা চাটিগাঁয়ের হাটহাজারীর সাবেক মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল জব্বর জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু নবীনচন্দ্র ঘোষ জিলা ঢাকার মানিকগঞ্জের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু গিরিশচন্দ্র রায় জিলা ময়মনসিংহের নেত্রকোণার মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত মৌলবী জবীরুদ্দিন আহমদ জিলা ছিলটের লশকরপুরের মুনসেফের কর্ম্ম করিবেন।

জিলা চব্বিশপরগনার বশিরহাটের মুনসেফ শ্রীযুত বাবু জগন্নাথপ্রসাদ বাঁড়ুয্যা যশোহরের শালকিয়ার মুনসেফ হইবেন।

যশোহরের শালকিয়ার মুনসেফ শ্রীযুত বাবু প্রসন্নকুমার মুখুয্যা জিলা চব্বিশপরগনার বশিরহাটের মুনসেফ হইবেন।

১৮৫৭ সাল ৩০ নবেম্বর।

শ্রীযুত বাবু ঠাকুরদাস মুখুয্যা জিলা হুগলীর দ্বারহাটার মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২৭ নবেম্বর।

জিলা যশোহরের নওয়াবাদের মুনসেফকে ১৮৫৬ সালের ১৩ আগস্ট তারিখে যে ছুটী দেওয়া গিয়াছিল তাহার অবশিষ্টকাল বর্ত্তমান মাসের ২ তারিখঅবধি রহিত হইয়াছে।

১৮৫৭ সাল ৩০ নবেম্বর।

জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল জব্বর চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এস লশিংটন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২৮৬২ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর্ সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৫ নবেম্বর।

শ্রীযুত আর বি কক্রেল সাহেব (Mr. R V. Cockerell,) বুদবুদ এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া ১৮১১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিষ্টাণ্ট মাজিস্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারাতে আসিষ্টাণ্ট কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে সেই ক্ষমতামতে বর্দ্ধমানে ও বাঁকুড়াতে কার্য্য করিবেন।

শ্রীযুত ডাক্তর এ এচ হিলসন সাহেব (Dr. A. H Hilson,) সারণ জিলায় যে গুরখা পল্টন আছে তাহাদের এক পল্টনের চিকিৎসক হইবেন।

রাজশাহীতে বেলমারিয়া ও শাহজাদপুর ও ভবানীগঞ্জ ও চাপাইর মুনসেফ ও দিনাজপুর জিলাতে বীরগঞ্জ ও ঠাকুরগাঁ ও হেমতাবাদ ও শিবগঞ্জ ও গঙ্গারামপুর ও পত্নীতলা ও গোরাঘাট ও চিন্তামনের মুনসেফ ও রঙ্গপুর জিলাতে কৃষ্ণগঞ্জ ও ভোটমারী ও বড়বাড়ী ও বদরগঞ্জ ও অলীপুর ও বাদিয়াখালির মুনসেফ আপনং এলাকার মধ্যে ১৮৫৭ সালের ৩ আইনের ১৪ ধারানুসারে নালিশ গ্রাহ্য করিয়া বিচার করিবার ক্ষমতা পাইয়াছেন।

১৮৫৭ সাল ২৬ নবেম্বর।

রাজস্বসম্পর্কীয় তৃতীয় অর্থাৎ পূর্ব্ব খণ্ডের জরিপের কার্য্যের ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট শ্রীযুত এন টি ডেবি সাহেব (Mr. N. T. Davey,) ঢাকা ও ফরিদপুর ও ময়মনসিংহ ও ত্রিপুরা ও বাকরগঞ্জ ও পাবনা ও রাজশাহী এই সকল জিলাতে ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ২৭ নবেম্বর।

শ্রীযুত এফ আর হচিন্সন সাহেব (Mr. F. R. Hutchinson,) শাহাবাদের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

শ্রীযুত বাবু মহেশচন্দ্র বড়ুয়া বড়পেটা এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া আসামের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন।

পোলীসের নিম্নের লিখিত দারোগারা উচ্চ পদপ্রাপ্ত হইয়াছেন অর্থাৎ রাজশাহীর শ্রীযুত বাবু তারিণীচরণ রায় প্রথম শ্রেণী ও রঙ্গপুরের শ্রীযুত কালীমোহন সেন দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

ছুটী।

১৮৫৭ সাল ২৭ নবেম্বর।

বড় পেটা এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত আসামের কমিস্যনর সাহেবের সব আসিষ্টাণ্ট শ্রীযুত এচ ড্রাইবর সাহেব (Mr. H. Driver,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে গত মাসের ২২ তারিখঅবধি ছয় মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

২৯২৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৯ নবেম্বর।

শ্রীযুত জে সি এম মেনার্ড সাহেব (Mr. J. C. M. Maynard,) মানভুমের চিকিৎসকের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৭ সাল ৩০ নবেম্বর।

শ্রীযুত বাবু ব্রজনাথ কারফরমা চম্পারণের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

১৮৫৭ সাল ১ ডিসেম্বর।

শ্রীযুত বি টি টেলর সাহেব (Mr. V. T. Taylor,) বাঁকুড়ার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

এতদ্দেশীয় ৩৪ পল্টনের কাপ্তান শ্রীযুত বি এচ বগ সাহেব (Capt. B. H. Baugh,) বারাকপুরের ছাউনির জাইণ্ট মাজিষ্ট্রেট ও আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ৩ ডিসেম্বর।

শ্রীযুত জে এচ রেবন্‌শা সাহেব (Mr. J. H. Ravenshaw,) কিঞ্চিৎকালের নিমিত্তে ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া উক্ত জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৩০ নবেম্বর।

চম্পারণের সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে জে ডুরাণ্ট সাহেব (Mr. J. J. Durant,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর সংশোধিত বিধির ৯ ধারানুসারে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১ ডিসেম্বর।

পাবনার সাবেক সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু ব্রজনাথ কারফরমা গত আগষ্ট মাসের ৩১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৩ ডিসেম্বর।

ডাকাইতী নিবারণের কমিস্যনর শ্রীযুত জে আর ওয়ার্ড সাহেব (Mr. J. R. Ward,) ছুটীর নূতন সংশোধিত বিধির ৬ ধারানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পনের মাসের ছুটী পাইয়াছেন ও ফিনানসিয়ল ডিপার্টমেণ্টের গত অক্টোবর মাসের ১৪ তারিখের বিধির অনুসারে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ২৫ নবেম্বর।

রাজশাহী জিলাতে কোদালকাটির গুদারা ১৮১৯ সালের ৬ আইনানুসারে সরকারী গুদারা হইল এমত প্রকাশ হইয়াছে।

১৮৫৭ সাল ১ ডিসেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এ এস আনাণ্ড সাহেব (Mr. A. S. Annand,) বাঙ্গালনামক বাষ্পীয় জাহাজে গত মাসের ১১ তারিখে এতদ্দেশহইতে প্রস্থান করিয়াছেন এমত রিপোর্ট করেন।

১৮৫৭ সাল ৩ ডিসেম্বর।

সম্বাল পরগনার আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব (Mr. W. C. Tayler,) গত মাসের ১৯ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করেন। গত আগষ্ট মাসের ১৯ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল সেই তারিখঅবধি রহিত হইয়াছে।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. — গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

ADVERTISEMENT OF THE SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given, that the undermentioned Lots situated within the limits of 24-Pergunnahs of the Soonderbuns will be sold at Allipore in the Cutchery of the Soonderbun Commissioner, on Wednesday, the 16th December, 1857, corresponding with the 2nd Poose, 1264, B. S.

2nd. The highest bidder will be entitled to the Lots, on depositing immediately after the sale the full amount of the bid, on condition, the sale is sanctioned by the higher authorities otherwise the money will be refunded to the party without interest. On confirmation of the sale the Pottah will be drawn up in the name of the purchaser, under orders of Government of the 24th September, 1853; and will be made over to him after Registry at the Office of the Board of Revenue, Lower Provinces, and the purchaser will become the Grantee of the lands under the conditions prescribed in the Pottah, save and except such lands as may be required by Government for the Manufacture of Salt.

3rd. It is further notified, that intending purchasers who are desirous to inspect the Maps of the Lots, or to obtain any information connected with them, and their present condition; can learn the same by attending either personally or through their Agents at the Office of the Commissioner in the Soonderbuns at Allipore.

No. of Lot.	Estimated quantity of land in Begah.	Remarks.
8	13,700	A well defined Lot on the banks of the Hooghly River opposite Saugor Island; *eight* applications have been received for this Lot.
15	12,800	A well situated Lot on the banks of the Gobadeah River; *two* applications have been received for this Lot.
16	10,687	This Lot is to the North of Lot No. 15, and borders on the Zemindaree lands of Pergunnah Hateagur, the boundary with which, has been recently fixed; several applications have been received for this Lot.
24	8,900	The lands are very advantageously situated, several applications have been received for this Lot. One or two fine old tanks are included in it.
26	13,500	This is also a valuable Lot, there are several applicants for it.
87	2,200	This is a small Lot, surrounded by cultivated lands, and on the Regular Calcutta *route* through the Soonderbuns.

J. H. REILY, *Commissioner of Soonderbuns.*

Soonderbuns Commissioner's Office, Allipore, the 27th November, 1857.

সুন্দরবনের কমিস্যনরি দপ্তরখানার ইস্তাহার।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে মহামান্য বোর্ড রিবিনিউর আদেশমতে জেলা ২৪ পরগনার মোতালক সুন্দরবনসংক্রান্ত নিম্নের লিখিত লাটহায়ের পাট্টা আলিপুর মোকামে সুন্দরবনের কমিস্যনরি কাছারিতে ইংরাজী ১৮৫৭ সালের ১৬ ডিসেম্বর মোতাবেক সন ১২৬৪ সালের ২ পৌষ বুধবার তারিখে বেলা দুই

[*Government Gazette, 8th December,* 1857.]

প্রহরের সময়ে নীলাম হইবেক যে ব্যক্তি উচ্চ মুল্যে ডাকে তিনি লাট পাইবেন তৎক্ষণাৎ খরিদের সমুদয় মুল কমিস্যনরকে দিতে হইবেক পরে গবর্ণমেণ্টের সন ১৮৫৩ সালের ২৪ সেপ্টেম্বর দিবসীয় রুলানুযায়ী পাট্টা তাহার নামে প্রস্তুত হইলা সদর বোর্ড রিবিনিউর মঞ্জুরিমতে তাহাকে দেওয়া যাইবেক এবং সরকারের লবণ প্রস্তুত জন্য ঐ হাটহাদের মধ্যে কিছু জমী লওয়া প্রয়োজন হইলে তাহা ছাড়িয়া দেওয়ার নিয়ম পাট্টায় লেখা যাইবেক পরন্তু খরিদদার মজকুর ঐ পাট্টার লিখিত নিয়মানুসারে জমীতে দখলকার হইয়া রাজস্ব আদায় করিবেক এবং আরো জানান যাইতেছে যে খরিদাকাঙ্ক্ষি ব্যক্তিগণ কেহ ঐ জমীর নকশা দেখিতে চাহিলে স্বয়ং কিম্বা মোক্তারের দ্বারায় কমিস্যনরের উক্ত মোকামের কাছারিতে যাইয়া দেখিতে পারেন এবং নীলামের অপর বেওরা নীলামের সময়ে প্রকাশ করা যাইবেক আর যদিস্যাৎ এই নীলাম বোর্ড রিবিনিউর হুজুরে মঞ্জুর না হয় তবে খরিদদার পণের টাকা বিনাসুদে ফেরত পাইবেক ইতি সন ১৮৫৭ সাল তারিখ ২৫ নবেম্বর।

লাটের নম্বর	আন্দাজী জঙ্গল জমী	
৮ নং	১৩৭০০/	এই লাট হুগলী নদীর পূর্ব্ব ধারে সাগর আইলাণ্ডের সামনাসামনি এহার চারি তরফের সীমানা ভালমতে নির্দ্দিষ্ট আছে আর এই লাটের বাবত ৮ কেতা দরখাস্ত পড়িয়াছে।
১৫ নং	১১৮০০/	এই লাট গোবর্দ্দীনা নদীর ধারে এহার সীমানা উত্তমরূপ আছে এবং এই লাট বন্দোবস্ত করিয়া লওয়া জন্য ১ কেতা দরখাস্ত পড়িয়াছে।
১৬ নং	১০৬৮৭/	এই লাট উক্ত ১৫ নং লাটের উত্তর হাতিয়া ঘর পরগনার জমীদারির জমীর লাগাও আর এই লাটের বাবত কএক খানা দরখাস্ত পড়িয়াছে।
১৪ নং	৮৯০০/	এই লাট যে স্থলে সে জায়গা বড় উত্তম আর এই লাটের মধ্যে এক কি দুই টা পুরাতন ভাল পুষ্করিণী আছে আর এই লাটের বাবত অনেক দরখাস্ত পড়িয়াছে
১৬ নং	১৩৫০০/	এই লাট বড় উত্তম এবং এহার জন্যে অনেক দরখাস্ত পড়িয়াছে।
৮৭ নং	১২০০/	এই লাট ছোট কিন্তু এহার চারি তরফে অন্য আবাদের আবাদী জমী আছে এবং কলিকাতা যাতায়াতের নদীর ও রাস্তার কিনারায় ইতি।

J. H. REILY, *Commissioner of Soonderbuns.*

NOTICE.

Required, under Act XII. of 1856 an Ameen of the 1st class, for the Civil Court of West Burdwan: salary 70 Rs. per mensem. Candidates to make written applications to this Court, on or before the 21st instant, stating, therein, whether they possess a competent knowledge of Surveying, inclusive of exactness and facility in draughting what has been surveyed. Maps of their own drawing should be laid before the Court. As persons qualified to appear as Pleaders, in the Superior Courts, will be preferred, the certificates of such candidates should accompany their applications.

They may be required to undergo an examination in Surveying, if thought necessary.

PIERCE TAYLOR, *Judge.*

Zillah West Burdwan Dewanny Adawlut, the 2nd December, 1857.

বিজ্ঞাপন।

১৮৫৬ সালের ১২ আইনানুসারে জিলা পশ্চিম বর্দ্ধমানের দেওয়ানী আদালতের নিমিত্তে মাসিক ৭০২ টাকা বেতনে প্রথম শ্রেণীর এক জন আমীনের প্রয়োজন হইয়াছে। অতএব পদাকাঙ্ক্ষি ব্যক্তিগণের কর্ত্তব্য যে বর্ত্তমান মাসের ২১ তারিখে বা তৎপূর্ব্বে অত্র আদালতে দরখাস্ত করে এবং ঐ দরখাস্তে লিখিতে হইবেক যে তাহারা সরবে মাপ করিতে ও যাহা মাপ হইবেক তাহা যথার্থ ও দ্রুতরূপে খসড়া করিতে জানে। আর তাহারদের স্বকৃত নকশা এই আদালতে দাখিল করিতে হইবেক এবং যেহেতুক উচ্চ আদালতে ওকালতি করণের যোগ্যতাপ্রাপ্ত ব্যক্তিগণ অগ্রগণ্য হইবেক অতএব এরূপ পদাকাঙ্ক্ষিগণের সার্টিফিকট তাহারদের দরখাস্তের সহিত দেওয়া কর্ত্তব্য।

২। আবশ্যক হইলে সরবে মাপের পরীক্ষা দিতে হইবেক।

জিলা পশ্চিম বর্দ্ধমান দেওয়ানী আদালত ২ ডিসেম্বর ১৮৫৭ সাল। PIERCE TAYLOR, *Judge.*

NOTICE

Required, under Act XII. of 1856, four Ameens, of the 2nd class, for the Civil Courts of West Burdwan, at a salary of 50 Rs. each, per mensem. Candidates to make written applications to this Court, on or before the 21st instant, stating, therein, whether they possess a competent knowledge of Surveying, inclusive of exactness and facility in draughting, what has been surveyed. Maps of their own drawing should be laid before the Court. As persons qualified to appear as Pleaders, in the Courts of Sudder Ameens and Moonsiffs, will be preferred, the Certificates of such Candidates should accompany their applications.

They may be required to undergo an examination in Surveying, if thought necessary.

PIERCE TAYLOR, *Judge.*

Zillah West Burdwan, Dewanny Adawlut, the 2nd December, 1857.

বিজ্ঞাপন

১৮৫৬ সালের ১২ আইনানুসারে জিলা পশ্চিম বর্দ্ধমানের দেওয়ানী আদালতের নিমিত্তে মাসিক ৫০২ টাকা বেতনে দ্বিতীয় শ্রেণীর ৪ জন আমীনের প্রয়োজন হইয়াছে। অতএব পদাকাঙ্ক্ষি ব্যক্তিগণের কর্ত্তব্য যে বর্ত্তমান মাসের ২১ তারিখে বা তৎপূর্ব্বে অত্র আদালতে দরখাস্ত করে এবং এ দরখাস্তে লিখিতে হইবেক যে তাহারা সরবে মাপ করিতে ও যাহা মাপ হইবেক তাহা যথার্থ ও দ্রুতরূপে খসড়া করিতে জানে। আর তাহারদের স্বকৃত নকশা এই আদালতে দাখিল করিতে হইবেক এবং যেহেতুক সদর আমীনের ও মুনসেফের আদালতের ওকালতী করণের যোগ্যতাপ্রাপ্ত ব্যক্তিগণ অগ্রগণ্য হইবেক অতএব এরূপ পদাকাঙ্ক্ষিগণের সার্টিফিকট তাহারদের দরখাস্তের সহিত দেওয়া কর্ত্তব্য।

২। আবশ্যক হইলে সরবে মাপের পরীক্ষা দিতে হইবেক।

জিলা পশ্চিম বর্দ্ধমান। দেওয়ানী আদালত ২ ডিসেম্বর ১৮৫৭ সাল। PIERCE TAYLOR, *Judge.*

SALT.

নিমক।

মাসকাবারী হিসাব মৌজুদ নেমক মায় ৪ পরসেন্ট গোলাশুক্তি বাবৎ লাগাদ ৩০ নবেম্বর সন ১৮৫৭ সাল প্রত্যেক এজেন্সীর ও সালিয়ার গোলাজাতের মৌজুদ নেমক।

এজেন্সীর নাম।		সন ১২৫৮ সাল মোতাবক ইংরাজী ১৮৫১। ৫২ সাল এবং পূর্ব্ব সনহায়ের	সন ১২৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১২৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১২৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	সন ১২৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১২৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬। ৫৭ সাল	মৌজুদ নমকের একুন।
হিজলি।								
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর।		০	০	০	০	০	৫,৬০৯॥২	৫,৬০৯॥২
ঐ কৃষ্ণনগর।		০	০	০	০	২,৫৬১॥৫	২,০১,৮২৬।২	২,০৪,০৮৭৸৭
ঐ রামনগর।		০	০	০	৫,০৯৭/	০	১,৮৯,১৩২।৬	১,৯৪,২২৯।৬
ঐ উত্তর কালীনগর।		০	০	০	০	০	১২,০৪২৸৫	১২,০৪২৸৫
ঐ পুরী ঘাট।		০	০	০	০	৩৫,০৭৩।০	১,২৬,৯৭৭।২	১,৬২,০৫০॥২
	একুন	০	০	০	৫,০৯৭/	৩৭,৬৩৪।৫	৫,৬৫,৫৮৮।৭	৬,০৮,৩২০।২
তমলুক।								
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।		০	০	০	০	০	২৪,০২৯৸৮।	২৪,০২৯৸৮।
	একুন।	০	০	০	০	০	২৪,০২৯৸৮।	২৪,০২৯৸৮।
২৪ পরগনা।								
পাঙ্গা নেমক ঘাট ধোস।		০	০	০	০	১,৪২৬/	৭২,২০২/৬॥	৭৩,৬২৮/৬॥
ঐ বাগুণ্ডি।		০	০	০	০	৪,৮২৭/৯	১,৪৫,৮৭৯/৮॥	১,৫০,৭০৬।৭॥
	একুন।	০	০	০	০	৬,২৫৩/৯	২,১৮,০৮১।৫	২,২৪,৩৩৪॥৪

এজেন্সীর নাম।	সন১২৫৮সাল মোতাবক ইঙ্গরাজী ১৮৫১।৫২ সাল এবং পূর্ব্ব সমহ্বয়ের	সন ১১৫৯ সাল মোতাবক ইং ১৮৫২। ৫৩ সাল	সন ১১৬০ সাল মোতাবক ইং ১৮৫৩। ৫৪ সাল	সন ১১৬১ সাল মোতাবক ইং ১৮৫৪। ৫৫ সাল	সন ১১৬২ সাল মোতাবক ইং ১৮৫৫। ৫৬ সাল	সন ১১৬৩ সাল মোতাবক ইং ১৮৫৬। ৫৭ সাল	মৌজুদ নমকের একুন
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক বাগখালি ঘাট।	০	০	০	০	০	৪৫.৩৪০৷৹	৪৫,৩৪০॥০
পাঙ্গা নেমক সদর ঘাট এজেন্সী।	০	০	০	০	১.৮৩৭/	১,৭৫ ৭৪৬৸৫	১,৭৭.৫৮৩৸৫
ঐ আরাকিন।	০	০	০	০	০	৫৮,৪৫৮/৫	৫৮,৪৫৮/৫
একুন।	০	০	০	০	১,৮৩৭/	২.৭৯,৫৪৫॥০	২,৮১,৩৮২॥০
শালিখা।							
পাঙ্গা নেমক কটক।	০	০	০	০	২৬,৪৫৩।০	০	২৬,৪৫৩।০
ঐ বালেশ্বর।	০	০	০	০	০	০	০
ঐ খোরদা।	০	০	০	৩৫/	০	০	৩৪/
ঐ চিলকা।	০	০	০	১৮/	১৮১/	০	২০৯/
ঐ ২৪ পরগনা।	০	০	০	০	৪,৩২০/	১৩,৬৩১/	১৭,৯৫১/
ঐ ঐ নারায়ণপুর।	২,০২,১১৭॥০	০	০	০	০	০	২.০২,১১৭॥০
করকচ মান্দ্রাজ পরমিট।	০	০	০	২,৬১,৩২৭৸০	৭,০৩,২৩২/	০	৯.৬৪,৫৫৯৲০
ঐ চিলকা।	০	০	৯৫৮/	৮০,১১২॥০	৯৪,৬০৬/	০	১,৭৫,৬৭৬৷০
পাঙ্গা নেমক পুরী ঘাট।	০	০	০	১৩/	০	০	১৩/
একুন।	২,০২,১১৭॥০	০	৯৫৮/	৩,৪১,৫১২।০	৮২৮.৭৯২।০	১৩,৬৩১/	● ১৩,৮৭,০১৪/
আরাকিন।							
পাঙ্গা নেমক ঘাট কৈকফু।	০	০	০	০	১১,৯২৪।২	* ৪২,৯৩৪॥০	৫৬,৮৫৯/২
একুন।	০	০	০	০	১১,৯২৪॥২	৪২,৯৩৪।০	৫৬,৮৫৯/২
মোট একুন।	২,০২,১১৭॥০	০	৯৫৮/	৩,৪৬,৬১২।০	৮,৮৮.৪৪১৸৬	১,৪৩৮১০৸০।	২৫,৮১.২৪০।৬।

* ১৮৫৬। ৫৭ সালের — ৪১,৮৬০/
১৮৫৭ ৫৮ সালের — ১,০৭৪॥০

ই. টি ট্রেবর। সেক্রেটারী।

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of the Petition of **WILLIAM JOHN TWENTYMAN**, an Insolvent.

NOTICE is hereby given, that on the seventh day of November last, it was ordered that the said Insolvent be for ever discharged from all liability whatsoever for or in respect of the several debts due from him to the following persons, that is to say, Chundersakhur Mullick, Colvin, Ainslie, Cowie and Co., John Cowie, Thomas Black, and Mrs. Eleanor Twentyman, Executors and Executrix to the Estate of William Henry Twentyman, Chundercaunto Mookerjee, Pearymohun Day, Sir T. E. M. Turton, Baronet, Register of the Supreme Court in Calcutta, Administrator to the Estate of James Campbell, deceased, P. Sutherland, Roycehurn Paul, Arson and Co., William Williams, Greedhur Sain and Co., R. Aubray, Gibson and Co., P. S. DeRozario and Co., Thacker and Co., Mrs. A. Carbery, Le Ling Lee, Ausrof, Ogeer, Mothormohun Roy and Co., Ed. Townsend and Co., J. Weaver, Sheriff and Co., Dr. C. Peary, J. Lyall, W. R. Lackersteen and J. Beckwith, Esquires, of Calcutta, three of the trustees of the late firm of J. Mackey and Co., Gopey Carpenter, Goluck Carpenter, Gowreesunker Mitter, Jones Allan and Co., Thomas Block, Jessop and Co., Edward Presgrave, D. Wilson and Co., D. Sheen, Cook and Co., Llewllyn and Co. R. Scott Thompson and Co., Hamff Tailor, Madames St. Chevrot, Arthur, Pittar Lattay, Ostell and Lepage, E. Noskey and Co., Surreefan Dhee, Kader Khitmutgar, Mrs. Barbara Hancock alias Mrs. Barbara Bailey, Burkinyoung and Co., Bathgate and Co., Nawab Tower Jung, Rajnarain Pramanick, Dookeeram Day, J. Spence and Co., J. S. Morton, Sir T. E. M. Turton, Baronet, Ecclesiastical Register of the Supreme Court in Calcutta, Administrator to the Estate of G. S. Hutteman, who was Executor to the Estate of J. Robison, G. T. Crompton, Bulloram Biswas, C. Gould, Sheity and Co., Roy Brothers, R. O'Dowda, Esquire, Assignee to the Estate of R. Mackenzie, or J. A. Currie and Co., R. O'Dowda, Esquire, Assignee to the Estate of Macterlane and Co., R. O'Dowda, Esquire, Assignee to the Estate of Begoie and Co., R. O'Dowda Esquire, Assignee to the Estate of W. Rushton, R. O'Dowda, Esquire, Assignee to the Estate of T. Perry, R. O'Dowda, Esquire, Assignee to the Estate of J. Montieth, R. O'Dowda, Esquire, Assignee to the Estate of Juggobundo Sein, R. O'Dowda, Esquire, Assignee to the Estate of Fergusson, Brothers and Co., Joseph Tosh, Modoosoodun Soor and Co., R. C. Lepage, of Tank Square, Executor to the Estate of T. E. Thomson, deceased, F. P. Sanders, Sanders and Cones, George Gibson Jones, Pearcemohun Doss, Pearymohun Soor, Rajkissen Sein, J. N. T. Wood, Hurrochunder Day and Co., Mrs. May Phipps, Mrs. Eleanor Twentyman, C. G. Strettell, G. E. South, Executor to the Estate of Mrs. Caroline Basterd, deceased, J. Finch, John Jones, Hurry Poddar, J. Bodry, Bermomoye Dossee, John Daire, T. Chretian, Essenchunder Shaw, Nobinchunder Coondoo Sir T. M. Turton, Bart., Ecclesiastical Register of the Supreme Court in Calcutta, Administrator to the Estate of Nathaniel Hudson, decd., Mr. T. Mars, Samachurn Boose, Sibchunder Karmokar, Mr. W. B. McCannan, Charles Horatio Twentyman, Jubbhoo Coachman, J. S. Judge, and W. J. Judge, Judge Brothers, and Downing, Judge, Judge and Barwell, W. J. Judge, F. Perry, Newson and Camble, J. Muller, Executor to the Estate of William Turner, deceased, D. C. Mackey, P. R. Crump, H. A. Woollaston, R. J. Cardozo, Dwarkanauth Goopto, Roy Petumber Mitter Behadoor, Poncha Cook, Edoo Chokra, Baboo Callceoomar Mookerjee, Mrs. S. Dyson, Executrix to the Estate of D. Dyson, deceased, Khosaul Keetabwallah, Prawnkissen Paut, James Hume, Esquire, K. Caunder and Co., Puddar Bearer, Dwarkanauth Bose, William Cleghorn, Joshua Rowe, and T. B Swinhoe, Executor to the Estate of Captain R. A. Macnaghten, deceased, unless cause be shewn to the contrary on Saturday the 9th day of January next.

ROBT. ROBERTSON,
Attorney.

6, Hastings' Street, Calcutta, 4th December, 1857.

কলিকাতা যোত্রহীনেরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন উলিয়ম জান টুএণ্টিমান সাহেবের দরখাস্তের বিষয়ে।

এই সম্বাদ দেওয়া যাইতেছে। গত নবেম্বর মাসের ৭ তারিখে হুকুম হইয়াছিল যে, আগামি জানুআরি মাসের ৯ তারিখ শনিবারে যদি বিপক্ষ কারণ প্রকাশ না হয় তবে উক্ত যোত্রহীন নীচের লিখিত মহাশয়েরদের যত টাকা ধারেন তাহার সমুদয় দায়হইতে সম্পূর্ণরূপে মুক্ত হইবেন। বিশেষতঃ শ্রীচন্দ্রশেখর মল্লিক, কালবিন এনসলি কৌই কোম্পানি, উলিয়ম হেনরি টুএণ্টিমান সাহেবের অছি জান কৌই ও তামস ব্লাক সাহেব ও বিবি ইলিএনর টুএণ্টিমান, চন্দ্রকান্ত মুখুয্যা, পেয়ারীমোহন দে, মৃত জেম্স কাম্বেল সাহেবের ইষ্টেটের আডমিনিষ্ট্রেটর ও কলিকাতার সুপ্রিম কোর্টের রেজিষ্টর বারণেট শ্রীযুত সর টি ই এম টরটন সাহেব, পি সথরলাণ্ড সাহেব, রাইচরণ পাল, আরসন কোম্পানি, উলিয়ম উলিয়মস্ সাহেব, গিরিধর সেন কোম্পানি, আর অব্রে সাহেব, গিবসন কোম্পানি, পি এস ডিরোজারিও কোম্পানি, থাকর কোম্পানি, বিবি এ কারবরি, লি সিংলি, আসরফ, ওজীর, মথুরমোহন রায় কোম্পানি, ই টৌনসেন কোম্পানি, জে উইবর সাহেব, শরিফ কোম্পানি, ডাক্তর সি পারি, জে মাকি কোম্পানির সাবেক কুঠির ট্রষ্টি কলিকাতানিবাসি জে লাইয়ল ও ডবলিউ আর লাকরষ্টিন ও জে বেকইথ সাহেব, গোপী ছুতার, গোলোক ছুতার, গৌরীশঙ্কর মিত্র, জোন্স আলান কোম্পানি, তামস ব্লাক সাহেব, জেসপ কোম্পানি, এডুার্ড প্রেসগ্রেব সাহেব, ডি উইলসন কোম্পানি, ডিশীন, কুক কোম্পানি, লুএলিন কোম্পানি, আর স্কট তামসন কোম্পানি, হানিফ দরজী, মাদাম সেন্ট শেবরো, আর্থর পিটার লাটি সাহেব, আষ্টেল ও লাপেজ সাহেব, ই নসকি কোম্পানি, সরীফান ধী, কাদির খিজমৎগার, বিবি বারবারা হানকক ওরফে বিবি বারবরা বেলি, বর্কিনইয়ং কোম্পানি, বাথগেট কোম্পানি, নবাব তৌয়র জঙ্গ, রাজনারায়ণ প্রামাণিক, দুঃখিরাম দে; জে স্পেন্স কোম্পানি, জে এস মর্টন সাহেব, জে রাবিসন সাহেবের ইষ্টেটের অছি জি এস হটিমান সাহেব ছিলেন, তাঁহার ইষ্টেটের আডমিনিষ্ট্রেটর ও কলিকাতার সুপ্রিম কোর্টের ইক্লিসিয়াষ্টিকল রেজিষ্টর বারণেট শ্রীযুত সর টি ই এম টরটন সাহেব, জি টি ক্রমটন সাহেব, বলরাম বিশ্বাস, সি গোল্ড সাহেব, শটি কোম্পানি, রায় ব্রাদর, আর মাকেঞ্জি সাহেবের অর্থাৎ জে এ করি কোম্পানির ইষ্টেটের আসৈনি আর ওডোডা সাহেব, মাকফারলেন কোম্পানির ইষ্টেটের আসৈনি আর ওডোডা সাহেব, বেগবি কোম্পানির ইষ্টেটের আসৈনি আর ওডোডা সাহেব, ডবলিউ রশটন সাহেবের ইষ্টেটের আসৈনি আর ওডোডা সাহেব, টি পেরি সাহেবের

ইষ্টেটের আসৈনি আর ওডৌডা সাহেব, জে মণ্টাথ সাহেবের ইষ্টেটের আসৈনি আর ওডৌডা সাহেব, জগবন্ধু সেনের ইষ্টেটের আসৈনি আর ওডৌডা সাহেব. ফরগসন ব্রাদর কোম্পানির ইষ্টেটের আসৈনি আর ওডৌডা সাহেব. জোসেফ টশ সাহেব. মধুসূদন শূর কোম্পানি. মৃত টি ই তামসন সাহেবের ইষ্টেটের অছি লালদীঘীর আর সি লি পেজ সাহেব, এফ পি সাওর্স সাহেব, সাওর্সও কোম্প জর্জ গিবসন জোন্স সাহেব, পেয়ারীমোহন দাস, পেয়ারীমোহন শূর, রাজকৃষ্ণ সেন, জে এন টি উড সাহেব. হরচন্দ্র দে কোম্পানি, বিবি মেরি ফিপস, বিবি ইলিএনর টুএণ্টিমান, সি জি ষ্টেচল সাহেব, মৃতা বিবি কারলাইন বাষ্টর্ডের ইষ্টেটের অছি জি ই সৌথ সাহেব, জে ফিঞ্চ সাহেব, জান জোন্স সাহেব, হরি পোদ্দার, জে বড্রি সাহেব, ব্রহ্মময়ী দাসী, জান ডেইরা সাহেব, টি ক্রেটিয়ান সাহেব, ঈশানচন্দ্র শা, নবীনচন্দ্র কুণ্ডু, মৃত নাথানিএল হডসন সাহেবের ইষ্টেটের আডমিনিষ্ট্রেটর ও কলিকাতার সুপ্রিম কোর্টের ইক্লিসিয়াষ্টিকেল রেজিষ্টর বারণেট শ্রীযুত সর টি ই এম টরটন সাহেব, টি মার্স সাহেব, শ্যামাচরণ বসু, শিবচন্দ্র কর্ম্মকার, ডবলিউ বি মাকায়া সাহেব, চারলস হরেসিও টুএণ্টিমান সাহেব, ঝরু কোচমান, জে এস জজ সাহেব ও ডবলিউ জে জজ সাহেব, জজ ব্রাদর ও ডৌনিং সাহেব, জজ জজ ও বারওয়েল সাহেব, ডবলিউ জে জজ সাহেব, এফ পেরি সাহেব, নিউমন ও কায়েল সাহেব, মৃত উলিয়ম টনর সাহেবের ইষ্টেটের অছি জে মলর সাহেব. ডি সি মাকি সাহেব. পি আর ক্রম্প সাহেব, এচ এ উলাষ্টন সাহেব, আর জে কার্ডোজো সাহেব, দ্বারকানাথ গুপ্ত, রায় পীতাম্বর মিত্র বাহাদুর, পঞ্চা বাবরচী, ইদু ছোকরা, বাবু কালীকুমার মুখুয্যা, মৃত ডি ডাইসন সাহেবের ইষ্টেটের অছি বিবি এস ডাইসন, খোশাল কিতাবওয়ালা, প্রাণকৃষ্ণ পাল, জেমস হিউম সাহেব, ক চন্দ্র কোম্পানি. পদ্ম বেহারা. দ্বারকানাথ বসু, উলিয়ম ক্রেগর্ন সাহেব. জশুয়া রো সাহেব, ও মৃত কাপ্তান আর এ মাকনাটন সাহেবের ইষ্টেটের অছি টি বি সুইনহো সাহেব।

রাবর্ট রাবর্টসন। উকীল।

৬ নং হেষ্টিংষ্ট্রিট। কলিকাতা। ১৮৫৭ সাল ৪ ডিসেম্বর।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশতিহার

বিজ্ঞাপন। নিম্নলিখিত পুস্তক সকল কলিকাতাস্থ পূর্ণচন্দ্রোদয় যন্ত্রালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে, নগদ মূল্য পাঠাইলেই পাইতে পারিবেন।

শব্দাম্বুধি ৩৮০০০ শব্দের অর্থ সম্বলিত	২॥০
নূতনাভিধান ২০০০ ঐ ঐ	১৲
অমরার্থ দীধিতি	১॥০
হরিভক্তি বিলাস সটিক	১০৲
সন্ধার্থ পূর্ণচন্দ্র, ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ১২ সংখ্যাপর্য্যন্ত	৩৲
এবং প্রতিমাসে এক২ খণ্ড প্রকাশ হইতেছে	।০
১ নাং ১২ সংখ্যা অগ্রিম	২৲
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ১। ২। ৩। ৪। ৫। স্কন্ধ	২।০
অষ্টাদশ সর্ব্ব মহাভারত, প্রায় সহস্র পৃষ্ঠা, এক খণ্ডে সম্পূর্ণ	৪৲
আরবীয়োপাখ্যান, ১। ২। ৩। ৪ খণ্ড	৪৲
অপূর্ব্বোপাখ্যান, ২১ প্রতিমূর্ত্তিতে	২৲
বত্রিশ সিংহাসন, গদ্য	১৲
আঢ্যকৃত ইং বাং ডিক্সনরী অর্থাৎ ইং শব্দের ইং ও বাং অর্থ সম্বলিত ৭০০ পৃষ্ঠা এ প্রকার ডিক্সনরী পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই	৫৲
শিব সংকীর্ত্তন, শিব দুর্গার প্রসঙ্গ	১৲
ইংরাজী শকুন্তলা	১৲
ঐ প্রবোধচন্দ্র নাটক	১৲
হিতোপদেশ, ইং বাং সংস্কৃত	৪৲
বেদান্তসার	১৲
কাঞ্চীর বিচার	॥০
অন্নদামঙ্গল, বিদ্যাসুন্দর মানসিংহ চৌরপঞ্চাশত ১ জেল্দে ১০ খণ্ড প্রতিমূর্ত্তি সম্বলিত	১৲
কাপ্তান রোবক ও হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার বৃহৎ অভিধান	৪০৲
রিচার্ডসনকৃত ইংরাজী ও পারস্য এবং পারস্য ও ইংরাজী ডিক্সনরী ২ বালম	৫০৲
৺ প্রাণকৃষ্ণ বিশ্বাসের কৃত প্রাণতোষণী নামক গ্রন্থ	৫০৲

পুং। ডবল ক্রৌন এবং সুপর রাএল নামক লোহার প্রেস কয়েকটা বিক্রয়ার্থ প্রস্তুত আছে।

ARMY AND GENERAL AGENCY.

The undersigned beg to announce that they have opened an Army and General Agency, with News and Subscribers' Rooms, at Allahabad and Cawnpore, with a view to meet the wants and requirements of Officers of Her Majesty's and the Honorable East India Company's Services, proceeding to, and on Service, in the North Western Provinces.

In addition to the ordinary business of a General Agency, the undersigned have opened Banking Agency, and extensive warehouses, for receiving and storing property of every description.

Subscription Twenty-five Rupees per Annum.

Subscribers' names will be registered at the Offices, at Writers' Buildings, Calcutta, at Allahabad, and at Cawnpore, by

PALMER AND CO.

[গবর্নমেণ্ট গেজেট। ১৮৫৭। ৮ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 15, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ১৫ ডিসেম্বর।

ACT.

LEGISLATIVE COUNCIL OF INDIA.

THE 5TH DECEMBER, 1857.

THE following Act, passed by the Legislative Council of India, received the assent of the Right Honorable the Governor General on the 28th November 1857, and is hereby promulgated for general information:—

ACT No. XXXII. OF 1857.

An Act to amend the Articles of War for the Native Army.

[Preamble.]

WHEREAS it is expedient that, on every conviction of Mutiny or Desertion, the Government or the Court or other lawful authority by which the offender shall be convicted should have power to order the offender to be marked; It is enacted as follows:—

[Government empowered to order Mutineers and Deserters to be marked.]

I. It shall be lawful for the Government, by any general or special order, to direct that all or any persons or person subject to the Articles of War for the Native Army, who have been or shall be convicted of Mutiny or Desertion, shall be marked on the left side two inches below the armpit with the letter M in the case of a conviction of Mutiny, and with the letter D in the case of a conviction of Desertion, either alone or together with such other mark as the Government may consider necessary for the purpose of identifying the offender at any future time, or of denoting the punishment to which he has been sentenced. The letter shall not be less than an inch long; and such letter and other mark shall be made upon the skin with some ink, gunpowder, or other preparation,

আইন।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেল।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ৫ ডিসেম্বর।

ভারতবর্ষের ব্যবস্থাপক কৌন্সেলের জারীকরা নীচের লিখিত আইনেতে শ্রীযুত রাইট অনরবিল গবরনর্ জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৫৭ সালের ২৮ নবেম্বর তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সকল লোককে জানাইবার জন্যে ইহাতে প্রকাশ করা যাইতেছে।

ইঙ্গরেজী ১৮৫৭ সাল ৩২ আইন।

এদেশীয় সিপাহীরদের বিষয়ি যুদ্ধসম্পর্কীয় আইন সংশোধন করিবার আইন।

[হেতুবাদ।]

কোন সিপাহীর রাজবিদ্রোহ হইবার কি পলাতক হইবার দোষ সাব্যস্ত হইলে ঐ অপরাধির গায়ে দাগ দিবার হুকুম করিতে গবর্ণমেণ্টের কিম্বা যে আদালতের কি আইনসিদ্ধ অন্য যে কার্য্যকারকের দ্বারা অপরাধির দোষ সাব্যস্ত হয় তাঁহার ক্ষমতা থাকা বিহিত, এই কারণে নীচের লিখিতমতে হুকুম হইল।

[রাজবিদ্রোহিরদের ও পলাতকেরদের গায়ে দাগ দিতে গবর্ণমেণ্টের হুকুম করিবার ক্ষমতার কথা।]

১ ধারা। এই দেশীয় পল্টনের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় যে আইন হইয়াছে তাহার অধীন কোন লোকের রাজবিদ্রোহ হইবার কি পলায়ন করিবার দোষ যখন সাব্যস্ত হয়, তখন গবর্ণমেণ্ট কোন সাধারণ কিম্বা বিশেষ হুকুম করিয়া এমত আজ্ঞা করিতে পারিবেন যে, ঐ সকল অপরাধির কিম্বা তাহারদের মধ্যে কোন লোকের রাজবিদ্রোহ হইবার দোষ সাব্যস্ত হইলে বাম পার্শ্বে বগলের নীচে দুই বুরুল স্থান রাখিয়া M এই অক্ষরের দাগ দেওয়া যায় ও পলাতক হইবার দোষ সাব্যস্ত হইলে D এই অক্ষরের দাগ দেওয়া যায়। ও তদ্ভিন্ন সেই অপরাধিকে অন্য কোন সময়ে চিনিবার জন্যে কিম্বা তাহার যে দণ্ডের আজ্ঞা হইয়াছে তাহা জানাইবার জন্যে গবর্ণমেণ্ট যদি অন্য কোন দাগ আবশ্যক জ্ঞান করেন তবে সেই দাগও দেওয়া যায়। ঐ অক্ষর এক বুরুলের কম লম্বা হইবেক না ও সেই অক্ষর ও অন্য দাগ অপরাধির গায়ে কালি কি বারুদ দিয়া কি অন্য

so as to be visible and conspicuous and not liable to be obliterated.

[Court may, as part of the sentence, order Mutineers and Deserters to be marked.]

II. It shall also be lawful for the Court, or other lawful authority by which any person subject to the Articles of War for the Native Army may be convicted of Mutiny or Desertion, to order, as part of the sentence on such person, that he be marked with the letter M or D as the case may be, which letter shall be made in the manner hereinbefore directed.

[Interpretation.]

III. The word "Government," as used in this Act, shall mean the Governor General of India in Council, or the Executive Government of the Presidency within which the offender shall have been tried.

[Past sentences and orders to be deemed valid.]

IV. Any sentence or order, by which any person subject to the Articles of War for the Native Army may upon conviction of Mutiny or Desertion have been ordered to be marked, shall be deemed valid.

W. MORGAN,
Clerk of the Council.

প্রকারের প্রস্তুত দ্রব্য দিয়া এমতে বসান যাইবেক যে তাহা দেখা যায় ও স্পষ্ট হয় ও কখন উঠাইয়া দেওয়া যাইতে না পারে ইতি।

[আদালত রাজবিদ্রোহিরদের ও পলাতকেরদের দণ্ডের আজ্ঞাপত্রেতে তাহারদের গায়ে দাগ দিবার হুকুম করিতে পারিবেন।]

২ ধারা। আরো এদেশীয় পল্টনের নিমিত্তে যুদ্ধসম্পর্কীয় যে আইন আছে তাহার অধীন কোন লোকের রাজবিদ্রোহি হইবার কি পলাতক হইবার দোষ যে আদালতে কিম্বা আইনসিদ্ধ অন্য যে কার্য্যকারকের দ্বারা সাব্যস্ত হয় সেই আদালত কি সেই কার্য্যকারক ঐ লোকের দণ্ডাজ্ঞার মধ্যে এই আজ্ঞাও করিতে পারিবেন যে তাহার গায়ে বিষয়বিশেষে M. কিম্বা D. অক্ষরের দাগ দেওয়া যায়। সেই দাগ ইহার পূর্ব্বের লিখিত বিধানমতে বসান যাইবেক ইতি।

[অর্থ করণের ধারা।]

৩ ধারা। এই আইনের মধ্যে "গবর্ণমেণ্ট" এই শব্দেতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরকে বুঝাইবেক কিম্বা যে রাজধানীর মধ্যে ঐ অপরাধির বিচার হয় তাহার কর্তৃত্ব কার্য্যনির্ব্বাহক গবর্ণমেণ্টকে বুঝাইবেক ইতি।

[পূর্ব্বে যে দণ্ডের আজ্ঞা ও হুকুম হইয়াছে তাহা দৃঢ় জ্ঞান হইবেক।]

৪ ধারা। এদেশীয় পল্টনের জন্যে যুদ্ধের যে আইন হইয়াছে সেই আইনের অধীন কোন লোকের রাজবিদ্রোহি হইবার কি পলাতক হইবার দোষ সাব্যস্ত হওয়াতে যে কোন দণ্ডাজ্ঞামতে কি হুকুমমতে তাহার গায়ে দাগ দিবার হুকুম হইয়াছে তাহা দৃঢ় জ্ঞান হইবেক ইতি।

ডব্লিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক

JOHN ROBINSON, *Bengalee Translator.*

DRAFT OF ACT.

A Bill to amend the Law relating to the recovery of Rent in the Presidency of Fort William in Bengal.

[Continued from page 1026.]

[Produce of the land to be held hypothecated for the rent. Arrears of rent may be recovered by distraint under the following rules.]

XCVII. The produce of the land is held to be hypothecated for the rent payable in respect thereof; and when an arrear of rent, as defined in Section XIII. of this Act, is due from any cultivator of land, the zemindar, lakherajdar, farmer, dependent talookdar, under-farmer, or other person entitled to receive rent immediately from such cultivator, instead of bringing suit for the arrear as hereinbefore provided, may recover the same by distraint and sale of the produce of the land on account of which the arrear is due under the following rules.

[Cultivators who have given security to be exempt from distraint.]

XCVIII. Provided always, that when a cultivator has given security for the payment of his rent, the produce of the land occupied by such cultivator shall not be liable to distraint for any arrear of rent that may accrue due in respect of such land.

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশে জমা আদায় করিবার আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[১০২৬ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[জমীর ফসল জমার বন্ধক বলিয়া জ্ঞান হইবেক। নীচের লিখিত বিধিমতে ক্রোক করিয়া বাকী আদায় হইতে পারিবেক।]

৯৭ ধারা। জমীর নিমিত্তে যে জমা দিতে হয় তাহার জন্যে ঐ জমীর ফসল বন্ধকস্বরূপ থাকে এমত জ্ঞান করিতে হইবেক। আর এই আইনের ১৩ ধারামতের কিছু জমা জমীর কোন চাষির স্থানে পাওনা হইলে, জমীদার কি লাখেরাজদার কি ইজারদার কি মফঃসলী তালুকদার কি কোর্ফা ইজারদার, কিম্বা ঐ চাষির স্থানে অন্য যে ব্যক্তির জমা লইবার স্বত্ব থাকে সেই ব্যক্তি ইহার পূর্ব্বের বিধানমতে সেই বাকীর নিমিত্তে মোকদ্দমা না করিয়া, যে জমীর জমা বাকী হইয়াছে তাহার ফসল নীচের লিখিত বিধিমতে ক্রোক ও নীলাম করিয়া জমা আদায় করিতে পারিবেক ইতি।

[চাষিরা জামিন দিলে তাহারদের ফসল ক্রোক হইতে পারিবেক না।]

৯৮ ধারা। পরন্তু যদি চাষী জমা দিবার জামিন দিয়াছে তবে সেই জমীর যে কিছু জমা বাকী পড়ে তাহার নিমিত্তে ঐ চাষির দখলকরা জমীর ফসল ক্রোক হইতে পারিবেক না ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৫ ডিসেম্বর।]

[No distraint in certain cases.]

XCIX. After the lapse of one year from the time when this Act comes into operation, distraint shall be lawful only when a kaboolyet has been executed or a decree obtained under Section LXVI. in respect of the rent for the recovery of which distraint is made. Distraint shall not be made for any arrear which has been due for a longer period than one year.

[কোন২ স্থলে ক্রোক হইতে না পারিবার কথা।]

৯৯ ধারা। এই আইন যে সময়ে জারী হয় তাহার এক বৎসর গত হইলে পর, যদি কবুলিয়ৎ না হইয়াছে কিম্বা যে জমা আদায় করিবার জন্যে ক্রোক হয় তাহার ডিক্রী যদি ৬৬ ধারামতে না পাওয়া গিয়াছে তবে ফসল ক্রোক হইতে পারিবেক না। এক বৎসরের অধিক কালের কোন বাকীর নিমিত্তে ক্রোক হইতে পারিবেক না ইতি।

[Power of distraint to be exercised by managers under the Court of Wards, &c. Proviso.]

C. The power of distraint vested by Section XCVII. in zemindars and other persons entitled to receive rent from cultivators of land, may be exercised by managers under the Court of Wards surburakars of estates held under khass management, and other persons lawfully entrusted with the charge of landed property; and also by the naibs, gomashtahs, and other agents employed by any such persons as aforesaid in the collection of rent if expressly authorized by power of attorney in that behalf. Provided that, if any illegal act is committed by any such naib, gomashtah, or other agent in the exercise of said power, the person employing such agent shall be liable, as well as the agent, for any damages accruing by reason of such act.

[কোর্টওয়ার্ডসপ্রভৃতির অধীন সরবরাহকারেরা ক্রোক করিবার শক্তিক্রমে কার্য্য করিতে পারিবেক। বর্জ্জিত কথা।]

১০০ ধারা। জমীদারদিগকে ও জমীর চাষিরদের স্থানে জমা পাইবার স্বত্ব যাহারদের থাকে তাহারদিগকে ৯৭ ধারামতে ক্রোক করিবার যে ক্ষমতা দেওয়া গেল, সেই ক্ষমতামতে কোর্টওয়ার্ডসের অধীন সরবরাহকারেরা ও খাস তহসীলের মহালের সরবরাহকারেরা, ও যাহারদের জিম্মায় ভূমি সম্পত্তি আইনমতে থাকে এমত অন্য ব্যক্তিরা কার্য্য করিতে পারিবেক। আর সেই প্রকারের কোন ব্যক্তিরা যে নায়েবদিগকে কি গোমাশ্তাদিগকে কি অন্য কর্ম্মকারকদিগকে জমা উসুল করিবার কার্য্যে নিযুক্ত করে তাহারদিগকে যদি মোখ্তারনামা দিয়া সেই কর্ম্মের জন্যে বিশেষমতে ক্ষমতা দেয় তবে সেই নায়েবপ্রভৃতিও ক্রোক করিবার ঐ শক্তিমতে কার্য্য করিতে পারিবেক। পরন্তু যদি সেই নায়েব কি গোমাশ্তা কি অন্য কর্ম্মকারক সেই শক্তিক্রমে কার্য্য করিবার কালে কোন বেআইনী কর্ম্ম করে, তবে সেই কর্ম্মেতে যে কিছু ক্ষতি হয় তাহার নিমিত্তে ঐ কর্ম্মকারক যেমন দায়ী হইবেক তাহার মুনিবও তেমনি দায়ী হইবেক ইতি।

[Standing crops, &c., when attached, to be reaped and stored by the cultivator, or, if he neglect to do so, by the distrainer.]

CI. When standing crops and other ungathered products of the earth are distrained, the distress shall be made at or about the time when such crops or products are ready to be reaped or gathered, and such crops and products may, notwithstanding the distress, be reaped and gathered by the cultivator, and may be stored in such granaries or other places as are commonly used by him for the purpose. If the cultivator neglect to do so, the distrainer may cause the said crops or products to be reaped or gathered, and in such case shall store the same either in such granaries or other places as aforesaid, or in some other convenient place in the neighbourhood. No crops or products other than the produce of the land in respect of which an arrear of rent is due and no other property whatsoever shall be liable to distraint under this Act.

[যে শস্যাদি ক্ষেত্রে থাকে তাহা ক্রোক হইলে, চাষী তাহা কাটিয়া গোলাজাত করিবেক। কিম্বা সে না করিলে যে জন ক্রোক করে সে করিবেক।]

১০১ ধারা। ফল ফসল কাটিবার আগে যদি ক্রোক করা যায় তবে তাহা যে সময়ে কাটিবার কি পাড়িবার জন্যে তৈয়ার হয় সেই সময়ে কি তাহার কিঞ্চিৎ আগে কি পরে ক্রোক হইবেক। ক্রোক হইলেও চাষী সেই ফল ফসল কাটিবেক কি পাড়িবেক ও যে গোলাতে কি অন্য স্থানে তাহা নিত্য জমা করিয়া থাকে সেই স্থানে রাখিবেক। যদি চাষী তাহা না করে তবে যে জন ক্রোক করিয়াছিল সেই জন ঐ ফল ফসল কাটাইয়া কি পাড়াইয়া লইতে পারিবেক, ও হয় পূর্ব্বোক্ত গোলাতে কি অন্য স্থানে জমা করিয়া রাখিবেক, না হয় নিকট অন্য কোন উপযুক্ত স্থানে রাখিবেক। যে জমীর জমা বাকী হয় কেবল সেই জমীর ফসলছাড়া অন্য কোন জমীর ফসল কিম্বা অন্য কোন সম্পত্তি এই আইনমতে ক্রোক হইতে পারিবেক না ইতি।

[Defaulter to be served with a written demand, &c., before or at the time of distraint.]

CII. Before or at the time when distraint is made under this Act the distrainer shall cause the defaulter to be served with a written demand for the amount of the arrear, together with an account exhibiting the grounds on which the demand is made. The demand and account shall, if practicable, be served personally on the defaulter, or if he abscond or conceal himself so that they cannot be so served, shall be affixed at his usual

[ক্রোক করিবার সময়ে কি তাহার আগে দাওয়ার এত্তেলাপ্রভৃতি বাকীদারের উপর জারী হইবেক।]

১০২ ধারা। যে জন ক্রোক করিবেক সেই জন এই আইনমতে ক্রোক করিবার সময়ে কি তাহার আগে বাকীদারের উপর বাকী টাকার দাওয়ার এত্তেলানামা জারী করাইবেক ও যে কারণে ঐ দাওয়া হইতেছে তাহার এক হিসাব ঐ দাওয়ার এত্তেলার সঙ্গে দিবেক। যদি হইতে পারে, তবে সেই এত্তেলানামা ও হিসাব বাকীদারের হাতে দেওয়া যাইবেক। কিম্বা সে যদি পলায় কি গোপনে থাকে তাহাতে ঐ এত্তেলা তাহাকে দেওয়া যাইতে না পারে, তবে তাহা সাক্ষিরদের সাক্ষাতে তাহার নিয়ত

place of residence in the presence of witnesses, who shall sign a certificate of the notice and account having been so affixed.

[Distress to be proportionate to the arrear if not paid or tendered. List of property to be distrained, to be served on owner. Charge of distrained property.]

CIII. Unless the amount of the demand is immediately paid or tendered, the distrainer may distrain property as aforesaid of value proportionate to the amount of the arrear with costs of the distress; and shall prepare a list or description of the said property, and deliver a copy of the same to the owner, or if he be absent affix it to his usual place of residence in the manner provided in the last preceding Section. Except so far as may be necessary for the due preservation of the distrained property the same shall not be removed from the place where the distress is made, but shall there remain in the charge of some person appointed by the distrainer for the purpose.

[Time for making distress. Power of entry. Distrainer may apply for aid of the Police upon occasion of resistance made or apprehended.]

CIV. Distress shall be made between sun-rise and sun set; and distrainers are authorized to force open any golah, granary, or other building, and to enter any dwelling-house the door of which may be open, for the purpose of attaching any property as aforesaid which may be lodged therein If a distrainer shall be opposed, or shall apprehend resistance, or shall desire to force open the door of a dwelling house for the purpose of attaching property as aforesaid, he shall make application to the Police Darogah, and thereupon the Darogah shall proceed as directed in Section XXVII. Regulation XX. 1817.

[Persons empowered to distrain may give written authority to their servants to do so.]

CV. When any person, empowered to distrain property under Section XCVII. or Section C., shall employ a servant or other person to make the distress, he shall give to such servant or person a written authority (which may be on plain paper) for the same, and the distress shall be made in the name and on the responsibility of the person giving such authority.

[Distress to be withdrawn if defaulter tender payment of arrear and expenses of attachment prior to the day of sale.]

CVI. If at any time after property has been distrained and prior to the day fixed for its being put up to sale as hereinafter provided, the owner of the property shall tender payment of the arrear demanded of him and of the expenses of the dis-

বাসস্থানে লট্‌কাইয়া দেওয়া যাইবেক। ও সেই এত্তেলা ও হিসাব সেইমতে লট্‌কাইয়া দেওয়া গিয়াছে এই কথার সর্টিফিকটে ঐ সাক্ষিরা দস্তখৎ করিবেক ইতি।

[ঐ বাকী টাকা সেই সময়ে না দেওয়া গেলে, বাকীর সমান মূল্যের দ্রব্য ক্রোক হইবেক। যে দ্রব্য ক্রোক হইবেক তাহার এক ফর্দ্দ স্বামিকে দিতে হইবেক। ক্রোক করা দ্রব্য যাহার জিম্মায় থাকিবেক তাহার কথা।]

১০৩ ধারা। যত টাকার দাওয়া হয় তাহা সেই সময়ে না দেওয়া গেলে কিম্বা দিবার প্রস্তাব না হইলে. যে জন ক্রোক করে সেই জন ক্রোক করণের খরচাসমেত ঐ বাকী টাকার সমান মূল্যের পূর্ব্বোক্ত প্রকারের দ্রব্য ক্রোক করিতে পারিবেক। ও সেই শস্যাদির ফর্দ্দ কি বেওরাপত্র প্রস্তুত করিয়া তাহার এক কেতা ঐ শস্যাদির স্বামিকে দিবেক, কিম্বা সে না থাকিলে ইহার পূর্ব্বের ধারার বিধানমতে তাহার নিয়ত বাসস্থানে লট্‌কাইয়া দিবেক। যে শস্যাদি ক্রোক করা যায় তাহা ক্রোক করিবার স্থানহইতে তুলিয়া অন্য স্থানে লইয়া যাইতে হইবেক না। কিন্তু যে জন ক্রোক করে তাহার নিযুক্ত কোন লোকের জিম্মায় সেই স্থানে থাকিবেক। কেবল যদি সেই শস্যাদির উপযুক্তমতে রক্ষার জন্যে তাহা স্থানান্তরে লইয়া যাওয়া আবশ্যক হয় তবে লওয়া যাইতে পারিবেক ইতি।

[ক্রোক করিবার সময়ের ও ঘরে প্রবেশ করিবার ক্ষমতার কথা। কোন বাধা করা গেলে কি করা যাইবার সম্ভাবনা হইলে যে জন ক্রোক করে সেই জন পোলীসের আমলার সাহায্য পাইতে পারিবেক।]

১০৪ ধারা। সূর্য্য উঠিবার পরে ও অস্ত হইবার আগে ক্রোকের কার্য্য হইবেক। সেই প্রকারের কোন শস্যাদি যদি কোন গোলাপ্রভৃতিতে কি অন্য ঘরে রাখা গিয়াছে তবে যাহারা ক্রোক করিবেক তাহারা সেই শস্যাদি ক্রোক করিবার জন্যে কোন গোলা কি গুদাম কি অন্য ঘর জোর করিয়া খুলিতে পারিবেক কিম্বা বাস করিবার কোন ঘরের দ্বার খোলা থাকিলে তাহাতে প্রবেশ করিতে পারিবেক। যে জন ক্রোক করে তাহার যদি কিছু বাধা করা যায়, কিম্বা বাধা হইবেক এমত সন্দেহ হয়, কিম্বা যদি সেই জন ঐ শস্যাদি ক্রোক করিবার জন্যে বাস করিবার ঘরের দ্বার জোর করিয়া খুলিয়া ফেলিতে চাহে, তবে সে পোলীসের দারোগার নিকটে দরখাস্ত করিবেক। তাহা করিলে দারোগা ১৮১৭ সালের ২০ আইনের ২৭ ধারাতে যেমন হুকুম আছে তেমনি কার্য্য করিবেক ইতি।

[যাঁহারদের ক্রোক করিবার ক্ষমতা থাকে তাঁহারা আপনারদের চাকরদিগকে ক্রোক করিবার আজ্ঞা লিখিয়া দিতে পারিবেক।]

১০৫ ধারা। ৯৭ ধারা কিম্বা ১০০ ধারামতে শস্যাদি ক্রোক করিবার ক্ষমতা যাঁহার থাকে এমত কোন ব্যক্তি যদি ক্রোক করিবার কার্য্যেতে কোন চাকরকে কি অন্য লোককে নিযুক্ত করে, তবে তাহা করিবার শক্তি সেই চাকরকে কি অন্য লোককে লিখিয়া দিবেক। তাহা সাদা কাগজে লিখিয়া দিতে পারিবেক। ও যে জন শক্তি দেয় তাহার নামে ও তাহার ঝুঁকীতে ঐ ক্রোক করা যাইবেক ইতি।

[বাকীদার যদি নীলামের দিনের আগে ক্রোক করিবার খরচাসমেত ঐ বাকী টাকা দিতে চাহে তবে ক্রোক উঠাইয়া লওয়া যাইবেক।]

১০৬ ধারা। ঐ শস্যাদি ক্রোক হইলে পর কিন্তু তাহা নীলাম করিবার যে বিধান এই ধারার পরে করা গেল সেই বিধানমতে নীলামের নিরূপিত দিনের আগে, যদি ঐ শস্যাদির স্বামী যত বাকী দাওয়া হইয়াছে তাহা ক্রোক করিবার খরচাসমেত দিতে প্রস্তাব

tress, the distrainer shall receive the same, and shall forthwith withdraw the distress.

[Application for sale.]

CVII. Within five days from the time of making the distress, or if the property distrained consist of standing crops or ungathered products within five days from the storing thereof, the distrainer shall apply for sale of the same to the Civil Court Ameen, or other Officer authorized to sell property in satisfaction of decrees of the Civil Court within the circle in which the distrained property is situate, or to such other public Officer as the Lieutenant-Governor of Bengal, or the Lieutenant-Governor of the North-Western Provinces, shall appoint for the purpose.

[Form of application. Cost of notice upon defaulter to be deposited by distrainer.]

CVIII. The application shall be in writing and shall contain an inventory or description of the property distrained, the name of the defaulter and his place of residence, the amount due, and the date of the distress, and the place in which the distrained property is deposited. Together with the application the distrainer shall deliver to the Civil Court Ameen or other Officer the amount necessary for the service of a notice upon the defaulter as hereinafter provided.

[Procedure by Civil Court Ameen, &c., on receipt of application.]

CIX. Immediately on receipt of the application the Civil Court Ameen or other Officer shall transmit a copy of it to the Collector; and shall serve a notice (which shall be in the form F contained in the Schedule to this Act, or to the like effect) on the person whose property has been distrained, requiring him either to pay the amount demanded, or to institute a suit to contest the demand before the Collector within the period of fifteen days from the receipt of the notice. He shall at the same time put up in the cutcherry of the Moonsiff, or other Court or Office to which he may be attached, and if in the North-Western Provinces in the cutcherry of the Tuhseeldar, a proclamation fixing a day for the sale of the distrained property, which shall not be less than twenty days from the date of the application; and shall deliver a copy of the proclamation to the peon charged with the service of the notice, to be put up by him in the place where the distrained property is deposited. The proclamation shall contain a description of the property, the demand for which it is to be sold, and the place where the sale is to be held.

[Ameen to suspend sale on receipt of Collector's certificate of the institution of a suit.]

CX. If a suit shall be instituted before the Collector in pursuance of the aforesaid notice, the Collector shall transmit to the Civil Court Ameen

করে, তবে যে জন ক্রোক করে সে তাহা লইবেক ও তৎক্ষণাৎ ক্রোক উঠাইয়া দিবেক ইতি।

[নীলাম করিবার দরখাস্তের কথা ॥]

১০৭ ধারা। ক্রোক করিবার সময়অবধি পাঁচ দিনের মধ্যে, কিম্বা কোন ফল ফসল কাটিবার কি পাড়িবার আগে যদি ক্রোক হয় তবে তাহা গোলাজাত করিবার সময়অবধি পাঁচ দিনের মধ্যে, যে জন ক্রোক করে সেই জন ঐ শস্যাদির নীলাম হইবার জন্যে দেওয়ানী আদালতের আমীনের নিকটে দরখাস্ত করিবেক, কিম্বা ক্রোককরা শস্যাদি যে এলাকার মধ্যে থাকে সেই এলাকায় দেওয়ানী আদালতের ডিক্রীর ক্রমে সম্পত্তির নীলাম করিবার ক্ষমতা অন্য যে আমলার থাকে তাহার নিকটে, কিম্বা বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কিম্বা উত্তরপশ্চিম দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সরকারী অন্য যে কার্য্যকারককে সেই কর্ম্মে নিযুক্ত করেন তাহার নিকটে দরখাস্ত করিবেক ইতি।

[দরখাস্ত যে ধারামতে লিখিতে হইবেক তাহার কথা। বাকীদারের উপর এত্তেলা জারী করিবার খরচ যে জন ক্রোক করে তাহার আমানৎ করিতে হইবেক ॥]

১০৮ ধারা। ঐ দরখাস্ত লিখিয়া দিতে হইবেক ও ক্রোককরা শস্যাদির তালিকা কি বেওরা ও বাকীদারের নাম ও বাসস্থান ও যত টাকা বাকী হয় ও যে তারিখে ক্রোক করা যায় ও ক্রোককরা দ্রব্য যে স্থানে আমানৎ হইয়াছে এই সকল কথা ঐ দরখাস্তে লেখা থাকিবেক। ইহার পরের বিধানমতে বাকীদারের উপর এত্তেলা জারী করিবার জন্যে যত টাকা আবশ্যক হয় তাহা, যে জন ক্রোক করে সেই জন ঐ দরখাস্তের সঙ্গে দেওয়ানী আদালতের আমীনকে কিম্বা অন্য কার্য্যকারককে দিবেক ইতি।

[দরখাস্ত পাইলে দেওয়ানী আদালতের আমীনপ্রভৃতির যাহা করিতে হইবেক তাহার কথা ॥]

১০৯ ধারা। দেওয়ানী আদালতের আমীন কিম্বা অন্য কার্য্যকারক ঐ দরখাস্ত পাইলেই তাহার এক কেতা নকল কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেক ও যাহার শস্যাদি ক্রোক হইয়াছে তাহার উপর এই আইনের তফসীলের লিখিত F. চিহ্নিত পাঠের কি তাহার মর্ম্মের লিখনমতে এত্তেলানামা জারী করিয়া তাহাকে এই এত্তেলা দিবেক যে, হয় সেই দাওয়ার টাকা দেয়, না হয় সেই দাওয়ার আপত্তি করিবার জন্যে ঐ এত্তেলা পাইবার তারিখঅবধি পনের দিনের মধ্যে কালেক্টর সাহেবের সম্মুখে মোকদ্দমা উপস্থিত করে। আরো সেই দরখাস্তের তারিখঅবধি কুড়ি দিনের কম না হয় এমত যে দিন ঐ ক্রোককরা শস্যাদির নীলামের নিমিত্তে নিরূপণ হয় সেই দিনের ইশ্‌তিহার মুনসেফের কাছারীতে, কিম্বা অন্য যে আদালতের কি কাছারীর আমীন হয় সেই আদালতে কি কাছারীতে ও উত্তরপশ্চিম দেশে হইলে তহসীলদারের কাছারীতে লট্‌কাইবেক। ও ক্রোককরা সম্পত্তি যে স্থানে আমানৎ আছে সেই স্থানেও ঐ ইশ্‌তিহার লট্‌কাইবার জন্যে, এত্তেলা জারী করিতে যে পেয়াদার হাতে দেওয়া গেল তাহার হাতে ঐ ইশ্‌তিহারের এক কেতা নকলও দিবেক। শস্যাদি যে প্রকারের হয় ও যে দাওয়ার জন্যে তাহার নীলাম হইবেক ও যে স্থানে নীলাম হইবেক এই সকল কথা ঐ ইশ্‌তিহারনামাতে প্রকাশ থাকিবেক ইতি।

[মোকদ্দমা উপস্থিত করা গেল কালেক্টর সাহেবের এই মর্ম্মের সর্টিফিকট পাইলে আমীন নীলাম স্থগিত করিবেক ॥]

১১০ ধারা। পূর্ব্বোক্ত এত্তেলামতে যদি কালেক্টর সাহেবের সম্মুখে মোকদ্দমা উপস্থিত করা যায়, তবে তাহার এক সর্টিফিকট কালেক্টর সাহেব দেওয়ানী

or other Officer, or if so requested shall deliver to the owner of the distrained property, a certificate of the institution of such suit; and on such certificate being received by or presented to the Ameen or other Officer, he shall suspend proceedings in regard to the sale of the distrained property.

[Suits to contest distrainer's demand before issue of notice of sale.]

CXI. A person whose property has been distrained in the manner hereinbefore provided may institute a suit to contest the demand of the distrainer immediately after the distraint of his property and before the issue of notice of sale. When such suit is instituted the Collector shall proceed in the manner prescribed in the last preceding Section. If thereafter application for the sale of the property is made to the Civil Court Ameen or other Officer, he shall transmit a copy of the application to the Collector, and suspend further proceedings pending the decision of the case.

[Distress to be withdrawn on receipt of Collector's certificate that the owner has executed a bond with security to pay amount of decree with interest and costs.]

CXII. The person whose property has been distrained may, at the time of instituting any such suit as aforesaid, or at any subsequent period, execute a bond with security binding himself to pay whatever sum may be adjudged to be due from him with interest and costs of suit, and when such bond is executed the Collector shall give to the owner of the property a certificate to that effect, or if so requested shall serve the distrainer with notice of the same; and the distrainer upon such certificate being presented to him by the owner of the property or served on him by order of the Collector, shall immediately withdraw the distress.

[On expiration of period fixed in the proclamation of sale if institution of suit to contest distrainer's demand have not been certified, sale may be proceeded with.]

CXIII. On the expiration of the period fixed in the proclamation of sale, if the institution of a suit to contest the demand of the distrainer has not been certified to the Civil Court Ameen or other Officer in the manner hereinbefore provided, he shall, unless the said demand, with costs of the distress at such rate as shall be allowed by him, be discharged in full, proceed to sell the property or such part of it as may be necessary in the manner following.

[Place and manner of sale.]

CXIV. The sale shall be held at the place where the distrained property is deposited, or at the nearest gunge, bazar, haut, or other place of public resort, if the Civil Court Ameen or other

আদালতের আমীনের কি অন্য কার্য্যকারকের নিকটে পাঠাইবেন, কিম্বা যাহার দ্রব্য ক্রোক হইয়াছে তাহাকে ঐ সর্টিফিকট দেওয়া যায় এমত প্রার্থনা হইলে তাহাকে দিবেন। আর সেই আমীন কিম্বা অন্য কার্য্যকারক সেই সর্টিফিকট পাইলে কিম্বা তাহাকে দেওয়া গেলে, ঐ আমীনপ্রভৃতি ক্রোককরা দ্রব্যের নীলামের কার্য্য স্থগিত করিবেক ইতি।

[নীলামের এস্তেলা জারী হইবার আগে, যে জন ক্রোক করে তাহার দাওয়ার আপত্তি করিবার মোকদ্দমার কথা।]

১১১ ধারা। ইহার পূর্ব্বের বিধানমতে যাহার দ্রব্য ক্রোক হইয়াছে সেই জন আপনার দ্রব্য ক্রোক হইবার পরে ও নীলামের এস্তেলা জারী হইবার আগে ঐ ক্রোককারির দাওয়ার উপর আপত্তি করিবার জন্যে অগোণে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক। সেই প্রকারের মোকদ্দমা উপস্থিত করা গেলে কালেক্টর সাহেব ইহার পূর্ব্বের ধারার লিখনমতে কার্য্য করিবেন। তাহার পরে যদি ঐ দ্রব্যের নীলাম হইবার দরখাস্ত দেওয়ানী আদালতের আমীনের কি অন্য কার্য্যকারকের নিকটে করা যায়, তবে সেই কার্য্যকারক ঐ দরখাস্তের এক কেতা নকল কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেক, ও মোকদ্দমার নিষ্পত্তি যাবৎ না হয় তাবৎ ঐ কার্য্য স্থগিত রাখিবেক ইতি।

[ঐ ডিক্রীর টাকা সুদ ও খরচাসমেত দিবার এক করারপত্রে দ্রব্যের স্বামী দস্তখৎ করিয়াছে ও তাহার জামিন দিয়াছে কালেকটর সাহেবের এই মর্ম্মের সর্টিফিকট পাওয়া গেলে ক্রোক উঠাইয়া লওয়া যাইবেক।]

১১২ ধারা। যাহার দ্রব্য ক্রোক করা গেল সেই জন সেই প্রকারের কোন মোকদ্দমা উপস্থিত করিবার সময়ে কিম্বা তাহার পর কোন সময়ে, আপনার দেনা বলিয়া যত টাকার ডিক্রী হয় তাহা সুদ ও মোকদ্দমার খরচাসমেত দিবার করারপত্র জামিনী সহিত লিখিয়া দিতে পারিবেক। সেইরূপ করারপত্র লিখিয়া দেওয়া গেলে কালেক্টর সাহেব সেই মর্ম্মের এক সর্টিফিকট ঐ দ্রব্যের স্বামিকে দিবেন কিম্বা যদি তাঁহার নিকটে প্রার্থনা হয় তবে ক্রোককারিকে তাহার এক এত্তেলা দেওয়াইবেন। সেই প্রকারের সর্টিফিকট ঐ দ্রব্যের স্বামী ঐ ক্রোককারিকে দেখাইলে কিম্বা কালেকটর সাহেবের হুকুমমতে তাহার উপর জারী হইলে সেই ক্রোককারী অবিলম্বে ঐ ক্রোক উঠাইয়া লইবেক ইতি।

[ইশ্তিহারনামাতে নীলামের যে মিয়াদ নিরূপণ হইল তাহা ফুরাইয়া গেলে যদি ক্রোককারির দাওয়ার উপর আপত্তি করিবার মোকদ্দমা উপস্থিত হইবার সর্টিফিকট না দেওয়া যায় তবে নীলাম হইতে পারিবেক।]

১১৩ ধারা। নীলামের ইশ্তিহারেতে যে মিয়াদ ধরা গেল সেই মিয়াদ ফুরাইলেও যদি ক্রোককারির দাওয়ার আপত্তি করিবার জন্যে মোকদ্দমা উপস্থিত হইবার সর্টিফিকট ইহার পূর্ব্বের বিধানমতে দেওয়ানী আদালতের আমীনকে কিম্বা অন্য কার্য্যকারককে দেওয়া যায় নাই, তবে ক্রোক করিবার খরচা যে হিসাবে আমীন ধরিতে স্বীকার করে সেই হিসাবে ঐ খরচাসমেত ঐ দাওয়ার সমুদয় টাকা না দেওয়া গেলে, ঐ আমীন কি অন্য কার্য্যকারক নীচের লিখিতমতে সেই শস্যাদি কিম্বা তাহার যত আবশ্যক হয় তাহা নীলাম করিবেক ইতি।

[নীলাম হইবার স্থান ও নিয়মের কথা।]

১১৪ ধারা। ক্রোককরা দ্রব্য যে স্থানে আমানৎ থাকে সেই স্থানে নীলাম হইবেক। কিন্তু যদি দেওয়ানী আদালতের আমীন কিম্বা অন্য কার্য্যকারক বোধ করে যে, অতি নিকটের কোন গঞ্জে কি বাজারে কি হাটে কি

Officer should be of opinion that it is likely to sell there to better advantage. The property shall be sold by public auction in one or more lots as the Officer holding the sale may think advisable, and if the demand with the costs of distress and sale be satisfied by the sale of a portion of the property, the distress shall be immediately withdrawn with respect to the remainder.

[If fair price be not offered, sale may be postponed to another day, and shall be then completed at whatever price may be offered.]

CXV. If on the property being put up for sale a fair price in the estimation of the Officer holding the sale be not offered for it and the owner of the property or some person authorized to act on his behalf apply to have the sale postponed until the next day, or the next market day if a market be held at the place of sale, the sale shall be postponed until such day and shall be then completed whatever price may be offered for the property.

[Payment of purchase money.]

CXVI. The price of every lot shall be paid for in ready money at the time of sale or as soon after as the Officer holding the sale shall think necessary; and in default of such payment the property shall forthwith be put up again and sold. When the purchase-money has been paid in full the Officer holding the sale shall give the purchaser a certificate describing the property purchased by him and the price paid.

[Proceeds of sale.]

CXVII. From the proceeds of the sale of distrained property the Officer holding the sale shall make a deduction at the rate of ten per centum on account of the costs of the sale, and shall transmit the amount to the Collector in order that it may be credited to Government. He shall then pay to the distrainer the expenses incurred by the distrainer on account of the distress and of the issue of the notice and proclamation of sale prescribed in Section CIX. to such amount as, after examination of the statement of expenses furnished by the distrainer, he shall think proper to allow. The remainder shall be applied to the discharge of the arrear for which the distraint was made with interest thereon up to the day of sale, and if there be any overplus it shall be delivered to the person whose property shall have been sold.

[Officers holding sales prohibited from purchasing.]

CXVIII. Officers holding sales of property under this Act, and all persons employed by or subordinate to such Officers, are prohibited from purchasing either directly or indirectly any property sold by such Officers.

[All irregularities to be reported to the Collec-

সাধারণ লোকেরদের যাওয়া আসা যে স্থানে হয় এমত অন্য স্থানে ঐ শস্যাদির নীলাম হইলে অধিক মূল্য পাওয়া যাইবেক তবে সেই স্থানে নীলাম হইবেক। যে কার্য্যকারক নীলাম করে সে যেমন উচিত বোধ করে তেমনি এক কি অধিক লাট করিয়া ঐ দ্রব্য নীলাম করিবেক। আর সেই দ্রব্যের কোন ভাগের নীলাম হইলে যদি ক্রোক ও নীলাম করিবার খরচাসমেত ঐ দাওয়া শোধ হইতে পারে, তবে তাহার অবশিষ্ট দ্রব্যের উপর ঐ ক্রোক অবিলম্বে উঠাইয়া দেওয়া যাইবেক ইতি।

[উপযুক্ত মূল্যের ডাক না হইলে নীলাম অন্য দিনে হইতে পারিবেক, সেই দিনে যে মূল্য হয় সেই মূল্যে বিক্রয় হইবেক।]

১১৫ ধারা। ঐ দ্রব্য নীলামে ধরা গেলে যদি নীলামকরণিয়া কার্য্যকারকের বিবেচনায় তাহার উপযুক্ত মূল্যের ডাক হইল না ও সেই দ্রব্যের স্বামী কিম্বা তাহার তরফ কর্ম্ম করিতে অন্য কোন লোক ক্ষমতা পাইয়া যদি এই প্রার্থনা করে যে, তাহার পর দিনপর্য্যন্ত, কিম্বা যে স্থানে নীলাম হয় সেই স্থানে যদি হাট হইয়া থাকে তবে তাহার পর হাটের যে দিন হয় সেই দিনপর্য্যন্ত নীলাম স্থগিত থাকে, তবে সেই দিনপর্য্যন্ত নীলাম স্থগিত করা যাইবেক, আর সেই দিনে ঐ দ্রব্যের যে কোন মূল্যের ডাক হয় সেই মূল্যে বিক্রয় হইবেক ইতি।

[খরীদের টাকা দিবার কথা।]

১১৬ ধারা। এক২ লাট যে দরে বিক্রয় হয় তাহা নীলামের সময়ে নগদ দিতে হইবেক, কিম্বা তাহার পর ঐ নীলামকরণিয়া কার্য্যকারক যত শীঘ্র আবশ্যক জ্ঞান করে তত শীঘ্র দিতে হইবেক। সেই টাকা না দেওয়া গেলে ঐ দ্রব্য অগৌণে পুনরায় নীলাম হইয়া বিক্রয় হইবেক। খরীদের সমুদয় টাকা দেওয়া গেলে নীলামকরণিয়া কার্য্যকারক ঐ খরীদারকে এক সর্টিফিকট দিবেক, তাহাতে তাহার খরীদকরা দ্রব্যের বর্ণনা ও সেই দ্রব্যের যে মূল্য দিয়াছে তাহা লেখা থাকিবেক ইতি।

[নীলামের উৎপন্ন টাকার কথা।]

১১৭ ধারা। ক্রোককরা দ্রব্যের ঐ নীলামেতে যে টাকা পাওয়া যায় তাহার শতকরা দশ টাকার হিসাবে নীলামের খরচা বলিয়া নীলামকরণিয়া কার্য্যকারক লইয়া গবর্নমেন্টের নামে জমা হইবার জন্যে কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেক। পরে ক্রোক করিবার ও ১০৯ ধারামতে এত্তেলা ও নীলামের ইশ্তিহার জারী করিবার খরচের যে হিসাব ঐ ক্রোককারী দেয় তাহা বিবেচনা করিয়া তাহার মধ্যে যত দেওয়া উচিত বোধ করে তত ঐ ক্রোককারিকে দিবেক। অবশিষ্ট টাকা লইয়া যে বাকীর নিমিত্তে ক্রোক করা যায় তাহা ও নীলামের তারিখপর্য্যন্ত তাহার সুদ দেওয়া যাইবেক। তাহার পর যদি কিছু থাকে তবে যাহার দ্রব্যের নীলাম হইয়াছে তাহাকে দেওয়া যাইবেক ইতি।

[যে কার্য্যকারকেরা নীলাম করে তাহারদের খরীদ করিবার নিষেধ।]

১১৮ ধারা। এই আইনমতে যে কার্য্যকারকেরা শস্যাদি নীলাম করে তাহারদিগকে ও তাহারদের হইতে নিযুক্ত কি তাহারদের অধীন সকল লোককে নিষেধ হইতেছে যে তাহারা ঐ কার্য্যকারকের নীলামকরা কোন দ্রব্য নিজে কি অন্যের দ্বারা খরীদ না করে ইতি।

[অনিয়মিত কোন কর্ম্ম হইলে তাহার রিপোর্ট কা-

tor. Officer not to proceed to sale, if he find that defaulter has not received due notice.]

CXIX. Civil Court Ameens and other Officers as aforesaid are required to bring to the notice of Collectors any material irregularities committed by distrainers under color of this Act; and if in any case, on proceeding to hold a sale of property the Civil Court Ameen or other Officer shall find that, through the practices of the distrainer, or from any other cause, the owner of the property has not received due notice of the distress and intended sale, he shall postpone the sale and report the case to the Collector, and the Collector shall direct the issue of another notice and proclamation of sale under Section CIX., or pass such other order as he may think proper.

[Recovery of expenses if Ameen proceeds to place of sale and no sale takes place.]

CXX. When a Civil Court Ameen or other Officer has proceeded to any place for the purpose of holding a sale and no sale takes place either for the reason stated in the last preceding Section, or because the demand of the distrainer has been previously satisfied, no intimation of such satisfaction having been given by the distrainer to the Civil Court Ameen or other Officer, the charge of ten per centum on account of expenses shall be leviable and shall be calculated on the estimated value of the distrained property. If the demand of the distrainer be not satisfied until the day fixed for the sale, the charge for expenses shall be paid by the owner of the property and may be recovered by the sale of such portion thereof as may be necessary. In every other case it shall be paid by the distrainer and may be recovered by warrant under the hand of the Collector. Provided always, that in no case shall a larger amount than ten Rupees be recoverable under this Section.

[Proceedings of Civil Court Ameens, &c., subject to revision and orders of Collectors.]

CXXI. All proceedings under this Act of the Civil Court Ameens and other Officers as aforesaid shall be subject to the revision and orders of the Collectors, and the Collectors, with the sanction of the Boards of Revenue, may require the submission of such periodical reports and statements of business performed by the Civil Court Ameens and other Officers as may be thought necessary.

[Second proclamation of sale.]

CXXII. When a suit has been instituted to contest the demand of a distrainer and the property has not been released on security, if the demand or any portion of it shall be adjudged to be due, the Collector shall issue an order to the Civil Court Ameen or other Officer authorizing the sale of the property, and on the application of the distrainer, which shall be made within five days from

লেক্টর সাহেবের নিকটে করা যাইবেক। বাকীদার উপযুক্তমতে এত্তেলা পায় নাই আমীন ইহা জানিলে নীলাম করিবেক না।]

১১৯ ধারা। দেওয়ানী আদালতের আমীনদিগকে ও পূর্ব্বোক্ত প্রকারের অন্য কার্য্যকারকদিগকে এই আদেশ হইতেছে যে, যাহারা শস্যাদি ক্রোক করে তাহারা এই আইনের ছলে গুরুতর কোন অনিয়মিত কার্য্য করিলে তাহারা সেই কথা কালেক্টর সাহেবকে জানায়। আর ঐ দ্রব্য নীলাম করিতে উদ্যত হইলে যদি দেওয়ানী আদালতের আমীন কিম্বা অন্য কার্য্যকারক দেখিতে পায় যে ক্রোককরণিয়ার কোন ছলেতে কিম্বা অন্য কোন কারণে ঐ দ্রব্যের স্বামী ঐ ক্রোকের ও প্রস্তাবিত নীলামের উপযুক্ত এত্তেলা পায় নাই, তবে সে নীলাম স্থগিত করিয়া সেই কথা কালেক্টর সাহেবকে জানাইবেক। তাহাতে কালেক্টর সাহেব ১০৯ ধারামতে অন্য এত্তেলা ও নীলামের ইশ্তিহার জারী হইবার হুকুম করিবেন, কিম্বা অন্য যে হুকুম উচিত বোধ করেন তাহা করিবেন ইতি।

[আমীন নীলামের স্থানে গেলে পর যদি নীলাম না হয় তবে তাহার খরচ আদায় করিবার কথা।

১২০ ধারা। ইহার পূর্ব্বের ধারার লিখিত কারণে, কিম্বা ক্রোককারির দাওয়ার টাকা আগে শোধ হইয়াছে কিন্তু ঐ ক্রোককারি ব্যক্তি সেই কথা দেওয়ানী আদালতের আমীনকে কি অন্য কার্য্যকারককে জানায় নাই এই কারণে, দেওয়ানী আদালতের আমীন কি অন্য কার্য্যকারক নীলাম করিবার জন্যে কোন স্থানে গেলেও যদি নীলাম না হয়, তবে ক্রোককরা দ্রব্যের আন্দাজী মূল্য ধরিয়া তাহার উপর শতকরা দশ টাকার হিসাবে খরচ লওয়া যাইবেক। অর্থাৎ নীলাম হইবার যে দিন নিরূপণ হইল তাহার আগে যদি ক্রোককারির দাওয়ার টাকা শোধ না হয় তবে ঐ দ্রব্যের স্বামী ঐ খরচ দিবেক ও সেই খরচ পোষাইবার জন্যে ঐ দ্রব্যের যত আবশ্যক হয় তত নীলাম করিয়া ঐ খরচ আদায় হইবেক। অন্য স্থলে ক্রোককারি ব্যক্তি সেই খরচ দিবেক, তাহা কালেক্টর সাহেবের দস্তখৎকরা পরওয়ানাক্রমে আদায় হইবেক। পরন্তু এই ধারামতে খরচ বলিয়া দশ টাকার অধিক আদায় হইবেক না ইতি।

[দেওয়ানী আদালতের আমীনপ্রভৃতির কার্য্য কালেক্টর সাহেবেরা পুনর্দৃষ্টি করিয়া তাহার উপর হুকুম করিতে পারিবেন।]

১২১ ধারা। এই আইনমতে দেওয়ানী আদালতের আমীনেরা ও পূর্ব্বোক্ত প্রকারের অন্য কার্য্যকারকেরা যে সকল কর্ম্ম করে তাহা কালেক্টর সাহেবেরা দৃষ্টি করিতে ও তাহার উপর হুকুম করিতে পারিবেন। ও তাহারা যে সকল কার্য্য করে তাহার নিরূপিত সময়ের যে রিপোর্ট ও কৈফিয়ৎ আবশ্যক বোধ হয় তাহা দিতে কালেক্টর সাহেবেরা বোর্ড রেবিনিউর সাহেবেরদের অনুমতিক্রমে তাহারদিগকে হুকুম করিতে পারিবেন ইতি।

[নীলাম হইবার দ্বিতীয় ইশ্তিহারের কথা।]

১২২ ধারা। যদি ক্রোককারি ব্যক্তির দাওয়ার আপত্তি করিবার জন্যে মোকদ্দমা উপস্থিত করা যায় ও জামিনী দিয়া ঐ দ্রব্য খালাস না করা যায়, তবে ঐ দাওয়ার টাকা কি তাহার কোন অংশ দেনা আছে এমত নিষ্পত্তি হইলে কালেক্টর সাহেব ঐ দ্রব্য নীলাম করিবার হুকুম দেওয়ানী আদালতের আমীনের কি অন্য কার্য্যকারকের নামে জারী করিবেন। আর দেওয়ানী আদালতের আমীন কি অন্য কার্য্য-

the receipt of such order by the Civil Court Ameen or other Officer, such Ameen or Officer shall publish a second proclamation in the manner prescribed in Section CIX., fixing another day for the sale of the distrained property, which shall not be less than five nor more than ten days from the date of the proclamation; and unless the amount adjudged to be due with the costs of distress be paid intermediately, shall proceed to sell the property in the manner hereinbefore provided.

[Procedure after institution of suit to contest distrainer's demand.]

CXXIII. In all suits instituted to contest the demand of a distrainer, the distrainer shall be required to prove the arrear in the same manner as if he had himself brought suit for the amount under the foregoing provisions of this Act. If the demand or any part thereof is found to be due, the Collector shall make a decree for the amount in favor of the distrainer, and the amount may be recovered by sale of the property as provided in the last preceding Section if the distress has not been withdrawn, and if any balance remain due after such sale by execution of the decree against the person and any other property of the defaulter, or if the property have been released on security by execution of the decree against the person and property of the defaulter and of his surety. If on the other hand the distraint is adjudged to be vexatious or groundless, the Collector, besides directing the release of the distrained property, may award such damages in favor of the plaintiff as the circumstances of the case shall seem to require.

[Any person, whose property has been distrained for arrears of rent alleged to be due from another, may institute a suit against the distrainer, &c. Proviso.]

CXXIV. If any person shall claim as his own property which has been distrained for arrears of rent alleged to be due from any other person, such person may institute a suit against the distrainer and such other person, to try the right to the property, in the same manner, and under the same conditions as to the time of instituting the suit and to the consequent postponement of sale, as a person whose property has been distrained for an arrear of rent alleged to be due from him may institute a suit to contest the demand. When any such suit is instituted the property may be released upon security being given for the value of the same. If the claim is dismissed the Collector shall make an order for the sale of the property or the recovery of the value thereof, as the case may be, for the benefit of the distrainer. If the claim is upheld the Collector shall decree the release of the distrained property with costs, and such damages (if any) as the circumstances of the case may seem to require. Provided always that no claim to any produce of land, liable to dis-

কারক ঐ হুকুম পাইলে পর পাঁচ দিনের মধ্যে যদি ঐ ক্রোককারি ব্যক্তি দরখাস্ত করে, তবে ঐ আমীন কি কার্য্যকারক ১০৯ ধারার লিখনমতে দ্বিতীয় ইশ্‌তিহার প্রকাশ করিয়া ক্রোককরা দ্রব্যের নীলাম হইবার আর এক দিন নিরূপণ করিবেক। সেই দিন ইশ্‌তিহারের তারিখঅবধি পাঁচ দিনের কম ও দশ দিনের অধিক হইবেক না। আর দেনা বলিয়া যত টাকার ডিক্রী হইয়াছে তাহা ক্রোক করিবার খরচাসমেত মধ্যে না দেওয়া গেলে ঐ আমীন কি অন্য কার্য্যকারক ইহার পূর্ব্বের লিখিত প্রকারে ঐ দ্রব্য বিক্রয় করিতে প্রবর্ত্ত হইবেক ইতি।

[ক্রোককারির দাওয়ার উপর আপত্তি করিবার মোকদ্দমা উপস্থিত হইলে পর যাহা করিতে হইবেক তাহার কথা।]

১২৩ ধারা। ক্রোককারি ব্যক্তির দাওয়ার উপর আপত্তি করিবার মোকদ্দমা উপস্থিত করা গেলে, সেই ক্রোককারী এই আইনের পূর্ব্ব লিখিত বিধানমতে ঐ বাকীর বাবৎ মোকদ্দমা করিলে যেমন তাহার ঐ বাকীর প্রমাণ করিতে হইত, তেমনি করিতে হইবেক। সেই দাওয়ার টাকা কি তাহার কোন অংশ দেনা আছে বটে ইহা যদি বিচারে দৃষ্ট হয়, তবে কালেক্টর সাহেব ক্রোককারির পক্ষে ঐ টাকার ডিক্রী করিবেন, ও ক্রোক উঠাইয়া না দেওয়া গেলে ইহার পূর্ব্বের ধারাতে যেমন হুকুম হইয়াছে তেমনি দ্রব্য নীলাম করিয়া ঐ টাকা আদায় হইতে পারিবেক। সেই নীলাম হইলেও যদি কিছু পাওনা থাকে তবে বাকীদারের ও তাহার অন্য কোন দ্রব্যের উপর ডিক্রী জারী করিয়া আদায় হইবেক। যদি জামিন দিয়া সেই দ্রব্য খালাস করা গিয়া থাকে তবে বাকীদারের ও জামিনের উপর ও তাহারদের দ্রব্যের উপর ডিক্রী জারী করিয়া ঐ বাকী আদায় হইবেক। পরন্তু অকারণে ও ক্লেশ দিবার জন্যে ঐ ক্রোক করা হইয়াছে ইহা যদি নিষ্পত্তি হয় তবে কালেক্টর সাহেব ক্রোককরা দ্রব্য খালাস হইবার হুকুম করিবেন ও বিষয় সকল বুঝিয়া যত উচিত বোধ হয় তত ক্ষতিপূরণের হুকুম ফরিয়াদীর পক্ষে করিবেন ইতি।

[কোন লোকের জমা বাকী হওয়াছে বলিয়া যদি তাহার জন্যে অন্য লোকের দ্রব্য ক্রোক হয় তবে সেই অন্য লোক ক্রোককারিপ্রভৃতির নামে মোকদ্দমা করিতে পারিবেক। বর্জ্জিত কথা।]

১২৪ ধারা। কোন লোকের স্থানে জমা পাওনা আছে বলিয়া যে দ্রব্য ক্রোক করা যায় তাহা যদি অন্য ব্যক্তি আপনার বলিয়া দাওয়া করে, তবে সেই জন ঐ দ্রব্যের উপর স্বত্বের বিচার হইবার জন্যে ঐ ক্রোককারির ও সে অন্য লোকের নামে মোকদ্দমা করিতে পারিবেক। অর্থাৎ কোন লোকের স্থানে জমা পাওনা আছে বলিয়া তাহার দ্রব্য ক্রোক হইলে সেই জন ঐ দাওয়ার বিচার হইবার জন্যে যে প্রকারে, ও মোকদ্দমা উপস্থিত করিবার সময়ের ও পরে নীলাম স্থগিত করিবার যে নিয়মমতে মোকদ্দমা করিতে পারে, সেই প্রকারে ও সেই নিয়মমতে করিতে পারিবেক। সেই প্রকারের কোন মোকদ্দমা যদি করা যায় তবে দ্রব্যের উপযুক্ত মূল্যের জামিন দেওয়া গেলে সেই দ্রব্য খালাস করা যাইতে পারিবেক। যদি দাওয়া ডিসমিস হয় তবে কালেক্টর সাহেব ঐ ক্রোককারির উপকারের জন্যে দ্রব্য নীলাম করিতে কিম্বা বিষয়বিশেষে তাহার মূল্য আদায় করিতে হুকুম করিবেন। যদি সেই দাওয়া সাব্যস্ত হয় তবে কালেক্টর সাহেব ঐ ক্রোককরা দ্রব্য খালাস হইবার ডিক্রী করিবেন আর ঐ দাওয়াদারের খরচা পাইবার, ও যদি কিছু ক্ষতি হইয়া থাকে তবে সকল বিষয় বুঝিয়া ক্ষতিপূরণের যত টাকা উপযুক্ত বোধ হয় তাহাও পাইবার হুকুম করিবেন,

trant under this Act, which at the time of the distress may have been found in the possession of a defaulting cultivator, whether such claim be in respect of a previous sale, mortgage, or otherwise, shall bar the prior claim of the person entitled to the rent of the land, nor shall any attachment in execution of a judgment of any Civil Court prevail against such prior claim.

[Procedure if distrainer's right to distrain be disputed.]

CXXV. If in any case in which property has been distrained for an arrear of rent and a suit has been instituted to contest the demand, the right to distrain for such arrear is claimed by any person other than the distrainer as being in possession of the rent of the land, such other person shall be made a party to the suit and the question of possession shall be put in issue and the right of either party to distrain for rent shall be determined according to the fact of possession. Provided always, that the decision of the Collector shall not affect the right of either party who may have a legal title to the rent of the land, to establish his title by suit in the Civil Court if instituted within one year from the date of the decision.

[Persons prevented from suing in time to save their property from sale, may sue for damages.]

CXXVI. If any person, whose property has been distrained for the recovery of a demand not justly due, or of a demand due or alleged to be due from some other person, is prevented by any sufficient cause from bringing suit to contest the demand or to try the right to the property as the case may be within the period allowed by Sections CIX. and CXXIV. and his property is in consequence brought to sale, he may nevertheless institute a suit under this Act to recover damages for the illegal distress and sale of his property.

[To be continued.]

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 24.

To the Civil Authorities in the Lower Provinces and Deputy Commissioner of Chotanagpore

I am directed by the Sudder Court to acquaint you that with the sanction of the Governor General of India in Council, the Lieutenant-Governor has been pleased to determine that the Civil Court Ameens to be appointed under Act XII. of 1856, shall be 99 in number, of whom 33, constituting a *first* class, are to draw a monthly salary of Rupees 70, and 66, constituting a *second* class, Rupees 50; and that the number assigned to your District is as follows :—

[Vide list.]

Ameen of First Class.

Ditto of Second Class.

2. In selecting proper Persons for these ap

পরন্তু এই আইনমতে ভূমির যে কোন ফসল ক্রোক হইবার যোগ্য হয় তাহা যদি ক্রোক হইবার সময়ে বাকীদার চাষির দখলে পাওয়া যায়, তবে সেই ফসলের উপর যে দাওয়া হয় তাহা পূর্ব্ব করা নীলামের কি বন্ধকের দ্বারা কি অন্য প্রকারেতে হইলেও সেই দাওয়াতে ভূমির জমা পাইবার যাহার স্বত্ব থাকে তাহার অগ্রগণ্য দাওয়ার বাধা হইবেক না ও কোন দেওয়ানী আদালতের ডিক্রী জারীক্রমে যে ক্রোক হয় তাহা সেই অগ্রগণ্য দাওয়ার বিপক্ষে বলবৎ হইবেক না ইতি।

[যে জন ক্রোক করে তাহার ক্রোক করিবার স্বত্বের বিবাদ হইলে যাহা করিতে হইবেক তাহার কথা।]

১২৫ ধারা। জমার বাকীর নিমিত্তে কিছু দ্রব্য ক্রোক হইলে ও দাওয়ার উপর আপত্তি করিবার জন্যে মোকদ্দমা করা গেলে, যে জন ক্রোক করিয়াছে তাহা ছাড়া যদি অন্য লোক ঐ ভূমির জমার দখলে আছে বলিয়া ঐ বাকীর নিমিত্তে ক্রোক করিবার স্বত্বের দাওয়া করে, তবে সেই অন্য লোককে মোকদ্দমার এক পক্ষ করা যাইবেক, ও কাহার দখল আছে এই কথার বিচার হইবেক, ও জমার নিমিত্তে ক্রোক করিবার স্বত্ব যাহার হয় এই কথা দখল অনুসারে নিষ্পত্তি হইবেক পরন্তু কালেক্টর সাহেবের নিষ্পত্তি হইলেও ঐ ভূমির জমা পাইবার আইনসিদ্ধ স্বত্ব যাহার থাকে এমত কোন পক্ষ দেওয়ানী আদালতে মোকদ্দমা করিয়া আপনার স্বত্ব সাব্যস্ত করিতে পারিবেক, কেবল সেই নিষ্পত্তির তারিখ অবধি এক বৎসরের মধ্যে সেই মোকদ্দমা উপস্থিত করিতে হইবেক ইতি।

[কোন লোক আপনার দ্রব্য নীলাম না হইয়া রক্ষা করিবার উপযুক্ত সময়ের মধ্যে নালিশ করিতে না পারিলে ক্ষতিপূরণের নালিশ করিতে পারিবেক।]

১২৬ ধারা। দাওয়ার যে টাকা ন্যায্যমতে দেনা নহে, কিম্বা অন্য লোকের দেনা হয় কিম্বা দেনা আছে কথিত হয়, সেই টাকা আদায় করিবার জন্যে যাহার দ্রব্য ক্রোক হইয়াছে এমত কোন ব্যক্তি যদি উপযুক্ত কোন কারণে ঐ দাওয়ার বিচার করিবার জন্যে কিম্বা ঐ দ্রব্যের স্বত্বের বিচার হইবার জন্যে ১০৯ ও ১২৪ ধারার লিখিত মিয়াদের মধ্যে মোকদ্দমা উপস্থিত করিতে পারিল না তাহাতে তাহার দ্রব্য নীলাম হয়, তবু সেই লোক দ্রব্য বেআইনীমতে ক্রোক ও নীলাম হইয়াছে বলিয়া ক্ষতিপূরণের জন্যে এই আইনমতে মোকদ্দমা করিতে পারিবেক ইতি।

ইহার অবশিষ্ট আগামিতে প্রকাশ হইবেক।

সদর দেওয়ানী আদালতের সরকুলর অর্ডর।

১৪ নম্বর।

বাঙ্গলা প্রভৃতি দেশের শ্রীযুত দেওয়ানীর কার্য্যকারক ও ছোট নাগপুরের শ্রীযুত ডেপুটী কমিসানর সাহেব বরাবরেষু।

সদর আদালতের সাহেবেরদের আজ্ঞামতে তোমাকে জানাইতেছি যে, হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই বিধি নির্দ্ধার্য্য করিয়াছেন। ১৮৫৬ সালের ১২ আইনমতে দেওয়ানী আদালতের ৯৯ জন আমীন নিযুক্ত হইবেক। তাহারদের মধ্যে ৩৩ জন প্রথম শ্রেণীর আমীন হইয়া মাসে ৭০৲ টাকা বেতন পাইবেক। ৬৬ জন দ্বিতীয় শ্রেণীর আমীন হইয়া ৫০৲ টাকা বেতন পাইবেক তোমার জিলাতে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর যত জন আমীন নিযুক্ত হইবেক তাহার ফর্দ্দ এই সরকুলরের শেষে আছে।

২। সেই পদে ভর্ত্তি করিবার জন্যে উপযুক্ত লোক-

pointments, you will be careful, in all cases, to require a competent knowledge of Surveying, including exactness and facility in draughting what has been surveyed; and for the first class you should give the preference to Persons who, by examination, have been declared qualified to appear as Pleaders in the Superior Courts; and for the second class, to those passed for Pleaders in the Courts of Sudder Ameens or Moonsiffs.

3. You are requested to take such steps for the appointment of these Ameens and for adopting other arrangements that may be subsidiary thereto, as shall enable you, throughout the courts of your district, to give effect to the new Act from the 1st January 1858. You will not fail to require any Ameen so appointed to subscribe the declaration prescribed in Section IV. of the Act.

4. The duties which may be assigned to Ameens are set forth in Section V. Considering the limited number of Ameens now proposed to be employed, compared with those entertained under the old Law, your careful attention should be given both to the nature of the work assigned to the Ameens and to the time which they take in performing it. Obviously the local investigations described in Clause 2, Section V. Act XII. of 1856 and more rarely the investigations mentioned in Clause 1, are the most delicate and important of the new Ameens' duties, and by these Ameens only can such duties be performed

The business mentioned in Clause 3, namely, delivering over possession of land, houses and other immoveable property in execution of decrees, in the great majority of cases, is of a simple and technical character, easily to be performed through the Nazir of the courts, and accordingly it appears to the Sudder Court desirable that in order to avoid the withdrawal of the Court Ameens from more necessary duties, most frequently the Nazirs of courts should be ordered to deliver over property in execution of decrees. Again the time of the Ameens may be very considerably economized by effecting through Nazirs the sale of moveable property and of immoveable property saleable under Section III. Regulation VII. of 1825, and again a similar remark applies to the first description of business mentioned in Clause V, namely, ascertaining the sufficiency of sureties.

5. Upon the whole, therefore, to enable you most effectually to carry out the new Act by the Ameens assigned to your District, you are requested to instruct the Lower Courts, especially the Moonsiffs, as far as practicable, to execute directly through the Nazirs of their establishments the business described in Clauses 3 and 4, Section V. of Act XII. of 1856.

দিগকে মনোনীত করিবার সময়ে, যাহারদের সরবে অর্থাৎ জরিপ করিবার বিদ্যাতে উপযুক্ত জ্ঞান থাকে ও জমী জরিপ করিয়া যাহারা সেই জমীর নকশা ঠিকরূপে ও অনায়াসে করিতে পারে এমত লোকদিগকে মনোনীত করিতে মনোযোগ করিবা। যাহারা পরীক্ষোত্তীর্ণ হইয়া উচ্চ২ আদালতে উকীল হইবার ক্ষমতাপন্ন প্রকাশ হইয়াছে এমত লোকদিগকে অন্য লোকঅপেক্ষা প্রথম শ্রেণীতে ভর্ত্তি হইবার জন্যে, ও যাহারা পরীক্ষোত্তীর্ণ হইয়া সদর আমীনেরদের কি মুনসেফেরদের আদালতে উকীল হইবার ক্ষমতাপন্ন প্রকাশ হইয়াছে এমত লোকদিগকে দ্বিতীয় শ্রেণীতে ভর্ত্তি হইবার জন্যে মনোনীত করিবা।

৩। তোমাকে আরো এই আদেশ হইতেছে। ঐ নূতন আইন ১৮৫৮ সালের ১ জানুআরিঅবধি তোমার জিলার সকল আদালতে প্রচলিত হইতে পারে এই নিমিত্তে ঐ আমীনদিগকে নিযুক্ত করিবার উপযুক্ত উপায় কর ও অন্য যে সকল নিয়ম করিলে ঐ কার্য্য সাধন হওনের সাহায্য হয় তাহাও কর। সেই প্রকারে যে কোন আমীনকে নিযুক্ত করা যায় তাহাকে ঐ আইনের ৪ ধারার লিখিত প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিতে হুকুম করিবা, ইহাতে ত্রুটি না হয়।

৪। আমীনেরদের যে সকল কর্ম্ম করিতে হইবেক তাহা ঐ আইনের ৫ ধারাতে লেখা আছে। পূর্ব্বকার আইনমতে যত জন আমীন নিযুক্ত ছিল তাহারদের হইতে অল্প জন নিযুক্ত হওনের প্রস্তাব এইক্ষণে হইতেছে, ইহা বুঝিয়া ঐ আমীনেরদের প্রতি যে সকল কর্ম্ম অর্পণ হয় তাহার ভারবিষয়ে ও সেই কর্ম্ম করিতে তাঁহারদের যত কাল লাগে সেই বিষয়ে তোমার বিশেষমতে মনোযোগ করিতে হইবেক। ১৮৫৬ সালের ১২ আইনের ৫ ধারার ২ প্রকরণেতে সরেজমীনে তদারক করিবার যে কার্য্য নির্দ্দিষ্ট হইয়াছে ও ১ প্রকরণমতে কখন২ তদারকের যে কার্য্য নির্দ্দিষ্ট হইয়াছে তাহা ঐ নূতন আমীনেরদের সকল কর্ম্মের মধ্যে স্পষ্টরূপে অতিকঠিন ও গুরুতর কর্ম্ম বটে। ও সেই২ কর্ম্ম কেবল সেই আমীনেরদের দ্বারা হইতে পারিবেক।

ঐ ধারার ৩ প্রকরণেতে যে কার্য্যের উল্লেখ হইয়াছে অর্থাৎ ডিক্রীজারীক্রমে ভূমি ও ঘর ও অন্য২ স্থাবর সম্পত্তির দখল দেওয়াইবার কার্য্য প্রায় অধিকাংশ স্থলে সহজ, ও বিষয় বুঝিলে অক্লেশে করা যায়। আদালতের নাজির তাহা অনায়াসে করিতে পারিবেক। অতএব সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে, আদালতের আমীনদিগকে আরো প্রয়োজনের কর্ম্ম হইতে ছাড়ান না যায় এই কারণে ডিক্রীজারীক্রমে সম্পত্তি দেওয়াইবার কার্য্য করিতে আদালতের নাজিরদিগকে অধিকবার নিযুক্ত করা উচিত। আরো অস্থাবর সম্পত্তির নীলাম ও ১৮২৫ সালের ৭ আইনের ৩ ধারামতে যে স্থাবর সম্পত্তির নীলাম হইতে পারে তাহার নীলাম নাজিরেরদের দ্বারা করাইলে আমীনেরদের অনেক সময়ের লাভ হইতে পারে। আরো ৫ প্রকরণেতে যে২ কার্য্যের উল্লেখ হইয়াছে তাহার মধ্যে প্রথম প্রকারের অর্থাৎ জামিনীর মাতবরী নির্ণয় করিবার কার্য্যের উপরে ঐ উপদেশ খাটিতে পারিবেক।

৫। ফলতঃ তোমার জিলাতে যে আমীনেরা নিযুক্ত হয় তাহারা নূতন আইনমতে সফলরূপে কার্য্য নির্ব্বাহ করিতে পারে এই কারণে তোমাকে এই আদেশ হইতেছে। তুমি আপনার অধীন বিচারকর্ত্তারদিগকে বিশেষতঃ মুনসেফদিগকে এই উপদেশ কর যে, ১৮৫৬ সালের ১২ আইনের ৫ ধারার ৩ ও ৪ প্রকরণেতে যে সকল কার্য্য নির্দ্দিষ্ট হইয়াছে সেই সকল কার্য্য যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত নাজিরেরদের দ্বারা নির্ব্বাহ করান।

6. You will observe that in the new Act no provision is made for employing Ameens in effecting attachments of moveable or immoveable property. The processes in such cases must, therefore, be served by the Nazirs of the courts.

৬। স্থাবর কি অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার কার্য্যেতে আমীনদিগকে নিযুক্ত করিবার কোন বিধি নূতন আইনেতে নাই। সেই কার্য্য করিতে হইলে আদালতের নাজিরেরদের দ্বারা পরওয়ানা জারী করিতে হইবেক।

7. It is understood that hitherto the completion of Ameens' Reports has been much retarded from the imperfect and loose orders recorded for their guidance. In future, before issuing orders for the employment of an Ameen, the several Courts will be careful to consider the exact nature of the work to be done, the means to which the Ameen is to have recourse for doing it, and the time it should occupy; and they will instruct him accordingly. Sometimes it may be possible for the Court to indicate to the parties concerned the date from which the Ameen's proceedings are to commence; in other cases the Ameen may have to notify this date; but under any circumstances it should be distinctly understood that the Ameen is not to defer his proceedings owing to the absence of a party to whom notice has been given.

৭। আমীনেরদের যেরূপে কার্য্য করিতে হইবেক তাহার হুকুম অস্পষ্টরূপে ও আলগা ভাবে লেখা থাকে ইহাতে তাহারদের রিপোর্ট পূরা করিয়া দিবার বাধা হইয়া থাকে এমত বুঝা গেল। অতএব ইহার পরে আমীনকে কোন কর্ম্ম করিতে হুকুম হইলে, যে কর্ম্ম করিতে হইবেক তাহার নিশ্চিত ভাব, ও তাহা করিবার জন্যে আমীনের যে উপায় করিতে হইবেক, ও যত কালের মধ্যে সেই কর্ম্ম সমাপ্ত করা উচিত, এই সকল কথা বিচারকর্ত্তারা প্রথমে মনোযোগ করিয়া বিবেচনা করিবেন ও তদনুসারে আমীনকে উপদেশ দিবেন। আমীনের কার্য্য যে তারিখঅবধি আরম্ভ করিতে হইবেক তাহা ঐ বিষয়ের লিপ্ত ব্যক্তিদিগকে কোন২ সময়ে বিচারকর্ত্তা জানাইতে পারিবেন। কোন২ সময়ে আমীনের সেই তারিখের এত্তেলা দিতে হইবেক। কিন্তু যে কোনমতে ঐ সম্বাদ দেওয়া যাউক যাহাকে এত্তেলা দেওয়া গিয়াছে এমত কোন এক পক্ষ উপস্থিত নাই বলিয়া আমীনের সেই কার্য্য বিলম্ব করিতে হইবেক না, ইহা স্পষ্টরূপে বুঝিতে হইবেক।

8. All the courts must distinctly understand that the Sudder Court cannot countenance the pernicious practice, not unseldom followed, of deputing two or three Ameens in succession to investigate the same matter. This very objectionable course almost invariably arises from the original instructions being loosely given and the first Ameen's execution of them being inadequately superintended.

৮। কোন এক বিষয়ের তদারক করিবার জন্যে দুই কি তিন জন আমীনকে ক্রমশঃ পাঠাইবার যে অতি কুরীতি বারম্বার হইতেছে তাহাতে সদর আদালত সম্মত হইতে পারেন না, সকল বিচারকর্ত্তার এই কথা স্পষ্টরূপে জানিতে হইবেক। প্রথমে যে উপদেশ দেওয়া যায় তাহা অতিশয় আলগামতে দেওয়া যায়, ও প্রথম আমীন সেই কার্য্য যেরূপে করিয়াছিল তাহার উপযুক্তমতে তত্ত্বাবধারণ হয় না, প্রায় সর্ব্বদা এই কারণে সেই অতিঅনুচিত কার্য্য হইয়া থাকে।

9. Litigants habitually attempt to impeach the genuineness of an Ameen's returns and plans by withholding the attestation of their own signature. An erroneous impression prevails that they ratify and accept what they sign. But it should be understood that unless otherwise expressed, in merely signing a plan, for example, as witnesses to its execution, they are not necessarily precluded from subsequently stating any objection they may entertain to the mode in which it has been prepared.

৯। বাদিপ্রতিবাদিরা আমীনেরদের কার্য্যের দোষ দিবার উদ্যোগ করিয়া তাহারদের রিপোর্টে ও নক্শাতে দস্তখৎ করে না। তাহারা বোধ করে যে সেই লিপিতে দস্তখৎ করিলে আমরা তাহা মঞ্জুর ও গ্রাহ্য করি। কিন্তু তাহা নয়। নক্শাতে কেবল সহী করিয়া যদি তাহাতে অন্য কথা না লেখে, যথা কোন নক্শা যে করা গিয়াছে ইহাতে যদি সাক্ষিস্বরূপে দস্তখৎ করে, তবে তাহা যে প্রকারে প্রস্তুত করা গিয়াছে এই বিষয়ে তাহারদের কোন আপত্তি থাকিলে সেই আপত্তি পরে প্রকাশ করিবার বাধা অবশ্য থাকে এমত নয়, এই কথা বুঝিতে হইবেক।

10. It is believed that the employment of Ameens by Moonsiffs may be avoided in many cases in which they are now inconsiderately employed. Moonsiffs' courts are comparatively near the subject of dispute, and witnesses whom it may be necessary to examine should be summoned and examined by Moonsiffs themselves.

১০। মুনসেফেরা এইক্ষণে বিবেচনা না করিয়া আমীনদিগকে যে সকল কর্ম্ম করিতে দিয়া থাকেন, বোধ হয় অনেকবার তাহারদিগকে সেই কর্ম্মে নিযুক্ত না করিলেও হয়। অন্য আদালতঅপেক্ষা মুনসেফেরদের কাছারী বিবাদের বিষয়ের নিকট থাকে অতএব যে সাক্ষিরদের জোবানবন্দী লওয়া আবশ্যক তাহারদিগকে মুনসেফেরদের নিজে সমন করিয়া তাহারদের জোবানবন্দী লওয়া উচিত।

11. You will furnish to the Ameen two blank Books which must be kept up according to the following Forms:—

১১। আমীনকে তুমি শাদা কাগজের দুই বহী দিবা। সেই২ বহীতে এই ধারাক্রমে কথা লিখিতে হইবেক।

No. 1. Diary.

Month.	Day.	Short memorandum of business done daily, to be recorded daily.

১ নম্বর, রোজনামচা।

মাস	দিন	প্রতিদিন যে কর্ম্ম করা যায় তাহা সংক্ষেপ করিয়া প্রতিদিন লিখিতে হইবেক।

No. 2. Register.

1	2	3	4	5	6	7	8	9	10
No.	Date of receipt of order.	Date of order.	Court issuing it.	Nature of business.	Names of Party or Parties.	Date of commencement of duty.	Time fixed for performing duty.	Date of report of completion.	REMARKS.

২ নম্বর। রেজিষ্টর।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
নম্বর।	হুকুম যে তারিখে পঁহুছে	হুকুমের তারিখ	যে আদালত হইতে হয়	যে প্রকারের কর্ম্ম	এক কি অধিক পক্ষের নাম	কর্ম্ম যে তারিখে আরম্ভ হয়	কর্ম্ম নির্ব্বাহ করিতে যত সময় দেওয়া গিয়াছে	কর্ম্ম সমাপ্ত হইবার রিপোর্ট যে তারিখে হয়।	মন্তব্য কথা।

12. The Ameens will submit to you weekly, a short report of business done and in hand. It may often be your duty to examine his diary and register and to call for full details of an Ameen's proceedings; but this weekly report is intended to keep you informed of the progress of his operations and of the propriety of sending him new work. No doubt it will frequently be possible for an Ameen to carry on more than one assigned duty, and it will be necessary for yourself, the Principal Sudder Ameen and others of your subordinates to consider how far it is proper to require his attention to be simultaneously given to more than one case.

13. You will report, for the information of the

১২। হপ্তায়২ আমীনেরা যত কর্ম্ম নির্ব্বাহ করে ও যত হাতে থাকে তাহার সংক্ষেপ রিপোর্ট তোমাকে দিবেক। তাহার রোজনামচা ও রেজিষ্টর দেখিয়া লওয়া ও আমীন যে কার্য্য করিয়াছে তাহার সম্পূর্ণ বেওরা-পত্র তলব করা তোমার অনেকবার প্রয়োজন হইতে পারে বটে। কিন্তু তাহার কার্য্য যে প্রকারে চলিতেছে ও তাহাকে নূতন কিছু কর্ম্ম দিতে হয় কি না ইহা তুমি জ্ঞাত হইয়া থাক এই কারণে সপ্তাহের২ ঐ রিপোর্ট দিবার হুকুম হইল। আমীনের প্রতি যে২ কর্ম্ম অর্পণ করা যায় তাহার মধ্যে কএক কর্ম্ম একি কালে নির্ব্বাহ করা তাহার অনেকবার সাধ্য হইতে পারে, অতএব একি কালে অনেক কর্ম্মে মনোযোগ করিতে হুকুম করা যেপর্য্যন্ত উচিত হয় তাহা তোমার ও প্রধান সদর আমীনের ও তোমার অধীন অন্য বিচারকর্ত্তারদের বিবেচনা করা আবশ্যক হইবেক।

১৩। তুমি যে আমীনদিগকে নিযুক্ত কর তাহার

Sudder Court, the names of the Ameens whom you may appoint; and the localities which you may assign to each as constituting the ordinary limits of their operations.

14. Your very careful attention is requested to the provisions of Section VIII. of the Act. The *daily rate* chargeable for the employment of an Ameen is fixed at three Rupees. In estimating the time which any duty about to be assigned to an Ameen, may be expected to occupy, every court will, as near as may be, determine the time within which the business once undertaken, should be completed.

15. The whole expence in each case to be levied must be prepaid at the rate of three Rupees a day. From the accumulations of this Fund, the fixed salaries of the Ameens have to be paid: and it has been distinctly intimated by the Government that no portion of the charge to be incurred by the appointment of Ameens can be defrayed by the State.

16. On any given duty being by an Ameen closed, the Ameen will specially report the time it occupied, and each court will at once consider and record the amount which, on account of the Ameen's employment, is chargeable, to costs of suit. If in any case the estimated pre-payment be found to exceed the actual charge, the excess should be refunded.

17. Much care will also be necessary to confine within exact limits the fees leviable by Section 9 in sale cases. The pre-payment made in these cases, you will observe, is intended to provide for the Ameen's remuneration, when from any cause a sale may not take effect. In this case, also, on the termination of the proceedings, the cost incurred by the Ameen's deputation should be considered; if the whole sum chargeable on behalf of the Ameen, at three Rupees a day, *do not exceed* the deduction made from the proceeds of sale at the rate of one anna in the Rupee (6¼ per cent.,) the latter sum will be wholly credited to the Fee Fund, and the estimated sum paid in anticipation of the sale will be refunded; if the sum chargeable for the time of Ameen's employment *exceed* the per centage receivable from the sale, then only so much can be refunded as, taking the two items together, will leave the exact cost of the Ameen's deputation to be covered. If no sale at all occur, the cost of the Ameen's deputation must be wholly covered by the prepayment.

18. Separate instructions will be communicated to you by the Accountant to the Government of Bengal, as to the mode in which your receipts and disbursements, on account of Civil Court Ameens' salaries, should be exhibited.

S. LUSHINGTON,
Offg. Register.

Fort William, the 6th November, 1857.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৯ ডিসেম্বর।]

দের নাম ও তাহারদের সাধারণমতে কর্ম্ম করিবার সীমানা বলিয়া এক২ জনের যে সকল স্থান নিরূপণ করিয়া থাক তাহার নাম সদর আদালতের জানিবার জন্যে তোমার রিপোর্ট করিতে হইবেক।

১৪। ঐ আইনের ৮ ধারার বিধিতে তোমার বিশেষমতে অত্যন্ত মনোযোগ করিবার আদেশ হইতেছে। আমীন কোন কর্ম্মে নিযুক্ত হইলে তাহার প্রতিদিনের খরচ তিন টাকা ধরা গিয়াছে। আমীন কোন কর্ম্ম করিতে নিযুক্ত হইলে সেই কর্ম্মেতে যত কাল লাগিতে পারে তাহার হিসাব করিবার সময়ে, ঐ কর্ম্মেতে একবার হস্তক্ষেপ করিলে তাহা যত কালের মধ্যে সমাপ্ত করা উচিত এই কথা প্রত্যেক বিচারকর্ত্তা সাধ্যমতে নিশ্চয়রূপে নির্দ্ধার্য্য করিবেন।

১৫। এক২ কর্ম্মের যে খরচ আদায় করিতে হইবেক তাহা দিনপ্রতি তিন টাকার হিসাবে আগাম লইতে হইবেক। ঐ সকল টাকা জমা করিয়া রাখিতে হইবেক ও তাহাহইতে আমীনেরদের বেতন দিতে হইবেক। আমীনদিগকে নিযুক্ত করণেতে যত খরচ লাগে তাহার কোন ভাগ সরকারহইতে দেওয়া যাইবেক না এই কথা গবর্ণমেণ্ট স্পষ্টরূপে জানাইয়াছেন।

১৬। আমীনের প্রতি অর্পিত কোন কর্ম্ম সমাপ্ত হইলে, তাহাতে যত সময় লাগিয়াছিল তাহার বিশেষ রিপোর্ট সেই আমীন করিবেক। তাহা করিলে আমীনের সেই কর্ম্মে নিযুক্ত হওয়াতে যত টাকা মোকদ্দমার খরচার মধ্যে ধরিতে হইবেক তাহা বিচারকর্ত্তা একেবারে বিবেচনা করিয়া রিকার্ড করিবেন। যে টাকা অনুমানক্রমে আগাম দেওয়া গিয়াছে তাহা যদি কোন স্থলে ঐ প্রকৃত খরচার অধিক হয় তবে সেই অধিক টাকা ফিরিয়া দিতে হইবেক।

১৭। নীলামের মোকদ্দমাতে ৯ ধারামতে যে রসুম আদায় হইতে পারে তাহা অধিক করিয়া না লইবার জন্যে অত্যন্ত মনোযোগ করার আবশ্যক হইবেক। এমন স্থলে রসুম আগাম দেওয়ার এই অভিপ্রায় জানিবা যে, নীলাম যদি কোন কারণে না হয় তবু আমীনের মেহনতানা পাওয়া যায়। এমত স্থলে রুবকারী সমাপ্ত হইলে আমীনকে পাঠাইবার খরচ বিবেচনা করিতে হইবেক। নীলাম হইয়া যত টাকা পাওয়া যায় তাহাহইতে টাকাপ্রতি এক আনা অর্থাৎ শতকরা সওয়া ৬ ।০ টাকার হিসাবে যাহা বাদ দেওয়া যায় তাহা আমীনের দিনপ্রতি তিন টাকার হিসাবে যে খরচ হয় তাহার অধিক না হইলে ঐ বাদ দেওয়া সমুদয় টাকা আমীনের রসুমের তহবীলে জমা হইবেক ও নীলাম হইবার আগে অনুমানক্রমে যে টাকা দেওয়া যায় তাহা ফিরিয়া দিতে হইবেক। কিন্তু আমীন যত কাল সেই কর্ম্মে নিযুক্ত থাকে তাহার যে খরচ লাগে সেই খরচ যদি শতকরার হিসাবে ঐ টাকার অধিক হয় তবে ঐ দুই একুন করিয়া আমীনের খরচ ঠিকমতে শোধ করিলে পর অবশিষ্ট যাহা থাকে তাহা ফিরিয়া দিতে হইবেক। যদি নীলাম না হয় তবে আগাম দেওয়া টাকাহইতে আমীনের সমুদয় খরচ দিতে হইবেক।

১৮। দেওয়ানী আদালতের আমীনেরদের বেতনের হিসাবের খাতায় জমা খরচ যে প্রকারে লিখিতে হইবেক তাহার স্বতন্ত্র উপদেশপত্র বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের আকৌণ্টেণ্ট সাহেবের স্থানে পাইবা।

এস লশিংটন। একটিং রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম। ১৮৫৭ সাল ৬ নবেম্বর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

Distribution of Ameens.

District.	1st Grade.	2d Grade.	Total.	Remarks.
Backergunge, ...	1	2	3	
Beerbhoom, ...	1	2	3	
Behar, ...	1	1	2	
Bhaugulpore, ...	1	2	3	
Burdwan, (East)	3	7	10	
Burdwan, (West)	1	4	5	
Cuttack, ...	1	2	3	
Chittagong, ...	2	2	4	
Dacca, ...	2	3	5	
Dinagepore, ...	1	2	3	
Hooghly, ...	2	6	8	
Jessore, ...	1	2	3	
Midnapore, ...	1	2	3	
Moorshedabad, ...	1	2	3	
Mymensing, ...	1	2	3	
Nuddea,...	2	3	5	
Patna, ...	1	1	2	
Purnea, ...	1	2	3	
Rajshahye, ...	1	2	3	
Rungpore, ...	1	2	3	
Sarun, ...	1	2	3	
Shahabad, ...	1	1	2	
Sylhet, ...	1	2	3	
Tipperah, ...	1	1	2	
Tirhoot, ...	1	2	3	
24-Pergunnahs,...	2	4	6	
Hazareebagh or S. W. Frontier Agency,... ...	0	3	3	
Grand Total, ...	33	66	99	

Government Gazette, 15*th December*, 1857.]

যে জিলাতে যত আমীন নিযুক্ত হইবেক তাহার ফর্দ্দ।

জিলার নাম।	প্রথম শ্রেণী	দ্বিতীয় শ্রেণী	মোট	মন্তব্য কথা
বাকরগঞ্জ	১	২	৩	
বীরভূম	১	২	৩	
বেহার	১	১	২	
ভাগলপুর	১	২	৩	
পূর্ব্ব বর্দ্ধমান	৩	৭	১০	
পশ্চিম বর্দ্ধমান	১	৪	৫	
কটক	১	২	৩	
চাটিগাঁ	২	২	৪	
ঢাকা	২	৩	৫	
দিনাজপুর	১	২	৩	
হুগলী	২	৬	৮	
যশোহর	১	২	৩	
মেদিনীপুর	১	২	৩	
মুরশিদাবাদ	১	২	৩	
ময়মুনসিংহ	১	২	৩	
নদীয়া	২	৩	৫	
পাটনা	১	১	২	
পূরণিয়া	১	২	৩	
রাজশাহী —	১	২	৩	
রঙ্গপুর	১	২	৩	
সারণ	১	২	৩	
শাহাবাদ	১	১	২	
ছিলট	১	২	৩	
ত্রিপুরা	১	১	২	
ত্রিহুত	১	২	৩	
চব্বিশপরগনা	২	৪	৬	
হাজারীবাগ অর্থাৎ দক্ষিণ পশ্চিম অঞ্চল... ...	,,	৩	৩	
মোট	৩৩	৬৬	৯৯	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৫ ডিসেম্বর।]

NOTIFICATIONS.

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

APPOINTMENT.

The 8th December, 1857.

Baboo Kistokinker, to officiate as Moonsiff of Raojan, Zillah Chittagong.

LEAVES OF ABSENCE.

The 5th December, 1857.

Baboo Goureenath Goopt, Moonsiff of Russoolgunge, Zillah Sylhet, for one month, on Medical Certificate.

Moulvie Abdool Jubbar, Moonsiff of Chowgong, Zillah Rajshahye, for three months, on Medical Certificate.

The 8th December, 1857.

Baboo Gopeenath Roy, Moonsiff of Olipore, Zillah Rungpore, for ten days, on account of illness.

Mr. W. Cardozo, Acting Moonsiff of Raojan, Zillah Chittagong, for seven days, from the 2nd January, 1858.

S. LUSHINGTON, *Offg. Register.*

বিজ্ঞাপন।

সদর দেওয়ানী আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ৮ ডিসেম্বর।

শ্রীযুত কৃষ্ণকিঙ্কর বাবু জিলা চাটিগাঁয়ের রাঙ্গুযানের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৫ ডিসেম্বর।

জিলা ছিলটের রসুলগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গৌরীনাথ গুপ্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা রাজশাহীর চৌগাঁয়ের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল জব্বার চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ৮ ডিসেম্বর।

জিলা রঙ্গপুরের অলিপুরের মুনসেফ শ্রীযুত বাবু গোপীনাথ রায় পীড়াপ্রযুক্ত দশ দিনের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁয়ের রাঙ্গুযানের একটিং মুনসেফ শ্রীযুত ডবলিউ কার্ডোজো সাহেব ১৮৫৮ সালের ২ জানুআরি তারিখঅবধি সাত দিনের ছুটী পাইয়াছেন।

এস লশিংটন। একটিং রেজিষ্টর।

রাজকর্ম্মে নিয়োগ।

২৯৮০ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২৮ নবেম্বর।

শ্রীযুত আর জে এটকিন্সন সাহেব (Mr. R. J. Atkinson,) কিঞ্চিৎ কালের নিমিত্তে মেদিনীপুরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

১৮৫৭ সাল ৩ ডিসেম্বর।

ঢাকার মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এ জে আর বেনব্রিজ সাহেব (Mr. A. J. R. Bainbridge,) উক্ত জিলায় জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ৪ ডিসেম্বর।

ভদরক এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু শ্রীনাথ ঘোষ বালেশ্বর জিলার মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ৫ ডিসেম্বর।

শ্রীযুত ই এচ লশিংটন সাহেব (Mr. E. H. Lushington,) অন্য হুকুম না হওয়াপর্য্যন্ত মানভূম ও সিংহভূম জিলার কমিস্যনরের কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত এ এস গি সাহেব (Mr. A. S. Gee,) সারণ জিলায় গুরকা সৈন্যের এক পল্টনের চিকিৎসকের কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি পি ওয়ালর সাহেব (Mr. C. P. Waller,) পাটনার পোলীস পল্টনের লেপ্টেনেন্ট হইবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত তারাচাঁদ বাঁড়ুয্যা কৃষ্ণনগরে দাতব্য ঔষধালয়ের ও চিকিৎসালয়ের ভারপ্রাপ্ত হইবেন।

ছুটী।

১৮৫৭ সাল ৪ ডিসেম্বর।

মেদিনীপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরি এচ বি পর্টন সাহেব (Mr. H. B. Purton,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণানুসারে চিকিৎসকের সর্টিফিকটক্রমে বারো মাসের ছুটী পাইয়াছেন।

এ আর ইয়ং।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩০২৬ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২ ডিসেম্বর।

শ্রীযুত কাপ্তান এফ ডবলিউ রিপলি সাহেব (Capt. F. W. Ripley,) রামরিতে আরাকানের কমিস্যনর সাহেবের প্রথম শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এচ ডবলিউ বেডি সাহেব (Mr. H. W. Beddy,) সান্দোয়ে আরাকানের কমিস্যনর সাহেবের দ্বিতীয় শ্রেণীর প্রধান আসিষ্টাণ্ট হইবেন।

১৮৫৭ সাল ৫ ডিসেম্বর।

শ্রীযুত এফ বি সিমসন সাহেব (Mr. F. B. Simson,) কিঞ্চিৎকালের নিমিত্তে নওয়াখালীতে সাধারণের বিদ্যাধ্যাপনের কমিটির সেক্রেটারীর কর্ম্ম নির্ব্বাহ করিবেন।

১৮৫৭ সাল ৭ ডিসেম্বর।

শ্রীযুত লেপ্টেনেন্ট সি মরে সাহেব (Lieutenant C. Murray,) কিঞ্চিৎকালের নিমিত্তে দারজিলিঙ্গে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত বাবু কালীপ্রসন্ন রায় ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে পূরণিয়াতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে ডেপুটী কালেক্টর হইয়া ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনানুসারে উক্ত জিলায় মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

১৮৫৭ সাল ৮ ডিসেম্বর।

শ্রীযুত কাপ্তান সি এচ কিলি সাহেব (Captain C. H. Keighly,) ডাকাইতী নিবারণার্থ কমিস্যনরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত টি ব্রুস লেন সাহেব (Mr. T. Bruce Lane,) কিঞ্চিৎকালের নিমিত্তে চব্বিশপরগনায় মাজিষ্ট্রেট ও

কালেক্টর সাহেবের আসিষ্টান্ট হইয়া উক্ত জিলায় জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কার্য্য করিবেন।

শ্রীযুত এচ হেঙ্কি সাহেব (Mr. H. Hankey,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ এল হিলি সাহেব (Mr. W. L. Heeley,) কটকের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এ টি মাকলিন সাহেব (Mr. A. T. Maclean,) বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এ বি ফালকন সাহেব (Mr. A. B. Falcon,) নওয়াখালীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

সব-আসিষ্টেণ্ট চিকিৎসক শ্রীযুত চন্দ্রনাথ বিশ্বাস ভদরক এলাকাখণ্ডের চিকিৎসকতা কর্ম্ম ও তথাকার দাতব্য ঔষধালয় ও চিকিৎসালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন।

১৮৫৭ সাল ৯ ডিসেম্বর।

শ্রীযুত ই ড্রমণ্ড সাহেব (Mr. F. Drummond,) মালদহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইয়া ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারায় আসিষ্টাণ্ট কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে সেই ক্ষমতানুসারে উক্ত জিলায় কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত জে পি এচ ওয়ার্ড সাহেব (Mr. J. P. H. Ward,) করিমপুরের এলাকাখণ্ডের ভারপ্রাপ্ত হইয়া ১৮২১ সালের ৩ আইনের ২ ধারার ৩ প্রকরণে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের যে বিশেষ ক্ষমতা নির্দ্দিষ্ট আছে এবং ১৮৩১ সালের ৮ আইনের ২১ ধারায় আসিষ্টাণ্ট কালেক্টরের যে ক্ষমতা নির্দ্দিষ্ট আছে তদনুসারে মুরশিদাবাদ ও নদীয়াতে কার্য্য করিবেন।

মানভূমে ছোট [illegible]পুরের কমিস্যনর সাহেবের সব-আসিষ্টাণ্ট শ্রীযুত আর সি পেরি সাহেব (Mr. R. C. Perry,) উক্ত জিলায় মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

বিজ্ঞাপন.

১৮৫৭ সাল ৭ ডিসেম্বর।

সিবিলসম্পর্কীয় সিরিশ্‌তার শ্রীযুত টি ব্রুস লেন সাহেব (Mr. T. Bruce Lane,) হিন্দুস্থান নামক বাষ্পীয় জাহাজে বর্ত্তমান মাসের ৫ তারিখে রাজধানীতে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

ADVERTISEMENT OF THE SOONDERBUN COMMISSIONER'S OFFICE.

Notice is hereby given, that the undermentioned Lots situated within the limits of 24-Pergunnahs of the Soonderbuns will be sold at Allipore in the Cutchery of the Soonderbun Commissioner, on Wednesday, the 16th December, 1857, corresponding with the 2nd Poose, 1264, B. S.

2nd. The highest bidder will be entitled to the Lots, on depositing immediately after the sale the full amount of the bid, on condition, the sale is sanctioned by the higher authorities otherwise the money will be refunded to the party without interest. On confirmation of the sale the Pottah will be drawn up in the name of the purchaser, under orders of Government of the 24th September, 1853; and will be made over to him after Registry at the Office of the Board of Revenue, Lower Provinces, and the purchaser will become the Grantee of the lands under the conditions prescribed in the Pottah, save and except such lands as may be required by Government for the Manufacture of Salt.

3rd. It is further notified, that intending purchasers who are desirous to inspect the Maps of the Lots, or to obtain any information connected with them, and their present condition; can learn the same by attending either personally or through their Agents at the Office of the Commissioner in the Soonderbuns at Allipore.

No. of Lot.	Estimated quantity of land in Begah.	Remarks.
8	13,700	A well defined Lot on the banks of the Hooghly River opposite Saugor Island; *eight* applications have been received for this Lot.
15	12,800	A well situated Lot on the banks of the Gobadeah River; *two* applications have been received for this Lot.
16	10,687	This Lot is to the North of Lot No. 15, and borders on the Zemindaree lands of Pergunnah Hateagur, the boundary with which, has been recently fixed; several applications have been received for this Lot.
24	8,900	The lands are very advantageously situated, several applications have been received for this Lot. One or two fine old tanks are included in it.
26	13,500	This is also a valuable Lot, there are several applicants for it.
87	2,200	This is a small Lot, surrounded by cultivated lands, and on the Regular Calcutta *route* through the Soonderbuns.

J. H. REILY, *Commissioner of Soonderbuns.*

Soonderbuns Commissioner's Office, Allipore, the 27th November, 1857.

সুন্দরবনের কমিস্যনরি দপ্তরখানার ইস্তাহার।

ইহার দ্বারায় সংবাদ দেওয়া যাইতেছে যে মহামান্য বোর্ড রিবিনিউর আদেশমতে জেলা ২৪ পরগনার মোতালক সুন্দরবনসংক্রান্ত নিম্নের লিখিত লাটিহায়ের পাট্টা আলিপুর মোকামে সুন্দরবনের কমিস্যনরি কাছারিতে ইংরাজী ১৮৫৭ সালের ১৬ ডিসেম্বর মোতাবেক সন ১২৬৪ সালের ২ পৌষ বুধবার তারিখে বেলা দুই

প্রহরের সময়ে নীলাম হইবেক যে অতি উচ্চ মূল্যে ডাকে তিনি লাট পাইবেন তৎক্ষণাৎ খরিদের সমুদয় মূল্য কমিস্যনরকে দিতে হইবেক পরে গবর্ণমেণ্টের সন ১৮৫৩ সালের ২৪ সেপ্টেম্বর দিবসীয় রুলানুযায়ী পাট্টা তাহার নামে প্রস্তুত হইয়া সদর বোর্ড রিবিনিউর মঞ্জুরিমতে তাহাকে দেওয়া যাইবেক এবং সরকারের লবণ প্রস্তুত জন্য ঐ লাটহায়ের মধ্যে কিছু জমী লওয়ার প্রয়োজন হইলে তাহা ছাড়িয়া দেওয়ার নিয়ম পাট্টায় লেখা যাইবেক পরন্তু খরিদদার মজকুর ঐ পাট্টার লিখিত নিয়মানুসারে জমীতে দখলকার হইয়া রাজস্ব আদায় করিবেক এবং আরো জানান যাইতেছে যে খরিদাকাঙ্ক্ষি ব্যক্তিগণ কেহ ঐ জমীর নক্‌শা দেখিতে চাহিলে স্বয়ং কিম্বা মোক্তারের দ্বারায় কমিস্যনরের উক্ত মোকামের কাছারিতে যাইয়া দেখিতে পারেন এবং নীলামের অপর বেওরা নীলামের সময়ে প্রকাশ করা যাইবেক আর যদিস্যাৎ এই নীলাম বোর্ড রিবিনিউর হুজুরে মঞ্জুর না হয় তবে খরিদদার পণের টাকা বিনাসুদে ফেরত পাইবেক ইতি সন ১৮৫৭ সাল তারিখ ২৫ নবেম্বর।

লাটের নম্বর	আন্দাজী জঙ্গল জমী	
৮ নং	১০৭৮০/	এই লাট হুগলী নদীর পূর্ব্ব ধারে সাগর আইলাণ্ডের সামনাসামনি এহার চারি তরফের সীমানা ভালমতে নির্দ্দিষ্ট আছে আর এই লাটের বাবত ৮ কেতা দরখাস্ত পড়িয়াছে।
১৫ নং	১২৮০০/	এই লাট গোবদীয়া নদীর ধারে এহার সীমানা উত্তমরূপ আছে এবং এই লাট বন্দোবস্ত করিয়া লওয়া জন্য ১ কেতা দরখাস্ত পড়িয়াছে।
১৬ নং	১০৬৮৭/	এই লাট উক্ত ১৫ নং লাটের উত্তর হাতিয়াঘর পরগনার জমীদারির জমীর লাগাও আর এই লাটের বাবত কএক খানা দরখাস্ত পড়িয়াছে।
২৪ নং	৮৯০০/	এই লাট যে স্থলে সে জায়গা বড় উত্তম আর এই লাটের মধ্যে এক কি দুইটা পুরাতন ভাল পুষ্করিণী আছে আর এই লাটের বাবত অনেক দরখাস্ত পড়িয়াছে।
২৬ নং	১৩৫০০/	এই লাট বড় উত্তম এবং এহার জন্যে অনেক দরখাস্ত পড়িয়াছে।
৮৭ নং	২২০০/	এই লাট ছোট কিন্তু এহার চারি তরফে অন্য আবাদের আবাদী জমী আছে এবং কলিকাতা যাতায়াতের নদীর ও রাস্তার কিনারায় ইতি।

J. H. Reily, *Commissioner of Soonderbuns.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

From 1st January, 1858, the rates of advertising in the *Bengalee Government Gazette*, will be as follows :—

WITHOUT CONTRACT.

Per single line, each insertion, ...	3 Annas.

BY CONTRACT.

Per page, ...	Rs. 60	per month.
For 12 months, 1 column, ...	„ 20	„
„ 6 ditto, 1 „	„ 22½	„
„ 6 ditto, ½ „	„ 12½	„
„ 3 ditto, 1 „	„ 25	„
„ 3 ditto, ½ „	„ 15	„

Existing contracts of course remain unaffected.

ARMY AND GENERAL AGENCY.

The undersigned beg to announce that they have opened an Army and General Agency, with News and Subscribers' Rooms, at Allahabad and Cawnpore, with a view to meet the wants and requirements of Officers of Her Majesty's and the Honorable East India Company's Services, proceeding to, and on Service, in the North Western Provinces.

In addition to the ordinary business of a General Agency, the undersigned have opened Banking Agency, and extensive warehouses, for receiving and storing property of every description.

Subscription Twenty-five Rupees per Annum.

Subscribers' names will be registered at the Offices, at Writers' Buildings, Calcutta, at Allahabad, and at Cawnpore, by

PALMER AND CO.

বিজ্ঞাপন।

অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর ও পেনস্যনের বিধির সংগ্রহ গবর্ণমেণ্টের বাঙ্গলা তরজমাকার শ্রীযুত জান রাবিনসন সাহেবকর্ত্তৃক উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রাঙ্কিত হইয়াছে মূল্য ৸০ বারো আনা শ্রীরামপুরে উক্ত সাহেবের নিকটে মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি।

সকল লোককে জ্ঞাত করা যাইতেছে যে শ্রীলশ্রীযুক্ত মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের চরিত্র বর্ণন উত্তমাক্ষরে ও উত্তম কাগজে শ্রীরামপুরের যন্ত্রালয়ে দ্বিতীয়বার মুদ্রিত হইল। মূল্য ॥০ আট আনামাত্র।

[*Government Gazette, 15th December*, 1857.]

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের সরাসরী নিষ্পত্তিসমূহ বর্ণমালানুযায়ী লিখিত ইং ১৮৩৪ সাং ১৮৫৫ সাল।

এই গ্রন্থ ফিরিস্তিসমেত ৪২০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে উক্ত আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে তত্ত্ব করিলে পাওয়া যাইবেক মূল্য ৫৲ টাকা মাত্র।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের ১৮৫৪ সালের নিষ্পত্তিসমূহের খোলাসা।

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাষায় না থাকাতে সে তাবতের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র হালদারকর্ত্তৃক অনুবাদিত হইয়া ১৲ টাকা মূল্যে বিক্রয় হইতেছে সদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসর্স ব্রাউন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের নিকট উক্ত অনুবাদকর্ত্তার নামোল্লেখে মূল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহ[illegible]ক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ১৫ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

AUSPICIO REGIS ET SENATUS ANGLIÆ

গবর্ণমেণ্ট গেজেট

গর্ণবমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 22, 1857.

কলিকাতা মঙ্গলবার ১৮৫৭ সাল ২২ ডিসেম্বর।

DRAFT OF ACT.

A Bill to amend the Law relating to the recovery of Rent in the Presidency of Fort William in Bengal.

[Concluded from page 1011.]

[Also persons aggrieved by any illegal act of distrainer.]

CXXVII. If any person empowered to distrain property or employed for the purpose under a written authority by a person so empowered, shall distrain or sell, or cause to be sold, any property for the recovery of an arrear of rent alleged to be due, otherwise than according to the provisions of this Act, or if any distrained property shall be lost, damaged, or destroyed by reason of the distrainer not having taken proper precaution for the due keeping and preservation thereof, the owner of the property may institute a suit under this Act to recover damages for any injury which he may have thereby sustained.

[Unlawful distraint.]

CXXVIII. If any person not empowered to distrain property under Sections XCVII. and C. of this Act, nor employed for the purpose under a written authority by a person so empowered, shall distrain or sell or cause to be sold any property under color of this Act, the owner of the property may institute a suit under this Act to recover damages from such person for any injury which he may have sustained from the distraint or sale. The said person shall be held to have committed criminal trespass, and shall be subject to the penalties for that offence in addition to any damages which may be awarded against him in such suit.

[Time for commencing suits for damages.]

CXXIX. Provided always, that any suit which

আইনের মুসাবিদা।

ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন বাঙ্গলা দেশে জমা আদায় করিবার আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[১০৪৪ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[ক্রোককারির কোন বেআইনি কর্ম্মেতে যাহার ক্ষতি হয় সেও নালিশ করিতে পারিবেক।]

১২৭ ধারা। শস্যাদি ক্রোক করিবার ক্ষমতা যাহার থাকে এমত লোক, কিম্বা তাহার লিখিত ক্ষমতাক্রমে যে জন সেই কর্ম্মে নিযুক্ত হয় এমত কোন লোক, জমা বাকী আছে বলিয়া তাহা আদায় করিবার জন্যে যদি এই আইনের বিধানমতে না করিয়া অন্য কোন প্রকারে কিছু দ্রব্য ক্রোক কি বিক্রয় করে কি করায়, কিম্বা যে জন ক্রোক করে সে ঐ ক্রোককরা দ্রব্য উচিতমতে রাখিবার ও রক্ষা করিবার উপযুক্ত উপায় না করাতে যদি ক্রোককরা কিছু দ্রব্য হারাণ যায় কি নষ্ট হয় কি তাহার নোকসান হয়, তবে তাহাতে দ্রব্যের স্বামির যে কিছু ক্ষতি হইয়া থাকে সেই ক্ষতিপূরণের জন্যে সেই জন এই আইনমতে মোকদ্দমা করিতে পারিবেক ইতি।

[বেআইনীমতের ক্রোকের কথা।]

১২৮ ধারা। এই আইনের ৯৭ ও ১০০ ধারাক্রমে দ্রব্য ক্রোক করিবার ক্ষমতা যাহার না থাকে এমত কোন লোক, কিম্বা যাহার ক্ষমতা আছে এমন লোকের স্থানে লিখিত শক্তি পাইয়া সেই কর্ম্মেতে নিযুক্ত না হইয়া, কেহ যদি এই আইনের ছলে কিছু দ্রব্য ক্রোক কি বিক্রয় করে কি বিক্রয় করায়, তবে সেই ক্রোক কি বিক্রয় করাতে ঐ দ্রব্যের স্বামির যে কিছু ক্ষতি হইয়া থাকে সেই ক্ষতিপূরণ সেই লোকের স্থানে পাইবার জন্যে ঐ স্বামী এই আইনমতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেক। তাহা করিলে ঐ লোকের যত খেসারৎ দিবার হুকুম হয় তদ্ভিন্ন সে অপরাধভাবে প্রবেশ করিবার দোষী জ্ঞান হইবেক ও সেই অপরাধের দণ্ডের যোগ্য হইবেক ইতি।

[ক্ষতিপূরণের মোকদ্দমা করিবার সময়ের কথা।]

১২৯ ধারা। পরন্তু ইহার পূর্ব্বের তিন ধারার কোন

may be instituted under any of the three last preceding Sections shall be commenced within three months from the date of the occurrence of the cause of action.

[Resistance of process.]

CXXX. If any person shall resist a distrain of property duly made under this Act, or shall forcibly or clandestinely remove any distrained property, the Collector, upon complaint being made within fifteen days from the date of such resistance or removal, shall cause the person accused to be arrested, and if the offence be proved and the offender be the owner of the property, shall order him to be imprisoned in the Civil Jail for six months, or until the whole arrear due to the distrainer with all expenses and costs shall sooner be paid or levied by distress and sale of the property of the offender under warrant of the Collector. If the person convicted of the offence be any other than the owner of the property, he shall make good to the distrainer the value of the same, and shall further be liable to a fine not exceeding one hundred Rupees, or in default of payment thereof to imprisonment for a period not exceeding two months.

[Service of process.]

CXXXI. Every process issued by a Collector under this Act shall be under the seal and signature of the Collector, and shall be served or executed by the Nazir or by an Officer of his establishment at the cost of the party at whose instance it is issued. The amount of such cost, and, in the case of summons to a witness, any sum required for the travelling expenses of such witness, shall be deposited in Court before the process is issued. Provided that if in any case the Collector is satisfied that a party is unable to pay the cost of any necessary process, he may direct such process to be served free of charge.

[Service of process to be attested.]

CXXXII. Whenever, in accordance with the provisions of this Act any notice, summons, proclamation, or other process is served by affixing a copy thereof to some part of the usual place of abode of the person named in the process, such service shall be attested by the signature of not less than three persons residing in the same neighbourhood, one of whom shall, if practicable, be the village chowkeydar or local Police Officer.

[Contempt of Court under Chapter X. of the Penal Code.]

CXXXIII. When any of the offences described in Chapter X. of the Penal Code is committed in contempt of the lawful authority of a Collector or other public servant duly exercised under the provisions of this Act, it shall be competent to the Collector to punish the offender as for a contempt

ধারামতে যে কোন মোকদ্দমা উপস্থিত করা যায় তাহা নালিশের হেতু হইবার তারিখঅবধি তিন মাসের মধ্যে আরম্ভ করিতে হইবেক ইতি।

[ক্রোকের পরওয়ানার বাধা করিবার কথা।]

১৩০ ধারা। এই আইনমতে শস্যাদির যে ক্রোক উপযুক্তমতে করা যায় তাহা করিবার বাধা যদি কেহ করে, কিম্বা ক্রোককরা কোন দ্রব্য যদি কেহ জোর করিয়া কি চুরী করিয়া লইয়া যায়, তবে সেই বাধা হইবার কিম্বা সেই দ্রব্য লইয়া যাইবার তারিখঅবধি পনের দিনের মধ্যে নালিশ হইলে, যাহার নামে নালিশ হয় তাহাকে কালেক্টর সাহেব গ্রেপ্তার করাইবেন। যদি ঐ অপরাধের প্রমাণ হয় ও সেই দ্রব্যের স্বামীই যদি অপরাধী হয়, তবে কালেক্টর সাহেব তাহাকে ছয় মাসপর্য্যন্ত, কিম্বা ঐ ক্রোককারির পাওনা সমুদয় টাকা খরচখরচা সমেত যাবৎ না দেওয়া যায়, কিম্বা কালেক্টর সাহেবের ওয়ারণ্টক্রমে অপরাধির দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া যাবৎ আদায় না হয় তাবৎ তাহাকে দেওয়ানী জেলখানাতে কয়েদ করিতে হুকুম করিবেন। যাহার ঐ অপরাধ সাব্যস্ত হয় সেই জন যদি ঐ দ্রব্যের স্বামিছাড়া অন্য ব্যক্তি হয়, তবে অপরাধী ঐ দ্রব্যের মূল্য সেই ক্রোককারিকে দিবেক, তদ্ভিন্ন তাহার এক শত টাকার অনধিক জরীমানা হইতে পারিবেক। সেই জরীমানার টাকা না দিলে তাহাকে দুই মাসের অনধিক কালপর্য্যন্ত কয়েদ করা যাইবেক ইতি।

[পরওয়ানা জারী করিবার কথা।]

১৩১ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেব যেং পরওয়ানা জারী করেন তাহাতে কালেক্টর সাহেবের মোহর ও দস্তখৎ থাকিবেক। ও যাহার প্রার্থনামতে বাহির হয় তাহার খরচেতে নাজির কিম্বা তাহার সিরিশ্তার কোন আমলা তাহা জারী করিবেক। সেই খরচের টাকা, ও কোন সাক্ষির নামে সমন হইলে সেই সাক্ষির পথখরচের জন্যে যত লাগে তাহা, ঐ পরওয়ানা বাহির হইবার আগে আদালতে আমানৎ করিতে হইবেক। পরন্তু কোন পক্ষ প্রয়োজনের কোন পরওয়ানার খরচ দিতে পারে না, এই কথা যদি কালেক্টর সাহেব স্ববোধমতে জানিতে পান, তবে বিনাখরচে সেই পরওয়ানা জারী হইবার হুকুম করিবেন ইতি।

[পরওয়ানা জারী হইবার কথায় দস্তখৎ করিতে হইবেক।]

১৩২ ধারা। যাহার নামে পরওয়ানা বাহির হয় তাহার নিয়ত বাসকরিবার ঘরে কোন এত্তেলার কি সমনের কি ইশ্তিহারের কি অন্য পরওয়ানার নকল লাগাইয়া যদি সেই এত্তেলাপ্রভৃতি এই আইনের বিধানমতে জারী হয়, তবে তাহা জারী হইবার কথায় অন্যূন তিন জন প্রতিবাসী দস্তখৎ করিবেক। যদি হইতে পারে তবে তাহারদের এক জন গ্রামের চৌকীদার কিম্বা সেই স্থানের পোলীসের আমলা হইবেক ইতি।

[দণ্ডবিধির আইনের ১০ অধ্যায়ের লিখনমতে আদালতের অবজ্ঞার কথা।]

১৩৩ ধারা। কালেক্টর সাহেব কিম্বা সরকারী অন্য কার্য্যকারক আপনার আইনসিদ্ধ শক্তিক্রমে এই আইনের বিধানমতে উপযুক্তরূপে কর্ম্ম করিতেছেন এমন সময়ে যদি কোন লোক সেই শক্তি অবজ্ঞা করিয়া দণ্ডবিধির আইনের ১০ অধ্যায়ের লিখিত কোন অপরাধ করে, তবে কালেক্টর সাহেব ঐ অপরাধিকে আদালতের অবজ্ঞা করিবার দোষির মতে দণ্ড করিবেন, ও সেই অপরাধের উপর যে প্রকরণ খাটে সেই

of Court, and to adjudge the punishment authorized by the Clause applicable thereto.

[Warrant for apprehension of offender under the last preceding Section.]

CXXXIV. In any such case as is referred to in the last preceding Section, if the offender be not present in Court the Collector may summon him to answer to the charge, and if after due service of the summons he fail to attend, may issue a warrant for his apprehension.

[Contempt of Court under Chapter XI. Clause 39 of the Penal Code.]

CXXXV. Whenever any such offence as is described in Clause 39 Chapter XI. of the Penal Code is committed in contempt of the lawful authority of a Collector in any stage of a judicial proceeding under this Act, it shall be competent to the Collector to punish the offender as for a contempt of Court and to adjudge the punishment authorized by the said Clause.

[Collector competent to hold a Court in any part of his jurisdiction. Proviso.]

CXXXVI. It shall be competent to the Collector to hold a Court for hearing and determining suits under this Act in any place within the limits of his District or local jurisdiction, provided that every hearing and decision shall be in open Court, and that the parties to the suits or their authorized agents shall have had due notice to attend at such place.

[Agents or Mookhtars.]

CXXXVII. Any person may practice as an agent or mookhtar in a Court held by a Collector under this Act without any formal license from the Collector. But it shall be competent to the Collector to prohibit any person, who has been convicted by a competent Court of a Criminal offence, or who has been found guilty of fraudulent or dishonest conduct in the discharge of his duty as agent or mookhtar, to practise as an agent or mookhtar in his Court. When any charge of fraudulent or dishonest conduct in the discharge of his duty is brought against an agent or mookhtar, the Collector shall proceed in the manner prescribed in Section IV. Act XVIII. of 1852, and the order passed in the case shall be open to appeal to the superior Revenue authorities.

[Powers of Deputy Collectors.]

CXXXVIII. All the powers vested in the Collector by the preceding Sections of this Act may be exercised by any Deputy Collector in cases referred to him by a Collector, and in all cases without such reference, by any Deputy Collector having local jurisdiction in any Sub-division of a District.

[Collectors and Deputy Collectors to be subject to general direction and control of the Commissioners and the Boards of Revenue. No appeal

প্রকরণে যে দণ্ডের অনুমতি হয় সেই দণ্ডের আজ্ঞা করিবেন ইতি।

[ইহার পূর্ব্বের ধারামতে অপরাধিকে গ্রেপ্তার করিবারি পরওয়ানার কথা।]

১৩৪ ধারা। ইহার পূর্ব্ব ধারার লিখিত স্থলে অপরাধী আদালতে হাজির না থাকিলে কালেক্টর সাহেব তাহাকে সেই দোষের জওয়াব করিতে সমন করিতে পারিবেন। সেই সমন উপযুক্তমতে জারী হইলেও যদি সে হাজির না হয় তবে তাহার গ্রেপ্তারের পরওয়ানা জারী করিবেন ইতি।

[দণ্ডবিধির আইনের ১১ অধ্যায়ের ৩৯ প্রকরণের লিখনমতে আদালতের অবজ্ঞার কথা।]

১৩৫ ধার। এই আইনমতের কোন মোকদ্দমা উপস্থিত থাকিবার কোন কালে যদি কোন লোক কালেক্টর সাহেবের আইনসিদ্ধ শক্তি অবজ্ঞা করিয়া দণ্ডবিধির আইনের ১১ অধ্যায়ের ৩৯ প্রকরণের লিখিত কোন অপরাধ করে, তবে কালেক্টর সাহেব ঐ অপরাধিকে আদালতের অবজ্ঞা করিবার দোষির মতে দণ্ড করিবেন, ও সেই প্রকরণের লিখিত দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[কালেক্টর সাহেব আপন এলাকার কোন স্থানে কাছারী করিতে পারিবেন। বর্জ্জিত কথা।]

১৩৬ ধারা। কালেক্টর সাহেব এই আইনমতে মোকদ্দমা শুনিবার ও নিষ্পত্তি করিবার জন্যে আপন জিলার কিম্বা এলাকার সীমার মধ্যে কোন স্থানে কাছারী করিতে পারিবেন। কেবল ইহাতে প্রয়োজন যে শুনিবার ও নিষ্পত্তি করিবার সকল কার্য্য খোলা কাছারীতে হয়, ও মোকদ্দমার উভয় পক্ষকে কিম্বা তাহারদের ক্ষমতাপ্রাপ্ত মোখ্তারদিগকে সেই স্থানে হাজির হইবার উপযুক্ত এত্তেলা দেওয়া যায় ইতি।

[মোখ্তারেরদের কথা।]

১৩৭ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেব যে কাছারী করেন তাহাতে কোন লোক কালেক্টর সাহেবের স্থানে ধারামতের অনুমতিপত্র না পাইয়াও মোখ্তারের কর্ম্ম করিতে পারিবেক। কিন্তু যে লোকের কোন ফৌজদারী অপরাধ উপযুক্ত আদালতে সাব্যস্ত হইয়াছে, কিম্বা মোখ্তারের কর্ম্ম করিবার কালে যে জন প্রতারণার কি অন্যায় কার্য্যের দোষী হইয়াছে, তাহাকে কালেক্টর সাহেব আপনার কাছারীতে মোখ্তারী করিতে নিষেধ করিতে পারিবেন। কোন মোখ্তারের কর্ম্ম করিবার সময়ে যদি তাহার নামে প্রতারণার কি অন্যায় কার্য্য করিবার দোষ দেওয়া যায়, তবে কালেক্টর সাহেব ১৮৫২ সালের ১৮ আইনের ৪ ধারার লিখনমতে কার্য্য করিবেন, ও তাহাতে তিনি যে হুকুম করেন তাহার উপর রাজস্বের উপরিস্থ কার্য্যকারকেরদের নিকটে আপীল হইতে পারিবেক ইতি।

[ডেপুটী কালেক্টরেরদের ক্ষমতার কথা।]

১৩৮ ধারা। কালেক্টর সাহেব যদি কোন মোকদ্দমা কোন ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করেন, তবে এই আইনের ইহার পূর্ব্বের সকল ধারাতে কালেক্টর সাহেবেরদিগকে যে সকল শক্তি দেওয়া যায় সেই ডেপুটী কালেক্টরও সেই সকল শক্তিক্রমে কার্য্য করিতে পারিবেন। কিন্তু জিলার কোন এলাকাখণ্ডেতে কোন ডেপুটী কালেক্টরের কর্ত্তৃত্বের ক্ষমতা থাকিলে কালেক্টর সাহেব অর্পণ না করিলেও তিনি সেই শক্তিক্রমে কার্য্য করিতে পারিবেন ইতি।

[কালেক্টর সাহেবেরা ও ডেপুটী কালেক্টরেরা সাধারণমতে কমিস্যনর সাহেবেরদের ও বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞার ও কর্ত্তৃত্বের অধীনে থাকি-

from orders of Collectors and Deputy Collectors in certain cases.]

CXXXIX. In the performance of their duties under this Act the Collectors and Deputy Collectors shall be subject to the general direction and control of the Commissioners and the Boards of Revenue; and the Deputy Collectors shall be subject to the direction and control of the Collectors to whom they are subordinate. Except as otherwise herein provided, all orders passed by a Collector under this Act shall be appealable to the Commissioner; and all orders passed by a Deputy Collector shall be appealable to the Collector; but no judgment or order of a Collector or Deputy Collector in any suit, and no order of a Collector or Deputy Collector in the execution of any decree, under this Act, shall be liable to be reversed or altered unless the same is expressly declared to be open to revision or appeal by the provisions of this Act.

[Appeal from orders of Collectors and Deputy Collectors for contempt of Court.]

CXL. All orders which may be passed by a Collector under Sections CXXXIII. and CXXXV. shall be appealable to the Commissioner; and all such orders passed by a Deputy Collector shall be appealable to the Collector. In all such cases the order which may be passed in appeal shall be final and conclusive.

[No appeal from any decree for money below fifty Rupees unless the decision involve some question of right to enhance rents or some question relating to a title to land.]

CXLI. In suits under Clauses 2, 4, and 7 of Section XVII. and under Section XVIII. of this Act, if the amount sued for or the value of the property claimed does not exceed fifty Rupees, the judgment of the Officer holding the Court shall be final, and not open to revision or appeal except as hereinafter provided, unless in any such suit a question of right to enhance or otherwise vary the rent of a cultivator or tenant, or any question relating to a title to land, or to some interest in land as between parties having conflicting claims thereto, has been determined by the judgment, in which case the judgment shall be open to appeal in the manner provided in Sections CXLIV. and CXLV. of this Act.

[In suits not open to appeal Collector or Deputy Collector may grant a re-hearing upon the discovery of new evidence, &c.]

CXLII. In suits in which the judgment of the Officer holding the Court is final as provided in the last preceding Section, the Collector, or, if the case have been decided by a Deputy Collector, the Deputy Collector with the sanction of the Collector, may, upon the application of either party, if

বেন। কোন২ স্থলে কালেক্টর সাহেবেরদের ও ডেপুটী কালেক্টরেরদের হুকুমের উপর আপীল নাই।।

১৩৯ ধারা। কালেক্টর সাহেবেরা ও ডেপুটী কালেক্টরেরা এই আইনমতের কার্য্যসম্পর্কে সাধারণমতে কমিশ্যনর সাহেবেরদের ও বোর্ড রেবিনিউর সাহেবেরদের আজ্ঞার ও কর্তৃত্বের অধীনে থাকিবেন। ও ডেপুটী কালেক্টরেরা যে কালেক্টর সাহেবেরদের অধীন থাকেন তাঁহারদের আজ্ঞার ও কর্তৃত্বের অধীনে থাকিবেন। এই আইনেতে অন্য প্রকারের বিধি যে স্থলে না হইয়াছে সেই স্থলে কালেক্টর সাহেব এই আইনমতে যে সকল হুকুম করেন তাহার উপর কমিশ্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক। ও ডেপুটী কালেক্টর যে সকল হুকুম করেন তাহার উপর কালেক্টর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক। কিন্তু এই আইনমতের কোন মোকদ্দমাতে কালেক্টর সাহেব কিম্বা ডেপুটী কালেক্টর যে কোন ডিক্রী কি হুকুম করেন, ও কোন ডিক্রী জারী করিবার কার্য্যেতে কালেক্টর সাহেব কিম্বা ডেপুটী কালেক্টর যে কোন হুকুম করেন তাহার পুনর্বিচার হইতে পারিবেক কিম্বা তাহার উপর আপীল হইতে পারিবেক, এইমত স্পষ্ট কথা এই আইনের কোন ধারাতে না থাকিলে, সেই হুকুমের অন্যথা কি পরিবর্ত্তন হইতে পারিবেক না ইতি।

[আদালতের অবজ্ঞার দোষে কালেক্টর সাহেবেরা ও ডেপুটী কালেক্টরেরা যে হুকুম করেন তাহার উপর আপীলের কথা।]

১৪০ ধারা। কালেক্টর সাহেব ১৩৩ ও ১৩৫ ধারাক্রমে যে সকল হুকুম করেন তাহার উপর কমিশ্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক। ও ডেপুটী কালেক্টর সেইপ্রকারের যে সকল হুকুম করেন তাহার উপর কালেক্টর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক। এমত সকল স্থলে আপীলী মোকদ্দমায় যে হুকুম হয় তাহা চূড়ান্ত ও সিদ্ধান্ত হইবেক ইতি।

[পঞ্চাশ টাকার কম কোন ডিক্রীর উপর আপীল নাই। কিন্তু সেই ডিক্রীতে যদি জমা বৃদ্ধি করিবার কোন কথার কিম্বা ভূমির স্বত্বের সম্পর্ক থাকে তবে আপীল হইতে পারিবেক।]

১৪১ ধারা। এই আইনের ১৭ ধারার ২ ও ৪ ও ৭ প্রকরণমতের ও ১৮ ধারামতের মোকদ্দমাতে যে টাকার জন্যে নালিশ হয় তাহা কিম্বা যে সম্পত্তির দাওয়া হয় তাহার মূল্য যদি পঞ্চাশ টাকার অধিক না হয়, তবে যে কার্য্যকারক কাছারী করেন তাঁহার ডিক্রী চূড়ান্ত হইবেক, ও ইহার পরের বিধানমতে না হইলে তাহার পুনর্বিচার হইতে কিম্বা তাহার উপর আপীল হইতে পারিবেক না। কিন্তু যদি সেই প্রকারের কোন মোকদ্দমাতে চাষির কি প্রজার জমাবৃদ্ধি করিবার কি অন্যমতে পরিবর্ত্ত করিবার স্বত্বের ডিক্রী হয়, কিম্বা জমীর উপর কি তাহার কোন সম্পর্কের উপর যাহারদের বিপরীত দাওয়া থাকে এমত লোকেরদের মধ্যে ঐ জমীর স্বত্বে কি সম্পর্কের ডিক্রী হয়, তবে এই আইনের ১৪৪ ও ১৪৫ ধারার বিধানমতে ঐ ডিক্রীর উপর আপীল হইতে পারিবেক ইতি।

[যে মোকদ্দমার উপর আপীল নাই তাহাতে নূতন প্রমাণাদি পাওয়া গেলে কালেক্টর সাহেব কি ডেপুটী কালেক্টর তাহা পুনরায় শুনিবার অনুমতি দিতে পারিবেন।]

১৪২ ধারা। যে কার্য্যকারক কাছারী করেন তাঁহার ডিক্রী ইহার পূর্ব্বের ধারার বিধানমতে যে মোকদ্দমায় চূড়ান্ত হয়, সেই মোকদ্দমার ডিক্রীর তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে কোন পক্ষ দরখাস্ত করিলে, বিচার হইবার সময়ে দরখাস্তকারী যাহা দাখিল না কিম্বা উপস্থিত করিতে পারিল না এমত কোন নূতন প্রমাণ কিম্বা মোব

preferred within thirty days from the date of the decision, order the re-hearing of a suit, upon the ground of the discovery of a new evidence or matter material to the issue of the case which the applicant had no knowledge of, or could not produce at the time of trial.

[In such suits when decided by a Deputy Collector the Collector on application may call for the case and set aside the judgment on the ground of substantial defect of procedure and himself pass orders.]

CXLIII. When any such suit as aforesaid is decided by a Deputy Collector, the Collector, on the application of either party, if preferred within thirty days from the date of the decision, may call for the record of the case, and if there have been substantial defect in the procedure or investigation, from which there may be strong probable grounds for presuming a failure of justice, the Collector may set aside the judgment of the Deputy Collector, and make such investigation into the merits of the case and pass such decision thereon as to him may seem fit. But no judgment of a Deputy Collector in any such suit shall be reversed or altered, nor shall a re-hearing be directed, on the ground that the decision of any question of fact is contrary to or not warranted by the evidence duly taken in the case.

[In suits other than those under Section CXLI. appeal to lie only to Zillah Judge.]

CXLIV. In all suits other than those in which the judgment of the Officer holding a Court under this Act is declared to be final by Section CXLI., an appeal from the judgment of such Officer shall be open to the Zillah Judge.

[Rules regarding presentation and hearing of appeals.]

CXLV. The petition of appeal shall be written on the stamp paper prescribed for appeals to the Zillah Judge from the subordinate Civil Courts with reference to the amount or value of the property involved in the appeal; and the rules in force in regard to the time within which appeals from the decisions of such Courts may be received, and to the manner in which such appeals are heard and determined, and to all proceedings which may be had in respect of such appeals, shall be applicable to appeals under this Act.

[Suits to be preferred in the Revenue Office of the District or sub-division in which the greater part of the lands is situate.]

CXLVI. Suits under this Act shall be preferred in the Revenue Office of the District or sub-division in which the cause of action shall have arisen. If the lands comprised in any talook, farm, or other tenure, or any lands held under one lease or engagement or at one entire rent in respect of which arrears of rent may be due, are situated in more than one District or sub-division, the District or sub-division in which the greater part of such lands is situate shall be held

দ্দমার নিষ্পত্তির জন্যে গুরুতর কোন বিষয় থাকে বলিয়া কালেক্টর সাহেব মোকদ্দমা পুনরায় শুনা যাইবার হুকুম করিতে পারিবেন। যদি সেই মোকদ্দমা ডেপুটী কালেক্টর নিষ্পত্তি করিয়াছিলেন, তবে তিনি কালেক্টর সাহেবের অনুমতি লইয়া ঐ মোকদ্দমা পুনরায় শুনা যাইবার হুকুম করিতে পারিবেন ইতি।

[ডেপুটী কালেক্টরের নিষ্পত্তিকরা সেই প্রকারের মোকদ্দমাতে কালেক্টর সাহেবের নিকটে দরখাস্ত হইলে তিনি মোকদ্দমা তলব করিতে পারিবেন ও কার্য্যের কোন গুরুতর ত্রুটিপ্রযুক্ত তাঁহার হুকুম বাতিল করিয়া আপনি হুকুম করিতে পারিবেন।]

১৪৩ ধারা। সেই প্রকারের কোন মোকদ্দমা ডেপুটী কালেক্টর নিষ্পত্তি করিলে, যদি সেই নিষ্পত্তির তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে কোন পক্ষ দরখাস্ত করে, তবে কালেক্টর সাহেব মোকদ্দমার রোয়দাদ তলব করিতে পারিবেন। আর ন্যায় বিচারের ত্রুটি যাহাতে হইয়া থাকিবেক কার্য্যের কিম্বা তদারকের এমত গুরুতর দোষ যদি থাকে, তবে কালেক্টর সাহেব ডেপুটী কালেক্টরের ডিক্রী বাতিল করিবেন, ও আপনি যেমন উচিত বোধ করেন তেমনি মোকদ্দমার দোষগুণের বিচার করিয়া তাহার নিষ্পত্তি করিবেন। কিন্তু সেই প্রকারের কোন মোকদ্দমাতে যে প্রমাণ উপযুক্তমতে লওয়া গিয়াছে, বৃত্তান্তঘটিত কোন কথার নিষ্পত্তি সেই প্রমাণের বিপক্ষে হইয়াছে কি তাহার অনুযায়ি হয় নাই বলিয়া, ডেপুটী কালেক্টরের কোন ডিক্রী বাতিল কি বদল করা যাইবেক না ও তাহা পুনরায় শুনা যাইবার হুকুম হইবেক না ইতি।

[১৪১ ধারার লিখিত মোকদ্দমাভিন্ন অন্য মোকদ্দমায় কেবল জিলার জজ সাহেবের নিকটে আপীল হইতে পারে।]

১৪৪ ধারা। এই আইনমতে যেং কার্য্যকারক কাছারী করেন তাঁহারদের হুকুম ১৪১ ধারামতে যেং মোকদ্দমায় চূড়ান্ত হয়, তাহাছাড়া অন্য সকল মোকদ্দমায় সেই কার্য্যকারকের নিষ্পত্তির উপর জিলার জজ সাহেবের নিকটে আপীল হইবেক ইতি।

[আপীল উপস্থিত করিবার ও শুনিবার বিধি।]

১৪৫ ধারা। দেওয়ানীর অধস্থ আদালতহইতে জিলার জজ সাহেবের নিকটে আপীল হইলে, যত টাকা কি যে সম্পত্তি লইয়া মোকদ্দমা হয় সেই টাকা কি সেই সম্পত্তির মুল্য বুঝিয়া যে ইষ্টাম্প কাগজ নির্দ্দিষ্ট হয় ঐ আপীলের দরখাস্ত সেই ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। আর সেই সকল আদালতের নিষ্পত্তির উপর আপীল যে সময়ে গ্রাহ্য হইতে পারে ও যে প্রকারে শুনা যাইতে ও নিষ্পত্তি হইতে পারে, ও সেই আপীলের সম্পর্কে যে সকল রুবকারী হইতে পারে তাহার যে সকল বিধি প্রবল থাকে সেইং বিধি এই আইনমতের আপীলের উপর খাটিবেক ইতি।

[ভূমির অধিক অংশ যে জিলার কি এলাকাখণ্ডের মধ্যে আছে তাহার কালেক্টরী কাছারীতে মোকদ্দমা করিতে হইবেক।]

১৪৬ ধারা। এই আইনমতের মোকদ্দমার হেতু যে জিলার কি এলাকাখণ্ডের মধ্যে হয় তাহার রেবিনিউ কাছারীতে মোকদ্দমা করিতে হইবেক। যাহার জমা বাকী হয় এমত কোন তালুকের কি ইজারার কি অন্য যোতের সমুদয় জমী, কিম্বা যে জমী এক পাট্টা কি কবুলিয়ৎক্রমে কি মবলগ জমা ধরিয়া দখল হয় তাহার সমুদয় জমী যদি এক জিলার কি এলাকাখণ্ডের মধ্যে না থাকে, তবে ঐ জমীর অধিকাংশ যে জিলার কি এলাকাখণ্ডের মধ্যে থাকে সেই জিলাতে কি এলাকাখণ্ডে মোকদ্দমার হেতু হইয়াছে এমত জ্ঞান হইবেক।

to be the District or sub-division in which the cause of action has arisen; and if any question shall be raised respecting the District or sub-division in which the greater part of the lands is situate, the Board of Revenue, or if all the lands be situate in one District the Collector of the District shall decide the question, and such decision shall be conclusive on the point of jurisdiction.

[Except as above, Collector not to exercise jurisdiction in respect to lands situate beyond his District.]

CXLVII. Except as provided in the last preceding Section no Collector shall exercise any jurisdiction under this Act in respect to any lands situate beyond the limits of the District to which he is appointed, by reason of such lands forming part of an estate the Revenue of which is paid into the Treasury of the said District.

[Saving of rights of proprietors in respect of Putnee Talooks, &c. under Regulation VIII. of 1819.]

VIII. Except as otherwise hereinbefore provided, no person shall be received into a Lunatic Asylum in any Presidency Town or in any Station of the Straits Settlement without an order under the hand of some person in the Form B in the Schedule to this Act together with such statement of particulars as is contained in the said Form B, nor without the medical certificate, containing the particulars in Form A in the Schedule to this Act, of two persons each of whom shall be a Physician, Surgeon, or Apothecary, and one of whom shall be a Presidency Surgeon, or a Surgeon in the employment of the Government. When such order and certificate are presented, the visitors or manager of the Asylum, before admitting the Lunatic into the Asylum, may require the friends of the said Lunatic to engage to pay the expenses which may be incurred for the lodging, maintenance, clothing, medicine, and care of the Lunatic, unless it shall appear to the said visitors that they have not sufficient means of doing so.

[Application to Judge by the guardian of Lunatic for an order for his reception in an Asylum.]

IX. *Clause* 1.—In places other than those specified in the last preceding Section, when a Lunatic is possessed of property and a guardian for such Lunatic has been appointed by order of the Court of Wards or of the Civil Court, if such guardian shall desire that the Lunatic be admitted into a Lunatic Asylum he shall make application to the Civil Court, and the Judge with the assistance of the Civil Surgeon shall examine such Lunatic, and if the Civil Surgeon shall sign a certificate in the Form A in the Schedule to this Act, and the Judge shall be satisfied that the Lunatic is a proper person to be detained under care and treatment in a Lunatic Asylum, he shall make an order for such person to be received into the Asylum established for the Division in which his jurisdiction is situate.

[Application where no guardian has been appointed.]

Clause 2.—If application is made to the Judge for the issue of an order for the reception into a Lunatic Asylum of any person for whom a guardian has not been appointed by order of the Court of Wards or of the Civil Court, the Judge, if he

সাহেবের ও চিকিৎসক সাহেবের যে সকল কর্ম্ম করিবার ক্ষমতা ও আদেশ হইয়াছে, সেই সকল কর্ম্ম রাজধানীর প্রধান নগরে ও সমুদ্রের মোহনার নিকট বসতি স্থানে পোলীসের কমিস্যনর সাহেবেরা ও সেই কর্ম্মের নিমিত্তে গবর্ণমেণ্টহইতে নিযুক্ত কোন চিকিৎসক সাহেবেরা করিতে পারিবেন। ও দারোগার কি জিলার পোলীসের কর্ম্মকারকের যে সকল কর্ম্ম করিবার ক্ষমতা কি আদেশ হইয়াছে সেই সকল কর্ম্ম উক্ত কোন নগরে ও বসতিস্থানে ইনস্পেক্টরের অধীন না হয় পোলীসের এমত কোন কর্ম্মকারক করিতে পারিবেক ইতি।

[রাজধানীর প্রধান নগরে আদেশপত্র ও সর্টিফিকট দিবার কথা।

৮ ধারা। ইহার পূর্ব্বে যে স্থলের বিধি হইয়াছে সেই স্থলছাড়া কোন রাজধানীর প্রধান নগরে কিম্বা সমুদ্রের মোহনার নিকট বসতিতে কোন লোককে ক্ষেপারদের আশ্রয়বাড়ীতে লইতে হইলে এই আইনের তফসীলের B চিহ্নিত পাঠে যে সকল বিশেষ কথা আছে সেই কথা সম্বলিত ঐ B চিহ্নিত লিখনমতে কোন লোকের দস্তখৎক্রমে আদেশ না হইলে, ও এই আইনের তফসীলের A চিহ্নিত পাঠে যে বিশেষ কথা আছে সেই কথাসম্বলিত দুই চিকিৎসক সাহেবের সর্টিফিকট না থাকিলে সে গ্রাহ্য হইবেক না। যে দুই জন চিকিৎসক ঐ সর্টিফিকট দিবেন তাঁহারা দুই জনে ঔষধ চিকিৎসার কিম্বা অস্ত্রচিকিৎসার চিকিৎসক কিম্বা আপথকরি ও তাঁহারদের এক জন রাজধানীর চিকিৎসক কিম্বা গবর্ণমেণ্টের নিযুক্ত চিকিৎসক। আশ্রয়বাড়ীর তত্ত্বকারকদিগকে কি কর্ত্তা ব্যক্তিকে ঐ আদেশপত্র ও সর্টিফিকট দেওয়া গেলে পর তিনি কি তাঁহারা ঐ ক্ষেপা লোককে আশ্রয়বাড়ী লইবার অনুমতি দিবার আগে তাহার বন্ধুবান্ধবদিগকে আজ্ঞা করিবেন যে তাহার বাসার ও ভরণপোষণের ও ঔষধের ও তত্ত্বাবধারণের খরচ দিবার করার লিখিয়া দেয়। কিন্তু তত্ত্বকারকেরা যদি বোধ করেন যে তাহা করিতে তাহারদের উপযুক্ত সংস্থান নাই তবে ঐ করার লইবেন না ইতি।

[ক্ষেপার সংসারাধ্যক্ষ ঐ ক্ষেপাকে আশ্রয়বাড়ীতে গ্রাহ্য করিবার জন্যে জজ সাহেবের স্থানে আদেশপত্র প্রার্থনা করিবেক।]

৯ ধারা।—১ প্রকরণ। ইহার পূর্ব্ব ধারার লিখিত স্থলছাড়া অন্য কোন স্থলে, যদি ঐ ক্ষেপার সম্পত্তি থাকে, ও কোর্ট ওয়ার্ডসের কিম্বা দেওয়ানী আদালতের আজ্ঞামতে তাহার সংসারাধ্যক্ষ এক জন নিযুক্ত থাকে তবে সেই ক্ষেপাকে ঐ রূপ আশ্রয়বাড়ীতে দেওয়া যায় ঐ সংসারাধ্যক্ষের এমত ইচ্ছা হইলে সে দেওয়ানী আদালতে দরখাস্ত দিবেক। তাহা করিলে জজ সাহেব দেওয়ানী চিকিৎসক সাহেবকে সঙ্গে লইয়া ঐ ক্ষেপার রোগের সন্ধান লইবেন। তাহাতে সেই চিকিৎসক সাহেব যদি এই আইনের তফসীলের A. চিহ্নিত পাঠের লিখনমতে এক সর্টিফিকটে দস্তখৎ করেন ও জজ সাহেব যদি সেই ক্ষেপাকে ক্ষেপারদের আশ্রয়বাড়ীতে আটক রাখিবার ও ঔষধাদি পাইবার উপযুক্ত জ্ঞান করেন তবে তাঁহার এলাকা যে স্থানে থাকে সেই স্থানের ক্ষেপারদের আশ্রয়বাড়ীতে ঐ ক্ষেপাকে লইবার আদেশপত্র লিখিবেন।

[সংসারাধ্যক্ষ না থাকিলে সেইরূপ দরখাস্ত হইবার কথা।]

২ প্রকরণ।—কোর্ট ওয়ার্ডসের কিম্বা দেওয়ানী আদালতের আজ্ঞামতে যাহার সংসারাধ্যক্ষ নিযুক্ত না হইয়াছে এমত লোকের ক্ষেপারদের আশ্রয়বাড়ীতে গ্রাহ্য হইবার আদেশ হয় এই মর্ম্মের দরখাস্ত যদি কেহ জজ সাহেবের নিকটে করে তবে তিনি উপযুক্ত কারণ·

see sufficient reason for so doing, shall enquire into the fact of Lunacy in the same manner as if an application had been made to the Civil Court under the provisions of Section III. of Act of 185 , and if the Lunacy be established, the Judge may then proceed in the manner prescribed in the first Clause of this Section.

[Order for payment of expenses.]

Clause 3.—Whenever the Judge shall make an order for the reception of any person into a Lunatic Asylum he shall, at the same time, make an order for the payment of the expenses to be incurred for the lodging, maintenance clothing, medicine, and care of such person, and such expenses shall be recovered by the Judge on the application of the visitors or manager of such Asylum. Provided, however, that, if it shall appear to the satisfaction of the Judge that the Lunatic has not sufficient property, and his friends have not sufficient means for the payment of such expenses, he shall certify the same in the order for the reception of the Lunatic into the Asylum, instead of making such order for the payment of expenses as aforesaid.

[Order of discharge from Asylum.]

X. It shall be lawful for three of the visitors of any Asylum, of whom one shall be a Medical Officer, by writing under their hands, to order the discharge of any person detained in such Asylum. When such order is given, if the person is detained under the order of any public Officer, notice of the order of discharge shall be immediately communicated to such Officer.

[Order of discharge on undertaking of relative for due treatment of the Lunatic.]

XI. When any relative or friend of a Lunatic detained in any Asylum under the provisions of Section V., Section VI., or Section VII. of this Act, is desirous that such Lunatic should be delivered over to his care and custody, he shall make application to the Magistrate or Commissioner of Police under whose order the Lunatic is detained, and the Magistrate or Commissioner of Police, if he think fit, after communication with the visitors or with one of them being a Medical Officer, and upon the undertaking in writing of such relative or friend to the satisfaction of the said Magistrate or Commissioner that such Lunatic shall be properly taken care of, and shall be prevented from doing injury to himself or others, shall make an order for the discharge of such Lunatic, and such Lunatic shall thereupon be discharged.

[Inspector of Jails may make order of removal from one Asylum to another.]

XII. The Inspector of Jails may direct the removal of any Lunatic from any Asylum to any other Asylum within the circle of his inspection, and such order shall be a sufficient authority for

জানিলে অমুক সালের, অমুক আইনের ৩ ধারামতে দেওয়ানী আদালতে দরখাস্ত হইলে যে প্রকারে করিতেন সেই প্রকারে ঐ লোক ক্ষিপ্ত বটে কি না এই কথার সন্ধান লইবেন। ও সেই লোক ক্ষিপ্ত বটে নিশ্চয় হইলে জজ সাহেব এই আইনের প্রথম ধরার লিখিত আজ্ঞামতে কর্ম্ম করিবেন।

[খরচ দিবার হুকুমের কথা।]

৩ প্রকরণ।— জজ সাহেব ক্ষেপারদের আশ্রয়বাড়ীতে কোন লোকের গ্রাহ্য হইবার হুকুম যে সময়ে করেন সেই সময়ে তাহার বাসের ও ভরণপোষণের ও ঔষধের ও তত্ত্বাবধারণের খরচ দিবার হুকুমও করিবেন। ও সেই আশ্রয়বাড়ীর তত্ত্বকারকেরা কি কর্ত্তা ব্যক্তি প্রার্থনা করিলে জজ সাহেব সেই খরচ আদায় করিবেন। পরন্ত যাহা হইতে এ খরচ দেওয়া যাইবেক ঐ ক্ষেপার এমত উপযুক্ত সম্পত্তি নাই ও তাহার বন্ধুবান্ধবের এত সংস্থা নাই এই কথা যদি জজ সাহেবের হৃদ্বোধমতে ব্যক্ত হয়, তবে তিনি পূর্ব্বোক্তমতে খরচ দিবার হুকুম না করিয়া আশ্রয়বাড়ীতে ঐ ক্ষেপাকে গ্রাহ্য করিবার আদেশপত্রে সেই কথা লিখিবেন ইতি।

[আশ্রয় বাড়ীহইতে ছাড়িয়া দিবার হুকুমের কথা।]

১০ ধারা। সেইরূপ কোন আশ্রয়বাড়ীতে যাহাদিগকে রাখা গেল এমত কোন লোককে ছাড়িয়া দিবার হুকুম ঐ আশ্রয় বাড়ীর তিন জন তত্ত্বকারক লিখিয়া তাহাতে দস্তখৎ করিবেন। কিন্তু তাঁহারদের এক জন চিকিৎসক থাকিবেন। যদি সেই প্রকারের হুকুম দেওয়া যায় তবে সেই লোককে সরকারী কোন কার্য্যকারক সাহেবের হুকুমমতে যদি সেই আশ্রয় বাড়ীতে রাখা গিয়াছিল তবে তাহাকে ছাড়িয়া দিবার হুকুম হইবার সম্বাদ অগৌণে তাঁহাকে দিতে হইবেক ইতি।

[ক্ষেপার কোন কুটুম্ব তাহাকে উপযুক্তমতে রক্ষা করিবার করার করিলে তাহাকে ছাড়িয়া দিবার হুকুমের কথা।]

১১ ধারা। এই আইনের ৫ কি ৬ কি ৭ ধারার বিধানমতে যাহাকে আশ্রয় বাড়ীতে দেওয়া গিয়াছে এমত কোন ক্ষেপা লোকের কোন কুটুম্ব কি বন্ধু যদি তাহাকে আপনার জিম্মায় ও সন্ধানে লইতে চাহে, তবে যে মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পোলীসের যে কমিস্যনর সাহেবের আজ্ঞামতে ঐ ক্ষেপাকে আশ্রয় বাড়ীতে দেওয়া গিয়াছিল তাঁহার নিকটে সেই জন দরখাস্ত করিবেক। তাহা করিলে সেই মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পোলীসের সেই কমিস্যনর সাহেব তত্ত্বকারকেরদের সঙ্গে কিম্বা তাঁহারদের যে এক জন চিকিৎসক হন তাঁহার সঙ্গে পরামর্শ করিলে পর, ও সেই ক্ষেপার উপযুক্তমতে সন্ধান হইবেক ও সে আপনার কি অন্য কোন কাহার ক্ষতি করিতে পাইবেক না তাহার সেই কুটুম্ব কি বন্ধু ঐ মাজিষ্ট্রেট কি কমিস্যনর সাহেবের হৃদ্বোধমতে এমত করার লিখিয়া দিলে পর, ঐ মাজিষ্ট্রেট কি কমিস্যনর সাহেব উচিত বোধ করিলে ঐ ক্ষেপাকে ছাড়িয়া দিবার হুকুম করিবেন। তাহাতে তাহাকে ছাড়িয়া দেওয়া যাইবেক ইতি।

[জেলখানার ইন্‌স্পেক্টর সাহেব ক্ষেপাকে এক আশ্রয় বাড়ীহইতে অন্য বাড়ীতে পাঠাইতে হুকুম করিতে পারিবেন।]

১২ ধারা। জেলখানার ইন্‌স্পেক্টর সাহেব কোন ক্ষেপা লোককে আপন এলাকার এক আশ্রয়বাড়ীহইতে অন্য আশ্রয় বাড়ীতে লইয়া যাইবার হুকুম করিতে পারিবেন, ও সেই হুকুম হইলে সেই ক্ষেপাকে লইয়া

the removal of such Lunatic and also for his reception into the Asylum to which he is ordered to be removed.

[Amendment of order or certificate.]

XIII. If, after the reception of any Lunatic into any Asylum, it appear that the order or the medical certificate or certificates upon which he was received is or are defective or incorrect, the same may at any time afterwards be amended by the person or persons signing the same with the sanction of two or more of the visitors of the said Asylum one of whom shall be a Medical Officer.

[Certificate and order to justify detention and re-capture after escape.]

XIV. Every person received into a Lunatic Asylum under such order as is required by this Act accompanied by the requisite medical certificate, may be detained therein until he be removed or discharged as authorized by this Act, and in case of escape may by virtue of such order be re-taken by the manager of such Asylum, or any Officer or servant belonging thereto, or any other person authorized in that behalf by the said manager, or any Police Officer, and conveyed to and received and detained in such Asylum.

[In what cases Government to pay for the maintenance of Lunatic.]

XV. When any Lunatic is sent to a licensed Asylum by order of a Magistrate or Commissioner of Police under Sections V., VI. or VII. of this Act, and when a Lunatic is admitted into such Asylum under Section VIII., or an order for the reception of a Lunatic is made under Section IX., and no engagement has been taken from the friends of the Lunatic or order made by the Judge for the payment of expenses, under the said Sections VIII. or IX. respectively, the expense of the lodging, maintenance, clothing, medicine, and care of such Lunatic shall be paid by the Government to the manager of such Asylum.

[Civil Court, on application of Magistrate, may make order for the payment of cost of maintenance out of the Lunatic's estate.]

XVI. The Magistrate or Commissioner of Police by whom any Lunatic has been sent to a Lunatic Asylum, if it appear to such Magistrate or Commissioner that such Lunatic has an estate applicable to his maintenance, and more than sufficient to maintain his family, or that any person is legally bound to maintain and has the means of maintaining such Lunatic, may apply to the Chief Court of Civil Judicature within the jurisdiction of which the said Asylum may be, and such Court shall enquire into the matter in a summary way, and on being satisfied that such Lunatic has an estate applicable to his mainte-

যাইবার ও অন্য যে ঘরে তাহাকে পাঠাইবার হুকুম হয় সেই বাড়ীতে গ্রাহ্য করিবার অন্য হুকুমের প্রয়োজন হইবেক না ইতি।

[হুকুম কি সর্টিফিকট সংশোধন করিবার কথা।]

১৩ ধারা। কোন ক্ষেপাকে কোন আশ্রয়বাড়ীতে গ্রাহ্য করিলে পর, যে আদেশপত্র কি চিকিৎসকের যে সর্টিফিকটক্রমে তাহাকে গ্রাহ্য করা গিয়াছে তাহাতে কোন কথা ছাড়া হইয়াছে কি তাহা অশুদ্ধ হইয়াছে ইহা যদি পরে দৃষ্ট হয়, তবে যে ব্যক্তি কি ব্যক্তিরা তাহাতে দস্তখৎ করিয়াছিলেন তিনি কি তাঁহারা ঐ আশ্রয়বাড়ীর দুই কি তাহার অধিক জন তত্ত্বকারকের সম্মতিমতে ঐ হুকুম কি সর্টিফিকট শুধরাইতে পারেন। কিন্তু তাঁহারদের এক জন চিকিৎসক থাকিবেন ইতি।

[ঐ সর্টিফিকট ও হুকুমের শক্তিতে ক্ষেপাকে আটক করা যাইবেক ও পলাইলে তাহাকে আরবার ধরা যাইবেক।]

১৪ ধারা। এই আইনের লিখিত আদেশপত্র ও তাহার সঙ্গে চিকিৎসকের যে সর্টিফিকটের প্রয়োজন হয় তৎক্রমে যে কোন লোক ক্ষেপারদের আশ্রয় বাড়ীতে গ্রাহ্য হয়, তাহাকে এই আইনের ক্ষমতাক্রমে যত কাল অন্য স্থানে পাঠান না যান কি ছাড়িয়া দেওয়া না যায় তত কাল ঐ আশ্রয়বাড়ীতে আটক করিয়া রাখা যাইবেক। আর যদি পলায় তবে সেই হুকুমের শক্তিতে ঐ আশ্রয়বাড়ীর কর্ত্তা ব্যক্তি, কিম্বা তাহার কোন কর্ম্মকারক কি চাকর, কিম্বা ঐ কর্ত্তা ব্যক্তি অন্য যে কোন লোককে ঐ কর্ম্মের ক্ষমতা দেন সেই লোক কিম্বা পোলীসের কোন কর্ম্মকারক তাহাকে পুনরায় ধরিতে পারিবেক, ও সেই ঘরে চালান করিতে পারিবেক ও সেই ঘরে লইয়া রাখিতে পারিবেক ইতি।

[ক্ষেপার প্রতিপালনের খরচ গবর্ণমেণ্টের যে স্থলে দিতে হইবেক তাহার কথা।]

১৫ ধারা। এই আইনের ৫ কি ৬ কি ৭ ধারামতে যখন কোন ক্ষেপা লোককে মাজিষ্ট্রেট কিম্বা পোলীসের কমিসানর সাহেবের আদেশমতে অনুমতিপ্রাপ্ত কোন আশ্রয়বাড়ীতে পাঠান যায়, ও ৮ ধারামতে যখন কোন ক্ষেপা সেই প্রকারের আশ্রয়বাড়ীতে গ্রাহ্য হয়, কিম্বা ৯ ধারামতে যখন তাহাকে গ্রাহ্য করিবার হুকুম করা যায়, ও তাহার খরচ দিবার কোন করার উক্ত ৮ ধারামতে ঐ ক্ষেপার বন্ধুবান্ধবের স্থানে লওয়া না গিয়াছে কিম্বা ৯ ধারামতে জজ সাহেব তাহার কোন হুকুম না করেন তবে সেই ক্ষেপার বাসার ও ভরণপোষণের ও ঔষধের ও তত্ত্বাবধারণের খরচ গবর্ণমেণ্টহইতে ঐ আশ্রয়বাড়ীর কর্ত্তা ব্যক্তিকে দেওয়া যাইবেক ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের দরখাস্ত হইলে দেওয়ানী আদালত ক্ষেপার সম্পত্তিহইতে তাহার প্রতিপালনের খরচ দিবার হুকুম করিতে পারিবেন।]

১৬ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পোলীসের কমিসানর সাহেব ক্ষেপারদের আশ্রয়বাড়ীতে যাহাকে পাঠাইয়াছেন এমত কোন ক্ষেপার প্রতিপালন ও তাহার পরিবারেরও প্রচুরমতে প্রতিপালন যাহাহইতে হইতে পারে তাহার এমত সম্পত্তি আছে অথবা তাহার প্রতিপালন আইনমতে যাহার করিতে হয় এমত লোক আছে, ও সেই ক্ষেপাকে প্রতিপালন করিতে তাহার সংস্থানও আছে এই কথা যদি সেই মাজিষ্ট্রেট সাহেব কি পোলীসের কমিসানর সাহেব জানিতে পান, তবে ঐ আশ্রয়বাড়ী যে দেওয়ানীর এলাকায় থাকে সেই এলাকার প্রধান দেওয়ানী আদালতে তিনি দরখাস্ত করিতে পারিবেন ও সেই আদালতে সরাসরীমতে সেই কথার সন্ধান লইবেন, ও যা-

nance, or that any person is legally bound to maintain and has the means of maintaining such Lunatic, shall make an order for the recovery of the charges of the lodging, maintenance, clothing, medicine, and care of such Lunatic out of such estate or from such person. Such order shall be enforced in the same manner and shall be of the same force and effect as any judgment or order made by the said Court in a regular suit in respect of the property or person therein mentioned. Any personal property which may be in the possession of a Lunatic found wandering at large may be sold by the Magistrate, and the proceeds thereof (or such part of the same as may be necessary) applied towards the payment of the charges of the lodging and maintenance of the Lunatic, and of any other expenses incurred on his behalf.

[Saving of liability of relatives to maintain Lunatic.]

XVII. The liability of any relative or person to maintain any Lunatic shall not be taken away or affected by any provision contained in this Act.

[Saving of Act IV. of 1849.]

XVIII. Nothing contained in this Act shall affect the provisions of Act IV. of 1849 entitled "An Act for the safe custody of Criminal Lunatics."

[Interpretation.]

XIX. The word "Lunatic," as used in this Act, shall mean and include every person of unsound mind, and every person being an idiot.

The word "Magistrate" shall include a person exercising the powers of a Magistrate.

SCHEDULE

FORM A.

I, the undersigned (*here enter name and official designation,*) hereby certify that I, on the day of at personally examined (*here enter name and residence of Lunatic*) and the said is a Lunatic (*or an idiot, or a person of unsound mind*) and a proper person to be taken charge of, and detained under care and treatment, and that I have formed this opinion on the following grounds, namely :—

1. Facts indicating insanity observed by myself (*here state the facts*).

2. Other facts (if any) indicating insanity communicated to me by others (*here state the information and from whom.*)

(Signed) ————

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৯ ডিসেম্বর।]

হাহইতে তাহার প্রতিপালন হইতে পারে ঐ ক্ষেপার এমত সম্পত্তি আছে কিম্বা তাহার প্রতিপালন আইনমতে যাহার করিতে হয় এমত লোক আছে ও ঐ ক্ষেপার প্রতিপালন করিতে তাহার উপযুক্ত সঙ্গতি আছে ঐ আদালত এই কথা হৃদ্বোধমতে জানিতে পাইলে সেই সম্পত্তিহইতে কিম্বা সেই লোকের দ্বারা ঐ ক্ষেপার বাসার ও ভরণপোষণের ও ঔষধের ও তত্ত্বাবধারণের খরচ আদায় হইবার হুকুম করিবেন। জাবেতামতের মোকদ্দমাতে সেই সম্পত্তির কিম্বা সেই ব্যক্তির বিষয়ে উক্ত আদালত কোন ডিক্রী কি হুকুম করিলে তাহা যে প্রকারে জারী হইত ও তাহার যে শক্তি ও ফল হইত, সেই হুকুমও সেই প্রকারে জারী হইবেক ও তাহার সেই মতের শক্তি ও ফল থাকিবেক। যে ক্ষেপা লোককে অবাধে স্থানে২ বেড়াইতে দেখা যায় তাহার কাছে যে কিছু অস্থাবর সম্পত্তি পাওয়া যায় তাহা মাজিস্ট্রেট সাহেব লইয়া বিক্রয় করিতে পারিবেন, ও তাহা করিয়া যত টাকা পাওয়া যায় সেই টাকা লইয়া কিম্বা তাহার যত প্রয়োজন হয় তত টাকা লইয়া ঐ ক্ষেপার বাসার ও প্রতিপালনের খরচের নিমিত্তে, কিম্বা তাহার জন্যে অন্য যে কিছু খরচ হয় তাহার নিমিত্তে দিবেন ইতি।

[ক্ষেপারদের প্রতিপালন করিতে কুটুম্বগণের দায় থাকিবার কথা।]

১৭ ধারা। কোন ক্ষেপার প্রতিপালন করিতে তাহার কোন কুটুম্বের কি অন্য ব্যক্তির প্রতি যে দায় আছে তাহা এই আইনের কোন কথাতে লোপ কি খাট হইবেক না ইতি।

[১৮৪৯ সালের ৪ আইন বহাল রাখিবার কথা।]

১৮ ধারা। "অপরাধী বাতুল ব্যক্তিরদের নির্ব্বিঘ্নে রাখণের বিষয়ি আইন" নামে ১৮৪৯ সালের ৪ আইনের বিধান এই আইনের কোন কথাতে খাট হইবেক না ইতি।

[অর্থ করিবার ধারা।]

১৯ ধারা। এই আইনের মধ্যে "ক্ষেপা" এই শব্দেতে অসুস্থমনা ও ক্ষিপ্ত প্রত্যেক জনকে বুঝায়।

"মাজিস্ট্রেট" এই শব্দেতে যাঁহারা মাজিস্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করেন তাঁহারদিগকেও বুঝায়।

তফসীল।

A চিহ্নের পাঠ।

আমি অমুক (যে জন সর্টিফিকট দেন তাঁহার নাম ও পদপ্রভৃতি লিখিতে হইবেক) ইহাতে এই কথা নিশ্চয়মতে জানাইতেছি। আমি অমুক মাসের অমুক তারিখে অমুক স্থানে অমুকের (ক্ষেপা লোকের নাম ও বাসস্থান লিখিতে হইবেক) রোগের সন্ধান লইয়াছি। উক্ত অমুক ক্ষেপা আছে (কিম্বা মূক কি বিকৃতমনা লোক আছে) ও তাহাকে জিম্মায় লইয়া আটক করিয়া রাখা ও ঔষধাদি দেওয়া উচিত আমার এই মত এই কারণে হইয়াছে।

১। তাহার ক্ষেপা হইবার এই২ প্রমাণ আপনি দেখিয়াছি (যাহা দেখিয় তাহাকে ক্ষেপা বোধ হইয়াছিল তাহা লিখিবেন।)

২। অন্য লোকেরা তাহার যে২ কর্ম্ম দেখিয়া আমাকে জানাইয়াছে (যদি এই প্রকারের কোন কথা জানিয়া থাকেন তবে যাহার স্থানে যে কথা শুনিয়াছেন তাহা লিখিবেন।)

দস্তখৎ।————

Form B.

Order for the reception of a private patient.

I, the undersigned, hereby request you to receive A. B., a Lunatic, (*or an idiot, or a person of unsound mind.*) as a patient into your Asylum. Subjoined is a statement respecting the said A. B.

(Signed) Name.

Occupation (if any.)

Place of abode.

Degree of relationship (if any), or other circumstance of connexion with the patient.

Dated this day of one thousand eight hundred and

To Superintendent of the Asylum at [*describing the Asylum*].

STATEMENT.

[If any of the particulars in this statement be not known the fact to be so stated.]

Name of patient, with Christian name at length.

Sex and age.

Married, single, or widowed.

Condition of life, and previous occupation (if any.)

The religious persuasion, as far as known.

Previous place of abode.

Whether first attack.

Age (if known) on first attack.

When and where previously under care and treatment.

Duration of existing attack.

Supposed cause.

Whether subject to Epilepsy.

Whether suicidal.

Whether dangerous to others.

Whether found Lunatic by Inquisition, and date of Commission or order for Inquisition.

(Signed) Name

Where the person signing the Statement is not the person who signs the order, the following particulars concerning the person signing the Statement are to be added; namely,

Occupation (if any).

Place of abode.

Degree of relationship (if any), or other circumstance of connexion with the patient.

W. Morgan,
Clerk of the Council.

B চিহ্নের পাঠ।

বিশেষ লোককে আশ্রয়বাড়ীতে লইবার আদেশপত্র।

আমি তোমাকে আদেশ করিতেছি যে অমুক ক্ষেপা লোককে (কি মুক কি বিকৃতমনা লোককে) তুমি আপন আশ্রয়বাড়ীতে লও। ঐ অমুকের কৈফিয়ৎ এই।

অমুক দস্তখৎ।

কর্ম্ম।

বাসস্থান।

রোগির জ্ঞাতি কি কুটুম্ব হইলে কিম্বা অন্য প্রকারে তাহার সঙ্গে সম্পর্ক থাকিলে তাহার বর্ণনা।

স ল মাস তাং।

অমুক স্থানের আশ্রয়বাড়ীতে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বরাবরেষু।

কৈফিয়ৎ।

[এই কৈফিয়তের কোন কথা যদি নিশ্চিতমতে জানা না থাকে তবে "জানি না" লিখিতে হইবেক।

রোগির সম্পূর্ণ নাম।

পুরুষ কি স্ত্রী ও বয়স।

বিবাহিত কি অবিবাহিত কি মৃতস্ত্রীক কি মৃতস্বামিকা

সংসারে তাহার অবস্থা ও পূর্ব্বে যে কর্ম্ম ছিল।

যে ধর্ম্ম মানে তাহা যেপর্য্যন্ত জানা থাকে।

পূর্ব্বকার বাসস্থান।

এইবার রোগ প্রথমে হয় কি না।

প্রথমবার সেই রোগ যখন হয় তখন তাহার বয়স।

ইহার পূর্ব্বে কোন্ সময়ে ও কোথায় থাকিয়া ঔষধাদি পাইয়াছিল।

এইবার রোগ হইলে তাহা কত দিনঅবধি হইয়াছে।

আনুমানিক যে কারণে রোগ হইয়াছিল।

তাহার মৃগী হইয়া থাকে কি না।

সে আত্মহত্যা করিবার উদ্যোগ করে কি না।

অন্যেরদের ক্ষতি করিতে উদ্যোগ করে কি না।

নিযুক্ত লোকেরদের সন্ধানমতে তাহাকে ক্ষেপা জানা গেল কি না ও সেই লোকদিগকে নিযুক্ত করিবার কি সন্ধান লইবার কমিস্যনের তারিখ।

দস্তখৎ।

যে জন উপরের লিখিত আদেশে দস্তখৎ করেন তিনি ভিন্ন যদি অন্য কেহ এই কৈফিয়তে দস্তখৎ করেন তবে যে জন তাহা করেন তাঁহার এই২ কথা লিখিতে হইবেক।

কর্ম্ম।

বাসস্থান।

রোগি ব্যক্তির জ্ঞাতি কি কুটুম্ব হন কিম্বা তাহার সঙ্গে অন্য প্রকারের সম্পর্ক থাকিলে তাহার কথা।

ডবলিউ মর্গান।
কৌন্সেলের ক্লার্ক।

John Robinson, *Bengalee Translator.*

রাজকর্ম্মে নিয়োগ।

৩১১৯ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৬ ডিসেম্বর।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এ জে গি সাহেব (Mr. A. J. Gee,) ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞার অধীনে নিযুক্ত হইয়াছেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette*, 29th December, 1857.]

৩১৫৩ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ১৭ ডিসেম্বর।

বালেশ্বরের একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত বি এচ শল সাহেব (Mr. V. H. Schalch.) ১৮৫৭ সালের ১৪ আইনমতের দণ্ডনীয় সকল অপরাধ ও দোষের বিচার করিবার জন্যে সেই জিলাতে ঐ আইনের ৭ ধারামতে কমিস্যনর হইবেন।

শ্রীযুত ডবলিউ এ গ্রিন সাহেব (Mr. W. A. Green,) ঢাকার দলীলদস্তাবেজের রেজিষ্টর ও বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

শ্রীযুত ডবলিউ বোট সাহেব (Mr. W. Boate,) ত্রিহুতে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টর হইবেন। ও সেই জিলাতে ১৭৯৭ সালের ১৩ আইন ও ১৮০৭ সালের ৯ আইনমতে মাজিষ্ট্রেট সাহেবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতামতে কার্য্য করিবেন।

শ্রীযুত ডবলিউ ব্রুকস সাহেব (Mr. W. Brooke,) কটকে গবর্ণমেণ্টের উড়িয়া ভাষার অনুবাদকের কর্ম্ম করিবেন।

পাটনার দারোগা শ্রীযুত জগন্নাথ দোবে দ্বিতীয় শ্রেণীভুক্ত হইয়াছেন।

১৮৫৭ সাল ১৮ ডিসেম্বর।

শ্রীযুত এ ইটিসন সাহেব (Mr. A. Eteson,) সারণ জিলাতে গুরকারদের এক পল্টনের চিকিৎসক হইবেন।

১৮৫৭ সাল ১৯ ডিসেম্বর।

বেহারের ও পাটনার অতিরিক্ত জজ শ্রীযুত ই এফ লাটুর সাহেব (Mr. E. F. Lautour,) ১৮৫৭ সালের ১৪ আইনমতের দণ্ডনীয় সকল অপরাধের ও দোষের বিচার করিবার জন্যে বেহার জিলাতে ঐ আইনের ৭ ধারামতে কমিস্যনর হইবেন।

শ্রীযুত ডবলিউ এ পীকক সাহেব (Mr. W. A. Peacock.) কলিকাতার নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে কে উলিয়মস সাহেব (Mr. J. K. Williams,) বলুয়ার নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি টি কেম্প সাহেব (Mr. G. T. Kemp.) নিমক চৌকীর আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

১৮৫৭ সাল ২১ ডিসেম্বর।

শ্রীযুত ই জাক্‌সন সাহেব (Mr. E. Jackson.) পূর্ণিয়ার কালেক্টর হইবেন কিন্তু যাবৎ অন্য হুকুম না হয় তাবৎ গাড়ি ও রসদ যোগাইবার তত্ত্বাবধারণের যে কর্ম্ম তাঁহার আছে সেই কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত কাপ্তান ডি জে মাকলোড সাহেব (Captain D. J. Macleod,) আরাকাণের কমিস্যনর সাহেবের দ্বিতীয় আসিষ্টাণ্ট হইবেন।

কাছাড়ের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এস এম শরকোর সাহেব (Mr. S. M. Shircore,) কিঞ্চিৎ কালের নিমিত্তে কাছাড়ের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্টের কর্ম্ম করিবেন ও ১৮৩১ সালের ৮ আইনমতে আসিষ্টাণ্ট কালেকটরের ও ১৮২১ সালের ১ আইনমতে আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

ছুটী।

১৮৫৭ সাল ১৫ ডিসেম্বর।

কটকে গবর্ণমেণ্টের উড়িয়া ভাষার অনুবাদক শ্রীযুত ডবলিউ সি লেসি সাহেব (Mr. W. C. Lacey) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ১৯ ডিসেম্বর।

কলিকাতার নিমক চৌকীর সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ জে মষ্টন সাহেব (Mr. H. J. Muston.) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকক্রমে এক বৎসরের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ২১ ডিসেম্বর

প্রথম অর্থাৎ উত্তর অংশের জরিপী কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জি জি মরিস সাহেব (Mr. G. G. Morris.) বর্ত্তমান মাসের ১৫ তারিখে আপনার কর্ম্মের ভার পুনরায় লইলেন। তাহাতে গত অকটোবর মাসের ২৮ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্ট কাল ঐ তারিখঅবধি রহিত হইল।

---

৫০১ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ২২ ডিসেম্বর।

১৮৫৭ সালের ৩০ আইনের ৭ ধারার বিধানক্রমে কলিকাতার বন্দরে যে মাসুল ও রসুম ১৮৫৮ সালের ১ জানুআরি তারিখঅবধি লওয়া যাইবেক তাহারি হিসাবের এই ফর্দ্দ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সকল লোকের জানবার জন্যে প্রকাশ করেন।

১৮৫৭ সালের ৩০ আইনমতে কলিকাতার বন্দরে যে মাসুল ও রসুম আদায় হইতে পারিবেক তাহার ফর্দ্দ।

		টনপ্রতি
১	২০ টন ও তাহার অধিক বোঝাইধারি সমুদ্রে গমনীয় জাহাজের	।০
২	কোন জাহাজ তুফানপ্রযুক্ত যদি বন্দরে ফিরিয়া আইসে তবে তাহার উপর মাসুল লাগিবেক না।	[illegible]
৩	যে সুলুপ সমুদ্রের তীর ধরিয়া চলে তাহারদের একবার মাসুল দেওয়া গেলে পর ৬০ দিন গত না হইলে অন্যবার লওয়া যাইবেক না	৶০
	... ...	৶০
৪	যে জাহাজ নিলম বোঝাই করিয়া আইসে	
৫	কলের যে জাহাজে অন্য জাহাজকে টানে তাহার ও যে জাহাজ নদীতে চলে তাহার উপর ছয়২ মাসে একবার অর্থাৎ ১ জানুআরিঅবধি ৩০ জুনপর্য্যন্ত একবার ও ১ জুলাইঅবধি ৩১ ডিসেম্বরপর্য্যন্ত একবার	।০
	এই২ কার্য্য করিবার জন্যে এই২ রসুম লাগিবেক।	
৬	আগে পীছে শিকলে বয়াতে বাঁধিবার কি মুক্ত করিবার জন্যে একং বারে	১৬৲
	জাহাজ জোয়ার ভাটার সময়ে ঘুরিতে পারে এমন ভাবে বয়াতে বাঁধিবার কি মুক্ত করিবার জন্যে	১০৲
	...	১৬৲০
	পুনরায় বয়াতে বাঁধিবার জন্যে	

ওঁড়িতে টানিবার কি ওঁড়িহইতে বাহির করিবার জন্যে একং বারে... ... ... ৩০৲
বন্দরের এক স্থানহইতে অন্য স্থানে লইয়া যাইবার জন্যে ... ... *২৫৲
এজেন্ট কি মাষ্টর সাহেবের আদেশমতে এক বয়াহইতে খুলিয়া অন্য বয়াতে বাঁধিবার জন্যে ... ... ৫০৲
হুক লাগাইবার জন্যে ... ... ১৫৲
মাপ করিবার জন্যে ... ... ৩০৲

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

৩১৮৪ নম্বর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

নিয়োগ।

১৮৫৭ সাল ২১ ডিসেম্বর।

শ্রীযুত ডবলিউ এচ ব্রোনলো সাহেব (Mr. W. H. ownlow,) আসামের কমিস্যনর সাহেবের সব- আষ্টাণ্ট হইবেন।

১৮৫৭ সাল ২২ ডিসেম্বর।

শ্রীযুত জে ডবলিউ ইনমেন সাহেব (Mr. J. W. man,) শাহাবাদে ১৮৪৩ সালের ১৫ আইনানুসারে পুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনানুসারে পুটী কালেক্টর হইয়া ১৭৯৭ সালের ১৩ আইন ও ০০৭ সালের ৯ আইনানুসারে উক্ত জিলায় মাজিষ্ট্রেট হবের চিহ্নিত আসিষ্টাণ্টের ক্ষমতানুসারে কার্য্য রবেন।

ছুটী।

১৮৫৭ সাল ২১ ডিসেম্বর।

ন্সারেণের সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জে জে রণ্ট সাহেব (Mr. J. J. Durant,) অচিহ্নিত কার্য্যকারদের ছুটীর সংশোধিত বিধির ৮ ধারামতে প্রস্তুত নার্থে এক মাসের ছুটী পাইয়াছেন।

দরঙ্গের চিকিৎসক শ্রীযুত জে কাম্বেল সাহেব (Mr. J. Campbell,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর সংশোধিত বিধির ৭ ধরানুসারে বর্ত্তমান মাসের ১৫ তারিখঅবধি এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৫৭ সাল ২২ ডিসেম্বর।

রাজশাহীর সদর আমীন ও সদর মুনসেফ শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র দে আপন কর্ম্মস্থানে পঁহুছিবার জন্যে যে সময় পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর সংশোধিত বিধির ৭ ধারানুসারে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৫৭ সাল ১৯ ডিসেম্বর।

শ্রীযুত লেপ্টেনেণ্ট ডবলিউ এন লিস সাহেব (Lieutenant W. N. Lees,) আপন কর্ম্মের ভার অর্থাৎ কলিকাতার মদরসার অধ্যক্ষতার ও ফতওয়াদাকের পদাকাঙ্ক্ষিরদের পরীক্ষকতার ভার বর্ত্তমান মাসের ৫ তারিখে গ্রহণ করেন।

এ আর ইয়ং।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা কটক।

এতলানামা কাছারি কালেক্টরি মধ্যমপ্রদেশ জেলা কটক সমস্ত লোকদিগের জ্ঞাত কারণ সংবাদ দেওয়া যাইতেছে যে ইঙ্গরেজী সন ১৮৪৫ সাল প্রথম আইনের ৬ ধারানুসারে কটক জেলার নীচের লিখিত মাহালসকল লাগায়েত কিস্তী মাহ জুন সন ১৮৫৭ সাল মোতাবক সন ১২৬৪ সাল শোলপণি বাকী সরকারের পাওনা আদায় কারণ সন ১৮৫৮ সাল জানুআরি মাহার ৮ তারিখ মোতাবক সন ১২৬৫ সাল পৌষ মাহার ২৭ তারিখ শুক্রবার দিবসে ধরা যাইবেক এবং নিতান্ত বিক্রয় হইবেক ৯ তারিখ মাহ ডিসেম্বর সন ১৮৫৭ সাল।

দ্বিতীয় শ্রেণী মিয়াদী বন্দোবস্ত জমা ধার্য্যহওয়া মাহাল।

নং ৩৬ তৌজি হুজুরি মাহাল পঃ জাজপুর কিসমত আরিজাগীর বাজীআপ্তি মৌজে সুধগোবিন্দা লিখিত মালিক জগদাস ও নিলাদ্রি মাইতি সদর জমা মঃ ১৩৮২

নং ৭২৯ তৌজি ঐ পঃ বরুয়া খরিদগী মৌজে বসন্তপুর লিখিত মালিক পুবন সিংহ ও চৌধুরী গজেন্দ্র মাহাপাত্র সদর জমা ১১।৵৬

নং ৮২১ তৌজি ঐ পঃ কিসমত কায়েমা কিসমত মৌজে আরডি লিখিত মালিক পানু মাহাপাত্র ও নন্দবিসুআল ও গোপীবিসুআল ও জয়কৃষ্ণ মাহাপশায়েত সদর জমা মঃ ৫০।১১

নং ১৩০ তৌজি ঐ কিসোগবাড়ামরপুর কিসমত কিসোগবাড়ামরপুর লিখিত মালিক জান আট কিশন সাহেব মৃত্যু দখলকার বনিতা কলমনটীনা অলাইজ সদর জমা মঃ ২৮৫০ ॥৵৪॥

নং ১০৩০ তৌজি ঐ পঃ তপনখণ্ড পটমেগুড়িপটনা লিখিত মালিক ভবানী সিংহ সদর জমা মঃ ১৮৫॥০

চতুর্থ শ্রেণী মিয়াদি বন্দোবস্ত জমা ধার্য্যহওয়া মাহাল।

নং ১৫৩৭ তৌজি হুজুরি মাহাল পঃ বেনাহার তালুকে হরিপার জুমলাহইতে কিসমত ।৫ চারিআনা পাঁচ গণ্ডা কি তাহাতে নেত্রানন্দ দাস গাঞ্জা মনদার অচ্যুতানন্দ মাইতি মুস্তাজর তালুকে সাংগ্রামপুর পঃ বেনাহারের যে হক্কিয়ত প্রকাশ থাকিবেক মুস্তাজরি মাহাল মজকুরের বাকী আদায় জন্য নীলাম হইবেক কিন্তু দরোবস্ত মাহালের সদর জমা মঃ ৫৬৪।১১ পাই কোম্পানি।

তারিখ সন সদর।

R. P. HARRISON, *Asst. Collector.*

বিজ্ঞাপন।

জেলা রাজসাহীর মোতালক নাবালগ যোগেন্দ্রনারায়ণ রায় ও পারশনারায়ণ রায়ের জমিদারি এইক্ষণে কোর্ট আব ওয়ার্ডসের অধীন থাকায় এক ব্যক্তি সরবরাহকারের প্রয়োজন হইয়াছে মাহিয়ানা দেওয়ায় সরঞ্জামি ১২৫৲ জামিন ১১০০৲ টাকা কোম্পানির কাগজ অথবা নগদ আমানত দিতে হইবে। প্রার্থিগণ সার্টিফিকেটের নিদর্শনসম্বলিত শীঘ্র দরখাস্ত করিবেন যে ব্যক্তি ইঙ্গরেজী ও বাঙ্গলা জানেন এবং জমিদারি হিসাবে পারদর্শী হয়েন তাঁহাকেই অন্যাপেক্ষা মনোনীত করা যাইবে।

নাবালগ যোগেন্দ্রনারায়ণ রায়ের জমিদারি কোর্ট আব ওয়ার্ডসের অধীনে এক বৎসর দুই মাস এবং পারশনারায়ণ রায়ের এলাকা দুই বৎসর দশ মাস থাকিবে যোগেন্দ্রনারয়ণ রায় বয়ঃপ্রাপ্ত হইলে হারহারিমত সরবরাহকারের বেতন কম হইবে

W. T. TAYLOR, *Collector.*

জেলা রাজসাহী কালেক্টটরী। তারিখ ১৮ ডিসেম্বর সন ১৮৫৭ ইং।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of ANDREW HERVEY, late of Barrackpore, in the Twenty-four Pergunnahs, an Insolvent.

By an order made in this matter on and bearing date the seventh day of November, 1857, It was ordered that several creditors named in the said Schedule and hereinafter named that is to say, Messrs. Angier and Co., Allpee Bearer, Messrs. Brown and Co., Beshram Washerman, Buldey Shepherd, Bowaneedeen Bearer, Durseen Grasscutter, Caloo Sweeper, Guddadhur Dutt, Gouth Khan, Huthnoo Bearer, Juggan e and Co, Major Johnson, Kadeerbux Syce, Lullma Bearer, Major McLoren, Muttabul Khalassee, Muttabul Fowlkeeper, Nundo Choubа, Muckdoombux Tailor, Messrs. Payne and Co., Punchoo Bearer, Sook Lall Cook, Sobathoo Bhystee, Sook Lall Bearer, Sorthoo Bearer, Teerbut Kitmutgar, the Agra Bank by its Secretary, and Captain Boyd, do come in and prove their several claims against the Estate of the said Insolvent, on or before the ninth day of January next, and in default thereof that their names be expunged from the Schedule of the said Insolvent, filed on the sixth day of August, one thousand eight hundred and thirty-eight, and that the said Creditors be respectively precluded from receiving any dividends in respect thereof, unless the said Creditors being respectively served with the said order shew good cause to the contrary on Saturday the ninth day of January next, at the hour of eleven o'clock in the forenoon, and it was further ordered that copies of the said order be personally served by the Messenger of this Court, upon the Creditors of the said Insolvent hereinbefore named, and stated in the said Schedule to be resident in Calcutta, or the suburbs thereof, one month before the said ninth day of January next, and that copies of the said Order be forwarded by the Messenger through the General Post Office of Calcutta to the other Creditors of the said Insolvent hereinbefore named and stated in the said Schedule to be resident beyond the limits of Calcutta six weeks before the said ninth day of January next.

THOS. OWEN, *Attorney.*

পূর্ব্বে ব্যারাকপুরনিবাসি এইক্ষণে চব্বিশপরগনানিবাসি যোত্রহীন আন্দ্রু হার্বি সাহেবের বিষয়ে।

১৮৫৭ সালের নবেম্বর মাসের ৭ তারিখে এই হুকুম হইয়াছিল যে, উক্ত যোত্রহীনের তফসীলে যাঁহারদের নাম লেখা ছিল এমত যে কএক মহাজনের নাম পরে লেখা যাইতেছে তাঁহারা অর্থাৎ এঞ্জির কোম্পানি ও আলপী বেহারা ও ব্রৌন কোম্পানি ও বেশরাম ধোবা ও বলদেব রাখাল ও ভবানীদীন বেহারা ও দরশীন ঘাসিয়াড়া ও কালু মেতর ও গদাধর দত্ত ও গৌথ খাঁ ও হথনু বেহারা ও জগ্গাঞ্জি কোম্পানি ও মেজর জনসন সাহেব ও কাদিরবক্স সহীস ও ললমা বেহারা ও মেজর মাকলারেন ও মত্তাবল খালাসী ও মত্তাবল মুরগীওয়ালা ও নন্দচৌবে ও মকদুমবক্স দর্জী ও পেইন কোম্পানি ও পাঁচু বেহারা ও সুখলাল বাবর্চী ও সুবাথু ভিস্তী ও সুখলাল বেহারা ও সরথু বেহারা ও তীরবৎ খিদমৎগার ও আগ্রা ব্যাঙ্কের সেক্রেটারী ও কাপ্তান বয়ড সাহেব ইঁহারা আগামি জানুআরি মাসের ৯ তারিখে কি তাহার আগে আসিয়া ঐ যোত্রহীনের ইষ্টেটের উপর আপন২ দাওয়ার প্রমাণ করেন। তাহা না করিলে উক্ত যোত্রহীনের যে তফসীল ১৮৩৮ সালের ৬ আগষ্ট তারিখে দাখিল হইয়াছিল তাহাহইতে তাঁহারদের নাম উঠাইয়া ফেলা যায়। আর উক্ত মহাজনেরদের নামে ঐ হুকুম উপযুক্তমতে জারী হইলে পর যদি তাঁহারা আগামি জানুআরি মাসের ৯ তারিখ শনিবারে বেলা ১১ ঘন্টার সময়ে ডিবিডেণ্ড পাইবার উপযুক্ত কারণ না দর্শান্ তবে তাঁহারা ঐ ইষ্টেটের উপর কোন ডিবিডেণ্ড পাইবেন না। আরও এই হুকুম হইয়াছিল যে, উক্ত তফসীলের লিখনমতে উক্ত মহাজনেরদের মধ্যে যাঁহারা কলিকাতায় কি তাহার শহরতলীতে বাস করেন তাঁহারদের নামে ঐ হুকুমের এক২ কেতা নকল এই আদালতের হরকরার দ্বারা আগামি জানুআরি মাসের ঐ ৯ তারিখের আগে এক মাস থাকিতে জারী হয় ও উক্ত তফসীলের লিখনমতে উক্ত যোত্রহীনের অন্য যে মহাজনেরা কলিকাতার বাহিরে থাকেন তাঁহারদের নিকটে আগামি জানুআরি মাসের ঐ ৯ তারিখের আগে ছয় সপ্তাহ থাকিতে ঐ হুকুমের এক২ কেতা নকল ঐ হরকরার দ্বারা কলিকাতার সাধারণ ডাকঘরে দিয়া পাঠান যায়।

তামস ওএন। উকীল

In the matter of the Petition of ANDREW HERVEY, late of Barrackpore, an Insolvent.

By an Order made in this matter on and bearing date the 12th day of December 1857, It was ordered that posting copies of the order made in this matter on and dated the seventh day of November last, and also of this Order in the Lower Verandah of the Supreme Court, and in the Small Cause Court, Police Office Gate, Calcutta, Exchange, Custom House, China Bazar, Burra Bazar and Chandney Choke be deemed good service of the said orders respectively upon Peerbut Kitmutgar, Sookloll Cook, Gouth Khan, Mucdoombux Tailor, Beshram Washerman, Sobathoo Bhystee, Mutabul Kallasee, Mutabul Fowlkeeper, Buldoa Shepherd, Sooklall Bearer, Huthnoo Bearer, Soobathoo Bearer, Bowanee-

deen Bearer, Lullma Bearer, Alpie Bearer, Punchoo Bearer, Khodabux Syce, Durseen Grasscutter, and Calloo Sweeper, Creditors of the said Insolvent named in the said Order of the seventh day of November last.

THOS. OWEN, *Attorney.*

পূর্ব্বে চাণকনিবাসি যোত্রহীন অন্দ্রু হার্ব্বি সাহেবের বিষয়ে।

১৮৫৭ সালের ডিসেম্বর মাসের ১২ তারিখে এই হুকুম হইয়াছিল যে গত নবেম্বর মাসের ৭ তারিখে যে হুকুম হইয়াছিল তাহার ও এই হুকুমের নকল সুপ্রিম কোর্টের নীচের বারাণ্ডাতে ও ক্ষুদ্র মোকদ্দমার আদালতে ও পোলীস আফীসের ফাটকে ও কলিকাতার এক্সচেঞ্জ ঘরে ও কষ্টম হৌসে ও চীনাবাজারে ও বড়বাজারে ও চান্দনী চকে টাঙ্গান গেলে, গত নবেম্বর মাসের ৭ তারিখের ঐ হুকুমেতে উক্ত যোত্রহীনের এই যে মহাজনেরদের নাম লেখা ছিল তাঁহারদের উপর অর্থাৎ তীরবৎ খিদমৎগারের ও সুখলাল বাবর্চির ও গোথ খাঁর ও মকদুমবক্স দরজীর ও বেশরাম ধোবার ও সুবাথু ভিস্তীর ও মবাদল খালাসীর ও মবাবল মুরগীওয়ালার ও বলদেব রাখালের ও সুখলাল বেহারার ও হথনু বেহারার ও সুবাথু বেহারার ও ভবানীদীন বেহারার ও ললমা বেহারার ও আলপী বেহারার ও পাঁচু বেহারার ও খোদাবক্স সহীসের ও দরশীন ঘাসিয়াড়ার ও কালু মেতরের উপর উক্ত হুকুম উপযুক্তমতে জারী হইয়াছে এমত জ্ঞান হইবেক।

তামস ওএন। উকীল।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার

From 1st January, 1858, the rates of advertising in the *Bengalee Government Gazette,* will be as follows :—

WITHOUT CONTRACT.

Per single line, each insertion, ...	3 Annas.

BY CONTRACT.

Per page, ...	Rs.	60	per month.
For 12 months, 1 column	„	20	„
„ 6 ditto, 1 „	„	22½	„
„ 6 ditto, ½ „	„	12½	„
„ 3 ditto, 1 „	„	25	„
„ 3 ditto, ½ „	„	15	„

Existing contracts of course remain unaffected.

ARMY AND GENERAL AGENCY.

The undersigned beg to announce that they have opened an Army and General Agency, with News and Subscribers' Rooms, at Allahabad and Cawnpore, with a view to meet the wants and requirements of Officers of Her Majesty's and the Honorable East India Company's Services, proceeding to, and on Service, in the North Western Provinces.

In addition to the ordinary business of a General Agency, the undersigned have opened a Banking Agency, and extensive warehouses, for receiving and storing property of every description.

Subscription Twenty-five Rupees per Annum.

Subscribers' names will be registered at the Offices, at Writers' Buildings, Calcutta, at Allahabad, and at Cawnpore, by

PALMER AND CO.

সাময়িক পঞ্জী অর্থাৎ বাঙ্গলা যন্ত্রী।

ইংরাজী ১৭৬৪ সালঅবধি ১৮৩৭ সালপর্য্যন্ত ইংরাজী, বাঙ্গলা বিলায়তী ফসলী হিজরী এবং জলুস অব্দের তারিখ এবং বারযুক্ত উক্ত গ্রন্থ বাঙ্গলা ভাষায় উত্তম অক্ষরে উত্তম কাগজে মুদ্রিত হইয়াছে। ঐ গ্রন্থে ৭৪০ পৃষ্ঠা, আছে। তদ্ভিন্ন ঐ সকল অব্দের নিয়ম বোধক বিজ্ঞাপন এবং পূর্ব্বপ্রচলিত ইষ্টাম্প আইনের সার ভাগ লিখিত হইয়াছে। গ্রাহক মহাশয়েরা জিলা ২৪ পরগনার শ্রীযুৎ জজ সাহেবের আদালতের উকীল শ্রীযুত বাবু গিরিশচন্দ্র তর্কালঙ্কারের নিকট তত্ত্ব করিলে উক্ত গ্রন্থ পাইবেন। মুল্য বান্ধাইসমেত ৬৷৷০ টাকা মাত্র।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের সরাসরী নিষ্পত্তিসমূহ বর্ণমালানুযায়ী লিখিত ইং ১৮৩৪ সাং ১৮৫৫ সাল।

এই গ্রন্থ কিরিস্তিসমেত ৪২০ পৃষ্ঠায় সমাপ্ত হইয়াছে উক্ত আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে তত্ত্ব করিলে পাওয়া যাইবেক মুল্য ৫৲ টাকা মাত্র।

কলিকাতাস্থ সদর দেওয়ানী আদালতের ১৮৫৪ সালের নিষ্পত্তিসমূহের খোলাসা।

১৮৫৪ সালের নিষ্পত্তি সকলের অনুবাদ বঙ্গ ভাষায় না থাকাতে সে তাবতের চুম্বক, তারিখ ও লিপ্ত ব্যক্তিদিগের নামসম্বলিত শ্রীকৃষ্ণচন্দ্র হালদারকর্ত্তৃক অনুবাদিত হইয়া ১৲ টাকা মুল্যে বিক্রয় হইতেছে সদর আদালতের উকীল মেং রবার্ট নরিস সাহেবের আফীসে অথবা মেসর্স ব্রাউন কোম্পানির মুৎসুদ্দি শ্রীযুত বাবু পীতাম্বর পাইনের নিকট উক্ত অনুবাদকর্ত্তার নামোল্লেখে মুল্যসহ লিপি প্রেরণ করিলে গ্রহণেচ্ছুক মহাশয়েরা উক্ত পুস্তক পাইতে পারিবেন।

[*Government Gazette,* 29th *December,* 1857.]

বিজ্ঞাপন।

অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর ও পেনস্যনের বিধির সংগ্রহ গবর্ণমেণ্টের বাঙ্গলা তরজমাকার শ্রীযুত জান রাবিন্‌সন সাহেবকর্ত্তৃক উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রাঙ্কিত হইয়াছে মুল্য ৸৹ বারো আনা শ্রীরামপুরে উক্ত সাহেবের নিকটে মুল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন ইতি।

বিজ্ঞাপন॥

সকল লোককে জ্ঞাত করা যাইতেছে যে শ্রীলশ্রীযুক্ত মহারাজ কৃষ্ণচন্দ্র রায়ের চরিত্র বর্ণন উত্তমাক্ষরে ও উত্তম কাগজে শ্রীরামপুরের যন্ত্রালয়ে দ্বিতীয়বার মুদ্রিত হইল। মুল্য ॥৹ আট আনামাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৫৭। ২৯ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযত জে সি মরে সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

নির্ঘণ্টপত্র।

আইনের মুসাবিদা।

আইন।

নির্ঘণ্ট।

সরক্যুলর।

সদর দেওয়ানী আদালতের।

। নির্ঘণ্ট।

সরকুলর।

সদর নিজামৎ আদালতের।

বোর্ড রেবিনিউর।

সরকুলর।

তারিখ	নম্বর	যে বিষয়ের	পৃষ্ঠা।
১৭ জুন	৪	বাজেখরচের বিল কমিসানর সাহেবের দস্তখৎ হইলে একেবারে সিবিল আডিটর সাহেবের নিকটে পাঠান যাইবেক … … … … …	৪২৯
১ জুলাই	৫	কালেক্টরের রিকার্ডের তহবীল। আমলারদের খরচের বিধান …	৪২৯
১৮ ঐ	৭	খাজানার রসীদ না পাইবার মোকদ্দমা কালেক্টরেরা বিচার করিবেন এই আজ্ঞার উপলক্ষে তাঁহারদের কার্য্যের কৈফিয়তে অতিরিক্ত কথা দেখুন …	৪৬৬
৫ আগষ্ট	৮	টাকা দিবার হুকুমের বিষয়ে ১৮৫৪ সালের ২০ জানুআরির ৪ নম্বরের যে সরকুলর পুনরায় ছাপা হইয়াছিল তাহার ৩ নম্বরের ক্রোড়পত্রের অশুদ্ধ শোধন	৫৩৮
১২ সেপ্টেম্বর	১৮	সরসরী মোকদ্দমার বিধিশ্রেণীর ৩৪ বিধি পরিবর্ত্তন পত্তনি তালুকের নীলামের বিধি … … … … … …	৬১৭
১৯ ঐ	১০	নিরূপিত সময়ের রিটর্ণের বিধির ৮ নং কৈফিয়তের ৬ নং স্মারকলিপির এক ঘরের … উঠাইয়া দেওয়া … … … … …	৬২৫
২১ নবেম্বর	১১	১৮৩৫ সালের ৮ আইনমতে নীলাম হইলে তাহার উপর আপীল কেবল আইন খাটে না বলিয়া হইতে পারে .. … … …	৬২৫
২৫ ঐ	৩৭	দ…রোগারা এলাকামতে প্রথম ও দ্বিতীয় শ্রেণীভুক্ত হইবেন … …	৭১০

স্মারকলিপি।

তারিখ	নম্বর	যে বিষয়ের	পৃষ্ঠা।
১৮৫৫			
৭ ডিসেম্বর		পেনসান। "অনবরত কার্য্য" এই শব্দের অর্থ পেনসানের বিধিশ্রেণীর ১৬ বিধিস্বরূপ লেখা যাইবেক … … … … ..	১০৬
১৮৫৬			
৪ আপ্রিল	৬	জামিনী খত। ১৭৯৯ সালের ৭ আইনানুসারে যে জামিনী খত ১৮১৭ সালের ১৯ আইনের ১৬ ধারার ২ প্রকরণমতে লইতে হয় তাহা যে মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবেক। (সরাসরী মোকদ্দমার বিধিশ্রেণীর ৯ A নম্বর।) … … … … .. …	২৭৭
৭ মে	২	নকশার জন্যে যত রসুম দিতে হইবেক। নকশা ইষ্টাম্প কাগজে করা যাইবেক। (কালেক্টর সাহেবের কাগজপত্রের বিধিশ্রেণীর ২৭ দফার অতিরিক্ত কথা।) ঐ বিধিশ্রেণীর ৩৬ বিধি কাটিয়া নূতন বিধি হইল … …	৩১৭
৪ জুন	১১	নিরূপিত সময়ের রিটর্ণের বিধিশ্রেণীর অশুদ্ধ শোধন … … …	৩৫২
১৬ জুলাই	৬	পেনসানের বিধিশ্রেণীর ১০ বিধির পার্শ্বের নোটের কথা পরিবর্ত্তন …	৪৬৬
৫ ঐ	১৯	কালেক্টরের কাগজপত্রের বিধিশ্রেণীর ২৭ দফার (৩১৭ পৃষ্ঠা) অতিরিক্ত কথার অশুদ্ধ শোধন … … … … … .. … ..	৪৬৭
১৯ আগস্ট	৯	নিরূপিত সময়ের রিটর্ণের বিধি। ৪ নম্বরের কৈফিয়তের ৯, ১০, ১১ ঘরের পরিবর্ত্তন … … … … … …	৫৭৩

সরক্যুলর।

আক্কৌণ্টেণ্ট জেনরল সাহেবের।

তারিখ	নম্বর	যে বিষয়ের	পৃষ্ঠা।
১৮৫৫			
৩০ মে	৮৭৪	ডাকঘরে যে টাকা আদায় হয় ও খাজানাখানায় চালান হয় তাহার বিষয়ে ৫, ৬, ৭ বিধির উল্লেখ … … … … … …	৭৬
১২ জুলাই	৮৭৫	সিপাহীরদের কর্ম্মের নিমিত্তে যে জমী লওয়া যায় তাহার জমা কি খাজানা ক্ষমা হইলে খরচ যে প্রকারে ও যে সময়ে লিখিতে হইবেক। ১৮২৪ সালের ২১ মে তারিখের ২৮৮ নম্বরের সরক্যুলর বাতিল হয় … … … …	১২১
২৫ আগষ্ট	৮৭৬	কমিসরি জেনরল সাহেবের বরাৎ চিঠীর পৃষ্ঠে কথা লিখিবার ধারা …	১০০
৩১ ঐ	৮৭৭	সরকারের নির্ম্মিত কার্য্য। এই নামের নূতন খাতা হইবেক তাহাতে যে২ বিষয়ের জমা ও খরচ লিখিতে হইবেক … … … … …	১২৪
৩১ ঐ	৮৭৮	ইষ্টাম্প লগাইবার জন্যে যে দলীল রাজধানীতে ইষ্টাম্পের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবেরা নিকটে পাঠান যায় তাহা ফিরিয়া পাঠাইবার কালে তাহার রেজিষ্টরী করণের নিমিত্তে ।০ আনা ডাকমাসুলের ইষ্টাম্প দিতে হইবেক . … …	১২০
৩০ সেপ্টেম্বর	৮৭৯	কমিসানর সাহেবেরা সরকারী কর্ম্মের জন্যে আগাম টাকা চাহিলে কালেক্টর সাহেব তাহা দিবেন। তাহার খরচ যে প্রকারে লিখিবেন … …	১২৪
৩১ অক্টোবর	৮৮০	কএক ফণ্ডের পত্রের মাসুল দিতে হইবেক। তাহার বিধি … …	১২৫
২২ নবেম্বর	৮৮১	সরকারের নির্ম্মিত কার্য্য। জমা ও খরচ যে হিসাবে লিখিতে হইবেক। ৩১ আগষ্টের ৮৭৭ নম্বরের সরক্যুলর বাতিল হইল … … …	১৪৪
৩০ ঐ	৮৮২	পেনসানের বক্শী সাহেব দূর স্থানের পেনসানভোগিরদের পেনসান যে প্রকারে দিবেন। মিলিটারী ডিপার্টমেণ্টে আক্কৌণ্টেণ্ট সাহেবের ৩ অক্টোবরের ৩৪৭২ নম্বরের সরক্যুলর … … … … …	১৪৪
২২ ডিসেম্বর	৮৮৩	হুণ্ডীর জ্ঞাপনপত্র পাইয়া টাকা না দেওয়া গেলে ঐ হুণ্ডীর মোট টাকা নগদ বাকীর রিপোর্টের তলভাগে লিখিতে হইবেক … … …	১৪৪

নির্ঘণ্ট।

বিদ্যাধ্যাপন সম্পর্কের।

বোর্ড রেবিনিউর।

নির্ঘণ্ট।

বিজ্ঞাপন।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের।

বিদেশীয় ডিপার্টমেণ্ট।

ফিনানসিয়ল ডিপার্টমেণ্ট।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের।